অংশুধর, (অংশু=কিরণ+ধর [ধৃ= ধরা+অণ্-ঘ] যে ধরে। যিনি অংশু ধরেন, উপ,স) ষ্য, পুং, সূর্য্য, সূর্য্য-বংশীয় অসমঞ্জরাজা, আকাশস্থ জ্যোতির্ম্মণ্ডল।

অংশুবাণ, (অংশু=কিরণ+বাণ=শর কিরণ যাহার বাণ সদৃশ, ৬-হ) ষ্য, পুং, সূর্য্য, দিবাকর, অংশুমান্।

অংশুভর্ত্তা, (অংশু=কিরণ+ভর্ত্তা [ভৃ +তৃণ]=ধারণকারী) ষ্য, পুং, সূর্য্য, দিবাকর।

অংশুমতী, (অংশু=প্রভা+মৎ—অস্ত্যর্থে, যে প্রভাযুক্ত) ষ্য. স্ত্রী, শালপর্ণীবৃক্ষ, শালপাণী গাছ।

অংশুমৎফলা, (অংশুমৎ=প্রভাযুক্ত+ফল, যাহার প্রভাযুক্ত ফল, ৬-হ) ষ্য, স্ত্রী, কদলীবৃক্ষ, কলাগাছ।

অংশুমান্, (অংশু+মৎ—অস্ত্যর্থে। যাহার অংশু আছে) ষ্য. পুং, সূর্য্য, সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজার পুত্র, সগররাজার পৌত্র। ণ, ত্রি, কিরণ-বিশিষ্ট, দীপ্তিমান্।

অংশুমালা, (অংশু=কিরণ+মালা= শ্রেণী) ষ্য, স্ত্রী, জ্যোতির্ম্মালা, নক্ষত্রমালা,জ্যোতিঃসমূহ,সূর্য্যমণ্ডল।

অংশুমালী,(অংশুমালিন্,অংশুমালা+ইন্-অস্ত্যর্থে। যাহার অংশুমালা আছে)ষ্য,পুং,সূর্য্য। ণ,ত্রি,কিরণশালী।

অংশুল, (অংশু=প্রভা+ল—অস্ত্যর্থে) ষ্য, পুং, চাণক্যপণ্ডিত। ণ, ত্রি, প্রভাযুক্ত, উজ্জ্বল, সুন্দর।

অংশুশিরালদেহ, (অংশু+শিরাল+দেহ, ৬-হ) ষ্য, পুং, যাহাদের দেহস্থ শিরা সকল একমূল হইতে অংশুর ন্যায় সর্ব্বদিকে সমরূপে বিস্তীর্ণ হয়, যথা—পুরুভুজাদি। [সূর্য্য।

অংশুহস্ত, (অংশু+হস্ত, ৬-হ) ষ্য,পুং,

অংস, (অম্+স—সংজ্ঞার্থে) ষ্য, পুং, স্কন্ধ, কাঁধ, বিভাগ।

অংসকূট, (অংস+কূট, ৬-হ) ষ্য, পুং, ককুদ, ষাঁড়ের ঝুঁটি।

অংসফলকাস্থি,(অংস+ফলক+অস্থি) ষ্য. ন, হস্ত চালনা করিবার সময় উভয় স্কন্ধের পশ্চাৎদিকে যে ত্রিকোণাকার অস্থিদ্বয় চালিত হইতে দেখা যায়।

অংসল, (অংস+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, বলবান্, মাংসল, হৃষ্টপুষ্ট, শক্তিযুক্ত, বৃষস্কন্ধ।

অংহঃ, (অন্হ্+অস্-সংজ্ঞার্থে) ষ্য, ন,পাপ,পাতক, দুরিত, দুষ্কৃত, কল্মষ

অংহতি, (অন্হ্+অতি, অথবা অন্+হন্=[বধকরা] গমনকরা+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, দান, পীড়া, রোগ, উপহার, ত্যাগ। [স্ত্রী, দান।

অংহিতি, (অন্হ্+ক্তি—ভাব) ষ্য,

অংহ্রি, (অন্হ্+রি—ধ) যাহার দ্বারা গমন করায়) ষ্য, পুং, পদ, পাদ, চরণ, চতুর্থাংশ, বৃক্ষমূল।

অংহ্রিপ, (অংহ্রি=পাদ+প [পা+ড—ঘ]=যে পান করে। যে পাদ দ্বারা পান করে, ৩য়া-ষ) ষ্য, পুং পাদপ, বৃক্ষ, গাছ, দ্রুম।

অংহ্রিস্কন্ধ, (অংহ্রি+স্কন্ধ, ৬ হ) ষ্য, পুং, গুল্ফ, পায়ের গোড়ালি।

অক, (ন+ক=সুখ) ষ্য, ন, পাপ, দুঃখ, বক্রগমন।

অকঙ্কর, (ন+কঙ্কর ৭,হ) ণ, ত্রি,

ঙ্করহীন, কাঁকর-রহিত।
অকচ, (ন+কচ=কেশ, ৬-হ) ণ, ত্রি, কেশরহিত,নেড়া,মুণ্ডিতমস্তক। বা, পুং, কেতুগ্রহ, ক্রান্তিপাত চিহ্ন, সূর্য্যপথ ও চন্দ্রপথের সঙ্গমস্থল।
অকটু, (ন+কটু) ণ, ত্রি, সুস্বাদু, তিক্ততা রহিত, যাহা ঝাল নহে।
অকঠিন, (ন+কঠিন) ণ, ত্রি, কোমল, মৃদু, নরম, সুকুমার।
অকঠোর, (ন+কঠোর) ণ, ত্রি, অকর্কশ, অকঠিন, মৃদু। [হীন, নিঃস্ব
অকড়িয়া, (দেশজ) মূল্যহীন, ধন-
অকণ্টক, (ন+কণ্টক, ৬-হ) ণ, ত্রি, নিঃসপত্ন, নিষ্কণ্টক, শত্রুরহিত, নিরুপদ্রব, যথা"ভুঙ্ক্ষ্ব রাজ্যমকণ্টকম্"
অকথা, (অ=কুৎসিত+কথা) বা, স্ত্রী, অশ্লীল বাক্য,কুকথা,মন্দ কথা।
অকথিত, (ন+কথিত) অপ্রকাশিত।
অকথ্য, (ন+কথ্য) ণ, ত্রি, যাহা বলা উচিত নয়,অবক্তব্য,অনির্বচনীয়।
অকণ্ঠস্থ, (ন+কণ্ঠ+স্থ-ড) ণ, ত্রি, অনভ্যস্ত,অনুচ্চারিত, মুখস্থ না করা
অকপট, (ন+কপট) ণ, ত্রি, চাতুর্য্যহীন, কপটতাশূন্য, সরল, উদার।
অকপটতা, (ন+কপট+তা) বা, স্ত্রী, অকাপট্য, নিষ্কপটতা, সরলতা, ঔদার্য্য। [অনাবশ্যক।
অকবচ, (দেশজ) অনধিকার,
অকম্প, (ন+কম্প) ণ, ত্রি, কম্পনরহিত, নিষ্কম্প, স্থির, অচল, দৃঢ়।
অকম্পন, (ন+কম্প+অন) ণ, ত্রি, স্থির, নিশ্চল। বা, পুং, রাবণের সেনাপতি বিশেষ।
অকম্পিত, (ন+কম্পিত) ণ, ত্রি, কম্পহীন, বেপথুশূন্য। বা, পুং, বৌদ্ধগণাধিপতি।
অকর, (ন+কর=হস্ত, রাজস্বাদি, ৬-হ) ণ, ত্রি, হস্তরহিত, নিষ্কর।
অকরা, (ন+কর=কিরণ) বা, স্ত্রী, আমলকী। ণ, ত্রি, কিরণহীন।
অকরণি, (ন+কৃ+অনি-ট) বা, স্ত্রী, অভিসম্পাত, শাপ, আক্রোশ।
অকরণী, (ন+করণী, সূক্ষ্মরূপে যে রাশির মূল বহিষ্কৃত না হয়) বা, স্ত্রী, যে রাশির মূল আকর্ষণ করিতে হইলে কোন ভাগশেষ থাকে না।
অকরণীয়, (ন+করণীয়) ণ, ত্রি, করণের উপযুক্ত নহে, যাহা হইতে পারে না, অশক্য।
অকরুণ,(ন+করুণা, ৬-হ) ণ, ত্রি, নির্দয়, করুণা শূন্য, নিষ্ঠুর। যথা "অকরুণত্বমকারণ বিগ্রহঃ" উদ্ভটঃ।
অকর্কশ, (ন+কর্কশ) ণ, ত্রি, কার্কশ্যরহিত, কোমল, নরম।
অকর্ণ, (ন+কর্ণ=কাণ বা হালি) ণ, ত্রি, কর্ণেন্দ্রিয় রহিত,বধির, কালা, হালিরহিত।
অকর্ণধার, (ন+কর্ণ+ধৃ+ই+অ) ণ, ত্রি, তারণকরিবার অযোগ্য অজ্ঞমাঝি, মাঝিহীন নৌকা। যথা 'যদি ন স্যান্নরপতিঃ সম্যঙ্‌নেতা ততঃ প্রজা। অকর্ণধারা জলধৌ বিপ্লবেতেহ নৌরিব।' হিতোপদেশ'
অকর্ত্তন, (ন+কর্ত্তন, ৬-হ) বা, পুং, কর্ত্তনশূন্য, বামন, খর্ব্ব।
অকর্ত্তব্য, (ন+কর্ত্তব্য) ণ, ত্রি, যাহা করা উচিত নহে, অকরণীয়।
অকর্ত্তৃক, (ন+কর্ত্তৃ+ক, ৬-হ) ণ, ত্রি যাহার কর্ত্তা নাই, বিশুদ্ধ
অকর্দ্দম, (ন+কর্দ্দম) ণ, ত্রি, কর্দ্দম শূন্য, নির্ম্মল, পরিষ্কৃত।
অকর্ম্ম, (ন+কর্ম্মন্) বা, ন, মন্দকর্ম্ম, নিরর্থক কর্ম্ম, কর্ম্মরাহিত্য, ফলাভিসন্ধিরহিত কর্ম্ম। যথা 'কিং কর্ম্মকিমকর্ম্মেতি কবয়োপ্যত্রমোহিতাঃ।' ভগবদ্গীতা। [illegible]
অকর্ম্মক, (ন...) [illegible]ধিক, আকাঙ্ক্ষিক, অ- ণ, ত্রি, [illegible]

ব্যর্থ, অনুপযুক্ত।

অকর্ম্মক ক্রিয়া, ষ্য, স্ত্রী, যে ক্রিয়ার কর্ম্ম নাই, কর্ম্ম শূন্য ধাতু।

অকর্ম্মণ্য, (ন+কর্ম্মন্+য) ণ, ত্রি, কর্ম্মের অযোগ্য, কর্ম্মাক্ষম।

অকর্ম্মা, (ন+কর্ম্মন, ৬-ত) ণ, ত্রি, নিষ্কর্ম্মা, কার্য্যাক্ষম, বিপরীত কর্ম্মকারী।

অকলঙ্ক, (ন+কলঙ্ক, ৬-হ) ণ, ত্রি, কলঙ্করহিত, নির্দ্দোষ, নির্ম্মল।

অকল্ক, (ন+কল্ক, ৬-হ) ণ, ত্রি, কল্করহিত, দম্ভরহিত, যে মৎস্যের আঁইষ নাই, পাকার্থ উষ্ণীকৃত তৈলের ফেনবিগম, ফেনা রহিত।

অকল্কা, ষ্য, স্ত্রী, জ্যোৎস্না।

অকল্পিত, (ন+কৢপ+ত) ণ, ত্রি, অকৃত্রিম, যথার্থ, সত্য, বাস্তব, অকাল্পনিক।

অকল্য, (ন+কল্য=সুস্থ) ণ, ত্রি, রোগী, পীড়িত, অসমর্থ।

অকল্যাণ, (ন+কল্যাণ) ণ, ত্রি, অমঙ্গল, অকুশল, অশুভ।

অকষায়, ণ, ত্রি, যাহা কটু ঝাল নহে, সুস্বাদু, সুমধুর, সুমিষ্ট।

অকষ্টকল্পনা, ষ্য, স্ত্রী, মানস স্বৈর্ষ্য-ভাব, স্বচ্ছন্দতা, সুখ।

অকষ্টবদ্ধ, (অকষ্ট=যার পর নাই কষ্ট +বদ্ধ) ষ্য, অপ্রতীকার্য্য আপদ, অন্তিক দুঃখ। ণ, ত্রি, অপ্রতিবিধেয় দুঃখে পতিত।

অকস্মাৎ, (ন+কস্মাৎ) ক্রি-ণ, ষ্য, হঠাৎ, সহসা, দৈবাৎ, বিনা কারণ, অতর্কিত, সপদি, সদা, তৎক্ষণে।

অকা, (দেশজ) নির্ব্বোধ, পাগ্লাটে মূর্খ, ভূতে পাওয়া বালক।[গোটা।

অকাটা, (দেশজ) অভিন্ন, অচ্ছিন্ন,

অকাণ্ড, (ন+কাণ্ড[কন+ড]) ক্রি—ণ বা, অকস্মাৎ। ষ্য, পুং, অসময়, ইন্‌-অস্তার্থে ... ইটি ... ভুক্তঃ, ছ) ষ্য, পুং, সূর্য্য। ণ, ত্রি, কিরণশালী ... দি।

ত্বক্ সার তৃণ গুল্মাদি।

অকাতর, (ন+কাতর) ণ, ত্রি, দুঃখবোধ রহিত, অনায়াস, কাতরতাশূন্য

অকাপট্য, ষ্য, ন, কপটতা শূন্যতা, ঔদার্য্য, সরলভাব।

অকাম, (ন+কাম) ণ, ত্রি, অনিচ্ছুক, নিষ্কাম, বাসনা শূন্য, ইন্দ্রিয় পরায়ণতা শূন্য।

অকাম্য, ণ, ত্রি, অনভিলষণীয়।

অকায, (দেশজ) কুকর্ম্ম, মন্দকার্য্য।

অকার, (অ+কার—স্বার্থে) ষ্য, পুং, স্বরবর্ণের আদ্য অক্ষর।

অকারণ, ণ, ত্রি, কারণশূন্য, নির্হেতু।

অকারান্ত, (অকার+অন্ত) যে শব্দের শেষে অকার আছে।

অকার্য্য, (ন+কৃ+য্যণ) ষ্য, ন, অসৎকর্ম্ম, অকর্ত্তব্য কর্ম্ম, যথা "অকার্য্য চিন্তা সমকালমেব প্রাদুর্ভবংশ্চাপধরঃ পুরস্তাৎ, অন্তঃশরীরেম্বপি যঃ প্রজানাং প্রত্যাদেশাবিনয়ং বিনেতা" রঘুবংশ।[অনিষ্টকর্ম্মের কল্পনা।

অকার্য্যচিন্তা, ষ্য, স্ত্রী, অসচ্চিন্তা,

অকাল, (ন=অপ্রশস্ত+কাল=সময়) ষ্য, পুং, গুরু শুক্রের বৃদ্ধাস্ত বাল্যাদি বশতঃ অশুদ্ধকাল, অসময়, দুর্ভিক্ষ, অন্নাভাব।

অকালকুষ্মাণ্ড, ষ্য, ন, পুং, অকালজাত কুমড়া, দুষ্কর্ম্মা, দুর্লক্ষণাক্রান্ত।

অকালজ, ণ, ত্রি, অকালেজাত, উপযুক্ত সময়ের পূর্ব্বে বা পরে জাত, অসময়োৎপন্ন।

অকালজলদোদয়, (অকাল+জলদ+উদয়, ৭মী-ষ+৬ষ্ঠী ষ) ষ্য, পুং, অসময়ে মেঘোদয়, কুজ্ঝটিকা, কুয়াসা।

অকালে, ক্রি, ণ, অসময়ে, অনিয়মিত সময়ের পূর্ব্বে বা পরে।

অকিঙ্কর, (ন+কিঙ্কর) ণ, ত্রি, কুভৃত্য যে উত্তম ভৃত্য নহে, ভৃত্যবিহীন, দাস্যভাব রহিত।

অকিঞ্চন, (অ+কিঞ্চন [কিম্+চন্] ৬-হ) ণ, ত্রি, যার কিছুই নাই, দরিদ্র, নিঃস্ব, দীন, দুঃখী।

অকিঞ্চনতা—স্ত্রী } অকিঞ্চন+তা
অকিঞ্চনত্ব—ন, } ত্ব=ভাব) ষ্য, দারিদ্র্য, নিষ্কিনতা, কিছুমাত্র সম্পত্তি না থাকা।

অকিঞ্চিৎ, (ন+কিঞ্চিৎ) ষ্য, বা, তুচ্ছ, সামান্য, হেয়, কিছুই নয়, যথা "অকিঞ্চিদপি কুর্ব্বাণঃ সৌখ্যৈর্দুঃখান্যপোহতি, তত্তস্য কিমপিদ্রব্যং যোহি যস্য প্রিয়োজনঃ" উত্তরচরিত

অকিঞ্চিৎকর, (ন+কিঞ্চিৎ+কর [কৃ+অ] ণ, ত্রি, যাহাতে কিছুই হয় না, অতিসামান্য, তুচ্ছ।

অকীর্ত্তি, (ন+কীর্ত্তি) ষ্য, স্ত্রী, অযশঃ, অখ্যাতি, দুর্নাম, অপ্রতিষ্ঠা, কলঙ্ক।

অকীর্ত্তিকর, (ন+কীর্ত্তি+কৃ+অ) ণ, ত্রি, অযশস্কর, দুর্নামজনক।

অকুপ্য, ষ্য, স্ত্রী, কুৎসিত ভূমি।

অকুটিল, (ন+কুটিল) ণ, ত্রি, সরল, কুটিলতা রহিত, সরলান্তঃকরণ, অবক্র

অকুণ্ঠ, অকুণ্ঠিত (ন+কণ্ঠ=আলস্য করা+অ, ক্ত—ত) ণ, ত্রি, প্রতিভাযুক্ত, অব্যাহত, অসঙ্কুচিত, অক্ষুদ্ধ।

অকুৎসিত, (ন+কুৎসিত) ণ, ত্রি, সুন্দর, সুশ্রী, আনন্দিত, যথা 'অকুৎসিতে কর্ম্মণি যঃ প্রবর্ত্ততে নিবৃত্তরাগস্তস্য তদেবনম্' ভট্টম্।

অকুতোভয়, (ন+কুতঃ [কিম্+তস্] ৬-হ) ণ, ত্রি, নিঃশঙ্ক, নির্ভয়, সাহসী, যে কিছুতেই ভীত হয় না।

অকুপ্য, (ন+কুপ্য [কুপ+ক্যপ্] স্বর্ণ ও রৌপ্য ভিন্ন অপর সকল প্রকার ধাতু, ষ্য, ন, স্বর্ণ, রৌপ্য যথা 'কুজনকুপ্যং বহুবাসরোপমং' ভারবি।

অকুমারী, ষ্য, স্ত্রী, দশবৎসরের বালিকা

অকুশন, (ন+কুশ+অন—ভাব) ষ্য, অপ্রতুল, অনাটন, অভাব।

অকুলীন, (ন+কুল+ঈন) কুলমর্য্যাদাহীন, হীন বংশোৎপন্ন, ইতর জাতি। যথা "অকুলীনোপি শাস্ত্রজ্ঞো দৈবতৈরপি পূজ্যতে" চাণক্যঃ।

অকুশল, (ন+কুশল) ষ্য, ন, ঝগড়া, বিবাদ, অমঙ্গল।

অকূপার, (ন+কু=পৃথিবী+পার=তীর, ৬-হ) ষ্য, পুং, সমুদ্র, কচ্ছপরাজ, পর্ব্বত।

অকূর্চ্চ, (ন+কূর্চ্চ) ণ, ত্রি, কাপট্যরহিত। ষ্য, পুং, বুদ্ধ। নাই, অপার

অকূল (ন+কূল) যাহার কূল তীর

অকূলপাথার, (অকূল+পাথার [পাথস্ শব্দজ]=জল) ষ্য, অগাধজল, মহাবিপদ্।

অকৃত, (ন+কৃ+ত) ণ, ত্রি, অনিষ্পাদিত, অসম্পন্ন, নিরর্থক, ব্যর্থ।

অকৃতকর্ম্মা, (ন+কৃ+ত+কর্ম্মন্) ণ, ত্রি, অকৃতকার্য্য, যে কোন কার্য্য সম্পন্ন করিতে পারে না।

অকৃতকার্য্য, (ন+কৃ+ত+কার্য্য ৬-হ) ণ, ত্রি, বিফল প্রযত্ন, যে কার্য্য সম্পাদন করে নাই বা করিতে পারে নাই, নিষ্ফল।

অকৃতঘ্ন, (ন+কৃতঘ্ন [কৃ+হন+অ]) ণ, ত্রি, কৃতজ্ঞ, যে ব্যক্তি উপকার বিস্মৃত হয় না।

অকৃতজ্ঞ, (ন+কৃত+জ্ঞা+ড, যে উপকার স্বীকার করে, উপ, স) ণ, ত্রি, যে ব্যক্তি উপকার স্বীকার না করে, কৃতঘ্ন।

অকৃতদার, (ন+কৃত+দার, ৬-হ) ষ্য, পুং, অবিবাহিত (পুরুষ)।

অকৃতাপরাধ, (অকৃত+অপরাধ) ণ, ত্রি, নির্দ্দোষ। [বুজ্, অযোগ্য

অকৃতী, ণ, ত্রি, কর্ম্মাক্ষম, অনুপ-

অকৃত্রিম, (ন+কৃ+ত্রিম—নিবৃত্ত ণ, ত্রি, স্বাভাবিক, অকাল্পনিক, অলৌকিক খাঁটি।

অকৃপ, (ন+কৃপা, ৬-হ) ণ, ত্রি, দয়াশূন্য, নির্দ্দয়, নিষ্ঠুর।

অকৃপণ, (ন+কৃপ+কণ) ণ, ত্রি, কার্পণ্য রহিত, ব্যয়কুণ্ঠ নহে যে।

অকৃপা, (ন+কৃপা) ষ্য, স্ত্রী, নির্দ্দয়তা, নিষ্ঠুরতা।

অকৃষ্টপচ্য, (ন+কৃষ্ট+পচ+য—ঢ, ২—ষ) ণ, ত্রি, অকৃষ্ট অর্থাৎ পতিত ক্ষেত্রে স্বয়ং পক্ব।

অকৃষ্ণকর্ম্মা, (অকৃষ্ণকর্ম্মন, ন+কৃষ্ণ কর্ম্মন, ৬-হ) ণ, ত্রি, দুষ্কর্ম্মরহিত, নিষ্পাপ, নির্ম্মলচরিত।

অকেশ, (ন+কেশ, ৬-হ) ণ, ত্রি, কেশ বর্জ্জিত, অল্পকেশবিশিষ্ট, কুৎসিত কেশবিশিষ্ট।

অকৈতব, (ন+কিতব+ষ্ণ, ৬-হ) ণ, ত্রি, অকপট, বঞ্চনা শূন্য।

অকৈবল্য, (ন+কেবল+ষ্ণ্য) ষ্য, ন, নিস্মুক্তি। ণ, ত্রি, কেবল ভাব রহিত। [গুবাক, সুপারিগাছ।

অকোট, (ন+কুট+অ) ষ্য, পুং. অকৌশল, (ন+কুশল+ষ্ণ—ভাব) ষ্য ন, অপটুতা, কুশলাভাব, বিরোধ, অনিপুণতা।

অক্কা, (অক=দুঃখ+কৈ[শব্দকরা+ড ... আপ] যিনি প্রসব কালে যন্ত্রণায় চীৎকার করেন) ষ্য, স্ত্রীং, মাতা, জননী, মা।

[illegible] অন্জ+ত—ঢ) ণ, ত্রি, [illegible], যুক্ত, মিশ্রিত, অভিষিক্ত।

অক্তু, ষ্য, স্ত্রী, বেদ প্রচুর প্রয়োগ, [illegible], যামিনী, রাত্রি।

অক্রান্ত, (ন+ক্রম+ত) ণ, ত্রি, অনতিবাহিত, অনাক্রান্ত, অলঙ্ঘিত, উপস্থিত।

[illegible] ন+ক্রিয়া, ৬-হ) ণ, ত্রি, [illegible], কুকর্ম্মবিশিষ্ট, ক্রিয়া রহিত, জড়।

[illegible]

যোগ্যক্রীড়া, অনুপযুক্ত খেলা।

অক্রুদ্ধ, (ন+ক্রুধ+ত) ণ, ত্রি, অকোপন, রোষহীন, অরুষ্ট।

অক্রূর, (ন+ক্রূর=অসরল) ষ্য, পুং, কৃষ্ণের পিতৃব্য, শ্বফল্ক হইতে গান্দিনীর গর্ভে উৎপন্ন। ণ, ত্রি, সরল, ক্রূরতারহিত।

অক্রেয়, (ন+ক্রী+য—ঢ) ণ, ত্রি, ক্রয় করিবার অযোগ্য, মহার্ঘ।

অক্রোধ, ণ, ত্রি, ক্রোধ রহিত, নির্ব্বিকার, প্রশস্ত দশ ধর্ম্মান্তর্গতধর্ম্ম বি

অক্লিষ্ট, (ন-ক্লিশ-ত) ণ, ত্রি, অক্লান্ত, অশ্রান্ত, অতিশ্রমী।

অক্লিষ্টকর্ম্মা, (অক্লিষ্টকর্ম্মন, ন+ক্লিষ্ট +কর্ম্মন, ৬-হ) ণ, ত্রি, অক্লেশে কর্ম্ম সমাধা করে, যে কর্ম্ম করিয়া শ্রান্তিযুক্ত ও ক্লান্ত হয় না। যথা "রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ" রামায়ণ।

অক্লীব, (ন+ক্লীব) ণ, ত্রি, অবন্ধ্য, সবল, বীর, ধৈর্য্যশালী, অকাতর।

অক্ষ, (অক্ষ+অ-ঘ) ষ্য, পুং, পাশা, ব্যবহার, ষোল মাষার ভার, আত্মা, জ্ঞান, জ্ঞাতার্থ, শকট, রথ, চাকার আল, রথাঙ্গ, রথাদির অবয়ব, রাবণ পুত্র, চক্র, চক্রের মধ্যমণ্ডল, সর্প, গরুড়, রুদ্রাক্ষবৃক্ষ, অসুরবিশেষ। ষ্য, ন, ইন্দ্রিয়, রুদ্রাক্ষবীজ, বয়ড়াগাছ, সচ্ছ লবণ। [খেলা।

অক্ষক্রীড়া, ষ্য, স্ত্রী, পাশক্রীড়া, পাশা

অক্ষত, (ন+ক্ষত [ক্ষণ+ত—ঢ]) ণ, ত্রি, আঘাতশূন্য, অখণ্ডিত, অহিংসিত। ষ্য, পুং, আতপতণ্ডুল, যব, শস্যমাত্র।

অক্ষতা, ষ্য, স্ত্রী, পুরুষসংসর্গরহিতা স্ত্রী, অজাত ঋতু স্ত্রী, অর্থাৎ যে স্ত্রীর রজোদর্শন হয় নাই, যথা "অক্ষতা বা ক্ষতা বাপি" স্মৃতি।

অক্ষতা—ন, থই, নপুংসক।

[illegible]

পুরুষ সংসর্গ রহিতা নারী, যে স্ত্রীর রজোদর্শন হয় নাই, কুমারী, তরুণী। যথা "সাচেদক্ষতযোনিঃস্যাৎ গতপ্রত্যাগতাপিবা। পৌনর্ভবেন ভর্ত্রা সা পুনঃ সংস্কারমর্হতি" মনু।

অক্ষদণ্ড, যে কল্পিত ব্যাসোপরি পৃথিবীর পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে প্রতিদিন আবৃত্তি হয়, মেরুদণ্ড।

অক্ষদর্শক, (অক্ষ=ব্যবহার [ঋণদানাদি বিবাদ]+দর্শক, উপ-স) ষ্য, পুং, বিচারকর্ত্তা, অক্ষদ্রষ্টা, ব্যবহারদ্রষ্টা, ধর্ম্মাধ্যক্ষ।

অক্ষদেবী, (অক্ষ+দিব—ণিন্—ধ ৩-য) ষ্য, পুং, পাশাখেলক, দ্যূতক্রীড়াকারক, পাশক্রীড়ক, দ্যূতকর।

অক্ষধুরা, (অক্ষ=চক্র+ধুর=অগ্র, ৬-ত) ষ্য, স্ত্রী, চক্রাগ্র।

অক্ষধূর্ত্ত, (অক্ষ=পাশক+ধূর্ত্ত, ৭—য) ষ্য, পুং, দ্যূতক্রীড়াকারক, পাশক্রীড়ক, দ্যূতজীবী।

অক্ষপাটক, (অক্ষ+পট+ণক) ষ্য, পুং, ধর্ম্মাধ্যক্ষ, বিচারক, জজ।

অক্ষপাদ, (অক্ষ=জ্ঞান+পাদ=গমন, যাহার জ্ঞানেতে গমন, ৬-হ, কিম্বা যিনি অক্ষদ্বারা জ্ঞাত অর্থাৎ বিখ্যাত, ৩-য) ষ্য, পুং, গৌতমমুনি, ন্যায়শাস্ত্রপ্রণেতা, চক্রাঙ্গ।

অক্ষবতী, (অক্ষ+বৎ—অস্ত্যর্থে) ষ্য, স্ত্রী, দ্যূতক্রীড়া, পাশাখেলা।

অক্ষবাট, (অক্ষ+বট+ঘঞ) ষ্য, পুং, মল্লভূমি, যুদ্ধক্ষেত্র, কুস্তির স্থান।

অক্ষবিৎ, (অক্ষ+বিদ-ক্বিপ্) ণ, ত্রি, দ্যূতজ্ঞ, ব্যবহারজ্ঞ, বিচারজ্ঞ, ব্যবহারাজীব, উকীল। [রহিত।

অক্ষম, (ন+ক্ষম) ণ, ত্রি, ক্ষমতা-

অক্ষমা—ষ্য, স্ত্রী, ঈর্ষ্যা, ক্রোধ।

অক্ষমতা, (ন+ক্ষম+তা) অসামর্থ্য, শক্তিহীনতা, দুর্ব্বলতা, অপারকতা।

[illegible]

অক্ষসূত্র, রুদ্রাক্ষমালা, জপমালা, বশিষ্ঠপত্নী, অরুন্ধতী। যথা "অক্ষমালা বশিষ্ঠেন সংযুক্তাধমযোনিজা" মনু।

অক্ষয়, (ন+ক্ষি+অল্, ৬-হ) ণ, ত্রি, ক্ষয়রহিত, অবিনশ্বর, চিরস্থায়ী, অব্যয়। [বিশেষ।

অক্ষয়া, ষ্য, স্ত্রী, তিথিঘটিত যোগ-

অক্ষয়তৃতীয়া, ষ্য, স্ত্রী, যে তৃতীয়া তিথিতে কর্ম্মফলের ক্ষয় হয় না, বৈশাখের শুক্লতৃতীয়া, চান্দ্র তিথিঘটিত যোগবিশেষ।

অক্ষয্য, (অক্ষয়+য) ষ্য, ন, ঘৃতমধুযুক্তজল, অক্ষয়ত্ব, অক্ষয়।

অক্ষর, (ন+ক্ষর, ৬-হ) ষ্য, পুং, শিব, বিষ্ণু, ব্রহ্ম। ন, ব্রহ্মা, পরমেশ্বর, অকারাদি পঞ্চাশৎ বর্ণ। ণ, ত্রি, অনশ্বর, স্থায়ী, অচ্যুত।

অক্ষরচন-ণ } (অক্ষর+চন, চুঞ্চু—
অক্ষরচুঞ্চু } খ্যাত্যর্থে) ণ, ত্রি, লিপি কর্ম্মে নিপুণ, সুলেখক, বিখ্যাত লেখক। [স্ত্রী, লেখনী, কলম।

অক্ষরজননী, (অক্ষর+জননী) ষ্য,

অক্ষরজীবক, (অক্ষর+জীবক=যে প্রাণধারণ করে, অক্ষর অর্থাৎ লিপি দ্বারা যে জীবিকা নির্ব্বাহ করে, ৩—য) ষ্য, পুং, লেখক, লিপিকর।

অক্ষরজীবিক, (অক্ষর+জীবিকা—৬-হ) ণ, ত্রি, লেখক, যে ব্যক্তি অক্ষর লিখিয়া জীবিকা নির্ব্বাহ করে, অক্ষরজীবী।

অক্ষরতূলিকা, (অক্ষর+তূলিকা, ৬-ষ) ষ্য, স্ত্রী, লেখনী, কলম।

অক্ষরবিন্যাস, (অক্ষর+বি+নি+অস+ঘঞ) ষ্য, পুং, অক্ষর লেখা।

অক্ষরমালা, (অক্ষর+মালা, ৬-ষ) ষ্য, স্ত্রী, বর্ণমালা, অক্ষর শ্রেণী।

অক্ষরমুখ, (অক্ষর+মুখ, ৬-ষ) ষ্য, পুং,

অক্ষরেখা, বিষুব রেখার উত্তর দক্ষিণ উভয় দিকে যে গোলাকার রেখা গুলি গোলকের পূর্ব্ব পশ্চিমে ব্যাপ্ত হইয়া আছে, তাহাদের নাম অক্ষরেখা। (Lines of Latitude).

অক্ষবৃত্ত, অক্ষসমান্তরাল, নিরক্ষবৃত্তের সমান্তরাল এবং নিরক্ষবৃত্ত হইতে ক্রমশঃ দশ দশ অংশ অন্তরে যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র বৃত্ত কল্পিত হয়। (Parallels of Latitude)

অক্ষরসংস্থান, (অক্ষর+সংস্থান, ৬-ষ) ষ্য, ন, লিখন, লিপি, লেখা।

অক্ষসূত্র, (অক্ষ+সূত্র,৬—ষ,ষ্য, পুং, জপমালা।

অক্ষাংশ, (অক্ষ+অংশ) ভূগোলবেত্তারা বিষুবরেখার উত্তর দক্ষিণ অথবা পূর্ব্বপশ্চিম ভূভাগ ৩৬০ভাগে বিভক্ত করেন, ইহার একং ভাগ একং অক্ষাংশ। (Degree.)

অক্ষাগ্রকীলক, (অক্ষ-চক্র+অগ্র=সম্মুখস্থ+কীলক=খিল, ৬-ষ) ষ্য, পুং, রথাদিচক্রের রোধক শঙ্কু, চাকার খিল।

অক্ষান্তি, (ন+ক্ষান্তি) ষ্য, স্ত্রী, অক্ষমা, পরগুণাসহিষ্ণুতা, ঈর্ষ্যা, যথা "অক্ষান্তিসারসন্দর্ভং দুর্ব্বাসসমবেহি মাম্" বিষ্ণুপুরাণ।

অক্ষারলবণ, (ন+ক্ষার+লবণ) ষ্য, ন, সৈন্ধবাদি লবণ, যথা ঘৃত ও দুগ্ধ আতপতণ্ডুল, মুগ, তিল যব ইত্যাদি হবিষ্য দ্রব্য। [চক্ষু।

অক্ষি, (অক্ষ+ই—ম) ষ্য, ন, নেত্র,

অক্ষিক, অক্ষীক, (অক্ষ+ইক, ঈক) ষ্য,পুং, বৃক্ষবিশেষ, রঞ্জনবৃক্ষ, আচ্ছুকের গাছ।

অক্ষিকূটক, (অক্ষি+কূটক=গোলক, ৬-ষ) ষ্য, পুং, চক্ষুর্গোলক, চক্ষুর তারা।

অক্ষিগত (অক্ষি— ...) ণ, ত্রি

দ্বেষ্য, বৈরাস্পদ, রিপু, ঘৃণাস্পদ, নয়নগোচর। [অদুঃখিত, অম্লান।

অক্ষিণ্ন, (ন+ক্ষিদ্+ত) ণ, ত্রি,

অক্ষিব, অক্ষীব, (ন+ক্ষীব্+ক, ধ) ষ্য, পুং, শোভাঞ্জনবৃক্ষ,শজিনাগাছ। ষ্য, ন, সামুদ্রলবণ। ণ, ত্রি, অমত্ত

অক্ষিবিকূণিত, (অক্ষি+বিকূণিত [বি+কূণ+ত, চ] ষ্য, ন, অপাঙ্গদৃষ্টি, দৃক্‌পাত, কটাক্ষপাত।

অক্ষীণ, (ন+ক্ষীণ) ণ, ত্রি, অকৃশ, হৃষ্টপুষ্ট, সুস্থ, অক্ষয়, পূর্ণ।

অক্ষিবিভ্রম, ষ্য, পুং, দৃষ্টিবিভ্রম।

অক্ষুণ্ন, (ন+ক্ষুদ্+ত) ণ, ত্রি, অচর্ব্বিত, অখণ্ডিত, মনস্তাপরহিত, ক্ষোভরহিত, অক্ষুব্ধ, অনিপুণ, অপরাজিত, অস্পৃষ্ট।

অক্ষুব্ধ, (ন+ক্ষুভ্+ত) ণ, ত্রি, ক্ষোভরহিত, অপ্রতিহত, প্রতিভা সম্পন্ন।

অক্ষোট, অক্ষোড়,ষ্য, পুং পর্ব্বতজাত পালুবৃক্ষ, আখরোট, অক্ষোড়বৃক্ষ।

অক্ষোভ, (ন+ক্ষুভ+অল, ৬-ষ) ণ, ত্রি, ক্ষোভরহিত ; ষ্য,পুং, হস্তিবন্ধন স্তম্ভ, আলান, শঙ্কু।

অক্ষোভ্য, (ন+ক্ষুভ্+যত) ণ, ত্রি, অক্ষয়, অবিচলনীয়, তারার মস্তককম্পিত সর্পবিশেষ, যথা "মৌলাবক্ষোভ্য ভবিতাম" তারাধ্যান।

অক্ষৌহিণী, (অক্ষ=রথাদি সমূহ+ঊহিনী [ঊহ+ইন্ —ষ]) ষ্য, স্ত্রী, সৈন্যসংখ্যা বিশেষ, যথা ১,০৯,৩৫০ পদাতি, ৬৫,৬১০ অশ্ব, ২১,৮৭০ হস্তী, এবং ২১,৮৭০ রথ, সমুদায়ে ২,১৮,৭০০ এতাবৎ সৈন্য। "একেভৈকরথা ত্র্যশ্বা পত্তিঃ পঞ্চপদাতিকা ; পত্ত্যঙ্গৈস্ত্রিগুণৈঃ সর্ব্বৈঃ ক্রমাদাখ্যা যথোত্তরম্ ; সেনামুখং গুল্মগণৌ বাহিনী পৃতনা চমূঃ। অনীকিনীদশানীকিন্যক্ষৌহিণ্যথ স

"পাদি" অমরকোষ।

পদাতি অশ্ব হস্তী রথ

৫ + ৩ + ১ + ১ = পত্তি
৩

---

১৫ + ৯ + ৩ + ৩=সেনামুখ
৩

---

৪৫ + ২৭ + ৯ + ৯=গুল্ম
৩

---

১৩৫ + ৮১ + ২৭ + ২৭=গণ
৩

---

৪০৫ +২৪৩ + ৮১ + ৮১=বাহিনী
৩

১২১৫ +৭২৯ +২৪৩ +২৪৩=পৃতনা
৩

৩৬৪৫ +২১৮৭ +৭২৯ +২২৯=চমূ
৩

১০৯৩৫ + ৬৫৬১ + ২১৮৭ + ২১৮৭-
১০ অনীকিনী

১০৯৩৫০ + ৬৫৬১ + ২১৮৭০ + ২১৮৭০
=অক্ষৌহিণী

অখণ্ড, (ন+খণ্ড, ৬.হ) ণ, ত্রি, খণ্ড-রহিত, অখণ্ডিত, সকল, সম্পূর্ণ, অ-বিভাজ্য। যথা "অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্। তৎ পদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরুবে নমঃ" গুরুগীতা।

অখণ্ডন, (ন+খণ্ড+অন) ষ্য, পুং, সময়,কাল, পরমাত্মা। ণ.ত্রি, অনি-বারণ, অখণ্ড, অবিভাজ্য, সমুদায়।

অখণ্ডনীয়, (ন+খণ্ড+অনীয়) ণ, ত্রি, অবিভাজ্য, অচ্ছেদ্য, অভেদ্য, অলঙ্ঘনীয়, অনতিক্রমণীয়।

অখণ্ডদ্বাদশী, (ন+খণ্ড+অ+দ্বাদশী) ষ্য,স্ত্রী,আগ্রহায়ণিক শুক্লা দ্বাদশী ব্রত।

অখণ্ডিত, (ন+খণ্ড + ত—ট) ণ, ত্রি, সম্পূর্ণ, অবিচ্ছিন্ন.লিপ্ত, যোড়া।

অখর্ব্ব, (ন+খর্ব্ব) ণ, ত্রি, লম্বা, দীর্ঘ, অক্ষুদ্র।

অখাত, (ন+খন্+ত—ট) ষ্য, পুং, ন, দেবখাত, স্বাভাবিক খাত. যে জলাশয় মনুষ্যকৃত নহে, উপসাগর।

অখাদ্য, (ন+খাদ্য) ণ, ত্রি, অভক্ষ্য, খাদ্যাযোগ্য. ভক্ষণের অনুপযুক্ত, কুৎসিত খাদ্য।

অখিল, (ন+খিল=শূন্য, পৃথক্‌কৃত, যাহাতে শূন্য নাই. ৭-হ) ণ, ত্রি, সকল, সমস্ত, সমুদায়, অশেষ।

অখিদ্য, (ন+খিদ্+য) ণ, ত্রি, অ-ক্লান্ত, অশোচ্য, খেদরহিত।

অখিদ্যমান, (ন+খিদ্+শমান) ণ, ত্রি, অননুশোচ. অম্লানযুক্ত।

অখিন্ন, (ন+খিদ্+ত) ণ, ত্রি, অ-ক্লিষ্ট, অক্লান্ত, অদূন, অদুঃখিত।

অখ্যাতি, (ন+খ্যাতি [খ্যা-বলা+তি—ভাব] কথন) ষ্য, স্ত্রী, অয-শঃ, নিন্দা, অপ্রতিষ্ঠা, দুর্নাম।

অখ্যাতিকর, (ন+খ্যা+ক্তি+কৃ+অ) অযশস্কর, দুর্নামজনক।

অখ্যাত, (ন+খ্যা+ত)ণ, ত্রি, অবি-খ্যাত,অপ্রচারিত,অপ্রসিদ্ধ,অকথিত।

অগ, (ন+গ[গম্+ড —] যে গমন করে, যে গমন করে না) ষ্য, পুং, পর্ব্বত, বৃক্ষ, সূর্য্য, সর্প।

অগঙ্গ, (ন+গঙ্গা, ৭-হ) ণ,ত্রি, গঙ্গা-হীন (দেশ), যেখানে গঙ্গা নাই।

অগড়বগড় (দেশজ) জড়ল শব্দ মিশ্রিত কথা, অ ংলগ্ন বাক্য।

অগণন (ন+গণ=সংখ্যা করা+অন ণ, ত্রি, অসঙ্খ্য, অগণ্য, যাহার স খ্যা করা যায় না।

অগণনীয়, অগণ্য, (ন+গণ+অ-নীয়, য—ট) ণ, ত্রি, যাহার গণনা করা যায় না, অসংখ্য, অগ্রাহ্য, যে ব্যক্তি গণনীয় নহে, হেয়।

অগণিত, (ন+গণ+ক্ত) অসংখ্য, যাহা গণনা করা হয় নাই বা নাই।

অগতি, (ন+গতি, ৬-হ) ণ, ত্রি, গতিহীন, উপায় হীন। বা, স্ত্রী, উপায়াভাব, গমন না করা।

অগতির গতি, (ন+গম+তি+র+গতি) ণ, ত্রি, নিরাশ্রয়ের আশ্রয়, নিরুপায়ের উপায়, চরম উপায়।

অগত্যা, (ন+গত্যা [গতি+আ তৃতীয়াবিভক্তির চিহ্ন]) বা, সুতরাং, কাজে কাজে, অনুপায়ে, উপায়াভাবে।

অগদ, (ন+গদ=রোগ, যাহা হইতে রোগ নাই, ৫-ত) বা, পুং, ঔষধ। যথা "যদভাবি ন তদ্ভাবি ভাবিচেন্ন তদন্যথা। ইতি চিন্তাবিষঘ্নোঽয়মগদঃ কিং ন পীয়তে" হিতোপদেশ। (যাহার রোগ নাই, ৬-হ) ণ, ত্রি, সুস্থ, নীরোগ, পীড়াশূন্য, অরোগী।

অগদঙ্কার, (অগদং+কৃ+অণ, ২য়া—স) বা, পুং, বৈদ্য, চিকিৎসক।

অগম, (ন+গম+অ-ষ) বা, পুং, পর্ব্বত, বৃক্ষ, অপমান। ণ, ত্রি, দুর্গম

অগমতা, (অগম+তা—ভাব) বা, অপমান, অসম্ভ্রম, অমর্য্যাদা।

অগম্য, (ন+গম+য—চ) ণ, ত্রি, গমনাযোগ্য, দুর্গম, অতিকষ্টে যেখানে গমন করা যায়।

অগম্যা—বা, স্ত্রী, যে স্ত্রীগমনে মহাপাতক হয়। [স্ত্রীতে গমন।

অগম্যাগমন—বা, ন, ব্যভিচার, নিষিদ্ধা

অগর্হিত, (ন+গর্হ+ত) ণ, ত্রি, অনিন্দিত, নির্দ্দোষ, অদূষিত, অবৈধ।

অগস্ত্য, অগস্তি, (অগ+স্ত্যৈ+ড, ই—হ, ২য়া—ষ) বা, পুং, মিত্রাবরুণের ঔরসে উর্ব্বশীগর্ভজাত মুনি, ইনি সমুদ্র শোষণ, বিন্ধ্যগিরি নমন এবং বাতাপি নামক অসুরকে বিনাশ করিয়াছিলেন, বকপুষ্প।

অগস্ত্যোদয়, (অগস্ত্য+উৎ+ই+অ) বা, পুং, অগস্ত্যমুনির উদয়, ভাদ্রমাসের সপ্তদশ দিবসে আকাশে নক্ষত্ররূপে অগস্ত্যমুনির উদয়।

অগাত্মজা, (অগ+আত্মজা, ৬—ষ) বা, ন, পার্ব্বতী, গিরিকন্যা, দুর্গা, দশপ্রচেতার পত্নী, বৃক্ষকন্যা।

অগাধ, (ন+গাধ, ৬-হ) ণ, ত্রি, অতলস্পর্শ, অতিগভীর, যথা "অগাধজলসঞ্চারী বিকারী ন চ রোহিতঃ। গণ্ডূষজলমাত্রেণ শফরী ফরফরায়তে" উদ্ভট।

অগার, আগার, (অগ+আর [আ—রা-ড+দা] ২য়া—ষ) বা, ন, গৃহ, ঘর।

অগির, (ন+গৃ+অ। ন্—ইর, অথবা অগ+ইর) বা, পুং, স্বর্গ, সূর্য্য, অগ্নি, রাক্ষস, অগুরু।

অগু, (ন+গো=কিরণ ইত্যাদি) বা, পুং, রাহুগ্রহ। ণ, ত্রি, কিরণরহিত, গোশূন্য, প্রভাশূন্য।

অগুণ, (ন+গুণ) ণ, ত্রি, গুণহীন, মন্দগুণ, দোষ, অনুপকার।

অগুরু, (ন+গুরু) বা, স্ত্রী, শিশুগাছ। পুং-ন, কৃষ্ণবর্ণ চন্দন, সুগন্ধি কাষ্ঠ বিশেষ, কালাগুরু। ণ, ত্রি, লঘু

অগূঢ়, (ন+গুহ+ত) ণ, ত্রি, অগুপ্ত, প্রকাশিত। [ন, হিঙ্গু, হিং।

অগূঢ়গন্ধ, (ন+গূঢ়+গন্ধ, ৬-হ) বা,

অগূঢ়ভাব, (ন+গুহ+ত+ভাব) বা, পুং, সরল, অকপট।

অগোচর, (ন+গোচর—বিষয়) ণ, ত্রি, অবিষয়, অজ্ঞাত, অপ্রত্যক্ষ।

অগোপন, (ন+গুপ্+অন) বা, পুং, গোপনাভাব, প্রকাশ। ণ, ত্রি, অগুপ্ত, প্রকাশ্য।

অগৌকস্, (অগ+ওকস্) বা, ন, পক্ষীবিং, সিংহ, শরভ।

অগৌণ, (ন+গৌণ) ণ, ত্রি, অবিলম্ব, শীঘ্র, আশু, ক্ষিপ্র, দ্রুত, মুখ্য, প্রধান।

অগৌরব, (ন+গুরু+অ) বা, ন, অনাদর, অসম্মান, অগুরুত্ব, অলঘু, কর্ম্ম

অগ্নায়ী, (অগ্নি+ঈপ্) ষ্য, স্ত্রী, অগ্নির ভার্য্যা, স্বাহা, ত্রেতাযুগ।
অগ্নি, (অন্‌গ+নি—সংজ্ঞার্থে, যে উর্দ্ধে গমন করে) ষ্য, পুং, পঞ্চভূতান্তর্গত ভূতবিং, অনল, হুতাশন, বহ্নি, আগুন, অগ্নি কোণাধিপতি, অগ্নিকোণ, চিত্রবৃক্ষ, ভল্লাতক, পিত্ত।
অগ্নিক, (অগ্নি+ক—[কৈ+ড) ষ্য, পুং, অগ্নিরঙ্গ:, ইন্দ্রগোপ নামে রক্তবর্ণ কীট।
অগ্নিকণ, (অগ্নি+কণ, ৬-ত) ষ্য, পুং, অগ্নিকণিকা, স্ফুলিঙ্গ, বিস্ফুলিঙ্গ, আগুনের কিন্‌কি।
অগ্নিকল্প, (অগ্নি+কল্প) ণ, ত্রি, অগ্নিতুল্য তেজস্বী, উষ্ণ, উগ্র, ক্রোধান্বিত
অগ্নিকারক, (অগ্নি+কৃ+ণক) ণ, ত্রি, অগ্নিকর দ্রব্য বিশেষ, অরণি, চকমকী।
অগ্নিকার্য্য, (অগ্নি+কৃ+য) ষ্য, ন, অগ্নিহোত্রাদি যজ্ঞ, সংকার, শবদাহ, অগ্নি সংস্কার। [জ্বালা।
অগ্নিকীল, ষ্য, পুং, অগ্নিশিখা, অগ্নি
অগ্নিকৃত, ষ্য, ন, অগ্নিদ্বারা কৃত, সগ্নয়।
অগ্নিকুক্কুট, (অগ্নি+কুক্কুট, ৬—ষ) ষ্য, পুং, অগ্নিযুক্ত তৃণ, জলন্তনুড়া, ইহা দেখিতে ঠিক কুক্কুটের ন্যায়। [চুল্লী।
অগ্নিকুণ্ড, ষ্য, ন, অগ্নি জ্বালনার্থ গর্ত্ত,
অগ্নিকোণ, (অগ্নি+কোণ, ৬-ষ) ষ্য, পুং, পূর্ব্ব দক্ষিণ কোণ।
অগ্নিক্রিয়া, (অগ্নি+ক্রিয়া, ৬-ষ) অগ্নিকার্য্য, সংকার, শবদাহ।
অগ্নিক্রীড়া, (অগ্নি+ক্রীড়া, ৩য়া—ষ) ষ্য, স্ত্রী, অগ্নিদ্বারা ক্রীড়া, বাজি, আতস বাজি।
অগ্নিগর্ভ, (অগ্নি+গর্ভ, ৬-হ) ষ্য, পুং, সূর্য্যকান্তমণি, আতসী পাতর, অগ্নিজারবৃক্ষ। ণ, ত্রি, যাহার ভিতরে অগ্নি আছে।

[অগ্নিচিৎ, (অগ্নি+চি+]কর+ক্বিপ্—ষ] যে চয়ন করে, যে অগ্নি চয়ন করে, ৩-ষ) ষ্য, পুং, সাগ্নিক, অগ্নিহোত্রী ব্রাহ্মণ, যে মন্ত্রপূর্ব্বক বহ্নি স্থাপন করিয়া নিত্য হোমকরে। যথা "অধ্বরেষগ্নিচিদ্বৎসু নাপ্যাপবৃত্তি রাক্ষসাঃ" ভট্টি
অগ্নিজাব, ষ্য, পুং ওষধিবৃক্ষ বিং।
অগ্নিজিহ্বা, (অগ্নি+জিহ্বা, ৬-হ) ষ্য, স্ত্রী, অগ্নিশিখা, লাঙ্গলী বৃক্ষ।
অগ্নিজ্বালা, (অগ্নি+জ্বালা, ৬-হ) ষ্য, স্ত্রী, জলপিপ্পলী, ধাতকীবৃক্ষ, অগ্নিশিখা।
অগ্নিদ, (অগ্নি+দা+ড) ণ, ত্রি, অগ্নিদাতা, অগ্নিদাহে অধিকারী, শবদাহক, গৃহদাহক, যথা "অগ্নিদো গরদশ্চৈব" স্মৃতি।
অগ্নিদগ্ধ, (অগ্নি+দহ+ত) ণ, ত্রি, যে পিতৃলোকের অগ্নিসংস্কার হইয়াছে। যথা "অগ্নিদগ্ধাশ্চ যে কেচিৎ যেঽপ্যদগ্ধাঃ কুলে মম" শ্রাদ্ধপ্রয়োগ। সন্তপ্ত, জ্বলিত, অকিঞ্চন, অগ্নিতে দগ্ধ, অপ্রিয়বাদিনীরপতি।
অগ্নিদগ্ধপ্রস্তর, (Volcanic rocks) (অগ্নি+দগ্ধ+প্রস্তর) ষ্য, ন, অগ্নি সংযোগে উৎপন্ন প্রস্তর, পৃথিবীর প্রথম অংশে পরিগণিত প্রস্তর সকল অগ্নির সাহায্যে বর্ত্তমানাবস্থা প্রাপ্ত হইয়াছে অর্থাৎ তাহারা অগ্নি দ্বারা দ্রব হওনানন্তর শীতল হইয়া বর্ত্তমান রূপ ধারণ করিয়াছে। ডাক্তার রাজেন্দ্রলাল মিত্র "প্রাকৃত ভূগোল"। [অগ্নি।
অগ্নিদেব, ষ্য, পুং, অগ্নির অধিপতি,
অগ্নিদেবা, (অগ্নি+দেবা) ষ্য, স্ত্রী, কৃত্তিকা নক্ষত্র।
অগ্নি পরীক্ষা, (অগ্নি+পরি+ঈক্ষ+আ, ৩—ষ) অগ্নিদ্বারা পরীক্ষা বিশেষ (Ordeal by fire.) [চকমকির পাথর
অগ্নিপ্রস্তর, (অগ্নি+প্রস্তর) ষ্য, পং,

পুং, যক্ষধূপ, ধূনা, অন্তঃপুর, শাল-বৃক্ষ, বায়ু।

অগ্নিবাণ, ষ্য, পুং, বাণ বিং, আগ্নেয় অস্ত্র

অগ্নিবাহ, (অগ্নি+বহ+ণণ) ধূম, ধোঁয়া।

অগ্নিবীজ, অগ্নিবীর্য্য, ষ্য, ন, স্বর্ণ।

অগ্নিবৃষ্টি, ষ্য, স্ত্রী, অগ্নিবর্ষণ।

অগ্নিভ, (অগ্নি+ভা+ড) ষ্য, ন, স্বর্ণ, অগ্নিবর্ণ।

অগ্নিভূ, (অগ্নি+ভূ+ক্বিপ, মহাদেবের তেজ ধারণে দেবী অসমর্থা হইলে সেই তেজ অগ্নিতে নিক্ষিপ্ত হয়, তাহা হইতে কার্ত্তিক হন, ৫-ম) ষ্য, পুং, কার্ত্তিক, মেঘ। ষ্য, ন, জল। ণ, ত্রি, অগ্ন্যুৎপন্ন।

অগ্নিভূতি, (অগ্নি+ভূ+তি) ষ্য, পুং, বৌদ্ধদেব, জৈনের শেষ আচার্য্য

অগ্নিমণি, (অগ্নি+মণি, ৬-ষ) ষ্য, পুং, সূর্য্যকান্তমণি।

অগ্নিমন্থ, (অগ্নি+মন্থ+অ+ন, ৪-য) ষ্য, পুং, গণিকারিকা বৃক্ষ, অ-রণি, অগ্ন্যুৎপাদক দারু, শমীবৃক্ষ।

অগ্নিমান্দ্য, (অগ্নি+মন্দ+য) ষ্য, ন, অজীর্ণতা, অপাক।

অগ্নিমিত্র, (অগ্নি+মিত্র) ষ্য, পুং, রাজা-বিং, ইনি পুষ্পমিত্রের পুত্র।

অগ্নিমারুতি, (অগ্নিমারুত+ইঞ+ অপত্যার্থে, অথবা অগ্নি—জঠরানল+ মারুতি=হনুমান, যে মুনির হনু-মানের ন্যায় পরিপাক শক্তি আছে, মহাভারতে মেষবেশধারী বাতাপি নামক দৈত্যকে এই মুনি পরিপাক করিয়াছিলেন) ষ্য, পুং, অগস্ত্যমুনি।

অগ্নিমুখ, (যাহাদের অগ্নিই মুখ, ৬-ব) ষ্য, পুং, দেবতা, (যাহাদের মুখে অগ্নি আছে, ৬-হ) ব্রাহ্মণ, (দাহকত্ব হেতু যাহারা অগ্নির মু-খের ন্যায়) চিত্রকবৃক্ষ, চিতাগাছ,

অগ্নিযন্ত্র, (অগ্নি+যন্ত্র, ৬-ষ) ষ্য, পুং, আগ্নেয় যন্ত্র, কামান, বন্দুক।

অগ্নিরজস্, (অগ্নি+রন্জ=রং যুক্ত হওয়া, দীপ্তি পাওয়া—অস্ যে অ-গ্নির ন্যায় দীপ্তিপায়) ষ্য, পুং, ইন্দ্র-গোপ নামক রক্তবর্ণ কীট।

অগ্নিরহস্য, (অগ্নি+রহস্য) ষ্য, ন, আগ্নেয় যন্ত্র, অগ্নিসংহিতা, অগ্নি প্রদর্শক ইন্দ্রজাল।

অগ্নিরক্ষণ, (অগ্নি+রক্ষ+অন) ষ্য, ন, অগ্নিরক্ষা করা, অগ্ন্যাধান, অগ্নিহোত্র।

অগ্নিশর্ম্মা, (অগ্নি+শর্ম্ম, শর্ম্মন্ ব্রা-হ্মণের উপাধি, এই শর্ম্মা অগ্নির ন্যায় উগ্র) ণ, ত্রি, মহা ক্রোধী, ক্রোধে অগ্নিতুল্য মুনি বিং।

অগ্নিশিখ, অগ্নিশেখর, (যাহার অগ্নির ন্যায় শিখা অর্থাৎ কেশর, ৬-হ) ষ্য, ন, কুঙ্কুম, কুসুম্ভ বৃক্ষ, বাণ, দীপ।

অগ্নিশিখা, (অগ্নিশিখার ন্যায় বা অ-গ্নির ন্যায় শিখা অর্থাৎ দীপ্তি যাহার ৬-হ) ষ্য, স্ত্রী, বিষলাঙ্গলিয়া বৃক্ষ, (বিশল্যা অনন্ত) জুঁয়াতা শাক, অগ্নিজ্বালা।

অগ্নিশেখর, (অগ্নি+শেখর) ন, কুঙ্কুম

অগ্নিষ্টোম, (অগ্নি+স্তোম [স্তু=স্তুতি-করা+ম—ভাব] স্তুতি, ৭-হ) ষ্য, পুং, যাগবিশেষ, যাহাতে অগ্নির স্তুতি করা হয়।

অগ্নিষ্ঠ, (অগ্নি+ষ্ঠ [স্থা+ড] যে থাকে) ষ্য, পুং, কটাহ, কড়া, তণ্ডুলাদি ভর্জ্জনার্থ লৌহময় পাত্র, ভাজনা খোলা।

অগ্নিষ্বাত্ত, (অগ্নি+স্ব=আপন+আ +দা+ড, গৃহীত পিতৃ উদ্দেশে অ-গ্নিতে আহুতি প্রদত্ত হইলে যাহারা তাহাদের আপনার বলিয়া গ্রহণ করে) ষ্য, পুং, মরীচিসন্তান, উপ-

অগ্নিসখ, (অগ্নি+সখা, ৬-ষ) ষ্য, পুং, বায়ু, পবন, বাতাস।
অগ্নিসহায়, (অগ্নি+সহায়) ষ্য, পুং, বন কপোত, বন পায়রা, বায়ু।
অগ্নিসংস্কার, (অগ্নি+সংস্কার) ষ্য, পুং, সৎকার, দাহ, শবদাহন।
অগ্নিসার, ন, চক্ষুর ঔষধ, অঞ্জন।
অগ্নিহোত্র, (অগ্নি+হু+ত্র—ভাব) ষ্য, ন, সাগ্নিকের প্রাত্যহিক হোম, অগ্নিরক্ষা যজ্ঞবিশেষ।
অগ্নিহোত্রী, (অগ্নি+হোত্র+ইন্, অ-স্ত্যর্থে) ষ্য, পুং, নিত্য হোমকর্ত্তা, সাগ্নিক, যজ্ঞে দীক্ষিত, আহিতাগ্নি।
অগ্নীধ্র, (অগ্নি+ইন্ধ্+র—ষ) ষ্য, পুং, অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ, পুরোহিত।
অগ্নীন্ধন, (অগ্নি+ইন্ধন) ষ্য, ন, অগ্নি প্রজ্বলিত করণ, সমিৎ, অগ্নি প্রজ্বালনার্থ কাষ্ঠ।
অগ্ন্যবতার, (অগ্নি+অবতার) ণ, ত্রি, অতি কোপান্বিত, শীঘ্র ক্রোধী
অগ্ন্যভাব, (অগ্নি+অভাব, ৬-ষ) ষ্য, পুং, অগ্নিমান্দ্য, মন্দাগ্নি। [ব্রাহ্ম।
অগ্ন্যস্ত্র, (অগ্নি+অস্ত্র) ষ্য, ন, আগ্নেঅগ্নিবাণ, কামান বন্দুক প্রভৃতি।
অগ্ন্যাগার, (অগ্নি+আগার) ষ্য, পুং, অগ্নিশরণ, যজ্ঞমন্দির, যে গৃহে যজ্ঞাগ্নি রক্ষিত হয়।
অগ্ন্যাধান, (অগ্নি+আ+ধা+অন) ষ্য, ন, শ্রুতিবিহিত অগ্নিসংস্কার, অগ্নিরক্ষণ, অগ্নিহোত্র।
অগ্ন্যুত্তাপ, (অগ্নি+উৎ+তপ+অ) অগ্নির উত্তাপ, অতিশয় উত্তাপ।
অগ্ন্যুৎপাত, (অগ্নি+উৎপাত, ৬-ষ) ষ্য, পুং, আকাশ হইতে অগ্নিপতন, উল্কাপাত, আগ্নেয় গিরি হইতে অগ্নিনির্গম।
অগ্ন্যুৎসব, (অগ্নি+উৎসব, ৩ ষ) ষ্য, পুং, দোলে চাঁচর, হর্ষজনক অগ্নিক্রীড়া, আনন্দবাঞ্জক অগ্নিপ্রজ্বালন।
অগ্র, (অগ্+র—ঘ) ণ, ত্রি, আদ্য, প্রথম, প্রধান, উত্তম, প্রাপ্য, আলম্বন। ষ্য ন, অগ্রভাগ, উপরিভাগ, অবলম্বন, শিখর, প্রান্তভাগ।
অগ্রকর, (অগ্র+কর) ষ্য, পুং, দক্ষিণ হস্ত, কিরণের শেষভাগ।
অগ্রকায়, (অগ্র+কায়) ষ্য, পুং, পূর্ব্বকায়, দেহের পূর্ব্বভাগ, নাভি হইতে মস্তক পর্য্যন্ত, দেহের পূর্ব্বার্দ্ধভাগ। [ত্রি, অগ্রসর, অগ্রগামী।
অগ্রগ, (অগ্র+গম+ড-ষ, ৭ ষ) ণ,
অগ্রগণ্য, (অগ্র+গণ্য) ণ, ত্রি, অগ্রে গণনীয়, শ্রেষ্ঠ, প্রধান।
অগ্রগামী, (অগ্র+গম্+ইন্—ষ) ণ, ত্রি, অগ্রসর, যে অগ্রে গমন করে
অগ্রজ, (অগ্র+জন্+ড-ষ) ণ, ত্রি, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ। ষ্য, পুং, ব্রাহ্মণ, জ্যেষ্ঠ সহোদর।
অগ্রজন্মা, (অগ্র+জন্মন্, অগ্রে ব্রহ্মার মুখ হইতে জন্ম যাহার, ৬-ষ) ষ্য, পুং, ব্রাহ্মণ। ণ, ত্রি, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ
অগ্রজাতক, অগ্রজাতি, (অগ্র+জাতক, জাতি=বংশ, শ্রেণী) ষ্য, পুং, অগ্রজন্মা, ব্রাহ্মণ।
অগ্রণী, (অগ্র+নী+ক্বিপ্-ষ) ণ, ত্রি, প্রধান, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। ষ্য, পুং, অধ্যক্ষ, প্রধান সেনাপতি।
অগ্রতঃ, (অগ্র+তস্) ক্রি, ণ, অগ্রে, প্রথমে, পূর্ব্বতঃ, পুরঃ, সম্মুখে।
অগ্রতঃসর, (অগ্রতঃ+সর [সৃ+ট+ষ] .. যে গমন করে) ণ, ত্রি, পুরোবর্ত্তী, অগ্রগ, অগ্রসর, অগ্রগামী।
অগ্রদানী, (অগ্র+দা+নী+ইন) ষ্য, পুং, প্রেতোদ্দেশে যাহাকে অগ্রে দান করা যায়, পতিত ব্রাহ্মণ বিশেষ, অগ্রহারিক।
অগ্রপর্ণী, (অগ্র+পর্ণ) ষ্য, স্ত্রী, আলকুশীগাছ ...

অগ্রপশ্চাৎ, (অগ্র+পশ্চাৎ) ক্রি, ণ, পূর্ব্বাপর, বহুকালীন, চিরকাল, আবহমান কাল।

অগ্রপাণি, (অগ্র+পাণি) ষ্য, পুং, দক্ষিণহস্ত, হস্তের অগ্রভাগ।

অগ্রপ্রবর্ত্তিত, (অগ্র+প্রবর্ত্তিত) উন্মুখ, অগ্রগত।

অগ্রবাদী, (অগ্র+বদ+ণিন্) অনাগত দর্শক, ভাবিবক্তা, ভবিষ্যদ্বক্তা।

অগ্রভাগ, (অগ্র+ভাগ) ষ্য, পুং, প্রধান অংশ, প্রান্তভাগ।

অগ্রভূমি, ষ্য, স্ত্রী, পুরস্থান, প্রধান আশ্রয়, প্রাপ্যস্থান, শ্রেষ্ঠভূমি।

অগ্রমাংস, (অগ্র+মাংস, ৬-ষ) ষ্য, ন, বুকের কলিজার অগ্রভাগের মাংস, হৃদয় ও উদর মধ্যবর্ত্তী মাংসবর্দ্ধক রোগ বিশেষ, অগ্রমাস ণ্ত্রি, অগ্রগামী

অগ্রযায়ী, (অগ্র+যা+ণিন-ষ, ০-ষ) ণ,

অগ্রসন্ধানী, (অগ্র+সন্ধান+ণিন্) যম পঞ্জিকা, জীবের শুভাশুভ কর্ম্ম লিখিত যমের পুস্তিকা, নথবন্দনী।

অগ্রসর, } (অগ্র+সর, সার [স্ব অগ্রসার, } +ট—ষ] যে গমন করে, ৭-ষ) ণ, ত্রি, অগ্রগামী, অগ্রগ, পুরঃসর।

অগ্রসূচক, (অগ্র+সূচ+ণক) ণ, ত্রি, প্রথম নির্দ্দেশক, পূর্ব্বজ্ঞাপক।

অগ্রসূচনা, (অগ্র+সূচ+অন+আ) অগ্রে নিরূপণ, ভাবী জ্ঞান।

অগ্রহ, (ন+গ্রহ, ৬.হ) গ্রহশূন্য, বিরুদ্ধ গ্রহের অদর্শন।

অগ্রহস্ত, (অগ্র+হস্ত) ষ্য, পুং দক্ষিণ হস্ত, হস্তীর শুণ্ডাগ্র।

অগ্রহায়ণ, (অগ্র+হা+অনট, ৬.ত) ষ্য, পুং, হেমন্ত ঋতুর প্রথম মাস।

অগ্রাহ্য, (ন+গ্রহ+য) অগ্রহণীয়, তুচ্ছ, হেয়।

অগ্রিম, } (অগ্র+ডিম, ইয়, অগ্রিয়, অগ্রীয়, } ণীয়—ভাবার্থে) ণ, ত্রি, প্রথম, জ্যেষ্ঠ, পূর্ব্বোৎপন্ন প্রধান, অগ্রে দেয়।

অগ্রেগ, (অগ্রে+গম+ড) ণ, ত্রি অগ্রসর, অগ্রগামী।

অগ্রেদিধিষু, (অগ্রে+দিধি+সো+কু, উপ-স) ষ্য, পুং, দ্বিতীয় বার বিবাহিতা পুত্রাদিমতী গৃহিণীর স্বামী। স্ত্রী, জ্যেষ্ঠা সহোদরা অবিবাহিতা থাকিতে বিবাহিতা কনিষ্ঠা সহোদরা। ত্রি, অগ্রগামী, প্রধান, শ্রে

অগ্রেসর, (অগ্রে+সৃ+অল-স) ণ

অগ্র্য, (অগ্র+য—ভাবার্থে) ণ, ত্রি আদ্য, প্রধান উত্তম, অগ্রিম।

অঘ, (অঘ্+অল) ষ্য, ন, অধর্ম্ম, দুষ্কৃত, পাপ, কলঙ্ক, দুঃখ, ব্যসন যথা "অঘসুগণনাশে চোগ্রপঙ্কাম্বুরূপং দদতমতিকৃপালুং তারক ব্রহ্মনাম" পূর্ণানন্দঃ। পুং, কংসের সেনাপতি অসুর বিশেষ।

অঘটন (ন+ঘট+অনট্) যাহা ঘটে নাই, অসম্ভব।

অঘমর্ষণ, (অঘ+মর্ষণ [মৃষ+অনট—ঘ] নাশক। যে অঘ নাশ করে, ২-ষ) ণ, ত্রি, পাপনাশন, বেদের মন্ত্রবিশেষ; "হস্তজলং কৃষ্ণবর্ণং বিভাব্য পুরঃ কল্পিত বজ্রশিলায়াং তাড়য়েৎ, ইতি অঘমর্ষণম," আগমতত্ত্ব। ষ্য, পুং, তন্মন্ত্রপ্রণেতাঋষি।

অঘোর, (ন+ঘোর [ঘুর+অল+ঘ] ভয়ঙ্কর, যাহা হইতে আর ভয়ঙ্কর নাই, ৬.হ) ষ্য, পুং, শিব, মহাদেব; অঘোরেভ্যোঽথঘোরেভ্যো ঘোর ঘোরতরেভ্যঃ সর্ব্বতঃ সর্ব্ব সর্ব্বেভ্যো নমোঽস্তু রুদ্ররূপেভ্যঃ" শ্রুতিঃ। ণ, ত্রি, ভয়ানক।

অঘোরপন্থী, (অঘোর+পন্থী, যাহার পথ অর্থাৎ জীবনমার্গ অতিশয় ভয়ানক, ৬.হ) ষ্য, পুং, শৈব সম্প্রদায় বিশেষ। ণ, ত্রি, উন্মার্গগামী, দুরাচার

অঘোরা, স্ত্রী, ভাদ্রমাসের কৃষ্ণচতুর্দ্দশী
অঘোস, (ন+হন+ওস) বা, সম্বোধনসূচক। [পুং, ব্রহ্মা।
অঘ্ন্যা, (ন+হন্+য, নিপাতন) বা,
অঘ্ন্যা, যা, স্ত্রী, গবী, গাই, অবধ্যা।
অঙ্ক, (অনক্+ঘঞ, ধ, ভাব) বা, পুং, চিহ্ন, আঁক, সংখ্যাসংস্থাপন, রেখা, কলঙ্ক, অপবাদ, দোষ, ক্রোড়, ভূষণ, বৃক্ষ, শরীর, সমীপ, নাটক গ্রন্থের পরিচ্ছেদ, নবসংখ্যা।
অঙ্কক্রম, (অঙ্ক+ক্রম) বা, পুং, অঙ্কানুক্রম, অঙ্কপর্য্যায়, ক্রমে ক্রমে।
অঙ্কগ, (অঙ্ক+গম+ড) ণ, ত্রি, ক্রোড়স্থায়ী, শিশু, অপোগণ্ডবালক।
অঙ্কতি, (অঙ্গ+অতি, চ=ক) বা, পুং, ব্রহ্মা, অগ্নি, বায়ু, অগ্নিহোত্রী।
অঙ্কন, (অনক+অনট—ভাব) বা, ন, সংখ্যা, চিত্রকরণ, চিহ্নকরণ, দাগ দেওয়া, আঁককাটা।
অঙ্কপাত, (অঙ্ক+পাত) বা, পুং, কোন হিসাব করণার্থ অঙ্কপাতন, সংখ্যাসংস্থাপন, আঁক রাখা।
অঙ্কপালিকা, অঙ্কপালী, (অঙ্ক+পালিকা, পালী=যে পালন করে) বা, স্ত্রী, আলিঙ্গন, কোল দেওয়া, ধাত্রী, বেদি, কোটি। [করা।
অঙ্কপূরণ, (অঙ্ক+পূরণ) গুণন, গুণ
অঙ্কশাস্ত্র, বা, ন, অঙ্কবিদ্যা, গণিতবিদ্যা
অঙ্কিত, (অনচ+ত—চ) ণ, ত্রি, লক্ষিত, চিহ্নিত, যাহাকে লক্ষ্য করা হইয়াছে, লক্ষ্যীকৃত।
অঙ্কী, (অঙ্ক+ঈ) বা, স্ত্রী, মৃদঙ্গ বিশেষ। [কুঞ্চিকা।
অঙ্কুট, (অঙ্ক+উট) উদ্ঘাটন, চাবী,
অঙ্কুর, অঙ্কূর, (অঙ্ক+উর, ঊর, সংজ্ঞার্থে, বা, পুং, অচির জাত, বীজোদ্ভব, লোম, ধান্যাদির কল, জল, রক্ত, "দর্ভাঙ্কুরেণ চরণঃ ক্ষত ইত্যাকাণ্ডে তন্বীস্থিতা কতিচিদেব পদানি গত্বা" শকুন্তলা। নূতন উৎপন্ন তৃণাদি। [কুলায়, পাখীর বাসা।
অঙ্কুরক, (অঙ্কুর+কণ) বা, পুং, নীড়,
অঙ্কুরিত, (অঙ্কুর+ইত, জাতার্থে) যাহার অঙ্কুর হইয়াছে, পল্লবিত।
অঙ্কুশ, অঙ্কুস, (অঙ্ক+উশ—ষ, সংজ্ঞার্থে) বা, পুং-ন, হস্তি তাড়নদণ্ড, ডাঙ্গস।
অঙ্কুশদুর্দ্ধর, (অঙ্কুশ+দুর্+ধর [ধৃ+অল] যে ধারণ করে। যাহাকে অঙ্কুশ দ্বারা কষ্টে বশ করা যায়, ৩-ষ) বা, পুং, মত্তমাতঙ্গ, দুরন্ত হস্তী, যে হস্তীকে অঙ্কুশ দ্বারা বশ করা কঠিন।
অঙ্কোঠ, অঙ্কোল, (অঙ্ক+ওঠ, ওল) বা, পুং, আঁকড়গাছ।
অঙ্ক্য, (অঙ্ক+য—চ; ক্রোড়ে স্থাপন করিয়া যাহা বাজান যায়) বা, পুং, হরীতক্যাকৃতি মৃদঙ্গ, পাখোয়াজ। ণ, ত্রি, ক্রোড়ের যোগ্য, গণনীয়।
অঙ্গ, (অনগ+অল—চ, ধ; বা, ন, শরীরের একদেশ, অবয়ব, মূর্ত্তি, মন, উপায়, বেদের মন্ত্রবিশেষ, বেদের অবয়বগ্রন্থ, শিক্ষা কল্প ব্যাকরণ ছন্দঃ নিরুক্ত জ্যোতিষ এই ছয়। বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র বিশেষ। ণ, ত্রি, গৌণ, অপ্রধান। বা, পুং, দেশবিশেষ; ভাগলপুর প্রদেশ, চম্পা নগর ইহার রাজধানী ছিল। বা, সম্বোধন সূচক।
অঙ্গগ্রহ, (অঙ্গ+গ্রহ, যে গ্রহণ করে, আক্রমণ করে) বা, পুং, আকর্ষণী, গাত্র বেদনা।
অঙ্গজ, (অঙ্গ+জ [জন্ +ড—ক] যে জন্মে, ৫ষ) বা, পুং, পুত্র, কেশ, নখ, লোম, কাম, রোগ ন, রক্ত। ণ, ত্রি, শরীরোৎপন্ন।
অঙ্গণ, অঙ্গন, (অঙ্গ+অন-ড, ভাব) বা, ন, চত্বর, প্রাঙ্গণ ভূমি, আঙ্গিনা, উঠান, যথা "রিঙ্গমাণং ব্রজাঙ্গণে"। গমন।

অঙ্গদ, (অঙ্গ+দ [দা, দৈ, দে+ড+ষ] যে গ্রহণ করে ২-ষ) ষ্য, ন, কেয়ূর, বাহু, ভূষণ, বাজু। "শুভৈর-ঙ্গদৈর্ভূষয়ন্তী চ ব হূন্"তারাস্তোত্র। পুং, বালি রাজার পুত্র। দা—স্ত্রী, দক্ষিণদিগ্ হস্তিনী। [প্রাঙ্গন, উঠান

অঙ্গন, (অঙ্গ+কন) ষ্য, ন, চত্বর,

অঙ্গনা, (অঙ্গ+ন—প্রশংসার্থে) ষ্য, ন, নারী, উত্তরদিগ্ হস্তিনী।

অঙ্গনাপ্রিয়, (অঙ্গনা+প্রিয়, ৬-ষ) ষ্য, পুং, অশোক বৃক্ষ, এইরূপ ক-থিত আছে যে, কামিনীর পদাঘাত ব্যতিরেকে অশোক বৃক্ষ মুকুলিত হয় না। ণ.ত্রি. স্ত্রীলোকের প্রীতিকর

অঙ্গন্যাস, (অঙ্গ+ন্যাস [নি+আস+অ]) পূজা প্রারম্ভে মন্ত্র পাঠ পূর্ব্বক ছয় অঙ্গে হস্ত প্রদান ; যথা (ওঁ) নমঃ শিবায় এই মন্ত্রে ওঁ হৃদয়ায় নমঃ। না শিরসে স্বাহা। সঃ শি-খায়ৈ বষট্। শি কবচায় হুং। বা নেত্রত্রয়ায় বৌষট্। য় করতল পৃষ্ঠাভ্যাং ফট্।

অঙ্গপালি, (অঙ্গ+পাল+ই) ষ্য, পুং, আলিঙ্গন, কোলাকোলি।

অঙ্গপ্রত্যঙ্গ, (অঙ্গ+প্রতি+অঙ্গ) ষ্য, ন, সকল অবয়ব।

অঙ্গপ্রায়শ্চিত্ত, ষ্য, ন, পাপমোচ-নার্থ অশুদ্ধ দেহ শোধন, অশৌচান্ত দ্বিতীয় দিনকৃত্য বিশেষ।

অঙ্গভঙ্গি, ষ্য, পুং, অভিনয়, হস্তাদি দ্বারা সঙ্কেত বা ইসারাকরণ।

অঙ্গরক্ষণী, অঙ্গরক্ষিণী, (অঙ্গ+রক্ষণী, রক্ষিণী [রক্ষ+অন, ণিন্, ঈ] যে অঙ্গ রক্ষা করে) ষ্য, ন, আঙরাখা, সন্নাহ, কবচ, অঙ্গত্রাণ, সাঁজোয়া।

অঙ্গরাগ, (অঙ্গ+রাগ [রন্জ+ঘঞ—ভাব, ধ] রংকরণ, ৬-ষ) ষ্য,পুং, চন্দন কুঙ্কুমাদি দ্বারা গাত্র লেপন, লেপন দ্রব্য, শরীরসৌন্দর্য্য-সম্পাদক দ্রব্য।

অঙ্গরাজ, অঙ্গরাজ, (অঙ্গ+রাজ+ক্বিপ্—ষ) ষ্য, পুং, অঙ্গদেশের রাজা, অঙ্গদেশাধিপতি, কর্ণ, যথা "অঙ্গরাজ সেনাপতে দ্রোণোপহা-সিন্ কর্ণ! রক্ষৈনং ভীমাদ্দুঃশাসনম্" বেণীসংহার।

অঙ্গরুহ, (অঙ্গ+রুহ [রুহ +অ—ঘ] যে জন্মে, অঙ্গ হইতে যে জন্মে, ৫-ষ) ষ্য, পুং, লোম।

অঙ্গলোড্য, (অঙ্গ+লোড্য [লোড+য] ক্ষিপ্তকারক, উত্তেজক, যে শরীরকে উত্তেজিত করে) ষ্য, পুং, আদ্রক, আদা, চিঙ্কাটক।

অঙ্গব, (অঙ্গ+বৈ+ড—ষ) ষ্য, পুং, শুষ্ক ফল।

অঙ্গবিকৃতি, (অঙ্গ+বি+কৃ+তি) ষ্য, স্ত্রী, অঙ্গের বিকার, রোগ-বিশেষ, অপস্মার রোগ, মৃগীরোগ।

অঙ্গবিক্ষেপ, (অঙ্গ+বিক্ষেপ,৬-ষ) ষ্য, পুং, অঙ্গভঙ্গী, নৃত্যাদি কালে অঙ্গ-চালন, শরীরাভিনয়।

অঙ্গবৈকৃত,(অঙ্গ+বিকৃত+ষ্ণ,ভাব) ষ্য, পুং, অঙ্গবিকার, ইঙ্গিত, ইসারা

অঙ্গসংস্কার, (অঙ্গ+সম্+কৃ+ঘঞ, ৬-ষ) ষ্য, পুং, গাত্রে সম্ভাদি জনিত দুর্গন্ধ দূরীকরণার্থ চন্দনাদি লেপন, কুঙ্কুমাদি দ্বারা শরীরের শোভা করণ, শরীর মার্জ্জন।

অঙ্গসঙ্গ, (অঙ্গ+সং+গম+অ) ষ্য, পুং, অঙ্গের পরস্পর সংযোগ, স-ম্ভোগ, মৈথুন, রতি। [সম্পাদনকরণ

অঙ্গসৌষ্ঠব, ষ্য, ন, অঙ্গের শোভা

অঙ্গহার, (অঙ্গ+হৃ+ঘঞ, ৬ ষ) ষ্য, পুং—ন, অঙ্গচালন, অঙ্গবিক্ষেপ, নৃ-ত্যাদি কালে অঙ্গভঙ্গী।

অঙ্গহীন, (অঙ্গ+হীন, ৩-ষ) ণ, ত্রি, বিকলাঙ্গ, অঙ্গহানি বিশিষ্ট, যথা "গর্ভস্থ বৈকৃতং দৃষ্টমঙ্গহীনাদি

জন্মতঃ" যাজ্ঞবল্ক্যসংহিতা। "যথা চ অঙ্গহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ" স্মৃতি।

অঙ্গাঙ্গি, (অঙ্গ+অঙ্গি, অন্যায়াঙ্গকে স্বীয় অঙ্গ করা, অথবা অঙ্গ—দ্বিত্ব, ই) বা, গণতা, পক্ষপাত।

অঙ্গাঙ্গিভাব, (অঙ্গাঙ্গি+ভাব) বা, পুং, আত্মীয়তা, প্রধানাপ্রধানতা, গৌণ মুখ্যভাব; যথা "অঙ্গাঙ্গিভাবমজ্ঞাত্বা কথং সামর্থ্য নির্ণয়" ইঃ।

অঙ্গাধিপ, (অঙ্গ—দেশবিশেষ+অধিপ, ৬-ষ) বা, পুং, অঙ্গদেশের রাজা, কুন্তীপুত্র, কর্ণ।

অঙ্গার, (অনগ্+আর—ষ) বা, পুং—ন, আঙ্গরা, কয়লা; যথা "উষ্ণো দহতি চাঙ্গারঃ শীতঃ কৃষ্ণায়তে করম্ ইতি, ঘৃতকুম্ভসমা নারী তপ্তাঙ্গার সমঃপুমান্ ইতি, অঙ্গারঃ শতধৌতেন ইতি চ" হিতোপদেশঃ। তৈলবিশেষ, যথা "তৈলমঙ্গারকং নাম সদ্য জ্বরবিমোক্ষণং" শুকবোধ। গ্রহবিশেষ।

অঙ্গারক, (অঙ্গার+কন—তুল্যার্থে, যিনি অঙ্গারের ন্যায় রক্ত বর্ণ) বা, পুং, মঙ্গল গ্রহ, যথা "আক্রম্যাঙ্গারক স্তস্থৌ বিশাখামপি চাম্বরে" রামায়ণ। ভৃঙ্গরাজবৃক্ষ। [তৈল।

অঙ্গারকতৈল, বা, ন, স্বনাম খ্যাত

অঙ্গারকমণি, (অঙ্গারক+মণি, ৬—ষ) বা, পুং, প্রবাল, মণিবি°।

অঙ্গারধানিকা, (অঙ্গার+ধানিকা [ধা অন—দ] যে ধারণ করে, ১-ব) বা, স্ত্রী, অঙ্গার ধারণ পাত্র, অঙ্গার শকটী, অঙ্গটা, ধুনুচি।

অঙ্গারপর্ণ, বা, পুং, গন্ধর্ব্বগণের অধ্যক্ষ, চিত্ররথ গন্ধর্ব্ব। [ইঙ্গুদীবৃক্ষ।

অঙ্গারপুষ্প, (অঙ্গার+পুষ্প, ৬-হু) বা, পুং,

অঙ্গারবল্লরী, অঙ্গারবল্লী, (অঙ্গার+বল্লরী, বল্লী, যাহার অঙ্গারের ন্যায় রক্তবর্ণ বল্লরী অর্থাৎ মঞ্জরী, ৬-হু) বা, স্ত্রী, গুঞ্জা, কুঁচ, করঞ্জবিশেষ।

অঙ্গারশকটী, (অঙ্গার+শকটী—ক্ষুদ্র শকট, ৬-ত) বা, স্ত্রী, আগুন রাখিবার পাত্র, আগুনের আঙ্গটা।

অঙ্গারিকা, (অঙ্গার+ষ্ণিক, আপ্) বা, স্ত্রী, আঙ্গটা, ইক্ষুকাণ্ড, পলাশ পুষ্পের কুঁড়ি, কাম, চারুতা।

অঙ্গিকা, (অঙ্গিন্+কণ—স্বার্থে+আপ) বা, স্ত্রী, কঞ্চুক, কাঁচুলি, আঙিয়া।

অঙ্গিরাঃ, (অঙ্গ—জ্ঞান+ইরস্—অস্ত্যর্থে, অথবা অনগ+ইরস্ সংজ্ঞার্থে) বা, পুং, সপ্তর্ষির এক জন, বৃহস্পতির পিতা। যথা "মরীচিমত্র্যাঙ্গিরসৌ পুলস্ত্যং পুলহং ক্রতুম। প্রাচেতসং বশিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চ" মনুঃ।

অঙ্গী, (অঙ্গ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, শরীরী, প্রধান, মুখ্য, যথা "অঙ্গিনোঽঙ্গানুসন্ধানমঙ্গস্যাপাতিবিস্তৃতিঃ" সাহিত্যদর্পণম।

অঙ্গীকার, (অঙ্গ+কার, +অভ্র+ভাবে করণ, 'চ্বি' আগম) বা, পুং, প্রতিজ্ঞা, অভ্যুপগম, স্বীকার, সম্মতি।

অঙ্গীকৃত, (অঙ্গ+কৃ+ত) ণ, ত্রি, স্বীকৃত, অভ্যুপগত, প্রতিশ্রুত, কবুলকরা।

অঙ্গুরি, অঙ্গুরী, (অনগ+উরি, সংজ্ঞার্থে) বা, স্ত্রী, অঙ্গুলি, যাহা ভূষণ জন্য পাওয়া যায়, অঙ্গুলিভূষণ, আঙটী।

অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক, (অঙ্গুরি, অঙ্গুরী+য়-ইদমর্থে) বা, পুং,—ন, অঙ্গুলিভূষণ, আংটী, শনিগ্রহের চতুর্দ্দিকে যে তিনটী বেড় আছে, তাহাদিগকে অঙ্গুরীয়ক কহে।

অঙ্গুল—পুং } (অনগ+
অঙ্গুলি অঙ্গুলি স্ত্রী } [illegible]

সংজ্ঞার্থে) বা, আঙ্গুল, করশাখা। যথা "নাঙ্গুলিচ্ছেদমাপ্নুয়াৎ" মনুঃ। "যথা ৫ অঙ্গুলীবোরগক্ষত" রঘুবংশ

অঙ্গুলিগ, (অঙ্গুলি+গম+ড, ৩ হ) ণ, ত্রি, যে সকল জীব অঙ্গুলির উপর ভর দিয়া গমন করে।

অঙ্গুলিতোরণ, (অঙ্গুলি+তোরণ=বর্হিদ্বার) বা, পুং, চন্দনাদি দ্বারা ললাটে অর্দ্ধচন্দ্রাকৃতি তিলক।

অঙ্গুলিত্র, (অঙ্গুলি+ত্রৈ+ড) বা, ন, অঙ্গুলিবদ্ধচর্ম্ম, দস্তানা, যথা "বদ্ধগোধাঙ্গুলিত্রৈ" ভট্টি।

অঙ্গুলিমুদ্রা, (অঙ্গুলি+মুদ্রা [মুদ্+ণিচ্—ট] অঙ্কিত ভূষণ, ৬—ষ) বা, স্ত্রী, নামাঙ্কিত অঙ্গুলিভূষণ, স্বনামাঙ্কিত আঙটি।

অঙ্গুলিমোটন, (অঙ্গুলি+মোটন [মুট+অনট্-ভাবে] মটকান, ৬.ত)বা, ন, অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনশব্দ,অঙ্গুলিমটকান।

অঙ্গুলিসম্ভূত, (অঙ্গুলি+সম্ভূত [সম্+ভূ+ক্ত] জাত, ৭ য) বা, পুং, নখ, নখর

অঙ্গুলিস্ফোটন,(অঙ্গুলি+স্ফুট+অনট্) বা, ন, অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনশব্দ,টুস্কি

অঙ্গুষ্ঠ, (অঙ্গু=হস্ত+স্থা [স্থা+ড-য] যে থাকে, ৭-য) বা, পুং, বৃদ্ধাঙ্গুল, বুড়ো আঙ্গুল, যথা "অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষ যমো বলাৎ" শ্রুতি।

অঙ্গূষ, (অন্গ+ঊষ) বা, পুং, নকুল, বেজি, শর, তীর।

অঙ্ঘঃ, (অন্ঘ+অস-ধ, যাহার দ্বারা অধোগামী হয়) বা, ন, পাপ, দুরিত, দুষ্কৃত।

অঙ্ঘ্রি, (অন্ঘ+ক্রি—ধ, যাহার দ্বারা গমন করা যায়) বা, পুং, চরণ, পদ, চতুর্থাংশ, বৃক্ষমূল।

অঙ্ঘ্রিপ, (অঙ্ঘ্রি+প [পা+ড—য] যে পান করে, ৩-য,বা, পুং, পাদপ, বৃক্ষ।

অচতুর, (ন+চতুর) ণ, ত্রি, নির্ব্বোধ, চতুরতাশূন্য। [স্থিতিশীল।

অচর, (ন+চর+অল্) ণ, ত্রি, স্থাবর,

অচল, (ন+চল+অ) বা, পুং, পর্ব্বত, শিব, ব্রহ্মা, বৃক্ষ। ণ, ত্রি, স্থির

অচলকীলা, (অচল+কীলা, ৬.হ) বা, স্ত্রী, পৃথিবী।

অচলত্বিট্, বা, পুং, কোকিল।

অচলা—স্ত্রী, পৃথিবী, মেদিনী, ধরিত্রী

অচলাধিপ, (অচল+অধি+পা+ড) বা, পুং, হিমালয় পর্ব্বত, ভূপতি।

অচাপল্য, বা, ন, অচাঞ্চল্য, সুস্থির।

অচিকিৎসনীয়, (ন+কিৎ+সন+অনীয়) ণ, ত্রি, অপ্রতিকার্য্য, যাহার চিকিৎসা করা দুঃসাধ্য, যে রোগের চিকিৎসা নাই।

অচিকিৎস্য, (ন+কিৎ+সন+য) ণ, ত্রি, অপ্রতিবিধেয়।

অচিকীর্ষু, (ন+কৃ+সন+উ) ণ, ত্রি, কর্ম্ম করিতে অনিচ্ছুক, অলস।

অচিন্ত্য, (ন+চিন্ত+য—ট) ণ, ত্রি, অভাবনীয়, অচিন্তনীয়, যাহা চিন্তার বিষয়ীভূত নহে, যথা "অচিন্ত্যো হি মণিমন্ত্রৌষধীনাং প্রভাবঃ" বিক্রমোর্ব্বশী। "অচিন্ত্যামিতাকারশক্তিস্বরূপা" মহাকালসংহিতা।

অচির, (ন+চি+রক্) ণ, ত্রি, সত্বর, ক্ষিপ্রকারী, শীঘ্র, আশু।

অচিরক্রিয়, (অচির+ক্রিয়া, ৬.হ) বা, পুং, যে দীর্ঘসূত্রী নহে, যে চিরক্রিয় নহে, যে শীঘ্র শীঘ্র কার্য্য সমাধা করে।

অচিরদ্যুতি,) (অচির+দ্যুতি, প্রভা অচিরপ্রভা,) রোচিস্,অংশু=কিঅচিররোচিস্,) রণ, ৬ হ) বা, স্ত্রী, অচিরাংশু,) ক্ষণপ্রভা, বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ, চপলা।

অচিরাৎ, (ন+চির+অতি+ক্বিপ্) ক্রি, ণ, বা, অবিলম্বে, শীঘ্র, যথা "সোঽচিরাদ্ ভ্রষ্টঃ রাজ্যাৎ জীবি-

তাচ্চ সবান্ধবঃ" মনু।
অচিরপ্রভা, (অচির+প্রভা) বিদ্যুৎ, চপলা, সৌদামিনী।
অচিরাৎ, বা, শীঘ্র, অল্পকাল।
অচিহ্নিত, যাঁহারা চিহ্নিত কর্ম্মচারী নহেন, অপরিচিত, (Uncovenanted
অচেতন, অচৈতন্য, (ন+চেতনা, চৈতন্য) ণ, ত্রি, জড়, যাহার চৈতন্য নাই, সংজ্ঞারহিত।
অচ্ছ, (অনচ্+ছ—ট, যে পূজিত হয়) ণ, ত্রি, নির্ম্মল। ষ্য, পুং, ভল্লুক, স্ফটিক। বা, সম্মুখে। [রাজশূন্য।
অচ্ছত্র, (ন+ছত্র) ণ, ত্রি, অবাজক,
অচ্ছদ, (ন+ছদ) ণ, ত্রি, অনাবৃত, খোলা, পত্র রহিত। [বৃত, খোলা।
অচ্ছন্ন, (ন+ছদ্+ত) ণ, ত্রি, অনা-
অচ্ছভল্ল, (অচ্ছ=সম্মুখে+ভল্ল [ভল্ল+অ—ষ] যে বধ করে) ষ্য, পুং, ভল্লুক
অচ্ছিদ্র, (ন+ছিদ+রক) ণ, ত্রি, ছিদ্রশূন্য, দোষ রহিত, অঙ্গহানি-রহিত; যথা "অচ্ছিদ্রমিদমস্তু" পূজানন্তরং প্রার্থনা।
অচ্ছিদ্রাবধারণ, (অচ্ছিদ্র+অবধারণ) ষ্য, ন, অঙ্গহানি-শূন্যরূপে অবধারণ, সমাপন, শেষ। [চ্ছিন্ন, অবিভক্ত।
অচ্ছিন্ন, (ন+ছিদ+ত) ণ, ত্রি, অখ-
অচ্ছেদ্য, (ন+ছিদ্+য) ণ, ত্রি, অখণ্ডনীয়, যথা "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ" ভগবদ্গীতা।
অচ্ছোদ, (অচ্ছ=নির্ম্মল+উদক, ৬-হ) ণ, ত্রি, স্বচ্ছ জলবিশিষ্ট (তড়াগাদি)। ষ্য, ন, সরোবরবিশেষ।—দা-দা, স্ত্রী, অগ্নিষ্বাত্তাদি পিতৃলোক হইতে উৎপাদিত নদীবিশেষ, যথা "এতেষাং মানসী কন্যা অচ্ছোদা নাম নিম্নগা" হরিবংশ।
অচ্যুত, (ন+চ্যুৎ+ক্ত, ৬-হ) ষ্য, পুং, শ্রীকৃষ্ণ, বিষ্ণু। ণ, ত্রি, স্থির অবিনাশী। যথা "তত্রাবতীর্য্যাচ্যুতদত্তহস্তঃ" কুমার সম্ভব।
অচ্যুতাগ্রজ, (অচ্যুত=কৃষ্ণ+অগ্রজ=জ্যেষ্ঠ, ৬-ষ) ষ্য, পুং, বলরাম, শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ, ইন্দ্র।
অচ্যুতাবাস, (অচ্যুত+আবাস, ৬ষ) ষ্য, পুং, অশ্বত্থ বৃক্ষ।
অজ, (ন+জ[জন্+ড—ষ] যে জন্মে) ষ্য, পুং, যাহার জন্ম নাই, ব্রহ্মা, বিষ্ণু, শিব, কন্দর্প, রাজা দশরথের পিতা, মেষ। ণ, ত্রি, জন্মরহিত। যথা "অজস্য গৃহ্নতো জন্ম নিরীহস্য হতদ্বিষঃ" রঘুবংশ। (অজ+ড—ষ। যে তৃণাদি ভক্ষণের জন্য গমন করে) ষ্য, পুং, ছাগ, মেষ, জা—স্ত্রীং, ছাগী, ত্রিগুণময়ী প্রকৃতি, মায়া।
অজকব, (অজ=বিষ্ণু+ক=ব্রহ্মা+ব অস্ত্যর্থে। যাহাতে বিষ্ণু ও ব্রহ্মা উভয়েই আছেন) ষ্য, ন, শিবের ধনু, হরধনু।
অজগন্ধা, (অজ+গন্ধ, ৬-হ) ষ্য, স্ত্রী, বৃক্ষবিশেষ, বন—যোয়ান।
অজগব, (অজগু [অজ=বিষ্ণু+গো=বৃষ। বিষ্ণু যাঁহার বৃষস্থানীয় হইয়াছিলেন, শিব+অ—সম্বন্ধার্থে) ষ্য, ন, পিনাক, শিবের ধনুক।
অজগর, (অজ+গর [গৃ+অন+ষ] যে ভোজন করে। যে ছাগ ভোজন করে, ২-ষ) ষ্য, পুং, বৃহৎ সর্প। যথা "তৃষ্যাদ্ভিঃ প্রতিমুখমাটকৈরজগর-স্বেদদ্রবঃ পীয়তে" উত্তর চরিত।

অজননি, (ন+জন+অনি) ষ্য, স্ত্রী, অনুৎপত্তি, জন্ম না হওয়া। যথা "না জীবন যঃ পরানস্মাকুঃ অজননিরস্তু ... [illegible]

সমান, যথার্থ।

অঞ্জসা,(অন্জ্+সো+ক্বিপ্) ব্য,দ্রুত, শীঘ্র, যথার্থ, ঠিক, তত্ত্বতঃ। যথা "ন গচ্ছত্যঞ্জসা বিপ্রোব্রহ্মণঃ সদ্ম শাশ্বতং" মনু।

অঞ্জিষ্ঠ, (অন্জ্+ইষ্ঠ) ষ্য, পুং, সূর্য্য।

অটন, (অট্+অন—ভাব) ষ্য, ন, গমন, ভ্রমণ, চলন।

অটনি, অটনী, (অট্+অনি+ঙ্গ, যাহা হইতে ছিলা গমন করে) ষ্য, স্ত্রী, ধনুকের অগ্রভাগ, যথা "ধ্বনদগুরু গুণাটনীকৃত করালকোলাঙ্গলম্" উত্তর চরিত।

অটমান, (অট+শান+ঘ) ণ, ত্রি, গমনশীল, ভ্রমণশীল।

অটবি, অটবী, (অট [অট+অ+ঘ] গমনকারী+বি=পক্ষী। যাহাতে পক্ষী সকল গমনাগমন করে, ৭.ত) ষ্য, স্ত্রী, বন, জঙ্গল।

অটবিক, (অটবি+টক্) ষ্য, পুং, বনচারী, কিরাত।

অটল, (ন+টল+অন--ঘ) ণ, ত্রি, অচঞ্চল, স্থির, অবিচলিত।

অটাট্যা, (অট্+যঙ্+অ—পুনঃ পুনঃ অর্থে) ষ্য, স্ত্রী, পর্য্যটন, দেশ ভ্রমণ, টোটো।

অটুট, ণ, ত্রি, অখণ্ড, অভগ্ন, সম্পূর্ণ।

অট্ট, (অট্ট+অ—ঘ, যে অন্যান্য গৃহকে অগ্রাহ্য অর্থাৎ উপহাস করে) ষ্য, পুং, অট্টালিকা, প্রাসাদের উপরি গৃহ

অট্টট্ট, (অট্ট+অট্ট+অ—ঘ) ষ্য, ব্য, অতিশয় চীৎকার বা উচ্চ হাস্য।

অট্টহাস,(অট্ট+হাস) ষ্য.পুং, অতিশয় উচ্চহাস্য।ষ্য, পুং,কুঁদ ফুলের গাছ।

অট্টহাসক, (অট্টহাস +কৈ—ড)

অট্টহাসী, (অট্টহাস+ইন্—অস্ত্যার্থে ষ্য, পুং, শিব।

অট্টাল,অট্টালক—পুং } (অট্ট+আল
অট্টালিকা—স্ত্রীং } —সংজ্ঞার্থে অট্টাল+কন্—স্বার্থে+আপ) ষ্য, ইষ্টকাদি নির্ম্মিত উত্তুঙ্গ বাটী।

অট্টালিকাকার, (অট্টালিকা+কার[কৃ ঘঞ+ঘ) ষ্য, পুং, রাজমিস্ত্রী, শূদ্রানীর গর্ভে চিত্রকরের ঔরসেজাত অপত্য, যথা "কুলটায়াঞ্চ শূদ্রায়াং চিত্রকারস্য বীর্য্যতঃ। বভূবাট্টালিকাকারঃ পতিতো জার দোষতঃ" ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

অঠেল, (দেশজ) প্রচুর, যথেষ্ট, অপর্য্যাপ্ত। [ইবিশেষ, অড়হর।

অডর, অডহর, (দেশজ) ষ্য, কলা-

অণক, (অন+অচ্+কন)ণ, ত্রি, নীচ

অণি,—ণী, (অন+ইন) ষ্য, পুং, অক্ষের অগ্রকীলক সীমা,পশুবধস্থান

অণিমা, (অণু+ইমন্—ভাবে) ষ্য, পুং, অণোর্ভাব, সূক্ষ্মতা, অণুত্ব, ঐশ্বর্য্য বিশেষ, নিজ শরীরকে স্বেচ্ছানুসারে সূক্ষ্ম করিবার ক্ষমতা। যথা "অণিমা লঘিমা প্রাপ্তিঃ প্রাকাম্যঃ মহিমাতথা। ঈশিত্বঞ্চবশিত্বঞ্চ তথা কামাবসায়িতা"।

অণীয়ান্,(অণু+ঈয়স্—আতিশয্যার্থে) ণ, ত্রি, সূক্ষ্মতম।

অণু, (অণ্+উ—ঘ) ণ, ত্রি, অল্প, ক্ষুদ্র, সূক্ষ্ম, পরমাণু প্রভৃতি। ন, মাত্রার চতুর্থাংশ। "ব্যঞ্জনমর্দ্ধমাত্রা তদর্দ্ধমণু"। (অন্ বাঁচা+উ—ধ। যাহার দ্বারা প্রাণধারণ করা যায়) ষ্য, পুং, ধান্য বিশেষ, সূক্ষ্ম ধান্য।

অণুচ্ছেদ, ষ্য, পুং, ভিন্ন ভিন্ন বিষয়, (Article.)

অণুভা, (অণু+ভা, ৬.ত) ষ্য, স্ত্রী, বিদ্যুৎ, চপলা, ক্ষণপ্রভা।

অণুবীক্ষণ, (অণু+বি+ঈক্ষ+অন-ধ) ষ্য, ন, যে যন্ত্র দ্বারা চক্ষুর অগোচর সূক্ষ্ম পদার্থ সকল দৃষ্টিগোচর হয়, (Microscope.) [ধান ,সূক্ষ্ম ধান্য।

অণুব্রীহি, (অণু+ব্রীহি) ষ্য, পুং, সরু

অণ্ড, (অম্+ড—ক্ত, যাহা হইতে শাবক নির্গত হয়) ব্য,ন, ডিম্ব, ডিম্। যথা "তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভং" মনু। মুষ্ক, শুক্র।

অণ্ডক, ব্য, পুং, ক্ষুদ্র ডিম্ব, অণ্ডকোষ। [বিশ্ব, ভূমণ্ডল।

অণ্ড-কটাহ, ব্য, পুং, জগৎ, ব্রহ্মাণ্ড,

অণ্ডকোষ, (অণ্ড+কোষ, ৬-ষ) ব্য, পুং মুষ্ক, শিম্বী, যন্মধ্যে কল থাকে।

অণ্ডজ, (অণ্ড+জন+ড+ষ, যাহারা অণ্ড হইতে উৎপন্ন ৫—ব) ণ, ত্রি, ডিম্বজাত জন্তু—পক্ষী সর্প মৎস্য প্রভৃতি। যথা "অণ্ডজাঃ পক্ষিণঃ সর্পা নক্রাঃ মৎস্যাশ্চ কচ্ছপাঃ" মনু।

অণ্ডজা—স্ত্রী, মৃগনাভি, কস্তুরী।

অণ্ডদ্রব, পুং, প্রলয়, নাশ, অণ্ড দ্রবীকরণ, অসাহস, বিমূঢ় ভাব।

অণ্ডবর্দ্ধন, (অণ্ড+বর্দ্ধন) ব্য, ন, অণ্ডকোষের স্ফীতি, কোরোণ্ড।

অণ্ডাকার, (অণ্ড+আকার) ণ, ত্রি, অণ্ডাকৃতি, ডিমের ন্যায় যাহার আকৃতি, বাদামিয়া।

অণ্ডালু, (অণ্ড+আলু—বিশিষ্টার্থে) ব্য, পুং, ডিম্বযুক্ত মৎস্য। [পুরুষ।

অণ্ডীর, (অণ্ড+ঈর) ব্য, পুং, বলবান

অণ্বী, (অণু+ঈ) ব্য, স্ত্রী, অঙ্গুলি

অতএব, (অতঃ [ইদম্+তস্-হেত্বর্থে] এই হেতু+এব—নিশ্চয়ার্থ। এই জন্যই) ব্য, এই নিমিত্ত, এই হেতুই।

অতঃ, (ইদম্+তস্) ব্য, কারণ, অপদেশ, নির্দ্দেশ।

অতঃপর, (অতঃ=ইহার+পর) ব্য, ইহার পর, পশ্চাৎ, অনন্তর।

অতট, (ন+তট=অবলম্বন স্থান, তীর। যেখানে তট অর্থাৎ অবলম্বন স্থান নাই, ৭.হ) ব্য, পুং, পর্ব্বতাদির নিরালম্ব উচ্চ স্থান, প্রপাত, ভৃগু, নদী প্রভৃতির আড়ুলি।

অতথোচিত, (ন+তথা+উচিত) ণ, ত্রি, সেই অবস্থার অনুপযুক্ত, যথা "অথ ভূমৌ মহারাজং শয়ানমতথোচিতং" রামায়ণ।

অতথ্য, (ন+তথ্য) ণ, ত্রি, অসত্য, মিথ্যা, অযথার্থ। যথা "অতথ্যান্যথো বা হরন্তি মহিমানং জনরবঃ" পরাশরসংহিতা। [মহৎ। পুং, অনঙ্গ

অতনু, (ন+তনু) ণ, ত্রি, বৃহৎ,

অতন্দ্র, (ন+তন্দ্রা, ৬. হ) জাগরিত, আলস্যহীন।

অতন্দ্রিত, (ন+তন্দ্রিত) ণ, ত্রি, অনলস, সাবধান, অবহিত।

অতর্কিত, (ন+তর্কিত) ণ, ত্রি, লুক্কায়িত, অলক্ষিত, হঠাৎ।

অতল, (ন+তল=নিম্ন। যাহার নিম্নদেশ অর্থাৎ তলা পাওয়া যায় না, ৬.হ) ব্য, ন, পাতাল, ভূগর্ভ। ণ, ত্রি, তলশূন্য, যাহার তলা পাওয়া যায় না।

অতলস্পর্শ, } (অতল, স্পৃশ+ঘঞ্
অতলস্পৃশ্, } অতল+স্পৃশ+কিপ্) ণ, ত্রি, অগাধ, অতিগভীর।

অতঃ, (ইদম্+তস্) ব্য, অতএব, এই হেতু। যথা 'অতঃ পরীক্ষ্য কর্ত্তব্যং বিশেষাৎ সঙ্গতংরহঃ' শকুন্তলা। ইহার পর, যথা, "ভাগ্যায়ত্তমতঃপরং" শকুন্তলা।

অতস, (অৎ+অস—ন) ব্য, পুং, বায়ু, আত্মা, বল্কলনির্ম্মিত বস্ত্রবিশেষ, অস্ত্রবিশেষ।

অতসী—স্ত্রী, স্বনাম খ্যাত পুষ্পবৃক্ষবিশেষ, মসিনা, শণ।

অতি, (অৎ+ই) ব্য, উপং, উৎকর্ষ, অতিশয়, অধিক, অতিক্রম, যথা "বিনষ্টো রাবণোলৌল্যাদতি সর্ব্বত্র বর্জ্জয়েৎ"।

অতিকথা, (অতি=অতিক্রান্ত+কথা) ব্য, স্ত্রী, মিথ্যা কথা, অনৃত বাক্য।

অতিকায়, ণ, ত্রি, প্রকাণ্ড শরীর,

বৃহৎ দেহ। ষ্য,পুং, রাবণ পুত্র রাক্ষসবিশেষ।

অতিকৃচ্ছ্র, ষ্য, ন, ব্রতবিশেষ, ছয় দিবস ক্রমাগত এক মুষ্টি অন্নভক্ষণ করিয়া পরে তিন দিন উপবাস, অতিশয় কষ্ট।

অতিক্রম, (অতি+ক্রম+অল—ভাব) ষ্য, পুং, উল্লঙ্ঘন, অধিক হওয়া, বিপরীতাচরণ।

অতিক্রান্ত, (অতি+ক্রম+ত—ঘ) ণ, ত্রি, লঙ্ঘিত, অতীত।

অতিগণ্ড, ষ্য, পুং. বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের অন্তর্গত ষষ্ঠ যোগ

অতিগন্ধ, ণ, ত্রি, উগ্রগন্ধ। ষ্য, পুং, চম্পকবৃক্ষ, গন্ধক, (sulphur.)

অতিচার, (অতি+চর+ঘঞ—ভাব) ষ্য,পুং, গ্রহগণের স্ব স্ব রাশি অতিক্রম করিয়া গমন, অতিশয় গমন।

অতিজগতী, (অতি+জগতী=ছন্দোবিশেষ) ষ্য, স্ত্রী, দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।

অতিজব, (অতি—জু+অল) ণ, ত্রি, অতিশয় বেগবান্, দ্রুতগামী।

অতিজাত, (অতি+জাত) ণ, ত্রি, উৎকৃষ্টজন্মা,যথা "অভিজাতো হধিকস্তস্মাদপজাতোহধমাধমঃ" পঞ্চতন্ত্রং

অতিডীন, (অতি+ডী+ক্ত) ষ্য, ন, পক্ষীদিগের বেগে গমন।

অতিতরাম, (অতি+চতরাম্) ব্য, অত্যধিক। যথা "দীর্ঘশোকসন্তানেন সম্প্রত্যতিতরাং পরিক্ষীণো রামভদ্রঃ" উত্তরচরিত।

অতিথি,(অৎ+ইথি+ঘ) ষ্য, পুং স্ত্রী, অভ্যাগত,ভিক্ষার নিমিত্ত বা ভোজনার্থী হইয়া গৃহে আগত। "যস্য ন জ্ঞায়তে নাম নচ গোত্রং নচ স্থিতিঃ অকস্মাৎ গৃহমায়াতি সোহতিথিঃ প্রোচ্যতে বুধৈঃ।" ষ্য, পুং, কুশরাজার পুত্র শ্রীরামের পৌত্র, গোচর।

অতিথিপরিচর্য্যা,ষ্য,স্ত্রী, অতিথি সেবা

অতিথিশালা, ষ্য, স্ত্রী, অভ্যাগত ব্যক্তিদিগের অবস্থানার্থ গৃহ, পান্থশালা, সরাই, ভেটিয়ারা খানা।

অতিথিসেবা, ষ্য, স্ত্রী, আতিথ্যক্রিয়া, অভ্যাগত লোকের সৎকার,আতিথ্য

অতিদেশ,(অতি+দিশ+ঘঞ—ভাব) ষ্য, পুং,অন্য ধর্ম্মের অন্যত্র আরোপ।

অতিদৈব, ণ, ত্রি, দেবতাদিগেরও অসাধ্য, ক্ষমতার অতীত।

অতিধৃতি, (অতি+ধৃতি=ছন্দোবিশেষ) ষ্য, স্ত্রী, ঊনবিংশাক্ষর ছন্দোবিশেষ।

অতিপতন—ন, অতিপাত—পুং } (অতি=পত+অনট, ঘঞ—ভাব) অতিক্রম, ব্যাঘাত, কর্ত্তব্য কার্য্যে অনাদর, ক্ষতি, হানি।

অতিপাতক, (অতি+পাতক) ষ্য, ন, মাতা, দুহিতা ও পুত্রবধূ গমনরূপ ত্রিবিধ গুরুতর পাতক।

অতিপ্রসক্তি অতিপ্রসঙ্গ } অতি+প্রসক্তি, প্রসঙ্গ [প্র+সন্জ+ক্তি, ঘঞ]) ষ্য, পুং, অন্যত্র প্রসক্তি, অতিশয় প্রণয়,অলক্ষ্যে লক্ষণ গমন, অতি বিস্তৃতি।

অতিভী,(অতি+ভী) ষ্য,পুং, বিদ্যুৎ।

অতিভূমি, ষ্য, স্ত্রী, আধিক্য, যথা "অতিভূমিং গতেন রণরণকেন" উত্তরচরিত। [ষ্য, ন, অতিরিক্ত ভোজন

অতিভোজন, (অতি+ভুজ+অনট)

অতিমঙ্গল্য, (অতি+মঙ্গল+য) ষ্য, পুং, বিল্ববৃক্ষ। ণ, ত্রি, অতিশয় মঙ্গলজনক।

অতিমাত্র, (অতি+মাত্রা=পরিমাণ, যে মাত্রাকে অর্থাৎ পরিমাণকে অতিক্রম করিয়াছে, ২-ধ) ণ, ত্রি, অতিশয়, অধিক, অত্যন্ত, যথা "অতিমাত্রলোহিততলৌ বাহূ ঘটোৎক্ষেপণাৎ" শকুন্তলা।

অতিমানুষ, (অতি=অতিক্রম+মানুষ, ২—ষ) ণ, ত্রি, অলৌকিক, লোকাতীত, স্বর্গীয়।

অতিমুক্ত, (অতি+মুক্ত, ২—স) ষ্য,পুং,মাধবীলতা। ণ, ত্রি, নির্ব্বাণ, মুক্তি প্রাপ্ত, মোক্ষ প্রাপ্ত।

অতিমোদা, (অতি+মুদ+অ; যাহা গন্ধ দ্বারা অতিশয় আনন্দিত করে, ৩-হ) ষ্য, স্ত্রী,নবমল্লিকা।

অতিরথ, (অতি+রথ) ষ্য, পুং, রথী, যোধবিশেষ, যে রথী অসংখ্য যোদ্ধার সহিত যুদ্ধ করিতে সমর্থ, অতিবীর। [রণপণ্ডিত।

অতিরথী, ষ্য, পুং, অতিশয় যোদ্ধা,

অতিরিক্ত, (অতি+রিচ+ত, ২—স) ণ, ত্রি,অধিক, বেশী, শ্রেষ্ঠ, ভিন্ন, শূন্য।

অতিরেক, (অতি+রিচ+ঘঞ—ভাব; ২—ষ) ষ্য, পুং, প্রচুরতা, আধিক্য, প্রাধান্য, ভেদ।

অতিরোগ, (অতি+রুজ+ঘঞ) ষ্য, পুং, ক্ষয়রোগ, যক্ষ্মা।

অতিরোমশ, (অতি+রোমন্+শ) ষ্য, পুং, বন্যছাগ, বৃহৎ বানর। ণ, ত্রি, অতিশয় লোমবিশিষ্ট।

অতিলঙ্ঘন, (অতি+লঙ্ঘ+অনট) ষ্য, ন, অতিক্রম।

অতিলৌল্য, (অতি+লোল+য) ষ্য, ন, অতিশয় ইচ্ছা, যথা "অতিলৌল্যাদ্ বকঃ কশ্চিন্মৃতঃ কর্কটকগ্রহাৎ" পঞ্চতন্ত্র।

অতিবর্ত্তন, (অতি+বৃত+অন—ভাব) ষ্য, ন, উল্লঙ্ঘন, অতিক্রম।

অতিবর্ত্তী, (অতি+বৃত+ণিন্) ণ,ত্রি, উল্লঙ্ঘনকারী, অতিক্রমকারী, যথা "লঙ্কামপবিষ্টানাং সাগরঞ্চাতিবর্ত্তিনাং" রামায়ণ। অবজ্ঞাকারী।

অতিবল (অতি+বল) ণ, ত্রি, প্রবল, অতিশয় বলবান্।

অতিবলা, ষ্য, স্ত্রী, বিশ্বামিত্র দত্ত রামের অস্ত্র বিদ্যাবিং।

অতিবাত, (অতি+বাত) ষ্য, পুং, ঝড়, প্রবল বায়ু।

অতিবাদ, (অতি+বদ+ঘঞ—ভাব) ষ্য, পুং, অত্যুক্তি, অপ্রিয় বাক্য, পরুষোক্তি, যথা "অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন" মনু।

অতিবাস, (অতি+বাস) ষ্য, পুং, শ্রাদ্ধের পূর্ব্বদিন করণীয় উপবাস।

অতিবাহিক, (অতিবাহ+টক্) ষ্য, পুং,নরকবাসী (an infernal spirit.)

অতিবাহিত, (অতি+বাহি+ত—চ) ণ,ত্রি, যাপিত, কাটান, অতিক্রান্ত

অতিবিকট, (অতি+বিকট) ষ্য, পুং, মত্তহস্তী। ণ, ত্রি, ভয়ানক, দুর্দ্ধর্ষ।

অতিবিষা,(অতি+বিষ+আ) ষ্য, স্ত্রী, বৃক্ষবিশেষ, আতইচ। [বির্ষণ।

অতিবৃষ্টি, ষ্য,স্ত্রী, ধারাসম্পাত, অধিক

অতিবেল,(অতি=অতিক্রম+বেলা—তীর, যে বেলাকে অতিক্রম করিয়াছে, ২—ষ) ণ, ত্রি, অধিক, অসীম, অতিক্রান্তমর্য্যাদ। ষ্য, ন, বেলাতিক্রম।

অভিমততা, ব্য, স্ত্রী, ইচ্ছা, ভালবাসা, প্রণয়, সন্তুষ্টি, রুচিকরতা।

অভিমনস্, ণ, ত্রি, অতিশয় উৎসুক, উৎকণ্ঠিতচিত্ত।

অভিমন্তৃ, (অভি+মন+তৃণ) ব্য, পুং, উপদেষ্টা, গুরু, সদসদ্ বিবেক ণ, ত্রি, যে বা যাহা উপদেশ বা পরামর্শ দে

অভিমন্ত্রণ, (অভি+মন্ত্র+অন—ভাব) ব্য, ন, আমন্ত্রণ, সম্বোধন, আহ্বান, উপদেশ দান, মন্ত্রপাঠ দ্বারা সংস্কার করণ।

অভিমন্ত্রিত, (অভি+মন্ত্র+ত—চ) ণ, ত্রি, আহূত, মন্ত্রপূত।

অভিমন্থ, অধিমন্থ, (অভি, অধি+মন্থ+ঘঞ) ব্য, পুং, নেত্ররোগ, চক্ষুর পীড়া।

অভিমন্যু, (অভি+মন্যু) ব্য, পুং, সুভদ্রার গর্ভে অর্জ্জুনের ঔরসে জাত পুত্রের নাম, পরীক্ষিতের পিতা।

অভিমর, (অভি+মৃ+অ) ব্য, পুং যুদ্ধ, বধ, বন্ধন, স্বপক্ষ হইতে বিশ্বাসঘাতকতাশঙ্কা, মরণে নিরপেক্ষ হইয়া কৃতযুদ্ধোৎসাহ।

অভিমর্দ, (অভি+মৃদ+ঘঞ—ভাব)

য্য, পুং, শত্রুকৃত, পীড়ন, বিপক্ষ কর্তৃক রাজ্যের উচ্ছেদ সাধন, যুদ্ধ, ধর্ষণ। [স্পর্শ, ধর্ষণ।

অভিমর্দন,(অভি+মৃদ+অনট)ব্য,ন,

অভিমর্ষণ, (অভি+মৃষ+অনট)ব্য,ন, দীপ্তি, দোষ বা বঞ্চনা করিলে যে ঠোঁট চাটা।

অভিমাতি, (অভি+মা+তি)ব্য, পুং, শত্রু,বিপক্ষ, দুর্জন। ণ, ত্রি, অনিষ্টকারী।

অভিমান,(অভি + মন্+ঘঞ—ভাব) ব্য, পুং, প্রতীতি, অহঙ্কার, মনের ভাববিশেষ, জ্ঞান, হিংসা, প্রণয়, প্রার্থনা, ইচ্ছা, (ন্যায়শাস্ত্রে) অহমিত্যাকারঅভিমান,অহঙ্কার।

অভিমানিত, (অভি+মন্+ণিচ+ক্ত) ব্য,ন, সুরত,মৈথুন। তা স্ত্রী,গর্ব,দর্প

অভিমানী, (অভিমান+ইন্) ণ, ত্রি, অহঙ্কৃত, দৃপ্ত,অভিমান বিশিষ্ট। ব্য, পুং, তৌতানামক মনুর পুত্র।

অভিমায়, (অভি+মায়া ; ৬.হ)ণ,ত্রি, অভিভূত, ইতিকর্তব্যতাবিমূঢ়।

অভিমুখ, (অভি+মুখ) ণ, ত্রি, সম্মুখ, উদ্যত, অনুকূল, সদয়, ঊর্দ্ধমুখ। ব্য,ন, সম্মুখ, সমীপ, অন্তিক।

অভিমৃষ্ট, (অভি+মৃজ+ত) ণ, ত্রি, মিলিত, সম্বদ্ধ, সংসৃষ্ট।

অভিযাতি, (অভি+যা+তি) ব্য, পুং, শত্রু, বিপক্ষ।

অভিযান, (অভি+যান) ব্য, ন,অভিগমন, উপস্থিতি, আগমন, আক্রমণ, যুদ্ধযাত্রা।

অভিযাত, ণ, ত্রি, আক্রান্ত, গত।

অভিযুক্ত, (অভি+যুজ+ত) ণ, ত্রি, আক্রান্ত, পরিশ্রমী, ধ্যানাসক্ত, কথিত, অভিযোগের বিষয়ীভূত, (আইনে)প্রতিবাদী (Defendant.)

অভিযোক্তা, (অভি+যুজ+তৃণ) ব্য, পুং, অভিযোগকর্তা, বাদী, ফরিয়াদী (Plaintiff) শত্রু।

অভিযোগ,(অভি+যুজ+ঘঞ-ভাব)ব্য, পুং, আক্রমণ, যুদ্ধার্থ আহ্বান, বধ, অভিনিবেশ, উদ্যোগ, কোন ব্যক্তির অপরাধ কথন পূর্বক বিচারকের নিকট বিচারার্থ আবেদন, নালিশ, তিরস্কার, নিবারণ, সম্বন্ধ।

অভিযোগী,ব্য,পুং,বাদী,যে প্রতিপক্ষে নালিশ করে। ণ, ত্রি, যে কোন প্রকারে অপরকে আক্রমণকারী।

অভিরত, (অভি+রম+ক্ত) ণ, ত্রি, সন্তুষ্ট,আনন্দিত, ব্যাপৃত, কর্মকারী, মনোযোগী, আসক্ত।

অভিরতি, (অভি+রতি) ব্য, স্ত্রী, আসক্তি, অনুরাগ, সুখ, আনন্দ, উদ্যোগ।

অভিরাদ্ধ,(অভি+রাধ+ত-চ) ণ,ত্রি, আরাধিত, পূজিত, প্রসাদিত।

অভিরাম, (অভি+রম্+ঘঞ-ভে) ণ, ত্রি, রমণীয়, সুন্দর, প্রিয়।

অভিরুচি, (অভি+রুচ+ই-ভাব) ব্য, স্ত্রী, স্পৃহা, যশঃ প্রাপ্তির ইচ্ছা, স্বাদ, অভিলাষ, প্রবৃত্তি, অনুরাগ, প্রভা, সৌন্দর্য্য।

অভিরূপ, (অভি+রূপ+অ) ণ, ত্রি, মনোহর, বিদ্বান্। ব্য, পুং, পণ্ডিত, শিব, বিষ্ণু, কামদেব, চন্দ্র।

অভিলষণীয়, (অভি+লষ+অনীয়—চ)ণ, ত্রি, অভিলাষ করিবার যোগ্য, বাঞ্ছনীয়, প্রার্থনীয়।

অভিলষিত, (অভি+লষ+ত—চ) ণ, ত্রি, বাঞ্ছিত, অভীষ্ট, ইষ্ট। ব্য, ন, অভিলাষ।

অভিলাপ, (অভি+লপ+ঘঞ-ভাব) ব্য, পুং, সঙ্কল্পাদি বাক্য, শব্দ।

অভিলাব, (অভি+লূ+ঘঞ—ভাব) ব্য, পুং, ছেদন, বিনাশ।

অভিলাষ, (অভি+লষ+অ—ভাব) ব্য, পুং, ইচ্ছা, স্পৃহা, উদ্বেগ, অনু-

রাগ, সম্ভোগেচ্ছা, যথা "অভিলাষ-মুদীরিতেন্দ্রিয়ঃ স্বসুতায়ামকরোৎ প্রজাপতিঃ" কুমারসম্ভব।
অভিলাষী, অভিলাষুক, (অভি+লষ+ইন্, উক-য) ণ, ত্রি, সস্পৃহ, লোভী, লুব্ধ, প্রার্থী, লোলুপ, ইচ্ছুক, গৃধ্নু।
অভিলিখিত,ণ,ত্রি, লিখিত, খোদিত।
অভিবন্দন,(অভি+বন্দ+অন) য্য, ন, প্রণাম, নমস্কার।
অভিবাদ, (অভি+বাদ) য্য, পুং, অপবাদ, অখ্যাতি, অপ্রিয়বাক্য, প্রণাম।
অভিবাদক, (অভি+বাদক) ণ, ত্রি, ভদ্র, শিষ্ট, অপমানজনক, অনিষ্ট।
অভিবাদন, (অভি+বাদি+অন-ভাব) য্য, ন, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম, স্বনামোচ্চারণ পূর্ব্বক বন্দনা, (শিষ্য কর্ত্তৃক গুরুকে প্রণাম,"প্রণাম করি" এই বলিয়া হস্তদ্বয় কপালে উত্তোলন।
অভিবাদ্য, ণ, ত্রি, প্রণামের উপযুক্ত, যাহাকে প্রণাম করা যাইতে পারে।
অভিবাহ্য, য্য, ন, দান, উৎসর্গ, যান, স্থানান্তর করণ।
অভিব্যক্ত, (অভি+ব্যক্ত) ণ, ত্রি, প্রকাশিত, পরিস্ফুট, প্রত্যক্ষ।
অভিব্যক্তি, (অভি+ব্যক্তি) য্য, স্ত্রী, প্রকাশ, প্রত্যক্ষযোগ্যতা।
অভিব্যাপ্তি,(অভি+বি+আপ+ক্তি) য্য, স্ত্রী, সর্ব্বত্র বিদ্যমান থাকা, সর্ব্বতোভাবে ব্যাপ্তি।
অভিব্যাহার, (অভি+বি+আ+হৃ+ঘঞ্) য্য, পুং, পরিস্ফুট বাক্যকথন।
অভিশপন, (অভি+শপ+অনট্) য্য, ন, মিথ্যাদোষ,কলঙ্ক, শাপ দেওন।
অভিশপ্ত, (অভি+শপ+ত-চ) ণ,ত্রি, অভিশাপগ্রস্ত, প্রাপ্তাভিশাপ, যাহার প্রতি অভিশাপ হয়, মিথ্যাদোষদূষিত, কলঙ্কিত।
অভিশংসন, (অভি+শন্স্+অনট্) য্য, ন, আক্রোশ, অপবাদ, পরুষ বাক্য প্রয়োগ।
অভিশস্ত,(অভি+শন্স+ত-চ) ণ, ত্রি, অপবাদিত, কলঙ্কিত, মিথ্যাদোষদূষিত, পৃষ্ট, যাচিত।
অভিশস্তাঙ্ক,(অভিশস্ত+অঙ্ক)য্য, পুং, অপরাধীর ললাটাদিতে প্রদত্ত অপরাধসূচক চিহ্ন।
অভিশাপ, (অভি+শপ+ঘঞ্-ভাব) য্য, পুং, মিথ্যাপবাদ, কলঙ্ক, শাপ দেওয়া, অভিসম্পাত।
অভিষক্ত, (অভি+সন্জ্+ক্ত) ণ, ত্রি, পরাজিত, অভিভূত, পিশাচগ্রস্ত, ভূতে পাওয়া।
অভিষঙ্গ, অভীষঙ্গ, (অভি+সন্জ্+ঘঞ্—ভাব) য্য, পুং, অভিশাপ, শপথ, অভিভব, পরাজয়, অপবাদ, আলিঙ্গন, সম্পর্ক, ভূতে পাওয়া, শোক, ব্যসন, অক্রোশ।
অভিষব—পুং, অভিষবণ—ন, (অভি+সু+অ, অন-ভাব) য্য, স্নান, যজ্ঞাদি কর্ম্মের পূর্ব্বে স্নান, যজ্ঞান্ত স্নান, অবভৃথ স্নান, রসাদি পান, যজ্ঞ, মদ্যোৎপাদক দ্রব্য বিশেষ,। ন, কাঞ্জিক, কাঁজি, আমানি
অভিষহ্য, (অভি+সহ+য) ক্রি, ণ গর্ব্বিতরূপে, প্রচণ্ডবেগে, জোর করিয়া।
অভিষিক্ত, (অভি+সিচ্+ত—চ) ণ, ত্রি, স্নাত, বিধি পূর্ব্বক পবিত্র জলাদিদ্বারা স্নপিত, কোন কর্ম্মে নিযুক্ত।
অভিষুত, (অভি+সু+ক্ত) য্য, ন, টক আমানি, কাঁজি।
অভিষেক, (অভি+সিচ্+ঘঞ্—ভাব) য্য, পুং, স্নান, রাজসিংহাসনে আরোহণার্থ যথাবিধি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পবিত্র জলাদি দ্বারা স্নান,

অভিষেচন, কর্ম্মে নিয়োগ।
অভিষেচন, (অভি+সিচ্+অন—ভাব) ব্য, ন, শিক্ষা বা পদারোহণ কি কোন দেবোপাসনা করিবার পূর্ব্বে যে স্নান।
অভিষেণন, (অভি+সেনা+ণিচ্+অন—ভাব) ব্য, ন, সসৈন্য শত্রুর প্রতি অভিগমন, সসৈন্য যুদ্ধযাত্রা।
অভিষ্টুত, (অভি+স্তু+ত—ক্ত) ণ, ত্রি, প্রশংসিত, স্তুত, যাহাকে স্তব করা যায়, বর্ণিত।
অভিষ্যন্দ, (অভি+স্যন্দ্+অ—ভাব) ব্য,পুং, অতি স্ফীতি,আধিক্য, অতিশয় উন্নতি, যথা "স্বর্গাভিষ্যন্দবমনং কৃত্বেবোপনিবেশিতং" কুমারসম্ভব। ক্ষরণ, অতিরেক, চক্ষুরোগ বিশেষ। ণ, ত্রি, অধিক, উদ্বৃত্ত।
অভিষ্যন্দিরমণ, অভিষ্যন্দনগর, ব্য, ন,প্রধান নগরের উদ্বৃত্ত লোক দ্বারা কৃত নগর, শাখা নগর, প্রধান নগরের সন্নিহিত নগর।
অভিসংহিত, (অভি+সম্+ধা+ক্ত) ণ, ত্রি, সংলগ্ন, স্বার্থযুক্ত, কোন বিষয়ে আগ্রহ সহকারে নিযুক্ত, সম্মত, প্রতিশ্রুত।
অভিসন্তাপ, (অভি+সন্তাপ ; ৭.হ) ব্য, পুং, যুদ্ধ, বিগ্রহ, দুঃখ, তাপ, অভিশাপ, পতন।
অভিসন্ধা, (অভি+সম্+ধা+অ—ভাব) ব্য, স্ত্রী, বাক্য, বচন, প্রতিজ্ঞা, অঙ্গীকার।
অভিসন্ধান, (অভি+সম্+ধা+অন—ভাব) ব্য, ন, উদ্দেশ, প্রবঞ্চনা, ঠকান, আসক্তি, অনুরাগ, প্রতিজ্ঞা, সন্ধিকরণ।
অভিসন্ধি, (অভি+সম্+ধা+ই—ভাব) ব্য, পুং, উদ্দেশ, অভিপ্রায়, প্রাকাঙ্ক্ষা, সন্ধিস্থল, তাৎপর্য্য, বঞ্চনা, প্রতারণা।

অভিসম্পাত, (অভি+সম্+পত্+ঘঞ্) ব্য, পুং, যুদ্ধ, বিগ্রহ, পতন, অভিশাপ। [পুং, সহায়, অনুচর।
অভিসর, (অভি+সৃ+অ—ভাব) ব্য,
অভিসরণ,(অভি+সৃ+অনট—ভাব) ব্য, ন, অনুগমন, অনুবর্ত্তন, অভিমুখেগমন, স্ত্রী পুরুষের অন্যতরের, অন্যতরের নিমিত্ত সঙ্কেত স্থানে গমন, অভিসার।
অভিসম্বন্ধ, (অভি+সম্বন্ধ) ব্য, পুং, সম্পর্ক,সম্বন্ধ,স্ত্রী পুরুষ সংসর্গ,মৈথুন, সুরতক্রিয়া, একত্র মিলন, স্পর্শ।
অভিসর্জ্জন, (অভি+সৃজ+অন-ভাব) ব্য, ন, দান, ত্যাগ, বিসর্জ্জন, বধ।
অভিসায়ন, (অভি+সায়+অন-ভাব) ব্য—ক্রি, ণ, সন্ধ্যার প্রাক্কালে, সূর্য্যাস্ত সময়ে।
অভিসার, (অভি+সৃ+ঘঞ্—ভাব, ডে, ঘ) ব্য, পুং, যুদ্ধ, বল, অনুচর, সাধন, কান্তার্থে সঙ্কেত স্থানে গমন
অভিসারস্থান, ব্য, ন, সঙ্কেত স্থান, যথা ক্ষেত্র, বাগান, বাটী, ভগ্নদেবালয়, দূতীগৃহ, বন, বালর শ্মশান, নদ্যাদির তট।
অভিসারিকা, (অভি+সৃ+অক—ষ) ব্য, স্ত্রী, কান্তের নিমিত্ত যে নারী সঙ্কেত স্থানে যায়।
অভিসারিণী, (অভি+সৃ+ণিন্+ঈপ্) ব্য, স্ত্রী, অভিসারিকা।
অভিসৃষ্ট. (অভি+সৃজ+ত—ক্ত) ণ, ত্রি, দত্ত, পরিত্যক্ত, উৎসৃষ্ট।
অভিহত, (অভি+হন্+ত—ক্ত) ণ, ত্রি, আহত, তাড়িত, নিরুদ্ধ, পরাজিত, অভিভূত, বিনষ্ট, ভগ্ন, হত, (অঙ্কশাস্ত্রে) গুণিত।
অভিহরণ, (অভি+হৃ+অনট-ভাব) ব্য,ন, আহরণ, আনয়ন, অপহরণ।
অভিহার, (অভি+হৃ+ঘঞ্-ভাব) ব্য, পুং, চৌর্য্য, সাহস, ডাকাইতি,

আক্রমণ, পৌনঃপুন্য, বর্ণাদি ধারণ, অভিযোগ।

অভিহিত, (অভি+ধা+ত—ট) ণ, ত্রি, কথিত,উক্ত। স্ত্রী, জলপিপ্পলী।

অভী, (ন+ভী; ৬.হ) ণ,ত্রি, নির্ভয়, ভয়রহিত, নিঃশঙ্ক।

অভীক, (অভি+কম্+ড-ষ) ণ, ত্রি, কামুক, ইচ্ছুক, উৎসুক, ক্রূর, নিষ্ঠুর। (ন+ভী; ৬.হ)নির্ভয়, নিঃশঙ্ক। ষ্য, পুং, কবি, পতি, স্বামী।

অভীক্ষ্ণ, (অভি+ক্ষ্ণু+অ। উ-লোপ। ই—ঈ) ণ, ত্রি, সতত,অবিচ্ছিন্ন, বারম্বার, নিত্য,সার্ব্বকালিক, অতিশয়।

অভীক্ষ্ণম্, (অভি+ক্ষ্ণু+অ, অম্) ব্য, পুনঃপুনঃ, সর্ব্বদা। [সাহসী।

অভীত, (ন+ভীত) ণ, ত্রি, নিভীক,

অভীতি, (ন+ভী+ক্তি) ষ্য,স্ত্রী, ভয়।

অভীপ্সিত, (অভি+আপ+সন্—ইচ্ছার্থে+ত-ট; আ=ঈ) ণ, ত্রি, অভিলষিত, বাঞ্ছিত, অভীষ্ট।

অভীপ্সু, (অভি+আপ+সন—ইচ্ছার্থে+উ) ণ, ত্রি, ইচ্ছুক, অভিলাষী। [আভীর, গোপ, গোয়ালা।

অভীর, (অভি+ঈর+অ) ষ্য, পুং,

অভীরু, (ন+ভীরু) ষ্য, স্ত্রী, শতমূলী, ইহার অনেক মূল বলিয়া ভাঙ্গিবার ভয় নাই। পুং, মহাদেবের মূর্ত্তিভেদ। (নঞ—ষ) ণ, ত্রি, ভয়শূন্য, নির্ভীক।

অভীশু, } (অভি+অশ+উ বা
অভীষু, } ইষ+উ) ষ্য, পুং, কিরণ, দীপ্তি, লাগাম, প্রগ্রহ "তেন হি গৃহ্যন্তামভীষবঃ" শকুন্তলা। কাম, অভিলাষ, অঙ্গুলি।

অভীষুমান্, (অভীষু+মৎ-অস্ত্যর্থে) ষ্য, পুং, সূর্য্য। ণ,ত্রি, তেজোবিশিষ্ট

অভীষ্ট, (অভি+ইষ+ত—ট) ণ,ত্রি, বাঞ্ছিত, অভিলষিত,প্রিয়, দয়িত।

অভীষ্ট-সিদ্ধি, (অভীষ্ট+সিদ্ধি; ৬-ষ) ষ্য, স্ত্রী, ইষ্টলাভ, অভিলষিতপ্রাপ্তি

অভুক্ত, (ন+ভুক্ত) ণ, ত্রি, অনাহারী, উপবাসী, যে ভোজন করে নাই, যাহা ভোগ বা ভোজন করা হয় নাই। [বিশেষ।

অভুক্তমূল, (অভুক্ত+মূল) নক্ষত্র-

অভুগ্ন, (ন+ভুগ্ন) ণ, ত্রি, অবক্র, সরল, সুস্থ, পীড়ারহিত। [হীন, নুলা

অভুজ, (ন+ভুজ) ণ, ত্রি, হস্তবি-

অভূত, (ন+ভূত) ণ, ত্রি, অবিদ্যমান, অনুপস্থিত, যাহা হয় নাই বা ছিল না।

অভূততদ্ভাব, (ন+ভূত+তৎ+ভাব) ষ্য, পুং, পূর্ব্বে যাহা ছিল না এক্ষণে তাহা হইয়াছে।

অভূতোপমা, ষ্য, স্ত্রী, অলঙ্কারশাস্ত্রে উপমালঙ্কার বিশেষ।

অ-ভূমি, ষ্য, স্ত্রী, অবিষয়, অপাত্র, অনুপযুক্ত স্থল। [অপ্রচুর।

অভূয়িষ্ঠ, (ন+ভূয়িষ্ঠ) ণ, ত্রি, অল্প,

অভূরি, (ন+ভূরি) ণ, ত্রি, অল্প, সামান্য, কিছু, পৃথক।

অভৃশম্,(ন+ভৃশম্) ব্য, অল্প, কিছু।

অভেদ, (ন+ভেদ) ণ, ত্রি, অভিন্ন, ভেদরহিত। ষ্য,পুং, ঐক্য, তাদাত্ম্য, ভেদাভাব, অবিশেষ।

অভেদ্য, (ন+ভিদ+য) ষ্য, ন, হীরক, বজ্র। ণ,ত্রি, ভেদ্যাসাধ্য, বিদারণাযোগ্য, দুষ্প্রবেশ্য, অতি কঠিন।

অভেদ্যতা, ষ্য, স্ত্রী, অবিভজনীয়তা, অপ্রবেশনীয়তা, অপৃথকত্ব।

অভ্যক্ত, (অভি+অন্জ+ত-ট)ণ,ত্রি, তৈলাক্ত, যে তৈল মর্দ্দন করিয়াছে, যথা "অভ্যক্তমিব স্নাতং" শকুন্তলা।

অভ্যগ্র, (অভি+অগ্র) ণ, ত্রি, সমীপস্থিত, আসন্ন, নূতন।

অভ্যঙ্গ—পুং } (অভি+অন্জ+ঘঞ,
অভ্যঞ্জন—ন, } অনট—ভাব) ষ্য, পুং, তৈল বা তৈলবৎ বস্তু দ্বারা অঙ্গ

মর্দন, কজ্জলাদি দ্বারা চক্ষুরঞ্জন করা।
অত্যধিক, (অতি+অধিক) ণ, ত্রি, অতিশয় অধিক, সর্বোত্তম, বলবত্তর
অভ্যনুজ্ঞা, (অভি+অনুজ্ঞা)ষ্য, স্ত্রী, অনুমতি, আদেশ, অনুমোদন।
অভ্যনুজ্ঞাত,(অভি+অনু+জ্ঞা+ক্ত) ণ, ত্রি, অনুজ্ঞাত, আদিষ্ট।
অভ্যন্তর, (অভি+অন্তর) ষ্য, ন, অন্তরাল,মধ্য, ভিতর। ণ, ত্রি, মধ্যবর্ত্তী, অন্তর্গত, অন্তরালস্থিত, আত্মীয়, অন্তরঙ্গ।
অভ্যন্তরায়াম, ষ্য, পুং, বায়ুরোগ বিশেষ, বাতের দ্বারা মেরুদণ্ডের বক্রভাব, কুঁজো।
অভ্যন্তরীণ, (অভ্যন্তর+ঈন) ণ, ত্রি, অন্তর্বর্ত্তী, মধ্যবর্ত্তী। [চ্ছেদ।
অভ্যন্তরীণ-বিবাদ, ষ্য, পুং, গৃহবি-
অভ্যমিত, (অভি+অম্+ত-ট) ণ, ত্রি, রোগী, ব্যাধিত।
অভ্যমিত্রীণ, অভ্যমিত্রীয়, অভ্যমিত্র্য, (অভি+অমিত্র+ঈন, ঈয়, য) ষ্য, পুং, সম্মুখযোদ্ধা, যে যোদ্ধা শত্রুর সহিত সম্মুখ যুদ্ধ করে। [আরাধনা, পূজা, সম্মান।
অভ্যর্চ্চা, (অভি+অর্চ্চ) ষ্য, স্ত্রী,
অভ্যর্ণ, (অভি+অর্দ্দ+ত-ঘ) ণ, ত্রি, আসন্ন, নিকট, সমীপ, অন্তিক।
অভ্যর্থনা, (অভি+অর্থ+অন-ভাব) ষ্য, স্ত্রী, প্রার্থনা, সম্ভাষ, সমাদর, সংবর্দ্ধনা, আবেদন।
অভ্যর্থিত, ণ, ত্রি, জিজ্ঞাসিত, যাজ্ঞিত, নিমন্ত্রিত,আহুত।
অভ্যর্হিত,(অভি+অর্হ+ত-ঘ)ণ,ত্রি, উচিত, ন্যায্য, মান্য, পূজিত, শ্রেষ্ঠ
অভ্যবকর্ষণ, (অভি+অব+কৃষ+অন ভাব) ষ্য, ন, আকর্ষণ, শল্যাদির উৎপাটন, উদ্ধরণ।
অভ্যবস্কন্দ,—পুং অভ্যবস্কন্দন—ন, } (অভি+অব +স্কন্দ+অ, অন—ভাব) ষ্য, প্রহার, শত্রুর সম্মুখে গমন, আক্রমণ, অবরোধ।
অভ্যবহরণ, ন, অভ্যবহার,পুং, } (অভি+অব+হৃ-অনট,অ-ভাব) ষ্য, ভোজন, আহার, ভক্ষণ, অন্ন.ভক্ষ্যবস্তু
অভ্যবহার্য্য, (অভি+অব+হৃ+য-ট) ণ, ত্রি, ভোজন পানাদিযোগ্য, ভক্ষ্য। ষ্য, ন, ভক্ষ্য বস্তু।
অভ্যবহৃত, (অভি+অব+হৃ+ত-ট) ণ, ত্রি, ভক্ষিত, ভুক্ত।
অভ্যাসন, (অভি+অস্+অন—ভাব) ষ্য, ন, পুনঃপুনঃ আলোচনা, অভ্যাস।
অভ্যসূয়া, (অভি+অসূয়া) ষ্য, স্ত্রী, গুণে দোষারোপ, ঈর্ষ্যা, দ্বেষ।
অভ্যস্য, (অভি+অস+য) ণ, ত্রি, যাহা পড়িতে হইবে।
অভ্যস্ত, (অভি+অস্+ত—ট) ণ, ত্রি, শিক্ষিত, যাহা অভ্যাসকরা হইয়াছে, আবৃত্ত, অভ্যাসসংজ্ঞাবিশিষ্ট, দ্বিরুক্তধাতুর পূর্ব্বভাগের অভ্যাস সংজ্ঞা হয়, ভক্ষাদি সাতটী অভ্যস্ত ধাতু, (অঙ্কশাস্ত্রে) গুণিত।
অভ্যাকাঙ্ক্ষিত, অভ্যাখ্যান, } (অভি+আকাঙ্ক্ষিত, আখ্যান) ষ্য,ন, মিথ্যাভিযোগ, মিথ্যা দাওয়া, মিথ্যাপবাদ।
অভ্যাগত, (অভি+আ+গম্+ত—ঘ) ষ্য, পুং, গৃহাগত, আগন্তুক ব্যক্তি, অতিথি। ণ, ত্রি, সম্মুখাগত, উত্তরাধিকারক্রমে প্রাপ্ত।
অভ্যাগম, (অভি+আ+গম+অচ) ষ্য, পুং, যুদ্ধ, প্রহার, শত্রুতা, সমীপ, অভ্যুত্থান, নিকটে বা সম্মুখে আগমন, স্বীকার, ভোগ, ফলোদয়, ফল সম্বন্ধ, ফলপ্রাপ্তি।
অভ্যাগমন,(অভি+আ+গম+অনট) ষ্য, ন, উপস্থিতি দর্শন, দৈব বা ঐশ্বরিক ঘটনা।

অভ্যাগারিক,(অভি+অগার+ষ্ণিক) ণ, ত্রি, স্ত্রী পুত্রাদি পরিবার-পোষণে মনোযোগী।

অভ্যাদান, (অভি+আদান) ষ্য, ন, প্রথমারম্ভ, সম্মুখবর্ত্তী হইয়া গ্রহণ, আরম্ভ। [পীড়িত, রুগ্ন।

অভ্যান্ত, (অভি+অম+ক্ত) ণ, ত্রি,

অভ্যাপাত,(অভি+আ+পত+ঘঞ্) ষ্য, পুং, বিপদ, দুর্দ্দৈব।

অভ্যাবৃত্তি, (অভি+আবৃত্তি) ষ্য,স্ত্রী, পুনঃ পুনঃ, অসকৃৎ।

অভ্যামর্দ্দ, (অভি+আ+মৃদ+অচ) ষ্য, পুং, যুদ্ধ, সংগ্রাম।

অভ্যাস—শ, (অভি+অস্+ঘঞ্— ভাব, ঘ) ষ্য, পুং, পুনঃ পুনঃ অনুশীলন, আবৃত্তি, ধনুর্ব্বিদ্যা শিক্ষা করণ, (অঙ্কশাস্ত্রে) গুণন, (ব্যাকরণে) দ্বিরুক্ত ধাতুর পূর্ব্ব ভাগের নাম, নৈকট্য। ণ, ত্রি, নিকট, সমীপ।

অভ্যাসযোগ, (অভ্যাস+যোগ) ষ্য, পুং, কোন দেবতা বা ভূতাত্মার সতত ধ্যান, পুনঃ পুনঃ স্মরণ।

অভ্যাসাদন, (অভি+আ+সাদি+ অন—ভাব) ষ্য, ন, শত্রুর প্রতি প্রহার, অস্ত্রাদি দ্বারা শত্রুকে নির্বীর্য্য করা, শত্রুর সম্মুখে গমন।

অভ্যাহার, (অভি+আ+হৃ+ঘঞ্ ভাব) ষ্য, পুং, অভিগ্রহণ, লুঠ, ডাকাইতি, চৌর্য্য, ভোজন, আগার।

অভ্যুক্ষণ, (অভি+উক্ষ+অন-ভাব) ষ্য, ন, সেচন, কোন বস্তুর উপর জল ছড়ান।

অভ্যুক্ষিত, (অভি+উক্ষ+ত—ট) ণ, ত্রি, সিক্ত, যাহাতে জলসেচন হইয়াছে, জলদ্বারা আর্দ্রীকৃত।

অভ্যুচ্চয়, (অভি+উৎ+চি+অল) ষ্য, পুং, পুঞ্জ, রাশি, সমুচ্চয়।

অভ্যুচ্ছ্রিত, (অভি+উৎ+শ্রি+ক্ত) ণ, ত্রি, অত্যুন্নত, সমর্থ।

অভ্যুত্থান, (অভি+উৎ+স্থা+অনট —ভাব) ষ্য,ন, উদয়, উত্থান, উদ্যম অভ্যুন্নতি, সমৃদ্ধি, অভ্যুদয়, সুখ্যাতি কীর্ত্তি, সূর্য্যোদয়, প্রত্যুদ্গমন, আগন্তুক ব্যক্তির সমাদরার্থে আসন হইতে উত্থান, প্রতিকূলে অস্ত্রধারণ।

অভ্যুত্থিত, (অভি+উৎ+স্থা+ত-ঘ) ণ, ত্রি, উত্থিত, উদিত, প্রজ্জ্বলিত, প্রবৃত্ত, অভ্যুন্নত, প্রতিকূলে ধৃতাস্ত্র, প্রত্যুদ্গত, সমাদরার্থ আসন হইতে উত্থিত।

অভ্যুৎপতন, (অভি+উৎ+পত+ অনট) ষ্য, ন, আক্রমণ, অভিমুখে গমন, যথা "অলক্ষিতাভ্যুৎপতনো-নৃপেন প্রসহ্য সিংহঃ কিল তাং চকর্ষ" রঘুবংশ।

অভ্যুদয়, (অভি+উৎ+ই+অল) ষ্য, পুং, উত্থান, উদয়, মঙ্গল, উন্নতি, বৃদ্ধি, অভীষ্টসিদ্ধি, বিবাহাদি উৎসব, চূড়াদি সংস্কার।

অভ্যুদাহরণ, (অভি+উৎ+আ+হৃ +অনট—ভাব) ষ্য, ন, প্রতিকূলে উদাহরণ, বিধর্ম্ম প্রদর্শন দ্বারা স্বধর্ম্ম প্রতিপাদক দৃষ্টান্ত।

অভ্যুদিত, (অভি+উৎ+ই+ত-ঘ) ণ, ত্রি,সূর্য্যোদয় হইলেও যে নিদ্রিত থাকে, উদিত, উদয় প্রাপ্ত, প্রকাশিত, বিবাহাদি মহোৎসব বিশিষ্ট, সমৃদ্ধ, বৃদ্ধিশালী।

অভ্যুদীরিত, (অভি+উৎ+ঈর+ত —ট) ণ, ত্রি, কথিত, বিক্ষিপ্ত, আক্ষিপ্ত।

অভ্যুদ্গত, (অভি+উৎ+গম+ক্ত) ণ, ত্রি, উন্নত, বৃদ্ধিশালী, প্রকাশিত, সম্মুখাগত, সম্মানার্থ আসন হইতে উত্থিত।

অভ্যুদাত, (অভি+উদাত) ণ, ত্রি, উদিত, উত্থিত, প্রবৃত্ত, অযাচিতোপস্থিত, সম্মুখে উপনীত, লব্ধোদয়,

উদ্বৃত। [ত্রি, গৃহীত, যুক্ত।
অভ্যাহৃত, (অভি+উৎ+হৃ+ক্ত) ণ,
অভ্যুন্নত, (অভি+উৎ+নম+ক্ত) ণ, ত্রি, অতিশয় উন্নত, অনিম্ন।
অভ্যুপগত, (অভি+উপ+গম+ত—চ) ণ, ত্রি, অঙ্গীকৃত, স্বীকৃত, প্রতিভা প্রাপ্ত, আসক্ত, সমীপাগত, সদৃশীভূত, অনুমিত।
অভ্যুপগম, (অভি+উপ+গম+অ ভাব) ষ্য, পুং, স্বীকার, অঙ্গীকার, অনুমোদন, অনুমতি, নিকটে আগমন, সিদ্ধান্ত, উপস্থিতি, প্রাপ্তি, সাদৃশ্য
অভ্যুপগমসিদ্ধান্ত, ষ্য, পুং, সাক্ষাৎ সম্বন্ধে যাহার সূত্র করা হয় নাই, তাহার বিশেষ ধর্ম্ম কথন "অপরীক্ষিতাভ্যুপগমাৎ তদ্বিশেষপরীক্ষণং" গোতমসূত্র।
অভ্যুপগমিত, ষ্য, পুং, নির্দ্দিষ্টকালের নিমিত্ত নিযুক্ত দাস। ণ, ত্রি, অঙ্গীকারানন্তর প্রাপ্ত।
অভ্যুপপত্তি, (অভি+উপ+পদ+তি ভাব) ষ্য, স্ত্রী, উপকার, অনুগ্রহ, প্রসাদ, সান্ত্বনা, পরিত্রাণ, স্বীকার, ভ্রাতৃজায়ার গর্ভে সুতোৎপাদন।
অভ্যুপায়, (অভি+উপ+ই+অ—ভাব) ষ্য, পুং, স্বীকার, সদুপায়।
অভ্যুপায়ন, (অভি+উপায়ন) ষ্য, ন, উপঢৌকন, ভেট।
অভ্যুপেত, (অভি+উপ+ই+ত—চ) ণ, ত্রি, স্বীকৃত, অঙ্গীকৃত, প্রাপ্ত
অভ্যুপেতশুশ্রূষা, ষ্য, স্ত্রী, প্রভু ও ভৃত্যের মধ্যে যে মোকদ্দমা সংক্রান্ত ঝগড়া।
অভ্যুষ, অভ্যূষ, (অভি+উষ, উষ+ক) ষ্য, পুং, রুটি, তণ্ডুলাদি সিদ্ধ কিম্বা অগ্নিতে ঝলসাইয়া লইয়া যে খাদ্য দ্রব্য প্রাপ্ত হয়।
অভ্যুষিত, (অভি+বস+ক্ত) ণ, ত্রি, একত্রে বাস বা একত্রে থাকে যে।
অভ্যূহ, (অভি+ঊহ+অ) ষ্য, পুং, তর্ক বিতর্ক, অসম্পূর্ণ বাক্যের দ্বারা পদের সম্পূর্ণতা সম্পাদন।
অভ্র, (অভ্র+ক, কিম্বা অপ+ভৃ+ক) ষ্য, ন, আকাশ, মেঘ, স্বর্ণ, বেতগাছ, অভ্রকধাতু।
অভ্রংলিহ, (অভ্রং+লিহ+অ—ক) ষ্য, পুং, বায়ু। ণ, ত্রি, গগনস্পর্শী, অতি উচ্চ, "অন্তস্তোয়ং মণিময়ভুবস্তুঙ্গমভ্রংলিহাগ্রাঃ" মেঘদূত।
অভ্রক, (অভ্র+ক) ষ্য, ন, ধাতুবিশেষ, অভ্র।
অভ্রঙ্কষ, (অভ্রং+কষ+অচ) ষ্য, পুং, বায়ু। ণ, ত্রি, আকাশস্পর্শী, অত্যুচ্চ
অভ্র-পিশাচ, (অভ্র+পিশাচ) ষ্য, পুং, রাহুগ্রহ।
অভ্রপুষ্প, (অভ্র+পুষ্প ; ৬.হ) ষ্য, পুং, বেতসবৃক্ষ। ন, জল।
অভ্রমতঙ্গজ, অভ্রমাতঙ্গ, } (অভ্র+মতঙ্গজ, মাতঙ্গ, ৬-ষ) ষ্য, পুং, ঐরাবত হস্তী, পূর্ব্বদিঙনাগ।
অভ্রমালা, ষ্য, স্ত্রী, মেঘশ্রেণী।
অভ্রমু, (ন+ভ্রম্+উ) ষ্য, স্ত্রী, পূর্ব্বদিকের হস্তিনী, ঐরাবতের স্ত্রী।
অভ্রমুপ্রিয়, অভ্রমুবল্লভ, (অভ্রমু+প্রিয়, বল্লভ) ষ্য, পুং, পূর্ব্ব দিক্‌হস্তী, ইন্দ্রের ঐরাবত হস্তী। [পুং, বৈদূর্য্য মণি
অভ্ররোহ, (অভ্র+রুহ্+ঘঞ) ষ্য,
অভ্রলিপ্তী, (অভ্র+লিপ+ক্ত—ঈপ) ষ্য, স্ত্রী, অল্প মেঘবিশিষ্ট আকাশ।
অভ্রাতৃক, (ন+ভ্রাতৃ+ক ; ৬.হ) ণ, ত্রি, ভ্রাতৃহীন।
অভ্রান্ত, (ন+ভ্রান্ত) ণ, ত্রি, ভ্রমশূন্য, ভ্রান্তিরহিত। [ষ্য, পুং, বৃষ্টি পতন।
অভ্রাবকাশ, (অভ্র+অবকাশ ; ৬.হ)
অভ্রাবকাশিক, (অভ্রাবকাশ+ক) ণ, ত্রি, বৃষ্টিতে পতিত, জলে ভিজিতেছে যে
অভ্রি, (অভ্র+ই) ষ্য, স্ত্রী, মল পরিষ্কারক কাষ্ঠ, কুদ্দাল, কেঠো, ডীঙ্গা

প্রলৌহদণ্ড বিশেষ।

অভ্রিত, (অভ্র+ইত) ণ, ত্রি, সঞ্জাত-মেঘ, "দদৃশকালে দিবভ্রিতত্তামিব" রঘুবংশ।

অভ্রিয়, (অভ্র+ইয়) ণ, ত্রি, মেঘ-সম্বন্ধীয়, মেঘোৎপন্ন, আকাশীয়, অভ্রসম্বন্ধীয়। য়া—স্ত্রী, বিদ্যুৎ। ষ্য, ন, মেঘজল, বজ্র।

অভ্রেষ, (ন+ভ্রেষ) ষ্য, পুং, ন্যায়, উচিত। [ষ্য, ন, বজ্র।

অভ্রোত্থ, (অভ্র+উৎ+স্থা+ক ; ৫-স)

অম, (অম+অ—ভাব) ষ্য, পুং, রোগ, আময়। ণ, ত্রি, অপক্ব। ব্য, শীঘ্র, অল্প।

অমঙ্গল, (ন+মঙ্গল, ৬ ত) ষ্য, ন, মঙ্গলাভাব, অশুভ, অনিষ্ট, অশিব, "অমঙ্গলাভ্যাসরতিং বিচিন্ত্যতম" কুমারসম্ভব। পুং, এরণ্ডবৃক্ষ। ণ, ত্রি, মঙ্গলশূন্য, অশিবকর, অশুভসূচক।

অমঙ্গল্য, (ন+মঙ্গল্য) ণ, ত্রি, অমঙ্গলজনক। [পুং, এরণ্ড বৃক্ষ।

অমণ্ড (ন+মণ্ডি+অচ , ১ ত) ষ্য,

অমণ্ডিত, (ন+মণ্ডিত) ণ, ত্রি, অভূষিত।

অমত, (ন+মত বা অম+ক্ত) ষ্য, পুং, অসম্মতি, রোগ, মৃত্যু, সময়। ণ, ত্রি, অবিজ্ঞাত, অতর্কিত।

অমতপরার্থতা, (অমত+পরার্থ+তা) ষ্য, স্ত্রী, অলঙ্কারশাস্ত্রে বাক্য দোষবিশেষ।

অমতি, (অম+ক্তি) ষ্য, পুং, কাল, চন্দ্র, দুষ্টব্যক্তি। স্ত্রী, অজ্ঞানতা অনভিসন্ধি।

অমতিপূর্ব্ব, (অমতি+পূর্ব্ব) ণ, ত্রি, অজ্ঞাত, অতর্কিত, অকল্পিত।

অমত্ত, (ন+মত্ত) ণ, ত্রি, প্রকৃতিস্থ, ঠাণ্ডা, যে মাতাল নয়।

অমত্র, (অম+অত্রন্) ষ্য, ন, ভোজন পাত্র, থালা।

অমৎসর, (ন+মৎসর) ণ, ত্রি, ঈর্ষ্যাশূন্য, দানশীল।

অমনি, (অম+অনি) ষ্য, স্ত্রী, পথ, রাস্তা, (দেশজ) বিনামূল্যে, ঐ প্রকারে।

অমনুষ্য, ণ ত্রি, যাহার মনুষ্যত্ব কিছুই নাই, কাপুরুষ, অসাহসিক।

অমনোজ্ঞ, (ন+মনোজ্ঞ) ণ, ত্রি, অসন্তোষজনক, ঘৃণিত, কুৎসিত।

অমন্ত্র, (ন+মন্ত্র) ণ ত্রি, বেদোক্ত বিধিতে যাহাদের অধিকার নাই।

অমন্দ, (অম+দো+ত) ষ্য, পুং, ওষধি বৃক্ষ বিশেষ। (ন+মন্দ) ণ, ত্রি, পণ্ডিত, ভীষণ, অতিগভীর, "জ্যানির্ঘোষমমন্দ দুন্দুভি রবৈঃ" উত্তরচরিত। অনল্প, প্রচুর, "অমন্দমদদুর্দ্দিন দ্বিরতবারিদৈর্বারুতঃ" উত্তরচরিত। অজড়, উদ্যোগী, কুশল।

অমম, ষ্য, পুং, ভাবী জৈনবিং। (ন+মম) ণ, ত্রি, পার্থিব মায়া হইতে নিবৃত্ত। [শীঘ্র।

অমরতা, ষ্য, স্ত্রী, স্বার্থশূন্যতা, ঔদা

অমর, (ন+মৃ+অ—ঘ, ভাব, ৬ ত) ষ্য, পুং, দেবতা, অমরসিংহ কবি, পারদ, চতুর্ব্বিংশতি প্রকার বায়ুর মধ্যে একপ্রকার বায়, সুবর্ণ ধাতু, আস্থিসংহারক নামক বৃক্ষ বিশেষ, দেবদারু বৃক্ষ স্ত্রী, ইন্দ্র পুরী, খুঁটি, জরায়ু, নাভিনাল, নীল দূর্ব্বা, ঘৃতকুমারী। রা—স্ত্রী, ইন্দ্রের পুরী, দেবনগরী। ণ, ত্রি, মরণশূন্য, যাহার মৃত্যু নাই, যে নানা সৎকার্য্য করিয়া চিরস্মরণীয় হইয়াছে।

অমরকোষ, ষ্য, পুং, অমরসিংহকৃত প্রসিদ্ধ নাম লিঙ্গানুশাসন নামক কোষ।

অমরজ, ষ্য, পুং, খদির বৃক্ষ ভেদ।

অমরতা স্ত্রী, } (অমর+তা, ত্ব
অমরত্ব-ন, } —ভাবে) ষ্য,

দেবত্ব, অমরের ধর্ম্ম, মৃত্যুঞ্জয়, অবিনাশিতা, অক্ষয়ত্ব।
অমরদারু, (অমর+দারু ; ৬-ষ) ষ্য, পুং, দেবদারু বৃক্ষ।
অমরদ্বিজ, (অমর+দ্বিজ) ষ্য, পুং, দেবল, পূজারি ব্রাহ্মণ, দেবপূজক, দেবজীব। [ষ্য, পুং, ইন্দ্র।
অমরপতি, অমরাধিপতি, অমরেশ,
অমরপুষ্পক, (অমর+পুষ্প+ক, ৬-হ) ষ্য, পুং, কল্পবৃক্ষ, কাশতৃণ, কেশ্যা, কেতক, আম্রবৃক্ষ।
অমরসিংহ, ষ্য, পুং, স্বনামখ্যাত অষ্টশাব্দিক মধ্যে পরিগণিত নাম লিঙ্গানুশাসন নামক কোষকার, ইনি বিক্রমাদিত্যের অন্যতম রত্ন।
অমরলোক, ষ্য, ন, স্বর্গ, দেবতাদিগের আবাস ভূমি।
অমরলোকতা, ষ্য, ন, স্বর্গ। [অপ্সরা।
অমরস্ত্রী, অমরাঙ্গনা, ষ্য, স্ত্রী, স্বর্বেশ্যা,
অমরাদ্রি, (অমর+অদ্রি ; ৬-ষ) ষ্য, পুং, সুমেরু পর্ব্বত।
অমরাপগা, (অমর+অপগা) ষ্য, স্ত্রী, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
অমরালয়, (অমর+আলয় ; ৬-ষ) ষ্য, পুং, স্বর্গ, সুরলোক।
অমরাবতী, (অমর+বতু ; অ=আ) ষ্য, স্ত্রী, ইন্দ্রনগরী।
অমরু, ষ্য, পুং, স্বনামখ্যাত প্রসিদ্ধ কবিত্ব সম্পন্ন রাজা। [বাতাস শূন্য।
অমরুত, (ন+মরুত) ণ ত্রি, স্থির,
অমর্ত্ত্য, (ন+মর্ত্ত্য) ষ্য, পুং, দেবতা, অমর। ণ, ত্রি, অক্ষয়, অবিনাশ।
অমর্ত্ত্যভুবন, ষ্য, ন, স্বর্গ, মুসলমানদিগের স্বর্গ-বিং।
অমর্দ্দিত, ণ, ত্রি, যাহা ছাড়া হয় নাই, অপেক্ষিত, অপরাজিত।
অমর্ষ, আমর্ষ, (ন+মৃষ+অ-ভাব) ষ্য, পুং, ক্রোধ, অক্ষমা, অসহিষ্ণুতা, হিংসা, অপমানাসহিষ্ণুতা, (অলঙ্কারশাস্ত্রে) ব্যভিচারীভাব বিশেষ।
অমর্ষণ, (ন+মৃষ+অন-ভাব, ষ) ষ্য, ন, ক্রোধ। ণ, ত্রি, ক্রুদ্ধ, ক্রোধী, অসহন।
অমল, (ন+মল) ণ, ত্রি, নির্ম্মল, পরিষ্কৃত, স্বচ্ছ, শুভ্র। লা—স্ত্রী, ভূমিআমলকী, লক্ষ্মী, নাভীর নাড়ী রজ্জু। ন, অভ্রক ধাতু।
অমলপতত্রী, ষ্য, পুং, স্ত্রী, বঙ্গকুক্কুট।
অমলিন, ণ, ত্রি, পরিষ্কার, বিশুদ্ধ।
অমস, (অম+অস) ষ্য, পুং, কাল, মূর্খতা, রোগবিশেষ। [হীন।
অমস্তক, (ন+মস্তক) ণ, ত্রি, মস্তক-
অমা, (ন+মা+ক্বিপ্—আ) ষ্য, সহিত, নিকট। ষ্য, স্ত্রী অমাবস্যা, চন্দ্রের ষোড়শকলা, চন্দ্রমণ্ডলস্থ সূর্য্য কিরণ।
অমাংস, (ন+মাংস ; ৬.হ) ণ, ত্রি, কৃশ, দুর্ব্বল, ক্ষীণকায়। ষ্য, ন, নিরামিষ ভক্ষ্যবস্তু।
অমাত্য, (অমা+ত্য কিম্বা অমা+অৎ+য) ষ্য, পুং, মন্ত্রী, সহচর।
অমাত্র, (ন+মাত্রা) ণ, ত্রি, অপরিমিত, অপরিচ্ছিন্ন, মাত্রাহীন ওঙ্কার, অসমস্ত, খণ্ডিত। [কষ্ট।
অমানস্য, (ন+মনস্+ণ্যং) ষ্য, ন,
অমানুষ, (ন+মানুষ) ণ, ত্রি, অলৌকিক, মন্দলোক, পশ্বাদিতুল্য, অপদার্থ। [মানের অযোগ্য।
অমান্য, ষ্য, ন, অনাদর। ণ, ত্রি, স-
অমাবস্যা, অমাবাস্যা, অমাবসী, অমামসী, অমামাসী, (অমা+বস্+যণ্ ডে) ষ্য, স্ত্রী, কৃষ্ণপক্ষের শেষ তিথি, যে তিথিতে চন্দ্র ও সূর্য্য সমসূত্র ভাবে অবস্থিতি করে।
অমায়, (ন+মায়া, ৬.হ) সত্য, মোহরহিত, সরল, কাপট্য শূন্য। য়া—স্ত্রী, মোহভাব, তত্ত্বজ্ঞান, সরলতা।
অমায়িক, (ন+মায়িক) ণ, ত্রি,

অকপট, সরল, মুগ্ধভাব, নিরহংকার।
অমায়ী, ণ, ত্রি, সরলরূপে কার্য্য-কারী, প্রবঞ্চনা বা শঠতা পূর্ব্বক যিনি কার্য্য না করেন।
অমার্গ, ষ্য, পুং, পথাভাব। ণ, ত্রি, পথবিহীন, যাহার পথ নাই।
অমার্গিত, ণ, ত্রি, অনম্বেষিত, যাহার অন্বেষণ করা হয় নাই, অননুসৃত।
অমার্জ্জিত, (ন+মার্জ্জিত) ণ, ত্রি, অপরিষ্কৃত, অভূষিত।
অমিত, (ন+মিত) ণ, ত্রি, অপরিমিত, যাহার পরিমাণ করা যায় না, অসীম, অবধারিত, অপরিস্কৃত।
অমিতৌজস্, (অমিত+ওজস্) ণ, ত্রি, পরাক্রান্ত, সর্ব্বশক্তিমান্।
অমিত্র, (ন+মিত্র, নঞ-ষ কিম্বা অম্+ইত্র) ষ্য, পুং, শত্রু, অরি। ণ, ত্রি, বিপক্ষ, প্রতিকূল।
অমিত্রকর্ষণ, (অমিত্র+কৃষ+অন) ণ, ত্রি, শত্রুঘ্ন, শত্রুদমনকারী।
অমিন, (অম+ইন) রোগী, ব্যাধী।
অমিশ্র, (ন+মিশ্র) ণ, ত্রি, মিশ্রিত নয়, বিশুদ্ধ, খাঁটি। [ভোগ বিলাস।
অমিষ, (অম্+ইষন্) ষ্য, ন, সততা,
অমীব, ষ্য, ন, পাপ, কষ্ট।
অমুক, (অদস্+অক—উ যোগ) ণ, ত্রি, কোন ব্যক্তি বা বস্তু যাহা নামের পরিবর্ত্তে ব্যবহার করা যায়, ঐ, সেই (অনিশ্চয় স্থলেই প্রয়োগ হয়)
অমুক্ত, (ন+মুচ+ক্ত) ণ, ত্রি, অপরিত্যক্ত, অপ্রাপ্তমোক্ষ। ষ্য, ন, ছুরিকা।
অমুক্তহস্ত, (অমুক্ত+হস্ত) ণ, ত্রি, দানশীল, যাহার হস্ত অকাতরে ব্যয় করিতে সমর্থ, ব্যয় করিতে কুণ্ঠিত নয় যে, জ্ঞানী।
অমুতঃ, (অদস্+তস্) এখান হইতে।
অমুত্র, (অদস্+ত্র) ষ্য, পরলোক, জন্মান্তরে, ভবান্তরে।
অমুত্রত্য, (অমুত্র+ত্য) পরলোক সম্বন্ধীয়, জন্মান্তর বিষয়ক। [তখনই।
অমনি, (দেশজ) ক্রি—ণ, তৎক্ষণাৎ,
অমুষ্যপুত্র, (অমুষ্য=ইহার+পুত্র) ষ্য, পুং, সৎকুলোদ্ভব, প্রখ্যাতবংশোদ্ভব, কুলীন।
অমুষ্যায়ণ, (অমুষ্য+আয়ণ) ষ্য, পুং, স্ত্রী, এই প্রসিদ্ধবংশের সন্তান, সৎকুলোদ্ভব।
অমূর্ত্ত, (ন+মূর্ত্ত) ণ, ত্রি, মূর্ত্তিহীন, বায়ু আকাশ প্রভৃতি, ন্যায়মতে, আকাশ, কাল দিক ও আত্মা।
অমূর্ত্তগুণ, (ন্যায়শাস্ত্রে) অমূর্ত্তদ্রব্যাশ্রিত গুণ, যথা ধর্ম্ম, অধর্ম্ম, ভাবনা, শব্দ, বুদ্ধি, সুখ দুঃখ, ইচ্ছা দ্বেষ ও যত্ন।
অমূর্ত্তবিদ্, (অমূর্ত্ত+বিদ্) শূন্যবাদী সর্ব্বাকার বিরহিত পরমার্থবিদ্।
অমূল, } (ন+মূল+ক, ৬.হ)
অমূলক, } ণ, ত্রি, মূল-রহিত, ভিত্তিশূন্য, অপ্রামাণিক, মিথ্যা।
অমূল্য, (ন+মূল্য; ৬.হ) ণ, ত্রি, মূল্য দিয়াও যাহা ক্রয় করিতে পাওয়া যায় না।
অমৃণাল, ষ্য, ন, এক প্রকার সুগন্ধি ঘাসের শিকড় বিং, যাহা ভারতবর্ষে গ্রীষ্মকালে পর্দ্দার ন্যায় ব্যবহৃত হয়, ইহাকে খস খস (Khas Khas) বলে
অমৃত, (ন+মৃঙ্+ত—ভাব; ৫.হ) ষ্য, ন, দেবতাদিগের ভোজ্য, সুধা জল, ঘৃত, অন্ন, সুস্বাদ বস্তু, ধন, মুক্তি, বিষ, অযাচিত লব্ধ বস্তু, যোগ বিশেষ। পুং, দেবতা, ধন্বন্তরি। তা—স্ত্রী, দূর্ব্বা, তুলসী, জলবাহিনী সূর্য্যরশ্মি—আনন্দা, মেধ্যা, ভূচনা, পূতনা এই চারিটী, সুরা, আমলকী, হরীতকী। ণ, ত্রি, অমৃতবন্নিরতিশয় তৃপ্তিহেতু প্রিয়, সুন্দর, অমর।

অমৃতকুণ্ড, (অমৃত+কুণ্ড, ৬-ষ) ষ্য, ন, অমৃতকূপ, অমৃতকলস, অমৃতপাত্র।
অমৃততরঙ্গিণী, (অমৃত+তরঙ্গিণী, ৬ষ) ষ্য, স্ত্রী, জ্যোৎস্না, চন্দ্রিকা।
অমৃতদীধিতি, (অমৃত+দীধিতি, ৬.হ) ষ্য, পুং, চন্দ্র।
অমৃতপ, (অমৃত+পা+ড) ণ, ত্রি, অমৃত পানকারী। ষ্য, পুং, দেবতা।
অমৃতযোগ, (অমৃত+যোগ) জ্যোতিশাস্ত্র-প্রসিদ্ধ শুভযোগবিশেষ।
অমৃতরস, ষ্য, পুং, সুধা, দেবান্ন।
অমৃতসারজ, (অমৃত+সার+জন্+ড ৫-ষ) ষ্য, পুং, গুড়, খাঁড়। [পুং, চন্দ্র।
অমৃতসূ, (অমৃত+সূ+ক্বিপ্, ২-ষ) ষ্য,
অমৃতসোদর, (অমৃত+সোদর) ষ্য, পুং, সমুদ্র মন্থন কালে সুধা হইতে জাত ঘোটক। [পুং, দেবতা।
অমৃতান্ধস্, (অমৃত+অন্ধস ;৬.হ) ষ্য,
অমৃতাশন, (অমৃত+অশন, ২-ষ) ষ্য, পুং, দেবতা, অমর।
অমৃতাহরণ, (অমৃত+আ+হৃ+অন) ষ্য, পুং, বিষ্ণুর বাহন, গরুড় পক্ষী।
অমৃত্তি, ষ্য, স্ত্রী, পানপাত্র।
অমেধাঃ, (ন+মেধা ; ৬.হ) ণ, ত্রি, নির্ব্বুদ্ধি, অবোধ, স্মরণশক্তিহীন।
অমেধ্য, (ন+মেধ্য=পবিত্র) ণ, ত্রি, অপবিত্র। ষ্য, ন, পুরীষাদি. যজ্ঞের অযোগ্য। [দি দ্বারা রক্ষিত।
অমেধ্যলিপ্ত, ণ, ত্রি, অপবিত্র, বিষ্ঠা
অমেয়, (ন+মেয়) ণ, ত্রি, পরিমাণের অযোগ্য, অপরিচ্ছেদ্য, প্রচুর।
অমেয়াত্মা, ণ, ত্রি, বৃহৎ, প্রকাণ্ড, অসাধারণ মানসিক শক্তি বিশিষ্ট।
অমোক্ষ, (ন+মোক্ষ) ষ্য, পুং, কয়েদ, বন্ধ, যাবজ্জীবন কয়েদ। ণ, ত্রি, অমুক্ত, বন্দী।
অমোঘ, (ন+মোঘ) ণ, ত্রি, অবন্ধ্য, সফল, অব্যর্থ। ঘা—ষ্য, স্ত্রী, পারুল বৃক্ষ পুং, নদী বিশেষ।

অম্বক, (অম্ব+অক) ষ্য, ন, চক্ষুঃ তাম্র। পুং, পিতা।
অম্বর, (অম্ব্+অর) ষ্য, ন, আকাশ, বস্ত্র, কার্পাস তুলা, অম্বুরি নামক গন্ধ দ্রব্য, অভ্র।
অম্বরযুগ, ষ্য, ন, স্ত্রীলোকদিগের উপরিস্থ ও নিম্নস্থ দুইটী পরিচ্ছদ বিশেষ
অম্বরান্ত, (অম্বর+অন্ত) ষ্য, পুং, পৃথিবী মণ্ডলের দ্বিখণ্ডকারক রেখা, দৃষ্টিপরিচ্ছেদক রেখা (Horizon), বস্ত্র প্রান্ত।
অম্বরিষ, ষ্য, ন ভর্জ্জনপত্র।
অম্বরীষ, (অম্ব্+ঈষ) ষ্য, পুং—ন, ভর্জ্জন পাত্র, ভাজনা খোলা, যুদ্ধ। পুং, শিব, বিষ্ণু, সূর্য্য, বালক, নৃপবিশেষ, সূর্য্যবংশীয় নাভাগ রাজার পুত্র, নরক বিশেষ, অনুতাপ, আম্রাতক বৃক্ষ।
অম্বরলেখী, (অম্বর+লেখী) ণ, ত্রি, অভ্রঙ্কষ, গগণস্পর্শী, অত্যুন্নত।
অম্বষ্ঠ, (অম্ব+স্থা+অ, অম্বা+স্থা+ঘ) ষ্য, পুং, ব্রাহ্মণের ঔরসে বৈশ্যার গর্ভজাত, বৈদ্য, দেশবিশেষ, হস্তিপক। ষ্ঠা—স্ত্রী, যুঁইগাছ, নিমুই গাছ, বনতিক্তিকা, আমরুল শাক, আম্রাতক, কেহ কেহ ইহাকে আমড়াও বলিয়া থাকেন।
অম্বষ্ঠকী, ষ্য, স্ত্রী, লতাম্রিয়া গাছ।
অম্বা, (অবি+অ) ষ্য, স্ত্রীং, মাতা, দুর্গা, কাশীরাজদুহিতা, (নাট্যে) ঐ, (The same.)
অম্বালা, (অম্ব+লা+ক+আ) অম্বা এই শব্দ যিনি ধারণ করে, নগরীবিশেষ
অম্বালিকা, (অম্বালা+ক) ষ্য, স্ত্রী, মাতা, মায়া, দুর্গা, পাণ্ডুরাজমাতা।
অম্বিকা, (অম্বা+ক) ষ্য, স্ত্রী, মাতা, দুর্গা, ধৃতরাষ্ট্রের জননী, জৈনদেবী বিশেষ, ঔষধীয় উদ্ভিদ বিশেষ।
অম্বিকেয়, (অম্বিকা+এয়) ষ্য, পুং,

কার্ত্তিকেয়, গণেশ, ধৃতরাষ্ট্র।
অম্বু, (অবি=শব্দ করা+উ) ষ্য. ন, জল, ওষধি বিশেষ।
অম্বুক, (অম্বু+ক) ষ্য, ন, রক্তবর্ণ এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
অম্বুকণা, ষ্য, স্ত্রী, জলবিন্দু, জলকণা।
অম্বুকণ্টক, } (অম্বু+কণ্টক,কিরাত)
অম্বুকিরাত, } ষ্য, পুং, কুম্ভীর।
অম্বুকীশ, অম্বুকূর্ম্ম, (অম্বু+কীশ= বানর, কূর্ম্ম=কচ্ছপ) ষ্য, পুং, শিশুমার, শুশুক। [শৈবাল, শেওলা।
অম্বুচামর, (অম্বু+চামর) ষ্য, ন,
অম্বুজ, (অম্বু+জন্+ড ; ৭-ষ) ষ্য. ন, জলজ, পদ্ম, চন্দ্র, বজ্র। পুং, হিজ্জল বৃক্ষ। পুং—ন,শঙ্খ। ণ,ত্রি, জলজাত, সলিলোদ্ভূত।
অম্বুজন্ম, ষ্য, ন, পদ্ম।
অম্বুতস্কর, (অম্বু+তস্কর) সূর্য্য জলশোষণ করেন বলিয়া সূর্য্যকে অম্বুতস্কর বলে। [শৈবাল।
অম্বুতাল, (অম্বু+তাল) ষ্য, পুং,
অম্বুদ,(অম্বু+দা+ড-ষ)ষ্য,পুং,জলদ মেঘ,অভ্রনামক ধাতুবিশেষ, মুস্তক।
অম্বুদাগম, (অম্বুদ+আগম) ষ্য, পুং, বর্ষাকাল।
অম্বুধর, (অম্বু+ধর : ২-ষ) ষ্য, পুং. জলধর, মেঘ, মুস্তক, অভ্রনামক ধাতু বিশেষ।
অম্বুধি, অম্বুনিধি, (অম্বু+ধা+কি-ষ, ২-ষ। অম্বু+নি+ধা+কি-ডে) ষ্য, পুং, জলধি, সমুদ্র, সিন্ধু, সাগর।
অম্বুধিস্রবা, (অম্বুধি+স্রু+আ) ষ্য, স্ত্রী, ঘৃতকুমারী।
অম্বুপ, (অম্বু+পা+ড) ষ্য. পুং, বরুণ, শতভিষা নক্ষত্র। ণ. ত্রি, যিনি জলপান করেন। [লের স্রোত, প্রবাহ।
অম্বুপদ্ধতি,(অম্বু+পদ্ধতি) ষ্য,স্ত্রী, জ-
অম্বুপ্রসাদন, (অম্বু+প্র+সদ+অন) ষ্য,পুং, জল পরিষ্কারক ফল বিশেষ।

অম্বুভৃৎ, (অম্বু+ভৃ+ক্বিপ-ষ:২ ষ) ষ্য, পুং, মেঘ, বারিবাহ, সমুদ্র, ধান্যবিঃ
অম্বুমান্, (অম্বু+মতু) ষ্য, পুং, নদী, তট, কচ্ছদেশ। ণ, ত্রি, জলবিশিষ্ট, জলপূর্ণ।
অম্বুমাত্রজ, (অম্বু+মাত্র+জন+ড) ষ্য, পুং, শম্বুক,শামুক। [গোবরাট।
অম্বুর, (অম্বু+রা+ড) দ্বারাধঃকাষ্ঠ.
অম্বুরাশি, (অম্বু+রাশি) ষ্য, পুং, জলনিধি, সমুদ্র। [ন, পদ্ম, জলজ।
অম্বুরুহ, (অম্বু+রুহ+অ-ষ;৭.ত) ষ্য,
অম্বুরোহিণী, (অম্বু+রুহ+ণিন্) ষ্য, স্ত্রী, পদ্ম।
অম্বুবাচী, (অম্বু+বচ+ণি) ষ্য, স্ত্রী. রজস্বলাভূমি, বোধ হয় এই সময়ে পৃথিবী জল সিক্ত হওয়াতে শস্যপ্রসবক্ষমা বলিয়া জ্যোতিষশাস্ত্রকারেরা এই সময়ে ইহাকে রজস্বলা বলিয়া থাকেন, মিথুন রাশিস্থ আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগ কাল, আষাঢ় মাসের কৃষ্ণপক্ষীয় ১০ই হইতে ১৩ই পর্য্যন্ত ৪ দিন যে সময়ে পৃথিবী অশুচি হন ও কৃষিকর্ম্ম নিষিদ্ধ।
অম্বুবাহ, (অম্বু+বহ+ঘঞ: ২-ষ) ষ্য, পুং, মেঘ, বারিবাহ, ভিস্তীওয়ালা।
অম্বুবাহী, (অম্বু+বাহিন্) ণ, ত্রি, জলবহনকারী। হিনী—স্ত্রী, কাষ্ঠাদি নির্ম্মিত জলসেচনী পাত্র, নদী।
অম্বুবেতস, ষ্য পুং, এক প্রকার বেত যাহা জলে জন্মে।
অম্বুসংরোধ, (অম্বু+সং+রুধ+ঘঞ) ষ্য, পুং, সমুদ্র। [স্রোত,জলপ্রবাহ।
অম্বুসরণ, (অম্বু+সৃ+অনট) ষ্য, ন,
অম্বুসর্পিণী, (অম্বু+সৃপ+ইন্-ষ) ষ্য স্ত্রী, জলৌকা, জোঁক।
অম্বুসেচনী, (অম্বু+সিচ+ণিন্+ঈ ষ্য, স্ত্রী, নৌকা হইতে জল ছেঁচিয় ফেলিবার জন্য যে কাষ্ঠময় পাত্র

ব্যবহৃত হয়, কাস্তো।
অম্বুকৃত, (অম্বু+কৃত, ৩-ব) ণ, ত্রি, নিষ্ঠীবনযুক্ত (বাক্য) সথুৎকার।
অম্ল, (অম্ব+ক্ল) অম্লরস।
অম্ভস্, (অন্ভ+অস্) ব্য, ন, জল, (অঙ্কশাস্ত্রে) চতুর্থ সংখ্যা, (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থরাশি, বৈদিকচ্ছন্দোবিশেষ, বহুবচন হইলে দেব, মনুষ্য, পিতা, অসুর বুঝায়।
অন্তঃসার, (অম্ভস্+সার; ৬-ব) ব্য, ন, মুক্তা। [ধোঁয়া।
অম্ভঃস্থ, (অম্ভস্+স্থ) ব্য, পুং, ধূম,
অম্ভোজ, (অম্ভস্+জন্+ড; ৭-ব) ব্য, ন, পদ্ম, জলজ। পুং, চন্দ্র, সারসপক্ষী, শর, খাগড়া, বেত। পুং—ন, শঙ্খ। ণ, ত্রি, জলপাত। জিনী—স্ত্রী, পদ্মসমূহ, পদ্মিনী, পদ্মের ঝাড়
অম্ভোজজনি, যোনি, (অম্ভোজ+জনি, যোনি) ব্য, পুং, বিষ্ণুনাভিপদ্মে যাহার উৎপত্তি, ব্রহ্মা।
অম্ভোদ, অম্ভোধর, (অম্ভস্+দা+ড, অম্ভস্+ধর; ২-ব) ব্য, পুং, মেঘ।
অম্ভোধি, অম্ভোনিধি, (অম্ভস্+ধা, নি+ধা+কি-ডে) ব্য, পুং, সমুদ্র।
অম্ভোধিবল্লভ, (অম্ভোধি+বল্লভ) ব্য, পুং, প্রবাল, পলা। [সমুদ্র।
অম্ভোরাশি, (অম্ভস্+রাশি) ব্য, পুং,
অম্ভোরুহ, (অম্ভস্+রুহ+কিপ্) ব্য, ন, পদ্ম, জলজ। [ফেনাদি।
অম্ময়, (অপ+ময়) ণ, ত্রি, জলময়,
অম্র, (অম্+র) ব্য, পুং, আম্রবৃক্ষ। ন, আম্রফল।
অম্রাত, } (অম্র+অত+অক) ব্য,
অম্রাতক, } পুং, আমড়া গাছ। ন, আমড়া।
অম্ল, (অম্+ল) ব্য, পুং, রসবিশেষ, টক। স্ত্রী, তেঁতুল গাছ, টক্ দই। ণ, ত্রি, অম্লরসযুক্ত। [লেবু।
অম্লকেশর, ব্য, পুং, কলম্বালেবু, কটুয়া
অম্লগোরস, (অম্ল+গো+রস) ব্য, পুং, তক্র, ঘোল। [পালম।
অম্লচুক্রিকা, ব্য, স্ত্রী, অম্লশাক, চুকা-
অম্লজান, (অম্ল+জান) বর্ণহীন অদৃশ্য বাষ্প, ইহা আস্বাদন ও গন্ধবিরহিত, ভূবায়ুতে ইহা অসংযুক্ত অবস্থায় বাসকরে। (Oxygen.)
অম্লপঞ্চক, (অম্ল+পঞ্চক) ব্য, ন, অম্লরসযুক্ত পাঁচ প্রকার ফল, যথা কোল, দাড়িম বৃক্ষাম্ল, চুক্রিকা, অম্লবেতস, অথবা জম্বীর, নারঙ্গ, অম্লবেতস, তেঁতুল, বীজপুর।
অম্লপিত্ত, ব্য, ন, স্বনামখ্যাত রোগবিশেষ, পাকস্থলীর অম্লত্ব প্রাপ্তি।
অম্লফল, ব্য, পুং, তেঁতুল গাছ।
অম্লমেহ, (অম্ল+মেহ) প্রস্রাবের বৈকল্য হেতু যে ছয় প্রকার মেহ উৎপন্ন হয় তাহার অন্যতম, ছয়প্রকার মেহ, যথা অম্লমেহ, নীলামেহ, হরিদ্রামেহ, ক্ষারমেহ, মঞ্জিষ্ঠামেহ, শোণিত মেহ। [ব্য, পুং, টক, অম্লত্ব
অম্লরস, ণ, ত্রি, অম্ল, অম্লস্বাদ বিশিষ্ট,
অম্ললোলিকা, অম্ললোণিকা, অম্ললোণী, ব্য, স্ত্রী, আম্রুল শাক।
অম্লবর্গ, (অম্ল+বর্গ) ব্য, পুং, সুশ্রুত-মতে দাড়িম্ব, আমলকি, মাতুলঙ্গ, আম্রাতক, (আমড়া) কপিত্থ, করমর্দ্দ, বদর, কোল, তেঁতুল, কেশাম্র, ভব্য, পারাবত, বেত্রফল, লকুচ, অম্লবেতস্, দন্তশঠ, দধি, তক্র, সুরা, শুক্ত, সৌবীরক, তুষোদক এবং ধান্যাম্ল। [রোগ বিশেষ।
অম্লাধ্যুষিত, (অম্ল+অধ্যুষিত) চক্ষু-
অম্লান, (ন+ম্লান) ণ, ত্রি, প্রফুল্ল, বিকসিত, অবিবর্ণ। ব্য, পুং, কণ্টকবৃক্ষ, আমলা।
অম্লানি, (ন+ম্লানি) ণ, ত্রি, বলবান, সতেজ। ব্য, স্ত্রী, সতেজতা, তাজা, সবুজ।

অম্লিকা, অম্লীকা, (অম্ল+ক) ষ্য, স্ত্রী, তেঁতুল গাছ, অম্লপিত্ত রোগবিঃ

অয়, (আ+ই+অ) ষ্য, পুং সৌভাগ্য, শুভাদৃষ্ট, শুভদায়ক বিধি, নরকবিশেষ, লাভ, দ্যূতক্রীড়াতে পাশার গতিভেদ।

অযতী, ণ, ত্রি, যাহার ইন্দ্রিয় বশীভূত নয়, ইন্দ্রিয়পরতন্ত্র। [অবহেলা।

অযত্ন, (ন+যত্ন) ষ্য, পুং, অনাদর,

অযত্নকৃত, ণ, ত্রি, স্বাভাবিক, অকৃত্রিম, যাহা আপনা হইতে হয়।

অযত্নবৎ, ণ, ত্রি, অলস, অসাবধান।

অযত্নসম্ভূত, ণ, ত্রি, বিনা যত্নে উৎপন্ন, অনায়াসসিদ্ধ।

অযথা, (ন+যথা) ব্য, ক্রি, ণ, অনুপযুক্তরূপে, বিশৃঙ্খলরূপে।

অযথাতথ, (ন+যথা+তথা) ণ, ত্রি, অযোগ্য, অনুপযুক্ত, অসম্বদ্ধ, অলাভজনক, অকর্ম্মণ্য, বৃথা।

অযথার্থ, ণ, ত্রি, মিথ্যা, অসঙ্গত, অর্থশূন্য, ভাব রহিত।

অযথাভূত, (ন+যথা+ভূ+ক্ত) যে রূপ হওয়া উচিত সে রূপ নহে। অযথাভূত-দর্শনশাস্ত্র ; দর্শন শাস্ত্রের যাহা উদ্দেশ্য তাহা প্রতিপন্ন না করিয়া তদ্বিপরীতার্থ প্রতিপাদক।

অযথাশাস্ত্রকারী, ণ, ত্রি, যিনি ধর্ম্মশাস্ত্র মত কার্য্য না করেন, অধার্ম্মিক।

অয়ন, (ই+অনট—ধ, ডে) ষ্য, ন, পথ, সূর্য্য যাহাতে দিগন্তর গমন করেন, উত্তরায়ণ, দক্ষিণায়ন, আশ্রয়, গতি, স্থান, জন্ম, শাস্ত্র।

অয়ন-মণ্ডল, রাশিচক্র ও রাশিচক্রস্থ সূর্য্যের দৃশ্যমান্ গমনীয় পথ। (Ecliptic)

অয়নান্তবৃত্ত, (অয়ন+অন্ত+বৃত্ত) বিষুব রেখার উভয় পার্শ্বে কিয়দ্দূর অন্তরে অপর যে দুই রেখা কল্পিত আছে, তাহা সূর্য্যের উত্তর ও দক্ষিণ অয়নের সীমা বলিয়া উহাদের নাম "অয়নান্তবৃত্ত," সূর্য্যের উত্তর দক্ষিণে গতির সীমানিরূপক রেখা। [বান।

অয়বৎ, ণ, ত্রি, সৌভাগ্যশালী, ভাগ্য-

অযন্ত্রিত, ণ, ত্রি, অদম্য, একগুঁয়ে।

অযবনবমী, (অযব+নবমী) ভাদ্রপদের কৃষ্ণনবমীতিথি।

অযশস্কর, অযশস্য, (অযশস্+কর, অযশস্+য) ণ, ত্রি, অখ্যাতিজনক, যাহাতে অযশ হয়।

অয়স্, (ই+অস) ষ্য, ন, লৌহ, পুং, বিষ্ণু, বহ্নি, অগ্নি, আগুন।

অয়স্কান্ত, (অয়স্+কান্ত) ষ্য, পুং, লৌহাকর্ষক মণি, চুম্বক পাথর।

অয়স্কার, (অয়স্+কার) ষ্য, পুং, লৌহকার, কামার, উরুতের উপরিভাগ। [প্রার্থিত।

অযাচিত, (ন+যাচিত) ণ, ত্রি, অ-

অযাজ্য, (ন+যাজ্য) ণ, ত্রি, যজ্ঞ করিবার অনুপযুক্ত, জাতিচ্যুত, পতিত।

অযাতপূর্ব্ব, ণ, ত্রি, পশ্চাতের, পরের।

অয়ান, (অ+যা+অনট) ষ্য, ন, স্বভাব, স্থিতি, বিশ্রাম।

অয়ানয়, (অয়+অনয়) ষ্য, ন, অক্ষক্রীড়াতে ক্রীড়কদিগের স্থলবিশেষ এবং গতিবিশেষ, দেশবিশেষ।

অয়ানয়ীন, (অযানয়+খ) ণ, ত্রি, অয়ানয় দেশোৎপন্ন বা তথা হইতে আনীত।

অযাবক, (ন+যাবক) ণ, ত্রি, যাহা লাক্ষা রঞ্জিত নহে, স্বাভাবিক লাল।

অয়ি, (ইন্+ই) ব্য, অনুনয়, অনুরাগ, সান্ত্বনা, কোমল সম্বোধন, প্রশ্ন

অযুক্ছদ, অযুগ্মচ্ছদ, } (অযুজ্, অযুগ্ম+ছদ ৬.হ) ষ্য, পুং, সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিম গাছ।

অযুক্ত, (ন+যুক্ত) ণ, ত্রি, অনুচিত, যাহা যুক্তিসিদ্ধ নহে।

অযুক্তি, (ন+যুক্তি) ষ্য, স্ত্রী, পার্থক্য, বিবেচনাসিদ্ধ না হওয়া, মতের অনৈক্যতা।
অযুগ, } (ন+যুগ, যুগ্ম) ণ, ত্রি,
অযুগ্ম, } স্বতন্ত্র, এক, বিষম।
অযুগপৎ, ক্রি, ণ, ক্রমে,ক্রমে একেবারে নয়, এককালে নয়।
অযুগার্চ্চিঃ, (অযুগ+অর্চ্চিঃ) ষ্য,পুং, অগ্নি। [এক, বিষম, বিযোড়।
অযুজ,(ন+যুজ+ক্বিপ্) ণ, ত্রি, পৃথক,
অযুত, (ন+যুত) ষ্য, ন, দশসহস্র. ১০,০০০। ণ, ত্রি, অসংযুক্ত।
অযুতাশ্চ. (অযুত+অশ্চ) ষ্য, পুং, স্বনামখ্যাত সগরবংশীয় রাজা।
অযুদ্ধ, ষ্য, ন, যুদ্ধের বিরাম, কুশল, সন্ধি, (Peace.)
অয়ে, (ইন+এ) ব্য, স্মরণ, শ্রম, ভয়, ক্রোধ, বিষাদ, সম্বোধন, সম্ভ্রম, শোক, কোমল সম্ভাষণ।
অযোগ, (ন+যোগ, অথবা অয়স=লৌহ+গ=যাহা গিয়াছে বা আছে) ষ্য, পুং, পার্থক্য,অমিল,যে পুরুষের স্ত্রী মরিয়া গিয়াছে, চিকিৎসা, ঘৃণা, বল, পরাক্রম, লৌহনির্ম্মিত মুদ্গর বা হাতুড়ি।
অয়োগব, (অযোগ+ব [বা=যাওয়া+ড]) ষ্য,পুং,শূদ্রের ঔরসে বৈশ্যাজাত
অযোগবাহ, (অযোগ+বাহি+অ) ষ্য, পুং, অনুস্বার বিসর্গাদি বর্ণ।
অয়োগুল, } (অয়স্+গুল, গুড়,
অয়োগুড়, } =গোলাকার বস্তু) ষ্য,পুং, লৌহ গুলিকা, লোহার গুলি
অয়োগোলক, ষ্য, পুং, লৌহনির্ম্মিত গোলাকার বস্তু। [পযুক্ত।
অযোগ্য, (ন+যোগ্য) ণ, ত্রি, অনু-
অযোগ্যম্মন্য, (অযোগ্যং+মন্+য) ষ্য, পুং, যে আপনাকে অনুপযুক্ত বলিয়া বিবেচনা করে।
অয়োগ্র, (অয়স্+অগ্র, ৬.হ) ষ্য, ন, মুষল, যদ্দ্বারা উদূখলে ধান্যাদি পরিষ্কার করা যায়, বাণাদি অস্ত্র, হাতুড়ি
অয়োঘন, (অয়স্+হন্+অ—ঘ) ষ্য, পুং, লৌহ খণ্ড, হাতুড়ি প্রভৃতি, মুদ্গর।
অযোজন,(ন+যোজন=সংলগ্নীকরণ) ষ্য,ন-স্ত্রী, অনৈক্য, পার্থক্য,আলাদা
অয়োদৎ, (অয়স্+দৎ=দন্ত) ণ, ত্রি, লৌহ নির্ম্মিত দন্তবিশিষ্ট।
অযোধ্য, (ন+যুধ+ণ্যৎ—ড) ণ, ত্রি,যাহার প্রতিযোদ্ধা নাই। ধ্যা—স্ত্রী, রামচন্দ্রের রাজধানী, (Oude)
অযোনি, (ন+যোনি, ৬.হ) ণ, ত্রি, জন্ম রহিত, ব্রহ্মা, শিব।
অযোনিজ, (ন+যোনি+জন্+ড) ণ, ত্রি, অগভজাত। ষ্য, পুং, পরমেশ্বর। জা-স্ত্রী,সীতা। ন্যায় শাস্ত্রে—শরীর দ্বিবিধ,যোনিজ ও অযোনিজ. কৃমিদংশাদি স্বেদজ ও তরুগুল্মাদি উদ্ভিদ সকলকে অযোনিজ পদার্থ কহে।
অযোনিসম্ভবা, (ন+যোনি+সম্ভব) ষ্য, স্ত্রী, সীতা। [লৌহ নির্ম্মিত।
অয়োময়, (অয়স্+ময়ট) ণ, ত্রি,
অয়োমল, (অয়স্+মল, ৬-ষ) ষ্য, ন, লৌহমল, লোহার মরিচা।
অয়োমুখ, (অয়স্+মুখ, ৬.হ) ণ, ত্রি, যাহার মুখে লৌহ আছে। ষ্য, পুং, লৌহাগ্র বাণ, পর্ব্বতবিশেষ।
অয়োবাহু, (অয়স্+বাহু) ষ্য, পুং, ধৃতরাষ্ট্রের শতপুত্র মধ্যে একটী পুত্র।
অয়োহৃদয়, (অয়স্+হৃদয়) ণ, ত্রি, লৌহের ন্যায় কঠিন হৃদয় যার, নির্দ্দয়
অর, (ঋ+অ) ষ্য, ন, চাকার পাখি। ক্রিং, ণ, আশু, দ্রুত, শীঘ্র, পর্য্যাপ্ত, প্রভৃত, জৈনদিগের কালচক্রের দ্বাদশাংশ, ব্রহ্মলোকস্থিত, সমুদ্রোপম, বিশাল, সরোবর।
অরক, (অর+ক) ষ্য, পুং, শৈবাল, পাবড়ি, পর্পটনামক ঔষধি।

অরগ্বধ, ষ্য, পুং, বৃক্ষবিশেষ।

অরঘট্ট, (অর+ঘট্ট+অ) ষ্য, পুং, পাতকুয়া, ইঁদারা, কূপ হইতে জল তুলিবার যন্ত্র।

অরঘট্টঘাটিকা, (অরঘট্ট+ঘাটিকা, ৬-য) ষ্য, স্ত্রী, কূপের পাড়, কূপের ভিত্তিগর্ত্ত। [মৎস্যবিশেষ।

অরজ, (অর+গম+ড) শীঘ্রগামী

অরজাঃ, (ন+রজস্, ৬-হ) ষ্য, স্ত্রী, যে ঋতুমতী হয় নাই। ণ, ত্রি, রজোরহিত, রজোগুণ কার্য্য কাম ক্রোধাদি রহিত, নির্ম্মল।

অরটু, (ঋ+অটচ) ষ্য, পুং, বৃক্ষবিশেষ। (অরলুও হয়।)

অরণি, (ঋ+অনি) ষ্য,পুং—স্ত্রী, ঘর্ষণ দ্বারা অগ্নি জ্বালিবার কাষ্ঠ,অগ্নি,সূর্য্য

অরণ্য, (ঋ+অন্য) ষ্য, ন—স্ত্রী, বন, কানন,স্বনামখ্যাত রৈবতমনুর পুত্র, কট্‌ফলবৃক্ষ। [দ্বাদশী।

অরণ্যদ্বাদশী, ষ্য,স্ত্রী, মার্গশীর্ষার শুক্ল

অরণ্যদ্বাদশীব্রত, মার্গশীর্ষার শুক্লদ্বাদশীতে বিবিধোপচারে ক্রিয়মাণ স্বনামখ্যাত ব্রত বিশেষ।

অরণ্যধান্য, (অরণ্য+ধান্য, ৬-য) ষ্য, ন, নীবার, উড়িধান।

অরণ্যমক্ষিকা,(অরণ্য+মক্ষিকা, ৬-য) ষ্য, স্ত্রী, দংশ, ডাঁশ।

অরণ্যরক্ষক, (অরণ্য+রক্ষক) ষ্য,পুং, বনরক্ষক,প্রান্তবর্ত্তী প্রদেশের তত্ত্বাবধারক।

অরণ্যবায়স, (অরণ্য+বায়স, ৬-য) ষ্য, পুং, দ্রোণ কাক, ডাঁড়কাক।

অরণ্যবাস, (অরণ্য+বাস) ষ্য, পুং, তপস্যাশ্রম।

অরণ্যবাসী, ষ্য, পুং, তপস্বী, মুনি, ঋষি। ণ, ত্রি, বনবাসী। [বুনো ওল

অরণ্যশূরণ,(অরণ্য+শূরণ—মূলবিশেষ)

অরণ্যশ্বন্, (অরণ্য+শ্বন্) ষ্য, পুং, বৃক, নেকড়িয়া বাঘ।

অরণ্যষষ্ঠী, ষ্য, স্ত্রী, জ্যৈষ্ঠ শুক্লা ষষ্ঠী, জামাইষষ্ঠী।

অরণ্যানি, } (অরণ্য+আন—মহদর্থে) ষ্য, স্ত্রী, মহাবন, বৃহৎ বন।
অরণ্যানী, }

অরত, (ন+রত) ণ, ত্রি, অলস, কুড়ে, ক্ষীণ, কৃশ, ঘৃণিত, হেয়, অসন্তুষ্ট।

অরতত্রপ, (ন+রত—রতিক্রিয়া+ত্রপা—লজ্জিত, ৬-হ) ষ্য, পুং, কুক্কুর

অরতি, (ন+রতি)ষ্য, স্ত্রী, অপ্রীতি। (ঋ+অতি) ব্যথা, পীড়া।—পুং, উদ্বেগ, ক্রোধ। ণ, ত্রি, রতিহীন, নিরুৎসাহ, অসুখী।

অরত্নি, (ন+ঋ+অত্নি) ষ্য, পুং, কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন মুষ্টি,কীল, ঘুসী, যথা "তস্য জানু দদৌ ভীমো জঘ্নেচৈনমরত্নিনা।" মহাভারতঃ। [বিশেষ।

অরন্তুক, ষ্য, ন, স্বনামখ্যাত তীর্থ-

অরন্ধন, (ন+রন্ধন) ষ্য, ন, পাকাভাব, অরন্ধন দুই প্রকার; কন্যা সংক্রান্তিতে করিলে তাহাকে বৃদ্ধারন্ধন কহে এবং সৌরভাদ্রের যে কোন দিবসে করিলে ইচ্ছারন্ধন কহে, যথা আচারমার্কণ্ডে, "কর্কান্ন মধ্যাৎ সিংহাহে সিংহান্নং সিংহ কন্যয়োঃ। মনসাশেষ, নাগেভ্যো দত্বা সর্ব্বং নিশোধিতং," এই দিন হিন্দুরা প্রায় পূর্ব্বাহপক্ক অন্নব্যঞ্জন ভক্ষণ করিয়া অতিবাহিত করেন।

অরপ, (ন+রপ—পাপ) ণ, ত্রি, নিষ্পাপ, অকলুষ।

অরম, ণ, ত্রি, নীচ, অধম, নিকৃষ্ট।

অরম্য, (ন+রম্য) ণ, ত্রি, যাহা মনোজ্ঞ নয়, কুশ্রী।

অরর, (ঋ+অর) ষ্য, ন, কবাট, কোষ, খাপ, চর্ম্মকর্ত্তক ছুরিকাভেদ, রণ, যুদ্ধ। [দ্বার, কবাট।

অররি, (ঋ+অরিন্) ষ্য, পুং—ন,

অরুন্তুদ, (ঋ+অরু) ষ্য, পুং, শত্রু, অস্ত্রভেদ।
অরব, (ন+রব) ণ, ত্রি, নিস্তব্ধ।
অরবিন্দ, (অর+বিন্দ+অ—ড) ষ্য, ন, পদ্ম, তাম্র।
অরবিন্দনাভি, (অরবিন্দ+নাভি) ষ্য, পুং, বিষ্ণু. যথা "দেহাবসান সময়ে হৃদয়ে মদীয়ে দেবশ্চকাস্তু ভগবানরবিন্দনাভঃ" ভামিনীবিলাস।
অরবিন্দিনী, (অরবিন্দ+ইন্, ঈ) ষ্য, স্ত্রী, পদ্মিনী. পদ্মসমূহ, পদ্মযুক্তদেশ।
অরসিক, (ন+রসিক) ণ, ত্রি, যে রসগ্রাহী নয়, যাহার রস বোধ নাই, নিষ্ঠুর, নীরস, নিস্তেজ।
অরাজক, (ন+রাজন, ৭.হ; ক-স্বার্থে) ণ, ত্রি, রাজা-শূন্য দেশ।
অরাতি, আরাতি (অ+রা+তি) ষ্য, পুং, অরি, শত্রু।
অরাতিভঙ্গ, (অরাতি+ভঙ্গ) ষ্য, পুং, শত্রুর পরাজয় বা বিনাশ।
অরাল, (অব+আল [আ+লা+ড]) ণ, ত্রি, বক্র, নত। (অ—রা+ল—সংজ্ঞার্থে) ষ্য, পুং, ধুনা, মত্ত-হস্তী। লা—স্ত্রী, নম্রস্বভাবা স্ত্রী।
অরি, (ঋ+ই—ন) ষ্য, পুং, শত্রু, কামাদি ছয় রিপু, চক্র।
অরিকুল, (অরি+কুল) ষ্য, ন, শত্রু কুল, শত্রুর বংশ।
অরিক্যভাজ্, (ন+রিক্যভাজ=উত্তরাধিকারী) ণ, ত্রি, যে বিষয়ের অংশীদার নহে, যে উত্তরাধিকারী নহে।
অরিত্র, (ঋ+ইত্র—ধ) ষ্য, ন, নৌকার হাল, দাঁড়।
অরিনন্দন, (অরি+নন্দন) ণ, ত্রি, শত্রুর আনন্দদায়ক, শত্রুর জয়েচ্ছুক।
অরিন্দম, (অরিম্+দম+অ—ষ) ণ, ত্রি, শত্রুদমনকারী, পরাভিভাবক।
অরিমেদ, (অরি+মেদ) ষ্য, পুং, গুয়ে বাবলা গাছ।
অরিলোক, (অরি+লোক) ষ্য, পুং, বিপক্ষ জাতি বা শত্রুর দেশ।
অরিষ, ষ্য, পুং, অপান মাংসজ রোগ বিশেষ. জলধারাসম্পাত, আসার।
অরিষড়্বর্গক, (অরি+ষট্+অষ্টন্+ক) বিবাহকালে বর্জ্জনীয় যোগভেদ।
অরিষ্ট, (ন+রিষ্ট, বহু, ৭.হ) ষ্য, ন, সূতিকা গৃহ, আঁতুড় ঘর, শুভ বা অশুভ, অদৃষ্ট, মৃত্যু চিহ্ন, উপদ্রব, মদ্যবিশেষ, তাড়ি, ঘোল। পুং, কাক, রশুন বৃক্ষ, নিম গাছ। ষ্টা—স্ত্রী, কশ্যপপত্নী।
অরিষ্টক, (ন+রিষ্ট—যন্ত্রণা, পীড়া+ক) ষ্য, পুং, নিম্ববৃক্ষ।
অরিষ্টতাতি, (অরিষ্ট+তন+ডাতি) ণ, ত্রি, শুভদ, মঙ্গল বা সুখদায়ী।
অরিষ্টনেমি, ষ্য, পুং, বিনতাগর্ভসম্ভূত কশ্যপপুত্র।
অরিষ্টসূদন, (অরিষ্ট=অসুর বিশেষ+সূদন=যে নাশ করে) ষ্য, পুং, অশুভনাশক, বিষ্ণু।
অরিষ্ঠানক, (অরি+স্থানক—স্থিত, পরাজিত) ষ্য, ন, অত্যন্ত ভয়, বিস্ময়, পরাজয়।
অরিহা, (অরি+হন্+কিপ্-ষ,২-ষ) ণ, ত্রি, রিপুঘ্ন, শত্রুনাশক।
অরুক, অরুগ্ন, (ন+রুজ, রুগ্ন=পীড়িত) ণ, ত্রি, নীরোগী, সুস্থ।
অরুচি, (ন+রুচি) ষ্য, স্ত্রী, অপ্রীতি, অনভিলাষ, আহারে অনিচ্ছা, অলঙ্কার শাস্ত্রোক্ত দশবিধ স্মরদশা মধ্যে বস্তুবৈরাগ্যরূপস্মরদশা বিশেষ।
অরুচির, (অ+রুচির) ণ, ত্রি, বিরক্তিকর, অমনোহর।
অরুচিকর, (অরুচি+কৃ+অ—ষ) ণ, ত্রি, অপ্রীতিকর, অসন্তোষজনক।
অরুণ, (ঋ+উন—সংজ্ঞার্থে) ষ্য, পুং, সূর্য্য, সূর্য্যের সারথি, রক্তবর্ণ,

ঈষৎ রক্তবর্ণ। ণা—স্ত্রী, কুঙ্কুম, গুঞ্জা, মঞ্জিষ্ঠা। ণ,ত্রি, রক্তবর্ণ-বিশিষ্ট

অরুণকমল, (অরুণ+কমল) ব্য, ন, রক্তকমল।

অরুণলোচন, (অরুণ+লোচন, ৬.হ) ণ, ত্রি, রক্তনেত্র। ব্য, পুং. পারাবত, পায়রা। [ব্য, পুং, সূর্য্য।

অরুণসারথি, (অরুণ+সারথি, ৬ হ)

অরুণাগ্রজ, (অরুণ+অগ্রজ) ব্য, পুং, বিষ্ণুবাহন, গরুড়।

অরুণাত্মজ, (অরুণ+আত্মজ, ৬-ব) ব্য, পুং, জটায়ু পক্ষী।

অরুণানুজ, } (অরুণ+অনুজ,
অরুণাবরজ, } অবরজ,৬-ব) ব্য, পুং, গরুড়পক্ষী।

অরুণিত, (অরুণ+ইতচ্) ণ, ত্রি, রক্তবর্ণীকৃত, রক্তবর্ণ.লাল রং করা।

অরুণিমা, (অরুণ+ইমন) ব্য, পুং, রক্তিমা, রক্তত্ব।

অরুণোদয়, (অরুণ+উদয়) ব্য, পুং, সূর্য্যোদয়ের প্রাক্কাল।

অরুণোদয়সপ্তমী, (অরুণ+উদয়+সপ্তমী) ব্য, স্ত্রী, মাঘ মাসের শুক্ল-সপ্তমী ইহাকে রথসপ্তমীও কহে, যথা "মন্বাদ্যমন্বন্তরাদৌতু রথমাপুর্দিবাকরাঃ, মাঘমাসস্য সপ্তম্যাং তস্মাৎ সা রথসপ্তমী" মৎস্যপুরাণ।

অরুণোপল, (অরুণ+উপল) ব্য, পুং, পদ্মরাগমণি.রক্তবর্ণ মণিবিশেষ. চুনী

অরুন্তুদ, (অরুস্+তুদ+খশ—ম, ২-ষ, স=ম) ণ, ত্রি, মর্ম্মচ্ছেদী, ক্লেশকারক।

অরুন্ধতী, (ন+রুধ্+ত) ব্য, স্ত্রী, বশিষ্ঠঋষির পত্নী, অতি সূক্ষ্ম নক্ষত্রবিং

অরুন্ধতীজানি, (অরুন্ধতী+জানি=জায়া, স্ত্রী) অরুন্ধতী যাহার স্ত্রী, বশিষ্ঠ মুনি,নক্ষত্রবিং। [মসৃণ, তেলা

অরুশ, (ন+রুশ=কর্কশ) ণ, ত্রি,

অরুষ্ক, (অরুষ্+কৈ+ড-ব) ভল্লাতক-বৃক্ষ,যাহা স্পর্শমাত্রেই ব্রণ উৎপন্ন হয়

অরুষ্কর, (অরুস্+কৃ+অ) ণ, ত্রি, মর্ম্মব্যথাদায়ক, ক্ষতকারক।

অরুস্, (ঋ+উস্—সংজ্ঞার্থে) ব্য, পুং-ন, ক্ষত, ঘা, মর্ম্মস্থান।—রু, সূর্য্য

অরুসিকা, (অরুস্=ক্ষত, ঘা+কন্) ব্য, স্ত্রী, মাথার খুলির অতি কষ্ট-দায়ক যন্ত্রণাযুক্ত স্ফীতি।

অরূপ, (ন+রূপ) ণ, ত্রি, আকৃতি-বিহীন, কুৎসিত, মন্দ রূপে সংঘটিত, বিসদৃশ। [ক্কার রহিত।

অরূপক, ণ, ত্রি, ঠিক, প্রকৃত, অল-

অরূপরাশি, করণী, যাহার ঠিক মূল বাহির হয় না। (Surds.)

অরূষ, (ঋ+উস) ব্য,পুং, এক প্রকার সর্প, সূর্য্য। [সক্রোধ সম্বোধন।

অরে, অরেরে, ব্য, নীচ সম্বোধন,

অরোক, (ন+রুচ্+ঘঞ) ণ, ত্রি. অন্ধকারময়. অস্পষ্ট, অনালোকিত

অরোকদৎ,—দন্ত, (অরোক+দৎ, দন্ত=দাঁত) ণ, ত্রি, কৃষ্ণবর্ণ বা কুশ্রী দন্ত বিশিষ্ট।

অরোচক, (ন+রোচক) ব্য, পুং, রোগবিশেষ, অরুচি রোগ।

অর্ক, (অর্চ্চ+অ—চ, কিম্বা অর্ক্+অ—সংজ্ঞার্থে) ব্য, পুং, সূর্য্য, আকন্দগাছ, স্ফটিক, তাম্র, ইন্দ্র, সুধী, কবি, পণ্ডিত, বিষ্ণু, আলোক, জ্যেষ্ঠভ্রাতা, রবিবার। [রক্তচন্দন বৃক্ষ

অর্কচন্দন, (অর্ক+চন্দন) ব্য, ন,

অর্কজ, (অর্ক+জন+ড) ব্য, পুং, দ্বিবচন, সূর্য্য ও অশ্বিনী তনয়দ্বয়, এবং—স্বর্গের বৈদ্য।

অর্কতনয়, (অর্ক+তনয়, ৬-ষ) ব্য, পুং, সূর্য্যের ঔরসে কুন্তীর গর্ভজাত সন্তান, কর্ণ, মনু, শনি, যম, সুগ্রীব, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়। য়া—স্ত্রী, সূর্য্যকন্যা তপতী এবং যমুনা।

অর্কনন্দন, (অর্ক=সূর্য্য+নন্দন=

পুত্র) ব্য, পুং, সূর্য্যের তনয়, যম প্রভৃতি।
অর্কপত্র, (অর্ক+পত্র, ৬-ষ) ব্য, পুং, আকন্দগাছ। ন, আকন্দের পাতা, ত্রা—স্ত্রী, অর্কমূলা, ইশের মূল।
অর্কপাদপ, (অর্ক+পাদপ) ব্য, পুং, নিম্ববৃক্ষ। [স্ত্রী, জবাপুষ্প।
অর্কপ্রিয়া, (অর্ক+প্রিয়া, ৬-ষ) ব্য,
অর্কবন্ধু, (অর্ক+বন্ধু, ৬ ষ) ব্য, পুং, সূর্য্যবংশীয়,গোতম,বৌদ্ধধর্ম্ম প্রণেতা
অর্কযন্ত্র, (অর্ক + যন্ত্র) ব্য, ন, ওষধি-ক্বাথনিষ্কাশন যন্ত্র, পাকযন্ত্র।
অর্কব্রত, ব্য, পুং, মাঘ মাসের শুক্লা সপ্তমী প্রভৃতি তিথিতে কর্ত্তব্য সূর্য্যের আরাধনা রূপ ব্রত। [যম
অর্কসূনু, (অর্ক + সূনু=পুত্র) ব্য, পুং,
অর্কসোদর, (অর্ক+সহ+উদর) ব্য, পুং, ঐরাবত হস্তী।
অর্কাশ্মা, } (অর্ক+অশ্মন, উপল) অর্কোপল, } ব্য,পুং, সূর্য্যকান্তমণি
অর্গল, (অর্জ্+অল—সংজ্ঞার্থে) ব্য, ন,লা—স্ত্রী, খিল, কবাট বন্ধনার্থ হুড়কা, গোঁজ, দেবী মাহাত্ম্যের পূর্ব্বে পাঠ্য স্তোত্র বিশেষ, প্রতিবন্ধক, কল্লোল।
অর্গলী, } (অর্গল+ঈ, অর্গলী অর্গলিকা, } +ক—স্বার্থে) ব্য, স্ত্রী, ক্ষুদ্র অর্গল।
অর্ঘ, (অর্ঘ+অ—ভাব, ধ) ব্য, পুং, মূল্য, পূজা, পূজার সামগ্রী বিশেষ, "অয়ে বনদেবতেয়ং ফলকুসুমপল্লবার্ঘেন মামুপতিষ্ঠতে" উত্তরচরিত।
অর্ঘবলাবল, (অর্ঘ+বল+অবল) ব্য, ন, মূল্যের হ্রাস, যথার্থ মূল্য।
অর্ঘ্য, (অর্ঘ+য—ট) ণ, ত্রি, পূজ্য, মান্য। ব্য, ন, দুর্ব্বাঘাস, তণ্ডুল প্রভৃতি জলের সহিত দেবোদ্দেশে দান, বক্ত মধু। [পূজক, পূজাকারক
অর্চ্চক, (অর্চ্চ+অক—ব) ব্য, পুং,
অর্চ্চন—ন, } (অর্চ্চ+অন আ— অর্চ্চনা—স্ত্রী, } ভাব) ব্য,পুং, পূজা, অর্চ্চা—স্ত্রী, } উপাসনা।
অর্চ্চি—স্ত্রী, } (অর্চ্চ + ই, অর্চ্চিস্—স্ত্রী—ন, } ইস্)ব্য,জ্বালা, অগ্নিশিখা, তেজঃ, প্রভা।
অর্চ্চিত, (অর্চ্চ+ত—ট) ণ, ত্রি, পূজিত, উপাসিত, মান্য, দীপ্ত।
অর্চ্চিষ্মান্, (অর্চ্চিস+মৎ—অস্ত্যর্থে) ব্য, পুং, সূর্য্য, অগ্নি। ণ, ত্রি, তেজস্বী, দীপ্তিমান্।
অর্চ্চ্য, (অর্চ্চ+য—ট) ণ, ত্রি, পূজ্য, পূজনীয়, আরাধ্য।
অর্জ্জক,(অর্জ্জ+অক—ব) ণ, ত্রি, উপার্জ্জক। ব্য, পুং, শ্বেত তুলসী।
অর্জ্জন, (অর্জ্জ+ অন—ভাব) ব্য, ন, উপার্জ্জন, লাভ। [র্জ্জিত, লব্ধ।
অর্জ্জিত, (অর্জ্জ+ত) ণ, ত্রি, উপা-
অর্জ্জুন, (অর্জ্জ+উনন্) ব্য, পুং, পাণ্ডুরাজার তৃতীয় পুত্র, কার্ত্তবীর্য্য রাজা, বৃক্ষ বিশেষ, ককুভ বৃক্ষ, শ্বেতবর্ণ, ময়ূর, মাতার অদ্বিতীয় পুত্র। ণ, ত্রি, শ্বেতবর্ণ বিশিষ্ট। ব্য, ন, নেত্ররোগবিশেষ, আঞ্জনি।
অর্জ্জুনচ্ছায়, (অর্জ্জুন+ছায়, ৬-ষ) ণ, ত্রি, শুভ্রকান্তি, শ্বেতবর্ণযুক্ত।
অর্জ্জুনদ্রুম, (অর্জ্জুন+দ্রুম) ব্য, পুং, আর্জন নামে খ্যাত ককুভবৃক্ষ।
অর্জ্জুনধ্বজ, (অর্জ্জুন+ধ্বজ) ব্য, পুং, হনুমান্।
অর্জ্জুনী, ব্য, স্ত্রী, ঊষা, গাভী, কুট্টিনী, করতোয়া নদী।
অর্ণ, (ঋ+ন) ব্য, পুং, শালবৃক্ষ, অক্ষর, বর্ণ।
অর্ণব, (অর্ণস্+ব—অস্ত্যর্থে; স্—লোপ) ব্য, পুং, সমুদ্র, জলধি।
অর্ণবজ, (অর্ণব+জন+ড, ৫-ম) ব্য, পুং-—ন সমুদ্রের ফেণা। ণ, ত্রি, সমুদ্রজাত, সাগরোৎপন্ন

অর্ণবতরি—স্ত্রী, } (অর্ণব+তরি,
অর্ণবপোত—ন. } পোত) ষ্য,
জাহাজ, সমুদ্রযান, জলযান।

অর্ণবমন্দির, (অর্ণব+মন্দির, ৬-হ) ষ্য, পুং, বরুণ।

অর্ণবযান, (অর্ণব+যান, ৬-ষ) ষ্য,ন, জাহাজ, সমুদ্রপোত।

অর্ণবোদ্ভব, (অর্ণব+উৎ+ভূ+অল) ষ্য, পুং, অগ্নিজারবৃক্ষ, চন্দ্র। ষ্য, ন, অমৃত। ণ, ত্রি, সমুদ্রজাত।

অর্ণস্, (ঋ+অস্—সংজ্ঞার্থে। ন—আগম) ষ্য, ন, জল, সলিল।

অর্ণোদ, (অর্ণস্+দা+ড, ২-ব) ষ্য, পুং, মেঘ, মুস্তা।

অর্ণোভব, (অর্ণস্+ভব,৫-হ) ষ্য,পুং, শঙ্খ। [নিন্দা, অপবাদ।

অর্তন, (ঋতি+অন) ষ্য, ন, জুগুপ্সা,

অর্ত্তি, (অর্দ্দ+তি—ভাব) ষ্য, স্ত্রী, পীড়া, ধনুকের অগ্রভাগ।

অর্ত্তিক.(অর্ত্তি+কন) ণ,ত্রি, পীড়িত, ব্যথিত। ষ্য,পুং,একপ্রকার পিষ্টক।

অর্ত্তিকা, ষ্য, স্ত্রী, না.ট্য—জ্যেষ্ঠা-ভগিনী।

অর্থ, (অর্থ+ঘঞ বা ঋ+অন) ষ্য, পুং, ধন, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষরূপ চতুর্ব্বর্গমধ্যে পরিগণিত ঐহিক ধন-জনিত সৌভাগ্য, বস্তু, শব্দের প্রতি-পাদ্য, অলঙ্কারমতে—অর্থ ত্রিবিধ বাচ্য, লক্ষ্য এবং ব্যঙ্গ ;যথা "অর্থো বাচ্যশ্চ লক্ষ্যশ্চ ব্যঙ্গশ্চেতিত্রিধাম-তঃ" দর্পণকার। মানে (Meaning) প্রয়োজন, জ্ঞানের বিষয়, ইন্দ্রিয়ের বিষয়, কারণ, প্রার্থনা, প্রকার, কুশল, বিবাদের বিষয়, সমর্থন, প্রকাশ, বিষয়, উদ্দেশ্য, নিবৃত্তি,ফল

অর্থকর, (অর্থ+কৃ+ট) ণ, ত্রি, প্রয়োজনোপযোগী, কার্য্যকারক।

অর্থকাম, (অর্থ+কাম) ষ্য, পুং, ধনলিপ্সা, অতিশয় আশা।

অর্থকৃচ্ছ্র, (অর্থ+কৃচ্ছ্র, ৬ ষ) ষ্য, ন, ধনকষ্ট।

অর্থঘ্ন, (অর্থ+ঘ্ন=যে হা যাহা নষ্টকরে) ণ, ত্রি, অপব্যয়কারী, অপরিমিত-ব্যয়ী। [সম্পত্তি।

অর্থজাত, (অর্থ+জাত) ষ্য, ন, ধন

অর্থজ্ঞ, (অর্থ+জ্ঞা+ড) ণ, ত্রি, জ্ঞানী, বিবেচক, কোন বাক্যের সমস্ত অর্থ (মানে) জানেন যিনি।

অর্থতঃ, (অর্থ+তস্) ণ, ত্রি, প্রকৃত পক্ষে, বস্তুতঃ। [প্রকৃত বিষয়।

অর্থতত্ত্ব, (অর্থ+তত্ত্ব) ষ্য,ন, যাথার্থ্য,

অর্থদোষ, (অর্থ+দোষ) ষ্য, পুং, অলঙ্কারশাস্ত্রে—কাব্যার্থদূষক এক-বিংশতিসংখ্যক অর্থদোষ আছে, যথা "অপুষ্ট দুষ্ক্রম গ্রাম্য ব্যাহতাশ্লী-লকষ্টতা. অনবীকৃত নির্হেতু প্রকা-শিত বিরুদ্ধতা, সন্দিগ্ধ পুনরুক্তত্বে খ্যাতিবিদ্যাবিরুদ্ধতে, সাকাঙ্ক্ষতা সহচরভিন্নতাস্থানযুক্ততা, অবি-শেষে বিশেষশ্চানিয়মে নিয়মস্তথা, তয়োর্বিপর্য্যয়ো বিধ্যনুবাদাযুক্ততে তথা, নির্ম্মুক্ত পুনরুক্ত ত্বমর্থাদোষাঃ প্রকীর্ত্তিতাঃ" সাহিত্যদর্পণ।

অর্থন, (অর্থ+অন—ভাব) ষ্য, ন, না—স্ত্রী, প্রার্থনা, ভিক্ষা, সমর্থন।

অর্থপতি, (অর্থ+পতি, ৬-য) ষ্য, পুং, কুবের, ধনী, রাজা।

অর্থপিশাচ, (অর্থ+পিশাচ, ৭-ষ) ষ্য, পুং, যে ব্যক্তি ধর্ম্মাধর্ম্ম জ্ঞান-শূন্য হইয়া ধনের নিমিত্ত লালায়িত হয়।

অর্থপ্রয়োগ, (অর্থ+প্রয়োগ, ৬-ষ) ষ্য, পুং, বৃদ্ধিজীবিকা, বৃদ্ধির নিমিত্ত ঋণদান, বাড়ি দেওয়া।

অর্থভৃত, (অর্থ+ভৃত=প্রতিপালিত) ণ,ত্রি, অধিক বেতনভোগী চাকর।

অর্থভেদ, (অর্থ+ভেদ) ষ্য, পুং, প্রভেদ, অর্থের বিভিন্নতা।

অর্থলাভ, (অর্থ+লাভ) ষ্য, পুং, ধনপ্রাপ্তি,টাকা সংগ্রহ বা রোজগার
অর্থলুব্ধ, (অর্থ+লুভ+ক্ত) ণ, ত্রি, ধনলুব্ধ, ধনের জন্য লালায়িত।
অর্থবাদ, (অর্থ+বাদ, ৬-ষ) ষ্য, পুং, প্রশংসা, স্তুতিবাদ।
অর্থবান্, (অর্থ+বং—অস্ত্যর্থে) ণ, ত্রি, অর্থযুক্ত, ধনী ।নি, শব্দার্থ জ্ঞান
অর্থবিজ্ঞান, (অর্থ+বিজ্ঞান,৬-ষ) ষ্য,
অর্থবিৎ—দ্, (অর্থ+বিদ্+ক্বিপ্—ঘ, ২-ষ) ষ্য, পুং, শব্দার্থজ্ঞ. অর্থজ্ঞানবান্।
অর্থবৃদ্ধি, (অর্থ+বৃদ্ধি) ষ্য, স্ত্রী, অর্থ সংগ্রহণকরণ, টাকা বাড়ান।
অর্থবৈকল্প, (অর্থ+বিকল্প+ষ্ণ) ষ্য, ন, শ্লেষাদি দ্বারা প্রকৃতার্থের অন্যথাকরণ, অপহ্নুতি।
অর্থশাস্ত্র, (অর্থ+শাস্ত্র, ৬-ষ) ষ্য, ন, কৃষিশাস্ত্র, নীতিশাস্ত্র, রাজনীতি।
অর্থশুচি, ষ্য, পুং, ধর্ম্মপথে থাকিয়া যে অর্থ উপার্জ্জন করে।
অর্থহর, (অর্থ+হৃ+অ—ষ) ণ, ত্রি, ধনাধিকারী।
অর্থহীন, (অর্থ+হীন) ণ, ত্রি, দরিদ্র, হতাশ, অকৃতকার্য্য, নির্ব্বোধ।
অর্থাগম,(অর্থ+আগম,৬ ষ) ষ্য, পুং, ধনাগম, আয়, উপার্জ্জন।
অর্থাৎ, (অর্থ+আৎ, পঞ্চমী স্থানে আৎ) ব্য, ফলতঃ, বস্তুতঃ।
অর্থাধিকারী, ষ্য, পুং, ধনরক্ষক, যিনি বেতন দেন।
অর্থান্তর,(অর্থ+অন্তর) ষ্য,ন,অন্য অর্থ
অর্থান্তর-ন্যাস, ষ্য, পুং, কাব্যের অলঙ্কার বিশেষ, সামান্য দ্বারা বিশেষের, বিশেষ দ্বারা সামান্যের, কার্য্য দ্বারা কারণের এবং কারণ দ্বারা কার্য্যের সমর্থন।
অর্থান্তরাক্ষেপ, (অর্থান্তর+আক্ষেপ) ষ্য, পুং, অর্থালঙ্কার বিশেষ, অন্য অর্থ দ্বারা প্রকৃতার্থের প্রস্তাব।
অর্থাপত্তি, (অর্থ+আপত্তি) ষ্য,পুং—স্ত্রী, প্রমাণ বিশেষ,উপপাদ্যের অনুপপত্তি দ্বারা উপপাদকের কল্পনা, কাব্যালঙ্কার বিশেষ—"মূষিক দণ্ড-ভক্ষণ করিয়াছে" বলিলে যেরূপ দণ্ডস্থিত পিষ্টকেরও ভক্ষণ অর্থবশতঃ বোধ হয়, সেই রূপ এক অর্থ দ্বারা অপরাথের উপলব্ধি হইলে, অর্থাপত্তি কহে।
অর্থিক, (অর্থিন্+ক) ষ্য, পুং, নিদ্রিত রাজগণের জাগরণার্থে নিযুক্ত স্তুতিপাঠকাদি।[র্থিত, যাচিত।
অর্থিত, (অর্থ+ত—ট) ণ, ত্রি, প্রা-
অর্থিতা,(অর্থিন্+তা—ভাবে) ষ্য, স্ত্রী, যাচ্ঞা, প্রার্থনা, ইচ্ছা।
অর্থিন, (অর্থ+ইন্) ণ, ত্রি, যাচক, ভিক্ষুক, কোন কার্য্য বা উদ্দেশ্য সাধনার্থ চেষ্টাকারী।
অর্থী, (অর্থ+ইন্-ঘ) ণ, ত্রি, প্রার্থক, যাচক, ভিক্ষুক, বাদী, ফরিয়াদী, অর্থবান।
অর্থোপক্ষেপক, (অর্থ+উপক্ষেপক) নাট্যশাস্ত্রে বিষ্কম্ভক, প্রবেশক, চূলিকা, অঙ্কাবতার এবং অঙ্কমুখ এই পাঁচটীকে অর্থোপক্ষেপক কহে।
অর্থোপার্জ্জন, (অর্থ+উপার্জ্জন) ষ্য, ন, ধন উপার্জ্জন,অর্থ সংগ্রহ।
অর্থোষ্মন্, (অর্থ+উষ্মন্=উত্তাপ) ষ্য, ন, ধন, ধনবিশিষ্টতা।
অর্থ্য, (অর্থ+য) ণ, ত্রি, জ্ঞানী, ধনী, ন্যায্য, প্রার্থনীয়, অর্থযুক্ত। ষ্য, ন, লাল রঙের খড়ী মাটী।
অর্দ্দন, (অর্দ্দ+অন—ভাব, ডে) ষ্য, ন, না—স্ত্রী, প্রার্থনা, পীড়া, রণ, হিংসা।
অর্দ্দনি, (অর্দ্দ+অনি) ষ্য, পুং, অগ্নি, প্রার্থনা, যাচ্ঞা, পীড়া, রোগ।
অর্দ্দিত, (অর্দ্দ+ত—ট, ভাব) ণ, ত্রি,

প্রার্থিত, যাচিত, পীড়িত, হিংসিত।
ষ্য, ন, পীড়া, বাতরোগ (Hemiplegia.)

অর্দ্ধ, (ঋর্দ্ + ঘঞ-ধ) ষ্য, পুং, অংশ, একদেশ, সমাংশ। ন, সমান অর্দ্ধাংশ, ঠিক অর্দ্ধেক। ণ, ত্রি, দ্বিভাগীকৃত, দুই ভাগ করা, খণ্ডিত।

অর্দ্ধক, (অর্দ্ধ + কণ্) ষ্য, ন, অর্দ্ধ, আধ, (অর্দ্ধেক এই শব্দের অপভ্রংশ)

অর্দ্ধগঙ্গা, (অর্দ্ধ + গঙ্গা) ষ্য, স্ত্রী, কাবেরী নদী, গঙ্গার অর্দ্ধেক পবিত্রতা ইহাতে আছে।

অর্দ্ধগুচ্ছ, (অর্দ্ধ + গুচ্ছ = স্তবক) ষ্য, পুং, চতুর্ব্বিংশতিগুচ্ছক হার, চব্বিশ নর দানা।

অর্দ্ধচন্দ্র, (অর্দ্ধ + চন্দ্র, ৬-ষ) ষ্য, পুং, চন্দ্রখণ্ড, চন্দ্রের অর্দ্ধভাগ, প্রাদেশ, যাহা গলদেশে অর্পণ করিয়া অপরাধীকে দূরীকরণ করে, গলাধাক্কা, গলহস্ত, ময়ূরপুচ্ছের চন্দ্রক, যে বাণের অগ্রভাগ অর্দ্ধচন্দ্রের ন্যায় আকৃতি বিশিষ্ট, গলাভরণ বিশেষ।

অর্দ্ধচোলক, (অর্দ্ধ + চোলক) ষ্য, পুং, কাঁচুলী।

অর্দ্ধজরতীয় ন্যায়—

একটী বৃদ্ধ নৈয়ায়িকের একটী দুগ্ধবতী গাভী ছিল। কোন সময়ে তিনি আপনার পীড়া বশতঃ বিদায় বার্ষিকাদি সংগ্রহ করিতে না পারিয়া মনে মনে এই স্থির করিলেন যে আপাততঃ এই গাভীটী বিক্রয় করিয়া কিছুদিন সংসার যাত্রা নির্ব্বাহ করি পরে পীড়া আরোগ্য হইলে বার্ষিকাদি সংগ্রহ পূর্ব্বক আর একটী গাভী ক্রয় করিব। এই স্থির করিয়া ব্রাহ্মণ আপনার গাভীটী বিক্রয়ার্থ গ্রামের নিকটবর্ত্তী একটী গো-বিক্রয় স্থানে লইয়া গেল। গোরুটী দেখিয়া একজন ক্রেতা ব্রাহ্মণকে তাঁহার গরুর কত বয়স জিজ্ঞাসা করিল। ব্রাহ্মণের বুদ্ধি নব্য ন্যায়শাস্ত্রের আলোচনায় অত্যন্ত মার্জ্জিত ছিল। তিনি মনে মনে এইরূপ বিচার করিতে লাগিলেন যে, আমি শ্রাদ্ধাদির উপলক্ষে যে সভাতে গমন করি, সেই সভাতেই সকলেই আমাকে বৃদ্ধ বলিয়া অন্য অপেক্ষা অধিক যত্ন করে এবং বিদায়কালীন অন্যান্য পণ্ডিত অপেক্ষা আমি অধিক পরিমাণে অর্থ প্রাপ্ত হইয়া থাকি। অতএব যদি মনুষ্য বার্দ্ধক্য প্রযুক্ত অন্য অপেক্ষা অধিক আদর এবং অধিক অর্থের পাত্র হয় তাহা হইলে গরু কেন না হইবে? এই সিদ্ধান্ত করিয়া ন্যায়রত্ন মহাশয় উল্লিখিত ক্রেতাকে বলিলেন, "বাপুহে গাভীটী দেখিতে অল্পবয়স্কা এবং সকৃৎপ্রসূতা বোধ হয়। কিন্তু বাস্তবিক তাহা নহে। উহার বয়স অত্যন্ত অধিক হইয়াছে। আমার পিতামহ তাঁহার মাতামহের নিকট হইতে এই গরুটী প্রাপ্ত হন।" ক্রেতা এই বাক্য শুনিয়া প্রস্থান করিল। এইরূপে সমস্ত ক্রেতাই গরুর বয়স অধিক হইয়াছে শুনিয়া প্রস্থান করিল, কেহই গরুটী ক্রয় করিল না। অনন্তর ব্রাহ্মণ গোবিক্রয়ে হতাশাস হইয়া বিষণ্ণবদনে গরুটী সঙ্গে করিয়া বাটী প্রত্যাগমন করিতেছেন, এমন সময়ে পথিমধ্যে একটী ভদ্রলোক ব্রাহ্মণকে সম্বোধন করিয়া বলিলেন "মহাশয়! অদ্যকার হাটে সমস্ত গরুগুলিই বিক্রয় হইয়া গিয়াছে। আপনার এই সুন্দর গাভীটী বিক্রয় হইল না কেন?' ব্রাহ্মণ আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত প্রকাশ করিলে পর ঐ ব্যক্তি একটু হাস্য করিয়া কহিলেন, "বৃদ্ধা গাভী কেহই ক্রয় করে না। আপনি যদি গরুটীর বয়স অল্প বলিতেন তাহা হইলে অদ্য এই গরুটী বিক্রয় করিতে পারিতেন।" এই কথা শুনিয়া ব্রাহ্মণ স্থির করিল যে আগামী হাটবারে পুনরায় গাভীটী বিক্রয় করিতে লইয়া যাইব এবং কেহ ইহার বয়স জিজ্ঞাসা করিলে অল্প বলিব। অনন্তর হাটবার উপস্থিত হইলে ব্রাহ্মণ, গাভী পুনরায় হাটে লইয়া গেল এবং পূর্ব্বে যে সমস্ত ব্যক্তি ব্রাহ্মণের নিকট হইতে গরুটী ক্রয় করিতে আসিয়াছিল, দৈব ক্রমে তাহাদের মধ্যে একজন পুনরায় ব্রাহ্মণের নিকট আসিয়া, গরুর বয়স জিজ্ঞাসা করাতে ব্রাহ্মণ কহিলেন যে ইহার বয়স অত্যন্ত অল্প এবং ইহা একবার মাত্র প্রসব হইয়াছে। পূর্ব্ব দিবসে ব্রাহ্মণ এই ব্যক্তিকে গাভী সম্বন্ধে যাহা বলিয়াছিল তাহা তাহার মনে থাকাতে সে কিঞ্চিৎ উপহাস করিয়া ব্রাহ্মণকে কহিল "মহাশয় আপনি ব্রাহ্মণ এবং মৃত্যুকাল আসন্নবর্ত্তী আপনি সামান্য বিষয়ের জন্য আমার নিকট মিথ্যা কথা কহিতেছেন কেন? আপনিই না সে দিন

গরুটী বৃদ্ধা বলিয়াছিলেন?" ব্রাহ্মণ কিঞ্চিৎ অপ্রতিভ হইল এবং পরক্ষণেই উত্তর করিল "হাঁ বাবু বলিয়াছিলাম এবং এখনও বলিতেছি" ক্রেতা জিজ্ঞাসা করিল "একটী গাভী কি বৃদ্ধা ও তরুণী উভয়ই হইতে পারে?" পূর্ব্বেই বলা হইয়াছে যে ব্রাহ্মণ ন্যায়শাস্ত্রে সুপণ্ডিত। তিনি হাটে গরু বিক্রয় করিতে আসিয়া ন্যায়শাস্ত্রের শ্রাদ্ধ আরম্ভ করতঃ কহিলেন "বাপুহে আমাদের শাস্ত্রে আত্মাকে পুরাতন পুরুষ বলিয়া শাস্ত্রকারেরা বর্ণনা করিয়া থাকেন। গোশব্দ দ্বারা গোদেহাবচ্ছিন্ন গো আত্মা বুঝায়, অর্থাৎ গোদেহ এবং গোদেহস্থ আত্মা এই উভয়ের সমষ্টি গো শব্দে অভিহিত হয়। আমার এই গাভীটী আত্মাবচ্ছেদে জরতী এবং দেহাবচ্ছেদে তরুণী অর্থাৎ এইটী অৰ্দ্ধজরতী এবং অৰ্দ্ধ তরুণী। অতএব পূর্ব্ব দিবস তোমাকে যে গরুটী বৃদ্ধা বলিয়াছিলাম তাহা মিথ্যা নহে।"

অৰ্দ্ধনারীশ, (অৰ্দ্ধ+নারী+ঈশ. ৬ ব) ষ্য, পুং, মহাদেব, শিব, শিবের এক মূর্ত্তি, যাহার অৰ্দ্ধেক পুরুষ, অৰ্দ্ধেক স্ত্রী। [নৌকার অৰ্দ্ধভাগ।

অৰ্দ্ধনাব, (অৰ্দ্ধ+নৌ+অ) ষ্য, ন,

অৰ্দ্ধপুলায়িত, ষ্য, ন, অশ্বের গতি বিশেষ। [বার নর হার।

অৰ্দ্ধমানব, ষ্য, পুং, দ্বাদশযষ্টিক হার,

অৰ্দ্ধমাত্রা, (অৰ্দ্ধ+মাত্রা) ষ্য, স্ত্রী, অৰ্দ্ধ পরিমাণ।

অৰ্দ্ধরাত্র, (অৰ্দ্ধ+রাত্রি, ৬-ষ, ই=অ) ষ্য, পুং, নিশীথ. দুই প্রহর রাত্রি।

অৰ্দ্ধসীরিন্, (অৰ্দ্ধ+সীর+ইন্) ষ্য, পুং, যে কৃষক পরক্ষেত্রে চাস করিয়া শস্যের অৰ্দ্ধভাগ লয়।

অৰ্দ্ধবীক্ষণ, (অৰ্দ্ধ+বীক্ষণ, কর্ম্মধা) ষ্য, ন, অপাঙ্গদর্শন, কটাক্ষ, আড়চোখে দেখা। [চৌষট্টিনর হার।

অৰ্দ্ধহার, (অৰ্দ্ধ+হার) ষ্য, পুং,

অৰ্দ্ধাঙ্গ, (অৰ্দ্ধ+অঙ্গ, কর্ম্মধা) ষ্য, ন, শরীরের অৰ্দ্ধ, পত্নী, শাস্ত্রকারেরা পত্নীকে শরীরের অৰ্দ্ধ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

অৰ্দ্ধাবভেদক, (অৰ্দ্ধ+অব+ভিদ+ণক) ষ্য, পুং, মস্তকের অৰ্দ্ধভাগের বেদনা। ন, সমান অংশে বিভাগ করণ। [অৰ্দ্ধভোজন।

অৰ্দ্ধাশন, (অৰ্দ্ধ+অশন) ষ্য, ন,

অৰ্দ্ধাসন, (অৰ্দ্ধ+আসন) ষ্য, ন, স্নেহব্যঞ্জক সম্মানভেদ, ভালবাসার চিহ্নস্বরূপ একাসনে বসান।

অৰ্দ্ধোদয়, (অৰ্দ্ধ+উদয়) ষ্য, পুং, বার তিথি নক্ষত্র সংযুক্ত যোগবিশেষ।

অৰ্দ্ধোরুক, (অৰ্দ্ধ+উরু+কন, বা কাশ+ড) ষ্য, ন, স্ত্রীদিগের অৰ্দ্ধোরু পর্য্যন্ত আচ্ছাদন বস্ত্র, ঘাগ্‌রা।

অর্পণ, (ঋ+ণিচ্+অনট—ভাব) ষ্য, ন, প্রদান, স্থাপন, ত্যাগ, নিক্ষেপ।

অর্পিত, (ঋ+ণিচ্+ক্ত-ত) ণ, ত্রি, স্থাপিত, গচ্ছিত, প্রদত্ত, ন্যস্ত।

অর্পিত-কর, ণ, ত্রি, প্রসারিত হস্ত, বিবাহিত। [হৃদয়, অগ্রমাংস।

অর্পিস্, (ঋ+ণিচ্+ইস্) ষ্য, পুং,

অর্ভ, (ঋ+ভন্) ষ্য, পুং, শিশু, ছাত্র, শিশির, শাকসবজি। ণ, ত্রি, ঔজ্জ্বল্যবর্জিত।

অর্ভক, (ঋধ+বুন ; ধ=ভ) ষ্য, পুং, শিশু, কোন জন্তুর ছানা, পাগল, মূর্খ, ক্ষুদ্র, স্বল্প, কৃশ, তুল্য, সদৃশ।

অর্য্য, (ঋ+য) ষ্য, পুং, স্বামী, বৈশ্য। ণ, ত্রি, শ্রেষ্ঠ। র্য্যা—স্ত্রী, বৈশ্যজাতীয় স্ত্রী। র্য্যী—স্ত্রী, বৈশ্য-পত্নী।

অর্য্যমা, (ঋ+মা+কনিন) ষ্য, পুং, আদিত্য, সূর্য্য।

অর্য্যার্য্যাণী, ষ্য, স্ত্রী, বৈশ্যপত্নী সমূহ।

অর্য্যাণী, ষ্য, স্ত্রী, বৈশ্য পত্নী।

অর্ব্বন্, (ঋ+বনিপ্) ষ্য, পুং, ঘোটক, ইন্দ্র, সামান্য পরিমাণ। র্ব্বতী—স্ত্রী, ঘোটকী, কুট্টিনী। ণ, ত্রি, নীচ, অধম।

অর্ব্বাক্, (অবর+অন্চ্+ক্বিপ্) ব্য, পূর্ব্ব, আদিম, পশ্চাৎ, বৃথা।
অর্ব্বাঙ্, (অর্ব্বাচ্, অর্ব্বন্—কুৎসিত+অন্চ্+ক্বিপ্—ঘ) ণ, ত্রি, নিকৃষ্ট, নীচ, কনিষ্ঠ, ক্ষুদ্র, বক্র।
অর্ব্বাচীন, (অর্ব্বাচ্+ঈন—ভবার্থে) ণ, ত্রি, বিরুদ্ধ, পশ্চাদ্‌বর্ত্তী, নূতন, প্রবীণ নয়, যাহার বয়স হইয়াছে, অথচ বুদ্ধির পরিপাক ও সদসদ্বিবেচনাশক্তি জন্মে নাই, অধম, নীচ।
অর্ব্বুদ, (অর্ব্ব+উদ+ইন্+ড) ব্য, ন, দশকোটি সংখ্যা, রোগবিশেষ, আব্।
অর্শ, অর্শস্, (ঋ+অ,অস্—সংজ্ঞার্থে, শ্-আগম) ব্য, ন, রোগবিশেষ (Piles.) [ত্রি, অর্শরোগ যুক্ত।
অর্শস, (অর্শস+অ—অস্ত্যর্থে) ণ,
অর্শশান, (ঋ+শানচ্; শ-আগম) ব্য, পুং, অগ্নি।
অর্শোঘ্ন, (অর্শস্+হন—ঘ, ২-য) ব্য, পুং, শূরণ, ওল। ণ, ত্রি, অর্শনাশক।
অর্হ, (অর্হ+অ—চ, ঘ) ণ, ত্রি, যোগ্য, উপযুক্ত, পূজ্য, মান্য। ব্য, পুং, ইন্দ্র।
অর্হণ—ন, অর্হণা—স্ত্রী, অর্হা—স্ত্রী, } (অর্হ+অনট, অন, আ-ভাব) ব্য, পূজা, অর্চ্চনা, সম্মান, পূজার সামগ্রী, যোগ্যতা।
অর্হৎ, (অর্হ+শতৃ—ঘ) ব্য, পুং, বুদ্ধ। ণ, ত্রি, পূজ্য, যোগ্য, প্রশস্ত।
অর্হন্ত, (অর্হ+অন্ত) ব্য, পুং, বৌদ্ধ মতাবলম্বী, মহাদেব। [জিত, সম্মানিত
অর্হিত, (অর্হ+ত—চ) ণ, ত্রি, পূ-
অর্হ্য, অর্হণীয়, (অর্হ+য, অনীয়—চ) ণ, ত্রি, পূজ্য, মান্য, যোগ্য।
অলং, অলম্, (অল্+অম্) ব্য, ভূষণ, প্রচুর, পর্য্যাপ্ত, সমর্থ, নিষেধ, অনাবশ্যক, ব্যর্থ, অত্যর্থ।
অল, (অল+অচ্) ব্য, ন, বৃশ্চিকের হুল, হরিদ্বর্ণ গন্ধ চূর্ণ।

অলক, (অল্+অক—ঘ) ব্য, পুং—ন, চূর্ণকুন্তল, কোঁকড়া চুল, ঝাপ্টা, অঙ্গলিপ্ত কুঙ্কুম, মেঘবিশেষ, যে সকল মেঘ চূর্ণ কুন্তলাকারে অথবা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃষ্ট হইয়া থাকে। পুং, ক্ষিপ্তকুক্কুর। কা—স্ত্রী, কুবেরের পুরী, ৮।১০ বৎসরের বালিকা।
অলকনন্দা, (অলক+নন্দি+অন) ব্য, স্ত্রী, ৮।১০ বৎসরের বালিকা, মর্ত্ত্য গঙ্গা। [ধানী।
অলকপ্রভা, ব্য, স্ত্রী, কুবেরের রাজ-
অলকমেঘ, (অলক+মেঘ) যে সকল মেঘ আকাশে অলকের ন্যায় অথবা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃষ্ট হইয়া থাকে। (Cirrus)
অলকস্তর, ব্য, পুং, মেঘবিশেষ, যে সকল মেঘ প্রথমতঃ অলকাকারে উৎপন্ন হইয়া স্তর মেঘ অর্থাৎ ছাড়া ছাড়া মেঘের সহিত মিশ্রিত হয়, (Cirro-stratus.)
অলকস্তূপ, ব্য, পুং, যে সকল মেঘ প্রথমতঃ অলকাকারে উৎপন্ন হইয়া স্তূপমেঘের সহিত মিশ্রিত হয়, (Cirro—cumulus.)
অলকাধিপ, অলকাধিপতি, (অলক+অধিপ, অধিপতি, ৬-ষ) ব্য, পুং, কুবের
অলক্ত—পুং, অলক্তক—ন, } (ন+রক্ত। যাহা হইতে আর রক্তবর্ণ নাই, ৫.হ; র=ল; ক-স্বার্থে) ব্য, পুং, লাক্ষারস, আল্তা।
অলক্ষণ, (ন+লক্ষণ, ৬.হ) ণ, ত্রি, দুর্ভাগ্য, কুলক্ষণাক্রান্ত। ব্য, ন, কুলক্ষণ, অমঙ্গল, মন্দচিহ্ন।
অলক্ষিত, (ন+লক্ষিত) ণ, ত্রি, অজ্ঞাত, অদৃষ্ট, অতর্কিত, লক্ষণাদিদ্বারা অসূচিত।
অলক্ষ্য, অলক্ষণীয়, (ন+লক্ষ+য, অনীয়—চ) ণ, ত্রি, দৃষ্টির অগোচর,

অমীমাংস্য।

অলক্ষ্মী, (ন+লক্ষ্মী) ষ্য, স্ত্রী, লক্ষ্মীর বিরোধিনী দেবতা, আলক্ষ্মী, দুষ্ট-লক্ষ্মী, দুর্ভাগ্য, দুর্দ্দশা।

অলগর্দ্দ, অলগর্দ্ধ, অলিগর্দ্ধ, (ন+লগ্‌ অর্দ্দ্‌ + অ — ঘ; অলক্‌+অর্দ্ধ; অলি+গর্দ্ধ + অ—ঘ) ষ্য, পুং, বিলকেউটিয়া, জলসর্প, নির্বিষসর্প, ঢোঁড়াসাপ। [অসংযুক্ত, অসংশ্লিষ্ট।

অলগ্ন, (ন+লগ্ন) ণ, ত্রি, অসম্বদ্ধ,

অলঘু, (ন+লঘু) ণ, ত্রি, ভারী, গম্ভীর, যাহা সামান্য নয়, প্রচণ্ড।

অলঘুপল, ষ্য, পুং, পাহাড়।

অলঘূষ্মন্‌, ষ্য, পুং, অতিশয় উত্তাপ।

অলংকরণ, (অলম্‌+কৃ+অন—ধ) ষ্য, ন, ভূষণ, আভরণ, অলঙ্কার, ভূষিতকরণ।

অলঙ্করিষ্ণু, (অলম্‌+কৃ+ইষ্ণু) ণ, ত্রি, ভূষিত, মণ্ডিত, ভূষণশীল, অলঙ্কারপ্রিয়।

অলঙ্কর্ত্তা, (অল+কৃ+তৃণ) ণ, ত্রি, ভূষণকারী, ভূষক, প্রসাধক।

অলঙ্কর্ম্মীণ, (অলম্‌+কর্ম্ম+ঈন-ভাবে) ণ, ত্রি, কর্ম্মণ্য, কার্যদক্ষ, কার্য্যকুশল

অলঙ্কার, (অলম্‌+কৃ+অ—ধ) ষ্য, পুং, ভূষণ, আভরণ, ভূষিতকরণ, সাহিত্যবিষয়ক দোষগুণ প্রতিপাদক শাস্ত্র, কাব্যের অলঙ্কার, উপমা রূপক প্রভৃতি, শব্দ ও অর্থের ভূষণ।

অলঙ্কৃত, (অলম্‌+কৃ+ত—চ) ণ, ত্রি, ভূষিত, সজ্জিত।

অলঙ্ক্রিয়া, (অলম্‌+ক্রিয়া) ষ্য, স্ত্রী, ভূষিত করণ, সাজান, ভূষণ।

অলঙ্ঘন, (ন+লঙ্ঘ+অনট—ভাব) ষ্য, ন, অনতিক্রম, ক্রমোল্লঙ্ঘন না করা।

অলঙ্ঘ্য, (ন+লঙ্ঘ+য—চ) ণ, ত্রি, অনতিক্রমণীয়, যাহা অতিক্রম করা যায় না।

অলঞ্জর, অলিঞ্জর, (অলম্‌+জৃ+অ—ঘ) ষ্য, পুং, মাটির কলসী, জালা।

অলন্ধূম, (অলম্‌+ধূম) ষ্য, পুং, অত্যর্থ ধূম, ধূমসমূহ।

অলম্পুরুষীণ, (অলম্‌+পুরুষ+ঈন) ণ, ত্রি, মনুষ্যের উপযুক্ত, মানবীয়।

অলম্বুদ্ধি, (অলম্‌+বুদ্ধি) ষ্য, স্ত্রী, অলংজ্ঞান, নিষ্প্রয়োজনবোধ।

অলম্বুষ, (অলম্‌+বুস্‌+অ) ষ্য, পুং, রাক্ষসবিশেষ, অঙ্গুলিযুক্ত প্রশস্ত হস্ত, বমন। ষ্য—স্ত্রী, স্বর্বেশ্যাবিশেষ, এক প্রকার উদ্ভিদ বিং, বেড়া।

অলয়, (ন+লয়) ণ, ত্রি, গৃহহীন। ষ্য, পুং, প্রলয়াভাব, সংস্থিতি, অবস্থান।

অলর্ক, (অলং+অর্ক্‌+ঘঞ—চ) ষ্য, পুং, প্রেরিত কুক্কুর, উন্মত্ত কুক্কুর, শ্বেত আকন্দ। [ধন পদ।

অললে, অলে, পিশাচ ভাষায় সম্বো-

অলস, আলস, (ন+লস্‌+অন—ঘ) ণ, ত্রি, আলস্যযুক্ত, শ্রমকাতর, আলসে, জড়।

অলসক, (অলস+কৃ+ড-ঘ) ষ্য, পুং, উদরাময় রোগ বিশেষ।

অলাত, আলাত, (ন+লা+ত, অলাত+ঞ—স্বার্থে) ষ্য, ন, দগ্ধকাষ্ঠ, অঙ্গার, জ্বলন্ত বা নিবন্ত কয়লা।

অলাতচক্র, (অলাত+চক্র) ষ্য, ন, চক্রাকার বহ্নি, অঙ্গার চক্র।

অলাতশিলা, ষ্য, স্ত্রী, পাতুরে কয়লা

অলাবু, অলাবূ, আলাবু, (ন—লম্ব্‌ +উ, উ—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, তুম্বী, লাউ। [কবাট।

অলার, (অল+ঋ+অ—ধ) ষ্য, পুং,

অলাস, (ন+লাস) ষ্য, পুং, জিহ্বামূল জাত শোথ রোগ বিশেষ।

অলি, আলি, (অল্‌+ই—সংজ্ঞার্থে) ষ্য, পুং, ভ্রমর, কোকিল, কাক, বৃশ্চিক, মদ্য।

অলিক, অলীক, (অল্+ইক, ঈক— সংজ্ঞার্থে) ষ্য, ন, ললাটদেশ।

অলিগর্দ্দ, (অলি+গর্দ্দ) আলাষ নামক জলসর্পবিশেষ।

অলিঙ্গিন্, (ন+লিঙ্গ+ইন্) ষ্য, পুং, ভণ্ডতপস্বী, অধার্ম্মিকের একশেষ হইয়াও তিলকাদি কপট চিহ্নধারী।

অলিজিহ্বা, ষ্য, স্ত্রী, জিহ্বার উপরিস্থ ক্ষুদ্র জিহ্বা, আলজিব।

অলিন্দ, আলিন্দ, (অল্+কিন্দচ —সংজ্ঞার্থে) ষ্য,পুং, চাতাল, ঘরের দাওয়া, বারাণ্ডা, বাটির সম্মুখে বাঁধান উঠান। [কোকিল, কুক্কুর।

অলিপক, ষ্য, পুং,—স্ত্রী, ভ্রমর, অলিমক, ষ্য, পুং, পদ্মকেশর, ভেক, ভ্রমর, কোকিল।

অলী, আলী, (অলি+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, ভ্রমর, বৃশ্চিক, বিছা।

অলীক, (অল্+ঈক) ষ্য, ন, মিথ্যা, অসত্য, ললাট, আকাশ, স্বর্গ। ণ, ত্রি,মিথ্যা, অসুখকর, অপ্রিয়, ক্ষুদ্র।

অলে, অলেলে, ব্য, নাটকাদিতে দৈত্যাদির অর্থশূন্য শব্দ।

অলেপক, (ন+লিপ+ণ্বুল) নির্ম্মল, নিরবদ্য, অলৌকিক।

অলোকসামান্য, ণ, ত্রি, অসাধারণ।

অলোহ, (ন+লোহ) ণ, ত্রি, লৌহব্যতিরিক্ত।

অলৌকিক, ণ, ত্রি, অসামান্য,লোকাতীত, লোক ব্যবহারে অনভিজ্ঞ।

অলৌকিকতা, (অলৌকিক+তা—ভাবে) ষ্য, স্ত্রী, চমৎকারিত্ব, চমৎকারজনকতা, লোক ব্যবহারে অনভিজ্ঞতা।

অল্ক, ষ্য, ন, অবয়ব, অঙ্গ।

অল্প, (অল্+প) ণ, ত্রি, ক্ষুদ্র, ছোট, ঈষৎ, তুচ্ছ, কিঞ্চিৎ, কিছু, কম, ক্ষীণ, কৃশ। [খর্ব্ব, বামন।

অল্পতনু, (অল্প—তনু, ৬.হ) ণ, ত্রি,

অল্পদর্শী, (অল্প+দৃশ+ণিন্) ণ, ত্রি, যে বিচক্ষণ নয়, যাহার বিজ্ঞতা জন্মে নাই। [পদ্ম।

অল্পপদ্ম, (অল্প+পদ্ম) ষ্য, ন, রক্ত-

অল্পপ্রাণ, (অল্প+প্রাণ=সামর্থ্য, ৬.হ) ণ, ত্রি, ক্ষুদ্রপ্রাণ, ক্ষীণজীবী।

অল্পমারিষ, (অল্প+মৃষ্+ই—সংজ্ঞার্থে, অথবা অল্প+মারিষ=শাকবিশেষ) ষ্য, পুং, ক্ষুদ্র নটেশাক।

অল্পবিষয়, (অল্প+বিষয়, ৬.হ) ণ, ত্রি, সামান্য, মন্দ, স্বল্পজ্ঞেয়বিশিষ্ট।

অল্পশঃ, (অল্প+শস্) ব্য, অল্পে অল্পে।

অল্পসরঃ, (অল্প+সরঃ) ষ্য, ন, পল্বল, ক্ষুদ্র সরোবর, যাহা গ্রীষ্মকালে শুকাইয়া যায়। [অল্পকালজীবী।

অল্পায়ুঃ, (অল্প+আয়ুঃ, ৬.হ) ণ, ত্রি,

অল্পিষ্ঠ, (অল্প+ইষ্ঠ—অত্যর্থে) ণ, ত্রি, অত্যন্ত অল্প।

অল্পীকৃত, (অল্প+চ্বি+কৃ+ত) ণ, ত্রি, অল্প করা, ন্যূন করা।

অল্পীয়ান্, (অল্প+ঈয়স্—অত্যর্থে) ক্ষুদ্রতর, অল্পিষ্ঠ। [পূর্ণ, কিঞ্চিদূন।

অল্পোন, (অল্প+ঊন) ণ, ত্রি, অস-

অল্ল, (অল্+লা+ড—ষ) ষ্য, পুং— স্ত্রী, অথর্ব্ববেদে অল্ল অল্লা ইত্যাদি খ্যাত যবনোপাস্য পরমেশ্বর।

অল্লা, (অল্+লা+আ—ষ) ষ্য, স্ত্রী, মাতা, পরম দেবতা।

অব, (অব+অ) ব্য, উপং, বিস্তার, ন্যূনতা, বিশ্রাম, আদেশ, শোধন, জ্ঞান, অসম্মান, অনাদর, পুষ্টি নিম্নতা, নিশ্চয়, ব্যাপ্তি, আলম্বন নীরোগ, শুদ্ধি, পরিভব, পালন।

অবকট, (অব+কট) ণ, ত্রি, বিপর্য্যস্ত, বিপরীত, অভিমুখ, পশ্চাৎ অধোমুখ, অধস্তন। ষ্য, ন, বিরোধ

অবকথন, (অব+কথন) ষ্য, ন স্তব, উপাসনা।

অবকর, (অব+কৃ+অ—ট) ষ

পুং, আবর্জ্জনা, ওঁচলা, জঞ্জাল, অ-
ভিবর্ষণ, বিক্ষেপ। [সকল।
অবকর্ত্ত, (অব+কর্ত্ত) ষ্য, পুং, খণ্ড-
অবকর্ত্তন, (অব+কর্ত্তন) ষ্য, ন,
সূত্র কাটন যন্ত্র, চর্কা।
অবকলন, (অব+কলন) ষ্য, ন,
বিয়োগকরণ, অগণন। [ত্রি, দৃষ্ট।
অবকলিত, (অব+কল+ত) ণ,
অবকাশ, (অব+কাশ+অ—ভাব)
ষ্য, পুং, অবসর, মধ্যস্থান, স্থান,
অবস্থান।
অবকীর্ণ, (অব+কৃ+ত—চ) ণ,
ত্রি, চূর্ণিত, বিক্ষিপ্ত, অবধ্বস্ত।
অবকীর্ণী, (অবকীর্ণ+ইন্—যুক্তার্থে)
ণ, ত্রি, ব্রতোল্লঙ্ঘনকারী, নিয়মো-
ল্লঙ্ঘনকারী। [বক্রীকরণ, কোঁকড়ান
অবকুঞ্চন, (অব+কুঞ্চন) ষ্য, ন,
অবকুণ্ঠন, (অব+কুণ্ঠন) ষ্য, ন, প-
রিবেষ্টন, আকর্ষণ।
অবকৃষ্ট, (অব+কৃষ্+ত—চ) ণ,
ত্রি, তাড়িত, বহিষ্কৃত, অধম, জঘন্য,
হেয়, হীনজাতীয়।
অবকেশী, ষ্য, পুং, অফল বৃক্ষ। ণ,
ত্রি, বন্ধ্য, নিষ্ফল, অল্পকেশযুক্ত।
অবক্তব্য, (ন+বক্তব্য) ণ, ত্রি, যাহা
বাক্যদ্বারা বলা যায় না, অকথ্য,
অবাচ্য। [স্বরে রোদন।
অবক্রন্দন, ষ্য, ন, বিলাপ, উচ্চৈঃ-
অবক্রয়, (অব+ক্রী+অ) ষ্য, পুং,
ভাড়া, মূল্য, দাম।
অবক্রুষ্ট, (অব+ক্রুষ্ট) ণ, ত্রি, অ-
ধিক্ষিপ্ত, অপবাদিত।
অবক্রোশ, (অব+ক্রুশ+বঞ—
ভাব) ষ্য, পুং, অভিশাপ, নিন্দা,
অধিক্ষেপ।
অবক্ষেপ, (অব+ক্ষিপ+অ—ভাব)
ষ্য, পুং, অধোনিক্ষেপ, ধিক্ষেপ,
তিরস্কার, শ্লেষোক্তি। নী,—ষ্য, স্ত্রী,
বল্গা, লাগাম।
অবক্ষেপণ, (অব+ক্ষিপ্+অন—
ভাব) অবক্ষেপ।
অবখাত, (অব+খাত) ষ্য, পুং,
গহ্বর। [কুৎসিত খেলা।
অবখেল, (অব+খেল) ষ্য, পুং,
অবগণিত, (অব+গণ+ত—চ) ণ,
ত্রি, অবজ্ঞাত, ঘৃণিত, তিরস্কৃত।
অবগণ্ড, (অব+গন্ড্+অ) ষ্য, পুং,
গণ্ডস্থ ব্রণ, শিশু।
অবগত, (অব+গম্+ত—ম) ণ,
ত্রি, জ্ঞাত, বিদিত, নিম্নগত।
অবগতি, (অব+গম+তি-ভাব) ষ্য,
স্ত্রী, জ্ঞান, বোধ। পুং, বোধ, জ্ঞান।
অবগম, (অব+গম+অ—ভাব) ষ্য,
অবগাঢ, (অব+গাহ+ত—ম) ণ,
ত্রি, নত, নিম্ন, নিমগ্ন, অতিরিক্ত,
নিবিড়, অন্তঃপ্রবিষ্ট, স্নাত।
অবগাদ, (অব+গম+আদক্) ষ্য,
পুং, জলদ্রোণী, নৌকার জলসেচ-
নার্থ কাষ্ঠপাত্র, কাত্তো।
অবগাহ, (অব+গাহ+অ—ভাব)
ষ্য, পুং, স্নান, মজ্জন, প্রবেশ,
অন্তঃপ্রবেশ।
অবগাহন, (অব+গাহ+অন—ভাব)
ষ্য, ন, স্নান, নিমজ্জন, অবগাহ।
অবগীত, (অব+গৈ+ত—চ) ণ, ত্রি,
নিন্দিত, দুষ্ট, গীত। ষ্য, ন, অপ-
বাদ। [দোষ।
অবগুণ, (অব+গুণ্+অ) ষ্য, পুং,
অবগুণ্ঠন, (অব+গুন্ঠ্+অন) ষ্য, ন,
মুখাবরণ, ঘোম্টা, আবরণ, যবনিকা।
অবগুণ্ঠিকা, (অব+গুণ্ঠ+নক—ভা-
ব) ষ্য, স্ত্রী, অবগুণ্ঠন।
অবগুণ্ঠিত, (অব+গুণ্ঠ্+ত—চ) ণ,
ত্রি, আবৃত, ঘোম্টা দেওয়া।
অবগূহন, (অব+গূহ+অনট) ষ্য, ন,
আলিঙ্গন, আশ্লেষ।
অবগোরণ, (অব+গুর্+অন-ভাব)
ষ্য, ন, বধার্থ অস্ত্রাদি উত্তোলন।

অবগ্রন্থন, (অব+গ্রন্থন) ষ্য, ন, মন্দ রচনা, কদর্য্য গাঁথনি।
অবগ্রহ, অবগ্রাহ, (অব+গ্রহ+অল্, ঘঞ) ষ্য, পুং, গ্রহণ, স্বীকার, অনাবৃষ্টি, হস্তীর ললাট, প্রতিবন্ধ, বাধা, শাপবাক্য, নিগ্রহ।
অবগ্রহণ, (অব+গ্রহ+অন—ভাব) ষ্য, ন, প্রতিরোধ, অবজ্ঞা, অনাদর। [গর্ত্ত।
অবঘট্ট, (অব+ঘট্ট+অ) ষ্য, পুং,
অবঘাত, (অব+হন+ঘঞ) ষ্য, পুং, অপহত্যা, তণ্ডুলাদি কাঁড়া।
অবঘ্রাণ, (অব+ঘ্রাণ) ষ্য, ন, কুৎসিত গন্ধ, চুম্বন।
অবচনীয়তা, (অবচনীয়+তা) কথনাযোগ্যতা, অশ্লীলকথন,আক্রোশবাদ
অবচয়, (অব+চি+অল) ষ্য, পুং, চয়ন, অপব্যয়, অপচয়।
অবচিত, (অব+চি+ত—ণ) ণ, ত্রি, কৃতচয়ন, চয়নকরা, তোলা,আহৃত, সঞ্চিত, অপব্যয়িত।
অবচূড়, (অব+চূড়া) ষ্য, পুং, ধ্বজার অধোবদ্ধ বস্ত্র। ড়া—স্ত্রী, চূড়া, মালা। [ত্রি, চূর্ণীকৃত, পিষ্ট।
অবচূর্ণিত, (অব+চূর্ণ+ত—ঢ) ণ,
অবচূল, (অব+চূড়া। ড়=ল) ষ্য, পুং, ধ্বজার অধোবদ্ধ বস্ত্র।
অবচূলক, (অব+চূল+কণ্-সাদৃশ্যার্থে) ষ্য, ন, চামর। [মন্দ চেষ্টা।
অবচেষ্টা, (অব+চেষ্টা) ষ্য, স্ত্রী,
অবচ্ছদ, (অব+চ্ছদ) ষ্য, পুং, আচ্ছাদন বস্ত্র। [সঙ্কুচিত, সীমাবদ্ধ;
অবচ্ছিন্ন, (অব+ছিদ+ত) ণ, ত্রি,
অবচ্ছুরিত, (অব+ছুর+ত—ভাব) ষ্য, ন, ঘোটকের শব্দ, অট্টহাস। ণ, ত্রি, মিশ্রিত, ব্যাপ্ত, রূষিত।
অবচ্ছেদ, (অব+ছিদ্+ঘঞ—ভাব) ষ্য, পুং, পরিচ্ছেদ, খণ্ড, বিরাম, একদেশ, সীমা, বিচ্ছেদ।
অবচ্ছেদক, (অব+ছিদ্+ণক—ঘ) ণ, ত্রি, অবচ্ছেদকারক, ব্যাবর্ত্তক।
অবচ্ছেদাবচ্ছেদ, (অবচ্ছেদ+অবচ্ছেদ) ষ্য, পুং, ব্যাপকত্ব, সর্ব্বসাকল্য। [বৃদ্ধ।
অবজীর্ণ, (অব+জীর্ণ) ণ, ত্রি, অতি-
অবজ্ঞা, (অব+জ্ঞা+আ—ভাব) ষ্য, স্ত্রী, তিরস্কার, অবমান, হেয়জ্ঞান, অনাদর, তাচ্ছিল্য, ঘৃণা।
অবজ্ঞাত, (অব+জ্ঞা+ত—ট) ণ, ত্রি, অনাদৃত, অবমানিত।
অবজ্ঞান, (অব+জ্ঞা+অন—ভাব) ষ্য, ন, অবমাননা, অবজ্ঞা।
অবট, (অব্+অটন্) ষ্য, পুং, গর্ত্ত, গহ্বর, কূপ, ঐন্দ্রজালিক।
অবটঙ্ক, ষ্য, পুং, পণ্যবীথিকা, হাট।
অবটি, অবটী, (অব+অটি) ষ্য, স্ত্রী, গর্ত্ত, কূপ, শারীরবিদ্যাতে দেহস্থিত রন্ধ্রাদি।
অবটীট, (অব+নাসিকা। নাসিকা স্থানে টীটাদেশ, ৬-হ) ণ, ত্রি, নতনাসিক, নাক খাঁদা ও চেপ্টা।
অবটু, (অব+টীক্+উ-সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, গ্রীবা, ঘাড়,গর্ত্ত, কূপ,বৃক্ষ বিশেষ
অবডীন, (অব+ডীন) ষ্য, ন, অবরোহণরূপ পক্ষির গতি বিশেষ।
অবতংস, (অব+তন্স্+অ—ঘ, ধ) ষ্য, পুং—ন, কর্ণভূষণ, শিরোভূষণ, কিরীট।
অবততি, (অব+তন্+তি—ভাব) ষ্য,স্ত্রী, বিস্তৃতি, সংহতি,সমূহ,বিস্তার
অবতরণ, (অব+তৃ+অন—ভাব) ষ্য, ন,অবরোহণ,নামন,প্রবেশ, উৎপত্তি
অবতরণিকা (অবতরণ+কণ্) ষ্য, স্ত্রী, ভূমিকা, গ্রন্থ প্রস্তাবনা।
অবতর্পণ, (অব+তৃপ+অন) ষ্য, ন, সান্ত্বনা, উপশমন। [বিস্তার,আবরণ।
অবতান, (অব+তন+ঘঞ) ষ্য, পুং,
অবতার, (অব+তৃ+অ—ভাব) ষ্য,

পুং, উৎপত্তি, আরোহণ, নামা, তীর্থ, ঘাট, স্বর্গাদি হইতে মনুষ্য লোকে দেবাদির আবির্ভাব, যেমন বিষ্ণুর দশ অবতার,—মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, কৃষ্ণ, বুদ্ধ, কল্কী।

অবতারণ, (অব+তৄ+ণিচ্+অনট—ভাব) ষ্য, ন, অবরোহণ, নামান, প্রস্তাবন, বস্ত্রাঞ্চল, পূজা।

অবতারণিকা, (অব+তারণিকা) ষ্য, স্ত্রী, নৌকা, আভাস, ভূমিকা, অবতরণিকা, উপক্রমণিকা, সিঁড়ি।

অবতীর্ণ, (অব+তৄ+ক্ত—ম) ণ, ত্রি, পৃথিবীতে আবির্ভূত, নীচে নামা, নিম্নাগত, উচ্চ হইতে নীচে আগত, উত্তীর্ণ, অবগাঢ়।

অবতোকা, (অব+তোক, ৫-ত) ষ্য, স্ত্রী, স্রবদ্গর্ভা, দৈবাৎ গর্ভস্রাবযুক্তা গবী।

অবথব, ণ, ত্রি, বলহীন, অসমর্থ।

অবদংশ, (অব+দন্শ+অ) ষ্য, পুং, চর্ব্বণ দ্রব্য, চাট।

অবদলন, (অব+দলন) ষ্য, ন, মর্দ্দন।

অবদাত, (অব+দৈ+ত—ম) ষ্য, পুং, শ্বেতবর্ণ। ণ, ত্রি, শুভ্রবর্ণ, গৌরবর্ণ, নির্ম্মল, সুন্দর।

অবদান, (অব+দৈ, দো বা দা+অন—ট, ধ, ভাব) ষ্য, ন, বেণামূল, সম্পাদিত কর্ম্ম, মনোনীত ব্যবসায়, ছেদ, খণ্ড, পরাক্রম, ছেদন, শোধন

অবদারক, (অব+দৄ+ণিচ্+ণক—ম) ণ, ত্রি, বিদারণকারী, বিদারণকর্ত্তা। ষ্য, পুং, খননাস্ত্র।

অবদারণ, (অব+দৄ+ণিচ্+অন—ম, ভাব) ষ্য, ন, খননাস্ত্র, কোদালি, খন্তা, শাবল প্রভৃতি, খনন, বিদারণ, খোঁড়া। [উশীরমূল, বেণামূল, খস্‌খস্

অবদাহ, (অব+দহ+ঘঞ্) ষ্য, পুং,

অবদীর্ণ, (অব+দৄ+ক্ত—ম) ণ, ত্রি, গলিত, দ্রবীভূত, বিদীর্ণ।

অবদূন, (অব+দু+ক্ত) ণ, ত্রি, অনুতপ্ত, অনুশোচিত। [পুং, দুগ্ধ।

অবদোহ, (অব+দুহ+ঘঞ্—ট) ষ্য,

অবদ্ধ, (ন+বদ্ধ+ত—ট) ষ্য, ন, নিরর্থক বাক্য। ণ, ত্রি, সম্বন্ধহীন, অসংযত। [অপ্রিয়বাদী, দুর্ম্মুখ।

অবদ্ধমুখ, (অবদ্ধ+মুখ, ৬-হ) ণ, ত্রি,

অবদ্য, (ন+বদ্+য) ণ, ত্রি, নীচ, হীন, নিন্দনীয়, অকথ্য। ষ্য, ন, অনিষ্ট, দোষ। [ক্ত, অল্প প্রকাশিত।

অবদ্যোত, (অব+দ্যোত, ৬-হ) ঈষদ্-

অবদ্রঙ্গ, ষ্য, পুং, হট্ট, বাজার।

অবদ্রুত, (অব+দ্রুত) ণ, ত্রি, পলায়িত, পলায়নকারী, দ্রবীভূত।

অবধান, (অব+ধা+অনট্‌-ভাব) ষ্য, ন, মনোযোগ, অভিনিবেশ।

অবধারণ, (অব+ধৃ+ণিচ্+অনট—ভাব) ষ্য, ন, নিশ্চয়, নির্ণয়, স্থিরীকরণ।

অবধারিত, (অব+ধৃ+ণিচ্+ত—ট) ণ, ত্রি, নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত।

অবধার্য্য, (অব+ধার্য্য) ণ, ত্রি, নির্দ্ধার্য্য। [পশ্চাদ্ধাবন, অনুসরণ।

অবধাবন, (অব+ধাবন) ষ্য, ন,

অবধি, (অব+ধা+কি) ষ্য, পুং, সীমা, অন্ত, পর্য্যন্ত, সময়, গর্ত্ত, অবধান, অবসান।

অবধীরণ, } (অব+ধীর+অনট, অবধীরণা, } আ—ভাব) ষ্য, ন, স্ত্রী, অবজ্ঞা, হেয়জ্ঞান, অবমাননা।

অবধীরিত, (অব+ধীর+ত—ট) ণ, ত্রি, অবজ্ঞাত, অনাদৃত। [বিহীন।

অবধুক, (ন+বধূ+ক—অস্ত্যর্থে) স্ত্রী-

অবধূত, (অব+ধূ+ত—ট) ণ, ত্রি, ত্যক্ত, তিরস্কৃত, নিরস্ত, অভিভূত, কম্পিত। ষ্য, পুং, শৈব-সম্প্রদায়-বিশেষ, বর্ণাশ্রমধর্ম্মত্যাগী সন্ন্যাসী, উদাসীন, সংসারমায়ামুক্ত।

অবধূতী, (অবধূত+ঈ) ব্য, স্ত্রী, শিবাদেবী, দুর্গা।

অবধূনন, (অব+ধুনন=কম্পন) ব্য, ন, কম্পন, আন্দোলন, চালন, অপসারণ। [নিশ্চিত, নির্দ্ধারিত।

অবধৃত, (অব+ধৃ+ত) ণ, ত্রি,

অবধ্য, (ন+বধ্য) ণ, ত্রি, বধানর্হ, বধের অযোগ্য।

অবধ্বংস, (অব+ধ্বন্স্+অ—ভাব ব্য,পুং,পরিত্যাগ, চূর্ণন,নিন্দা, বিনাশ

অবধ্বস্ত, (অব+ধ্বন্স্+ত—ট) ণ, ত্রি, চূর্ণিত, প্রস্থিত, গত, ত্যক্ত, নিন্দিত।

অবন, (অব+অন—ভাব) ব্য, ন, তৃপ্তি, দান, পালন, বেগ, গতি, প্রীতকরণ, প্রীণন, রক্ষণ, যাচন, বধ, শক্তি, বৃদ্ধি, সত্তা, কাম, শোভা, আলিঙ্গন, প্রবেশ, শ্রবণ।

অবনত, (অব+নম্+ত-ম) ণ, ত্রি, আনত, নম্রীভূত, নিম্নীভূত।

অবনতি, (অব+নম+তি—ভাব) ব্য, স্ত্রী, অনুন্নতি, অধোগতি, নমন, প্রণতি, বিনয়।

অবনদ্ধ, (অব+নহ+ত—ট) ণ, ত্রি, প্রত্যাপ্ত, বসান, বদ্ধ, খচিত, লিপ্ত। ব্য, ন, মৃদঙ্গাদি বাদ্য, ঢক্কা, বসন ভূষণ পরিধান।

অবনয়ন, (অব+নী+অন—ভাব) ব্য, ন, অবনতি, নমন, অধোনয়ন।

অবনাট, (অব+নাসিকা। নাসিকা স্থানে নাটাদেশ, ৬.হ) ণ, ত্রি, অবনত নাসিক, যাহার নাক খাঁদা ও চেপ্টা। [বন্ধন, আচ্ছাদন, বেষ্টন।

অবনাহ, (অব+নহ+ঘঞ) ব্য,পুং,

অবনি, অবনী, (অব+অনি—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, পৃথিবী।

অবনিপতি, অবনীপতি, (অবনি, অবনী+পতি, ৬-ষ) ব্য, পুং, ভূপতি রাজা, ভূমিপ।

অবনিপাল, অবনীপাল, (অবনি, অবনী+পাল, ২-ষ) ব্য,পুং, রাজা।

অবনিরুহ,অবনীরুহ, ব্য,পুং, বৃক্ষ, তরু

অবনেজন,(অব+নিজ+অন—ভাব) ব্য, ন, প্রক্ষালন, শ্রাদ্ধকালে পিণ্ড-দানার্থ আস্তৃত কুশোপরি জল-সেচন।

অবন্তি, (অব+অন্তি—সংজ্ঞার্থে) ব্য, পুং,দেশবিশেষ। ন্তি, ন্তী, ন্তিকা —স্ত্রী,উজ্জয়িনী নগরী,নদীবিশেষ।

অবন্তিসোম,(অবন্তি+সু+ম-ভবার্থে) ব্য, ন, কাঁজি, আমানি।

অবন্দ্য, (ন+বন্দ্য) ণ, ত্রি, অপূজ্য, প্রণামের অযোগ্য।

অবন্ধকপ্রয়োগ,(ন+বন্ধক+প্রয়োগ) ব্য, পুং, কোন বস্তু বন্ধক না রাখিয়া ঋণ দান।

অবন্ধ্য, (ন+বন্ধ্য) ণ, ত্রি, সফল, ফলবান্। [র্থক, পক্ষপাতী।

অবপক্ষ, (অব+পক্ষ) ণ, ত্রি, নির-

অবপাত, (অব+পত+অ—ডে, ভাব) ব্য, পুং, হস্তী ধারণার্থ তৃণাচ্ছাদিত গর্ত্ত,অধঃপতন, নাটকাদিতে ভয়াদিজনিত পলায়ন সম্ভ্রমাদি বর্ণনা দ্বারা প্রস্তুতের পরিবর্ত্ত।

অবপাত্রিত, অপপাত্রিত, (অব, অপ+পাত্র+ইত) ণ, ত্রি, উৎকট দোষজ্ঞ জাতিবর্গকর্ত্তৃক ভিন্নোদকীকৃত, এক ঘরে। [হীন।

অবপালক, (অব+পালক) রক্ষক-

অবপ্লুত, (অব+প্লু+ত—ম) ণ, ত্রি, সহসা অবতীর্ণ, হঠাৎ নামা।

অববধা, (অব+বধ=যাহা মারে) ব্য, স্ত্রী, ত্রিভুজের অংশ বিশেষ।

অববোধ, (অব+বুধ+অ—ভাব) ব্য, পুং, পরিজ্ঞান, জাগরণ, শিক্ষা।

অবভান, (অব+ভান) ব্য, ন, আভাস,ইঙ্গিত, অল্প প্রকার বোধ।

অবভাস, (অব+ভাস্+অ—ভাব)

ষ্য,পুং, প্রকাশ, স্ফুরণ, সাক্ষাৎকার, ভান, আরোপ।

অবভাসী, (অব+ভাস+ইন্) ণ, ত্রি, দীপ্তিমান্, উজ্জ্বল। নী—স্ত্রী,শরীরের বহিস্ত্বক্। [বক্রীকৃত।

অবভুগ্ন, (অব+ভুগ্ন) ণ, ত্রি, কুঞ্চিত,

অবভৃথ, (অব+ভৃ+থ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, প্রধান যজ্ঞ পূরণার্থ যাগবিশেষ, যজ্ঞাবশেষ স্নান, দীক্ষান্তকর্ম্ম, যজ্ঞ।

অবম, (অব+অম) ণ, ত্রি, অধম, নিকৃষ্ট, ন্যূন, তিথিত্রয়যুক্ত দিন।

অবমত, (অব+মন্+ত—চ) ণ, ত্রি, অনাদৃত, অবজ্ঞাত।

অবমতি, (অব+মন্+তি—ভাব) ষ্য, স্ত্রী,অবজ্ঞা,হেয়জ্ঞান [অবজ্ঞাকারী।

অবমন্তা, (অব+মন্+তৃণ—ঘ)ণ,ত্রি,

অবমর্দ্দ, (অব+মৃদ্+অ—ভাব) ষ্য, পুং,পীড়ন,দলন,শত্রুনগরাদির উচ্ছেদ

অবমর্দ্দন, (অব+মৃদ্+অন—ভাব) ষ্য, পুং, দলন, পীড়ন, অবমর্দ্দ।

অবমর্শ,—র্ষ,(অব+মৃশ,—ষ+অ—ভাব) ষ্য, পুং, আলোচনা।

অবমর্ষণ, (অব+মৃষ+অন) ষ্য, ন, অক্ষমা, অধৈর্য্য, বিলোপ, বিস্মৃতি।

অবমান, (অব+মান) অপমান, দুর্ণাম।

অবমাননা, (অব+মন্+ণিচ্+অন্—ভাব) ষ্য, স্ত্রী, অপমান, অনাদর।

অবমানিত (অব+মন্+ণিচ্+ত—চ) ণ, ত্রি, অবজ্ঞাত।

অবমানিত, (অবমান+ইত) ণ, ত্রি, অপমানগ্রস্ত, অসম্মানিত, অনাদৃত।

অবমূর্দ্ধশয়, (অব+মূর্দ্ধন্+শী+অ, ৮ ক) ণ, ত্রি, অধোমুখশায়ী।

অবমৃষ্ট, (অব+মৃষ্ট) ণ, ত্রি, ভ্রষ্ট, মর্দ্দিত।

অবমোচন, (অব+মুচ+অন—ভাব) ষ্য, ন, পরিত্যাগ, ছাড়িয়া দেওয়া, মুক্তকরা। [ষ্য, ন, মোচকান।

অবমোটন, (অব+মুট+অন—ভাব)

অবয়ব, (অব+যু+অল—ঘ) ষ্য, পুং, অঙ্গ, হস্তপদাদি, অংশ, উপকরণ, ন্যায়ে—প্রতিজ্ঞাদি পঞ্চক।

অবর, (ন+বর, বা অব+রা+ড) ণ, ত্রি, কনিষ্ঠ, নিকৃষ্ট, অধম, পশ্চাদ্বর্ত্তী। রা—ষ্য, স্ত্রী, শিবপত্নী, দুর্গা। ষ্য, ন, গজের পশ্চাৎ জঙ্ঘাদি দেশ

অবরজ, (অবর+জন+ড) ষ্য, পুং, অনুজাত, কনিষ্ঠ, শূদ্র। জা—স্ত্রী, কনিষ্ঠা ভগ্নী। [নিবৃত্ত।

অবরত, (অব+রম্+ত—ঘ) ণ,ত্রি,

অবরতঃ, (অবর+তস্) পশ্চাতে।

অবরতি, (অব+রম্+তি—ভাব) ষ্য, স্ত্রী,বিরতি, নিবৃত্তি, বিশ্রাম, ত্যাগ।

অবরবর্ণ, (অবর+বর্ণ, কর্ম্মধা) ষ্য, পুং,—স্ত্রী, চতুর্থ বর্ণ, শূদ্র। [সূর্য্য।

অবরব্রত, (ন+বর+ব্রত) ষ্য, পুং,

অবরিকা,(অবর+ইক) ধন্যাক, ধনিয়

অবরীণ, (অব+রী+ত—চ) ণ, ত্রি, ঘৃণিত, তিরস্কৃত। [ভগ্ন, পীড়িত।

অবরুগ্ন, (অব+রুজ+ক্ত) ণ, ত্রি,

অবরুদ্ধ, (অব+রুধ+ত—চ) ণ,ত্রি, বদ্ধ, কয়েদী,আচ্ছাদিত। [অবতীর্ণ।

অবরূঢ়, (অব+রুহ+ত—ঘ) ণ,ত্রি,

অবরোধ, (অব+রুধ+অ—ড, চ, ভাব) ষ্য, পুং, অন্তঃপুর, অন্তঃপুরস্ত্রী, প্রতিবন্ধ, আটক।

অবরোধিক, ষ্য,পুং, অন্তঃপুররক্ষক।

অবরোধন, (অব+রুধ+অন—ভাব) প্রতিবন্ধক, আটক।

অবরোপণ, (অব+রুহ+ণিচ্+অনট) ষ্য, ন, উৎপাটন, অবতরণ, অস্তগমন।

অবরোপিত, (অব+রুহ+ণিচ্+ক্ত) ণ, ত্রি, উৎপাটিত।

অবরোহ, (অব+রুহ্+অ—ভাব) ষ্য, পুং, ডাল, শাখার ন্যায় লম্বমান

শিকড়, অবতরণ, নামা।
অবরোহণ, (অব+রুহ+অন—ভাব) ষ্য, ন, পরিত্যাগ, নীচে আগমন, নামান, অবতরণ।
অবরোহী, (অব+রুহ্+ণিন—ষ) ণ, ত্রি, অবতরণকারী। ষ্য, পুং, বটবৃক্ষ।
অবর্ণ, (ন+বর্ণ) ষ্য, পুং. নিন্দা, অযশঃ, 'অ' অক্ষর, আকার, নীচজাতি। ণ, ত্রি, বর্ণহীন।
অবলক্ষ, (অব+লক্ষ+অ—ষ) ষ্য, পুং, শ্বেতবর্ণ। ণ, ত্রি, শুক্ল বর্ণ-বিশিষ্ট, মূর্খ।
অবলগিত, (অব+লগ+ত) ষ্য, ন, প্রস্তাবনা বিশেষ।
অবলগ্ন,(অব+লগ্ন, যাহাতে বস্ত্রাদি সংলগ্ন হয়) ষ্য, পুং—ন, কটিদেশ, কাঁকাল। ণ, ত্রি, সংলগ্ন, দৃঢ়সংযুক্ত
অবলম্ব, (অব+লম্ব+অ—ভাব, ডে) ষ্য, পুং, আশ্রয়, যাহাতে ঝুলিয়া থাকে, যাহার শরণাগত হয়, গ্রহণ, স্থাপন, আশ্রয়সাধন যষ্ট্যাদি।
অবলম্বন, (অব+লম্ব্+অন—ভাব) ষ্য, ন, অবলম্ব, আশ্রয়।
অবলম্বিত, (অব+লম্ব+ত—ষ) ণ, ত্রি, আশ্রিত, শরণাগত, ধৃত, গৃহীত, অধোলম্বায়মান।
অবলম্বী, (অব+লম্ব+ইন্—ষ) ণ, ত্রি, আশ্রয়কারী। [স্ত্রীলোক।
অবলা, (ন+বল, ৬ হ) ষ্য, স্ত্রী,
অবলিপ্ত, (অব+লিপ+ত—ষ) ণ, ত্রি, প্রলিপ্ত, মাখান, গর্বিত।
অবলীঢ়, (অব+লিহ+ক্ত) ণ, ত্রি, ভক্ষিত, আস্বাদিত "শষ্পৈরর্দ্ধাবলীঢৈঃ শ্রমবিবৃতমুখভ্রংশিভিঃ কীর্ণবর্ত্মা।" অভিজ্ঞান শকুন্তলং।
অবলীলা, (অব+লীলা) ষ্য, স্ত্রী, অনায়াস, অক্লেশ।
অবলূন, ণ, ত্রি, ছিন্ন, কর্ত্তিত।
অবলেপ, (অব+লিপ+ঘঞ—ভাব) ষ্য, পুং, গর্ব্ব, বিশেষ, দূষণ, অধিক্ষেপ, প্রলেপ, লেপন, ক্ষেপণ, সঙ্গ।
অবলেপন, (অব+লিপ্+অন—ভাব) ষ্য, ন, গর্ব্বপ্রকাশ, প্রলেপ, ম্রক্ষণ, সঙ্গম।
অবলেহ, (অব+লিহ্+অ—ভাব) ষ্য, পুং, চাটিয়া খাইবার ঔষধাদি, জিহ্বা দ্বারা আস্বাদন, চাটা।
অবলেহন,(অব+লিহ+অনট—ভাব) ষ্য, পুং, আস্বাদন, চাটন।
অবলোকন, (অব+লোক্+অনট—ভাব) ষ্য, ন, দর্শন, দৃষ্টিপাত, অনুসন্ধান, নয়ন, নেত্র, আলোক।
অবলোকিত, (অব+লোক্+ত—ট) ণ, ত্রি, দৃষ্ট। ষ্য, পুং, জৈনমুনি।
অববাদ, (অব+বদ+ঘঞ) ষ্য, পুং, নিন্দা, আদেশ, বিশ্বাস।
অববাহিকা, (অব+বাহি+অক—ঘ) ষ্য, স্ত্রী, যে নদীর উভয়দিকের যতদূরের জল আসিয়া সেই নদীতে পড়ে, ততদূরের ভূমি সেই নদীর অববাহিকা (Basin.)।
অবশ, (ন+বশ, ৬.হ) ণ, ত্রি, অনায়ত্ত, পরাধীন, অক্ষম।
অবশকথিকা, ষ্য, স্ত্রী, পর্য্যঙ্কবন্ধ।
অবশিষ্ট, (অব+শিষ্+ত—ট) ণ, ত্রি, পরিশিষ্ট, বাকি।
অবশীন, (অব+শ্যৈ+ক্ত) বৃশ্চিক।
অবশেষ, (অব+শিষ+অল) ণ, ত্রি, অবশিষ্ট, বাকি, উদ্বর্ত্ত। ষ্য, পুং, শেষ, পরিশেষ, সমাপ্তি।
অবশ্য, (ন+বশ্য) ণ, ত্রি, অদম্য, অবাধ্য, অবশ, নিশ্চয়।
অবশ্যম্, (অব+শ্যৈ+অম্) ষ্য, নিশ্চিত, সর্ব্বথা, অনিবার্য্য।
অবশ্যম্ভাবী, (অবশ্যম্+ভূ+ইন্—ভবিষ্যদর্থে) ণ, ত্রি, যাহা নিশ্চয়

হইবে। [কুজ্‌ঝটিকা, কোয়াসা।
অবশ্যা, (অব+শৈ+ড) ষ্য, স্ত্রী,
অবশ্যায়, (অব+শৈ+ণ) ষ্য, পুং, নীহার, হিম, শিশির, অভিমান, গর্ব্ব
অবশ্রয়ণ, (অব+শ্রী+অন—ভাব) ষ্য, ন, চুল্লী হইতে অবতারণ।
অবষ্করণী, ষ্য, স্ত্রী, চিরপ্রসূতা গাভী।
অবষ্টব্ধ, (অব+স্তন্‌ভ্‌+ত—ট) ণ, ত্রি, বদ্ধ, বেষ্টিত, আক্রান্ত, আসন্ন, রুদ্ধ, আশ্রিত, জড়িত, প্রতিরুদ্ধ, অধোলম্বিত।
অবষ্টম্ভ, (অব+স্তন্‌ভ্‌+অ—ঘ, ভাব) ষ্য, পুং, আশ্রয়, অহঙ্কার, আরম্ভ, সূচনা, উৎকর্ষ, স্বর্ণ, থাম, স্তম্ভীভাব, স্থিরতা, খাড়া হইয়া থাকা, রুদ্ধ। [ভক্ষণ।
অবষ্বাণ্‌, (অব+স্বন্‌+ঘঞ্‌) ষ্য, ন,
অবস, (অব্‌+অস) ষ্য, পুং, রাজা, সূর্য্য ন, রক্ষণ।
অবসক্‌থিকা, (অব+সক্‌থি+ক) ষ্য, স্ত্রী, বস্ত্রবিশেষ, রাপার প্রভৃতি, থত্নী।
অবসথ, (ন+বস্‌+অথ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, গ্রাম, আবাসগৃহ, পাঠশালা, আড্ডা, আথড়া।
অবসন্ন, (অব+সদ্‌+ত—ঘ) ণ, ত্রি, শ্রান্ত, ক্লান্ত, দুর্ব্বল, বিনষ্ট।
অবসর, (অব+সৃ+অ—ভাব) ষ্য, পুং, প্রস্তাব, যোগ্যকাল, অবকাশ, সময়, সুযোগ, গোপনে পরামর্শ, বৃষ্টি, বৎসর, প্রারম্ভ।
অবসরালয়, (অবসর+আলয়) ষ্য, পুং, নিশার্দ্ধভাগ, নিশীথকাল।
অবসর্গ, (অব+সৃজ্‌+ঘঞ্‌) স্বেচ্ছাচার। [পুং, দূত, প্রণিধি, গুপ্তচর।
অবসর্প, (অব+সৃপ্‌+অ—ঘ) ষ্য,
অবসর্পিণী, (অব+সৃপ+ণিন্‌+ঈ) ষ্য, স্ত্রী, জৈনদিগের কালভেদ।
অবসব্য, (অব+সব্য) ণ, ত্রি, বামেতর, দক্ষিণ, ডান, প্রতিকূল।
অবসাদ, (অব+সদ্‌+অ—ভাব) ষ্য, পুং, অবসন্নতা, দৌর্ব্বল্য, বিনাশ, বিষাদ।
অবসান, (অব+সো+অন—ভাব) ষ্য, ন, শেষ, সমাপ্তি, মৃত্যু।
অবসায়, (অব+সো+অ—ভাব) ষ্য, পুং, শেষ, সমাপ্তি, নিশ্চয়।
অবসিত, (অব+সো+ত—ট) ণ, ত্রি, সমাপ্ত, সমাপিত, নিঃশেষিত, জ্ঞাত, গত, নিশ্চিত, পরিণত, মর্দ্দিত, বদ্ধ। [কবিশেষ, বড়া।
অবসেকিম, (অব+সিচ+ইমচ) পিষ্ট-
অবসেব, (অব+সো+এব্‌) ণ, ত্রি, নশ্বর।
অবস্কন্দ, (অব+স্কন্দ্‌+অ—ভাব) ষ্য, পুং, সৈন্যের ছাউনি, শিবির, অবরোধ, আক্রমণ।
অবস্কন্দন, (অব+স্কন্দ+অন—ভাব) ষ্য, ন, অবগাহন, অবতরণ, আক্রমণ, রোধ।
অবস্কর, (অব+কৃ+অ—ভাব) ষ্য, পুং, জঞ্জাল, ময়লা, বিষ্ঠা, গুহ্যদেশ।
অবস্করক, ষ্য, পুং, পাংশু প্রভৃতি অপসারণার্থ সম্মার্জ্জনী, ঝাঁড়ুয়া।
অবস্তার, (অব+স্তৃ+অ—ট) ষ্য, পুং, যবনিকা, পর্দ্দা, আস্তরণ।
অবস্তু, (ন+বস্তু) অসদ্বস্তু, তুচ্ছ পদার্থ, যথা "অবস্তু নির্ব্বন্ধপরে কথং নু তে করোঽয়মামুক্তবিবাহকৌতুকঃ" কুমারসম্ভব।
অবস্থা, (অব+স্থা+আ—ভাব) ষ্য, স্ত্রী, দশা, কালকৃত বৈলক্ষণ্য, স্থিতি, পরিমাণ, সময়।
অবস্থাতা, (অব+স্থা+তৃ) ণ, ত্রি, অধিষ্ঠাত্রী, স্থিতিকারক।
অবস্থাত্রয়, (অবস্থা+ত্রয়) ষ্য, ন, জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি।
অবস্থান, (অব+স্থা+অন—ভাব,

ডে) ষ্য, ন, অবস্থিতি, থাকিবার স্থান, আবাস। [অন্য অবস্থা।
অবস্থান্তর, (অবস্থা + অন্তর) ষ্য, ন, অবস্থান্তর, (অন্য + অবস্থা) অন্য প্রকার অবস্থা, ভিন্ন দশা।
অবস্থায়ী, (অব + স্থা + ইন্—ষ) ণ, ত্রি, স্থিতিকারী।
অবস্থিত, (অব + স্থা + ত—ষ) ণ, ত্রি, যে স্থিতি করিয়াছে, স্থিত।
অবস্থিতি, (অব + স্থা + তি—ভাব) ষ্য, স্ত্রী, অবস্থান, বাস। [ষ্য, ন, হিংসা।
অবস্পন্দন, (অব + স্পন্দ্ + অন—ভাব)
অবস্রংসন, (অব + স্রন্স্ + অন—ভাব) ষ্য, ন, অধঃপতন, ক্ষরণ।
অবস্রস্ত, (অব + স্রন্স্ + ত) ণ, ত্রি, অধঃপতিত, ক্ষরিত, চ্যুত।
অবস্বন, (অব + স্বন) ষ্য, ন, কুশব্দ, মন্দধ্বনি।
অবহরণ, (অব + হৃ + অনট—ভাব) ষ্য, ন, প্রতিগ্রহণ, অর্থদণ্ডদান, অপহরণ, চৌর্য্য।
অবহার, (অব + হৃ + অ—ঘ) ষ্য, পুং, হাঙ্গর, জলজন্তু, চৌর, যুদ্ধাদির বিশ্রাম, উপহার, দেয়বস্তু, আহ্বান, প্রত্যর্পণ।
অবহালিকা, ষ্য, স্ত্রী, প্রাচীর, স্বধর্ম্ম ত্যাগ পূর্ব্বক ধর্ম্মান্তর পরিগ্রহ।
অবহিত, (অব + ধা + ত—চ) ণ, ত্রি, বিদিত, অপ্রমত্ত, অবধানযুক্ত, মনোযোগী।
অবহিত্থ, (অবহিস্ + স্থা + অ—ভাব, স্—লোপ, স—ৎ) ষ্য, ন, থা— স্ত্রী, আকার, গোপন, ছদ্মবেশ, হৃদ্গতভাব, ইহার লক্ষণ যথা "ভয় গৌরবলজ্জাদের্হর্ষাদ্যাকার গুপ্তিরবহিত্থা" সাহিত্যদর্পণ।
অবহেল, (অব + হেড়—ভাব, ড়—ল) ষ্য, ন, অবজ্ঞা, অনাদর।
অবহেলন, (অব + হেলন) ষ্য, ন, অবজ্ঞাকরণ, অবজ্ঞা, অনাদর।
অবহেলা, (অব + হেড় + অ—ভাব) ষ্য, স্ত্রী, অবজ্ঞা, অনাদর।
অবক্ষুধা, (অব = অপকৃষ্ট + ক্ষুধা) ষ্য, স্ত্রী, পেটুকতা [বাক্যহীন, মূক, বোবা
অবাক্, (অ + বাচ্ ; ৬.হ) ণ, ত্রি,
অবাক্, (অব + অনচ্ + ক্বিপ্) ষ্য, অধঃ, অধোবদন, নিম্নপ্রদেশ, নিকৃষ্ট কাল, দক্ষিণ দিক্।
অবাক্পুষ্পী, (অবাক্ + পুষ্পী, ৬.হ) ষ্য, স্ত্রী, হেটমুণ্ডী বৃক্ষ, মৌরী।
অবাক্‌শিরাঃ, (অবাক্ + শিরস্, ৬.হ) ণ, ত্রি, অবনতমস্তক।
অবাক্ষ, (অব + অক্ষি + অ) ণ, ত্রি, পরিরক্ষক, রক্ষাকর্ত্তা।
অবাগ্র, (অব + অগ্র) ণ, ত্রি, অধোমুখ, অবনত, নম্র।
অবাঙ্মুখ, (অবাক্ + মুখ, ৬.হ) ণ, ত্রি, অধোমুখ, নতমুখ।
অবাচী, (অব + অনচ্ + ক্বিপ + ঈ— স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, দক্ষিণদিক্।
অবাচীন, (অবাচ্ + ঈন—ভাবার্থে) ণ, ত্রি, দক্ষিণদেশীয়, দক্ষিণদিকস্থ, অধোমুখ।
অবাচ্য, (ন + বচ + য) ষ্য, ন, নিন্দিতবাক্য, দুর্ব্বাক্য। ণ, ত্রি, অবক্তব্য
অবাতবিক্ষোভিত, (ন + বাত + বিক্ষোভিত) ণ, ত্রি, যাহা বায়ু দ্বারা চালিত নহে।
অবাদে, ষ্য, নির্ব্বিবাদে।
অবাধে, ষ্য, নির্ব্বিঘ্নে, অনায়াসে।
অবাধ্য, (ন + বাধ্য) ণ, ত্রি, যে বশীভূত নয়।
অবান্তর, (অব + অন্তর) ণ, ত্রি, অন্তঃপাতী, প্রধানের অঙ্গভূত, বিশেষ।
অবান্তর-শাসন, ষ্য, ন, রাজ্যের অন্তর্গত বিষয় সকল যে শাসনের অধীন
অবাপিত, (অব + আপ + ণিচ্ + ত—চ)

ণ, ত্রি, প্রোপিত, অধিগমিত। (ন+বাপিত) যাহা রোপিত নহে।
অবাপ্ত, (অব+আপ্+ঞি+ত—চ) ণ, ত্রি. প্রাপ্ত. অধিগত।
অবার, (অব+ঋ+অ—ডে) ষ্য, ন, পূর্ব্বপার, আদি তীর, অপর তীর।
ণ,ত্রি,অবারণীয়। [সমুদ্র, পারাবার।
অবারপার, (অবার+পার) ষ্য, পুং,
অবারণীয়, (ন+বারি+অনীয়—চ) ণ. ত্রি, দুর্ব্বার, বারণাশক্য।
অবারিকা, (ন+বারি+কন্) ষ্য, স্ত্রী, ধন্যাক, ধনে।
অবারিত, (ন+বারিত) ণ, ত্রি, বাধাবর্জিত, যেখানে যাইতে বারণ নাই। [দুর্ব্বার, অনিবারণীয়।
অবার্য্য, (ন+বৃ+য—চ) ণ, ত্রি,
অবাবট, ষ্য, পুং, দ্বিতীয় পিতাকর্ত্তৃক সবর্ণাতে উৎপন্ন পুত্র, যথা "দ্বিতীয়েন তু যঃ পিত্রা সবর্ণায়াং প্রজায়তে, অবাবট ইতি খ্যাতঃ শূদ্রধর্ম্মঃ স জাতিতঃ" স্মৃতি।
অবি, (অব+ই—সংজ্ঞার্থে) ষ্য, পুং, সূর্য্য, প্রভু, বায়ু, পর্ব্বত, মেষ, ছাগ, মূষিক, কম্বল, প্রাচীর। স্ত্রী, ঋতুমতী স্ত্রী।
অবিক, (অবি+কন্) ষ্য, ন, হীরক।
অবিকচ, (ন+বিকচ) ণ, ত্রি, অপ্রফুল্ল, অপ্রকাশিত।
অবিকট, (ন+বিকট) ণ, ত্রি, অবিস্তৃত, অকুৎসিত, প্রশান্ত, (অবি—মেষ+কট=সমূহ, ৬-ষ) মেষসমূহ।
অবিকল, (ন+বিকল) ণ. ত্রি, ঠিক, অবিকৃত। [অসন্দিগ্ধ।
অবিকল্প, ণ, ত্রি, নিশ্চিত, ত্বরিত,
অবিকল্প, (ন+বিকল্প) ষ্য, পুং, অসংশয়। [বিকৃতি শূন্য।
অবিকার, (ন+বিকার) ণ, ত্রি,
অবিকাশ, (ন+বিকাশ) ণ, ত্রি, অপ্রকাশ, মুদিত, অপ্রস্ফুটিত।
অবিকৃত, (ন+বিকৃত) ণ, ত্রি, যাহা বিকৃত হয় নাই, প্রকৃত, যথাকৃত, অচঞ্চল। [ন, মেষদুগ্ধ।
অবিক্ষীর, (অবি—মেষ+ক্ষীর) ষ্য,
অবিগীত, (ন+বিগীত) ণ, ত্রি, অনিন্দিত। [ণ. ত্রি,নির্ব্বিঘ্ন, নিরাপদ
অবিঘ্ন. (ন+বিঘ্ন) ষ্য, বিঘ্নাভাব।
অবিচলিত, (ন+বিচলিত) ণ, ত্রি, স্থির, দৃঢ়। [অন্যায় বিচার,অত্যাচার
অবিচার, (ন+বিচার) ষ্য, পুং,
অবিজ্ঞতা, (ন+বিজ্ঞ+তা) ষ্য, স্ত্রী, অপ্রবীণতা, অনৈপুণ্য।
অবিতথ. (ন+বিতথ) ণ, ত্রি, যথার্থ, সত্য, অমিথ্যা, যথা "অবিতথমাহ প্রিয়ম্বদা" শকুন্তলা।
অবিতৃপ্ত, (ন+বিতৃপ্ত) ণ, ত্রি, অপরিতৃপ্ত, অসন্তুষ্ট।
অবিত্যজ, ষ্য, ন, পারদ, পারা।
অবিদগ্ধ, (ন+বিদগ্ধ) ণ, ত্রি, অরসিক, অপণ্ডিত, অবিজ্ঞ।
অবিদিত, (ন+বিদিত) ণ, ত্রি, অজ্ঞাত, অনবগত, অবজ্ঞাত।
অবিদূষ, ষ্য, ন, মেষদুগ্ধ।
অবিদ্ধকর্ণা—র্ণী, (ন+বিদ্ধ+কর্ণ) ষ্য, স্ত্রী, নিমুইগাছ। [মূর্খ।
অবিদ্য, (ন+বিদ্যা, ৬-ষ) ণ, ত্রি,
অবিদ্যমান, (ন+বিদ্যমান) ণ, ত্রি, অবর্ত্তমান। [মায়া,প্রকৃতি।
অবিদ্যা,(ন+বিদ্যা)ষ্য, স্ত্রী, অজ্ঞান,
অবিধি. (ন+বিধি) ষ্য, পুং, অশাস্ত্র, অনিয়ম। [অকর্ত্তব্য, অযোগ্য।
অবিধেয়. (ন+বিধেয়) ণ. ত্রি, অক-
অবিনয়,(ন+বিনয়) ষ্য, পুং, ধৃষ্টতা, ঔদ্ধত্য, অশিষ্টাচার।
অবিনাভাব. (ন+বিনা+ভাব) ষ্য, পুং, না থাকিলে, না থাকা।
অবিনীত, (ন+বিনীত) ণ, ত্রি, ধৃষ্ট, উদ্ধত, অশিক্ষিত, অসৎ।
অবিপ, (অবি=মেষ+পা+ড) ষ্য,

পুং. মেষপালক। [লাদি।

অবিপট, (অবি+পট) ষ্য, পুং, কম্ব-

অবিপ্লুত, (ন+বিপ্লুত) ণ, ত্রি, অবিনষ্ট, অক্ষত।

অবিভক্ত, (ন+বিভক্ত) ণ, ত্রি, যে বস্তু বা যে ব্যক্তি বিভক্ত হয় নাই।

অবিভাজ্য, (ন+বিভাজ্য) ণ, ত্রি, যাহা বিভাগযোগ্য নয়।

অবিমুক্ত, (ন+বিমুক্ত) ষ্য, ন, বারাণসী, কাশী।

অবিমৃষ্যকারী, (ন+বিমৃষ্য [বি+মৃষ+য] + কারিন্) ণ, ত্রি. যে ব্যক্তি বিবেচনা না করিয়া কর্ম্ম করে।

অবিমৃষ্যবাদী, (ন+বিমৃষ্য+বাদী) ণ, ত্রি, যে ব্যক্তি বিবেচনা না করিয়া কথা কয়।

অবিরত, (ন+বিরত) ণ, ত্রি, অনবরত, সতত, অবিশ্রান্ত।

অবিরতি, (ন+বিরতি) ষ্য, স্ত্রী, অনিবৃত্তি।

অবিরল, (ন+বিরল [বি+রম্+অল] ফাঁক) ণ, ত্রি, নিবিড়, ঘেঁস, ঘন।

অবিলম্ব, (ন+বিলম্ব, ৭.হ) ণ, ত্রি, ত্বরিত, শীঘ্র। [শীঘ্র।

অবিলম্বিত, (ন+বিলম্বিত) ণ, ত্রি,

অবিলা, ষ্য, স্ত্রী. ভেড়ী।

অবিবেক, (ন+বিবেক, ৬.ত) ষ্য, পুং, বিবেচনাভাব, অজ্ঞান, ভ্রম। ণ, ত্রি, বিবেচনা শূন্য।

অবিবেকী, (ন+বিবেক+ইন্—ষ) ণ. ত্রি, অবিবেচক, সাঙ্খ্যমতে—অভিন্ন।

অবিবেচক, (ন+বিবেচক) ণ, ত্রি, বিবেচনা রহিত, অবিমৃষ্যকারী।

অবিযুক্ত, (ন+বিযুক্ত) ণ, ত্রি, সংযুক্ত, মিলিত।

অবিশেষ, (ন+বিশেষ) ষ্য, পুং, অভেদ, বিশেষভাব। ণ, ত্রি, অভিন্ন, তুল্য। [অনবরত, অবিরত।

অবিশ্রান্ত, (ন+বিশ্রান্ত) ণ, ত্রি,

অবিশ্বাস, (ন+বিশ্বাস) ষ্য, পুং, বিশ্বাসাভাব, অপ্রত্যয়।

অবিষ, (অব+ইষ) ষ্য, পুং, সমুদ্র, রাজা। ষী—স্ত্রী, নদী, পৃথিবী, স্বর্গ। ণ, ত্রি, বিষশূন্য।

অবিসম্বাদ, (ন+বিসম্বাদ) ষ্য, পুং, অবিরোধ, মিলন। [অস্পষ্ট বাক্য।

অবিস্পষ্ট, (ন+বিস্পষ্ট) ষ্য, ন,

অবী, (অব+ই-সংজ্ঞার্থে; ঈ—স্ত্রী-লিঙ্গে) ষ্য, স্ত্রী, রজস্বলা স্ত্রী।

অবীচি, (ন+বীচি) ষ্য, পুং, নরক বিশেষ। ণ, ত্রি, তরঙ্গশূন্য।

অবীর, (ন+বীর) ণ, ত্রি, দুর্ব্বল। রা—স্ত্রী, পতিপুত্রহীনা স্ত্রী।

অবৃদ্ধিক, ণ, ত্রি, বৃদ্ধি রহিত ধন, সুদরহিত।

অবেক্ষণ, (অব + ঈক্ষ + অন—ভাব) ষ্য, ন, দর্শন, আলোচন, মনোযোগ, বিচার, অনুসন্ধান, পালন, অনুরোধ।

অবেক্ষিত, (অব+ইক্ষ+ত—ট) ণ, ত্রি, দৃষ্ট, আলোচিত, পালিত।

অবেল, (অব+ইল) ষ্য, পুং, অপলাপ, অপহ্নব। লা—স্ত্রী, চর্ব্বিত পান। [ত্রি, যে বেতনভোগী নহে।

অবৈতনিক, (ন+বেতন+ইক) ণ,

অবৈধ, (ন+বিধি+অ—ইদমর্থে) ণ, ত্রি, বিধিবিরুদ্ধ, নিষিদ্ধ।

অবোক্ষণ, (অব+উক্ষণ) ন্যুব্জহস্তে জলক্ষেপণ, যথা "উত্তানেন তু হস্তেন প্রোক্ষণং সমুদাহৃতং, ন্যুব্জতাভ্যুক্ষণং প্রোক্তং তিরশ্চাবোক্ষণংস্মৃতং" শুদ্ধিতত্ত্ব।

অবোদ, (অব+উন্দ+ক) ণ, ত্রি, আর্দ্র, অভিষিক্ত।

অবোধ, (ন+বোধ) মূর্খ। [বৎসর।

অব্দ, (অব+দন্) ষ মেঘ, পুং

অব্যক্ত, (ন+ব্যক্ত) ষ্য, পুং, বিষ্ণু, শিব, কন্দর্প, মূর্খ। ন, পরব্রহ্ম, কারণ, প্রকৃতি, আত্মা। ণ, ত্রি, অস্পষ্ট, অতিসূক্ষ্ম, অপ্রকাশিত অজ্ঞাত। [ঈষৎ লোহিত বর্ণ।
অব্যক্তরাগ, (অব্যক্ত+রাগ) ষ্য, পুং,
অব্যক্তশিরস্ক, (অব্যক্ত+শিরস্ক, ৬,হ) যাহাদের মস্তক স্পষ্ট ব্যক্ত নহে, ঝিনুক প্রভৃতি।
অব্যঞ্জন, (ন+ব্যঞ্জন) ণ, ত্রি, অস্ফুট, ব্যঞ্জনাশূন্য। ষ্য,পুং, শৃঙ্গহীন পশু। না—ষ্য, স্ত্রী, যে কন্যার রজস্বলা চিহ্ন প্রকাশিত হয় নাই, যথা "অব্যঞ্জনা ভবেৎ কন্যা কুচহীনা চ নগ্নিকা" পঞ্চতন্ত্র। [হরীতকী।
অব্যথা, (ন+ব্যথা, ৫,হ) ষ্য, স্ত্রী,
অব্যথি, ষ্য, পুং, অশ্ব।
অব্যথিষ, ষ্য, পুং, সূর্য্য, সমুদ্র।
অব্যভিচারী, (ন+ব্যভিচার+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ব্যভিচাররহিত।
অব্যয়, (ন+ব্যয় [বি+ই+অ—ভাব] বিশেষরূপে গমন) ষ্য,পুং—ন, যে সকল শব্দের উত্তর বিভক্তি থাকে না। পুং, বিষ্ণু, শিব। ন,ব্রহ্ম। ণ,ত্রি, ব্যয়রহিত, অক্ষয়, অবিকৃত, "সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসুচ বিভক্তিষু,বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ং"।
অব্যয়ীভাব, (অব্যয়+ভাব+ঈ—অভূত তদ্ভাবার্থে) ষ্য, পুং, মরণধর্ম্ম রাহিত্য, সমাসবিশেষ, যাহাতে অনব্যয় শব্দ অব্যয় হয়, যথা—প্রতিগৃহ ইত্যাদি স্থলে অন্যব্যয় গৃহাদি পদ অব্যয় হয়।
অব্যর্থ, (ন+ব্যর্থ) ণ, ত্রি, অমোঘ, বিফল নয়, অবন্ধ্য।
অব্যবসায়ী, (ন+ব্যবসায়িন্) ণ,ত্রি, শাস্ত্রাদির ব্যবস্থানভিজ্ঞ, অস্থিরচিত্ত, সিদ্ধান্তরহিত, ব্যবসায়রহিত, আনাড়ী।
অব্যবস্থ, (ন+ব্যবস্থা, ৬,হ) ণ, ত্রি, অনিশ্চিত।
অব্যবস্থা, (ন+ব্যবস্থা) ষ্য, স্ত্রী, অবিধি, অশাস্ত্র, অনিয়ম, অস্থৈর্য্য।
অব্যবস্থিত, (ন+ব্যবস্থিত) ণ, ত্রি, অস্থির, চঞ্চল, যথা "অব্যবস্থিতচিত্তস্য প্রসাদোঽপি ভয়ঙ্করঃ" হিতোপদেশ।
অব্যবহার্য্য, (ন+ব্যবহার্য্য) ণ, ত্রি, যাহা ব্যবহার যোগ্য নয়, অনাচরণীয়, অনুপভোগ্য। [সংলগ্ন, নিকটস্থ
অব্যবহিত, (ন+ব্যবহিত) ণ, ত্রি,
অব্যাকৃত, (ন+ব্যাকৃত) ণ, ত্রি, অপরিচ্ছিন্ন, নোঙরা।
অব্যাক্ষেপ, (ন+ব্যাক্ষেপ) ষ্য, পুং, অবিলম্ব, যথা "অব্যাক্ষেপো ভবিষ্যন্ত্যাঃ কার্য্যসিদ্ধের্হি লক্ষণং" রঘুঃ।
অব্যাজ, (ন+ব্যাজ—কপটাচারী) ষ্য, পুং, শীঘ্র, অকপটতা, সারল্য, যথা "ইদং কিলাব্যাজমনোহরং বপুঃ" অভিজ্ঞান শকুন্তলং।
অব্যাপন্ন, (ন+ব্যাপন্ন) ণ, ত্রি, জীবিত, বিপদহীন, যথা "অব্যাপন্নামবিহতগতির্দ্রক্ষসিভ্রাতৃজায়াং" মেঘদূতং।
অব্যাপ্যবৃত্তি, (ন+ব্যাপ্য+বৃত্তি) ষ্য,স্ত্রী, একাংশে স্থিতি, কখন থাকা কখন না থাকা। ণ, ত্রি, অসমানাধিকরণ প্রতিযোগী, "অব্যাপ্যবৃত্তিক্ষণিকো বিশেষ গুণ ঈষ্যতে।"
অব্যুৎপন্ন, (ন+ব্যুৎপন্ন) ণ, ত্রি, ব্যুৎপত্তিরহিত, অজ্ঞান।
অব্রাহ্মণ, (ন+ব্রাহ্মণ) ষ্য, পুং, ব্রাহ্মণসদৃশ, উপবীতধারী।
অশকুম্ভী, ষ্য, স্ত্রী, জলের পানা।
অশঙ্ক, (ন+শঙ্কা) ণ, ত্রি, নির্ভয়।
অশক্ত, (ন+শক্ত) ণ, ত্রি, অসমর্থ, অপারগ। [বহির্ভূত, অসাধ্য।
অশক্য, (ন+শক্য) ণ, ত্রি, শক্তির

অশন, (অশ+অন—ভাব, চ) ষ্য, ন, ভোজন, ভক্ষ্যবস্তু।

অশননলী, ষ্য, স্ত্রী, যে নলী দ্বারা গিলিত বস্তু মুখ হইতে জঠরে নীত হয়। [ন, অন্নবস্ত্র, ভাত কাপড়।

অশনাচ্ছাদন, (অশন+আচ্ছাদন) ষ্য,

অশনায়া, (অশন+আয়—ইচ্ছার্থে+আ—ভাব) ষ্য, স্ত্রী, ক্ষুধা, ভক্ষণেচ্ছা, বুভুক্ষা, খাইবার ইচ্ছা।

অশনায়িত, (অশনায়া+ইত) ণ, ত্রি, ক্ষুধিত, বুভুক্ষিত।

অশনি, (অশ+অনি) ষ্য, পুং—স্ত্রী, বজ্র, মেঘাগ্নি, বিদ্যুৎ।

অশরণ, (ন+শরণ, ৬.হ) ণ, ত্রি, অনাথ, নিরাশ্রয়, গৃহশূন্য।

অশরীর, (ন+শরীর, ৬.হ) ণ, ত্রি, শরীরহীন, নিরাকার, শরীরের অভিমানশূন্য, জীবন্মুক্ত।

অশরীরিবাক্, (অশরীরিন্+বাচ) ষ্য, স্ত্রী, আকাশবাণী, দৈববাণী। [রীর।

অশরীরী, (ন+শরীরিন্) ণ, ত্রি, অশ-

অশর্ম্ম, (ন+শর্ম্মন্—সুখ, স্বচ্ছন্দ) ষ্য, ন, ক্লেশ, দুঃখ। ণ, ত্রি; দুঃখিত, পীড়াযুক্ত

অশান্ত, (ন+শান্ত) ণ, ত্রি, অশিষ্ট, দুরন্ত, উদ্ধতস্বভাব। [নীয়।

অশাম্য, (ন+শাম্য) ণ, ত্রি, অশম-

অশাসিত, (ন+শাসিত) ণ, ত্রি, শাসন না করা, অদান্ত।

অশাস্ত্র, (ন+শাস্ত্র) ষ্য, ন, অবিধি, শাস্ত্রাভাব, বেদাদিবিরুদ্ধ শাস্ত্র। ণ, ত্রি, শাস্ত্রবিরুদ্ধ।

অশাস্ত্রীয়, (ন+শাস্ত্র+ঈয়) ণ, ত্রি, শাস্ত্রবিরুদ্ধ, অবৈধ।

অশিক্ষিত, (ন+শিক্ষিত) ণ, ত্রি, অনভিজ্ঞ, মূঢ়, অসভ্য।

অশিত, আশিত, (অশ+ঞি+ত—চ) ণ, ত্রি, ভুক্ত, তৃপ্ত।

অশিতম্ভব, (অশিত+ভূ+অ—ষ) ষ্য, পুং, ভক্ত, ভাত, খাদ্য দ্রব্য।

অশিত্র, (অশ+ইত্র) ষ্য, পুং, চোর, চরু।

অশির, (অশন+ইর) ষ্য, পুং, সূর্য্য, অগ্নি, রাক্ষসবিশেষ। ন, হীরক।

অশিরা, (ন+শিরস্) ণ, ত্রি, মস্তকশূন্য, কবন্ধ। [অশুভ।

অশিব, (ন+শিব) ণ, ত্রি, অমঙ্গল,

অশিশির, (ন+শিশির) ণ, ত্রি, উষ্ণ।

অশিশ্বী, অশিশ্বিকা, (ন+শিশু, ৬.হ) ষ্য, স্ত্রী, শিশুহীনা, পুত্র কন্যাবিহীনা স্ত্রী। [দুরন্ত।

অশিষ্ট, (ন+শিষ্ট) ণ, ত্রি, অশান্ত,

অশিষ্টতা, (ন+শিষ্টতা) ষ্য, স্ত্রী, অবিনয়। [উত্তপ্ত।

অশীত, (ন+শীত) ণ, ত্রি, উষ্ণ,

অশুচি, (ন+শুচি) ণ, ত্রি, অপবিত্র।

অশুদ্ধ, (ন+শুদ্ধ) ণ, ত্রি, অপবিত্র, যাহা সংশোধিত হয় নাই।

অশুদ্ধি, (ন+শুদ্ধি) ষ্য, স্ত্রী, অপবিত্রতা, অশৌচ, শুদ্ধির অভাব, ভুল।

অশুভ, (ন+শুভ, ৫.হ) ষ্য, ন, অমঙ্গল, পাপ। ণ, ত্রি, অশিব, অমঙ্গলযুক্ত।

অশূন্য, (ন+শূন্য) ণ, ত্রি, শূন্য নহে, পরিপূর্ণ, যথা "ত্বমপি স্বনিয়োগশূন্যং কুরু" শকুন্তলা। [কাঁচা।

অশৃত, (ন+শৃত) ণ, ত্রি, অপক্ক,

অশেষ, (ন+শেষ, ৬.হ) ণ, ত্রি, শেষহীন, সম্পূর্ণ, সমুদায়। ষ্য, পুং, শেষাভাব।

অশোক, (ন+শোক) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, এই বৃক্ষতলে তপস্যা করিতে করিতে গৌরী অভীষ্ট লাভ করিয়া নষ্টশোকা হইয়াছিলেন বলিয়া ইহার অশোক নাম হইল, স্বনামখ্যাত নৃপতি। ন, পারদ। ণ, ত্রি, শোকরহিত, যাহার শোক নাই।

অশোকবনিকা ন্যায়—

তুল্য গুণাদিশালি অশোকাদি বিবিধ

বনে গমন করিবার প্রয়োজন থাকিলে অশোক বনে গমন করিলেই আর অন্য বনে যাইবার অপেক্ষা থাকে না, "তুল্য গুণাদিশালিনাম-শোকাদি নানা বনানামশোক বন গমনে সত্যন্যবন গমনাপেক্ষা ন। অপিচ তুল্যগুণশালিনি বনে সত্যপি রাবণেনাশোকবনে সীতা স্থাপিতা। তত্র বনান্তরে স্থাপনানপেক্ষা. ভাষ্য

অশোকষষ্ঠী. (অশোক + ষষ্ঠী) ষ্য. স্ত্রী, চৈত্রমাসের শুক্লষষ্ঠী, যাহাতে পুত্রবতী নারীগণ সন্তানের মঙ্গল কামনায় ষষ্ঠী দেবীর পূজা করে।

অশোকারি, (অশোক + অরি, ৬ ষ) ষ্য, পুং, কদম্ববৃক্ষ।

অশোকাষ্টমী, ষ্য, স্ত্রী, চৈত্র মাসের শুক্লাষ্টমী ইহাতে অষ্টসংখ্যক অশোক কলিকাযুক্ত জল পান করিলে শোক পাইতে হয় না।

অশোচনীয়, (ন + শুচ + অনীয়—চ) ণ, ত্রি, শোকের অযোগ্য।

অশোচ্য, (ন + শোচ্য) ণ, ত্রি, অশোচনীয়।

অশৌচ, (ন + শৌচ) ষ্য, ন, অশুদ্ধি।

অশ্ম, (অশ + ম—সংজ্ঞার্থে) ষ্য, পুং, প্রস্তর, পাতর, পর্ব্বত, মেঘ, (বৈদিকভাষা)

অশ্মগর্ভ, (অশ্ম + গর্ভ) ষ্য, পুং, মরকতমণি, সবুজবর্ণ রত্নবিশেষ।

অশ্মঘ্ন, (অশ্মন্ + ঘ্ন) চাতাজুড়ী নামক পাষাণ ভেদক বৃক্ষবিশেষ।

অশ্মজ, (অশ্ম + জন্ + ড, ৭—ষ) ষ্য, ন, শৈলজতু, গিরিমাটী, লোহ।

অশ্মদারণ, (অশ্ম + দারণ, ২—ষ) ষ্য, ন, পাষাণভেদক অস্ত্র, টঙ্ক।

অশ্মন্ত, (অশ্ম + অন্ত, ৭.হ) ণ, ত্রি, অসীম, অশুভ। ষ্য, ন, অগ্নিস্থান, উনান, মৃত্যু, অশুভ ক্ষেত্র।

অশ্মন্তক, ষ্য, পুং, অম্লকুড়াই নামক বৃক্ষ, অস্নোটক বৃক্ষ। ন, চুল্লী, দীপধারাচ্ছাদন।

অশ্মপুষ্প, (অশ্ম + পুষ্প, ৬.হ) ষ্য, পুং, শৈলজ নামক গন্ধদ্রব্য, শিলাজতু।

অশ্মভাল, (অশ্ম + ভাল [ভাজি + অ—ঘ, জ=ল]) ষ্য, পুং, যে লৌহপাত্রে দ্রব্য চূর্ণ করা যায়, হামানদিস্তা

অশ্মযোনি, (অশ্ম + যোনি) ষ্য, পুং, মরকতমণি, পান্না।

অশ্মর, (অশ্মন্ + রা + ড) ণ, ত্রি, প্রস্তর জাত, প্রস্তর সম্বন্ধীয়।

অশ্মরী, (অশ্মর + ঈ) ষ্য, স্ত্রী, পাথরী রোগ, মূত্রকৃচ্ছ্ররোগ বিশেষ।

অশ্মরীহর. (অশ্মরী + হর) ষ্য, পুং, ধান্য বিশেষ, দেধান।

অশ্মসার, (অশ্ম + সার, ৬-স) ষ্য, পুং—ন, লৌহ। [পাথরীরোগ।

অশ্মীর, (অশ্ম + ঈর) ষ্য, পুং—ন,

অশ্র, (অশ + র—সংজ্ঞার্থে) ষ্য, ন, চক্ষুর্জল, শোণিত। [ঘৃণা।

অশ্রদ্ধা, (ন + শ্রদ্ধা) ষ্য, স্ত্রী, অভক্তি,

অশ্রদ্ধেয়, (ন + শ্রদ্ধেয়) ণ, ত্রি, যাহা শ্রদ্ধাযোগ্য নহে, অনাদরণীয়।

অশ্রপ, (অশ্র + পা + ড) ষ্য, পুং, রাক্ষস, নিশাচর।

অশ্রান্ত, (ন + শ্রান্ত) ণ, ত্রি, শ্রম রহিত, ধারাবাহী। ন, অনবরত, সতত, অনিশ।

অশ্রাব্য, (ন + শ্রাব্য) ণ, ত্রি, যাহা শ্রবণযোগ্য নহে, শ্রুতিকটু।

অশ্রি, অশ্রী, (ন + শ্রি + ক্বিপ্ বা অশ + রি—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, খড়্গাদির ধার, যথা "বৃত্রস্য হন্তুঃ কুলিশং কুণ্ঠিতাশ্রীবলক্ষ্যতে" কুমারসম্ভব। গৃহ বা অন্য বস্তুর কোণ।

অশ্রু, (ন + শ্রি + উ, বা অশ + রু—সংজ্ঞার্থে) ষ্য, ন, চক্ষুর্জল।

অশ্রুত, (ন + শ্রুত) ণ, ত্রি, অনাকর্ণিত, যাহা শ্রবণ করা যায় নাই।

অশ্রুতচর, (ন + শ্রুত + চর) ণ, ত্রি, যাহা পূর্ব্বে কখন শুনা যায় নাই।

অশ্রুতপূর্ব্ব, (ন + শ্রুত + পূর্ব্ব) ণ,

ত্রি, অনাকর্ণিত।
অশ্রেয়ঃ, (ন+শ্রেয়স্) ষ্য, ন, মঙ্গল, অনর্থ। ণ, ত্রি, অনিষ্টকর।
অশ্রোত্রিয়, (ন+শ্রোত্রিয়=বেদজ্ঞ ব্রাহ্মণ) ষ্য, পুং, বেদাধ্যায়নহীন ব্রাহ্মণ। ণ, ত্রি, বেদজ্ঞ ব্রাহ্মণ শূন্য।
অশ্লীল, (ন+শ্লীল [শ্রী+লা+ক অস্ত্যর্থে] শ্রীযুক্ত। র=ল) ষ্য, ন, লজ্জাজনক গ্রাম্যবাক্য, ইহা কাব্যার্থ দোষমধ্যে পরিগণিত।
অশ্লেষ, (ন+শ্লেষ) ষ্য, পুং, অপ্রণয়, বিসম্বাদ, অপরিশ্বাস।
অশ্লেষা, (ন+শ্লিষ+অ) ষ্য, স্ত্রী, অশ্বিনী প্রভৃতি নক্ষত্রের নবম নক্ষত্র
অশ্লেষাভূঃ,(অশ্লেষা+ভূ, ৬.ত)কেতুগ্রহ
অশ্ব, (অশ্+ব—সংজ্ঞার্থে) ষ্য,পুং, ঘোটক।
অশ্বক, (অশ্ব+কন্) ণ ত্রি, অশ্বতুল্য, অপকৃষ্টাশ্ব,ঘোটকমাত্র, দেশবিশেষ
অশ্বকর্ণ, (অশ্ব+কর্ণ, ৬.হ) ষ্য, পুং, শালবৃক্ষ।[শালা, আস্তাবল, মন্দুরা।
অশ্বকুটী, (অশ্ব+কুটী) ষ্য, স্ত্রী, অশ্ব-
অশ্বখরজ, (অশ্ব+খর+জন্+ড) ষ্য, পুং, খচ্চর নামক ঘোটক।
অশ্বখুর, ষ্য, পুং, ঘোড়ার খুর।
অশ্বখুরা,—রী,ষ্য,স্ত্রী,অপরাজিতা লতা
অশ্বগন্ধা, (অশ্ব+গন্ধ+আ) ওষধি বিশেষ, গাছড়া বিশেষ। [অশ্বদ্বয়।
অশ্বগোযুগ, (অশ্ব+গোযুগ) ষ্য, ন,
অশ্বগোষ্ঠ, (অশ্ব+গোষ্ঠ, ৬-ষ) ষ্য, ন, অশ্বশালা, আস্তাবল।
অশ্বঘ্ন, (অশ্ব+ঘ্ন=যে হনন করে) ষ্য, পুং, করবীর বৃক্ষ।
অশ্বতর, (অশ্ব+তর—অল্পার্থে) ষ্য, পুং, গর্দ্দভীর গর্ভে ঘোটকের ঔরসজাত অশ্ব, খচ্চর, সর্প বিশেষ।
অশ্বতরী, ষ্য, স্ত্রী, গর্দ্দভীর গর্ভে ঘোটকের ঔরসজাত ঘোটকী।
অশ্বত্থ, (ন+শ্বস্+স্থা+ড) ষ্য, পুং, অশথ গাছ, সূর্য্যের একটী নাম, ত্থা—স্ত্রী, পূর্ণিমা তিথি।
অশ্বত্থামা, (ন+শ্বস্+স্থা+মন্) ষ্য, পুং, দ্রোণচার্য্যের পুত্র, ইনি চিরজীবী ও মহারথী বলিয়া প্রসিদ্ধ। "অলভদ্‌গৌতমী পুত্রমশ্বত্থামা নমো বচ। স জাতমাত্রো ব্যনদদ্‌ যথৈবোচ্চৈঃ শ্রবাহয়ঃ। তচ্ছ্রুত্বাহন্তর্হ্তং ভূত মন্তরীক্ষস্থমব্রবীৎ। অশ্ব স্যেবাস্য যৎস্থাম নদতঃ প্রদিশোগতং॥ অশ্বত্থামৈব বালোহয়ং তস্মান্নামা ভবিষ্যতি" মহাভারত॥
অশ্বন্ত, ষ্য, ন, অশুভ, ক্ষেত্র, চুল্লী, মৃত্যু। ণ, ত্রি, অসীম, অশুভ।
অশ্বপাল, } (অশ্ব+পা+ণিচ্
অশ্বপালক, } +অল, ণক) ষ্য, পুং, অশ্বরক্ষক, সহিস্।
অশ্ববাল, (অশ্ব+বাল) ষ্য, পুং, কেশে, ঘোটককেশর।
অশ্বমহিষিকা, (অশ্ব+মহিষ+বুন) ষ্য, স্ত্রী, অশ্ব ও মহিষের স্বাভাবিক শত্রুতা।
অশ্বমুখ, (অশ্ব+মুখ, ৬.হ) ষ্য, পুং, কিন্নর।খী—স্ত্রী, কিন্নরী। [বিশেষ।
অশ্বমেধ, (অশ্ব+মেধ) ষ্য, পুং, যজ্ঞ-
অশ্বমেধিক, (অশ্বমেধ+ঞিক) ষ্য,পুং, অশ্বমেধ যজ্ঞের অশ্ব, মেধ্যাশ্ব।
অশ্বমেধীয়, (অশ্বমেধ+ঈয়) ণ, ত্রি, অশ্বমেধসম্বন্ধীয়, মেধ্য অশ্ব।
অশ্বযুক্, (অশ্ব+যুজ্+কিপ) ষ্য, স্ত্রী, অশ্বিনী নক্ষত্র। পুং, আশ্বিন মাস।
অশ্বরক্ষক, (অশ্ব+রক্ষক) ষ্য, পুং, অশ্বরক্ষা কর্ত্তা। [উচ্চৈঃশ্রবাঃ।
অশ্বরাজ, ষ্য, পুং, ইন্দ্রের ঘোটক
অশ্বরোধক, (অশ্ব+রুধ+ণক—ঘ) ষ্য, পুং, করবীর গাছ।
অশ্বলালা, ষ্য, স্ত্রী, সর্পভেদ, ব্রহ্মসর্প।
অশ্ববক্ত্র, (অশ্ব+বক্ত্র, ৬.হ) ষ্য, পুং—স্ত্রী, কিন্নর, কিন্নরী।

অশ্ববহ, (অশ্ব+বহ. ৩-ব) অশ্বারোহী।
অশ্ববার, } (অশ্ব+বৃ+ণিচ্+অন্.
অশ্ববাহ, } বহ+ণিচ্+অন) ষ্য.
পুং, অশ্বারোহী।
অশ্ববারণ, (অশ্ব+বারি+অন—ভাব) ষ্য, পুং, গবয়। [বাজা।
অশ্ববিদ, (অশ্ব+বিদ্) ষ্য, পুং, নল
অশ্বব্রত, ষ্য, ন, কন্যাদিগের বালবৈধব্য নিবারক ব্রত বিং।
অশ্বশালা, (অশ্ব+শালা) ষ্য, স্ত্রী, আস্তাবল, মন্দুরা।
অশ্বশৃগালিকা, (অশ্ব+শৃগাল+ষ্ণিক) ষ্য, স্ত্রী, অশ্বশৃগালের স্বভাবিক শত্রুতা।
অশ্বসাদী, (অশ্ব+সাদ+ণিন্) ষ্য, পুং, অশ্বারোহী।
অশ্বা, ষ্য, স্ত্রী, ঘোটকী, ঘুড়ী। [মহিষ
অশ্বারি, (অশ্ব+অরি,৬—ষ) ষ্য, পুং,
অশ্বারোহ, (অশ্ব+আ+রুহ+অল্, ২-ষ) ষ্য, পুং, অশ্বারূঢ়, অশ্বারোহী, অশ্বারোহণে যুদ্ধকারী, সাদী।
অশ্বিনী, (অশ্ব+ইন্—বিদ্যমানার্থে) ষ্য, স্ত্রী, প্রথম নক্ষত্র, বড়বারূপধারিণী সূর্য্যপত্নী, ঘোটকী।
অশ্বিনীকুমার, } (অশ্বিনী+কুমার ; সুত, ৬-ষ)
অশ্বিনীসুত, } ষ্য, পুং, দ্বিং, অশ্বিনীগর্ভে সূর্য্যের ঔরসজাত যমজ সন্তানদ্বয়, স্বর্গবৈদ্য।
অশ্বী, (অশ্বিনী+অ—অপত্যার্থে) ষ্য, পুং, দ্বিং, অশ্বিনী গর্ভে সূর্য্যের ঔরসজাত যমজ সন্তানদ্বয়, স্বর্গবৈদ্য।
অশ্বীন, (অশ্ব+ঈন) ণ, ত্রি, এক অশ্ব দ্বারা এক দিনের গমনীয় দেশ।
অশ্বীয়, (অশ্ব+ঈয়) ণ, ত্রি অশ্বসমূহ, অশ্বহিতকারী, অশ্বসম্বন্ধীয়।
অশ্বোরস, (অশ্ব+উরস্+অ, ৭-ষ) ষ্য, ন, প্রধান অশ্ব।
অষড়ক্ষীণ, (অ+ষড়ক্ষ+ঈন্) ষ্য, পুং, দুই জনের পরস্পর গোপনে যে মন্ত্রনা। [পলকে দণ্ড।
অষাঢ়, ষ্য, পুং, আষাঢ় মাস, ব্রতো-
অষাঢ়ক, (অষাঢ়+ক) ষ্য, পুং, দণ্ডী, আষাঢ় মাস। [বহুং, আট সংখ্যা, ৮
অষ্ট, (অশ্+কনিন্+ত) ণ, ত্রি,
অষ্টক, (অষ্টন্+কণ্) ষ্য, ত্রি, পানিনীর অষ্টাধ্যায় গ্রন্থ, অষ্টসংখ্যা। ণ, ত্রি, অষ্টসংখ্যক। [ব্রহ্মা।
অষ্টকর্ণ, (অষ্ট+কর্ণ, ৬-হ) ষ্য, পুং,
অষ্টকা, (অশ+তক) ষ্য, স্ত্রী, সপ্তমী প্রভৃতি তিথিত্রয়, পৌষ, মাঘ ও ফাল্গুন মাসের কৃষ্ণাষ্টমী, তত্তদ্দিন কর্ত্তব্য শ্রাদ্ধ বিশেষ।
অষ্টকাঙ্গ, (অষ্টক+অঙ্গ) ষ্য, ন, নয় পীঠি, পাশার ছক্।
অষ্টগাধ, ষ্য, পুং, মাকড়, লূতা।
অষ্টদিক্পাল, (অষ্ট+দিক্+পাল) ষ্য, পুং, ইন্দ্রাদি আটজন দিক্পাল ; যথা ইন্দ্র, বহ্নি, পিতৃপতি, নৈঋত, বরুণ, মরুৎ, কুবের এবং ঈশ। [আটগুণ।
অষ্টধা, (অষ্ট+ধা) ব্য, আট প্রকারে.
অষ্টধাতু, ষ্য, ন, সোণা, রূপা, তামা, সীসা, কান্তিলোহ, রাঙ্গ, লোহ, ইস্পাত, এই আটপ্রকার ধাতু, যথা "সুবর্ণং রজতং তাম্রং সীসকং কান্তিকং তথা, রঙ্গং লোহং তীক্ষ্ণলোহমিত্যষ্টৌ ধাতবঃ স্মৃতাঃ।
অষ্টপাদ, (অষ্ট+পাদ) ষ্য, পুং, শরভ নামক মৃগবিশেষ, লূতা, মাকড়সা।
অষ্টপাদিকা, ষ্য, স্ত্রী, হাপরমালীলতা।
অষ্টম, (অষ্টন্+মট্—পূরণার্থে) ণ, ত্রি, আটের পূরণ।
অষ্টমকালিক, (অষ্টম+কালিক) ণ, ত্রি, তিনদিন উপবাস করিয়া চতুর্থদিবস রাত্রিতে যিনি ভোজন করেন, "নক্তঞ্চান্নং সমশ্নীয়াদ্দিবা ব্যাহৃত্য শক্তিতঃ। চতুর্থকালিকো বা স্যাৎ স্যাদ্বাপ্যষ্টমকালিকঃ।"
অষ্ট-মঙ্গল, ষ্য, পুং, অশ্ববিশেষ, যাহার

খুর চতুষ্টয়, পুচ্ছ, মুখ, বক্ষঃ এবং পৃষ্ঠস্থ কেশ শুক্লবর্ণ,অষ্ট প্রকার মঙ্গল দ্রব্য যথা—ব্রাহ্মণ, গো, অগ্নি, সুবর্ণ, ঘৃত, সূর্য্য, জল, রাজা, যথা "লোকেঽস্মিন্ মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণো গৌর্হুতাশনঃ, হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ" শুদ্ধিতত্ত্ব।

অষ্টমঙ্গলঘৃত,ষ্য,ন, অষ্ট ঔষধযুক্ত পক্ক ঘৃত বিশেষ।

অষ্টময়সিদ্ধি,ষ্য,স্ত্রী,সাঙ্গতা,পরিপূর্ণতা, নায়িকাসিদ্ধি বিশেষ। [পরিমাণ।

অষ্টমান,(অষ্ট+মা+অন)ষ্য,ন,কুড়া-

অষ্টমিকা, (অষ্টম+ক) ষ্য, স্ত্রী, চারিতোলা পরিমাণ।

অষ্টমী, (অষ্টম+ঈ) ষ্য, স্ত্রী, তিথি বিশেষ, চন্দ্রের অষ্টমকবার ক্রিয়া যে দিনে হয়, ক্ষীরকাকোলী লতা।

অষ্টমূর্ত্তি, (অষ্ট+মূর্ত্তি, ৬.হ) ষ্য, পুং, শিব ;পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ, চন্দ্র, সূর্য্য, যজমান, শিবের অষ্টমূর্ত্তি,যথা"পৃথিবী সলিলং তেজো বায়ুরাকাশমেবচ, সূর্য্যা-চন্দ্রমসৌ যাজী রষ্টৌ শঙ্করমূর্ত্তয়ঃ।"

অষ্টবসু, ষ্য, পুং, দেবগণ বিশেষ, সাবিত্র, ধ্রুব, সোম, ধর, অনিল, অচল, প্রত্যূষ, প্রভাস, এই আট।

অষ্টশ্রবাঃ, (অষ্ট+শ্রবস্, ৬.হ) ষ্য, পুং, ব্রহ্মা।

অষ্ট-সিদ্ধি, ষ্য, স্ত্রী, অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিতা, বশিতা, কামাবসায়িতা এই আট প্রকার সিদ্ধি।

অষ্টাংশিত, (অষ্ট+অংশিত) ণ, ত্রি, অষ্ট পৃষ্ঠে বিভক্ত, আটপেজী।

অষ্টাকপাল,(অষ্টন্+কপাল) ষ্য, পুং, যজ্ঞবিশেষ, চুঃখী।

অষ্টাঙ্গ, (অষ্ট+অঙ্গ, ৬.হ) ষ্য, পুং, যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি এই আট প্রকার যোগ, অষ্টাঙ্গে প্রণাম যথা—জানু,পদ, হস্ত, উরস্, বুদ্ধি, শিরস্, বাক্য, চক্ষুঃ, "জানুভ্যাঞ্চ তথা পদ্ভ্যাং পাণিভ্যামুরসা ধিয়া, শিরসা বচসা দৃষ্ট্যা প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ।"

অষ্টাঙ্গার্ঘ্য, (অষ্টাঙ্গ+অর্ঘ্য) অষ্ট-দ্রব্য ঘটিত পূজোপকরণ, যথা "আপঃ ক্ষীরং কুশাগ্রঞ্চ দধি সর্পিঃ সতণ্ডুলং। যবঃ সিদ্ধার্থকশ্চৈব অষ্টাঙ্গোঽর্ঘ্যঃ প্রকীর্ত্তিতঃ" তন্ত্র।

অষ্টাদশন্, (অষ্টন্+দশন্ ; কর্ম্মধা) আঠার, ১৮। [আঠারর পূরণ।

অষ্টাদশ, (অষ্টাদশন্+তট্) ণ, ত্রি,

অষ্টাদশাঙ্গ, ষ্য, পুং, অষ্টাদশ দ্রব্যাত্মক পাচন, ইহা চতুর্বিধ দশমূল্যাদি ভূনিম্বাদি, দ্রাক্ষাদি, মুস্তাদি।

অষ্টাপদ, (অষ্টন্+পদ, ৬.হ) ষ্য,পুং, ন, সারিফলক, পাশার ছক্, চিত্রবিচিত্র ফলক বা বস্ত্র, স্বর্ণ, কীট। পুং, কৈলাসপর্ব্বত, কৃমি, কীলক, শরভ নামক মৃগ, লূতা, চন্দ্রমল্লী।

অষ্টাবক্র, (অষ্টন্+বক্র, ৬.হ) ষ্য,পুং, কাহোড় পুত্র, স্বনামখ্যাত মুনিবিশেষ। ণ, ত্রি, অতি কদাকার, অতিবক্র। [স্ত্রী, আটাইশ,২৮।

অষ্টাবিংশতি, (অষ্টন্+বিংশতি) ষ্য,

অষ্টাশীত, (অষ্ট+অশীত) ণ, ত্রি, অষ্ট অধিক অশীতি, ৮৮।

অষ্টাগ্র, (অষ্ট+অগ্র=কোণ) অষ্টকোণবিশিষ্ট, অষ্টভুজবিশিষ্ট।

অষ্টেপৃষ্ঠে, ক্রি,ণ, সর্ব্বদিকে, সর্ব্বাঙ্গে।

অষ্ঠি, (অস্+তি—ভাব) ষ্য, স্ত্রী, আঁটি, বীচি, ছন্দোবিশেষ।

অষ্ঠীলা, ষ্য, স্ত্রী, গোলাকার পাষাণ খণ্ড, আঁটী। [জানু, আঁটু।

অষ্ঠীবান্, (অষ্ঠি+বৎ) ষ্য, পুং,—ন

অসংক্রান্ত, (ন+সংক্রান্ত=সংশ্লিষ্ট) ণ, ত্রি, অলগ্ন, অসম্পর্কীয়।

উৎপাদিত, সমুদ্ভূত, অকৃতসন্নাহ, দর্পিত। [দূরবর্ত্তী।
অসন্নিকৃষ্ট, (ন+সন্নিকৃষ্ট) ণ, ত্রি,
অসপত্ন, (ন+সপত্ন) ণ, ত্রি, শত্রু রহিত, নিষ্কণ্টক।
অসপিণ্ড, (ন+সপিণ্ড) ণ, ত্রি, সপিণ্ড ভিন্ন সপ্তমপুরুষেতর পুরুষ।
অসভ্য, (ন+সভ্য) ণ, ত্রি, সভ্য নহে, খল, দুর্ব্বিনীত। [অনুপম।
অসম, (ন+সম) ণ, ত্রি, অতুল্য,
অসমঞ্জস, (ন+সমঞ্জস) ণ, ত্রি, অসদৃশ, অসঙ্গত। ষ্য, পুং, সগর রাজার জ্যেষ্ঠ পুত্র।
অসময়, (ন+সময়) ষ্য, পুং, অনুপযুক্ত সময়, অযোগ্য কাল, দুঃসময়, সময় বহিয়া যাওয়া। [অশক্ত।
অসমর্থ, (ন+সমর্থ) ণ, ত্রি, দুর্ব্বল,
অসমবায়িকারণ, ষ্য, ন, সমবায়িকারণের আসন্ন কারণ যথা—তন্তু সংযোগ বস্ত্রের অসমবায়িকারণ।
অসমশর, (অসম+শর) ষ্য, পুং, পঞ্চবান, কন্দর্প। [ণ,ত্রি, দুঃসাহসিক
অসমসাহসিক, (ন+সম+সাহসিক)
অসমীক্ষ্যকারী, (ন+সম্+ঈক্ষ+য+কারিন্ [কৃ+ণিন্]) ণ, ত্রি, বিবেচনা না করিয়া যে কর্ম্ম করে, মূর্খ
অসমীচীন, (ন+সমীচীন) ণ, ত্রি, অসঙ্গত, অসুন্দর। [অসম্বন্ধ, অমিল।
অসম্পর্ক, (ন+সম্পর্ক) ষ্য, পুং,
অসংশ্লিষ্ট, (ন+সংশ্লিষ্ট) ণ, ত্রি, অসংযুক্ত, অমিশ্র।
অসম্বন্ধ, (ন+সম্বন্ধ) ণ, ত্রি, সম্বন্ধশূন্য, যাহার সহিত কোন মিল নাই
অসম্বন্ধপ্রলাপ, (অসম্বন্ধ+প্রলাপ, ৬-ষ) ষ্য, পুং, অসঙ্গত উক্তি, সম্বন্ধশূন্য বাক্যকথন।
অসম্বাধ, (ন+সম্বাধ, ৭.হ) ণ, ত্রি, বাধা রহিত, বিরল, জনতা রহিত, সম্ঘর্ষ রহিত।

অসম্ভব, (ন+সম্ভব) ণ, ত্রি, যাহা সম্ভবে না, যাহা ঘটিতে পারে না, বিশ্বাসের অযোগ্য।
অসম্ভাব্য, (ন+সম্ভাব্য) ণ, ত্রি, যাহা সম্ভাবনাযোগ্য নহে, অলৌকিক
অসম্ভ্রম, ষ্য, পুং, স্থিরতা, চাঞ্চল্যাভাব, অপমান। ণ, ত্রি, স্থির।
অসম্মত, (ন+সম্মত) ণ, ত্রি, অনভিমত, অপ্রিয়, বিরোধী।
অসল, ষ্য, ন, লৌহ। [দক্ষিণ।
অসব্য, (ন+সব্য) ণ, ত্রি, সব্যেতর,
অসহন, (ন+সহ+অন) ষ্য, পুং, শত্রু। ণ, ত্রি, অসহিষ্ণু, যে সহ্য করিতে পারে না, ক্ষমাশূন্য।
অসহিষ্ণু, (ন+সহিষ্ণু) ণ, ত্রি, যে সহ্য করিতে পারে না।
অসহ্য, (ন+সহ্য) ণ,ত্রি, অসহনীয়, যাহা সহা যায় না।
অসাধারণ, (ন+সাধারণ) ণ, ত্রি, যাহা সকলের নাই, অসামান্য।
অসাধু, (ন+সাধু) ণ, ত্রি, সাধুভিন্ন, অসৎ, ইতর, দুর্ব্বৃত্ত।
অসাধ্য, (ন+সাধ্য) ণ, ত্রি, সাধ্যাতীত, অপ্রতীকার্য্য, দুর্দ্দম।
অসামান্য, (ন+সামান্য) ণ, ত্রি, অসাধারণ। [অনুচিত, অন্যায্য।
অসাম্প্রতম্, (ন+সাম্প্রতম্) ব্য, অযুক্ত,
অসার, (ন+সার, ৬.হ) ষ্য, পুং, এরণ্ড বৃক্ষ। ণ, ত্রি, সাররহিত, স্থিরাংশহীন, অপদার্থ, দুর্ব্বল, মহত্ত্ব রহিত, অপকৃষ্ট। [খড়্গ, করবাল।
অসি, (অস্+ই—সংজ্ঞার্থে) ষ্য, পুং,
অসিক, (অস্+ইক—সংজ্ঞার্থে) ষ্য, ন, অধর ও চিবুকের মধ্য ভাগ।
অসিক্নিকা, (অসিক্ন+ইক+আ) ষ্য, স্ত্রী, অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী।
অসিক্নী, (ন+সিত+ঈপ, নিপাতন) ষ্য, স্ত্রী, অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী, নদীবিশেষ, বিরণকন্যা, দক্ষ-

পত্নী। [ছোট বালিস।
অসিগণ্ড, ষ্য, পুং, ক্ষুদ্র উপাধান,
অসিত, (ন+সিত) ষ্য. পুং, কৃষ্ণ-
বর্ণ, শনিগ্রহ, কৃষ্ণপক্ষ। ণ, ত্রি, কৃষ্ণ-
বর্ণ যুক্ত।
অসিতা. (ন+সিত+আপ্) ষ্য, স্ত্রী,
অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী. স্বনাম
খ্যাতা যর্মেশ্বা, নীলী বৃক্ষ।
অসিতার্চ্চি, (অসিত+অর্চ্চিঃ, ৬.হ)
ষ্য. পুং, অগ্নি। [ন, নীলপদ্ম।
অসিতোৎপল, (অসিত+উৎপল) ষ্য,
অসিদংষ্ট্র. (অসি+দংষ্ট্র, ৬.হ) ষ্য, পুং,
জলজন্তুবিশেষ, কাঙ্গর, মকর।
অসিদ্ধ. (ন+সিদ্ধ) ণ, ত্রি, অনিষ্পন্ন,
অপক্ক, অসম্পূর্ণ।
অসিদ্ধি, (ন+সিদ্ধি) ষ্য, স্ত্রী, ন্যায়-
মতে হেতুদোষ বিশেষ, অনিষ্পত্তি।
অসিধাব, } (অসি+ধাব+অ.
অসিধাবক, } ণক—ষ, ২ ষ) ষ্য,
পুং, যে অস্ত্রাদির ধার করে, শাণ-
কার, অস্ত্রমাজ্জক।
অসিধেনু, } (অসি+ধেনু, ক—
অসিধেনুকা, } সাদৃশ্যার্থে) ষ্য, স্ত্রী.
ছুরিকা, ছুরি।
অসিপত্র, (অসি+পত্র, ৬.হ) ষ্য,
পুং, ইক্ষু, খড়্গবৎ পত্রবৃক্ষবৃক্ষ, নরক
বিশেষ, যাহাতে খড়্গাধারের উপর
চাপিয়া কাটা হয়। ন, খড়্গকোষ,
খাপ।
অসিপত্রবন, ষ্য, ন. নরকবিশেষ।
অসিপুচ্ছ. } (অসি+পুচ্ছ, পুচ্ছক
অসিপুচ্ছক. } ৬ হ) ষ্য, পুং, শিশু-
মার, শুশুক। [রিকা।
অসিপুত্রী—ত্রিকা, ষ্য, স্ত্রী, ছুরি, ছু-
অসিহেতি, (অসি+হেতি, ৬.হ)
ষ্য, পুং. খড়্গধারী যোদ্ধা।
অসীম, (ন+সীমা, ৬.হ) ণ, ত্রি.
যাহার সীমা নাই, অনন্ত।
অসু, (অস্+উ—সংজ্ঞার্থে) ষ্য, পুং,
প্রাণ, শরীরান্তর্গত প্রাণাদি পঞ্চবায়ু
যথা—প্রাণ, অপান, সমান, উদান,
ব্যান, চিত্ত, তাপ। [কষ্ট, পীড়া।
অসুখ, (ন+সুখ) ষ্য, ন, দুঃখ, ক্লেশ,
অসুখী, (ন+সুখিন্) ণ, ত্রি, দুঃখিত,
পীড়িত। [প্রাণী, জীব।
অসুভৃৎ, (অসু+ভৃ+ক্বিপ) ণ, ত্রি,
অসুর, (ন+সুর, ৬.হ) ষ্য, পুং,
সুরবিরোধী, দৈত্য, দানব, সূর্য্য।
অসুররিপু, (অসুর+রিপু, ৬-ষ)
ষ্য, পুং, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
অসুরসা, (ন+সু+রস, ৬.হ) ষ্য,
স্ত্রী, বর্ব্বরা, বাবুইতুলসী।[পুং, বিষ্ণু।
অসুরসূদন, (অসুর+সূদন) ষ্য,
অসুরা, ষ্য, স্ত্রী, রাত্রি, রাশি।
অসুরাহ্ব, (অসুর+আহ্বা, ৬.হ) ষ্য,
ন, কাংস্য, কাঁসা।
অসুরী, (অসুর+ঈ) ষ্য, স্ত্রী, অসুর-
পত্নী, রাজিকা, রাই-সর্ষপ।
অসুস্থ, (ন+সুস্থ) ণ, ত্রি, সুখ-
রহিত, রুগ্ন। [পরগুণাসহিষ্ণু।
অসূক, (অসূ+কন্) ণ, ত্রি, নিন্দুক,
অসূতি, (ন+সূ+ক্তি) ষ্য, স্ত্রী,
প্রসবাভাব, বন্ধ্যতা, নিষ্ফলতা।
অসূয়ক, অসূয়িতা, (অসূয়া+অক,
তৃন্—ষ) ণ, ত্রি, যে অসূয়া করে।
অসূয়া, (অসূ+ক্য) ষ্য, স্ত্রী, পর-
গুণে দোষারোপ, নিন্দা, ক্রোধ,
দ্বেষ, অত্রিপত্নী।
অসূর্ক্ষণ, অসূক্ষণ, (ন+সূর্ক্ষণ [অ-
নাদর], অসু+উক্ষণ [তাপ] ৬.হ)
ষ্য, ন, অবজ্ঞা, অনাদর।
অসূর্য্যম্পশ্য,(ন+সূর্য্যম্+দৃশ+খশ—
ষ) ণ, ত্রি, যে সূর্য্যকেও দেখিতে
পায় না, সূর্য্যাদর্শী, অত্যন্ত গুপ্ত,
যেখানে সূর্য্যের কিরণ পতিত হয় না
অসূর্য্যম্পশ্যরূপা, (অসূর্য্যম্পশ্য+রূপ,
৬.হ) ষ্য, স্ত্রী, যে স্ত্রীর রূপ সূর্য্যের
মুখ দেখে না, অর্থাৎ যে স্ত্রী, অন্তঃ-

গৃহেই আবদ্ধ থাকে কখন গৃহের বাহির হয় না।
অসৃক্, (ন+সৃজ্+ক্বিপ্—সংজ্ঞার্থে) ব্য, ন, রক্ত, রুধির, কুঙ্কুম, বিষ্কুম্ভাদি যোগের ষোড়শযোগ্য।
অসৃক্কর, (অসৃজ্+কৃ+অল) ব্য, পুং, ভুক্ত অন্নাদির রসরূপে পরিবর্ত্তন এবং অবশেষে সেই রসের রক্তরূপে পরিণতি।
অসৃক্প, (অসৃজ্+পা+ড, ২-ষ) ব্য, পুং,—স্ত্রী, রক্তপায়ী,রাক্ষস।
অসৃক্দর, (অসৃজ্+দর) ব্য, পুং, যোনি হইতে রক্তাদি ধাতুক্ষরণ রোগ, প্রদর। [ব্য, স্ত্রী, চর্ম্ম।
অসৃগ্ধরা, (অসৃজ্+ধৃ+অন্, ২-ষ)
অসৃগ্বহা, (অসৃজ্+বহ+আ)ব্য, স্ত্রী, শোণিতের আধার স্থান, রক্তস্থলী।
অসেচনক, (ন+সিচ+অন, ক—স্বার্থে ৫-হ) ণ, ত্রি, অতিপ্রিয়দর্শন, যাহাকে পুনঃ পুনঃ দেখিয়াও তৃপ্তি হয় না।
অসৌষ্ঠব, (ন+সুষ্ঠু+ষ্ণ) ণ, ত্রি, শোভাহীন। ন,শোভারাহিত্য, অলঙ্কার শাস্ত্রে স্মরদশা বিশেষ, কুগঠন
অসৌম্য, (ন+সৌম্য) ণ, ত্রি, মন্দ, অভদ্র, অপ্রিয়। [মন্দ স্বর বিশিষ্ট।
অসৌম্যস্বর, ণ, ত্রি, কাকের ন্যায়
অস্কন্ন, (ন+স্কন্ন=ক্ষরিত) ণ, ত্রি, অক্ষরিত, স্থায়ী।
অস্খলিত, (ন+স্খলিত) ণ, ত্রি, অব্যাহত, স্থির, অবিচলিত।
অস্ত, (অস্+ত—ভাব, চ) ব্য, পুং, পশ্চিমাচল। ন, চন্দ্রসূর্য্যাদির অস্ত গমন, মৃত্যু, শেষ, অবসান। ণ, ত্রি, নিক্ষিপ্ত, প্রেরিত, ত্যক্ত, পাতিত, চালিত। [মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ।
অস্তক, (অস্ত+কৃ+ড) ব্য, পুং,
অস্তগত, (অস্ত+গত, ২-ষ) ণ, ত্রি, অদর্শনপ্রাপ্ত, দৃষ্টিবহির্ভূত, লুপ্ত, অন্তর্হিত। [পর্ব্বত।
অস্তগিরি, ব্য, পুং, অস্তাচল, চরম
অস্তম, (অস্+তম) ব্য, অদর্শন, নাশ
অস্তমন—ন, } (অস্ত+মি+অল,
অস্তময়—পুং, } অস্ত+মন্+অল) ব্য, অস্তগমন, তিরোধান, সূর্য্যাদির অদর্শন।
অস্তমিত, (অস্তম্+ই+ত, ২-ষ) ণ, ত্রি, বিলুপ্ত, অস্তগত, বিনষ্ট।
অস্তাঘ, (অস্ত+অঘ) ণ, ত্রি, অগাধ, অতি গভীর।
অস্তাচল, (অস্ত+অচল, র:—স) ব্য, পুং, অস্তগিরি, পশ্চিমাচল।
অস্তাদ্রি, (অস্ত+অদ্রি) ব্য, পুং, অস্তগিরি।
অস্তাবলম্বী, (অস্ত+অব+লম্বিন্, ২-ষ) ণ, ত্রি, অস্তগত, অস্তপ্রাপ্ত, অন্তর্হিত।
অস্তি, (অস্+তিপ্) ব্য, বর্ত্তমান, আছে, হইতেছে, স্থিতি, বিদ্যমানতা, সত্তা।
অস্তিত্ব, (অস্তি+ত্ব—ভাবে) ব্য, ন, স্থায়িত্ব, বিদ্যমানতা, সত্তা।
অস্তিমান, (অস্তি+মৎ-অস্ত্যর্থে) ণ, ত্রি, ধনবান্, সমৃদ্ধিশালী।
অস্তু, (অস্+তু) ব্য, হউক, অনুজ্ঞা, অসূয়া, পীড়া, প্রশংসা, প্রকর্ষ, লক্ষণ, প্রতিক্ষেপ, অঙ্গীকার।
অস্তেন, } (ন+স্তেন, স্তেয়) ব্য,
অস্তেয়, } ন, সাধুতা, চৌর্য্যাদি দুষ্ক্রিয়াবিরহ।
অস্ত্যান, (ন+স্ত্যৈ+অনট্—ভাবে) ব্য, ন, তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা।
অস্ত্র, (অস্+ত্র—সংজ্ঞার্থে) ব্য, ন, প্রহারসাধন দ্রব্য, খড়্গ, চর্ম্ম, ধনুকাদি, যাহার দ্বারা প্রহার করা যায়
অস্ত্রকণ্টক, (অস্ত্র+কণ্টক)ব্য, পুং, বাণ। [ত্রি, অস্ত্রজ্ঞ।
অস্ত্রবিদ্, (অস্ত্র+বিদ্+ক্বিপ্) ণ,

অস্ত্রকারিক, (অস্ত্র+কারক, ২-য) ব্য, পুং, অস্ত্রনির্ম্মাণ কর্ত্তা।

অস্ত্রচিকিৎসক, (অস্ত্র+চিকিৎসক, ৩-য) ব্য, পুং, অস্ত্র প্রয়োগ পূর্ব্বক ক্ষতাদি রোগ শান্তিকারক,ডাক্তার।

অস্ত্রবৈদ্য, (অস্ত্র+বৈদ্য, ৩-য) ব্য, পুং, অস্ত্রচিকিৎসক।

অস্ত্রসায়ক, (অস্ত্র+সো+অক—য) ব্য, পুং, নারাচাস্ত্র, লৌহময় বাণ।

অস্ত্রাগার, (অস্ত্র+আগার, ৬-য) ব্য, ন, যে গৃহে অস্ত্র থাকে।

অস্ত্রী; (অস্ত্র+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, অস্ত্রধারী।

অস্থাগ, অস্থাঘ, (ন+স্থা+কিপ স্থিতি, সীমা—গ 'গম্' ধাতুজ এবং ঘ 'হন্' ধাতুজ, যাহার সীমা পর্য্যন্ত গমন করা যায় না) ণ, ত্রি, অগাধ, অতিগভীর।

অস্ত্রাঘাত, (অস্ত্র+আঘাত, ৩-য) ব্য, পুং, অস্ত্র দ্বারা প্রহার, হাতিয়ারের চোট।

অস্ত্রীক, (ন+স্ত্রী+ক) ব্য, পুং, অপত্নীক, যাহার স্ত্রী নাই।

অস্থান, (ন+স্থান) ব্য, ন, কুস্থান, অযোগ্য স্থান, অপাত্র।

অস্থাবর, (ন+স্থাবর) ণ, ত্রি, গমনশীল, জঙ্গম,গোহিরণ্যাদি স্থাবর ভিন্ন

অস্থায়িভাব, ব্য, পুং, ভাব মধ্যের সহিত নিম্ন ভাগের সংযোগ না থাকা। [অতলস্পর্শ।

অস্থার, (অস্থা+র) ণ, ত্রি, অগাধ,

অস্থি, (অস্+থি) ব্য, ন, হাড়।

অস্থিকৃৎ, (অস্থি+কৃ+কিপ) ব্য, পুং, শরীরস্থ মেদো ধাতু।

অস্থি-চর্ম্মাবশিষ্ট,ণ,ত্রি, যাহার কেবল অস্থি ও চর্ম্মমাত্র অবশিষ্ট আছে, অতিশয় কৃশ। [মজ্জা।

অস্থিজ, (অস্থি+জন+ড) ব্য, পুং, অস্থিত-পাটীগণিত, এক প্রকার অঙ্কশাস্ত্র। (Arithmetic of infinites)

অস্থিতুণ্ড, (অস্থি+তুণ্ড, ৬-হ) ব্য, পুং,—স্ত্রী, পক্ষী। [শিব।

অস্থিধন্বন্, (অস্থি+ধনু+অন্, ৬-হ)

অস্থিপঞ্জর, (অস্থি+পঞ্জর)ব্য, পুং,কঙ্কাল, শরীরেরঅস্থি সমূহ

অস্থিভক্ষ, (অস্থি+ভক্ষ+অন্) ব্য, পুং, স্ত্রী, হাড়গিলা পক্ষী, কুক্কুর।

অস্থিভুক্, (অস্থি+ভুজ+কিপ) ব্য, পুং, স্ত্রীং, কুক্কুর, হাড়গিলা।

অস্থিভেদ,(অস্থি+ভেদ, ৬.হ) ব্য, পুং, হাড়ভেদ, মর্ম্মভেদ।

অস্থিমালী, (অস্থিমালা+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, অস্থিমালাধারী। ব্য, পুং, শিব।

অস্থির, (ন+স্থির) ণ, ত্রি, অস্থায়ী, নশ্বর, অনিশ্চিত, অধীর, চঞ্চলস্বভাব, বিশ্বাসের অযোগ্য।

অস্থিরমনাঃ, (অস্থির+মনস্) ণ, ত্রি, চঞ্চল মতি, অস্থিরান্তঃকরণ বিশিষ্ট।

অস্থির-বায়ু-মণ্ডল, ব্য, ন, পৃথিবীর যে অংশ কখন ব্যাত্যাবিশিষ্ট এবং কখন বা নির্ব্বাত থাকে।

অস্থিবিগ্রহ, ব্য, পুং, ভৃঙ্গী নামক শিবের অনুচর।

অস্থিসংহার, (অস্থি+সং+হৃ+অ—ভাব, ডে) ব্য, পুং, গ্রন্থিবিশিষ্ট বৃক্ষ, হাড়জোড়া।

অস্থিসঞ্চয়, ব্য, পুং, মৃত্যুর পর চতুর্থ

দিবসে মৃত ব্যক্তির অস্থির সঞ্চয়করণ
অস্থি সমর্পণ, ষ্য, ন, শবদাহের পর পুণ্য জলে অস্থিনিক্ষেপ।
অস্থিসার, (অস্থি+সার, ৬-ষ) ষ্য, পুং, অস্থিজাত মজ্জা, ণ, ত্রি, রক্ত-মাংস শূন্য, হাড়সার। [রতা, চাঞ্চল্য
অস্থৈর্য্য, (ন+স্থৈর্য্য) ষ্য, ন, অধী-
অস্থ্যাধ্যারদেহ, (অস্থি+আধার+দেহ, ৬.হ) ষ্য, পুং, যাহাদের দেহের আধার অস্থি, যথা—মনুষ্য, পশু, পক্ষী, মৎস্য, কুম্ভীরাদি।
অস্নাবির, (ন+স্নাবির [স্নায়ু+ইরচ]) ণ, ত্রি, শিরাবর্জ্জিত, স্থূল, শরীর শূন্য
অস্নিগ্ধদারু, ষ্য, পুং, দেবদারু বিশেষ।
অস্নেহ, (ন+স্নেহ, ৬.হ) ণ, ত্রি, নির্দ্দয়, শুষ্ক, রুক্ষ। ষ্য, পুং, বাৎসল্যাভাব, তৈলাভাব।
অস্পৃশ্য, (ন+স্পৃশ্+য—চ) ণ, ত্রি, স্পর্শের অযোগ্য, অশুচি।
অস্ফুট, (ন+স্ফুট) ণ, ত্রি, অব্যক্ত, অস্পষ্ট, অদৃষ্ট, অবিকসিত। ষ্য, ন, অব্যক্ত বচন।
অস্ফুটবাক্, (অস্ফুট+বাচ্+কিপ্) ণ, ত্রি, অস্পষ্টবাদী।
অস্মদ্, (অস্+মদ্) সর্ব্ব, ত্রি, আমি, দেহাভিমানী জীব, উত্তম পুরুষ।
অস্মদীয়, (অস্মদ্+ঈয়—ইদমর্থে) ণ, ত্রি, আমাদের সম্বন্ধীয়।
অস্মন্ত, ষ্য, ন, উনন, চুল্লী।
অস্মি, (অস্+মি) বা, অহম্, আমি।
অস্মিতা, (অস্মি+তা—ভাবে) ষ্য, স্ত্রী, অহঙ্কার, অহংজ্ঞান, অভিমান, সাংখ্যমতে প্রধান পুরুষদ্বয়ের অভেদাভিমান, মোহ।
অস্র, (অস্+র) ষ্য, ন, রক্ত, চক্ষের জল, কেশ। পুং, কোন বস্তু বা গৃহাদির কোণ।
অস্রকণ্ঠ, (অস্র+কণ্ঠ) ষ্য, পুং, বাণ।
অস্রখদির, ষ্য, পুং, খদির বিশেষ, রক্তখদির।
অস্রজ, (অস্র+জন্+ড) ষ্য, ন, মাংস
অস্রপ, (অস্র+পা+ড, ২-ষ) ষ্য, পুং, রাক্ষস। [জোঁক।
অস্রপা, ষ্য, স্ত্রী, রাক্ষসী, জলৌকা,
অস্রমাতৃকা, ষ্য, স্ত্রী, শরীররসভুক্ত দ্রব্যের রসরূপ দেহস্থ প্রথম ধাতু।
অস্ররোধিনী, ষ্য, স্ত্রী, লজ্জাবতীলতা।
অস্রার্জ্জক, (অস্র+অর্জক) শ্বেত তুলসী বৃক্ষ। [চক্ষুর জল, নেত্রাম্বু।
অস্রু, (অস্+রু—সংজ্ঞার্থে) ষ্য, ন,
অস্বচ্ছন্দ, (ন+স্ব+ছন্দ, ৬হ) ণ, ত্রি, পরাধীন, আয়ত্ত।
অস্বতন্ত্র, (ন+স্ব+তন্ত্র, ৬.হ) ণ, ত্রি, পরাধীন, আজ্ঞাবহ, পরবশ।
অস্বস্থ, (ন+সু+অস্ত, ৫.হ) ষ্য, ন, অশুভ, চুল্লী, উনান, (অসু+অস্ত, ৬.ত) পুং, মরণ। ণ, ত্রি, অতি দুরন্ত, ক্ষয়োন্মুখ, পরিণাম-বিরস।
অস্বপ্ন, (ন+স্বপ্ন, ৬.হ) ষ্য, পুং, অমর, দেব, দেবতা। ণ, ত্রি, নিদ্রারহিত।
অস্বভাব, (অ+স্বভাব=চরিত্র) ষ্য, পুং, মন্দ চরিত্র, বিরুদ্ধ স্বভাব।
অস্বরস, (ন+স্বরস) ণ, ত্রি, অকৌশল, মনোভঙ্গ, বিবাদ।
অস্বর্গ্য, (ন+স্বর্গ্য) ণ, ত্রি, স্বর্গগমনের প্রতিবন্ধক, নরকসাধক, অধোগতির মূল।
অস্বস্তি, (ন+স্বস্তি) ব্য, অমঙ্গল।
অস্বাতন্ত্র্য, (ন+স্বাতন্ত্র্য) ষ্য, ন, পরাধীনতা, পরতন্ত্রতা।
অস্বাধ্যায়, (ন+স্বাধ্যায়, ৬.হ) ষ্য, পুং, অধ্যয়ন নিষিদ্ধ কাল, অষ্টমী প্রভৃতি তিথি। ণ, ত্রি, বিধিপূর্ব্বক বেদাধ্যয়ন বর্জ্জিত।
অস্বামিক, (ন+স্বামিন্+ক, ৬.হ) ণ, ত্রি, স্বামিহীন, সাধারণাধিকৃত।
অস্বাম্য, (ন+স্বাম্য) ষ্য, ন, অস্বামিত্ব, স্বত্বাভাব, অনধিকার।

অস্বাস্থ্য, (ন+স্বাস্থ্য) ব্য, ন, অসুস্থতা, পীড়া, উপদ্রব।

অস্বীকার, (ন+স্বীকার) ব্য, পুং অনঙ্গীকার, গ্রহণ না করণ, স্বীকারাভাব। [ধীন, পরবশ।

অস্বৈরী, (ন+স্বৈরিন্) ণ, ত্রি, পরা-

অহ(ন+হন্, বা অহ্+অল) ব্য, প্রশংসা, আক্ষেপণ, নিয়োগ, নিগ্রহ, আচারাতিশয়, পূজা। [আমি।

অহং, (প্রথমান্ত অস্মদ্ শব্দজ) ব্য,

অহংমদ, ব্য, পুং, আমি বড় এই প্রকার অভিমান, অহঙ্কার।

অহংযাতি, ব্য, পুং, সংযাতি রাজার পুত্র, স্বনাম খ্যাত নৃপবিশেষ।

অহংযু, (অহং+যু—অস্ত্যর্থে) ণ, ত্রি, অহংকৃত, গর্ব্বিত। ব্য, পুং, যোদ্ধা।

অহঃপতি, (অহন্+পতি, ৬ ষ) ব্য, পুং, সূর্য্য।

অহঙ্কার, (অহং+কৃ+ঘঞ—ভাব) ব্য, পুং, আপনাকে বড় জ্ঞানকরা, গর্ব্ব, অভিমানাখ্যা অন্তঃকরণবৃত্তি

অহঙ্কারী, (অহম্+কৃ+ণিন্—ষ) ণ, ত্রি, গর্ব্বিত, অভিমানযুক্ত।

অহঙ্কৃত, (অহং+কৃ+ত—ঘ) ণ, ত্রি, গর্ব্বিত, অহঙ্কারযুক্ত।

অহঙ্কৃতি, (অহং+কৃ+তি—ভাব) ব্য, স্ত্রী, অহঙ্কার।

অহত, (ন+হন্+ত—ঢ) ব্য, ন, নূতনবস্ত্র। ণ, ত্রি, অক্ষত, অতাড়িত

অহন, (ন+হা+কনিন্) ব্য, ন, দিন, দিবস, বাসর।

অহম, (অহ+অন—সংজ্ঞার্থে) ব্য, অহঙ্কার, অভিমান।

অহমহমিকা, (অহম্+অহম্+ইক) ব্য, স্ত্রী, পরস্পর অহঙ্কার, আমিই বড় আমিই বড় বলিয়া পরস্পর অহঙ্কার করা। [অহঙ্কার।

অহমিকা, (অহম্+ইক) ব্য, স্ত্রী,

অহম্পূর্ব্বিকা, (অহম্+পূর্ব্ব+ইক) ব্য, স্ত্রী, আমি অগ্রে যাইব আমি অগ্রে যাইব বলিয়া যোদ্ধাদিগের পরস্পর আগ্রহ প্রকাশ।

অহম্বুদ্ধি, (অহম্+বুদ্ধি) ব্য, স্ত্রী, আপনাকে বড় বলিয়া বোধ করা, অহঙ্কার। [অবিদ্যা, অজ্ঞান।

অহম্মতি, (অহম্+মতি) ব্য, স্ত্রী,

অহরহঃ, (অহন্+অহন্, দ্ব—স) ক্রি, ণ, প্রতিদিন, সর্ব্বদা।

অহর্গণ, ব্য, পুং, ত্রিংশৎ দিনাত্মক মাস।

অহর্জ্জর, (অহন্+জৃ+অল) ব্য, পুং, সংবৎসর, বৎসর দিনের দ্বারা পরিবর্ত্তমান হইয়া লোকদিগকে জীর্ণ করে বলিয়া ইহার নাম অহর্জ্জর হইল

অহর্দিব, (অহন্+দিবা, দ্বং—স) ব্য, ন, অহরহঃ। [ন, দিবারাত্র।

অহর্নিশ, (অহন্+নিশা, দ্বং—স) ব্য,

অহর্পতি, (অহন্+পতি, ৬.ষ ; ন্=র) ব্য, পুং, সূর্য্য।

অহর্ব্বান্ধব, (অহন্+বান্ধব) ব্য, পুং, চন্দ্র, সূর্য্য, অর্ক বৃক্ষ, আকন্দ গাছ। [পুং, দিনমণি, সূর্য্য।

অহর্মণি, (অহন্+মণি, ৬.ষ) ব্য,

অহর্মুখ, (অহন্+মুখ, ৬.ষ) ব্য, ন, প্রভাত, দিনের প্রত্যূষ।

অহলা, (ন+হল+য) ণ, ত্রি, হলদ্বারা অকৃষ্টক্ষেত্র।

অহল্যা, ব্য, স্ত্রী, গৌতমের পত্নী, অপ্সরা বিশেষ। [সূর্য্য।

অহস্কর, (অহন্+কর, ২.ষ) ব্য, পুং,

অহস্ত, (ন+হস্ত, ৬.ষ) ণ, ত্রি, যাহাদিগের হস্ত নাই, মৎস্যাদি।

অহস্পতি, (অহন্+পতি, ৬.ষ) ব্য, পুং, সূর্য্য।

অহহ, } (অহ+হা+ক) ব্য,
অহহা, } আঃ, খেদ, আনন্দ, সম্বোধন, প্রকর্ষ, অদ্ভুত।

অহার্য্য, (ন+হার্য্য) ব্য, পুং, পর্ব্বত। ণ, ত্রি, অহরণীয়, অভেদ্য, অব-

রণীয়, যাহা হরণ করা যায় না।
অহি, (আ+হন্+ডি—সংজ্ঞার্থে) ব্য, পুং, সর্প, বৃত্রাসুর, সূর্য্য, পথিক, রাহু
অহিংসক, (ন+হিংসক) ণ, ত্রি, অহিংস্র।
অহিংসা, (ন+হিংসা) ষ্য, স্ত্রী, হিংসার অভাব, পীড়া না দেওয়া।
অহিকা, ষ্য, স্ত্রী, শাল্মলী বৃক্ষ।
অহিকান্ত, (অহি+কান্ত, ৬-ষ) ষ্য, পুং, বায়ু।
অহিচ্ছত্র, (অহি+ছত্র) ষ্য, পুং, আর্য্যাবর্ত্তের অন্তঃপাতী পঞ্চাল দেশীয় নগর বিশেষ।
অহিজিৎ, (অহি+জি+কিপ্, ২-ষ) ষ্য, পুং, বিষ্ণু, ইন্দ্র, গরুড়, ময়ূর, নকুল
অহিত, (ন+হিত, ৫-হ) ষ্য, পুং, শত্রু। ণ, ত্রি, অমঙ্গল, কুপথ্য, অনুপকারী।
অহিতুণ্ডিক, (অহিতুণ্ড+ষ্ণিক) ষ্য, পুং, সর্পধারক, সর্পখেলক, সাপুড়ে।
অহিদ্বিট্, (অহিৎ+দ্বিট্, ২-ষ) ষ্য, পুং, বিষ্ণু, ইন্দ্র, গরুড়, ময়ূর, নকুল।
অহিনকুলতা, ষ্য, স্ত্রী, অহি এবং নকুলের ন্যায় বৈরিতা, চিরবিরোধ, স্বভাব বৈর। [সাপের খোলশ।
অহিনির্ম্মোক, ষ্য, পুং, সর্পত্বক্,
অহিফেন, (অহি+ফেন) ষ্য, পুং, ন, আফিং।
অহিবুধ্ন, (অহি+বুধ্ন, ৬-হ) ষ্য, পুং, উত্তর ভাদ্রপদ নক্ষত্র, রুদ্রবিশেষ।
অহিব্রধ্ন, (অহি+ব্রধ+ক) ষ্য, পুং, শিব, মহাদেব।
অহিভয়, (অহি=সর্প+ভয়, ৫-ষ) ষ্য, ন, সর্পভয়, রাজাদিগের স্বপক্ষজাত ভয়।
অহিভুক্, (অহি+ভুজ্+কিপ্, ২-ষ) ষ্য, পুং, গরুড় ময়ূর, নকুল।
অহিমার, (অহি+মৃ+ঘঞ) ষ্য, স্ত্রী, অহিলতা, নাগবল্লীলতা।

অহীনগু, ষ্য, পুং, স্বনামখ্যাত সূর্য্য-বংশীয় নৃপতি বিশেষ।
অহীরণি, (অহি+ঈর+অনি—ভাব) ষ্য, পুং, দ্বিমুখ সর্প।
অহীশ্বর, (অহি+ঈশ্বর, ৬-ষ) ষ্য, পুং, বাসুকি, অনন্তদেব, সর্পরাজ।
অহে, (ন+হা+এ) ষ্য, সম্বোধন।
অহেতুক, (ন+হেতু+ক, ৬-হ) ণ, ত্রি, অকারণ, আকস্মিক।
অহেরু, (ন+হি+রু—সংজ্ঞার্থে) ষ্য, পুং, শতমূলী।
অহো, (ন+হা+ও) ষ্য, সম্বোধন, নিন্দা, করুণা, দয়া, অনুতাপ, শোক, বিষাদ, প্রশংসা, শ্রান্তি, আশ্চর্য্য, দ্বৈধ, বিতর্ক, অতএব।
অহোরাত্র, (অহন্+রাত্রি, দ্বং—স) ষ্য, পুং, দিবারাত্রি, দিন ও রাত্রি।
অহোবত, ষ্য, সম্বোধন, খেদ, অনুকম্পা।
অহ্নায়, (ন+হ্ন+ঘঞ) ষ্য, ঝটিতি, শীঘ্র, তৎক্ষণাৎ, যথা "অহ্নায় নিয়মস্তম্ ক্রমমুৎসর্জ" কুমারসম্ভব।
অহ্রিক, ষ্য, পুং, বৌদ্ধ সন্ন্যাসী।

আ

আ; আকার, দ্বিতীয় স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ। তন্ত্রমতে—আকার অতি অতি অদ্ভুত বর্ণ, শঙ্খের ন্যায় প্রভাযুক্ত; ব্রহ্মা বিষ্ণু শিবময়; ও আপনাদি পঞ্চ প্রাণ বায়ুময় এবং কুণ্ডলিনীয় স্বরূপাকার বিশিষ্ট ও অঙ্কুশবীজ স্বরূপ। ষ্য, পুং, মহাদেব, ব্রহ্মা। (আপ্+ব্যাপা+আ) ষ্য, ঈষৎ, সীমা, ব্যাপ্তি, অনুকম্পা, সমুচ্চয়।
আ, (আপ্+ব্যাপা+আ) ষ্য, ঈষৎ, সীমা, অবধি ব্যাপ্তি, সুখদুঃখবোধক শব্দ। [ই, স্মরণ।
আং, (অম্+কিপ) ষ্য, স্বীকার,

আংশিক, (অংশ+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, একদেশ সম্বন্ধীয়, অংশ-সম্বন্ধীয়।
আঃ, (আস্—উপবেশন করা+ক্বিপ) ব্য, কোপ, পীড়া, তর্জ্জন, স্পর্দ্ধা, সুখদুঃখবোধক শব্দ। [মাতা।
আই, (দেশজ) মাতামহী, মাতার
আইও, (দেশজ) ব্য, স্ত্রী, বিবাহিতা স্ত্রী, সধবা। [বিশেষ, পুষ্পবিশেষ।
আইচ, (দেশজ) ব্য, পুং, বৃক্ষ
আইন, (পারস্ত) রাজবিধি, রাজ-নিয়ম, স্মৃতি, ব্যবস্থা।
আইবড়, (অবর শব্দজ) ণ, অবি-বাহিত, যার বিবাহ হয় নাই।
আক, (ইক্ষুশব্দজ) ব্য, ইক্ষু, যাহার রসে গুড় হয়।
আউশ, (আশু শব্দজ) ধান্যবিশেষ যাহা ভাদ্র মাসে পক্ব হয়।
আওড়ান, (দেশজ) ব্য, আবৃত্তি-করণ, পড়ন। [আচ্ছাদন, ঢাকন।
আওতা, (দেশজ) ব্য, আবরণ,
আঁক, (অঙ্ক শব্দজ) ব্য, চিহ্ন, দাগ, অঙ্ক, সংখ্যাবিনিবেশ।
আঁকুষি, (আকর্ষ বা আকর্ষণী শব্দজ) ব্য, যাহার দ্বারা ফল পুষ্পাদি আক-র্ষণ করিয়া পাড়া যায়, নগা।
আঁখি, (অক্ষি শব্দজ) ব্য, চক্ষু।
আঁচ, (দেশজ) ব্য, উত্তাপ, তাপ, উষ্ণতা।
আঁচড়ন, (আকর্ষণ বা অঙ্ক শব্দজ) চিহ্ন করণ, নখাদি দ্বারা কর্ষণ।
আঁচল, আঁচলা, (অঞ্চল শব্দজ) ব্য, স্ত্রী, বস্ত্রের চোস।
আঁচান, (আচমন শব্দজ) ব্য, ভো-জনান্তর হস্তমুখ প্রক্ষালন।
আঁজলা, (অঞ্জলি শব্দজ) ব্য, যুক্তকর, হস্ত, করপুট।
আঁটকুড়া, (দেশজ) সন্ততিহীন, অপুত্র
আঁটন, (দেশজ) ব্য, শক্তরূপে বন্ধন, দৃঢ় করণ।
আঁটাল, (দেশজ) দৃঢ়বদ্ধ।
আঁটি, (দেশজ) ব্য, তৃণাদির কিয়ৎ পরিমিত মুষ্টি। [প্রসব গৃহ।
আঁতুড়, (অরিষ্ট শব্দজ) ব্য, সূতিকাগার,
আঁৎ, (অন্ত্র শব্দজ) ব্য, নাড়ী, ভুঁড়ী আঁতড়ি। [ত্রাস, শঙ্কা।
আঁৎকান, (দেশজ) ব্য, ভয়করণ,
আঁৎবসা, (দেশজ) পেটের পীড়া।
আঁধার, (অন্ধকার শব্দজ) ব্য, তিমির, তমঃ।
আঁব, (আম্র শব্দজ) ব্য, চূত, আম।
আঁশ, (দেশজ) ব্য, আম্রাদি ফলের অন্তরস, সূক্ষ্মতন্তু, চোঁচ, বস্ত্র গাত্রো-খিত অংশু, মৎস্যাদির কণ্টক।
আকচ, (দেশজ) ব্য, আক্রোশ, শত্রুতা।
আকণ্ঠ, (আ+কণ্ঠ) ব্য, ন, গলদেশ পর্য্যন্ত। [কারী, চকিত।
আকত্থন, (আ+কত্থন) ণ, ত্রি, অহং-
আকন্দ, (অর্ক শব্দজ) ব্য, অর্কবৃক্ষ।
আকম্পিত, (আ+কম্প+ত) ণ, ত্রি, ঈষৎ কম্পিত, আধূত।
আকর, (আ+কৃ+অন—ডে) ব্য, পুং, খনি, স্বর্ণ রৌপ্যাদি ধাতুর উৎপত্তি স্থান, সমূহ, আদি, মূল, শ্রেষ্ঠ, আধার, বংশ।
আকরিক, (আকর+ষ্ণিক) ণ, ত্রি, খনিজাত পদার্থ, স্বর্ণরৌপ্যাদি, খ-নিতে নিযুক্ত।
আকরীয়, (আকর+ঈয়) ণ, ত্রি, আকরজাত, আকরোৎপন্ন।
আকরী, ণ, ত্রি, আকরীয়। [কর্ণ পর্য্যন্ত
আকর্ণ, (আ+কর্ণ) ব্য, ম, ক্রি-ণ,
আকর্ণচক্ষুঃ, (আকর্ণ+চক্ষুস্) ব্য, ন, যে চক্ষু কর্ণ পর্য্যন্ত বিস্তৃত, বড় চোক। ণ, ত্রি, যাহার চক্ষুঃ, কর্ণ পর্য্যন্ত বিস্তৃত। [ব্য, ন, শ্রবণ, শুনা।
আকর্ণন, (আ+কর্ণ+অনট—ভাব)
আকর্ণিত, (আ+কর্ণ+ত—ক্ত) ণ,

ত্রি, শ্রুত, যাহা শুনা গিয়াছে।
আকর্ষ,(আ+কৃষ+ঘঞ—ভাব,ঢ,ডে) ষ্য, পুং, পাশা খেলা, পাশক্রীড়া, পাশা খেলার ছক্, আকর্ষণ,আঁকুশি
আকর্ষক, (আ+কৃষ+ণক) ষ্য, পুং, চুম্বক পাতর। ণ, ত্রি, যে আকর্ষণ করে, আকর্ষণকারী।
আকর্ষণ, (আ+কৃষ+অনট—ভাব, ধ) ষ্য, ন, টানিয়া আনা, টানিয়া লওয়া, বলপূর্ব্বক আনয়ন, জড় পদার্থের যে গুণ দ্বারা পরমাণু সমুদায় পরস্পরের প্রতি স্ব স্ব অভিমুখে বল প্রকাশ করে। ণ, ত্রি, যাহাদ্বারা টানিয়া আনা যায়।
আকর্ষণী,ষ্য,স্ত্রী, আঁকুশি,যাহার দ্বারা আকর্ষণ করা যায়,আকর্ষণকারিণী।
আকর্ষিক, (আকর্ষ+ষ্ণিক) ষ্য,পুং, চুম্বক লৌহ। ণ, ত্রি, আকর্ষক।
আকলন, (আ+কল+অনট—ভাব) ষ্য, ন, আকাঙ্ক্ষা, আকর্ষণ, গণন, সংগ্রহ, বন্ধন, ধারণ।
আকলিত, (আ+কল+ত—ঢ) ণ,ত্রি, আকৃষ্ট, বদ্ধ, সংগৃহীত, গণিত, সংখ্যাত, আকাঙ্ক্ষিত।
আকল্প, (আ+কৢপ+ণিচ+ঘঞ—ধ, ভাব) ষ্য,পুং,বেশ,ভূষা,সজ্জা,আভরণ, বৃদ্ধি,উন্নতি,কল্পনা,পীড়া।(আ+কল্প) ক্রি—ণ, ন, প্রলয়কাল পর্য্যন্ত।
আকল্পক, (আ+কৢপ+ণিচ+ণক—ঘ) ষ্য, পুং, অজ্ঞান, ঔৎসুক্য, হর্ষ।
আকর্ষ, (আ+কৃষ+অন্ ডে) ষ্য, পুং, কষ্টিপাথর।
আকর্ষক, ণ, ত্রি, কষণনিপুণ।
আকস্মিক, (অকস্মাৎ+ষ্ণিক—ভাবার্থে) ত্রি, অকস্মাৎ উৎপন্ন, অচিন্ত্যনিমিত্তক, হঠাৎ।
আকাঁড়া, (অকণ্ডিত শব্দজ) ণ, সতুষতণ্ডুল, অপরিষ্কৃত চাউল, মহাবল-পরাক্রম।

আকাঙ্ক্ষা, (আ+কাঙ্ক্ষ+অ—ভাব) ষ্য, স্ত্রী, ইচ্ছা, স্পৃহা, অভিলাষ, বাঞ্ছা, আশা, প্রার্থনা, যে পদ বিনা যে পদের অন্বয় বোধ হয় না, তাহার সহিত তাহার আকাঙ্ক্ষা, যথা ক্রিয়াপদ ব্যতিরেকে কারকপদের দ্বারা অর্থগ্রহ হয় না বলিয়া ক্রিয়াপদের সহিত কারক পদের আকাঙ্ক্ষা আছে "যৎ পদেন বিনা যস্যানন্বয়ভাবকতা ভবেৎ, আকাঙ্ক্ষা বক্তুরিচ্ছা তু তাৎপর্য্যং পরিকীর্ত্তিতং" ভাষা পরিচ্ছেদ। [নীরস।
আকাট, (অকষ্ট শব্দজ) ণ, শুষ্ক,
আকাটা, (অকর্ত্তিত শব্দজ) ণ, অচ্ছিন্ন, অচ্ছেদিত।
আকামান, (দেশজ) ণ, অমুণ্ডিত, যাহার বিষদন্ত উৎপাটিত হয় নাই।
আকায়, (আ+চি+ঘঞ+ডে) ষ্য, পুং, নিবাস, বাসস্থান, চিত্ত।
আকার, (আ+কৃ+ঘঞ) ষ্য, পুং, যাহা দ্বারা বস্তু বা ব্যক্তিকে জানা যায়, আকৃতি, মূর্ত্তি, ইঙ্গিত, হৃদগতভাব, শোক হর্ষাদিসূচক মুখ ভঙ্গ্যাদি, চিহ্ন।
আকারগুপ্তি,(আকার+গুপ্তি ; ৬-ষ) ষ্য, স্ত্রী, ভয় হর্ষাদি জনিত হৃদগতভাব বা মুখ বিকারাদি গোপন।
আকারণ,—ন, } (আ+কৃ+ণিচ্
আকারণা,—স্ত্রী, } +অনট-ভাব) ষ্য, আহ্বান, ডাকান।
আকারতঃ, (আকার+তস্) ষ্য, স্বরূপতঃ, সদৃশ।
আকারশূন্য, (আকার+শূন্য=হীন, ৬-ষ) ণ, ত্রি, নিরয়ব, নিরাকার।
আকারানুভাবকতা, (আকার+অনুভাবকতা) ষ্য, স্ত্রী, যে মানসিক বৃত্তি দ্বারা আকারের অনুভব হয়।
আকারান্ত, (আকার+অন্ত=শেষ, ৬-হ) ণ, ত্রি, যাহার শেষে 'আ' বর্ণ

আছে। [ত্রি, আহুত।

আকারিত,(আ+কৃ+ণিচ্+ত—ঢাণ,

আকারোপলক্ষিত, (আকার+উপলক্ষিত, ৩-ব) ণ, ত্রি, আকারবিশিষ্ট, আকারধারী।

আকাল, (অকাল শব্দজ) ব্য, দুর্ভিক্ষ, দুঃসময়।

আকালিক,(অকাল+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, অসময়ে উৎপন্ন, অসাময়িক

আকালিকী, ষ্য, স্ত্রী, বিদ্যুৎ, অসময়ে উৎপন্না।

আকাশ, (আ+কাশ+অন্—ঘ) ষ্য, পুং,ন, পঞ্চমভূত,গগন,অন্তরীক্ষ,শূন্য

আকাশকক্ষা, (আকাশ+কক্ষ, ৬-ব) ষ্য, স্ত্রী, গগণান্তরাল, (Horizon.)

আকাশগ, (আকাশ+গ=যে যায়, ৩-ব) শূন্যচারী। [কিনী।

আকাশগঙ্গা, ষ্য, স্ত্রী, স্বর্গঙ্গা, মন্দা-

আকাশদীপ, আকাশপ্রদীপ, ষ্য, পুং, লক্ষ্মী এবং নারায়ণ উদ্দেশে কার্ত্তিক মাসে দেয় আকাশপ্রদীপ।

আকাশভাষিত, (আকাশ+ভাষ+ত—ট) ষ্য, ন, (নাট্যোক্তিতে) অকথিত বাক্য, "কি বলিতেছ" ইত্যাদি বাক্যদ্বারা কথন, "কিং ব্রবীষীতি যেন্নাট্যে বিনা পাত্রং প্রযুজ্যতে। শ্রুত্বেবানুক্তমপ্যর্থং তৎস্যাদাকাশভাষিতং" সাহিত্যদর্পণ।

আকাশমণ্ডল, (আকাশ+মণ্ডল) ষ্য, ন, নভোমণ্ডল।

আকাশমূলী, (আকাশ+মূলী, ৬.হ) ষ্য, স্ত্রী, জলের পানা।

আকাশযান, (আকাশ+যান) ষ্য,ন, ব্যোমযান, বেলুন।

আকাশবল্লী, ষ্য, স্ত্রী, আকাশবেল লতা, আলগলতা।

আকাশবাণী, (আকাশ+বাণী, ৭.ব) ষ্য, স্ত্রী, অশরীরী বাক্য, দৈববাণী।

আকাশরক্ষী, (আকাশ+রক্ষিন্) ষ্য, পুং, দুর্গের বহির্ভাগস্থ প্রাচীরের উপরিস্থিত চর। [ষ্য, ন, শিশির।

আকাশসলিল,(আকাশ+সলিল,৬.হ)

আকাশেষ, (আকাশ+ঈষ, ৬.ব) ষ্য, পুং, ইন্দ্র।

আকিঞ্চন, (অকিঞ্চন+অ—ভাবে) ষ্য, ন, অকিঞ্চনতা, চেষ্টা,প্রয়াস,যত্ন

আকীর্ণ, (আ+কৄ+ত) ণ, ত্রি, ব্যাপ্ত, সংকুল, বিস্তীর্ণ, বিক্ষিপ্ত।

আকুঞ্চন, (আ+কুঞ্চ+অনট—ভাব) ষ্য, ন, সঙ্কোচ, কোঁকড়ান, ঈষৎ বাঁকান। [যক বস্তু আকুঞ্চিত হয়।

আকুঞ্চনীয়তা, যে ধর্ম্ম প্রযুক্ত জড়া-

আকুঞ্চিত, (আ+কুঞ্চ+ত—ঘ) ণ, ত্রি, ঈষৎ বক্রীকৃত, সঙ্কুচিত।

আকুণ্ডকুণ্ডু, (দেশজ) ষ্য, বিবাদ বৃদ্ধি, ঘোরতর কলহ।

আকুল, (আ+কুল+অ—ঘ) ণ, ত্রি, ব্যগ্র, ব্যাকুল, উদ্বিগ্ন, কাতর, বিহ্বল, অসুস্থ, সন্দিহান, ভয়চকিত, সঙ্ক্ষোভিত, ব্যাপ্ত, আবিষ্ট, সসম্ভ্রম, সঙ্কীর্ণ, অস্পষ্ট, পরিপূর্ণ।

আকুলাকুল, (আকুল+আকুল) ণ,ত্রি, অতিব্যাকুল, অত্যন্ত আকুল।

আকুলিত, (আ+কুল+ত) ণ, ত্রি, ব্যস্ত, কাতর, উদ্বিগ্ন, চঞ্চল।

আকূত, (আ+কূ+ত—ভাব) ষ্য,ন, অভিপ্রায়, মনের ভাব।

আকূতি, ষ্য, স্ত্রী, স্বনাম খ্যাত স্বায়ম্ভুব মনুর কন্যা,অভিপ্রায়, আশয়, ইচ্ছা।

আকৃতি, (আ+কৃ+তি—ধ) ষ্য,স্ত্রী, অবয়ব-সংস্থান, আকার, মূর্ত্তি, প্রকার, সামান্যজাতি, "আকৃতির্জাতিলিঙ্গাখ্যা" ন্যায়। [গাছ।

আকৃতিচ্ছত্রা, ষ্য, স্ত্রী, শ্বেতঘোষা

আকৃষ্ট, (আ+কৃষ+ত—ট) ণ, ত্রি, যাহাকে আকর্ষণ করা হইয়াছে, বশীকৃত, গৃহীত।

আক্রেকর, (আ + কে + কর) ণ,ত্রি, বক্রোক্তি, টেরা। ষ্য, পুং, মকররাশি। ষ্য—স্ত্রী, দৃষ্টি বিশেষ, "দৃষ্টিরাকেকরা কিঞ্চিৎ স্ফুটাপাঙ্গে প্রসারিতা, মীলিতার্দ্ধা পুটালোকে তারাব্যাবর্ত্তনোত্তরা" নৃত্যবিলাস। [মকর রাশি

আকোকের, ষ্য, পুং, দশম রাশি,

আক্কেল, (পারস্য) জ্ঞান, বোধ।

আক্রন্দ, (আ+ক্রন্দ+অ—ভাব, ডে) ষ্য, পুং, রোদন, ক্রন্দন, চীৎকার, আহ্বান, মিত্র, ভ্রাতা, সমীপস্থ রাজার পশ্চাদ্বর্ত্তী রাজা, উপদ্রব, ভয়ানক যুদ্ধ, রোদন স্থান।

আক্রন্দিক, (আক্রন্দ + ষ্ণিক) ণ,ত্রি, সাহায্যের নিমিত্ত যে দুঃখিতদিগের রোদন স্থানে গমন করে।

আক্রন্দিত, (আ + ক্রন্দ + ত—ভাব) ষ্য, ন, আর্ত্তনাদ, ক্রন্দন।

আক্রম—পুং, আক্রমণ—ন, } (আ+ক্রম+অ, অনট—ভাব) ষ্য, অতিক্রম, ছাড়িয়া উঠা, আরোহণ, উদয়, অভিভব, অধিষ্ঠান, উপরে আসিয়া পড়া, চড়াওকরা। [মকার্থ।

আক্রা, (অক্রেয় শব্দজ) ণ, দুর্ম্মূল্য,

আক্রান্ত, (আ+ক্রম+ত—চ) ণ ত্রি, অতিক্রান্ত, অভিভূত, যাহার উপরে আক্রমণ করা যায়, ব্যাপ্ত।

আক্রামক, (আ+ক্রম+ণক—ঘ) ণ, ত্রি, যে আক্রমণ করে।

আক্রীড, (আ+ক্রীড়+অ—ডে) ষ্য, পুং, রাজকীয় উদ্যান, উপবন, ক্রীড়াস্থান "আক্রীড়পর্ব্বতাস্তেন কল্পিতাঃ স্বেষু বেশ্মসু" কুমার সম্ভব।

আক্রুষ্ট, (আ+ক্রুশ+ত—চ) ণ,ত্রি, তিরস্কৃত, নিন্দিত, অভিশপ্ত, অভিযুক্ত।

আক্রোশ—পুং, আক্রোশন—ন, } (আ+ক্রুশ+ঘঞ, অনট—ভাব) ষ্য, কটূক্তি, ভর্ৎসনা, অভিসম্পাত, শাপ, ক্রোধ, অভিযোগ, নিন্দা। [অভিশপ্ত প্রাপ্তিযুক্ত।

আক্লান্ত, (আ+ক্লম+ত) ণ, ত্রি,

আক্ষদ্যূতিক, (অক্ষদ্যূত+ষ্ণিক) ণ, ত্রি, পাশক্রীড়া দ্বারা জাত, পাশক্রীড়াজনিত।

আক্ষপাটিক, (অক্ষপাট+ষ্ণিক) ষ্য, পুং, ধর্ম্মাধ্যক্ষ, বিচারকর্ত্তা, অক্ষদর্শক

আক্ষপাদ, (অক্ষপাদ + ষ্ণ) ষ্য, ন, ন্যায়শাস্ত্র।

আক্ষার—পুং, আক্ষারণ—ন, আক্ষারণা—স্ত্রী, } (আ + ক্ষর+ ণি+ঘঞ, অন, অনট—ভাব) ষ্য, পরস্ত্রীগমন নিমিত্ত পুরুষের এবং পরপুরুষগমন নিমিত্ত স্ত্রীলোকের অপবাদ।

আক্ষারিত, (আ+ক্ষারি+ত—চ) ণ, ত্রি, মৈথুনবিষয়ক অপবাদগ্রস্ত, দূষিত। [পাশক্রীড়া সম্বন্ধীয়

আক্ষিক, (অক্ষ+ষ্ণিক) ণ, ত্রি,

আক্ষিকপণ, (আক্ষিক+পণ, ৭.ষ) ষ্য, পুং, দ্যূতক্রীড়াতে কৃতপণ।

আক্ষিপ্ত, (আ+ক্ষিপ+ত—চ) ণ, ত্রি, যাহাতে আক্ষেপ জন্মিয়াছে নিন্দিত, আকৃষ্ট।

আক্ষেপ, (আ+ক্ষিপ+ঘঞ—ভাব) ষ্য, পুং, অপবাদ, নিন্দা, ভর্ৎসনা প্রতিষেধ, আকর্ষণ, অপহরণ, কাব্যের অলঙ্কার বিশেষ, বিবক্ষিত বিষয়ের বিশেষ প্রতিপাদনের নিমিত্ত নিষেধের ন্যায় যে উক্তি, "বস্তুনো বক্তুমিষ্টস্য বিশেষ প্রতিপত্তয়ে নিষেধাভাস আক্ষেপঃ" সাহিত্যদর্পণ খেদ, মনস্তাপ, বিক্ষেপ।

আক্ষেপক, (আ+ক্ষিপ+ণক—ঘ) ষ্য, পুং, নিন্দাকর, ব্যাধ, বাতরোগ বিশেষ।

আক্ষোট, আক্ষোড়, } (আক্ষোট, আক্ষোড়+অণ—স্বার্থে) ষ্য, পুং

আখেটিক পাখী। [ব্য, ন, মৃগয়া।
আখোদন, (আ+খুদ্+অনট্—ভাব)
আখ, } (আ+খন্+ড,অন—ধ)
আখন, } ব্য, পুং,খনিত্র, খন্তা।
আখড়া, (দেশজ) গানের বা কুস্তির আড্ডা, পাঠশালা।
আখণ্ডল, (আ+খণ্ড্+উলচ্—সংজ্ঞার্থে) ব্য, পুং, ইন্দ্র, সহস্রাক্ষ।
আখনিক, (আ+খন্+ইক —সংজ্ঞার্থে) ব্য, পুং, চোর, মূষিক, শূকর। ণ, ত্রি, খননকারী।
আখা, ব্য, চুল্লী, উনান।
আখাত, (অখাত+ক—স্বার্থে) ব্য, পুং,—স্ত্রী, দেবখাত, অকৃত্রিম জলাশয়।
আখিরী, (পারস্ত) ণ, শেষ, অন্ত।
আখু, (আ+খন+ডু) ব্য, পুং, চোর, মূষিক, শূকর, কৃপণ।
আখুগ, (আখু+গম্+ড) ব্য, পুং, মূষিকবাহন, গণেশ।
আখুঘাত, (আখু+ঘাত) ব্য, পুং, শূদ্রাদি নীচ জাতি। [দার।
আখুটী, (দেশজ) বালকের আব-
আখুপর্ণী। ব্য, স্ত্রী, ইন্দুরকানীলতা।
আখুপাষাণ, ব্য, পুং, পাষাণ বিশেষ, চুম্বক প্রস্তর।
আখুভুক্, (আখু+ভুজ+ক্বিপ্, ২-য)ব্য, পুং, বিড়াল, মার্জ্জার।
আখুরথ, (আখু+রথ,৬.হ) ব্য, পুং, মূষিকবাহন, গণেশ।
আখুবিষহা, (আখু+বিষ+হা, ২-য) দেবতাড় বৃক্ষ, দেবদালী লতা।
আখেট (আ+খিট+ঘঞ্—ভু) ব্য, পুং,মৃগয়া, পশুপক্ষি শিকার, ভীতি, ত্রাস।
আখেটক, (আ+খিট+ণক—ক) ব্য, পুং, শিকারী, যে সকল জীব অপর জন্তু ধরিয়া তাহার মাংস দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। (আখেট—কণ্—স্বার্থে) মৃগয়া।
আখেটশীর্ষক, (আখেট+শীর্ষক, ৬.হ) সুড়ঙ্গ, সুড়ঙ্গের ভিতর অন্ধকার প্রযুক্ত যাইতে ভয় করে বলিয়া ইহার নাম অখেটশীর্ষক হইল।
আখেটিক, (আখেট+ষ্ণিক—নিপুণার্থে) ব্য, পুং, শিকারী কুক্কুর যে মৃগয়া করে; যে মৃগয়া দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ণ, ত্রি, মৃগয়াসংক্রান্ত। [কচ্ কচি
আখোজ, (পারস্ত) বিবাদ, কলহ,
আখের, (পারস্ত) অবসান, পরিণাম।
আখোট, (আ+খুট্+অল) ব্য, পুং, আখরোট ফল, বৃক্ষ বিশেষ।
আখ্যা, (আ+খ্যা+আ—ভাব) ব্য, স্ত্রী, নাম, সংজ্ঞা "উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম" কুমার সম্ভব। কথন।
আখ্যাত, (আ+খ্যা+ত—চ) ণ, ত্রি, কথিত, তিঙন্তপদ, তি প্রভৃতি বিভক্তি।
আখ্যান, (আ+খ্যা+অনট্—ভাব চ) ব্য. ন, কথন, নামোল্লেখ, ইতিহাস, উপন্যাস, কল্পিতবৃত্তান্ত,প্রসিদ্ধ ইতিবৃত্তকথন, রামায়ণ মহাভারতাদির সর্গ।[ব্য, পুং, ক্ষুদ্র উপাখ্যান
আখ্যানক, (আখ্যান+ক—অল্পার্থে)
আখ্যায়িকা, (আ+খ্যা+ণক) ব্য, স্ত্রী, ইতিহাস বা উপন্যাস গ্রন্থ।
আখ্যায়ী, (আ+খ্যা+ণিন্—ঘ) ণ, ত্রি, কথয়িতা।
আখ্যেয়, (আ+খ্যা+য—চ) ণ, ত্রি, কথনীয়, "শব্দাখ্যেয়ং যদপি কিল তে যঃ সখীনাং পুরস্তাৎ" মেঘদূত। [পরাধ, ক্ষতি, পাপ।
আগঃ, (আ+ই+অস্) ব্য, ন, অ-
আগ, (দেশজ) বিবাহাদি মঙ্গল কর্ম্মের সময় পিটুলি দ্বারা নির্ম্মিত বরণডালার নাম বিশেষ, শ্রী।

আগড়, (অর্গল শব্দজ) দ্বারাদির আবরণার্থ ঝাঁপ। [শস্যহীন ধান্য।
আগড়া, (দেশজ) ষ্য, তুচ্ছধান্য,
আগত, (আ+গম+ত—ম) ণ, ত্রি, উপস্থিত, প্রাপ্ত। ষ্য, ন, আগমন।
আগতি, (আ+গম+তি) ষ্য, স্ত্রী, আগমন।
আগন্তু,আগন্তুক,(আ+গম্+তুন ;আ-গন্তু+কণ্—স্বার্থে) ষ্য, পুং, অতিথি, অভ্যাগত ব্যক্তি। ণ,ত্রি, আকস্মিক, হঠাৎ।
আগম, (আ+গম্+অল—ডে, ভাব) ষ্য, পুং, ন, বেদাদিশাস্ত্র, তন্ত্রশাস্ত্র, শাস্ত্রাভ্যাস, লেখ্যাদি প্রমাণ, আয়, অর্থাদির আগম, লাভ। পুং, আগমন, উপদেশ, ব্যাকরণে প্রকৃতি প্রত্যয়কে পরিবর্ত্তিত না করিয়া যে উপস্থিত হয়। "আ" গতং পঞ্চবক্ত্রাত্তু (শিববক্ত্রেভ্যো) "গ" তঞ্চ গিরিজাননে (গিরিজা শ্রুতৌ) "ম" তঞ্চ বাসুদেবস্য তস্মাদাগম সুচ্যতে।
আগমকী, ষ্য, স্ত্রী, লতা বিশেষ।
আগমন, (আ+গম+অনট্—ভাব) ষ্য, ন, উপস্থিত হওয়া, আসা।
আগমিত,(আ+গম+ণিচ+ত—চ) ণ, ত্রি,অধীত,পঠিত,অভ্যস্ত,জ্ঞাত,প্রাপ্ত।
আগল, (দেশজ) বেষ্টন, রক্ষণ।
আগস, (আ+ইন্+অস) ষ্য, ন, পাপ, অপরাধ, দোষ। [অপরাধী।
আগস্কৃত, (আগস্+কৃ+ত) ণ, ত্রি,
আগা, ষ্য, অগ্র, ডগা, ধার, কিনারা
আগাছা, (দেশজ) অব্যবহার্য্য বৃক্ষ, বুনোগাছ। [ত্রি, অতি গভীর।
আগাধ, (অগাধ+ষ্ণ—স্বার্থে) ণ,
আগামী, (আ+গম্+ণিন্—ম) ণ, ত্রি, ভবিষ্যৎ, ভাবী, যাঁহা আসিবে, যাহা ঘটিবে, আগন্তুক। [গৃহ।
আগার, (আ+গৃ+ঘঞ্) ষ্য, ন,
আগুড়ী, (আগামী শব্দজ) ণ, আগামী, অগ্রিম। [অনল।
আগুন, (অগ্নি শব্দজ) ষ্য, বহ্নি,
আগূ, (আ+গম+ক্বিপ ; ম লোপ, উ-কারাদেশ) ষ্য, স্ত্রী, প্রতিজ্ঞা, প্রতিশ্রুত।
আগ্নিমারুত, (অগ্নিমরুৎ+ষ্ণ) ষ্য, ন, অগ্নি এবং বায়ুর উদ্দেশে দেয় ঘৃত ভেদ। [স্বনাম খ্যাত মুনিবিশেষ।
আগ্নীধ্র, ষ্য, পুং, স্বায়ম্ভুব মনুর পুত্র
আগে, (অগ্রে শব্দজ) ক্রিং—ণ, প্রথমে, পূর্ব্বে। [ঝাঁপ।
আগোড়, (দেশজ) ষ্য, আবরণ,
আগ্নেয়, (অগ্নি+ঢেয়) ষ্য, পুং, অগস্ত্যমুনি। ন, নগরবিশেষ, রক্ত, রক্তবর্ণ, স্বর্ণ, ঘৃত, অগ্নিপুরাণ। ণ, ত্রি, অগ্নিসম্বন্ধীয়, অগ্নিজন্য, অগ্নিকারক, অগ্নির সহিত সংসৃষ্ট, অগ্নিসম্ভূত।
আগ্নেয়গিরি, ষ্য, পুং, যে পর্ব্বত হইতে অগ্নি ও ধাতুনিঃস্রব নির্গত হয় ; (Volcano.)
আগ্নেয়-প্রস্তর,যে প্রস্তর সকল অগ্নির সাহায্যে তাহাদের বর্ত্তমানাবস্থা প্রাপ্ত হইয়াছে, অর্থাৎ যাহারা অগ্নি দ্বারা দ্রব হওনানন্তর শীতল হইয়া বর্ত্তমান রূপ ধারণ করিয়াছে।
আগ্নেয়ব্রত, ষ্য, দুষ্টের দমন এবং শিষ্টের পালনরূপ রাজধর্ম্ম,দুষ্ট রাজগণের বিনাশ, যথা, "দুষ্টসামন্তহিংস্রশ্চ তদাগ্নেয়ং ব্রতং স্মৃতং" মনু।
আগ্নেয়াস্ত্র, (আগ্নেয়+অস্ত্র) ষ্য, ন, অগ্নিবাণ, অগ্নি সাহায্যে প্রয়োজ্য অস্ত্র, কামান, বন্দুক, হাউই।
আগ্নেয়ী, (আগ্নেয়+ঈ) ষ্য, স্ত্রী, অগ্নিপত্নী, অগ্নিভার্য্যা, স্বাহা।
আগ্রয়ণ, ষ্য, ন, শস্য পক্বকালে সমাধেয় যাগবিশেষ।
আগ্রথণ, ষ্য, ন, বন্ধন, গাঁথা।
আগ্রহ, (আ+গ্রহ+অল—ভাব)

ষ্য, পুং, অতিবন্ধ, আসক্তি, অতি-প্রগ্রতা, আক্রমণ, অনুগ্রহ, সাহায্য, সামর্থ্য, গ্রহণ।

আগ্রহায়ণ, (অগ্রহায়ণ+ষ্ণ—স্বার্থে) ষ্য, পুং, অগ্রহায়ণ মাস, মার্গশীর্ষ মাস।

আগ্রহায়ণিক, (অগ্রহায়ণ+ষ্ণিক) ষ্য, পুং, অগ্রহায়ণ মাস, অগ্রহায়ণ মাসীয় কৃত্য।

আগ্রহায়ণী, (অগ্রহায়ণ+ষ্ণ; স্ত্রীলিঙ্গে ঈ) ষ্য, স্ত্রী, অগ্রহায়ণ মাসের পূর্ণিমা, মৃগশিরা নক্ষত্র।

অগ্রহায়ণেষ্টি, ষ্য, স্ত্রী, নবান্ন কৃত্য।

আগ্রহারিক, (অগ্রহার+ষ্ণিক) ষ্য, পুং, অগ্রদানী ব্রাহ্মণ।

আঘট্টন, (আ+ঘট্ট+অনট) ষ্য, ন, না—স্ত্রী, সঙ্ঘট্টন, আঘাত।

আঘাট, (আ+ঘট+ণি+অন) ষ্য, কুঘাট, সীমা, আপাং গাছ।

আঘাত, (আ+হন্+ঘঞ) ষ্য, পুং, প্রহার, বধ, বধস্থান, আঘট্টন, ছেদন, তাড়ন, যথা, "পাদাঘাতদশোকং বিকাসিত বকুলং যোষিতামাস্যমদ্যৈঃ।"

আঘাতক, (আ+হন্+ণক—ঘ) ণ, ত্রি, তিকা—স্ত্রী, যে আঘাত করে

আঘাতন, (আ+হন+ণি+অনট—ডে) ষ্য, ন, বধ্যগৃহ, হত্যাস্থান।

আঘার, (আ+ঘৃ+ঘঞ) ষ্য, পুং, ঘৃত, আজ্য, হোম।

আঘূর্ণন, (আ+ঘূর্ণ+অনট) ষ্য, ন, চক্রের ন্যায় ভ্রমণ, ফিরণ, পরিভ্রমণ, ঘোরান। [ত্রি, ভ্রামিত।

আঘূর্ণিত, (আ+ঘূর্ণ+ক্ত—ট) ণ,

আঘোষিত, (আ+ঘুষ+ণি+ক্ত-ট) ণ, ত্রি, প্রচারিত, যাহা ঘোষণা করিয়া দেওয়া হইয়াছে।

আঘ্রাণ, (আ+ঘ্রা+অনট—ভাব) ষ্য, ন, নাসিকা দ্বারা গন্ধগ্রহণ, সন্তোষ, তৃপ্তি।

আঘ্রাত, (আ+ঘ্রা+ক্ত—ট) ণ, ত্রি, যাহা ঘ্রাণ করা গিয়াছে, সন্তুষ্ট, তুষ্ট

আঘ্রেয়, (আ+ঘ্রা+য) ণ, ত্রি, আঘ্রাণ লইবার যোগ্য, সুগন্ধি।

আঙ, ষ্য, ঈষৎ, সীমা, ব্যাপ্তি।

আঙ্গ, (অঙ্গ+ষ্ণ) ষ্য, ন, কোমল অঙ্গ। ণ, ত্রি, অঙ্গসম্বন্ধীয়।

আঙ্গটি, (অঙ্গুরি শব্দজ) ষ্য, অঙ্গুরীয়ক, আঙুলের আভরণ।

আঙ্গরা, (অঙ্গার শব্দজ) ষ্য, দগ্ধ-কাষ্ঠ, কয়লা। [বসন বিশেষ, জামা।

আঙ্গরাখা, (অঙ্গরক্ষণী শব্দজ) গাত্র

আঙ্গার, (অঙ্গার+ষ্ণ—সমূহার্থে) ষ্য, ন, অঙ্গাররাশি, অঙ্গার সমূহ।

আঙ্গার্য্যান্তর, ভূতত্ত্ববেত্তারা বলেন যে, বারুণস্তর তিনযুগে উৎপন্ন হইয়াছে, তন্মধ্যে প্রথম যুগে ছয় জাতীয় স্তর উৎপন্ন হয়, প্রথম যুগোৎপন্ন পঞ্চম জাতীয় স্তরকে আঙ্গার্য্যান্তর কহে

আঙ্গিক, (অঙ্গ+ষ্ণিক) ণ, ত্রি, অঙ্গজাত, অঙ্গ সম্বন্ধীয়, অঙ্গনিষ্পন্ন ভাবব্যঞ্জক ভ্রুবিক্ষেপাদি, "ভবেদভিনয়োবস্থানুকারঃ স চতুর্ব্বিধঃ, আঙ্গিকো বাচিকশ্চৈবমাহার্য্যঃ সাত্ত্বিকস্তথা" সাহিত্যদর্পণ। ষ্য, ন, মৃদঙ্গবাদ্য। [উঠান।

আঙ্গিনা, (অঙ্গন শব্দজ) ষ্য, চত্বর,

আঙ্গিরস, (অঙ্গিরস্+ষ্ণ—অপত্যার্থে) ষ্য পুং, বৃহস্পতি, দেবগুরু।

আঙ্গুল, (অঙ্গুলি শব্দজ) ষ্য, অঙ্গুলি,

আঙ্গুলহাড়া, (দেশজ) অঙ্গুলির ক্ষত-রোগবিশেষ, নখকুনি।

আচ, (দেশজ) বৃক্ষবিশেষ, পুষ্পবিশেষ

আচকা, (দেশজ) হঠাৎ, আচমকা।

আচক্ষুস্, (আ+চক্ষ্+উস্) ষ্য, পুং, পণ্ডিত, বিদ্বান, জ্ঞানী।

আচমন, (আ+চম্+অনট—ভাব) ষ্য, ন, পূজাদি কর্ম্মের পূর্ব্বে হস্ত দ্বারা মুখে তিনবার জল দিয়া শুদ্ধ,

নাসিকা, চক্ষু, কর্ণ প্রভৃতি স্থলে হস্ত স্পর্শ করা, ভোজনান্তর মুখ প্রক্ষালন, হরণ।

আচমনক, (আচমন+ক—জল, ৭.ই) ষ্য,পুং, নিষ্ঠীবন পাত্র, পিক্‌দান।

আচমনীয়, (আ+চম্+অনীয়—চ) ষ্য, ন, মুখ প্রক্ষালনের জল, ভক্ষ্য দ্রব্য।

আচম্‌কা, (অকস্মাৎ শব্দজ) হঠাৎ।

আচম্বিৎ, (দেশজ) ষ্য, অকস্মাৎ, দৈবাৎ, হঠাৎ।

আচরণ, (আ+চর+অনট) ষ্য, ন, অনুষ্ঠান, ব্যবহার, নিয়ম, রীতি।

আচরিত, (আ+চর+ত—চ)ণ, ত্রি, অনুষ্ঠিত, কৃত, ব্যবহৃত। ষ্য, ন, আচরণ।

আচান্ত, (আ+চম+ক্ত) ণ, ত্রি, যে আচমন করিয়াছে।

আচাভূয়া, (দেশজ) অদ্ভুত, অপূর্ব্ব।

আচাম, (আ+চম+ঘঞ—ভাব) ষ্য, পুং, আচমন, ভক্ষণ, পান, ভাতের মাড়।

আচার, (আ+চর+ঘঞ) ষ্য, পুং, আচরণ, নিয়ম, রীতি, পদ্ধতি, যথা "আচার ইত্যধিকৃতেন ময়া গৃহীতা" শকুন্তলা।

আচারবান্, (আচার+বৎ) ষ্য, পুং, নিয়মবান্, আচারবিশিষ্ট।

আচারাঙ্গ, ষ্য, ন, জৈনদিগের নয় প্রকার অঙ্গশাস্ত্র মধ্যে পরিগণিত ধর্ম্মশাস্ত্র বিশেষ।

আচারিক, (আচার+ষ্ণিক) ণ, ত্রি, সদাচারানুগত, শাস্ত্র বিহিত।

আচারী, (আচার+ইন্) ণ, ত্রি, আচারবিশিষ্ট, সদাচার। (আচার+ঈ) ষ্য, স্ত্রী, হেলেঞ্চা শাক।

আচার্য্য, (আ+চর্+ণ্যপ্—ষ) ষ্য, পুং, বেদাধ্যাপক,শিক্ষাগুরু, দ্রোণাচার্য্য, দৈবজ্ঞ ব্রাহ্মণ।

আচার্য্যক, (আচার্য্য+কণ্) ষ্য, ন, আচার্য্য কর্ম্ম, উপদেশ।

আচার্য্যা, (আচার্য্য+আ—স্ত্রীলিঙ্গে) ষ্য,স্ত্রী, বেদমন্ত্রাদির শিক্ষাদাত্রী, আচার্য্য পত্নী। [আচার্য্যপত্নী।

আচার্য্যাণী, (আচার্য্য+ঙীপ) ষ্য, স্ত্রী,

আচিখ্যাসা, (আ+খ্যা+সন্) ষ্য, স্ত্রী, কথনের ইচ্ছা, বিপক্ষ।

আচিখ্যাসোপামা, ষ্য, স্ত্রী, অলঙ্কার শাস্ত্রে—উপমাভেদ, যথা "চন্দ্রেন ত্বন্মুখং তুল্যমিত্যাচিখ্যাসু মে মনঃ। স গুণো বস্তুদোষোবেত্যাচিখ্যাসোপমাং বিদুঃ।" কাব্যাদর্শ।

আচিত, (আ+চি+ত—ষ) ষ্য, পুং,—দশ ভার পরিমাণ, পঁচিশ মন, এক গাড়ীর বোঝা। ণ, ত্রি, সঞ্চিত, রাশীকৃত, গ্রথিত, আচ্ছাদিত, ব্যাপ্ত, সংগৃহীত।

আচূষণ,(আ+চূষ+অনট্—ভাব)ষ্য, ন, আকর্ষণ, চুষে লওয়া, শৃঙ্গাদির দ্বারা গাত্রের দূষিত রক্ত মোক্ষণ।

আচোট, (দেশজ) ণ, অনাকৃষ্ট, পতিত, যাহা চসা হয় নাই।

আচ্ছন্ন, (আ+ছদ+ত—চ) ণ, ত্রি, আবৃত, ঢাকা, অভিভূত।

আচ্ছা, (দেশজ) ষ্য, হাঁ, স্বীকার।

আচ্ছাদ, (আ+ছদ+ণিচ+ঘঞ্) ষ্য, পুং, আবরণ, বস্ত্র। ণ, ত্রি, যাহা দ্বারা আচ্ছাদন করা যায়।

আচ্ছাদন, (আ+ছদ+ণিচ+অনট ভাব, ধ)ষ্য,ন,আবরণ, ঢাকনি, বস্ত্র, পরিধান।

আচ্ছাদক, (আ+ছদ+ণিচ+ণক—ষ)ণ, ত্রি, যে আচ্ছাদন করে, আবরক। [ণ, ত্রি, আবৃত, ঢাকা।

আচ্ছাদিত, (আ+ছদ+ণিচ+ত—চ)

আচ্ছিন্ন, (আ+ছিদ+ত—চ) ণ, ত্রি,বলদ্বারা গৃহীত, ছিনিয়া লওয়া।

আচ্ছুক, ষ্য, পুং, আচ্‌কুলের গাছ।

আচ্ছুরিত, (আ+ছুর্+ত-ভাব) ব্য, ন, সশব্দ হাস্য, ঘোড়ার হাসি. নখে-নখে শব্দ, নখাদির দ্বারা আঘাত।
আচ্ছুরিতক, (আচ্ছুরিত+কণ্-স্বার্থে) ব্য, ন, হাস্য, ঘোরতর চিঁহি শব্দ, নখঘাদ্য।
আচ্ছেদ, (আ+ছিদ্+ঘঞ্-ভাব) ব্য, পুং, ছিনিয়া লওন, ছেদন, কর্ত্তন।
আচ্ছোদন, (আ+ছুদ্+অনট—ডে) ব্য, ন, মৃগয়া, পশুপক্ষ্যাদি শিকার।
আছড়ন, (দেশজ) আঘাতকরণ, তাড়ন, অবক্ষেপণ। [আক্ষেপ।
আছাড়, (দেশজ) আঘাত, উৎপাতন,
আছোলা, (দেশজ) অপরিচ্ছিন্ন।
আজ, (আ+অন্জ+ক) ব্য, ন, ঘৃত। (অজ+ষ্ণ—সম্বন্ধার্থে) ণ, ত্রি, অজ-সম্বন্ধীয়। (অদ্য শব্দজ) অদ্য।
আজক, (অজ+ক—সমূহার্থে) ব্য, ন, ছাগলের পাল, ছাগসমূহ।
আজকার,—ব্য, পুং, মহাদেবের বৃষ।
আজগব, (অজগব+ষ্ণ) ব্য, ন, শিবধনু।
আজগবী, (পারস্য) আচমকা, অপূর্ব্ব
আজনন, (আ+জন+অনট্) ব্য, ন, পুনর্জন্ম, যাবজ্জীবন, আমরণ।
আজনাই, (অঞ্জনিকা শব্দজ) জ্যেষ্ঠী-বিশেষ, অঞ্জনিকা।
আজন্ম, (আ+জন্মন্) ক্রিং-ণ, ন, জন্মাবধি, যাবজ্জীবন, "আজন্মনঃ শাঠ্যমশিক্ষিতো যৈঃ" শকুন্তলা।
আজন্মসুরভিপত্র, ব্য, পুং, নরুবকবৃক্ষ
আজব, (পারস্য) অদ্ভুত।
আজমীর, ব্য, পুং, বিদুর।
আজাড়, (দেশজ) মোচন, অবসর।
আজান, (আ+জন+ঘঞ্) ব্য, ন, দেবলোক, স্বভাব।
আজানা, (অজ্ঞাত শব্দজ) অজ্ঞাত, অজানিত। [জানুদেশ পর্য্যন্ত।
আজানু, (আ+জানু) ক্রিং-ণ, ন,
আজানুলম্বিত, (আজানু+লম্বিত) ণ, ত্রি, জানুদেশপর্য্যন্ত লম্বমান।
আজানেয়, (আ+জা+নেয়ন) ব্য, পুং, স্ত্রী, শ্রেষ্ঠ সুলক্ষণ যুক্ত অশ্ব, সুজাতীয় অশ্ব। "শক্তিভির্ভিন্নহৃদয়াঃ স্খলন্তশ্চ পদে পদে, আজানন্তি যতঃ সংজ্ঞামাজানেয়াস্ততঃস্মৃতাঃ।"
আজি, (আ+অজ্+ইন্) ব্য, স্ত্রী, যুদ্ধ, সংগ্রাম, যুদ্ধভূমি, সমান ভূমি, নির্দ্দিষ্ট ক্ষণ, নিন্দা, আক্ষেপ, (দেশজ) ক্রি, ণ, অদ্য, এই দিন।
আজীব, (আ+জীব+অল—ধ) ব্য, পুং, যাহার দ্বারা বাঁচা যায়, উপজীবিকা, জীবনোপায় "অলে কধেহি কীদিসে দে আজীবো" শকুন্তলা।
আজীবন, (আ+জীব+অনট্—ভাব) ব্য, ন, আজীব, জীবিকা। ক্রিং, ণ, জীবনকাল ব্যাপিয়া, যাবজ্জীবন।
আজীব্য, (আ+জীব+য) ণ, ত্রি, উপজীব্য, অবলম্বন।
আজু, (আ+জু+কিপ্) ব্য, স্ত্রী, বেতন বিনা কর্ম্মকরা, বেগার।
আজ্ঞপ্ত, (আ+জ্ঞা+ণিচ+ত—চ) ণ, ত্রি, আদিষ্ট, অনুজ্ঞাত, অনুমত, অনুমতি প্রাপ্ত।
আজ্ঞা, (আ+জ্ঞা-অচ) ব্য, স্ত্রী, আদেশ, নিদেশ, নিয়োগ, আপনার অপেক্ষা নিকৃষ্ট ব্যক্তিকে কোন কর্ম্ম করিতে বলা, জ্যোতিষ প্রসিদ্ধ স্থান বিশেষ, লগ্ন হইতে দশম স্থান।
আজ্ঞাকারী, (আজ্ঞা+কারী) ণ, ত্রি, যে আজ্ঞা পালন করে, আজ্ঞাবহ, আজ্ঞানুবর্ত্তী।
আজ্ঞাচক্র, (আজ্ঞা+চক্র) ব্য, ন, তন্ত্রশাস্ত্র প্রসিদ্ধ ষট্ চক্রের অন্তর্ভূত ষষ্ঠ চক্র। [নামা।
আজ্ঞাপত্র, ব্য, ন, আদেশ পত্র, হুকুম
আজ্ঞানুবর্ত্তী, (আজ্ঞা+অনুবর্ত্তিন্) ণ, ত্রি, আজ্ঞাকারী, আদেশ প্রতিপালক।

আজ্ঞাবহ, আজ্ঞাবর্ত্তী, (আজ্ঞা+বহ, অনু+বৃত+ণিন) ণ, ত্রি, আজ্ঞাকারী, আদেশ প্রতিপালক।
আজ্ঞাবিঘাত, (আজ্ঞা+বিঘাত,৬-ষ) ষ্য, পুং, আজ্ঞাভঙ্গ।
আজ্য,(আ+অঞ্জ+ক্যপ্)ষ্য, ন, হবিঃ, ঘৃত, যাগক্রিয়াসাধন তৈলদুগ্ধাদি।
আজ্যপ,(আজ্য+পা+ড) ষ্য, পুং, পুলস্ত মুনির পুত্র, বৈশ্যদিগের পূর্ব্বপুরুষ, এই শব্দটী সচরাচর বহু বচনে ব্যবহৃত হয়।
আজ্যস্তোত্র, ষ্য, ন, সামবেদীদিগের প্রাতঃ স্নানান্তর গীয়মান স্তোত্র চতুষ্টয়। [ঝালরহিত।
আঝাল, (দেশজ) কটুরস-বিহীন,
আঞ্জিক, ষ্য,পুং, সিংহিকার পুত্র এবং রাহুর ভ্রাতা, দৈত্যবিশেষ।
আঞ্জনেয়,(অঞ্জনা+ঞেয়—অপত্যার্থে) ষ্য, পুং, অঞ্জনাপুত্র, হনুমান।
আঞ্জাম, (পারস্ত) নির্ব্বাহ।
আঞ্জিনেয়, (অঞ্জন+ঞেয়) ষ্য, পুং, সরীসৃপ জন্তুবিশেষ, আঞ্জিনে, আঞ্জ নাই।
আট, (অষ্টন্ শব্দজ) ণ,অঙ্কসংখ্যা, ৮।
আটক, (দেশজ) ষ্য, আবরণ, বাধা, প্রতিবন্ধক।
আটকান,(দেশজ) ণ,প্রতিবদ্ধ, রুদ্ধ।
আটকাল, (দেশজ) অনুমান, যুক্তি।
আটপলিয়া,(দেশজ)অষ্ট কোণবিশিষ্ট
আটপিটা, (আট+পিটা) আটটা পৃষ্ঠ যাহার অর্থাৎ যে আট জন লোকের উপযুক্ত কর্ম্ম একাকী করিতে পারে.উদ্যোগী, পরিশ্রমী।
আটল, (দেশজ) বক্র, বাঁকা।
আটলা, (দেশজ) আঁটি, বিড়া, গুচ্ছ।
আটবিক, (অটবী+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, আরণ্যক, অটবী সম্বন্ধীয়। ষ্য, পুং, বন্যজাতি, অরণ্যচর, ব্যাধ প্রভৃতি।

আটসটা, (দেশজ) গণনা, সংখ্যা, মোট, মুহুরিগিরি। [গুঁড়া।
আটা,(দেশজ) ষ্য, গোধূমচূর্ণ, গমের
আটাসীনি, (দেশজ) অপরিপক্কতা।
আটাসীয়া, (দেশজ) ণ, অষ্টম মাসে জাত।
আটি,(আ+অট+ই—সংজ্ঞার্থে) ষ্য, পুং, শরালি পক্ষী। (দেশজ) গুচ্ছ।
আটীকর, (আটীক+রা+ড) ষ্য, পুং, বৃষ, ষাঁড়।
আটোপ,(আ+তুপ+ঘঞ্—ভাব; ত =ট) ষ্য, পুং, গর্ব্ব, দর্প, অহঙ্কার, সম্ভ্রম, বায়ু জন্য উদরের ডাক।
আঠা, (দেশজ) ষ্য, কাথ, নির্য্যাস, বৃক্ষের রস।
আঠি, (অস্থি শব্দজ) ষ্য, বীজ, বীচি।
আড়, (দেশজ) ণ, প্রস্থ, পরিসর, বাঁকা।
আড়কাঠা, (আড়+কাঠা) ষ্য,প্রস্থের কাষ্ঠ, গৃহের উপরিস্থ প্রস্থকাষ্ঠ, কড়িকাঠ।
আড়ৎ, (দেশজ) ষ্য, গঞ্জ, বিক্রয়ের নিমিত্ত যেখানে ধান্যাদি রাখা যায়
আড়পার, (আড়+পার) ষ্য, নদীর অপর তট।
আড়ম্বর, (আ+ডম্ব+অর) ষ্য, পুং, তূর্য্যাদি বাদ্যধ্বনি, হস্তিধ্বনি, রণবাদ্য, আরম্ভ, গর্ব্ব, হর্ষ, ক্রোধ, আনন্দ, বাহু প্রভৃতি অঙ্গের মর্দ্দন, সমারোহ, জাঁকজমক, পদ্ম, মেঘধ্বনি।
আড়রি, আড়ুলি, (দেশজ) ধার, তটস্থ উচ্চস্থান। [বিহ্বল।
আড়ষ্ট, (দেশজ) ণ, অবশ, স্তব্ধ,
আড়সা, (দেশজ) ষ্য, জঞ্জাল।
আড়াই, (সার্দ্ধদ্বিশব্দজ) ণ, অর্দ্ধের সহিত দুই। [বিশেষ।
আড়ার্ধ্যা, (দেশজ) ছত্র, পাখা-
আড়ামোড়া, (দেশজ) ষ্য, গাত্রভঙ্গ।

আড়াল, (দেশজ) আচ্ছাদন, গোপন।
আড়ি, (আ+অড়—গমনকরা+ই) ষ্য, স্ত্রী, পক্ষীবিশেষ, শরালি পক্ষী, (দেশজ) মৎস্যবিশেষ, আইড় মাছ, পণ, প্রতিজ্ঞা, দ্বেষ, হিংসা, অপ্রণয়।
আড়িকুচি, (দেশজ) আড়ি মাছ।
আড়ু, ষ্য, পুং, উড়ুপ, ভেলা।
আড়ুমাড়ু, (দেশজ) বমনোপক্রম।
আড্ডা, (দেশজ) ষ্য, এক ধর্ম্মাক্রান্ত লোকের উপবেশন স্থল, আখড়া, উত্তরণ-স্থান।
আঢ়ক, (আ+ঢৌক্+অন্) ষ্য, ত্রি, ধান্যাদির পরিমাণ পাত্রবিশেষ, চতুঃ-প্রস্থ পরিমাণ, দুই মন পরিমাণ, আঢ়ী
আঢ়কিক, আঢ়কীন, (আঢ়ক+ইক, ঈন) ণ, ত্রি, আঢ়ক পরিমিত বীজ বপন যোগ্য (ক্ষেত্রাদি)
আঢাকা, ণ, ত্রি, অনাচ্ছাদিত, খোলা
আঢ়ি, (আঢ়কশব্দজ) ষ্য, ধান্যাদি মাপিবার পাত্র, চতুঃপ্রস্থ পরিমাণ।
আঢ্য, (আ+ধ্যৈ+ড—ব) ণ, ত্রি, ধনবান্, যুক্ত, পূর্ণ, সম্পন্ন। [ধনী।
আঢ্যাবর, (আঢ্য+বরট) ভূতপূর্ব্ব
আণ্ডা, (অণ্ডশব্দজ) ষ্য, ডিম্ব, ডিম্।
আণক, (আ+অণ+অক) ণ, ত্রি, ক্ষুদ্র, অল্প, অপকৃষ্ট।
আণবিক, (অণু+ষ্কিক) ণ, ত্রি, অণু বা পরমাণু সম্বন্ধীয়।
আণি, ষ্য, পুং, স্ত্রী, খড়্গের কোটি, তরবালের ধার।
আণ্টাল, (দেশজ) খেলিবার ভাঁটা।
আণ্ডীর, (আণ্ড+ঈরচ) ণ, ত্রি, অনেক অণ্ডবিশিষ্ট।
আণ্ডেল, (দেশজ) অতিশয় ধনী।
আতঙ্ক, আতঙ্গ, (আ+তঁনক+অ—ভাব) ষ্য, পুং, ভয়, শঙ্কা, পীড়া, অস্বাস্থ্য, যাতনা, সন্তাপ, ক্লেশ, দুঃখ, মুরজবাদ্য।
আতঞ্চন, (আ+তনচ্+অনট—ভাব) ষ্য, পুং, ন, দ্রবীভূত দ্রব্যে কোন প্রকার চূর্ণ নিক্ষেপ, দধি উৎপন্ন করিবার নিমিত্ত দুগ্ধে অম্লরস নিক্ষেপ, বেগ, প্রীতি সম্পাদন।
আতত, (আ+তন্+ত—ঢ) ণ, ত্রি, আরোপিত, বিস্তৃত, প্রসারিত। ষ্য, ন, মুরজ বা ঢক্কাধ্বনি।
আততজ্য, (আতত+জ্যা; ৬.হ) ণ, ত্রি, অধিজ্য, আরোপিত মৌর্ব্বীক, বিস্তৃত ছিলাযুক্ত।
আততায়ী, (আতত+ই+ইন্—য) ণ, ত্রি, বধোদ্যত, চোর দস্যু অগ্নিদ প্রভৃতি অনিষ্টকারী, "অগ্নিদোগরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ, ক্ষেত্রদারাপহারী চ যড়েতে আততায়িনঃ, আততায়িনমায়াস্তং হন্যাদেবাবিচারয়ন্, নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন।" [বিস্তৃতি, প্রসারণ।
আতন, (আ+তন+অল) ষ্য, ন, দৃষ্টি,
আতপ, (আ+তপ+অল—ঘ) ষ্য, পুং, সূর্য্যকিরণ, রৌদ্র।
আতপতণ্ডুল, ষ্য, ন, আলোচাল।
আতপত্র, আতপবারণ, (আতপ+ত্রৈ+ড-ষ; আতপ+বারণ, ২-ষ) ষ্য, ন, যে আতপ নিবারণ করে, ছত্র, ছাতী।
আতর, (আ+তৄ+অল-ধ) ষ্য, পুং, তরপণ্য, নদী পার হইবার নৌকা ভাড়া, (পারস্য) সুগন্ধ দ্রব্যবিশেষ, পুষ্প নির্য্যাস।
আতর্পণ, (আ+তৃপ+অনট—ভাব) ষ্য, পুং, সন্তোষ, প্রীতি, তৃপ্তকরা, প্রীতি সম্পাদন, আলিপনা।
আতাপী, (আ+তপ+ইন্) অসুরবিশেষ, চিল। [তরপণ্য, পারানি।
আতার, (আ+তৄ+ঘঞ-ধ) ষ্য, পুং,
আতালিপাতালি, (দেশজ) সর্ব্বত্র, সর্ব্বাবয়ব। [ষ্য, পুং, চিলপক্ষী।
আতায়ী, (আ+তায়+ণিন্—য)

আত্তি, (অত্+ইন্) ষ্য, পুং, পক্ষি বিশেষ, গমন, গতি।
আতিথেয়, (অতিথি+ঢেয়—ইদমর্থে) ণ, ত্রি, অতিথি সেবক। ষ্য, ন, অতিথি সেবার বস্তু।
আতিথ্য, (অতিথি+ঞ্য) ষ্য, ন, অতিথি সেবা, অতিথি সেবার উপযুক্ত ভক্ষ্যবস্তু।
আতিদেশিক, (অতিদেশ+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, অন্যত্র আরোপিত, অতিদেশ প্রাপ্ত।
আতিশয্য, (অতিশয়+ঞ্য—ভাবে) ষ্য, ন, আধিক্য, অতিরেক, প্রা বল্য। [মাড।
আতু, (আ+তৃ+উ) ষ্য, পুং, ভেলা,
আতুআতু, (দেশজ) ষ্য, অতিশয় স্নেহ, রক্ষার্থ মহাযত্ন।
আতুর, (আ+তুর+ক—ষ) ণ, ত্রি, কাতর, অধীর, রোগী, পীড়িত।
আতুরনিবাস, (আতুর+নিবাস, ৬-ষ) ষ্য, পুং, চিকিৎসার্থী পীড়িত ব্যক্তিদের থাকিবার স্থান।
আতৃণ্য, (আ+তৃণ্+য) ষ্য, পুং, আতাগাছ। ন, আতাফল।
আতোদ্য, (আ+তুদ্+ঘ্যণ্—চ) ষ্য, ন, বীণা, বীণাবংশ্যাদিচতুর্ব্বিধবাদ্য।
আত্ত, (আ+দা+ক্ত—চ) ণ, ত্রি, গৃহীত, প্রাপ্ত, গ্রস্ত।
আত্তগন্ধ, (আত্ত+গন্ধ, ৬-চ) ণ, ত্রি, হৃতগর্ব্ব, দূরীভূতাহংকার, শত্রু কর্ত্তৃক পরাজিত, যার গন্ধ গ্রহণ করা হইয়াছে, আঘ্রাত, আঘ্রায়ক, যে গন্ধ গ্রহণ করিয়াছে।
আত্তগর্ব্ব, (আত্ত+গর্ব্ব, ৬-চ) ণ, ত্রি, হৃতগর্ব্ব, পরাভূত।
আত্তি, (দেশজ) ষ্য, স্নেহ, আস্থা।
আত্মক { (আত্মন্+কন্) }
আত্মকীয় { (আত্মক+ঈয) }
ণ, ত্রি, আত্মীয়, স্বীয়।

আত্মগত, ণ, ত্রি, আপনাতে যাহা আছে, আত্মনিষ্ঠ। ক্রিং, ণ, স্বগত, মনে মনে, অন্যের অগোচরে।
আত্মগুণ, ষ্য, পুং, (ন্যায়শাস্ত্রে) বুদ্ধ্যাদি চতুর্দ্দশ গুণ, "বুদ্ধ্যাদি ষট্কং সংখ্যাদিপঞ্চকং ভাবনা তথা, ধর্ম্মাধর্ম্মৌ গুণা এতে আত্মনঃ স্যুশ্চতুর্দ্দশ" ভাষাপরিচ্ছেদ।
আত্মগুপ্তা, (আত্মন্+গুপ্ত, ৩ ষ) ষ্য, স্ত্রীং, যাহাকে কেহ স্পর্শ করিতেও সাহসী হয় না, লতাবিশেষ, আল কুশী গাছ।
আত্মগ্রাহী, (আত্মন+গ্রহ+ণিন) ণ, ত্রি, আত্মম্ভরি, স্বার্থপর, ঔদর পূরক। [স্বগত।
আত্মগত, ষ্য, ন, (নাট্যোক্তিতে)
আত্মঘাতী, (আত্মন্+হন্+ণিন্, ২-ষ) ণ, ত্রি, আত্মহত্যাকারী, যে শোকাদিবশতঃ আত্ম হত্যা করে।
আত্মঘোষ, (আত্মন্+ঘুষ+ণি+অন্—ঘ) ষ্য, পুং, কাক, কুক্কুট, মুরগী।
আত্মজ, (আত্মন+জন্+ড, ৫-ষ) ষ্য, পুং, পুত্র। জা—স্ত্রী, কন্যা।
আত্মজন্মা, (আত্মন্+জন্মন্, ৬ হ) পুং, —স্ত্রী, পুত্র, কন্যা।
আত্মতা, (আত্মন+তা) ষ্য, স্ত্রী, ব্রহ্মস্বরূপতা, পরমাত্মার সহিত আপনাকে সমান জ্ঞান করণ।
আত্মত্যাগী, (আত্মন্+ত্যজ+ঘিন্, ৬ ষ) ণ, ত্রি, ইচ্ছা পূর্ব্বক আত্ম হননকারী, আত্মঘাতী।
আত্মদর্শ, (আত্মন্+দৃশ+ঘঞ—ডে, ৭ হ) ষ্য, পুং, যাহাতে শরীরের দর্শন হয়, দর্পণ, আদর্শ, মুকুর, "নিশ্বাস বাষ্পাপগমাৎ প্রপন্নঃ, প্রসাদমাত্মীয়মিবাত্মদর্শঃ" রঘুবংশ।
আত্মদর্শন, (আত্মন্+দর্শন) ষ্য, ন, আপনার দোষ গুণের দিকে দৃষ্টি রাখা, পরমাত্মা সাক্ষাৎকার।

আত্মারাম, (আত্মন্+আ+রম+ঘঞ্) ণ, ত্রি, যে ব্রহ্মজ্ঞানবশতঃ নিজ অন্তঃকরণে সর্ব্বদা আনন্দ অনুভব করে।

আত্মাশী, (আত্মাশিন, আত্মন+অশ+ণিন্) ষ্য,পুং, যে স্ব কুল খায়, মৎস্য

আত্মীয়, (আত্মন+ঈয়—ইদমর্থে) ণ. ত্রি, আত্মসম্পর্কীয়, স্বকীয়, স্বজন, বন্ধু। [ষ্য, স্ত্রী, বন্ধুত্ব, অন্তরঙ্গতা।

আত্মীয়তা, (আত্মীয়+তা—ভাবে)

আত্মোৎকর্ষ, (আত্মন+উৎকর্ষ, ৬ ষ) ষ্য, পুং, আত্মোন্নতি, নিজের শ্রেষ্ঠত্ব।

আত্মোদ্ভব, (আত্মন্+উদ্ভব, ৬.ত) ষ্য, পুং, শরীর হইতে যাহার জন্ম হয়, পুত্র। বা—স্ত্রী, কন্যা।

আত্মোপজীবিন্, (আত্মন+উপজীবিন্) ষ্য, পুং, যে স্বশরীর ব্যাপার দ্বারা আপনার জীবিকানির্ব্বাহ করে, নট, অভিনেতা, নিজপত্নীর ব্যভিচারার্জ্জিত অর্থে যে জীবিকা নির্ব্বাহ করে।

আত্যন্তিক, আত্যন্তীন, (অত্যন্ত+ষ্ণিক, ঈন—ভাবার্থে) ণ. ত্রি অতিরিক্ত, বিস্তার, সম্পূর্ণ, যৎ-পরোনাস্তি। [বিনাশ সম্বন্ধীয়।

আত্যয়িক, (অত্যয়+ষ্ণিক) ণ, ত্রি,

আত্রেয়, (অত্রি+ঢেয়—অপত্যার্থে) ষ্য, পুং, অত্রিমুনির পুত্র, দুর্ব্বাসা, চন্দ্র

আত্রেয়ী, আত্রেয়িকা, ষ্য, স্ত্রী, নদীবিশেষ, অত্রি বংশ্যা, ঋতুমতী।

আথর্ব্বণ, (অথর্ব্বন্+ষ্ণ) ষ্য, পুং কুলপুরোহিত। ণ, ত্রি, অথর্ব্ববেদজ্ঞ, অথর্ব্ববেদ-বিহিত। [আত্ত, গৃহীত।

আদত্ত, (আ+দা+ত—ঢ) ণ, ত্রি,

আদর, (আ+দৃ+অল—ভাব) ষ্য, পুং, সম্মান, মর্য্যাদা, অনুরাগ, স্নেহ, যত্ন।

আদর্শ, (আ+দৃশ+অল—ভে) ষ্য, পুং, দর্পণ, যেখানে আপনাকে কিম্বা লিখিতব্য বিষয়কে দেখা যায়, যে গ্রন্থ দেখিয়া অন্য পুস্তক লেখা যায়, নমুনা, দ্রব্যের যে অংশ দেখিয়া মনোনীত বা দোষ গুণ পরীক্ষা করা যায়।

আদর্শ বিদ্যালয়, ষ্য, পুং, যে বিদ্যালয়ে শিক্ষা দান প্রণালী প্রদর্শিত হয়। (Model School.) [বিশেষ।

আদা, (আর্দ্রক শব্দজ) ষ্য, মূল-

আদাঙ্গা, (দেশজ) ণ, অর্দ্ধাংশ।

আদাড়, (দেশজ) ষ্য জঞ্জালস্থান।

আদাড়িয়া, (দেশজ) ণ, দুর্দান্ত, অদম্য

আদান, (আ+দা+অনট্—ভাব) ষ্য, ন, গ্রহণ, স্বীকার, অশ্বাভরণ, রোগলক্ষণ।

আদাননিত্য, (আদান+নিত্য, ৬ ষ) ষ্য, পুং, প্রতিগ্রহোপজীবী ব্রাহ্মণ, যে ব্রাহ্মণ প্রতিগ্রহ দ্বারা আপনার জীবন যাত্রা নির্ব্বাহ করে।

আদায়, (দেশজ) ষ্য, গ্রহণ, লওন।

আদালত, (পারস্য) ষ্য, বিচারালয়।

আদি, (আ+দা+কি) ষ্য, পুং, প্রথম, পূর্ব্ব, সকলের অগ্রিম, নিয়ত পূর্ব্ববর্ত্তি কারণ, উৎপত্তিহেতু, মূল, আরম্ভ প্রভৃতি। [প্রথমকবি, ব্রহ্মা, বাল্মীকি

আদিকবি, (আদি+কবি) ষ্য, পুং,

আদিকারণ, (আদি+কারণ) ষ্য, ন, পূর্ব্বনিমিত্ত, প্রথম কারণ। (ন্যায় শাস্ত্রে) সমবায়িকারণ (বৈদ্যকমতে) কারণের কারণ, যথা—কম্পের কারণ জ্বর, জ্বরের কারণ শ্লেষ্মা, অতএব শ্লেষ্মা কম্পের কারণ।

আদিজিন, (আদি+জিন) ষ্য, পুং, জৈনদিগের আদিদেবতা, ঋষভ।

আদিতাল, (আদি+তাল) ষ্য, পুং, সঙ্গীতের তাল বিশেষ, "এক এব লঘুর্যত্র আদিতালঃ স কথ্যতে" সঙ্গীত দামোদর।

আদিতেয়, (অদিতি+ঢেয়—অপ-

অ্যার্থে) ব্য, পুং, অদিতিসন্তান, দেবতা।

আদিত্য, (অদিতি+ষ্ণ্য—অপত্যার্থে) ব্য, পুং, রবি, দিবাকর, ভাস্কর, সূর্য্য, ইন্দ্রদেবতা, দেবতা, আকন্দ আছ, পুনর্বসুনক্ষত্র।

আদিত্যপুষ্পা, (আদিত্য=সূর্য্য সদৃশ রক্ত+পুষ্প, ৬-হ) ব্য, স্ত্রী, রক্ত, অর্কবৃক্ষ, রাঙ্গা আকন্দ গাছ।

আদিত্যভক্তা, ব্য, স্ত্রী, ওষধিবিশেষ, হুড়হুড়িয়া গাছ।

আদিত্যভবন, (আদিত্য+ভবন, ৬-ষ) ব্য, ন, উদয়াচল, যে স্থান হইতে সূর্য্য উদয় হন।

আদিত্যসূনু, (আদিত্য+সূনু, ৬-ষ) ব্য, পুং, সুগ্রীব, যম, শনি, সাবর্ণিমনু, বৈবস্বত মনু।

আদিৎসা, (আ+দা+সন্—ইচ্ছার্থে +আ—ভাব) ব্য, স্ত্রী, গ্রহণেচ্ছা।

আদিদেব, (আদি+দেব, ৭-ষ) ব্য, পুং, নারায়ণ, বিষ্ণু।

আদিপুরুষ, (আদি+পুরুষ) ব্য, পুং, প্রথমপুরুষ, বংশের সৃষ্টিকর্ত্তা, নারায়ণ, বিষ্ণু। [প্রথম, আদ্য।

আদিম, (আদি+ম—ভবার্থে) ণ, ত্রি,

আদিরাজ, (আদি+রাজন্) ব্য, পুং, পৃথুরাজা, বৈবস্বত মনু।

আদিবরাহ, (আদি+বরাহ, ৭-ষ) ব্য, পুং, বরাহ অবতার, বিষ্ণু।

আদিষ্ট, (আ+দিশ+ক্ত—চ) ণ, ত্রি, আজ্ঞপ্ত, নিযুক্ত, আদেশপ্রাপ্ত, কথিত, (ব্যাকরণ শাস্ত্রে) আদেশ দ্বারা প্রাপ্ত বর্ণ। ব্য, ন, আদেশ।

আদীনব, (আ+দীন+বা+ড) ব্য, পুং, যাতনা, দুঃখ, দোষ, ক্লেশদাতা পুরুষ, যে ব্যক্তি দুঃখদেয়।

আদীপন, (আ+দীপ+ণিচ+অনট—ভাব) ব্য, ন, উদ্দীপন, সন্দীপন, আলিম্পনা, আলিপনা।

আদুড়, (দেশজ) ণ, অনাবৃত, অনাচ্ছাদিত, আঢাকা।

আদৃত, (আ+দৃ+ক্ত—চ) ণ, ত্রি, সম্মানিত, আদরযুক্ত, যাহার আদর করা হইয়াছে, পূজিত, অভিমত।

আদেবক, (আ+দেবক) ণ, ত্রি, যে সর্ব্বদা ক্রীড়াকরে, ক্রীড়াসক্ত।

আদেশ, (আ+দিশ+অল্—ভাব) ব্য, পুং, নিয়োগ, আজ্ঞা, কথন, (ব্যাকরণ শাস্ত্রে) একটী শব্দ বা বর্ণের শব্দান্তর বা বর্ণান্তররূপে পরিবর্ত্তন।

আদেশী, (আ+দিশ+ণিন্—ঘ) ণ, ত্রি, উপদেশক, আদেশকর্ত্তা। ব্য, পুং, পুরোহিত, দৈবজ্ঞ, গণক।

আদেষ্টা, (আ+দিশ+তৃণ—ঘ) ণ, ত্রি, আদেশকর্ত্তা।

আদৌ, (আদি+ই) ব্য, প্রথমে, অগ্রে, পূর্ব্বে। [যোগ।

আদ্দাশ, (দেশজ) ব্য, নিবেদন, অভি-

আদ্য, (আদি+ষ্ণ্য—ভবার্থে) ণ, ত্রি, প্রথম, সর্ব্বোৎকৃষ্ট, প্রধান। (অদ—ভোজনকরা+য্যণ) ভোজনার্হ, ভক্ষ্য, যাহা শাস্ত্রানুসারে ভোজন করা যায়। [প্রথমাবধি শেষ পর্য্যন্ত।

আদ্যন্ত, (আদি+অন্ত) ব্য, পুং,

আদ্যপ্রাপ্ত, (আদ্য+প্রাপ্ত) ণ, ত্রি, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, পূর্ব্বাক্ষর।

আদ্যবীজ, (আদ্য=প্রথম+বীজ) ব্য, ন, প্রথম কারণ।

আদ্যমাষক, (আদ্য+মাষক) ব্য, পুং, মাষা, পাঁচ কুচ পরিমাণ।

আদ্যশ্রাদ্ধ, (আদ্য=প্রথম+শ্রাদ্ধ) ব্য, পুং, প্রথম পিতৃকৃত্য, অশৌচান্তের পর দিন কর্ত্তব্য শ্রাদ্ধ।

আদ্যা, (আদি+ষ্ণ্য, আ) ব্য, স্ত্রী, প্রথমা, মূলীভূতা, দুর্গা, কালী।

আদ্যূন, (আ+দিব+ক্ত—ঘ) ণ, ত্রি, ঔদরিক, অতিশয় পেটুক, স্বার্থ-

পর। (আদি+উন, ৩-ব) আদিশূন্য।

আদ্যোপান্ত, (আদ্য+উপ+অন্ত) ব্য, ন, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, আদ্যন্ত।

আদ্রিয়মাণ, (আ+দৃ+শান—চ) ণ, ত্রি, যাহাকে আদর করা যায়।

আধ, (অর্দ্ধশব্দজ) ণ, আধা, অর্দ্ধেক।

আধমন, (আ+ধা+কমনন্) ব্য, ন, বন্ধক দেওয়া।

আধর্ষণ, (আ+ধৃষ+অনট) ব্য, ন, অপরাধ, অপকার সাধন, দণ্ডযোগ্য দোষ করণ।

আধর্ষিত, (আ+ধৃষ+ক্ত—চ) ণ, ত্রি, আক্রান্ত, অপমানিত, অপকৃত, পরাভূত। [অর্দ্ধেক।

আধলা, (অর্দ্ধ শব্দজ) ব্য, ইষ্টকার্দ্ধ,

আধলি, (অর্দ্ধ শব্দজ) ব্য, অর্দ্ধমুদ্রা, আধটাকা।

আধান, (আ+ধা+অনট—ভাব) ব্য, ন, সম্পাদন "প্রজানাং, বিনয়াধা-দ্রক্ষণাৎ ভরণাদপি" রঘুবংশ। উৎপাদন, স্থাপন, গর্ভাধান, অগ্নি-স্থাপন, যজন, হোম, বন্ধক দেওয়া।

আধানিক, (আধুনিকশব্দজ) ণ, ইদানীন্তন। (আধান+ষ্ণিক—ভাবার্থে) ব্য, ন, গর্ভাধান সংস্কার।

আধার, (আ+ধৃ+ঘঞ) ব্য, পুং, পাত্র, আলয়, আশ্রয়, ক্ষুদ্র নদী, আলবাল, বাঁধ, (ব্যাকরণ শাস্ত্রে) অধিকরণ কারক, "ঔপশ্লেষিকো বৈষয়িকোঽভিব্যাপকশ্চেতাধারস্ত্রি-ধা, কট আস্তে, স্থালাং পচতি, মোক্ষে ইচ্ছাস্তি, সর্ব্বস্মিন্নাত্মাস্তি, "সমীপ্যাশ্লেষবিষয়ৈ র্ব্যাপ্ত্যাধারশ্চ-তুর্বিধঃ"।

আধি, (আ+ধা+কি) ব্য, পুং, গচ্ছিতবস্তু, স্থাপন, দুঃখ, মনঃপীড়া, বিপদ, আধান, বন্ধক দেওয়া।

আধিকরণিক, (অধিকরণ+ষ্ণিক—নিযুক্তার্থে) ব্য, পুং, বিচারক, মাজিষ্ট্রেট, জজ প্রভৃতি।

আধিক্য, (অধিক+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, অধিকতা, অতিশয়, প্রাধান্য।

আধিকারিক, (অধিকার+ষ্ণিক নিযুক্তার্থে) ণ, ত্রি, অধিকারে নিযুক্ত, স্বামী, প্রভু, রাজ কার্য্যাদিতে নিযুক্ত। ব্য, ন, নাটকাদিতে প্রধান নায়কের ইতিবৃত্ত, যথা "অধিকারঃ ফলে স্বাম্যধিকারী চ তৎপ্রভুঃ। তস্যেতি বৃত্তং কবিভিরাধিকারিকমুচ্যতে" সাহিত্যদর্পণ।

আধিজ, (আধি+জন্+ড, ৬-ব) ণ, ত্রি, দুঃখ হেতুক।

আধিজ্ঞ, (আধি+জ্ঞা+ড) ণ, ত্রি, ব্যথিত, দুঃখিত, বক্র।

আধিদৈবিক, (অধিদেব+ষ্ণিক—ভাবার্থে) ণ, ত্রি, দৈবাধীন, দৈবজাত, দেবতা হইতে যাহা ঘটে বা উৎপন্ন হয়, অতিবাত বজ্রপাতাদিজনিত দুঃখ।

আধিপত্য, (অধিপতি+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, প্রভুত্ব, কর্তৃত্ব।

আধিভোগ, (আধি+ভোগ, ৬-ব) ব্য, পুং, বন্ধক দেওয়া বস্তুর উপভোগ।

আধিভৌতিক, (অধিভূত+ষ্ণিক-অধিকারার্থে) ণ, ত্রি, ভূতদিগকে অধিকার করিয়া যাহা প্রবৃত্ত হইতেছে, ভূতাধীন, ব্যাঘ্র সর্পাদি দ্বারা জনিত দুঃখ

আধিরথি, ব্য, পুং, কুন্তীগর্ভজাত কর্ণ, তিনি মাতা কর্তৃক পরিত্যক্ত হইয়া অধিরথ নামক সূতের দ্বারা প্রতিপালিত হইয়াছিলেন বলিয়া তাঁহার নাম আধিরথি হইয়াছে।

আধিরাজ্য, (অধিরাজ+ষ্ণ্য) ব্য, ন, রাজ্যাধিকার, আধিপত্য, যথা "ততো ভূয়ঃ কুমারত্বাদাধিরাজ্যমবাপ সঃ" রঘুবংশ।

আধিবেদনিক, (অধিবেদন+ষ্ণিক)

ণ, ত্রি, অধিবেদন প্রাপ্ত, দ্বিতীয়বার বিবাহ সময়ে প্রথমা স্ত্রীকে দত্ত ধনাদি।

আধিশ্রয়ণিক, (অধিশ্রয়ণ+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, অধিশ্রয়ণ-সম্বন্ধীয়।

আধিশ্রয়ণিক ব্যবধি, ষ্য, পুং, মুকুরের সর্ব্বাপেক্ষা উচ্চভাগ ও অধিশ্রয়ণ এই উভয়ের অন্তর(Focal distance)

আধিস্তেন, (আধি+স্তেন, ৬ ষ) ষ্য, পুং. যে গোপনে বন্ধকদ্রব্য উপভোগ করে।

আধীকৃত, (আধি+চ্বি+কৃ+ত) ণ, ত্রি, আশ্রিত, যাহা বন্ধক রাখা গিয়াছে।

আধুত, আধূন, (আ+ধু, ধূ+ক্ত-ম) ণ, ত্রি, ঈষৎ কম্পিত, "পুষ্পরেণূৎকিরৈর্বাতৈরাধূতবনরাজিভিঃ" রঘুবংশ।

আধুনিক, (অধুনা+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, অধুনাতন, ইদানীন্তন।

আধেয়, (আ+ধা+য—চ) ণ, ত্রি, স্থাপনীয়বস্তু, আধারস্থ, আশ্রিত, উৎপাদ্য, আধান-যোগ্য, বন্ধক রাখার উপযুক্ত। [অপ্রকাশিত।

আধোয়া, (অধৌত শব্দজ) ণ, ত্রি,

আধোরণ, (আ+ধোর+অন—ম) ষ্য, পুং, হস্তিপক, মাহুত, "আধোরণানাং গজসন্নিপাতে শিরাংসি চক্রৈর্নিশিতৈঃ ক্ষুরাগ্রৈঃ।

আধ্মাত, (আ+ধ্মা+ক্ত—ম, চ) ণ, ত্রি, শব্দিত, ধ্বনিত, দগ্ধ, স্ফীত, বিবর্দ্ধিত।

আধ্মান, (আ+ধ্মা+অনট—ভাব) ষ্য, ন, স্ফীত হওয়া, উচ্চারণ, (বৈদ্যশাস্ত্রে) বাত রোগজাত উদর স্ফীতি "আধ্মানমিতি জানীয়াৎ ঘোরং বাতনিরোধজং। [চিন্তা।

আধ্যা, (আ+ধ্যৈ+আ) ষ্য, স্ত্রী,

আধ্যাত্মিক, (অধ্যাত্ম+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, আত্মসম্বন্ধীয়, আত্মা হইতে যাহা উৎপন্ন হয়, আত্মোৎপন্ন, মানসিক ও শারীরিক।

আধ্যান, (আ+ধ্যৈ+অনট—ভাব) ষ্য, ন, স্মরণ, দুর্ভাবনা, দুশ্চিন্তা।

আন, (অন+ঘঞ) ষ্য, পুং, নাসিকা মুখাদি দ্বারা বহিঃস্থিত বায়ুর গ্রহণ।

আনক, (আ+অন+ণিচ+ণক) ষ্য, পুং, যে শব্দ করে, পটহ, ঢকা, ভেরী, মৃদঙ্গাদি, সশব্দ মেঘ। ণ, ত্রি, উৎসাহকারক।

আনকদুন্দুভি, ষ্য, পুং, বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা। স্ত্রী, বড় ঢাক।

আনখা, (অনীক্ষিত শব্দজ) ণ, অজ্ঞাত, অজানিত, অপরিচিত।

আনডুহ, (অনডুহ+ষ্ণ) ণ, ত্রি, বৃষ সম্বন্ধীয়, বৃষমাংসাদি, স্বনামখ্যাত তীর্থ বিশেষ।

আনত, (আ+নম্+ক্ত—ম) ণ, ত্রি, নম্রীভূত, নত, পতিত, বিনয় নম্র, পদানত।

আনতি, (আ+নম+ক্তি—ভাবে) ষ্য, স্ত্রী, প্রণাম, অবনমন, নম্রতা।

আনদ্ধ, (আ+নহ+ত—চ) ষ্য, ন, যাহার মুখ চর্ম্মদ্বারা বদ্ধ, মুরজ মৃদঙ্গাদি, বেশভূষাদি। ণ, ত্রি, বদ্ধ, অস্ত্রাদিদ্বারা সজ্জিত, ব্যাপ্ত।

আনন, (আ+অন+অনট—ধ) ষ্য, ন, বদন, মুখ।

আনন্তর্য্য, (অনন্তর+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, পশ্চাদ্ভাব, অনন্তরতা, পরে হওয়া, অব্যবধান।

আহুতি, (আ+হু+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, দেবোদ্দেশে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক অগ্নিতে ঘৃতদান, হোম। পুং,ধর্ম্মের ঔরসে ও অরুন্ধতীর গর্ভে জাত স্বনাম খ্যাত মরুৎ বিশেষ।

আহূত, (আ+হ্বে+ক্ত—ঢ) ণ,ত্রি, নিমন্ত্রিত, কৃতাহ্বান, আমন্ত্রিত, যাহাকে আহ্বান করা যায়। ন, প্রলয়কালপর্য্যন্ত।

আহূতপ্রপলায়ী,(আহূত=আমন্ত্রিত+প্রপলায়িন্) ব্য, ত্রি, প্রতিবাদী বা সাক্ষী যে আদালতের শমন পাইয়া পলায়ন করে হাজির হয় না।

আহূতি, (আ+হ্বে+তি—ভাব)ব্য,স্ত্রী, আহ্বান, ডাকা।

আহৃত, (আ+হৃ+ক্ত—ঢ) ণ, ত্রি, আয়োজিত, সঞ্চিত, আনীত, সঙ্কলিত। [ণ, ত্রি, সর্পসম্বন্ধীয়।

আহেয়,(অহি=সর্প+ঢেয়-সম্বন্ধার্থে)

আহোপুরুষিকা, (আহো=অহং+পুরুষ+ষ্ণ—ইদমর্থে, স্ত্রী—আ) ব্য, স্ত্রী, আত্মশ্লাঘা, অহমিকা, আত্মপ্রশংসা। [বিকল্প, প্রশ্ন।

আহোস্বিৎ, (আহো+স্বিৎ) ব্য,

আহ্ন, (অহন্+ষ্ণ—সমূহার্থে)ব্য,পুং, দিন সমূহ।

আহ্নিক, (অহন্+ষ্ণিক) ণ, ত্রি, দিবাকৃত্য, দৈনিক, দিনসাধ্য। ব্য, ন, প্রতিদিন ক্রিয়মাণ স্নান সন্ধ্যাতর্পণাদি কার্য্য, গ্রন্থের অংশ বিশেষ, ভোজন, প্রকরণ সমূহ।

আহ্লাদ, (আ+হ্লাদ+ঘঞ—ভাব) ব্য, পুং, আনন্দ, আমোদ, হর্ষ।

আহ্লাদিত,(আহ্লাদ+ইত-জাতার্থে) ণ, ত্রি, আনন্দিত, হৃষ্ট।

আহ্বয়, আহ্বা,(আ+হ্বে+শ, ড—ঘ) ব্য, পুং ; স্ত্রী, নাম, আখ্যা, সংজ্ঞা।

আহ্বান, (আ+হ্বে+অনট—ভাব)ব্য, ন, ডাকা, নিমন্ত্রণ, সম্বোধন, আবাহন, আকারণ, নাম, সংজ্ঞা।

আহ্বায়ক,(আ+হ্বে+ণক—ঘ)ণ,ত্রি, যে আহ্বান করে। ব্য, পুং, দূত।

ই

ই, তৃতীয় স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান তালু, (ই=গমন করা+ক্বিপ্) ব্য, পুং,কামদেব, খেদ, কোপ, আহ্বান, নিরাকরণ, অনুকম্পা, নিন্দা, বিস্ময়, সম্বোধন।(দেশজ) কেবল, মাত্র,যথা আমিই, তিনিই,তাঁহারই ইত্যাদি।

ইংরেজ, ব্য, পুং, ইংলণ্ডদেশ জাত ম্লেচ্ছ জাতি বিশেষ "অধিপা মণ্ডলানাঞ্চ সংগ্রামেষপরাজিতাঃ, ইংরেজা নবষট্পঞ্চ লণ্ডজাশ্চাপি ভাবিনঃ" মেরুতন্ত্র ২৩ প্রকাশ।

ইঃ, (ই শব্দজ) ব্য, কোপ, দুঃখবোধক উপহাসসূচক শব্দ, সন্তাপ।

ইক্কট, ইৎকট, ব্য, পুং, উকুনবিশেষ

ইকার, (ই+কার—স্বার্থে) ব্য,পুং, ইবর্ণ, ই।

ইক্ষু, (ইষ+কসু—সংজ্ঞার্থে; কিম্বা ঈক্ষ+অসুন্—সংজ্ঞার্থে, ঈ=ই) ব্য,

পুং, অসিপত্র বৃক্ষ, আক্‌গাছ।
ইক্ষুকাণ্ড, (ইক্ষু+কাণ্ড, ৬-হ) ষ্য, পুং, ইক্ষুর ন্যায় কাণ্ড যাহার, শরমুঞ্জ, কাশতৃণ, কেশে।
ইক্ষুগন্ধা, (ইক্ষু+গন্ধ, ৬-ব) ষ্য, স্ত্রী, গোখুরী, কাশতৃণ, শুক্লভূমিকুষ্মাণ্ড, কুলিয়াখাড়া। [মূল।
ইক্ষুদর্ভা, ষ্য, স্ত্রী, তৃণবিশেষ, বংশ-
ইক্ষুনেত্র, (ইক্ষু+নেত্র) ষ্য, ন, ইক্ষুমূল, ইক্ষুগ্রন্থি।
ইক্ষুপত্র, (ইক্ষু+পত্র, ৬ হ) ষ্য, ন, গাবনাল নামক ধান্যবিশেষ, জোয়ারা
ইক্ষুমতী, ষ্য, স্ত্রী, বাঙ্গালার একনদী।
ইক্ষুমেহ, ষ্য, পুং, বহুমূত্র রোগ।
ইক্ষুযন্ত্র, (ইক্ষু+যন্ত্র) ষ্য, ন, যে যন্ত্র দ্বারা নিষ্পীড়ন করিয়া ইক্ষু হইতে রস বাহির করা যায়।
ইক্ষুযোনি, (ইক্ষু+যোনি) ষ্য, পুং, পুঁড়ি আক্। [পুঁড়ি আক।
ইক্ষুবাটিকা, ষ্য, স্ত্রী, পুণ্ড্রকইক্ষু,
ইক্ষুরস, (ইক্ষু+রস) ষ্য, পুং, আকের রস, কাশতৃণ, কেশে। [পুং, গুড়।
ইক্ষুরসক্বাথ, (ইক্ষুরস+ক্বাথ, ৬-ষ) ষ্য,
ইক্ষুশাকট, ইক্ষুশাকিন, (ইক্ষু+শাকট, শাকিন, তৎক্ষেত্রার্থে) ষ্য, ন, ইক্ষু ক্ষেত্র, আকের খেত।
ইক্ষুসার, (ইক্ষু+সার, ৬-ষ) ষ্য, পুং, একোগুড়, খাঁড়।
ইক্ষ্বাকু, (ইক্ষু+আ+কু+ডু) ষ্য, স্ত্রী, কটুতুম্বী, তিতলাউ, এই গাছ আকের খেতে প্রায়ই দেখিতে পাওয়া যায় বলিয়া ইহার নাম ইক্ষ্বাকু হইল। পুং, বৈবস্বত মনুর পুত্র, সূর্য্য বংশের আদি রাজা।
ইঙ্গ, (ইন্‌গ+ক) ণ, ত্রি, অদ্ভুত, জঙ্গম। ষ্য, পুং, ইঙ্গিত, জ্ঞান।
ইঙ্গন, (ইন্‌গ+অনট—ভাব) ষ্য, ন, গমন, চেষ্টা, চলন, কম্পন। না—স্ত্রী, প্রসিদ্ধি।

ইঙ্গিত, (ইন্‌গ+ত—ভাব) ষ্য, ন, হৃদগত ভাব, সঙ্কেত, ইশারা, ঠার, চলন, চাল, অন্বেষণ, চেষ্টা।
ইঙ্গুদ, (ইঙ্গ+উ+দো+ক) ষ্য, পুং, স্ত্রী, বৃক্ষবিশেষ, ইঙ্গোট বৃক্ষ, জীয়াপুতা গাছ, নয়াফটকী। ন, ইঙ্গুদী বৃক্ষের ফল। [কাঁঠাল।
ইচড়, (দেশজ) ষ্য, পুং, অপক্ক
ইচ্ছা, (ইষ+আ—ভাব। ষ=চ্ছ) ষ্য, স্ত্রী, বাঞ্ছা, স্পৃহা, উৎসাহ।
ইচ্ছাবতী, (ইচ্ছা+বৎ-অস্ত্যর্থে) ষ্য, স্ত্রী, কামুকা, ধনাদিতে স্পৃহাবতী।
ইচ্ছাবসু, (ইচ্ছা+বসু) ষ্য, পুং, কুবের
ইচ্ছু, ইচ্ছুক, (ইষ+উ—ষ। ক—স্বার্থে) ণ, ত্রি, ইচ্ছাবিশিষ্ট, আকাঙ্ক্ষা যুক্ত।
ইজ্জল, (ইৎ+জল, ৬ হ) ষ্য, পুং, হিজ্জল বৃক্ষ, হিজলগাছ, এই গাছের নিকট দিয়া জলগমন করে, জিউলিগাছ, নিচুল বৃক্ষ।
ইজ্য, (যজ্+ক্য—ভাব) ষ্য, পুং, সুরাচার্য্য, বৃহস্পতি, বিষ্ণু, গুরু। জ্যা—স্ত্রী, দান, যজ্ঞ, পূজা, সঙ্গম। ণ, ত্রি, শিক্ষক, পূজ্য।
ইজ্যাশীল, (ইজ্যা+শীল+অল—ষ, ৭-ষ) ষ্য, পুং, পুনঃ পুনঃ যজ্ঞকর্ত্তা, যাবজূক। [মাছ।
ইঞ্চাক, ষ্য, পুং, ইচলামাছ, চিঙ্গড়ী-
ইট, (ইষ্টক শব্দজ) ষ্য, দগ্ধমৃত্তিকা যাহাদ্বারা অট্টালিকাদি নির্ম্মিত হয়।
ইটখোলা, (ইট+খোলা, ৬-ষ) ষ্য, পুং, ইষ্টকক্ষেত্র, পাঁজাখোলা।
ইটচর, (ইট+চর, ৩-ষ) ষ্য, ষণ্ড, বৃষ, ষাঁড়, ইড়্চর শব্দও হয়।
ইট্টর, ইত্বর, ষ্য, পুং, বৃষ, ষাঁড়।
ইড়া, (ইল+অ, আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, ইক্ষ্বাকু কন্যা, বুধপত্নী, পৃথিবী, ধেনু, স্বর্গ, শরীরের বামভাগস্থিত নাড়ী, বাণী, সরস্বতী।

ইড়াচিকা, (ইড়া+চর+ডন্—ষ। র লোপ) ব্য, স্ত্রী, বরটা, বোলতা।

ইড়িকা, (ইল+বুন্, ল—ড) ব্য, স্ত্রী, পৃথিবী। * [বুনোছাগল।

ইড়িক, (ইড়িক্+কৈ+ড) ব্য, পুং,

ইড্য, (ইড+য—চ) ণ, ত্রি, স্তুত্য, স্তবের যোগ্যপাত্র। [প্রাপ্ত, জ্ঞাত।

ইত, (ই+ক্ত—ষ) ণ, ত্রি, গত,

ইতর, (ই+তৃ+অ—ঘ) ণ, ত্রি, নীচ, অধম, পামর, অন্য, ভিন্ন, অপর।

ইতরথা, (ইতর+থা—প্রকারার্থে) ব্য, অন্যথা, নতুবা, প্রকারান্তরে।

ইতরবিশেষ, (ইতর+বিশেষ, ষং—স) ব্য, পুং, ভেদাভেদ, ভিন্নতা।

ইতরেতর, (ইতর+ইতর, দ্বং—স) ণ, ত্রি, পরস্পর, অন্যোন্য।

ইতরেতর-যোগ, ব্য, পুং, দ্বন্দ্ব সমাস বিশেষ, যে সমাসে পদের পরস্পর যোগ বুঝায়, যথা রামলক্ষ্মণ, ভীমার্জ্জুন ইত্যাদি।

ইতঃ, (ইদম্+তস্) ব্য, এখান হইতে, এখানে, এদিকে।

ইতস্ততঃ, (ইতস্+ততস্) ব্য, অত্র তত্র, এখানে সেখানে, চতুর্দ্দিকে।

ইতঃপর, (ইতস্+পর) ব্য, অতঃপর, ইহার পর।

ইতি, (ই+ক্তি) ব্য, অতএব, এই হেতু, এই প্রকার, এই, ইহা, প্রকরণ, সমাপ্তি, সমাপ্তিসূচক শব্দ, উপক্রম, প্রকাশ, নিদর্শন, অনুকর্ষণ, পরকৃতি, স্বরূপ, সান্নিধ্য, মত, প্রত্যক্ষ অবধারণ, ব্যবস্থা, পরামর্শ, মান।

ইতিকথা, (ইতি+কথা) ব্য, স্ত্রী, উপকথা, বৃথাকথা, অপ্রয়োজন কথা, অর্থ শূন্য বাক্য।

ইতিকর্ত্তব্য, (ইতি+কর্ত্তব্য) ণ, ত্রি, ইহা করা উচিত বা আবশ্যক, কোন বিষয় সম্পন্ন করিতে আনুষঙ্গিক যাহা করিতে হয়, পূর্ব্বাবধারিত কর্ত্তব্য কর্ম্ম।

ইতিকর্ত্তব্যতা, (ইতিকর্ত্তব্য+তা—ভাবে) ব্য, স্ত্রী, ইহাই কর্ত্তব্য এই প্রকার জ্ঞান, অবশ্য সম্পাদ্য কর্ম্মের অনুষ্ঠান।

ইতিবৃত্ত, (ইতি+বৃত্ত) ব্য, ন, যাহা ঘটিয়াছে, অতীত বৃত্তান্ত, ইতিহাস, ঘটনা, বিখ্যাত লোকের চরিত্র বর্ণনা।

ইতিহাস, (ইতিহ+আস+ঘঞ—ভে) ব্য, পুং, যাহাতে পরম্পরাগত উপদেশ আছে, পূর্ব্ববৃত্তান্ত, প্রাচীন কথা, পুরাবৃত্ত, মহাভারতরামায়ণাদি গ্রন্থ।

ইৎকট, ব্য, পুং, ওকড়া। [রোচনা।

ইৎকিলা, ব্য, স্ত্রী, গন্ধদ্রব্যবিশেষ,

ইত্থং, (ইদম্+থম্—প্রকারার্থে) ব্য, এইরূপ, এই প্রকার।

ইত্থম্ভূত, (ইথম্+ভূত) ণ, ত্রি, এবম্ভূত, ঈদৃশ, এই প্রকার জাত।

ইত্বর, (ই+বর—ষ, শীলার্থে) ণ, ত্রি, গমনশীল, পথিক, নীচ, দীন, দরিদ্র, নিষ্ঠুর। ব্য, পুং, ষণ্ড। স্ত্রী—স্ত্রী, অসতী, ভ্রষ্টা স্ত্রী, কুলটা।

ইদানীং, (ইদম্+দানীম্—কালার্থে। দম্ লোপ) ব্য, অধুনা, সম্প্রতি, এই কালে, এক্ষণে, এখন।

ইদানীন্তন, (ইদানীম্+তন—ভবার্থে) ণ, ত্রি, আধুনিক, নব্য, এখনকার।

ইদাবৎসর, ইদ্বৎসর, ব্য, পুং, সংবৎসরাদি বর্ষপঞ্চকান্তর্গত তৃতীয় বৎসর, এই বৎসরে অন্নবস্ত্রাদি দান করিলে অক্ষয় ফল লাভ হয়।

ইদ্ধ, (ইন্ধ+ক্ত—ষ) ণ, ত্রি, প্রদীপ্ত, জলিত, প্রভাযুক্ত, অপ্রতিহত, পরিষ্কৃত, আশ্চর্য্য। ব্য, ন, সমূহ, দীপ্তি, আতপ, প্রভা।

ইধ্ম, (ইন্ধ্+মক্—সংজ্ঞার্থে) বা, ন, যাহাকে দগ্ধ করা যায়, কাষ্ঠ, জ্বালানি কাঠ, সমিধ্।

ইধ্মবাহ, (ইধ্ম+বাহ, ২-ব) বা, পুং, অগস্ত্যের পুত্র. "সকল এব তেজস্বী পিতৃস্তস্ত নিবেশনে। ইধ্মানাং ভারমাজহ্রে ইধ্মবাহস্ততোভবৎ" মহাভারত।

ইন, (ই+ন) বা, পুং, সূর্য্য, পতি, প্রভু, নৃপ, রাজা, শ্রেষ্ঠ।

ইনি, (ইদম্ শব্দজ) সর্ব্বং, এই ব্যক্তি, এই লোক।

ইন্দম্বর, (ইন্দম্+বর) বা, ন, নীলপদ্ম, অন্যান্য পুষ্পাপেক্ষা ইহাই শ্রেষ্ঠ।

ইন্দিন্দির, (ইন্দ—নিপাতন) বা, পুং, ভ্রমর, মধুকর। [লক্ষ্মী।

ইন্দিরা, (ইন্দ্+রা, ২-ব) বা, স্ত্রী,

ইন্দিরামন্দির, (ইন্দিরা+মন্দির, ৬-ব) বিষ্ণুর নামান্তর।

ইন্দিরালয়, (ইন্দিরা+আলয়, ৬ ব) বা, ন, পঙ্কজ, অব্জ, পদ্ম।

ইন্দিবর, ইন্দীবর (ইন্দি, ইন্দী=লক্ষ্মী+বর=শ্রেষ্ঠ, অভীষ্ট—৬ ব) বা, ন, নীলপদ্ম, নীলোৎপল, এই পুষ্প লক্ষ্মীর অত্যন্ত প্রিয়। রী স্ত্রী, শতমূলী, ইহার ফুল নীলপদ্মের তুল্য বলিয়া ইহাকে ইন্দীবরী বলে।

ইন্দিবার, ইন্দীবার (ইন্দিবর দেখ) বা, ন, নীলপদ্ম।

ইন্দু, (ইন্দ্=প্রভুত্বকরা+উ—সংজ্ঞার্থে, কিম্বা উন্দ=আর্দ্র করা+উ, উ—ই) বা, পুং, যিনি নক্ষত্র গণ মধ্যে আধিপত্য করেন, কিম্বা যিনি সুধাবর্ষণ দ্বারা লোকদিগকে আর্দ্র করেন, চন্দ্র, (চন্দ্রেরন্যায় শুভ্র বলিয়া) কর্পূর, চন্দ্রদেবতাক মৃগশিরা নক্ষত্র, একসংখ্যা।

ইন্দুকমল, (ইন্দু+কমল, কর্ম্মধা) বা, ন, ইন্দুর ন্যায় শুভ্রবর্ণ কমল, শ্বেত পদ্ম।

ইন্দুকলিকা, বা, স্ত্রী, কেতকী পুষ্প।

ইন্দুকান্ত, (ইন্দু+কান্ত, ৬-ব) বা, পুং, চন্দ্রকান্তমণি, এইমণি চন্দ্রকিরণে অত্যন্ত শোভা ধারণ করে, এই জন্য চন্দ্রকে ইহার স্বামী বলা হইয়াছে। ন্তা—স্ত্রী, রাত্রি, তারা, নক্ষত্র।

ইন্দুজনক, (ইন্দু+জনক, ৬-ব) বা, পুং, সমুদ্র, সমুদ্রমন্থনকালে সমুদ্র হইতে চন্দ্রের উৎপত্তি হইয়াছিল।

ইন্দুজ, (ইন্দু+জন্, ৫-ব) বা, পুং, বুধ। জা—স্ত্রী, রেবানদী, নর্ম্মদানদী। [বুধগ্রহ।

ইন্দুপুত্র, (ইন্দু+পুত্র, ৬-ব) বা, পুং,

ইন্দুভৃৎ, (ইন্দু+ভৃৎ, ২-ব) বা, পুং, যিনি কপালে অর্দ্ধচন্দ্র ধারণ করেন, চন্দ্রশেখর, মহাদেব।

ইন্দুমতী, (ইন্দু+মৎ—অস্ত্যর্থে) বা, স্ত্রী, পূর্ণিমাতিথি, অজ রাজার স্ত্রী।

ইন্দুর, ইন্দূর, (উন্দ্=আর্দ্র হওয়া+উরচ—সংজ্ঞার্থে উ—ই) বা, পুং, মূষিক, ইঁদুর।

ইন্দুরত্ন, (ইন্দু+রত্ন; ৬-ব) বা, ন, মুক্তা।

ইন্দুরেখা, ইন্দুলেখা, (ইন্দু+রেখা, লেখা=পঙ্‌ক্তি, ৬—ব) বা, স্ত্রী, চন্দ্রকলা, চন্দ্রখণ্ড, সোমলতা।

ইন্দুবল্লী, (ইন্দু+বল্লী=লতা, ৬-ব) বা, স্ত্রী, সোমলতা।

ইন্দুব্রত, (ইন্দু+ব্রত=পুণ্যোৎপাদক বা পাপনাশক ক্রিয়া কলাপ,—৬-ব) বা, ন, চান্দ্রায়ণ ব্রত।

ইন্দ্র, (ইন্দ্=আধিপত্য করা+র—সংজ্ঞার্থে) বা, পুং, যিনি আধিপত্য করেন, দেবরাজ, শ্রেষ্ঠ, রাজা,

যোগবিশেষ। ণ, ত্রি, প্রভু, আধিপতি, ঐশ্বর্য্যশালী, (বেদান্ত শাস্ত্র) পরমেশ্বর, দ্বাদশ আদিত্যের অন্তর্ভূত এক আদিত্য, রাত্রি, ইন্দ্রিয়, অন্তরাত্মা, যোগবিশেষ, ইন্দ্রদৈবত জ্যেষ্ঠানক্ষত্র, উপদ্বীপ বিশেষ, চতুর্দশ সংখ্যা, কোন শব্দের পরে প্রয়োগ হইলে ইন্দ্রশব্দ প্রধান অর্থ বুঝায়, যথা "খগেন্দ্র" "মুনীন্দ্র" ইত্যাদি।

ইন্দ্রক, (ইন্দ্র=শ্রেষ্ঠ+ক=কৈ শব্দ করে) ষ্য, ন, শ্রেষ্ঠ লোকেরা যেখানে বাক্যালাপ করেন, সভাগৃহ, আস্থান, গৃহ।[ষ্য, পুং, মন্দরপর্ব্বত।

ইন্দ্রকীল, (ইন্দ্র+কীল=শঙ্কু, ৬ষ)

ইন্দ্রকুঞ্জর, (ইন্দ্র+কুঞ্জর=হস্তী, ৬-ষ) ষ্য, পুং, ঐরাবত হস্তী।

ইন্দ্রকুট,—ষ্য, পুং, জয়ন্ত প্রভৃতি সপ্ত পর্ব্বতান্তর্গত পর্ব্বত বিশেষ।

ইন্দ্রকৃষ্ট, (ইন্দ্র+কৃষ্ট=যাহা চষা হইয়াছে) ণ, ত্রি, বিনা কর্ষণে যে সমস্ত দ্রব্য উৎপন্ন হয়, স্বয়ম্ উৎপন্নধান্যাদি

ইন্দ্রকোষ, (ইন্দ্র=অত্যুত্তম+কোষ=স্থান, ৬—ষ) ষ্য, পুং, মঞ্চ, খট্বা, নাগদন্তক।

ইন্দ্রগোপ, (ইন্দ্র=অত্যুত্তম+গো=কিরণ+প=যে ধারণ করে, কর্ম্মধা, ২-ষ) ষ্য, পুং, যে অত্যুত্তম শোভা ধারণ করে, রক্তবর্ণ ক্ষুদ্র কীটবিশেষ

ইন্দ্রজাল, (ইন্দ্র+জাল, ২-ষ) ষ্য, ন, যে ইন্দ্রিয় আচ্ছাদন করে, অর্থাৎ ভ্রান্তিতে পাতিত করে, কুহক, ভোজবাজি, যুদ্ধে শত্রুমারণের কৌশল বিশেষ।

ইন্দ্রজালিক, (ইন্দ্রজাল+ইক—জ্ঞাতার্থে) ণ, ত্রি, বাজীকর, কুহকী।

ইন্দ্রজিৎ, (ইন্দ্র+জি+কিপ্, ২-ষ) ষ্য, পুং, যে ইন্দ্রকে জয় করিয়াছে রাবণপুত্র, মেঘনাদ।

ইন্দ্রজিদ্বিজয়ী, (ইন্দ্রজিৎ+বিজয়ী, ২-ষ) ষ্য, পুং, যিনি ইন্দ্রজিৎকে জয় করিয়াছেন, রামানুজ, লক্ষ্মণ।

ইন্দ্রতূল, (ইন্দ্র+তূল, ৬-ষ) ষ্য, ন, বায়ুসঞ্চালিত আকাশ হইতে পতিত তূলা, আকাশবুড়ির সূতা।

ইন্দ্রতোয়া, (ইন্দ্র+তোয়া) ষ্য, স্ত্রী, স্বনাম খ্যাতা পুণ্যনদী বিশেষ।

ইন্দ্রদারু, (ইন্দ্র+দারু) ষ্য, পুং, দেবদারু বৃক্ষ।

ইন্দ্রদ্রু, ইন্দ্রদ্রুম, (ইন্দ্র+দ্রু, দ্রুম, ৬-ষ) ষ্য, পুং, অর্জ্জুন বৃক্ষ, কুটজ বৃক্ষ, এইবৃক্ষে ইন্দ্রধ্বজ বন্ধন করা হইত।

ইন্দ্রধনু, (ইন্দ্র+ধনুস্, ৬-ষ) ষ্য, ন, শক্র ধনু, রামধনুক, "রবিকিরণাবহুবর্ণা বাতেন বিলোড়িতা নভসি, শক্রায়ুধ সংস্থানা দৃশ্যন্তে তত্ ইন্দ্রধনুঃ"।

ইন্দ্রধ্বজ, (ইন্দ্র+ধ্বজ, ৬-ষ) ষ্য, পুং, —ন, ভাদ্র শুক্লা দ্বাদশীতে উদিত ইন্দ্রদৈবত ধ্বজ, রাজগণ প্রজাগণের অভ্যুদয়ার্থে ঐ দিবসে উহার পূজা করিয়া থাকেন।

ইন্দ্রনীল, (ইন্দ্র+নীল+অ—অস্ত্যর্থে) ষ্য, পুং, মরকতমণি, নীলকান্তমণি, পান্না।

ইন্দ্রপুরোহিতা, (ইন্দ্র+পুরোহিত, ৬-ষ) ষ্য, স্ত্রী, ইন্দ্র যাহার পুরোহিত, ইন্দ্রদেবতাক পুষ্যা নক্ষত্র।

ইন্দ্রপ্রস্থ, (ইন্দ্র+প্রস্থ) ষ্য, পুং, রাজাদিগের উচ্চস্থান, যে স্থানে চন্দ্রবংশীয় রাজগণ আধিপত্য করিয়াছেন, পার্থনগর, যুধিষ্ঠিরের স্থাপিত নগর, প্রাচীন দিল্লী। [লাঙ্গলা।

ইন্দ্রপুষ্পা, ষ্য, স্ত্রী, লাঙ্গলীবৃক্ষ, বিষ-

ইন্দ্রপ্রহরণ, (ইন্দ্র+প্রহরণ=অস্ত্র, ৬-ষ) ষ্য, ন, ইন্দ্র অস্ত্র, বজ্র, কুলিশ। [শুণ্ঠী, শুঁঠ।

ইন্দ্রভেষজ, (ইন্দ্র+ভেষজ) ষ্য, ন,

ইন্দ্রযব, (ইন্দ্র+যব, ৬-ষ) ষ্য, পুং, ন, কুটজ বৃক্ষের তিক্তবীজ।
ইন্দ্রলোক, (ইন্দ্র+লোক, ৬-ষ) ষ্য, পুং, স্বর্গ, দেবলোক।
ইন্দ্রবংশা, ষ্য, স্ত্রী, দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ, যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম ও ১১শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।
ইন্দ্রবজ্রা, ষ্য, স্ত্রী, একাদশাক্ষর ছন্দোবিশেষ, যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম এবং ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।
ইন্দ্রবস্তি, (ইন্দ্র+বস্তি) ষ্য, স্ত্রী, জঙ্ঘার অধোদেশে স্থিত মাংসল স্থান, পায়ের ডিম্। [রাখালশসা।
ইন্দ্রবারুণী, ষ্য, স্ত্রী, লতাবিশেষ,
ইন্দ্রলুপ্ত, (ইন্দ্র+লুপ্ত, ৩-ষ) ষ্য, ন, কেশনাশক রোগ, টাকপড়া।
ইন্দ্রশত্রু, (ইন্দ্র+শত্রু) ষ্য, পুং, প্রহ্লাদ, বৃত্রাসুর। [চতুর্দ্দশ মনু।
ইন্দ্রসাবর্ণি, (ইন্দ্র+সাবর্ণি) ষ্য, পুং,
ইন্দ্রসুত, (ইন্দ্র+সুত, ৬-ষ) ষ্য, পুং, জয়ন্ত, বালী রাজা, অর্জ্জুন।
ইন্দ্রসুরস, ষ্য, পুং, সিন্দুবার বৃক্ষ, নিসিন্দা।
ইন্দ্রাণী, (ইন্দ্র + ঙীপ্—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, শচী, মাতৃকা বিশেষ।
ইন্দ্রানুজ, ইন্দ্রাবরজ, (ইন্দ্র+অনুজ অবরজ, ৬-ষ) ষ্য, পুং, বামনদেব, বিষ্ণু।
ইন্দ্রায়ুধ, (ইন্দ্র + আয়ুধ ; ৬-ষ) ষ্য, ন, ইন্দ্রধনু, কীটবিশেষ।
ইন্দ্রারি, (ইন্দ্র+অরি ; ৬-ষ) ষ্য, পুং, অসুর, দৈত্য।
ইন্দ্রাশন, ষ্য, পুং, সিদ্ধি, ভাঙ, কুঁচ।
ইন্দ্রিয়, (ইন্দ্র + ইয়—লিঙ্গার্থে) ষ্য, ন, আত্মা যাহার উপর প্রভুত্বকরে, যাহা দ্বারা পদার্থের জ্ঞান জন্মে; চক্ষুঃ শ্রোত্র ঘ্রাণ জিহ্বা ত্বক্—জ্ঞান সাধন এই পাঁচ এবং বাক্য পাণি পাদ পায়ু ও উপস্থ—কর্ম্মসাধন এই পাঁচ; মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই চারিটী অন্তরেন্দ্রিয়, শুক্র, বীর্য্য।
ইন্দ্রিয়গোচর, (ইন্দ্রিয়+গোচর ; ৬-ষ) ণ, ত্রি, ইন্দ্রিয়ের বিষয়, জ্ঞানগম্য, জ্ঞানপথবর্ত্তী।
ইন্দ্রিয়দোষ, (ইন্দ্রিয়+দোষ ;—৬-ষ) ষ্য, পুং, কামাদিদোষ, কামুকতা।
ইন্দ্রিয়ায়তন, (ইন্দ্রিয়+আয়তন, ৬-ষ) ষ্য, ন, শরীর, দেহ।
ইন্দ্রিয়ার্থ, (ইন্দ্রিয়+অর্থ, ৬-ষ) ষ্য, পুং, ইন্দ্রিয় জন্য জ্ঞান বিষয়, রসাদি। [বৃহস্পতি, ইন্দ্রগুরু।
ইন্দ্রেজ্য, (ইন্দ্র + ইজ্য, ৬-ষ) ষ্য, পুং,
ইন্ধন, (ইন্ধ + অনট্-ধ, ভাব) ষ্য, ন, তৃণকাষ্ঠাদি, উদ্দীপন।
ইভ, (ই+ভন—সংজ্ঞার্থে) ষ্য, পুং, হস্তী। ভী—স্ত্রী, হস্তিনী।
ইভকণা, ষ্য, স্ত্রী, পিপুল।
ইভনিমীলিকা, (ইভ+নিমীলিকা) ষ্য, স্ত্রী, রসিকতা, সামাজিকতা।
ইভমাচল, (ইভম+আচল, ২-ষ) ষ্য, পুং, যে হস্তীকে আক্রমণ করে, সিংহ।
ইভরাজ, ইভরাট্, (ইভ+রাজন্, ৬ষ +ক্বিপ—ঘ) ষ্য, পুং, ঐরাবত হস্তী, হস্তিরাজ।
ইভোষণা, ষ্য, স্ত্রী, গজপিপ্পলী।
ইভ্য, (ইভ+য—যোগ্যার্থে) ণ, ত্রি, ধনী ভ্যা—স্ত্রী, হস্তিনী, সল্লকীবৃক্ষ।
ইমন, (দেশজ) স্বরমিলন, রাগিণী বিশেষ।
ইয়ৎ, (ইদম্—ইয়া+বতু—পরিমাণার্থে ণ, ত্রি, এতাবৎ, এত, এই পরিমাণ।
ইয়ত্তা, (ইয়ৎ+তা—ভাবে) ষ্য, স্ত্রী, এতাবত্ব, এত পরিমাণ, সীমা, সংখ্যা
ইরণ, (ঋ—গমনকরা + অন,—সংজ্ঞার্থে) ষ্য, ত্রি, মরু, ঊষর ভূমি, ক্ষারভূমি, তৃণ বৃক্ষাদি শূন্য ভূভাগ, শূন্য।

ইরম্মদ, (ইরা—জল, জলপূর্ণ মেঘ+ মদ—যে ক্রীড়া করে বা দীপ্তি পায়, ৭ ষ) ব্য, পুং, মেঘদিগের পরস্পর সংঘর্ষণে যে অগ্নি উৎপন্ন হয়, বজ্রাগ্নি, বাড়বাগ্নি, হস্তী।

ইরা, (ই—গমনকরা+র—সংজ্ঞার্থে, আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, বাক্য, পৃথিবী, ভূমি, মদ্য, জল, অন্ন, সরস্বতী, কশ্যপের পত্নী বিশেষ।

ইরাচর, (ইরা—জল ইত্যাদি+চর— যে গমন করে) ব্য, ন, করকা। ণ, ত্রি, জলচর। [ব্য. পুং, কন্দর্প।

ইরাজ, (ইরা—জল, মদ্য+জ—জাত)

ইরাবান্, (ইরা—জল+বতু অস্ত্যর্থে) ব্য, পুং, সমুদ্র। তী—স্ত্রী, নদী বিশেষ; পঞ্জাবের অন্তর্গত নদী বিশেষ, রাবী, ব্রহ্মদেশীয় নদীবিশেষ। ণ,ত্রি, জলবিশিষ্ট, সজল, জলপূর্ণ।

ইরিণ, (আ+ইন) ণ,ত্রি, ঊষর, শূন্য।

ইরিমেদ, ব্য, পুং, অরিমেদ, বিট্খদির, বিট্খদের। [বণ।

ইরিবেল্লিকা, ব্য, স্ত্রী, মস্তকে সঞ্জাত

ইরেশ, (ইরা—সরস্বতী ইত্যাদি+ ঈশ—প্রভু, ৬-ষ) ব্য, পুং, বিষ্ণু, রাজা, বরুণ, ব্রহ্মা, বাগীশ।

ইর্ব্বারু, ব্য, পুং, স্ত্রী, কর্কটী, কাঁকুড়।

ইর্ব্বারুক, ব্য, পুং, গুহ্যাশয় জন্তু বিশেষ। [ব্য, স্ত্রী, কুটী।

ইর্ব্বারুশুক্তিকা, (ইর্ব্বারু+শুক্তিকা)

ইর্ম্ম, (ঋ—গমন করা, পাওয়া+মক। অ—ইর) ব্য, ন, যাহার দ্বারা ব্যথা পায়) ব্রণ, ক্ষত, ঘা।

ইর্ব্বালু, (ইর্ব্ব—বীজ+আলু—যে গমন করে কিম্বা যে পায়) ব্য, পুং—স্ত্রী, যে বীজ প্রাপ্ত হয়, কর্কটী, কাঁকুড়, ইর্ব্বারু।

ইলবিলা, ব্য, স্ত্রী, কুবেরের জননী।

ইলা, (ইল—প্রেরণকরা+ক এবং আ) ব্য, স্ত্রী, বৈবস্বত মনুর কন্যা, বুধপত্নী, ইক্ষাকুরাজার কন্যা, গৌতম পত্নী, পৃথিবী, ধেনু, বাণী।

ইলাবৃত, (ইলা=পৃথিবী+আবৃত— মনোনীত) ব্য, ন, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত চতুর্থ বর্ষ, ইহা ভূগোলের উত্তমাংশ।

ইলি, ইলী, (ইল—গমনকরা+ই, ঈ) ব্য,স্ত্রী, ছুরিকা, ছুরী, কাপালিকা।

ইলীশ, ইল্লিশ, ইল্লীশ, (ইলি+ঈশ— প্রধান) ব্য, পুং, অতি উপাদেয় বলিয়া যে জলেচর অর্থাৎ মৎস্যদিগের প্রধান, ইলিশ মাছ।

ইল্বকা, ইল্বলা, (ইল—গমনকরা+ব— সংজ্ঞার্থে, নিপাতন) ব্য,পুং, (নিত্য বহুবচনান্ত)মৃগশিরা নক্ষত্রের শিরস্থ পাঁচটী ক্ষুদ্র তারা।

ইল্বল, (ইল=প্রেরণকরা বা গমনকরা+বল—সংজ্ঞার্থে) ব্য, পুং, দৈত্যবিশেষ, বাতাপির ভ্রাতা, অতি চঞ্চল মৎস্য বিশেষ।

ইব, ব্য, সাদৃশ্য, তুল্যতা, সাম্য, উৎপ্রেক্ষা, ঈষৎ, বাক্যালঙ্কার, যথা ১ "গৃহং কুম্ভ ইবাজানি, ২ পিতেব পালয়েৎ পুত্রান্ জ্যেষ্ঠো ভ্রাতৄন্ যবীয়সঃ, ৩ মৃগানুসারিণঃ সাক্ষাৎ পশ্যামীব পিনাকিনম্।"

ইশতাহার, (যাবনিক)বিজ্ঞাপন পত্র।

ইশাদী, (যাবনিক) সাক্ষী।

ইষ, ঈষ, (ঈষ—গমন করা+অ)ব্য,পুং, জিগীষুরা যে সময় যুদ্ধযাত্রা করিয়া থাকেন, আশ্বিনমাস।

ইষিকা, ইষীকা, (ইষ—গমন করা+ ইক্) ব্য, স্ত্রী, হস্তীর নেত্র গোলক, তুলি, কাশ, কুশ।

ইষু, (ইষ=গমনকরা+উ) ব্য, পু যে হিংসার জন্য গমন করে, বাণ

ইষুধি, (ইষু=বাণ+ধা—ধারণকরা +কি—ডে) ব্য, পুং—স্ত্রী, শরাধার, তূণ।

ইষুপুঙ্খ, (ইষু=বাণ+পুঙ্খ=পশ্চাৎ-ভাগ—৬ ষ) ব্য, স্ত্রী, শরপাছ, ইহা বাণের পশ্চাদ্ভাগে যোজিত হয়।

ইষ্ট, (ইষ=বাঞ্ছাকরা বা যজ্=পূজা করা+ক্ত—চ, ভাব) ণ, ত্রি, বাঞ্ছিত, প্রিয়, প্রশংসিত, পূজিত। ব্য, ন, ইচ্ছা, যজ্ঞাদি কর্ম্ম, কাম, সংস্কার। পুং, যজ্ঞ, এরণ্ড বৃক্ষ।

ইষ্টক, (ইষ=বাঞ্ছাকরা+তকন্) ব্য, পুং, কা—স্ত্রী, দগ্ধমৃৎখণ্ড, ইট।

ইষ্টকাপথ, ব্য, ন, বীরণ মূল, বেণার মূল। [ত্রি, সুগন্ধবিশিষ্ট।

ইষ্টগন্ধ, (ইষ্ট=প্রিয়+গন্ধ, ৬ হ) ণ,

ইষ্টদেব, ব্য, পুং, মন্ত্রদাতা গুরু [গুরু

ইষ্টদেবতা, স্ত্রী, উপাস্যদেবতা, দীক্ষা-

ইষ্টাপত্তি, (ইষ্ট+আপত্তি=প্রাপ্তি, ৬ ষ) ব্য, স্ত্রী, অভিলষিত প্রাপ্তি, ইষ্টসিদ্ধি লাভ, উপকার।

ইষ্টাপূর্ত্ত, (ইষ্ট=কৃতোৎসর্গ+পূর্ত্ত=খাতাদি কর্ম্ম, দ্বন্দ্ব, আ—আগম) ব্য, ন, সাধারণের উপকার জন্য কূপাদি খনন প্রভৃতি কর্ম্ম 'অগ্নিহোত্রং তপঃ সত্যং বেদানাঞ্চানুপালনং। আতিথ্যং বৈশ্বদেবশ্চ ইষ্টমিত্যভিধীয়তে, বাপীকূপতড়াগাদি দেবতায়তনানি চ, অন্নপ্রদানমারামাঃ পূর্ত্তমিত্যভিধীয়তে' ইতি [illegible]

ইষ্টালাপ, (ইষ্ট আলাপ, কর্ম্মধা) ব্য, পুং, সদালাপ, সপক্ষ কথোপকথন, পরস্পর ভদ্র আলাপ।

ইষ্টি, (ইষ=ইচ্ছাকরা অথবা যজ্=পূজাকরা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, ইচ্ছা, যাগ, যজ্ঞ।

ইষ্ম, (ইষ্+মক্) ব্য, পুং, কামদেব, মদন, বসন্তকাল। [বসন্ত ঋতু।

ইষ্য, (ইষ=ইচ্ছা করা+য) ব্য, পুং,

ইষ্বসন, (ইষু=বাণ+অস্=ক্ষেপণকরা+অনট্—ধ) ব্য, ন, ধনুক।

ইষ্বাস, (ইষু=বাণ+অস্=নিক্ষেপ করা+ঘঞ—ধ, ভাব) ব্য, পুং, ধনুঃ। ণ, ত্রি, ধনুর্দ্ধর, তীরন্দাজ।

ইস্, (দেশজ) ব্য, আশ্চর্য্য বোধক, বিস্ময় বোধক। [ধার।

ইস্পাত, (দেশজ) ব্য, পরিষ্কৃত লৌহ-

ইহ, (ইদম্=ইহা+হ, সপ্তমীস্থানে চ) ব্য, এই স্থানে, এই কালে ইত্যাদি।

ইহকাল, (ইহ+কাল=সময়) ব্য, পুং, জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত সময়।

ইহলোক, (ইহ+লোক=জগৎ) ব্য, পুং, এই জগৎ, নরলোক।

ইহত্য, (ইহ+ত্য—তবার্থে) ব্য, অত্রত্য, এইস্থান সম্বন্ধীয়।

ঈ

ঈ, চতুর্থ স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান তালু। ব্য, পুং, কন্দর্প, (অ=বিষ্ণু+ঈ—পত্নী অর্থে) স্ত্রী, লক্ষ্মী।

ঈঃ, ব্য, যন্ত্রণা বা ক্রোধাদিবোধক।

ঈকার, (ঈ+কার—স্বার্থে) ব্য, পুং, ঈবর্ণ, ঈ।

ঈক্ষণ, (ঈক্ষ=দেখা+অনট্—ভাব ধ) ব্য, ন, দৃষ্টি, দর্শন, চক্ষুঃ।

ঈক্ষণিক, (ঈক্ষণ=দর্শন+ঠক)ণ, ত্রি, দৈবজ্ঞ, শুভাশুভ দর্শী, গণককার।

ঈক্ষণিকা, (ঈক্ষণ=দর্শন+ঠক—আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, দৈবজ্ঞা, যে স্ত্রীলোক শুভাশুভ গণনা করিতে পারে। [ব্য, স্ত্রী, দর্শন, দেখা।

ঈক্ষা, (ঈক্ষ+অ—ভাব, আ—স্ত্রীলিঙ্গে)

ঈক্ষিত, (ঈক্ষ+ক্ত—চ) ণ, ত্রি, দৃষ্ট, দৃষ্টিপথে পতিত। ব্য, ন, দর্শন।

ঈক্ষিতা, (ঈক্ষ+তৃচ—ধ) ণ, ত্রি, দ্রষ্টা, দর্শক, যে দেখে।

ঈড়া, ঈলা, (ঈড়=স্তুতিকরা+অ, আ—ভাব) ব্য, স্ত্রী, স্তুতি, স্তব, প্রশংসা

ঈড়িত, ঈলিত, (ঈড়+ক্ত—চ) ণ,

ঈশিতা, (ঈশ+তৃণ—ব) ষ্য, পুং, ঈশ্বর, সমর্থ, প্রধান, প্রভু।

ঈশ্বর, (ঈশ+বর—বিদ্যমানার্থে) ষ্য, পুং, শিব, ব্রহ্ম, পরমেশ্বর। স্ত্রী—স্ত্রী, দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, শক্তি। ণ, ত্রি, অধিপতি, শ্রেষ্ঠ, রাজা, সমর্থ।

ঈষৎ, (ঈষ=গমনকরা, পাওয়া+অৎ) ষ্য, অল্প, কিঞ্চিৎ, কিছু।

ঈষৎকর, (ঈষৎ=কিঞ্চিৎ+কৃ+খল্) ষ্য, পুং, অত্যল্প। ণ, ত্রি, অনায়াসসাধ্য।

ঈষা, (ঈষ=গমনকরা+ক—ডে, আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, যেখান দিয়া লাঙ্গল যায়, লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলের দাগ, সীতা, লাঙ্গলদণ্ড।

ঈষাদন্ত, (ঈষা+দন্ত=দাঁত) ষ্য, পুং, ঈষার ন্যায় দীর্ঘ দন্ত হস্তী।

ঈষিকা, ঈষীকা, (ঈষ=আঘাত করা, গমন করা+ইক, ঈক—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, হস্তীর নেত্রগোলক, তুলিকা, তুলি, কাশতৃণ, কেশে, শরাদি তৃণের মাত্র, খড়কে।

ঈহা, ঈহিত, (ঈহ=চেষ্টা করা, ইচ্ছা করা+অ, ত—ভাবে) ষ্য, স্ত্রী—ন, চেষ্টা, যত্ন, ইচ্ছা, স্পৃহা, উৎসাহ, উদ্যোগ, উদ্যম। ণ, ত্রি, চেষ্টিত, ইষ্ট, উদ্যত।

ঈহামৃগ, ঈহারুক, (ঈহা=চেষ্টা, ইচ্ছা+মৃগ=হরিণ, ঈহা+রুক—দান, ...) ষ্য, পুং, যাহার মৃগ বধ করিবার চেষ্টা যে রূপ মৃগ চেষ্টাতে স্থিত, নেকড়ে বাঘ, কুক্কুরাকার ক্ষুদ্র ব্যাঘ্র।

উ

উ, পঞ্চম স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা। ষ্য, পুং, শিব। ষ্য, সম্বোধন, বিতর্ক, পাদপূরণ, ক্রোধাদিসূচক, দয়া, বিস্ময়, নিয়োগ।

উঃ, ষ্য, রাগ বা দুঃখবোধক।

উঁচ, উঁচু, (উচ্চশব্দজ) ণ, ত্রি, উপরিভাগস্থ, উচ্চ। [উত্থাপন, উঠান।

উঁচন, (উচ্চশব্দজ) ষ্য, উত্তোলন,

উচন, (উঞ্ছনশব্দজ) ষ্য, চালন, ঝাড়ন, তৃণাদি পরিত্যাগ পূর্ব্বক শস্য একত্রকরণ। অঙ্গুলিতে আঘাত।

উঁচোট, (দেশজ) ষ্য, ঠোকর, পদা-

উই, (দেশজ) ষ্য, কীট বিশেষ।

উকা, (দেশজ) ষ্য, স্ফুলিঙ্গ, উড্ডীয়মান অগ্নিকণা

উকড়ী, (দেশজ) ষ্য, পেয়তন, দুগ্ধাদি তুলিবার জন্য কাষ্ঠখণ্ডলগ্ন নারিকেলের মালা। [উবর্ণ।

উকার, (উ+কার—স্বার্থে) ষ্য, পুং,

উকি, (দেশজ) ষ্য, গোপনে থাকিয়া দেখা, উদয়, বাহির হইবার উপক্রম।

উকুণ, (উৎকুণ শব্দজ) ষ্য, পুং, উৎকুণ, উকুণ, কেশকীট।

উক্ত, (বচ=বলা+ক্ত—ত। ব=উ) ণ, ত্রি, কথিত, ভাষিত। ষ্য, ন, কথন।

উক্তি, (বচ+ক্তি—ভাবে) ষ্য, স্ত্রী, কথা, বচন, বাক্য, কথন, নির্দ্দেশ।

উক্থ, (বচ=বলা+থ) ষ্য, ন, সামবেদ, দ্বিতীয় বেদ, সামবেদাংশ, পুং, যজ্ঞবিশেষ। উক্থা—স্ত্রী, একাক্ষর ছন্দোবিশেষ।

উক্থশাঃ, (উক্থ+শাস=বাক্য, বলা+বিপ্) ষ্য, পুং, যজমান, যাজ্ঞিক।

উক্ষ, (উক্ষ=আর্দ্র করা+অল্—ত) ণ, ত্রি, সিক্ত, ধৌত।

উক্ষণ, (উক্ষ+অনট্—ভাবে) ষ্য, ন, প্রোক্ষণ, সেচন।

উক্ষতর, (উক্ষন্=বৃষ+তর—অল্পার্থে) ষ্য, পুং, বৃহৎ বৃষ, বড়ষাঁড়, প্রৌঢ় বৃষ। স্ত্রী—স্ত্রী, গতযৌবনা গাভী, বুড়োগাই।

উক্ষা, (উক্ষ্+অন্—সংজ্ঞার্থে) ষ্য, পুং, বৃষ, ষাঁড় বা বলদ। স্ত্রী, গবী।

উক্ষিত, (উক্ষ+ক্ত—ত) ণ, ত্রি, সিক্ত, অভিষিক্ত, লিপ্ত।

উখড়ী, উড়্কী, (দেশজ) ষ্য, নারিকেল মালাদি নির্ম্মিত হাতার ন্যায় তৈলাদি তুলিবার একপ্রকার যন্ত্র।

উখা, (উখ্=গমনকরা+ক—(ড। আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, যাহাতে পাচ্য দ্রব্য গমন করে, স্থালী, পাকপাত্র, হাঁড়ী, পাকস্থালী। (দেশজ) ষ্য, সূত্রধার বা কর্ম্মকারদিগের ঘর্ষণাস্ত্রবিশেষ [ন্যাকার।

উখ্য, (উখা+ষ্য—পাকার্থে) ণ, ত্রি, স্থালীপক্ক মাংসাদি।

উগরণ, (উদ্গীরণ শব্দজ) ষ্য, বমন,

উগ্র, (উচ্—সমবেত বা মিলিত করা +রক্—সংজ্ঞার্থে) ষ্য, পুং, শিব, শিবের বায়ুমূর্ত্তি, শূদ্রাণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরস জাত জাতিবিশেষ, আগুরি, শোভাঞ্জন বৃক্ষ, শজিনাগাছ, কেরল দেশ, নক্ষত্র গণ বিশেষ, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ. পূর্ব্বাষাড়া, মঘা, ভরণী। ষ্য, ন, ক্রোধ, বৎস নাভ নামক বিষ। ণ, ত্রি, ক্রুদ্ধ, তীব্র, প্রখর, উৎকট, প্রচণ্ড, ভয়ানক।

উগ্রকাণ্ড, ষ্য, পুং কারবেল, করলা।

উগ্রগন্ধ, (উগ্র=তীব্র, উৎকট+গন্ধ ৬.হ) ষ্য, ন, হিঙ্গু, হিং। পুং রশুন, চম্পক, চাঁপা। ণ, ত্রি, উৎকট গন্ধ বিশিষ্ট।

উগ্রচণ্ডা, (উগ্র=ভয়ানক+চণ্ডা= অতি কোপনা; কর্ম্মধা) ষ্য, স্ত্রী, চণ্ডিকা দেবী, অতিশয় কোপনানারী।

উগ্রধন্বা, (উগ্র=ভয়ানক+ধন্বন=ধনুক, ৬.হ) ষ্য, পুং, ইন্দ্র, শিব।

উগ্রশেখরা, (উগ্র=শিব+শেখর= কিরীট) ষ্য, স্ত্রী, গঙ্গা, গঙ্গা মহাদেবের মস্তকস্থিত জটা হইতে বহির্গত হইয়াছেন বলিয়া ইঁহার নাম উগ্রশেখরা হইল।

উগ্রশ্রবাঃ, (উগ্র=উৎকট+শ্রবস্= কর্ণ, ৬.হ) ষ্য, পুং, রোমহর্ষণপুত্র, সূত। ণ, ত্রি, তীক্ষকর্ণবিশিষ্ট, তীক্ষ্ণশ্রবণশক্তিযুক্ত।

উগ্রসেন, (উগ্র=ক্রুদ্ধ, ভয়ানক+ সেনা=সৈন্য, ৬.হ) ষ্য, পুং, মথুরা দেশের রাজাবিশেষ, আহুকের পুত্র, কংসের পিতা। [পুং, কংস।

উগ্রসেনজ, (উগ্রসেন+জ=জাত) ষ্য,

উকুণ, (উং+কুণ) ষ্য, পুং, উকুণ, কেশকীট, ড্যাঙর; মারিবার সময় স্ত্রীলোকেরা 'উং' শব্দ করে বলিয়া ইহার নাম উকুণ হইল। [উর্দ্ধভাগ।

উচ, উচু, (উচ্চ শব্দজ) ণ, উন্নত,

উচকা, (দেশজ) ণ, অবাধ্য, নবীন।

উচাটন, (উচ্চাটন শব্দজ) ষ্য, ভাবনা, উৎকণ্ঠা।

উচিত, (বচ=বলা+ক্ত। অথবা উচ +ক্ত) ণ, ত্রি, ন্যায্য, কর্ত্তব্য, পরিচিত, অভ্যস্ত।

উচ্চ, (উৎ=উর্দ্ধ+চি=চয়ন করা+ ড) ণ, ত্রি, উন্নত, উঁচু।

উচ্চৈঃ, (উচ্চৈস্+অক, আগম) ব্য, উচ্চ, তুঙ্গ, প্রচুর।

উচ্চটা, (উৎ+চট্=বধকরা, ভেদকরা +অ) ষ্য, স্ত্রী, যে রোগ নষ্ট করে, গুঞ্জা, কুঁচ, নির্বিষীগাছ, নাগরমুথা, ভুমি আমলকী।

উচ্চণ্ড, (উৎ=অতিশয়+চণ্ড=রুষ্ট হওয়া+অ—ঘ) ণ. ত্রি, ত্বরান্বিত, প্রচণ্ড, ভয়ানক, অতিকোপন, অতিভীষণ।

উচ্চতরু, ষ্য, পুং, নারিকেল বৃক্ষ।

উচ্চন্দ্র, ষ্য, পুং, রাত্রিশেষ।

উচ্চভাষী, (উচ্চ+ভাষ=বলা+ণিন্ —ন) ণ, ত্রি, উগ্রবক্তা, যে ব্যক্তি উচ্চ কথা বলে, যে চেঁচাইয়া কথা বলে।

উচ্চয়, (উৎ=উচ্চ কিম্বা উপরি+চি=একত্র করা+অল) বা, পুং, চয়ন, পরিধানবস্ত্রগ্রন্থি, নীবি, রাশি, পুঞ্জ, সমূহ।

উচ্চরিত, (উৎ+চর=গমন করা বলা+ক্ত—ত) ণ, ত্রি, শব্দিত, কীর্ত্তিত, উক্ত, কথিত।

উচ্চলিত, (উৎ=বাহির+চল=গমন করা+ক্ত—ঘ) ণ,ত্রি, নির্গত, প্রস্থিত।

উচ্চাটন, (উৎ+চট্+ণিচ্+অনট্) বা, ন, উন্মূলন, উচাটন, চঞ্চলকরণ, অভিচার কর্ম্মবিশেষ, উৎকণ্ঠা, বিষাদ।

উচ্চার, (উৎ+চর্=গমন করা, ত্যাগ করা+ঘঞ্—ত) বা, পুং, মল, বিষ্ঠা, উচ্চারণ।

উচ্চারণ, (উৎ+চারি=গমন করান, শব্দকরা+অনট্—ভাব) বা, ন, কথন, শব্দপ্রয়োগ, কীর্ত্তন।

উচ্চার্য্য, (উৎ+চারি+য—ত) ণ, ত্রি, উচ্চারণযোগ্য, কীর্ত্তনীয়, বলিবার যোগ্য।

উচ্চাবচ, (উদক্=উদগত+অবাক্=উন্নত, অবনত এই অর্থে উচ্চাবচ, নিপাতন) ণ, ত্রি, বিবিধ, নানা প্রকার, অসমান,নিম্নোন্নত, ভালমন্দ।

উচ্চিঙ্গড়া, (উচ্চুঙ্গশব্দজ) বা, কীটবিং।

উচ্চুঙ্গ, বা, পুং, পতঙ্গ বিশেষ, উইচিঙ্গড়া।

উচ্চৈঃ, (উৎ=অধিক+চি=চয়ন করা, জড়করা+ডৈস্) বা, উচ্চ, উন্নত, প্রচুর, যথেষ্ট, অধিক।

উচ্চৈঃশ্রবা, (উচ্চৈঃ=উচ্চ+শ্রবস্=কর্ণ, ৬.হ) বা, পুং, ইন্দ্রের ঘোটক। ণ,ত্রি, উচ্চকরিয়া বলিলে যে শুনিতে পায়, কালা, বধির।

উচ্চৈর্ঘুষ্ট,(উচ্চৈঃ+ঘুষ্ট=শব্দ, কর্ম্মধা) বা, ন, ঘোষণা।

উচ্ছলিত, (উৎ=ঊর্দ্ধ+শল্=গমন করা+ক্ত—ঘ) ণ, ত্রি, উদ্গত, উৎক্ষিপ্ত, উত্থিত, উৎলে উঠা।

উচ্ছাদন,(উৎ+ছাদি=আবরণ করা+অনট—ভাব) বা, ন, উদ্বর্ত্তন, শরীরের ময়লা তোলা।

উচ্ছাস্ত্র, (উৎ+শাস্ত্র) ণ, ত্রি, শাস্ত্র হইতে ভ্রষ্ট, শাস্ত্রবিরুদ্ধ, অশাস্ত্রীয়।

উচ্ছিখ, (উৎ=উপরি+শিখা=অগ্রভাগ, ৬.হ) ণ, ত্রি, উন্নতাগ্র,উন্নতমস্তক।

উচ্ছিত্তি, (উৎ+ছিদ্=ছেদনকরা+ক্তি—ভাব) বা, স্ত্রী, উচ্ছেদ, বিনাশ, ধ্বংস।

উচ্ছিন্ন, (উদ্+ছিদ+ক্ত—ত ; দ,ত=ন) ণ, ত্রি, বিনাশিত, উৎপাটিত, উন্মূলিত।

উচ্ছিলীন্ধ্র, (উৎ+শিলীন্ধ্র=কদলীপুষ্প) বা, ন, কোঁড়ক ছাতা। ণ, ত্রি, উদগতশিলীন্ধ্র, প্রস্ফুটিত কদলী পুষ্প বিশিষ্ট।

উচ্ছিষ্ট, (উৎ+শিষ=শেষ রাখা+ক্ত—ত) ণ, ত্রি, ভুক্তাবশিষ্ট, এঁটো, অনুভূতাবশিষ্ট, ত্যক্ত, পরিত্যক্ত।

উচ্ছিষ্টমোদন, বা, ত্রি, সিক্থ,মোম।

উচ্ছীর্ষক, (উৎ=উদগত+শীর্ষ=মস্তক+ক, ৭.ত) বা, ন, যাহার দ্বারা মস্তক উন্নত করা যায় অথবা যাহাতে মস্তক তোলা যায়, উপাধান, বালিস। ণ, ত্রি, উন্নতমস্তক।

উচ্ছুষ্ক, (উৎ=উপরি+শুষ=শুষ্ক হওয়া+ক্ত—ঘ ; ত স্থানে ক) ণ, ত্রি, উপরি ভাগে শুষ্ক।

উচ্ছূন,(উৎ=ঊর্দ্ধ+শ্বি=বৃদ্ধিপাওয়া+ক্ত—ঘ)ণ, ত্রি, স্ফীত, বর্দ্ধিত, ফুলা, উন্নত, উচ্ছ্বসিত।

উচ্ছৃঙ্খল, (উৎ=না+শৃঙ্খল=শিকল, ৬.হ) ণ, ত্রি, যাহার শিকল অর্থাৎ বাধা নাই, বিশৃঙ্খল, অনিয়ন্ত্রিত, স্বেচ্ছাচারী, উদ্বৃত্ত।

উচ্ছেদ, (উৎ+ছেদ=ছেদন) ষ্য, পুং উৎপাটন, উন্মূলন, সমূলে বিনাশ।

উচ্ছোষণ, (উৎ+শোষণ=নীরস করণ) ণ, ত্রি, উর্দ্ধ-শোষক, সন্তাপক।

উচ্ছ্রয়, উচ্ছ্রায়, (উৎ=উচ্চ+শ্রি=সেবা করা+অল, ঘঞ্,—ভাব) ষ্য, পুং, উচ্চতা, উন্নতি।

উচ্ছ্রিত, (উৎ+শ্রি+ক্ত—ম)ণ, ত্রি, উন্নত, উদিত, উন্নমিত, উৎপন্ন, প্রবৃদ্ধ।

উচ্ছ্বসিত, (উৎ=উপরি+শ্বস=নিশ্বাস প্রশ্বাস ত্যাগকরা+ক্ত—ম, ভাব) ণ, ত্রি, বিকসিত, স্ফীত, বিশ্লেষিত, কম্পিত, জীবিত, ত্রুটিত, প্রফুল্ল, শিথিলীকৃত। ষ্য,ন, উচ্ছ্বাস, নিশ্বাস, স্ফুরণ, কম্পন।

উচ্ছ্বাস, (উদ্+শ্বস+ঘঞ—ভাব) ষ্য, পুং, বিকাশ, নিশ্বাস, স্ফীতি, প্রাণ, আশ্বাস, বিশ্লেষ, আকাঙ্ক্ষা, ফাঁক, বিকাশ, অধ্যায়, পরিচ্ছেদ।

উজড়ন, (দেশজ) ষ্য, বমন, উদ্গীরণ

উজন, (দেশজ) ষ্য, স্রোতের বৈপরীত্য, বিপরীত, উল্টা।

উজাড়, (দেশজ)ণ, নির্ম্মনুষ্য, খালি।

উজির, (যাবনিক)ষ্য, প্রধান মন্ত্রী।

উজ্জয়নী, উজ্জয়িনী, (উৎ=অতিশয়+জয়নী, জয়িনী=যে জয় করে) ষ্য, স্ত্রী, যে স্বকীয় সৌন্দর্য্য দ্বারা সমস্ত নগরীকে পরাভব করিয়াছে, অথবা যে নগরীতে বিজয়ী লোকেরা বাস করেন, নগরী বিশেষ, বর্ত্তমান উজীন; এই নগরী রাজা বিক্রমাদিত্যের রাজধানী ছিল।

উজ্জাসন, (উৎ+জাসি=বধকরা+অনট্—ভাব) ষ্য,ন,মারণ, হনন, বধ

উজ্জীবন, (উৎ+জীব=বাঁচা+অনট্—ভাব) ষ্য, ন, চৈতন্য লাভ, লুপ্তপ্রায় হইয়া পুনর্ব্বার প্রবল হইয়া উঠা।

উজ্জীবিত, (উৎ+জীব+ক্ত—চ) ণ, ত্রি, চৈতন্য প্রাপ্ত, মৃতপ্রায় হইয়া যাহা পুনর্ব্বার প্রবল হইয়া উঠিয়াছে

উজ্জৃম্ভ, উজ্জৃম্ভিত, (উৎ=উপরি+জৃম্ভ=হাইতোলা+ঘঞ্, ত-ম) ষ্য, পুং—ন, বিকাশ।

উজ্জৃম্ভিত,(উৎ+জৃম্ভ্+ক্ত—ম) ণ,ত্রি, বিকসিত, প্রকাশিত, প্রস্ফুটিত।

উজ্জ্বল, (উৎ=অতিশয়+জ্বল্=দীপ্তিপাওয়া+অন্—ম) ণ, ত্রি, দীপ্তিমান্, ভাস্বর,দীপ্ত, পরিষ্কৃত, নির্ম্মল, শোভমান। ষ্য,পুং,শৃঙ্গাররস। ন,স্বর্ণ

উজ্ঝিত, (উদ্ঝ=ত্যাগকরা+ক্ত—চ) ণ, ত্রি, ত্যক্ত, বর্জিত, উৎসৃষ্ট।

উঞ্ছ,(উঞ্ছ্=খুঁটিয়া লওয়া+ঘঞ্—ভাব) ষ্য, ন, জীবিকার্থ ধান্যাদি খুঁটিয়া লওয়া, বৃত্তিবিশেষ।

উঞ্ছবৃত্তি, (উঞ্ছ+বৃত্তি=জীবনোপায়, ৩, ৬.হ) ষ্য, স্ত্রী, উঞ্ছজীবিকা, সামান্য ব্যবসায়। ণ, ত্রি, নীচবৃত্তি, নীচাশয়। [ষ্য ন,উঞ্ছবৃত্তি।

উঞ্ছশিল, (উঞ্ছ+শিল=আহরণ, ৩-ষ)

উঞ্ছশীল, (উঞ্ছ+শীল=স্বভাব, ৬ হ) ণ, ত্রি, যে উঞ্ছবৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

উট, (উষ্ট্র শব্দজ)ষ্য, লম্বোষ্ঠ,উষ্ট্র,(উ=শব্দকরা+ট—সংজ্ঞার্থে) ন,তৃণ,পর্ণ।

উট্কন (দেশজ) ষ্য, অন্বেষণ।

উটজ,(উট=তৃণপত্রাদি+জ=যে জন্মে; ৫-ষ)ষ্য, পুং, ন,পর্ণশালা, কুটীর।

উট্না, (দেশজ) ষ্য,ধারে ক্রয় করণ।

উঠ্তি, (দেশজ) ষ্য, দ্রব্যাদি বিক্রয়, বেশী কাট্তি, উন্নতি।

উঠন,(উত্থান শব্দজ) ষ্য,স্ফীত হওয়া, গাত্রোত্থান, উঠা। (দেশজ) প্রাঙ্গন, চত্বর। [তোলা, প্রাঙ্গন, উঠান।

উঠান,(উত্থাপন শব্দজ) ষ্য, উত্তোলন,

উড়কুড়, (দেশজ) ষ্য, আদ্যন্ত, শেষ, যথা, ঘরে উড়কুড় উঠে গেল।

উড়ন, উড়া, (উড্ডয়ন শব্দজ) ব্য, শূন্যে গমন করান, আকাশে গমন।

উড়নী,উড়ানী, (দেশজ) ব্য, গাত্রবস্ত্র-বিশেষ, চাদর, উত্তরীয়বস্ত্র।

উড়িয়া, (ওড়্শব্দজ) ব্য, উৎকলবাসী লোক, উড়িষ্যার লোক, উড়ে।[ধান্য।

উড়ী,(দেশজ) ব্য, ধান্য বিশেষ, উড়ুক

উড়ু, (উড়্—সংহতকরা+উ—সংজ্ঞার্থে, কিম্বা উৎপূর্ব্ব উড্ডয়নার্থ ডীধাতু নিষ্পন্ন) ব্য, স্ত্রী, ন, তারা, নক্ষত্র। ন, জল। [মৎস্য উড়িতে পারে।

উড়ুকুমৎস্য, ব্য, মৎস্য বিশেষ, যে

উড়ুপ, উড়ূপ, (উড়ু=জল+প=যে রক্ষা করে, ৫-ষ) ব্য, পুং, ন, যে জলমগ্ন হইতে রক্ষা করে,ভেলা, চর্ম্মাবনদ্ধ পাত্রবিশেষ (উড়ু=নক্ষত্র +প=পালক, পতি, ৬ষ)পুং, উড়ু-পতি, চন্দ্র।

উড়ুপতি, উড়ু=নক্ষত্র, জল+পতি, ৬ষ) ব্য, পুং, চন্দ্র, বরুণ।

উড়ুপথ, (উড়ু=নক্ষত্র+পথ, পথিন্ শব্দজ, ৬ষ ব্য, পুং আকাশ।

উড়ুম্বর, (উড়ুম=নক্ষত্রকে+বৃ-আচ্ছাদন করা+অল্—ষ) ব্য, পুং, উডুম্বর, যজ্ঞডুমুর বৃক্ষ নপুং, খোকা, দেহলী, কুষ্ঠ রোগ বিশেষ, কুষ্ঠোৎ-পাদক রক্তকাও কৃমি বিশেষ ন, তাম্র, তারা, কর্ষ, দুইতোলা পরিমাণ যজ্ঞডুমুর বৃক্ষের ফল।

উড়ুম্বরপর্ণী, (উড়ুম্বর=তাম্র+পর্ণ=পাত্র, ৬ষ) ব্য, স্ত্রী, যাহার পাতা তাম্রের ন্যায়, দন্তীবৃক্ষ।

উড্ডয়ন, (উৎ+ডী=আকাশে গমন করা+অনট্—ভাব) ব্য,ন, আকাশ-পথে বিচরণ, শূন্যে গমন, উড়া।

উড্ডয়মান, (উৎ+ডী+শান-ষ ; ষ, ম আগম) ণ, ত্রি, নভোগমনকারী।

উড্ডামর, ণ, ত্রি, প্রধান, উৎকৃষ্ট, অতি প্রচণ্ড।

উড্ডীন,(উৎ+ডী+ক্ত—ষ,ভাব; ক্ত—স্থানে ন) ণ, ত্রি, ঊর্দ্ধগত, আকাশ-গামী, নভোগতি। ব্য, ন, শূন্যে গমন, উড়া, নভোগতি।

উড্ডীয়মান,(উৎ+ডী+শান—ষ ; য, ম—আগম) ণ,ত্রি,শূন্যে গমনকারী। নভোমার্গগামী। [শিব।

উড্ডীশ, ব্য, পুং, তন্ত্রশাস্ত্র বিশেষ,

উত, (বে+ক্ত—চ) ণ, ত্রি, তন্তুবায় নির্ম্মিত, স্যূত, বয়নকৃত, (উ+ক্ত) ব্য, সন্দেহ, প্রশ্ন, বিকল্প, বিতর্ক, সমুচ্চয়, অত্যর্থ, পাদপূরণ।

উতথ্য ; ব্য, পুং, অঙ্গিরার জ্যেষ্ঠপুত্র, বৃহস্পতির জ্যেষ্ঠ ভ্রাতা।

উতথ্যতনয়, (উতথ্য+তনয়=পুত্র, ৬-ষ) ব্য, পুং, গোতমমুনি।

উতথ্যানুজ, (উতথ্য+অনুজ,=কনিষ্ঠ ৬-ষ) ব্য, পুং, বৃহস্পতি। উতথ্যা-বরজ, উতথ্যানুজন্মন ইত্যাদি শব্দে-রও এই অর্থ। [কম্পিত, চঞ্চল।

উতলা,উতালা,(উত্তাল শব্দজ)ণ,উৎ-

উৎক, (উৎ=উপরি+ক) ণ, ত্রি, উন্মনাঃ,অন্যমনস্ক,উদ্বিগ্ন, উৎসুক।

উৎকট, (উৎ—উপর, বড়+কট) ণ, ত্রি, উদ্ধার, অধিক, দুঃসাধ্য, বিষম, তীব্র, মত্ত। ব্য, পুং, মদ, সংজাতমদ হস্তী, শর, রক্তইক্ষু। ন, গুড়ত্বক্‌, তেজপাত, দারুচিনি।

উৎকণ্ঠ, (উৎ+কণ্ঠ=গলদেশ) ব্য, পুং, শৃঙ্গারের ষোড়শবন্ধান্তর্গত ত্রয়োদশ বন্ধ, যথা "নারীপাদৌ চ কণ্ঠেন ধারয়েৎ পলকৈ পুনঃ। স্তনা-র্পিতকরঃ কামী বন্ধশ্চোৎকণ্ঠসং-

তক: পরিমঞ্জরী। (ঠা) (উৎ=অতি-শয়+কণ্ঠ=চিন্তাকরা+আ) ব্য, স্ত্রী, উদ্বেগ, চিন্তা, ভাবনা, বেদনা, ঔৎসুক্য, ইহাতে কালক্ষেপণা-সহিষ্ণুতা।

উৎকণ্ঠিত, (উৎকণ্ঠা+ইত—জাতার্থে) ণ, ত্রি, উদ্বিগ্ন, উৎসুক। তা—স্ত্রী, নায়িকাবিশেষ, সঙ্কেতস্থানস্থিতা যে নায়িকা নায়কের অনাগমনজন্য রোদন দীর্ঘনিশ্বাস প্রভৃতি দ্বারা শোক প্রকাশ করে।

উৎকর, (উৎ=ঊর্দ্ধ+কৃ+অল) ব্য, পুং, ধান্যাদির রাশি, পুঞ্জ, গাদা, কাঁড়ী, স্তূপ, প্রসারণ, বিক্ষেপ।

উৎকর্ত্তন, (উৎ+কৃৎ=ছেদনকরা+অনট—ভাব) ব্য, ন, খণ্ড খণ্ড করিয়া কাটা, বহুখণ্ডে ছেদন।

উৎকর্ষ, (উৎ=অধিক+কৃষ=চিহ্নকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, শ্রেষ্ঠতা, আধিক্য, অতিশয়, বৃদ্ধি, উন্নতি।

উৎকল, (উৎ+কল=গমন করা+অ—সংজ্ঞার্থে) ব্য, পুং, উড়িষ্যা দেশ, ব্যাধ, পাখিমারা। ণ, ত্রি, ভারবাহক, মুটে।

উৎকলিকা, (উৎ=ঊর্দ্ধ+কল=গমন করা+অক—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, তরঙ্গ, ঊর্ম্মি, ঢেউ, ফুলের কুঁড়ি, কলিকা। (উৎ+কল=চিন্তাকরা+অক, আ—ভাব) উৎকণ্ঠা, উদ্বেগ।

উৎকলিত, (উৎ+কল=চিন্তাকরা, গণনা করা+ত—ণ) ণ, ত্রি, উৎকণ্ঠিত, উন্মনাঃ, প্রবৃদ্ধ।

উৎকা, ব্য, স্ত্রী, উৎকণ্ঠিতা নায়িকা।

উৎকাকা, ব্য, স্ত্রী, যে গাভীর প্রতি-বর্ষে সন্তান হয়, প্রতিবর্ষ-প্রসূতা গাভী।

উৎকার, (উৎ=উপর+কৃ=বিক্ষেপ করা+ঘঞ—ভাব) ব্য, পুং, ধান্যোৎক্ষেপণ, ধানঝাড়া, অথবা ধান্যের খামার দেওয়া।

উৎকাশ—স, (উৎ=উপর+কশ=শব্দ করা, এবং কাস্=রোগ হেতুক কুৎ-সিত শব্দ করা, কাস+অ) ব্য, পুং, কাসরোগবিশেষ।

উৎকির, (উৎ+কৃ+ক) ণ, ত্রি, উৎক্ষেপক।

উৎকীর্ণ, (উৎ+কৃ+ত-ত). ণ, ত্রি, ক্ষত, বিদ্ধ, খোদিত, উৎক্ষিপ্ত।

উৎকীর্ত্তন, (উৎ+কীর্ত্ত=প্রশংসা করা+অনট—ভাব) ব্য, ন, বর্ণন, প্রচার, ঘোষণা।

উৎকুট, (উৎ=না+কুট=বক্র হওয়া+অ) ব্য, ন, বক্র না হইয়া অর্থাৎ সটান শোয়া, উত্তান শয়ন, চিৎ হইয়া শোওয়া।

উৎকুণ, (উৎ=উপরি+কুণ=শব্দকরা+ক) পুং, কেশকীট, উকুণ, ডেঙ্গর।

উৎকুট, (উৎ=না+কুট=দগ্ধকরা+অ) ব্য, পুং, আতপত্র, ছত্র, ছাতি।

উৎকূলিত, (উৎ+কূল=তীর+ইত) ণ, ত্রি, কূলে উত্তোলিত, কূলে বিক্ষিপ্ত, উদ্বেল।

উৎকৃতি, (উৎ+কৃতি=রচনা) ব্য, স্ত্রী, ২৬ অক্ষর ছন্দঃবিশেষ।

উৎকৃত্ত, (উৎ+কৃৎ=ছেদনকরা+ক্ত—ত) ণ, ত্রি, ছিন্ন, উৎকৃত, উৎ-খাত। [শ্রেষ্ঠ, প্রধান, উত্তম।

উৎকৃষ্ট, (উৎ+কৃষ+ক্ত—ত) ণ, ত্রি;

উৎকোচ, (উৎ+কুচ=সঙ্কুচিত হওয়া অন্নপ্রদানকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, যাহা দিতে সঙ্কুচিত অর্থাৎ ভীত হইতে হয়, ঘুষ। ণ, ত্রি, যে ঘুষ দেয়

উৎকোচক, (উৎ+কুচ+অক—ঘ)

উৎক্রম, (উৎ=উল্টা+ক্রম=গমনকরা+অল—ভাব) ব্য, পুং, ব্যতিক্রম, বিলোম, উচ্চলন, নিঃসরণ, বৈপ-রীত্য।

উৎক্রান্ত, (উৎ=উপরি+ক্রম=গমন-

স্থা+ক্ত—চ) ণ, ত্রি, উদ্ভ্রান্ত, পরিক্রান্ত, উদ্বর্জিত।
উৎক্রোশ, (উৎ+ক্রুশ=ক্রন্দনকরা+অ্) ব্য, পুং, কুররপক্ষী, চীৎকার।
উৎক্ষিপ্ত, (উৎ=ঊর্দ্ধ+ক্ষিপ্ত=প্রেরিত) ণ, ত্রি, উৎক্ষিপ্ত।
উৎক্ষিপ্তকম্পন, ব্য, ন, ভূমিকম্প বিশেষ, এই প্রকার কম্পসময়ে বোধ হয় যেন ভূমি ঊর্দ্ধে উৎক্ষিপ্ত হইতেছে।
উৎক্ষেপ, উৎক্ষেপণ, (উৎ+ক্ষিপ+অন, অনট—ভাব) ব্য, পুং; ন, ঊর্দ্ধক্ষেপণ।
উৎখাত, (উৎ=ঊর্দ্ধে+খন=খোঁড়া+ক্ত—চ) ণ, ত্রি, উৎপাটিত, উন্মূলিত, উপড়ান, বিদারিত, পদভ্রংশিত, অবধারিত।
উৎখাতকেলি, ব্য, পুং, বপ্রক্রীড়া, শৃঙ্গাদি দ্বারা বৃষগজাদির মৃত্তিকা খনন
উত্তংস, (উৎ=ঊর্দ্ধ+তনস=ভূষিত করা+অন্—ধ) ব্য, পুং, কর্ণভূষণ, কর্ণফুল, শিরোভূষণ।
উত্তপ্ত, (উৎ=অতিশয়+তপ=উষ্ণকরা, দগ্ধকরা+ক্ত—চ) ণ, ত্রি, সন্তপ্ত, উষ্ণ, দগ্ধ, পরিপ্লুত, স্নাত। ন, শুষ্কমাংস।
উত্তম, (উৎ=অতিশয়+তম) ণ, ত্রি, ভদ্র, উৎকৃষ্ট, চরম, উপাদেয়, মুখ্য। ব্য, পুং, বৈশিক নামক নায়কভেদ, সুরুচিগর্ভজাত উত্তানপাদরাজপুত্র।
উত্তমফালিনী, ব্য, স্ত্রী, দুগ্ধিকাবৃক্ষ।
উত্তমর্ণ, (উত্তম=প্রধান+ঋণ, ৬.হ) ণ, ত্রি, উপচয়হেতু যাহার উত্তমঋণ, ঋণদাতা, মহাজন।
উত্তম-সংগ্রহ, ব্য, পুং, নির্জ্জনে পরস্ত্রীর সহিত পরস্পর আলিঙ্গন ও সহাস্যনাদি রূপমৈথুনীভাব।
উত্তমসাহস, (উত্তম=অত্যুত্তম বা অতি গুরুতর+সাহস=দণ্ড) ব্য, পুং, দণ্ডবিশেষ, ১,০০০ বা ১,৮০০ পণ দণ্ড, যথা "পণানাং দ্বে শতে সার্দ্ধে প্রথমঃ সাহসঃ স্মৃতঃ, মধ্যমঃ পঞ্চবিজ্ঞেয়ঃ সহস্রং ত্বেব চোত্তমঃ"। মনুঃ। অথবা "সাশীতিপণসাহস্রো দণ্ড উত্তমসাহসঃ" যাজ্ঞবল্ক্য।
উত্তমা, ব্য, স্ত্রী, শ্রেষ্ঠা, উৎকৃষ্টা, ক্ষীরিকাবৃক্ষ।
উত্তমাঙ্গ, (উত্তম=প্রধান+অঙ্গ, কর্ম্মধা,) ব্য, ন, মস্তক, শির।
উত্তম্ভ, (উৎ+স্তন্ভ=স্তব্ধকরা+ঘঞ) ব্য, পুং, স্তব্ধীভাব, নিবৃত্তি।
উত্তম্ভন, (উৎ+স্তন্ভ+অনট—ভাব) ব্য, ন, অবলম্বন, ঠেকো, খুঁটি।
উত্তর, (উৎ=উপরি+তৃ=উত্তীর্ণ হওয়া+অল) ব্য, ন, যাহা দ্বারা প্রকৃত অভিযোগ হইতে পরিত্রাণ পাওয়া যায়, প্রতিবচন, জবাব, সিদ্ধান্ত, জিজ্ঞাসিত বিষয়ে আপন বক্তব্য কথন, আপত্তি খণ্ডন, কেহ আহ্বান করিলে তৎ শ্রবণসূচক বাক্য। পুং, বিরাটরাজপুত্র। ণ, ত্রি, শ্রেষ্ঠ, যোগ্য, উত্তম, অসাধারণ, যথা—লোকোত্তর, যাহা পরে ঘটিবে, ভাবী, উত্তরদিক সম্বন্ধীয়, উপরিস্থিত, অনন্তর, পশ্চাৎ, বা ক্লিং—ণ, যথা—শ্রবণোত্তর। রা—, স্ত্রী, বিরাটকন্যা, উত্তরদিক্।
উত্তরকাল, (উত্তর=পশ্চাদ্গামী+কাল=সময়, কর্ম্মধা) ব্য, পুং, ভবিষ্যৎ সময়, যে সময় আসিবে, শেষকাল।
উত্তরকুরু, (উত্তর+কুরু=ভূগোলের উত্তরাংশ, কর্ম্মধা) ব্য, পুং—ন, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।
উত্তরকেন্দ্র, ব্য, পুং, পৃথিবীর উত্তরপ্রান্ত।
উত্তরকোশলা, (উত্তর+কোশলা=প্রদেশ, কর্ম্মধা) ব্য, স্ত্রী, অযোধ্যা

নগরী। পুং, বহুং, কোশল দেশ।

উত্তরক্রিয়া, (উত্তর=পশ্চাৎ+ক্রিয়া=কার্য্য, কর্ম্মধা) ব্য, স্ত্রী, অন্তিম ক্রিয়া, সাংবৎসরিক শ্রাদ্ধাদি পিতৃকার্য্য, যথা "প্রেতে পিতৃত্বমাপন্নে সপিণ্ডীকরণাদনু ক্রিয়ন্তে যাঃ ক্রিয়াঃ পিত্রোঃ প্রোচ্যন্তে তাঃ নৃপোত্তরাঃ

উত্তরঙ্গ, (উত্তর=উপরি+গ=যে গমন করে, অথবা উত্তর+অঙ্গ, কর্ম্মধা) ব্য, ন, দ্বারোপরিস্থ বক্র কাষ্ঠ, কুমীরকা। (উৎ=উদগত+তরঙ্গ=ঢেউ, ৬.হু) ণ, ত্রি, যাহার তরঙ্গ উত্থিত হইয়াছে, উদগততরঙ্গ।

উত্তরচ্ছদ, (উত্তর=উপরিস্থিত+ছদ=বস্ত্র, কর্ম্মধা) ব্য, পুং, আস্তরণ বস্ত্র, বিছানার চাদর।

উত্তরণ, (উৎ=উপরি+তরণ=গমন) ব্য, ন, নদ্যাদির পার গমন, কোন স্থানে উপস্থিত হওয়া, পার হওয়া, উত্তীর্ণহওন।

উত্তরণ-স্থান, ব্য, ন, যে স্থানে গিয়া উপস্থিত হওয়া যায়, নামিবার স্থান, আড্ডা।

উত্তরতঃ, (উত্তর+তস, পঞ্চমী বা সপ্তমী স্থানে) ব্য, উত্তরে, উত্তর হইতে।

উত্তরদিক, (উত্তর+দিশ=দিক, কর্ম্মধা) ব্য, স্ত্রী, উদীচী, দিক্‌বিশেষ, গরুড় গালবের নিকট উত্তরদিকের বৃত্তান্ত কহিতেছেন; এই দিকের প্রভাবে লোক পাপ হইতে উত্তীর্ণ হইয়া মুক্তি লাভ করে, অথবা পূর্ব্বোক্ত নানাপ্রকার গুণে সকলদিক্ অপেক্ষা প্রধান হইয়াছে, এই নিমিত্ত ইহা উত্তরদিক অর্থাৎ শ্রেষ্ঠদিক্ বলিয়া বিখ্যাত।

উত্তরপক্ষ, (উত্তর=পশ্চাদ্গামী+পক্ষ=অনুমেয় বস্তুর আধার) ব্য, পুং, পূর্ব্ব পক্ষের নিরাসক পক্ষ, সিদ্ধান্ত পক্ষ, সমাধান, সিদ্ধান্তের অনুকূল তর্কের উপন্যাস।

উত্তরফল্গুনী, উত্তরফাল্গুনী, (উত্তর=পশ্চাদ্গামী+ফল্গুনী, ফাল্গুনী=নক্ষত্র বিশেষ, কর্ম্মধা) ব্য, স্ত্রী, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দ্বাদশ নক্ষত্র।

উত্তরভাদ্রপদ—দা, (উত্তর=পশ্চাদ্গামী+ভাদ্রপদ=নক্ষত্রবিশেষ,কর্ম্মধা) ব্য, স্ত্রী, ষড়্‌বিংশনক্ষত্র।

উত্তরমেরু, ব্য, পুং, পৃথিবীর উত্তর প্রান্ত, North Pole.

উত্তরমেরুবৃত্ত,ব্য,ন,মেরু হইতে ২৩॥০ অংশ অন্তরে স্থিত যে দুই ক্ষুদ্রবৃত্ত কল্পিত হয় তাহাদিগকে মেরুবৃত্ত কহে, তন্মধ্যে উত্তরদিকের বৃত্তকে উত্তরমেরুবৃত্ত কহে।

উত্তরবাদী, (উত্তর=প্রতিবচন+বাদিন্=যে বলে) ণ, ত্রি, উত্তরবক্তা, প্রতিবাদী, আসামী।

উত্তরসাধক, (উত্তর+সাধক=যে সাধন করে)ণ, ত্রি, সহকারী, সাহায্যকারী।

উত্তরাৎ, (উত্তর+আৎ) ব্য, উত্তর- [দিকে, দেশ বা কালে।

উত্তরাধিকার, (উত্তর+অধিকার=স্বত্ব) ব্য, পুং, মৃত ব্যক্তির ধনে ধনীর সহিত সম্পর্ক নিবন্ধন স্বত্ব।

উত্তরাধিকারী, (উত্তরাধিকার+ইন্=অস্ত্যর্থে) ণ, ত্রি, পশ্চাদধিকারী, দায়াদ, কোন ব্যক্তির মৃত্যু হইলে বা অন্য কোন কারণে যে ব্যক্তি তাহার সম্পত্তির অধিকারী হয়, ওয়ারিসান।

উত্তরাভাস, (উত্তর=দোষখণ্ডন+আভাস=সদৃশ হওন, ৬-য) ব্য, পুং. দুষ্ট উত্তর, অসদুত্তর, প্রকৃতার্থের সহিত যে উত্তরের সম্বন্ধ নাই, যাহা প্রয়োজনাতিরিক্ত অথবা যাহা কিং-ক্রান্ত বিষয়ে অংশবিশেষ ব্যাপী।

উত্তরায়ণ, (উত্তর+অয়ন=পথ, গতি ৬-ষ) ব্য, ন, উত্তরদিগ্বর্ত্তি সূর্য্যের ...য়ন, সূর্য্যের উত্তরে গতি, মাঘ হইতে ছয় মাস।

উত্তরায়ণান্তবৃত্ত, ব্য,ন,সূর্য্যের উত্তরে গতির সীমা নিরূপক রেখা, বিষুব রেখার ২৩॥০ অংশ উত্তরে যে অক্ষ রেখা কল্পিত আছে। Tropic of Cancer.

উত্তরাশাপতি, (উত্তর+আশা=দিক্ +পতি=প্রভু, ৬-ষ) ব্য, পুং, উত্তরাশা অর্থাৎ উত্তরদিকের অধিপতি বলিয়া, কুবের।

উত্তরাষাঢ়া, (উত্তর=পশ্চাদ্‌গামী+আষাঢ়া=নক্ষত্রবিশেষ, কর্ম্মধা) ব্য, স্ত্রী, একবিংশ নক্ষত্র।

উত্তরাসঙ্গ, (উত্তর=উপরিস্থিত+আসঙ্গ=আসক্তি, ৬.হু) ব্য, পুং—ন, আচ্ছাদনবস্ত্র, উত্তরীয়বস্ত্র, উড়ানী, চাদর।

উত্তরী, (উত্তরীয় শব্দজ) ব্য, দোছোট, পৈতের ন্যায় ধৃত বস্ত্র।

উত্তরীয়, (উত্তর=উপর+ঈয়—ইদমর্থে) ব্য, ন, ঊর্দ্ধদেহ ধারণীয় বস্ত্র, উড়ানী, দোছোট, দোবজা।

উত্তরেণ, (উত্তর+এনপ্) ব্য, উত্তরদিকে, উত্তরস্থ।

উত্তরেদ্যুঃ,(উত্তর=পশ্চাৎ+এদ্যুস্—দিবার্থে) ব্য, পরদিনে, আগামী দিবসে, কল্য।

উত্তরোত্তর,(উত্তর=পশ্চাৎ ,দ্বিত্ব)ক্রি,—ণ, ক্রমশঃ, ক্রমে ক্রমে।

উত্তান, (উৎ=উপরি+তন=বিস্তৃত হওয়া+অ—ষ) ণ, ত্রি, অগম্ভীর, ঊর্দ্ধমুখ শয়িত, চিৎহওয়া, বিস্তাররহিত। [তৃণ।

উৎতানক, ব্য,পুং,তৃণবিশেষ, অচ্চটা

উত্তানপাদ, ব্য, পুং, স্বায়ম্ভুব মনুর পুত্র, ধ্রুবের পিতা।

উত্তানপাদজ, (উত্তানপাদ=স্বায়ম্ভুবমনুপুত্র+জ—যে জন্মে, ৫-ষ) ব্য, পুং. উত্তানপাদ রাজার পুত্র, ধ্রুব।

উত্তানশয়, (উত্তান+শয়—যে শয়ন করে, কর্ম্মধা) ব্য, পুং. য়া—স্ত্রী, অর্ভক, অত্যন্ত শিশু। ণ, ত্রি, চিত হইয়া শয়িত।

উত্তাপ, (উৎ+তপ=উষ্ণ হওয়া+অ—ভাব) ব্য, পুং, তেজ, উষ্মা, তাপ।

উত্তাপিত, (উৎ+তাপি=উত্তপ্ত করান, উষ্ণ হওয়ান+ত—চ, ভাব) ণ,ত্রি,যে উত্তাপ পাইয়াছে,যাহাকে উষ্ণ করা গিয়াছে, সন্তাপিত।

উত্তার, (উৎ=উপরি+তার=যে পার হয়) ণ, ত্রি, উচ্চ, উৎকৃষ্ট, মহৎ। (উৎ+তারা, ৬.হু) উদগত-তারক নেত্রযুক্ত। পুং,বানর বিশেষ।

উত্তাল, (উৎ+তল=উন্নতহওয়া+ঘঞ—ঘ) ণ, ত্রি, উৎকট, মহৎ, শ্রেষ্ঠ, উন্নত, ত্বরিত, তালপ্রমাণ, ভয়ানক।

উত্তিষ্ঠমান, (উৎ+স্থা=থাকা, উঠা +শান—ম। ম—আগম) ণ, ত্রি, উত্থানশীল, বর্দ্ধমান, বৃদ্ধিশীল।

উত্তীর্ণ, (উৎ=উপরি+তীর্ণ=গত) ণ, ত্রি, পারগত, নদ্যাদির অপর পারে উপনীত, নির্গত, অতিক্রান্ত, উপস্থিত, নিষ্কৃতিপ্রাপ্ত, মুক্ত।

উত্তুঙ্গ, (উৎ=অতিশয়+তুঙ্গ=উচ্চ) ণ, ত্রি, উচ্চ, অত্যুন্নত, অত্যুচ্চ।

উত্তুষ, (উৎ=উদগত+তুষ, ৫.হু) ব্য, পুং, ভৃষ্ট ধান্য, লাজ, খই।

উত্তেজন, (উৎ+তিজ=তীক্ষ্ণকরা+অনট—ভাব) ব্য, ন, না—স্ত্রী, শাণাদি দ্বারা তীক্ষ্ণকরণ, উদ্দ্যকন, প্রবর্ত্তন, দমকান, উদ্দীপন, প্রোৎসাহন, ব্যগ্রকরণ, উৎপীড়ন।

উত্তেজিত, (উৎ+তিজ+ত—চ

ণ, ত্রি, উদ্দীপিত, শাণিত, প্রবর্ত্তিত, প্রোৎসাহিত, প্রেরিত। ব্য, ন, অশ্বের চতুর্থগতি।

উত্তেরিত, (উৎ+তৃ=গমনকরা+ত) ব্য, ন, অশ্বের চতুর্থ গতি।

উত্তোলন, (উৎ=ঊর্দ্ধ+তোলন=ওজন) ব্য, ন, উত্থাপন, তোলা, ঊর্দ্ধে নয়ন।

উত্তোলিত, (উৎ=ঊর্দ্ধ+তোলি=ওজন করান+ত—চ) ণ, ত্রি, উৎক্ষিপ্ত, উঠান।

উত্ত্যক্ত, (উৎ+ত্যক্ত=বর্জ্জিত) ণ, ত্রি, ঊর্দ্ধক্ষিপ্ত, পরিত্যক্ত, বিরক্ত।

উত্ত্রাস, (উৎ=অতিশয়+ত্রাস=ভয়) ব্য, পুং, ভয়, ত্রাস।

উত্থ, (উৎ=উপরি+স্থা=থাকা+ড—ঘ) ণ, ত্রি, উত্থিত, জাত, উৎপন্ন।

উত্থান, (উৎ=উপরি+স্থা=থাকা+ভ—ভাব, ভে, ঘ। স্—লোপ) ব্য, ন, উদয়, উত্থিতি, উন্নতি, উঠা, উঠন, অঙ্গন, উঠান, উদ্যোগ, উদ্যম, উৎসাহ, হর্ষ, রাজ্যচিন্তা, পৌরুষ, যুদ্ধ, রণ, সৈন্য, উৎপত্তি, মলত্যাগ।

উত্থানৈকাদশী, (উত্থান=উঠা, নিদ্রা হইতে হরির জাগরণ+একাদশী, ৬-হ) ব্য, স্ত্রী, কার্ত্তিক মাসের শুক্ল পক্ষের একাদশী, এই একাদশীতে নারায়ণ অনন্তশয্যা ত্যাগ করেন।

উত্থাপন, (উৎ+স্থাপি=স্থিতি করান+অনট—ভাব) ব্য, ন, উত্তোলন, প্রেরণ, উপস্থিত করা, ক্ষোভণ।

উত্থাপক, ব্য, পুং, উত্তোলনকারী, যে উৎসাহিত করে, চালাক।

উত্থাপিত, (উৎ+স্থাপি+ত—চ) ণ, ত্রি, উত্তোলিত, প্রেরিত, প্রবোধিত, ক্ষোভিত, উপস্থাপিত।

উত্থাসুক, (উৎ+স্থা+উক) ণ, ত্রি, উদ্ধত, অহঙ্কারী।

উত্থিত, (উৎ+স্থা+ক্ত—ঘ) ণ, ত্রি, উৎপন্ন, উদ্যত, উদ্গত, বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

উত্থিতাঙ্গুলি, (উত্থিত=বৃদ্ধিপ্রাপ্ত+অঙ্গুলি=আঙ্গুল, ৭-হ) ব্য, পুং, চপেট, চাপড়, বিস্তৃতাঙ্গুলি, করতল।

উৎপত, (উৎ=ঊর্দ্ধে+পত=যে গমন করে) ব্য, পুং, পক্ষী।

উৎপতন, (উৎ=ঊর্দ্ধ+পত=গমনকরা+অনট—ভাব) ব্য, ন, উৎপত্তি, উৎপ্লবন, উত্থান, ঊর্দ্ধগমন, উড্ডয়ন।

উৎপতিত, (উৎ+পত+ত—ঘ) ণ, ত্রি, উত্থিত, উদিত, উদ্গত।

উৎপতিষ্ণু, (উৎ+পত+ইষ্ণু—স্বশীলার্থে) ণ, ত্রি, উৎপতনশীল, ঊর্দ্ধগামী, উৎপতিত।

উৎপত্তি, (উৎ=উপরি+পত=গমন করা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, জন্ম, আবির্ভাব।

উৎপথ, (উৎ=হইতে+পথ, পথিন শব্দজ) ব্য, পুং, অসৎপথ, কুপথ।

উৎপদ্যমান, (উৎ+পদ্+শান—ঘ; য, ম—আগম) ণ, ত্রি, জায়মান যাহার উৎপত্তি হইতেছে।

উৎপন্ন, (উৎ+পদ+ত—ঘ; দ, ত=ন) ণ, ত্রি, জাত, উদ্ভূত, উত্থিত।

উৎপন্নতন্তু, (উৎপন্ন=জাত+তন্তু=সন্ততি, ৬ হ) ণ, ত্রি, যাহার সন্তান সন্ততি হইয়াছে।

উৎপল, (উৎ=উপরি+পল=গমন করা+অ) ব্য, ন, পদ্ম, কুমুদাদি জলপুষ্প মাত্র, নীলপদ্ম, কুড়বৃক্ষ পুষ্প। ণ, ত্রি, কৃশ।

উৎপলগন্ধিক, ব্য, ন, চন্দনবিশেষ।

উৎপলপত্র, ব্য, ন, পদ্মপত্র, স্ত্রীনখক্ষত, তিলক।

উৎপলশারিক, ব্য, স্ত্রী, শ্যামালতা।

উৎপলিনী, (উৎপল+ইন্—সমূহার্থে+ঈপ, স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পদ্মিনী

পদ্মবন, পদ্মসমূহ, জলপুষ্প বিশেষ।
উৎপলী—ব্য, স্ত্রী, তুষের চাপড়া।
উৎপবন, (উৎ—উপরি ইত্যাদি+পূ—বিশুদ্ধকরা+অনট—ভাব) ব্য, ন, কুশদ্বারা জলপ্রোক্ষণ।
উৎপশ্য, (উৎ=উদ্ধ+পশ্য=দর্শন) ণ, ত্রি, ঊর্দ্ধমুখ, উদ্ধদৃষ্টি বিশিষ্ট।
উৎপাটক, (উৎ+পাট+ণক—ম) ণ, ত্রি, যে উৎপাটন করে, উন্মূলনকারী।
উৎপাটন, (উৎ—উদ্ধ+পাট—গমন করান+অনট—ভাব) ব্য, ন, উন্মূলন, উত্তোলন, উপড়ান।
উৎপাটিত, (উৎ+পট—ণিচ+ক্ত—ম) ণ, ত্রি, উন্মূলিত, উৎখাত, আবর্জিত, উদ্ধৃত।
উৎপাত, (উৎ—অকস্মাৎরূপে+পৎ=গমনকরা+ঘঞ-ভাব) ব্য, পুং, উপদ্রব, প্রাণিদিগের শুভাশুভসূচক মহাভূতবিকার ভূমিকম্প প্রভৃতি, দৌরাত্ম্য, দৈব অমঙ্গল ঘটনা, দৈব নিগ্রহ। উৎপাত ত্রিবিধ, আন্তরীক্ষ, ভৌম এবং দিব্য, উল্কাপতন প্রভৃতি আন্তরীক্ষ উৎপাত, ভূমিকম্পাদি ভৌম এবং অকালগ্রহণ সূর্য্য গ্রহণ প্রভৃতি দিব্য উৎপাত।
উৎপাতকেতু, ব্য, পুং, অমঙ্গলচিহ্ন, উল্কাপাত, নির্ঘাত ভূমিকম্প প্রভৃতি।
উৎপাতবাত, ব্য পুং, ঝঞ্ঝা বায়ু।
উৎপাদক, (উৎ+উপরি+পদ গমনকরান+অক—দ) ণ, ত্রি, উৎপত্তিকারক, জনক।
উৎপাদন, (উৎ+পাদি+অনট—ভাব) ব্য, ন, উৎপন্ন করণ, জন্মান।
উৎপাদন, (উৎ+পাদি+অনট—ভাব) ব্য, ন, উৎপন্ন করণ, জন্মান।
উৎপাদশয়, (উৎ=উপরি+পাদ=পা+শয়=শয়ন, নিদ্রা) ব্য, পুং, টিটির পক্ষী।
উৎপাদিকা, (উৎ+পদ+ণিচ+ণক+আপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রীং, দেহিকানামক কীট, হিল মোচিকা, পূতিকা।
উৎপাদিত, (উৎ+পাদি+ক্ত—ম) ণ, ত্রি, জনিত, জন্মান।
উৎপাদ্য, (উৎ+পাদি+য ম)ণ, ত্রি, উৎপাদনযোগ্য, যাহা উৎপাদন করিতে হইবে।
উৎপালী, (উৎ=সম্মুখে+পল—রক্ষা করা+ঘঞ, ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, আরোগ্য, স্বাস্থ্য।
উৎপিঞ্জর, (উৎ=বাহিরে+পিঞ্জর=পিঞ্জরা) ণ, ত্রি, পিঞ্জরমুক্ত, বন্ধনমুক্ত [পিঞ্জল বণ, অতিশয় ব্যাকুল।
উৎপিঞ্জল, (উৎ+পিঞ্জ+কলচ্) ণ, ত্রি,
উৎপীড়, (উৎ+পীড=পীড়া দেওয়া+অল্ ভাব) ব্য, পুং, বাধা, উচ্ছলন, ঠেলাঠেলি, ঠাসাঠাসি, প্রবর্তন, আধিক্য, চাপাচাপি।
উৎপীড়ন, (উৎ+পীড়+অনট্—ভাব) ব্য, ন, উপদ্রব, পীড়াপীড়ি, ক্লেশ দেওয়া।
উৎপ্রাস, (উৎ+প্র+অস্—ক্ষেপণ করা+ঘঞ) ব, পুং, ঈষৎহাস্য উপহাস।
উৎপ্রেক্ষা, উৎপ্রেক্ষণ, (উৎ+প্র+ঈক্ষ্=দেখা, বিতর্ক করা+অ, অন=ভাব) ব, স্ত্রী, ন, অর্থালঙ্কারবিশেষ, প্রকৃত বস্তুতে অন্য প্রকার সম্ভাবনা, "সম্ভাবনমথোৎপ্রেক্ষা প্রকৃতস্য সমেন যৎ" কাব্যপ্রকাশ। বিতর্ক, অনুমান, উপেক্ষা, উদ্ভাবন, দর্শন, দেখা, অনবধান।
উৎপ্লবন, (উৎ=ঊর্দ্ধ+প্লবন=লম্ফ) ব্য, ন, উল্লম্ফন, লাফান, উন্মজ্জন, সন্তরণ, জলের উপরে ভাসা।
উৎপ্লবা, ব্য, স্ত্রীং, নৌকা।
উৎফাল, (উৎ+ফল্—চলা+ঘঞ। ন্—লোপ, উ=আ) সং, পুং, লম্ফ,

লাফান।

উৎফুল্ল, (উৎ+ফুল্ল=বিকসিত হওয়া+অ—ঘ) ণ, ত্রি, প্রফুল্ল, বিকসিত।

উৎস, (উন্দ্=আর্দ্র হওয়া+স—স্বার্থে) বা, পুং, প্রস্রবণ, পর্ব্বতের ঝরণা, ফোয়ারা।

উৎসঙ্গ, (উৎ+সনস্ত=আলিঙ্গন করা+ঘঞ—ড) বা, পুং, ক্রোড, কোল, উরু, উর্দ্ধভাগ, উর্দ্ধতল। ণ, ত্রি, নিঃসঙ্গ, সঙ্গবর্জ্জিত, উৎসন্ন, নষ্ট।

উৎসঙ্গিত, (উৎসঙ্গ+ইত) ণ, উৎসঙ্গে স্থাপিত।

উৎসন্ন, (উৎ+সদ=গমনকরা, নষ্ট হওয়া+ক্ত—ঘ; দ, ত=ন্ন) ণ, ত্রি, নষ্ট, ধ্বস্ত।

উৎসর্গ, উৎসর্জ্জন, (উৎ+সৃজ=ত্যাগ করা+ঘঞ, অনট—ভাব) বা, পুং, ন, পরিত্যাগ, দান, বন্দন, সামান্য বিধি, সাগ্নিকর্ত্তব্য ক্রিয়াবিশেষ।

উৎসর্পণ, (উৎ=উর্দ্ধ+সৃপ=ধীরে ধীরে গমনকরা+অনট—ভাব) বা, ন, উল্লঙ্ঘন, উর্দ্ধগমন, ত্যাগ।

উৎসর্পী, (উৎসর্প=উর্দ্ধগমন+ইন—অস্ত্যর্থে) ণ, ত্রি, উর্দ্ধগামী উৎসর্পণকারী। [বিশেষ।

উৎসর্পিণী—বা স্ত্রী, জৈনদিগের কাল

উৎসব, (উৎ+সূ=প্রসব করা+অল) বা, পুং, যে সুখ প্রসব করে, আনন্দজনক ব্যাপার, আনন্দ, ইচ্ছাপ্রসর, কোপ।

উৎসবসঙ্কেত, (উৎসব=আনন্দজনক+সঙ্কেত=অত্যন্ত অনুরাগ বশতঃ স্ত্রী-পুরুষের পরস্পর আহ্বান, ৬ ত) বা, পুং, পার্ব্বত্য জাতি বিশেষ; ইহাদের দাম্পত্য নিয়ম নাই, স্ত্রীপুরুষেরা পরস্পর অনুরক্ত হইলেই, ইহারা স্বেচ্ছা বিহার করিয়া থাকে।

উৎসাদন, (উৎ+সদ=গমন করান, বিনাশ করা+ণিচ্+অনট—ভাব) বা, ন, উদ্বর্ত্তন, সুগন্ধদ্রব্য দ্বারা গাত্র পরিষ্করণ, মলশোধন, বিনাশ, উন্মূলন, আরোহণ, উত্তোলন।

উৎসাদিত, (উৎ+সদ্+ণিচ্+ক্ত—চ) ণ, ত্রি, উৎপাটিত, বিনাশিত, উন্মূলিত, পরিষ্কৃত, নির্ম্মলীকৃত, আরূঢ়, উত্তোলিত।

উৎসারণ, (উৎ+সৃ+ণিচ্=গমনকরান+অনট—ভাব) বা ন, সরাইয়া দেওয়া, দূরীকরণ, দূরে রাখা।

উৎসারিত, (উৎ+সৃ+ণিচ্+ক্ত—চ) ণ, ত্রি, দূরীকৃত, চালিত, স্থানান্তরিত।

উৎসাহ, (উৎ=অতিশয়+সহ=সহ্য করা+ঘঞ—ভাব) বা পুং, উদ্যম উদ্যোগ, অধ্যবসায়, [illegible], কোন কার্য্য করিতে দৃঢ়তর প্রবৃত্তি, যথা "[illegible]" [illegible], হর্ষ, সামর্থ্য, সূত্র, [illegible]।

উৎসাহিত, (উৎসাহ+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, উৎসাহযুক্ত, সমুৎসাহিত, যাহাকে উৎসাহ দেওয়া হইয়াছে।

উৎসিক্ত, (উৎ+সিচ=সেচনকরা, গর্ব্ব করা+ক্ত—চ) ণ, ত্রি, গর্ব্বিত, উদ্ধত, উপরিভাগে সিক্ত, উদ্রিক্ত, বর্দ্ধিত।

উৎসুক, (উৎ+সূ=প্রসব করা+ক্বিপ; ক—স্বার্থে) ণ, ত্রি, ইষ্ট বিষয়ে উদ্যুক্ত, ইচ্ছুক, উৎকণ্ঠিত, প্রিয়, অদ্ভুত। [সায়াহ্ন, সন্ধ্যাকাল।

উৎসূর, (উৎ+সূর=সূর্য্য) বা পুং,

উৎসৃজন, (উৎ+সৃজ=ত্যাগ করা+অনট—ভাব) বা, ন, ত্যাগ, সমর্পণ। [ত্যাক্ত, বিসৃষ্ট, দত্ত, নিক্ষিপ্ত।

উৎসৃষ্ট, (উৎ+সৃজ+ক্ত—চ) ণ, ত্রি,

উৎসেক, (উৎ+সিচ+ঘঞ—ভাব) বা, পুং, গর্ব্ব, অহঙ্কার, দর্প, উদ্রেক, উপরিভাগে জলসেক, উৎপতন।

উৎসেচন, (উৎ+সিচ্+অনট—ভাব) ব্য, ন, উপরিসেক, উত্তেজন, ফোয়ান।

উৎসেধ, (উৎ—উপরি+সিধ্—গমন করা+ঘঞ—ভাব) ব্য,পুং, উচ্চতা, ঔদ্ধত্য, দেহ, দেহবিস্তা। ন, বধ, বিনাশ।

উদ্,—উৎ, ব্য, ঊর্দ্ধ, উচ্চতা, ঔদ্ধত্য, বিপরীত, অভক্ত, উৎকর্ষ, প্রকাশ, বিভাগ, দৌর্ব্বল্য, অস্বাস্থ্য, সামর্থ্য, প্রাধান্য, বন্ধন, মোচন, নৈকট্য।

উদ, উদক, (উন্দ=আর্দ্র হওয়া, নিপাতন,) ব্য, ন, বারি, জল। উদক শব্দ উদশব্দবৎসাধ্য, কেহ কেহ বলেন,উদ এবং ক শব্দ যোগে উদক শব্দ নিষ্পন্ন হইয়াছে। এই উভয় শব্দের অর্থ জল।

উদক্, ব্য, উত্তর দিক্ বা কাল, উত্তরাভিমুখ, পরবর্ত্তী।

উদকক্রিয়া, (উদক=জল+ক্রিয়া=কর্ম্ম, ৬-ষ) ব্য, স্ত্রী, প্রেতপ্রীত্যর্থে উর্দ্ধতন চতুর্দ্দশ পুরুষের জলদান, তর্পণাদি। [তর্পণ।

উদকদান, (উদক+দান, ৬-ষ্ঠী) ন,

উদকীর্য্য, ব্য, পুং,করঞ্জবিশেষ, ডহরকরমচা।

উদকুম্ভ, (উদ=উদকপূর্ণ+কুম্ভ=কলস, কর্ম্মধা) ব্য,পুং,উদকপূর্ণ কলস।

উদকোদর,(উদক+উদর, ৬.হ)ণ,ত্রি, উদরীরোগাক্রান্ত। ব্য, ন, উদরী।

উদক্ত,(উদ্+অক=গমনকরা+ক্ত) ণ, ত্রি, উত্থিত, ঊর্দ্ধদিকে গত।

উদক্যা, (উদক=জল+য, যোগ্যার্থে) ব্য,স্ত্রী, রজস্বলা, ঋতুমতী স্ত্রী।

উদগদ্রি, (উদক্=উত্তরদিক্+অদ্রি=পর্ব্বত, ৭-ষ) ব্য, পুং, হিমালয় পর্ব্বত।

উদগয়ন, (উদক্=উত্তর দিক্+অয়ন=গমন, ৭-ষ) ব্য, ন, উত্তরায়ণ, সূর্য্যের উত্তর দিকে গমন।

উদগ্র, ম, উদগ্র মি,ব্য, পুং ; স্ত্রী, উত্তম মাটী, উর্ব্বরা ভূমি।

উদগ্র, (উৎ=উপরি+অগ্র=শেষ, আগা, ৬ হ) ণ, ত্রি, উন্নত, উদ্ধত, উৎকট, অতি মহৎ, তীব্র, দীর্ঘ, উদ্ধত। [পুং, চক্ষুপাত্র, কুঁজা।

উদঙ্ক, (উদ্+অঙ্ক+ঘঞ—ভাব) ব্য, উদচ, উদঞ্চ, (উৎ=উপরি+অন্চ=গমন করা+কিপ্) ণ, ত্রি, উত্তরাভিমুখ, ঊর্দ্ধগত।

উদজ, (উদ=জল+জ=জাত) ণ, ত্রি, জলজাত পদ্ম প্রভৃতি, (উদ্=উত্তর দিক্+অজ=গমনকরা+অপ্)ব্য,পুং, চালিত মেষাদির দল।

উদঞ্চন (উদ+অঞ্চ+অনট্—ভাব) ব্য, ন, ঊর্দ্ধক্ষেপণ, উদ্গমন, আচ্ছাদন, পাত্র, ঢাকুনি।

উদঞ্চিত, (উৎ=উপরি+অন্চ=গমন করা, পূজা করা+ক্ত—চ) ণ, ত্রি, উৎক্ষিপ্ত, উদগত, পূজিত।

উদগুপাল, (উদ্—অনেক+অণ্ড—ডিম্ব+পাল=যে পালন করে) ব্য, পুং, মৎস্য বিশেষ, সর্পবিশেষ।

উদধি,(উদ্=জল+ধি=যে ধারণ করে, ২-ষ) ব্য, পুং, জলধি, সমুদ্র।

উদধিক্রম, (উদধি+ক্রম=যে গমন করে) ণ, ত্রি, সমুদ্রপথচারী,নাবিক।

উদধিমল, (উদধি=সমুদ্র+মল, ৬ ষ) ব্য, ন, সমুদ্র ফেণ।

উদধিমেখলা, (উদধি+মেখলা=কটিভূষণ, ৬.হ) ব্য, স্ত্রী, পৃথিবী।

উদধিসুতা, (উদধি+সুতা, ৬-ষ) ব্য, স্ত্রী, লক্ষ্মী।

উদন্ত, (উৎ=বিচ্ছেদক+অন্ত=শেষ) ব্য, পুং, বার্ত্তা, বৃত্তান্ত, সংবাদ, খবর।

উদন্যা, (উদক+য—ইচ্ছার্থে, ক=ন, +আ—ভাব) ব্য, স্ত্রী, পিপাসা,

উদক পায়েজ্জা।

উদধান্, (উদক+ধৎ—অস্ত্যর্থে, ম=ব। ক=ন) ব্য পুং, উদধি, সমুদ্র।

উদপান, (উদ=জল+পান [পা—পান করা+অনট—ভে]=পানের স্থান, ৬-ষ) ব্য, পুং,—ন, কূপ সমীপে চৌবাচ্চা।

উদপেষ, ব্য ন, গোল, কোনদ্রব্য জলে মিশ্রিত করণ। [জল বাহক।

উদভার, (উদ+ভার) ব্য, পুং, মেঘ,

উদমাদ, (দেশজ) ণ নির্ব্বোধ।

উদয়, (উৎ=ঊর্দ্ধ+ই=গমন করা+অল—পা, ভে, ভাব) ব্য, পুং পূর্ব্ব পর্ব্বত, উদয়াচল, উৎপত্তি, উত্থান, উঠা বৃদ্ধি, লাভ, ফলসিদ্ধি, লগ্ন, সৃষ্টি গ্রহনক্ষত্রাদির আবির্ভাব আর।

উদয়ন, (উৎ+ই+অন—সংজ্ঞার্থে ভাব) ব্য পুং, অগস্ত্য, কুসুমাঞ্জলি প্রভৃতি গ্রন্থকারক উদয়নাচার্য্য বৎসরাজ। ন, উত্থান উদয়।

উদয়াস্ত, (উদয়+অস্ত) ব্য, ন, উদয় হইতে অস্তপর্য্যন্ত কাল, প্রাতঃকাল হইতে সন্ধ্যা পর্য্যন্ত সময়।

উদয়োন্মুখ, (উদয়+উন্মুখ, ৪ ষ) ণ ত্রি, উদয়ে উন্মুখ, যাহার উদয় হইবার উপক্রম হইয়াছে।

উদর, (উদ=উপর+ঋ=গমন করা+অচ্ বা অল্) ব্য, ন, যে উপরে গমন করে কিম্বা আকার দ্বারা স্ফীত হয়, জঠর, পেট, অভ্যন্তর। (উৎ+দৃ=বিদীর্ণ হওয়া, হন্যা করা+অল) যুদ্ধ, উদররোগ।

উদরগ্রন্থি, (উদর=জলপেট+গ্রন্থি=গাঁইট, ৭ ষ) ব্য, পুং, গুল্মরোগ, প্লীহা, অন্ত্র, নাড়ী।

উদরত্রাণ, (উদর=পেট+ত্রাণ=যে রক্ষা করে) ব্য, ন, উদরবন্ধবস্ত্রাদি, কোমরবন্ধ।

উদরথি, (উদ=অবাধে+ঋ=গমনকরা+অথিন্ ব্য, পুং, যে অবাধে গমন করে বা যথায় অবাধে গমনকরা যায়, সূর্য্য সমুদ্র।

উদরপরায়ণ, (উদর+পরায়ণ=অনুরক্ত, ৭ ষ) ণ, ত্রি, পেটুক, ঔদরিক।

উদরপিশাচ, (উদর+পিশাচ, ৭-ষ) ণ, ত্রি, সর্ব্বান্নভক্ষক, যাহার আহার বিষয়ে ভাল মন্দ, পথ্যাপথ্য বিবেচনা নাই।

উদরম্ভরি, (উদরম+ভরি [ভৃ=পোষণ করা+খি—ম]=য ভরে) ণ, ত্রি, আত্মম্ভরি, পেটুক।

উদরশয়, (উদর+শয়=যে শয়ন করে) ণ, ত্রি যে উপুড় হইয়া শয়ন করে, বা নিদ্রা যায়। [ণ ত্রি, পেটুক।

উদরসর্ব্বস্ব (উদর+সর্ব্বস্ব, ৬-ষ)

উদরাময়, (উদর=পেট+আময়=পীড়া, ৬-ষ, ব্য পুং, উদররোগ, পেটের পীড়া। [ন]ব্য, পুং, নাভি।

উদরাবর্ত্ত, (উদর+আবর্ত্ত=ঘূর্ণন, ৬

উদরাবেষ্ট (উদর+আবেষ্ট=যে বেষ্টন করে) ব্য পুং উদরে জাত দীর্ঘাকার রজ্জুবৎ কৃমি।[স্ত্রী, গর্ভবতী

উদরিণী, (উদরিন+ঈ—স্ত্রীলিঙ্গে)ব্য,

উদরী (উদর+ঈ—বিকারার্থে) ব্য, স্ত্রী, উদরস্ফীততা, রোগবিশেষ।

উদরী, উদরিল, (উদর+ইন ইলচ্—অস্ত্যর্থে) ণ ত্রি, তুন্দিল তুন্দোদর, মোটা, ভুঁড়ো।

উদর্ক (উদ=অতিশয়+অর্চ=স্তব করা+ঘঞ্—সংজ্ঞার্থে) ব্য, পুং, ভাবিফল, ভবিষৎ কাল লক্ষ্যবিশেষ।

উদর্চ্চিঃ, (উৎ=উদগত+অর্চ্চিস্=প্রভা, ৬,ষ) ণ, ত্রি, প্রজ্বলিত, উজ্জ্বলশিখ। ব্য, পুং অগ্নি শিব, কন্দর্প

উদজ (উৎ=ঊর্দ্ধে+অজ=গমন করা+অচ) ব্য, পুং, রোগ বিশেষ, যথা পশ্চিমা।

উদর্ক (উৎ+বৃধ্=বৃদ্ধি পাওয়া + অচ্) ব্য, পুং, অর্বুদ বিশেষ।

উদবজ্র, ব্য, পুং, জল প্রপাত, জলস্তম্ভ।

উদবসিত, (উদ=জল+বসিত[বস্=আচ্ছাদন করা+ক্ত—চ]=আচ্ছাদিত, ৬-ষ) ব্য, ন, জল নিবারণ জন্য যাহা আচ্ছাদিত হয়, ভবন, বসতি বাটী।

উদবাস, (উদ+বস+ঘঞ) ব্য, পুং, নদী বা পুষ্করিণীর ধারে নির্ম্মিত বাটী, জলে বাস করণ।

উদশ্বিৎ,(উদ=জল+শ্বি=বৃদ্ধিপাওয়া +কিপ—ষ, ৩-ষ) ব্য, ন, যে জল দ্বারা বাড়ে, অর্দ্ধজলযুক্ত ঘোল।

উদস্ত,(উৎ+অস্=ক্ষেপণকরা+ক্ত — চ) ণ, ত্রি, উৎক্ষিপ্ত, ইতস্ততঃ বিক্ষিপ্ত, লজ্জাপ্রাপ্ত।

উদহার, (উদ=জল+হার) ব্য, পুং, মেঘ, জলবাহক।

উদাজ, (উৎ=অগ্রে+অজ=গমন করা+ঘঞ) ব্য, পুং, আজ্ঞাকারক, নেতা।

উদাত্ত, (উৎ=উচ্চ+আত্ত [আ+দা=দানকরা,উচ্চারণ করা+ক্ত—চ] =উচ্চারিত)ব্য,পুং,যাহা উচ্চ করিয়া উচ্চারণ করা যায়, উচ্চস্বরবিশেষ, দান, বৃহৎ ঢক্কাবিশেষ। ণ, ত্রি, দাতা, মহান্, হৃদয়ঙ্গম, প্রিয়, বিখ্যাত,দয়ালু। ন, অর্থালঙ্কার বিশেষ, অলৌকিক সম্পত্তিবর্ণন, অথবা মহৎ ব্যক্তিদের চরিত যদি প্রস্তুত বিষয়ের অঙ্গ হয়।

উদান, (উৎ+আ+অন্=বাঁচা + অল—ণ) ব্য, পুং, প্রাণাদি পঞ্চ বায়ুর অন্তর্গত বায়ু বিশেষ ; কণ্ঠস্থ বায়ু; এই বায়ুদ্বারা কথনাদি হয় ও ইহার দ্বারা বাঁচে বলিয়া ; নাভি, সর্পবিশেষ।

উদার, (উৎ+আ+ঋ=গমনকরা,দান করা ইত্যাদি+ঘঞ) ণ,ত্রি, দাতা, মহাত্মা, উৎকৃষ্ট, গম্ভীর,সরল, মহৎ, উচ্চ।

উদারসংজ্ঞক,(উদার+সংজ্ঞা-৬, ব,+ক, স্বার্থে) ণ, ত্রি, যথার্থপ্রকাশক।

উদারসত্ত্ব,(উদার=মহৎ+সত্ত্ব=বল—৬,ব) ণ, ত্রি, শূর, বলবান্, মহাশয়।

উদারাখ্যা, (উদার+আখ্যা) ব্য,স্ত্রী, অস্পষ্ট, ঘোরার্থ, বহুকষ্টে যাহার অর্থ বুঝা যায়।

উদাবৎসর, ব্য, পুং, পঞ্চপ্রকার বৎসরের মধ্যে বৎসর বিশেষ।

উদাবর্ত্ত, (উদ=উপরি+আবর্ত্ত=বাস স্থান) ব্য,পুং, রোগবিশেষ, মল মূত্র বায়ু রোধক রোগ। [রজঃ কৃচ্ছ্রতা।

উদাবর্ত্ততা, (উদাবর্ত্ত+তা) ব্য, স্ত্রী,

উদাস, (উদ্+অস=বিক্ষেপ করা+ঘঞ) ণ, ত্রি, উদাসীন, বিরাগী, মধ্যস্থ। ব্য,পুং, বৈরাগ্য।

উদাসিতা, উদাসীন, (উদাস+তৃণ, উদ্+আস+শান—ষ) ণ, ত্রি, নিঃসঙ্গ, বৈরাগী, বিষয়বিরত হইয়া ধর্ম্মচিন্তায় একান্ত রত, নিঃসম্বন্ধ, নিঃসম্পর্ক, তটস্থ, মধ্যস্থ, যে ব্যক্তি কোন পক্ষেই লিপ্ত নয়, সপক্ষ বিপক্ষ রহিত।

উদাস্থিত, (উদ্=উপরি+আ+স্থা= থাকা+ক্ত-চ)ব্য,পুং, চর, দ্বারপাল, অধ্যক্ষ। ণ, ত্রি, উপরি স্থাপিত।

উদাহরণ, উদাহার, (উদ্ + আ +হৃ=আহরণ করা+অনট্, ঘঞ্, ভাব) ব্য, ন ; পুং, দৃষ্টান্ত, নিদর্শন। বর্ণন, উল্লেখ, প্রকৃত বিষয়ের সমর্থক কথা প্রসঙ্গ, প্রয়োগ প্রদর্শন কথা প্রসঙ্গ, সন্দর্ভ।

উদাহৃত, (উদ্+আ+হৃ+ক্ত—চ) ণ, ত্রি, কথিত, দৃষ্টান্তরূপে কথিত, উচ্চারিত, বর্ণিত, উল্লিখিত, উপযুক্ত।

উদিত, (উদ্=উপরি+ইত=গত)

ণি, ত্রি, উদ্গত, উৎপন্ন, উন্নত, দীর্ঘ, কথিত, উত্থিত, ধৃত, প্রাদুর্ভূত, বদ্ধ। ন, লগ্ন, (বদ্=বলা+ক্ত—ট) উক্ত।

উদিতোদিত, (উদিত [ধর্ম্ম এবং বিধি কর্ত্তৃক]=কথিত+ উদিত=উত্থিত, বিখ্যাত) ণ, ত্রি, শাস্ত্রজ্ঞ।

উদীক্ষণ, (উদ্+ঈক্ষণ=দর্শন) ব্য, ন, উদ্বীক্ষণ, দর্শন, প্রতীক্ষা।

উদীচী, (উৎ+অঞ্চ্+ক্বিপ্+ঈ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, উত্তরদিক্।

উদীচীন, (উদচ্+ঈন—ইদমর্থে) ণ, ত্রি, উত্তরদিক্ সম্বন্ধীয়।

উদীচ্য (উদীচী+য—ভাবার্থে) ণ, ত্রি, উত্তরদেশীয়। বা, পুং, সরস্বতী নদীর উত্তর পশ্চিমস্থ দেশ।

উদীচ্যবৃত্ত, ব্য, উত্তর মেরুর ২৩৷৷০ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে (Arctic Circle)

উদীচেতরবৃত্ত, ব্য, দক্ষিণ মেরুর ২৩৷৷০ উত্তর অংশে যে অক্ষরেখা আছে। Antertic circle.

উদীরণ, (উদ্=উপরি+ঈর্=গমনকরা ইত্যাদি+অনট্—ভাব) ব্য, ন, উচ্চারণ, বিজৃম্ভণ, উদ্দীপন, প্রেরণ, উৎপত্তি, কথন।

উদীরিত, (উদ্+ঈর+ক্ত—ট) ণ, ত্রি, উচ্চারিত, কথিত।

উদীর্ণ, (উৎ=উপরি+ঋ=গমনকরা+ক্ত—য) ণ, ত্রি, উদ্গত, উদ্ধত, উদ্দীপ্ত, উদ্রিক্ত, উৎকট, প্রবল।

উদীর্য্য, (উৎ+ঈর+য—ট) ণ, ত্রি, কথনীয়, বক্তব্য, বলিবার যোগ্য।

উদুমধুমা, (দেশজ) ণ, অসভ্য, গ্রাম্য, মূর্খ।

উদুম্বর, (উডুম্বর দেখ) সং, পুং, কুষ্ঠ রোগ বিশেষ। ন, বারাণ্ডা, ডুমুর, যজ্ঞ ডুমুর গাছ। ন, ওৎকল, তাম্র।

উদুম্বরপর্ণী, ব্য, স্ত্রী, বৃক্ষবিশেষ, দন্তিবৃক্ষ।

উদুখল, (উদ্=উপরি+খ=আকাশ+লা+ড) ব্য, পুং-ন, ধান্যাদি কণ্ডনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্রবিশেষ, উখলি।

উদূঢ়, (উদ্=উপরি+বহ=বহনকরা+ক্ত—ট। নিপাতন) ণ, ত্রি, ধৃত, বাহিত, বিবাহিত, উঢ়, স্থূল, উন্নত, অতিরিক্ত। [উত্থিত।

উদ্গ, (উদ্+গম+ড) ণ, ত্রি, উর্দ্ধগত,

উদ্গত, (উদ্=উপরি+গত=যে গিয়াছে) ণ, ত্রি, উত্থিত, উৎপন্ন, উদিত।

উদ্গতা, ব্য, স্ত্রী, ছন্দোবিশেষ।

উদ্গম, (উদ্=উপরি+গম=গমন) ব্য, পুং, উত্থান, উৎপত্তি, উদয়, উঠা।

উদ্গমনীয়, (উদ্=উপরি+গম=গমন করা+অনীয়) ব্য, ন, ধৌত বস্ত্রযুগল। "গৃহীতপত্যুদ্গমনীয়বস্ত্রা" কুমার। ণ, ত্রি, সাদরে গ্রহণযোগ্য।

উদ্গাঢ়, (উদ্=অতি+গাঢ়=অতিশয়) ক্রি—ণ, অতিশয়, অধিক, অতিমাত্র।

উদ্গাতা, (উদ্=উচ্চ+গাতা=যে গান করে) ব্য পুং, সামবেদ পাঠক। ণ, ত্রি, উচ্চৈঃস্বরে যে গান করে।

উদ্গাথা, ব্য, স্ত্রী, আর্য্যাচ্ছন্দের ভেদ বিশেষ, গীতিচ্ছন্দ।

উদ্গার, উদ্গারণ, (উদ্=উপরি+গৃ=ভোজনকরা+ঘঞ্, অনট্—ভাব) ব্য, পুং, ন, উচ্চারণ, বমন, নিঃসরণ, মুখ দ্বারা বায়ু নির্গম।

উদ্গীত, (উদ্=উচ্চ+গীত) ণ, ত্রি, উচ্চৈঃস্বরে গীত।

উদ্গীতি, (উদ্+গীতি=ছন্দোবিশেষ) ব্য, ন, আর্য্যাছন্দোবিশেষ, উচ্চৈঃস্বরে গান।

উদ্গীথ, (উদ্=উচ্চ+গৈ=গানকরা+থক্—সংজ্ঞার্থে) ব্য, পুং সামবেদের অংশবিশেষ। যথা "ভূয়াংস উদ্গীথবিদো বসন্তি" উত্তরচরিত।

উদ্গীর্ণ, (উদ্+গৃ+ক্ত—চ) ণ, ত্রি, বমিত, ব্যাপ্ত, উচ্চারিত, উত্থিত, অঙ্কুরিত, অঙ্কুরিত, প্রতিবিম্বিত, নির্গত, উৎসৃষ্ট।

উদ্গূর্ণ, (উদ্=উপরি+গুর্=উত্তোলন করা+ক্ত—চ) ণ, ত্রি, উত্তোলিত, উত্থান, উদ্যত, উত্তেজিত।

উদ্গ্রথিত, (উধ+গ্রন্থ=গাঁথা+ক্ত—চ) ণ, ত্রি, ঊর্দ্ধে সংযত, উপরিভাগে বদ্ধ।

[গ্রহণ, প্রত্যুত্তর দান।

উদ্গ্রাহ, (উদ্+গ্রহ+ঘঞ্) ব্য, পুং,

উদ্গ্রাহিত, (উদ্=উপরি+গ্রাহিত=নীত) ণ, ত্রি, বদ্ধ, আক্রান্ত, অন্তঃকরণে অর্পিত,উপন্যস্ত, প্রত্যার্পিত, গ্রাহিত।

উদ্ঘ, (উদ্=অধিক+হন্=আঘাত করা+ঘঞ্) ব্য, পুং, সুখ, উৎকর্ষ, করপুট, বহ্নি, বায়ু, প্রশংসা। ণ, ত্রি, প্রকাণ্ড, প্রশস্ত।

উদ্ঘট্টন, (উদ্=উপরি+ঘট্টন=সংযোগ) ব্য, ন, আঘাত, প্রহার, ধাক্কা মারা, উন্মোচন।

উদ্ঘট্টিত, (উদ্=উপরি+ঘট্টিত=ব্যাবোজিত) ণ, ত্রি,আহত,উন্মোচিত।

উদ্ঘন, (উদ্=উপরি+হন=বধকরা+অল—ড়ে, অধি) ব্য, পুং, যাহার উপর কাষ্ঠ রাখিয়া সূত্রধারেরা কর্ম্ম করে, পরকাঠ।

উদ্ঘর্ষণ, (উদ্=উপরি+ঘর্ষণ=ঘষা) ব্য, ন, উপরি ঘর্ষণ, গাত্রাদি মার্জ্জন।

উদ্ঘস, (উদ্+অদ্=ভক্ষণ কর+অল্—চ। অদ=ঘস) ব্য, ন, যাহা ভক্ষিত হয়, মাংস।

উদ্ঘাট, (উদ্+ঘট=চেষ্টা করা+ঘঞ্—ভাব ব্য, পুং, রাজস্ব গ্রহণ স্থান, কুত ঘাট, চৌকিঘর, থানা।

উদ্ঘাটক, (উদ্+ঘট+ণক—ষ) ণ, ত্রি, উন্মোচনকারী, উত্তোলনকারী, উল্লেখক, প্রকাশক। ব্য,পুং—ন, কূপ হইতে জল তুলিবার যন্ত্র বিশেষ,ঘটী।

উদ্ঘাটন, (উদ্+ঘাটি=চেষ্টা করা, তুলা ইত্যাদি+অনট্—ণ,ভাব) ব্য, ন, কূপের জল তুলিবার জন্য রজ্জু সহিত চর্ম্মপাত্র। উন্মোচন, উত্তোলন, উন্মোচনসাধন দ্রব্য, উল্লেখ, প্রকাশ করা।

উদ্ঘাটিত, (উৎ+ঘাটি+ক্ত—চ) ণ, ত্রি, উন্মোচিত, উত্তোলিত, কৃতোদ্ঘাটন, খোলা, প্রকাশিত।

উদ্ঘাটিতজ্ঞ,(উদ্ঘাটিত+জ্ঞ=যে জানে) ণ, ত্রি, বুদ্ধিমান্, প্রাজ্ঞ।

উদ্ঘাটিতাঙ্গ, (উদ্ঘাটিত+অঙ্গ=শরীর) ণ, ত্রি, বুদ্ধিমান্, বিবস্ত্র, উলঙ্গ।

উদ্ঘাত, (উৎ+হন=বধকরা+ঘঞ্—ধ, ভাব) ব্য,পুং,শস্ত্রবিশেষ, প্রতিঘাত। যথা "উদ্ঘাতিনী ভূমিরিতি রথস্য মন্দীভূতোবেগঃ" শকুন্তলা। বাধা, উপক্রম, গ্রন্থ পরিচ্ছেদ,পাদস্খলন, পবনাভ্যাস যোগের নিমিত্ত কুম্ভকাদিক্রিয়া, উদ্গম, মুদ্গর। ণ, ত্রি, উদ্গম। উদ্গত, অধ্যায়, আরম্ভ, যথা "উদ্ঘাত প্রণবো যাসাং ন্যায়ৈস্ত্রিভিরুদীরণম্ প্রভবো গিরাং" কুমারসম্ভব। উল্লেখ, নিদর্শন।

উদ্ঘাত্যক, (উৎ+ঘাত্রি=বধ করান+য—ণ, ব্য,পুং,প্রস্তাবনা বিশেষ।

উদ্ঘুষ্ট, (উদ+ঘুষ=শব্দকরা+ক্ত চ) ণ, ত্রি, শব্দিত।

উদ্দংশ, (উদ্=অধিক+দংশ [দন্শ্=দংশন করা+অল—ষ] =যে দংশন করে) ব্য, পুং, কেশকীট, উকুন, মৎকুন।

উদ্দণ্ডপাল, (উদ+দণ্ডপাল=শাস্তিদাতা) পুং,সর্পবিশেষ, মৎস্যবিশেষ। রাজা, শাসনকর্ত্তা।

উদ্দন্তুর, (উদ=উচ্চ, লম্বা+দন্তুর=বৃহৎ দন্তবিশিষ্ট,কর্ম্ম-ধা) ণ, ত্রি, ভীষণদন্ত। উন্নত, উচ্চ, ভীষণ,

উৎকট।

উদ্দান, (উদ্=বিরুদ্ধ+দা=দানকরা, ছেদন করা+অনট্—ভাব) ব্য, ন, চুরী, বাড়বাগ্নি, বন্ধন, বন্দীকরণ, মধ্যদেশ।

উদ্দাম, (উদ্+দম=বশীভূত করা, মুক্ত হওয়া+ঘঞ্—ষ) ণ, ত্রি, উৎকট, বন্ধন রহিত, স্বতন্ত্র, স্বেচ্ছাবিহারী, মহান্, যথা "উদ্দামদন্তুর বিধুন্বদদন্তঘাতৈঃ" প্রব্রজ্যা। "নদত্যাকাশগঙ্গায়াং স্রোতস্যুদ্দামদিগ্গজে" রঘুবংশ। বৃক্ষ।

উদ্দাল, উদ্দালক, ব্য, পুং, বহুবারক

উদ্দিত, (উৎ+দো=কর্ত্তনকরা+ক্ত—ট) ণ, ত্রি, বদ্ধ। [কাল, প্রতিদিন।

উদ্দিন, (উৎ+দিন) ব্য, ন, মধ্যাহ্ন

উদ্দিষ্ট, (উদ্+দিশ+ক্ত—ট) ণ, ত্রি, অভিপ্রেত, উপদিষ্ট, কথিত, যাহার অনুসন্ধান করা হইয়াছে, প্রতিজ্ঞাত; লক্ষীকৃত।

উদ্দীপক, (উদ্ = অধিক+দীপক [দীপ+ণক]=যে দীপ্ত করে) ণ, ত্রি, প্রকাশক, উত্তেজক, উদ্দীপন কর্ত্তা।

উদ্দীপন, (উদ্=অধিক+দীপ=দীপ্ত করা+অনট্, ভাব) ব্য, ন, না—স্ত্রী, উত্তেজন, উস্কে দেওয়া, দীপ্তকরণ। প্রকাশকরা, প্রজ্বলন, বর্দ্ধিত করণ, বিভাব বিশেষ, যথা "আলম্বনোদ্দীপনাখ্যৌ তস্য ভেদাবুভৌ স্মৃতৌ। উদ্দীপনবিভাবাস্তেরসমুদ্দীপয়ন্তি যে" সাহিত্য দর্পণ।

উদ্দীপন-বিভাব, ব্য, পুং, রসের উদ্দীপক বিভাব যথা— নায়কাদির চেষ্টা (রূপ ভূষণাদি) ও চন্দ্র চন্দন কোকিলালাপ ভ্রমর ঝঙ্কার প্রভৃতি।

উদ্দীপিত, (উৎ+দীপ্+ণিচ্+ক্ত—ট) ণ, ত্রি, উত্তেজিত, প্রজ্বলিত, প্রদীপ্ত, প্রকাশিত, বর্দ্ধিত।

উদ্দীপ্ত, (উদ্=অধিক+দীপ্ত=প্রকাশিত) ণ, ত্রি, জ্বলিত, প্রকাশিত।

উদ্দীপ্র, (উৎ+দীপ=দীপ্ত পাওয়া+রক্) ন, গুগ্গুল্।

উদ্দেশ, (উৎ+দিশ=দানকরা, বলা, লক্ষ্য করা ইত্যাদি+অল্—ভাব) ব্য, পুং, লক্ষ্য, প্রদেশ। অনুসন্ধান, অন্বেষণ, অভিপ্রায়।

উদ্দেশ্য, (উৎ+দিশ+য—ট) ণ, ত্রি, লক্ষ্য, অভিপ্রেত, প্রয়োজনীয়।

উদ্দেহিকা, ব্য, স্ত্রী কীটবিশেষ, উইপোকা।

উদ্দ্যোত, (উদ্+দ্যুৎ=দীপ্তি পাওয়া+অ—ভাব) ব্য, পুং, প্রকাশ, আলো।

উদ্দ্রাব, (উদ্=উপরি+দ্রু=গমনকরা+ঘঞ্—ভাব) ব্য, পুং, পলায়ন, প্রস্থান।

উদ্দ্রুত, (উৎ+দ্রু+ক্ত) ণ, ত্রি, পলায়িত, চলিত, আরূঢ়।

উদ্ধত, (উৎ=উপরি+হন্=গমনকরা+ক্ত—ষ) ণ, ত্রি, উৎকট, অবিনীত, ধৃষ্ট, দুরন্ত, উৎক্ষিপ্ত, অহঙ্কৃত।

উদ্ধতি, (উৎ+হন্+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, উৎপতন, ঔদ্ধত্য, ধৃষ্টতা।

উদ্ধয় (উৎ+ধে=পানকরন) ণ, ত্রি, পানকারক।

উদ্ধরণ, (উৎ=উপরি+ধৃ=লওয়া+অনট্—ভাব, অথবা,+হরণ, হৃ-ধাতুজ) ব্য, পুং, ন, উত্তোলন, উন্মূলন, মুক্তি, ঋণশোধ, বমন, বাহ্যান্ন।

উদ্ধর্ষ, (উদ্=অধিক+হর্ষ=সুখ, অনট=ভাব) ব্য, পুং, উৎসব, ধর্ম্মার্থ উৎসব, পরমানন্দ।

উদ্ধর্ষণ, (উদ্=অধিক+হৃষি=হৃষ্টহওয়া+অনট—ভাব) ব্য, ন, রোমাঞ্চ, লোমহর্ষণ।

উদ্ধব, (উৎ+ধু=অনুভব করা, আনন্দ করা+ঘঞ্—ভ, অথবা+হব—হুধাতুজ) ব্য, পুং, উৎসব, আনন্দজনক কর্ম্ম, যজ্ঞাগ্নি, কৃষ্ণের

যথা, "বৃষ্ণীনাং সম্মতো মন্ত্রী কৃষ্ণস্য দয়িতঃ সখা। শিষ্যো বৃহস্পতেঃ সাক্ষাৎ উদ্ধবো বুদ্ধিসত্তমঃ" বিশ্রামদিন।

উদ্ধান, (উদ্+ধা=ধারণ করা+অনট—ভাব) ব্য. ন, চুল্লী, উনান। ণ, ত্রি, উদ্গত, বমিত।

উদ্ধার, (উদ্=উপরি+হৃ=লওয়া+ঘঞ—ভাব, বা,+হার, হৃধাতুজ) ব্য, পুং, উত্তোলন, মোচন, পরিত্রাণ, ঋণ, কুসীদশূন্য ঋণ, অংশ। ন, উনন,আকা। রা=স্ত্রী, লতাবিশেষ, গুড়ুচী।

উদ্ধারণ, (উদ্+হৃ+ণিচ্+অনট—ভাব) ব্য, ন, উত্তোলন, বিভজন, উদ্ধার করণ।

উদ্ধুর, (উদ্+ধুর্=ভার—৬.হ) ণ, ত্রি, দৃঢ়, পুষ্ট, ভার যুক্ত।

উদ্ধূত, (উদ+ধু=কাঁপা, উঠান ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, উৎপাটিত, উত্থাপিত, উৎখাত, নিরস্ত, উৎকম্পিত, উৎক্ষিপ্ত, যথা "পুনানং, পবনোদ্ধূতৈর্ধূমৈরাহুতিগন্ধিভিঃ" রঘুবংশ। এলাচ লবঙ্গ কর্পূর কস্তুরী মরিচ প্রভৃতির ছাল একত্রে চূর্ণ।

উদ্ধূনন, (উৎ+ধু+অনট—ভাব) ব্য, ন, উৎক্ষেপণ, কম্পন।

উদ্ধূষণ, (উদ=উপরি+ধূষ=ভূষিত হওয়া+অনট—ভাব) ব্য, ন, রোমাঞ্চ।

উদ্ধৃত, (উৎ+হৃ+ক্ত—চ) ণ, ত্রি, উত্তোলিত, মোচিত, কৃতোদ্ধরণ, তোলা, উঠাইয়া দেওয়া, বিভক্ত, বিশেষিত, উৎক্ষিপ্ত, পরিভুক্তোচ্ছিত, বমিত।

উদ্ধ্মান, (উদ্+ধ্মা=অগ্নি সংযোগ, তাওয়ান+অনট—ভাব) ব্য, ন, চুল্লী, উনান, মহানস।

উদ্ধ্মাত, (উৎ+ধ্মা=শব্দকরা+ক্ত ণ,ত্রি,বমিত,উত্তোলিত। পুং,নির্মদ হস্তী।

উদ্ধ্য, (উদ্ধ=গমন করা+ক্যপ্—সংজ্ঞার্থে) ব্য, পুং, নদ, তরঙ্গযুক্ত নদী।

উদ্বদ্ধ, (উদ্=উপর,বৈপরীত্য+বন্ধ=বন্ধন করা+ক্ত—চ) ণ, ত্রি, ঊর্দ্ধে বদ্ধ, টাঙ্গান, বন্ধন ভ্রষ্ট।

উদ্বন্ধন, (উদ্=উপর,বৈপরীত্য+বন্ধন) ব্য, ন, গলায় দড়ি দেওয়া, বন্ধনভ্রংশ, খুলিয়া পড়া।

উদ্বাব, ব্য, পুং, অগ্নি, তাপ, উষ্মা।

উদ্বাহু, (উদ=উর্দ্ধ+বাহু, ৬-হ) ণ, ত্রি, উদ্ধবাহু, যথা, "প্রাংশুলভ্যে ফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ" রঘুবংশ।

উদ্বুদ্ধ, (উদ+বুদ্ধ=জাত,প্রকাশিত) ণ, ত্রি, বিকসিত, প্রস্ফুটিত, প্রবুদ্ধ, উদিত, অনুস্মৃত।

উদ্বোধ, (উদ্+বোধ=জ্ঞান) ব্য, পুং, কিঞ্চিৎ জ্ঞান, সংস্কারোদ্দীপন, স্মারক বস্তু দর্শনে বিস্মৃত বিষয়ের পুনরুপস্থিতি, স্মরণ, জাগরণ।

উদ্বোধক, (উদ্+বোধক=জ্ঞাপক) ণ, ত্রি, প্রকাশক,জ্ঞাপক,উদ্দীপক।

উদ্বোধন, (উদ+বোধি=জানান+অনট—ভাব) ব্য, জাগরিত করিয়া দেওয়া,মনে করিয়া দেওয়া, ণ, ত্রি, যদ্দ্বারা উদ্বোধ জন্মে।

উদ্ভট, (উদ=উচ্চ+ভট=উচ্চাকরা+অল—ব) ণ, ত্রি, যাহার উচ্চ মন, উৎকট, প্রবর, প্রসিদ্ধ, উদার, মহাশয়, শ্রেষ্ঠ, যথা "পদে পদে সন্তি ভটা রণোদ্ভটাঃ" নৈষধ, গ্রন্থবহিভূর্ত। পুং, কচ্ছপ, সূর্য্য।

উদ্ভব, (উদ+ভূ=হওয়া+অল—ভাব) ব্য, পুং, জন্ম, উৎপত্তি।

উদ্ভাবন, (উদ=উপরি+ভাবন=চিন্তা দর্শন) ব্য, ন, কল্পনা, উৎপাদন, উন্নয়ন, কথন, অজ্ঞাত

উদ্গার, (উদ্ + গৃ=মিশ্রকরা + ঘঞ্) ব্য, পুং, মিশ্রণ, সংযোজন।

উদ্যুক্ত, (উদ্ + যুজ=যোগকরা, উদ্যত হওয়া + ক্ত—ক) ণ, ত্রি, উদ্যোগ-বিশিষ্ট, উদ্যম যুক্ত, উৎসাহান্বিত, যত্নবান, চেষ্টিত।

উদ্যোগ, (উদ্ + যুজ + ঘঞ্—ভাব) ব্য, পুং, চেষ্টা, আয়োজন, উদ্যম, যত্ন, উৎসাহ, অধ্যবসায়।

উদ্যোগী, (উদ্যোগ + ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, উদ্যোগ বিশিষ্ট, যত্নশীল, উৎসাহী।

উদ্দ্যোত, ব্য, পুং, আলোক, জ্যোতি।

উদ্র, (উন্দ্=আর্দ্র হওয়া + রক—সংজ্ঞার্থে) ব্য, পুং, জলজন্তু বিশেষ, উদ্বিড়াল, জলমার্জ্জার।

উদ্রঙ্ক, উদ্রঙ্গ (উদ্ + রঙ্ক, রঙ্গ=নগর ; দ লোপ) ব্য, পুং, কল্পিতনগর বিশেষ, হরিশ্চন্দ্রপুর।

উদ্রথ, (উদ্=উদ্গত + রথ, ৫.ত) ব্য, পুং, রথকীলক। (রথতুল্য পক্ষ যাহার, ৬.ত) কুক্কুট, তাম্রচূড়পক্ষী।

উদ্রাব, (উদ্ + রু=শব্দকরা + ঘঞ্) ব্য, পুং, চীৎকার।

উদ্রিক্ত, (উদ্ + রিচ + ক্ত—চ) ণ, ত্রি, উত্থিত, উত্তেজিত, বর্দ্ধিত, স্ফুট, স্পষ্ট।

উদ্রেক, (উদ্ + রিচ=বিযুক্ত হওয়া, উঠা ইত্যাদি + ঘঞ্—ভাব) ব্য, পুং উত্থান, উত্তেজন, বৃদ্ধি, উপক্রম, আরম্ভ, "যথা গন্তো ভক্ত্যুদ্রেকঃ পরিণত মতো চক্রবপুষাত্রয়াণাং রক্ষায়ৈ ত্রিপুরহর জাগর্ত্তি জগতাং" মহিম্নস্তোত্র। স্ত্রী, মহানিম্ব।

উদ্বমন, (উদ্ + বমন—উদ্গার) ব্য, ন, উদ্গীরণ, বমি করা, তুলিয়া ফেলা।

উদ্বর্ত্ত, (উদ্ + বৃত + অল—ভাব) ব্য, পুং, অতিরেক, আধিক্য। ণ, ত্রি, অতিরিক্ত, উদ্বরণ, বাড়া, ব্যয়বিশিষ্ট।

উদ্বর্ত্তন, (উদ্ + বৃৎ=হওয়া, লেপনকরা ইত্যাদি + অনট—ভাব) ব্য, ন, গন্ধাদি দ্বারা বিলেপন, শরীর নির্ম্মলীকরণ, গন্ধদ্রব্যাদি, পান্টান, উৎপতন, গাত্রমার্জ্জন, ঘর্ষণ।

উদ্বর্দ্ধন, ব্য, ন, অন্তর্হাস।

উদ্বর্হিত, ণ, ত্রি, উদ্ধৃত।

উদ্বহ, (উদ্=দূরতর + বহ=যে বহন করে) ব্য, পুং, যে একের নাম ইত্যাদি বহন করে, সন্তান, বর, নায়ক, সপ্তবায়ুর অন্তর্গত বায়ু বিশেষ। হা—স্ত্রী, কন্যা, পুত্রী। ণ, ত্রি, উৎপাদক, জনক।

উদ্বহন, (উদ্ + বহ + অনট—ভাব) ব্য, ন, বিবাহ, বহন।

উদ্বান্ত, (উদ্ + বম=বমনকরা + ক্ত, চ) ণ, ত্রি, বমিত, কৃতবমন, উদ্গীর্ণ। উদ্ধৃত। ব্য, পুং, মদহীন গজ।

উদ্বাপ, (উৎ + বপ + ঘঞ্) ব্য, পুং, ন্যায় মতে কারণের অসদ্ভাবে কার্য্যের অসদ্ভাব।

উদ্বাস (উৎ + বস্ + ঘঞ্) ব্য, পুং, ত্যাগ, বিসর্জ্জন, আবরণ।

উদ্বাসন, (উদ্=বাহিরে + বাস=বাসকরা + অনট—ভাব) ব্য, ন, বিসর্জ্জন, মারণ বধ।

উদ্বাহ, (উদ্=উপরি + বহ=বহন + করা=ঘঞ্—ভাব) ব্য, পুং, বিবাহ, পরিণয়, ভার্য্যাত্ব সম্পাদক গ্রহণ।

উদ্বাহনী, (উদ্= উপরি + বাহি=বহন করান + অনট—ভাব, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, বরাটক, কড়ী।

উদ্বাহিত, (উদ্ + বহ + ণিচ্ + ক্ত—চ) ণ, ত্রি, পরিণীত, বিবাহিত, উদ্ধৃত।

উদ্বাহিনী, (উদ্বাহ + ইন্, ঈ) ব্য, স্ত্রী, রজ্জু, দড়ী।

উদ্বাহ্য, (উদ্বাহ + য—যোগ্যার্থে) ব্য,

স্ত্রী, উদ্বাহযোগ্যা কন্যা।

উদ্বিগ্ন, (উদ্‌+বিজ–ভয়করা, কাঁপা+ক্ত—ম) ণ, ত্রি, উদ্বেগযুক্ত, উৎকণ্ঠিত, ভাবনাযুক্ত, ভীত, কুণ্ঠিত, কাতর।

উদ্বিড়াল, ব্য, পুং, লী—স্ত্রী, ভূচর ও

জলচর জন্তুবিশেষ, জলমার্জ্জার।

উদ্বৃত্ত, (উদ্‌=উপরি+বৃত্ত=জাত) ণ, ত্রি, উত্তোলিত, জাত, উত্থিত, কুণ্ঠিত, উচ্ছৃঙ্খল, অবাধ্য, অতিরিক্ত, উৎক্ষিপ্ত, ব্যস্ত, বমিত, (উদ্‌+বৃত্ত=চরিত্র, ৬.হ) দুর্বৃত্ত।

উদ্বেগ, (উদ্‌+বিজ+ঘঞ—ভাব) ব্য, পুং, উৎকণ্ঠা, ভয়, ত্বরা, চমৎকার, উদ্গমন, ক্ষোভ, বিরহজন্য দুঃখ।

উদ্বেজয়িতা, (উদ্‌+বেজি=উদ্বেগ করান+তৃণ—ম) ণ, ত্রি, উদ্বেগজনক, উদ্বেগকারক, উদ্বেজক।

উদ্বেজিত, (উৎ+বেজি+ত—ম) ণ, ত্রি, ক্লেশিত, উত্ত্যক্ত, ভীত।

উদ্বেয়, (উৎ+বে=বস্ত্রাদি বুনা, বিস্তার করা+য—চ) ণ, ত্রি, বায়ুর সহিত মিশ্রণীয়।

উদ্বেয়তা, (উদ্বেয়+তা—ভাব) ব্য, স্ত্রী, বায়ুর সহিত মিশিয়া যাওয়া।

উদ্বেল, উদ্বেলিত, (উৎ=অতিক্রান্ত+বেলা—সীমা বা তীর; উদ্বেল+ইত) ণ, ত্রি, উচ্ছলিত, উথলে উঠা, সীমাতিক্রান্ত।

উদ্বেষ্টন, (উৎ+বেষ্ট=বেষ্টন করা+অনট—ভাব) ব্য, ন, হস্তিপাদ বন্ধ। ন, উষ্ণীষ, মোচন, উন্মোচন। ণ, ত্রি, বেষ্টনরহিত, বন্ধনমুক্ত।

উদ্বোঢ়া, (উৎ+বহ+তৃণ—ম) ব্য, পুং, উদ্বাহকারী, বর।

উধস্‌, (বহ=বহন করা+অস্‌—সংজ্ঞার্থে) ব্য, ন, যে দুগ্ধ বহন করে, গবাদির স্তন, গো প্রভৃতির পালান।

উধা, ব্য, পুং, নদবিশেষ।

উনন, (দেশজ) ব্য, পুং, অবকরণ, গণান, চুল্লী, চুলা, আখা।

উনান, (দেশজ) ব্য, চুল্লী, চুলা, আখা।

উনুই, (দেশজ) ব্য, উৎস, নির্ঝর, ঝরণা, যথা, "তৃষ্ণানিবারণ কর উনুইয়ের জলে" সম্ভাবশতক।

উনি, (অদস্‌ শব্দজাত) সর্ব্বং, সম্মুখস্থ ব্যক্তি, ঐ ব্যক্তি।

উন্দধুন্দ, (দেশজ) ব্য, অতিশয় বিবাদ।

উন্দরু, উন্দুরু, উন্দুর, উন্দূর, (উন্দ+অরু, উরু, উর, উর—সংজ্ঞার্থে) ব্য, পুং, মূষিক, ইন্দুর।

উন্দিপোকা, (দেশজ) ব্য, উইপোকা।

উন্ন, (উন্দ=আর্দ্র হওয়া+ত—চ) ণ, ত্রি, ক্লিন্ন, সিক্ত, আর্দ্র, দয়ালু।

উন্নত, (উদ্‌=উপরি+নত=নিম্ন) ণ, ত্রি, উত্তুঙ্গ, উচ্চ, বৃদ্ধিপ্রাপ্ত।

উন্নতানত, (উন্নত+আনত, দ্বং—স) ণ, ত্রি, বন্ধুর, উচুনীচু।

উন্নতি, (উদ্‌+নতি [নম+ক্তি,]=বিনম্রতা) ব্য, স্ত্রী, গরুড়পত্নী, বৃদ্ধি, উদয়, উচ্চতা। [পুং, গরুড়পক্ষী।

উন্নতীশ, (উন্নতি+ঈশ=স্বামী) ব্য,

উন্নদ্ধ, (উৎ=উপরি+নহ=বন্ধনকরা+ত—চ) ণ, ত্রি, উদ্বদ্ধ, ঊর্দ্ধে বন্ধন প্রাপ্ত, ঊর্দ্ধে সংযত, উৎকট।

উন্নমিত, (উদ্‌=উপরি+নমি=নত করা+ত—চ) ণ, ত্রি, ঊর্দ্ধীকৃত, উত্তোলিত, ঊর্দ্ধে উত্থাপিত।

উন্নয়, উন্নায়, (উৎ=উপরি+নী=লওয়া+অল, ঘঞ—ভাব) ব্য, পুং, উন্নতি, ঊর্দ্ধনয়ন, উত্থান, উত্তোলন।

উন্নয়ন, (উৎ+নী+অনট—ভাব) ব্য, ন, উত্তোলন, ঊর্দ্ধ প্রাপণ, উঠান, তোলা,

উন্নতি, অনুমান, বিতর্ক, ন্যায়শাস্ত্র, উদ্ভাবন।

উন্নস, (উৎ=উন্নত+নাসা=নাসিকা, ৬.হ, নাসা স্থানে নস) ণ, ত্রি, উন্নত নাসিকাবিশিষ্ট।

উন্নাহ, (উৎ+নহ=বন্ধকরা+ঘঞ্) ব্য, স্ত্রী. কাঞ্জিক, কাঁজী, আমানি।

উন্নাম, (উৎ+নম্+ঘঞ্) ণ, ত্রি, উন্নতিশীল।

উন্নামিত, (উৎ=উর্দ্ধে+নামি=নত-করান+ত—চ) ণ, ত্রি, উর্দ্ধে উথাপিত।

উন্নিদ্র, (উদ্=না+নিদ্রা, ৬.হ)ণ,ত্রি, বিকসিত, প্রফুল্ল, নিদ্রারহিত, সাবধান।

উন্নীত, (উৎ+নী=লওয়া+ক্ত—চ) ণ, ত্রি, উন্নতিপ্রাপ্ত, বৃদ্ধিযুক্ত, অনুমিত।

উন্মগ্ন, (উৎ=উপরি+মস্জ+ক্ত—ঘ) ণ, ত্রি, জলাদি হইতে উত্থিত।

উন্মজ্জক, (উদ+মস্জ=ডুবা+ণক—ঘ) ণ, ত্রি, উন্মজ্জনকারী। ব্য, পুং, তাপসবিশেষ, যথা "কণ্ঠদঘ্নে জলে স্থিত্বা তপঃ কুর্ব্বন্ প্রবর্ত্ততে। উন্মজ্জকঃ স বিজ্ঞেয়স্তাপসো লোকপূজিতঃ"।

উন্মজ্জন,(উৎ+মস্জ+অনট—ভাব) ব্য, ন, জলাদি হইতে উত্থান।

উন্মত্ত, উন্মদ, উন্মদিষ্ণু, (উৎ=অতিশয়+মত্ত=পাগল। উৎ=অতিশয়+মদ্=মত্তহওয়া+অ—ঘ। উন্মদ=মত্তহওয়া+ইষ্ণু—ঘ) ণ, ত্রি, উন্মাদযুক্ত, বহুকৃত চিত্ত বিভ্রম বিশিষ্ট, পাগল, মাতাল, বাহ্যজ্ঞান শূন্য।

উন্মত্ত, (উৎ+মদ্+ক্ত) ব্য, পুং, ধুস্তূর, মুচুকুন্দবৃক্ষ।

উন্মথন, (উৎ+মথ=বধকরা, মন্থন করা+অনট—ভাব) ব্য, ন, নিধন, মন্থন, মর্দ্দন, মারণ, হনন।

উন্মনাঃ (উদ্=উপরি, চঞ্চল+মনস্=মন, ৬.হ, বা উৎ=উৎকণ্ঠিত+মনস্=মন, ৬.হ। মধ্যপদলোপ) ণ, ত্রি, উৎকণ্ঠিতচিত্ত, উদ্বিগ্ন, ব্যাকুল, বন্ধুবিচ্ছেদকাতর, উৎসুক, অন্যমনস্ক।

উন্মথ, উন্মহ: (উৎ+মহ=বধকরা+অল—ভাব) ব্য, পুং, বধ, হনন, মারণ, মন্থনকরা।

উন্মাথ, (উদ্+মথ+ঘঞ্) ব্য, পুং, কূটযন্ত্র, মৃগ-বধোপযুক্ত যন্ত্র, ফাঁদ, বিলোড়ন, হনন, ঘাত।

উন্মাদ, (উৎ+মদ্=মত্তওয়া+ঘঞ্—ভাব) ব্য, পুং, বাতিক রোগবিশেষ, বাতুলত্ব, চিত্তবিভ্রম, বুদ্ধিভ্রংশ, অলঙ্কারশাস্ত্রোক্ত দশাবিশেষ। ণ,ত্রি, উন্মাদরোগযুক্ত,ক্ষিপ্ত,পাগল।

উন্মাদন, (উৎ+মাদি, মত্তকরান+অনট—ভাব)ব্য, পুং, কন্দর্পের বাণবিশেষ। ন, উন্মত্তকরণ। ণ, ত্রি, উন্মত্ততাকারক।

উন্মান, (উৎ+মা=পরিমাণকরা+অনট—ভাব) ব্য, ন, পরিমাণবিশেষ, দ্রোণপরিমাণ।

উন্মার্গ, (উৎ+মার্গ=পথ) ব্য, পুং, অসৎ পথ, গর্হিত আচরণ

উন্মিষিত, (উৎ+মিষ=স্পর্দ্ধাকরা, বিকসিত হওয়া+ক্ত—ঘ, ভাব) ণ, ত্রি, উন্মীলিত,বিকসিত, কিঞ্চিৎ প্রকাশিত। ব্য,ন,উন্মেষ, উন্মীলন।

উন্মীলন। (উৎ+মীল=চক্ষু মুদ্রিত হওয়া, বুজা+অনট—ভাব) ব্য, ন, বিকাশ, উন্মেষ, প্রকাশ, চক্ষুচাওয়া।

উন্মীলিত, (উৎ+মীল+ক্ত—ঘ) ণ,ত্রি, বিকসিত, প্রকাশিত, উন্মিষিত।

উন্মুক্ত, (উৎ+মুচ+ক্ত—চ) ণ, ত্রি, মুক্ত, যাহা খুলিয়া গিয়াছে।

উন্মুখ,(উদ্=উর্দ্ধে+মুখ, ৬.হ বা উৎ=উন্নমিত+মুখ, ৬.হ। মধ্যপদ-

লোপ) ণ, ত্রি, ঊর্দ্ধমুখ, উৎসুক, উদ্গ্রীব।

উন্মুদ্র, (উদ্=বিমুক্ত+মুদ্রা=পুট মোহর, ৬.ত) ণ, ত্রি, বিকসিত, প্রকাশিত, প্রস্ফুটিত, মুদ্রারহিত।

উন্মূলন, (উদ্=উপরি+মূলি=মূল লওয়া+অনট্—ভাব) ষ্য, ন, উৎপাটন, উপড়ন, বিনাশ-করণ।

উন্মূলিত, (উদ্+মূলি+ক্ত—ঢ) ণ, ত্রি, উৎপাটিত, উপড়ান, বিনাশিত।

উন্মৃষ্ট, (উৎ+মৃষ্ট [মৃজ্=পরিষ্কার করা+ক্ত—ঢ]=পরিষ্কৃত) ণ, ত্রি, পরিষ্কৃত, মার্জ্জিত, বিমলীকৃত।

উন্মেদা, (উৎ+মিদ্=বৃদ্ধিপাওয়া+অচ+আপ্)ষ্য, স্ত্রী, স্থূলতা, পীনতা।

উন্মেষ, (উদ্+মিষ্+ঘঞ্—ভাব)ষ্য, পুং, প্রকাশ, চক্ষুখোলা, উন্মীলন।

উন্মোচন, (উৎ+মুচ্=মোচনকরা+অনট্—ভাব) ষ্য, ন, মোচন, খোলা। ছিনিয়া লওয়া।

উপ, ষ্য, উপরি, সামীপ্য, প্রতিনিধি, আধিক্য, হীনতা, সাদৃশ্য, আরম্ভ, পূজা, অনুগতি, পশ্চাদ্ভাব, অনুকম্পা, প্রাথম্য, দাক্ষিণ্য, সামর্থ্য, অত্যয়, ভূষণ, দোষাখ্যান, নিদর্শন, আশ্চর্য্যকরণ, দান, মারণ, ব্যাপ্তি, লিপ্সা, উপালম্ভন, উদ্যোগ।

উপকণ্ঠ, (উপ=সমীপ+কণ্ঠ=গলা) ণ, ত্রি, নিকট, সমীপ। ষ্য, ন, গ্রাম্য, অশ্বের পঞ্চম গতি।

উপকথা, (উপ=সদৃশ+কথা) ষ্য, স্ত্রী, আখ্যায়িকা, কল্পিত গল্প।

উপকরণ, (উপ=সাহায্য+কৃ=করা+অনট্) ষ্য, ন, রাজাদিগের ছত্র চামরাদি চিহ্ন, প্রধান অঙ্গীভূত উপকারক দ্রব্য, সামগ্রী, অঙ্গ দ্রব্য, আনুষঙ্গিক দ্রব্য, যথা—ভোজনে ব্যঞ্জনাদি, পূজাতে নৈবেদ্যাদি, যুগবন্ধনে জালাদি।

উপকর্ত্তা, (উপ+কৃ+তৃণ্—ষ) ণ, ত্রি, উপকারকর্ত্তা, উপকারকারী।

উপকল্পন, (উপ+কল্প+অনট্) ষ্য, ন, ঔষধাদিপ্রস্তুত করণ, আহারীয় দ্রব্য প্রস্তুত করণ, নির্ম্মাণ, প্রতিনিধি দান।

উপকার, (উপ+কৃ+ঘঞ্—ভাব) ষ্য, পুং, অনুগ্রহ, আনুকূল্য, সাহায্য, ফল, প্রয়োজন, উপকৃতি, উপকরণ, ব্যবহার, সুবিধা, প্রস্ফুটিত পুষ্পাদি, শোভাসম্পাদনার্থে তোরণে বিলম্বিত পুষ্পমালা প্রভৃতি।

উপকারক, (উপ+কৃ+ণক—ষ) ণ, ত্রি, উপকর্ত্তা, উপকারকর্ত্তা, যে উপকার করে, যে সাহায্য করে।

উপকারিকা, (উপকারক+আ-স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, উপকারকর্ত্রী, পটভবন, রাজার বাসযোগ্য গৃহ, ধান্যরক্ষণস্থান, গোলা, মরাই।

উপকারী, (উপ+কৃ+ণিন্—অ) ণ, ত্রি, উপকারক, উপকারকর্ত্তা, উপযোগী। ণী—স্ত্রী, রাজার বাসযোগ্য গৃহ।

উপকার্য্য, (উপ+কৃ+য—ঢ) ণ, ত্রি, যাহার উপকার করা যায়। র্য্যা—স্ত্রী, পটভবনাদি, গোলা, মরাই।

উপকুঞ্চি, (উপ+কুঞ্চ=ক্ষুদ্র হওয়া+কি, ষ্য, স্ত্রী, সূক্ষ্ম কৃষ্ণজীরক, কালজিরে। [ছোট এলাচ্।

উপকুঞ্চিকা, ষ্য, স্ত্রী, কৃষ্ণজীরক,

উপকুঞ্জ, (উপ=সমীপ+কুঞ্জ=ঘট, ষ্য, স) ণ, ত্রি, নিকট, সমীপ, নির্জ্জন। ষ্য, ন, কুঞ্জের সমীপ।

উপকুর্ব্বাণ, (উপ+কৃ+শান—ষ) ণ, ত্রি, যে উপকার করিতেছে। ষ্য, পুং, ব্রহ্মচর্য্যানন্তর যে ব্যক্তি গৃহে বাস করে।

উপকুল্যা, (উপ=সমীপ+কুল্=রাশিকরণ+য;]আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী,

পিপ্পলী, পিঁপুল, জলনালী, খাল।

উপকূল, (উপ=সমীপ+কূল, ব্য) বা, ন, বেলাভূমি, সমুদ্র সন্নিহিত ভূপ্রান্তভাগ।

উপকুশ, (উপ=সম্মুখে+কুশ্=বেষ্টন করা+ক) বা, পুং, দন্তরোগবিশেষ, দাঁড়িয়া ফোলা।

উপকৃত, (উপ+কৃ+ক্ত—চ) ণ, ত্রি, যার উপকার করা হইয়াছে, বাধিত, অনুগৃহীত। বা, ন, উপকার।

উপকৃতি, (উপ+কৃ+তি—ভাব) বা, স্ত্রী, উপকার।

উপকেশ, (উপ=সদৃশ+কেশ, বা) বা, ন, কল্পিত কেশ, পরচুলা।

উপক্রম, (উপ+ক্রম = গমনকরা, আরম্ভকরা ইত্যাদি+অল—ভাব) বা, পুং, উপায়, উদ্যম, প্রক্রম, প্রথম আরম্ভ, রাজা কর্ত্তৃক অমাত্য প্রভৃতি প্রধান কর্ম্মচারীদিগের পরীক্ষণ, বিক্রম, চিকিৎসা, পলায়ন।

উপক্রমণিকা, (উপ+ক্রম+অনট্—ভাব, ক—যোগ, স্ত্রীলিঙ্গে-আপ) বা, স্ত্রীং, প্রথম সূত্রপাত, পরে যে বিষয় বাহুল্যে বলা বা লেখা যাইবে তাহার প্রস্তাব, উপস্থিত বিষয়ের সংক্ষেপে অভিপ্রায় প্রদর্শন।

উপক্রান্ত, (উপ+ক্রম+ক্ত—ম) ণ, ত্রি, প্রক্রান্ত, আরব্ধ।

উপক্রিয়া, (উপ=সাহায্য+ক্রিয়া=কার্য্য) বা, স্ত্রী, উপকার।

উপক্রোশ, (উপ+ক্রুশ্=ক্রন্দনকরা, শব্দকরা, নিন্দাকরা+ঘঞ—ভাব) বা, পুং, নিন্দা, ভৎর্সনা। "প্রাপ্ত-রূপক্রোশমলীমসেন্দা" রঘুবংশ।

উপক্রোষ্টা, (উপ+ক্রুশ+তৃণ্—ম) ণ, ত্রি, নিন্দুক। বা, পুং, গর্দ্দভ।

উপক্লৃপ্ত, (উপ+ক্লৃপ=নির্ম্মাণকরা+ক্ত—চ) ণ, ত্রি, নিবেদিত, উৎসর্গিত, ব্যবহারের নিমিত্ত রক্ষিত।

উপক্কণ, উপক্কাণ, (উপ=উত্তম+কণ্=শব্দকরা+অল্,—ঘঞ্) বা, পুং, বীণার শব্দ। [ক্ষতি, নাশ, হানি।

উপক্ষয়, (উপ+ক্ষি+অল্) বা, পুং,

উপক্ষেপ, (উপ+ক্ষেপ=ক্ষেপণ) বা, পুং, উল্লেখ, প্রস্তাব, অলঙ্কার পরিপূর্ণ রচনা। নাট্যে— ইতিবৃত্তের উল্লেখ।

উপগত, (উপ+গম্=গমনকরা, অঙ্গীকার করা ইত্যাদি+ক্ত—ম) ণ, ত্রি, অঙ্গীকৃত, স্বীকৃত, প্রাপ্ত, আসক্ত, জ্ঞাত, উপস্থিত, সন্নিহিত।

উপগন্ধ, (উপ+গন্ধ) বা, পুং, গন্ধদ্রব্য।

উপগম, (উপ+গম+অল্—ভাব) বা, পুং, অঙ্গীকার, উপস্থিতি, নিকটে গমন, প্রাপ্তি, জ্ঞান।

উপগীতি, (উপ+গীতি=ছন্দোবিশেষ) বা, স্ত্রী, আর্য্যাচ্ছন্দোবিশেষ, যাহার ১ম ও ৩য় চরণে দ্বাদশ এবং ২য় ও ৪র্থ চরণে পঞ্চদশ মাত্রা।

উপগুরু, বা, পুং, সহকারী গুরু।

উপগূঢ়, (উপ+গুহ্=গোপনকরা, আলিঙ্গন করা+ক্ত) ণ, ত্রি, আলিঙ্গিত, লুক্কায়িত। ন, আলিঙ্গন, গ্রহণ, গোপন, সম্বরণ।

উপগূহন, (উপ+গুহ=সম্বরণ করা+অনট্—ভাব) বা, ন, আলিঙ্গন, আশ্চর্য্য, গ্রহণ।

উপগ্রহ, (উপ=নিকট+গ্রহ=গ্রহণ করা+অল) ণ, ত্রি, প্রাণীমাত্র, আনুকূল্য, অনুগ্রহ। বা, পুং, কারারুদ্ধ, বন্দী, কয়েদী, বদ্ধমান, উপযোগ। (উপ=ন্যূন+গ্রহ) অপ্রধানগ্রহ, প্রধান গ্রহের চতুর্দ্দিকে পরিভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ, যথা—চন্দ্র পৃথিবীর উপগ্রহ।

উপগ্রহণ, (উপ=অধিক+গ্রহ=গ্রহণ করা+অনট্—ভাব) বা, ন, সংস্কার পূর্ব্বক বেদাধ্যয়ন, উপাকরণ, আ-

ক্রমণ।
উপগ্রাহ্য, (উপ—অধিক ইত্যাদি+গ্রহ—গ্রহণকরা+ঘ্যণ্) ব্য, পুং, উপঢৌকন, ভেট, ডালি।
উপঘাত, (উপ—অধিক+হন্—বধকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, আঘাত, ক্ষতি, বিনাশ, ক্ষয়, লোপ, পীড়া।
উপঘাতক, (উপ+হন্+ণক—ঘ) ণ, ত্রি, বিনাশক, ক্ষতিকারক।
উপঘ্ন, (উপ—সমীপ+হন্—গমনকরা+অল) ণ, ত্রি, নিকটস্থ আশ্রয়, সমীপ।
উপচক্র, ব্য, পুং, চক্রবাক পক্ষিবিশেষ।
উপচতুর, (উপ—প্রায়+চতুর—চারি) ব্য, পুং, বহু, প্রায় চারি।
উপচন, ব্য, ন, স্থাপন, অতিরেক।
উপচয়, (উপ+চি—একত্রকরা, বৃদ্ধিপাওয়া ইত্যাদি+অল—ভাব ব্য, পুং বৃদ্ধি, উন্নতি, পুষ্টি, আধিক্য, রাশি-লগ্ন হইতে তৃতীয় ষষ্ঠ দশম একাদশ স্থান।
উপচরিত, (উপ+চর—গমনকরা, সেবা করা, ইত্যাদি+ক্ত—ট) ণ, ত্রি, সেবিত, উপাসিত, আরাধিত, লক্ষণা দ্বারা প্রতিপাদিত।
উপচর্য্যা, (উপ+চর্+কাপ্) ব্য, স্ত্রী, সেবা, শুশ্রূষা, চিকিৎসা।
উপচক্ষুঃ, ব্য, ন, দিব্যচক্ষুঃ, চস্‌মা।
উপচার্য্য, (উপ+চর+ঘ) ব্য, পুং, যজ্ঞীয় অগ্নি সংরক্ষণের স্থান, সংস্কৃত অগ্নি, যজ্ঞাগ্নি।
উপচার, (উপ+চর+ঘঞ—ভাব) ব্য, পুং, রোগ প্রতীকার, শুশ্রূষা, সেবা, সম্মান, উপকরণ যথা—ষোড়শ উপচারে পূজা, চিকিৎসা, ব্যবসায়, আরোপ, উৎকোচ, ব্যবহার, লক্ষণাদ্বারা অর্থবোধ, ছল, চাতুরী "উপচারপদং ন চেদিদং ত্বমনঙ্গঃ কথমক্ষতা রতিঃ" কুমারসম্ভব।
উপচার্য্য, (উপ+চর+ঘ্যণ্) ব্য, পুং, চিকিৎসা।
উপচিকীর্ষা, (উপ—সাহায্য+কৃ—করা+সন্—ইচ্ছার্থে+আপ্, স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, উপকার করিবার ইচ্ছা, পরোপকারে প্রবৃত্তি।
উপচিকীর্ষু, (উপ+কৃ+সন্+উ) ণ, ত্রি, উপকার করিতে ইচ্ছুক।
উপচিত, (উপ+চি+ক্ত—ধ, ট) ণ, ত্রি, সমৃদ্ধ, প্রবৃদ্ধ, বৃদ্ধিপ্রাপ্ত, রাশীকৃত, বর্দ্ধিত, লেপাদি দ্বারা পরিপুষ্ট, সঞ্চিত, সমাহিত, দগ্ধ, রচিত।
উপচিত্রা, ব্য, স্ত্রী, মূষিকপর্ণী, ইঁদুরকানিলতা, দন্তীবৃক্ষ।
উপচীয়মান, (উপ+চি+শান—ঘ) ণ, ত্রি, বর্দ্ধমান, যাহা বৃদ্ধি প্রাপ্ত হইতেছে।
উপচূলন, (উপ+চুর—দগ্ধকরা+অনট, র=ল) ব্য, ন, দগ্ধকরা, পোড়ান, উত্তাপ দান।
উপচ্ছন্দ, (উপ+ছন্দ—আচ্ছাদনকরা+অল) ব্য, পুং প্রার্থনা, অনুরোধ।
উপচ্ছন্ন, (উপ+ছদ+ক্ত) ণ, ত্রি, লুক্কায়িত, গোপনীয়। [অনুজ, কনিষ্ঠ
উপজ, (উপ—পশ্চাৎ+জ) ব্য, পুং,
উপজপ, ব্য, পুং, বিশ্বাস ভঙ্গ। [উৎপন্ন
উপজাত, ণ, ত্রি, ঘটিত, উপার্জ্জিত,
উপ-জাতি, ব্য, স্ত্রী, ছন্দোবিশেষ, ইন্দ্রবজ্রা ও উপেন্দ্রবজ্রার মিলিত, এবং ইন্দ্রবংশা ও বংশস্থবিল মিলিত ছন্দঃ, "স্যাদিন্দ্রবজ্রা যদি তৌ জগৌ গঃ উপেন্দ্রবজ্রা প্রথমে লঘৌ সা। অনন্তরোদীরিত লক্ষ্মভাজৌ পাদৌ যদীয়াবুপজাতয়স্তাঃ" ছন্দোমঞ্জরী।
উপজাপ, (উপ—গোপনীয়রূপে+জপ্—জপকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, ভেদ, বিচ্ছেদ, অনৈক্য, বিরোধ ঘটাইয়া দেওয়া, বিশ্বাসঘাতকতা।
উপজাপক, (উপ+জপ+ণক—ঘ)

ণ, ত্রি, ভেদকারক, যে বিরোধ ঘটাইয়া দেয়।

উপজিহ্বা, (উপ=হীন+জিহ্বা) বা, স্ত্রী, ক্ষুদ্র জিহ্বা, আলজিব. কীট বিশেষ, জিহ্বার বৃদ্ধি।

উপজীবক, (উপ+জীব্=বাঁচা+ণক—ষ) ণ, ত্রি, যে জীবিকা নির্ব্বাহ করে,যে অবলম্বন বা আশ্রয় করে। বা, ন, জীবনোপায়।

উপজীবিকা, (উপ+জীবিকা) বা,স্ত্রী, জীবনোপায়, যাহা দ্বারা জীবন ধারণ করা যায়, বৃত্তি।

উপজীবী, (উপ+জীবিন্=যে বাঁচে) ণ, ত্রি, যে জীবিকা অবলম্বন করিয়া প্রাণ ধারণ করে,যথা-মৎস্যোপজীবী, আশ্রিত, যথ. "পরভাগোপজীবীচ যদ্যেত দুঃখভাগিনঃ" হিতোপদেশ

উপজীব্য, (উপ+জীব=বাঁচা+য) ণ, ত্রি, আশ্রয়স্থান, যাহাকে অবলম্বন করিয়া জীবন ধারণ হয়, আশ্রয়, "সর্ব্বেষাং কবিমুখ্যানামুপজীব্যো ভবিষ্যতি। পর্জ্জন্য ইব ভূতানামক্ষয়ো ভারতদ্রুমঃ" ন, কারণ

উপজোষম, উপযোষম, (উপ=অতিশয়+জুষ=প্রীত হওয়া+অম) বা, আনন্দ, তূষ্ণীম্ভাব, চুপ করিয়া থাকা, "কিমিদমুপজোষমাস্যতে"।

উপজ্ঞা, (উপ=আরম্ভ+জ্ঞা=জ্ঞান) বা, স্ত্রী, আদ্যজ্ঞান, প্রথম জ্ঞান, উপদেশ ব্যতিরেকে জ্ঞান, পূর্ব্ব সংস্কার, যেরূপ বাল্মিকীর কবিত্ব শক্তি "রসস্য:তাপজ্ঞমুপজ্ঞমজ্ঞঃ" নৈষধ।

উপঢ়ন, (উৎপাটন শব্দজ) বা, উন্মূলন, উৎপাটন।

উপঢৌকন, (উপ=সমীপ+ঢৌক—গমন করা+অনট—ভাব) বা, ন, উপহার, পারিতোষিক দ্রব্য, ভেট, ডালি, আত্মীয়তা রক্ষার জন্য বা প্রীতি প্রদর্শনার্থ বা সন্তোষ জন্মাইবার নিমিত্ত মূল্য গ্রহণ ব্যতিরেকে অন্যকে কোন বস্তু দান, উৎকোচ।

উপতন্ত্র, বা, ন, যামলাদি তন্ত্র শাস্ত্র, সূক্ষ্ম সূত্র।

উপতপ্ত, (উপ+তপ+ক্ত—চ) ণ, ত্রি, দুঃখিত, কাতর, পীড়িত, উষ্ণ।

উপতপ্তা, (উপ+তপ=সন্তাপ দেওয়া+তৃণ্) বা, পুং, উত্তাপের কারণ।

উপতাপ, (উপ=অতিশয় + তপ +ঘঞ—ভাব) বা, পুং, পীড়া, ত্বরা, সন্তাপ, উত্তাপ, দুঃখ, ক্লেশ, মনস্তাপ, "বিবক্ষিতং হ্যনুক্তমনুপতাপং জনয়তি" শকুন্তলা।

উপতারা, বা, স্ত্রী, ক্ষুদ্রতর নক্ষত্র, নেত্রতারকামণ্ডল।

উপত্যকা, (উপ=নিকট+ত্যক—ভবার্থে) বা, স্ত্রী, পর্ব্বতের নিকট ভূমি, "উপত্যকাদ্রেরাসন্নাভূমিরূর্দ্ধমধিত্যকা"।

উপদংশ, (উপ=অতিশয় ইত্যাদি+দন্শ=দংশনকরা+অল—চ) বা, পুং, মদ্যপানকালীন ভক্ষ্যবস্তু, চাটনি, ভক্ষ্য দ্রব্য গরমির ব্যারাম; "হস্তাভিঘাতাত্মখদন্তঘাতাদধাবনাদত্যুপসেবনাদ্বা যোনিপ্রদোষাচ্চ ভবন্তি শিশ্নে পঞ্চোপদংশাবিবিধোপচারৈঃ"।

উপদর্শক, (উপ+দর্শক—যে দেখাইয়া দেয়) বা, পুং, দ্বারপাল, দ্বারী। ণ, ত্রি, যে দেখাইয়া দেয়।

উপদর্শন, (উপ+দর্শি=দেখান+অনট—ভাব) বা, ন, প্রদর্শন, দেখান। [পাপড়ি।

উপদল, বা, ন, পুষ্পদল, ফুলের

উপদা, (উপ+দা=দান) ,বা, স্ত্রী উপায়ন, উপঢৌকন, ভেট, উৎকোচ, ঘুষ।

উপদানক, (উপ=সাহায্য+দান+ক—স্বার্থে) বা, ন, অনুগ্রহ বা

আশ্রয় পাইবার মানসে যাহা দেওয়া হয়, উৎকোচ, ঘুষ।

উপদিশ্যমান, (উপ+দিশ+শান—চ) ণ, ত্রি, যাহাকে বা যে বিষয় কাহাকে দেওয়া যাইতেছে।

উপদিষ্ট, (উপ+দিশ=বলা, দানকরা, দেখান ইত্যাদি+ত—চ) ণ, ত্রি, যাহাকে উপদেশ দেওয়া হইয়াছে. উপদেশপ্রাপ্ত শিক্ষিত.আদিষ্ট. প্রদর্শিত, কথিত। ন, উপদেশ.পরামর্শ।

উপদেবতা, ব্য, স্ত্রী, যক্ষ. ভূত প্রেত প্রভৃতি, অপচ্ছায়া।

উপদেবী, ব্য, স্ত্রী, ক্ষুদ্র দেবতা, যে দেবীর প্রাধান্য নাই।

উপদেশ, (উপ+দিশ+ঘঞ—ভাব) ব্য, পুং, মন্ত্র, কথন, দীক্ষা, শিক্ষাদান, পরামর্শদান,হিতকথন.উদ্দেশ, শিক্ষাবাক্য, প্রবর্ত্তক বাক্য. মন্ত্রদান, নাম, অনুশাসন,''চন্দ্রসূর্য্যগ্রহে তীর্থে সিদ্ধক্ষেত্রে শিবালয়ে। মন্ত্রমাত্রপ্রকথনমুপদেশঃ স উচ্যতে'' রামার্চ্চন চন্দ্রিকা।

উপদেশক, (উপ+দিশ+ণক ব) ণ, ত্রি, হিতশিক্ষক, সৎপরামর্শদাতা, গুরু।

উপদেশ্য, উপদেষ্টব্য, (উপ+দিশ+য, তব্য—চ) ণ, ত্রি, শিক্ষণীয়, উপদেশ দিবার যোগ্য, অনুশাসনীয়

উপদেষ্টা, (উপ+দিশ+তৃন্—ব) ণ, ত্রি, শিক্ষাদাতা, গুরু,উপদেশক, উপদেশকর্ত্তা।

উপদেহ, (উপ+দিহ+ঘঞ্) ব্য, পুং, প্রলেপ, Liniment.

উপদেহিকা, (উপ+দেহি+কন্+আপ) ব্য, স্ত্রীকীট বিশেষ।

উপদ্রব, (উপ+দ্রু=গমনকরা, অনিষ্ট করা+অল—ভাব) ব্য, পুং; উৎপাত, অমঙ্গল ঘটনা, অত্যাচার, দৌরাত্ম্য,উপসর্গ,রোগারম্ভক দোষপ্রকোপ জন্য অঙ্গ বিকার।

উপদ্রষ্টা, (উপ+দৃশ—তৃণ) ব্য, পুং, উপদর্শক, উদাসীনভাবাবলম্বনহেতু গুণপ্রচারদর্শী।

উপদ্রুত, (উপ+দ্রু+ক্ত—চ) ণ, ত্রি, উপদ্রবগ্রস্ত, উৎপাতগ্রস্ত, অত্যাচরিত, ব্যাকুলিত।

উপদ্রোহ, (উপ+দ্রুহ+ঘঞ—ভাব) ব্য, পুং, বিদ্রোহ, উৎপাত, অত্যাচার।

উপদ্বীপ, (উপ=হীন+দ্বীপ) ব্য, পুং,—ন, ক্ষুদ্রদ্বীপ, যে ভূমির প্রায় চতুর্দ্দিকে জল (Peninsula).

উপধর্ম্ম, ব্য, পুং,কাল্পনিক ধর্ম্ম, অনীশ্বরে ঈশ্বর-জ্ঞান, বিধর্ম্মী, পাষণ্ড।

উপধা, (উপ+ধা+ড—ভাব+আপ) ব্য, স্ত্রী, ধর্ম্মাদির উপন্যাস দ্বারা মন্ত্রী প্রভৃতির পরীক্ষা, ধর্ম্মার্থ কামমোক্ষাদি দ্বারা পরীক্ষা, "ধর্ম্মার্থকামমোক্ষৈশ্চ প্রত্যেকং পরিশোধনৈঃ। উপেক্ষা বীয়তে যথাস্থপধা পরিকীর্ত্তিতা", অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ।

উপধাতু, ব্য, পুং, অষ্ট প্রধান ধাতু সদৃশ ধাতু, উহা সাত প্রকার,—মাক্ষিক, তুত্থক, অভ্র, নীলাঞ্জন, মনঃশিলা, হরিতাল,রসাঞ্জন; শারীরস্থ প্রধানধাতু রেতঃ সদৃশধাতু, ইহা সাত প্রকার;—স্তনদুগ্ধ, স্ত্রীরজঃ, বসা, ঘর্ম্ম, দন্ত, কেশ, ওজঃ।

উপধান, উপধানীয়, উপ+ধা=ধারণ করা, আরোপণ করা ইত্যাদি+অনট্, অনীয়—ভে) ন, স্ত্রী, শিরোধান, বালিশ, দয়া, প্রণয়, বিষ, উৎকর্ষ, ধারণ, ব্রত।

উপধারক, (উপ+ধা+ণক—ব) ণ, ত্রি, জনক, উৎপাদক, উপযোগী।

উপধাত্রী, (উপ+ধি+ইন্—ব) ণ, ত্রি, জনক, উৎপাদক, উপযোগী।

উপধাস্থৃতি, (উপধা+স্থৃতি=বিশুদ্ধ) ণ, ত্রি, পরীক্ষিত, অনুমোদিত।

উপধি, (উপ+ধা+কি) বা, পুং, ছল, চাতুরী, কপটতা, "নিরুপধি বিশুদ্ধং বিক্রমতে" উত্তরচরিত, রথ-চক্র, ভয়।

উপধিক, (উপ+ধি+ক+ড) ণ, ত্রি, প্রতারক, শঠ, ডাকাইত, যে বলপূর্ব্বক অর্থ কাড়িয়া লয়।

উপধূপিত, (উপ=সমীপ বা অধিক+ধূপিত=তাপিত) ণ, ত্রি, সন্তাপিত, আসন্নমরণ।

উপধৃতি, (উপ=অধিক+ধৃ=ধরা+ক্তি—ভাব) বা, স্ত্রী, কিরণ, আলোক।

উপনত, (উপ=সমীপ+নম্=নম্র হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, সমীপাগত, নিকটস্থিত, শরণাগত, প্রাপ্ত, উপস্থিত।

উপনদ, উপনদি, ন, নদীর সমীপ।

উপনয়, উপনায়, (উপ=উপরি+নী=লওয়া+অল্—ঘঞ্-ভাব, ধ) বা, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের যজ্ঞসূত্রধারণরূপ সংস্কার বিশেষ, অধ্যাপনার্থ আচার্য্যের সমীপে নীত হয় যে কর্ম্মের দ্বারা, সংস্কার বিশেষ। "গৃহ্যোক্তকর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ। বালো বেদায় উদ্যোগাদ্বালস্তোপনয়ং বিদুঃ" স্মৃতি।

উপনয়ন, (উপ+নী+অন—ভাব) বা, ন, উপনয় দেখ।

উপনাম, বা, ন, কল্পিত নাম, কৃত্রিম [নাম।

উপনাহ, (উপ+নহ্=বন্ধন করা+ঘঞ্—ভাব) বা, পুং, বন্ধন, বীণাদির তন্ত্র-বন্ধন স্থান, যে স্থলে তন্ত্রী সকল সবদ্ধ থাকে। প্রলেপ, ব্রণ প্রভৃতির উপশমার্থ লেপন দ্রব্য, প্রলেপন, পুলটিস্ প্রভৃতি।

উপনিক্ষেপ, (উপ+নি+ক্ষিপ+ঘঞ্) বা, পুং, গচ্ছিত, ন্যাস।

উপনিধান, উপনিধি, (উপ+নি+ধা=ধারণ করা+অনট্, কি) বা, ন, পুং, ন্যাস, গচ্ছিত রাখা, উপস্থত বস্তু, স্থাপ্যদ্রব্য, বন্ধকী জিনিষ।

উপনিবেশ, (উপ+নি+বিশ্=প্রবেশ করা+ঘঞ্) বা, পুং, লোকসংখ্যা বৃদ্ধি হইলে স্বদেশ হইতে যে দেশে লোকেরা গমন করে তাহাকে উপনিবেশ কহে (Colony).

উপনিবেশিত, (উপ+নি+বেশি=প্রবেশ করান+ক্ত—ট) ণ, ত্রি, যে সকল লোক উপনিবেশে বাস করে।

উপনিষদ্, (উপ+নি+সদ=গমন করা+ক্বিপ্) বা, স্ত্রী, বেদান্ত শাস্ত্র, বেদের যে অংশে ঈশ্বর নিরূপণ আছে, জ্ঞানকাণ্ড, ব্রহ্মবিদ্যা, বিদ্যা, তত্ত্বধর্ম্ম, সত্য, নির্জ্জনস্থান, সমীপ, সদন।

উপনিষ্কর, (উপ+নি+কৃ=করা+অল্, স—আগম) বা, ন, নগরের পথ, রাজপথ।

উপনিষ্ক্রমণ, (উপ+নি+ক্রম্=গমন, করা+অনট্—ভাব) বা, ন, রাজপথ, নিষ্ক্রমণ নামক সংস্কার।

উপনিহিত, (উপ+নি+ধা=ধারণ করা+ক্ত—ট) ণ, ত্রি, যাহা গচ্ছিত রাখা গিয়াছে, ন্যস্ত।

উপনীত, (উপ+নী+ক্ত—ট) বা, পুং, যে বালকের উপনয়ন হইয়াছে, কৃতোপনয়ন। ণ, ত্রি, আনীত, সমীপাগত, উপস্থিত।

উপনুন্ন, (উপ+নুদ=প্রেরণ করা+ক্ত—ট) ণ, ত্রি, প্রেরিত।

উপনেতা, (উপ+নী+তৃণ—য) ণ, ত্রি, আনয়নকারী, আনেতা, উপনয়নকর্ত্তা। [বা, ন, চশমা।

উপনেত্র, (উপ=সদৃশ+নেত্র, বা)

উপন্যস্ত, (উপ+নি+অস+ক্ত-ট) ণ,

উপমানকর্ত্তা, যে উপমা দেয়।
(উপ—সদৃশ+মাতা) ব্য, স্ত্রী, ধাত্রী, ধাই, মাতৃতুল্যা মাসী পিসী ইত্যাদি, উপমাতা ছয় প্রকার ; যথা—"মাতুঃস্বসা মাতুলানী পিতৃব্যস্ত্রী পিতৃস্বসা, শ্বশ্রূঃ পূর্ব্বজপত্নী চ মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতাঃ" স্মৃতিঃ।

উপমান, (উপ+মা+অনট—ভাব,ধ) ব্য, ন, সাদৃশ্য, উপমা, যাহার সহিত উপমা দেওয়া যায়, চন্দ্রপদ্মাদি।

উপমিতি, (উপ+মা+তি—ভাব) ব্য, স্ত্রী, উপমা, ন্যায়মতে সাদৃশ্যজ্ঞান জন্য জ্ঞান, যথা গোসদৃশ গবয় পদবাচ্য ইত্যাকার জ্ঞান;"গ্রামীণস্য প্রথমতঃ পশ্যতো গবয়াদিকং, সাদৃশ্যধীর্গবাদীনাং যা স্যাৎ সোপমিতিঃ স্মৃতা" ভাষাপরিচ্ছেদ।

উপমেত, ব্য, পুং, শালবৃক্ষ।

উপমেয়, (উপ+মা+য—চ) ণ, ত্রি, উপমার বিষয়ীভূত, অন্যের সহিত যাহার উপমা দেওয়া যায়, যথা—"চন্দ্রতুল্য বদন" এস্থলে চন্দ্র উপমান বদন উপমেয়।

উপমেয়োপমা, (উপমেয়+উপমা=সাদৃশ্য) ব্য, স্ত্রী, যে স্থলে উপমান ও উপমেয় উভয়েরই পর্য্যায়ক্রমে উপমানোপমেয় ভাব বিবক্ষিত হয়, "পর্য্যায়েণ দ্বয়োরেতদুপমেয়োপমা মতা" সাহিত্যদর্পণ, যথা "মতিরিব কমলা কমলেব মতিঃ।"

উপযন্তা, (উপ+যম্=নিবৃত্ত হওয়া, বিবাহকরা+তৃণ্—ঘ) ব্য, পুং, বিবাহকারক, বর, পতি, "অথোপযন্ত্রা সদৃশেন যুক্তাং স্কন্দেন সাক্ষাদিব দেবসেনাম্" রঘুবংশ।

উপযম, উপযাম, (উপ+যম্+অল, ঘঞ্—ভাব) ব্য, পুং, বিবাহ।

উপযমন, (উপ+যম্+অনট্—ভাব) ব্য, ন, বিবাহ, বিবাহসম্বন্ধীয় মন্ত্র।

উপযাচক, (উপ+যাচ=যাচ্ঞাকরা+ণক—ঘ) ণ, ত্রি, স্বয়ং যাচক, যে নিজে যাইয়া কোন বিষয় প্রার্থনা করে,যে নিকটে গিয়া অথবা হীনতা স্বীকার করিয়া কোন বিষয় যাচ্ঞা করে, সমীপে যাচ্ঞাকর্ত্তা।

উপযাচিকা—ব্য, স্ত্রী, যে স্ত্রী পরপুরুষের নিকটে গিয়া অনুরাগ প্রকাশ বা সম্ভোগ প্রার্থনা করে।

উপযাচিত, (উপ+যাচি+ত—চ) ণ,ত্রি, প্রার্থিত, সমর্পিত, অভীষ্টসিদ্ধির নিমিত্ত দেবতাকে দেয়।

উপযাচিতক, (উপ যাচিত+ক, যোগ) ব্য, ন, প্রার্থিত বস্তু, দেবোদ্দেশে বিসৃষ্ট, দেয়।

উপযাত, (উপ+যাত=গত) ণ, ত্রি, [গত, প্রাপ্ত।

উপযান, (উপ+যান=গমন) ব্য, ন, প্রাপ্তি, নিকটে গমন।

উপযুক্ত, (উপ+যুজ=যোগকরা,পারগ হওয়া ইত্যাদি+ক্ত—ঘ) ণ, ত্রি, যোগ্য, সমর্থ, উচিত, কর্ত্তব্য, নীতিসম্বন্ধ, কুশল, ভুক্ত।

উপযুক্ততা, (উপযুক্ত+তা—ভাবে) ব্য, স্ত্রী, কার্য্যদক্ষতা, কর্ত্তব্যতা, উপযোগিতা।

উপযোগ, (উপ+যুজ+ঘঞ্—ভাব) ব্য, পুং, উপকার, আবশ্যকতা, আচরণ, উপযোগিতা, ভোজন, ভোগ, অভিলষিত সিদ্ধির নিমিত্ত ব্যাপার, আনুকূল্য, কারণ, ব্যয়।

উপযোগিতা, (উপযোগিন্+তা-ভাবে) ব্য, স্ত্রী, কার্য্যকারিতা, ফলসাধনতা, কোন কার্য্যে লাগা, প্রয়োজন, আবশ্যকতা, আনুকূল্য, উপযুক্ততা।

উপযোগি, (উপযোগ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ক্রিয়াসাধন, অনুকূল, উপকারী, উপযুক্ত, যোগ্য, অনুরূপ, কার্য্যদক্ষ, "অস্তি কণ্ঠাভরং মে গুরুতায়ুপযোগি চেৎ, পুরুষার্থাস্তুপ-

যোগিষাং" ।

উপর, (উপরি, শব্দজ) অ, উর্দ্ধে।

উপরক্ত, (উপ+রন্‌জ=রংকরা, গ্রাসকরা ইত্যাদি+ক্ত—ট, ষ) ণ, ত্রি, পীড়াগ্রস্ত, ব্যসনার্ত্ত, অনুরক্ত, রক্তবর্ণ। বা, পুং, রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য, রাহু।

উপরক্ষণ, (উপ+রক্ষ=রক্ষা করা+অনট্‌-ভাব) বা, ন, রক্ষাকরণ, চৌকী, রক্ষণার্থ সৈন্যাদি স্থাপন।

উপরত,(উপ+রম=ক্রীড়াকরা, বিশ্রামকরা+ক্ত—ব) ণ, ত্রি, নিবৃত্ত, মৃত, বিগত।

উপরতস্পৃহ, (উপরত+স্পৃহা=বাঞ্ছা, ৬হ) ণ, ত্রি, যাহার স্পৃহা নিবৃত্ত হইয়াছে, বীতস্পৃহ, ইচ্ছারহিত, সত্ত্ব থাকিলেও স্বগতধনেচ্ছারহিত, "স্বসমানাধিকরণস্বত্বসমানকালীনেচ্ছা প্রাগভাবাসমানকালীনেচ্ছাধ্বংসবান্" ইতি দায়তত্ত্বং।

উপরতি, উপরম, উপরাম, (উপ+রম+ক্তি, অল্, ঘঞ্—ভাব) বা, স্ত্রী, পুং, নিবৃত্তি, বিরতি, বৈরাগ্য, বাসনাত্যাগ, মৃত্যু, নিগৃহীতেন্দ্রিয় ব্যক্তিদিগের বিষয় হইতে উপরমণ, "যানি চাপি ত্বরা সার্দ্ধং বনেষু চ স্থগন্ধিষু। বিহৃতানি সুখং কালে তেষামুপরমঃ কৃতঃ"।

উপরস, বা, পুং, উপধাতু, যথা গেঁড়ম, অঞ্জন, কঙ্কুষ্ঠ, গন্ধারী, গৈরিক, ক্ষিতিনাগ, শৈলেয়।

উপরাগ, (উপ+রনজ+ঘঞ্—ভাব) বা, পুং, রাহুগ্রস্ত চন্দ্র ও সূর্য্য-গ্রহণ, "উপরাগান্তে শশিনঃ সমুপগতা রোহিণী যোগম্" শকুন্তলা, রাহু, যন্ত্রণা, বিরাগ, নিন্দা, ব্যসন।

উপরাম, (উপ+রম+ঘঞ্—ভাব) বা, পুং, নিবৃত্তি, বিরাম, উপরতি।

উপরি, উপরিষ্টাৎ, (ঊর্দ্ধ+রি, রিষ্টাৎ—প্রং) অ, ঊর্দ্ধে, উপরে, অনন্তর, পরে।

উপরিতন, (উপরি+তন—তবার্থে) ণ, ত্রি, যাহা উপরে আছে, ঊর্দ্ধতন। [তোলা।

উপরিতল, বা, ন, গৃহের ছাদ, উপরের

উপরিদৃষ্টি, বা, স্ত্রী, উপদেবতার দৃষ্টি, বায়ুপ্রকোপ।

উপরীতক, বা, পুং, শৃঙ্গারবন্ধ বিশেষ, "একপাদমুরোকৃত্বা দ্বিতীয়ং স্কন্ধসংস্থিতং নারীং কাময়তে কামী বন্ধঃ স্যাৎ উপরীতক" ইতি রতিমঞ্জরী।

উপরুদ্ধ, (উপ+রুদ্ধ=বদ্ধ) ণ, ত্রি, বদ্ধ, আচ্ছাদিত, উৎপীড়িত, যাহাকে বা যে বিষয়ে উপরোধ করা গিয়াছে, অনুরুদ্ধ, প্রতিবদ্ধ।

উপরূপক, বা, ন, নাটক বিশেষ।

উপরোধ, (উপ+রুধ=আবরণকরা+ঘঞ্—ভাব) বা, পুং, প্রতিবন্ধ, পীড়া, "তপোবনবাসিনামুপরোধো মা ভূৎ", অনুরোধ, সুপারিস, খাতির, আবরণ।

উপরোধক, (উপ+রুধ+ণক—ধ) ণ, ত্রি, উপরোধকর্ত্তা, যে উপরোধ করে। বা, ন, গর্ভাগার বাসগৃহ।

উপর্য্যুপরি, (উপরি+উপরি) অ, সামীপ্য, তাহার পর তাহার পর, উপরে উপরে; যথা "উপর্য্যুপরি গ্রামং" "উপর্য্যুপরি পণ্ডিতঃ সর্ব্ব এব বদন্তি" হিতোপদেশ।

উপল, (উপ+লা=দানকরা বা লওয়া+ড) বা, পুং, পাষাণ, শিলা, প্রস্তর, রত্ন, বহুমূল্য প্রস্তর। বা, স্ত্রী, প্রস্তরময়ী ভূমি।

উপলধীপ্রিয়, পুং, চমরনামক বনজন্তু।

উপলক্ষ, উপলক্ষ্য, (উপ=সমীপ+লক্ষ, লক্ষ্য=দ্রষ্টব্য বা উদ্দেশ্য) বা, পুং, অবলম্বন, আশ্রয়, উদ্দেশ, নিমিত্ত।

উপলক্ষণ, (উপ=অধিক+লক্ষণ=চিহ্ন, দর্শন) ষ্য, ন, অজহৎস্বার্থলক্ষণা, অন্যের উদ্বোধক, অধিক সূচক, লক্ষণাদ্বারা অধিকবোধক শব্দ, একপদের দ্বারা তদর্থাতিরিক্ত অর্থ কথন, প্রসঙ্গবশতঃ তৎসংক্রান্ত বা তৎসদৃশ অন্য বিষয়েরও আনুষঙ্গিক উদ্বোধন।

উপলক্ষিত, (উপ+লক্ষ=চিহ্নকরা+ত—ট) ণ, ত্রি, সূচিত, অনুমিত, যুক্তিপ্রাপ্ত, বিশিষ্ট, যুক্ত।

উপলব্ধ, (উপ+লভ=পাওয়া, জানা+ত=ট) ণ, ত্রি, জ্ঞাত, অনুভূত, প্রাপ্ত।

উপলব্ধি, (উপ+লভ+তি—ভাব) ষ্য, স্ত্রী, মতি জ্ঞান, অনুভব, প্রাপ্তি।

উপলভ্য, (উপ+লভ+য—ট) ণ, ত্রি, জ্ঞেয়, প্রাপ্য, সাধ্য।

উপলম্ভ, (উপ+লভ+ঘঞ—ভাব, ম—আগম) ষ্য, পুং, উপলব্ধি, অনুভব, তিরস্কার "সোঽহমবিস্রব্ধক্রমোপলম্ভায় ধর্ম্মাবণ্যমিদমায়াতঃ"।

উপলম্ভক, (উপ+লভ+অক—ব) ণ, ত্রি, প্রকাশক।

উপলম্ভ্য, (উপ+লভ+য—ট) ণ, ত্রি, শ্লাঘ্য, স্তবোপযুক্ত, স্তবার্হ।

উপলিঙ্গ, (উপ=উপরি+লিঙ্গ্=গমন করা+অ) ষ্য, ন, ভূমিকম্প প্রভৃতি উপদ্রব, অরিষ্ট।

উপলিপ্ত, (উপ+লিপ=লেপনকরা+ত—ট) ণ, ত্রি, যাহাকে লেপ দেওয়া হইয়াছে, লেপযুক্ত।

উপলেপ, উপলেপন, (উপ+লিপ=লেপনকরা+অ, অন—ভাব) ষ্য, পুং, ন, গোময়াদিলেপন।

উপবট, ষ্য, পুং, পিয়াল বৃক্ষ।

উপবন, (উপ=সদৃশ+বন) ষ্য, ন, কৃত্রিম বন, উদ্যান, আরাম।

উপবর্তন, (উপ+বৃৎ=বিদ্যমান থাকা, বাসকরা ইত্যাদি+অনট—ভাব) ষ্য, ন, জনপদ, দেশ, জনপদ সমুদয় বা তাহার এক অংশ, সজল নির্জল স্থান মাত্র।

উপবর্হ, (উপ+বর্হ=শ্রেষ্ঠ হওয়া, আরোপণকরা+অ—ভে) ষ্য, পুং, শিরোধান, বালিশ, উপাধান।

উপবসথ, (উপ+বস=বাসকরা+অথ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, গ্রাম।

উপবস্তি, (উপ+বস+ক্তি) ষ্য, ন, উপবাস।

উপবাস, (উপ+বস=বাসকরা, আহার না করা+ঘঞ—ভাব) ষ্য, পুং, অভ্যাধান, অনশন, অহোরাত্র অভোজন, অনাহার, উপোষ, সর্ব্ব প্রকার ভোগ হইতে নিবৃত্তি, বাস, "উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসগুণৈঃ সহ, উপবাসঃ স বিজ্ঞেয়ো ন শরীরবিশোষণং।"

উপবাসী, (উপ+বস+ইন—ম) ণ, ত্রি, যে উপবাস করিয়া আছে উপবাসযুক্ত, অহোরাত্র ভোজনাভাব বিশিষ্ট।

উপবাহ্য, (উপ+বহ=বহনকরা+ণ্যৎ) ষ্য, পুং, রাজবাহকহস্তী।

উপবিদ্যা, ষ্য, স্ত্রী, শিল্পাদি বিজ্ঞান শাস্ত্র।

উপবিষ, (উপ=তুল্য+বিষ) ষ্য, পুং, কৃত্রিমবিষ, আকন্দের আঠা প্রভৃতি পঞ্চদ্রব্য, "অর্কক্ষীরং স্নুহীক্ষীরং তথৈব কালকারিকা। ধুস্তূরঃ করবীরশ্চ পঞ্চ চোপবিষাঃ স্মৃতাঃ। ষ্য—স্ত্রী, অতিবিষা, আতৈচ।

উপবিষ্ট, (উপ+বিশ=প্রবেশকরা, বসা+ক্ত—ম) ণ, ত্রি, যে বসিয়াছে, কৃতোপবেশন, আসীন।

উপবীত, (উপ+বী=গমনকরা, উৎপন্ন হওয়া+ক্ত—ম) ষ্য, ন, বামস্কন্ধার্পিত যজ্ঞসূত্র, পৈতা, "কার্পাসমুপ-

বীতং ভাবিপ্রকোর্দ্ধবৃতং ত্রিবৃৎ। শণ-সূত্রময়ং রাজ্ঞো বৈশ্যস্যাবিকসৌত্রিকম্" । [ণ, ত্রি, যজ্ঞোপবীতধারী ।

উপবীতী, (উপবীত+ইন্—অস্ত্যর্থে)

উপবৃংহিত, (উপ+বৃংহিত=পুষ্ট, বর্দ্ধিত) ণ, ত্রি, উচ্ছ্বসিত, বর্দ্ধিত, সঞ্চিত ।

উপবেদ, (উপ+বিদ্—জানা+অল—ধ) ষ্য, পুং, প্রধান বেদাতিরিক্ত বেদ ; আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ, স্থাপত্যবেদ ।

উপবেশন, (উপ+বিশ+অনট-ভাব) ষ্য, ন, স্থিতি, বসা ।

উপবেশিত, (উপ+বেশি=প্রবেশকরান, বসান+ত—ঢ) ণ, ত্রি, যাহাকে বসান গিয়াছে ।

উপব্যাঘ্র, (উপ+ব্যাঘ্র) ষ্য, পুং, চিত্রক, চিতাবাঘ ।

উপশম, (উপ+শম—শান্ত হওয়া+অল—ভাব) ষ্য, পুং, শমতা, শান্তি, নিবৃত্তি, নিগ্রহ ।

উপশমনীয়, (উপ+শম+অনীয়—ঢ) ণ, ত্রি, যাহার উপশম করা যাইতে পারে, উপশমযোগ্য ।

উপশয়, (উপ+শী—শয়ন করা+অল—ভ) ষ্য, পুং, নিদানপঞ্চকান্তর্গত রোগজ্ঞানজনক ঔষধ এবং খাদ্যের কল্পবিশেষ দ্বারা রোগ নির্ণয়, মৃগবধস্থিত ব্যাধের আত্মগুপ্তি স্থান, গর্ত্ত বিশেষ, সমীপে শয়ন, ক্রোড় । ণ,ত্রি, সুখোৎপাদক, বিশ্রামজনক ।

উপশল্য, (উপ—সমীপ+শল—গমনকরা+য, অথবা উপ—উপগত+শল্য—অস্থিস্থান, ভাগাড়) ষ্য,ন, গ্রামের প্রান্তভাগ, গ্রামান্ত ।

উপশান্ত, (উপ+শম+ত—ঢ) ণ,ত্রি, নিবৃত্ত, যাহার উপশম হইয়াছে ।

উপশায়, (উপ=পর্য্যায়ক্রমে+শায় [শী+ঘঞ্]—শয়ন) ষ্য,পুং,প্রহরী প্রভৃতির পর্য্যায়ক্রমে শয়ন ।

উপশোভিত, (উপ+শোভিত=শোভাযুক্ত) ণ, ত্রি, শোভিত, অলঙ্কৃত, সজ্জিত ।

উপশ্রুত, (উপ+শ্রু—শুনা, অঙ্গীকার করা+ক্ত—ঢ) ণ, ত্রি, অঙ্গীকৃত, প্রতিশ্রুত ।

উপশ্রুতি, (উপ—উপরে+শ্রু=শুনা, অঙ্গীকার করা+ক্তি—ভাব) ষ্য,স্ত্রী, অঙ্গীকার, দৈব শুভাশুভ প্রশ্ন "নক্তং নির্গত্য যৎকিঞ্চিচ্ছুভাশুভকরং বচঃ শ্রূয়তে তদ্বিদুর্ধীরা দৈবপ্রশ্নমুপশ্রুতিং" কাব্যবলী ।

উপশ্লেষ, (উপ+শ্লিষ=আলিঙ্গনকরা+অল—ভাব) ষ্য, পুং, একদেশ সম্বন্ধ, আলিঙ্গন, আশ্লেষ ।

উপষ্টম্ভ, (উপ+স্তন্ত্—স্তব্ধ হওয়া, আরম্ভকরা+অ—ভাব) ষ্য, পুং, আধিক্য, উপক্রম, আরম্ভ, উদ্রেক, স্তম্ভ, স্তম্ভন, উপলক্ষ, নিমিত্ত, প্রয়োজন ।

উপসংখ্যান, (উপ=সমীপ+সম্+খ্যা—বলা,গণনাকরা+অনট—ভাব) ষ্য, ন, গণনা, সংগ্রহ, বিশেষণ ।

উপসংগ্রহ, (উপ—নিকট+সং—সহিত+গ্রহ=গ্রহণকরা+ঘঞ—ভাব)ষ্য, পুং, পাদস্পর্শপূর্ব্বক প্রণাম, অভিবাদন ।

উপসংগ্রাহ্য, (উপ+সং+গ্রহ+য—ঢ) ণ, ত্রি, বন্দনীয়, অভিবাদ্য, প্রণম্য ।

উপসংযম, (উপ+সম+যম—নিবৃত্ত করা+অল—ভাব) ষ্য, পুং, পরিশেষ, সংগ্রহ, নিগ্রহ ।

উপসংব্যান, (উপ+সং+ব্যে—আচ্ছাদনকরা+অনট—ধ) ষ্য, ন, যাহার দ্বারা শরীর আচ্ছাদন করা যায়,পরিধেয়বস্ত্র, উত্তরীয় বস্ত্র ।

উপসংহরণ, (উপ+সং+হৃ+অনট)

ষ্য, ন, অঙ্গীকার, আক্রমণ।

উপসংহার, (উপ+সং+হৃ—হরণ করা, শেষ করা ইত্যাদি+ঘঞ—ভাব) ষ্য, পুং, বিনাশ, পরিশেষ, সমাপ্তি, সংগ্রহ, আরব্ধ বা প্রস্তাবিত বিষয়ের শেষকরা।

উপসংহৃত, (উপ+সং+হৃ+ক্ত—চ) ণ, ত্রি, যাহার উপসংহার হইয়াছে, সমাপিত।

উপসত্তি, (উপ—সমীপ বা সহিত+সদ্ —গমনকরা+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, সেবা, প্রতিপাদন, নিকটে গমন।

উপসদন, (উপ—সমীপ+সদন—গৃহ) ষ্য, ন, গৃহসমীপ, ঘরের নিকট।

উপসন্ন, (উপ—সমীপ+সদ্=গমন-করা+ক্ত—ম) ণ, ত্রি, উপস্থিত, সমীপস্থ, আসন্ন, উপনত।

উপসম্পন্ন, (উপ+সম্+পদ্—গমন করা, পরিণত হওয়া ইত্যাদি+ক্ত—ম, চ) ণ, ত্রি, পক্ব, মৃত, লব্ধ, প্রাপ্ত, পর্য্যাপ্ত, প্রস্তুত, সংস্কৃত, যুক্ত, বিশিষ্ট, সমভিব্যাহৃত।

উপসর, (উপ+সৃ—গমনকরা+অল) ষ্য, পুং, গবী প্রভৃতির প্রথম গর্ভা-ধানার্থ বৃষভাদির অভিগমন, প্রজন।

উপসর্গ, (উপ—উপস্থিত+সর্গ=সৃষ্টি) ষ্য, পুং, হঠাৎ উপস্থিত সৃষ্টি, ভূক-ম্পাদি উৎপাত, উপদ্রব, উপপ্লব, বিঘ্ন, ব্যাঘাত, পীড়া, রোগজাতবিকার, এক রোগ সত্ত্বে সেই রোগের সূত্রে অপর রোগের আবির্ভাব। (উপ—সমীপ বা সহিত+সর্গ=যে সৃষ্টি করে) যাহারা ধাতুর সমীপে গিয়া নানাবিধ অর্থ সৃষ্টি করে, ধাতুর পূর্ব্ববর্ত্তী প্র—প্রভৃতি বিংশতি অ-ব্যয়। "নিপাতাশ্চাদয়ো জ্ঞেয়া উপ-সর্গাস্তু প্রাদয়ঃ। দ্যোতকত্বাৎ ক্রিয়া যোগে লোকাদবগতা ইমে॥ ধাত্বর্থং বাধতে কশ্চিৎ কশ্চিত্তমনুবর্ত্ততে। তমেব বিশিনষ্ট্যন্যঃ উপসর্গগতিস্ত্রিধা। উপসর্গেণ ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে। প্রহারাহারসংহারপ্রতীহারপ্রহার-বৎ" দুর্গাদাস।

উপসর্জন, (উপ—হীন, নীচ+সৃজ—সৃষ্টিকরা, গমনকরা+অনট—ভাব) ষ্য, ন, গৌণ, অপ্রধান, বিশেষণ।

উপসর্পণ, (উপ—সমীপ+সৃপ—গমন করা+অনট—ভাব) ষ্য, ন, ণী—স্ত্রী, সমীপে উপস্থিতি, অনুগ্রহ লাভ প্রত্যাশায় অন্যের নিকট যাওয়া, উপাসনা, "অথবা ন ভাবনয়মুপসর্পণ কামঃ" শকুন্তলা।

উপসর্য্যা, (উপ+সৃ—গমন করা+য; নিপাতন) ষ্য, স্ত্রী, ঋতুমতী গাভী।

উপসাগর, ষ্য, পুং, যে সাগরাংশের প্রায় চতুর্দ্দিকে স্থল।

উপসার্য্য, (উপ=সমীপ+সৃ=গমন-করা+ঘ্যণ—চ) ণ, ত্রি, উপসর্পণীয়, সমীপে গমনীয়।

উপসূর্য্যক, (উপ—সমীপ বা উপগত +সূর্য্য+ক—স্বার্থে) ষ্য, ন, সূর্য্য-মণ্ডল। (উপসূর্য্য+ক—তুল্যার্থে) চন্দ্র মণ্ডল।

উপসৃষ্ট, (উপ+সৃজ+সৃষ্টিকরা, যোগ করা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, আক্রান্ত, ব্যাপ্ত, যুক্ত, উপসর্গযুক্ত, রাহুগ্রস্ত, ভূতে পাওয়া, "তেনোপ-সৃষ্টে লক্ষ্যতে ন রাজ্যং" রাজনন্দন, বিসৃষ্ট। ষ্য, ন, মৈথুন, জুলা।

উপস্কর, উপস্কার, (উপ—সম্পূর্ণ+কর, কার=যে করে। স—আগম) ষ্য, পুং অসম্পূর্ণ বাক্যের বোধার্থে শব্দের অধ্যাহার, ব্যঞ্জনের মসলা, বাটনা, উপকরণ, গৃহস্থের প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী, অপবাদ, তিরস্কার।

উপস্তম্ভ, (উপ+স্তম্ভ=বিস্তৃত করা+ঘঞ্) ষ্য, পুং, যাহার দ্বারা জীবন রক্ষা হয়, আহার নিদ্রা প্রভৃতি।

উপপত্নী, (উপ=প্রতিনিধি+স্ত্রী=পত্নী) বা, স্ত্রী, উপপত্নী।

উপস্থ, (উপ=সমীপ+স্থ=যে থাকে) প, ত্রি, সমীপস্থ, উপরিস্থ। বা, পুং, স্ত্রীপুং চিহ্ন, যে ইন্দ্রিয় দ্বারা সন্তান জন্মে, "গঙ্গাযমুনয়োর্মধ্যে পৃথিব্যা জঘনং স্মৃতম্ ; প্রয়াগং জঘনস্থানমুপস্থমৃষয়ো বিদুঃ"।

উপস্থপত্র, বা, পুং, ডুমুর গাছ।

উপস্থনিগ্রহ, (উপস্থ+নিগ্রহ, ৬ষ, বা, পুং, স্ত্রীসংসর্গাভাব, ইন্দ্রিয় দমন।

উপস্থাতা, (উপ+স্থা+তৃণ—দাণ,ত্রি, সেবক, ভৃত্য, উপাসক, যে উপস্থিত হয়।

উপস্থান, (উপ=সমীপ+স্থা=থাকা+অনট—ভাব) বা, ন, উপস্থিতি, উপাসনা, আগমন,উত্তরণ, নৈকট্য, প্রাপ্তি, সভা।

উপস্থাপক, উপস্থাপয়িতা, (উপ+স্থাপি=স্থিতি করান, উপস্থিত করান উপাসনা করান+ণক, তৃণ—য) প,ত্রি, যে উপস্থিত করে,প্রস্তাব-কর্তা।

উপস্থাপন,(উপ+স্থাপি+অনট—ভাব) বা, ন, উপস্থিত করা, প্রস্তাব করা, আনয়ন।

উপস্থাপিত, (উপ+স্থাপি+ক্ত—চ) প, ত্রি, প্রস্তাবিত, যাহা উপস্থিত করা গিয়াছে, আনীত।

উপস্থিত, (উপ+স্থা+ক্ত—দ)প, ত্রি, আগত, উপাসিত, যাহা আছে, বর্ত্তমান, ঘটিত, জাত, প্রাপ্ত, অনুভূত, পরিস্কৃত, সম্পাদিত।

উপস্থিতকবি, বা, পুং, প্রশ্ন করিলে যে ব্যক্তি হঠাৎ কবিতা দ্বারা উত্তর করিতে পারে। [পটু।

উপস্থিতবক্তা, বা, পুং,সদ্বক্তা,বাক্-

উপস্থিতি,(উপ+স্থা+ক্তি—ভাব) বা, স্ত্রী, উপস্থান, নিকটে আগমন, উপাসনা, বিদ্যমানতা, ঘটন, জ্ঞান প্রাপ্তি, অনুভব, পরিস্করণ, সম্পাদন।

উপস্নুত, (উপ+স্নু=ক্ষরিত হওয়া+ক্ত—য) প, ত্রি, ক্ষরিত, গলিত।

উপস্পর্শ, উপস্পর্শন, (উপ=সদৃশ+স্পর্শ, স্পর্শন) বা, পুং, ন, স্নান, আচমন, পান, স্পর্শ।

উপস্পৃষ্ট, (উপ=সদৃশ+স্পৃশ=স্পর্শ করা+ক্ত—চ) প, ত্রি, আচান্ত, কৃতাচমন, স্নাত, স্পৃষ্ট, সংস্পৃষ্ট।

উপস্বত্ব, (উপ+স্বত্ব=ধনাদিতে প্রভুত্ব) বা, ন, ভূম্যাদি বিষয় হইতে উৎপন্ন ধনাদি, যথা জমীর খাজনা, বাটীর ভাড়া, টাকার সুদ ইত্যাদি।

উপস্বেদ, (উপ+স্বিদ=ঘর্ম্মাক্ত হওয়া ইত্যাদি+ঘঞ—ভাব) বা, পুং সেক দেওয়া, তাপ দেওয়া।

উপহত, (উপ+হত=হিংসিত)প,ত্রি, আহত, বিঘ্নিত, দূষিত, বিঘট্টিত, বিনাশিত,আক্রান্ত,অভিভূত, "শোকোপহতাম্মবুত্তিভিঃ"।

উপহরণ, (উপ+হরণ) বা,ন, উপঢৌকন, ভেট, বলিদান, আহারীয় দ্রব্য পরিবেশন।

উপহব,(উপ+হু=আহ্বান করা+অল) বা, পুং,আহ্বান,আমন্ত্রণ, আবাহন।

উপহাস, উপহাস, (উপ+হস=হাস্যকরা+ক, ঘঞ—ভাব) বা,ন, —পুং, হাস্য, পরিহাস।

উপহসিত, (উপ+হস+ক্ত—চ) প, ত্রি, যাহাকে উপহাস করা গিয়াছে।

উপহার, (উপ+হৃ=হরণকরা, দান-করা+অ—ভাব) বা, পুং, সমর্পণ, উপঢৌকন, ভেট।

উপহালক, বা, পুং, কুন্তল দেশ।

উপহাস্য, (উপ+হস=হাস্যকরা+ঘ্যণ—চ) প, ত্রি, যাহাকে দেখিয়া উপহাস করা যায়, হাস্যের বিষয়।

উপহিত, (উপ+ধা—ধারণকরা, অর্পণ করা+ক্ত—চ) ণ, ত্রি, অর্পিত, বিন্যস্ত, দত্ত, সংযোজিত, মিশ্রিত।

উপহৃত, ণ, ত্রি, গৃহীত, সমর্পিত।

উপহৃত, (উপ+হৃ+ক্ত—চ) ণ, ত্রি, দত্ত, আনীত, আহৃত।

উপহ্বর, (উপ+হ্বৃ—কুটিল হওয়া+অ) বা, ন, বিজন, নির্জ্জন, নির্জ্জন স্থান, সমীপ। পুং, রথ, যুদ্ধ।

উপাংশু, (উপ+অংশু—কিরণ) বা, পুং, জপবিশেষ। বা, নির্জ্জন, গোপনীয়রূপে।

উপাংশুবধ, (উপাংশু—গোপনীয়রূপে +বধ—হত্যা) বা, পুং, নির্জ্জনে বধ, যে বধ অন্যে দেখিতে না পায়। Assassination.

উপাংশুবাসী, (উপাংশু—বিজন+বাসিন্—যে বাস করে) ণ, ত্রি, বিজনবাসী, যে নির্জ্জন স্থানে বাস করে।

উপাকরণ, (উপ+আ+কৃ—করা, পাঠ করা, বধকরা+অনট—ভাব) বা, ন, সংস্কার পূর্ব্বক পশুহনন, আরম্ভ, বেদপাঠের পূর্ব্বে বিহিত সংস্কারবিশেষ।

উপাকৃত, (উপ+আ+কৃ+ক্ত—চ) ণ, ত্রি, দেবোদ্দেশে হত বা হন্তব্য পশু, উপক্রান্ত, আরব্ধ। বা, পুং, অমঙ্গল, ভাবী বিপদসূচক নৈসর্গিক ঘটনা।

উপাক্ষ, (উপ—সদৃশ+অক্ষ—অক্ষিপক্ষ্ম, বা—স) বা, ন, উপনেত্র, চসমা।

উপাক্ষকার, (উপাক্ষ—চসমা+কার —যে করে, ২-ব) বা, পুং, চসমা প্রস্তুতকারী।

উপাখ্যান, (উপ+আখ্যান—উপন্যাস) বা, ন, কল্পিত গল্প, যাহার আদ্যোপান্ত প্রকৃত ঘটনা বলিয়া গণনীয় নহে; ইতিবৃত্ত, আখ্যান, কথন।

উপাগত, ণ, ত্রি, উপস্থিত, প্রতিশ্রুত,

উপাগম, (উপ+আ+গম—গমনকরা, স্বীকারকরা+অল—ভাব) বা, পুং, স্বীকার। (উপ—সমীপ+আগম—আগমন) উপস্থিতি, প্রাপ্তি, অনুভব, দুঃখভোগ।

উপাঙ্গ, (উপ—সদৃশ+অঙ্গ) বা, পুং, ললাটদেশে চন্দনাদি চিহ্ন, তিলক ফোঁটা প্রভৃতি, প্রধানের উপযোগী, অঙ্গের অঙ্গ, প্রত্যঙ্গ, যেমন অঙ্গুলি, যথা—শরীরের অঙ্গ কর, করের অঙ্গ অঙ্গুলি, বিজ্ঞানের অপ্রধান অংশ।

উপাচার্য্য, (উপ+আচার্য্য) বা, পুং, আচার্য্যের সহকারী, অপ্রধান আচার্য্য। [মত্যাদি দ্বারা ভূমি লেপ।

উপাঞ্জন, (উপ+অঞ্জন) বা, ন, গো-

উপাত্ত (উপ—সমীপ+আত্ত—গৃহীত) ণ, ত্রি, গৃহীত, স্বীকৃত, প্রাপ্ত। বা, পুং, নির্মদ হস্তী।

উপাত্যয়, (উপ+অতি+ই—গমনকরা অল—ভাব) বা, পুং, আচারাতিক্রম, নাশ।

উপাদান, (উপ—সমীপ+আদান—গ্রহণ) বা, ন, সমবায়িকারণ, কোন পদার্থ যে বস্তুতে নির্ম্মিত বা প্রস্তুত হয়, যথা—ঘটের উপাদান মৃত্তিকা, বস্ত্রের উপাদান সূত্র, আদান, গ্রহণ, স্ব স্ব বিষয় হইতে ইন্দ্রিয়াকর্ষণ, ইন্দ্রিয় নিগ্রহ, কারণ, উদ্দেশ্য, কথন, স্বার্থ বাক্য, অভিপ্রেত অর্থ ভিন্ন অন্যার্থ পরিচায়ক বাক্য।

উপাদেয়, (উপ+আ+দা—দানকরা, গ্রহণকরা ইত্যাদি+য—চ) ণ, ত্রি, গ্রাহ্য, রমণীয়, উৎকৃষ্ট, উত্তম।

উপাধান, (উপ+আ+ধা—ধারণকরা, স্থাপনকরা+অনট—দে) বা, ন, শিরোধান, বালিশ।

উপাধি, (উপ+আ+ধা—ধারণকরা, চিন্তা করা ইত্যাদি+কি) বা, পুং

ধর্ম্মচিহ্ন. কুটুম্বব্যাপৃত, অধিক স-
মৃদ্ধি, আধার, কারণ, ছল, উপনাম,
নামচিহ্ন,জাতি বংশ বিদ্যা প্রভৃতির
পরিচায়ক শব্দ: যথা—শর্ম্মা, বর্ম্মা,
তর্কালঙ্কার, এম এ, বি এ, প্রভৃতি,
(ন্যায় মতে) সাধ্যব্যাপকত্ব হইলে
হেতুর অব্যাপক—যথা ধূমবান্ বহ্নি
এস্থলে আর্দ্রকাষ্ঠ উপাধি, (অলঙ্কার
মতে) জাতি গুণ এবং ক্রিয়ার যদৃ-
চ্ছাস্বরূপ। [শংসা পত্র।

উপাধিপত্র, ব্য. ন. বিদ্যালয়ের প্র-

উপাধ্মানীয়, (উপাধ্মান=ওষ্ঠ+ঈয়
—ভবার্থে) ব্য, পুং, ওষ্ঠোচ্চার্য্য
গজকুম্ভাকৃতি বর্ণ।

উপাধ্যায়,(উপ=সমীপ+অধি+ই=
অধ্যয়নকরা+ঘঞ) ব্য, পুং, নিক-
টস্থ হইয়া যাহা হইতে অধ্যয়ন করে,
অধ্যাপক, উপদেশক, বেদের একদেশ মাত্রের অধ্যাপক, যথা "এক-
দেশন্তু বেদস্য বেদাঙ্গান্যপি বা
পুনঃ, যোধ্যাপয়তি বৃত্ত্যর্থং উপা-
ধ্যায়ঃ স উচ্যতে"ভবিষ্যপুরাণ। য্য-
স্ত্রী, বিদ্যোপদেশিনী, অধ্যাপিকা।
য়ী, য়ানী—স্ত্রী, অধ্যাপকভার্য্যা, উ
পাধ্যায়পত্নী।

উপানৎ, (উপানহ. উপ+আ+নহ
=বন্ধনকরা+কিপ্—ম) ব্য, স্ত্রী,
চর্ম্মনির্ম্মিত পাদকোষ, জুতা, বি-
নামা"যা যদি ক্রিয়তে রাজা স কিং
নাস্ত্যুপানহং" উদ্ভট।

উপানৎকার,(উপানৎ=পাদুকা+কার
=যে করে, ২ য) ব্য,পুং, চর্ম্মনির্ম্মিত
পাদুকা প্রস্তুতকারী, যে জুতা গড়ে

উপান্ত, (উপ=সমীপ+অন্ত=শেষ)
ণ, ত্রি, সমীপ, প্রান্ত, পরিসর, শেষ
নিকট।

উপান্তবর্ণ,(উপ=সমীপ+অন্ত=শেষ,
বর্ণ) ব্য, পুং, অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ।

উপাপরাধ, (উপ+অপরাধ) ব্য, পুং,
মিথ্যা সাক্ষ্য, প্রতারণা, হিংসা প্র-
ভৃতি।

উপায়, (উপ+ই=গমনকরা, সম্পা-
দনকরা+অ—ণ, ভাব) ব্য, পুং,
সাম, দান, ভেদ, দণ্ড অর্থাৎ শত্রুর
সহিত সন্ধি, শত্রুকে অর্থদান, শত্রুর
গৃহবিচ্ছেদ এবং শত্রুর সহিত যুদ্ধ,
রাজাদের শত্রুবশীকরণ এই চতু-
র্বিধ সাধন, উপগতি, সাধন, উপ-
গম, স্বার্থ সম্পাদক, যাহা দ্বারা কর্ম্ম
সম্পন্ন হয়, প্রতীকারের পথ, উপা-
র্জ্জন,"উপায়তঃ সমারব্ধা সর্ব্বেসিদ্ধ-
ন্ত্যপক্রমাঃ, উপায়ং পশ্য যেন ত্বং
দারয়েথাঃ প্রজা নৃপ" বহ্নিপুরাণ।

উপায়ন, (উপ=সমীপ+অয়=গমন
করা+অনট—ভাব) ব্য, ন, উপ-
হার, উপঢৌকন, ভেট, সমীপগমন,
ব্রতাদি প্রতিষ্ঠা।[পার্জ্জক,রোজগারী

উপায়ী, (উপায়+ইন্) ণ, ত্রি, উ-

উপারত, উপ+আ+রম=ক্রীড়াকরা,
আরামকরা+ক্ত—ম) ণ, ত্রি, নি-
বৃত্ত, প্রত্যাবৃত্ত, সর্ব্বদা আগত,অধি-
কৃত।

উপার্জ্জন, (উপ+অর্জ্জ=ধনাহরণ)
ব্য, ন, অর্জ্জন, সেবা কৃষি বাণিজ্য
প্রভৃতি দ্বারা ধনাদি আহরণ করা,
লাভ, সঞ্চয়, আহরণ, সত্ব হেতুভূত
ব্যাপার।

উপার্জ্জিত, (উপ+অর্জ্জিত=ধনাহৃত)
ণ, ত্রি, যাহা উপার্জ্জন করা গি-
য়াছে, লব্ধ, প্রাপ্ত। [ত্রি, তিরস্কৃত।

উপালব্ধ, (উপ+আ+লভ+ক্ত) ণ,

উপারূঢ়, (উপ+আ+রুহ+ক্ত—ত)
ণ, ত্রি, প্রাপ্ত, আরূঢ়, আরোহিত।

উপালম্ভ, (উপ+আ+লভ=লাভকরা,
নিন্দাকরা+অল—ভাব) ব্য, পুং,
তিরস্কার, ভর্ৎসনা, সরোষ বাক্য,
দুর্ব্বাক্য, বিলম্ব করণ,"ত্বয়া দেবীং
বহুবক্তীবয়েরেণ মহাত্মপালভবধি

বস্তোহুপি' উত্তর চরিত।

উপাবর্ত্তন, (উপ+আ+বৃৎ=হওয়া, ফিরিয়া আসা+অনট—ভাব) বা, ন, প্রত্যাগমন, পুনরাগমন, ঘূর্ণন, পার্শ্বপরিবর্ত্তন, নিবৃত্তি, সমীপাগমন।

উপাবৃত্ত, (উপ+আ+বৃৎ+ক্ত—ম) ণ, ত্রি, ঘূর্ণায়মান, ঘূর্ণিত, প্রতিনিবৃত্ত, প্রত্যাগত, সম্পাদিত, শ্রমশান্তির নিমিত্ত পুনঃ পুনঃ ভূমিতে লুণ্ঠিত অশ্ব।

উপাসক, (উপ+অস্=হওয়া, সেবা করা+ণক—ম) ণ, ত্রি, উপাসনাকারী, সেবক, শূদ্র, উপকার, প্রত্যাশায় যে অন্যের উপাসনা করে।

উপাশ্রয়, (উপ+আ+শ্রি+অল) বা, পুং, নিবাস (Asylum), আধার, আশ্রয়, অবলম্বন।

উপাস, বা, পুং, উপবাস।

উপাসক, (উপ+আস্+ণক—ম) ণ, ত্রি, উপাসনকর্ত্তা, আরাধক।

উপাসঙ্গ, (উপ+আ+সন্জ=আসক্ত হওয়া+ঘঞ—ডে) বা, পুং, তূণ, বাণাধার, তূণীর।

উপাসন, (উপ+আস+অনট—ভাব) বা, ন, না—স্ত্রী, শুশ্রূষা, পূজা, সেবা, পরিচর্য্যা, আরাধনা, উপকার প্রত্যাশায় অন্যের অনুবৃত্তি।

উপাস্তি, (উপ+আস্+তি—ভাব) বা, স্ত্রী, উপাসনা।

উপাসিত, (উপ+অস্+ক্ত—ম) ণ, ত্রি, আরাধিত, সেবিত, উপকার প্রত্যাশায় যাহার অনুবৃত্তি করা গিয়াছে, কৃতোপাসন।

উপাসীন, (উপ+আসীন) ণ, ত্রি উপাবিষ্ট, সমীপস্থিত।

উপাস্থি, বা, ন, শরীরের অভ্যন্তরস্থ অস্থিতুল্য পদার্থ (Cartilage).

উপাস্থিক, ণ, যে সকল মৎস্যের দেহের অভ্যন্তর অস্থিতুল্য পদার্থ দ্বারা আবৃত যথা—বাণমাছ, হাঙ্গর প্রভৃতি, (Cartilaginous fish)

উপাস্য, (উপ+অস+য—ম) ণ, ত্রি, পূজ্য, উপকার প্রত্যাশায় অনুবর্ত্তনীয়।

উপাহিত, (উপ+আ+ধা=ধারণকরা, আগমন করা ইত্যাদি+ক্ত—ভাব, ম; বা উপ=আসন্ন+অহিত, ৬-ত) বা, পুং, অগ্ন্যুৎপাত, উল্কাপাতাদি উপদ্রব, ধূমকেতু। ণ, ত্রি, সংযোজিত, মিলিত, ন্যস্ত, আরোপিত, পরিহিত

উপুড, (দেশজ) ণ, ত্রি, ন্যুব্জ, বিপর্য্যস্ত।

উপেক্ষক, (উপ+ঈক্ষ+ণক—ম) ণ, ত্রি, যে উপেক্ষা করে, অবজ্ঞাকারক, উদাসীন, সহিষ্ণু।

উপেক্ষা, (উপ+ঈক্ষ=দেখা, তুচ্ছকরা ইত্যাদি+অ—ভাব) বা, স্ত্রী, অবহেলা, অনাদর, ঔদাসীন্য, ঔদাসীন্যরূপে দর্শন, অস্বীকার, ত্যাগ, সহিষ্ণুতা, ঘৃণা।

উপেক্ষিত, (উপ+ঈক+ত—ম) ণ, ত্রি, অনাদৃত, অবজ্ঞাত, ঘৃণিত, ত্যক্ত, অস্বীকৃত।

উপেত, (উপ=সমীপ+ইত=গত, প্রাপ্ত) ণ, ত্রি, মিলিত, প্রাপ্ত।

উপেন্দ্র, (উপ=পশ্চাৎ+ইন্দ্র=দেবরাজ) বা, পুং, যিনি ইন্দ্রের পরে জন্মগ্রহণ করিয়াছেন, পৌরাণিকেরা কহেন—ইন্দ্রলোকের উপরি আছেন বলিয়া উপেন্দ্র, বিষ্ণু, ইন্দ্রের কনিষ্ঠ।

উপেন্দ্রবজ্রা, বা, স্ত্রী, একাদশাক্ষর পাদছন্দোবিশেষ, প্রায় ইন্দ্রবজ্রাছন্দের ন্যায়, কেবল এইমাত্র বিশেষ, ইন্দ্রবজ্রার ১ম বর্ণ গুরু, ইহাতে প্রথম বর্ণ লঘু।

উপেয়, (উপ=নিকট+ই=গমনকরা, য) ণ, ত্রি, প্রাপ্য, উপায়সাধ্য।

উপোঢ়, (উপ+বহ=বহনকরা, ক্তি,

বাহকরা+ক্ত—চ) ণ, ত্রি, বিবাহিত, শ্রেণীবদ্ধ,ব্যূঢ়, নিকট, আসন্ন।

উপোদকী, (উপ+উদক=জল, ৭.হু) ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পুতিকা, পুঁইশাক। • [ব্য, স্ত্রী, পুতিকা।

উপোদিকা, (উপ+উদক+ই+আ)

উপোদ্ঘাত, (উপ+উৎ+হন্=বধকরা, আরম্ভ করা ইত্যাদি+ঘঞ—ভাব। হন্ স্থানে ঘাত) ব্য, পুং, উপক্রম, উপক্রমণিকা, উদাহরণ, সঙ্গতি বিশেষ, আরম্ভ, সূচনা, প্রস্তাবনা, "চিন্তাং প্রকৃতসিদ্ধার্থামুপোদ্ঘাতং বিদুর্বুধাঃ"।

উপোষ, উপোষণ, (উপ+বস্=বাস করা, নিরাহারে থাকা+ঘঞ, অন—ভাব) ব্য, পুং, ন, উপবাস, অনাহার।[ত্রি, অভুক্ত, অনাহারী।

উপোষিত, (উপ+বস+ক্ত—ঘ) ণ,

উপ্ত, (বপ=বীজবুনা+ক্ত—ঢ)ণ, ত্রি, কৃতবপন, যাহা বপনকরা হইয়াছে, নিক্ষিপ্ত।

উপ্তকৃষ্ট, (আদৌ উপ্ত, পশ্চাৎ কৃষ্ট অর্থাৎ প্রথম যাহাতে বুনা যায় পরে তাহা চসা যায়) ণ, ত্রি, বিচতলা।

উপ্তি, (উপ+ক্তি) ব্য, স্ত্রী, বীজবপন।

উপ্তিবিদ, (উপ্তি+বিদ=যে জানে) ব্য, পুং, কৃষিজ্ঞ, যিনি কৃষিবিদ্যায় নিপুণ। [যাহা চাষ করা হইয়াছে।

উপ্তিম, (উপ্তি+মম) ণ, ত্রি, উপ্ত,

উভ, (উভ=পরিপূর্ণকরা+অ) সর্ব্বং ণ, ত্রি, দ্বিং, দুইজন, উভয়, "বৃহদ্বাহুভৌ তাবিতরেতরস্মাৎ ভঙ্গং জয়ং প্রাপতুরব্যবস্থং" রঘুবংশ।

উভচর, (উভ+চর=যে গমন করে) ণ, ত্রি, যাহারা জলে ও স্থলে উভয় স্থানে বাস করে।

উভয়, (উভ+য—অবয়বার্থে) সর্ব্বং, ত্রি, একং—বহুং, দুইজন, দুই।

উভয়তঃ, (উভয়+তস্,সপ্তমী স্থানে) ব্য, দুই দিকে, দুই পার্শ্বে, "উভয়তঃ ফলপাকান্তা বহুপুষ্পফলোপগাঃ, অপুষ্পাঃ ফলিনশ্চৈব বৃক্ষাস্তুভয়তঃ স্মৃতাঃ" অমরকোষ।

উভয়ত্র, (উভয়+ত্র, সপ্তমী স্থানে) ব্য, দুই স্থানে, দুই দিকে, "দ্বৌ দৈবে(শ্রাদ্ধে)পিতৃকার্য্যে ত্রীনেকৈকমুভয়ত্রবা ভোজয়েৎ" স্মৃতি।

উভয়থা, (উভয়+থা) ব্য, দুই প্রকারে।

উভয়দ্যুঃ,উভয়েদ্যুঃ (উভয়+দ্যুস্,উভয়+এদ্যুস—দিবার্থে)ব্য, দুই দিনে।

উভয়ভাগহর,(উভয়+ভাগ+হৃ+অল) ণ, ত্রি, যে দুই অংশ গ্রহণ করে। ব্য, ন,দুই প্রকার গুণবিশিষ্ট ঔষধ।

উভয়বেতন, (উভয়+বেতন) ণ, ত্রি, যে উভয়ে বেতন গ্রহণ করে,যাহার দুই জন প্রভু। [স্বীকার, প্রশ্ন।

উম, ব্য, কোপ, ক্রোধ, প্রতিজ্ঞা,

উমা, (উ=শিব+মা=লক্ষ্মী, ৬-ষ, কিম্বা উ=হে+মা=না) ব্য, স্ত্রী, পার্ব্বতী, দুর্গা ; মেনকা ভগবতীকে কহিয়াছিলেন "উ দুর্গে মা কুরু তপস্যাং" এই নিমিত্ত ভগবতীর উমা নাম হইল, তথাহি "উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম" কুমার সম্ভব। (বে=শব্দাদি বুনা+মক্ : অথবা মা=পরিমাণকরা, বা মা=দীপ্তি) মসিনা, হরিদ্রা, কীর্ত্তি, কান্তি, শান্তি।

উমাকট, (উমা=মসিনা ইত্যাদি+কট) ব্য, পুং, মসিনা বা হরিদ্রার রজঃ।

উমাগুরু, উমেশ্বর, (উমা+গুরু, ঈশ্বর, ৬-ষ) ব্য, পুং, হিমালয় পর্ব্বত, শিব।

উমাপতি,উমেশ,(উমা+পতি, ঈশ=স্বামী, ৬-ষ) ব্য, পুং, মহাদেব, শিব।

উমাবন, (উমা+বন=উদ্যান) ব্য,

স, বানপুরের নামান্তর, দেবীকোট।
উমাসুত, (উমা=পার্ব্বতী+সুত=পুত্র ৬-ষ) বা, পুং, কার্ত্তিকেয়।
উম্য, (উমা=মসিনা+য) বা, ন, মসিনার ক্ষেত্র।
উম্বর, (উদ্=উপরি+বৃ=আচ্ছাদন করা+অ) বা, পুং, দেহলী, চৌকাটের উপরিস্থ কাষ্ঠ।
উম্বী, বা, স্ত্রী, অর্দ্ধপক্ক তৃণের অগ্নিতে ভাজা যবের বা গোধূমের মঞ্জরী।
উরঃ, (ঋ=গমনকরা, পাওয়া+অস্—সংজ্ঞার্থে, ঋ=উর। যে নিশ্বাস বায়ু পায়; কিম্বা উর [সৌত্রধাতু] =গমনকরা+অস্) বা, ন, বক্ষঃস্থল, হৃদয়। ণ, ত্রি, প্রধান, উত্তম।
উরঃক্ষত, (উরস্+ক্ষত) বা, ন, রক্ত স্বলীর ক্ষত রোগবিশেষ, যাহাতে মুখাদি দ্বারা রক্ত নির্গত হয় (Consumption).
উরঃসূত্রিকা, (উরস্=বক্ষঃস্থল+সূত্র=স্থূতা, ৭-ষ; ক—যোগ) বা, স্ত্রী, মুক্তারচিত হার।
উরগ, উরঙ্গ, উরঙ্গম, (উরস=বক্ষঃ+গ, গম=যে গমন করে, ৩-ষ, বা, পুং, ভুজগ, সর্প, সাপ।
উরগস্থান, (উরগ=সর্প+স্থান; ৬-ষ) বা, ন, নাগ বা সর্পের বাসস্থান, নাগলোক, পাতাল।
উরগাশন, (উরগ=সর্প+অশন=যে ভোজন করে, ২-ষ) বা, পুং, গরুড় পক্ষী, শিখী, ময়ূর।
উরণ, উরভ্র, (ঋ=গমনকরা+অন—সংজ্ঞার্থে) বা, পুং, মেষ, ভেড়া।
উরণাক্ষ, (উরণ=মেষ+অক্ষ, চক্ষুঃ) বা, পুং, বৃক্ষ বিশেষ, চাকুন্দা ইহার পুষ্প মেষচক্ষুর ন্যায়।
উররী, উরী, উররী, (বে=বুনা+ররী, রী, ররী) বা, অঙ্গীকার, পরিত্যাগ, বিস্তার।

উররীকৃত, উরীকৃত, (উররী, উরী+কৃত=যাহা করা হইয়াছে) ণ, ত্রি, অঙ্গীকৃত, প্রসারিত, বিস্তারিত, পরিত্যক্ত।
উরশ্ছদ, উরস্ত্র, উরস্ত্রাণ, (উরস্=বক্ষ+ছদ=যে আচ্ছাদন করে,—ত্র, ত্রাণ=যে রক্ষা করে, ২-ষ) বা, পুং, ন, ন, কবচ, সাঁজোয়া, বর্ম্ম।
উরসিজ, উরোজ, (উরসি=বক্ষেতে+জ=যে জন্মে) বা, পুং, বক্ষোজ, স্তন।
উরসিল, (উরস্=বক্ষঃস্থল+ইল—বিদ্যমানার্থে) ণ, ত্রি, যাহার বক্ষঃস্থল প্রশস্ত।
উরস্কট, (উরস্+কট=বেষ্টনকরা+অল) বা, পুং, যজ্ঞোপবীত।
উরস্য, (উরস=বক্ষঃ+য-ভবার্থে) বা, পুং, স্ত্রী—স্যা, সবর্ণা স্ত্রীর গর্ভে ঔরসজাত সন্তান।
উরস্বান্, (উরস্+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রশস্ত বক্ষঃস্থল-বিশিষ্ট।
উরাহ, বা, পুং, কৃষ্ণবর্ণ পদ বিশিষ্ট ঘোটক বিশেষ।
উরু, (ঊর্ণু=আচ্ছাদনকরা+উ। উ=উ; নু—লোপ) ণ, ত্রি, বিশাল, মহৎ, বড়, লম্বা, মূল্যবান।
উরুগায়, (উরগ=সর্প+ই=গমনকরা+অস্) বা, পুং, শ্রীকৃষ্ণের নামান্তর।
উরুমার্গ, (উরু+মার্গ) বা, পুং, প্রশস্ত রাস্তা।
উরুবুক, উরুবূক, (উরু=মহৎ+বৈ=শুষ্ক করা+উক, ঊক) বা, পুং, যে মহৎ পীড়া নষ্ট করে, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা, যাহার ফলে তৈল হয়।
উরুবাচ, (উরু=অধিক+বাচ=প্রতারণা করা+অস্) বা, পুং, প্রেত যোনি, ইহা রাত্রিকালে নানা রূপ ধারণ করিয়া লোকদিগকে ছলনা করে বলিয়া ইহার নাম উরুবাচা হইল।

উরোহায়ন, পুং, উরঃস্থল, বক্ষঃস্থল।

উরোজ, (উরস্—বক্ষঃ+জ—উৎপন্ন) ব্য, পুং, স্তন।

ঊর্ণনাভ, (ঊর্ণা—সূত্র+নাভি, ৬.হ) ব্য, পুং, লূতা, মাকড়সা।

ঊর্ণনাভ।

ঊর্ণা, (ঊর্ণ—আচ্ছাদনকরা+অ—ধ) ব্য, স্ত্রী, মেষাদি-লোম, পশুলোম।

উর্দ্র, (উর্দ—ক্রীড়াকরা+র—সংজ্ঞার্থে) ব্য, পুং, জলাখু, উদ্বিড়াল।

উর্ব্বট, (উরু—অধিক+অট=যে গমন করে) ব্য, পুং, যে অধিক পরিমাণে বা সর্ব্বদা গমন করিতেছে, বৎসর।

উর্ব্বরা, (উরু=অধিক+গ—গমনকরা, পাওয়া+অ; আ—স্ত্রীলিঙ্গে) ণ, স্ত্রী, যাহাতে সর্ব্ব শস্য জন্মে।

উর্ব্বশী, (উরু=মহৎ+বশ—বশীভূতকরা+অ—সংজ্ঞার্থে, য) ব্য, স্ত্রী, স্বর্গ-বেশ্যা-বিশেষ, বিক্রমোর্ব্বশী নামক কালিদাস রচিত নাটকের নায়িকা।

উর্ব্বশীরমণ, উর্ব্বশীবল্লভ, (উর্ব্বশী+রমণ=স্বামী, বল্লভ—প্রিয়, ৬-ত) ব্য, পুং, ঐলরাজা, পুরূরবাঃ।

উর্ব্বারু, ব্য, পুং, কর্কটি ফল, কাঁকুড়।

উর্ব্বী, (উরু—মহৎ+ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, অতি বিস্তীর্ণ বলিয়া উর্ব্বী, পৃথিবী, পৃথ্বী।

উর্ব্বীধর, (উর্ব্বী+ধর—যে ধরে, ২-ত) ব্য, পুং, পর্ব্বত, ভূধর।

উর্ব্বীরুহ, (উর্ব্বী+রুহ—যে জন্মে, ৭-ত) ব্য, পুং, মহীরুহ, বৃক্ষ, গাছ।

ঊর্ষণ, (দেশজ) ব্য, কম্বল, চোষক।

উলঙ্গ, (দেশজ) ণ, বিবস্ত্র, দিগম্বর।

উলন, (দেশজ) ব্য, অবতরণ, নামন।

উলপ, উলুপ, (বল=বলবান্ হওয়া+অপ, উপ—সংজ্ঞার্থে) ব্য, পুং, তৃণ বিশেষ, উলুখড়।

উলিন্দ, ব্য, পুং, দেশবিশেষ।

উলু, (দেশজ) ব্য, তৃণবিশেষ।

উলুতপুলুত, (ওতপ্রোত শব্দজ) চতুর্দ্দিকে অন্বেষণ।

উলূক, উদ্দূক, (বল্+উক কিম্বা উৎ+নম্=উড্ডাঃ নিপাতন,) ব্য, পুং, যে উড়িতে উড়িতে নেত্রদ্বারা দেখে, পেচক, পেঁচা, দেবরাজ, শচীপতি, ইন্দ্র, দুর্য্যোধন-মাতুল শকুনির পুত্র। ন, উলুখড়।

উলূক।

উলূখল, ব্য, ন, উদূখল, গড়, ধান্যাদি পরিষ্কারের নিমিত্ত কাষ্ঠের দ্বারা নির্ম্মিত যন্ত্রবিশেষ।

উলূত, (উদ—অধিক+লূ—ছেদন করা+ত) ব্য, পুং, অজগর সর্প।

উলূপী, উলুপী, (উ—শিব+রূপ+ইন্—অস্ত্যর্থে, শিবের ন্যায় যাহার রূপ, অথবা উদ—উপরি+লুপ—লোপাকরা ইত্যাদি+ইন্—য; উদ্—উ) ব্য, পুং, শিশুমার, শুশুক।

উলূপী, ব্য, স্ত্রী, নাগকন্যা, বিশেষ অর্জ্জুনপত্নী।

উলুলু, (উক—স্থির, তন, রুম—স) ব্য, পুং, মাঙ্গলিক নিনাদবিশেষ, উলু ধ্বনি।

ঊর্জ্জিত, (ঊর্জ্জ+ক্ত—ণ) ণ, ত্রি, বিখ্যাত, তেজস্বী।

ঊর্ণনাভ, ব্য, পু, লূতা, মাকড়সা।

ঊর্ণা, ব্য, স্ত্রী, মেষাদিলোম, পশম "ঊর্ণাভেড়কম্বং বাসঃ"।

ঊর্ণাময়, (ঊর্ণা+ময়ট্—তদ্রূপার্থে) ণ, ত্রি, মেষাদিলোম নির্ম্মিত, পশমী

ঊর্ণায়ু, (ঊর্ণা+যু—অস্ত্যর্থে) ব্য, পুং, মেষলোমের আসন, কম্বল, মেষ, মাকড়সা।

ঊর্ণুত, (ঊর্ণু+ক্ত—ণ) ত্রি, আচ্ছাদিত।

ঊর্দ্দর, (ঊর্দ=বলবান হওয়া+দরণ, দ লোপ) ব্য, পুং, বীর, যোদ্ধা, রাক্ষস, দানব।

ঊর্দ্দু, (যাবনিক) ণ, বাজ সৈন্যসম্বন্ধীয়। ব্য, পারস্য ও হিন্দি মিশ্রিত ভাষা বিশেষ।

ঊর্দ্ধ, (উদ=উপরি+হা—ত্যাগকরা গমনকরা+ব ; উদ—ঊর) ণ, ত্রি, উচ্চ, উৎকৃষ্ট, অনন্তর, উপরিস্থ "পিতুরূর্দ্ধং গতে পুত্রা বিভজেযুর্দ্ধনং পিতুঃ" দায়ভাগ।

ঊর্দ্ধক, (ঊর্দ্ধ—উচ্চ+ক [কৈধাতুজ]—যে শব্দ করে) ব্য, পুং, বাদিত হইলে যে উচ্চ শব্দ করে, ঢক্কা বিশেষ

ঊর্দ্ধকায়, (ঊর্দ্ধ=উপর ও পূর্ব+কায়=দেহ) ব্য, পুং, শরীরের প্রথমাংশ মস্তক হইতে কটি পর্য্যন্ত, পূর্ব্বকায়।

ঊর্দ্ধগ, (ঊর্দ্ধ+গ=যে গমন করে) ণ, ত্রি, ঊর্দ্ধগামী। ব্য, পুং, শ্লেষ্মাজন্য রোগবিশেষ।

ঊর্দ্ধগপুর, (ঊর্দ্ধগ+পুর নগর) ব্য, ন, রাজা হরিশ্চন্দ্রের নগর, ইনি প্রজাদিগের সহিত আকাশে বাস করিতেছেন বলিয়া ইহাঁর পুরের নাম ঊর্দ্ধগপুর হইয়াছে।

ঊর্দ্ধজানু, (ঊর্দ্ধ+জানু, ৬,হ, জানু=জঙ্ঘা) ণ, ত্রি, ঊর্দ্ধজানু। ণ, ত্রি, উন্নত।

ঊর্দ্ধতন, (ঊর্দ্ধ+তন—তবার্থে) ণ, ত্রি, উপরিস্থ। [ব্য, পুং, বিষ্ণু।

ঊর্দ্ধদেব, (ঊর্দ্ধ=উৎকৃষ্ট, প্রধান+দেব);

ঊর্দ্ধন্দম, (ঊর্দ্ধ+দম+খ) ণ, ত্রি উন্নত, আনন্দিত, উচ্ছসিত। [পাত্রবিশেষ।

ঊর্দ্ধপাত্র, (ঊর্দ্ধ+পাত্র) ব্য, ন, যজ্ঞীয়

ঊর্দ্ধপাদ, ব্য, পুং, নরক নামক শরভ বিশেষ।

ঊর্দ্ধপুণ্ড্র, (ঊর্দ্ধ+পুণ্ড্র=ফোঁটা, কর্ম্মধা) ব্য, পুং, ললাটের লম্বা ফোঁটা।

ঊর্দ্ধম, (উদ—উপরি+ধে=আধানকরা+অম, উদ=ঊর) ব্য, উপর।

ঊর্দ্ধমান, (ঊর্দ্ধ+মা=পরিমাণকরা+অনট—ভাবে) ব্য ন, বাটখারা।

ঊর্দ্ধরেখা, (ঊর্দ্ধ+রেখা, কর্ম্মধা) ব্য, স্ত্রী, অঙ্গুলির রেখাবিশেষ।

ঊর্দ্ধরেতাঃ, ঊর্দ্ধ+রেতস্=বীর্য্য, ৬,হ) ব্য পুং, যাহার বীর্য্য ঊর্দ্ধগত হইয়াছে, শিব, শুক্রসংযমকারী, যোগী, ভীষ্ম মুনিবিশেষ।

ঊর্দ্ধলিঙ্গ (ঊর্দ্ধ=উৎকৃষ্ট বৃহৎ+লিঙ্গ=পুংচিহ্ন ৬হ) ব্য, পুং, শিব, মহাদেব, ইনি বিষ্ণুর মোহিনীর রূপ দর্শনে মোহিত হওয়া নিজ লজ্জা রক্ষা করিয়াছিলেন বলিয়া ইহাঁর নাম ঊর্দ্ধলিঙ্গ হইল।

ঊর্দ্ধলোক, (ঊর্দ্ধ+লোক—জগৎ, কর্ম্মধা) ব্য, পুং স্বর্গ।

ঊর্দ্ধবাহু ব্য, পুং, সন্ন্যাসী বিশেষ, যাহারা নিরন্তর এক বা দুই বাহু ঊর্দ্ধ করিয়া রাখা রূপ ব্রত ধারণ করে।

ঊর্দ্ধশ্বাস, ব্য, পুং, উপর নিশ্বাস, দ্রুত গমন জন্য উচ্ছ্বাস, অন্তদশা।

ঊর্দ্ধস্থ, (ঊর্দ্ধ+স্থা—যে

ঊর্দ্ধস্থিতি, (ঊর্দ্ধ+স্থা+ক্তি) ব্য, স্ত্রী, ঘোড়া ব্য, পুং—ন, আরোহীশকট, শিরোবেষ্টন, পাকুড়

ঊর্ম্মি, (ঋ=গমনকরা+মি—সংজ্ঞার্থে) ব্য, পুং,—স্ত্রী, যে ঊর্দ্ধে গমন করে, তরঙ্গ, ঢেউ, স্রোত, বস্ত্রের উপর চুনাট করা, ত্বরা, বেগ, উৎকণ্ঠা, মানসিক পীড়া, ভ্রান্তি, অঙ্গুরীয়ক। স্ত্রী, অশ্বগতিবিশেষ।

ঊর্ম্মিকা, (ঊর্ম্মি+ক—যোগ অথবা ঊর্ম্মি+ক, কৈধাতুজ) ব্য, স্ত্রী তরঙ্গ, উৎকণ্ঠা, বস্ত্রের উপর চুনাট করা, অঙ্গুরীয়।

ঊর্ম্মিমান, (ঊর্ম্মি+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, ঊর্ম্মিযুক্ত, তরঙ্গিত বক্র, ঢেউখেলানে।

ঊর্ম্মিমালী, (ঊর্ম্মিমালা=তরঙ্গমালা+ইন—অস্ত্যর্থে) ব্য, পুং, সাগর, সমুদ্র।

ঊর্ম্মিলা, (ঋ=গমনকরা+মিল-সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, লক্ষ্মণের পত্নী।

ঊর্ম্মিলাবিলাসী, (ঊর্ম্মিলা+বিলাস+ইন্; ২ ব) ব্য, পুং, লক্ষ্মণ।

ঊর্ব্বরা, ব্য, স্ত্রী, সর্ব্বশস্যাঢ্যা ভূমি, শস্যশালিনী, যে ভূমিতে নানাবিধ শস্য জন্মে।

ঊর্ব্বশী, ব্য, স্ত্রী, অপসরা বিশেষ।

ঊর্ব্বস্থি, (ঊরু+অস্থি=হাড়, ৬-ষ) ব্য, ন, উরুতের হাড়।

ঊলূপ, ব্য, পুং, পেচক।

ঊলূপী, ব্য, স্ত্রী, শিশুমার, শুশুক।

ঊষ, (ঊষ=রোগযুক্ত হওয়া+অ—ষ) ব্য, পুং, ক্ষারমৃত্তিকা, লবণাক্ত ভূমি। ন, প্রত্যূষ, প্রভাত, গর্ত্ত, চন্দনাদি। ব্য—স্ত্রী, বাণরাজকন্যা, অনিরুদ্ধের পত্নী।

ঊষর, ঊষবান, (ঊষ=ক্ষারমৃত্তিকা+র, বৎ, অস্ত্যর্থে) ণ, ত্রি, লোণাভূমি

ঊহ, (ঊহ্=তর্ককরা+অ—ভাব) ব্য, পুং, তর্ক, বিতর্ক, অনুমান, অধ্যাহার।

ঊহনী, (বহ্=বহনকরা+অন+ঈ; ব—উ) ব্য, স্ত্রী, সম্মার্জ্জনী, ঝাঁটা।

ঊহিত, (ঊহ্+ক্ত—চ) ণ, ত্রি, তর্কিত, অধ্যাহৃত, অনুমিত, সম্ভাবিত।

ঊহিন্, (ঊহ+ইন—বিশিষ্টার্থে) ণ, ত্রি, তার্কিক, যিনি তর্ক করেন। নী, ব্য, স্ত্রী, সমবায়, সমাহরণ।

ঊহ্য, (বহ+য—চ) ণ, ত্রি, অধ্যাহার্য্য, আকাঙ্ক্ষা পূরণার্থ উল্লেখ্য, যে বিষয়ের ন্যূনতা পরিহার করিতে হইবে।

ঋ।

ঋ, সপ্তম স্বরবর্ণ। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। ব্য, স্ত্রী, অদিতি, দেবমাতা। ব্য, হাস্য, পরিহাস বা নিন্দাসূচক বাক্য।

ঋক্, (ঋচ্=স্তুতিকরা+কিপ্) ব্য, স্ত্রী, যে দেবতাদিগকে স্তব করে, ঋগ্বেদ, বেদমন্ত্র, গায়ত্রী।

ঋক্থ, (ঋচ=স্তবকরা+থ—সংজ্ঞার্থে) ব্য, ন, দায়, ধন, সম্পত্তি, কাহার অপরের সম্পত্তি, উত্তরাধিকারী কর্ত্তৃক প্রাপ্ত সম্পত্তি, পৈতৃক ধন।

ঋক্থজাত, (ঋক্থ+জাত) ণ, ত্রি, দায়প্রাপ্ত, রাশীকৃত।

ঋক্থহর, (ঋক্থ+হৃ=গ্রহণ করে) ণ, ত্রি, উত্তরাধিকারী, অংশভাগী।

ঋক্থা ব্য, পুং, ধন, সম্পত্তি।

ঋক্ষ, (ঋক্ষ্=বধকরা+অ কিম্বা ঋষ=গমনকরা+স—সংজ্ঞার্থে। ষ—ক। স—ষ। ক্, ষ—ক্ষ) ব্য, পুং, ভল্লুক, ঋক্ষবান পর্ব্বত। পুং, ন, নক্ষত্র, মেষাদি রাশি। ণ, ত্রি, বিদারিত, বিভক্ত, কর্ত্তিত।

ঋক্ষগন্ধা, (ঋক্ষ=ভল্লুক+গন্ধ, ৬-ষ) ব্য, স্ত্রী, যাহার ভল্লুকের ন্যায় গন্ধ, বীরতাড়কগাছ।

ঋক্ষবান্, (ঋক্ষ+বৎ—অস্ত্যর্থে) ব্য,

পুং, গণ্ডোয়ানা দেশস্থিত পর্ব্বতের প্রাচীন নাম, এই পর্ব্বত হইতে তাপ্তী ও নর্ম্মদা নদীর উৎপত্তি হইয়াছে।

ঋক্ষর, (ঋষ্=গমনকরা+সর-সংজ্ঞার্থে ষ=ক্। স=ষ। ক, ষ=ক্ষ) ষ্য, ন, বারিধারা। পুং, ঋত্বিক্।

ঋক্ষরাজ, (ঋক্ষ=নক্ষত্র ইত্যাদি+রা-জন্=রাজা, ৬-ষ) ষ্য, পুং, চন্দ্র, জাম্বুবান্।

ঋক্ষবিভাবন, (ঋক্ষ=তারা+বিভাবন=নির্ণয়ন) ষ্য, ন, তারকা দর্শন।

ঋক্ষেশ, (ঋক্ষ=নক্ষত্র+ঈশ=পতি, ৬ষ) ষ্য, পুং, তারাপতি চন্দ্র, জাম্বুবান্।

ঋক্ষেষ্টি, (ঋক্ষ=তারকা+ইষ্টি=যজ্ঞ) ষ্য, স্ত্রী, গ্রহনক্ষত্রাদির পূজা।

ঋচা, ষ্য, স্ত্রী, বেদ মন্ত্র।

ঋচীষ, ঋজীষ, (ঋজ=ভজনকরা+ঈষন, সংজ্ঞার্থে। জ=চ) ষ্য, ন, পিষ্টক-ভর্জ্জনপাত্র, পিটে ভাজা খোলা, ধন, নরকবিশেষ।

ঋচ্ছরা, (ঋচ্ছ্=গমনকরা+অর—সংজ্ঞার্থে। আ-স্ত্রীলিঙ্গে,ষ্য,স্ত্রী,বেশ্যা।

ঋজীক, (ঋজ+ঈক—সংজ্ঞার্থে) ষ্য, পুং, ইন্দ্র, ধূম।

ঋজু, (ঋজ্=গমনকরা, পাওয়া+উ) গ, ত্রি, সরল, যে সোজা গমন করে বা যে সরলতা পায়, অকুটিল, সোজা, সহজ, যে কঠিন নয়।

ঋজুকায়, (ঋজু=সরল+কায়=দেহ, ৬-হ) ষ্য, পুং, কশ্যপমুনি। গ, ত্রি, অবক্রশরীর। [নায়ক।

ঋজ্র, (ঋজ্=গমনকরা+রন্) ষ্য, পুং,

ঋঞ্জসান, (ঋঞ্জ=গমনকরা+শান) ষ্য, পুং, মেঘ। [ght line)

ঋজুরেখা, ষ্য, স্ত্রী, সরল রেখা (Strai-

ঋণ, (ঋ=গমনকরা, পাওয়া+ক্ত—ষ) ষ্য, ন, যে বৃদ্ধি পায়, ধার, কর্জ্জ, দেনা, জল, দুর্গ, ব্যবকলনের চিহ্ন, '—', এই চিহ্ন।

ঋণগ্রস্ত, গ, ত্রি, ঋণী, ঋণযুক্ত।

ঋণদায়ক, (ঋণ+দায়ক=যে দান করে) গ, ত্রি, উত্তমর্ণ, ঋণদাতা, মহাজন।

ঋণমৎকুণ, ঋণমার্গণ, (ঋণ+মৎ=আমার+কুণ=শব্দকরা+অ—ষ, মৃগ=অন্বেষণ করা, পরিশোধ করা +ণিচ+অনট—ষ) ষ্য, পুং, লগ্নক, জামিন, প্রতিভূ।

ঋণমুক্তি, ঋণমোক্ষ, (ঋণ+মুক্তি, মোক্ষ=মোচন, ৬-ষ) ষ্য, স্ত্রী, ন, ধারশোধা, ঋণপরিশোধ।

ঋণাদান, (ঋণ+আদান=গ্রহণ; ৬-ষ) ষ্য, ন, অধমর্ণের নিকট হইতে লাভের সহিত ধনগ্রহণ, সুদশুদ্ধ টাকা লওয়া, অষ্টাদশ বিবাদান্তর্গত প্রথম বিবাদ। [মঙ্গল গ্রহ।

ঋণান্তক, (ঋণ+অন্ত+ক) ষ্য, পুং,

ঋণাপনয়ন, ঋণাপনোদন, (ঋণ+অপনয়ন, অপনোদন=দূরীকরণ, ৬ষ) ষ্য, ন, ঋণপরিশোধ করা, ধার শোধা।

ঋণী, (ঋণ+ইন্—অস্ত্যর্থে) গ ত্রি, ঋণগ্রস্ত, অধমর্ণ, যে ধার লয়, ঋণে আবদ্ধ।

ঋণোৎগ্রহণ, (ঋণ+উৎগ্রহণ=লওয়া) ষ্য ন, যে কোন প্রকারে হউক অধমর্ণ গৃহীত অর্থ আদায় করিয়া লওয়া।

ঋত, (ঋ=গমনকরা+ক্ত) ষ্য, ন, জল, সত্য, উঞ্ছশিল। গ, ত্রি দীপ্ত, পূজিত, পীড়িত, গত, সত্য।

ঋতজিৎ, ষ্য, পুং, যক্ষবিশেষ।

ঋতধামা, (ঋত=দীপ্ত+ধামন্=বাসস্থান, ৬-হ) ষ্য, পুং, যাঁহার বাসস্থান দীপ্তিময়, ঈশ্বর, বিষ্ণু।

ঋতম্; ষ্য, সত্য।

ঋতম্ভরা, (ঋতম্+ভৃ—ধারণকরা+অল আ) ব্য, স্ত্রী, সত্যজ্ঞানরূপ মনোবৃত্তি বিশেষ।

ঋতি, (ঋ+ক্তি—ধ) ব্য, স্ত্রী, কল্যাণ, পথ, গমন, গতি, জুগুপ্সা, নিন্দা, বর্দ্ধন, স্পর্দ্ধা, অশুভ।

ঋতীয়া, (ঋৎ=নিন্দাকরা+ঈয়,আ—স্ত্রীলিঙ্গে) ব্য,স্ত্রী,ঘৃণা,নিন্দা,লজ্জা

ঋতু, (ঋ+তু—সংজ্ঞার্থে) ব্য, পুং, যে নিয়মানুসারে আগমন করে ও যায়, কালবিশেষ, ঋতু ষড়্বিধ,যথা (১) মার্গপৌষৌ হিমঃ (২) মাঘফাল্গুণৌ শিশিরঃ (৩) চৈত্রবৈশাখৌ বসন্তঃ (৪) জ্যৈষ্ঠাষাঢ়ৌ গ্রীষ্মঃ (৫) শ্রাবণভাদ্রৌ বর্ষা (৬) আশ্বিনকার্ত্তিকৌ শরৎ। দীপ্তি, স্ত্রীরজঃ, মাস, সুবীর, কাঞ্জিক,কাঁজি।

ঋতুমতী,(ঋতু+মৎ—অস্ত্যর্থে। ঈ—স্ত্রীলিঙ্গে) ণ, স্ত্রী, ঋতুযুক্তা স্ত্রী, রজস্বলা, স্ত্রীধর্ম্মিণী, "তত্র প্রথমে দিবসে ঋতুমত্যাং মৈথুনগমনমনায়ুষ্যং পুংসাং ভবতি"।

ঋতুরাজ, (ঋতু+রাজন্=রাজা, ৬.ষ) ব্য, পুং, বসন্তকাল।

ঋতুবৃত্তি, ব্য, পুং, বৎসর।

ঋতুসন্ধি, (ঋতু+সন্ধি=মিলন) ব্য,পুং, ঋতুদ্বয়ের সন্ধিকাল, ঋতুদ্বয়ের অন্ত্য ও আদি সপ্তাহ। [যুক্ত ভোজনাদি।

ঋতুসাত্ম্য,ব্য, ন,ভিন্ন ভিন্ন ঋতুর উপ-

ঋতুস্নান, ব্য, ন, রজস্বলা স্ত্রীর চতুর্থ দিবস কর্ত্তব্য স্নান।

ঋতে, (ঋত=ত্যাগকরা+কে) ব্য, ব্যতিরেকে, বিনা, বর্জ্জন।

ঋত্বিক্, (ঋতু+যজ্=পূজাকরা+ক্বিপ্—ব ; ৭মী-ষ) ব্য, পুং, যিনি ঋতুতে যাগ করেন, পুরোহিত, যাজক, ঋতুযাজী।

ঋদ্ধ, (ঋধ্=বৃদ্ধি পাওয়া+ক্ত—ম) ণ, ত্রি, সম্পন্ন, সঞ্চিত, সমৃদ্ধিশালী, উন্নতিশালী, সমৃদ্ধিযুক্ত,প্রচুর। ব্য, ন, পরিপক্ব, মর্দ্দিত ধান্য, সিদ্ধান্ত।

ঋদ্ধি, (ঋধ+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, সম্পত্তি, সমৃদ্ধি, পার্ব্বতীর নামান্তর, মাতৃকা বিশেষ, অষ্টবর্গান্তর্গত ঔষধিবিশেষ, সিদ্ধি।

ঋভু, (ঋ=দেবমাতা+ভূ=হওয়া+ ডু, ৫-ষ) ব্য, পুং, দেবতা।

ঋভুক্ষ, (ঋভু=দেবতা+ক্ষি—বাস করা, গমনকরা, নাশকরা+ড—ব, ডে) ব্য, পুং, বজ্র, ইন্দ্র, স্বর্গ।

ঋভুক্ষা, (ঋভু—দেবতা+ক্ষি=ক্ষয়করা +ড-ঘ) ব্য, পুং, দেবরাজ, ইন্দ্র, স্বর্গ, বজ্র। [ব্য, পুং, ইন্দ্র।

ঋভুক্ষী, (ঋভুক্ষ—বজ্র+ইন—অস্ত্যর্থে)

ঋশ্য, (ঋষ্=গমনকরা+ক্যপ্) ব্য, পুং, চিত্রিত বা শ্বেতপদ হরিণ।

ঋষভ, (ঋষ্=গমনকরা+অভচ্—সংজ্ঞার্থে) ব্য, পুং, শ্রেষ্ঠ বৃষ, শুক লতা বিশেষ, কুম্ভীরের ও শূকরের পুচ্ছ। [কোন শব্দের পরে থাকিলে শ্রেষ্ঠ অর্থ বুঝায়, যথা—মনুষ্যর্ষভ, দেবর্ষভ] পর্ব্বতবিশেষ, ঋষভ নামক ঔষধ, বৃষশব্দবৎ স্বরবিশেষ, নাভি হইতে উঠিয়া কণ্ঠশীর্ষ পর্য্যন্ত উদ্গত যে বায়ু তদ্দ্বারা এই স্বর জন্মে। ভী—স্ত্রী শ্মশ্রুযুক্তা স্ত্রী,বিধবা, শুকশিম্বী, শিয়ালা, উত্তমা।

ঋষভধ্বজ, (ঋষভ+ধ্বজ=চিহ্ন, ৬.ষ) ব্য, পুং, শিবের নামান্তর,বৃষবাহন।

ঋষি, (ঋষ্=গমন করা+ই—সংজ্ঞার্থে) ব্য, পুং, যিনি সাংসারিক সুখ ত্যাগ করিয়া জ্ঞানপথে গমন করিয়াছেন, মহর্ষি, দেবর্ষি, রাজর্ষি, শ্রুতর্ষি, কাণ্ডর্ষি, পরমর্ষি, ব্রহ্মর্ষি। যাঁহারা সাংসারিক বিষয় হইতে বিরত হইয়া ধর্ম্ম চিন্তায় মনোনিবেশ করেন। মরীচি, অত্রি, অঙ্গিরস, পৌলস্ত্য, পুলহ, ক্রতু এবং

বশিষ্ঠ এই সপ্তর্ষি। শাস্ত্রপ্রণেতা, দীধিতি, মন্ত্রদ্রষ্টা, বেদাংশবিশেষ।

ঋষ্ট, (ঋষ+ক্ত) ব্য. পুং, শ্বেতবিন্দু-চিত্রিত হরিণ। ণ, ত্রি, অশুভদায়ক।

ঋষ্টি, (ঋষ্+ক্তি) ব্য, স্ত্রী, দ্বিধার খড়্গ, গ্রহদোষ, অশুভ।

ঋষ্য, (ঋষ+ক্যপ্) ব্য, পুং, চিত্রিত বা শ্বেতপদ-হরিণ, কুষ্ঠরোগভেদ।

ঋষ্যমুক, (ঋষ্য=হরিণ+মূক=বোবা ৭-হ)ব্য,পুং,ভয়ের কারণ না থাকাতে যেখানে মৃগেরা নীরব হইয়া থাকে, দাক্ষিণাত্য পর্ব্বতবিশেষ, যথায় রাম বানররাজ সুগ্রীবের সহিত কিছুকাল বাস করিয়াছিলেন।

ঋষ্যশৃঙ্গ,(ঋষ্য=মৃগ+শৃঙ্গ=শিং ; উত্তর পদ লোপী ৬-ষ) ব্য, পুং, মৃগশৃঙ্গের ন্যায় শৃঙ্গ যার, মুনিবিশেষ, বিভাণ্ডকমুনির পুত্র, রাজা দশরথের জামাতা। শান্তানামে রাজা দশরথের এক কন্যা ছিল, চন্দ্রবংশীয় রাজা লোমপাদ ঐ কন্যাকে পুত্রিকা লইয়াছিলেন। ঋষ্যশৃঙ্গ ঐ কন্যাকে বিবাহ করেন।

ৠ।

ৠ, অষ্টম স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা। ব্য, পুং, দানব, শিব, বক্ষঃস্থল, বাক্যারম্ভ, স্বর্গ। স্ত্রী, দিতি, অদিতি, স্মৃতি, দনু, গতি, রক্ষা। বা, ভয়, বাম নাসিকা, তিরস্কার, ভয় ও সহানুভূতিসূচক অব্যয়।

ঌ।

ঌ, নবম স্বরবর্ণ। ইহার উচ্চারণ স্থান দন্ত। ব্য, পুং, পর্ব্বত, স্ত্রী, পৃথিবী, অদিতি। বর্ত্তমানে বাঙ্গালায় ঌকারের কার্য্য প্রায় লি দ্বারা সাধিত হইয়া থাকে।

ৡ

ৡ, দশম স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত। ব্য, পুং, শিব। স্ত্রী, দেবনারী, দৈত্যমাতা, স্বর্গীয়নারী, স্ত্রীস্বভাব।

এ।

এ, একাদশস্বর। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু। ব্য, পুং, বিষ্ণু। স্ত্রী, পৃথিবী। বা, স্মৃতি, ঘৃণা, অবজ্ঞা, অসূয়া, সম্বোধন, দয়া, আমন্ত্রণ।

এই, (অয়ং বা ইয়ংপদজ) সর্ব্বং, অগ্রস্থিত, সম্মুখবর্ত্তী।

এক, (ই=গমনকরা+ক) ণ, ত্রি, প্রথম সংখ্যা, ১। একাকী, কেবল, অদ্বিতীয়, "এক এব সুহৃদ্ধর্ম্মো নিধনেপ্যনুযাতি যঃ" হিতোপদেশ। সমান, প্রধান, অন্য, অন্যতম, শ্রেষ্ঠ।

একক, একচর, (এক+ক—স্বার্থে, এক+চর=যে গমন করে) ণ, ত্রি, অসহায়, একলা।

এককালীন, (এক+কালীন=সাময়িক) ণ, ত্রি, সমকালীয়।

এককুণ্ডল, (এক+কুণ্ডল=কর্ণভূষণ ৬.হ) ব্য,পুং, এককর্ণে যিনি কুণ্ডল পরিধান করেন, বলরাম, কুবের।

একক্ষীর, (এক+ক্ষীর=দুগ্ধ) ব্য, ন, এক নারীর স্তন দুগ্ধ।

এককোষ্ঠী, ব্য, যে সকল শিরঃপদী জীবের দেহ এককোষ্ঠবিশিষ্ট চূর্ণময় আধারে থাকে, যথা—কটল মৎস্য, অর্গোনট্, বেলেম, নাইট, অক্টোপস্ প্রভৃতি।

একগুঁয়া, (দেশজ) ণ, অবাধ্য, একরোখা, যে কাহারও কথা মানে না।

একগুরু, (এক+গুরু, ৬-ত) ব্য, পুং, সতীর্থ, একগুরুর শিষ্য, যাহারা একগুরুর নিকট অধ্যয়ন করেন।

একঘরে, (দেশজ) ণ, জাতিভ্রষ্ট, সমাজচ্যুত, অপাঙ্‌ক্তেয়।

একচক্র, (এক+চক্র=গোল, চাকা) ষ্য, পুং সূর্য্যরথ, নগরীবিশেষ, পাণ্ডবেরা বকাসুরের বধার্থ এই নগরীতে অবস্থিতি করিয়াছিলেন।

একচর, (এক+চর=যে গমন করে। ণ, ত্রি, একাকী, সহচর শূন্য। ষ্য, পুং, গণ্ডার, অধীন।

একচারী, (এক+চারী - যিনি গমন করেন) ণ, ত্রি, যাঁহার একটী মাত্র সহচর। ষ্য, পুং, বুদ্ধশিষ্য।

একচালা, (এক+চাল, ৬-ষ। দেশজ) ষ্য, তৃণাচ্ছাদিত ক্ষুদ্র গৃহ বিশেষ।

একচেটিয়া, (এক চেটিয়া=অধীন, দেশজ) ণ, একায়ত্ত, একাধীন।

একচ্ছায়াশ্রিত,ণ ত্রি,ওতপ্রোত ভাষিন।

একজন্মা, (এক+জন্মন) ষ্য, পুং,রাজা, শূদ্র।

একজাই, (দেশজ) ষ্য, বারবার। ণ,যাবতীয় কুটুম্বগণের একত্র সমাবেশন রূপ কায়স্থদিগের কুলক্রিয়াবিশেষ।

একজাতি (এক+জাতি। ণ, ত্রি, সমান জাতি, স্বজাতি। ষ্য পুং, শূদ্র

একজাতীয় (এক+জাতি+ঈয়—প্রকারার্থে) ণ, ত্রি, তুল্যরূপ।

একজ্যা, (এক+জ্যা=ধনুকের ছিলা) ষ্য,স্ত্রী, ত্রিকোণমিতি শাস্ত্রের রেখা বিশেষ।

একটা, (এক+টা। কেবল বা অনাদরাদি অর্থে বাঙ্গালা 'টা' প্রত্যয় হয়) ণ, একবস্তু, একমাত্র, একই।

একটী, (এক+টী কেবল বা আদরাদি অর্থে বাঙ্গালা 'টী' প্রত্যয় হয়) ণ, একমাত্র, একবস্তু।

একটু, (এক+টু—অল্পার্থে, বাঙ্গালা প্রত্যয়) ণ, কিঞ্চিন্মাত্র, কিছু।

একটুকু, (এক+টুকু—অল্পার্থে, বাঙ্গালা প্রত্যয়) ণ,কিঞ্চিৎ, অত্যল্প।

একতঃ, (এক+তস্, সপ্তমী স্থানে) ষ্য, একদিকে, একপার্শ্বে।

একতন্ত্রী, ণ, ত্রি, একাভিলাষী, একধর্ম্মী, বিপক্ষ।

একতন্ত্রী. ণ,ত্রি,একতন্ত্রভুক, একতন্ত্রযুক্ত, একমতাবলম্বী।

একতম, (এক+তম—বহু বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) ণ, ত্রি, অনেকের মধ্যে এক।

একতর, (এক+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) ণ, ত্রি, দুয়ের মধ্যে এক।

একতা (এক+তা—ভাবে) ষ্য, স্ত্রী, একত্ব, ঐক্য, মিলন, অভেদ, সাম্য, মুক্তিবিশেষ।

একতান, (এক+তান=বিষয়, স্বরবিশেষ, ৬ ষ) ণ, ত্রি, একাগ্র, একবিষয়াসক্ত। ষ্য, পুং, একস্বর লয়।

একতাল, (এক+তাল=মৃদঙ্গাদি বাদ্যের কাল পরিমাণ, কর্ম্মধা) ষ্য, পুং, সমান তাল, একমিল, সম্মিলিত লয়, অবিচ্ছিন্ন স্বর। লী—একস্বর বিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ।

একতীর্থী, (এক+তীর্থ=পুণ্যক্ষেত্র+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, সতীর্থ, সহাধ্যায়ী, একপাঠী।

একত্র, (এক+ত্র, সপ্তমী স্থানে) ষ্য, এক স্থানে, এক বিষয়ে, একদিকে।

একত্ব, (এক+ত্ব—ভাবে) ষ্য, ণ, ঐক্য, অভেদ, সাম্য, মুক্তিবিশেষ।

একদন্ত্র, একদন্ত, (এক+দন্ত্র, দন্ত, ৬ষ) ষ্য, পুং, লম্বোদর, গণেশ, ক্রীড়া যুদ্ধে কার্ত্তিক ইহাঁর একটি দন্ত [কেহ বলেন যুদ্ধ কালে পরশুরাম] ভগ্ন করিয়াছিলেন, অভেদ, সাদৃশ্য।

একদা, (এক+দা—কালার্থে) ষ্য, এক কালে, এক সময়ে।

একদুঃখ-সুখ, (এক+দুঃখ+সুখ) ণ, ত্রি, সমদুঃখসুখ, যে অন্যের দুঃখে দুঃখী এবং সুখে সুখী হয় ; (sympathizing)

একদৃক্, (এক+দৃশ=চক্ষুঃ—৬ হ,) ব্য, পুং, কাক । ণ, ত্রি, কাণ, শিব, কপালে একটি চক্ষুঃ আছে বলিয়া শিবের নাম একদৃক্ হইল ।

একদেশ, (এক+দেশ=স্থান) ব্য, পুং, অবয়ব, একাংশ, "একদেশোপাত্তস্যৈব ভূহিরণ্যাদৌ উৎপন্নস্য স্বত্বস্য গুটিকাপাতাদিনা বিশেষেণ ভজনং স্বত্বজ্ঞাপনং বিভাগঃ" দায়ভাগ ॥

একদেহ, (এক=উৎকৃষ্ট বা ১+দেহ-শরীর) ব্য, পুং, বুধগ্রহ । ণ, ত্রি, অভিন্নশরীর, একাত্মা ।

একধা, (এক+ধাচ্—প্রকারার্থে) ব্য, এক প্রকারে ।

একধুরা, (এক+ধুর=ভার, কর্ম্মধা,) ব্য, স্ত্রী, একভার । [বিশেষ ।

একধুর্, (এক+ধুর) ব্য, স্ত্রী, যান-

একধুর, (এক+ধুর্=ভার+অ-অস্ত্যর্থে)ণ, ত্রি, একবিধভারবাহী গবাদি ।

একধুরাবহ, (একধুরা+বহ=যে বহন করে ; ২-য) ণ, ত্রি, একধুর দেখ ।

একধুরীণ, (এক+ধুর+ঈন—অস্ত্যর্থে) ণ, ত্রি একধুর দেখ ।

একনট, (এক=প্রধান+নট=অভিনেতা) ব্য, পুং, নাটকের প্রধান অভিনেতা, অভিনয়ের তত্ত্বাবধারক ।

একনায়করাজ্যতন্ত্র, ব্য, ন, যে রাজ্যের শাসন কার্য্য এক রাজার মতানুসারে সম্পন্ন হয় । (Kingly form of Government.)

একপক্ষ, (এক+পক্ষ=পার্শ্ব, সহায় ; —৬.হ) ণ, ত্রি, সহায় ।

একপত্নী, (এক+পতি=স্বামী, ৬-হ ; ন—আগম) ব্য, স্ত্রী, পতিব্রতা সতী, সাধ্বী "ধৃষ্টদ্যুম্নস্য ভগিনীমেকপত্নী মনুব্রতাম্" মহাভারত । প্রধান ভার্য্যা ।

একপত্রোৎপত্তিক, ণ, ত্রি, বীজঅঙ্কুরিত হইবার সময় যাহা হইতে কেবল একটীমাত্র পত্র নির্গত হয়, যথা—নারিকেল, খর্জ্জুর, তৃণ, তাল, কদলী ইত্যাদি, এই বর্গের বৃক্ষ ।

একপদ, (এক+পদ=পা, চিহ্ন ইত্যাদি) ব্য, ন, তৎকালে, তৎক্ষণে

একপদী, (এক+পদ=পা, চিহ্ন ইত্যাদি) ব্য, স্ত্রী, পথ, রাস্তা, একপেয়ে ।

একপদে, (এক+পদ=পা, চিহ্ন ইত্যাদি+এ) ব্য, অকস্মাৎ, এক উদ্যমে ।

একপর্ণিকা, ব্য, স্ত্রী, দুর্গা ।

একপাটা, (দেশজ) ব্য, গাত্রবস্ত্র বিশেষ

একপিঙ্গ, একপিঙ্গল, (এক+পিঙ্গ, পিঙ্গল=নীলপীত মিশ্রিত বর্ণ, ৬.হ. ব্য, পুং, যাহার এক চক্ষুর স্থানে একটি পিঙ্গল বর্ণ চিহ্ন আছে, কুবের, পৌরাণিকেরা কহেন গৌরীর নিরীক্ষণ বা প্রভাব দ্বারা কুবেরের বাম চক্ষু অন্ধ হয়, কিন্তু শিব অনুগ্রহ করাতে দেবী তাহাতে এক পিঙ্গল বর্ণ চিহ্ন দেন ।

একপেট (দেশজ) ণ, উদরপূর্ণ ।

একভক্তব্রত, (এক+ভক্ত=ভাত+ব্রত=নিয়ম) ব্য, ন, রাত্রিকালে ভোজন না করিয়া দিবাভাগে একবার মাত্র ভোজনের নিয়ম ।

একমত, ণ, ত্রি, যাহার সহিত মতের ঐক্য আছে, একবাক্য ।

একমূলা, (এক+মূল=শিকড়, ৬.হ) ব্য, স্ত্রী, শালপর্ণী, অতসী ।

একযষ্টিকা, (এক+যষ্টিকা=নর, ছড়া ৬,হ) ব্য, স্ত্রী, একাবলী, একনরি

ছার বিশেষ।

একরজঃ, ষ্য, পুং, ভূঙ্গরাজ বৃক্ষ।

একরোখা, (দেশজ) ণ, অভিমানী, গোঁয়ার। [ত্রি,একাকী, একলা।

একল, (এক+ল—অসহায়ার্থে) ণ,

একলা,(একল শব্দজ) ণ, পূর্ব্বে দেখ।

একলাই, (দেশজ) ষ্য, ফুলকাটা শাদা উড়নী বা চাদর।

একবর্ষিকা, (এক+বর্ষ=বৎসর+ক) ষ্য, স্ত্রী,এক বৎসরের গাভী। এক-বাগিয়া, (দেশজ) ণ, অবাধ্য,একা-গুঁয়া।

একবিংশতি,(এক+বিংশতি=কুড়ি . কর্ম্ম-ধা, মধ্য-পদ-লোপ) ষ্য, স্ত্রী, এক অধিক কুড়ি, ২১, একুশ।

একবীর,ষ্য,পুং, মহাবীর, বৃক্ষবিশেষ।

একশফ, (এক=অখণ্ড+শফ=খুর, ৬.হ) ষ্য, পুং, একখুরে জন্তু, ঘোটক, [রোগ বিশেষ।

একশিরা, (দেশজ) ষ্য, স্ফীতকোষ

একশৃঙ্গ, (এক+শৃঙ্গ=চিহ্ন বা শিং, ৬ হ) ষ্য, পুং, বিষ্ণু। একশৃঙ্গযুক্ত পশু।

একশেষ, (এক+শেষ, ৭.হ) ষ্য, পুং, দ্বন্দ্বসমাস বিশেষ; এক বিভক্তি যুক্ত হইলে তুল্যাকার বহু পদের একটী মাত্র অবশিষ্ট থাকে , দ্বিবচন বা বহুবচন সেই পদে যুক্ত হয়।

একষষ্টি, (এক+ষষ্টি=ষাট্, কর্ম্মধা, মধ্য-পদ লোপ) ষ্য, স্ত্রী, এক অধিক ষাট, একষট্টি।

একসঙ্গ, ষ্য, পুং, বিষ্ণু।

একসর্গ,(এক—একবিষয়ে+সর্গ=নিশ্চয় ; ৬.হ) ণ, ত্রি, একাগ্রমনাঃ।

একসূত্র, (এক+সূত্র=সূতা, ৬.হ) ষ্য, পুং, ডমরুবাদ্য।

একহায়নী, (এক+হায়ন=বৎসর, ৬.হ) ষ্য, স্ত্রী, যাহার একবর্ষ বয়ঃ-ক্রম, একবর্ষীয়া গবী, এক বৎসরের বাছুর। [একগুঁয়ে।

একহারা, (দেশজ) ণ, কৃশ, একরোখা

একা, (একাকী শব্দজ) বিং, একক, একলা, অদ্বিতীয়।

একা, ষ্য, স্ত্রী, দুর্গা। [তুল্য।

একাকার, ণ, ত্রি, একসমান, তুল্যা-

একাতপত্র, ষ্য, পুং, সার্ব্বভৌম, মহারাজ চক্রবর্ত্তী। [সংখ্যা।

একাত্তর, (একসপ্ততিশব্দজ,) ৭১

একাকী,(এক+আকিন্—অসহায়ার্থে) ণ, ত্রি, একক, একলা, অসহায়, সহায়রহিত।

একাক্ষ, (এক+অক্ষ=অক্ষিশব্দজ, ৬ হ,ষ্য,পুং,কাক। ণ,ত্রি,কাণ,কাণা।

একাগ্র, একাগ্র্য, (এক+অগ্র=প্রধান, ৬.হ) ণ, ত্রি, এক বিষয়েই আসক্ত, অনন্যচিত্ত, একমনা, অনা-কূল, একতান।

একাগ্রতা, (একাগ্র+তা—ভাবে)ষ্য, স্ত্রী, এক বিষয়েই আসক্তি, এক চিত্ততা।

একাদশ, (এক+দশন্=দশ। অ—আ কর্ম্মধা,মধ্য-পদ-লোপ) ণ,ত্রি, বহুং, একাধিক দশ, এগার সংখ্যা, ১১।

একাদশ, (একাদশন্+অ—পূরণার্থে) ণ, ত্রি, এগারটা, এগারই। শী— স্ত্রী, তিথিবিশেষ।

একাঙ্গ (এক+অঙ্গ=দেহ) ষ্য, ন, চন্দন। ষ্য, পুং, বুধগ্রহ। [রূপ।

একাদিক্রম,ণ, আনুপূর্ব্বিক, ক্রমানু-

একাধিপতি, ষ্য, পুং, সম্রাট্।

একানব্বই, (একনবতিশব্দজ) ৯১ সংখ্যা।

একানিয়া,(দেশজ)ণ, একক, একলা।

একাত্মা, (এক+আত্মন্, ৬ হ) ণ, ত্রি, অভিন্ন দেহ, একপ্রাণ।

একানংশা ষ্য, স্ত্রী, পার্ব্বতী।

একান্ত, (এক+অন্ত—শেষ, ৬.হ) ণ, ত্রি, অত্যন্ত, অবধারিত, নির্জ্জন।

গ্রি, ণ, অতিশয়, অত্যন্ত, অতিমাত্র।
একান্ততঃ,(একান্ত+তস্) ব্য, একান্তে, নিশ্চয়ই। [কাক। ণ, ত্রি, কাণা।
একাক্ষ, (এক+অক্ষি=চক্ষু) ব্য, পুং,
একান্ন, (এক+অন্ন, ৬.হ) ণ, ত্রি, অবিভক্ত, একত্র অন্নভোক্তা, এক পাকাবস্থিত, সহভোজী, সংসৃষ্ট। ব্য, ন, একভক্তব্রত। (দেশজ) ণ, ৫১ একপঞ্চাশৎ সংখ্যা।
একায়ন, (এক+অয়ন=গমন, বিষয়, ৬.হ) ণ, ত্রি, এক বিষয়াসক্ত চিত্ত, একাগ্র। [এ অক্ষর, এ।
একার, (এ+কার—স্বার্থে) ব্য, পুং,
একার্ণব, (এক+অর্ণব=সমুদ্র) ণ, ত্রি, একাকার, নিরবচ্ছিন্ন জলে আপ্লুত।
একার্থ, (এক+অর্থ=শব্দের প্রতিপাদ্য) ণ, ত্রি, যাহার অর্থ এক, অন্যের সহিত যাহার উদ্দেশ্য বা অভিপ্রায়ের অনৈক্য নাই।
একাবলী, (এক+আবলী=শ্রেণী, ৬হ) ব্য, স্ত্রী, একযষ্টিকা, একনরমালা, একনর হার, অর্থালঙ্কার বিশেষ। উত্তরোত্তর পদার্থের বিশেষ্য গুলি যদি পূর্ব্ব পূর্ব্ব পদার্থের বিশেষণ রূপে সন্নিবিষ্ট বা পরিত্যক্ত হয়।
একাব্দা, (এক+অব্দ=বৎসর, ৬হ) ব্য, স্ত্রী, একবর্ষবয়স্কা গাভী।
একাশ্রয়, (এক+আশ্রয়, ৬হ) ণ, ত্রি, অনন্যগতি, একমাত্রগতি।
একাষ্ঠীল, ব্য, স্ত্রী, কাপাসবীজকোষ।
একাষ্ঠীল, (এক=প্রধান+অষ্ঠী=বীজ +ল=যে দান করে বা গ্রহণ করে) ব্য, পুং, বকগাছ। লা, লী—স্ত্রী, নিমুই গাছ, পাঠা। [ন, একদিন
একাহ, (এক+অহন্=দিন, দ্বিগু-স) ব্য,
একীভাব, (এক+ভাব=স্বভাব, ঈ আগম) ব্য, পুং, একত্র হওয়া, একত্র, অভেদ।

একুন, (যাবনিক) ব্য, মোট, সমষ্টি।
একুশ, (একবিংশশব্দজ) ২১ সংখ্যা।
একেশ্বর, ণ, ত্রি, স্বাধীন, একাকী।
ঐকৈক, (এক+এক) ণ, ত্রি, এক একটী, এক এক।
ঐকৈকশঃ, (ঐকৈক+শস্) ব্য, এক একটী করিয়া; একে একে।
একোদ্দিষ্ট, (এক+উদ্দিষ্ট=লক্ষিত ৭হ, অথবা এক-একপ্রেত+উৎ+দিশ্=উদ্দেশ করা+ক্ত—চ) ব্য ন, মৃতব্যক্তির উদ্দেশে শ্রাদ্ধ।
এক্ষণে, (এ, এইশব্দজ+ক্ষণে=সময়ে ব্য, এখনই, এই সময়ে।
এখন, (এ, এই শব্দজ+খন=ক্ষণশব্দজ) ব্য, সম্প্রতি, এক্ষণে, অধুনা।
এখান, (এ, এই শব্দজ+খান, স্থানশব্দজ) ব্য, এইস্থান, এস্থল, এই জায়গা।
এগার (একাদশ শব্দজ) ১১ সংখ্যা,
এজেহার, (যাবনিক) প্রকাশকরণ, দর্শান। [গোড়া, কদলীর মূল।
এটে, (দেশজ) ব্য, কলাগাছের
এড, (আ+ঈড়্=স্তুতিকরা+অ, কিম্বা ইল্=ক্ষেপণকরা+অ। ল=ড) ণ, ত্রি, শ্রবণেন্দ্রিয়-হীন, বধির। ব্য, পুং, মেষ।
এডক, (ইল্=গমনকরা+ণক—সংজ্ঞার্থে। ল=ড) ব্য, পুং, মেষ, ভেড়া, মেড়া, বুনোছাগল। কা—স্ত্রী, ভেড়ী, মেষী, বন্যছাগী। [দিয়াগাছ।
এডগজ, ব্য, পুং, চক্রমর্দ্দক, চাকু
এডন, (দেশজ) ব, ছাড়ন, ক্ষেপণ।
এডমূক, (এড=বধির+মূক=বোবা, দ্ব—স) ণ, ত্রি, বাগিন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয় রহিত, বাক্শ্রুতিবর্জ্জিত, বোবা ও কালা, শঠ।
এড়াকাণি, (দেশজ) ব্য, তাচ্ছিল্য, উপেক্ষা, আলস্য, অনাদর।
এড়াটিয়া, (দেশজ) ণ, অলস, অপ-

বিকার, অকথা, মন্দ।

এডুক, এডূক, (ঈড=স্তব করা, বিক্ষেপ করা বা প্রেরণকরা+উক, উক—নিপাতন) বা, ন, অস্তর্গস্থি-স্থিকুড্য বাটী, গোব, ভিত্তি, হিংসা।

এণ, (ই=গমনকরা+ণ—সংজ্ঞার্থে) বা, পুং,কালসার হরিণ, মৃগ। ণী—স্ত্রী, হরিণী।

এণতিলক, (এণ=হরিণ+তিলক=চিহ্ন, ৬ষ) বা পুং,মৃগলাঞ্ছন চন্দ্র।

এণভৃৎ (এণ=হরিণ+ভৃ=ধারণকরা+ক্বিপ্) বা, পুং মৃগলাঞ্ছন, চন্দ্র।

এত, (ই=গমনকরা+ক্ত) ণ ত্রি নানাবর্ণবিশিষ্ট, কর্ব্বুরবর্ণযুক্ত (আ+ই=গমনকরা+ক্ত—ধ) আগত। বা, পুং, হরিণ, কালসার। তা—স্ত্রী হরিণী. (এতাবৎ শব্দজ ণ, ইয়ৎ সংখ্যক।

এতৎ, (ই=গমনকরা+তদ) সর্ব্ব, ত্রি, ইহা, এই. ইনি, সম্মুখস্থ।

এতদীয়, (এতদ+ণীয় সম্বন্ধার্থে) ণ, ত্রি, এতৎসংক্রান্ত

এতন, (ইন=গমনকরা+তনন) বা, পুং, প্রশ্বসন, পশ্বাস ত্যাগকরণ।

এতশ, (ইন গমনকরা+তশস) বা, পুং, ব্রাহ্মণ

এতর্হি,(এতদ+র্হি—কালার্থে দ—লোপ) বা, এক্ষণে, এখন, অধুনা।

এতা, বা, স্ত্রী, হরিণী।

এতাদৃক্, (এতদ+দৃশ [দৃশ=দেখা+ক্বিপ্—ভাব]-দর্শন, ৬.ব) ণ, ত্রি, যাহার এইরূপ দর্শন, এতাদৃশ, এই প্রকার। [ণ,ত্রি,এতাদৃক্ দেখ।

এতাদৃশ, (এতদ্+দৃশ্+টক্—ভাব)

এতাবান্, (এতদ+বৎ—পরিমাণার্থে) ণ, ত্রি,এতৎপরিমাণ, এত,এই মাত্র, ইহাই কেবল। "তথাপি নৈবৈতাবান্ সংকল্পো দয়য়া সহ সৌহৃদ্যমবশ্যং করণীয়ম্" হিতোপদেশ।

এতেক, (দেশজ) ত্রি, ণ, এতাবন্মাত্র

এত্তেলা (যাবনিক) বা, সংবাদ।

এথা, (এ, এই শব্দজ+থা, স্থান শব্দজ) বা, এখানে, এই স্থানে, অত্র।

এধঃ এধ (এধ=বৃদ্ধি পাওয়া+অসুন, ঘঞ) বা, ন, পুং, যাহার দ্বারা অগ্নি বৃদ্ধি পায়,ইন্ধন,কাষ্ঠ,তৃণ।

এধিত, (এধ্=বৃদ্ধি পাওয়া+ক্ত দ, ণ, ত্রি, বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

এনঃ, (ই=গমন করা+অস, ন—আগম) বা, ন,যাহার দ্বারা লোকে অধোদেশে অর্থাৎ নরকে গমন করে,পাপ,অপরাধ নিন্দা। [দোষী।

এনস্বী (এনস+বিন) ণ, ত্রি, পাপী,

এমত, (এ, এই শব্দজ+মত—প্রকার) ণ, এরূপ, এপ্রকার, এইরূপ।

এরকা,(ই গমন করা+রক) বা স্ত্রী গ্রন্থিহীন তৃণবিশেষ, খড়ী।

এরণ্ড, (আ+ঈর=গমনকরা। অণ্ড সংজ্ঞার্থে। ক—যোগে এরণ্ডক ও হয়) বা, পুং, ভেরেণ্ডা গাছ।

এরণ্ডা, বা, স্ত্রী, পিপ্পলী, পিপুল

এলক, (ইল=গমন করা+ণ্বুল) বা, পুং, মেষ।

এলঙ্গ, বা, পুং, মৎস্য বিশেষ।

এলবাস,(যাবনিক)বা, বস্ত্র, পোশাক।

এলবিল, বা,পুং, কুবেরের নামান্তর।

এলা, (এল্=ক্ষেপণকরা+অ)বা, স্ত্রী, যে মুখের দুর্গন্ধ ক্ষেপণ অর্থাৎ দূর করে, এলাইচ ফল বা গাছ।

এলাপর্ণী, (এলা+পর্ণ=পাতা, ৬ হ) বা, স্ত্রী, যাহার এলার ন্যায় পত্র, কাঁটা আমরুল।

এলাপত্র, বা, পুং, প্রধানসর্পবিশেষ।

এলীকা, (এলা+ইকন+আপ্—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, ছোট এলাচ।

এলো, (দেশজ) ণ, অসংলগ্ন, শিথিল, আলগা।

এব, (ই=গমনকরা+ব) বা, সাদৃশ্য,

নিশ্চয়, নিয়ম, অবধারণ, পরিসংখ্যা, বাক্যপূরণ, ব্যবচ্ছেদ।

এবং, (ই=গমনকরা+বম, অথবা এ, [ইত্থং পদজ]=এইপ্রকার+বম=বমন করা+ক্বিপ্) ব্য, যে এই প্রকার গমন করে, এই প্রকার, এতাদৃশ, সাদৃশ্য, স্বীকার, সম্মতি, প্রশ্ন, নিশ্চয়, সাম্য।

এবম্ভূত, (এবম্+ভূত=যে হইয়াছে) ণ, ত্রি, এবম্প্রকার, ঈদৃশ, এইরূপ।

এবম্বিধ (এবম্+বিধা=প্রকার) ণ, ত্রি, এবম্ভূত দেখ। [এসময়, এখন।

এবার, (এ, এইশব্দজ+বার=সময়) ব্য,

এষণ, (আ+ইষ=গমনকরা অন্বেষণ করা+অন্—ষ, ভাব) ব্য, পুং, লোহময় বাণ। ন, ণী—স্ত্রী, লোহ বা ইস্পাত নির্ম্মিত ক্ষতাদি পরিমাপক শলাকা (probe)। স্বর্ণকারাদির নিক্তি, অন্বেষণ, ইচ্ছা।

এষণিকা, (এষ্=গমনকরা+অনট্—ক যোগ। আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, স্বর্ণকারাদির নিক্তি, ক্ষতাদি পরিমাপক শলাকা (probe)।

ঐ।

ঐ, দ্বাদশ স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান তালু ও কণ্ঠ। ব্য, পুং, শিব। ব্য, স্মরণ, সম্বোধন। (দেশজ) কিঞ্চিৎ দূরস্থ দৃশ্য পদার্থ। [কদা, কদাচিৎ।

ঐকধ্য, (এক+ধামুঞ্) ব্য, ন, এ

ঐকমত্য, (এক+মত=অভিপ্রায়+য—ভাব) ব্য, ন, মতৈক্য, একমত, একবিধ অভিপ্রায়।

ঐকবাক্য, (একবাক্য+অ—ভাব) ব্য, ন, একবাক্যতা, একমত অবলম্বন।

ঐকাগারিক, (এক=অসহায়+অগার=গৃহ+ষ্ণিক—প্রয়োজনার্থে) ণ, ত্রি, চোর, লুঠকারক, দস্যু, একাগারবাসী।

ঐকাগ্র্য, (একাগ্র+য—ভাবে) ব্য, ন, একাগ্রতা, একতানতা, এক-বিষয়েই মনোনিবেশ।

ঐকান্তিক, (একান্ত+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, নিশ্চিত, দৃঢ়, গাঢ়, আত্যন্তিক "কৃষ্ণস্যৈকান্তিকঃ সুহৃৎ"।

ঐকাহিক, (এক+অহন্=দিন+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, একদিন-সম্বন্ধীয়, যাহা এক দিন অন্তর হয়।

ঐক্য, (এক+য—ভাবে) ব্য, ন, একতা একীভাব, একরূপতা, মিল, অবিরোধ।

ঐক্ষব, (ইক্ষু=আক্+ষ্ণ—ভবার্থে) ণ, ত্রি, ইক্ষুসম্বন্ধীয়, গুড়, চিনি প্রভৃতি।

ঐক্ষ্বাক, (ইক্ষ্বাকু+ষ্ণ—অপত্যার্থে) ণ, ত্রি, ইক্ষ্বাকুবংশজাত।

ঐঙ্গুদ, (ইঙ্গুদ=তাপসতরু+ষ্ণ—ভবার্থে) ব্য, ন, ইঙ্গুদী বৃক্ষের ফল বা তৈল।

ঐচ্ছিক, (ইচ্ছা+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, ইচ্ছাধীন, ইচ্ছানুযায়ী।

ঐণ, ঐণেয়, (এণ=হরিণ+ষ্ণ, ষ্ণেয়, ইদমর্থে) ণ, ত্রি, মৃগসম্বন্ধীয়।

ঐণিক, (এণ=মৃগ+ষ্ণিক) ণ, ত্রি, মৃগহন্তা।

ঐতিহাসিক (ইতিহাস+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, ইতিহাসসংক্রান্ত।

ঐতিহ্য, (ইতিহ+ষ্ণ্য—স্বার্থে) ব্য, ন, পরম্পরাগত বাক্য; যথা—বটবৃক্ষে ভূত আছে ইত্যাদি বাক্য, প্রমাণবিশেষ।

ঐন্দব, (ইন্দু+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, চন্দ্রসম্বন্ধীয়। ব্য, ন, মৃগশিরা নক্ষত্র। ব্য, স্ত্রী, লতা বিশেষ।

ঐন্দ্র, (ইন্দ্র+ষ্ণ—অপত্যার্থে, ইদমর্থে) ব্য, পুং, জয়ন্ত, বালী, অর্জ্জুন, সুগ্রীব। স্ত্রী—ন্দ্রী, ইন্দ্রাণী, ইন্দ্রদেবতাক পূর্ব্বদিক্, পূর্ব্বদেশীয় জাতিবিশেষ। ণ, ত্রি, ইন্দ্রসম্বন্ধীয়।

ঐন্দ্রজালিক, (ইন্দ্রজাল=কুহক+ষ্ণিক—ইদমর্থে) ব্য, পুং, কুহকী, ইন্দ্রজালকারক, মায়াকারক, বাজীকর। ণ, ত্রি, ইন্দ্রজাল সংক্রান্ত।

ঐন্দ্রলুপ্তিক, (ইন্দ্রলুপ্ত+ষ্ণিক) ণ, ত্রি, টাকপড়া, টেকো।

ঐন্দ্রি, (ইন্দ্র+ষ্ণি—অপত্যার্থে) ব্য, পুং, জয়ন্ত, বালী, অর্জ্জুন, সুগ্রীব, কাক।

ঐন্দ্রিয়ক, (ইন্দ্রিয়+কন—স্বার্থে) ণ, ত্রি প্রত্যক্ষ, ইন্দ্রিয়ের বিষয়, ইন্দ্রিয় গ্রাহ্য।

ঐন্দ্রী, ব্য, স্ত্রী ইন্দ্রপত্নী, শচী, ভগবতীর শক্তিবিশেষ, স্বর্ণলক্ষ্মী, রাখাল শসা, পূর্ব্বদিক, এলাচি।

ঐরাবণ, (ইরাবৎ=সমুদ্র, মেঘ+অ—ইদমর্থে) ব্য, পুং, ইন্দ্রহস্তী, পূর্ব্বদিকের হাতী। ণী—স্ত্রী, বিদ্যুৎ।

ঐরাবত, (ইরাবৎ [ইরা=জল+বৎ—অস্ত্যর্থে]=সমুদ্র, মেঘ+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং, যে সমুদ্র হইতে জন্মিয়াছে, পূর্ব্বদিকের হস্তী, ইন্দ্রহস্তী, "ঐরাবতাস্ফালনকর্কশেন হস্তেন পস্পর্শ তদঙ্গমিন্দ্রঃ" কুমারসম্ভব। তী—স্ত্রী, বিদ্যুৎ, ঐরাবতের স্ত্রী। ব্য, ন, রক্তবর্ণ ফল বলিয়া যে বিদ্যুতের ন্যায়, নারাঙ্গা লেবু, সর্প, পাতালস্থ নাগরাজ, পঞ্জাব দেশীয় নদী বিশেষ, রাবী, ইন্দ্রধনু।

ঐরিণ, (ইরিণ+ষ্ণ—ইদমর্থে) ব্য, ন, লবণবিশেষ, পাঙ্গা লবণ।

ঐরেয়, (ইরা=অন্ন+ঞেয—ভবার্থে ব্য, ন, অন্নভব মদ্য, ধেনোমদ।

ঐল, (ইলা—বুধের স্ত্রী+ষ্ণ—অপত্যার্থে) ব্য, পুং, চন্দ্রবংশীয় পুরূরবা রাজা।

ঐলবিল, (ইলবিলা=পুলস্তি ঋষির ভার্য্যা, কুবেরের পিতামহী+ষ্ণ—অপত্যার্থে, নপ্তাকেও অপত্য বলা যায়) ব্য, পুং, কুবের, ইলাবিলার পুত্র। [কীয়, মর্গীয়, রাজকীয়।

ঐশ, (ঈশ+ষ্ণ) ণ, ত্রি, ঈশ্বর সম্বন্ধ-

ঐশানী, (ঈশান=শিব+ষ্ণ—ইদমর্থে—ঈপ্ স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, ঈশান কোণ, শক্তিবিশেষ।

ঐশিক, ঐশ্বর, (ঈশ+ষ্ণিক, ঈশ্বর+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, ঈশ সম্বন্ধীয়।

ঐশ্বর্য্য, (ঈশ্বর+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, প্রভুত্ব, ঈশ্বরত্ব, সম্পত্তি, অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা—এই অষ্টবিধ শক্তি, তথাহি—"অণিমা লঘিমা ব্যাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা, ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ তথা কামাবসায়িতা"। [ব্য, এই বৎসরে।

ঐষমঃ, (ইদম=এই+সমস্—ধর্ম্মার্থে)

ঐষমস্ত্য, (ঐষমস্+ত্য) ণ, ত্রি, এই বৎসর সম্বন্ধীয়। [সম্বন্ধীয়।

ঐষ্টিক, (ইষ্টি=যজ্ঞ+ষ্ণিক) ণ, ত্রি, যজ্ঞ

ঐহিক, (ইহ=ইহকালে+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, ইহকালোদ্ভব, এই কালের, ইহলোকসম্বন্ধীয়।

ও।

ও, ত্রয়োদশ স্বর বর্ণ। ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ ও কণ্ঠ। ব্য, পুং, ব্রহ্মা। ব্য, সম্বোধন স্মরণ, দয়া, অভিপ্রায়, (হিন্দীভাষায় এবমর্থ) এবং, (দেশজ) ণ, পুরোবর্ত্তী, যথা ওপার, অর্থাৎ পুরোবর্ত্তী পার।

ওয়াড়, (দেশজ) ব্য, লেপ বালিস প্রভৃতির আচ্ছাদন বস্ত্র।

ওঁ, (ওম্ শব্দ না লিখিয়া লিখনে ওঁ শব্দ প্রচলিত হইয়াছে ওম্ শব্দ দেখ) ব্য প্রণব, ওঙ্কার, আদ্যবীজ।

ওঁচলা, (দেশজ) ব্য, অবকর, জঞ্জাল।

ওঁছা, (দেশজ) ব্য, উচ্ছিষ্ট, তুচ্ছ, অধম, হেয়।

ঔক, ব্য, পুং, পক্ষী, বৃষল, শূদ্র।
ওকঃ, ওক, (উচ্‌—একত্রকরা+অস্‌, অ) ব্য, পুং, স্থান, আশ্রয়।
ওকড়া, (দেশজ) ব্য, পাঁচন বিশেষ।
ওকণ, ওকণি, ওকণী, ব্য, পুং,—স্ত্রী, কেশ কীট, উকুণ।
ওকুল, ব্য, পুং, ময়দা পিষ্টক, পিটে।
ওকোদনী, (ওকস্‌—আশ্রয়+অদনী—যে ভক্ষণ করে) ব্য, স্ত্রী, আশ্রয়ভক্ষিণী, উকুণ।
ওগো, (দেশজ) ব্য, সম্বোধনার্থ শব্দ
ওঘ, (উচ—একত্রকরা+ঘঞ : চ=ঘ) ব্য, পুং, সমূহ, তরঙ্গ, প্রবাহ, জলবেগ, স্রোত, (যাহাতে হস্তাদি জড়সড় করা যায়) দ্রুতনৃত্য, নৃত্য বিষয়ে দ্রুত গমন।
ওঙ্কার, (ওম্‌=সম্মতিসূচকশব্দ+কার—যে করে ; যে আমাদের ইচ্ছানুযায়ী কর্ম্ম করে, কিম্বা ওম্‌+কার—স্বার্থে) ব্য, পুং, প্রণব, 'ওঁ', আদ্যবীজ।
ওজস্‌, (উর্জ—জীবিতহওয়া, বলিষ্ঠ হওয়া, তেজস্বী হওয়া, কিম্বা ওজ=বাঁচা+অস্‌) ব্য, ন, তেজঃ, বল, দীপ্তি, শোভা, স্বর্ণ, কাব্যের প্রৌঢ়তাদি গুণ, সমাসবহুল দীর্ঘ পদযুক্ত বাক্য।
ওজস্বিতা, (ওজস্বিন্‌+তা—ভাবে) ব্য, স্ত্রী, বলশালিতা, তেজস্বিতা।
ওজস্বী, (ওজস্‌+বিন্‌—অস্ত্যর্থে) ণ, ত্রি, ওজোগুণ-বিশিষ্ট, তেজস্বী, বলবান্‌, দীপ্ত।
ওজিষ্ঠ, (ওজ+ইষ্ঠ—অত্যর্থে) ণ, ত্রি, তেজীয়ান্‌, অতিশয় ওজস্বী, বলবান্‌।
ওঝা, (দেশজ) ব্য, বিষবৈদ্য, সাপুড়িয়া, ভূতুড়িয়া।
ওড়যোড়, (দেশজ) ণ, বস্ত্রাদি দ্বারা [বেষ্টিত।
ওড়ব, ব্য, পুং, পঞ্চস্বরযুক্ত রাগ।
ওড়িকা, ওড়ি, ব্য, স্ত্রী, নীবার, উড়ীধান।
ওড্র, (উড্‌—আলিঙ্গনকরা+র—সংজ্ঞার্থে) ব্য, পুং, উৎকল দেশের উত্তরাংশ, পুষ্প বৃক্ষ বিশেষ। স্ত্রী, জবাফুল (china rose)
ওত, (আ+বে=বস্ত্রাদি বুনা+ক্ত) ণ, ত্রি, অন্তর্ব্যাপ্ত, প্রোত, বস্ত্রের দীর্ঘতন্তু, টানা।
ওতপ্রোত, (ওত+প্রোত, দ্বং—স) ণ, ত্রি, স্থানব্যাপ্ত, সকল স্থান ব্যাপিয়া থাকা।
ওতু, (অব্‌=গমনকরা, রক্ষাকরা+তু—সংজ্ঞার্থে) ব্য, পুং, বিড়াল, মার্জ্জার।
ওথা, (ও+থা, স্থানশব্দজ) ব্য, ওখানে, কিঞ্চিৎ দূরবর্ত্তী স্থানে।
ওদন, (উন্দ্‌=আর্দ্রহওয়া+অন) ব্য, পুং, ন, সিদ্ধতণ্ডুল, অন্ন, ভক্ত, ভাত।
ওম, (অব্‌—রক্ষাকরা+ম, কিম্বা অ=বিষ্ণু+উ=শিব+ম্‌=ব্রহ্মা) ব্য, প্রণব, সকল মন্ত্রের আদ্যোচ্চার্য্য বর্ণ, স্বীকার, প্রশ্ন, রোষ, অনুমতি, আরম্ভ, অপাকরণ। ব্য, ন,—ব্রহ্ম, অ উ ম্‌ অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই ত্রিবর্ণাত্মকবীজ। "অকারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারস্তু মহেশ্বরঃ, মকারেণোচ্যতে ব্রহ্মা প্রণবেন ত্রয়ো মতাঃ, এই শব্দটী ব্রহ্মার কণ্ঠ হইতে বহির্গত হইয়াছিল বলিয়া অত্যন্ত মঙ্গল সূচক, যথা, ওঙ্কারশ্চাথ শব্দশ্চ দ্বাবেতৌ ব্রহ্মণঃ পুরা, কণ্ঠং ভিত্ত্বা বিনির্যাতৌ তেন মাঙ্গলিকাবুভৌ"।
ওরষা, (দেশজ) ণ, লম্পট, যে কর্ত্তব্য কর্ম্ম না করিয়া এখানে সেখানে বেড়িয়া বেড়ায়।
ওল, (বল=বৃদ্ধিপাওয়া+অচ্‌) ণ, ত্রি, আর্দ্র। ব্য, ন, স্বনাম প্রসিদ্ধ মূল, শূরণ।
ওলন, (দেশজ) ব্য, অবরোহণ, নামন রাজমিস্ত্রীর প্রাচীরাদি সমস্ত নির্-

ষার্থ যন্ত্রবিশেষ।

ওলা, (দেশজ) ব্য, খ্যাতনামা, লড়ভুক বিশেষ, (যাহা বৰ্দ্ধমানে ও তারকেশ্বরে সর্ব্বদা পাওয়া যায়)।

ওলাউঠা, (ওলা—নামা+উঠা—বমন) ব্য, ভেদবমি, বিসূচিকারোগ, নামা উঠা। [ব্য, পুং, দাহ, দহন।

ওষ, (উষ—দাহ করা+ঘঞ—ভাব)

ওষণ, (উষ্+অনট—ভাব) ব্য, পুং, কটুরস, ঝাল, দাহকারক।

ওষধি, (ওষ=উষ্ণ+ধি [ধা+কি]—যেধারণ করে) ব্য, স্ত্রী, যে সকল লতা রাত্রিকালে জ্বলে, জ্যোতির্লতা, ফল-পাকান্ত বৃক্ষাদি, ফল পক্ব হইলে যে সকল বৃক্ষাদি শুষ্ক হইয়া যায়, যেমন ধান্য কদলী ইত্যাদি, ঔষধ।

ওষধিপ্রস্থ; ব্য, পুং, ন, হিমালয়পুর।

ওষধীপতি, ওষধীশ, (ওষধি+পতি, ঈশ, ৬ ষ) ব্য, পুং, চন্দ্র, ওষধিনাথ, চন্দ্র ওষধির অধিষ্ঠাত্রী দেবতা, কর্পূর।

ওষ্ঠ, (উষ=দগ্ধ হওয়া+ঠ—সংজ্ঞার্থে) ব্য, পুং, কটু অম্লাদি দ্বারা বা উষ্ণতা দ্বারা যে দগ্ধ হয়, দন্তচ্ছদ, ঠোঁট।

ওষ্ঠ্য, (ওষ্ঠ+য—ইদমর্থে) ব্য, পুং, ওষ্ঠোচ্চার্য্য বর্ণ। [চোড়া।

ওসার, (দেশজ) ণ, পরিসর, প্রস্থ,

ওহে, (দেশজ) ব্য, সম্বোধনবাচক শব্দ।

ঔ।

ঔ চতুর্দ্দশ স্বরবর্ণ। ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও ওষ্ঠ। ব্য, আহ্বান, সম্বোধন, নিষেধ। ব্য, পুং, অনন্ত, নিস্বন। স্ত্রী, পৃথিবী।

ঔক্থক, (উক্থ+টক) ব্য, পুং, উকথনামক সামবেদাংশজ্ঞ ব্রাহ্মণ।

ঔক্ষ, ঔক্ষক, (উক্ষন্=বৃষ+ষ্ণ—সমূহার্থে, পক্ষে কযোগ) ব্য, ন, বৃষসমূহ

ঔখ্য, (উখা=কড়া+য—নিষ্পন্নার্থে) ণ, ত্রি, স্থালীপক্ব, অন্নাদি।

ঔচিতী, ঔচিত্য, (উচিত+ষ্ণ, ষ্যণ—ভাবে। ঈ-স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, —ন, যথার্থতা, কর্তব্যতা, উপযুক্ততা।

ঔজসিক, (ওজস্+ষ্ণিক) ব্য, পুং, ওজোগুণবিশিষ্ট, বীর, যোদ্ধা।

ঔজ্জ্বল্য, (উজ্জ্বল+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, উজ্জ্বলতা, দীপ্তি।

ঔডুপিক, (উডুপ+ষ্ণিক) ব্য, পুং, যে নৌকাযোগে গমন করে, নৌকারোহী।

ঔডুম্বর, (উডুম্বর+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, তাম্রনির্ম্মিত, যজ্ঞডুম্বুরকাষ্ঠের নির্ম্মিত। ব্য, পুং, যমবিশেষ। ন, তাম্র, কুষ্ঠরোগভেদ।

ঔৎকট্য, (উৎকট+ষ্ণ্য) ব্য, ন, দুঃসহতা, কঠিনতা, কোপ।

ঔৎকর্ষ, (উৎকর্ষ+ষ্ণ) ব্য, ন, উৎকর্ষতা, শ্রেষ্ঠতা, সাধারণ ভাবে জাত, সামান্যতঃ উৎপন্ন, শব্দবিশেষ, যান্ত্রিক, যৌক্তিক, উৎসর্গবিশিষ্ট।

ঔত্তানপাদ, (উত্তানপাদ+ষ্ণি—অপত্যার্থে) ব্য, পুং, ধ্রুব, উত্তানপাদ পুত্র।

ঔৎপাতিক, (উৎপাত+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, উপদ্রবাশ্রিত, দৈব উপদ্রব সম্বন্ধীয়, উৎপাতবিশিষ্ট, অশুভ সূচক।

ঔৎসর্গিক, (উৎসর্গ+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, স্বাভাবিক, প্রাকৃতিক।

ঔৎসুক্য, (উৎসুক+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, আগ্রহ, ব্যগ্রতা, উৎকণ্ঠা, উৎসুকতা।

ঔদনিক, (ওদন=সিদ্ধতণ্ডুল+ষ্ণিক, পাচকার্থে) ণ, ত্রি, সূপকার, পাচক।

ঔদরিক, (উদর+ষ্ণিক—আসক্ত্যর্থে। ণ, ত্রি, পেটুক, উদরম্ভরি।

ঔদার্য্য, (উদার+ষ্ণ্য—ভাবে) ব্য,

র, বদান্যতা, মহত্ত্ব, উদারতা।
ঔদাস্য, ষ্য, ন, বৈরাগ্য, অমনোযোগ, উপেক্ষা।
ঔদাস্য, ঔদাসীন্য, (উদাস, উদাসীন + ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, উদাসীনতা, উপেক্ষা, নিঃসম্পর্ক।
ঔদুম্বর, (উদুম্বর+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, উদুম্বর সম্বন্ধীয়।
ঔদ্দালক, (উদ্দাল [উদ্—উচ্চ, বৃহৎ + দালি—ভেদ করান, ছিন্ন ভিন্ন করান, মাড়ান ইত্যাদি+অ]-ক যোগ) ষ্য, ন, মধুবিশেষ।
ঔদ্ধত্য, (উদ্ধত+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, অশিষ্টতা, অনম্রতা, প্রগল্ভতা, ধৃষ্টতা।
ঔদ্ধারিক, (উদ্ধার+ষ্ণিক) ণ, ত্রি, অংশ সম্বন্ধীয়, বিভাগ সংক্রান্ত। ন, অংশ, বিভাগ, পৈতৃক সম্পত্তি।
ঔদ্ভিদ, (উদ্ভিদ+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, উদ্ভিদ সংক্রান্ত, উদ্ভিদ সম্বন্ধীয়।
ঔদ্বাহিক, (উদ্বাহ+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, বিবাহসম্বন্ধীয়, উদ্বাহ কালে লব্ধ যৌতুকাদি।
ঔধস্য, (উধস + ষ্ণ্য—ইদমর্থে) ষ্য, ন, পশুর স্তনদুগ্ধ। [ন, উচ্চতা, উন্নতি।
ঔন্নত্য, (উন্নত+ষ্ণ্য—ভাব) ষ্য,
ঔপকার্য্যা, (উপকার্য্যা + ষ্ণ—স্বার্থে) ষ্য, স্ত্রী, বাস ভবন, আবাসস্থান।
ঔপকূলিক, (উপকূল+ষ্ণিক ইদমর্থে) ণ, ত্রি, উপকূল-সম্বন্ধীয়।
ঔপগ্রস্তিক, ঔপগ্রহিক, (উপগ্রস্ত + ষ্ণিক . উপগ্রহ + ষ্ণিক) ষ্য, পুং, চন্দ্র-সূর্য্যাদির গ্রহণ, রাহুগ্রস্ত চন্দ্র বা সূর্য্য।
ঔপচারিক, (উপচার+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, উপচার সম্বন্ধীয়। ষ্য, পুং, উপচার। [ষ্য, ন, ছন্দোবিশেষ।
ঔপচ্ছন্দসিক, (উপ+ছন্দস্+ষ্ণিক)
ঔপজানুক, (উপজানু+ষ্ণক) ণ, ত্রি, জানুর নিকটস্থিত, জানুর উপরিভাগস্থিত।
ঔপধেয়, (উপধি+ষ্ণেয়—স্বার্থে) ষ্য, ন, শকটের চক্র, গাড়ীর চাকা।
ঔপনায়িক, (উপনায়+ষ্ণিক) ণ, ত্রি, উপনয়ন সম্বন্ধীয়, যজ্ঞোপবীত কালে লব্ধ যৌতুক।
ঔপনিধিক, (উপনিধি+ষ্ণক—যোগে) ষ্য, ন, উপভোগের নিমিত্ত প্রীতিপূর্ব্বক যাহা অর্পিত হয়।
ঔপনিবেশিক, (উপনিবেশ + ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, উপনিবেশসম্বন্ধীয়।
ঔপনিষদ, (উপনিষদ্ + ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, উপনিষৎসংক্রান্ত, উপনিষৎ শাস্ত্র দ্বারা অবধারিত।
ঔপনীবিক, (উপনীবি + ষ্ণক) ণ, ত্রি, নীবি সমীপে স্থিত।
ঔপম্য, (উপমা + ষ্ণ্য—স্বার্থে) ষ্য, ন, সাদৃশ্য, তুল্যতা।
ঔপয়িক, (উপায় + ষ্ণিক—ইদমর্থে) ষ্য, ন, উপায়। ণ, ত্রি, উপযোগী, উপযুক্ত, ন্যায়, উপায়লব্ধ।
ঔপল, (উপল+ষ্ণ—ভবার্থে) ণ, ত্রি, উপলময়, উপলনির্ম্মিত, উপলসম্বন্ধীয়।
ঔপসর্গিক, (উপসর্গ=উপদ্রব+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, উপসর্গসম্বন্ধীয়। ষ্য পুং, সন্নিপাত রোগবিশেষ।
ঔপাধিক, (উপাধি+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, উপাধি সম্বন্ধীয়, বৈশেষিক, অস্থায়ী। [ণ, ত্রি, উপায়সাধ্য।
ঔপায়িক, (উপায় + ষ্ণিক—ইদমর্থে)
ঔপাসন, (উপাসনা + ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, উপাসনা সম্বন্ধীয়, উপাসনাকালীন। [ণ, ত্রি, উপাস্থি সংক্রান্ত।
ঔপাস্থিক, (উপাস্থি + ইক—ইদমর্থে)
ঔমীন, (উমা=মসিনা+খীন—তৎক্ষেত্রার্থে) ণ, উমা ক্ষেত্র, মসিনার ক্ষেত্র।

ঔরগ, (উরগ=সর্প+ষ্ণ) ষ্য,ন, অ-শ্লেষা নক্ষত্র। ণ, ত্রি, সর্পসম্বন্ধীয় বস্তু. সর্প।

ঔরভ্র, (উরভ্র=মেষ+ষ্ণ—ইদমর্থে) ষ্য, ন, কম্বল, মেষলোম নির্ম্মিত আসন, গালিচা, দুলিচা, মেষসমূহ। ণ, ত্রি, মেষসংক্রান্ত।

ঔরভ্রক, (উরভ্র+ষ্ণক—সমূহার্থে) ষ্য, পুং, মেষ সমূহ।

ঔরস, ঔরস্য, (উরস=শ্রেষ্ঠ+ষ্ণ, ষ্ণ্য) ণ, ত্রি, দ্বাদশ পুত্রমধ্যে শ্রেষ্ঠ ধর্ম্মপত্নীজ সন্তান।

ঔর্দ্ধদেহিক, (ঊর্দ্ধ+দেহ=শরীর+ষ্ণিক —ইদমর্থে) ণ, ত্রি, দেহ ধ্বংসের পর ক্রিয়মাণ দাহতর্পণাদি কর্ম্ম, অন্ত্যেষ্টি, প্রেতকৃত্য, অগ্নিসংস্কারাদি।

ঔর্ব্ব, (ঊর্ব্ব+ষ্ণ—ইদমর্থে) ষ্য, পুং, বাড়বানল, সমুদ্র গর্ভস্থ অগ্নি, উর্ব্ব নামক এক ঋষির ঊরু হইতে এক তেজ জন্মায়,সমুদ্র সেই তেজ গ্রহণ করে। মহাভারতে এইরূপ বর্ণিত আছে, যে এক ব্রাহ্মণীর ঊরুদেশ হইতে মহর্ষি ভৃগুর ঔরসজাত একটী সন্তান হয়। ঐ সন্তানটীর নাম ঔর্ব্ব। তিনি সমুদ্রজলে আপনার ক্রোধানল নিক্ষেপ করিয়াছিলেন। ঐ অনল ক্রমশঃ সমুদ্রজল শোষণ করিতে লাগিল। ঔর্ব্বমুনির ক্রোধানল হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া বাড়বানলের নাম ঔর্ব্ব হইল। কেহ বলেন যে ঔর্ব্বনামক এক ঋষির ঊরু হইতে এক তেজ জন্মায় এবং ঐ তেজ সমুদ্র গ্রহণ করেন। (উর্ব্বী+ষ্ণ) পাংশু লবণ।

ঔর্ব্বশেয়, (উর্ব্বশী+ষ্ণেয়—অপত্যার্থে) ষ্য, পুং, উর্ব্বশীপুত্র, অগস্ত্য।

ঔর্ব্ব্য,(ঊর্ব্ব+ষ্ণ্য)ষ্য,পুং, মুনিবিশেষ।

ঔলূক, (উলূক+ষ্ণ—সমূহার্থে) ষ্য, ন, উলূকসমূহ, পেচক সমূহ।

ঔলূক্য, (উলূক=পেচক+ষ্ণ্য—গ্রী-মুখ্যার্থে) ষ্য, ন, উলূক প্রণীত বৈশেষিকদর্শন। পুং, বৈশেষিক দর্শনপ্রণেতা। [চার্য্য প্রণীত শাস্ত্র।

ঔশনস, (উশনস্+ষ্ণ) ষ্য, ন, শুক্রা-

ঔশীর,ঔষীর, (উশীর+ষ্ণ—ভবার্থে) ণ, ত্রি,উশীর সংক্রান্ত। ষ্য,পুং,চামর দণ্ড। ন, শয়নাসন, চৌকী,কেদারা, শয়ন।

ঔষধ, (ওষধি+ষ্ণ—ভবার্থে) ষ্য, ন, যে বস্তুদ্বারা রোগ নষ্ট হয়,ভেষজ।

ঔষধাজীব, (ঔষধ+আজীব, ৬-ষ্ট) ণ, ত্রি, যে ব্যক্তি ঔষধ বিক্রয় দ্বারা আপনার জীবিকা নির্ব্বাহ করে, কবিরাজ, বৈদ্য।

ঔষধালয়, (ঔষধ+আলয়=গৃহ, ৬-ষ) ষ্য, পুং, যেখানে ঔষধ থাকে, দাওয়াইখানা। [ধসম্বন্ধীয়।

ঔষধীয়, (ঔষধ+ঈয়) ণ, ত্রি, ঔষ-

ঔষস, (উষস্+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, উষাসংক্রান্ত। [সংক্রান্ত।

ঔষ্ট্র, (উষ্ট্র+ষ্ণ—ইদমর্থে) ণ.ত্রি.উষ্ট্র-

ঔষ্ট্রক, (উষ্ট্র—উট+ষ্ণক—সমূহার্থে) ষ্য, ন, উষ্ট্রসমূহ। [ওষ্ঠোচ্চার্য্য বর্ণ।

ঔষ্ঠ্য,(ওষ্ঠ+ষ্ণ্য—ভবার্থে) ণ, ত্রি,

ঔষ্ণ, ঔষ্ণ্য, (উষ্ণ+ষ্ণ, ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, উষ্ণতা, উত্তাপ, সন্তাপ।

ঔষ্ম, (উষ্মন্+ষ্ণ—ভাব) ষ্য, ন, উষ্ণতা, উষ্মতা।

ক।

ক, প্রথম হলবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও জিহ্বামূল। (কৈ—শব্দকরা বা কচ্—দীপ্তি পাওয়া+অ—সংজ্ঞার্থে)ষ্য,পুং, ব্রহ্মা, বিষ্ণু, বায়ু, যম, সূর্য্য, আত্মা, রাজা, অগ্নি, দক্ষ, পক্ষী, ময়ূর, মন, শরীর, ধন, শব্দ। ন, ক্রোড়, মস্তক, জল, সুখ।

কই, (কবয়ী শব্দজ) ব্য, স্বনাম প্রসিদ্ধ মৎস্য। [ছুর, ছয় মাসের অনতিবয়স্ক।

কইলা, (দেশজ) ব্য, গোবৎস, বা-

কএক, (দেশজ) ণ, কতিপয়, কিয়ৎ, কিঞ্চিৎ। [কান।

কওয়া, (দেশজ) ব্য, অবরোধ, বন্ধ, আট-

কংবুল, কবুল, (এই শব্দটি অষ্টম যোগে আছে) ব্য, ন, স্বীকার।

কংশ, কংস, (কম্—বাঞ্ছাকরা+শ, স—সংজ্ঞার্থে) ব্য, পুং, অসুর বিশেষ, উগ্রসেনপুত্র, মথুরা দেশের স্বনাম প্রসিদ্ধ রাজা। পুং,—ন, তৈজস দ্রব্য, স্বর্ণ রজতাদি নির্ম্মিত পানপাত্র, পরিমাণ পাত্রবিশেষ, আঢক, তাম্র মিশ্রিত ধাতু, কাঁসা।

কংসক, (কংস+ক—তুল্যার্থে, যাহা শ্বেতবর্ণ তুল্য। কিম্বা কংস+ক= জল। কংসের ন্যায় জল যাহা হইতে, ৫-হ) ব্য, ন, হীরাকস।

কংসকার, (কংস+কার—যে করে, ২ ব) ব্য, পুং, কাংস্যবণিক্, কাঁসারি। "বৈশ্যায়াংব্রাহ্মণাজ্জাতো অম্বষ্ঠো-গান্ধিকো বণিক্। কংসকারৌ ব্রাহ্মণাৎ তৌ বভুবতুঃ॥ বিশ্বকর্ম্মা চ শূদ্রায়াং বীর্য্যাধানং চকার সঃ। ততো বভুবুঃ পুত্রাশ্চ নবৈতে শিল্পকারিণঃ মালাকারঃ কর্ম্মকারঃ শঙ্খকারঃ কুবিন্দকঃ, কুম্ভকারঃ কংসকারঃ ষড়েতে শিল্পিনো নরাঃ।"

কংসকৃষ, কংসহা, (কংস+কৃষ—যে কর্ষণ করে, হন্—যে বধ করে, ২ব) ব্য, পুং, বিষ্ণু, কৃষ্ণ।

কংসজিৎ, (কংস + জিৎ = যে জয় করে, ২-ব) ব্য, পুং, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।

কংসারি, কংসারাতি, (কংস + অরি, অরাতি—শত্রু, ৬-ব) ব্য, পুং, শ্রীকৃষ্ণ, নারায়ণ, বিষ্ণু।

ককান, (দেশজ) ব্য, অতিশয় রোদন

ককানি, (দেশজ) ব্য, রোদন শব্দবিশেষ।

ককুভল, ব্য, পুং, চাতক পক্ষী।

ককুৎস্থ, (ককুদ্—রাজচিহ্ন+স্থ—যে থাকে। মল্লিনাথ বলেন, ককুদ—ষাঁড়ের ঝুঁটি+স্থ—যে থাকে, যিনি বৃষরূপ ইন্দ্রের ককুদে স্থিতি করিয়াছিলেন, ৭ব, ৭-ত) ব্য, পুং, সূর্য্যবংশীয় নৃপ বিশেষ।

ককুদ্, ককুদ, (ক — সুখ+কু—শব্দ করা+দ্, দ—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, পুং, ন, বৃষের স্কন্ধের ঝুঁটি, রাজচিহ্ন, ছত্রচামরাদি, শ্রেষ্ঠ, পর্ব্বতশৃঙ্গ।

ককুদ্মান্, (ককুদ্+মৎ—অস্ত্যর্থে) ব্য, পুং, বৃষ, ষাঁড়, গিরি, পর্ব্বত।

ককুদ্মতী, (ককুদ্মৎ+ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, কটিদেশ।

ককুদ্মী, (ককুদ্+মিন্) ব্য, পুং, নৃপবিশেষ, রেবতীর পিতা।

ককুন্দর, (ক=দেহ, পৃষ্ঠদেশ+কু—নিতম্বস্থ ভূমি+দৃ—বিদীর্ণহওয়া+অ) ব্য, ন, পৃষ্ঠদেশের অধঃস্থিত আবর্ত্ত চিহ্নদ্বয়, নিতম্বস্থ আবর্ত্তবৎ গর্ত্তদ্বয়।

ককুভ্ ককুভা, (ক—বায়ু+স্কুভ্—বিস্তার করা+ক্বিপ্, আ, স্—লোপ। ২-ব) ব্য, স্ত্রী, যে বায়ু বিস্তার করে, দিক্, দেশ, শোভা, চম্পকশাখা, চম্পকমালা, রাগিণীবিশেষ।

ককুভ, (ক — বায়ু+স্কুভ্—বিস্তারকরা+অ—য) ব্য, পুং, দিক্, রাগবিশেষ, বীণার অন্তভাগে বক্রকাষ্ঠ। বীণাস্থ অলাবু, বস্। (ককুভ্+অ—অস্ত্যর্থে) যে দিক্ বিশিষ্ট অর্থাৎ দিক্‌ব্যাপী, কুটজ বৃক্ষ, অর্জ্জুন গাছ "পীতং বসানা বসনং সুকেশী বনে ভ্রমন্তী পিকনাদদূনা। বিলোকয়ন্তী ককুভোঽস্তিভীতা মূর্চ্ছিঃ প্রদিষ্টা ককুভস্তথৈব"।

ককোল, (কক্—অহঙ্কার করা+ক্বিপ্ +কোল, কুল—রাশি করা+ঘঞ—

কর্কথ্য) ব্য,পুং—ন,কাঁকলা,গন্ধদ্রব্য-বিশেষ।

ককখটি, (ককথ্=হাস্তকরা+অট্। ঈ—[illegible] বা. স্ত্রী, খড়ী, কঠিনী

কক্ষ, (কষ্ = হিংসাকরা+স—সং-জ্ঞার্থে) বা. পুং, বাহুমূল, পার্শ্ব, শুষ্কবন, শুষ্কতৃণ মহিষ,পাপ, অর্দ্ধা-ম্বর, প্রতিযোগী, বিরোধী, যথা সমকক্ষ, বস্ত্রাঞ্চল, কাছা, গ্রহগণের পরিভ্রমণ পথ,(Orbit.)। ক্ষা—স্ত্রী, ভিত্তি, দেয়াল "কক্ষান্তর গতোবায়ু জীমূত ইব গর্জ্জতি" "যথোক্তবৃত্তি নির্দ্দাতা কক্ষং খাত্মস্ব রক্ষতি। কথা বক্ষেস্ত্রপো বায়ুং হস্তাচ্চ পরি-বর্দ্ধনঃ"।

কক্ষা বা. স্ত্রী. হস্তীর গলা বা কক্ষ বন্ধনরজ্জু, স্ত্রীলোকেরকটি-বন্ধ, কুঠরী, মণ্ডল, বাহ্যান্তঃপুর, রথের মধ্যবর্ত্তীস্থান,প্রতিযোগিতা, কাঞ্চী, বস্ত্রাঞ্চল, গৃহভিত্তি, রোগ-বিশেষ, কাঁকবিরালী।

কক্ষাপাট, (কক্ষা=কোটিবন্ধ+পট=বস্ত্র) ব্য, পুং, কৌপীন, কপ্নি।

কক্ষাবেক্ষক, (কক্ষা=মণ্ডল+অবেক্ষক =যে দেখে, ২-ষ) বা, পুং, দ্বার-পাল, কঞ্চুকী, অন্তঃপুররক্ষী, উ-দ্যানপাল, কবি রঙ্গাজীব, চিত্র কর, বিদ্য, লম্পট।

কক্ষীকৃত, (কক্ষ+কৃত=করা হইয়াছে। ঈ-আগম, ণ ধি, অঙ্গীকৃত

কখন, কখন্, (ক, কিংশব্দ+খন, ক্ষণশব্দজ) দ, কদা, কোন সময়ে, কোন কালে।

কক্ষা, বা,স্ত্রী, কক্ষা।

কঙ্ক, (কনক=গমনকরা, পাওয়া+অ —সংজ্ঞার্থে) বা,পুং, কাকপক্ষী (এই পক্ষীর পালকে বাণের পুঙ্খ প্রস্তুত হয়) "নখপ্রভাভূষিতকঙ্কপত্রে সক্তাঙ্গুলিঃ সায়কপুঙ্খ এব" রঘুবংশ যম, ছল, ব্রাহ্মণ, যুধিষ্ঠিরের নাম; বিরাটনগরে অজ্ঞাতবাসকালে যুধি-ষ্ঠির এই নামে পরিচিত ছিলেন। ঙ্কা —স্ত্রী, উগ্রসেন রাজার কন্যা ও কংসের ভগিনী, গোরোচনা।

কঙ্কট, (কন্ক+অট,কিম্বা কং=বায়ুকে +কট্=আবরণ করা+অ—ব) বা. পুং,উরশ্ছদ,কবচ, বর্ম্ম,সাঁজোয়া

কঙ্কটক, (কঙ্কট+ক—স্বার্থে) বা, পুং, বর্ম।

কঙ্কণ, (কণ্ [বঙ্ নুম্ আগম]=শব্দকরা +অ) বা, ন, করভূষণবিশেষ, হস্ত-সূত্র, শেখর "বামেন পাণিনির্ণ্ কঙ্কণেন" "কঙ্কণতন্তু লোভেন মগ্নঃ পঙ্কে সুদুস্তরে। বৃদ্ধব্যাঘ্রেণ সং-প্রাপ্ত পথিকঃ সংমৃতো যথা" হিতো-পদেশ। [ক্ষুদ্রঘণ্টিকা,ঘুঙুর।

কঙ্কণী, (কঙ্কণ+ঈ—স্ত্রীলিঙ্গে)বা,স্ত্রী,

কঙ্কত, (কন্ক=গমনকরা+অত—সং জ্ঞার্থে) ব্য, পুং—ন, তী, তিকা,— স্ত্রী, যে কেশ মধ্যে গমন করে, কাঁকুই, চিরুণী।

কঙ্কতদেহী, প, যাহাদের দেহ দেখ পিণ্ডাকার এবং চিরুণীর ন্যায় দন্তে আবৃত, যথা—সিডিপ (Cydippe) নামক জীব, ইহারা দুই পদে বিভক্ত। [কাঁকলা মাছ।

কঙ্কতোটি, বা, পুং, মৎস্যবিশেষ,

কঙ্কপত্র, (কঙ্ক=কাকপক্ষী+পত্র=পা খা। ৬-ষ) বা,পুং, বাণ। কঙ্কপক্ষের ন্যায় পক্ষ, পাখা। (৬-ষ) ন, কঙ্ক পক্ষীর পালক।

কঙ্কমুখ, (কঙ্ক+মুখ, ৬-ষ) বা, পুং চিমটা, সাঁড়াশী, সোন্না।

কঙ্কর, (কং+কর=যে করে। যে আ-ঘাত পাইলে 'কং' এই শব্দ করে কিম্বা কং=জল+কর=যে করে) বা, স্ত্রী, কাঁকর, ণ, ত্রি, কঠিন, কর্কশ। ব্য, তক্র, ঘোল।

কঙ্কশায়, (কঙ্ক+শী+অ) ব্য, পুং, কুক্কুর।
কঙ্কাল, (কক্‌=গমনকরা+আল) ব্য, পুং, অস্থি, (Skeleton), রক্ত-মাংস চর্ম্মাদি শূন্য অস্থিময় দেহ, অস্থিপঞ্জর, কাঁট, কাঁকাল।
কঙ্কালমালী, (কঙ্কালমালা+ণিন—অস্ত্যর্থে)ব্য,পুং, যাহার কঙ্কালমালা আছে, অস্থিমালাধারী, রুদ্র, শিব। লিনী—স্ত্রী, রুদ্রাণী।
কঙ্ক, ব্য, পুং, উগ্রসেনের পুত্র ও কংসের ভ্রাতা, কঙ্কতৃণ [বৃক্ষ।
কঙ্কেল, কঙ্কেল্লি, ব্য, পুং, অশোক-
কঙ্গরাজ্য, (কঙ্গ+রাজ্য, ৬- ব) ব্য, ন, দেশবিশেষ, ইহার পশ্চিমে কেরল দেশ, উত্তরে কর্ণাট এবং দক্ষিণে সমুদ্র। [পীততণ্ডুলা।
কঙ্গু, কঙ্গুকা, ব্য, স্ত্রী, লতাবিশেষ,
কঙ্গুনী, ব্য, স্ত্রী, ধান্যবিশেষ।
কঙ্গুল, ব্য, পুং, হস্ত।
কচ, (কচ্‌=বন্ধনকরা ইত্যাদি+অ) ব্য, পুং, কেশ, চুল, বৃহস্পতির পুত্র, ইনি শুক্রাচার্য্যের নিকট অধ্যয়ন করেন; ইঁহারই শাপে শুক্রাচার্য্যের কন্যা দেবযানী ক্ষত্রিয় পত্নী হন, মেঘ, শুষ্কব্রণ। চা—স্ত্রী, হস্তিনী।
কচঙ্গন, ব্য, ন, বিক্রয়স্থান, বাজার।
কচঙ্গল, (কচ=মেঘ+অঙ্গ=দেহ+লা—যে গ্রহণ করে) ব্য, পুং, সমুদ্র।
কচটা, (দেশজ) ণ, মর্দ্দিত, মাথা, চটকান। [মর্দ্দন
কচটন, (দেশজ) ব্য, অবমর্দ্দন,
কচপ, ব্য, পুং, তৃণ, পত্র।
কচপক্ষ, ব্য, পুং, কেশপাশ।
কচপাশ, ব্য, পুং কেশপাশ।
কচর্ কচর্, ব্য, অব্যক্তশব্দ, পক্ষীর ধ্বনি, কিচিরমিচির্ শব্দ।
কচহস্ত,ব্য,পুং, ধূমকেতুসমূহ,কচপক্ষ।
কচা ব্য, স্ত্রী, হস্তিনী, শোভা, সন্ধিচ্যুতি। (দেশজ) ব্য, যষ্টি, দণ্ড।

কচাটুর, (কচ+আটুর) ব্য, পুং, পক্ষিবিশেষ, ডাকপক্ষী। [গজান।
কচান, (দেশজ) ব্য, মুকুলিত হওন,
কচারি, (কচ=কেশ+অরি=শত্রু, ৬ ষ) ব্য, পুং, নাপিত, ক্ষৌরকার।
কচাল, (দেশজ) ব্য, বিবাদ বা কলহ, ঝকড়া। [নবীন।
কচি, (দেশজ) ণ, কোমল, নরম, কচু, কচ্বী; ব্য, স্ত্রী, কচুগাছ, কচুর মূল।
কচুরি,(দেশজ) ব্য,খাদ্যদ্রব্য বিশেষ।
কচ্‌কচ্‌, (অনুকরণশব্দজ) ব্য,অব্যক্ত-শব্দ, অনুকরণ শব্দ।
কচ কচী, (দেশজ) ব্য, অপ্রীতিকর শব্দ, বিবাদ, কলহ।
কচ্চর, (কু=কুৎসিত+চর=যে গমন করে। কু' কৎ) ণ, ত্রি, মলিন, মল-দূষিত, তক্র ও,ছায়া। ব্য,ন, তক্র।
কচ্চিৎ, (কু - কুৎসিত+চিৎ, কু=কৎ) বা, অভিলাষ জ্ঞাপন, প্রশ্ন।
কচ্ছ, (ক=জল+ছো=ছেদনকরা+অ, কিম্বা কচ্‌=বন্ধনকরা+ছ) ব্য, পুং বৃক্ষবিশেষ, তুঁদ গাছ, নৌকার পশ্চাৎভাগ,নদী প্রভৃতির তীর,জল-ময় দেশ বা স্থান,পর্ব্বতের সন্নিহিত সমতল স্থান। ণ, ত্রি, জলপ্রান্ত। চ্ছা—স্ত্রী, পরিধেয় বস্ত্রের পশ্চাদংশ, কাচা, ঝিঁঝিঁপোকা তৃণা।
কচ্ছটিকা, ব্য, স্ত্রী, কচ্ছ, কাছা।
কচ্ছপ, (কচ্ছ=জলাভূমি+প=যে পালন করে। যে জলাভূমিতে বাস করে, কিম্বা কচ্ছ=সংপুট, কাছিমের খোলা+প=যে রক্ষা করে) ব্য, পুং, কূর্ম্ম, কাছিম, কুবেরের নিধিবিশেষ, মল্লযুদ্ধবন্ধবিশেষ। "কচ্ছপঃ-কচ্ছমাস্যনো মুখসংপুটং পাতি সহি কিঞ্চিৎ দৃষ্ট্বা শরীর এব মুখসংপুটং প্রবেশয়তি। সংপুটে হি কচ্ছশব্দঃ প্রসিদ্ধঃ। পাণিবাচাঃ কচ্ছপুট ই-

ত্তিচ। কচ্ছেন কটাহেন ইতরাণা-ঙ্গানি পাতীতি বা। অথবা কচ্ছেন মুখসংপুটেন পিবতি। কচ্ছঃ খর্পা-কারং ছাদয়তি। স হি মধ্যে সু-বিরো ভবতি।

কচ্ছপিকা, ব্য, স্ত্রী, রোগবিশেষ।

কচ্ছপী,(কচ্ছপ+ঈ—স্ত্রীলিঙ্গে)ব্য,স্ত্রী, স্ত্রীকচ্ছপ বা ক্ষুদ্র কচ্ছপ, সরস্বতীর বীণা।[যে জন্মে, ৭-ষ)ব্য, স্ত্রী, দূর্ব্বা

কচ্ছরুহা, (কচ্ছ=জলময়স্থান+রুহ=

কচ্ছু, কচ্ছূ,(কষ=হিংসাকরা+উ,ঊ) ব্য, স্ত্রী, পাঁচড়া, কণ্ডু, চুলকানি।

কচ্ছুমতী, ব্য, স্ত্রী, শূকশিম্বী।

কচ্ছুর, (কচ্ছু=পাঁচড়া বা চুলকানি +র—অস্ত্যর্থে) ণ, ত্রি, খসোরোগী, পাঁচড়ারোগাক্রান্ত, কচ্ছুরোগবি-শিষ্ট। (কু=পাপ + ছুর=বঞ্জিত করা+ অ—ষ) ব্য, পরস্ত্রীগামী, লম্পট। রা—স্ত্রী, বেশ্যা।

কচ্ছোটিকা, (কচ্ছা+উটিক= বষ্টন কর) ব্য, কচ্ছাবেষ্টন, কাছাদিয়া কাপড় পরা। [.।।কবণ।

কচলন, (দেশজ) ণ, প্রক্ষালন,

কচলা, (দেশজ) ণ, প্রক্ষালিত,ধোত

কজ্জল, (কু=কুৎসিত+জল বারি কি রস, কদর্থা) ব্য, ন, অঞ্জন। পুং, মেঘ,বারিবাহ, মেঘের বর্ণ কা জলের ন্যায় কাল বলিয়া ইহার নাম কজ্জল হইল। "সকজ্জলং তা-ম্রঘটে চ দৃষ্ট্বা সংস্পৃশ্য তং তুখকমঞ্জ নঞ্চ" "ধিঙ্ মাং বিগর্হিতং সন্তির্-কৃতং কুলকজ্জলম্"।

কজ্জলরোচক, (কজ্জল+রোচি=রো-চক হওয়ান, দীপ্তি পাওয়ান+অক —ষ) ব্য, পুং, ন, দীপাধার, পিলসুজ, দেরকো।

কজ্জলী, (কজ্জলবর্ণ বলিয়া কজ্জলী) ব্য,স্ত্রী, পারদ ও গন্ধকঘটিত ঔষধ। লা—স্ত্রী, মৎস্যবিশেষ।

কজ্জল, (কু—কুৎসিত+জল—অগ্নিশি-খা) ব্য, ন, কাজল, অঞ্জন।

কজ্জলধ্বজ, (কজ্জল—কৃষ্ণবর্ণ+ধ্বজা —শিখা ৬-হ) ব্য, পুং, দীপ।[সুজ।

কজ্জলরোচক, ব্য,পুং,দীপাধার,পিল-

কঞ্চট, কঞ্চড়, (কং—জল+চট—পৃথক্ করা +অল্) ব্য, পুং, জলজ শাক বিশেষ, কাঁচড়াদাম।

কঞ্জার, ব্য, পুং, সূর্য্য।

কঞ্চিকা, কঞ্চী; ব্য, স্ত্রী, বেণুশাখা, কঞ্চী, বাঁশের গ্রন্থিদেশ হইতে যে ক্ষুদ্র ক্ষুদ্র শাখা নির্গত হয়।

কঞ্চুক, (কবচ্—বন্ধনকরা+উক) ব্য, পুং, কবচ,সাঁজোয়া,সাপের খোলস, নির্ম্মোক, কাঁচুলি, জামা, আঙরাখা "সুভাষিতরসাস্বাদজাতরোমাঞ্চকঞ্চু-কাঃ। বিনাপি কামিনীসঙ্গং সু-ধিয়ঃ সুখমাপ্নুয়ুঃ।"

কঞ্চুকালু, (কঞ্চুক=সাপের খোলস+ আলু—অস্ত্যর্থে) ব্য, পু, কঞ্চুকবি-শিষ্ট সর্প।

কঞ্চুকী, (কঞ্চুক=কবচ, ইত্যাদি+ ণিন - অস্ত্যর্থে) ব্য, পুং, অন্তঃপুরের ক্লীব সেবক বা রক্ষক, লম্পট, সর্প, কবচধারী "অন্তঃপুরচরো বৃদ্ধো বিপ্রো গুণগণান্বিতঃ। সর্ব্বকা-র্যার্থকুশলঃ কঞ্চুকীত্যভিধীয়তে"।

কঞ্চুলিকা, কঞ্চুলী, ব্য, স্ত্রী, অঙ্গর-ক্ষক বিশেষ, কাঁচুলি। "ত্বং মুক্তাক্ষি বিনৈব কঞ্চুলিকয়া ধৎসে মনোহা-রিণীং লক্ষ্মীম্"।

কঞ্জ, (কম—সুখ, জল ইত্যাদি+জন— যে জন্মে বা উৎপন্ন হয়) ন, পদ্ম, অমৃত। ব্য, পুং, ব্রহ্মা, কেশ।

কঞ্জক, কঞ্জল, (কঞ্জ+ক, কৈ ধাতু-জ; পক্ষে+ল, লা ধাতুজ) ব্য, পুং, ময়নাপাখী।

কঞ্জজ, (কঞ্জ—পদ্ম+জ—জাত) ব্য, পুং, ব্রহ্মা,পদ্মযোনি।

কঞ্জন, ষ্য, পুং, কন্দর্প, কামদেব।

কঞ্জর, (কঞ্জ=পদ্ম ইত্যাদি+জৄ=জীর্ণ করা বা বধকরা+অ; অথবা কঞ্জ্ [সৌত্রধাতু] =উৎপন্ন হওয়া বা জন্মান+অর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, সূর্য্য, ব্রহ্মা, ময়ূর, হস্তী, উদর।

কঞ্জার, (কঞ্জ+আর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, মুনি, ব্রহ্মা।

কঞ্জিকা, ষ্য, স্ত্রীং, বামুনহাটী গাছ।

কট, (কট্=বর্ষণকরা, আচ্ছাদনকরা+অ) ষ্য, পুং, টী—স্ত্রী, হস্তীর গণ্ডদেশ, মাদুরী, তৃণপরদা, তৃণ, তৃণাসন, কুশাসন, কটি, তৃণরচিত রজ্জু ভেদ, অতিশয়, শ্মশান, শব, শবরথ, ঔষধ, কাষ্ঠফলক, তক্তা, সমর, মরাই।

কটক, (কট=বেষ্টনকরা+ণক) ষ্য, পুং,—ন, পর্ব্বতের নিতম্ব দেশ, বলয়, রাজধানী, গজদন্তমণ্ডন। "অস্তি কল্যানকটকবাস্তব্যো ভৈরবো নামব্যাধঃ। স চ দিগ্বিজয়ক্রমেণাগতাচন্দ্রভাগাতীরেসমাবাসিতকটকো বর্ত্ততে" হিতোপদেশ। সৈন্ধব, সৈন্য শিবির, সেনা সন্নিবেশ স্থান। "সহস্রানীক নামাঙ্কং চকার কটকং করে"।

কটকোল, ষ্য, পুং, নিষ্ঠীবন, পাত্র, পিকদান। [পুং, পার্ব্বত।

কটকী, (কটক+ইন্—অস্ত্যর্থে) ষ্য,

কটখাদক, (কট=অধিক বা শব+খাদক [খাদ্=খাওয়া+ণক—ক] =ভক্ষক, ৬-ষ) ষ্য, পুং, কাক, শৃগাল। ণ, ত্রি, পেটুক, ঔদরিক।

কটঙ্কট, ষ্য, পুং, গণেশ, অগ্নি।

কটপ্রূ, (কট=অধিক+প্রু=গমন করা+ক্বিপ্) ষ্য, পুং, মহাদেব, যক্ষবিশেষ, পাশক্রীড়ক, কটকাবরণ, কটকার, কৃমিবিশেষ।

কটভঙ্গ, (কট+ভঙ্গ, ৬-ষ) ষ্য, পুং, সৈন্যভঙ্গ দ্বারা রাজাদির বিনাশ, হস্তদ্বারা শস্য ছেদন।

কটভেদী, (কটভেদ+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, যে হস্তীর গণ্ডস্থল হইতে মদ নির্গত হয়। [কটাসিয়া রং।

কটা, (দেশজ) ণ, রুক্ষ, গৌরবর্ণ,

কটাক্ষ, (কট=গমনকারী+অক্ষি=চক্ষু) ষ্য, পুং, অপাঙ্গ, অপাঙ্গদর্শন, আড়দৃষ্টি। [অনুগ্রহ।

কটাক্ষপাত, ষ্য, পু, দৃষ্টিনিক্ষেপ,

কটায়ন, (কট+অয়ন, ৬-ষ) ষ্য, ন খস্ খস্, বেণার মূল।

কটার, ষ্য, পুং, নাগর, কামী।

কটান, (দেশজ) ণ, ম্লান, শুষ্ক।

কটাশ, (দেশজ) ষ্য, বনজন্তুবিশেষ।

কটাহ, (কট=অধিক ইত্যাদি+আ+হন্=আঘাতকরা+ড) ষ্য, পুং, ভাঙ্গা খোলা, দুগ্ধাদি জ্বাল দিবার পাত্র, কড়া, কচ্ছপের খোলা, মহিষ শিশু, নরকবিশেষ, দ্বীপবিশেষ।

কটি, কটী, (কট্=গমনকরা+ই) ষ্য, পুং,—স্ত্রী, কোমর, কাঁকাল, হস্তিগণ্ড।

কটিত্র, (কটি=কোমর+ত্র [ত্রৈ+অ—ষ্য]=যে রক্ষা করে) ষ্য, ন, কটিবস্ত্র, কোমরবন্ধ, কক্ষা, রসনা, চন্দ্রহার,

কটিপ্রোথ, (কটি+প্রোথ্=প্রচুর হওয়া+অ) ষ্য, পুং, কটিদেশস্থ মাংস পিণ্ড, পাছা, নিতম্ব।

কটিবন্ধ, (কটি+বন্ধ্=বন্ধন করা+অ, ধ) ষ্য, পুং, কোমরবন্ধ, যাহার দ্বারা কটি বন্ধন করা যায়।

কটিশীর্ষক, (কটি+শীর্ষ=মস্তক বা প্রধান অংশ+ক) ষ্য, পুং, কটিদেশ, কোমর।

কটিশৃঙ্খলা, (কটি=কোমর+শৃঙ্খলা=শিকল) ষ্য, স্ত্রী, কটিদেশস্থ ক্ষুদ্র ঘণ্টিকা, কোমরের ঘুঙুর।

কটিসূত্র, (কটি+সূত্র=সূতা, ৬-ষ) ষ্য, ন, কটিবন্ধ, গোট, চন্দ্রহার, ঘুনসী।

কটাক্ষ, ব্য, পুং, খ্যাঙখড়্গ, বাঁকা খাঁড়া।

কটীর, (কট্—গমন করা+ঈর—সং-জ্ঞার্থে) পুং, জঘন, কন্দর। ব্য, ন, কটি, কোমর।

কটু, (কট্—গমনকরা+উ) ণ, ত্রি, ঝাল, উগ্র, তীক্ষ্ণ, তিক্ত, কষায়, পরশ্রীকাতর, অপ্রিয়, কর্কশ, উষ্ণ, সুরভি, কুৎসিত, দুর্গন্ধ। ব্য, পুং, কটুতা।

কটুক, (কটু+ক) ব্য, ন, শুঁঠপিপুল মরিচ এই তিন কটুদ্রব্য। পুং, সুগন্ধি তৃণ, অলাবু, লাউ, পটোল, কটুরস, আকন্দ গাছ, কুটজ বৃক্ষ। "যো জিহ্বাগ্রং বাধতে উদ্বেগং জ-নয়তি শিরো গৃহ্নীতে নাসিকাঞ্চ স্রাবয়তি স কটুকঃ (রস)"।

কটুকীট, কটুকীটক (কটু—ভয়ানক +কীট—কৃমি, পোকা; ক-স্বার্থে) ব্য, পুং, মশক, মশা।

কটুতিক্তক, ব্য, পুং, চিরাতা, শণবৃক্ষ

কটুত্রয়, ব্য, ন, ত্রিকটু, শুঁঠ, পিপুল, মরীচ।

কটুফল, (কটু+ফল, ৬-হ) ব্য, পুং, পটোল। [পুং, ভেক, ব্যাঙ।

কটুরব, (কটু+রব—শব্দ, ৬-হ) ব্য,

কটুবীজা, ব্য, স্ত্রী, মরীচ।

কটুস্নেহ, (কটু+স্নেহ—ঘৃতাদি দ্রব পদার্থ, ৬-হ) ব্য, পুং, যাহা হইতে কটু তৈল জন্মে, সর্ষপ, শ্বেতসর্ষপ, রাইসরিষা। [খুরি, মাটির বাটি।

কটোরা, ব্য, স্ত্রী, মৃণ্ময় পানপাত্র, বড়

কট্‌কট্, (অনুকরণশব্দজ) ব্য, অব্যক্ত ধ্বনি, পীড়াব্যঞ্জক শব্দ।

কটোল, ব্য, পুং, চণ্ডাল, অন্ত্যাবসায়ী।

কট্‌কিনা, (কঠিনশব্দজ) ব্য, কঠিনতা

কট্টার, ব্য, পুং, কাটারি, ছোরা।

কট্‌ফল, (কট্, কটুশব্দজ+ফল, ক-র্মধা,) ব্য, পুং, বৃক্ষবিশেষ, ফল-বিশেষ, কাঁকফল। [দুরূহ।

কট্‌মট, (দেশজ) ণ, কঠিন, শক্ত,

কট্বর, (কট্—বর্ষণ করা ইত্যাদি+ বর) ব্য, ন, ব্যঞ্জন, দধির সর।

কঠ, (কঠ্—দুঃস্থ হওয়া+অ) ব্য, পুং, মুনিবিশেষ, উপনিষদ্ বিশেষ। কঠ শাখাধ্যায়ী, যজুর্বেদ।

কঠর, (কঠ—ক্লেশ+রা—লওয়া বা দেওয়া+অ—ক) ণ, ত্রি, কঠিন।

কঠাকু, ব্য, পুং, পক্ষিবিশেষ, কাঠ-ঠোক্‌রা। [পাখী, দাঁড়কাক।

কঠাহক, ব্য, পুং, দাত্যূহ পক্ষী, ডাক-

কঠিঞ্জর, (কঠিন—দৃঢ়, শক্ত+জৄ—জীর্ণ হওয়া+অ, নিপাতন) ব্য, পুং, পলাস বৃক্ষ।

কঠিন, (কঠ—ক্লেশ+ইন) ণ, ত্রি, দৃঢ়, শক্ত, নিষ্ঠুর, নির্দ্দয়, দুর্বোধ, দুরূহ, তীক্ষ্ণ, দুঃসহ। "নিতান্ত কঠিনাং রুজং মম ন বেদ সা মান-সীম্"। [ব্য, পুং, কচ্ছপ।

কঠিনপৃষ্ঠ, (কঠিন+পৃষ্ঠ—পিঠ, ৬-ব)

কঠোর, (কঠ্+ওর) ণ, ত্রি, ক-ঠিন, নিষ্ঠুর "অয়ি কঠোর! যশঃ কিল তে প্রিয়ং কিমযশো নন্থ ঘো-রমতঃ পরং" উত্তরচরিত "কঠোর-হৃদয়ো রামোঽস্মি সর্ব্বংসহো বৈদে-হী তু কথং ভবিষ্যতি"।

কড়, (দেশজ) ব্য, করভূষণ, গালার বালা, কটক। [ন, করকচ লবণ।

কড়ক, (কড়্—পৃথক্‌করা+অক) ব্য,

কড়্‌কচ, (দেশজ) ব্য, সামুদ্রিক লবণ, করকচ্ লবণ।

কড়্‌কন, (দেশজ) ব্য, অত শুষ্ক হ-ওয়া, গজান, মুসড়ান।

কড়ঙ্গর, (কড়্—ভক্ষণকরা+র; অঙ্গ —আগম) ব্য, পুং কুঁড়া, তুঁষ, ভূষি।

কড়ঙ্গরীয়, (কড়ঙ্গর—কুঁড়া+ঈয়) ণ, ত্রি, কুঁড়াখেকো, যে কুঁড়া খায়।

কড়ম্ব, (কড়্—পৃথক্‌করা+অম্ব) ব্য,

পুং শাকাদির ডাঁটা, কুঁড়ি, অগ্রভাগ। (দেশজ) বংশের একমাত্র আশ্রিত শিশু, যে বালকের মৃত্যু হইলে বংশরক্ষার আর উপায়ান্তর না থাকে। মী—স্ত্রী, কলমী শাক।

কড়রা, (দেশজ) ণ, কঠিন দঢ়, কর্কশ।

কড়া, (দেশজ) ষ্য, কড়ি, ধাতু নির্ম্মিত বলয়, কটাহ। ণ, ক, ত্রি, দৃঢ়

কড়ানিয়া, (দেশজ) ষ্য, শত পর্য্যন্ত কপর্দ্দক গণনা, কাঁচা হিসাব।

কড়ার, (কড্=ভক্ষণকরা ইত্যাদি +আর) ষ্য, পুং, পিঙ্গলবর্ণ। ণ, ত্রি, পিঙ্গলবর্ণবিশিষ্ট। (দেশজ) ষ্য, নিরূপিত সময়। [কাঠি

কড়ি, (দেশজ) ষ্য, কপর্দ্দক, আড়-

কড়িতুল, ষ্য, পুং, খড্গ, অসি। [ক্ষুদ্র।

কড়ু, (দেশজ) ণ, বালক, ছোট,

কড্‌কড্, (দেশজ) ষ্য, কঠিন দ্রব্যের শব্দ। [কালে উৎপন্ন শব্দ

কড়মড়, (দেশজ) ষ্য কঠিনদ্রব্যচর্ব্বণ

কণ, (কণ্=সংক্ষেপ করা+অ) ষ্য, পুং, ণা, ণী, ণিকা—স্ত্রী, সূক্ষ্ম অংশ, রেণু। পুং, শস্যের সূক্ষ্মাংশ বিশেষ, স্ফুলিঙ্গ, জীরক, পিপুল। [জীরা।

কণজীর, ষ্য, পুং, শ্বেতজীরক, শাদা

কণভক্ষ, কণভুক্, (কণ+ভুজ, ভক্ষ =ভোজনকরা+কিপ) ষ্য, পুং, কণাদ।

কণভক্ষক, (কণ=পিপুল+ভক্ষক= যে ভক্ষণ করে, ২-ষ) ষ্য, পুং, পক্ষি-বিশেষ।

কণনাভ, ষ্য, পুং, জলের আবর্ত্ত।

কণাচীন, ষ্য, পুং, খঞ্জনপক্ষী।

কণাটীর, ষ্য, পুং, খঞ্জনপক্ষী।

কণাদ, (কণ=অন্ন+অদ্=ভোজন-করা+অল্ ২-ষ) ষ্য, পুং, বৈশেষিক দর্শন প্রণেতা মুনি, যিনি অন্ন ভোজন করেন, অথবা এই মুনি পরমাণুর বিষয় উদ্ভাবন করেন বলিয়া ইহাঁর নাম কণাদ হইল, কশ্যপ মুনি, স্বর্ণকার, সেঁকরা।

কণিক, (কণ=অন্ন+ইক-বিদ্যমানার্থে) ষ্য, পুং, গোধূমচূর্ণ, ময়দা, অতি-সূক্ষ্ম ভাগ।

কণিকা, (কণা+ক) ষ্য, স্ত্রী, এক কণামাত্র, অল্প পরিমাণ মাত্র।

কণিত, (কণ্=শব্দকরা+ত—ভাব) ষ্য, ন, আর্ত্তনাদ, ক্রন্দনশব্দ, রোদন। [শীষ, শস্যের মঞ্জরী।

কণিশ, (কণ=অন্ন+শ) ষ্য, স্ত্রী, কণী, ষ্য, স্ত্রী, কণিকা।

কণীচি, (কণ্=নয়ন মুদ্রিত করা+ ঈচি—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, কুঁচ, গুঞ্জা, শব্দ।

কণীয়ান, (কণ=অল্প+ঈয়স্—অত্যর্থে) ণ, ত্রি কনিষ্ঠ, "অর্হঃপুরুষিদং রাজ্যং কণীয়ানপি সত্তমঃ" মহাভারত, অতিশয় ক্ষুদ্র, অতিশয় ছোট

কণ্ঠ, (কফোণি শব্দজ) ষ্য, হস্তের নিম্নস্থিত গ্রন্থি। [তৃপ্তি।

কণে, (কণ=গমন করা+এ) ষ্য,

কণেরা, কণেরু, (কণ=গমনকরা+এর, এরু) ষ্য, স্ত্রী, করিণী, বেশ্যা। পুং, কর্ণিকার বৃক্ষ। [বরফের ন্যায় শীতল

কণ্‌কণিয়া (দেশজ) ণ, অতিশীতল,

কণ্টক, (কণ্ট=গমন করা+অক) ষ্য, পুং,—ন, মৎস্যের অস্থি, কাঁটা, ক্ষুদ্রশত্রু, সূচ্যগ্র, লোমাঞ্চ, যাহা বিবক্তিকর।

কণ্টককীট, ষ্য, পুং, শূয়াপোকা।

কণ্টকদেহী, ষ্য, যাহাদের শরীরের উপর কাঁটা থাকে, যেমন চাঁদা মৎস্য

কণ্টকদ্রুম, ষ্য, পুং, শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ।

কণ্টকপক্ষক, ষ্য, যাহাদের পৃষ্ঠ দেশে পক্ষের সম্মুখে এক বা অধিক অস্থি থাকে, যথা, কৈ মাছ, খয়রশলা-মাছ প্রভৃতি।

কণ্টকপ্রাবৃতা, ষ্য, স্ত্রী, ঘৃতকুমারী।
কণ্টকফল, কণ্টকিফল, কণ্টকীফল, ষ্য, পুং, কাঁঠালগাছ, ধুস্তুরবৃক্ষ, ধুস্তুরাগাছ, গাবক্ষেরাণ্ডা গাছ। ন, কাঁঠাল। [গুণ।
কণ্টকবৃন্তাকী, ষ্য, স্ত্রী, বাত্তাকু, বে-
কণ্টকশ্রেণী, ষ্য, স্ত্রী, জন্তুবিশেষ, সজারু, কণ্টকারী।
কণ্টকাগার, ষ্য, পুং, শবট, শল্লকী।
কণ্টকারিকা, কণ্টকারী, (কণ্টক-কাঁটা+ঋ=গমন করা +অ, ঈ-স্ত্রীলিঙ্গে। ক—যোগে কণ্টকারিকা) ষ্য, স্ত্রী, স্বনাম খ্যাত বৃক্ষ, কণ্টী-কারী, বৈদ্যদিগের পাঁচনের প্রধান উপকরণ।
কণ্টকাল, ষ্য, পুং, কাঁঠালগাছ।
কণ্টকাশন, (কণ্টক+অশন=ভোজনীয়, ৬ হ) ষ্য, পুং যাহারা কণ্টক আহার করে, উষ্ট্র, উট।
কণ্টকিনী, ষ্য, স্ত্রী, বার্ত্তাকী, শোন ঝিণ্টী, মধু খর্জ্জুরী।
কণ্টকিত, (কণ্টক+ইত -জাতার্থে) ণ, ত্রি, কণ্টকযুক্ত, রোমাঞ্চিত।
কণ্টকিল, (কণ্টক+ইল—অস্ত্যর্থে) ষ্য, পুং, বংশবিশেষ, বেউড়বাশ।
কণ্টকী, (কণ্ট=কাঁটা বা ক্ষুদ্র অস্থি +ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, মৎস্য বিশেষ, খেজুরগাছ, বেউড়বাশ। ণ, ত্রি, কণ্টকবিশিষ্ট।
কণ্টকীকণা, ষ্য, স্ত্রী, কেতকী।
কণ্টকীদ্রুম, ষ্য, পুং, খদির বৃক্ষ।
কণ্টল, (কণ্ট, কণ্টকশব্দজ+লা—গ্রহণ করা প্রাপ্ত হওয়া+অল—ঘ) ষ্য, পুং, বাব্লাগাছ।
কণ্টাফল, ষ্য, পুং, কাঁঠালগাছ।
কণ্টাম্বর, ষ্য, ন, পদ্মমূল, পদ্মের গেঁড়ো।
কণ্ঠ, (কণ্—শব্দকরা+ঠ) ষ্য, পুং, ন, ঠা, ষ্ঠী—স্ত্রী, গলদেশ, গলা, কণ্ঠধ্বনি, নিকট।
কণ্ঠকুণিকা, (কণ্ঠ—গলা+কুণ—শব্দ করা+ণক) ষ্য, স্ত্রী, যে কণ্ঠ সদৃশ শব্দকরে, বীণা।
কণ্ঠগত, কণ্ঠাগত, (কণ্ঠ+গত—গিয়াছে, আগত—আসিয়াছে) ণ, ত্রি, কণ্ঠ পর্য্যন্ত উপস্থিত, কণ্ঠ পর্য্যন্ত আগত।
কণ্ঠ(ঠা)গতপ্রাণ, ণ, ত্রি, যাহার প্রাণ বায়ু কণ্ঠপর্য্যন্ত আসিয়াছে, যাহার প্রাণবিয়োগ হইবার উপক্রম হইয়াছে, মৃতপ্রায়।
কণ্ঠনালী, ষ্য, স্ত্রী, গলার নলী।
কণ্ঠনীড়ক, ষ্য, পুং, চিলপক্ষী।
কণ্ঠপাশক, (কণ্ঠ+পাশক—পদবন্ধক শৃঙ্খল প্রভৃতি) ষ্য, পুং, হস্তীর গলবেষ্টন রজ্জু, হাতির গলার দড়ী।
কণ্ঠভূষা (কণ্ঠ+ভূষা—অলঙ্কার, ৬-ষ) ষ্য, স্ত্রী, কণ্ঠমালা, চিক, হার।
কণ্ঠমণি, (কণ্ঠ+মণি—রত্ন) ষ্য, পুং, কণ্ঠে ধারণীয় রত্ন।
কণ্ঠসূত্র, ষ্য, ন, মালা, আলিঙ্গন-বিশেষ।
কণ্ঠস্থ, (কণ্ঠ+স্থ যে থাকে ৭-ষ) ণ, ত্রি, মুখস্থ, যাহা উত্তমরূপে অভ্যাস হইয়াছে, যাহা কণ্ঠে প্রবেশ করে, যাহা গলার ভিতরে প্রবেশ করে।
কণ্ঠাগ্নি, (কণ্ঠ+অগ্নি—আগুন, জঠরানল) ষ্য, পুং, কণ্ঠে যাহার জঠরা-নল অর্থাৎ পরিপাক শক্তি আছে, পক্ষী।
কণ্ঠাল, (কণ্ঠ—গলা+অল=ভূষিতকরা ইত্যাদি+অ) ষ্য, পুং, শূরণ, ওল, উষ্ট্র, উট, রণ, যুদ্ধ, অরিত্র।
কণ্ঠিকা, কণ্ঠী, (কণ্ঠী+ক) ষ্য, স্ত্রী, একহালি কণ্ঠমালা, অলঙ্কারবিশেষ, ঘোটকের গলবেষ্টন রজ্জু।
কণ্ঠীরব, (কণ্ঠী=কণ্ঠ+রব=শব্দ, ৬ হ)

বা, পুং, কপোত, সিংহ, মদমত্ত মাতঙ্গ।
কণ্ঠেকাল, (কণ্ঠে—গলপ্রদেশে+কাল—কৃষ্ণবর্ণ ৭. হ,) বা, পুং, যাহার গলদেশে কাল দাগ আছে, শিব, নীলকণ্ঠ, সমুদ্রমন্থনকালে প্রথমে সমুদ্র হইতে বিষ উত্থিত হয়। ঐ বিষ দেবতারা মহাদেবকে পান করিতে দেন। বিষপান অবধি মহাদেবের কণ্ঠ নীলবর্ণ হইয়াছে বলিয়া তাঁহার নাম নীলকণ্ঠ হইয়াছে।
কণ্ঠ্য, (কণ্ঠ+য্য—ভবার্থে) ণ, ত্রি, কণ্ঠসংক্রান্ত। অ, আ, ক, খ, গ, ঘ, ঙ, এ, হ এই নয়টী বর্ণ। ইহারা কণ্ঠ হইতে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে কণ্ঠ্য বর্ণ বলে।
কণ্ডন, (কণ্ড্—তুষ রহিত করা, কাঁড়া+অন—ভাব) বা, ন, তুষ বাহির করা, কাঁড়ান।
কণ্ডনী, (কণ্ড+অ—ধ, ঈ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, উদূখল, হামামদিস্তা, মুষল।
কণ্ডূ, কণ্ডূ, কণ্ডূতি, কণ্ডূয়া, (কণ্ড=চুলকান+ক্বিপ্, তি, ঊয়া, অনটভাব, য-আগম) বা, চুলকনা, সড়্ সড়্ করা, পাঁচড়া।
কণ্ডূঘ্ন, (কণ্ডূ+হন্+অ—ষ) বা, পুং, যাহা কণ্ডূরোগ নাশ করে, আরগ্বধ, শ্বেত সর্ষপ।
কণ্ডূয়ন, (কণ্ডূ+অন—ভাব) বা, ন, চুলকানি, চুলকান।
কণ্ডূয়মান, (কণ্ডূ+শান—ষ ; য, ম—আগম) ণ, ত্রি, কণ্ডূয়নকারী, ঘর্ষণকারী।
কণ্ডূরা, (কণ্ডূ+রা=দানকরা+ক্বিপ্ ২-ব) বা, স্ত্রী, যে কণ্ডূ দেয়, বৃক্ষবিশেষ, আলকুশী বৃক্ষ।
কণ্ডূল, (কণ্ডূ+লা—গ্রহণকরা+ড) ণ, ত্রি, কণ্ডূযুক্ত, যাহা চুলকান হইয়াছে, যাহারদ্বারা চুলকনা হইয়াছে।
কণ্ডোল, কণ্ডোলক, (কণ্ড—রক্ষাকরা+ওল—সংজ্ঞার্থে, ক—যোগে কণ্ডোলক) বা, পুং, যাহাতে ধান্য প্রভৃতি রাখা যায়, কুশূল, ডোল, উষ্ট্র। [পোকা।
কণ্ডোষ, বা, পুং, শূককীট, শুঁয়াকণ্ব, (কণ=শব্দকরা+ব) বা, পুং, স্বনাম খ্যাত মুনি। ন, পাপ।
কত, (কতিশব্দজ) ণ, কিয়ৎ পরিমাণ বা সংখ্যা জিজ্ঞাসা, (কৈ—শব্দকরা+ক্ত) বা, পুং, কতক ফল, নির্ম্মলী, স্বনামপ্রসিদ্ধ মুনি।
কতক, (কতিশব্দজ) ণ, কতিপয়, কএক, কিছু, (ক—জল+তক—প্রকাশ, ৫.হ) বা, পুং, কতক ফল, নির্ম্মলী, এই ফল ঘর্ষণ করিয়া জলে দিলে জল বিশুদ্ধ ও নির্ম্মল হয় বলিয়া ইহার নাম নির্ম্মলী হইয়াছে।
কতক, (দেশজ) বা, কতকগুলা।
কতম, (কিম্+ডতম—অনেকের মধ্যে একের নিশ্চয়ার্থ) ণ, ত্রি অনেকের মধ্যে কোন এক ব্যক্তি।
কতমাল, বা, পুং, অগ্নি।
কতর, (কিম্+ডতর—দুয়ের মধ্যে একের নিশ্চয়ার্থ) ণ, ত্রি, দুয়ের মধ্যে কোন এক ব্যক্তি।
কতি, (কিম্+ডতি—পরিমাণার্থ) ণ, ত্রি, কি সংখ্যা পরিমাণ ইহার, কত, কিয়ৎ পরিমাণ।
কতিচিৎ, (কতি=কিয়ৎ+চিৎ অসাকল্যার্থে) বা, কতিপয়, কতকগুলি।
কতিথ, (কতি+থ—যোগ) ণ, ত্রি, কতিবিধ, কত প্রকারের।
কতিপয়, (কতি+পয়) ণ, ত্রি, কিয়ৎ সংখ্যক, কতকগুলি।
কতিবিধ, (কতি+বিধা—প্রকার ৬.হ) ণ, ত্রি, কত প্রকারের।
কত্তোয়, (কু—কুৎসিত+তোয়—জল, কু—কৎ) বা, ন, মদ্য।

কথং, (কিম্+থম্) ব্য, কিরূপে কি নিমিত্ত, কি কারণে, প্রশ্ন, সম্ভ্রম, ক্রদ্ধ, সম্ভাবনা, নিন্দা, ঘৃণা, আনন্দ, হর্ষ।

কথক, (কথ+ণক—ষ) ণ, ত্রি, বক্তা, বর্ণনা কারক, যিনি কথা কহিয়া আপনার জীবিকা নির্ব্বাহ করেন, যিনি সভাস্থলে পুরাণ ব্যাখ্যা করেন

কথঙ্কথিক, (কথং+কথ+অক. ২-ষ) ণ,ত্রি,প্রশ্নকারক,জিজ্ঞাসাকারী,প্রশ্নী

কথঞ্চন, কথঞ্চিৎ. (কথম+চন, চিৎ অসাকল্যার্থে) ব্য, কোন প্রকারে, কোনরূপে, অতি কষ্টে।

কথন, (কথ+অনট—ভাব) ব্য, ন, কহন, উক্তি, বলন, কথা।

কথনীয়, (কথ+অনীয়—চ) ণ, ত্রি, কথিতব্য, বক্তব্য, কথ্য, কহিবার যোগ্য।

কথমপি, (কথম্+অপি) ব্য, কষ্টে, কোন রকমে, অতিযত্নে, গৌরবে, অতিশয় কঠিন।

কথম্ভূত, (কথম্+ভূত) ণ, ত্রি, কি প্রকার, কিরূপ, কি রকম।

কথা, (কথ+আ—ভাব) ব্য, স্ত্রী, কথন, উচ্চারণ, গল্প, উপন্যাস, কল্পিত উপাখ্যান।

কথাপ্রসঙ্গ, (কথা+প্রসঙ্গ, ৬-ষ) ব্য, পুং, কথার প্রস্তাব, কথোপকথন, বক্তা, বাতুল, বিষবৈদ্য, সাপুড়ে, ব্য, কথার প্রস্তাব, কথাসূত্র।

কথাপ্রাণ, (কথা+প্রাণ=জীবিকা, ৬-ষ) ব্য, পুং, নাটকবক্তা, কথক।

কথিত, (কথ+ত—ত, ভাব) ণ, ত্রি, উক্ত, যাহা বলা হইয়াছে, বর্ণিত, প্রসিদ্ধ,ব্যাখ্যাত, উচ্চারিত। ব্য,ন, কথন, বর্ণন।

কথ্য, (কথ+য—চ) ণ, ত্রি, বক্তব্য, বলিবার যোগ্য, কথনোপযুক্ত।

কদক, (ক=জল+দ=যে দান করে +ক—স্বার্থার্থে) ব্য,পুং, চাঁদোয়া, বিতান, চন্দ্রাতপ।

কদক্ষর, (কু+অক্ষর) ব্য, ন, কুৎসিত অক্ষর, অবদ্ধ লেখা, কাঁচা লেখা।

কদন, (কদ্+অনট—ভাব) ব্য, ন, হিংসন, মারণ, নাশ, মর্দ্দন, যুদ্ধ, পাপ, অনিষ্ট।

কদন্ন, (কু+অন্ন, কর্ম্মধা) ব্য, ন, কুৎসিত অন্ন, মণ্ডের ন্যায় ভাত, অতি অপকৃষ্ট আহারীয় পদার্থ।

কদম্ব, কদম্বক, (কদ্+অম্ব। ক—যোগে কদম্বক, ১-ষ) ব্য, পুং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ, কদমগাছ ; ন,কদম্বপুষ্প, সমূহ, রাশি।

কদম্বগোলক ন্যায়—

কদম্ব পুষ্প কোরকাবস্থায় যেরূপ গোলাকার থাকে, সম্পূর্ণ প্রস্ফুটিত হইলেও তাহার ব্যত্যয় ঘটেনা অর্থাৎ পুষ্পের আকৃতির সহিত কেশররাজিও তদনুসারে বর্দ্ধিত হইয়া বর্ত্তুলত্বকে অক্ষত রাখে।

কদম্বপুষ্পা, ব্য, স্ত্রী, মুণ্ডিতিকা বৃক্ষ ; মুণ্ডিরী।

কদর, (ক+দৃ+অল) ব্য, পুং, কাঁটা বাবলা, করাত, ক্ষাম্‌ড়ো, কড়া।

কদর্থ, (কু+অর্থ, ৬-ষ) ণ, ত্রি, নিরর্থক, ব্যর্থ, বিফল।

কদর্থিত, (কু+অর্থ+ণিচ+ত) ণ, ত্রি, বিড়ম্বনাযুক্ত, ঘৃণিত, দূষিত, নিন্দিত, বিফলীকৃত।

কদর্য্য, (কু+অর্য্য) ণ, ত্রি, কুৎসিত, ক্ষুদ্র, নীচ, জঘন্য, লোভী, কৃপণ, "আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্, লোভাৎ যঃ সঞ্চিনোত্যর্থান্ স কদর্য্য ইতি স্মৃতঃ"।

কদল, কদলক, (ক+দল+অল—ড, কদল+কণ্, ৩-ষ) ব্য, পুং, কলাগাছ। ন, তৎফল, কলা।

কদলী, (ক=দেহ+অদ+অল) ব্য, পুং, কলাগাছ, কলা, পতাকা,

মুদা প্রভৃতি। (কম+দা+ত) বা, পুং, অপর, মেঘ।

কন্দর, (কং+দৄ+অন) বা, পুং—ন, রা, রী—স্ত্রী, পর্ব্বতের গহ্বর, গুহা, দরী। পুং, অঙ্কুশ, ডাঙ্গস। ন, আদা, আর্দ্রক।

কন্দট, ন, শ্বেতোৎপল, শাদা সুঁদি।

কন্দরাকর, (কন্দর+আকর, ৬-ষ) বা, পুং, পর্ব্বত। [আখরোট।

কন্দরাল, বা, পুং, গর্দ্দভাণ্ড বৃক্ষ,

কন্দর্প, (ক+দৃপ+অল বা কম+দৃপ অন) বা, পুং, স্মর, রতিপতি, মদন, "কং দর্পমারাতি মদাজ্জাতমাত্রো জগাদ চ, তেন কন্দর্প নামানং তং চক্রে চতুর্ম্মুখঃ"।

কন্দর্পকূপ, (কন্দর্প+কূপ, ৬-ষ) বা, পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

কন্দর্পমূষল, (কন্দর্প+মূষল) বা, পুং, মেঢ্র, পুংচিহ্ন।

কন্দল, (কং=সুখ+দল=ভেদকরা+অ) বা, ত্রি, পুং, ঝগড়া, বিসম্বাদ, রণ, অব্যক্ত ধ্বনি, গণ্ডদেশ। (কন =কমনীয়+দল=পত্র) নবজাত পল্লব, স্বর্ণ, সবুজ। (কন্দ=মূল+লা=যে গ্রহণ করে বা ভক্ষণ করে) লী—স্ত্রী, মৃগীবিশেষ। (ক=বায়ু+দল=দলিত) যে বায়ু দ্বারা দলিত হয়, নিশান, পদ্মফুলের বীজ, ভূমিকদলী বৃক্ষ। ন, কদলীপুষ্প। "জম্বুকুঞ্জরৈর্নৈর-ধিকসুরভিং কন্দলীশ্চানুকচ্ছং" মেঘদূত। [ওল।

কন্দশূরণ, (কন্দ+শূরণ) বা, পুং,

কন্দসংজ্ঞ, (কন্দ+সংজ্ঞা—নাম, ৬-ত) বা, ন, যোন্যর্শ, যোনিতে রক্তস্রাব রূপ রোগ বিশেষ।

কন্দু, (স্কন্দ+উ) বা, পুং, স্ত্রী, লৌহ নির্ম্মিত পাকস্থালী, হাঁড়ি, কড়া প্রভৃতি "কন্দুপক্বানি তৈলেন পায়সং দধি শক্তবঃ, দ্বিজৈরেতানি ভো-জ্যানি শূদ্রগেহকৃতান্যপি" স্মৃতি।

কন্দুক, (কন্দ+উক, কন্দ্যতে) বা, পুং, গেন্দুক, ভাঁটা, খেলিবার গোলা, "ক্রমং যযৌ কন্দুকলীলয়াপি যা তু-চিন্মুনীনাং চরিতং ব্যগাহত" কুমার

কন্দোট, (কন্দ+ওটন) বা, পুং, শ্বেতপদ্ম, সুঁদি। ন, নীল পদ্ম।

কন্দোত, বা, পুং, শ্বেতপদ্ম।

কন্ধর, (কম্+ধৃ+অন্, ২-ষ) বা, পুং, রা—স্ত্রী, গলদেশ, গ্রীবা। পুং, জলধর, মেঘ। [পুং, সমুদ্র, জলধি।

কন্ধি, (কম্+ধা+কি) বা, স্ত্রী, গ্রীবা,

কন্যকা, কন্যা, (কন্+কন্, কম+য+আপ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, কন্যা-রাশি, পুত্রী, অপ্রাপ্তবয়স্কা কুমারী, অবিবাহিতা নারী, "কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ"।

কন্যাকুব্জ, (কন্যা+কুব্জ) বা, পুং, কান্যকুব্জ দেশ, যে নগরে কুব্জ কন্যাগণ বাস করে। এইরূপ কথিত আছে যে পবনদেব কান্যকুব্জাধি-পতি রাজা কুশনবের কন্যাগণের রূপে মুগ্ধ হইয়া, পুরুষবেশ ধারণ করতঃ তাহাদিগের নিকট সম্ভোগ প্রার্থনা করিয়াছিলেন, কন্যাগণ তাঁহার মনস্কামনা পূর্ণ না করাতে তিনি স্বমূর্ত্তি ধারণ করিয়া প্রবল বাত্যাবেগে তাহাদিগকে ভূমিতে নিপাতিত করেন এবং পতনজন্য আঘাত বশতঃ কন্যাগণ কুব্জ হইয়া যায়।

কন্যাট, (কন্যা+অট+ঘঞ—ভাব) বা, পুং, নিবাস গৃহ, বাস ভবন, আগার, অন্তঃপুর।

কন্যান্তঃপুর, (কন্যা+অন্তঃপুর) বা, ন, অন্তঃপুরের যে অংশে রাজকন্যাগণ বাস করেন। [বা, পুং, জামাতা।

কন্যাবেদী, (কন্যা+বিদ+ইন্—ক)

কন্যারাশীয়, (কন্যারাশি—রাশি+

ঈয়) ণ, ত্রি, কন্যারাশি সম্বন্ধীয়, আশ্বিনমাসীয়, লজ্জিত, সলজ্জ।
কপট, (ক+পট+অ) ষ্য, পুং, ন, বঞ্চনা, শঠতা, চাতুরী।
কপটী, কপটিক, (কপট+ণিন্, ইক) ণ, ত্রি, প্রতারক, কপটকারী, ধূর্ত্ত।
কপটেশ্বরী, ষ্য, স্ত্রী, শ্বেত কণ্টকারী।
কপর্দ্দ,কপর্দ্দক (ক+পর্দ্দ+দৈ বা দা ড) ষ্য, পুং, মহাদেবের জটা, কড়ি, বরাটক, "নিত্রাণামিব তাং যাস্তি যস্ত ন স্যুঃ কপর্দ্দিকাঃ" "যদাত্ত মিমং শক্ত্যশরাং বিক্রীয় দশকপর্দ্দান্ প্রাপ্নোমি" পঞ্চতন্ত্র। [পুং, শিব।
কপর্দ্দী, কপর্দ্দ+ণিন—অস্ত্যর্থে) ষ্য,
কপাট, কবাট(ক+পট+ণি+অন) ষ্য, পুং—ন, টী—স্ত্রী দ্বারের আবরণ, "স্বর্গদ্বার কপাটনপটু" "উদ্ঘাটকে ভবতি যস্য দঢ়ে কপাটে"।
কপাল, (ক+পাল, ২ য) ষ্য, পুং, ন, মাথার খুলি, করোটি, ললাট কপাল, খাপরা, সমূহ, ভাগ্য, ভিক্ষার পাত্র।
কপালভৃৎ, (কপাল+ভৃ+ক্বিপ, ২-ষ ষ্য, পুং, যিনি নর কপাল ধারণ করেন, মহাদেব।
কপালমালী, (কপালমালা+ইন— অস্ত্যর্থে) ষ্য, পুং, যাহার কপালমালা অর্থাৎ হাড়ের মালা আছে, শিব। লিনী—স্ত্রী, দুর্গা, পার্ব্বতী।
কপালিকা, (কপাল+ক—অল্পার্থে) ষ্য, স্ত্রী, ক্ষুদ্রকপাল খাপরা।
কপালী, (কপাল+ইন্ —অস্ত্যর্থে)ষ্য, পুং, যাহার নর কপাল আছে,শিব। লিনী—স্ত্রী, দুর্গা।
কপি, (কপ+ই—সংজ্ঞার্থে, কিম্বা ক+পা+ই) ষ্য, পুং, বিষ্ণু, কপিলবর্ণ, বানর। [কুম্ভী।
কপিকচ্ছু, ষ্য, স্ত্রী, বৃক্ষবিশেষ আল
কপিকন্দুক, (কপি+কন্দুক) ষ্য, ন, মাথার খুলি, মড়ার মাথা।
কপিকেতন, (কপি+কেতন, ৬,হ) ষ্য, পুং, যাহার রথে কপি চিহ্ন আছে, কপিধ্বজ, অর্জ্জুন।
কপিচূড়া, ষ্য, স্ত্রী, আম্রাতক বৃক্ষ।
কপিচূত, ষ্য, পুং, আম্রাতক বৃক্ষ।
কপিঞ্জল, ষ্য, পুং, মুনিবিশেষ, পুণ্ডরীকের মিত্র, চাতকপক্ষী, গৌরবর্ণ তিত্তির পক্ষী।
কপিত্থ, কপিথ ষ্য, পুং, কয়েতবেল বৃক্ষ প্রায় কপিরা এই বৃক্ষে থাকে বলিয়া ইহার নাম কপিথ হইল। ন, তৎফল।
কপিধ্বজ (কপি+ধ্বজ, ৬ হ) ষ্য, পুং, যাহার রথে কপি চিহ্ন আছে, অর্জুন।
কপিপ্রিয়, (কপি+প্রিয়, ৬ য) ষ্য, পুং, আম্রাতক বৃক্ষ, আমড়াগাছ, কায়েতবেল গাছ। [যুক্ত বৃক্ষবিশেষ।
কপিমরনা, (দেশজ) ষ্য,বৃহৎ কণ্টক
কপিল, কবিল, (কব+ইল) ণ ত্রি, যাহার বানরের ন্যায় বর্ণ, পিঙ্গলবর্ণ বস্তু, পীত মিশ্রিত কৃষ্ণ বর্ণ। ষ্য, পুং, পিঙ্গল বর্ণ, সাংখ্য দর্শন প্রণেতা স্বনামখ্যাত মুনিবিশেষ, বিষ্ণু, অগ্নি, দানব কুকুর, ভেদ।
কপিলদ্যুতি, (কপিল+দ্যুতি, ৬ হ) ষ্য পুং, সূর্য্য। ণ, ত্রি, পিঙ্গলবর্ণ, কান্তিযুক্ত।
কপিলা, (কপিল+অ—অস্ত্যর্থে) ষ্য, স্ত্রী, দিক হস্তিনীবিশেষ, পুণ্ডরীক নামক দিগ্‌গজের স্ত্রী, কামধেনু, শিংশপাবৃক্ষ, সুগন্ধি দ্রব্য বিশেষ।
কপিলাশ্ব, (কপিল+অশ্ব) ষ্য, পুং, ইন্দ্র, ইন্দ্রের কপিলবর্ণ অশ্ব আছে বলিয়া ইহার নাম কপিলাশ্ব হইয়াছে। [পিত্তল, পিতল।
কপিলোহ, (কপিল+লোহ) ষ্য, ন,
কপিবক্ত্র, (কপি—বানর+বক্ত্র—মুখ

৬-ত)বা. পুং, যাহার বানরের সদৃশ মুখ, লক্ষ্মী, নারদ।

কপিবল্লী, (কপি+বল্লী, ৬-ত) বা,স্ত্রী, যাহার বল্লী কপিলোমের ন্যায় লোমে আচ্ছাদিত, গজপিপ্পলী।

কপিশ (কপি+শ—অস্ত্যর্থে) ণ. ত্রি. কৃষ্ণপীত মিশ্রিত, মেটিয়া, নীলপীত মিশ্রিত বর্ণ। শী-স্ত্রী, ন. মদ্যবিশেষ। শা—স্ত্রী, স্বনাম প্রসিদ্ধ নদী, মাধবী লতা।

কপিশাঞ্জন, বা.পুং, শিব, মহাদেব।

কপিশীর্ষ, (কপি+শীর্ষ) বা, ন. প্রাকারমস্তক,প্রাচীরের অগ্র।

কপীতন (কপি+তন, ২-ষ বা, পুং. যে কপিদিগের নিমিত্ত শাখা বিস্তার করে অর্থাৎ যে তাহাদিগকে [illegible] শর দেয়, আমড়াগাছ, শিরীষবৃক্ষ, গর্দ্দপিপ্পল।

কপীন, (কৌপীন শব্দজ) বা, কপ্নী, অন্তর্বাস, গুহ্যদেশাদির আবরক বস্ত্রখণ্ড।

কপীন্দ্র, কপি+ইন্দ্র) বা, পুং, হনু- [মান সুগ্রীব, বানররাজ।

কপোত. (কব+ওতচ)বা, পুং, যে বায়ুর পোতের ন্যায়, পারাবত, পায়রা, যেরূপ সমুদ্রাদির জলে জাহাজ ভাসে সেইরূপ আকাশমার্গে পারাবতেরা ভাসমান থাকে বলিয়া উহাদিগকে কপোত বলে, পাখী।

কপোতপালিকা, কপোতপালী, (কপোত—পালি+ক ; পালি+অন. ২-ষ) ষ, স্ত্রী, পায়রার [illegible], টি ড়িয়াখা [illegible] বিটঙ্ক।

কপোতারি (কপোত+অরি, ৬-ষ) বা, পুং, শ্যেন পক্ষী, শিকারীপাখী।

কপোল, (কপ+ওল, ২-ষ) বা, পুং, যে মুখকে বড় করায়,গণ্ডস্থল, গাল।

কপোলকল্পনা, বা, স্ত্রী, অবাস্তবিক [illegible] রচনা, গালগল্প, কল্পনা দ্বারা [illegible]ত অবাস্তব উপন্যাসাদি।

কপ্চান, (দেশজ) বা, পক্ষিদের বুলি ফোটা।

কপ্নী, (কৌপীন শব্দজ) বা,কৌপীন

কফ, (ক+ফল +ড ৬-ষ) ষ, পুং. যে জল দ্বারা উৎপন্ন হয়, এক প্রকার শরীর সম্বন্ধীয় ধাতু শ্লেষ্মা

কফকূর্চিকা (কফ+কূর্চ+ণক)বা,স্ত্রী. সিকনি, পোঁটা, গয়ের, থুথু।

কফণি, কফোণি, (ক=সুখ+ফণ+ ই—সংজ্ঞার্থে) বা পুং,—স্ত্রী, কণুই, বাহুর নিম্নস্থিত গাঁট।

কফবিরোধি, বা, ন. গোলমরিচ।

কফারি, (কফ+অরি, ৬-ষ) বা, পুং, শুঁঠ, শুঁঠ খাইলে কফ আরোগ্য হয় বলিয়া উহাকে কফারি বলে।

কফী. (কফ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, কফবিশিষ্ট। বা, পুং. হস্তী।

কবক. (কব[কু+অল]+কণ) বা,পুং, কাল, পাক।

কবন্ধ, (ক+বন্ধ+অণ্) বা, পুং — ন. চালানাদি ক্রিয়া বিশিষ্ট মস্তক হীন দেহ. "নাবাঙ্গসংযুক্ত স্ব [illegible] [illegible] কবন্ধ সমরে [illegible]" বন্দুবংশ। পুং, রাহু, ধূমকেতু, রাক্ষসবিশেষ। ন, বারি, জল, উদর।

কবর, (কৃ+অল) ণ, ত্রি, কেশপাশ, কর্ব্বুরবর্ণ, সম্পৃক্ত, খচিত। বা, পুং —ন. লবণ, অম্ল। রী—স্ত্রী, কেশ বিন্যাস।

কবর্গ, বা. পুং, ক খ গ ঘ ঙ।

কবুতর. (কপোত শব্দজ) বা, পায়রা বড়, পারাবত।

কবে, (কবে শব্দজ) বা, কখন, কোন সময়ে। [কোহাদি রচিত কাব্য।

কব্জা, (পারস্য) বা, দরজা যোজক

কব্জী, (পারস্য) বা. করগ্রন্থি।

কভু, (কদাপি শব্দজ) বা, কোন কালে, কখন।

কম্, (কম্+বিচ্) বা, পাদপূরণ,

বারি, সুখ, মস্তক, মাথা, শিখা, অগ্নিবাণ, মঙ্গল।

কমঠ, (কম্+অঠ—সংজ্ঞার্থে) ব্য, পুং, কচ্ছপ, বাঁশ, শজারু। পুং—ন, সন্ন্যাসীদের পান পাত্র বিশেষ। ঠী —স্ত্রী, কচ্ছপী, কচ্ছপ স্ত্রী, মাদি কাছিম্।

কমণ্ডলু, (ক+মণ্ড+ লা+কু—সং- জ্ঞার্থে) পুং—ন, ব্রহ্মচারী বা সন্ন্যা- স ব্রতাবলম্বীদের কাষ্ঠ বা মৃত্তিকা নির্ম্মিত পাত্র। পুং, ব্যক্তিবিশেষ, অশ্বত্থবৃক্ষ।

কমন, (কম্+অন—য) ণ, ত্রিং, কামী, লম্পট, সুন্দর, রমণীয়, হৃদয়- গ্রাহী, মনোহর। ব্য, পুং, অশোক বৃক্ষ। [পুং, কাঁকপক্ষী।

কমনচ্ছদ, (কমন+ছদ, ৬.হ) ব্য,

কমনীয়, (কম্+অনীয়—চ) ণ, ত্রি, রমণীয়, সুশ্রী, মনোহর, অভিলষ- নীয়, বাঞ্ছনীয়।

কমনে, (কুত্র শব্দজ) বা, কোন্‌দিকে, কোন স্থানে, কোন দিকে।

কমন্ধ, ব্য, পুং, কবন্ধ, জল।

কমল, (কম+অল+অন্—সংজ্ঞার্থে) ব্য, ন, পদ্ম, জল, তামা, ঔষধ। পুং,এক প্রকার হরিণ, সারসপক্ষী। (কমল—পদ্ম + অ—অস্ত্যর্থে, যাঁহার হাতে সর্ব্বদা কমল থাকে; কিম্বা ক—ব্রহ্মত্ব+ম=শিবত্ব+লা = যে দান করে, ২-ব) লা—স্ত্রী, যিনি ব্রহ্মত্ব ও শিবত্ব পদ দান করেন, পদ্মালয়া, লক্ষ্মী, নারাঙ্গী নেবু।

কমলযোনি, (কমল+যোনি, ৬.হ) ব্য, পুং, ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা।

কমলখণ্ড, (কমল+খণ্ড) ব্য, ন, পদ্মনিকর, পদ্মসকল।

কমলা, (কম+কলন্) ব্য, স্ত্রী, লক্ষ্মী, (কমল+অ—অস্ত্যর্থে) উত্তমা স্ত্রী।

কমলাকর, (কমল+আকর, ৬.হ) পদ্মাকর, যে সরোবরে অনেক পদ্ম জন্মায়। [ব্য, স্ত্রী,পদ্মালয়া, কমলা।

কমলালয়া, (কমল+আলয়, ৬.হ)

কমলাসন, (কমল+আসন, ৬.হ) ব্য, পুং, ব্রহ্মা, পদ্মযোনি।

কমলিনী, (কমল+ইন্—সমূহার্থে) ব্য, স্ত্রী, পদ্মিনী, পদ্মগুচ্ছ, "কমলিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বি- কলা ক্ষণদাক্ষয়ে"।

কমলোত্তর, (কমল+উত্তর) ব্য, ন, যাহা পদ্মের ন্যায় উৎকৃষ্ট কুসুম্ভ পুষ্প, কুসুম ফুল। [লম্পট, কামুক।

কমিতা, (কম্+তৃণ—য) ণ, ত্রি,

কম্প, (কম্প+ঘঞ)ব্য, পুং,কাঁপনি, নড়ন। [কাঁপনি, কম্প, নড়ন।

কম্পন, (কম্প+অন—ভাব) ব্য, ন,

কম্পমান, (কম্প+শানচ—য) ণ, ত্রি, যে কাঁপিতেছে, কম্পযুক্ত।

কম্পলক্ষ্মা, (কম্প+লক্ষ্মন্=চিহ্ন, ৬.হ) ব্য, পুং, বায়ু। [যে কাঁপায়, বায়ু।

কম্পাক, (কম্প+আক) ব্য, পুং,

কম্পার, ব্য, পুং, বায়ু।

কম্পিত, (কম্প+ক্ত—য) ণ, ত্রি, চলিত, চঞ্চল, কম্পবিশিষ্ট।[কম্পিত।

কম্প্র, (কম্প+র) ণ, ত্রি, চলিত,

কম্বর, ণ, ত্রি, কর্ব্বুরবর্ণ।

কম্বল, (কম্+কল)ব্য,পুং, মেষ প্রভৃ- তির লোমের দ্বারা নির্ম্মিত আসন, উত্তরীয় বস্ত্র, উত্তরচ্ছদ, কৃমি, নাগ- বিশেষ, সাস্না, গো মহিষাদির গল- কম্বল। ন, জল।

কম্বলী, (কম্বল+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, গলকম্বলযুক্ত গো মহিষাদি, ণ, ত্রি, কম্বলবান্, কম্বলযুক্ত।

কম্বি, (কম্+ই) ব্য, স্ত্রী, বাঁশের পাব, দর্ব্বি, হাতা।

কম্বু, (কম্+উ) ব্য,পুং—ন, শঙ্খ, শাঁখ। পুং, শম্বুক, শামুক, বলয়, বালা, অঙ্গুরীয়, হস্তী, গলদেশ,

যে হাত দিয়েছে কর, কাঁপা হাত,
কম্বু, কম্বু—গ্রীবা, গ্রীবা। ণ, ত্রি, চিত্রবি-
চিত্র, নানা বর্ণ দ্বারা রঞ্জিত, কর্বুর।
কম্বুগ্রীবা, (কম্বু+গ্রীবা) ব্য, স্ত্রী,
শঙ্খগ্রীবা, শাঁখের মতন তিনটী রে-
খা বিশিষ্ট গ্রীবা। [শঙ্খ।
কম্বুজ, (কম্বু+জন্+ড—ক) ব্য, পুং,
কম্বোজ, (কম্ব+ওজ) ব্য, পুং,
একপ্রকার শাঁখ, দেশবিশেষ, হস্তী
বিশেষ। [কামী, সুন্দর, হৃদয়গ্রাহী।
কম্র, (কম্+র) ণ, ত্রি, ইচ্ছুক,
কয়লা, (যবন ভাষা) ব্য, দগ্ধাবিশিষ্ট
কাষ্ঠ, অঙ্গার, অলাত, দগ্ধকাষ্ঠ।
কর, (কৃ+অল) ব্য, পুং, হস্ত,
হাতির শুঁড়, কিরণ, শুল্ক, রাজস্ব,
বিষয়, কর্ত্তা, প্রত্যয়, করকা, কোন
শব্দের পরে থাকিলে কারক, জনক,
যথা—পীড়াকর, দুঃখকর ইত্যাদি।
করক, (কৃ+ণক) ব্য, পুং, দাড়িম্ব
বৃক্ষ, দালিম গাছ, পক্ষিবিশেষ,
নারিকেলমালা, রাজস্ব, রাজদেয়
কর। পুং, ন, কমণ্ডলু।
করকঙ্কণ ন্যায়—
শুদ্ধ কঙ্কণ শব্দ দ্বারাই হস্তের আভরণ
বিশেষ প্রতীত হইলেও কর শব্দ পূর্ব্বে থাকা-
তে করসংযুক্ত কঙ্কণের উপলব্ধি হয়।
করকচ, (কড়কশব্দজ) ব্য, লবণবিশেষ,
সমুদ্রোদ্ভব লবণ।
করকচি, (দেশজ) ণ, কোমল, অপুষ্ট।
করকণ্টক, (কর+কণ্টক) ব্য, পুং,
নখর, নখ। [দশায় পক্ক।
করকটিয়া, (দেশজ) ণ, ত্রি, অপুষ্ট-
করকা, (কর+কণ—স্বার্থে) ব্য, স্ত্রী,
বর্ষোপল, শিলা, শিল।
করকাম্ভঃ, (করক+অম্ভস্) ব্য, পুং,
নারিকেল বৃক্ষ, নারিকেলের মধ্যে
জল থাকে বলিয়া নারিকেল বৃক্ষের
নাম করকাম্ভঃ হইল।
করকোষ্ঠী, (কর+কোষ্ঠী) ব্য, স্ত্রী,
হস্ততলস্থিত রেখা, জন্মপত্রিকা।
দেখিয়া যেরূপ জীবনের অতিবাহিত
শুভাশুভ ঘটনাদি নির্ণয় করা যায়
সেইরূপ করতলস্থ রেখা দ্বারা
জীবনের ভাবী ঘটনা নির্ণয় করা
যাইতে পারে, এই নিমিত্ত ঐ রেখা
গুলিকে করকোষ্ঠী বলে।
করগ্রহ, (কর+গ্রহ, ভাবে) ব্য, পুং,
পাণিগ্রহণ, বিবাহ, হস্তধারণ।
করঘর্ষণ, (কর+ঘর্ষণ) ব্য, পুং,
দুগ্ধাদি মন্থন দণ্ড। ন, হস্তঘর্ষণ।
করঙ্ক, (কৃ+অঙ্ক—সংজ্ঞার্থে) ব্য, পুং,
কমণ্ডলু, দেহের অস্থি, নারিকেলের
মালা, ভিক্ষাপাত্র, খুলি, ডিপে,
কৌটা, মস্তক, মাথার খুলি, ইক্ষু-
বিশেষ। [ঘটী, জলপাত্রবিশেষ।
করজ, (করঞ্জ শব্দজ) ব্য, একপ্রকার
করজ, (কর+জন্+ড) ব্য, পুং, নখ,
করঞ্জবৃক্ষ।
করঞ্জ, করঞ্জক, (ক+রন্জ+অন্, করঞ্জ+
কণ্) ব্য, পুং, করমচা গাছ।
করট, (কৃ+অটন্) ব্য, পুং, কাক,
কৃকলাস, হাতির শুঁড়, নাস্তিক,
কুৎসিতজীবী, একাদশাহাদি শ্রাদ্ধ,
বাদ্যযন্ত্রবিশেষ, কুসুম্ভবৃক্ষ, কুসুম-
ফুলগাছ।
করটক, (করট+কণ্) ব্য, পুং, কাক।
করটা, (কৃ+অটন্, আপ্) ব্য, স্ত্রী,
যে গাভী কষ্টে দুগ্ধ দেয়। [হস্তী।
করটী, (করট+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং,
করণ, (কৃ+অনট-ম, চ, ধ, ভাব) ব্য, ন,
কারকবিশেষ, যাহার দ্বারা কোন
বিষয় সম্পন্ন করা যায়, কার্য্যের
প্রধান সাধন, কারণ, ইন্দ্রিয়, শরীর
স্থান, ক্ষেত্র, কার্য্য, করা, অনুষ্ঠান, বাদ-
বাদিকরণ। পুং, শূদ্রানীর গর্ভে এবং
বৈশ্যের ঔরসে জাত পুত্র, কায়স্থ।
করণক, ণ, ত্রি, দিয়া, দ্বারা, (পূর্ব্ব-
বর্ত্তী কোন পদের সহিত বহুব্রীহি
সমাস না করিলে ইহার প্রয়োগ

হয় না)।

করণত্রাণ,(করণ+ত্রাণ) ষ্য,ন, মস্তক।

করণী, (কৃ+অনট্, ঈপ্) ষ্য, স্ত্রী, যে রাশির মূল সূক্ষ্মরূপে বহির করা যায় না। (Surde)

করণীয়, (কৃ+অনীয়—চ) ণ, ত্রি, কর্ত্তব্যকার্য্য, যাহা করা উচিত।

করণ্ড, (কৃ+অণ্ড) ষ্য, পুং, পেটরা, খুঙ্গী, ঝাঁপি, টুক্‌রি, চুপড়ী, ঝুড়ি, মৌচাক, খড়্গ, পক্ষীবিশেষ, কারণ্ডব পক্ষী। ণ্ডা—স্ত্রী, যকৃৎরোগ।

করণ্ডিক, (করণ্ড+ইক) ণ, ত্রি, যে সকল জীবের উদরে চর্ম্মময় করণ্ডবৎ থলি আছে। [করণ্ড বিশিষ্ট।

করণ্ডী, (করণ্ড+ইন্) ষ্য, পুং, মৎস্য,

করতল, (কর+তল, ৬-ষ) ষ্য, পুং—ন, হস্ততল, হাতের চেটো, হস্ত।

করতাল, (কর+তাল, ৬-ষ) ষ্য, ন, কাংস্য নির্ম্মিত এক প্রকার বাদ্যযন্ত্র, খত্তাল।

করতালী, ষ্য, স্ত্রী, করতলধ্বনি, হাততালি, করতাল।

করতোয়া, (কর+তোয়) ষ্য, স্ত্রী, স্বনাম প্রসিদ্ধ নদী, পৌরাণিকেরা কহেন যে হরপার্ব্বতীর বিবাহ কালে মহাদেবের হস্ত হইতে যে জল পতিত হয় তাহা হইতে এই নদী উৎপন্ন হইয়াছে।

করদ, (কর+দা+ড) ণ, ত্রি, যে অন্যকে কর বা রাজস্ব দেয়, করপ্রদ।

করদক্ষ, (কর+দক্ষ, ৩-য) ণ, ত্রি, নিপুণ, দক্ষ, বিদগ্ধ, চতুর।

করদীকৃত, (করদ+চ্বি+কৃ+ত) ণ, ত্রি, যাহাকে করদ করা গিয়াছে।

করপক্ষ, (কর+পক্ষ) বাদুড়, চামচিকা ইত্যাদি।

করপত্র, (কর+পত্র, ১-হ) ষ্য, ন, যাহা হস্তের পত্র সদৃশ, ক্রকচ, করাত, জলক্রীড়া।

করপত্রবান্, (করপত্র+বৎ—অস্ত্যর্থে) ষ্য, পুং, তালবৃক্ষ।

করপল্লব, (কর+পল্লব, ৬-ষ) ষ্য, পুং, অঙ্গুলি, করশাখা।

করপাল, করবাল, (কর+পাল, বাল) ষ্য, পুং, খড়্গ, তরবার।

করপালিকা, (করপাল+কণ্) ষ্য, স্ত্রী, ছোট গদাকার হস্তদণ্ড, সোঁটা, ছোরা, মুদ্গর, মুগুর।

করপীড়ন, (কর+পীড়ন, ৭-হ) ষ্য, ন, পাণিগ্রহ, বিবাহ।

করপুট, (কর+পুট, ৬-ষ) ষ্য, পুং, বদ্ধাঞ্জলি, যোড়হাত।

করভ, (কৃ+অভচ) ষ্য, পুং, মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করবহির্ভাগ, "মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিঃ" অমরকোষ। হস্তিশাবক, উষ্ট্রশাবক, উষ্ট্র, অশ্বতর, খচ্চর।

করভীর, ষ্য, পুং, সিংহ।

করভূষণ, (কর+ভূষণ, ৬-ষ) ষ্য, ন, কঙ্কণ, হস্তাভরণ।

করমচা, (করঞ্জ শব্দজ) করঞ্জ। [গাছ।

করমট্ট ষ্য, পুং, গুবাক বৃক্ষ, সুপারি

করমর্দ, (কর+মৃদ+অণ) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, করঞ্জ বৃক্ষ, হস্ত দ্বারা মর্দন।

করমালা, ষ্য, স্ত্রী, অঙ্গুলি সকলের পর্ব্ব শ্রেণী। [ণ, ত্রি, মিশ্রিত।

করম্ব, (কৃ+অম্বচ) ষ্য, পুং, মিশ্রণ।

করমুক্ত, ষ্য, ন, অস্ত্রবিশেষ, বড়শা।

করম্বিত, (করম্ব+ইত) ণ, ত্রি, মিশ্রিত, মিলিত, খচিত।

করম্ভ, করম্ভক, (ক+রভ+ঘঞ, কৃ—যোগে করম্ভক) ষ্য, পুং, দধিমিশ্রিত শক্তু। [নখর, নখ, অঙ্গুলি।

কররুহ, (কর+রুহ+ক, ৭-ষ) ষ্য, পুং,

করর্দ্ধি (ক+ঋদ্ধি) ষ্য, স্ত্রী, করতালি, হাততালি।

করবী, (কর+বী, ২-য) ষ্য, স্ত্রী, মুল-

বিশেষ, লম্বা উচ্ছে, স্বনামখ্যাত পুষ্পবিশেষ।
করবীর,(কর+বীর+অন্)বা,পুং, স্বনাম খ্যাত বৃক্ষ, এই বৃক্ষের মূল খাইলে ঘোড়া মরিয়া যায়, খড়্গ, তরবার, শ্মশান, দেশভেদ। ন, পুষ্পবিশেষ।
করবীরী, বা, স্ত্রী, অদিতি, উত্তম গাভী,প্রিয় গাই, পুত্রবতী,যে নারীর একটী মাত্র পুত্র সন্তান হইয়াছে।
করবীরক, (করবীর+ক) বা, পুং, অর্জ্জুন বৃক্ষ, করবীর মূল, খাঁড়া।
করলা, (কারবেল্ল শব্দজ) বা, তিক্ত ফলবিশেষ, লম্বা উচ্ছে।
করশাখা, (কর+শাখা, ৬-ষ) বা,স্ত্রী, অঙ্গুলি, আঙ্গুল।
করশীকর, (কর+শীকর, ৫-ষ) বা,পুং, হাতির শুঁড় হইতে বহির্গত জলকণা
করশূক, (কর+শূক) বা পুং, নখ।
করহাট,(কর+হট+ণিচ+অন) বা পুং, দেশবিশেষ, পদ্ম প্রভৃতির মূল, বৃক্ষবিশেষ, মদনবৃক্ষ। [গাছ।
করামর্দ, বা,পুং, করমর্দ্দবৃক্ষ, করমচা-
করাম্বুক, বা, পুং, বৃক্ষবিশেষ, পানি আমলা। [বক।
করারিকা, বা, স্ত্রী, বলাকা, ছোট
করারোট, (কর+আ+রুট+বঞ) বা, পুং, অঙ্গুরীয়।
করাল, (কর+অল+অন্) বা,পুং, এক প্রকার তৈল, গর্জ্জন তৈল। ন, তুলসী, ধুনা। ণ, ত্রি, মহৎ, ভীষণ, উচ্চ, দন্তুর।
করালা, বা, স্ত্রী, চণ্ডিকা, অনন্তমূল।
করালী, (করাল+ঈ) বা, স্ত্রী, অগ্নির সপ্ত জিহ্বার অন্তর্গত জিহ্বাবিশেষ।
করিকা, (কর+ইক, আ—স্ত্রীলিঙ্গে) বা,স্ত্রী,নখক্ষত [গজচূর্ণ,হাতির মস্তক।
করিকুম্ভ, (করিন্+কুম্ভ, ৬-ষ) বা,পুং,
করিকুসুম্ভ, বা, পুং, নাগকেশর বৃক্ষ।
করিজ, (করিন্+জন্+ড, ৫-ষ) বা, পুং, হস্তিশাবক, করভ।
করিণী, (কর+ইন্, ঈপ) বা, স্ত্রী, হস্তিনী।
করিবন্ধ, (করিন্+বন্ধ+অন্) বা, পুং, যে স্তম্ভে হাতী বাঁধা যায়,আলান।
করিমাচল, বা, পুং, সিংহ।
করিমুখ, (করিন্+মুখ, ৬-ষ) বা, পুং, গজানন, গণেশ। ন, হাতীর মুখ।
করির, করীর, (কৃ+ইর,ঈর) বা,পুং—ন, বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া। পুং, ঘট, বৃক্ষভেদ। বা, রী—স্ত্রী, হস্তি দন্তের মূল, হাতীর দাঁতের গোড়া।
করিষ্যমাণ, (কৃ+স্যমান) ণ, ত্রি, যাহা করা হইবে। [হস্তী।
করী, (কর+ইন্) বা, পুং, হাতী,
করীন্দ্র, (করিন্+ইন্দ্র) বা, পুং, হস্তিশ্রেষ্ঠ উৎকৃষ্ট হাতী।
করীম, (পারস্য) ণ, দাতা, উপকারী।
করীরা, করীরী, বা, স্ত্রী,চীরিকা কীট, ঝিঁঝিঁ পোকা, হস্তীর দন্তমূল।
করীষ, (কৃ+ঈষ) বা, পুং—ন, শুষ্ক গোময়, শুকন গোবর, ঘুঁটে।
করীষাগ্নি, (করীষ+অগ্নি) বা, পুং, ঘুঁটের আগুন। [ভাণ্ডার,দ্রব্যাগার।
করুই, (দেশজ) বা, ধান্যাদির গোলা,
করুণ,(কৃ+উন) বা,পুং, রসবিশেষ, করুণারস, আত্মীয় লোকের বা বন্ধু বান্ধবের বিয়োগ হইলে বা কোন প্রকার অনিষ্ট ঘটিলে যে রস উৎপন্ন হয়, এই রসে শোক স্থায়ি ভাব; বৃক্ষবিশেষ, করুণালেবুর গাছ, বৃক্ষবিশেষ। ণ, ত্রি,কাতর, দীন, শোকব্যাকুল,দয়ালু,পরদুঃখে কাতর।
করুণবিপ্রলম্ভ, বা, পুং, শৃঙ্গার রসবিশেষ।
করুণমল্লী, বা, স্ত্রী, নবমল্লিকা।
করুণা, বা,স্ত্রী, কৃপা, দয়া, অনুগ্রহ।
করুণাময়, (করুণা+ময়ট) ণ, ত্রি,

দয়াময়, যাঁহার অতিশয় দয়া আছে

করেটু, (ক+রেট+উ) ব্য, পুং,—স্ত্রী. এক প্রকার পক্ষী, কর্ক্করেটু পক্ষী।

করেণু, (ক+এণু) ব্য, পুং, হস্তী, —স্ত্রী, হস্তিনী। ণ, ত্রি, দীন, শোকার্ত্ত।

করেণুকা, (করেণু+ক, আ) ব্য, স্ত্রী, হস্তিনী।

করোটি, করোটী, (ক+রুট+অন, ই, ঈ) ব্য, স্ত্রী, মাথার খুলি, শিরোহস্থি।

কর্ক, (কৃ+ক) ব্য, পুং, শ্বেতবর্ণ অশ্ব, সাদাঘোটক, দর্পণ, জল, বহ্নি, কান্তি, কাঁকড়া, কর্কটরাশি, ঘট, ক্ষুদ্র কলস, বৃক্ষবিশেষ, কণ্টক। ণ, ত্রি, শুভ্রবর্ণ, উৎকট, শ্রেষ্ঠ।

কর্কট, কর্কটক, (কর্ক+অট; কর্কট+কণ-স্বার্থে) ব্য, পুং, কাঁকড়া, কর্কটরাশি, পক্ষিভেদ, কর্ক্করেটু পক্ষী। টি, টী, টিকা—স্ত্রী, ফলবিশেষ, কাঁকুড়, সর্পীবিশেষ, কলস।

কর্কটক্রান্তি, ব্য, স্ত্রী, নিরক্ষরেখা হইতে ২৩॥০ অংশ উত্তরে যে অক্ষরেখা আছে। (Tropic of Cancer)

কর্কটাহ্বা, ব্য, স্ত্রী, ঔষধিবিশেষ, কর্কটশৃঙ্গী, কাঁকড়া শৃঙ্গী।

কর্কটিনী, ব্য, স্ত্রী, দাক চরিলা।

কর্কন্ধু,—ন্ধূ, (কর্ক+ধা+উ, ঊ—সংজ্ঞার্থে) ব্য, পুং,—স্ত্রী, কুলগাছ, বদরীবৃক্ষ।

কর্কর, (কর্ক+রা+ড) ব্য, পুং, আদর্শ, দর্পণ, আর্শি, কাঁকর, মুটিং, মুদ্গর, খণ্ড। ণ, ত্রি, কঠিন, দৃঢ়, কর্কশ, কঠোর।

কর্করাক; ব্য, পুং, খঞ্জন পক্ষী।

কর্করাক, (কর্কর+অক্ষ,৬,ব্) ব্য, পুং, পক্ষীবিশেষ, খঞ্জন পক্ষী।

কর্করাণ্ডক, ব্য, পুং, অন্ধকূপ।

কর্করাল, ব্য, পুং—ন, অলক, চূর্ণকুন্তল।

কর্করী, ব্য, স্ত্রী, বক্র জলপাত্র, গাড়ু।

কর্করেট, (কর্ক+রেট+অচ্) ব্য, পুং, অর্দ্ধচন্দ্র, গলহস্ত, গলাটিপি।

কর্করেটু, (কর্ক+রেট্+উ) ব্য, পুং, করকটিয়া পাখী।

কর্কশ, (কর্ক+শ) ব্য, পুং, বৃক্ষবিশেষ, কম্পিল্লবৃক্ষ, ইক্ষু, খড়্গ, খরস্পর্শ। ণ, ত্রি, কঠিন, কঠোর, ক্রূর, নিষ্ঠুর, অত্যন্ত, পরুষ, প্রতিকট্, সাহসী, খরস্পর্শবিশিষ্ট।

কর্কসার, (কর্ক+সৃ+ণ) ব্য, ন, দধিমিশ্রিত শক্তু।

কর্কারু, (কর্ক+ঋ+উণ্) ব্য, পুং, কুষ্মাণ্ড, কুমড়া।

কর্চ্চূর, (কর্চ্চ+উর) ব্য, ন, হরিতাল।

কর্জ্জ, (দেশজ) ণ, দেনা, ধার।

কর্ণ, (কর্ণি+অ+ঘ) ব্য, পুং, শ্রবণেন্দ্রিয়, কুন্তীর ঔরসজাত কুমারী কানীন পুত্র, অঙ্গদেশের রাজা, হাইল, দাঁড়, রেখাবিশেষ, (Diagonal) যে সরলরেখা চতুর্ভুজের বিপরীত কোণ দ্বয় সংযুক্ত করে, ভুজকোটিতে সংলগ্ন দীর্ঘ ভুজ (Hypotenuse.)

কর্ণক, (কর্ণ+কৈ+ড) ণ,ত্রি, নিয়ন্তা, কর্ণধার।

কর্ণকীটী, (কর্ণ+কীটী) ব্য, স্ত্রী, কীটবিশেষ, কাণকোটারি, এই কীট কাণের মধ্যে প্রবেশ করে বলিয়া ইহার নাম কর্ণকীটী হইল।

কর্ণকুহর, (কর্ণ+কুহর, ৬-ব) ব্য, ন, কর্ণেরছিদ্র, শ্রবণেন্দ্রিয় গোলক।

কর্ণকূপকশ্বসেক, যে সকল জলচর কাণকুয়া দ্বারা জল মধ্যে নিশ্বাস গ্রহণ করে, জলজ শম্বুক।

কর্ণগূথ, (কর্ণ+গূথ, ৬-ব) ব্য, ন, কর্ণমল, কাণের খোল।

কর্ণগ্রাহ, (কর্ণ+গ্রাহ) ব্য, পুং, নাবিক, কর্ণধার।

কর্ণমোটা, (কর্ণ+মোট+অ)বা, স্ত্রী, কুমারীকন্যা। [কোটারী।
কর্ণমুক্ত, বা, পুং, কর্ণকীট, কান-
কর্ণমূল, (কর্ণ+মূল) বা, ন, কর্ণমূল।
কর্ণজিৎ, (কর্ণ+জি+ক্বিপ, ২-ব) বা, পুং, অর্জ্জুন, অর্জ্জুন কুরুপাণ্ডব যুদ্ধে কর্ণকে বধ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম কর্ণজিৎ হইয়াছে।
কর্ণদর্পণ, (কর্ণ+দর্পণ) বা, পুং, কর্ণের অলঙ্কার বিশেষ, কাণতড়কা।
কর্ণধার, (কর্ণ+ধৃ+ণ, ২-ব) বা, পুং, নাবিক, কাণ্ডারি, মাঝি।
কর্ণপরম্পরা, বা, স্ত্রী, এক কাণ হইতে অন্য কাণ।
কর্ণপালী, (কর্ণ+পালি+অন্, ঈ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, কর্ণালঙ্কার, কাণ বালা, কর্ণফুল প্রভৃতি।
কর্ণপুর, (কর্ণ+পুর+ণিচ+অন, ২-ব) বা, পুং, কর্ণভূষণ, নীলপদ্ম, শিরীষ বৃক্ষ, অশোকবৃক্ষ। [বিশেষ।
কর্ণপ্রতিনাহ, বা, পুং, কর্ণরোগ-
কর্ণফুল, (দেশজ) বা, কর্ণালঙ্কার বিশেষ।
কর্ণবেধ, (কর্ণ+বিধ+ঘঞ, ৬-ব) বা, পুং, সংস্কারবিশেষ, বিধিপূর্ব্বক কাণ বিধান, চূড়াকরণ।
কর্ণমল, (কর্ণ+মল, ৬-ব) বা, পুং, কর্ণের মলা, কাণের খইল। [কুণ্ডল।
কর্ণমুকুর, বা, পুং, কর্ণভূষণ বিশেষ,
কর্ণরন্ধ্র, (কর্ণ+রন্ধ্র, ৬-ব) বা, ন, কর্ণকুহর। [পাতা।
কর্ণলতিকা, বা, স্ত্রী, কর্ণাবয়ব, কর্ণের
কর্ণবেষ্টক, (কর্ণ+বেষ্ট+ণক, ২-ব) বা, পুং, কর্ণভূষণ, কুণ্ডল।
কর্ণবেষ্টন, (কর্ণ+বেষ্টন, ২-ব) বা, ন, কুণ্ডল। [কর্ণ বিবর, কর্ণকুহর।
কর্ণশষ্কুলী, (কর্ণ+শষ্কুল, ৬-ব) বা, স্ত্রী,
কর্ণাকর্ণি, (কর্ণ+আকর্ণি, ১-ব) বা, ন, কাণাকাণি, পরস্পর কুমন্ত্রণা, গোপনে বলাবলি।
কর্ণাকর্ণিকা, (কর্ণাকর্ণি+ক—যোগে) বা, স্ত্রী, কাণাকাণি করা, গোপনে কথা কহা।
কর্ণাট, (কর্ণ+অট+ঘঞ) বা, পুং, দেশবিশেষ, স্বনাম প্রসিদ্ধ দ্রাবিড়ের উত্তর পশ্চিম স্থিত দেশ।
কর্ণাটী, বা, স্ত্রী, কর্ণাট দেশীয় মহিলা, কাব্যের রীতিবিশেষ, রাগিণীবিশেষ, হংসপদী বৃক্ষ।
কর্ণানুজ, (কর্ণ=অগ্রজ+অনুজ= কনিষ্ঠ ৬-ব) বা, পুং, রাজা যুধিষ্ঠির।
কর্ণিকা, (কর্ণ+ণক, আপ্) বা, স্ত্রী, কর্ণাভরণ, পুষ্পমধ্যস্থল, হাতির শুঁড়ের অগ্রভাগ, পদ্মের বীজকোষ, হস্তের মধ্যম অঙ্গুলি, লেখনী, কুট্টিনী, অগ্নিমন্থ বৃক্ষ, অজশৃঙ্গীবৃক্ষ।
কর্ণিকাচল, (কর্ণিকা+অচল) বা, পুং, সুমেরু পর্ব্বত।
কর্ণিকার, (কর্ণিকা+কৃ+ণ) বা, পুং, বৃক্ষবিশেষ। ন, পুষ্পবিশেষ।
কর্ণীরথ, (কর্ণী+রথ, ৬-ব) বা, পুং, পাং—স্ত্রী, স্ত্রীলোকের গমনাগমনার্থ বস্ত্রাবৃত ছোট গাড়ি, ডুলি।
কর্ণীসুত, (কর্ণী+সুত, ৬-ব) বা, পুং, স্বনাম প্রসিদ্ধ কর্ণীগর্ভজাত মথুরার রাজা, কংস, তস্কর, চোর।
কর্ণেজপ, (কর্ণে+জপ+অন-ব) ণ, ত্রি, খল, গোয়েন্দা, যে প্রভু বা রাজপুরুষদিগের নিকটে অন্যের দোষ বা অপরাধ প্রকাশ করে, যে কুপরামর্শ দিয়া মনোভঙ্গ করিয়া দেয়, কুপরামর্শ দাতা।
কর্ণেন্দু, (কর্ণ+ইন্দু) বা, পুং, অর্দ্ধ-চন্দ্রাকৃতি কর্ণালঙ্কারবিশেষ।
কর্তন, (কৃৎ+অনট—ভাবে) বা, ন, ছেদন, কাটা, কাটনা কাটা।
কর্তনী, বা, স্ত্রী, যাহা দ্বারা কাটা যায়,

কাঁচি, কাটারি প্রভৃতি।

কর্ত্তরী, কর্ত্তরিকা, (কর্ত্ত [কৃৎ+অ]+র+ঙ, ঈ—স্ত্রীলিঙ্গে, ক—যোগে কর্ত্তরিকা) বা, স্ত্রী, কাটিবার অস্ত্রবিশেষ, কাঁচি, কাটারি।

কর্ত্তব্য, (কৃ+তব্য—ণ) ণ, ত্রি, করণীয়, করণোপযুক্ত, করা উচিত, উচিত, বিধেয়।

কর্ত্তা, (কৃ+তৃণ-ঘ) ণ, বি, কারকবিশেষ, যে করে, কর্ম্মকারক, বিধান কর্ত্তা, প্রণেতা, স্বামী, অধ্যক্ষ। স্ত্রী—কর্ত্রী, প্রধানা স্ত্রী, গৃহিণী। বা, পুং, বিধাতা, পরমেশ্বর।

কর্ত্তিকা, বা, স্ত্রী, মধ্যমাঙ্গুলি, তর্জ্জন্যগ্র। [কাটা হইয়াছে, ছেদিত।

কর্ত্তিত, (কৃৎ+ক্ত -ণ) ণ, ত্রি, যাহা

কর্ত্তুকাম, (কর্ত্তুম+কাম, ৬ হ) ণ ত্রি, চিকীর্ষু, করিবার নিমিত্ত ইচ্ছুক, করিতে অভিলাষী।

কর্ত্তৃকা, (কৃৎ+তৃণ+কণ্) বা, স্ত্রী, ক্ষুদ্র খড়্গ, ছোট খাঁড়া।

কর্ত্তৃত্ব, (কর্ত্তৃ+ত্ব—ভাবে) বা, ন, প্রভুত্ব, স্বামিত্ব, আধিপত্য, অধিকার।

কর্ত্তৃবাচ্য, (কর্ত্তৃ+বাচ্য) ণ, বি, বাচ্যত্রয়ান্তর্গত বাচ্যবিশেষ, এই বাচ্যে কর্ত্তার প্রথমা বিভক্তি হয়।

কর্দ্দ, (কর্দ্দ=লং সিত শব্দ করা+ঘঞ) বা, পুং, কর্দ্দম, কাদা।

কর্দ্দন, (কর্দ্দ+অনট—ভাবে) বা, ন, পেটের শব্দ, উদরের ডাক।

কর্দ্দম, (কর্দ্দ+অম—সংজ্ঞার্থে) বা, পুং পঙ্ক, কাদা, পাপ। ন, মাংস।

কর্দ্দমাটক, (কর্দ্দম+অট ণক- ড) বা, পুং বিষ্ঠাদি ফেলিবার স্থান, আঁস্তাকুড়।

কর্দ্দমিত, (কর্দ্দম+ইত) ণ, ত্রি, কর্দ্দমবিশিষ্ট, পঙ্কিল, পঙ্কযুক্ত।

কর্পট, (কৃপ+অট) বা, পুং, পুরাতন বস্ত্র, ছেঁড়া কাপড়, করবস্ত্র, রুমাল, ঘর্ম্মাদি মার্জনার্থ হস্তস্থিত বস্ত্রখণ্ড।

কর্পটিক, কর্পটী, (কর্পট+ইক, ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, কর্পটধারী, ছিন্নবস্ত্র পরিধানকারী, ভিক্ষুক।

কর্পর, (কৃপ+অর) বা, পুং, মাথার খুলি, খাপরা, কুম্ভের পৃষ্ঠাস্থি, কটাহ, অস্ত্রবিশেষ।

কর্পরাংশ, (কর্পর+অংশ) বা, পুং, কর্পরখণ্ড, খাপরা।

কর্পাস, (কৃ+পাস) বা, পুং—ন, কাপাস গাছ, কার্পাস তুলা। সী—স্ত্রী, কাপাস গাছ।

কর্পূর, (কৃপ+ঊর) বা, পুং—ন, শুভ্রবর্ণ স্বনাম প্রসিদ্ধ গন্ধদ্রব্যবিশেষ, "কর্পূরপূরপরিপূর্ণমুখী"

কর্পূরমণি, (কর্পূর+মণি) বা, পুং, এক প্রকার মহার্ঘ প্রস্তর।

কর্ব্বট, (কর্ব্ব=দর্প করা+অট) বা, পুং, ক্ষুদ্র নগর বা গ্রাম।

কর্ব্বর, (কৃ=বধকরা+ববচ) বা, পুং, ব্যাঘ্র, রাক্ষস।

কর্ব্বুর, কর্ব্বুর, (কর্ব্ব+উর উর) বা, পুং রাক্ষস পাপ, শটী, নদীনিষ্পাব ধান্য। ন, স্বর্ণ জল, ধুস্তুর বৃক্ষ, হরিতাল। ণ, ত্রি বি চিত্র বর্ণ।

কর্ব্বুরিত, (কর্ব্বুর+ইত) ণ, ত্রি, বিবিধ বর্ণে রঞ্জিত, শবলিত।

কর্ম্ম, (কৃ+মন) বা, ন, কার্য্য, ক্রিয়া, অদৃষ্ট, পাপ, পুণ্য, কারকবিশেষ, ক্রিয়ার বিষয়ীভূত।

কর্ম্মকর, কর্ম্মকার, (কর্ম্মন্+কর, কার, ২-য) ণ, ত্রি, যে বেতন গ্রহণ করিয়া কর্ম্ম করে, ভৃত্য, কারিকর, কার্য্যসম্পাদক। বা, পুং, কামার লৌহকার

কর্ম্মকাণ্ড, (কর্ম্মন্+কাণ্ড) বা, পুং, কর্ম্মসমূহ, ক্রিয়াকাণ্ডোক্ত বেদের কাণ্ড, বেদাংশবিশেষ।

কর্ম্মকীলক, বা, পুং, রজক, ধোপা।

কর্ম্মক্ষেত্র, ব্য, ন, ভারতবর্ষ।

কর্ম্মচারী, (কর্ম্মন্ + চর্—গমন করা + ণিন্—ক) ণ, ত্রি, যে ব্যক্তি বেতন গ্রহণ করিয়া অন্যের কার্য্য সম্পাদন করে, কার্য্য নির্ব্বাহক।

কর্ম্মজ, (কর্ম্মন্ + জ—উৎপন্ন) ণ, ত্রি, যাহা কর্ম্ম হইতে উৎপন্ন হয়, ক্রিয়াজন্য। ব্য, পুং, কলিযুগ।

কর্ম্মঠ, (কর্ম্মন্ + ঠ—তৎকুশলার্থে) ণ, ত্রি, কর্ম্মদক্ষ, কার্য্যকুশল, পারক, ক্ষমতাশালী।

কর্ম্মণ্য, (কর্ম্মন + য) ণ, ত্রি, কর্ম্মযোগ্য, কর্ম্মঠ, কার্য্যদক্ষ। ণ্যা —স্ত্রী, বেতন।

কর্ম্মধারয়, ব্য, পুং, সমাসবিশেষ, সমান বিভক্তিক বিশেষ্য বিশেষণপদঘটিত সমাস। [ন, সুখ ব দুঃখ।

কর্ম্মফল, (কর্ম্মন + ফল, ৬-ষ) ব্য, ন,

কর্ম্মভূমি (কর্ম্মন্ + ভূমি = পৃথিবী, ৬ ষ) ব্য, স্ত্রী, আর্য্যদিগের কর্ম্মশাস্ত্রের স্থান, হিমাচল ও বিন্ধ্য গিরির মধ্যবর্ত্তী দেশ, আর্য্যাবর্ত্ত, ভারতবর্ষ কর্ম্মভূমি।

কর্ম্মবিপাক, (কর্ম্মন্ + বিপাক পরিণাম) ব্য, পুং, কর্ম্মের ফলভোগ, সম্পাদিত শুভাশুভ কার্য্যের পরিণাম। [জাতীয় ক্রিয়াকরণ।

কর্ম্মব্যতিহার, ব্য, পুং, পরস্পর এক

কর্ম্মমূল, (কর্ম্মন্ + মূল = .গা.চ) ব্য, ন, মর্ত্ত, কুশ, শ্রাদ্ধাদি সমস্ত কার্য্যে ইহা ব্যবহৃত হয় বলিয়া ইহাকে কর্ম্মমূল বলে।

কর্ম্মযুগ, (কর্ম্মন্ + যুগ = সত্য, ত্রেতা, দ্বাপর কলি এই চারি কাল) ব্য, ন, কলিযুগ। [কামরাঙ্গা গাছ।

কর্ম্মরঙ্গ, ব্য, পুং, —ন, বৃক্ষবিশেষ,

কর্ম্মশীল, (কর্ম্মন্ + শীল = যুক্ত, ৩ ষ) ণ, ত্রি, যে যত্ন ও পরিশ্রম পূর্ব্বক কার্য্য সম্পন্ন করে, পরিশ্রমী।

কর্ম্মশূর, (কর্ম্মন্ + শূর = দক্ষ, ৭-ষ) ণ, ত্রি, কর্ম্মঠ, কার্য্যদক্ষ, কর্ম্মকুশল।

কর্ম্মসচিব, (কর্ম্মন্ + সচিব = মন্ত্রী) ব্য, পুং, যে কার্য্য সম্পাদন বিষয়ে সহায়তা করে, সহকারী।

কর্ম্মসাক্ষী, (কর্ম্মন + সাক্ষিন = প্রত্যক্ষদর্শী) ব্য, পুং, যিনি সমুদায় কর্ম্ম প্রত্যক্ষ দর্শন করেন, সূর্য্যাদি নব, "সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চচ, এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ।"

কর্ম্মস্থ, ব্য, পুং, কর্ম্মভূমি, কর্ম্মক্ষেত্র, কর্ম্মদেশ, কর্ম্মভূমি।

কর্ম্মার্হ, (কর্ম্ম + অর্হ = যোগ্য, ৪ ষ) ণ, ত্রি, কর্ম্মের উপযুক্ত। ব্য, পুং, পুরুষ।

কর্ম্মার, (কর্ম্ম + ঋ = গমনকরা + অ—সংজ্ঞার্থে) ব্য, পুং, কামার, কামরাঙ্গা গাছ, বাঁশবিশেষ, বেউড় বাঁশ। [ত্রি, অতিশয় কর্ম্মকুশল।

কর্ম্মিষ্ঠ, (কর্ম্মিন + ইষ্ঠ—অত্যর্থে) ণ,

কর্ম্মী, (কর্ম্মন্ + ণিন—অস্ত্যর্থে) ণ, ত্রি, কর্ম্মক্ষম, কার্য্যদক্ষ, কর্ম্মকারী।

কর্ম্মীর, ণ, ত্রি নানাবর্ণ, চিত্রিত।

কর্ম্মন্দী, (কর্ম্মন্দিন্) ব্য, পুং, ভিক্ষুক, সন্ন্যাসী।

কর্ম্মেন্দ্রিয়, (কর্ম্ম + ইন্দ্রিয়, ৬-ষ) ব্য, ন, বাক পাণি পাদ পায়ু উপস্থ এই পঞ্চ প্রকার বাহ্যেন্দ্রিয়।

কর্শিত, (কর্শি = কৃশকরান, ক্ষীণকরান + ত—ক্ত) ণ, ত্রি, কৃশীকৃত, ক্ষীণীকৃত।

কর্ষ, (কৃষ = ভূমিকর্ষণ করা, চষা + অ—ভাব) ব্য, পুং, ন, কর্ষণ, এক তোলা পরিমাণ, ষোড়শ মাষক, অশীতিরক্তিকা। পুং, বিভীতক বৃক্ষ।

কর্ষক, (কৃষ + ণক—ক) ণ, ত্রি, যে কর্ষণ করে, কৃষক, চাষা, যে আকর্ষণ করে, আকর্ষক, যে সকল পক্ষী

কলমদান,ব্য, দোয়াত ও কলম রাখিবার আধার।
কলম্ব,(কড়=ভক্ষণকরা ইত্যাদি+অম্ব) ব্য, পুং, কদম্ববৃক্ষ, শাকের ডাঁটা, বাণ স্ত্রী—স্ত্রী, কলমীশাক।
কলম্বিকা,(ক=মস্তক+লম্ব=হওয়া, বিশ্রাম করা+ণক) ব্য, স্ত্রী, কলমীশাক। [শাক।
কলম্বী,(কলম্ব+ঈ ব্য, স্ত্রী, কলমি
কলম্বুত, ব্য, ন, নবনীত
কলরব,(কল=মধুরাস্ফুট+রব=ধ্বনি, ৬ ষ) ব্য, পুং কপোত পারাবত, পায়রা, কোকিল, কলকলধ্বনি।
কলল,(কল শব্দনাবরণ অল) ব্য, পুং,—ন, জরায়ু, গর্ভাবরণ চর্ম্ম।
কললজ, ব্য, পুং, ধুনা।
কলবিঙ্ক,(কল=মধুরধ্বনি+বিনক গমন করা ইত্যাদি+অ, নিপাতন) ব্য, পুং, চটক, চড়াই পাখী, বৃক্ষ বিশেষ, ইন্দ্রযবরক্ষ, শ্বেতচামর, কলঙ্ক, চিহ্ন, দাগ।
কলশ, কলস, পুং, শি, সি, শী—স্ত্রী, (কল=জল+শশ=শিদ্রিত ওয়া, লস—আশ্রয় করা+অ, ই) ব্য, জলপাত্র, ঘড়া।
কলহ,(কল=অস্ফুরাবাশব্দ+হ—গমন করে, ২ ষ) ব্য, পুং,—ন, বিবাদ, যুদ্ধ, ঝকড়া, খড়্গকোষ।
কলহংস (কল=মনোহর শব্দ+হংস,) ব্য, পুং, মধুরবিশিষ্ট হংস,রাজহংস শ্রেষ্ঠরাজা, উত্তম রাজা, ব্রহ্ম, পরমাত্মা, ব্রাহ্মণ।
কলহান্তরিতা, (কলহ+অন্তরিতা=আচ্ছাদিতা, ৩-ষ) ব্য, স্ত্রী, যে নায়িকা নায়কের সহিত কলহ করিয়া পরে অনুতাপ করে,যে কুপিত হইয়া মানভরে নায়কের সহিত বাক্যালাপ করে না এবং পশ্চাৎ মানভঙ্গ অনুশোচনা করে।
কলা, (কল+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, চন্দ্রের ষোড়শভাগ, অল্প সময়, অংশ, কালের অংশ বিশেষ, অষ্টাদশ নিমিষে এককাষ্ঠা, ত্রিংশৎ কাষ্ঠায় এককলা। বিভূতি, নৌকা, কাপট্য, সামর্থ্য শৌর্য্যাদি গুণ, টাকার সুদ, কলন মরীচিপত্নী, সন্ধ্যা, গীত, বাদ্য, নৃত্য, নাট্য, আলেখ্য, পুষ্পাস্তরণ, দশনবসনাঙ্গরাগ, শেখরাপীড়যোজন, গন্ধযুক্তি, ভূষণযোজন, ঐন্দ্রজাল, কাব্যসমস্যাপূরণ, তক্ক কর্ম্ম, কেশমার্জ্জন, বোপণ, দেশভাষা জ্ঞান, বৃক্ষায়ুর্ব্বেদযোগ আকরজ্ঞান, মণিরাগ জ্ঞান ইত্যাদি ৬৪ বিদ্যা।
কলাই,(কলায় শব্দজ) ব্য, কড়াই শস্য বিশেষ, তাম্রাদি নির্ম্মিত পাত্র রং করণ।
কলাকুল, ব্য, ন,কালকূট, বিষ।
কলাকেলি, (কলা=কপট+কেলি=যে ক্রীড়া বা কৌতুক করে) ব্য, পুং, কামদেব, মদন।
কলাঙ্কুর, ব্য, পুং, সারসপক্ষী, কংস।
কলাচিকা, কলাচী, ব্য স্ত্রী, প্রকোষ্ঠ, চর্ম্ম।
কলাদ, (কলা=শিল্পবিদ্যা+দা=দান করা+ড)ব্য, পুং, স্বর্ণকার।
কলাধর, (কলা+ধর=যে ধারণ করে, ২-ষ) ব্য, পুং, চন্দ্র।[শঙ্কান।
কলান, (দেশজ) ব্য, যোগকরণ,
কলানিধি, (কলা+নিধি=আধার, ৬-ষ) ব্য, পুং, চন্দ্র।
কলাপ, (কলা+আপ=পাওয়া+অ) ব্য, পুং, ময়ূরপুচ্ছ, সমূহ, ভূষণ, তৃণ, চন্দ্র, মেখলা, কটিভূষণ, চন্দ্রহার, বিদগ্ধব্যক্তি, ব্যাকরণবিশেষ।
কলাপক, (কলাপ+ক—স্বার্থে) ব্য, পুং, কলাপ, হস্তীর গলদেশস্থ রজ্জু। ন, মিলিত চারি শ্লোক, সমূহ।

কলুনী (দেশজ) বা, কলুর ভার্য্যা, তৈলকারপত্নী। [ভাল।

কলুক. বা, পুং, বক্ষরা, ভেরী, কর-

কলুষ. (কল=গমনকরা ইত্যাদি + উষ) বা. পুং, মহর্ষি বা ন, পাপ ণ, ত্রি, পাপী, মলিন আবিল, ঘোলা, ক্রুদ্ধ, দুঃখিত. অসমর্থ, গর্হিত। [যুক্ত, মলিনী ভূ।

কলুষিত, (কলুষ+ইত) ণ,ত্রি, পাপ

কলেবর, (কলে=বীর্য্যেতে, শুক্রে +বর=শ্রেষ্ঠ, আবৃত বা,ন, শরীর. গাত্র, ইহা শুক্রেতে নির্ম্মিত অথবা শুক্রোৎপন্ন বস্তুর মধ্যে পবিত্র।

কল্ক, (কল্—গণনাকরা ইত্যাদি + ক) বা, পুং—ন. মৎস্যাদির আঁশ, খলি, পিষ্ট, কাট, মল. দম্ভ, অহঙ্কার, কর্ণমূল. প্রতারণা, পাপ, ঘৃত তৈলাদি পাকে দেয় ঔষধি দ্রব্য। "দ্রব্যমার্দ্রং শিলাপিষ্টং শুষ্কং বা জলমিশ্রিতং তদেব সূরিভিঃ পূর্ব্বৈঃ কল্ক ইত্যভিধীয়তে"। ণ, ত্রি, পাপিষ্ঠ।

কল্কন, (কল্ক+অনট—ভাব) বা, ন কাথ, পিষ্ট,অহঙ্কার, দম্ভ, কলহ, শঠতা।

কল্কফল, বা, পুং দাড়িম্ব বৃক্ষ।

কল্কলানী, (কল কল শব্দ) বা. জল প্রবাহের ধ্বনি, কল কল শব্দ।

কল্কা, (দেশজ) বা, মুকুট।

কল্কি, কল্কী, (কল=গমন করা+কি, কল্ক+ইন) বা, পুং, বিষ্ণুর দশম অবতার, কালযুগের শেষে ভাবী অবতার, "কল্কী বিষ্ণুযশা নাম দ্বিজঃ কালপ্রচোদিতঃ। উৎপৎস্যতে মহাবীর্য্যো নূনং মহাপরাক্রমঃ। সম্ভূতঃ সম্ভলগ্রামে ব্রাহ্মণাবসথে শুভে"। কল্কিপুরাণ।

কল্প, (কৃপ্—পারক হওয়া + অ ; ক= অজ) বা, পুং, বেদাঙ্গ বিশেষ, ব্রহ্মার দিবাভাগ, ৪,৩২০,০০০,০০০ বৎসর, প্রলয়,বিকল্প, সকল্প, বিধান, বিধি, স্যায়, বেদবিধি বিশেষ, অভিপ্রায়, বৃক্ষ। ত্রি, (কোন শব্দের পরে প্রয়োগ করিলে) তৎসদৃশ, তার তুল্য, প্রত্যয়বিশেষ, ঊন অর্থে এই প্রত্যয় হয়, যথা "বিদ্বৎকল্প" অর্থাৎ ঈষৎ ঊন বিদ্বান্।

কল্পক, (কৃপ্—ছেদন করা+ণক— সংজ্ঞার্থে) বা, পুং, নাপিত। ণ, ত্রি, ছেদনকারী, কল্পনাকারক।

কল্পতরু, কল্পবৃক্ষ, (কল্প—মানস. অভিপ্রায়+তরু,বৃক্ষ—পাদপ) বা,পুং, স্বর্গস্থায়ী বৃক্ষ, এই বৃক্ষের নিকট যা বাঞ্ছা করা যায় তাহাই পাওয়া যায়, অভীষ্ট ফলদাতা স্বর্গীয় বৃক্ষ। কল্পদ্রুমাদি শব্দেরও এই অর্থ, অতিশয় দাতা।

কল্পন, (কৢপ্+অনট—ভাব) বা, ন, কল্পনা—স্ত্রী. রচনা আরোপ, উদ্ভাবন, অবাস্তব বিষয়ে যথার্থ রূপে বর্ণনা, সম্ভাবনা, কল্পিত মানস, মনন, সঙ্কল্প. স্থিরকরণ সা পর্য্যায়।

কল্পনাশক্তি, বা,স্ত্রী, যে শক্তি প্রভাবে নব নব বিষয় উদ্ভাবিত করেন।

কল্পান্ত, (কল্প=ব্রহ্মার দিন শেষ, ৬-ষ) বা, পুং, যুগান্ত, কাল।

কল্পিত, (কল্প+ক্ত, ট) বা, পুং যুদ্ধার্থ সজ্জিত হস্তী। ণ,ত্রি, নির্মিত, অবধারিত, আরোপিত, দত্ত, সম্পাদিত, উদ্ভাবিত। [জ্ঞান।

কল্পিতধর্ম্ম, বা, পুং, অনীশ্বরে ঈশ্বর

কল্মষ, (কর্ম্ম+সো—নাশকরা + অ— নিপাতন) বা, ন, পাপ, নরকবিশেষ। ণ, ত্রি, মলিন, পাপিষ্ঠ।

কল্মাষ, (কল্, [কল্—গমনকরা ইত্যাদি+কিপ্]=গমন+মষ=হানি করা+অ) বা, পুং, যে অন্য বর্ণকে

নষ্ট করে, কৃষ্ণবর্ণ, বিচিত্রবর্ণ, শ্বেত-কৃষ্ণ মিশ্রিত বর্ণ, রাক্ষস, স্বনাম প্রসিদ্ধ দানব। ণ, ত্রি, বিচিত্রবর্ণে রঞ্জিত।

কব্বাবকণ্ঠ, (কব্বাব=কৃষ্ণবর্ণ বিশিষ্ট +কণ্ঠ, ৬.হ) বা, পুং, নীলকণ্ঠ, মহেশ্বর।

কব্বাবপাদ, বা, পুং, রাজা সোদাস।

কল্য, (কল=গণনা করা ইত্যাদি+য) বা, ন, গতদিন, আগামীদিন, প্রাতঃকাল, লঘ, মধু। ণ, ত্রি, দক্ষ, অত্যুৎকৃষ্ট, মঙ্গলকর, সজ্জিত, সুস্থ, বধির, কালা এবং বোবা। লঘ—মদ্য, কল্যাণ বচন, শুভবাক্য, ... তকী।

কল্যজধি, (কল্য=প্রাতঃকাল ... ভোজন) বা, স্ত্রী, প্রাতঃ... প্রাত-র্ভোজন, কল্যবর্ত্ত।

কল্যত্ব, (কল্য=সুস্থ+ত্ব—ভাবে) বা ন, আরোগ্য, স্ব...

কল্যপাল, (ক...ল্য+পাল=যে ... পুং, শৌণ্ডিক, পোষণ করে ... কালীন ভোজন। শুঁড়ি।

কল্যবর্ত্ত, ... পুং, প্রাতরাশ, প্রাতঃ-

কল্যাণ, (কল্য=সুস্থ+অণ=হওয়া +অ) বা, ন, মঙ্গল, সুখ, শ... ত্রি, সুখী, সাধু, শুভান্বিত। ... স্ত্রী, মঙ্গলমূর্ত্তি গাভী।

...লবীজ, বা, ন, মসূর।

...ল, (কল=অব্যক্ত শব্দকরা+অ) ণ, ত্রি, কালা, বধির, যে শুনিতে পায় না।

কল্লা, (দেশজ) ণ, দুষ্ট, শঠ, অবাধ্য।

কল্লোল, (কল্ল+ওল) বা, পুং, মহা-তরঙ্গ, আনন্দ। ণ, ত্রি, শত্রু।

কবচ, (কু=শব্দকরা+অচ) বা, পুং —ন, সন্নাহ, বর্ম, সাঁজোয়া। পুং, বাদ্য যন্ত্রবিশেষ, নাগরা বাদ্য, তন্ত্র শাস্ত্রোক্ত মন্ত্রবিশেষ, এই মন্ত্র শরীরে ধারণ করিলে শারীরিক কোন প্রকার বিঘ্ন বা অনিষ্ট ঘটেনা বলিয়া অনেকেই ইহা ভূর্জ্জপত্রে লিখিয়া গলদেশে বা কটিদেশে ধারণ করেন। [পত্র, ভূর্জ্জপত্র।

কবচ-পত্র, ক, ন, কবচ লিখিবার

করয়ী, বা, স্ত্রী, মৎস্যবিশেষ, কইমাছ।

কবরু, (ক=মস্তক+বৃ=আচ্ছাদনকরা +অ) বা, পুং—ন, রী—স্ত্রী, কেশ বিন্যাস। ন, অম্ল, লবণ। ণ, ত্রি, কর্ব্বুর বর্ণে রঞ্জিত, সম্পৃক্ত, খচিত।

কবল, (ক+বল=বলবান হওয়া+অ) বা, পুং, যাহার দ্বারা শরীর বলিষ্ঠ হয়, গ্রাস, মৎস্যবিশেষ, বেলেমাছ।

কবলিত, (কবলি=গ্রাস করা+ক্ত—চ) ণ, ত্রি, গ্রস্ত, ব্যাপ্ত, ভক্ষিত, কৃতগ্রাস।

কবি, (কব=স্তুতিকরা ইত্যাদি+ই) বা, পুং, কাব্যকর্ত্তা, যাহার কবিতা রচনা শক্তি আছে, বাল্মীকি, সূর্য্য, শুক্রাচার্য্য, ব্রহ্মা, পণ্ডিত। বি, বী—স্ত্রী, লাগাম। [লাগাম, কইমাছ।

কবিক, (কবি+ক) বা, ন, কা—স্ত্রী,

কবিতা, (কবি+তা—ভাবে) বা, স্ত্রী, কবিত্ব, কবিকৃতি, শ্লোক।

কবোষ্ণ, (কু=ঈষৎ+উষ্ণ, কর্ম্মধা, কু=কব) ণ, ত্রি, ঈষদুষ্ণ।

কব্য, (কু=শব্দকরা ইত্যাদি+য) বা, ন, মৃত ব্যক্তির উদ্দেশে দেয় আহারীয় দ্রব্য।

কশা, বা, সং, (কশ=বধকরা+অ, আ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, চাবুক, লাগাম।

কশিপু, কসিপু, (কশ=বধকরা+পু) বা, পুং, অন্নবস্ত্র, গ্রাসাচ্ছাদন, শয্যা।

কশেরু, (ক+শৃ=হিংসাকরা+উ—রু=এরু) বা, পুং, ন, জম্বু দ্বীপের নববিভাগান্তর্গত অংশবিশেষ, পৃষ্ঠের অস্থি, মেরুদণ্ড। স্ত্রী, তৃণমূলবিশেষ, কেশুর।

কশেরুক, (কশেরু+ক—যোগ) ণ, ত্রি,যে সকল জীবের মেরুদণ্ড আছে। বা, পুং,—ন, কশেরু।

কশেরুকা,কষেরুকা(কশেরু+ক+আপ্) বা, স্ত্রী, মেরুদণ্ড।

কশ্চন,কশ্চিৎ (কঃ+চন,চিৎ—অসাকল্যার্থে) সর্ব্ব. কোন লোক, কোন ব্যক্তি, কেহ।

কশ্মল,কশ্মল,(কশ্=গমনকরা+মল,) বা, ন, দুরাচার, পাপ, মূর্চ্ছা। ণ,ত্রি, দুষ্ট, পাপী, মলিন,কুৎসিত,নিন্দিত।

কশ্মীর, (কশ=গমনকরা+ঈর, ম্ আগম) বা, পুং, স্বনামখ্যাত দেশ কাশ্মীর দেশ।

কশ্মীরজ, কশ্মীরজন্মা, (কশ্মীর=কশ্মীর দেশ+জ=উৎপন্ন, ৭ ব, জন্মন্= উৎপত্তি, ৬-ত) বা, পুং, কুঙ্কুম।

কীকট, (কক্=গমনকরা+অট; নিপাতন) ষ্য, পুং, অশ্ব, দেশবিশেষ, বেহার। পুং, বহু, বেহারি দেশস্থ লোক, ত্রি, কৃপণ, দরিদ্র।

কীকশ; ষ্য, পুং, চণ্ডাল।

কীকস, (কিম্+কস্—গমনকরা+অ) বা, ন. অস্থি। পুং, কীটবিশেষ। ণ, ত্রি, কর্কশ, কঠিন।

কীকসাস্য, (কীকস=অস্থি+আস্য=মুখ; ৬ ষ) ব্য,পুং,যাহার মুখের গঠন অর্থাৎ চঞ্চু অস্থিময় ও কঠিন,পক্ষী।

কীকি, (কী—অনুকরণ শব্দ+কি [কৈ—শব্দ করা+ই]—যে শব্দ করে) বা, পুং, যে 'কী' এই শব্দ করে, চাষপক্ষী, নীলকণ্ঠ পাখী।

কীচক, (চীক্=শব্দকরা, স্পর্শকরা+অক, চীক্=কীচ) ব্য, পুং, বায়ু সংযোগে শব্দকারক বাঁশ, "স কীচকৈর্মারুতপূর্ণরন্ধ্রৈঃ" রঘুবংশ। বিরাট রাজার শ্যালক, দৈত্যবিশেষ, নল, খাগড়া।

কীট, (কীট্—বন্ধনকরা, রংকরা+অ) বা, পুং, কৃমি, পোকা। ণ, ত্রি, কঠিন।

কীটক, ব্য, পুং, ভাট জাতি।

কীটঘ্ন, (কীট=কৃমি, পোকা+ঘ্ন=যে নাশ করে) বা, পুং, গন্ধক। ণ, ত্রি, কীটনাশক।

কীটজ, (কীট=কৃমি, পোকা+জ=জাত) ণ, ত্রি, রেশমী। জা—স্ত্রী, লাক্ষা, লা।

কীটমণি, (কীট+মণি—রত্ন) ব্য পুং, খদ্যোত, জোনাকি পোকা।

কীটাণু, (কীট+অণু) বা পুং, চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট।

কীটাদ, (কীট+আদ—যে খায়) ব্য, পুং, যাহারা কীট ভক্ষণ করিয়া জীবন ধারণ করে, ছুছুন্দরী প্রভৃতি। Insectivora.

কীদৃক্,কীদৃশ,(কিম+দৃশ—দেখা+ক্বিপ, অ-চ.৬.ষ) ণ,ত্রি,কি প্রকার কেমন।

কীনাশ, (কিম—কুৎসিত+নশ—ধ্বংস করা+অ) বা. পুং, যম, বানরবিশেষ, কৃষিকর্মকারী, কৃষক। ণ, ত্রি, ক্ষুদ্র, নীচ, লোভী, পশুঘাতক, গুপ্ত হত্যাকারী।

কীর, (কী—শব্দবিশেষ+ঈর—প্রেরণ করা+অ) বা, পুং, যে 'কী' এই শব্দ করে, শুকপক্ষী, দেশবিশেষ। ন. মাংস। [বৃক্ষ।

কীরেষ্ট, ব্য, পুং, আম্রবৃক্ষ, আখোট

কীর্ণ,(কৃ বিক্ষেপকরা+ক্ত—চ) ণ, ত্রি, বিক্ষিপ্ত হিংসিত, নিরস্ত,ব্যাপ্ত, আচ্ছন্ন, "শষ্পৈরর্দ্ধাবলীঢৈঃ শ্রমবিবৃত মুখভ্রংশিভিঃ কীর্ণবর্ত্মা" শকুন্তলা।

কীর্ত্তক, (কৃৎ—প্রশংসা করা+ণক) ণ, ত্রি, যে কীর্ত্তন করে, যে বর্ণনা করে

কীর্ত্তন, (কৃৎ—প্রশংসাকরা+অন—ভাব) ব্য, ন, বর্ণন, কথন, গুণকথন যশোগান। "তদযদি সন্তান-কীর্ত্তনং করিষ্যামঃ স ভূয়োঽপ্যস্মং কোপং করিষ্যতি।"

কীর্ত্তনীয়, (কৃৎ+অনীয়—চ)ণ, ত্রি, বর্ণনীয়, কথনীয়, গণনীয়।

কীর্ত্তি, (কৃৎ+ক্তি—ভাব) বা, স্ত্রী, যশঃ, সুখ্যাতি। দানধর্ম্মাদি জনিত খ্যাতি, কেহ কেহ জীবিত ব্যক্তির সুখ্যাতিকে যশঃ এবং মৃত ব্যক্তির সুখ্যাতিকে কীর্ত্তি বলিয়া থাকেন।

কীর্ত্তিত,(কৃৎ+ক্ত—চ) ণ, ত্রি, কথিত, খ্যাত উক্ত বর্ণিত, প্রশংসিত

কীর্ত্তিভাক্, (কীর্ত্তিভাজ, কীর্ত্তি—যশঃ +ভজ=সেবাকরা,ভজনাকরা+ক্বিপ) ব,পুং, দ্রোণাচার্য্য। ণ, ত্রি, যশস্বী "বাক্তাভাক্ স ভবেৎ এক্ষণ্ পুণ্যভাক্, কীর্ত্তিভাক্ তথা" মহাভারত

কীর্ত্তিমান্, (কীর্ত্তি—যশঃ+মৎ—অস্ত্যর্থে) ব্য পুং, বসুদেবের জ্যেষ্ঠ পুত্র। ণ, ত্রি, কীর্ত্তিবিশিষ্ট।

কীর্ত্তিশেষ. (কীর্ত্তি+শেষ, ৬-ষ) বা, পুং, মরণ, মৃত্যু। ণ, ত্রি, মৃত।

কীর্ত্তিস্তম্ভ, ব্য,পুং,যুদ্ধাদি ঘটনা বি

দেবের স্মরণার্থ অথবা ব্যক্তিবিশেষের নাম ও কীর্ত্তি রক্ষার্থ নির্ম্মিত স্তম্ভাদি। Monument

কীর্ণী, ব্য, স্ত্রী, খড়োখব, ।

কীর্য্যমাণ (কৄ=বিক্ষেপকরা+শান—চ, ভাব। য,ম—আগম) ণ, ত্রি, যাহা ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে।

কীল, (কীল=বন্ধনকরা+অ) ব্য,পুং, যে বন্ধন করে অর্থাৎ যাইতে দেয় না; শল্য, হুড়কো, খিল, শঙ্কু, গোঁজ, খোঁটা, কফুই, মুষ্ট্যাঘাত। পুং, না—স্ত্রী, অগ্নিশিখা।

কীলক, (কীল+ক—স্বার্থে) ব্য,পুং, খোঁটা, গোঁজ, খিল, গোদোহনার্থ বন্ধনস্তম্ভ।

কীলসংস্পর্শ, ব্য, পুং, গাবগাছ।

কীলাল, (কীল=অগ্নিশিখা+অল=নিবারণকরা+অ) ব্য,ন,জল,রক্ত অমৃত,মধু। পুং,পশু।"সদ্যঃ কৃত্তকণ্ঠারকণ্ঠবিগলৎকীলালধারোজ্জ্বলৈঃ।"

কীলালধি, (কীলাল=জল+ধি=যে ধারণ করে) ব্য,পুং, জলধি, সমুদ্র।

কীলালপ, (কীলাল=রক্ত+প=যে পান করে) ব্য, পুং, জোঁক, অস্রপ, রাক্ষস। [বদ্ধ,রুদ্ধ,বাঁধা। ন, বন্ধন।

কীলিত, (কীল+ক্ত—চ) ণ, ত্রি,

কীশ,(কি [ক=বায়ু+ই—অপত্যার্থে] =হনুমান্+ঈশ=স্বামী; ৬,ত) ব্য, পুং, যাহাদের হনুমান্ অধিপতি, বানর,"কপীনকারয়ৎ সেতুং কীশৈর্ব্বাণজীহরৎ" বোপদেব, সূর্য্য, পক্ষী। ণ,ত্রি,নগ্ন,বিবস্ত্র,উলঙ্গ,নেঙটা।

কীশপর্ণ, (কীশ=বানর+পর্ণ=পত্র, ৬,ত) ব্য, পুং, র্ণী—স্ত্রী, অপামার্গবৃক্ষ, আপাংগাছ, এই বৃক্ষের পত্র বানরের লোমের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র লোমে আবৃত বলিয়া ইহার নাম কীশপর্ণ হইল।

কু, (কু=শব্দকরা+ক্বিপ) ব্য, স্ত্রী, পৃথিবী। অ, ব্য, ণ, পাপ, কুৎসা, অমঙ্গল, অল্প, কদাকার, নিন্দা, কি অর্থ, অল্প, বারণ।

কুয়া, কোয়া, (দেশজ) ব্য, পাতকোয়া, ইঁদারা। [বটিকা,কুজ্ঝটিকা।

কুয়াশা, কোয়াশা, (দেশজ) ব্য, কুজ্

কুঁকড়ন, (দেশজ) ব্য, সঙ্কোচন, জড়সড় হওন, কুঞ্চিত হওন।

কুঁচ, (কুঞ্চিকাশব্দজ) ব্য, গুঞ্জাপরিমাণ, গুঞ্জা।

কুঁচি, কুঁচা, কুচি, (দেশজ) ব্য, ক্ষুদ্র কাষ্ঠ খণ্ড, মার্জ্জনী, ঝাঁটাবিশেষ।

কুঁচকি, কুচকি, (দেশজ) ব্য, উরু সন্ধিস্থান।

কুঁজ, (কুব্জ শব্দজ) ব্য, বক্রপৃষ্ঠ। ণ, যাহার পৃষ্ঠ বক্র, কুব্জ।—জা, জলপাত্রবিশেষ।

কুঁজি, (কুঞ্চিকাশব্দজ) ব্য, চাবি।

কুঁড়, কুঁড়া, (কণ্ডনশব্দজ) ব্য, তুষকণা, তুষের ক্ষুদ্রাংশ।

কুঁড়ি, ড়ী, (দেশজ) ব্য, কোরক, কলিকা, মুকুল, কুণ্ড, পাত্রবিশেষ।

কুঁড়িয়া, কুঁড়ে, (কুটীর শব্দজ) ব্য, তৃণাচ্ছাদিত আবাসস্থান, পত্রাদি নির্ম্মিত গৃহ। (দেশজ) ণ, অলস।

কুঁদ, (কুন্দশব্দজ) ব্য, সূত্রধরের অস্ত্র বিশেষ, পুষ্পবিশেষ।

কুঁদন, (কুর্দ্দনশব্দজ) ব্য, লম্ফন, লাফান, কুঁদযন্ত্রে কাষ্ঠচ্ছেদন।

কুঁদো, (স্কন্ধশব্দজ) ব্য, গুঁড়ি, কাষ্ঠের স্থূল বৃহৎ খণ্ড। [অবিচ্ছিন্ন শব্দ।

কুক্, (দেশজ) ব্য, অব্যক্ত শব্দ, উচ্চ

কুকভ, ব্য, ন, মদ্য।

কুকর, (কু=কুৎসিত+কর=হস্ত, ৬,ব) ণ, ত্রি, বিকৃত হস্ত, নুলো, নুলা।

কুকীল, (কু=পৃথিবী+কীল=শঙ্কু,গোঁজ ৬-ব) ব্য, পুং, পর্ব্বত। [মুরগী।

কুকুড়া, (কুক্কুট শব্দজ) ব্য, তাম্রচূড়,

কুকুদ, ণ, ত্রি, অলঙ্কৃতা কন্যা দাতা

কর্ত্তা। পুং, কক্কুন।

কুকুন্দর, (কু=নিতম্ব ভূমি+স্কন্দ=গমনকরা, ব্যাপা+অর—সংজ্ঞার্থে) ষ্য, ন, দ্বিং, যে নিতম্ব ভূমি ব্যাপে, নিতম্বের উপরিস্থ কূপকদ্বয়।

কুকুভা, ষ্য, স্ত্রী, রাগিণীবিশেষ।

কুকুর, কুক্কুর, (কুক্=লওয়া+উর) ষ্য.পুং. যদুবংশীয় ক্ষত্রিয় বিং। বহুং, দশার্হদেশস্থ অধিবাসী, গ্রাম্যমৃগ, কুত্তা। (কুকুরশব্দটি কুক্কুর শব্দজ)

কুকূল, (কু=পৃথিবী+ কূল=তট ইত্যাদি) ষ্য, ন, শঙ্কুদ্বারা কীর্ণ গর্ত্ত, বর্ম্ম। পুং,তুষানল,'কুকূলানাং রাশৌ তদনু হৃদয়ং পচ্যত ইব.' উত্তর চরিত

কুক্কুট, (কু=ভূমি+কুট=ছেদনকরা, আঁচড়া+অ, ক—আগম) ষ্য, পুং, যে ভূমি আঁচড়ায়, কুক্‌ড়া, "বৃক্ষং চ প্রাতরুত্থানং ভোজনং সহবন্ধুভিঃ। স্ত্রিয়মাপদ্‌গতাং রক্ষেচ্চতুঃ শিক্ষেত কুক্কুটাৎ"। টী—স্ত্রী,তৃণোল্কা,স্ফুলিঙ্গ। অনৃতাচরণ। টিক্‌টিকী।

কুক্কুটক, (কুক্কুট+ক—যোগ)ষ্য, পুং, কুক্কুট, শূদ্রের ঔরসে নিষাদীর গর্ভজাত সঙ্কর জাতিবিশেষ।

কুক্কুটব্রত, (কুক্কুট=কুক্‌ড়া+ব্রত=উপাসনা) ষ্য, ন, যে ব্রত করিলে কুক্কুটীর ন্যায় অনেক সন্তান জন্মে, সন্তানার্থ স্ত্রীলোকের কর্ত্তব্য ব্রত, ললিতাসপ্তমী ব্রত।

কুক্কুভ, (কুক্=অনুকরণ শব্দ+কু=শব্দ করা+ভ) ষ্য, পুং, বন্যকুক্কুট।

কুক্কুর, কুর্কুর, (কুক্=গ্রহণকরা+কুর

সংজ্ঞার্থে,—কুর=কুরশব্দকরা+অ) ষ্য, পুং, গ্রাম্যমৃগ, কুকুর, কুত্তা, রী,—স্ত্রী, কুক্কুরী, গ্রন্থিপর্ণী বৃক্ষ, গাঁটিয়ামগাছ।

কুক্রিয়, (কু=কুৎসিত+ক্রিয়া=কার্য্য, ৬.হ) ণ, ত্রি, মন্দকর্ম্মকারক, যে সর্ব্বদা দুষ্কার্য্যে রত।

কুক্ষি, (কুষ=নির্গতহওয়া+সি) ষ্য, পুং, গর্ভ, উদরগহ্বর, কোঁক, অভ্যন্তর স্থান, গুহা।

কুক্ষিগত, (কুক্ষি=উদর+গত, ২-ষ) ণ, ত্রি, উদরপ্রবিষ্ট, উদরমধ্যগত।

কুক্ষিজ, (কুক্ষি+জ=যে জন্মে, ৭-ষ) ষ্য, পুং, জা—স্ত্রী, গর্ভজাত সন্তান।

কুক্ষিম্ভরি, (কুক্ষি=উদর+ভরি [ভৃ+খি]=যে ভরে) ণ, ত্রি, পেটুক।

কুঙ্কুম, (কুন্‌ক্=লওয়া+উম) ষ্য, পুং, কাশ্মীরদেশজ গন্ধদ্রব্যবিশেষ। ন, কাশ্মীরদেশজ এক প্রকার পুষ্প, কুসুম ফুল,কাশ্মীর দেশে সর্ব্বোৎকৃষ্ট কুঙ্কুম জন্মায়, এই কুঙ্কুম ঈষৎ রক্তবর্ণ, ও সূক্ষ্ম কেশর বিশিষ্ট এবং ইহার গন্ধ পদ্মফুলের ন্যায়। বাহ্লীক দেশজাত কুঙ্কুম মধ্যম, ইহার বর্ণ পাণ্ডুর, কেশর সূক্ষ্ম, এবং গন্ধ কেতকী ফুলের ন্যায়; পারস্য দেশোদ্ভব কুঙ্কুম সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট, ইহা দেখিতে ঈষৎ পাণ্ডুবর্ণ, স্থূল কেশর বিশিষ্ট এবং উহার গন্ধ মধুর ন্যায়।

কুঙ্গনী, ষ্য, স্ত্রী,মহাজ্যোতিষ্মতীলতা।

কুচ, কূচ, (কুচ+সংকুচিতহওয়া+অ) ষ্য, পুং, যুবতীর স্তন,পয়োধর।

কুচকলিকা, (কুচ+কলিকা=কোরক, ৬-ষ) ষ্য, স্ত্রী, নবীন স্তন।

কুচক্র, ষ্য, পুং, চক্রান্ত, কুমন্ত্রণা।

কুচক্রী, (কুচক্র+ণিন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে কুমন্ত্রণায় লিপ্ত থাকে, চক্রান্তকারী, ষড়যন্ত্রকারী।

কুচণ্ডিকা, ষ্য, স্ত্রী, মূর্চ্ছালতা।

কুচন, (দেশজ) ষ্য, খণ্ড খণ্ড করণ,

কোচন। (কুঞ্চনশব্দজ) কুঁকড়ন।
কুচন্দন, (কু=কুৎসিত, নিকৃষ্ট+চন্দন) ব্য, ন, রক্তচন্দন, কুঙ্কুম।
কুচন্দল, ব্য, ন, দাড়িম্ব।
কুচর, (কু=নিন্দনীয়+চর=যে গমন করে) ণ, ত্রি, পরনিন্দাকারী, যে সর্ব্বদা অন্যের অপবাদ করিয়া বেড়ায়।
কুচর্য্যা, (কু=কুৎসিত+চর্য্যা=আচরণ) ব্য, স্ত্রী, গর্হিত আচরণ, কুরীতি।
কুচাঙ্গেরী, ব্য, স্ত্রী, চুক্রিকা শাক, চুকাপালম।
কুচাল, (কু=মন্দ+চাল=আচরণ) ব্য, মন্দ আচরণ, অযন্ত রীতি। [কুঁচে।
কুচিক, ব্য, পুং,—স্ত্রী, মৎস্যবিশেষ,
কুচেল, (কু=কুৎসিত+চেল=পরিচ্ছদ, ৬-হ) ণ, ত্রি, যাহার পরিধানবস্ত্র অতিশয় অযন্ত।
কুচেলী, ব্য, স্ত্রী, অম্বষ্ঠা, আকনাদি।
কুচ্ছ, ব্য, ন, কুমুদ। [বাদ, দুর্নাম।
কুচ্ছা, (কুৎসাশব্দজ) ব্য, নিন্দা, অপ-
কুজ, (কু=পৃথিবী+জ=যে জন্মে, ৫-ব) ব্য, পুং, মঙ্গলগ্রহ, স্বনামখ্যাত অসুর, নরকাসুর। জা—স্ত্রী, কাত্যায়নী দেবী, সীতা। (কুব্জশব্দজ) ণ, বক্র। ব্য, জলাধার বিশেষ।
কুজম্ভল, কুজম্ভিল, (কু=পৃথিবী+জম্ভ=নষ্ট করা+অল, ইল) ব্য, পুং, সিঁধেল চোর।
কুজ্ঝটি, টী, টিকা, (কু=জল+উৎ=ঊর্দ্ধ+ঝট্=মিলিত হওয়া+ই—সংজ্ঞার্থে, ক—স্বার্থে,) ব্য, স্ত্রী, যে জল বাষ্পরূপে উত্থিত হইয়া ঊর্দ্ধে মিলিত হয়, কুয়াসা।
কুঞ্চন, (কুঞ্চ=বক্রগমনকরা, সঙ্কুচিত হওয়া+অনট—ভাব) ব্য, ন, সঙ্কোচ করিয়া আনা, বক্রকরণ, অনাদর, একপ্রকার চক্ষুরোগ।
কুঞ্চি, (কুঞ্চ=সংকুচিতহওয়া+ই) ব্য, স্ত্রী, অষ্টমুষ্টি পরিমাণ, আটমুটা, খুঁচি, "অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্ট চপুষ্কলম্"।
কুঞ্চিকা, (কুঞ্চ=বক্রগমনকরা+অক) ব্য, স্ত্রী, গুঞ্জা, কুঁচ, "কুঞ্চিকয়ৈনং ভারয়তি" বোপদেব কঞ্চী, কঁচেমাছ, চাবি।
কুঞ্চিত, (কুঞ্চ+ক্ত—ঘ) ণ, ত্রি, বক্রীকৃত, নম্রীকৃত, কোঁকড়ান, সঙ্কুচিত, অনাদৃত।
কুঞ্জ, (কু=পৃথিবী+জ=যে জন্মে, অথবা কুজ=অব্যক্ত শব্দকরা+অ) ব্য, পুং,—ন, লতাগৃহ, উপবনে লতাদি দ্বারা নির্ম্মিত বিহারভবন, হস্তিশুণ্ড, হস্তিহনু, হস্তিদন্ত। [কুঞ্জবন।
কুঞ্জকুটীর, ব্য, পুং, ক্রীড়া কন্দর,
কুঞ্জর, (কুঞ্জ=হস্তিশুণ্ড+র—অস্ত্যর্থে) ব্য, পুং, রা, রী—স্ত্রী, হস্তী, হস্তিনী। (কোন শব্দের পরে প্রয়োগ করিলে শ্রেষ্ঠ, কেশ, "চকার কুঞ্জরং চৈব কুঞ্জর-প্রতিমাকৃতিম্" দেশবিশেষ।
কুঞ্জরা, ব্য, স্ত্রী, ধাতকীপুষ্প, ধাইফুল, পাটলাবৃক্ষ।
কুঞ্জরাশন, (কুঞ্জর=হস্তী+অশন=ভোজনীয়, ৬ ষ) ব্য, পুং, অশ্বত্থবৃক্ষ।
কুঞ্জরাস্য, (কুঞ্জর=হস্তী+আস্য=বদন) ব্য, পুং, দক্ষিণ মহাসাগরস্থ মকর বিশেষ, ইহাদের ওষ্ঠ হস্তিশুণ্ডের ন্যায় বলিয়া ইহাদিগকে কুঞ্জরাস্য বলে।
কুঞ্জল, (কু=কুৎসিত+জল, এ—আগম) ব্য, পুং, কাঞ্জিক, কাঁজী, আমানি। [জীরা।
কুঞ্জিকা, ব্য, স্ত্রী, কৃষ্ণজীরক, কেলে-
কুট, (কুট=বক্রগমনকরা+অ) ব্য, পুং, দুর্গ, গড়, প্রস্তর খণ্ড করিবার যন্ত্র বিশেষ, পাতর ভাঙ্গা হাতুড়ি, পর্ব্বত, বৃক্ষ। পুং,—ন, ঘট, কলসী, পুং, টি, স্ত্রী, টা, স্ত্রী, কুটীর। (দেশজ) তৃণ। "ব্রহ্মণা [illegible] কুটীং কৃত্বা বনে বসেৎ"।

কুটক, (কুটম=গৃহকে+ক=যে ক-রে) ব্য, পুং, গৃহাচ্ছাদন, চাল, গিরিসমীপ।

কুটজ, (কুট=শৃঙ্গ+জ=যে জন্মে, ৭-ষ) ব্য, পুং, গিরিমল্লিকা, পুষ্পবৃক্ষ, কুরচীগাছ, "সঃ প্রত্যগ্রৈঃ কুটজকুসুমৈঃ কল্পিতার্ঘায় তস্মৈ" মেঘদূত। দ্রোণাচার্য্য, অগস্ত্য।

কুটন, (কুটনশব্দজ) ব্য, খণ্ড খণ্ড করণ, চূর্ণন, গুঁড়ান।

কুটনা, ব্য, পাকার্থ খণ্ড খণ্ড কৃত তরকারী। [দূতী।

কুটনী, (কুটনীশব্দজ)ব্য. সঙ্ঘটিকা, কুটন্নট,ব্য, ন,কৈবর্ত্তী মুস্তক,কেওর। পুং, শোনাকবৃক্ষ।

কুটপ, (কুট=গৃহ+প=যে পালনক-রে) ব্য, পুং, গৃহসমীপস্থ উপবন, কুড়ব পরিমাণ, মুনি। ন, পদ্ম।

কুটরু, ব্য, পুং, বস্ত্রগৃহ, কাণাৎ।

কুটল, (কুট=গৃহ+ল=যে লয়) ব্য, ন, গৃহের চাল, ছাদ।

কুটহারিকা,(কুট=কলসী+হারিকা=যে লইয়া যায়) ব্য, স্ত্রী, দাসী।

কুটাঘাত, (কুট=হাতুড়ি+আঘাত, ৩-ষ) ব্য,পুং, হাতুড়ি দ্বারা আঘাত।

কুটান, (দেশজ) ব্য, দলন।

কুটি, (কুট=বক্রহওয়া+ই—সংজ্ঞার্থে) ব্য, পুং, বৃক্ষ, দেহ, জল। টি, টী—স্ত্রী, ক্ষুদ্র গৃহ, কুঁড়, (দেশজ) তৃণ।

কুটিচর, (কুটি=জল+চর=যে গমন করে) ব্য, পুং, জলচর জন্তু বিশেষ, শুশুক।

কুটিল, (কুটি—কৌটিল্য+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, বক্র, ক্রূর, শঠ। লা—স্ত্রী,সরস্বতী নদী ‚একপ্রকার গন্ধদ্রব্য।

কুটিলগ, (কুটিল+গ=যে গমন করে) ণ,ত্রি,বক্রগামী। ব্য,পুং,সর্প। গা—স্ত্রী, নদী।

কুটীচক, কুটীচর,(কুটী=গৃহ+চর=যে ভ্রমণ করে; চক=তৎপর হয়, চর=ভক্ষণ করে) ব্য, পুং, পুত্রান্নজীবী, যে ব্যক্তি পুত্রার্জ্জিত অর্থে জীবিকা নির্ব্বাহ করে, যতিবিশেষ।

কুটীর (কুট+ঈর—হ্রস্বার্থে) ব্য,পুং, ছোটঘর, কুঁড়েঘর।

কুটুঙ্গক, (কুট[কুট্=বক্রহওয়া+অ]=বক্র+অঙ্গ=দেহ+ক—যোগ,নিপাতন) ব্য, পুং, লতাগৃহ, ছাদ, চাল।

কুটুম্ব, (কুটুম্ব=পোষণকরা+অ) ব্য, পুং,—ন, জ্ঞাতি, পরিবারবর্গ, যাহার সহিত বংশ সম্বন্ধ আছে, পোষ্যবর্গ, "কুটুম্বানাঞ্চ দাতারঃ পুরুষাঃ স্বর্গগামিনঃ, "শ্বশুর কুটুম্বং সর্ব্বং সোৎসাহং ভব"।

কুটুম্বব্যাপৃত, (কুটুম্ব=পরিবারবর্গ+ব্যাপৃত,৭-ষ, ণ, ত্রি, পরিবার বর্গ প্রতি-পালনে অতিশয় যত্নবান্; যে ভরণ পোষণাদি কার্য্যে রত হয়।

কুটুম্বী, (কুটুম্ব+ইন্—অস্ত্যর্থে)ব্য, পুং, গৃহস্থ। নী,—স্ত্রী, গৃহিণী, "দীনানাং কুটুম্বী"।

কুটকুট্, (দেশজ) ব্য, চুলকান, কণ্ডুয়ন।

কুট্টক, (কুট্ট=কাটা+ণক—ক) ণ, ত্রি, ছেদক। ব্য পুং, অঙ্কবিশেষ।

কুট্টন, (কুট্ট=কাটা+অনট—ভাব) ব্য, ন, কাটন,ছেদন, খোড়ন, কুটি-য়াফেলা। নী—স্ত্রী, দূতী, যে স্ত্রী মধ্যবর্ত্তিনী হইয়া স্ত্রীপুরুষের ব্যভিচার সঙ্ঘটন করিয়া দেয়, যাহার সাহায্যে লম্পটেরা পরস্ত্রী সহবাস সুখানুভব করিতে সমর্থ হয়, কুটনী।

কুট্টমিত, ব্য, ন, স্ত্রীলোকের বিলাসবিশেষ, "কেশস্তনাধরাদীনাং গ্রহে হর্ষেঽপি সম্ভ্রমাৎ, প্রাহুঃকুট্টমিতং নাম শিরঃকরবিধূননং।"

কুট্টার ; ব্য, পুং, পর্ব্বত, ন, কম্বল,

দুর্গন্ধ, মৃতশরীর, শব, অস্ত্রবিশেষ। ণী—স্ত্রী, বিট্‌সারিকা, গুয়েশালিক।

কুণি, কূণি, (কুণ—শব্দকরা, কূণ=সঙ্কুচিত করা+ই) ণ, ত্রি, কুকার্য্যরত, রোগাদিদ্বারা বিকৃত হস্ত বা অঙ্গুলিযুক্ত, কুঁপো। ষ্য, পুং, তুঁদগাছ।

কুণিন্দ, ষ্য, পুং, শব্দ, ধ্বনি।

কুণী, (দেশজ) ষ্য, নখের প্রান্তভাগের রোগবিশেষ। [লজ্জাশীল, মুখচোরা।

কুণো, (কোণ শব্দজ) ণ, লাজুক, কুণ্টক, ণ, ত্রি, স্থূল।

কুণ্ঠ, কুণ্ঠিত, (কুণ্ঠ—আলস্যকরা+অন্, ক্ত—ষ) ণ, ত্রি, সঙ্কুচিত, জড়, অলস, ব্যাহত, প্রতিবদ্ধ, ভোঁতা, "বৃত্রস্য হন্তঃ কুলিশং কুণ্ঠিতশ্রীব লক্ষ্যতে" কুমারসম্ভব, অক্ষম, মূর্খ, অকর্ম্মণ্য।

কুণ্ড, (কুন্‌ড=দাহকরা, রক্ষাকরা+অব্) ষ্য, পুং, জীবৎপতিকা স্ত্রীর জারজ পুত্র "পরদারেষু জায়েতে দ্বৌ সুতৌ কুণ্ডগোলকৌ, পত্যৌ জীবতি কুণ্ডঃস্যান্মৃতে ভর্ত্তরি গোলকঃ", ন, অগ্নিরক্ষার্থ ভূমিমধ্যস্থিতগর্ত্ত, পরিমাণ পাত্র, কূপ, জলপাত্র, দেবজলাশয়, চৌবাচ্চা "স্নাস্বিশ্চ গিরিকুণ্ডেষু"। পুং, ণ্ডী—স্ত্রী, কলসী, বটী, কমণ্ডলু। ন, ণ্ডী—স্ত্রী, স্থালী, পাকপাত্র।

কুণ্ডকীট, (কুণ্ড—জলাশয়বিশেষ ইত্যাদি+কীট—কৃমি, পোকা) ষ্য, পুং, চার্ব্বাকমতাবলম্বী, দাসীতে রবণাভিলাষী পতিত ব্রাহ্মণীপুত্র।

কুণ্ডকীন, ষ্য, পুং, নীচজন্মা, অধমযোনিজ।

কুণ্ডগোলক, (কুণ্ড=স্থালী+গুড়=রক্ষাকরা+ণক, ড়=ল) ষ্য, ন, কাঁজি, আমানি। [পুং, লতাগৃহ, কুঞ্জ

কুণ্ডদ, (কুন্‌ড=রক্ষাকরা+অদ) ষ্য, ...

কুণ্ডপায্য, (কুণ্ড+পা—পানকরা+ণ্যণ) ষ্য, পুং, যেখানে কুণ্ডদ্বারা সোমপান করা হয়, যজ্ঞবিশেষ।

কুণ্ডল, (কুণ্ড=রক্ষাকরা, শোভাপাওয়া+অল—সংজ্ঞার্থে) ষ্য, ন, কর্ণভূষণ, বলয়, কঙ্কণ, পায়ের বেড়ী, বলয়াকৃতি বন্ধনী, গলার গলাসী।

কুণ্ডলিনী, ষ্য, স্ত্রী, বলয়াকৃতি বেষ্টন, শক্তিবিশেষ, পক্বান্ন বিশেষ, জিলেপী, গুড়চী, সর্পিণী।

কুণ্ডলী, (কুণ্ডল=কর্ণভূষণ + ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, সর্প, ময়ূর, নিয়ত সর্প এবং ময়ূরপুচ্ছস্থ চন্দ্রক এই ভূষণের ন্যায় দেখায়, বরুণ, ণ, ত্রি, কুণ্ডলধারী, কুণ্ডলবিশিষ্ট, লী—স্ত্রী, কুলকুণ্ডলিনী শক্তি, গুড়ূচী, সর্পী, জিলেপী, মিষ্টান্ন।

কুণ্ডাশী, (কুণ্ড+অশ্=ভোজন করা +ইন্—ষ) ণ, ত্রি, কোট্‌না, যে বিজাত ব্যক্তি কর্ত্তৃক প্রতিপালিত হয়।

কুণ্ডিকা, (কুণ্ড=জলপাত্র+ক স্বার্থে) ন, কা—স্ত্রী, স্থালী, কমণ্ডলু, তাম্রকুণ্ড। [দেশবিশেষ, মুনিবিশেষ।

কুণ্ডিন, ষ্য, ন, বিদর্ভনগর। পুং,

কুণ্ডীর, (কুণ্ড+ঈর) ষ্য, পুং, মনুষ্য। ণ, ত্রি, বলবান্।

কুতঃ, (কিম্+তস্, পঞ্চমী স্থানে তস্) ষ্য, কি নিমিত্ত, কোথা হইতে।

কুতনু, (কু=কুৎসিত, নিন্দনীয়+তনু=শরীর ৬,হ) ষ্য, পুং, কেবল আটটা দাঁত ও তিন পা থাকাতে যাঁহার আকৃতি রাক্ষসবৎ কুৎসিত, কুবের।

কুতপ, (কু=ঈষৎ+তপ=তাপ, ৬,হ) ষ্য, পুং—ন, দিবসের ১৫ ভাগের অষ্টম ভাগ, এই সময়ে সূর্য্য তেজোহীন হয়। বাদ্য, কুশ, ছাগলোমজ কম্বল। পুং সূর্য্য, অগ্নি, ব্রাহ্মণ, অ-

প্রভৃতি, তাপিসের, কৌতিক।
কুতপকাল, বা পুং মধ্যাহ্নকাল।
কুতুক, কুতূহল, (কুতু=শব্দ+কৈ—শব্দ করা+অ। কুতু=তৈলাধার+হল=চসা+অ) বা, ন, কৌতূহল ঔৎসুক্য, আনন্দ। ণ, ত্রি, আশ্চর্য্যজনক, প্রশংসনীয়।
কুতুপ, (কুতু=তৈলাধার+উপ্) বা, পুং, ন, কুতপ। পুং, চর্ম্মনির্ম্মিত তৈলাদির আধার, কুঁপো।
কুতূ, (কু—কুৎসিত+তন=বিস্তারকরা+উ, ন্—লোপ। উ-ঊ) বা স্ত্রী, চর্ম্মনির্ম্মিত তৈলাদির পাত্র, মসক, কুপা। [নেত্ররোগ।
কুতূণক, বা পুং, বালক রোগ বিশেষ,
কুতূহলী, (কুতূহল+ণিন—অস্ত্যর্থে) ণ, ত্রি, কুতূহলবিশিষ্ট আনন্দিত।
কুতৃণ, (কু=কুৎসিত+তৃণ, কর্ম্মধা) বা, ন, জলের পানা।
কুত্র, (কিম+ত্র, সপ্তমী স্থানে ত্র) বা, ক্রিং—ণ, কোথায়, কোন্‌স্থানে, কোন বিষয়ে।
কুত্রচিৎ, (কুত্র+চিৎ—অসাকল্যার্থে) বা, ক্রিং, ণ, কোন স্থানে, কোথাও।
কুত্রাপি, (কুত্র+অপি=ও) বা ক্রিং-ণ, কোন স্থানে, কোন স্থানেই, কোন থানে।
কুৎসন কুৎসা, (কুৎস=নিন্দাকরা+অনট্, আ—ভাব) বা ন, স্ত্রী, দোষকীর্ত্তন, নিন্দা, গ্লানি, ভৎর্সনা।
কুৎসিত, (কুৎস্+ক্ত—ম) ণ, ত্রি, অবজ্ঞের, নিন্দিত, ঘৃণিত, মন্দ, জঘন্য।
কুথ, (কুথ্=যুক্তকরা+অ) বা পুং—ন, যে হস্তীপৃষ্ঠে লিপ্ত হয়, অশ্বাদির পৃষ্ঠাবরক চিত্রিত বস্ত্র বা কম্বল। "কুথানাং কম্বলানাং চ রাঙ্কবাণাঞ্চ সঞ্চয়ান্" পুং, কুশতৃণ।
কুদাল, কুদ্দাল, কুদ্দাল, (কু=ভূমি+দল=বিদারণ করা+অ। ২-দ) বা, পুং, যে ভূমিবিদারণ করে, ভূমিখনন-নার্থ নির্ম্মিত যন্ত্র বিশেষ, কোদাল।
কুদ্রঙ্ক, কুদ্রঙ্গ, কু=পৃথিবী+দ্রঙ্ক, দ্রঙ্গ=যে গমন করে) বা, পুং, এক প্রকার গৃহ, মঞ্চোপরিস্থ গৃহ।
কুধ্র, (কু=পৃথিবী+ধ্র=স্থির করিয়া রাখে+অ। উ—লোপ) বা, পুং, পর্ব্বত।
কুনখ (কু=কুৎসিত+নখ) বা, পুং, কুৎসিত নখরোগবিশেষ। ণ, ত্রি, কুৎসিত নখযুক্ত। [ধনে, অপটু নর্ত্তকী
কুনটী, বা, স্ত্রী, মনঃশিলা, ধন্যাক,
কুনলী, (কু—কুৎসিত+নল—খাগড়া গড়া প্রভৃতি+ণিন—অস্ত্যর্থে) বা, পুং, বৃক্ষবিশেষ বককুলের গাছ।
কুনাভি, (কু—জগৎ+নাভি) বা, পুং, বাতমণ্ডলী, ঘূর্ণমান বায়ু।
কুন্ত, (কু-কুৎসিত+অন্ত=শেষ, নাশ, কিম্বা, ক=মস্তক+উন্দ=আর্দ্রহওয়া+অ, দ=ত) বা, পুং, পক্ষবিশিষ্ট বাণ, প্রাস অস্ত্র, ভল্লাস্ত্র, খোঁচ।
কুন্তল, (কুন্ত=বাণ+লা—গ্রহণকরা+অ) বা, পুং, কেশ, চুল, পানপাত্র, যব, দেশবিশেষ, লাঙ্গল।
কুন্তবর্দ্ধন, বা, পুং, ভৃঙ্গরাজ বৃক্ষ।
কুন্তলোশীর, বা, ন, ওষধিবিশেষ, বালা।
কুন্তি, কুন্তী, (কম+অন্তি, পক্ষে—ঈ অথবা কুন্ত=কুন্তি ভোজরাজা+অ—দেয়ার্থে; ঈ) বা, স্ত্রী, পাণ্ডুরাজার পত্নী, যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডবের মাতা 'তৎপিতা শূরসেনরাজা তাংপৃথাং কুন্তিভোজরাজে দত্তবান্ অতঃকুন্তী তি বিখ্যাতা' পুং, দেশবিং
কুন্থন, (কুন্থ-ক্লেশদেওয়া, বধকরা+অনট—ভাব) বা, ন, ক্লেশব্যঞ্জক শব্দকরণ, কোঁথান, কাতরান।
কুন্দ, (কু=ভূমি+উন্দ—আর্দ্র করা+অ) বা, ন, কুঁদফুল "কুন্দ কুড্মলা-

প্রহৃতঃ" যাব, পুং, কুবেরের নিধি-
বিশেষ,কুঁদফুলগাছ। পুং,—ন,ভ্রমি-
যন্ত্র, কুঁদের যন্ত্র। [স্ফুরণ, আস্ফালন।
কুন্দন, (কুর্দন শব্দজ) ষ্য, ন, উল্ল-
কুন্দম, (কু=নীচ, নিন্দনীয় [প্রাণী
যথা, ইন্দুর]+দম=যে দমন করে)
ষ্য, পুং, বিড়াল।
কুন্দর, ষ্য, পুং, তৃণবিশেষ, ঝিন্টী।
কুন্দিনী, (কুন্দ=কুঁদফল+ইন, ঈ—
স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, পদ্মসমূহ, পদ্মফুল
সমূহ, কুঁদফুলের ন্যায় শুভ্র বলিয়া
ইহাকে কুন্দিনী বলে।
কুন্দু, (কু=পৃথিবী+দৃ=বিদীর্ণকরা+
উ। ঋ—লোপ) ষ্য, স্ত্রী, মূষিক,
ইন্দুর।
কুন্দুরুকী, (কু=ব্রহ্মা+উন্দ=আর্দ্র-
হওয়া,যজ্ঞাভিষিক্ত হওয়া+রু; উ—
আগম, ক—যোগে কুন্দুরুক+ঈ—
স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, কুঁদরুকী বৃক্ষ।
কুপথ, (কু=কুৎসিত+পথ [পথিন্-
শব্দজ]=রাস্তা) ষ্য, পুং, কদর্য্য পথ,
অসৎপথ।
কুপথ্য,(কু+পথ্য=উপযুক্ত ইত্যাদি)
ষ্য, ন, অনিষ্টকর পথ্য, যাহা
সেবন করিলে পীড়া জন্মিতে বা
বাড়িতে পারে। [তৈলঘৃতাদির পাত্র
কুপা, (কুতুপ শব্দজ) ষ্য, স্ত্রী, মসক,
কুপাণি, (কু+পাণি=হস্ত,বাহু—৬,ব)
ণ, ত্রি, বক্র হস্ত, নুলা।
কুপিত,(কুপ=রাগান্বিত হওয়া+ক্ত—
ক) ণ, ত্রি, ক্রোধযুক্ত, ক্রোধী, যার
ক্রোধ জন্মিয়াছে।
কুপিনী, (গুপ=গোপন করা বা
আচ্ছাদন করা+ইন্, ঈ। গ=ক)
ষ্য, স্ত্রী, মাছের থালুই। ষ্য, পুং,
কৈবর্ত্ত, জালুক, জেলিয়া।
কুপিন্দ, (কুপ্=বিস্তার করা+ইন্দ—
সংজ্ঞার্থে) ষ্য, পুং, তন্তুবায়, তাঁতি।
কুপূয়, (কু=কুৎসিত+পূয়=ভাগ্য
করা+অ) ণ, ত্রি, জাতি ও আচা-
রাদি দ্বারা নিন্দিত,কুজাতি ও কদা-
চার বিশিষ্ট। [উপায়হীন পোষ্যবর্গ
কুপোষ্য, (কু+পুষ+য) ণ, ত্রি,
কুপ্য, (গুপ=রক্ষাকরা+য; গ=ক)
ষ্য, ন, স্বর্ণ ও রৌপ্য ভিন্ন আর
সকল প্রকার ধাতু।
কুপ্যশালা, (কুপ্য=স্বর্ণরৌপ্য ভিন্ন
ধাতু+শালা=আলয়, দোকান ইত্যা-
দি) ষ্য, স্ত্রী, স্বর্ণরৌপ্যভিন্ন ধাতু-
পাত্রনির্ম্মাণগৃহ, কাঁসারির দোকান।
কুবের, (কু=কুৎসিত+বের=শরীর,
৬ হ) ষ্য, পুং, যক্ষরাজ, ধনাধিপ,
যক্ষরাজের তিন পা এবং আটটী
দন্ত ছিল, এই নিমিত্ত তাঁহার নাম
কুবের হইয়াছে, বায়ুমার্কণ্ডেয় পু-
রাণে, "কুৎসায়াং ক্ষিতিশব্দোঽয়ং
শরীরং বেরমুচ্যতে। কুবেরঃ কুশরী-
রত্বান্নাম্না তেনৈব সোঽঙ্কিতঃ ইত্য-
মরটীকায়াং ভরতঃ।
কুব্জ, (কু=ঈষৎ+উব্জ [উব্জ=ঋজু-
হওয়া+অ—ভাব]=ঋজুতা, ৬ হ)ণ,
ত্রি, যাহার ঈষৎ ঋজুতা আছে,
উচ্চপৃষ্ঠ,কুঁজো। [বিশেষ, কুষ্মাণ্ড।
কুমড়া, (কুষ্মাণ্ড শব্দজ) ষ্য, ফল-
কুমড়াগড়ি, (দেশজ) স্থূল ধান্য-
বিশেষ।
কুমার, (কুমার=ক্রীড়াকরা+অ—ণ,
অথবা কু=কুৎসিত+মার=কন্দর্প,
৬.হ) ষ্য, পুং, যুবরাজ, কার্ত্তিকেয়,
পঞ্চমবর্ষীয় বালক, পুত্র, সিন্ধুনদ।ন,
বিশুদ্ধ সুবর্ণ, খাঁটি সোনা। (কুম্ভ-
কারশব্দজ) জাতিবিশেষ। রী—স্ত্রী,
দ্বাদশবর্ষীয়া অবিবাহিতা কন্যা,
অবিবাহিতা কন্যা, বালিকা কন্যা,
রাজকন্যা, ঘৃতকুমারী বৃক্ষ। "স্কন্দঃ
স্মৃতো ভগবতা দেবেন ত্রিপুরারিণা,
বিভর্ত্তি চাপরাং সংজ্ঞাং কুমার ইতি
স গ্রহঃ, "তদাপ্লুতমন্তঃ স্বাপুং কুমা-

কান্তিক পার্ব্বতী" "ব্রাহ্মমুহূর্ত্তে কিল তস্য দেবী কুমারকল্পং সুষুবে কুমারং" রঘুবংশ।

কুমারজীব, ব্য, পুং, জিয়াপুতালতা।

কুমারপাল, ব্য, পুং, শালিবাহনরাজা

কুমারভৃত্যা, (কুমার+ভৃ—পোষণকরা+ক্যপ—ভাব, ত—আগম) ব্য, স্ত্রী, বালচিকিৎসা "কুমারভৃত্যাকুশলৈরনুষ্ঠিতে ভিষগ্‌ভিরাপ্তৈরথ গর্ভভর্ম্মণি" রঘুবংশ।

কুমারবাহী, (কুমার—কার্ত্তিকেয়+বাহী—যে বহন করে, ২-ব) ব্য, পুং, ময়ূর।

কুমারিকা, (কুমারী+ক—যোগ) ব্য, স্ত্রী, কুমারী, পঞ্চমবর্ষীয়া কন্যা, নবমল্লিকা, ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপবিশেষ।

কুমালক, ব্য, পুং, সৌবীর দেশ।

কুমীর, (কুম্ভীরশব্দজ) ব্য, নক্র, জলজন্তুবিশেষ।

কুমুদ্, (কু—পৃথিবী+মুদ—হৃষ্টহওয়া+কিপ)ব্য, ন, শ্বেতোৎপল, রক্তপদ্ম, কৈরব। ণ, ত্রি, কৃপণ।

কুমুদ, (কু+মুদ্+অণ) ব্য,ন, শ্বেতোৎপল, সুঁদি, রক্তপদ্ম, রৌপ্য। পুং, বানরবিশেষ, সর্পবিশেষ, দৈত্যবিশেষ, নৈঋত কোণের হস্তী, কর্পূর। দা—স্ত্রী, জলের পানা, গাম্ভারী বৃক্ষ, শালপর্ণী বৃক্ষ, ধাতকীপুষ্প, কট্‌ফল।

কুমুদবান্ধব, কুমুদানন্দ, (কুমুদ+বান্ধব=বন্ধু, ৬-ব, —আনন্দ, ৭.ত) ব্য, পুং, চন্দ্র, চাঁদ, কুমুদ নিশাকর, পুষ্প সূর্য্যোদয়ে মুদিত এবং চন্দ্রদর্শনে প্রস্ফুটিত হয়; কর্পূর।

কুমুদবতী, কুমুদ্বতী, কুমুদিনী, (কুমুদ, কুমুদ্+বৎ, কুমুদ+ইন্—সমূহার্থে) ব্য, স্ত্রী, কুমুদের ঝাড়, কুমুদসমূহ "অপরকিরণবশা শশাঙ্কং ন তথাহি কুমুদ্বতীং দিবসঃ" "অন্তর্হিতে শশিনি সৈব কুমুদ্বতী মে দৃষ্টিং ন নন্দয়তি সংস্মরণীয়শোভা" শকুন্তলা।

কুমুদাবাস, (কুমুদ+আবাস—বাসস্থান) ব্য, পুং, কুমুদবহুল দেশ।

কুমুদ্বান্, (কুমুদ+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, কুমুদবহুল স্থান।

কুমেরু, কুমেরুকেন্দ্র, ব্য, পুং, পৃথিবীর দক্ষিণপ্রান্ত; Antarctic pole.

কুমেরুবৃত্ত, ব্য, ন, দক্ষিণমেরুর ২৩৷৷০ অংশ উত্তরে যে অঙ্করেখা আছে। Antarctic-circle.

কুমেরুসমুদ্র; ব্য, পুং, দক্ষিণমেরুর চতুর্দ্দিকস্থ সমুদ্র।

কুমোদক, (কু—পৃথিবী+মুদ্—হৃষ্টহওয়া+ণক—ষ) ব্য, পুং, বিষ্ণু।

কুম্প, (কুন্প—আচ্ছাদনকরা+অণ) ণ, ত্রি, বক্রহস্ত, যাহার হাত বাঁকা, কুপো।

কুম্বা, (কুন্ব—আচ্ছাদনকরা+অঙ+আপ স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, অনর্থ নিবারণার্থ যজ্ঞ ভূমির চতুর্দ্দিকে দত্ত বৃতি, যজ্ঞভূমির চারিদিকে স্থিত বেড়া।

কুম্ভ, (ক—জল+উন্ভ—পূরণকরা+অ) ব্য, পুং, ঘট, কলস, "ভরিয়ে এনেছি কুম্ভ নয়ন সলিলে", গজকুম্ভ, কুম্ভরাশি, রাক্ষসবিশেষ, কুম্ভকর্ণের পুত্র, পরিমাণবিশেষ, বেশ্যার উপপতি, বেশ্যার পুত্র, ম্ভা—স্ত্রী, বেশ্যা, (ক—বায়ু+উম্ভ—পূরণ, ৬ ব) নিশ্বাস রোধ, কুম্ভক।

কুম্ভক, (কুম্ভ+ক—যোগ, অথবা কুম্ভ+ক, কৈধাতুজ) ব্য, পুং, প্রাণবায়ুর নিঃসারণ বা আকর্ষণ না করিয়া কেবল অন্তরে ধারণ, দক্ষিণহস্তের অঙ্গুলিদ্বারা মুখ ও নাসারন্ধ্র বন্ধ করিয়া নিশ্বাসরোধ।

কুম্ভকর্ণ, (কুম্ভ+কর্ণ—কাণ) ব্য, পুং, রাবণানুজ রাক্ষসবিশেষ।

কুম্ভকার, (কুম্ভ+কার=যে করে, ২-য) ব্য, পুং, ব্যক্তিবিশেষ, কুলাল জাতি, কুমোর।
কুম্ভকারী, (কুম্ভকার+ঈ) ব্য, স্ত্রী, কুম্ভকার পত্নী, কুলথিকা, মনঃশিলা। [লাউ।
কুম্ভতুম্বী, ব্য, স্ত্রী, অলাবুবিশেষ, গোল
কুম্ভদাসী, (কুম্ভ+দাসী) ব্য, স্ত্রী দূতী, কুটনী।
কুম্ভজন্মা, কুম্ভসম্ভব, (কুম্ভ+জন্মন্=জন্ম, যোনি, উৎপত্তিস্থান; সম্ভব=উৎপত্তি, ৬.হ) ব্য, পুং, কুম্ভ হইতে উৎপন্ন, অগস্ত্য, দ্রোণাচার্য্য, বশিষ্ঠ।
কুম্ভবীজক, ব্য, পুং, রীঠাকরঞ্চা।
কুম্ভশালা, (কুম্ভ=কলস+শালা=আলয়, দোকান) ব্য, স্ত্রী, কুম্ভাদি নির্ম্মাণগৃহ, কুমারের পোয়ান ঘর।
কুম্ভসন্ধি, (কুম্ভ+সন্ধি, ৬-য) ব্য, পুং, হস্তির কুম্ভদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান
কুম্ভিকা, (কুম্ভী+ক—যোগ) ব্য, স্ত্রী, চক্ষুরোগবিশেষ, জলের পানা।
কুম্ভিমদ, ব্য, পুং, হস্তীর গণ্ডনিঃসৃত মদজল।
কুম্ভিল, কুম্ভিলক, (কুম্ভ+ইল, ক যোগে কুম্ভিলক) ব্য, পুং, চোর, শ্লোকার্থচোর, যে ব্যক্তি পরের গ্রন্থের ভাব অথবা রচনার কোন কোন অংশ লইয়া নিজ রচিত বলিয়া প্রচার করে, (Plagiarist.), নিজ শ্যালক, সন্ধর্ত্তী, শালমৎস্য, শালগাছ। [পুং কুম্ভীর, হস্তী।
কুম্ভী, (কুম্ভ+ইন্—অস্ত্যর্থে) ব্য,
কুম্ভী, (কুম্ভ+ঈ—অল্পার্থে) ব্য, স্ত্রী, বেশ্যা, ক্ষুদ্র কলসী, ঘটী।
কুম্ভীধান্য, (কুম্ভ+ধান্য=ধান+চি) ব্য, পুং, ছয়দিন কিম্বা এক বৎসরের আহারার্থ জালার ভিতর রক্ষিত বা সঞ্চিত ধান্য।
কুম্ভীনস্, (কুম্ভী=ক্ষুদ্রকলস+নস=নাসিকা, ৬.হ। নাসিকা স্থানে নস্ আদেশ) ব্য, পুং, বৃহৎ এবং ক্রূরসর্প, সী—স্ত্রী, রাবণের ভগিনী, লবণের মাতা।
কুম্ভীপাক, (কুম্ভী—পাত্রবিশেষ+পাক) ব্য, পুং, নরকবিশেষ, যাহাতে পাপীদিগকে পাক করা যায়, "যস্থিহ বা উগ্রঃ পশূন্ পক্ষিণো বা প্রাণত উপরন্ধয়তি তমপকরুণং পুরুষাদৈরপি বিগর্হিতমমুত্র যমানুচরাঃ কুম্ভীপাকে তপ্ততৈল উপরন্ধয়তি।"
কুম্ভীর, কুম্ভীল, (কুম্ভী=মৎস্যাদি+র, ল [রা, লা+ড]=যে গ্রহণ করে, ২-য) ব্য, পুং, জলজন্তুবিশেষ, নক্র, কুম্ভীর।
কুম্ভীরমক্ষিকা, (কুম্ভীর=কুমীর+মক্ষিকা=মাছি) ব্য, স্ত্রী, কুমীর পোকা, কুমীরের ন্যায় ইহার আকৃতি এই জন্য ইহার এইরূপ আখ্যা।
কুরকর, কুরকুর, (কুর=শব্দ+কর=যে করে) ব্য, পুং, সারসপক্ষী।
কুরঙ্গ, কুরঙ্গক, কুরঙ্গম, (কু=পৃথিবী +রনগ্=গমনকরা+অ, অথবা কুর্ =শব্দকরা+অঙ্গ—সংজ্ঞার্থে; কুরঙ্গ কণ্; কুরঙ্গ+ম+ড) ব্য, পুং, মৃগ, হরিণ।
কুরঙ্গিকা, ব্য, স্ত্রী, মুদ্গপর্ণীলতা।
কুরচিল্ল, ব্য, পুং, কর্কট, কাঁকড়া।
কুরট, (কু=কুৎসিত+রট্=বলা+অ) ব্য, পুং, যাহাকে নীচ ব্যবসায়ী বলিয়া বর্ণনা করা যায়, চর্ম্মব্যবসায়ী, চামার, মুচী।
কুরণ, (দেশজ) ব্য, আঁচড়ান, চাচন।
কুরণ্ড, (কুর্=ছেদনকর+অণ্ড) ব্য, পুং, যে বীর্য্য নষ্ট করে, বৃদ্ধিশীল অণ্ডকোষ, কোরণ্ড।
কুরর, (কুর্=ছেদনকরা+অর) ব্য, পুং, যে করুণাধ্বনি দ্বারা ধৈর্য্য নষ্টক-

য়ে কুররপাখী, উৎক্রোশ পক্ষী, মেষ। রী—স্ত্রী. উৎক্রোশপক্ষিণী, কুভেভী 'সা মুক্তকণ্ঠং ব্যসনাতিভারাৎ চক্রন্দ বিগ্নাকুররীব ভূয়ঃ' রঘুবংশ।

কুরল, ষ্য, পুং, কুরর পক্ষী, অলক, চূর্ণ-কুন্তল।

কুরব, (কু=কুৎসিত বা মন্দ+রব=শব্দ) ষ্য, পুং, কুৎসিত শব্দ, কলক, অপবাদ, কুরবক বৃক্ষ।

কুরবক, কুরুবক,(কুরব+কণ্; কু+রু=শব্দকরা+কুণ—সংজ্ঞার্থে) ষ্য,পুং, ঝিণ্টী পুষ্প বৃক্ষ, ঝাঁটাফুলের গাছ "প্রত্যাসন্নৌ কুরবকবৃতের্মাধবীমণ্ডপস্য" মেঘদূত।

কুরস, (কু=কুৎসিত+রস) ষ্য, পুং, মদ্যবিশেষ, কুৎসিত রস। ণ, ত্রি, কুৎসিত রসবিশিষ্ট।

কুরীর, ষ্য, ণ, মৈথুন।

কুরু, (কুর্—ছেদনকরা+উ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, যিনি অন্যান্য রাজাদের ক্ষমতা নষ্ট করেন, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, সম্বরণের ঔরসে সূর্য্যকন্যা তপতীর গর্ভজাত পুত্র,বর্ষবিশেষ, দেশবিশেষ, "হস্তিনা পুরমারভ্য কুরুক্ষেত্রাচ্চদক্ষিণে। পঞ্চাল পূর্ব্বভাগে তু কুরুদেশঃ প্রকীর্ত্তিতঃ।"

কুরুই (দেশজ) ষ্য ,কঙ্কর, কাঁকর।

কুরুক্ষেত্র, (কুরু+ক্ষেত্র=ভূমি, ৬-ষ) ষ্য,ন,দিল্লীর নিকটবর্ত্তী দেশবিশেষ, থানেশ্বর. কুরুপাণ্ডবদিগের রণভূমি, কুরুরাজ এই স্থান কর্ষণ করিয়াছিলেন বলিয়া এই স্থানটী কুরুক্ষেত্র নামে প্রসিদ্ধ হইয়াছে "কুরুক্ষেত্রঞ্চ মৎস্যাশ্চ পাঞ্চালাঃ শূরসেনকাঃ এষ ব্রহ্মর্ষিদেশো বৈ ব্রহ্মাবর্ত্তাদনন্তরঃ", "কুরুক্ষেত্রং প্রয়াগঞ্চ হিমাদ্রিং বিন্ধ্যমন্তরা" "ধর্ম্মক্ষেত্রং কুরুক্ষেত্রং দ্বাদশযোজনাবধি"

কুরুক্ষেত্রযোগ, (কুরুক্ষেত্র+যোগ=মিলন) ষ্য, পুং, এক দিবসে তিথিত্রয়, নক্ষত্রত্রয় ও যোগত্রয়ের স্পর্শ, ঐ রূপ দিবসে অভিমন্যু বধ ও অর্জ্জুনহস্তে জয়দ্রথ নিধন হইয়াছিল। গত ৭ই কার্ত্তিক ১২৮৯ সালে এইরূপ যোগ হইয়া গিয়াছে।

কুরুজাঙ্গল; ষ্য, পুং, গঙ্গা ও যমুনার অন্তর্বেদীর উত্তরভাগস্থ জঙ্গলময়দেশ

কুরুণ্ট, (কু=কুৎসিত+রুন্ট্=দীপ্তিপাওয়া+অ ষ্য, পুং, ঝিণ্টীবৃক্ষ। ণ্টী—স্ত্রীং, কাষ্ঠপুত্তলী, কাঠের পুতুল।

কুরুন্দ, ষ্য, ন, কমলা লেবু।

কুরুল, ষ্য, পুং, ভালস্থিত চূর্ণ কুন্তল, চাচর কেশ।

কুরুবিন্দ, (কুরু—কুরুদেশ+বিন্দ্=লাভ করা+অ) সং, পুং,—ন, পদ্মরাগ মণি,কুরুদেশে প্রাপ্ত হওয়া যায় বলিয়া পদ্মরাগ মণির নাম কুরুবিন্দ হইয়াছে, হিঙ্গুল, দর্পণ, মাষকলাই, মুস্তা, মুতা।

কুরুবিল্ব. ষ্য, পুং, পদ্মরাগ মণি।

কুরুবিস্ত, (কুরু—দেশবিশেষ+বিস্ত=অশীতি রক্তিকা পরিমাণ সুবর্ণ) ষ্য, পুং, চারি ভরি সোনা। [ভীম।

কুরুবৃদ্ধ, (কুরু+বৃদ্ধ, ৬-ষ) ষ্য, পুং,

কুরূপ্য, (কু=কুৎসিত, নিকৃষ্ট+রূপ্য=রৌপ্য) ষ্য, ক্লীং, রঙ্গ, ব্রাং।

কুর্ত্তি, (যাবনিক) ষ্য,জামা, জ্যাকেট।

কুর্দ্দন, কূর্দ্দন, (কুর্দ্, কূর্দ্=ক্রীড়া করা, কোঁদা+অন—ভাব) ষ্য, ন, ক্রীড়া, আস্ফালন, কুঁদুনি।

কুর্পর, (কুর=ছেদনকরা+পর—সংজ্ঞার্থে) ষ্য,পুং,কফোণি, কণুই,জানু

কুর্পাস, কূর্পাসক, (কুর্পর—কফোণি+অস্=দী প্তপাওয়া ইত্যাদি+অ,পক্ষেক যোগ) ষ্য, পুং,—ন, কঞ্চুলিকা, কাঁচুলি, স্তনাবরক পরিচ্ছদবিশেষ।

কুর্ব্বৎ, (কৃ—করা+শতৃ-ষ) ণ,ত্রি, ক-

পকর্ত্তা, কলোমুখ।

কুল, (কুল্=একত্রিত হওয়া+অ) ব্য, ন, বংশ, গোষ্ঠী, জাতি, বংশীয়, সজাতীয়, সমূহ "অলকাকুলাবৃতানন" ভবন, গৃহ, জনপদ, দেহ, ক্ষেত্রবিশেষ (দেশজ) প্রসিদ্ধ ফলবিশেষ, বদরী।

কুলক, (কুল=বংশ+কৈ=শব্দকরা, ঘোষণাকরা ইত্যাদি অ) ব্য, পুং বল্মীক, কুলশ্রেষ্ঠ, চিত্রবর্ণ সর্প। ন, এক কর্তা বা এক ক্রিয়া পদ ঘটিত চতুরাদিক শ্লোক, পটোললতা, পলতা

কুলকন্যা, কুলকামিনী, ব্য, স্ত্রী, সদ্বংশ জাতা স্ত্রী, কুলস্ত্রী। [কন্যা সম্প্রদান

কুলকর্ম্ম, ব্য, ন, কুলক্রিয়া, কুলীনের

কুলকুচা, (দেশজ) ব্য, কুল্লী, মুখের মধ্যে জল রাখিয়া চালন।

কুলকুণ্ডলিনী, (কুল=কুলাচারীদের উপাস্যা+কুণ্ডলিনী) ব্য, স্ত্রী, তন্ত্র শাস্ত্র প্রসিদ্ধ মূলাধারস্থ সর্পাকৃতি শক্তিবিশেষ।

কুলক্ষণ, (কু=মন্দ+লক্ষণ=চিহ্ন) ব্য, ন, মন্দচিহ্ন, অশুভসূচক চিহ্ন। ণা— স্ত্রী, দুর্ভগা, মন্দভাগ্যা।

কুলচণ্ডী, (কুল=বংশপরম্পরা+চণ্ডী=কোপনা) ব্য, স্ত্রী, বংশের পূর্ব্ব পুরুষসমূহের প্রতি কোপান্বিতা অর্থাৎ বিপদ্ঘটনাশীলা, কুলদেবতা।

কুলজ (কুল=বংশ+জন-যে জন্মায় ৭-ষ) ব্য, ত্রি, সদ্বংশোৎপন্ন, সৎকুলোদ্ভূত। [পরিচয়।

কুলজী, (দেশজ) ব্য, বংশাবলী, কুল-

কুলট, ব্য, পুং [illegible] ধন।

কুলটা, (কুল+অট্-গমনকরা+অ) ৫ য) ব্য, স্ত্রী, যে কুল হইতে গমন করে, অসতী স্ত্রী, ভ্রষ্টাচারী, কুলত্যক্তা, অসতী, সতী ভিক্ষুকী।

কুলটী, ব্য, স্ত্রী, বৈদিক ধাতুবিশেষ, মনঃশিলা।

কুলতন্তু, ব্য, পুং, সন্তান, অপত্য।

কুলতিথি, ব্য স্ত্রী, পুং, চতুর্থী, অষ্টমী, দ্বাদশী, ও চতুর্দ্দশী এই কয় তিথি।

কুলতিলক, ব্য, পুং, বংশের চূড়ামণি, যাহার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধি হয়। [ব্য, পুং, কলাইবিশেষ

কুলত্থ, (কুল=তট+স্থা=থাকা+অ)

কুলদূষক, (কুল+দূষক=দোষকারী) ব্য, পুং, কুলাঙ্গার।

কুলধর্ম্ম, (কুল+ধর্ম্ম, ৬-ষ) ব্য, পুং, সজাতীয় ধর্ম্ম, কুলাচার।

কুলধারক, (কুল=বংশ+ধারি=ধরা+ণক—ঘ) ব্য, পুং, বংশধর, পুত্র।

কুলন, কুলান (বাশিকরণার্থ কুল্ধাতুজ) ব্য নিষ্পাদন, নিষ্পন্ন বা সম্পোষ্য হওন।

কুলনক্ষত্র, ব্য, ন, ভরণী, রোহিণী, পুষ্যা, মঘা, উত্তরফল্গুনী, চিত্রা, বিশাখা, জ্যেষ্ঠা পূর্ব্বাষাঢ়া, শ্রবণা ও উত্তর ভাদ্রপদ নক্ষত্র।

কুলনায়িকা, ব্য, স্ত্রী, তন্ত্র মতে মকার ভজনে পূজ্যা স্ত্রী।

কুলনারী, (কুল+নারী=স্ত্রীলোক) ব্য, ন, কুলকন্যা, কুলস্ত্রী, কুলবালা।

কুলনাশ, (কুল=বংশ+নাশ=যে নষ্ট করে, ৬ ষ বা ২ য) ব্য, পুং, বংশধারার বংশলোপ, উষ্ট্র, উট।

কুলপতি, (কুল+পতি ৬ ষ) ব্য, পুং কুলশ্রেষ্ঠ বংশের প্রধান, আশ্রমের মধ্যে সর্ব্ব প্রধান মুনি "মুনীনাং দশসাহস্রং যোঽন্নদানাদি পোষণাৎ। অধ্যাপয়তি বিপ্রর্ষিরসৌ কুলপতিঃস্মৃতঃ" "এব চাস্মদভ্যো কংস্ত কুলপতেঃ সাধিদৈবক্ত এব শকুন্তলয়া অস্মম লিনীতীবমাশ্রমো দৃশ্যতে" শকুন্তলা।

কুলপর্ব্বত, (কুল+পর্ব্বত) ব্য, পুং কুলাচল, কুলগিরি, কুলশৈল, মহেন্দ্র, মলয, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য,

পারিযাত্র, এই সপ্ত পর্ব্বত, "মহেন্দ্রো মলয়ঃ সহ্যঃ শুক্তিমানৃক্ষ পর্ব্বতঃ। বিন্ধ্যশ্চ পারিযাত্রশ্চ সপ্তৈতে কুল-পর্ব্বতাঃ"।

কুলপালক, (কুল=বংশ ইত্যাদি+পালক=যে পালন করে) ণ, ত্রি, বংশের পালক, বংশরক্ষক। ষ্য, ন, কমলা লেবু।

কুলপালি, কুলপালিকা, (কুল+পালি, পালিকা=যে পালনকরে, ২-ষ) ষ্য, স্ত্রী, পতিব্রতা সতী, সাধ্বী-স্ত্রী, কুল-বধূ, কুলস্ত্রী।

কুলপ্রদীপ, ষ্য, পুং, বংশে, অলংকারক, কুলতিলক, সৎপুত্র।

কুলভূত্যা, ষ্য, স্ত্রী, গর্ভিণী পর্য্যুপাসনা।

কুলম্ভর, (কুল=গৃহ+ভৃ+খ) ষ্য, পুং, সিঁদেল চোর।

কুললক্ষণ, (কুল+লক্ষণ=চিহ্ন, ৬-ষ) ষ্য, ন, আচার, বিনয়, প্রতিষ্ঠা, বিদ্যা, তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপস্যা, দান এই নয় প্রকার সৎকুল চিহ্ন, "আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থ-দর্শনং। নিষ্ঠাবৃত্তিস্তপোদানং নবধা কুললক্ষণম্।"

কুলবতী, (কুল+বৎ—অস্ত্যর্থে, ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, যে স্ত্রী কুলের নিয়মানুসারে চলে, সচ্চরিত্রা স্ত্রী।

কুলবধূ, কুলবালা, (কুল+বধূ, বালা=স্ত্রী) ষ্য, স্ত্রী, কুলকন্যা, কুলস্ত্রী।

কুলবার, (কুল+বার=দিন) ষ্য, পুং, মঙ্গল ও শুক্রবার। [কুলপুরোহিত।

কুলবিপ্র, (কুল+বিপ্র, ৬ষ) ষ্য, পুং,

কুলসম্ভব, (কুল=বংশ+সম্ভব=জাত, উৎপন্ন) ণ, ত্রি, যে কোন বংশ হইতে উৎপন্ন।

কুলস্ত্রী, (কুল=বংশ+স্ত্রী) ষ্য, স্ত্রী, কুল-কন্যা, কুলবধূ, "উথায় হৃদি লীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ। বালবৈধব্য-দগ্ধানাং কুলস্ত্রীণাং কুচাবিব"।

কুলা, (দেশজ) ষ্য, সূর্প। [বিশেষ।

কুলাকুল, ষ্য, ন, দীক্ষাপ্রকরণীয় চক্র-

কুলাকুলতিথি, ষ্য, স্ত্রী, পুং, দ্বিতীয়, ষষ্ঠী ও দশমী তিথি।

কুলাকুলবার, ষ্য, পুং, বুধবার।

কুলাঙ্গার, (কুল+অঙ্গার) ষ্য, পুং, যে কুল মলিন করে, যাহার চরিত্র দোষে কুলের কলঙ্ক হয়, কুপুত্র।

কুলাচার, (কুল+আচার=আচরণ, ৬ ষ) ষ্য, পুং, কুলধর্ম্ম, কুলের নিয়মানুযায়ী কার্য্য, কুলাচরিত ধর্ম্ম।

কুলাচার্য্য, (কুল+আচার্য্য=শিক্ষাগুরু) ষ্য, পুং, ঘটক, যে কুলের পরিচয় প্রদান করে, কুলজ্ঞ, কুলপুরোহিত।

কুলাদর্শ, ষ্য, পুং, বংশাবলী ও বংশপরিচায়ক চিহ্ন বিষয়ক শাস্ত্র Heraldry

কুলায়, (কুল+আয়=আগমন, বৃদ্ধি) ষ্য, পুং, যেখানে পক্ষিকুলের বৃদ্ধি হয়, নীড়, পক্ষীর বাসা, "কূজৎক্লান্ত-কপোতকুক্কুটকুলাঃ কূলে কুলায়-ক্রমাঃ" উত্তরচরিত, বাসস্থান (কু+লায়=গতি, ৭—ষ) ন, শরীর।

কুলায়স্থ, (কুলায়=পক্ষীর বাসা+স্থ=যে থাকে) ষ্য, পুং, পক্ষী।

কুলায়িকা, (কুলায়=নীড়+ক, আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রীং, চিড়িয়াখানা।

কুলাল, (কু=মৃত্তিকা+লাল=লালসা করা+অ, ২—ষ) ষ্য, পুং, যে মৃৎপাত্র যোগ্য মৃত্তিকা বাঞ্ছা করে, কুম্ভকার জাতি, কুম-র, কুপক্ষিবিশেষ।

কুলাহক, (কুল+আ+হন্+ড+কণ্) ষ্য, পুং, কৃকলাস, কুলেখাড়া।

কুলি, (কুল=রাশিকরা+ই—সংজ্ঞার্থে) ষ্য, পুং, হস্ত। লি, লী—স্ত্রী, কণ্ট-কারীবৃক্ষ। (দেশজ) মুটিয়া, কুলকুচা।

কুলিক, ণ, ত্রি, শিল্পিকুল প্রধান, কুলসম্ভব, ষ্য, পুং, অষ্ট মহানাগের অন্তর্গত নাগ বিশেষ।

কুলিকবেলা, ষ্য, স্ত্রী, রবিবারাদিতে

শুভকর্ম্ম জন্য নিষিদ্ধ কাল, রাত্রির প্রথম ভাগ।

কুলিঙ্গ, (কু+লিন্গ্=গমনকরা, চিহ্নিত করা+অ) ব্য, পুং, চটক, ফিঙ্গা-পাখী।

কুলিঙ্গক, (কুলিঙ্গ+ক) ব্য, পুং, চটক, চড়ুই পাখী। [কাকড়াশৃঙ্গী।

কুলিঙ্গী, ব্য, স্ত্রী, কর্কটশৃঙ্গী বৃক্ষ,

কুলির, কুলীর, (কুল=রাশিকরা+ইর, ঈর) ব্য, পুং, কর্কট, কাঁকড়া, চতুর্থরাশি।

কুলিশ, কুলীশ, (কুলি=হস্ত+শী=যে শয়ন করে, যে ইন্দ্রের হস্তে শয়ন করে অর্থাৎ থাকে) ব্য, পুং, ইন্দ্রের বজ্র, "সদ্যঃ সখে স্মৃগোপরমেত-দ্ভুজেনমাত্রে কুলিশং ভবাংশ্চ" কুমা-রসম্ভব, মৎস্যবিশেষ, অগ্রভাগ।

কুলিশাসন, ব্য, পুং, শাক্যসিংহ, বৌদ্ধধর্ম্মপ্রবর্ত্তক।

কুলী, (কু+লী=গমনকরা, পাওয়া+অ, ঈ) ব্য, স্ত্রী, পত্নীর জ্যেষ্ঠা ভগিনী, কণ্টকারী।

কুলী, (কুল+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, পর্ব্বত। ণ, ত্রি, সৎকুলজাত।

কুলীন, (কুল=বংশ+ঈন—জাতার্থে) ণ, ত্রি, সৎকুলোদ্ভব, উত্তম কুলোৎ-পন্ন, ব্য, পুং, শ্রেষ্ঠ অশ্ব।

কুলীনস, ব্য, ন, জল।

কুলুক, (কুল=রাশিকরা+উক) ব্য, ন, জিহ্বার অগ্রভাগ, জিভের ময়লা।

কুলুকগুঞ্জা, ব্য, স্ত্রী, উল্কাগ্নি।

কুলুপ, (যাবনিক) ব্য, কুঞ্চী, তালা।

কুলেশ্বর, (কুল=বংশ+ঈশ্বর=স্বামী) ব্য, পুং, শিব, কুলপতি।

কুলোৎকট, (কুল=বংশ+উৎকট=শ্রেষ্ঠ) ব্য, পুং, শ্রেষ্ঠঘোটক। ণ, ত্রি, মহাকুলপ্রসূত, উত্তম কুলে জাত।

কুল্ফ, ব্য, পুং, গুল্ফ, গোড়মুড়া।

কুল্মাষ, কুল্মাস, (কুল=বংশ+মষ, মস্=বধকরা+অ) ব্য, পুং—ন, কাঞ্জী, আমানি, বোরোধান, অর্দ্ধপক্ব যব, "মাষত্রিগর্ষিষ্ শালাটুমিশ্রান্ বা কুল্মাষান্ ভক্ষয়েৎ"।

কুল্য, (কুল=রাশিকরা+য) ব্য, ন, মাংস, অস্থি, পরিমাণবিশেষ, শূর্প, কুল্য পুং, মান্যব্যক্তি ণ, ত্রি, সৎ-কুলসম্ভব।

কুল্যা, (কুল+য+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, কৃত্রিম ক্ষুদ্র নদী, গড়খাই, প্র-বাহ "স্নাপয়তি হৃদয়েশং স্নেহনিষ্য-ন্দিনীভে ধবলবহলমুগ্ধা দুগ্ধকুল্যেব দৃষ্টিঃ" উত্তরচরিত, ক্ষুদ্র খাত, বৃহৎ গর্ত্ত, পয়ঃপ্রণালী, নর্দ্দমা, "সৈন্ধবা-বর্ত্ত মাসাদ্য কুল্যানাং কুরু দর্শনম্", কুলস্ত্রী।

কুল্লুই, (দেশজ) ব্য, ন, কর্কর কাঁকর।

কুল্লে, (দেশজ) ব্য, সমুদায়ে।

কুবক, ব্য, পুং, জিহ্বামলী।

কুবঙ্গ, (কুৎসিত+বঙ্গ=রাং) ব্য, ন, সীসক, সীসা।

কুবচ, (কু—কুৎসিত+বচ=বলা+অ) ণ, ত্রি, পরনিন্দক, কটুভাষী।

কুবল, (কু—পৃথিবী+বল=বৃদ্ধিপাওয়া+অ) ব্য, ন, উৎপল, মুক্তাফল, বদরীফল, দাড়িম্ব, লী স্ত্রী, কুলগাছ।

কুবলয়, (কু=পৃথিবী+বল=বৃদ্ধিপাওয়া+অয়—সংজ্ঞার্থে) ব্য, ন, শোভা-করত্ব হেতু যে পৃথিবীর বলয়ের ন্যায়, কেহ বলেন—যাহার কুৎসিত বলয় অর্থাৎ পত্র বেষ্টন আছে, পদ্ম, নীলপদ্ম শ্বেতপদ্ম "কুবলয়দলস্নিগ্ধৈ-রঙ্গৈর্দদৌনয়নোৎসবং" উত্তরচরিত।

কুবলয়াপীড, (কুবলয়=নীলোৎপল+আপীড়=শিরোভূষণ; ৬ ষ) ব্য, পুং, হস্তিরূপধারী কংসাসুরের দৈত্য বিশেষ, ণ, ত্রি, নীলোৎপল যাহার ভূষণ হইয়াছে। [পদ্মিনী।

কুবলয়িনী, (কুবলয়+ইন্) ব্য, স্ত্রী,

কুবাদ, (কু=মন্দ+বদ্‌=বলা+ঘঞ্‌—ম. ভাব) বা, ত্রি, কটুভাষী, বা, পুং, কটূক্তি, কুবাক্য, উক্তি।

কুবিন্দ.(কু=কুৎসা+বিন্দ=লাভকরা অ) বা. পুং, তন্তুবায়, তাঁতি।

কুবেণি,কুবেণী.(কু=কুৎসিত+বেণি. বেণী=গমন)বা,স্ত্রী. মৎস্যের নির্গমাভাব হেতু যাহাতে কুগমন আছে, মৎস্যধানী, খালুই, কুৎসিত বেণী বিশিষ্টা স্ত্রী।

কুবের, (কু=কুৎসিত+বের=শরীর, ৬.হ) বা, পুং, যক্ষরাজ, তিন পা আট দাঁত এই হেতু ইহার শরীর কুৎসিত। ণ. ত্রি, অলস. কুৎসিত-শরীর। বায়ুমার্কণ্ডেয়পুরাণে "কুৎসায়াং ক্বিতিশব্দোয়ং শরীরং বেরমুচ্যতে। কুবেরঃ কুশরীরত্বান্নাম্না তেনৈব সোঽঙ্কিতঃ, ইত্যমরটীকায়াং ভরতঃ।"

কুবেরাচল, কুবেরাদ্রি (কুবের+অচল, অদ্রি=পর্ব্বত, ৬.ষ) বা, পুং. কৈলাস পর্ব্বত।

কুবেল, (কু=পৃথিবী+বেল=চঞ্চল হওয়া+অ) বা, ন, কুবলয়।

কুব্র, (কুব্‌=আচ্ছাদন করা+র—সংজ্ঞার্থে) বা, ন, অরণ্য, বন।

কুশ, (কু=পৃথিবী+শ=যে শয়ন করে, ২—ষ) বা, পুং—ন, প্রসিদ্ধ তৃণ। পুং, রামের জ্যেষ্ঠ পুত্র "সতৌ কুশলবোন্মৃষ্টগর্ভক্লেদৌ তদাখ্যয়া। কবিঃ কুশলবাবেব চকার কিল নামতঃ" রঘুবংশ "যস্তয়োঃ প্রথমং জাতঃ স কুশৈর্মন্ত্রসংস্কৃতৈঃ। নির্ম্মার্জ্জনীয়ো নাম্না হি ভবিতা কুশ ইত্যসৌ", সপ্তদ্বীপ। পৃথিবীর এক দ্বীপ, কুশদ্বীপ, যোক্ত্র, যোতদড়ি, ন, জল, শা—স্ত্রী, রজ্জু, লাগাম, শী—স্ত্রী, লাঙ্গলের ফাল, ণ, ত্রি, মত্ত, পাপিষ্ঠ, কৃশ।

কুশণ্ডিকা,বা, স্ত্রী.সর্ব্বহোমার্থ অগ্নিসংস্কার ক্রিয়াবিশেষ। [ন্রাতা।

কুশধ্বজ, বা, পুং,জনক রাজার কনিষ্ঠ

কুশনামা, বা, পুং, উক্ত।

কুশপ, বা, পুং জলপাত্র।

কুশল, কুষল,কুসল,(কু=পৃথিবী+শল গমনকরা+অ) বা, ন,কল্যাণ,মঙ্গল, নিরাপদ, মোক্ষ, ধর্ম্ম, পুণ্য, সামর্থ্য, ণ, ত্রি, কুশলী, সমর্থ, নিপুণ, কৃতী, দক্ষ।

কুশলব,(কুশ=তৃণবিশেষ+লব=লবণ, নিপাতন) বা, পুং, দ্বিং, রামপুত্রদ্বয়। "যস্তয়োঃ প্রথমং জাতঃ স কুশৈর্মন্ত্র সংস্কৃতৈঃ। নির্ম্মার্জ্জনীয়ো নাম্না হি ভবিতা কুশ ইত্যসৌ। যশ্চাবরজ এবাসীল্লবণেন সমাহিতঃ। নির্ম্মার্জ্জনীয়ো বৃদ্ধাভির্নাম্না স ভবিতা লবঃ। এবং কুশলবৌ নাম্না যমৌ তৌ সম্ভবতুঃ" রামায়ণ।

কুশলী, (কুশল+ইন্‌-অস্ত্যর্থে) ণ,ত্রি, কুশলযুক্ত, কল্যাণবিশিষ্ট,ক্ষেমবান্‌।

কুশস্থল, (কুশ+স্থল; ৩—ষ) বা, ন, কুশদ্বারা আবৃত স্থল,কান্যকুব্জ দেশ, কনোজদেশ, লী—স্ত্রী,দ্বারকাপুরী।

কুশাকর,(কুশ=তৃণবিশেষ+আকর=খনি) বা, পুং, যজ্ঞাগ্নি,শুষ্ক কুশতৃণের অগ্নিতে হোম করা যায় বলিয়া যজ্ঞীয় অগ্নিকে কুশাকর বলে।

কুশাক্ষ, (কুশ+অক্ষ=অক্ষিশব্দজ, ৬.হ) বা, পুং, বানর।

কুশাগ্রীয়, (কুশ=তৃণবিশেষ+অগ্র=অগ্রভাগ+ঈয়—স দৃশ্যার্থে) ণ,ত্রি, কুশাগ্রের ন্যায় সূক্ষ্ম, অতিতীক্ষ্ণ "কুশবুদ্ধি" কুশাগ্রীয়ারস্কামীনতাং ত্যজ" ভট্টি।

কুশাগ্রীয়মতি, (কুশ=তৃণবিশেষ+অগ্রীয়=অগ্রভাগ+মতি=বুদ্ধি, ৬.হ) ণ, ত্রি, যাহার বুদ্ধি অতিশয় তীক্ষ্ণ।

কুশারণি,(কুশ+অরণি=যে কাষ্ঠ ঘর্ষণ,

করিলে অগ্নি উৎপন্ন হয়) বা, পুং, দুর্ব্বাসা মুনি,দুর্ব্বাসা অগ্নি উৎপাদন করিবার নিমিত্ত অরণির পরিবর্ত্তে কুশ ব্যবহার করিতেন বলিয়া তাঁহার নাম কুশারণি হইয়াছে। [ধানী

কুশাবতী, বা, স্ত্রী, কুশ-রাজার রাজ

কুশাসন, (কুশ+ আসন=বসিবার স্থান) বা, ন, কুশ নির্ম্মিত আসন। (কু=কুৎসিত+শাসন) মন্দশাসন, যেরূপ শাসন করা উচিত তদনুরূপ নহে।

কুশিক, (কুশ+ইক) বা, পুং, মুনিবিশেষ, জমদগ্নির পিতা, বিশ্বামিত্রের পিতা কাল, সর্জ্জবৃক্ষ,বিভীতকবৃক্ষ, তৈলশেষ, ণ, ত্রি, কেকর, টেরা।

কুশিত, (কুশ=আলিঙ্গন করা, সংলগ্ন হওয়া+ইত—সংজ্ঞার্থে) বা, ন, দেশবিশেষ, ণ,ত্রি, ঈষৎ শুভ্র।

কুশী,(কুশ=রামের পুত্র+ইন) বা,পুং, বাল্মীকি, ইঁহার কবিতা রামের পুত্রদ্বয় কুশ ও লব কর্ত্তৃক পঠিত ও বর্ণিত হইয়াছিল বলিয়া ইঁহার নাম কুশী হইয়াছে।

কুশী, (কুশ+ঈ) বা, স্ত্রী বস্তু, লোগান, লাঙ্গলের ফাল।

কুশীদ, কুষীদ, কুসীদ, (কুশ=আলিঙ্গন করা+ঈদ সংজ্ঞার্থে) বা, ন, বৃদ্ধিজীবিকা, সুদ, ণ,ত্রি, বৃদ্ধিজীবী।

কুশীদজীবী, (কুশীদ+জীব=যে জীবিকানির্ব্বাহ করে) ণ, ত্রি, যে টাকার সুদের দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করে, যে সুদের নিমিত্ত টাকা ধার দেয়।

কুশীদব্যবহার, বা, পুং, সুদকসা, সুদ গ্রহণ পূর্ব্বক টাকা কর্জ্জ দেওয়া।

কুশীল, (কু+শীল=স্বভাব, বহু) ণ, ত্রি, দুঃশীল,অসৎস্বভাব।

কুশীলব,(কু+কুৎসিত=শীল=স্বভাব+ব, গমনার্থ বা ধাতুজ) বা, পুং, নট, নর্ত্তক, যে নাটকের অভিনয় করে, নৃত্যগীত-বাদ্য যাহার ব্যবসায়, যাচক, ভরতমুনি। (কুশ+লব, দ্বং) রামের দুই পুত্র।

কুশূল, কুসূল,(কুশ=আলিঙ্গন করা+উল—সংজ্ঞার্থে) বা, পুং, ধান্যাদি রাখিবার ঘর গোলা, তুষের আগুন "তুষস্তূপ বা অন্ধাবটকুশূলগুহাদিষু ভুক্তানি নিকৃন্তন্তি"।

কুশেশয়, (কুশ=জলে+শয়=যে শয়ন করে) বা, ন, পদ্ম "ভ্রমন্ত কুশাবাসের তত্র পদ্মং কুশেশয়ং" পুং, সারসপক্ষী, কর্ণিকারবৃক্ষ।

কুষাকু (কুষ=দীপ্তি পাওয়া+আকু—সংজ্ঞার্থে) বা, পুং, বহ্নি, বানর, সূর্য্য, ণ, ত্রি, উত্তাপক।

কুষ্ঠ, (কুষ=নির হওয়া+ঠ) বা, ন, কুষ্ঠরোগ, মহাব্যাধি, এক প্রকার বিষ বৃক্ষবিশেষ কুড়।

কুষ্ঠগন্ধ বা, ন, এলবালুক। [দারি।

কুষ্ঠসূদন, বা পুং, আরগ্বধবৃক্ষ সোঁ-

কুষ্ঠহন্তা বা পুং হস্তিকন্দ মূলবিশেষ।

কুষ্ঠারি, বা পুং, বিট্‌খদির, পটোল, অর্কপত্র, আবন্দ পাতা, খদির, গন্ধক। [কুষ্ঠরোগযুক্ত।

কুষ্ঠী, (কুষ্ঠ+ইন—অস্ত্যর্থে) ণ, ত্রি,

কুষ্মাণ্ড কুষ্মাণ্ড, (কু=পৃথিবী+উষ্ম=উষ্ণ+অণ্ড=বীজ+ড) বা, পুং, স্ত্রী—ণ্ডী, কুমড়া, কাঁকুড়, পুং, শিবের অনুচর বিশেষ, গর্ভিণীর গর্ভস্থ দ্রব্য, স্ত্রী, দুর্গা।

কুসংস্কার, বা পুং, সমুচিত বিবেচনা না করিয়া যে সিদ্ধান্ত করা যায়, বিপরীত সংস্কার (Prejudice.)

কুসংস্কারাবিষ্ট (কুসংস্কার+আবিষ্ট=যুক্ত, ৩ বাং, ত্রি যাহার বুদ্ধি কুসংস্কারে অভিভূত,কুসংস্কার বশীভূত।

কুসিত, (কুস্=দীপ্ত পাওয়া+ইত—সংজ্ঞার্থে) বা, পুং, দেশবিশেষ (কু

=ঈষৎ+লিত—শুক্লবর্ণ) ণ, ত্রি, ঈষৎ শুভ্রবর্ণ।

কুশিম্বী, ব্য, স্ত্রী, শীমগাছ।

কুসীদিক, (কুসীদ+ইক) ণ ত্রি বৃদ্ধিজীবী, যে সুদ লইয়া টাকা কর্জ্জ দেয়

কুসুম, (কুস্—দীপ্তিপাওয়া+উম—সংজ্ঞার্থে) ব্য, ন, পুষ্প, ফল, স্ত্রীলোকের ঋতু, চক্ষুরোগ বিশেষ।

কুসুমপুর, (কুসুম+পুর, ৬-ষ) ব্য, ন, পাটলিপুত্র নগর, পাটনা।

কুসুমমধ্য, (কুসুম+মধ্য) ব্য, ন, যাহাদের ফল হইতে পুষ্প মুকুলিত হয়, চালিতা গাছ।

কুসুমাকর,কুসুমাগম (কুসুম+আকর =খনি, আগম=আগমন) ব্য, পুং, বসন্তকাল, যে ঋতুতে কুসুম জন্মে।

কুসুমাত্মক, ব্য, ন কুঙ্কুম।

কুসুমায়ুধ, কুসুমাস্ত্র কুসুমেষু, (কুসুম +আয়ুধ, অস্ত্র ইষু, ৬ ষ) ব্য, পুং, মদন,কন্দর্প "কুসুমায়ুধপত্নি দুর্লভস্তব ভর্ত্তা ন চিরাদ্ভবিষ্যতি" কুমার সম্ভব।

কুসুমাল, ব্য, পুং, চোর।

কুসুমাসব,(কুসুম+আসব=মধু, ৬ ষ) ব্য, ন, পুষ্পমধু, মকরন্দ।

কুসুমিত, (কুসুম+ইত—জাতার্থে) ণ, ত্রি, পুষ্পিত, যাহার কুসুম হইয়াছে।

কুসুম্ভ,(কুস্=দীপ্তি পাওয়া+উম্ভ) ব্য, পুং, কুসুম ফুল, স্বর্ণ। পুং, কমণ্ডলু। [পুং, কেঁদো।

কুসৃ, (কু=পৃথিবী+সৃ=উৎপন্ন) ব্য,

কুসূল, ব্য, পুং, তুষানল,ধানেরগোলা

কুসৃতি, (কু=নিন্দনীয়+সৃ=গমনকরা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, কুহক, ইন্দ্রজাল, শঠতা, ধূর্ত্ততা।

কুস্মিতি,(কু+স্মিতি) ব্য,স্ত্রী, দুরভিসন্ধি, মন্দ অভিপ্রায়।

কুস্তুভ,(কু=পৃথিবী+স্তুভ=স্তম্ভকরা +অ) ব্য, পুং, বিষ্ণু, সমুদ্র। [বিশিষ্ট]

কুস্তুম্বরী, কুস্তুম্বুরু, ব্য, স্ত্রী, ধন্যাক;

কুহ, (কু=নিন্দনীয়+হা—ত্যাগকরা +অ) ব্য, পুং, কুবের। ব্য, কুত্র, কোন স্থানে।

কুহক, (কুহ্=বিস্ময়াপন্নকরা+ণক) ব্য, পুং, ইন্দ্রজাল, ভেল্কী, ছল, প্রতারণা।

কুহকচকিত,ণ,ত্রি, সতর্ক, শায়দর্শী।

কুহকজীবী,(কুহক+জীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে)ণ, ত্রি ইন্দ্রজালজীবী, যে ভেলকবাজী দেখাইয়া আপনার জীবিকা নির্ব্বাহ করে।

কুহকস্বন, কুহকস্বর, (কুহক+স্বন, স্বর=যে শব্দ করে) ব্য, পুং, কুক্কুট, কুকুঁড়া।

কুহকী (কুহক+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ঐন্দ্রজালিক, বাজিকর, প্রতারক।

কুহন, (কুহ+অন—ষ) ব্য, পুং, মূষিক, চোর, সর্প। ন, কাচপাত্র, মৃণ্ময়ভাণ্ড। না—স্ত্রী, দম্ভ চর্য্য; গর্ব্ব, বা লোভবশতঃ অলীক ধার্ম্মিকতা দেখান। ণ, ত্রি, ঈর্ষাযুক্ত, ক্রোধযুক্ত।

কুহর, (কু=পৃথিবী+হৃ—হরণকরা+অ) ব্য, ন, গহ্বর, ছিদ্র, কর্ণ কণ্ঠ, গলা, কণ্ঠধ্বনি, সমীপ। পুং, নাগবিশেষ।

কুহরিত, (কুহর+ইত) ব্য, ন, কোকিলধ্বনি, ধ্বনি। ণ, ত্রি, ধ্বনিত।

কুহলি, ব্য, পুং, পৃশপর্ণিকা, পাণ।

কুহা, ব্য, স্ত্রী, কুজ্ঝটিকা।

কুহু, কুহূ, (কুহ্=বিস্ময়াপন্নকরা+উ, ঊ—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, অমাবস্যা, কোকিলধ্বনি।

কুহূকণ্ঠ, (কুহূ—কোকিলধ্বনি+কণ্ঠ=গলা) ব্য, পুং, কোকিল।

কুহূরব, (কুহূ+রব=শব্দ) ব্য, পুং,

কোকিল, কুহূধ্বনি।

কুহেলিকা, কুহেড়িকা, (কু=পৃথিবী+হেড়্=বেষ্টন করা+অক; ড=ল) ব্য, স্ত্রী, কুজ্ঝটি, কুয়াসা।

কূ, (কূ=শব্দকরা+ক্বিপ্) ব্য, স্ত্রী, পিশাচী।

কূকুদ, কুকুদ, (কূক্=গ্রহণকরা। নিপাতন) ব্য, পুং, যে ব্যক্তি অলঙ্কৃতা কন্যাকে বিধিপূর্ব্বক সৎপাত্রে দান করে, "সৎকৃত্যালংকৃতাং কন্যাং যো দদাতি স কূকুদঃ" অমরকোষ।

কূচিকা, (কুচ্=কুটিল হওয়া+ণক; উ=ঊ) ব্য, স্ত্রী, তূলিকা, তূলি।

কূজন, (কূজ=শব্দকরা+অনট—ভাব) ব্য, ন, কূজিত, অব্যক্তধ্বনি।

কূজিত, (কূজ=শব্দকরা+ক্ত—ভাব) ব্য, ন, পক্ষীর ধ্বনি, পাখির ডাক, অব্যক্ত শব্দ।

কূট, (কট=বক্রহওয়া, দাহকরা+অ) ব্য, পুং—ন, পর্ব্বতের শৃঙ্গ, কপট, সমূহ, দুর্ব্বোধ, নিশ্চল, শস্তরাশি, স্তূপ, দম্ভ, কলস, লৌহমুদ্গর, লাঙ্গলাঙ্গবিশেষ, মায়া, কদলী। ণ, ত্রি, মিথ্যা, কল্পিত, যথা—কূটসাক্ষী, কূটলেখ্য। পুং, পুরদ্বার। পুং, স্ত্রী, টী—গৃহ। [মধ্যে লুক্কায়িত অস্ত্র।

কূট-অস্ত্র, ব্য, কাষ্ঠাদি আবরণ-

কূটক, (কূট=ছেদকরা+ণক) ব্য, ন, লাঙ্গলের ফাল। পুং, কবরী, মুরা নামক গন্ধ দ্রব্য বিশেষ।

কূটকর্ম্ম, (কূট+কর্ম্মন্=কার্য্য) ব্য, ন, জাল, প্রতারণা প্রভৃতি। ণ, ত্রি, জালকারী।

কূটকৃৎ, (কূট=মায়া, বঞ্চনা+কৃৎ=যে করে; ২-ষ) ব্য, পুং, কায়স্থ, লেখকজাতি। ণ, ত্রি, কপটকারী, জালকারক। [বিষয়ের শঠতা।

কূটতুলা, ব্য, স্ত্রী, কৃত্রিমতুলা, ওজন

কূটপাকল, (কূট=রাশি+পাক=পচন +ল—অস্ত্যার্থে) ব্য, পুং, কুম্ভকারের পোয়ান, হস্তীর রোগবিশেষ। [য়ান, কুম্ভকার।

কূটপালক, ব্য, পুং, কুম্ভকারের পো-

কূটমুদ্রা, ব্য, স্ত্রী, কৃত্রিম টাকা।

কূটবন্ধ, কূটযন্ত্র, (কূট=ফাঁদ+বন্ধ=যাহার দ্বারা বন্ধন করা যায়; কর্ম্মধা। কূট=ফাঁদ+যন্ত্র=কল; কর্ম্মধা) ব্য, পুং, ন, বন্ধনী, ফাঁদ।

কূটশাল্মলী, (কূট=মিথ্যা+শাল্মলী=শিমুলগাছ) ব্য, পুং, লী—স্ত্রী, জিউলী গাছ, কাশিমালা গাছ, কণ্টকী বৃক্ষবিশেষ।

কূটসংক্রান্তি, ব্য, স্ত্রী, যে সংক্রান্তিতে অর্দ্ধরাত্রের পর সূর্য্য অন্য রাশিতে সঞ্চরণ করে।

কূটসাক্ষী, (কূট=মিথ্যা, কল্পিত+সাক্ষী) ণ, ত্রি, মিথ্যাসাক্ষী, জাল-সাক্ষী।

কূটস্থ, (কূট=নাই, যাহার উপর রাখিয়া কর্ম্মকারেরা লৌহে আঘাত করে+স্থ=যে থাকে; কর্ম্মধা) ণ, ত্রি, লৌহকারেরা নাইয়ের উপর লৌহাদি রাখিয়া হাতুড়ি দ্বারা আঘাত করে, ঐ আঘাতে নাইয়ের উপরিস্থ লৌহের পরিবর্ত্তন হয় বটে কিন্তু নাইয়ের কিছুমাত্র পরিবর্ত্তন হয়না। এই নিমিত্ত নিত্য নির্ব্বিকার চিরকাল একাকৃতি পদার্থকে কূটস্থ বলে, সর্ব্বকাল ব্যাপী, নিত্য নির্ব্বিকার, চিরকাল একাকৃতি, যেমন আকাশ, আত্মা, পরমেশ্বর, উদাসীন, "জ্ঞান বিজ্ঞান তৃপ্তাত্মা কূটস্থো বিজিতে ন্দ্রিয়ঃ। যুক্ত ইত্যুচ্যতে যোগী সম লোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।" "কূটস্থমবিকারজং" তত্ত্বকৌমুদী।

কূটাগার, (কূট=শৃঙ্গ+আগার=গৃহ; ৬-ষ) ব্য, ন, প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ, নারীদিগের ক্রীড়াগৃহ

কূটায়ুধ, (কূট+আয়ুধ=অস্ত্র) বা, ন, কূট অস্ত্র, কাষ্ঠাদি আবরণ মধ্যে লুক্কায়িত তীক্ষ্ণ অস্ত্র।

কূটার্থ, (কূট=দুর্বোধ+অর্থ : কর্ম্মধা) বা, পুং, কঠিনার্থ, সহজ অর্থ নয়, অন্য প্রকার অভিপ্রায়, বিরুদ্ধ অর্থ, গুপ্ত অর্থ।

কূড্য, বা, ন, ভিত্তি, প্রাচীর।

কূণি, (কূণ্=সঙ্কুচিত হওয়া+ই) ণ, ত্রি, নখরোগী, রোগ বশতঃ যাহার নখ ও হস্ত সঙ্কুচিত হয়।

কূধলী, (দেশজ) বা, ঝুলি।

কূপ, কূপক, (কু=শব্দকরা+প ; উ=ঊ) বা, পুং, ভেকেরা যাহাতে শব্দ করে, পাৎকুয়া, কুয়া, গর্ত্ত, মাস্তুল। পী—স্ত্রী, নদী, মধ্যস্থ পর্ব্বত বা বৃক্ষ, তৈলপাত্র, কুপা।

কূপদর্দুর, কূপমণ্ডূক, (কূপ+দর্দুর, মণ্ডূক, বাং, ৭ ষ, ৭ স) বা, পং, পাতকুয়ার বাঙ। ণ, অদূরদর্শী, কূণো, যেরূপ কূপস্থ ভেক কূপে বদ্ধ থাকিয়া অন্য জলাশয়ের বার্ত্তা কিছু মাত্র জানে না, সেইরূপ যে ব্যক্তি কখন গৃহ হইতে বহির্গত হয় না এবং অন্য কোন স্থানের কোন বৃত্তান্ত জানে না, তাহাকে কূপমণ্ডূক বলে, অল্পজ্ঞ, যে অল্প বিষয়ের খবর রাখে।

কূপাঙ্ক, কূপাঙ্গ, (কূপ=কুয়া+অঙ্ক=চিহ্ন, অঙ্গ=দেহ) বা, পুং, রোমাঞ্চ

কূপার, (কু=পৃথিবী+পৃ=পূরণকরা+অ) বা, পুং, সমুদ্র, জলধি।

কূপিকা, বা, স্ত্রী, সমুদ্রস্থ পর্ব্বতাদি, কূপী, কুপা।

কূম, বা, ন, সরোবর।

কূর, বা, পুং, অন্ন, ভক্ত, ভাত।

কূর্চ্চ, (কুর্=শব্দ করা+চ) বা, পুং, —ন, ভ্রূদ্বয়ের মধ্যস্থল, ভ্রূমধ্যস্থ রোমচয়, কঠিন শ্মশ্রু, দাড়ী, অভিমু, মস্তক, ছল, দম্ভ, ময়ূরপুচ্ছ।

কূর্চ্চশির, (কূর্চ্চ=অভিমু+শিরস্=মস্তক) বা, ন, অভিমুখস্কন্ধ, গুড়মৎস্য।

কূর্চ্চশেখর, (কূর্চ্চ=শ্মশ্রু, খড়ুয়া+শেখর, ৬ ষ) বা, পুং, নারিকেল গাছ। [কুটক।

কর্চ্চি, (কুটজশব্দজ) বা, বৃক্ষবিশেষ,

কর্চ্চিকা, (কর্চ্চ=প্রশংসাকরা+ণক) বা, স্ত্রী, তুলি, পেনসিল, কুঞ্চিকা, কূচী সূচ, শলাকা, গাঢ়দুগ্ধ, ক্ষীর, কুট্টাল, কুঁড়ি। [কুন্দন।

কূন্দন, বা, ন, ক্রীড়া, খেলা, লম্ফন,

কূন্দনী, বা, স্ত্রী, চৈত্রীপূর্ণিমা, কামদেবের উৎসব তিথি।

কূর্প, কর্ব্ব, (কৃ=বিক্ষেপকরা+প,ব) বা, পুং—ন, নাসিকার উর্দ্ধভাগ, ভ্রূমধ্য, শ্মশ্রু, দাড়ি, গোপ।

কূর্পর, (কুর+পর, পালনাথ পৃ=ধাতুজ) বা, পুং, হাঁটু, কণুই।

কূর্পাস, (কূর্পর=কণুই+আস=যে থাকে, র—লোপ) বা, পুং—ন, কঞ্চুক, কাঁচুলি।

কূর্পাসক, (কূর্পর=কণুই+আস=যে থাকে, র—লোপ, ক—যোগ) বা, পুং—ন, কঞ্চুক, কাঁচুলি।

কূর্ম্ম, (কু=কুৎসিত, ঈষৎ+ঊর্ম্মি=বেগ+অ- অস্ত্যর্থে) বা, পুং, দেশজ বাগ্‌বিশেষ, কচ্ছপ। র্ম্মী—স্ত্রী, কচ্ছপী।

কূর্ম্মপৃষ্ঠক, (কূর্ম্ম=কচ্ছপ+পৃষ্ঠ=পিঠ+ক—ইবার্থে) বা,ন, শরাব, শরা।

কূর্ম্মাঙ্গ ন্যায়——

কূর্ম্ম যেরূপ স্বেচ্ছাক্রমে নিজ অঙ্গাদি প্রসারিত বা বিলীন করে অর্থাৎ কখন শরীরকে হস্তাদিবিশিষ্ট করে বা বহির্নির্গমনশূন্য করে সেইরূপ।

কূল, (কূল=আবরণ করা+অ) বা, ন, তট, জলাশয়ের তীর "কূলানি সামর্ষতয়েব তেনুঃ, সরোজলক্ষ্মী"

মলপঙ্কহারৈঃ" ভট্টি। তড়াগ পুকুর, কূপ, রাশি, সৈকপৃষ্ঠ।

কূলক, (কূল+ণক—ষ) ষ্য, পুং, উয়ের ঢিপি। (কূল+ক) পুং, ন, স্তূপ, তট।

কূলঙ্কষ, (কূল+কষ=বধকরা+খ—ষ) ষ্য, পুং, সমুদ্র। ষ্য—স্ত্রী, নদী, "কূলঙ্কষেব সিন্ধুঃ প্রসন্নমোঘং তটতরুঞ্চ" শকুন্তলা।

কূলভূ, (কূল+ভূ=পৃথিবী) ষ্য, স্ত্রী তীরভূমি, তটপ্রদেশ।

কূলবতী, (কূল—তীর+বৎ—অস্ত্যর্থে, ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, নদী।

কূলহুণ্ডক, (কূল=তীর+হুনড=একত্র করা, ভিড় হওয়া+অক) ষ্য, পুং, জলের ঘূর্ণ, জলাবর্ত্ত।

কল্মিকা, ষ্য, স্ত্রী, কুম্বর বংশী।

কূবর, (কু+শব্দকরা+বর) ষ্য, পুং কুব্জ, কুঁজো। পুং—ন, যুগন্ধর, যে স্থানে যুগকাষ্ঠ সংলগ্ন থাকে, কবচ। রী—স্ত্রী, কম্বলাবৃত রথ। ণ, ত্রি, রমণীয়, মনোহর।

কৃক, (কৃ=করা+ক) ষ্য, পুং, যে শব্দ করে বা উৎপাদন করে গলদেশ, গলা।

কৃকণ, ষ্য, পুং, পক্ষিবিশেষ, কৃকর পক্ষী, কয়ার পাখী।

কৃকর, (কৃক=গলদেশ+র—যে দান বা গ্রহণ করে) ষ্য, পুং, পক্ষিবিশেষ, শরীরের মধ্যবর্ত্তী এক প্রকার বায়ু।

কৃকলা, ষ্য, স্ত্রী, পিঁপুল।

কৃকলাশ, কৃকলাস, কৃকুলাস, (কৃক =শিরঃ, গ্রীবা, কণ্ঠ+লাস=যে কাঁপায়, ২-ষ) ষ্য, পুং, সরীসৃপবিশেষ, প্রতিসূর্য্যক, কাঁকলাস, এই জন্তুর শরীরের বর্ণ সর্ব্বদা পরিবর্ত্ত হয়।

কৃকবাকু, (কৃক=শিরঃ, গ্রীবা+বচ্ =বলা+উ) ষ্য, পুং, কাঁকলাস, টিকটিকী, ময়ূর, কুক্কুট।

কৃকবাকুধ্বজ, (কৃকবাকু=ময়ূর+ধ্বজ, =পতাকা, চিহ্ন, ৬-হ) ষ্য, পুং, ময়ূরধ্বজ, কার্ত্তিকেয়, কুমার।

কৃকাটিকা, (কৃক=কণ্ঠ+অট্=গমনকরা+ণক—ষ) ষ্য, স্ত্রী, গ্রীবা, ঘাড়।

কৃচ্ছ্র, (কৃৎ=ছেদনকরা+র, নিপাতনে) ষ্য, পুং-ন কষ্ট "কৃচ্ছ্রাদুরুযুগং ব্যতীত্য সুচিরং লাবণ্য নি ভবস্থলে" রত্নাবলী। শারীরিক ক্লেশ, আপদ। 'যোসৌ বৃদ্ধস্ত জাতস্ত তথা কৃচ্ছগতস্ত হ" মহাভারত। প্রায়শ্চিত্ত, পাপ কঠোরব্রত বিশেষ, মূত্রকৃচ্ছ্ররোগ। ণ, ত্রি, ক্লিষ্ট, কষ্টদায়ক, দুষ্ট, পাপিষ্ঠ।

কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র, ষ, পুং, অতিকষ্ট, প্রায়শ্চিত্তবিশেষ।

কৃণু, (কৃ=করা+নু—সংজ্ঞার্থে) ষ্য, পুং, চিত্রকরজাতি।

কৃৎ, (কৃ=করা+ক্বিপ্) ষ্য, পুং, ধাতুর বিহিত প্রত্যয়, তব্যাদি চণম পর্য্যন্ত।

কৃত, (কৃ=করা, ছেদনকরা+ক্ত—ঢ, ভাব) ষ্য, ন, প্রয়োজন, যথেষ্ট, পর্য্যাপ্তি কার্য্য, সত্যযুগ, "চতুষ্পাৎ সকলো ধর্ম্মঃ সত্যং চৈব কৃতে যুগে"। ণ, ত্রি, সম্পাদিত, বিহিত, রচিত, অভ্যস্ত, শিক্ষিত, ব্যাহত।

কৃতক, (কৃৎ=ছেদনকরা+ণক) ষ্য, ণ, ত্রি, কারক, কৃত্রিম, কৃত্রিমলবণ।

কৃতকর্ম্মা, (কৃত+কর্ম্মন, ৩-হ) ণ, ত্রি, কার্য্যক্ষম, কৃতকার্য্য, যে কার্য্য সম্পন্ন করিয়া তুলিয়াছে।

কৃতকার্য্য, (কৃত+কার্য্য, ৩-হ) ণ, ত্রি, কৃতার্থ, চরিতার্থ।

কৃতকৃতার্থ, ণ, ত্রি, চরিতার্থ, সফল, ভাগ্যবান্।

কৃতকৃত্য, কৃতক্রিয়, (কৃত+কৃত্য, ক্রিয়া—কার্য্য, ৩.হ) ণ, ত্রি, চরিতার্থ, কৃতার্থ, বিদ্বান্, কৃতকর্ম্মা, কৃতকার্য্য।

কৃতঘ্ন, (কৃত+ঘ্ন—যে নষ্ট করে, ২-ষ) ণ, ত্রি, যে অন্যকর্ত্তৃক কৃত উপকার স্বীকার করে না, অকৃতজ্ঞ, নেমকহারাম, 'ঘ্নাতন্ কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ'

কৃতচূড, (কৃত+চূড়া ; ৬.হ) ষ্য, পুং, যে বালকের চূড়াকরণসংস্কার হইয়াছে।

কৃতজ্ঞ, (কৃত+জ্ঞ—যে জানে, ২-ষ) ণ, ত্রি, যে অন্য কর্ত্তৃক কৃত উপকার চিরকাল স্মরণ করে এবং যথাসাধ্য উপকারীর প্রত্যুপকারে যত্নবান্ হয়, কর্ত্তব্য বিষয়ে মনোযোগী। ষ্য, পুং, কুক্কুর।

কৃতজ্ঞতা, (কৃতজ্ঞ+তা-ভাবে) ষ্য, স্ত্রী, উপকার স্মরণ বা স্বীকার করা, সাধ্যানুসারে উপকারকের অনিষ্ট নিবারণের চেষ্টা বা হিত চিন্তা করা।

কৃতদার, (কৃত+দার—স্ত্রী) ষ্য, পুং, বিবাহিত, যে ব্যক্তি দারপরিগ্রহ করিয়াছে। [দাসবিশেষ।

কৃতদাস, ষ্য, পুং, পঞ্চদশ দাসান্তর্গত

কৃতধী, (কৃত+ধী—বুদ্ধি, ৬.হ) ণ, ত্রি কৃতবুদ্ধি দেখ।

কৃতনিশ্চয়, (কৃত+নিশ্চয়, ৩.হ) ণ, ত্রি, যে নিশ্চয় করিয়াছে, যে কর্ত্তব্য স্থির করিয়াছে, যাহার অন্তঃকরণে কার্য্যসিদ্ধির দৃঢ়নিশ্চয় হইয়া আছে।

কৃতপুঙ্খ, (কৃত—অভ্যস্ত+পুঙ্খ, ৬.হ) ণ, ত্রি, শরক্ষেপণে সুপণ্ডিত, যে নিপুণতার সহিত বাণক্ষেপণ করিতে পারে। [পূর্ব্বে করা হইয়াছে।

কৃতপূর্ব্ব, (কৃত+পূর্ব্ব) ণ, ত্রি, যাহা

কৃতপূর্ব্বী, (কৃতপূর্ব্ব+ইন্) ণ, ত্রি, যে পূর্ব্বে করিয়াছে, পূর্ব্ব সম্পাদনকর্ত্তা।

কৃতপৌরুষ, (কৃত+পৌরুষ—পুরুষত্ব) ণ, ত্রি, যে পুরুষত্ব প্রকাশ করিয়াছে, যে সাহসিকতা দেখাইয়াছে।

কৃতবুদ্ধি, (কৃত+বুদ্ধি, ৩.হ) ণ, ত্রি, কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনে যাহার বুদ্ধি অবিচলিত থাকে, যে ব্যক্তি সংশয় স্থলে অনায়াসে ইতিকর্ত্তব্য স্থির করিতে পারে।

কৃতম্, (কৃ—করা+তম্) ষ্য, নিষেধ, পর্য্যাপ্ত, প্রয়োজনাভাব।

কৃতমাল, ষ্য, পুং, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ, কর্ণিকার বৃক্ষ, ছোট সোণালু গাছ।

কৃতমুখ, (কৃত+মুখ—প্রধান, শ্রেষ্ঠ) ণ, ত্রি, কৃতকর্ম্মা।

কৃতলক্ষণ, (কৃত—অভ্যস্ত অর্থাৎ অনুরাগবশতঃ পুনঃ পুনঃ উচ্চারিত +লক্ষণ—নাম, ৬.হ) ণ, ত্রি, লব্ধপ্রতিষ্ঠ, গুণদ্বারা প্রসিদ্ধ, গুণবান্।

কৃতবর্ম্মা, (কৃত+বর্ম্মন্—কবচ) ষ্য, পুং, হৃদিকারপুত্র যাদববিশেষ। ণ, ত্রি, যে বর্ম্ম ধারণ করিয়াছে।

কৃতবিদ্য, (কৃত+বিদ্যা—জ্ঞান, ৩.হ) ণ, ত্রি, শিক্ষিতবিদ্য, যে ব্যক্তি বিদ্যায় বিলক্ষণ পারদর্শী হইয়াছে।

কৃতবীর্য্য, (কৃত [কৃত্—সম্যক্ শব্দ করা+অ] সংশব্দিত+বীর্য্য—বীরত্ব, ৬.হ) ষ্য, পুং, যাহার বীর্য্য সংশব্দিত হইয়াছে, রাজাবিশেষ, কার্ত্তবীর্য্যের পিতা। ণ, ত্রি, যে বীরত্ব প্রকাশ করিয়াছে।

কৃতবেতন, (কৃত—নিযুক্ত+বেতন) ণ, ত্রি, বেতন দিয়া যে সকল ভৃত্যদিগকে নিযুক্ত করা যায়।

কৃতশ্রম, (কৃত+শ্রম—শ্রান্তি) ণ, ত্রি, পরিশ্রমী, যে শ্রম করিয়াছে।

কৃতসাপত্নী,—ত্নিকা, (কৃত+সাপত্ন্য—সপত্নীভাব; ৬.হ ; ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য,

স্ত্রী, যাহার সপত্নীভাব করা হই-
য়াছে, অধিবিন্না, যে স্ত্রীর স্বামী
পুনরায় দারপরিগ্রহ করিয়াছে।

কৃতস্বর, ষ্য, পুং, সুবর্ণের খনি।

কৃতহস্ত, (কৃত=অভ্যস্ত+হস্ত=হাত,
৬.হ) ণ, ত্রি, শরক্ষেপণে কার্য্যদক্ষ,
ক্ষিপ্রহস্ত, যিনি লঘু হস্তে বাণ ক্ষে-
পণ করিতে পারেন।

কৃতাকৃত, (কৃত+অকৃত) ণ, ত্রি,
যাহার কিয়দংশ করা হইয়াছে
অবশিষ্ট অংশ করা হয় নাই, আরব্ধ
কিন্তু অসমাপ্ত।

কৃতাঞ্জলি, (কৃত+অঞ্জলি, ৩.হ) ণ,
ত্রি, বদ্ধাঞ্জলি, যুক্তপাণি, যুক্তকর,
যে যোড়হাত করিয়াছে।

কৃতাত্মা, (কৃত+আত্মন্) ণ, ত্রি,
শুদ্ধচিত্ত, সংস্কৃতচিত্ত, শিক্ষিতবুদ্ধি,
"নমস্তস্মৈ কৃতাত্মনে।"

কৃতাধিষ্ঠান, (কৃত+অধিষ্ঠান) ণ,ত্রি,
যে অধিষ্ঠান করিয়াছে, যাহার আ-
বির্ভাব হইয়াছে।

কৃতান্ত, (কৃত+অন্ত=নাশ বা নিশ্চয়,
শেষ, ৩.হ) ষ্য, পুং, যম, দৈব,
অমঙ্গল কার্য্য, সিদ্ধান্ত, শনিবার।
ণ, ত্রি, জ্ঞাত, নির্ণীত।

কৃতাপকার, (কৃত+অপকার=ক্ষতি)
ণ, ত্রি, অপকারী, অপকৃত।

কৃতাপরাধ, (কৃত+অপরাধ=দোষ)
ণ, ত্রি, অপরাধী, দোষী।

কৃতাভিষেক, (কৃত+অভিষেক) ণ,
ত্রি, রাজ্যে অভিষিক্ত।

কৃতার্থ, (কৃত+অর্থ=প্রয়োজন,৩.হ)
ণ, ত্রি, কৃতকার্য্য, চরিতার্থ।

কৃতার্থম্মন্য, (কৃতার্থ+মন্=বোধ-
করা+য) ণ, ত্রি, যে আপনাকে
কৃতার্থ বোধ করে।

কৃতার্থিত, (কৃতার্থ+ইত) ণ, ত্রি,
কৃতার্থীকৃত, যাহাকে কৃতার্থ করা
গিয়াছে।

কৃতালয়, (কৃত+আলয়=গৃহ)ষ্য, পুং,
ভেক, বেঙ। [অস্ত্রশিক্ষা করিয়াছে।

কৃতাস্ত্র, (কৃত+অস্ত্র) ণ, ত্রি, যে

কৃতি, (কৃ=করা+তি—ভাব)ষ্য, স্ত্রী,
কারণ, কার্য্য, রচনা, যত্ন, ২০ অক্ষর
ছন্দঃ। [দক্ষ। ষ্য, পুং, রাবণ।

কৃতিকর, ণ, ত্রি, ক্ষমতাবান্, কার্য্য-

কৃতিত্ব, (কৃতিন্+ত্ব—ভাবে) ষ্য, ন,
দক্ষতা, উপযুক্ততা, কৃতকার্য্যতা।

কৃতী, (কৃত=কার্য্য+ইন্—অস্ত্যর্থে)
ণ, ত্রি, পণ্ডিত, সমর্থ, পুণ্যবান্,
ধার্ম্মিক, কুশল, কৃতার্থ, কর্ম্মক্ষম।

কৃতোদ্বাহ, (কৃত+উদ্বাহ=বিবাহ,৬.হ)
ণ, ত্রি, বিবাহিত, পরিণীত।

কৃত্ত, (কৃত্=ছেদন করা+ক্ত)ণ, ত্রি,
ছিন্ন, যাহা ছেদ করা হইয়াছে,
ছিন্ন, বিভক্ত, অভিপ্রেত, বেষ্টিত।

কৃত্তি, (কৃত্+তি) ষ্য, স্ত্রী, চর্ম্ম,
ত্বক্, ভূর্জ্জপত্র, 'ব্যাঘ্রকৃত্তিং বসানং'।

কৃত্তিকা, (কৃত্+তিকন্) ষ্য, স্ত্রী,
তৃতীয় নক্ষত্র, কার্ত্তিকেয়ের ছয়জন
ধাত্রীর মধ্যে এক জন।

কৃত্তিকাভব, (কৃত্তিকা=নক্ষত্রবিশেষ
+ভব=যে জন্মিয়াছে) ষ্য, পুং,
চন্দ্র।

কৃত্তিকাসুত, (কৃত্তিকা+সুত=পুত্র)
ষ্য, পুং, কৃত্তিকা কর্ত্তৃক প্রতিপা-
লিত, কার্ত্তিকেয়, ষড়ানন।

কৃত্তিবাস, কৃত্তিবাসস্, (কৃত্তি=চর্ম্ম+
বাস, বাসস্=বস্ত্র, ৬.হ) ষ্য, পুং,
চর্ম্মাম্বর, মহাদেব, শিব, "স কৃত্তি-
বাসাস্তপসে যতাত্মা গঙ্গাপ্রবাহো-
ক্ষিতদেবদারু, প্রস্থং হিমাদ্রের্ম্মৃগ-
নাভিগন্ধি কিঞ্চিৎক্বণৎকিন্নরমধ্যু-
বাস" কুমারসম্ভব। বিখ্যাত বাঙ্গালা
পদ্য রামায়ণানুবাদের অনুবাদক।

কৃত্য, (কৃ=করা+ক্যপ—চ.ভাব) ষ্য,
ন, কার্য্য, প্রয়োজন, কারণ, তবা
হইতে কেলিন পর্য্যন্ত সমুদায় কৃৎ

প্রত্যয় । ত্তা—স্ত্রী, ক্রিয়া, কার্য্য, বিধান। ণ, ত্রি, কর্ত্তব্য।

কৃত্যবিদ্, (কৃত্য+বিদ্=যে জানে) ণ, ত্রি, কার্য্যজ্ঞ, বিধানজ্ঞ।

কৃত্রিম, (কৃ=করা+ত্রিমক্—নির্বৃত্তার্থে) ণ, ত্রি, ক্রিয়া দ্বারা নিষ্পন্ন, কল্পিত, কাল্পনিক, অস্বাভাবিক, অযথার্থ, জাল, যথা—কৃত্রিমলেখা, অবিশুদ্ধ, যাহা খাঁটি নয়, যথা—কৃত্রিমধাতু। ষ্য, পুং কৃত্রিমপুত্র। ন, বিড্‌লবণ, রসাঞ্জন।

কৃত্রিমপুত্র ; ষ্য, পুং, পুত্রোচিতগুণসম্পন্ন যে সজাতীয় বালককে পুত্ররূপে গ্রহণ করা যায়, গৃহীত পুত্র, "সদৃশং তু প্রকুর্য্যাদ্যং গুণদোষবিচক্ষণম্। পুত্রং পুত্রগুণৈর্যুক্তং স বিজ্ঞেয়শ্চ কৃত্রিমঃ"। পুত্তলিকা।

কৃত্রিমরাশি, ষ্য, পুং, দুই রাশিকে পরস্পর গুণ করিয়া যে রাশি উৎপন্ন হয়।

কৃৎস্ন, (কৃত্=বেষ্টনকরা+স্ন) ণ, ত্রি, সমুদায়, সকল, সম্পূর্ণ "জিতেষু ননু লোকোঽয়ং তেষু কৃৎস্নস্ত্বয়া জিতঃ" ভারবি। ষ্য, ন, জল, কুক্ষি।

কৃদর, (কৃত্=ধারণকরা+অর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, শস্যাদি রাখিবার আগার, গোলা।

কৃন্তত্র, ষ্য, ন, হল, লাঙ্গল।

কৃন্তন, (কৃৎ=ছেদনকরা+অনট—ভাব) ষ্য, ন, ছেদন। নী—স্ত্রী, ছেদনাস্ত্র, যাহা দ্বারা ছেদন করা যায়।

কৃপ, (কৃপ্=পারকহওয়া+অ) ষ্য, পুং, শরদ্বান্ মুনির পুত্র, কৃপাচার্য্য। পী—স্ত্রী, দ্রোণপত্নী, অশ্বত্থামার মাতা।

কৃপণ, (কৃপ+অন) ণ, ত্রি, দীন, কাতর, ক্ষুদ্র, নীচ, ব্যয়কুণ্ঠ।

কৃপা, (কৃপ+আ—ভাব) ষ্য, স্ত্রী, দয়া, করুণা।

কৃপাণ, (কৃপ+আন—সংজ্ঞার্থে) ষ্য, পুং, খড়্গ। ণী—স্ত্রী, ছোরা, ছুরি।

কৃপাণিকা, (কৃপাণ+ক—যোগ) ষ্য, স্ত্রী, কাতারি, ছুরিকা, ছুরী।

কৃপালু, (কৃপ্=কৃপাকরা+আলু—শীলার্থে) ণ, ত্রি, দয়ালু, করুণাবিষ্ট।

কৃপীট, (কৃপ্=পারকহওয়া+ঈট—সংজ্ঞার্থে) ষ্য, ন, কাষ্ঠ, বন, জল, উদর।

কৃপীটপাল, (কৃপীট=জল+পাল=যে রক্ষা করে ইত্যাদি) ষ্য, পুং, সমুদ্র, নৌকার হাইল, পবন।

কৃপীটযোনি, (কৃপীট=ইন্ধন+যোনি=উৎপত্তিস্থান, ৬-হ) ষ্য, পুং, অগ্নি, স্বনাম প্রসিদ্ধ মুনিকুমারবিশেষ।

কৃমি, ক্রিমি, (ক্রম্=গমনকরা+ই) ষ্য, পুং, কীট, পোকা।

কৃমিকণ্টক, ষ্য, ন, বিড়ঙ্গ, চিত্রাঙ্গ।

কৃমিকোশোত্থ, (কৃমিকোশ—গুটি+উত্থ=যে উঠে, ৫-য) ণ, ত্রি, কৌষেয়, রেসমীকাপড়।

কৃমিঘ্ন, ষ্য, পুং, বিড়ঙ্গ, পলাণ্ডু, ভল্লাতক, ভেলা।

কৃমিজ, ক্রিমিজ, (কৃমি, ক্রিমি+জ=জাত, উৎপন্ন) ণ, ত্রি, কৃমি হইতে জাত। ষ্য, ন, অগুরু চন্দন। জা—স্ত্রী, লাক্ষা, লা।

কৃমিদন্তক, ষ্য, পুং, দন্তশূল, দাঁতকড়া।

কৃমিল, (কৃমি+লা=গ্রহণকরা+ড) ণ, ত্রি, কৃমিযুক্ত। লা—স্ত্রী, বহুসন্তান প্রসবিনী স্ত্রী।

কৃমিশৈল, ক্রিমিশৈল, (কৃমি, ক্রিমি+শৈল=পাহাড়) ষ্য, পুং, বল্মীক, উয়ের ঢিপি।

কৃমীলক, ষ্য, পুং, বনমুদ্গ, বনমুগ।

কৃবি, (কৃ=করা+বি—সংজ্ঞার্থে) ষ্য,

পুং, তাঁত, কাপড় বুনিবার যন্ত্র।

কৃশ, (কৃশ=সূক্ষ্ম করা+ক্ত; নিপাতন) ণ, ত্রি, ক্ষীণ, দুর্ব্বল, মন্দবীর্য্য, অসম্পূর্ণ, দরিদ্র, ক্ষুদ্র, অল্প, বিরল, লঘু, পাতলা। শূদ্রীর যথা, "সখোক্তঃ ক্রীড়মানেন স তত্র হসতা কিল, ঋষিপুত্রেণ নর্ম্মার্থে কৃশেন দ্বিজসত্তম" মহাভারত।

কৃশর, ষ্য, পুং, তিলান্নবিশেষ, তিল বাটা, তিলের খিচুড়ী।

কৃশলা, (কৃশ=সূক্ষ্ম+লা=যে গ্রহণ করে) ষ্য, স্ত্রী, কেশ, চুল।

কৃশাকু, ষ্য, পুং, উষ্ণতা, উত্তাপ, বিষাদ।

কৃশাঙ্গ, (কৃশ=ক্ষীণ+অঙ্গ=শরীর, ৬হ) ণ, ত্রি, ক্ষীণকায়। ঙ্গী—স্ত্রী, প্রিয়ঙ্গু লতা।

কৃশানু, কৃশাণু, (কৃশ+আনু—সংজ্ঞার্থে) ষ্য, পুং, অগ্নি, আগুন, "কুর্ব্বন্নর্চিঃ সহসা তদ্যাদঙ্কং কৃশানুঃ কিল নিষ্পাপ" কুমার সম্ভব।

কৃশানুরেতাঃ (কৃশানু=অগ্নি+রেতস=শুক্র, ৬হ) ষ্য, পুং, যাহার বীর্য্য কৃশানুর ন্যায় তীব্র, কিম্বা যাহার অগ্নিতে শুক্র, শিব, দেবী [illegible] সময় [illegible] শুক্র আগুনে নিক্ষিপ্ত হয় সেই তেজঃ হইতে কার্ত্তিকেয় জন্ম হয়।

কৃশাশ্বী, (কৃশাশ্ব=নৃত্যগীতাদি প্রবর্ত্তক ও প্রণেতা মুনিবিশেষ+ইন্) ষ্য, পুং, নট, নর্ত্তক।

কৃষক, (কৃষ্=ভূমিচসা+ণক) ষ্য, পুং, কর্ষক, চসা, কৃষাণ, লাঙ্গলের ফাল, বৃষ। ণ, ত্রি, কর্ষক। [কৃষক।

কৃষাণ, (দেশজ) ষ্য, বেতনভোগী

কৃষি, (কৃষ+ই—ভাব) ষ্য, স্ত্রী, কৃষিকর্ম্ম, চাষবাস, ভূমি। পুং, কৃষক।

কৃষিজীবী, কৃষীবল, (কৃষি=চাস+জীবিন্=যে জীবিকা নির্ব্বাহকরে, কৃষি=চাস+বল—অস্ত্যর্থে, ই—ঈ) ণ, ত্রি, কৃষক, চাসা, যে কৃষি কর্ম্ম অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করে।

কৃষ্কর, ষ্য, পুং, শিব।

কৃষ্ট, (কৃষ+ক্ত—ঢ) ণ, ত্রি, কর্ষণ করা, চসা ক্ষেত, আকৃষ্ট।

কৃষ্টপচ্য (কৃষ্ট=চসা ক্ষেত+পচ্=পাক করা+য—ঢ ৫-ষ) ণ, ত্রি, ধান্যাদি শস্য, [illegible]।

কৃষ্টি, (কৃষ+ক্তি- ভাব) ষ্য, পুং, বিদ্বান পণ্ডিত। স্ত্রী, কৃষিকর্ম্ম, কর্ষণ।

কৃষ্ণ (কৃষ=আকর্ষণ করা+ন) ষ্য, পুং, যিনি মনুষ্যের মন আকর্ষণ করেন, যাহার [illegible] সংসার হইতে মুক্ত হয়, অথবা যিনি কৃষ্ণবর্ণ, বিষ্ণুর অবতার বিশেষ, 'কৃষি র্ভূবাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ, বিষ্ণুস্তদ্ভাবযোগাচ্চ কৃষ্ণো।" ব্যাসদেব অর্জ্জুন, কোকিল, কাক, [illegible] [illegible], নীলাঞ্জন কালাগুরু। ষ্যা [illegible], দ্রৌপদী, দুর্গা [illegible], পিপ্পলী, কালীবর্ণ, দ্রাক্ষা, নীল [illegible], কৃষ্ণজীরক [illegible] [illegible], শারিবা, [illegible] পর্পটী, সোমরাজী। ণ, ত্রি, নীলবর্ণ।

কৃষ্ণকন্দ, (কৃষ্ণ=কাল+কন্দ=মূল, ডাঁটা) ষ্য, ন, রক্তকমল।

কৃষ্ণকর্ম্মা, (কৃষ্ণ=মলিন+কর্ম্মন, ৬হ) ণ, ত্রি পাপী, দোষী, অধার্ম্মিক।

কৃষ্ণকলি, (কৃষ্ণ+কলি=কলিকা ৬হ) ষ্য, পুং, কৃষ্ণের ন্যায় চূড়া কলি যাহার, স্বনাম প্রসিদ্ধ পুষ্পবৃক্ষবিশেষ

কৃষ্ণকোহল, ষ্য, পুং, পাশক্রীড়ক, জুয়াড়ি।

কৃষ্ণগতি, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ+গতি=চলিবার পথ, ৬হ) ষ্য, পুং, অগ্নি।

কৃষ্ণবক্ষা, ব্য, স্ত্রী, গোক্ষুরবৃক্ষ, গ-ন্ধিনাগাছ।
কৃষ্ণচঞ্চুক, ব্য, পুং, চণক, ছোলা।
কৃষ্ণচতুর্দ্দশী,ব্য,স্ত্রী.কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী
কৃষ্ণচূড়া, ব্য, স্ত্রী, পুষ্পবিশেষ।
কৃষ্ণচূড়িকা, ব্য, স্ত্রী. গুঞ্জা, কুঁচ।
কৃষ্ণচূর্ণ. (কৃষ্ণ=কাল+চূর্ণ) ব্য. ন, লোহমল, লোহার গুঁড়া, মরিচা।
কৃষ্ণজীরক, (কৃষ্ণ+জীরক ; কর্ম্মধা) ব্য. পুং, কেলেজীরে।
কৃষ্ণতার, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ+তারা= কনীনিকা , ৬ হ) ব্য, পুং, হরিণ।
কৃষ্ণদেহ, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ+দেহ=শরীর, ৬.হ) ব্য, পুং, ভ্রমর। ণ, ত্রি, কৃষ্ণবর্ণ শরীর।
কৃষ্ণদ্বৈপায়ন, ব্য, পুং. বেদব্যাস, কৃষ্ণ বর্ণ বলিয়া কৃষ্ণ এবং দ্বীপে জন্ম-গ্রহণ করিয়াছিলেন বলিয়া দ্বৈপায়ন
কৃষ্ণপক্ষ, ব্য, পুং, যে পক্ষে চন্দ্রের কলা ক্ষয় হয়।
কৃষ্ণপর্ণী, ব্য, স্ত্রী. কালতুলসী।
কৃষ্ণপিঙ্গলা, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ+পিঙ্গল= নীল পীত মিশ্রিত বর্ণ) ব্য, স্ত্রী, দুর্গা, যিনি এইরূপ বর্ণবিশিষ্টা
কৃষ্ণফলা, ব্য, স্ত্রী সোমরাজী।
কৃষ্ণভূম, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ+ভূমি=মৃত্তিকা. ৬ হ) ব্য, পুং, কৃষ্ণবর্ণ মৃত্তিকাযুক্ত দেশ।
কৃষ্ণভেদা, কৃষ্ণভেদী. ব্য, স্ত্রী, কটুকি
কৃষ্ণমৃগ. (কৃষ্ণ=কাল+মৃগ=মৃগ. কর্ম্মধা) ব্য, পুং, কাল মৃগ।
কৃষ্ণলক, কৃষ্ণলা, (কৃষ্ণ=কৃষ্ণবর্ণ+ল =যে লয়, ক—যোগ) ব্য, গুঞ্জা, রত্তি, কুঁচ।
কৃষ্ণলোহ,(কৃষ=যে আকর্ষণ করে+ লোহ) ব্য, স্ত্রী, অয়স্কান্ত মণি।
কৃষ্ণবক্ত্র, (কৃষ্ণ=কাল+বক্ত্র=মুখ, ৬.হ) ব্য, পুং, বানর।
কৃষ্ণবর্ত্মা, (কৃষ্ণ+বর্ত্মন্=পথ ; ৬.হ) ব্য, পুং, যাহার পথ কৃষ্ণবর্ণ, অগ্নি, রাহু। ণ, ত্রি. দুরাচার।
কৃষ্ণশৃঙ্গ, (কৃষ্ণ=কাল+শৃঙ্গ=শিং, ৬.হ)ব্য,পুং যাহার শৃঙ্গ কাল,মহিষ।
কৃষ্ণসখ, (কৃষ্ণ+সখ=সখিশব্দজ,৬-ষ) ব্য, পুং, কৃষ্ণের সখা, অর্জ্জুন।
কৃষ্ণসার, কৃষ্ণশার, (কৃষ্ণ=কাল রং +সার=শবল ; কর্ম্মধা) ব্য, পুং, কালসার হরিণবিশেষ।
কৃষ্ণসারথি,(কৃষ্ণ+সারথি ; ৬.হ) ব্য, পুং, অর্জ্জুন।
কৃষ্ণাগুরু, (কৃষ্ণ + অগুরু, কর্ম্মধা) ব্য, পুং. কাল অগুরু, কৃষ্ণচন্দন।
কৃষ্ণাচল, (কৃষ্ণ=কাল + অচল=প-র্ব্বত) ব্য, পুং. রৈবত পর্ব্বত।
কৃষ্ণাজিন, (কৃষ্ণ+অজিন) ব্য, ন, কৃষ্ণসার মৃগের চর্ম্ম, কৃষ্ণত্বচ্।
কৃষ্ণামিষ, কৃষ্ণায়স, (কৃষ্ণ=কাল+ আমিষ=মাংস, বস্তু, অয়স্=লোহ) ব্য, ন, কৃষ্ণবর্ণ লোহ, চুম্বক লোহ।
কৃষ্ণার্চ্চিঃ, (কৃষ্ণ+ অর্চ্চিস্=অগ্নিশি-খা, ৬ হ) ব্য, পুং, অগ্নি।
কৃষ্ণিকা. কৃষ্ণ=কাল+ক-যোগ) ব্য, স্ত্রী, রাজিকা, রাইসরিষা।
কৃষ্ণেক্ষু.(কৃষ্ণ=কাল। ইক্ষু=আক্) ব্য, পুং, বাগুণি আক।
কৃষ্য, (কৃষ্+য—ঢ) ণ, ত্রি, কর্ষণ-যোগ্য, কৃষির উপযুক্ত।
কৃসর, (কৃ=বিক্ষেপকরা+সর—সং-স্রার্থে) ব্য. পুং, তিলতণ্ডুলমিশ্রিত অন্ন, তিলখাউ।
কৢপ্ত (কৢপ্=সমর্থ হওয়া + ক্ত , কর্ম্ম) ণ, ত্রি, রচিত, কল্পিত. স্থিরীকৃত, নিরূপিত।
কৢপ্তকীলা, (কৢপ্ত=স্থিরীকৃত+কীল =শঙ্কু) ব্য, স্ত্রী, অধিকার পত্র, কবু-লতি, পাট্টা।
কৢপ্তি, (কৢপ্+তি—ভাব) ব্য, স্ত্রী, কল্পনা, সম্পত্তি, নিয়ম, রচনা।

কৃত্রিক, ণ, ত্রি, ক্রীত।

কে, (কিম্ শব্দজ) সর্ব্বং, কোন্ ব্যক্তি, কোন মনুষ্য। (কিম্‌শব্দের প্রথমার বহুবচন) কাহারা, বাঙ্গালা ভাষার দ্বিতীয়া বিভক্তি,— যথা কাহাকে, রামকে, তোমাকে, তাহাদিগকে ইত্যাদি।

কেয়া, (কেতক শব্দজ) ব্য,কেতকী পুষ্পের বৃক্ষ, কেয়া ফুল।

কেকয়, ব্য,পুং, দেশবিশেষ, পঞ্জাবের মধ্যবর্ত্তী বিপাসা নদীর পশ্চিম তীরস্থ পার্ব্বতীয় দেশ, সূর্য্যবংশীয় নৃপবিশেষ।

কেকয়ী, কেকেয়ী, (কেকয়=সূর্য্যবংশীয় রাজাবিশেষ+ষ্ণ-অপত্যার্থে, ঈপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, দশরথ রাজার মধ্যমা পত্নী, ভরতের মাতা

কেঁচো, (কিঞ্চুলুক শব্দজ) ব্য, মহীলতা, কীটবিশেষ।

কেকর,(কে=মস্তকে+কর=যে করে) ণ, ত্রি, চলনাদি দ্বারা যে নেত্রদ্বয় মস্তকের দিকে করে,বক্রাক্ষি,টেরা।

কেকরাক্ষ, (কেকর+অক্ষ=অক্ষিশব্দজ, ৬.হ) ণ, ত্রি, যাহার চক্ষুঃ টেরা।

কেকা, (কে=অনুকরণশব্দ+কৈ=শব্দ করা+অ) ব্য,স্ত্রী, ময়ূরধ্বনি, ময়ূরের ডাক, "কেকাভির্নীলকণ্ঠানাম্।"

কেকাবল, (কেকা=ময়ূরের ধ্বনি+বল—অস্ত্যর্থে) ব্য, পুং, ময়ূর।

কেকী, (কেকা+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, ময়ূর।

কেঙ্গরু, (Kangaroo) ব্য, উদ্ভিদভোজী জন্তুবিশেষ, ইহাদের তলপেটে দুইটী এবং পশ্চাৎ পাদের মধ্যস্থলে একটী চর্ম্মময় থলী আছে ইহাদের শাবক হঠাৎ কোন ভয় পাইলে উক্ত স্থলীতে গিয়া লুকায়িত হয় এবং বিশ্রাম করে।

কেচিৎ, কেচন, (কে=কাহারা+চিৎ, চন—অসাকল্যার্থে) ব্য, কোন কোন ব্যক্তি।

কেচুক, ব্য, ন, কচু।

কেচুয়া, (কিঞ্চুলুক শব্দজ)ব্য, কেঁচো, ভূকেবিটল। [যোগযুক্ত।

কেজো, (কার্য্যার্থ শব্দজ) ণ, কা-

কেঠো, (কাষ্ঠশব্দজ) ব্য, কাষ্ঠ নির্ম্মিত জলসেচনী, কাষ্ঠময় পাত্র।

কেণিকা, (কিণ=আচ্ছাদনকরা+ণক) ব্য, স্ত্রী, তাম্বু, কাণাৎ।

কেত, ব্য, পুং, বাটী, ভবন।

কেতক, (কিত=বাসকরান+ণক)ব্য, পুং, কী—স্ত্রী, কেয়াফুলের গাছ। ন, তৎপুষ্প।

কেতন, (কিৎ=বাসকরা+অনট) ব্য, ন, ধ্বজ, পতাকা, চিহ্ন, কার্য্য, কৃত্য, স্থান, গৃহ, উপনিমন্ত্রণ।

কেতু, (কিৎ=বাসকরা+উ—সংজ্ঞার্থে,) ব্য, পুং, গ্রহবিশেষ, নবমগ্রহ, ধ্বজ, পতাকা, "চীনাংশুকমিব কেতোঃ প্রতিবাতং নীয়মানস্য"। শকুন্তলা। "ক্ষিতিষু দদৃশিরে পদানি জিষ্ণোরুপহিত কেতুরথাঙ্গ লাঞ্ছনানি" ভারবি। চিহ্ন, উৎপাত চিহ্ন,ধূমকেতু, শত্রু, রোগ।

কেতুভ, (কেতু=গ্রহবিশেষ+ভ=যে সমতুল্য হয়) ব্য, পুং, মেঘ, মেঘের বর্ণ কেতুর ন্যায় বলিয়া ইহাকে কেতুভ বলা যায়।

কেতুমাল, ব্য, ন, জম্বুদ্বীপের নয় বর্ষের এক বর্ষ। [বৈদূর্য্যমণি।

কেতুরত্ন, (কেতু+রত্ন=মণি) ব্য, ন,

কেদার, (কে=জলে+দৄ=বিদারণকরা+অ) ব্য, পুং, শিব, পর্ব্বতবিশেষ, ক্ষেত্র, "ভূমাবপোক কেদারে কালোপ্তানি কৃষীবলৈঃ। নানারূপাণি জায়ন্তে বীজানীহ স্বভাবতঃ।"ক্ষেতের আলি,আলবাল।

কেনারক, ষ্য, পুং, পদ্মকাষ্ঠ।
কেন, (কিম্+ইন। হেত্বর্থে তৃতীয়া স্থানে ইন) ব্য, কিহেতু, কিজন্য।
কেননা, (কেন+না=কারণদ্যোতক) ব্য, কারণ, যেহেতু।
কেনার, (কে=মস্তকে ইত্যাদি+নৃ=প্রাপণ+অ) ষ্য, পুং, কুম্ভিনরক, মস্তক, কপোল, সন্ধিস্থান।
কেনিপাত, (কে=জলে+নিপাত=যে গমন করে বা পতিত হয়) ষ্য, পুং, নৌকার হাইল।
কেন্দু, ষ্য, পুং, তিন্দুকবৃক্ষ।
কেন্দুক, ষ্য, পুং, গাবরবৃক্ষ, গাবগাছ, বাদ্যের তালবিশেষ।
কেন্দুয়া, (দেশজ) ণ, নেকড়ে বাঘ।
কেন্দ্র, ষ্য, পুং, লগ্ন, মেরু ভূপ্রান্ত, পৃথিবীর উত্তরদক্ষিণ প্রান্ত, গোল বস্তুর ঠিক মধ্যস্থান (Centre)"বৃত্তস্য মধ্যং কিল কেন্দ্র মুক্তং কেন্দ্রং গ্রহোচ্চান্তর মুচ্যতেঽতঃ। যতোঽন্তরে তাবতি ভূস্পদেশাৎনীচোচ্চবৃত্তস্য সদৈব কেন্দ্রম্" সিদ্ধান্তশিরোমণি।
কেন্দ্রবিমুখবল, ষ্য, ন, যে বলে বস্তু সকল কেন্দ্র হইতে আকৃষ্ট হয়। (Centrefugal force)
কেন্দ্রস্রোতঃ, (Polar current) মেরুর নিকট হইতে আগত স্রোতঃ।
কেন্দ্রাপসারণী শক্তি, যে শক্তি প্রভাবে দ্রব্যকে কেন্দ্রত্যাগ করিয়া যাইতে হয়। (Centrefugal Force)
কেন্দ্রাভিকর্ষণী শক্তি, (Centrepetal force) যে শক্তি প্রভাবে দ্রব্য কেন্দ্রের অভিমুখে যায়।
কেন্দ্রাভিমুখবল, যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখে আকৃষ্ট হয়। (Centrepetal force) [কিরূপ।
কেমন, (দেশজ) ক্রি—ণ, কি প্রকার,
কেবুক, ষ্য, পুং, বৃক্ষবিশেষ, কেঁউ।
কেয়ূর, (কে=মস্তকে এখানে প্রগণ্ড দেশে+যু=যোগকরা+উর=সংজ্ঞার্থে) ষ্য, ন, অঙ্গদ, তাড়, বাজু
কেয়ূরবন্ধ, (কেয়ূর=অঙ্গদ+বন্ধ্=বন্ধনকরা+অ—ডে) ষ্য, পুং, অঙ্গদ পরিধানের স্থান। [কার বটিয়া।
কেরওয়াল, (করবালশব্দজ) ষ্য, নৌকেরল ; ষ্য, পুং, দেশবিশেষ, মালবার দেশ, ইহার উত্তরে সহ্য পর্ব্বত ও দক্ষিণে কন্যাকুমারী। ণ, ত্রি, তদ্দেশীয়। লী—স্ত্রী, জ্যোতিঃ শাস্ত্রবিশেষ, এক ঘণ্টা। [বটিয়া।
কেরবাল, ষ্য, পুং, নৌকার হাইল,
কেলি, (কিল্=ক্রীড়াকরা+ই) ষ্য, পুং,—স্ত্রী, ক্রীড়া, কৌতুক, পরিহাস। লি, লী—স্ত্রী, পৃথিবী।
কেলিকদম্ব, ষ্য, পুং, বিখ্যাত বৃক্ষবিশেষ।
কেলিকলা, (কেলি=কৌতুক+কল্=শব্দকরা+অ। আ—স্ত্রীলিঙ্গে)ষ্য, স্ত্রী, সরস্বতীর বীণা, রতিক্রীড়া।
কেলিকিলা, (কেলি=কৌতুক+কিলা=যে ক্রীড়াকরে) ষ্য, স্ত্রী, রতি, কন্দর্পপত্নী।
কেলিকীর্ণ ; ষ্য, পুং, উষ্ট্র, উট।
কেলিকুঞ্চিকা, (কেলি=কৌতুক+কুঞ্চ্=সঙ্কুচিত হওয়া, বক্রহওয়া+ণক) ষ্য, স্ত্রী, স্ত্রীর ভগিনী, শালী।
কেলিকোষ, ষ্য, পুং, নট।
কেলিমুখ, (কেলি=ক্রীড়া+মুখ=প্রধান) ষ্য, পুং, কৌতুক, পরিহাস।
কেবর্ত্ত, (কে=জলে+বর্ত্ত=যে থাকে) ষ্য, পুং, জেলিয়া, দাশজাতি
কেবল, (কেব্=সেচনকরা+অল) ণ, ত্রি, একমাত্র, অসহায়, রিক্ত, কৃৎস্ন, সম্পূর্ণ। ন, অবধারিত, নিশ্চয়, নির্ণয়, শুদ্ধ।
কেশ, (ক=মস্তক+ঈশ=ভূষকরা+অ) ষ্য, পুং, চুল, দৈত্যবিশেষ, বরুণ, বিষ্ণু।

কেশকীট, (কেশ+কীট, ৬-ষ) ব্য, পুং, উকুন।

কেশগর্ভক, (কেশ+গর্ভক=কেশভূষণমালা, ৬-হ) ব্য, পুং, বিউনী, চুলের খোঁপা।

কেশঘ্ন, (কেশ+ঘ্ন=যে নাশ করে) ব্য, ন, কেশনাশক রোগ, টাক্ পড়া।

কেশচ্ছিদ্, (কেশ+ছিদ্=ছেদনকরা+ক্বিপ্—ষ) ব্য, পুং, নাপিত।

কেশট, ব্য, পুং, বিষ্ণু, ছাগ, উকুণ, ভ্রাতা, মদনের শোষণ বাণ, শোণাক বৃক্ষ।

কেশপাশ, কেশপক্ষ, কেশহস্ত, (কেশ+পাশাদি শব্দের অর্থ এস্থানে রাশি, অধিক) ব্য, পুং, চুলের গোছা, ভূষিত কেশগুচ্ছ।

কেশপর্ণী, ব্য, স্ত্রী, অপামার্গ বৃক্ষ।

কেশপাশী, (কেশপাশ+ঈ) ব্য, স্ত্রী, শিখা, চূড়া।

কেশমার্জ্জক, কেশমার্জ্জন, (কেশ+মার্জ্জক, মার্জ্জন [মৃজ্=পরিষ্কারকরা+ণক, অন—ষ] যে পরিষ্কার করে, ২-ব) ব্য, ন, চিরুণী।

কেশর, কেসর, (কে=জলে+শৄ=হিংসা করা+অ) ব্য, পুং—ন, যে জলে শীর্ণ হয়, কিঞ্জল্ক, পুষ্পের কেশাকার নাড়ী, পুষ্পের পাপড়ির মধ্যস্থলে যে কেশের মত সূক্ষ্ম পদার্থ থাকে, বকুলফুল। পুং, বকুলগাছ, নাগকেশর বৃক্ষ, সিংহ অশ্বাদির ঘাড়ের চুল।

কেশরী, কেসরী, (কেশর+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, সিংহ, অশ্ব, বানর বিশেষ, পুন্নাগ বৃক্ষ, নাগকেশর বৃক্ষ।

কেশব, (ক=ব্রহ্মা+ঈশ=শিব+ব=গমনার্থ বাধাতুজ) ব্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু। (কেশ+ব—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রশস্ত কেশযুক্ত।

কেশবিন্যাস, (কেশ+বিন্যাস=রচনা, ৬-ষ) ব্য, পুং, কবরীবন্ধন, কেশরচনা।

কেশবেশ, (কেশ+বেশ=সজ্জা, ৬-ষ) ব্য, পুং, কবরী, কেশবিন্যাস, চুলের খোঁপা।

কেশাকেশি, (কেশ+কেশ+ই; কেশে কেশে গ্রহণ করিয়া যে যুদ্ধ হয়, ১ হ) ব্য, ক্রি,—ণ, পরস্পর কেশ গ্রহণ পূর্ব্বক যুদ্ধ, চুলোচুলি। "কেশাকেশ্যভবদ্যুদ্ধং রক্ষসাং বানরৈঃ সহ" ভাট্টি।

কেশান্ত, (কেশ+অন্ত=শেষ) ব্য, পুং, কেশচ্ছেদন রূপ সংস্কারবিশেষ, কেশপ্রান্ত, কেশপাশ।

কেশাবমর্ষণ, (কেশ+অব=অনুপযুক্তভাবে+মর্ষণ=ঘর্ষণ) ব্য, ন, কেশাকর্ষণ।

কেশিমথন, কেশিসূদন, (কেশিন্=অসুরবিশেষ+মথন, সূদন=যে বধ করে, ২-ষ) ব্য, পুং, যিনি কেশিনামক অসুরকে বধ করিয়াছিলেন, কৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

কেশিহা, (কেশিন্=অসুরবিশেষ+হন্=যে বধ করে, ২-ষ) ব্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

কেশী, (কেশ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রশস্ত কেশবিশিষ্ট। ব্য, পুং, দৈত্য বিশেষ, সিংহ, বিষ্ণু।

কেশুণ্ড, ব্য, পুং, ভৃঙ্গরাজ বৃক্ষ, কেশুরিয়া বৃক্ষ। [কোথা।

কৈ, (কিম্‌শব্দজ) ক্রি—ণ, কুত্র,

কৈকয়ী, কৈকেয়ী, (কেকয়=রাজাবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) ব্য, স্ত্রী, দশরথরাজার পত্নী, ভরতের মাতা।

কৈকেয়, (কেকয়+ষ্ণ) ব্য, পুং, কেকয় দেশের রাজা।

কৈটভ, (কীট+ভা=দীপ্তি পাওয়া,

নিপাতন), ব্য, পুং, অসুরবিশেষ। "উৎপন্নঃ কীটবৎ তাতি মহামায়াকরে, যতঃ, অতস্তং কৈটভাখ্যঞ্চ স্বয়ং দেবী তদাকরোৎ" কালিকা পুরাণ। ভা-স্ত্রী, দুর্গা।

কৈটভজিৎ, (কৈটভ=অসুরবিশেষ +জিৎ=যে জয় করে, ২-য) ষ্য, পুং, নারায়ণ, বিষ্ণু। কৈটভারি প্রভৃতি শব্দেরও এই অর্থ।

কৈতক, (কেতক+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, কেতকসম্বন্ধীয়।

কৈতব, (কিতব=বঞ্চক, জুয়ারি+ষ্ণ —তৎকর্ম্মার্থে) ষ্য, ন, ছল, কপট, "হৃদয়ে বসসীতি মৎপ্রিয়ং যদবোচস্তদবৈমি কৈতবম্" কুমার। দ্যূতক্রীড়া, পাশক্রীড়া।

কৈদার,কৈদারক,কৈদারিক, কৈদার্য্য, (কেদার=ক্ষেত্র+ষ্ণ-কণ, ষ্ণিক,ষ্ণ্য) ষ্য, ন, ক্ষেত্রসমূহ।

কৈমুতিক, (কিম্+উত+ষ্ণিক) ষ্য, ন, ন্যায়বিশেষ, ফলে ফলে, যাহাতে তাৎপর্য্য প্রকাশ হয়, যথা— ঋষিপ্রভাবাৎ ময়ি নান্তকোপি প্রভুঃ প্রহর্ত্তুং কিমুতান্য হিংস্রাঃ" রঘুবংশ।

কৈমুতিক ন্যায়—

যে ভার দুর্ব্বল ব্যক্তি বহন করিতে সমর্থ সে ভার যে বলবান্ ব্যক্তি বহন করিতে পারিবে তাহাতে আর সংশয় নাই, অর্থাৎ এই বিষয় প্রতিপন্ন করিবার নিমিত্ত প্রমাণান্তরের অপেক্ষা করে না।

কৈরব, (কেরব=হংস+অ—তৎপ্রিয়ার্থে) ষ্য, ন, কুমুদ, শ্বেতোৎপল। পুং, শত্রু, শঠ, ধূর্ত্ত, রিপু। বী—স্ত্রী, কৌমুদী, জ্যোৎস্না "চন্দ্রোবিকসয়তি কৈরবচক্রবালম্"।

কৈরবিণী, (কৈরব+ইন্—সমূহার্থে) ষ্য, স্ত্রী, কুমুদিনী, কুমুদসমূহ।

কৈরাটক, ষ্য, পুং, স্থাবরবিষবিশেষ।

কৈলা, (দেশজ) ষ্য, গোবৎস, বাছুর।

কৈলাস, (কৈল—ক্রীড়াসমূহ, সুখ+ আস=আসন, ৬-ষ) ষ্য, পুং, পর্ব্বত বিশেষ।

কৈলাস-নাথ ; ষ্য, পুং, শিব, কুবের।

কৈবর্ত্ত, (কেবর্ত্ত+অ—স্বার্থে) ষ্য,পুং, ধীবর, দাশজাতি। "নিষাদো ভার্গবং সূতে দাসং নৌকর্ম্মজীবিনম্। কৈবর্ত্তমিতি যং প্রাহুরার্য্যাবর্ত্তনিবাসিনঃ"। [কেওর।

কৈবর্ত্তীমুস্তক, ষ্য, ন, কেওটমুথা,

কৈবল্য, (কেবল+ষ্ণ—ভাবে) ষ্য, ন, দেহ এবং ইন্দ্রিয় ত্যাগ করণ পূর্ব্বক আত্মার কেবলত্ব, ভববন্ধনচ্ছেদ, মোক্ষ, "কৈবল্যং নির্গুণং বিশ্বমনাদিমজমব্যয়ম্।

কৈশিক, (কেশ+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, কেশসম্বন্ধীয়। ষ্য, ন, কেশসমূহ। পুং, শৃঙ্গার রস। কী—স্ত্রী, নাটকপ্রসিদ্ধ রচনাবিশেষ।

কৈশিকতা, ষ্য, স্ত্রী, কেশসদৃশ সূক্ষ্ম ছিদ্রবিশিষ্টতা, কৈশিক শিরা সম্বন্ধীয়তা, (Capillariy.)

কৈশিকনাড়ী,স্ত্রী, কেশের ন্যায় সূক্ষ্ম নাড়ী ; এই নাড়ী দিয়া প্রথমতঃ শিরার রক্ত সঞ্চালিত হয় (Capillary)

কৈশিকাকর্ষণ, ন, যে শক্তি দ্বারা সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট শিরাতে দেহান্তর্গত তরলপদার্থ উত্থিত হয় (Capillary attraction)

কৈশিকাবনতি, স্ত্রী, যে শক্তি দ্বারা সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট শিরা হইতে দেহান্তর্গত তরলপদার্থ নামিয়া যায় (Capillary repulsion)

কৈশোর, (কিশোর=শিশু+—ষ্ণ ভাবে) ষ্য, ন, নবীনবয়স, বাল্যাবস্থা, দশম বর্ষ হইতে পঞ্চদশ বর্ষ পর্য্যন্ত "তনৌ ব্যক্তিতকৈশোরে"

কৌকড়ান, (দেশজ) ণ, কুঞ্চিত,

বক্র, কুঞ্চিত। [রান।

কোঁকানি,(কুহন শব্দজ) ব্য, কাত-

কোঁচ,(দেশজ) ব্য, মৎস্য মারণ অস্ত্র বিশেষ, টেঁটা, জাতিবিশেষ।

কোঁচড়,(ক্রোড় শব্দজ) ব্য, ক্রোড়-দেশস্থ বস্ত্রাংশ। [ব্য, ভাঁজকরণ।

কোঁচন, (সংকুচিতার্থ কুচ্ ধাতুজ)

কোঁচা, (কুচ্ ধাতুজ) ব্য, বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ। [লগুড়।

কোঁৎকা,(দেশজ) ব্য, স্থূল যষ্টি,

কোক, (ক=জল+উক্=গমনকরা +অ) ব্য, পুং, বিষ্ণু, ভেক, চক্রবাক, বৃক, নেকড়িয়া বাঘ, খেজুরী।

কোকড়, ব্য, পুং, মৃগবিশেষ, খরগোশ।

কোকদেব ; ব্য,পুং,কপোত, পায়রা।

কোকনদ, (কোক=চক্রবাক+নদি=শব্দ করান+অ—ষ, ২-ব) ব্য, ন, রাঙ্গা-সুঁদী, রক্তপদ্ম,চক্রবাক সন্ধ্যাকালে রক্তপদ্ম দেখিয়া চক্রবাকী ভ্রমে শব্দকরে বলিয়া রক্তপদ্মের নাম কোকনদ হইয়াছে "কুমুদৈঃ পুণ্ডরীকৈশ্চ তথা কোকনদোৎপলৈঃ"।

কোকনদচ্ছবি,(কোকনদ=রক্তপদ্ম+ছবি=কান্তি) ব্য, পুং, রক্তবর্ণ। ণ, ত্রি, রক্তবর্ণ বিশিষ্ট।

কোকবন্ধু, (কোক=চক্রবাক+বন্ধু, ৬-ষ) ব্য,পুং, রবি, সূর্য্য, দিবাকর ; সূর্য্যোদয় হইলে চক্রবাক ও চক্রবাকী পরস্পরের সমাগম সুখ অনুভব করে বলিয়া সূর্য্যকে কোকবন্ধু কহে।

কোকাহ ; ব্য, পুং,শ্বেতঘোটক।

কোকিল, (কুক=গ্রহণকরা+ইল-সংজ্ঞার্থে) ব্য, পুং, যে কুহুরব দ্বারা মন হরণ করে, স্বনাম প্রসিদ্ধ পক্ষী, পিক, জলন্ত অঙ্গার।

কোকিলকণ্ঠী, ব্য,স্ত্রী, যে স্ত্রীর কণ্ঠস্বর কোকিলের ন্যায় মধুর।

কোঙ্কণ, (কোম্=অনুকরণ শব্দ+কণ্=শব্দ করা+অ) ব্য, ন, অস্ত্র বিশেষ। পুং, দেশবিশেষ, কোকন দেশ।

কোঙ্কণাসুত, (কোঙ্কণা=পরশুরামের মাতা+সুত=পুত্র) ব্য, পুং, পরশুরাম। [পুং, জাতিবিশেষ, তিওর।

কোচ, (কুচ্=তুচ্ছ হওয়া+ঘঞ্) ব্য,

কোজাগর, (কঃ=কেহ+জাগর=যে জাগে) ব্য, পুং, আশ্বিনী পূর্ণিমা "নিশীথে বরদা লক্ষ্মীঃ কো জাগর্ত্তীতি ভাষিণী, তস্মৈ বিত্তং প্রযচ্ছামি অক্ষৈঃ ক্রীড়াং করোতি যঃ"

কোট, (কুট্=বক্র হওয়া+ঘঞ্) ব্য, পুং, দুর্গ, গড়, কেল্লা। (কুট+অ—ভাবে) কৌটিল্য।

কোটক, (কুট্=বক্র হওয়া+ণক—ঘ) ব্য, পুং, গৃহনির্ম্মাণকারকজাতি, ঘরামি।

কোটন, (চূর্ণনার্থ কুটধাতুজ) ব্য, চূর্ণন,খণ্ড খণ্ডকরণ। না,—(কুট্টিনী শব্দজ) রমণদূত।

কোটর, (কোট=বক্রতা+র, গ্রহণার্থ রা ধাতুজ) ব্য, পুং—ন, খোঁড়ল, বৃক্ষস্থ গহ্বর। রী-স্ত্রী, বিবস্ত্রা নারী, নারী।

কোটবী, (কোট=বক্রতা+বা=পাওয়া বা গ্রহণকরা+অ+ঈ) ব্য, স্ত্রী, দুর্গা, কালী, বিবস্ত্রা নারী।

কোটা, কোঠা, (দেশজ) ব্য, অট্টালিকা, ইষ্টকময়গৃহ।

কোটাল, (দেশজ) ব্য, নগরপাল, প্রহরী, চৌকীদার।

কোটি, টী, (কুট্=বক্রহওয়া, ছেদন করা+ই—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, খড়্গাদির প্রান্ত, ধার, অগ্রভাগ, ১০,০০০,০০০ শতলক্ষ সংখ্যা, ক্রোর, "শতং শতসহস্রাণাং কোটিরাহুর্ম্মনীষিণঃ" উৎকর্ষ মধ্য, ধনুকাদির

অগ্রভাগ, পক্ষ, ত্রিভুজ ক্ষেত্রের ভূমি ও কর্ণরেখা ভিন্ন রেখা, ভূমি-হইতে উত্থিত রেখা।

কোটিজিৎ, ষ্য, পুং, কবি কালিদাস।

কোটির, (কোটি=উৎকর্ষ+র=যে গ্রহণকরে) ষ্য, পুং, ইন্দ্র, ইন্দ্রগোপ-কীট, নকুল, নেউল।

কোটিশ, কোটীশ (কোটি কোটী+শো=তীক্ষ্ণকরা,ছেদনকরা+ড) ষ্য, পুং, লোষ্ট্রভেদক অস্ত্র, মই।

কোটিশঃ, (কোটি+শস্) ষ্য,কোটি বার, কোটি কোটি পরিমাণ।

কোটীর, (কুট্=বক্রহওয়া+ঈর, উ=ও) ষ্য,পুং,কিরীট, মুকুট, জটা।

কোট্ট, (কুট্ট=ছেদনকরা বা ভাগ-করা+ঘঞ্) ষ্য, পুং, রাজধানী-বিশেষ, দুর্গ, গড়।

কোট্টবী, ষ্য, স্ত্রী, কোটবী দেখ।

কোট্টার, (কোট্ট=দুর্গ+ঋ=গমনকরা +ঘঞ্) ষ্য, পুং, কূপ, জলাশয়ের পাড়। [সিদ্ধান্ত।

কোট্যদ্ধার, (দেশজ) ষ্য, মীমাংসা,

কোঠ,(কুঠ্=বেষ্টনকরা+ঘঞ্) ষ্য, পুং, চক্রাকার কুষ্ঠরোগ।

কোড়ন, (দেশজ) ষ্য, ভূ-বিদারণ।

কোড়া, (দেশজ) ষ্য, কশা, বস্ত্রাদি-নির্ম্মিত চাবুক, কুলিলোক, মজুর।

কোণ, (কুণ্=শব্দকরা+ঘঞ্) ষ্য, পুং, গৃহাদির বিদিক, যে স্থানে দুইটী সরল রেখা বক্রভাবে পরস্পর মিলিত হয় (Angle), অস্ত্রের ধার, বীণাদি বাদন দণ্ড, লগুড়, মঙ্গল-গ্রহ।

কোণকুণ, (কোণ=অস্ত্রের ধার+কুণ =ছেদকরা+অ) ষ্য, পুং, কেশকীট, উকুণ।

কোণাঘাত,(কোণ+আঘাত) ষ্য,পুং, যে স্থলে একলক্ষ ঢক্কা এবং দশসহস্র ভেরী এককালে আহত হয়, "ঢক্কা-শতসহস্রাণি ভেরীশতশতানিচ, এ-কদা যত্র হন্যন্তে কোণাঘাতঃ স উচ্যতে"। [স্থানে, কোন্ খানে।

কোথায়, (কুত্রশব্দজ) ষ্য, কোন্

কোদণ্ড, (কুণ্=শব্দকরা+অণ্ড, ণ=দ) ষ্য, পুং—ন, ধনুক। পুং, ভ্রূ, দেশবিশেষ। [কোদালি।

কোদাল, (কুদ্দালশব্দজ) ষ্য, কুদ্দাল,

কোদ্রব, ষ্য, ন, ধান্যবিশেষ, কোদো ধান। [কেউ, অনির্দ্দিষ্ট।

কোন, (কিম্ শব্দজ) সর্ব্বং, কেহ,

কোন্দল, (দেশজ) ষ্য, কলহ, বিতণ্ডা, বিবাদ।

কোপ,(কুপ্=ক্রোধকরা+ঘঞ্)ষ্য, পুং, ক্রোধ, অমর্ষ, রাগ। (দেশজ) খড়্গাদি প্রহার।—পা, তৈলপাত্র-বিশেষ।

কোপন, (কুপ্+অন—ষ) ণ, ত্রি, ক্রোধযুক্ত, ক্রুদ্ধস্বভাব, সহজেই যাহার কোপ জন্মে।

কোপিত, (কোপি=ক্রোধকরান+ক্ত—চ) ণ,ত্রি, যাহার ক্রোধ জন্মা-ইয়া দিয়াছে, রোষিত।

কোমল, (কম্=ইচ্ছাকরা+অল ; অ=ও) ণ, ত্রি, সুকুমার, মৃদু, নরম, মনোহর, সুন্দর, মধুর, ললিত। ষ্য, ন, জল। লী—স্ত্রী, ক্ষীরিকা বৃক্ষ।

কোমলাঙ্গ, (কোমল+অঙ্গ=শরীর, ৬ষ্ঠ) ষ্য, যাহাদের শরীর অতিশয় কোমল, অতিশয় কোমল শরীর বিশিষ্ট জন্তু, শম্বুক ইত্যাদি (Soft-bodied animals.)

কোযষ্টিক,(ক=জল+যষ্টি=শ্রেণী, প-ঙক্তি+ক) ষ্য, পুং, টিট্টিভপক্ষী, এই পক্ষিদিগকে জলাশয় বা জলময় স্থানের নিকটে দেখিতে পাওয়া যায় বলিয়া ইহাদিগের নাম কোয-ষ্টিক হইয়াছে।

কোরক, (কুর্=ছেদনকরা+ণক—

সংজ্ঞার্থে) ব্য, পুং,—ন, মুকুল, কুঁড়ি, মৃণাল, কঙ্কোল।

কোরণ্ড, (দেশজ) ব্য, কোষবৃদ্ধি, জলদোষের পীড়া।

কোল, (কুল্ =রাশিকরা+ঘঞ্) ব্য, পুং, শূকর, ভেলা, মাড়, কলিঙ্গ-দেশ জাতিবিশেষ, শনি, কুলগাছ। ন, কুলফল। (ক্রোড়শব্দজ) অঙ্ক ক্রোড়, আলিঙ্গন। পুং, লা—স্ত্রী, দেশবিশেষ, কুলগাছ, পিপ্পলী।

কোলক, (কুল+ণক—ম) ব্য, পুং, আকরোট গাছ। ন,মরিচ,কাকলা।

কোলপুচ্ছ, ব্য, পুং, কঙ্কপক্ষী।

কোলম্বক,(কুল্=রাশিকরা+অম্ব+ক) ব্য, পুং, তন্ত্রী ভিন্ন বীণার সমুদায় অবয়ব। [আলকুশী।

কোলশিম্বী, ব্য, স্ত্রী, লতাবিশেষ,

কোলাঞ্চ, ব্য, পুং, কলিঙ্গদেশ।

কোলানি, (দেশজ) ব্য, ভরসা, অভ্যর্থনা।

কোলাবিধ্বংসী, (কোলা=দেশবিশেষ+বিধ্বংসিন=যে ধ্বংস করে) ব্য, পুং, ম্লেচ্ছ নায়কবিশেষ।

কোলাহল, (কোল=রাশি, একীভাব+আ+হল=ভেদকরা+অ) ব্য, পুং, কলকলধ্বনি, গোল।

কোলি, কোলী, (কুল্+ই, ঈ) ব্য, স্ত্রী, কুলগাছ, কুল।

কোবিদ, (ওকস=বেদাস্থান+বিদ =যে জানে, যে জ্ঞাতব্য বিষয় জানে। 'ও' কারের লোপ) ণ, ত্রি, জ্ঞানী, পণ্ডিত, নিপুণ, 'প্রাপ্যাবনীশুবরনকথাকোবিদগ্রামবৃদ্ধান্' মেঘদূত।

কোবিদার, ব্য, পুং, রক্তকাঞ্চন, মন্দার, পারিজাত "কোহপ্যয়ং দারবিভাগহেবজ্ঞানম্মো যতো জনাঃ। কোবিদার ইতি খ্যাতস্ততঃ স মহাতরুঃ।"

কোশ, কোষ, (কুশ, কুষ্=নির্গত হওয়া+ঘঞ্) ব্য, পুং,—ন, যাহা হইতে গন্ধাদি নির্গত হয়, কুড়্মল, কুঁড়ি, খাপ, কোষা, পান পাত্র, ধনরাশি, ধনাগার "প্রাতঃ প্রয়ানাভিমুখায় তস্মৈ সবিস্ময়াঃ কোষগৃহে নিযুক্তাঃ" রঘুবংশ, যোনি, মুদ, অণ্ডকোষ, ডিম্ব, পোকার গুটি, মঞ্জুষা, কাঁটালের কোয়া, মাংসপেশী, শব্দাদি সংগ্রহ, অভিধান, "শক্তিগ্রহং ব্যাকরণোপমানাৎ কোষাপ্তবাক্যাৎ ব্যবহারতশ্চ,সান্নিধ্যতঃ সিদ্ধপদস্য বৃদ্ধাঃ বাক্যস্য শেষাৎ বিবৃতের্বদন্তি"।

কোশকার, কোষকার, (কোশ, কোষ +কার-যে করে) ব্য, পুং, গুটিপোকা, ইক্ষু, অভিধানকর্তা।

কোশল, কোষল, কোসল, (কুশ্= দীপ্তিপাওয়া+অল—সংজ্ঞার্থে) ব্য, পুং, লা—স্ত্রী, দেশবিশেষ, যেখানে অযোধ্যা নগর আছে, "কোশলো নাম মুদিতঃ স্ফীতো জনপদো মহান। নিবিষ্টঃ সরযূতীরে পশুধান্যধনর্দ্ধিমান।"

কোশলাত্মজা, (কোশল=রাজাবিশেষ+আত্মজা=কন্যা, ৬-ষ) ব্য,স্ত্রী, কৌশল্যা, রামের মাতা।

কোশলিক, কোষলিক, (কোশ, ধন+ল=যে গ্রহণ করে+ষ্টক) ব্য, ন, উৎকোচ, ঘুষ।

কোশবাসী, ণ, ত্রি, কোশমধ্যস্থ। ব্য, পুং, শম্বুক, তন্তুকীট, স্ফটিকবিশেষ।

কোশাতক, কোষাতক, (কোশ, কোষ+অৎ=গমনকরা+ণক) ব্য, পুং, কী—স্ত্রী, ঝিঙ্গা, ঝিঙ্গাগাছ।

কোশাতকী, কোষাতকী, ([কোশা+তকিন্]=কোশাতক+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, বাণিজ্য, বণিক, বাড়বাগ্নি।

কোশী, কোষী, (কোশ, কোষ+ঈ

—স্বার্থে) ষ্য, স্ত্রী, ক্ষুদ্র কোষা, শঙ্খের ঘু'টী; পাদুকা, জুতা।
কোষকাব্য, ষ্য, ন, পরস্পর নিরপেক্ষ শ্লোকসমূহ, যথা অমরুশতক প্রভৃতি।
কোষচঞ্চু, (কোষ+চঞ্চু=ঠোঁট ৬.হ) ষ্য, পুং, কোষাকার যাহার চঞ্চু, সারসপক্ষী।
কোষবৃদ্ধি, (কোষ=মুষ্ক+বৃদ্ধি) ষ্য, স্ত্রী, অণ্ডকোষের স্ফীততা, ধনের বৃদ্ধি।
কোষশায়িকা, (কোষ=খাপ+শী=শয়ন করা+ণক—ষ) ষ্য, স্ত্রী, ছুরিকা।
কোষা, (কোষীশব্দজ) ষ্য, তাম্রময় জলাধার, পূজা পাত্র বিশেষ, ডোঙ্গা।
কোষাধ্যক্ষ, (কোষ+অধ্যক্ষ, ৬-ষ) ষ্য, পুং, ধনরক্ষক, কুবের।
কোষাম্র, ন, কেওড়া ফল।
কোষী, (কোষ+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, আম্রবৃক্ষ।
কোষ্ঠ, (কুষ্=নির্গতহওয়া+ঘঞ্)ষ্য, পুং, যাহা হইতে শস্যাদি নির্গত হয়, শস্যাগার, গোলা, গৃহমধ্য, উদরমধ্য, "স্থানান্যামাগ্নিপক্কানাং মূত্রস্য রুধিরস্য চ, হৃদুণ্ডুকঃ ফুস্ফুসশ্চ কোষ্ঠ ইত্যভিধীয়তে"। ষ্ঠী—স্ত্রী,জন্মপত্রিকা, যাহাতে জন্মকালীন গ্রহ নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে জীবনের শুভাশুভ নির্ণয় করা যায়।
কোষ্ণ, (কু=ঈষৎ+উষ্ণ ; কু—কা) ণ, ত্রি, ঈষদুষ্ণ, অল্পগরম।
কোহল, ষ্য,পুং, নাটকাদির প্রণেতা, মদ্যবিশেষ, বাদ্যবিশেষ।
কৌকৃত্য, (কু=কুৎসিত+কৃত্য=ক্রিয়া+ষ্ণ) ষ্য, ন, মন্দ কার্য্য, কুক্রিয়া, অনুতাপ।
কৌকুটিক,(কুকুটী=অনুত্তাচরণ+ষ্ণিক) ষ্য, পুং, দাম্ভিক বৌদ্ধমতাবলম্বী সন্ন্যাসীবিশেষ, ইহারা, পাছে কোন কীটাদি পদ দ্বারা দলিত হয়, এই ভয়ে অতি সাবধানে পাদ বিক্ষেপ করে।
কৌকুটিকন্দল, ষ্য, পুং, বোড়াসাপ।
কৌক্ষেয়ক, (কুক্ষি=উদর+ঢেয়,ক) ষ্য, পুং, কুক্ষিবদ্ধ খড়্গ।
কৌঙ্ক, কৌঙ্কণ, (কোঙ্ক, কোঙ্কণ+ষ্ণ —স্বার্থে) ষ্য, পুং, দেশবিশেষ, কোকণদেশ।
কৌঞ্জায়ন, কৌঞ্জায়ন্য, (কুঞ্জ+ঞ্চায়ন, ঞ্চায়ন্য, —পুত্রার্থে) ষ্য, পুং, কুঞ্জ নামক ব্রাহ্মণের বংশোৎপন্ন।
কৌঞ্জায়নী, (কৌঞ্জায়ন+ঙীপ্) ষ্য, স্ত্রী,মান্যা ব্রাহ্মণী, কুঞ্জ নামক ব্রাহ্মণের কন্যা।
কৌট, (কূট=কপট, বা কোটি=গৃহ +ষ্ণ) ষ্য, পুং, কুটজবৃক্ষ। ণ, ত্রি, স্বাধীন, স্বতন্ত্র।
কৌটকিক, (কূটক=ফাঁদ+ষ্ণিক) ণ, ত্রি, মাংস বিক্রয়ী, কষাই।
কৌটতক্ষ, (কৌট=গ্রাম্য, গৃহস্থিত +তক্ষন্=সূত্রধর, ছুতার, কর্ম্মধা) ষ্য, পুং, স্বাধীন সূত্রধর।
কৌটল্য, ষ্য, পুং, বাৎস্যায়ন মুনি।
কৌটসাক্ষী,((কৌট=কপট+সাক্ষিন্) ষ্য, পুং, মিথ্যা সাক্ষী, জাল সাক্ষী।
কৌটা, (কুটীশব্দজ) ষ্য, কাষ্ঠাদি-নির্ম্মিত ক্ষুদ্র পাত্র।
কৌটিক, (কূট=মৃগবন্ধন যন্ত্র, ফাঁদ+ষ্ণিক) ণ, ত্রি, মাংসবিক্রেতা, কষাই।
কৌটিলিক, (কুটিলিকা=চাপর, বা শিকারকালীন বক্র ভাবে গমন+ষ্ণ) ষ্য, পুং, কর্ম্মকার, ব্যাধ।
কৌটিল্য, (কুটিল+ষ্য—ভাবে) ষ্য, ন, কুটিলতা, ক্রূরতা। পুং, চাণক্য

ব্রাহ্মণ।

কৌণপ, (কুণপ=শব+ষ্ণ—ভোজ্যার্থে) ষ্য, পুং, রাক্ষস, "রাজা। (সক্রোধম্) কথং মামেবোদ্দিশতি, আত্তিষ্ঠ তিষ্ঠ কৌণপাপসদ ষমিদানীং ন ভবসি" শকুন্তলা।

কৌণপদন্ত, ষ্য, পুং, ভীষ্ম।

কৌণ্য, ণ, ত্রি, বিকলাঙ্গ, নুলা।

কৌতর,(হিন্দি) ষ্য, পারাবত, পায়রা

কৌতুক, (কুতুক+ষ্ণ—স্বার্থে) ষ্য, ন, কুতূহল, কোন বিষয় জানিবার বা দেখিবার নিমিত্ত ঔৎসুক্য, জানিতে ইচ্ছা, অভিলাষ, "তস্য স্থিত্বা কথমপি পুরঃ কৌতুকাধানহেতোরন্তর্বাষ্পশ্চিরমনুচরো রাজরাজস্য দধ্যৌ" মেঘদূত, হস্তসূত্র, উৎসব, পরিহাস, আনন্দ, মঙ্গল, নৃত্যগীতাদি।

কৌতুকী, (কৌতুক+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, কৌতুকবিশিষ্ট, যাহার কৌতুক জন্মিয়াছে। নী—স্ত্রী, নায়িকাবিশেষ।

কৌতূহল, (কুতূহল+ষ্ণ—স্বার্থে) ষ্য, ন, কুতূহল, কোন অপরিজ্ঞাত বিষয় শুনিবার বা দেখিবার নিমিত্ত আগ্রহ বা ঔৎসুক্য, ঔৎসুক্য, অভিলাষ, "মহৎ কৌতূহলং মেঽস্তি হরিশ্চন্দ্রকথাং প্রতি"। [বিশেষ।

কৌদালিক ; ষ্য, পুং, বর্ণসঙ্কর জাতি

কৌদ্রবিক, ষ্য, ন, সৌবর্চ্চ লবণ।

কৌন্তিক, (কুন্ত=প্রাসঅস্ত্র+ষ্ণিক) —অস্ত্যর্থে) ষ্য, পুং, কুন্তধারী, প্রাস অস্ত্রধারী যোদ্ধা।

কৌন্তেয়, (কুন্তী+ষ্ণেয়—অপত্যার্থে) ষ্য, পুং, কুন্তীপুত্র, যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতা, অর্জ্জুনবৃক্ষ।

কৌপ, (কূপ+ষ্ণ—ইদমর্থে) ষ্য, ন, কূপোদক, কুয়ার জল। ণ, ত্রি, কূপসম্বন্ধীয়।

কৌপীন, (কূপ+ষীন্—তৎপ্রবেশযোগ্যার্থে) ষ্য, ন, চীরবসন, কপনী, পাপ।

কৌমার, (কুমার=বালক, কার্ত্তিক+ষ্ণ) ষ্য, ন, বাল্যকাল। পুং,—অবিবাহিত অবস্থা, "পিতা রক্ষতি কৌমারে ভর্ত্তা রক্ষতি যৌবনে"। রী—স্ত্রী, কার্ত্তিকের শক্তিস্বরূপা দেবী "কৌমারী শক্তিহস্তা চ ময়ূরবরবাহনা"। [কার্ত্তিকমাস।

কৌমুদ, (কু+মুদ+ষ্ণ) ষ্য, পুং,

কৌমুদী, (কুমুদ=শুক্লপদ্ম+ষ্ণ)ষ্য,স্ত্রী, চন্দ্রিকা, জ্যোৎস্না,দীপোৎসব তিথিবিশেষ "কৌ মোদন্তে জনা যস্যাং তেনাসৌ কৌমুদী মতা"। (কুমুদ+ষ্ণ—ইদমর্থে,ঈ) কার্ত্তিকীপূর্ণিমা, "কৌ মোদন্তে জনা যস্যাং নানা ভাবৈঃ পরস্পরম্. হৃষ্টাস্তুষ্টাঃ সুখাপন্নাস্তেন সা কৌমুদী মতা"।

কৌমুদীচার, (কৌমুদী=কার্ত্তিকী পূর্ণিমাতে উৎসব+চার=যে অগ্রসর হয়) ষ্য, পুং, কোজাগর পূর্ণিমা।

কৌমুদীপতি, (কৌমুদী=জ্যোৎস্না+পতি, ৬-ষ) ষ্য, পুং, চন্দ্র।

কৌমোদকী, (কুমোদক=বিষ্ণু+ষ্ণ—ইদমর্থে) ষ্য, স্ত্রী, কৃষ্ণের গদা।

কৌম্ভীর, ষ্য, কুম্ভীর ও তৎসদৃশ জীব, (Loricata)

কৌর্ম্ম, ষ্য, কূর্ম্মাদি, (Chelonia.)

কৌরব, কৌরব্য, (কুরু=রাজাবিশেষ+ষ্ণ, ষ্ণ্য—অপত্যার্থে) ষ্য, পুং, কুরু বংশীয়।

কৌল, (কুল=বংশ+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, সৎকুলজাত, কৌলিক, কুলক্রমাগত, বামাচারী, তন্ত্রোক্তকুলাচারবত।

কৌলটিনেয়, কৌলটেয়, (কুলটা=বেশ্যা+ইনেয়, ষ্ণেয়,—অপত্যার্থে ষ্য, পুং, য়া—স্ত্রী, কুলটার সন্তান, জারজ।

কৌলব, ব্য, একাদশকরণান্তর্গত তৃতীয় করণ।

কৌলিক, (কুল=বংশ+ষ্ণিক—ইদমর্থে) ণ,ত্রি, কুলপরম্পরাগত, কুলক্রমাগত, বংশপরম্পরায় আগত, কুলধর্ম্মপ্রবর্ত্তক, বামাচার মতানুসারে শক্তির উপাসক। ব্য, পুং, তন্তুবায়, তাঁতি।

কৌলীন, (কুলীন=সৎকুলোৎপন্ন+ষ্ণ) ব্য, ন, প্রধান ও প্রসিদ্ধ বংশে জন্ম, গুহ্যদেশ, কুলাপবাদ, লোকনিন্দা, লোকপ্রবাদ, "এতস্মাস্মাং কুশলিনমভিজ্ঞানদানাদ্বিদিত্বা মা কৌলীনাচ্চকিতনয়নে ময্যবিশ্বাসিনী ভূঃ" মেঘদূত।

কৌলীন্য, (কুলীন+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, কুলীনত্ব, বংশ মর্য্যাদা।

কৌলেয়, (কুল+ষ্ণেয়—সংজাতার্থে) ণ, ত্রি, সৎকুলজাত।

কৌলেয়ক, (কুল=বংশ+ষ্ণেয়—সংজাতার্থে ; ক—যোগ) ণ,ত্রি,কুলীন। (কুল=গৃহ+ষ্ণেয়+ক) ব্য, পুং, যে গৃহপালিত কুকুর।

কৌবের, (কুবের+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, কুবেরসম্বন্ধীয়। ব্য,ন, কুড়গাছ। পুং, রী—স্ত্রী, উত্তর দিক্ বা দেশ, রী—স্ত্রী, কুবেরশক্তি, মাতৃ বিশেষ,

কৌশ, (কোশ+ষ্ণ) ব্য, ন, কান্যকুব্জ দেশ।

কৌশল কৌশল্য (কুশল+ষ্ণ, ষ্ণ্য ভাবে, কর্ম্মণি) ব্য ন, মঙ্গল, নৈপুণ্য, দক্ষতা।

কৌশলিকা, (কুশল+ষ্ণিক) ব্য,স্ত্রী, কুশল প্রশ্ন, উপঢৌকন।

কৌশলেয়, (কৌশল্যা—দশরথের স্ত্রী+ষ্ণেয়—অপত্যার্থে) ব্য, পুং, রামচন্দ্র

কৌশল্যা,কৌসল্যা (কোশল=কোশল দেশেররাজা+ষ্ণ্য—অপত্যার্থে) ব্য, স্ত্রী, রাম-মাতা।

কৌশাম্বী, (কুশাম্ব=বৎসরাজা+ষ্ণ—ইদমর্থে) ব্য, স্ত্রী, বৎসরাজনগরী, প্রয়াগ, মগধের অন্তর্বর্ত্তী নগরবিশেষ, "কুশাম্বস্তমহাতেজাঃ কৌশাম্বীমকরোৎ পুরীম্" "অস্তি বৎস ইতি খ্যাতো দেশঃ—কৌশাম্বী নাম তত্রাস্তি মধ্যভাগে মহাপুরী" "অস্তি গৌড়বিষয়ে কৌশাম্বী নাম নগরী"।

কৌশিক, কৌষিক, (কুশিক—মুনিবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) ব্য, পুং, বিশ্বামিত্র। (কোশ+ষ্ণিক) ইন্দ্র, সাপুড়ে, কোষাধ্যক্ষ, কোষকার, বৈষ্ণী, গুগ্গুল, পেঁচা, শৃঙ্গার রস, মজ্জা। কা—স্ত্রী, চষক, পানপাত্র। কী- স্ত্রী, বেহারের অন্তর্গত নদীবিশেষ, দুর্গা,নাট্যো—রচনাবিশেষ।

কৌশিকফল, ব্য, ন, নারিকেল।

কৌশিকায়ুধ, ব্য, ন, ইন্দ্রধনু।

কৌশীলব্য, (কুশীলব+ষ্ণ্য) ব্য, ন, কুশীলবের ব্যবসায়।

কৌশেয়, কৌষেয়, (কোশ+ষ্ণেয়—ভবার্থে) ণ, ত্রি, কৃমিকোশোত্থ, রেসমী। [লস্ত, তন্দ্রা।

কৌসীদ্য, (কুসীদ+ষ্ণ্য) ব্য,ন, আ-

কৌসুম্ভ, (কুসুম্ভ+ষ্ণ) ণ, ত্রি, কুসুম্ভ রঙ্গে রঞ্জিত। ব্য, পুং কুসুম্ভ।

কৌসৃতিক (কুসৃতি=কুহক, শঠতা +ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, কুহকী, বাজিকর, শঠ।

কৌস্তুভ, (কুস্তুভ=বিষ্ণু+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং কৃষ্ণের অলঙ্করণ মণি, মুদ্রাবিশেষ।

ক্রকচ, (ক্র=অনুকরণশব্দ+কচ=শব্দকরা+অ) ব্য, পুং —ন, যে 'ক্র' এই শব্দ করে করপত্র, করাৎ, যোগবিশেষ, "পটুধারাবাহী নব ইব ছিন্দন্নপি চিন্ন মে,নিকৃন্তন্মর্ম্মাণি ক্রকচ ইব মন্যুর্বিরমতি" উত্তরচরিত।

ক্রকচচ্ছদ, (ক্রকচ=করপত্র+ছদ=

পত্র,৬.হ)ব্য, পুং,যাহার পাতা করাতের ন্যায় কাটা, কেয়াফুলের গাছ।
ক্রকচপাদ, (ক্রকচ=করপত্র+পাদ=পা ; ৬.হ) ব্য, পুং, করাতের ন্যায় পা যাহার, কৃকলাস।
ক্রতু,(কৃ=করা+অতু—সংজ্ঞার্থে) ব্য, পুং,যাগ, যজ্ঞ, "অপূর্ণমেকেন শতক্রতূপমঃ শতং ক্রতূনামপবিঘ্নমাপ সঃ" রঘুবংশ, পূজা, সপ্তর্ষির একজন, বিশ্বদেববিশেষ, ইন্দ্রিয়।
ক্রতুদ্বিট্, (ক্রতু=যজ্ঞ+দ্বিষ্=যে দ্বেষ করে) ব্য, পুং, অসুর।
ক্রতুধ্বংসী,(ক্রতু=যজ্ঞ+ধ্বন্স্=বিনষ্টকরা+ণিন্—ঘ) ব্য, পুং, যিনি দক্ষযজ্ঞ ধ্বংস করেন, শিব।
ক্রতুপুরুষ ; ব্য, পুং, বিষ্ণু।
ক্রতুভুক্,(ক্রতু=যজ্ঞ+ভুজ্=যে ভোজন করে) ব্য, পুং, দেবতা।
ক্রতূত্তম, (ক্রতু+উত্তম, ৭-ষ) ব্য, পুং, রাজসূয় যজ্ঞ।
ক্রতুরাজ, (ক্রতু+রাজন্=রাজা, ৬-ষ) ব্য, পুং, রাজসূয় যজ্ঞ।
ক্রথকৈশিক ; ব্য, পুং, বিদর্ভ দেশ, "অথেশ্বরেণ ক্রথকৈশিকানাং স্বয়ম্বরার্থং স্বসুরিন্দুমত্যাঃ" রঘুবংশ।
ক্রথন, (ক্রথ্=বধকরা+অন—ভাব) ব্য,ন,মারণ,হিংসন,ছেদন,"রাজন্ত্রোচ্চাংসকূটক্রথনপটুরটদ্ঘোরধারঃ কুঠারঃ"।
ক্রথনক, (ক্রথন+ক) ব্য, পুং, উষ্ট্র।
ক্রন্দন, ক্রন্দিত, (ক্রন্দ্=কাঁদা+অনট্, ত—ভাব) ব্য,ন, রোদন, কান্না।
ক্রম, (ক্রম্=গমনকরা+অল্—ভাব) ব্য, পুং, অনুক্রম, পর্য্যায়, প্রণালী, পদ্ধতি, অবিচ্ছেদ, আক্রমণ, বিক্রম, বল, সঙ্কল্প, নিয়ম, বিধি, অতিক্রম, পাদবিক্ষেপ, চলন।
ক্রমণ, (ক্রম+অন, অনট্—ভাব,ধ) ব্য, পুং, পাদ, চরণ। ন, চলন।
ক্রমপূরক, ব্য, পুং, বকবৃক্ষ।
ক্রমশঃ, (ক্রম+চশস্—ব্যাপ্তি অর্থে) ব্য, ক্রি,—ণ, ক্রমে ক্রমে,অনুক্রমে।
ক্রমানুভাবকতা ; ব্য, যে শক্তিদ্বারা পর্য্যায় জ্ঞান হয়।
ক্রমাম্বয় ; ক্রি,—ণ, ক্রমে ঘটা, যার পর যা এই নিয়মে ঘটনা।
ক্রমি, ক্রিমি, (ক্রম্=গমনকরা+ই—সংজ্ঞার্থে, ই—আগম) ব্য, পুং, কীট, পোকা।
ক্রমিক, (ক্রম+ইক) ণ, ত্রি, যাহা অবাধে ঘটে,ধারাবাহিক,ক্রমাগত।
ক্রমু, ক্রমুক, (ক্রম্=গমনকরা+উ, উক—সংজ্ঞার্থে) ব্য, পুং, কা—স্ত্রী, পূগ, গুবাকবৃক্ষ, সুপারিগাছ। ন, গুবাক, সুপারি।
ক্রমেল, ক্রমেলক, (ক্রম্=গমনকরা+এল—সংজ্ঞার্থে, ক—যোগ) ব্য, পুং, উষ্ট্র, উট।
ক্রয়, (ক্রী=ক্রয়করা+অল্—ভাব) ব্য, পুং, মূল্যদিয়া বস্তু গ্রহণ, কেনা।
ক্রয়লেখ্য,(ক্রয়+লেখ্য=লিপি,দলিল) ব্য, ন, ভূম্যাদি ক্রয়ের লেখাপড়া, কবালা।
ক্রয়বিক্রয়, (ক্রয়=কেনা+বিক্রয়=বেচা) ব্য, পুং, বাণিজ্য, কেনা বেচা। [বিবাদান্তর্গত বিবাদ বিশেষ।
ক্রয়বিক্রয়ানুশয়, ব্য, পুং, অষ্টাদশ
ক্রয়বিক্রয়িক, (ক্রয়বিক্রয়+ইক—করোত্যর্থে) ব্য, পুং, বণিক্, বাণিজ্যব্যবসায়ী।
ক্রয়ারোহ, (ক্রয়=কেনা+আ+রুহ্=উঠা+ঘঞ্) ব্য, পুং, বাজার, হাট।
ক্রয়িক, (ক্রয়+ইক—করোত্যর্থে)ব্য, পুং, ক্রয়কারী, বণিক্।
ক্রয্য, (ক্রী=ক্রয় করা+য—ণ) ণ, ত্রি, হট্টে প্রসারিত ক্রেয় দ্রব্য, কিনিবার বস্তু।
ক্রব্য, (ক্রুপ্=?রক হওয়া+য, প=ব)

ব্য, পুং—ন, মাংস, "অস্থ্যানদ্ধি-সংস্কৃত কপট্পুণ্তমপি ক্রব্যমব্যগ্রমত্তি" মালতীমাধব।

ক্রব্যঘাতন, (ক্রব্য=মাংস+ঘাতন=বধকরণ) ব্য, পুং, মাংসের নিমিত্ত যাহা বধ করা যায়, হরিণ, মৃগ।

ক্রব্যাদ, ক্রব্যাদ, (ক্রব্য=মাংস+অদ ভক্ষণকরা+ক্বিপ, অ—ম ২-ব) ব্য, পুং, যে মাংস ভক্ষণ করে, রাক্ষস। ণ, ত্রি, মাংসাশী, মাংস-খাদক। [কাশ্য, কৃশতা।

ক্রশিমা, (কৃশ+ইমন—ভাবে) ব্য, পুং,

ক্রশীয়ান, ক্রশিষ্ঠ, (কৃশ+ঈয়স ইষ্ঠ—অত্যর্থে) ণ ত্রি, অতিকৃশ।

ক্রান্ত, (ক্রম=গমন করা+ক্ত-ণ) ণ, ত্রি, অতিক্রান্ত, সংক্রান্ত, আক্রান্ত, ব্যাপ্ত।

ক্রান্তি, (ক্রম+ক্তি-ভাব) ব্য, স্ত্রী আক্রমণ, গতি রাশিচক্রের মধ্য রেখা, বিষুব রেখা হইতে উত্তরে কর্কটক্রান্তি পর্য্যন্ত অথবা দক্ষিণে মকরক্রান্তি পর্য্যন্ত সূর্য্যের যে দূরত্ব খগোলের মধ্যস্থিত ঈষদক্র গোল-রেখা, যেখান দিয়া সূর্য্য গমন করেন (Ecliptic.

ক্রান্তিপাত, ব্য, পুং, বিষুবরেখা ও অয়নমণ্ডলের সন্ধি স্থান, এই সন্ধি স্থানে পৃথিবী আসিলে দিবারাত্রি সমান হয়, রাহু ও কেতু, (Equinox)

ক্রিমি, কৃমি, (ক্রম=গমনকরা+ই—সংজ্ঞার্থে) ব্য, পুং, পোকা, কীট।

ক্রিয়, (কৃ=করা+অ) ব্য, পুং, মেষরাশি।

ক্রিয়মাণ, (কৃ=করা+মান-চ) ণ, ত্রি, যাহা করা যাইতেছে, অনুষ্ঠীয়মান, "ক্রিয়মাণস্তু যৎকর্ম্ম স্বয়মেব প্রসিদ্ধতি" বোপদেব।

ক্রিয়া, (কৃ=করা+য—ভাব) ব্য, স্ত্রী, কর্ম্ম, আরম্ভ, অনুষ্ঠান, গর্ভাধানাদি-সংস্কার, সামাদি উপায়প্রয়োগ, চিকিৎসা, পূজা, শ্রাদ্ধ, চেষ্টা, অভ্যাস, শিক্ষা, ব্যাকরণাংশভেদ, ধাত্বর্থবোধক পদ, যাইতেছে, খাই-তেছে ইত্যাদি।

ক্রিয়াকার, (ক্রিয়া=অভ্যাস, কর্ম্ম+কার=যে করে) ব্য, পুং, যে বালক বিদ্যাশিক্ষা করিতে আরম্ভ করিয়াছে, নূতন ছাত্র। ণ, ত্রি, কর্ম্মকর্ত্তা।

ক্রিয়াবসন্ন, (ক্রিয়া+অবসন্ন) ণ, ত্রি, সাক্ষী প্রভৃতি দ্বারা পরাজয় প্রাপ্ত।

ক্রিয়াবাদী, (ক্রিয়া+বাদিন্=যে বলে) ণ, ত্রি, ফরিয়াদী।

ক্রিয়াবান, (ক্রিয়া+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি কার্য্যে যত্নশীল।

ক্রিয়া-বিশেষণ, ব্য, ন, ক্রিয়ার বিশেষণ, যে পদ ক্রিয়ার গুণ ভাব বা অবস্থা প্রকাশ করে।

ক্রিয়া-যোগ, ব্য, পুং, যোগের নিমিত্ত ক্রিয়মাণ দেব পূজাদি, ক্রিয়ার সহিত যোগ।

ক্রিয়া সমভিব্যাহারে, ব্য, পুং, ক্রিয়ার পৌনঃপুন্য।

ক্রীড়—পুং, ড়া—স্ত্রী, (ক্রীড়্=খেলা-করা+অ,—ভাব) ২, পরিহাস, খেলন, খেলা।

ক্রীড়ন, (ক্রীড়্+অন—ভাব) ব্য, ন, ক্রীড়া। [বাগান।

ক্রীড়াবন, ব্য, ন, বৃক্ষবাটিকা,

ক্রীড়ারত্ন, ব্য, ন, রতিক্রীড়া।

ক্রীত (ক্রী=ক্রয়করা+ক্ত—চ) ণ, ত্রি, ক্রয়করা বস্তু, মূল্যদিয়া যাহা লওয়া গিয়াছে। ব্য, পুং, পুত্রবিশেষ।

ক্রীতক, (ক্রীত+ক) ব্য, পুং, মূল্য দিয়া মাতা পিতার নিকট হইতে গৃহীত সন্তান, ক্রীতপুত্র।

ক্রীতদাস; ব্য, পুং, কেনা গোলাম।

ক্রুঞ্চ (ক্রুঞ্চ, ক্রুন্চ্=বক্র গমনকরা+

ক্বিপ্) ব্য, পুং, স্ত্রী, কোঁচবক।

ক্রুঞ্চ, (ক্রুনচ্=বক্র হওয়া+অ) ব্য, পুং, ক্রৌঞ্চপর্ব্বত। ঞ্চা—স্ত্রী, বীণাবিশেষ।

ক্রুঞ্চা, ব্য, স্ত্রী, বীণাবিশেষ।

ক্রুদ্ধ, (ক্রুধ্=কোপকরা+ক্ত—য) ণ, ত্রি, ক্রোধবিশিষ্ট, কুপিত।

ক্রুধ্, ক্রুধা, (ক্রুধ্=কোপকরা+ক্বিপ্, আ) ব্য, স্ত্রী, কোপ, ক্রোধ।

ক্রুষ্ট, (ক্রুশ্=ক্রন্দনকরা+ক্ত—ভাব) ব্য, ন, ক্রন্দন, রব, নাদ। ণ, ত্রি, শব্দিত, অভিশপ্ত, আহূত।

ক্রূর, (কৃৎ=ছেদন করা+র ; কৃৎ=ক্রূ) ণ, ত্রি, খল, ঘোর, পরদ্রোহী, নির্দ্দয় ঘাতুক, কঠিন, "অনবরতধনুর্জ্যাস্ফালনক্রূরকর্ম্মা" শকুন্তলা।

ক্রূরগন্ধ ; ব্য, পুং, গন্ধক।

ক্রূরদৃক্, (ক্রূর—নিষ্ঠুর+দৃক [দৃশ্+ক্বিপ্]=যে দেখে) ণ, ত্রি, হিংস্র, দ্রোহকারক, পিশুন, খল। ব্য, পুং, শনৈশ্চর।

ক্রূরধূর্ত্ত, ব্য, পুং, কানধুতুরা।

ক্রূরলোচন, ব্য, পুং, শনিগ্রহ।

ক্রূরা, ব্য, স্ত্রী, রক্তপুনর্নবা।

ক্রেতব্য, ক্রেয়, (ক্রী=ক্রয়করা+তব্য, য—চ) ণ, ত্রি, কিনিবার বস্তু।

ক্রেতা, (ক্রী=ক্রয়করা+তৃণ্—য) ণ, ত্রি, ক্রয়কারক, খরিদদার।

ক্রোড়, (ক্রুড্=ঘনহওয়া+ঘঞ্) ব্য, পুং, শনি, শূকর। ন, ড়া—স্ত্রী, বক্ষঃস্থল, কোল।

ক্রোড়-পত্র ; ব্য, ন, অতিরিক্ত পত্র, পুস্তক বা সংবাদ পত্রে কোন অংশ পতিত বা পরিত্যক্ত হইলে যে পত্রে লিখিয়া পুস্তকে বা সংবাদপত্রে যোজনা করিয়া দেওয়া যায়।

ক্রোড়পর্ণী, ব্য, স্ত্রী, কণ্টকারিকা।

ক্রোড়পাদ, (ক্রোড়=বক্ষঃ+পাদ=পা) ব্য, পুং, কচ্ছপ।

ক্রোড়াঙ্ক, ব্য, পুং, কচ্ছপ।

ক্রোড়াঙ্ঘ্রি, (ক্রোড়+অঙ্ঘ্রি=পা) ব্য, পুং, কচ্ছপ।

ক্রোড়ীমুখ, ব্য, পুং, গণ্ডার।

ক্রোড়েষ্টা, ব্য, স্ত্রী, মুস্তা।

ক্রোথ, (ক্রুথ=বধকরা+ঘঞ্—ভাব) ব্য, পুং, হনন, বধ।

ক্রোধ, (ক্রুধ্+ঘঞ্—ভাব) ব্য, পুং, দ্বেষ, কোপ।

ক্রোধজ, (ক্রোধ+জ=উৎপন্ন) ব্য, পুং, মোহ, অষ্টবিধ ব্যসন, "পৈশুন্যং সাহসং দ্রোহ ঈর্ষাসূয়ার্থদূষণম্, বাগ্‌দণ্ডজঞ্চ পারুষ্যং ক্রোধজোপি গণোহষ্টকঃ"।

ক্রোধন, (ক্রুধ+অন—য) ণ, ত্রি, ক্রোধী, ক্রুদ্ধ স্বভাব " ঈর্ষী ঘৃণীত্বসন্তুষ্টঃ ক্রোধনো নিত্যশঙ্কিতঃ" হিতোপদেশ। ব্য, পুং, ভৈরববিশেষ।

ক্রোধী, (ক্রোধ+ইন্, অস্ত্যর্থে) ণ, ত্রি, ক্রুদ্ধ, কোপনস্বভাব।

ক্রোর, (কোটি শব্দজ) ব্য, এক শত লক্ষ, ক্রুররপক্ষী।

ক্রোশ, (ক্রুশ্=ক্রন্দনকরা+ঘঞ্) ব্য, পুং, রোদন, ৮০০০ হাত পরিমাণ, আহ্বান।

ক্রোশধ্বনি, ব্য, পুং, ঢক্কা, ঢাক।

ক্রোশন, (ক্রুশ+অনট্—ভাব) ব্য, ন, ক্রন্দন, করুণ স্বর, কাতর ধ্বনি, আহ্বান। [চাকুলিয়া, দোলোমিকা।

ক্রোষ্টকপুচ্ছিকা, ব্য, স্ত্রী, পৃশ্নিপর্ণী,

ক্রোষ্টা, (ক্রুশ+তৃণ্) ব্য, পুং, ষ্ট্রী—স্ত্রী, শৃগাল, শিয়াল, "উপেত্য পপ্রচ্ছ তদা ক্রোষ্টা বা ধ্রুবধর্ম্মিব"।

ক্রৌঞ্চ, (ক্রুনচ্+ষ্ণ—স্বার্থে) ব্য, পুং, কোঁচক, সপ্ত দ্বীপান্তর্গত দ্বীপবিশেষ, রাক্ষসবিশেষ, দৈত্যবিশেষ, হিমালয়ের অংশবিশেষ। ঞ্চী—স্ত্রী, স্ত্রীবক।

ক্রৌঞ্চদারক, ক্রৌঞ্চদারণ (ক্রৌঞ্চ=অসুরবিশেষ, পর্ব্বত+দারক, দারণ

=যে বিদারণ করে,২—ষ) ব্য, পুং, কুমার, কার্ত্তিকেয়, পরশুরাম।

ক্রৌঞ্চদ্বীপ, ব্য,পুং, প্লক্ষাদি সপ্ত মহাদ্বীপের মধ্যে একদ্বীপ।

ক্রৌঞ্চাদন, (ক্রৌঞ্চ=কোঁচবক+অদন=ভোজনীয়,৬-ষ) ব্য,ন, মৃণাল। নী—স্ত্রী, পদ্মবীজ।

ক্রৌঞ্চারাতি, (ক্রৌঞ্চ=অসুরবিশেষ+অরাতি=শত্রু) ব্য,পুং, কাত্তিকেয়।

ক্রোশশতিক, (ক্রোশ+শত+ঞিক) ণ, ত্রি. শতক্রোশগমনকারী।

ক্লম, ক্লান্তি, (ক্লম্—ক্লান্তহওয়া+অল্, তি—ভাব) ব্য, পুং, স্ত্রী. আয়াস, উৎকট পরিশ্রম করিয়া গ্লানি বোধ করা, শ্রম, খেদ, "ইদং কিলাব্যাজমনোহরং বপুস্তপঃক্লমং সাধয়িতুং য ইচ্ছতি" শকুন্তলা।

ক্লান্ত. (ক্লম্+ক্ত—ষ) ণ, ত্রি, ম্লান, ক্লান্তিযুক্ত, অতিশয় শ্রান্ত।

ক্লিন্ন, (ক্লিদ্=আর্দ্রহওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, ক্লেদযুক্ত, আর্দ্র, ভিজা।

ক্লিশিত,ক্লিষ্ট, (ক্লিশ্=দুঃখিতহওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, ক্লান্ত, কষ্ট প্রাপ্ত, কৃশ, ক্ষীণ।

ক্লীতকিকা, ব্য, স্ত্রী, নীলীবৃক্ষ।

ক্লীব,(ক্লীব=কুণ্ঠিতহওয়া+অ)ব্য, পুং, ন, যাহার পুরুষত্ব নাই, নপুংসক, স্ত্রীপুং ভিন্ন, "ন মূত্রং ফেনিলং যস্য বিষ্ঠা চাপ্সু নিমজ্জতি, মেঢ়শ্চোন্মাদশুক্রাভ্যাং হীনঃ ক্লীবঃ স উচ্যতে" ণ, ত্রি, অক্ষম, বিক্রমহীন, কাপুরুষ, পৌরুষহীন, নিষ্ফল, কাতর বাক্য।

ক্লীবলিঙ্গ, (ক্লীব+লিঙ্গ=বাচক) ব্য, পুং, স্ত্রীপুরুষভিন্নবাচক।

ক্লেদ, (ক্লিদ+ঘঞ্—ভাব) ব্য, পুং, ক্লিন্নতা, সমলতা, মলযুক্ত জল, পূয়াদি। [চন্দ্র।

ক্লেদু, (ক্লিদ+উ,—সংজ্ঞার্থে) ব্য,পুং,

ক্লেশ, (ক্লিশ+ঘঞ্—ভাব) ব্য, পুং, কষ্ট, দুঃখ, যন্ত্রণা, শ্রম; অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ, অভিনিবেশ—এই পঞ্চ।

ক্লেশিত, (ক্লিশ্+ণিচ্+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে ক্লেশ দেওয়া হইয়াছে, ক্লেশ প্রাপ্ত।

ক্লৈব্য, (ক্লীব+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, ক্লীবত্ব, কাপুরুষতা, নিষ্ফলত্ব, কাতরতা, "ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয্যুপপদ্যতে।

ক্লোম, (ক্লু—গমনকরা+মন্)ব্য,পুং, মূত্রাধার, ফুস্ফুস্, "যকৃচ্চ ক্লোমা নশ্চ হৃদয়স্থাধস্থাদ্দক্ষিণোত্তরৌমাংসখণ্ডৌ, ক্লোমান ইতি নিত্যং বহুবচনমেকস্মিন্নেব" "বাহ্বোর্মধ্যে বক্ষঃ তন্মধ্যে হৃদয়ম্ তৎপার্শ্বে ক্লোম পিপাসাস্থানম্।

ক্লোমতুণ্ডী, ব্য,যাহাদের শরীরস্থ বায়ু ক্লোমমুখের সহিত সংলগ্ন থাকে। এই শ্রেণীস্থ মৎস্যদিগের ডানায় অস্থিশলাকা থাকে না, যথা—বান মৎস্য (Physostomata)

ক্লোমশ্বাসী, ব্য, যাহারা ত্বক্ কোষ দ্বারা শ্বাস কার্য্য সম্পন্ন করে, ইহাদের চক্ষুর সংখ্যা ৬ বা ৮, যথা—মাকড়সা, কাঁকড়া,বিছা প্রভৃতি, (Pulmonaria)

ক্ব, (সপ্তম্যন্ত কিম্ শব্দ) ব্য, ক্রি—ণ, কোথায়, কোন্‌স্থানে, 'যদুপতেঃ ক্বগতা মথুরাপুরী।"

ক্বঙ্গু, ব্য, পুং, কঙ্গু।

ক্বচন, ক্বচিৎ,(ক্ব+চন, চিৎ—অসাকল্যার্থে) ব্য, ক্রি—ণ, কোন স্থানে, কোথাও, কোন অংশে, কখন, "ক্বচিৎ তুষ্টঃ ক্বচিদ্রুষ্টঃ তুষ্টোরুষ্টঃ ক্ষণে ক্ষণে অব্যবস্থিতচিত্তস্য প্রসাদোঽপিভয়ঙ্করঃ।" "জাতিমাত্রেণ কিং কশ্চিদ্ধন্যতে পূজ্যতে ক্বচিৎ" হিতোপদেশ।

ক্কণ, ক্কাণ, (ক্কণ্=শব্দকরা+অ, অল্—ভাব) ব্য, পুং, বীণাদির ধ্বনি, নাদ, শব্দ, ধ্বনি।

ক্কণন, (ক্কণ্+অনট,—ভাব) ব্য, ন, বীণাদির শব্দ, ধ্বনি।

ক্কণিত, (ক্কণ্+ক্ত—ব, ভাব) ণ, ত্রি, শব্দায়মান, ধ্বনিত, "ক্কণিতকিঙ্কিণী-কংধনুঃ" উত্তরচরিত। ব্য, ন, ধ্বনি।

ক্কথিত, (ক্কথ=পাক করিয়া কাথ বাহির করা+ক্ত—চ) ণ, ত্রি, অগ্নিসিদ্ধ, পক্ক। ব্য, ন, কাথ।

ক্কাচিৎক, (ক্কচিৎ+ক) ণ, ত্রি, কোন স্থানে বা কোন সময়ে যাহা ঘটে।

ক্কাথ, (ক্কথ্+অ) ব্য, পুং, জলে ফেলিয়া জাল দিয়া বস্তুর যে সার নির্গত করা যায়, নির্য্যাস, সিদ্ধ বস্তুর রস, দুঃখ, ব্যসন।

ক্কাথোদ্ভব, ব্য, ন, তুথাঞ্জন।

ক্ষ, (ক্ষি বা ক্ষৈ=ক্ষীণহওয়া, অথবা ক্ষজ্=দান করা, গমনকরা+অ) ব্য, পুং, ক্ষত্রিয়, নৃসিংহ।

ক্ষণ, (ক্ষণ্=বধকরা+অ) ব্য, পুং, ত্রিংশৎ কলাপরিমিত কাল, অতি সূক্ষ্মকাল, উৎসব, পর্ব্ব, অবসর, অবকাশ, সুযোগ, ব্যাপার।

ক্ষণদ, (ক্ষণ=সময়+দা=দানকরা+অ) ব্য, পুং, দৈবজ্ঞ, গণক। ন, জল। দা—স্ত্রী, রাত্রি, "কমলিনী মলিনী দিবসাত্যয়ে শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে," হরিত্রা। [হত্যা, বধ।

ক্ষণন, (ক্ষণ্+অন—ভাব) ব্য, ন,

ক্ষণনিশ্বাস, (ক্ষণ=সময়+নিশ্বাস, ৬-হ) ব্য, পুং, শিশুমার, শুশুক।

ক্ষণপ্রভা, (ক্ষণ=সময়+প্রভা=দীপ্তি ৬হ) ব্য, স্ত্রী, যাহার ক্ষণকাল প্রভা, বিদ্যুৎ। ক্ষণদ্যুতি প্রভৃতি শব্দেরও এই অর্থ।

ক্ষণভঙ্গুর, ক্ষণিক, (ক্ষণ=সময়+ভঙ্গুর=ভঙ্গশীল, ক্ষণ+ইক—স্থিতার্থে) ণ, ত্রি, ক্ষণমাত্র স্থায়ী, ক্ষণধ্বংসী। কা—স্ত্রী, বিদ্যুৎ।

ক্ষণরামী, (ক্ষণ=সময়+রম্=ক্রীড়াকরা+ণিন্—ম) ব্য, পুং, কপোত, পারাবত। [স্ত্রী, রাত্রি, রজনী।

ক্ষণিনী, (ক্ষণ+ইন, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য,

ক্ষত, (ক্ষণ্=আঘাতকরা+ক্ত) ব্য, ন, ব্রণ, ঘা, আঘাত, ঘর্ষণ। ণ, ত্রি, ভগ্ন, বিদারিত, ব্যথিত, আহত, দষ্ট, বিদ্ধ, নষ্ট, নিষ্পিষ্ট।

ক্ষতঘ্ন, ব্য, পুং, বৃক্ষবিশেষ, কুকুর পোকার গাছ। ঘ্নী—স্ত্রী, লাক্ষা।

ক্ষতজ, (ক্ষত=ঘা+জ=যে জন্মে, ৫-ব) ব্য, ন, রুধির, রক্ত, পূঁয। "সচ্ছিন্নমূলঃ ক্ষতজেন পূর্ব্বং।"

ক্ষতব্রত, (ক্ষত=ভগ্ন+ব্রত, ৬হ) ণ, ত্রি, নিয়মভঙ্গকারক, নষ্টব্রত।

ক্ষতহর, ব্য, ন, অগুরু।

ক্ষতি, (ক্ষণ্+ক্তি—ভাব—চ) ব্য, স্ত্রী, অপচয়, হানি, নাশ, ক্ষয়, ক্ষত, অস্ত্রাদি চিহ্ন। [উদররোগবিশেষ।

ক্ষতোদর, (ক্ষত+উদর) ব্য, পুং,

ক্ষত্তা, (ক্ষদ=সম্বরণকরা+তৃণ্—ম) ব্য, পুং, যে অশ্ব বা দ্বার সংবরণ করে, সারথি, দ্বারপাল, ক্ষত্রিয় বা বৈশ্যার গর্ভে শূদ্রের ঔরসজাত সন্তান, দাসীপুত্র, "ক্ষত্তার্থবদ্ধপ্রশ্বাক প্রচ্ছন্নং সংযতঃ পরৈঃ' মহাভারত। নিযুক্ত, বিধাতা।

ক্ষত্র, ক্ষত্র, ([ক্ষদ+ক্বিপ]=ক্ষৎ=ক্ষত, অস্ত্রাঘাত+ত্রৈ=পরিত্রাণকরা+ড) ব্য, পুং, দ্বিতীয় বর্ণ, ক্ষত্রিয় জাতি "ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়।" ব্য, ন, যে ব্যক্তি অস্ত্রাঘাত হইতে লোকদিগকে পরিত্রাণ করে, শরীর, তগর।

ক্ষত্রধর্ম্ম; ব্য, পুং, ক্ষত্রিয়ের ধর্ম্ম, সাহস পুরুষকার প্রভৃতি।

ক্ষত্রবন্ধু, (ক্ষত্র+বন্ধু—নিন্দিতার্থে)

ণ,ত্রি, নিন্দিত ক্ষত্রিয়, ক্ষুদ্র ক্ষত্রিয়।

ক্ষত্রিয়, (ক্ষত্র+ইয়—স্বার্থে) ব্য,পুং, দ্বিতীয় বর্ণ। ব্য-স্ত্রী,ক্ষত্রিয়ের পত্নী। ক্ষাণী—স্ত্রী,ক্ষত্রিয় জাতি স্ত্রী,ক্ষত্রিয়-পত্নী। [জাতি।

ক্ষত্রী, (ক্ষত্র+ইন্) ব্য, পুং, ক্ষত্রিয়-

ক্ষন্তব্য,(ক্ষম্+তব্য—চ) ণ,ত্রি, ক্ষমার যোগ্য, ক্ষমা করিবার উপযুক্ত। "উপকারেণ তত্তস্ত ক্ষন্তব্যমপরাধনঃ" মহাভারত। [ত্রি,ক্ষমাশীল, সহিষ্ণু।

ক্ষন্তা, (ক্ষম্=সহ্যকরা+তৃণ্—ব) ণ,

ক্ষপণ, (ক্ষপ্=ক্ষেপণকরা+অন—ঘ) ণ, ত্রি, লজ্জাহীন, নির্লজ্জ।

ক্ষপণক, (ক্ষপণ+ক—স্বার্থে) ব্য,পুং, বৌদ্ধবিশেষ, উলঙ্গ বৌদ্ধ-সন্ন্যাসী। "নগ্নক্ষপণকে দেশে রজকঃ কিং করিষ্যতি," নাস্তিকমতপ্রচারক,নির্লজ্জ, নবরত্নের অন্তর্ভূত দ্বিতীয় রত্ন, যথা—ধন্বন্তরি-ক্ষপণকামরসিংহশঙ্কুবেতালভট্টঘটকর্পরকালিদাসাঃ খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নববিক্রমস্য।" [স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, রাত্রি।

ক্ষপা, (ক্ষপ্=ক্ষেপণকরা+অ, আ-

ক্ষপাকর, (ক্ষপা+কর=যে করে, ২-ব) ব্য, পুং, চন্দ্র, চাঁদ, কর্পূর।

ক্ষপাচর, (ক্ষপা+চর=যে গমন করে) ব্য, পুং, রাক্ষস।

ক্ষপাট, (ক্ষপা=রাত্রি+অট্=বিচরণ করা+অ, ৭-ব) ব্য, পুং, যাহারা রাত্রিতে চরে, রাক্ষস, নিশাচর, রাত্রিচর, "ততঃ ক্ষপাটৈঃ পৃথুপিঙ্গলাক্ষৈঃ খং প্রাবৃষেণ্যৈরিব চানশেষৈঃ"।

ক্ষপানাথ, ক্ষপাপতি, (ক্ষপা+নাথ, পতি=প্রভু, ৬-ব) ব্য, পুং, চন্দ্র।

ক্ষপিত, (ক্ষপ্+ক্ত) ণ, ত্রি, যাপিত, অতিবাহিত, নষ্ট, বিনাশিত।

ক্ষম, (ক্ষম্=সহ্যকরা+অ—ভাব, ঘ) ব্য,ন, উপযুক্ততা, যোগ্যতা। ণ,ত্রি, সহিষ্ণু উপযুক্ত, সমর্থ, হিত, যোগ্য, "মহান্ত এব মহতামর্থং সাধয়িতুং ক্ষমাঃ।"

ক্ষমতা, (ক্ষম+তা—ভাবে) ব্য, স্ত্রী, সামর্থ্য,শক্তি,যোগ্যতা, উপযুক্ততা।

ক্ষমা, (ক্ষম+আ—ভাব) ব্য, স্ত্রী, অপকার-সহন, শান্তি, নিবৃত্তি, কেহ অপরাধ করিলে তাহার প্রতি কোপ না করা, মার্জনা, সহিষ্ণুতা, তিতিক্ষা, পৃথিবী, দুর্গা, রাত্রি।

ক্ষমাদংশ, ব্য, পুং, শজিনাগাছ।

ক্ষমাবান, (ক্ষমা+বৎ—শীলার্থে) ণ, ত্রি, ক্ষমাশীল, সহিষ্ণু "ক্ষমাবতা মযং লোকঃ পরশ্চৈব ক্ষমাবতাং, তস্মাচ্চরেথাঃ সততং ক্ষমাশীলো-জিতেন্দ্রিয়ঃ" মহাভারত।

ক্ষমিতা, ক্ষমী,ক্ষন্তা, (ক্ষম=সহ্যকরা+তৃ, ইন, তৃ—ঘ) ণ, ত্রি, সহিষ্ণু, ক্ষমাশীল, সমর্থ। [যোগ্য,উপেক্ষ্য।

ক্ষম্য, (ক্ষম+য) ণ, ত্রি, ক্ষমার

ক্ষয়, (ক্ষি=ক্ষীণহওয়া, বাসকরা+অ—ভাব, ৫) ব্য, পুং, প্রলয়, অপচয়, হ্রাস, ধ্বংস, নাশ, অন্ত, ক্ষয়রোগ, ক্ষয়কাশ, এই রোগে শরীর ক্রমে ক্রমে ক্ষয়প্রাপ্ত হয়, ভবন, মাসবিশেষ, বৎসরবিশেষ।

ক্ষয়কাল, ব্য, পুং, প্রলয়কাল।

ক্ষয়কাস, ব্য, পুং, যক্ষ্মাকাস।

ক্ষয়থু, (ক্ষী=ক্ষীণহওয়া+অথু) ব্য,পুং, কাসরোগ।

ক্ষয়-পক্ষ, ব্য, পুং, কৃষ্ণপক্ষ, যে পক্ষে চন্দ্রের কলা হ্রাস হয়, "ক্ষয়-পক্ষ ইবৈন্দবীঃ কলাঃ সকলা হন্তি"।

ক্ষয়মাস, ব্য, পুং, মলমাস, অধিমাস।

ক্ষয়িত, (ক্ষি=ক্ষীণহওয়ান+ক্ত—চ) ণ,ত্রি, নাশিত, হ্রাসিত। (ক্ষয়+ইত) ক্ষয়প্রাপ্ত। [নশ্বর, ক্ষয়শীল।

ক্ষয়ী, (ক্ষয়+ইন—হিতার্থে) ণ, ত্রি,

ক্ষয্য, (ক্ষি+য—ট) ণ, ত্রি, ক্ষয়-যোগ্য, বিনাশের যোগ্য।

ক্ষর, (ক্ষর্=ফোঁটা ফোঁটা পড়া+অ—ভাব) ব্য,পুং,স্যন্দন,স্বেদন,ক্ষরণ, বিনাশ,মেঘ। ন, জল। ণ,ত্রি,নশ্বর। -রী, স্ত্রী, বর্ষাকাল।

ক্ষরণ,(ক্ষর্+অনট্—ভাব) ব্য, ন, দ্রব দ্রব্যের পতন, গলন, স্বেদন, মদ্যাদি স্রবণ, নিঃসরণ, চোয়ান, নাশ। [গলিত, বিসৃত, চোঁয়ান।

ক্ষরিত, (ক্ষর্+ক্ত—ট) ণ, ত্রি,

ক্ষরী, (ক্ষর=জল+ইন্) ব্য, পুং, বর্ষাকাল। ণ,ত্রি, ক্ষরণ বিশিষ্ট।

ক্ষব,ক্ষবথু, (ক্ষু=হাঁচা+অ,অথু—ভাব) ব্য, পুং, হাঁচি, কাসি, "যস্যানিলো নাসিকয়া নিরেতি, কফানুযাতো বহুশঃসশব্দঃতংরোগমাহুঃক্ষবথুম্"।

ক্ষাত্র, (ক্ষত্র+অ—ভাবে, সম্বন্ধার্থে) ব্য, ন, ক্ষত্রিয়ত্ব, ক্ষত্রিয়কর্ম্ম। ণ,ত্রি, ক্ষত্রিয়সম্বন্ধীয়, "আত্মকর্ম্ম ক্ষমংদেহং ক্ষাত্রোধর্ম্মইবাশ্রিতঃ" রঘুবংশ।

ক্ষান্ত, (ক্ষম্+ক্ত—ঘ) ণ, ত্রি, ক্ষমাশীল, সহিষ্ণু, বিরত।

ক্ষান্তি, (ক্ষম্+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, ক্ষমা, সহিষ্ণুতা, নিবৃত্তি।

ক্ষাম, (ক্ষৈ=ক্ষীণহওয়া+ক্ত—ঘ; ত=ম) ণ, ত্রি, দুর্ব্বল, কৃশ, ক্ষীণ, শুষ্ক, রুক্ষ, "শ্বাসক্ষামেক্ষণা দীনা মুনীন্ভির্বাক্যমব্রবীৎ" বিষ্ণুপুরাণ।

ক্ষামাত্ত, ব্য, ন, কুপথ্য।

ক্ষার, (ক্ষর্=ফোঁটাফোঁটা পড়া+অ—ধ)ব্য, পুং, কাচ, সোহাগা, লবণ রস, থাড়গুড়, ভস্ম, ছাই, "ক্ষতে ক্ষারমিবাসহ্যম্" "ধারাপমার্গকুটজ-লাঙ্গলীতিলমুষ্কটৈঃ, ক্ষারৈরেতৈস্ত্র মিলিতৈঃ ক্ষারষট্কাদয়ো গণাঃ" "পলাশবহ্নিশিখরিচিঞ্চার্কতিলনাল-জাঃ যবজঃ সর্জ্জিকা চেতি ক্ষারাষ্টক-মুদাহৃতম্", ধূর্ত্ত। ন, লবণ, লোণা-মাটি।

ক্ষারক, (ক্ষর্+ণক—ঘ) ব্য, পুং, অস্ফুট পুষ্প, কুঁড়ি, জালক, জালি, রজক, পক্ষী প্রভৃতির খাঁচা।

ক্ষারতৈল, ব্য, ন, পক্বতৈল।

ক্ষারপত্র, ব্য,ন, বাস্তুক, বেতোশাক।

ক্ষারভূমি, (ক্ষার+ভূমি, ৬-ষ) ব্য, স্ত্রী, লবণমৃত্তিকা বিশিষ্ট দেশ,লোণাস্থান, "জীবনং জীবনং হন্তি প্রাণান্ হন্তি সমীরণঃ, কিমাশ্চর্য্যং ক্ষারভূমৌ প্রাণদা যমদূতিকা"। [গাছ।

ক্ষারমধ্য, ব্য, পুং,অপামার্গ, আপাং-

ক্ষারমৃত্তিকা, (ক্ষার=লবণ+মৃত্তিকা) ব্য, স্ত্রী, লোণামাটী।

ক্ষারিকা ; ব্য, স্ত্রী, ক্ষুধা।

ক্ষারিত, (ক্ষারি=গমনকরান এবং পড়ান+ক্ত—ট)ণ,ত্রি,স্রাবিত,গলান, অপবাদগ্রস্ত, কলঙ্কিত, দূষিত।

ক্ষালন,(ক্ষাল=ধৌতকরা+অনট্—ভাব) ব্য, ন, জলদ্বারা পরিষ্কার করণ, প্রক্ষালন,ধৌতকরণ,কাচান,শোধন।

ক্ষালিত, (ক্ষাল্=ধৌতকরা+ক্ত—ট) ণ, ত্রি, পরিষ্কৃত, শোধিত, ধৌত।

ক্ষিত, (ক্ষি=ক্ষীণহওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, হিংসিত, ক্ষয়প্রাপ্ত।

ক্ষিতি, (ক্ষি=বাসকরা, ক্ষীণহওয়া+ক্তি—ডে, ভাব) ব্য,স্ত্রী,পৃথিবী,বাসস্থান, ক্ষতি, গন্ধদ্রব্যবিশেষ, প্রলয়-কাল, রোচনা।

ক্ষিতিক্ষম, ব্য, পুং, খদির বৃক্ষ।

ক্ষিতিধর,ক্ষিতিভৃৎ,(ক্ষিতি=পৃথিবী+ধর, ভৃৎ=যে ধারণ করে, ২-ষ) ব্য,পুং, পর্ব্বত, রাজা, অনন্তদেব।

ক্ষিতিনাথ, ক্ষিতিপতি, ক্ষিতিপ, ক্ষিতিপাল, ক্ষিতিরক্ষী, (ক্ষিতি+নাথ,পতি=প্রভু, ৬-ষ; প, পাল=যে পালন করে, ২—ষ; রক্ষিন্=যে রক্ষা করে, ২-ষ) ব্য,পুং, রাজা।

ক্ষিতিরুহ, (ক্ষিতি+রুহ=যে জন্মে,

৬-ষ) ব্য, পুং, বৃক্ষ, গাছ।

ক্ষিতিবর্দ্ধন, (ক্ষিতি+বর্দ্ধন=যে বাড়ে, ৩-ষ) ব্য পুং, মৃতদেহ, শব। ণ, ত্রি, ভূমিবৃদ্ধিকারী, "ধাদৈশ্চকার ক্ষিতিবর্দ্ধনম্"।ব্য, পুং, মূর্খা, মূঢ়, রোগ

ক্ষিত্র, (ক্ষিদ্=অব্যক্ত শব্দ করা+র)

ক্ষিপণু, (ক্ষিপ্=ক্ষেপণ করা, প্রেরণ করা+অনু—সংজ্ঞার্থে) ব্য, পুং, বায়ু

ক্ষিপণ্যু, ব্য, স্ত্রী, বসন্তকাল, দেহ।

ক্ষিপ্ত, (ক্ষিপ্=ক্ষেপণকরা+ক্ত—চ) ণ, ত্রি, নিক্ষিপ্ত, প্রেরিত, হত, নিন্দিত, অবজ্ঞাত, পাগল, বাতুল, যাহার বুদ্ধি বিচলিত হইয়াছে, পরিত্যক্ত,বিকীর্ণ,অত্যাসক্ত। প্তা—স্ত্রী, রাত্রি।

ক্ষিপ্তনিবাস, ব্য, পুং, ক্ষিপ্ত ব্যক্তিদের থাকিবার স্থান, পাগলাগারোদ, (Lunatic Asylum.)

ক্ষিপ্নু, (ক্ষিপ্+নু—ষ, শীলাদ্যর্থে) ণ, ত্রি, ক্ষেপণশীল, নিরাকরিষ্ণু।

ক্ষিপ্র, (ক্ষিপ্+র) ক্রিং—ণ, ন, ণ, ত্রি, শীঘ্র, দ্রুত, খেচরান্ন, খিচুড়ী।

ক্ষিপ্রকারী,(ক্ষিপ্র=শীঘ্র+কারিন্=যে করে) ণ, ত্রি, যে শীঘ্র শীঘ্র কর্ম্ম সমাধা করে, শীঘ্রকারী, লঘুহস্ত, "যদি বিন্দেত চাকারমস্মাকং স পুরোচনঃ, ক্ষিপ্রকারী ততো ভূত্বা প্রসহ্যাপি দহেত নঃ" মহাভারত।

ক্ষিপ্রহস্ত; ণ, ত্রি, যাহার হাত শীঘ্র চলে, যে ব্যক্তি শীঘ্র বাণ ত্যাগ করিতে সমর্থ হয়।

ক্ষীণ, (ক্ষি=ক্ষীণহওয়া+ক্ত—ষ) ণ, ত্রি,দুর্ব্বল, জীর্ণ, শুষ্ক, কৃশ, শীর্ণ,সূক্ষ্ম

ক্ষীণজীবী, (ক্ষীণ+জীব্=বাঁচা+ণিন্ ষ) ণ, ত্রি, ক্ষুদ্রপ্রাণ, অল্পপ্রাণ, যাহার প্রাণ অল্পেই বিনষ্ট হইতে পারে।

ক্ষীণতা, (ক্ষীণ+তা—ভাবে) ব্য, স্ত্রী, কৃশতা, দৌর্ব্বল্য, সূক্ষ্মতা।

ক্ষীণ-তাড়িত,ব্য, তাড়িতের আকর্ষণ-শক্তি বিশেষ (Negative Electricity) [মত্ত, মাতাল।

ক্ষীব, (ক্ষীব্=মত্তহওয়া+ক্ত) ণ, ত্রি,

ক্ষীয়মাণ, (ক্ষি+শান—চ) ণ, ত্রি, যাহার ক্ষয় হইতেছে, অপচীয়মান।

ক্ষীর, (ঘস্=ভোজনকরা+ঈর) ব্য, ন,জল, নির্য্যাস, আটা, দুগ্ধ, "যত্র দ্রুতক্ষীরতয়া প্রসূতঃ সানূনি গন্ধঃ সুরভীকরোতি" কুমারসম্ভব "হংসো হি ক্ষীরমাদত্তে তন্মিশ্রংবর্জ্জয়েৎ পয়ঃ।" [পুং,স্তন্যপায়ী শিশু।

ক্ষীরকণ্ঠ,(ক্ষীর=দুগ্ধ+কণ্ঠ=গলা) ব্য.

ক্ষীরকাকোলী, ব্য, স্ত্রী, ওষধি বিশেষ

ক্ষীরকাণ্ডক, ব্য, পুং, অর্কবৃক্ষ।

ক্ষীরজ, (ক্ষীর=দুগ্ধ+জ=উৎপন্ন) ব্য, ন,দধি। ণ,ত্রি,ক্ষিরোৎপন্ন বস্তু।

ক্ষীরদল, ব্য, পুং, অর্কবৃক্ষ।

ক্ষীরদ্রুম, ব্য, পুং, অশ্বত্থবৃক্ষ।

ক্ষীরনস্য, ব্য, পুং, শাখোট বৃক্ষ, শেওড়া গাছ।

ক্ষীরনীর,(ক্ষীর=দুগ্ধ+নীর=জল) ব্য, ন, দুগ্ধ ও জলের ন্যায় পরস্পর মিশ্রিত হওয়া, আলিঙ্গন।

ক্ষীরপর্ণী, ব্য, স্ত্রী, অর্কবৃক্ষ।

ক্ষীরবল্লী, ব্য, স্ত্রী, কৃষ্ণ ভূমিকুষ্মাণ্ড।

ক্ষীরবিকৃতি, (ক্ষীর=দুগ্ধ+বিকৃতি=অন্যথাভাব, ৬-ষ) ব্য, স্ত্রী, ক্ষীরের বিকার, ক্ষীরসা।

ক্ষীরশর, ক্ষীরসর (ক্ষীর=দুগ্ধ+শর,সর=যে উপরে গমন করে) ব্য, পুং, আমিক্ষা, দুগ্ধ দধির সার।

ক্ষীরশুক্ল, (ক্ষীর=দুগ্ধ+শুক্ল=শাদা) ব্য, পুং, যে ফল দুগ্ধের ন্যায় শাদা, পাণিফল। ন,স্ত্রী,শুক্ল ভূমি-কুষ্মাণ্ড।

ক্ষীরসার, (ক্ষীর+সার=সারাংশ) ব্য, পুং, নবনীত, ছানা, "ক্ষীরসারমপনীয় শঙ্কয়া স্বীকৃতং যদি পলায়নং ত্বয়া"। [ব্য,পুং, ক্ষীরসমুদ্র।

ক্ষীরাব্ধি, (ক্ষীর=দুগ্ধ+অব্ধি=সমুদ্র)

ক্ষীরাব্ধিজ, (ক্ষীরাব্ধি=ক্ষীরসমুদ্র+জ =জাত) ব্য, পুং, চন্দ্র। ন, সামুদ্র লবণ। জা—স্ত্রী,লক্ষ্মী,মুক্তা।

ক্ষীরাব্ধিতনয়া, (ক্ষীরাব্ধি=ক্ষীরসমুদ্র +তনয়া=কন্যা, ৬-ষ)ব্য, স্ত্রী, লক্ষ্মী, "ক্ষীরাব্ধিতনয়া রমা" অমরকোষ।

ক্ষীরিকা, (ক্ষীর=দুগ্ধ+ইক, আ) ব্য, স্ত্রী, ক্ষীরা, শশা, খর্জ্জুর, পরমান্ন।

ক্ষীরী, (ক্ষীর+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, বৃক্ষবিশেষ, নির্য্যাস বিশিষ্ট বৃক্ষ লতাদি, বট, অশ্বত্থ, আকন্দ, ডুম্বুর, সোমলতা,শশা প্রভৃতি, "ন্যগ্রোধো· দুম্বরাশ্বত্থপারিশপ্লক্ষপাদপাঃ। পঞ্চৈ· তে ক্ষীরিণো বৃক্ষাস্তেষাং ত্বক্ পঞ্চ· লক্ষণম্। কেচিত্তু পারিশ স্থানে শি· রীষং বেতসং পরে বদন্তি।।"

ক্ষীরেয়ী, ব্য, স্ত্রী, পায়স, পরমান্ন।

ক্ষীরোদ,(ক্ষীর=দুগ্ধ+উদ=জল,৬.হ) ব্য, পুং, ক্ষীরসমুদ্র।

ক্ষীরোদনন্দন,(ক্ষীরোদ=সমুদ্র+নন্দন =পুত্র, ৬.ষ) ব্য, পুং, চন্দ্র।

ক্ষীরোদতনয়া, (ক্ষীরোদ=ক্ষীর- সমুদ্র+তনয়া=কন্যা, ৬-ষ) ব্য, স্ত্রী, লক্ষ্মী।

ক্ষুণি, ক্ষুণী (ক্ষু=শব্দকরা+ণি) ব্য, স্ত্রী, পৃথিবী, ক্ষোণী।

ক্ষুণ্ণ, (ক্ষুদ্=চূর্ণকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রহৃত, মাড়ান, চূর্ণীকৃত, গুঁড়াকরা, আহত, খনিত, অভ্যস্ত, আচরিত, ক্ষুব্ধ, দুঃখিত।

ক্ষুৎ,ক্ষুত, (ক্ষু=হাঁচা+ক্বিপ্,ত—ভাব) ব্য, স্ত্রী, পুং হাঁচি।

ক্ষুৎক্ষাম, (ক্ষুধ্+ক্ষাম=ক্ষীণ, ৩-ষ) ণ, ত্রি, ক্ষুধায় ক্ষীণ।

ক্ষুৎপিপাসা,(ক্ষুধ্+পিপাসা=তৃষ্ণা, দ্বং —স) ব্য, স্ত্রী, ক্ষুধা ও তৃষ্ণা।

ক্ষুতাভিজনন, ব্য, পুং, কৃষ্ণসর্ষপ।

ক্ষুদ, (ক্ষুদ্রশব্দজ) ব্য, তণ্ডুলাদি চূর্ণ, তণ্ডুল কণা।

ক্ষুদ্বোধ, (ক্ষুধ্+বোধ, ৬-ষ) ব্য, স্ত্রী, ক্ষুধার অনুভব, ক্ষুধা পাওয়া।

ক্ষুদ্র, (ক্ষুদ+রক্) ণ, ত্রি, ছোট, অল্প· কায়,নীচ,অধম ক্রুর, দরিদ্র, কৃপণ। দ্রা—স্ত্রী,বেশ্যা,মক্ষিকা, মধুমক্ষিকা, "মক্ষিকাঃ কপিলাঃ সূক্ষ্মাঃ ক্ষুদ্রাখ্যা- স্তৎকৃতং মধু, মুনিভিঃ ক্ষৌদ্রমি- ত্যুক্তং তদ্বর্ণাৎ কপিলং ভবেৎ।"

ক্ষুদ্রঘণ্টিকা, (ক্ষুদ্র=ছোট+ঘণ্টি= কাংস্যাদি নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ+ ক; আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, কিঙ্কিণী, ঘুঙুর। [লিক।

ক্ষুদ্রচূড়, ব্য,পুং, পক্ষিবিশেষ, গোশা-

ক্ষুদ্রজন্তু, ব্য, পুং, শতপদী, কেন্নাই।

ক্ষুদ্রপত্রা, ব্য, স্ত্রী, চাঙ্গেরী, চুকা- পালম।

ক্ষুদ্রপত্রী, ব্য, স্ত্রী, বচা, বচ।

ক্ষুদ্র পনস, ব্য, ন, লকুচ, ডাহু।

ক্ষুদ্রপ্রাণ, (ক্ষুদ্র=অল্প+প্রাণ) ণ,ত্রি, ক্ষীণজীবী বা অল্পপ্রাণ। [কারী।

ক্ষুদ্রফলা, ব্য, স্ত্রী, ইন্দ্রবারুণী, কণ্ট-

ক্ষুদ্রাক্ষ,(ক্ষুদ্র=ছোট+অক্ষি=চক্ষু,৬.হ) ণ, ত্রি, যাহার চক্ষু ছোট।

ক্ষুদ্রামলক ; ব্য, ন, কাঠআমলা।

ক্ষুদ্রাশয়,(ক্ষুদ্র+আশয়=মন বা অভি- প্রায়, ৬.হ) ণ, ত্রি, নীচাশয়, সামান্য বিষয়ে যাহার লোভ জন্মে।

ক্ষুদ্রিকা, ব্য, স্ত্রী, দংশ, ডাঁশ।

ক্ষুধ্, ক্ষুধা, (ক্ষুধ্=ভোজন করিতে ইচ্ছাকরা+ক্বিপ্, আ—ভাব) ব্য, স্ত্রী, বুভুক্ষা, ভোজনেচ্ছা।

ক্ষুধাভিজনন, (ক্ষুধা+অভিজনন= কারক, উন্নতিকারক) ণ, ত্রি, ক্ষুধা- কারক বস্তু।

ক্ষুধার্ত্ত,(ক্ষুধা+আর্ত্ত=পীড়িত, কাতর ৩-ষ) ণ, ত্রি, ক্ষুধায় পীড়িত, যাহার অত্যন্ত ক্ষুধা হইয়াছে।

ক্ষুধিত,(ক্ষুধ্+ক্ত—চ) ণ, ত্রি, ভোজ- নেচ্ছু, বুভুক্ষিত।

ক্ষুন্নিবৃত্তি, (ক্ষুধ্ + নিবৃত্তি) ব্য, স্ত্রী, ক্ষুধার নিবৃত্তি, ক্ষুধা শান্তি।

ক্ষুপ, (ক্ষু—শব্দকরা + প) ব্য, পুং, পর্ব্বত বিশেষ, ক্ষত্রিয়বিশেষ, ক্ষুদ্র শাখাবৃত ক্ষুদ্রবৃক্ষ।

ক্ষুব্ধ, (ক্ষুভ্—চঞ্চল হওয়া, কাতর হওয়া + ক্ত—ম) ণ, ত্রি, বিচলিত, ক্ষোভপ্রাপ্ত, কাতর, দুঃখিত, ভীত। ব্য, পুং, মন্থনদণ্ড, রতিক্রিয়াকালীন বন্ধন ভেদ, "পার্শ্বোপরি পদৌ কৃত্বা যোনৌ লিঙ্গেন তাড়য়েৎ, বাহুভ্যাং ধারণং গাঢ়ংবন্ধো বৈ ক্ষুব্ধসংজ্ঞকঃ"।

ক্ষুভিত, (ক্ষুভ্ + ত) ণ, ত্রি, ক্ষোভপ্রাপ্ত, যাহার ক্ষোভ জন্মিয়াছে, দুঃখিত, ত্রাসিত, সঞ্চালিত, বিচলিত, ক্রুদ্ধ, সংরব্ধ, প্রস্ত, ব্যাকুল, আলোড়িত, মথিত।

ক্ষুমা, (ক্ষু=হাঁচা + ম—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, তিসি, মসিনা, রেশম, অতসী বৃক্ষ, পাট, শণ।

ক্ষুর, (ক্ষুর্—ছেদনকরা + র; র্—লোপ) ব্য, পুং, গো অশ্ব প্রভৃতি পশুর পায়ের খুর, খাটের খুরা, নাপিতের অস্ত্রবিশেষ। "ত্বং ক্ষুরং জিহ্বয়া লেক্ষি শুচ্যা স্পৃশসি লোচনে, যো রামস্য প্রিয়াংভার্য্যাংপাপবুদ্ধ্যা নিরীক্ষসে"। রী—স্ত্রী, ছুরী। খুর, শব্দও হয়।

ক্ষুরক, ব্য, পুং, কোকিলাক্ষ, তিলক।

ক্ষুরকর্ম্ম, (ক্ষুর + কর্ম্মন্=কর্ম্ম) ব্য, ন, ক্ষৌর, কামান।

ক্ষুরধান, (ক্ষুর + ধা=ধারণকরা + অনট, ডে) ব্য, ন, ক্ষুরভাঁড়, যাহাতে নাপিতেরা ক্ষুর রাখিয়া থাকে।

ক্ষুরধার, (ক্ষুর + ধারা, ৬.হ) ব্য, পুং, নরকবিশেষ।

ক্ষুরপত্র, (ক্ষুর + পত্র, ৬.হ) ব্য, পুং, বাণ, শর। ণ, ত্রি, ক্ষুরতুল্য পত্র বিশিষ্ট (শরবনাদি)।

ক্ষুরপত্রিকা, ব্য, স্ত্রী, পালঙ্ শাক।

ক্ষুরপা, (ক্ষুরপ্রশব্দজ) ব্য, ঘাস ছেদনার্থ অস্ত্রবিশেষ।

ক্ষুরপ্র, (ক্ষুর + প্রথ্—যাওয়া + অ) ব্য, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ, ঘাস ছেদনার্থ অস্ত্র বিশেষ, খুরপা। খুরপ্র শব্দও হয়। "তীক্ষ্ণক্ষুরপ্রধারার তস্যা নাসিকামচ্ছিনৎ"।

ক্ষুরমর্দ্দী, ক্ষুরমুণ্ডী, (ক্ষুর=নাপিতাস্ত্র + মৃদ=নাশকরা, মুণ্ড্=মুড়াকরা + ইন্—ম) ব্য, পুং, স্ত্রী, নাপিত।

ক্ষুরিকা, ব্য, স্ত্রী, পালম শাক।

ক্ষুরী, (ক্ষুর + ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, ণী—স্ত্রী, নাপিত, নাপিতিনী, ক্ষুরযুক্ত পশু।

ক্ষুল্ল, ক্ষুল্লক (ক্ষুদ্=গুড়া, ধুলা + ল + ক—স্বার্থে) ণ, ত্রি, অল্প, লঘু, ক্ষুদ্র, কনিষ্ঠ।

ক্ষুল্লতাত, ক্ষুল্লতাতক, (ক্ষুল্ল=কনিষ্ঠ + তাত=পিতা, কর্ম্মধা) ব্য, পুং, পিতার কনিষ্ঠভ্রাতা, খুড়া।

ক্ষেত, (ক্ষেত্রশব্দজ) ব্য, শস্যোৎপত্তিস্থান, ভূমি

ক্ষেত্র, (ক্ষি=বাসকরা + ত্র) ব্য, ন, ক্ষেত, ভূমি, মনঃ, ইন্দ্রিয় পত্নী "ক্ষেত্রভূতা স্মৃতা নারী বীজভূতঃ স্মৃতঃ পুমান্। ক্ষেত্রবীজসমাযোগাৎ সংভবঃ সর্ব্বদেহিনাম্," শরীর, তীর্থ স্থান, সিদ্ধ ভূমি, সীমাবেষ্টিত স্থান, ত্রিভুজ চতুর্ভুজ প্রভৃতি।

ক্ষেত্রজ, (ক্ষেত্র + জ=যে জন্মে, ৫-ব) ব্য, পুং, জা—স্ত্রী, স্বস্ত্রীতে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত পুত্র বা কন্যা " মৃতস্য চ প্রসূতো যঃ ক্লীবস্য ব্যাধিতস্য বা। অন্যেনানুমতো বা স্যাৎ স্বক্ষেত্রে ক্ষেত্রজঃ স্মৃতঃ।" ণ, ত্রি, ক্ষেত্রজাত।

ক্ষেত্রজ্ঞ, (ক্ষেত্র=শরীর + জ্ঞ=যে জানে, ২-ব) ব্য, পুং, আত্মা, পুরুষ, অন্তর্যামী "ইদং শরীরং কৌন্তেয়

ক্ষেত্রমিত্যভিধীয়তে। এতদ্ যো বে-ত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞমিতি তদ্বিদঃ" "ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত যোহস্থায়নঃ কার-য়িতা তং ক্ষেত্রজ্ঞং প্রচক্ষতে" ভগবদ্গীতা, স্বেচ্ছাচারী কৃষক। ণ, ত্রি, বিদগ্ধ, নিপুণ।

ক্ষেত্রতত্ত্ব, ষ্য, ন, ক্ষেত্রের প্রকৃতি ও পরিমাণ নিরূপক শাস্ত্র, জ্যামিতি (Geometry)

ক্ষেত্রপতি, (ক্ষেত্র+পতি=স্বামী)ষ্য, পুং, রুদ্র, ক্ষেত্রপাল "অথ প্রভাতে ক্ষেত্রপতি লগুড়হস্তস্তং প্রদেশং গচ্ছন্ কাকেনাবলোকিতঃ" হিতোপদেশ।

ক্ষেত্রপর্পটী, ষ্য, স্ত্রী, ক্ষেতপাবড়া।

ক্ষেত্রপাল, (ক্ষেত্র+পাল=যে রক্ষা করে) ষ্য, পুং, ক্ষেত্ররক্ষক, দেবতা বিশেষ।

ক্ষেত্রফল, ষ্য, ন, ক্ষেত্রান্তর্গত স্থানের পরিমাণ, ভূমির পরিমাণফল, ভূমির কালী (Area)

ক্ষেত্রবিৎ, (ক্ষেত্র=শরীর+বিদ্+কিপ্) ষ্য, পুং, জীবাত্মা।

ক্ষেত্রাজীব, (ক্ষেত্র=ক্ষেত+আজীব=যে বাঁচে) ণ, ত্রি, যে ক্ষেত্রে পরিশ্রম করিয়া জীবিকা নির্ব্বাহ করে, কৃষক, কৃষিজীবী।

ক্ষেত্রিক, (ক্ষেত্র+ইক—অস্ত্যর্থে) ষ্য, পুং, ক্ষেত্রস্বামী।

ক্ষেত্রিয়, (ক্ষেত্র=ক্ষেত, শরীর+ইয়) ষ্য, পুং, পরদাররত ব্যক্তি, অসাধ্য রোগ। ন, পরদার, ক্ষেত্রজাত তৃণ, চিকিৎসা। ণ, ত্রি, ক্ষেত্রসম্বন্ধীয়।

ক্ষেত্রী, (ক্ষেত্র+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ক্ষেত্রস্বামী। ষ্য, পুং, স্বামী, ভর্ত্তা।

ক্ষেপ, (ক্ষিপ্=ক্ষেপণকরা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, নিক্ষেপ, ছুড়িয়া ফেলা, অপসারণ, ত্যাগ, বিলম্বন, নিন্দা, গর্ব্ব, অহঙ্কার, বিলম্বযাপন, কাটান, চালান, প্রেরণ, লেপন, লঙ্ঘন।

ক্ষেপক, (ক্ষিপ+ণক—ক) ণ, ত্রি, যে ক্ষেপণ করে। ষ্য, পুং, গুচ্ছ, অঙ্কবিশেষ, গ্রন্থমধ্যে ক্ষিপ্তপাঠ।

ক্ষেপণ, (ক্ষিপ্+অনট্—ভাব) ষ্য, ন, নিক্ষেপ, পরিত্যাগ, অপসারণ, প্রেরণ, যাপন, নিন্দা।

ক্ষেপণি, ণী, ক্ষেপণিকা, (ক্ষিপ্+অনি ; ক—যোগে ক্ষেপণিকা) ষ্য, স্ত্রী, নৌকাদণ্ড, ধবজি, দাঁড়, ক্ষেপলা জাল, ক্ষেপণীয়াস্ত্র বিশেষ, ফাঁদবিশেষ।

ক্ষেপণিক, (ক্ষেপণি+ইক) ষ্য, পুং, যে ব্যক্তি ক্ষেপণি ক্ষেপণ করে, দাঁড়ী।

ক্ষেপণী, ষ্য, স্ত্রী, বন্দুকের গুলি, বাঁটুল, ঢিল্ ইত্যাদি বস্তু বিক্ষিপ্ত হইলে যে বক্রপথে গমন করে, (Parabola), ক্ষেপণি।

ক্ষেপণীয়, (ক্ষিপ্+অনীয়—চ) ণ, ত্রি, ক্ষেপণযোগ্য। ষ্য, ন, ক্ষেপণ করিবার যোগ্য অস্ত্রাদি, খড়্গ, "নারাচক্ষেপণীয়াশ্মসংঘর্ষোৎপতিতানলম্।" [জাল।

ক্ষেপলা, (ক্ষেপ শব্দজ) ষ্য, ক্ষেপণীয়

ক্ষেপা (ক্ষিপ্ত শব্দজ) ণ, ক্ষিপ্ত, বাতুল, নির্ব্বুদ্ধি।

ক্ষেপিষ্ঠ ক্ষেপীয়ান্, (ক্ষিপ্র=শীঘ্র+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে ; র—লোপে) ণ, ত্রি, অতি ক্ষিপ্রগামী, ক্ষিপ্রতর, অতিশয় শীঘ্র।

ক্ষেম, (ক্ষি=ক্ষয়করা+ম—সংজ্ঞার্থে) ষ্য, পুং,—ন, যে দুঃখ নাশ করে, লব্ধবস্তুর রক্ষা, কল্যাণ। ন, কুশল, মঙ্গল, "ক্ষেমেনাভ্যাগতোরণ্যাদপি মাং সুখয়িষ্যতি" বিষ্ণুপুরাণ।

মুক্তি। ণ,ত্রি,শুভজনক,মঙ্গলদায়ক।
বা—স্ত্রী, কাত্যায়নী। [বিং।
ক্ষেমক, ষ্য, পুং, গন্ধদ্রব্যবিং, নাগ-
ক্ষেমঙ্কর, (ক্ষেম + কৃ = করা + খ—ষ ; ম—আগম) ণ, ত্রি, মঙ্গলকারক; শুভদায়ক।
ক্ষেমবান্, (ক্ষেম + বং—অস্ত্যর্থে) ণ, ত্রি, মঙ্গলবিশিষ্ট, কুশলী।
ক্ষেয়ারী, (দেশজ) ণ,নাবিক,পাটনী।
ক্ষৈত্র, (ক্ষেত্র—ক্ষেত ইত্যাদি + ষ্ণ—সমূহার্থে) ষ্য, ন, ক্ষেত্রসমূহ।
ক্ষৈরেয়ী, ষ্য, স্ত্রী, পরমান্ন।
ক্ষৈরেয়, (ক্ষীর + ঢেয়—ইদমর্থে) ণ, ত্রি, ক্ষীরসংক্রান্ত, ক্ষীরসংস্কৃত।
ক্ষোদ, (ক্ষুদ্=চূর্ণকরা + ঘঞ্—চ, ডে) ষ্য,পুং, ক্ষুদ, চূর্ণ, গুঁড়, পেষণ চূর্ণন চূর্ণ করিবার নিমিত্ত প্রস্তর নির্ম্মিত-যন্ত্র বিশেষ, জাঁতা প্রভৃতি।
ক্ষোদক্ষম, ণ, ত্রি, পেষণযোগ্য, বিচারসহ।
ক্ষোদন, (ক্ষুদ + অনট্—ভাব) ষ্য, ন, চূর্ণকরণ, অঙ্করাঙ্কণ।
ক্ষোদিত, (ক্ষুদ + ক্ত—চ) ণ, ত্রি, পিষ্ট, চূর্ণিত, যাহা ক্ষোদা গিয়াছে, উৎকীর্ণ।
ক্ষোদিষ্ঠ,ক্ষোদীয়ান্, (ক্ষুদ্র+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে। ক্ষুদ্র=ক্ষোদ) ণ, ত্রি, অতি ক্ষুদ্র।
ক্ষোভ,(ক্ষুভ=চঞ্চল হওয়া+ঘঞ্-ভাব) ষ্য, পুং, বাধা, ধর্ষণ, চাঞ্চল্য, চলন, সঞ্চলন, বিলোড়ন, স্খলন, আঘাত, দুঃখ, মনস্তাপ, "ইত্থং তদ্বি বপুঃ প্রশান্তমপি তে ক্ষোভং করোত্যেব নঃ" "ইত্থমহঙ্কারস্ত ক্ষোভেণ প-ঞ্চতন্মাত্রাণি একাদশেন্দ্রিয়াণি জা-য়ন্তে।"
ক্ষোভণ, (ক্ষোভি=চঞ্চল হওয়ান+অন) ষ্য, পুং, কন্দর্পের বাণবিশেষ, সাংখ্যমতোক্ত পুরুষ। ণ,ত্রি, ক্ষোভ-কারক।
ক্ষোভিত, (ক্ষুভ+ণিচ+ক্ত—চ) ণ, ত্রি, চালিত, আলোড়িত, ত্রাসিত, ধর্ষিত।
ক্ষোণি, ক্ষোণী, (ক্ষুর্=খননকরা+নি। র্—লোপ) ষ্য, স্ত্রী, পৃথিবী। "ন ক্ষোণীভৃদভীকঃ কলয়তি চ শিরঃ কম্পনং ত্বয়িবিম্ব" উত্তরনৈষধ
ক্ষৌদ্র, (ক্ষুদ্রা=মধুমক্ষিকা+ষ্ণ—কৃ-তার্থে)ষ্য, ন,মধু, জল। পুং, চম্পক-বৃক্ষ। ণ, ত্রি, ক্ষুদ্রা বা ক্ষুদ্রসম্বন্ধীয়, মৌচাক; "ভল্লাপবর্জ্জিতৈস্তেষাংশি-রোভিঃ শ্মশ্রুলৈর্মহীম, তস্তার সর-ঘাব্যাপ্তৈঃ সক্ষৌদ্রপটলৈরিব" রঘু-বংশ।
ক্ষৌদ্রজ,(ক্ষৌদ্র + জন=যে জন্মে) ষ্য, ন, মোম। ণ, ত্রি, মধুজাত বস্তু।
ক্ষৌদ্রমেহ,ষ্য,পুং,প্রমেহরোগবিশেষ।
ক্ষৌদ্রেয়, (ক্ষুদ্রা+ঢেয়—ইদমর্থে) ষ্য,ন,মোম। ণ,ত্রি,ক্ষৌদ্রসম্বন্ধীয়।
ক্ষৌম, ক্ষোম (ক্ষু=শব্দকরা+ম) ষ্য, পুং, ন, প্রাসাদের উপরিভাগস্থ গৃহ, অট্টালিকা। (ক্ষমা+অ) পট্ট-বস্ত্র, রেশমী কাপড়, দুকূল "নবং নবক্ষৌমনিবাসিনী সা ভূয়ো বভৌ দর্পণমাদধানা" কুমার। ণ, ত্রি, ক্ষু-মানির্ম্মিত,মসিনাসূত্রনির্ম্মিত। মী,—স্ত্রী, অসতী, ক্ষুমানির্ম্মিত কন্থা।
ক্ষৌর, (ক্ষুর + ষ্ণ—ইদমর্থে) ষ্য, পুং, ক্ষুরকর্ম্ম, কামান। ণ, ত্রি, ক্ষুরসং-ক্রান্ত।
ক্ষৌরিক, (ক্ষুর+ঠিক—অস্ত্যর্থে) ষ্য, পুং, ক্ষুরকর্ম্মকারী, নাপিত।
ক্ষ্ণুত, (ক্ষ্ণু—তীক্ষ্ণ করা+ক্ত—চ) ণ, ত্রি, শাণিত, তীক্ষ্ণীকৃত।
ক্ষ্মা, (ক্ষম্=সহ্যকরা+অ) ষ্য, স্ত্রী, যে সহ্য করে,পৃথিবী।
ক্ষ্মাধর, ক্ষ্মাভৃৎ, (ক্ষ্মা=পৃথিবী+ধৃ, ভৃৎ=যে ধারণ করে, কিম্বা পোষণ

করে, ২-ব) ব্য, পুং,রাজা, অনন্ত দেব, পর্ব্বত ।(ক্বিপ্) ব্য, পুং,রাজা ।

ক্ষ্মাভুক্, (ক্ষ্মা+ভুজ্=ভোজন করা+

ক্ষ্মায়িত, (ক্ষ্মায়=কাঁপা+ক্ত—চ) ণ, ত্রি, কম্পিত ।

ক্ষ্বিণ্ণ, (ক্ষ্বিদ্=মোচনকরা, স্নিগ্ধকরা+ক্ত—চ) ণ, ত্রি, মুক্ত, স্নিগ্ধ ।

ক্ষ্বেড়, (ক্ষ্বিদ্=শব্দকরা ইত্যাদি+বঞ; দ=ড। অথবা ক্ষ্বেল্=কম্পিত করা+অ; ল=ড) ব্য, ন, ধ্বনি, শব্দ, অশ্লীল গান, খেঁউড়, বিষ, গরল । ণ,ত্রি, দুরাসদ, কুটিল, বক্র । ড়া, স্ত্রী, সিংহধ্বনি, বংশশলাকা, কোষাতকী।

ক্ষ্বেড়া, ক্ষ্বেড়িত(ক্ষিদ্+আ,ত—ভাব) ব্য, স্ত্রী, ন, বংশশলাকা, যুদ্ধকালীন চীৎকার, সিংহনাদ ।

ক্ষ্বেলা, (ক্ষ্বেল্=কাঁপা, গমনকরা+অ) ব্য, স্ত্রী, ক্রীড়া, খেলা, সঞ্চালন ।

ক্ষ্বেলন, (ক্ষ্বেল্+অনট্—ভাব) ব্য, ন, ক্রীড়ন, সঞ্চালন ।

ক্ষ্বেলিত, (ক্ষেল্+ক্ত—চ) ণ, ত্রি, ক্ষ্বেড়িত, সঞ্চালিত।

খ

খ, ব্যঞ্জন বর্ণের দ্বিতীয় অক্ষর, ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল । (খন্=বিদারণকরা+ড) ব্য, ন, স্বর্গ, দেবলোক, শূন্য, আকাশ "যে খেলগামী তমুবাহ বাহঃ সশব্দচামীকর কিঙ্কিণীকঃ" কুমারসম্ভব, ইন্দ্রিয়, শরীর, সুখ,নগর । পুং,সূর্য্য ।[লাঙ্গ ।

খই, (খদিকা শব্দজ) ব্য, ভৃষ্টধান্য,

খইচুর, (দেশজ) ব্য, লাজচূর্ণ ও শর্করা মিশ্রিত মোদক বিশেষ।

খইরাগোখুরা, (দেশজ) ব্য, গোক্ষুর সর্পবিশেষ, কৃষ্ণ বর্ণ বিন্দু চিত্রিত শ্বেতকায় গোখুরা ।

খইল, (দেশজ) ব্য, তিলাদি কল্ক, কর্ণমল ।

খএর, খয়ের (খদির শব্দজ) ব্য, বৃক্ষবিশেষের নির্য্যাস। [ব্য, পুং, শির।

খকুন্তল,(খ=আকাশ+কুন্তল=কেশ)

খগ,(খ=আকাশ+গ=যে গমন করে, ৭-ব) ব্য, পুং, গ্রহ, দেবতা, বায়ু, সূর্য্য, পক্ষী, বাণ । [কিনী ।

খগঙ্গা, ব্য, স্ত্রী, আকাশ গঙ্গা, মন্দা-

খগপতি, খগেন্দ্র, খগেশ্বর, (খগ=পক্ষী+পতি,ইন্দ্র,ঈশ্বর=প্রভু, ৬-ষ) ব্য, পুং, গরুড়, বিষ্ণুর বাহন ।

খগম, (খ+গম্+ঘ) ব্য, পুং, পক্ষী

খগবতী, (খগ=পক্ষী ইত্যাদি+বং—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, পৃথিবী ।

খগান্তক, (খগ+অন্তক=নাশক, ৬-ষ ব্য, পুং, বাজপক্ষী, শ্যেনপক্ষী ।

খগাসন, (খগ=পক্ষী, সূর্য্য+আসন=বসিবার স্থান, বাসস্থান) ব্য, পুং উদয় পর্ব্বত, বিষ্ণু ।

খগোল, (খ=আকাশ+গোল=মণ্ডল কর্ম্মধা) ব্য, পুং, আকাশমণ্ড (Celestial sphere.)

খগোলবিদ্যা, ব্য, স্ত্রী, যে বিদ্যা দ্বারা গ্রহনক্ষত্রাদির প্রকৃতি অবস্থান ও গতি প্রভৃতি নিরূপণ করা যায় (Astronomy.)

খগ্গড়, ব্য, পুং, শর, খাগড়া ।

খঙ্কর, ব্য, পুং, চূর্ণকুন্তল, ঝাপ্টা ।

খচমস, (খ=আকাশ+চম্=ভক্ষণকরা+অস) ব্য, পুং, চন্দ্র ।

খচর,(খ=আকাশ+চর=যে চরে,৭ ব ণ, ত্রি, আকাশগামী । ব্য, পুং, বায়ু রাক্ষস, সূর্য্য, গ্রহ, অশ্বতর, পক্ষী মেঘ । রী—স্ত্রী, রাক্ষসী ।

খচল, ব্য, ন, বাঁটুল, গুলি ।

খচিত, (খচ্=বিভূতিযুক্তহওয়া, যোজনকরা+ক্ত—চ) ণ, ত্রি, যোজিত, জড়িত, রচিত, মিশ্রিত, ব্যাপ্ত, এক-

ত্রিত, অন্তর্নিহিত, বদ্ধ, ছুরিত, রংখিত। [দর্ব্বী, হাতা, মন্থনদণ্ড।
খজ, (খজ্=মন্থন করা+অ) ব্য, পুং,
খজপ, (খজ=মন্থন করা, পীড়ন করা +অপ—সংজ্ঞার্থে) ব্য, ন, ঘৃত।
খজল, (খ=আকাশ+জল, ৬-ষ) ব্য, ন, আকাশবারি, শিশির, নীহার, "বর্ষাসু চরন্তি ঘনৈঃ সহোরগা বিরতি কীটলূতাশ্চ, তদ্বিবর্জ্জ্যমপেয়ং খজলমগস্ত্যোদয়াৎ পূর্ব্বম্॥"
খজা, খজাকা, (খজ্=মন্থনকরা+অ, আক) ব্য, স্ত্রী, যে ব্যঞ্জনাদি মন্থন করে, দর্ব্বী, হাতা।
খজ্যোতিঃ,(খ=আকাশ+জ্যোতিস্=দীপ্তি, ৭-ব) ব্য, পুং, জোনাক্‌পোকা, খদ্যোত।
খঞ্জ, (খন্‌জ্=খুঁড়িয়া যাওয়া+অ—য) ণ, ত্রি, বিকলপদ, খোঁড়া।
খঞ্জকারি, ব্য, পুং, খেসারি কলাই।
খঞ্জখেট, খঞ্জখেল,(খঞ্জ=খোঁড়া+খেট, খেল=যে গমন করে) ব্য, পুং, যে খঞ্জের ন্যায় গমন করে, খঞ্জনপক্ষী।
খঞ্জন, (খঞ্জ+অন) ব্য, পুং, স্বনাম প্রসিদ্ধ পক্ষী।
খঞ্জনরত, (খঞ্জন=পক্ষিবিশেষ+রত=রমণ) ব্য, ন, গোপনীয় মৈথুন।
খঞ্জনী, ব্য, স্ত্রী, স্ত্রীখঞ্জন। (দেশজ) করতাল, বাদ্যযন্ত্রবিশেষ।
খঞ্জরীট, (খঞ্জ=খোঁড়া+ঋ=গমনকরা+ঈট; নিপাতন) ব্য, পুং, খঞ্জনপক্ষী।
খট্, (খট=আকাঙ্ক্ষাকরা, অন্বেষণকরা+অ) ব্য, পুং, তৃণ, অন্ধকূপ, টঙ্ক, প্রহারবিশেষ, কফ, লাঙ্গল।
খটক, ব্য, পুং, ঘটক, কুব্জপাণি, মুলাহাত।
খটি, (দেশজ) ব্য, রাশি, পরামর্শ।
খটিক, (খট্=অন্বেষণকরা, ইচ্ছাকরা +অক, ই—আগম) ব্য, পুং, বি-

কুতপাণি, কুব্জহস্ত। কা—স্ত্রী, খকী, "এতদণ্ণানাং গণনাক্ষপাতঃ প্রত্যর্থিকীর্ত্তীঃ খটিকাঃ ক্ষিণোতি" উত্তরনৈষধ।
খটিনী, খটী, (খট্=অন্বেষণ করা+ইন্, ঈ) ব্য, স্ত্রী, কঠিনী, খড়ী।
খট্টন, (খট্ট=আচ্ছাদনকরা+অন) ণ, ত্রি, খর্ব্ব, খাট।
খট্টা, খট্বা, (খট্ট্, খট্ব্=আচ্ছাদনকরা+অ, আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পর্য্যাঙ্ক, খাট।[খটাশ, গন্ধগোকুলা।
খট্টাশ,—ব্য, পুং, বন্য জন্তুবিশেষ,
খট্টি, (খট্ট=আচ্ছাদনকরা+ই) ব্য, পুং, মড়ারখাট। [ব্য, পুং, ব্যাধ।
খট্টিক, (খট্ট্=আচ্ছাদন করা+ইক)
খট্টেরক,(খট্ট=আচ্ছাদনকরা+এরক) ণ, ত্রি, খর্ব্ব, খাট।
খট্বাঙ্গ, (খট্বা+অঙ্গ, ৬-ষ) ব্য, ন, খট্বার অঙ্গ, খাটের পায়ার মত মুদ্গর, পৃষ্ঠবংশ, নরপঞ্জর। পুং, সূর্য্য বংশীয় নৃপবিশেষ।
খট্বাঙ্গভৃৎ, (খট্বাঙ্গ=শিবের অস্ত্রবিশেষ+ভৃৎ=যে ধারণ করে) ব্য,পুং, শিব।
খট্বারূঢ়, (খট্বা+আরূঢ়=যে আরোহণ করিয়াছে, ২-ষ) ণ, ত্রি, অলস, দুরাচার, পামর, অনবহিত, প্রমত্ত, খট্বাস্থিত, খট্বায় শয়িত।
খট্বিকা, খট্টিকা, (খট্ট, খট্ব+ক—অল্পার্থে) ব্য, স্ত্রী, ছোট খাট।
খড়্, (খড়=ভেদকরা+অ) ব্য, পুং, ভঙ্গ। ন, ক্ষুদ্র তৃণ। (দেশজ) শুষ্কতৃণ। [গুপ্তদ্বার, খিড়কী।
খড়ক্কিকা,(খড়্+ক; নিপাতন)ব্য,স্ত্রী,
খড়কী, (খড়ক্=অব্যক্ত শব্দ+কৃ=করা +অ) ব্য,স্ত্রী, গুপ্তদ্বার, খিড়কীদ্বার।
খড়ম, (দেশজ) ব্য, কাষ্ঠপাদুকা।
খড়রা, (দেশজ) ব্য, অশ্বগাত্র মার্জ্জনার্থ লৌহময় যন্ত্রবিশেষ।

খড়িকা, (খড় শবজ) ব্য, উলুখড়ের মূলভাগ। (খড়ী+ক—যোগ)ব্য,স্ত্রী, খড়ীমাটী। [খড়ীমাটী।
খড়ী, (খড়্+ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী,
খড়্, ব্য, পুং, মৃত শয্যা।
খড়্গ, (খড়্+গ) ব্য, পুং, গণ্ডারের শৃঙ্গ, গণ্ডার, খাঁড়া, অসি। ন, লৌহ। [ব্য, পুং, খড়্গের খাপ।
খড়্গকোষ, (খড়্গ+কোষ, ৬-ষ)
খড়্গধেনু,ব্য,স্ত্রী,ছুরিকা, স্ত্রীগণ্ডার।
খড়্গপত্র, ব্য, ন, খড়্গকোষ, ঢাল।
খড়্গপিধান, (খড়্গ+পিধান=কোষ, ৬-ষ) ব্য, ন, খড়্গকোষ, খাপ।
খড়্গপাণি, খড়্গহস্ত, (খড়্গ+পাণি, হস্ত, ৬-হ) ণ, ত্রি, খড়্গধারী, প্রহারোদ্যত, মারণোন্মুখ।
খড়্গপৃষ্ঠী, ব্য, যাহাদের ঢালের ন্যায় দেহাবরণের নিম্নভাগে দীর্ঘ খড়্গা কার শলাকা থাকে, যথা—সমুদ্র কর্কটী (Zyphosura)
খড়্গমাংস, ব্য, পুং, মহিষ মাংস, গণ্ডারমাংস।
খড়্গী, (খড়্গ+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং,গণ্ডার পশু। ণ ত্রি, খড়্গধারী।
খড়্গীক, (খড়্গ+ঈক) ব্য, ন, দাত্র, দা।
খণ্ড, (খন্ড্=ভগ্নকরা+অ) ব্য, পুং, —ন, পরিচ্ছেদ, অংশ, ভেদ, ছেদ, টুকরা। [আলু।
খণ্ডকা, ব্য, পুং, আলুবিশেষ, রাঙ্গা-
খণ্ডতাল, ব্য, পুং, বাদ্যবিশেষ।
খণ্ডধারা, (খণ্ড=অংশ+ধাবি=ধরা+ অ) ব্য, স্ত্রী, কাঁচী, কর্ত্তরী।
খণ্ডন, (খণ্ড+অনট্—ভাব) ব্য, ন, না—স্ত্রী, ভঙ্গ, ছেদন, ভঞ্জন, নিরাকরণ, স্বামীতে পরনারী সঙ্গ চিহ্ন-দর্শনহেতুক নায়িকার অপমান বোধ
খণ্ডনীয়, (খণ্ড+অনীয়) ণ,ত্রি, যাহা খণ্ডন করা যায়, খণ্ডনের যোগ্য।

খণ্ডপরশু,(খণ্ড=অংশ+পরশু=কুঠার) ব্য, পুং, শিব, জামদগ্ন্য, পরশুরাম, ক্ষত্রিয়দিগকে নিজ পরশু দ্বারা খণ্ড খণ্ড করিয়া কাটিয়াছিলেন বলিয়া তাঁহার নাম খণ্ডপরশু হইয়াছে।
খণ্ডপর্শু, (খণ্ড=অংশ+পর্শু=কুঠার) ব্য, পুং, যাঁহার পর্শু বা অস্ত্র দ্বারা প্রত্যেক বস্তু খণ্ড খণ্ড করিয়া কাটা হইত, পরশুরাম, শিব, তগ্নদন্তহস্তী, রাহু।
খণ্ডপাল, (খণ্ড=ইক্ষুগুড+পাল=যে পালে বা রক্ষা করে) ব্য, পুং, মোদক, ময়রা।
খণ্ডপ্রলয়, (খণ্ড+প্রলয়=ধ্বংস) ব্য, পুং, ক্ষুদ্রপ্রলয়। ব্রহ্মা প্রাতে সৃষ্টি করিয়া সায়ং কালে যে লয় করেন, তাহার নাম খণ্ডপ্রলয়।
খণ্ডলবণ, ব্য, ন, বিট্‌লবণ।
খণ্ডাভ্র, (খণ্ড=অংশ+অভ্র=মেঘ ইত্যাদি) ব্য, ন, খণ্ড খণ্ড মেঘ, ছেঁড়া মেঘ।
খণ্ডিক, (খণ্ড+ইক) ব্য,পুং, কলাই, কক্ষ, বগল, স্বনামপ্রসিদ্ধ ঋষি-বিশেষ। ণ, ত্রি, ক্রুদ্ধ।
খণ্ডিত,(খণ্ড+ক্ত—ত)ণ,ত্রি, কর্ত্তিত, দ্বিধাকৃত, নিরাকৃত, অপনীত, ছিন্ন, ভিন্ন, বিভক্ত, অসম্পূর্ণ, অঙ্গহীন, ভগ্ন,ত্রাসিত। তা—স্ত্রী,স্বামীর পর-নারী রমণ চিহ্ন দর্শনে ঈর্ষাযুক্তা নায়িকা।
খণ্ডিনী, ব্য, স্ত্রী, পৃথিবী।
খণ্ডী, ব্য, পুং, বনমুদগ।
খৎ, (দেশজ) ব্য, পত্র, ঋণলেখ্য।
খতমাল,(খ=আকাশ+তমাল=কৃষ্ণ-বর্ণ মুকুলবিশিষ্ট বৃক্ষবিশেষ) ব্য,পুং, ধূম, মেঘ। [খাদ্যবিং।
খতিয়ান, (যাবনিক) ব্য, হিসাবের
খতুয়া, খতো, (ক্ষত শবজ) ণ, জীর্ণ, ভগ্ন।

খদিকা, ব্য, স্ত্রী, খই।

খদির, (খদ্=হিংসাকরা+ইর—সং-জ্ঞার্থে) ব্য, পুং, ইন্দ্র, চন্দ্র, খয়ের গাছান,খয়ের। রা-স্ত্রী,লজ্জালুলতা।

খদিরপত্রিকা, ব্য, স্ত্রী, লজ্জালুলতা।

খদিরসার, (খদির+সার, ৬ ষ) ব্য, পুং, খয়ের। [লাক্ষা, লা।

খদিরিকা, (খদির+ইক) ব্য, স্ত্রী,

খদ্যোত, (খ=আকাশ+দ্যোত=যে দীপ্তি পায়, ৭-ষ) ব্য, পুং, জ্যোতি-রিঙ্গণ কীট, জোনাকি পোকা, সূর্য্য। [পাওয়া+অন)ব্য পুং,সূর্য্য।

খদ্যোতন, (খ=স্বর্গ+দ্যুৎ=দীপ্তি

খধূপ, (খ=আকাশ+ধূপ=দাহ্যদ্রব্য, ৬-ষ) ব্য, পুং, হাউই বাজী, তোপ।

খনক, (খন্=খননকরা+অক—ঘ, শিল্পীঅর্থে) ব্য, পুং, মূষিক, সিঁধাল চোর, আকরজ্ঞ, যাহারা আকর হইতে আকরজ পদার্থ সমূহ বাহির করে। ণ, ত্রি, খননকর্ত্তা "বিদুরস্য সুহৃৎ কশ্চিৎ খনকঃ কুশলঃ শুচিঃ" মহাভারত।

খনন, (খন্+অনট্—ভাব) ব্য, ন, খোঁড়ন, খাতকরণ, আকর হইতে ধাতু মণি প্রভৃতি বাহির করণ।

খনি, খনী খানি, (খন্=খোঁড়া+ই) ব্য,স্ত্রী, রত্নাদি লাভ জন্য যাহা খনন করা যায়, আকর, স্বর্ণাদির উৎপত্তি স্থান, গর্ত্ত।

খনিত্র (খন+ইত্র—ধ) ব্য, ন, যাহার দ্বারা খনন করা যায়,খননাস্ত্র, খন্তা "ততঃ খনিত্রমাদায় তেন বিবরং খনিত্বা চিরসঞ্চিতং মম ধনং গৃ-হীতং" হিতোপদেশ। [মূলাদি।

খন্দ, (দেশজ) ব্য, শস্যাদি, ফল

খপুর, (খ=ইন্দ্রিয়+পৃ=পুষ্টিকরা+অ ২-ষ) ব্য, পুং, গুবাক বৃক্ষ,ভদ্র মুস্তক লশুন,বায়ুরোগ। ন,ঘট, কলস। ত্রি, অলস।

খপুষ্প, (খ=আকাশ+পুষ্প=ফুল) ব্য, পুং,আকাশকুসুম, কল্পিত বস্তু, শূন্য, যাহার সত্তা নাই। [অজন্ম।

খপ্পর, ব্য, ন, খুলি, খাপরেল, ছত্র,

খভ্রান্তি, ব্য, পুং, চিল্লপক্ষী।

খমক, (দেশজ) ব্য, বাদ্য যন্ত্র বিশেষ।

খমণি, (খ=আকাশ+মণি=রত্ন, ৬-ষ) ব্য, পুং, সূর্য্য।

খমীলন, (খ=শূন্য+মীলন=চক্ষুমুদ্রিত করণ) ব্য, ন, তন্দ্রা, অল্পনিদ্রা।

খমূল, খমূলিকা,খমূলী,(খ=শূন্য+মূল, ৭-হ) ব্য,স্ত্রী,জলের পানা,কুম্ভিকা।

খয়রা (দেশজ) ব্য, মৎস্য বিশেষ।

খর, (খ=মুখ বিবর+র) ব্য, পুং, যাহার মহৎ মুখবিবর, কুরর পক্ষী, কাক, অশ্বতর, গর্দ্দভ, তীক্ষ্ণপর্ণ, রাক্ষস বিশেষ। ব্য, পুং—ন,উত্তাপ, উষ্ণতা। ণ, ত্রি, উষ্ণ, ধারাল, কঠিন, শীঘ্র, উগ্র, তীক্ষ্ণ।

খরকুটী, (খর=উত্তাপ+কুটী=আশ্রয়) ব্য, স্ত্রী, নাপিতের গৃহ।

খরগোস, ব্য,পুং, স্বনাম খ্যাত জন্তু।

খরচ্ছদ, (খর=তীক্ষ্ণ, + ছদ= পত্র, ৬.হ) ব্য, পুং, উলুখড়।

খরণস্, খরণস, (খর=তীক্ষ্ণ+নাসিকা; নাসিকা স্থানে নস্, ৬,হ) ণ, ত্রি, তীক্ষ্ণনাসিক, ধারাল নাক বিশিষ্ট।

খরদণ্ড, (খর=ধারাল+দণ্ড=যষ্টি বা ডাঁটা, ৬হ) ব্য, ন, পদ্ম।

খরপত্র,ব্য, পুং, রক্ত তুলসী, শেগুন।

খরপানাচ, ব্য, পুং, কপিত্থ বৃক্ষ।

খরপ্রিয়, (খর=উষ্ণ+প্রিয়) ব্য, পুং, পারাবত, পায়রা।

খরবুজ, (হিন্দি) ব্য, ফুটী বিশেষ।

খরমঞ্জরী, ব্য, স্ত্রী, অপামার্গ বৃক্ষ, আপাং গাছ।

খরশাক, ব্য, পুং,বামন হাটী, ভার্গী।

খরশাণ, ণ, ত্রি, তীক্ষ্ণ।

খরাংশু,(খর=উষ্ণ+অংশু=কিরণ,৬ হ)

ব্য, পুং, তিগ্মাংশু, সূর্য্য।

খঙ্গ, (খন্‌=খনন করা+উ—সংজ্ঞার্থে, ন্‌=ঙ্‌) ব্য, পুং, কামদেব, শিব, দস্যু, ঘোটক, দর্প। স্ত্রী,-পতিম্বরা কন্যা। ণ, ত্রি, নির্ব্বোধ, ক্রূর, শুক্লবর্ণ, তীক্ষ্ণ।

খর্জ্জন, (খর্জ্জ্‌=চুল্‌কিয়া দেওয়া+অন—ভাব) ব্য, ন, কণ্ডূয়ন, চুল্‌কন।

খর্জ্জু, খর্জ্জূ, (খর্জ্জ্‌=চুল্‌কিয়া দেওয়া+উ, ঊ—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, খেজুর গাছ, কীটবিশেষ, কণ্ডূয়ন।

খর্জ্জূর, ব্য, পুং, ধুস্তূর, অর্কবৃক্ষ।

খর্জ্জূর, (খর্জ্জি=ব্যথিত হওয়ান+ঊর—সংজ্ঞার্থে) ব্য, ন, খেজুরফল, রূপ্য। পুং, বৃশ্চিক, শোঁয়াপোকা, পুং, রী—স্ত্রী, খেজুর গাছ।

খর্পর, (ক্বপ্‌=পারকহওয়া+অর; ক=খ) ব্য, পুং, ধূর্ত্ত, চোর, ভিক্ষাপাত্র। ন, রী—স্ত্রী, মাথার খুলি, কজ্জল, কাজল, খাপরা।

খর্ব্ব, (খর্ব্ব্‌=গমনকরা, খাটহওয়া+অ) ব্য, পুং, কুবেরের নিধিবিশেষ। ন, সংখ্যাবিশেষ, "একং দশ সহস্রাযুত লক্ষ প্রযুত কোটয়ঃ ক্রমশঃ, অর্ব্বুদমব্জং খর্ব্বনিখর্ব্ব মহাপদ্ম শঙ্কবস্তস্মাৎ, জলধিশ্চান্ত্যং মধ্যং পরার্দ্ধমিতি দশগুণোত্তরাঃ সংজ্ঞাঃ।" ণ, ত্রি, ছোট, বামন, বেঁটে, নীচ।

খর্ব্বট, (খর্ব্ব্‌+অট—সংজ্ঞার্থে) ব্য, পুং,—ন, চারি শত গ্রামের মধ্যস্থ গ্রাম, পর্ব্বতের পার্শ্বস্থিত গ্রাম।

খর্ব্বশাখ, (খর্ব্ব=ছোট+শাখা, ৬,হ) ব্য, পুং, খর্ব্ব, বামন, ক্ষুদ্রশাখাবিশিষ্ট বৃক্ষ।

খর্ম্ম, ব্য, পুং, রেসমী কাপড়, পুরুষত্ব।

খল, (খল্‌=সংগ্রহকরা+অ) ব্য, পুং—ন, মর্দ্দনপাত্র, মর্দ্দনস্থান, খামার, তৈলের সিটা, জঞ্জাল, মল। পুং, যে অন্যের হিংসা করে, হিংসক, দুর্জ্জন, যাহার মন সরল নয়, কুটিল। (খ+লী+অ) সূর্য্য। (খ লা+ড) তমাল বৃক্ষ। ণ, ত্রি, নীচ।

খলতা, (খল+তা—ভাব) ব্য, স্ত্রী, অন্যের হিংসা করা, হিংসা প্রবৃত্তি, নীচতা, কৌটিল্য, কুটিলতা।

খলতি, (স্খল=পিছ্‌লিয়া যাওয়া, পড়া+অত—সংজ্ঞার্থে, ই-আগম, স্‌-লোপ) ব্য, পুং, ইন্দ্রলুপ্ত রোগ, মাথার টাক।

খলপূ, (খল=মল স্থান+পূ=শুদ্ধ করা+ক্বিপ্‌) ব্য, পুং, মার্জ্জনকারী, ঝরাণ।

খলমূর্ত্তি, (খল=স্থান+মূর্ত্তি=আকৃতি) ব্য, পুং, পারদ, পারা, পারদ যে স্থানে রাখা যায় সেই স্থানের অনুরূপ আকৃতি প্রাপ্ত হয় বলিয়া ইহার নাম খলমূর্ত্তি হইয়াছে।

খলাধারা, (খল=তৈলাদিকল্ক+আধার=যে ধারণ করে) ব্য, স্ত্রী, তৈলপায়িকা, তেলাপোকা, আরসলা।

খলি, (খল্‌=সংগ্রহকরা+ই—সংজ্ঞার্থে) ব্য, পুং, তৈলাদির সিটা, কাট্‌।

খলিন, খলীন, (খ=মুখ+লীন=সংলগ্ন) ব্য, পুং,—ন, যে মুখে লীন হয়, অশ্বের মুখরজ্জু, লাগাম, অশ্বাদির মুখস্থিত লৌহবিশেষ।

খলিনী, (খল+ইন্‌; ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, খামারসমূহ। [মাছ।

খলিশ, খলেশয়; ব্য, পুং, খলিশা

খলীকার, (খল+কার=যে করে, ঈ—আগম) ব্য, পুং, ক্ষতি, অনিষ্ট, অপকার, বিপদ্‌।

খলু, (খ=আকাশ+লুক্‌=লুপ্ত হওয়া+অ) ব্য, জিজ্ঞাসা, বীপ্সা; উৎপ্রেক্ষা, সান্ত্বনা, অনুনয়।

"ন খলু ন খলু বাণঃ সন্নিপাত্যোয়মস্মিন্‌ মৃদুনি মৃগশরীরে তূলরাশাবিবাগ্নিঃ" শকুন্তলা। [পুং, অন্ধকার।

খলুক্‌, (খ=আকাশ+লুক্‌=নষ্ট) ব্য,

খলূরিকা, (খলূর্=ভগ্নকরা+উর। নূর্=ল। ক—যোগ) ষ্য, স্ত্রী, শস্ত্রাভ্যাসভূমি, যে স্থানে অস্ত্রাদি শিক্ষা করা যায়; ব্যায়ামভূমি।

খলেকপোত, ষ্য, পুং, ন্যায়বিশেষ, যেমন সমুদায় কপোত এক কালে খলে অর্থাৎ খামারে পতিত হয়, সেই রূপ সমুদায় পদার্থ এক বিষয়ের সহিত অন্বিত হইলে খলে-কপোত-ন্যায় কহে।

বৃদ্ধ, যুবা, শিশু, সর্ব্ব প্রকার কপোত সকল যেমন এক সময়ে একখলে পতিত হয় সেইরূপ সকল পদার্থই এককালে পরস্পরের সহিত অন্বয় বিশিষ্ট হয়।

খলে-ধানী, ষ্য, স্ত্রী, ধান্যাদি মাড়িবার সময় যে কাষ্ঠে গোরু প্রভৃতি বাঁধা থাকে, মেটকাট।

খলেবালী, (খলে=খামার+বালী=যে শক্ত হয়, খুঁটি ইত্যাদি) ষ্য, স্ত্রী, খলে-ধানী দেখ।

খলোক্তি, (খল+উক্তি) ষ্য, স্ত্রী, অপভাষা, কটূক্তি, গালাগালি।

খল্যা, (খল=খামার+য) ষ্য, স্ত্রী, খামারসমূহ।

খল্ল, (খল=সংগ্রহকরণ ইত্যাদি+ল=যে লয়) ষ্য, পুং, ঔষধ মাড়িবার পাত্রবিশেষ, খল, বস্ত্রবিশেষ, চর্ম্ম, মশক, চাতক, গর্ত্ত।

খল্লিকা, (খল্ল+ক—যোগ) ষ্য, স্ত্রী, পিটে ভাজা খোলা।[টাক পড়িয়াছে

খল্লিট, খল্লীট, ণ, ত্রি, যাহার মাথায়

খষট, ষ্য, পুং, অত্যন্ত সর্দ্দি, কাশী।

খবাষ্প, (খ=আকাশ+বাষ্প, ৬-ষ) ষ্য, পুং, হিম, নীহার।

খশ, ষ্য, পুং, ভারতবর্ষের উত্তরস্থ পার্ব্বতীয়দেশবিশেষ, জাতিবিশেষ।

খশেট, ষ্য, পুং, খলিশা মাছ।

খশ্বাস, (খ=আকাশ+শ্বাস=নিশ্বাস) ষ্য, পুং, বায়ু।

খষ্প, (খন=বিদারণ করা+প ; ন=ষ) ষ্য, ন, কাম, ক্রোধ, অত্যাচার, উৎপীড়ন।

খস, (খ=ইন্দ্রিয়+সো=অবসন্নকরা+ড) ষ্য, পুং, চুলকনা, পাঁচড়া।

খসন, (দেশজ) ষা, ক্ষরণ, পৃথক্ হওন।

খসম, ষ্য, পুং, বুদ্ধ। (যাবনিক) ষ্য, স্বামী।

খসর্পণ, ষ্য, পুং, বুদ্ধ বিশেষ।

খসা, ষ্য, স্ত্রী, রাক্ষস জননী।

খস্‌খস্‌রস, ষ্য, পুং, অহিফেণ।

খস্‌খসিয়া, (যাবনিক) ষ্য, বীরণমূল, বেণার মূল।

খস্তনী, (খ=আকাশ+স্তন=কুচ+ঈপ্, স্ত্রীলিঙ্গে, ৬.হ) ষ্য, স্ত্রী, আকাশ যাহার স্তন, পৃথিবী।

খহর, (খ=শূন্য (০)+হর=ভাজক) ষ্য, পুং, যে ভগ্নাংশের লব শূন্য (০)।

খাই, (কাঙ্ক্ এবং খন্ ধাতুজ) ষ্য, আকাঙ্ক্ষা, গভীরতা।

খাঁচা, (দেশজ) ষ্য, পিঞ্জর, পিঁজরা।

খাঁড়, (খণ্ডশব্দজ) ষ্য, গুড়, ইক্ষুবিকার।

খাঁদা, (দেশজ) ণ, নতনাসিক, যাহার নাসিকা নত।

খাওন, (খাদন শব্দজ) ষ্য, ভক্ষণ, আহার করণ। খান—ভোজনকরান, ভক্ষণ করান।

খাঙ্গরা, (দেশজ) ষা, সম্মার্জনী, ঝাঁটা।

খাজা, (খজিকাশব্দজ) ষ্য, ঘৃতপক্ক মিষ্টান্নবিশেষ।

খাজিক, (খজ্=গমন করা ইত্যাদি+ণক অথবা খ=আকাশ+আজ=গতি +ইক) ষ্য, পুং, খই, ভাজা শস্যমাত্র।

খাট, (খট্=আচ্ছাদনকরা+ঘঞ্) ষ্য, পুং, টি, টা, টিকা—স্ত্রী, মড়ার খাট, কিণ, অসদাগ্রহ, আবদার। (দেশজ) ণ, ক্ষুদ্র, খর্ব্ব, ছোট।

খাটান, (দেশজ) ষ্য, কর্ম্মে নিয়োগকরণ, যোজন, লাগান।[অকৃত্রিম।

খাটী, (দেশজ) ণ, অমিশ্রিত, শুদ্ধ,

খাড়া, (দেশজ) ণ, দণ্ডায়মান, দাঁ-
ড়ান, সরল, সোজা, উত্থিত।
খাড়ু, (দেশজ) ব্য, স্ত্রীলোকের অল-
ঙ্কার বিশেষ।
খাণ্ডব, ব্য, পুং, বনবিশেষ, [ইন্দ্রপ্রস্থ
নগরের নিকটবর্ত্তী দেশবিশেষ।
খাণ্ডবপ্রস্থ, ব্য, পুং, ইন্দ্রপ্রস্থ, দিল্লী।
খাণ্ডিক, (খণ্ড=ইক্ষুগুড়+ইক) ব্য,
পুং, মোদক, ময়রা।
খাত, (খন্=খননকরা+ক্ত—ঢ) ব্য,
ন, গর্ত্ত, গাঁত, খনন, পুষ্করিণী। ণ,
ত্রি, খনিত, যাহা খনন করা হইয়াছে
খাতক, (খাত+ক) ব্য, ন, পরিখা,
খানা। (খাত+ক, কৈধাতুজ) পুং,
ঋণী, অধমর্ণ।
খাতভূ, (খাত=পুষ্করণী+ভূ=পৃথিবী)
ব্য, স্ত্রী, গড়খাই। পরিখা।
খাতা, (দেশজ) ব্য, একত্রবদ্ধ পত্রাদি
হিসাব বহি, সমূহ, দল। [মলা, পান।
খাদ, (দেশজ) ব্য, প্রণালিকা, কাট,
খাদক, (খাদ্=খাওয়া+অক—ঘ)
ব্য, পুং, ঋণী, অধমর্ণ। ণ, ত্রি, ভক্ষক,
"যদি চেৎ খাদকো ন স্যাৎ তদা ঘা-
তকো ভবেৎ। ঘাতকঃ খাদকার্থায়
যদ্ঘাতয়তি বৈ নরঃ"।
খাদন, (খাদ্+অনট্—ভাব) ব্য, ন,
ভোজন। পুং, দন্ত, দাঁত।
খাদি, (খণ্ডশব্দজ) ব্য, ক্ষুদ্র ক্ষুদ্র
অংশ, টুকরা। [ভক্ষিত, ভুক্ত।
খাদিত, (খাদ্+ক্ত—ঢ) ণ, ত্রি,
খাদির, (খদির+ষ্ণ—ইদমর্থে) ণ,
ত্রি, খদিরসংক্রান্ত, খদির নির্ম্মিত।
ব্য, ন, খয়ের। [নীয়, আহারীয়।
খাদ্য, (খাদ্+য—ঢ) ণ, ত্রি, ভক্ষ-
খান, (স্থানশব্দজ) ব্য, দ্রব্যের সংখ্যা-
মাত্র, স্থান, বস্ত্র নির্দ্দেশ। [বেশ্যা।
খানকী, (যাবনিক) ব-, বারবিলাসিনী,
খানা, (খন্ ধাতুজ) ব্য, গর্ত্ত, হ্রদ,
খাত। (যাবনিক) ব্য, আহার,
অন্ন ব্যঞ্জনাদি।
খানি, (খন্=খোঁড়া+ই) ব্য, স্ত্রী,
যাহা রত্নাদির জন্য খনন করা যায়,
আকর, খনি।
খানিক, (খন্=খনন করা+ইক)ব্য,
ন, দেওয়ালের গর্ত্ত বা কাটল। (দে-
শজ) ব্য, কিয়দংশ। [সিঁধাল চোর।
খানিল, (খন্=খননকরা+ইল) ব্য, পুং,
খানোদক, ব্য, পুং, নারিকেল।
খাপ, (দেশজ) ব্য, অস্ত্রাধার, অসি-
কোষ, পছন্দ।
খাপরা, (খর্পর শব্দজ) ব্য, খোলা, দগ্ধ
মৃত্তিকা খণ্ড। [শস্য প্রাঙ্গণ।
খামার, (দেশজ) ব্য, শস্যমর্দ্দন স্থান,
খার, (খন্=খননকরা+আর—সং-
জ্ঞার্থে) ব্য, পুং, রী—স্ত্রী, শস্যপরি-
মাপকপাত্রবিশেষ, পাঁচ শত বাব
সের।
খাল, (দেশজ) ব্য, কৃত্রিম ক্ষুদ্র নদী।
খালিত্য, ব্য, পুং, টাক।
খাশি, ব্য, পুং, কেশতৃণ বিশিষ্ট পর্ব্বত।
খাসা, (যাবনিক) ণ, উত্তম, উপাদেয়।
খাসি, (যাবনিক) ব্য, খণ্ডপশু।
খাস্তা, (যাবনিক) ণ, অতিপক, হেয়।
খিখি, ব্য, স্ত্রী, খেঁক শিয়ালী।
খিঙ্খির ; ব্য, পুং, শিবের অস্ত্রবিশেষ,
খেঁক্‌শেয়ালী।
খিচড়ী, (খেচরশব্দজ) ব্য, তণ্ডুল এবং
দাল মিশ্রিত পক্ব অন্নবিশেষ, খেচরান্ন
খিচন, (দেশজ) ব্য, শরীরের বিশে-
ষতঃ মুখের বিকৃতি করণ, খাঁকন।
খিদির ব্য, পুং, চন্দ্র।
খিদ্যমান, (খিদ্=শোককরা+শান—
ঘ) ণ, ত্রি, যে খেদ প্রকাশ করি-
তেছে, যে দুঃখ করিতেছে।
খিদ্র, (খিদ্=দুঃখিত হওয়া+র—সং-
জ্ঞার্থে) ব্য, পুং, রোগ, দরিদ্র।
খিন্ন, (খিদ্=দুঃখিত হওয়া+ক্ত—ঘ)
ণ, ত্রি, অলস, শ্রান্ত, ক্লান্ত, যাহার

খেদ জন্মিয়াছে, দুঃখিত।
খিল, (খিল+ক) ণ, ত্রি, অকৃষ্ট, অপ্রহত,দুর্গম,পরিশিষ্ট, উৎসন্ন। ব্য, পুং,বিষ্ণু। (দেশজ) অর্গল,হুড়কা।
খিলান, (দেশজ) ব্য, ইষ্টকাদির গ্রন্থন বিশেষ। [সজ্জীকৃত পান।
খিলী, (দেশজ) ব্য, পানের বীড়,
খিলীকৃত, খিলীভূত (খিল+কৃত, ভূত, ঈ—আগম) ণ, ত্রি, যাহা দুর্গম করা হইয়াছে "খিলীভূতে বিমানানাং তদাপাতভয়াৎ পথি" কুমারসম্ভব
খুঁচন, (দেশজ) ব্য, বিদ্ধকরণ, বেঁধন।
খুঁট, (দেশজ) ব্য, বস্ত্র প্রান্ত।
খুঁটন, (দেশজ) ব্য, কুড়িয়া লওন।
খুঁটা, খোঁটা, (দেশজ) ব্য, কীলক, গোঁজ।
খুঁটী, (দেশজ) ব্য, স্তম্ভ, থাম।
খুঁত, (ক্ষতশব্দজ) ব্য, দোষ, কলঙ্ক, ক্ষতচিহ্ন। [বালিকা।
খুকী, (দেশজ) ব্য, ক্ষুদ্র দুগ্ধপোষ্যা
খুঙ্গাহ, ব্য,পুং,কৃষ্ণবর্ণ অশ্ব। [চুড়ন।
খুঁজন, খোঁজন, (দেশজ) ব্য, অন্বেষণ,
খুড়ন, খোড়ন, ব্য, খনন, খোঁড়ন।
খুড়া, (খুল্লতাত শব্দজ) ব্য, পিতৃব্য,
খুড়ী, ব্য, স্ত্রী, পিতৃব্য পত্নী।
খুদ, (ক্ষোদশব্দজ) ব্য, তণ্ডুলকণা, চাউলের ক্ষুদ্রাংশ।
খুন, (যাবনিক) ব্য, হত্যা।
খুর, (খুর=ছেদনকরা+র; র-লোপ) ব্য, পুং, ক্ষৌর কর্ম্মার্থ নির্ম্মিত অস্ত্রবিশেষ, অশ্বাদির পায়ের খুর, খাটের খুরা।
খুরণস্, খুরণস, (খুর=অশ্বাদির খুর+নাসিকা,৬-ষ্ঠ। নাসিকা=নস্, নস) ণ, ত্রি, খাঁদা, চেপ্‌টা নাক।
খুরপ্র, (ক্ষুরপ্র দেখ) ব্য, পুং, অস্ত্রবিশেষ, খুরুপো, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ।
খুরলী, (খুর=ছেদনকরা+অল) ব্য, স্ত্রী, ব্যায়াম, অস্ত্রশিক্ষা, বিপক্ষ কর্তৃক আক্রান্ত হইলে যে সমস্ত কৌশলে আত্মরক্ষা বা বিপক্ষ পরাজয় করিতে হয় তাহার শিক্ষা।
খুরালিক, (খুর=ক্ষৌরকর্ম্মের অস্ত্র ইত্যাদি+অল্=সমতুল্য হওয়া+অক) ব্য,পুং,নারাচাস্ত্র, উপাধান, বালিশ, নাপিতের ভাঁড়। [ছোট পাত্র।
খুরী, (দেশজ) ব্য, কটোরা, মাটীর
খুর্পা, (খুরপ্রশব্দজ) ব্য, ক্ষুরপ্র দেখ।
খুলন, (দেশজ) ব্য, প্রসারণ, বন্ধন মোচন।
খুলী, (খর্পর শব্দজ) ব্য, পাত্রবিশেষ।
খুল্ল, (খুদ=ভাগকরা ইত্যাদি+ল। দ্=ল্) ণ, ত্রি, ক্ষুদ্র, ছোট, অল্প, লঘু, কনিষ্ঠ, নীচ, অধম।
খুল্লতাত, (খুল্ল=ছোট, কনিষ্ঠ+তাত, কর্ম্মধা) ব্য, পুং, পিতৃব্য, খুড়া।
খুল্লম; ব্য, পুং, পথ, বর্ত্ম, রাস্তা।
খেচর, (খে=আকাশে + চর=যে গমন করে) ণ, ত্রি, আকাশচর। ব্য, পুং, পক্ষী, সূর্য্যাদি গ্রহ, বিদ্যাধর। রী—স্ত্রী, তন্ত্রোক্ত মুদ্রাবিশেষ।
খেচরান্ন, ব্য, ন, খিচুড়ী।
খেট, (খেট্=ভক্ষণকরা+অ, অথবা খে=আকাশে+অট=গমনকরা +অ) ব্য, পুং, ভক্ষণ, সূর্য্যাদি গ্রহ, অধম, ঘোটক, কফ, ফলক, ঢাল, চাসা গাঁ,পাড়া গাঁ। ন,তৃণ।পুং— ন, মৃগয়া। ণ,ত্রি,শাস্ত্রী, নীচ, অধম
খেটক, (খিট্=ত্রাসিতকরা, ভীত হওয়া+ঘঞ্, ক—যোগ) ব্য, পুং, পাড়া গাঁ, চাসা গাঁ, ফলক, ঢাল।
খেটিতান, ব্য, পুং, বৈতালিক, স্তুতিপাঠক।
খেটী, (খেট=ক্রীড়া, কৌতুক+ইন্, অস্ত্যর্থে) ব্য, পুং, লম্পট, কামুক।
খেদ, (খিদ=শোককরা+ঘঞ—ভাব) ব্য, পুং, দুঃখপ্রকাশ, আক্ষেপ,

শোক, দুঃখ, শ্রম, অবসন্নতা, ক্লান্তি, শ্রান্তি। [করণ।
খেদান, (দেশজ) ব্য, তাড়ন, দূরী-
খেদিত, (খেদ্+ক্ত—চ) ণ, ত্রি, খিন্ন, খেদযুক্ত, পরিশ্রান্ত।
খেয়, (খন্—খননকরা+য-চ) ব্য, ন, পরিখা, গড়খাই, খাত। ণ, ত্রি, খননযোগ্য। (দেশজ) য়া—নদী পার হওন।
খেল, (খেল্=খেলাকরা, চলা+অ) ণ, ত্রি, মনোহর, সুন্দর।
খেলৎ, (খেল্=খেলাকরা+শতৃ—ঘ) ণ, ত্রি, যে খেলা করিতেছে।
খেলন, খেলা, (খেল=খেলাকরা+অনট, আ—ভাব) ব্য, ন, —স্ত্রী, নর্ম্ম, ক্রীড়া। [পক্ষী।
খেলি, ব্য, স্ত্রী, গীত, বাণ, সূর্য্য,
খেসারী, (দেশজ) ব্য, কলাই বিশেষ।
খৈ, (খদিকাশব্দজ) ব্য, লাজ, ভৃষ্ট-ধান্য।
খৈরী, (দেশজ) ব্য, পক্ষিবিশেষ।
খোঁড়া, (খোড়শব্দজ) ণ, নেঙড়া, পঙ্গু
খোকা, (দেশজ) ব্য, দুগ্ধপোষা, শিশু
খোঙ্গাহ, ব্য, পুং, শ্বেত পিঙ্গলাশ্ব, খাঙ্গাহ। [নারী।
খোটি, টী; ব্য, স্ত্রী, চতুরা স্ত্রী, ধর্ত্তা
খোড, খোর, (খোড্=খুঁড়িয়া যাওয়া +অ—ঘ) ণ, ত্রি, খঞ্জ, খোঁড়া।
খোপ, (খপশব্দজ) ব্য, পায়রার ঘর। ক্ষুদ্রকুঠরী। পা—বদ্ধকেশ।
খোয়া, (ক্ষয়শব্দজ) ণ, ইষ্টকাদির খণ্ড, হারাণ, অপচিত।
খোর, ণ, ত্রি, খঞ্জ, অতি অনুরক্ত।
খোল, (খোড়+অ, ড=ল) ণ, ত্রি, খঞ্জ, খোঁড়া। (খোলকশব্দজ) মৃদঙ্গ।
খোলক, (খোল+ক—যোগ) ব্য, পুং, গুবাকের খোসা, পাকড়ী, টোপর, পাত্র, হাঁড়ি, অভ্যন্তর, মৃদঙ্গ, বল্মীক।
খোলি, ব্য, স্ত্রী, তূণীর, তূণ।
খোঙ্ক, ব্য, পুং, উল্কা।
খোল্মুক, ব্য, পুং, মঙ্গলগ্রহ।
খোসা, (দেশজ) ব্য, ত্বক্, ছাল। ণ, শ্মশ্রুহীন ব্যক্তি।
খ্যাত, (খ্যা=কথন+ক্ত—চ) ণ, ত্রি, প্রসিদ্ধ, খ্যাতিযুক্ত, কথিত।
খ্যাতি, (খ্যা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, যশ, প্রসিদ্ধি, নাম, কথন, জ্ঞান।
খ্যাত্যাপন্ন, (খ্যাতি+আপন্ন) ণ, ত্রি, যে ব্যক্তি খ্যাতিলাভ করিয়াছে, বিখ্যাত।
খ্যাপক, (খ্যাপি=বলান+অক—ঘ) ণ, ত্রি, ঘোষক, প্রচারক, কীর্ত্তক।
খ্যাপন, (খ্যাপি+অনট—ভাব) ব্য, ন, কীর্ত্তন, প্রচারণ, ঘোষণা।

গ

গ, ব্যঞ্জন বর্ণের তৃতীয় অক্ষর। ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল। (গম=গমনকরা, অথবা গৈ=গানকরা+ড) ব্য, পুং, স্বর্গ, সুমেরু, গণেশ, গন্ধর্ব্ব, গীত, গগন, গুরুস্বরবর্ণ, "গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ" ছন্দোমঞ্জরী। ন, গীত। ণ, ত্রি, গায়ক, যে গমন করে, গামী। ইহা শব্দের পরে প্রযুক্ত হয়, যথা—নগ, ভুজগ, শীঘ্রগ।
গগণ, গগন, (গম=গমনকরা, ব্যাপা+অন, ম=ণ) ব্য, ন, যে বিশ্বকে ব্যাপে, আকাশ।
গগণধ্বজ, (গগণ=আকাশ+ধ্বজ=পতাকা, ৬-ষ) ব্য, পুং, সূর্য্য, মেঘ।
গগণভেলা, (দেশজ) ব্য, হাড়গিলা পাখী।
গগণাধ্বগ, (গগণ=আকাশ+অধ্বন=পথ+গ=যে গমন করে) ব্য, পুং, সূর্য্য।

গগণেচর, (গগণে=আকাশে+চর=যে গমন করে) ষ্য, পুং, গ্রহ, নক্ষত্র।
গগণোল্মুক, (গগণ=আকাশ+উল্মুকা =জ্বলন্ত অঙ্গার) ষ্য, পুং, মঙ্গলগ্রহ।
গঙ্গা, (গাং=পৃথিবীকে+গ=যে গমন করে; কিম্বা গম্=গমনকরা+গ) ষ্য, স্ত্রী, যিনি লোকদিগকে পবিত্র করিবার জন্ত ব্রহ্মলোক হইতে নরলোকে গমন করিয়াছেন, প্রসিদ্ধ নদী গঙ্গাদেবী,। (গম্=গমনকরা, নিপাতন) দুর্গা।
গঙ্গাক্ষেত্র, ষ্য, ন, গঙ্গার উত্তর তীর হইতে ছুই ক্রোশ দূর পর্য্যন্ত দেশ।
গঙ্গাচিল্লী, (গঙ্গা+চিল্লী=চিল) ষ্য, স্ত্রী, গাংচিল্।
গঙ্গাজ, (গঙ্গা=গঙ্গাদেবী+জ=জাত, ৫.ত) ষ্য, পুং, কার্ত্তিকেয়, ভীষ্ম,
গঙ্গাজলী, ষ্য, গঙ্গাজল স্পর্শ পূর্ব্বক শপথ করণ।
গঙ্গাটেয়, (গঙ্গাট+এয়) ষ্য, পুং, চিঙ্গড়ীমাছ। [ষ্য. পুং, শিব, সমুদ্র।
গঙ্গাধর, (গঙ্গা+ধর=যে ধরে, ২-ষ)
গঙ্গাপুত্র, (গঙ্গা+পুত্র, ৬-ষ) ষ্য, পুং, ভীষ্ম, জাতিবিশেষ, মুদ্দফরাস।
গঙ্গাসাগর, ষ্য, পুং, যেখানে গঙ্গা গিয়া সাগরে মিলিত হইতেছেন।
গঙ্গাসুত, (গঙ্গা+সুত, ৬-ষ) ষ্য, পুং, ভীষ্ম, কার্ত্তিকেয়।
গঙ্গাস্রোতোন্যায়—

গঙ্গার স্রোতঃ যেমন একাদিক্রমেই চলিতেছে, একবারও বিরাম নাই তদ্রূপ।

গচ্, (দেশজ) প, স্থূল, মোটা, পুরু।
গচ্ছ, (গম্=গমনকরা, থাকা+অ; গম্=গচ্ছ) ষ্য, পুং, বৃক্ষ, গাছ।
গচ্ছিত, (দেশজ) প, ন্যস্ত, নিঃক্ষিপ্ত, গচ্ছান।
গজ, (গজ্=শব্দকরা+অ) ষ্য, পুং, হস্তী, গজপুট, ছুই হস্ত পরিমাণ, বাস্তবিশেষ "হস্ত প্রমাণ গর্ত্তে যঃ পুটঃ স তু গজাহ্বয়ঃ, ইথকারস্তিকে কুণ্ডে পুটো বরাহ উচ্যতে।"
গজকূর্ম্মাশী, (গজ=হস্তী+কূর্ম্ম=কচ্ছপ +অশিন্=যে ভক্ষণ করে) ষ্য, পুং, গরুড়, এইরূপ প্রথিত আছে যে গজকূর্ম্মের যুদ্ধকালে গরুড় গজ এবং কূর্ম্ম উভয়কেই গ্রাস করিয়াছিলেন।
গজচক্ষু, প, ত্রি, বিকৃত চক্ষু, টেরা।
গজচ্ছায়া, (গজ+ছায়া) ষ্য, স্ত্রী, তিথি নক্ষত্রের যোগবিশেষ।
গজঢক্কা, (গজ=হস্তী+ঢক্কা=বড়ঢাক) ষ্য, স্ত্রী, হস্তীর উপরিস্থ বড় ঢাক।
গজতা, (গজ=হস্তী+তা=সমূহার্থে) ষ্য, স্ত্রী, হস্তীসমূহ।
গজদঘ্ন, গজদ্বয়স, গজমাত্র, (গজ+দঘ্ন, দ্বয়স, মাত্র—পরিমাণার্থে) প, ত্রি, হস্তিপরিমাণ।
গজদন্ত, (গজ=হস্তী+দন্ত=দাঁত, ৬.ত, ৬-ষ) ষ্য, পুং, গণেশ, দাওা, নাগদন্তক, হাতির দাঁত, সম্মুখভাগে বহির্গত দীর্ঘ দন্ত।
গজপতি, (গজ+পতি=স্বামী) ষ্য, পুং, শ্রেষ্ঠগজ, গজরাজ।
গজপুট, ষ্য, পুং, ঔষধপাকার্থ হস্ত পরিমিত গর্ত্ত।
গজ-বন্ধনী, ষ্য, স্ত্রী, হস্তিবন্ধনস্থান, হাতিশালা।
গজমাচল, (গজ=হস্তী+মা=ভাগ্য+চল=যে গমন করে) ষ্য, পুং, গজনাশকারী, সিংহ।
গজমোচন, গজমোটন, (গজ=হস্তী+মুচ্=গমনকরা+অন;—মোটি=দ্রুতবেগে পাওয়ান, তাড়াইয়া দেওয়ান +অন) ষ্য, পুং, সিংহ।
গজরাজ, (গজ+রাজন্, ৬-ষ) ষ্য, পুং, গজেন্দ্র, শ্রেষ্ঠহস্তী।
গজবল্লভা, ষ্য, স্ত্রী, গিরিকদলী।
গজসাহ্বয়, (গজস+আহ্বয়) ষ্য, পুং, হস্তিনা।
গজাখ্য, ষ্য, পুং, চক্রমর্দ্দক বৃক্ষ,

চাকুন্দে গাছ।
গজাগ্রণী, (গজ+অগ্রণী—শ্রেষ্ঠ, ৭-ষ) ষ্য, পুং, ঐরাবত হস্তী।
গজাজীব, (গজ+আজীব—যে জীবন ধারণ করে) ষ্য, পুং, যে গজ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, মাহুত,হস্তি-পক, আধোরণ।
গজানন, গজাস্য, গজবদন, (গজ+আনন, আস্য, বদন=মুখ, ৬.হ) ষ্য, পুং, গণেশ।
গজারি, (গজ+অরি=শত্রু, ৬-ষ) ষ্য, পুং সিংহ,বৃক্ষবিশেষ।
গজারোহ, (গজ+আরোহ=আরূঢ়) ষ্য,পুং,নিষাদী,হস্তিপৃষ্ঠে উপবিষ্ট।
গজাশন, (গজ+অশন=ভক্ষণীয়) ষ্য, পুং, অশ্বত্থবৃক্ষ। না—স্ত্রী, পদ্মমূল, পদ্মের গেঁড়।
গজাহ্ব,গজাহ্বয়, (গজ+আহ্ব,আহ্বয় =নাম, ৬.হ) ষ্য, ন, হস্তিনানগর, দিল্লী।
গজেন্দ্র, (গজ+ইন্দ্র=প্রধান) ষ্য, পুং, গজরাজ, গজপতি।
গজেষ্টা, (গজ+ইষ্টা, ৬-ষ) ষ্য, স্ত্রী, ভুঁই কুমড়া, ভূমিকুষ্মাণ্ড।
গজোষণা, ষ্য, স্ত্রী, গজপিপ্পলী,গজ-পিপুল।
গঞ্জ. (গন্জ্=শব্দকরা+অ) ষ্য, ত্রি, রত্নাদির খনি। পুং, অবজ্ঞা, অবমাননা, গঞ্জনা। পুং, ন, গোগৃহ,রত্নাগার, ধনাগার, ভাণ্ডার গৃহ। জা— স্ত্রী, খনি,মদিরাগৃহ, মদ্যপাত্র, কুঁড়ে ঘর, হট্ট, বিক্রয়স্থান, গাঁজা।
গঞ্জন, (গন্জ্+অনট্) ণ, ত্রি, তুচ্ছ-কারক,তিরস্কারক। ষ্য, ন,তিরস্করণ। না—স্ত্রী, যাতনা. দুঃখ, গ্লানিসূচক বাক্য, ভর্ৎসনা,লাঞ্ছনা, তিরস্কার।
গঞ্জিকা, (গঞ্জ+ক—যোগ) ষ্য, স্ত্রী, মদিরাগৃহ।
গঠন, (গঠ=নির্ম্মাণকরা+ অনট্— ভাব) ষ্য, ন, রচনা; গড়া, নির্ম্মাণ।
গঠিত, (গঠ্+ক্ত—ণ) ণ, ত্রি, নির্ম্মিত, রচিত।
গড়, (গড়্=করিতহওয়া+অ) ষ্য, পুং, দুর্গ, পরিখা, পরদা, আটক, বাধা, মৎস্যবিশেষ, গড়ুইমাছ। (দেশজ) ষ্য, প্রণাম, ঢেঁকির গর্ত্ত।
গড়ক, (গড়+ক—স্বার্থে) ষ্য, পুং, গড়ুই মাছ। [নির্ম্মাণ।
গড়ন, (গঠন শব্দজ) ষ্য, ন, গঠন,
গড়ি, (গড়্+ই) ষ্য, পুং, বৎসতরী, বাছুর, গড়ে গরু প্রভৃতি, অলস পশু।
গড়ু, (গড়্+উ) ষ্য, পুং, কুঁজ, গল-গণ্ড প্রভৃতি, গ্রন্থি, কেঁচো, শল্যাস্ত্র।
গড়ুর, গড়ুল, (গড়ু+র, ল) ণ, ত্রি, কুব্জ, কুঁজো।
গড়ের, (গড়্=জল ক্ষরিত হওয়া+ এর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, মেঘ. ভেড়া। [পুং, গুড়, গ্রাস।
গড়োল, (গড়্+ওল—সংজ্ঞার্থে) ষ্য,
গড্ডর. গড্ডল, (গড়্+ডর, ডল) ষ্য, পুং, মেষ, গাড়ল।
গড্ডরিকা, গড্ডলিকা, (গড্ডর, গড্ডল +ইক+আ) ষ্য, স্ত্রী, মেষপালের অগ্রগামিনী মেষী,যে ভেড়ীর পশ্চাৎ পশ্চাৎ ভেড়ার পাল গমন করে।
গড্ডরিকাপ্রবাহ,গড্ডলিকাপ্রবাহ,ষ্য, পুং, গড্ডলিকা যে দিকে যায় সেই দিকে যাওয়া, অর্থাৎ কিছুমাত্র বিবেচনা না করিয়া সকলের দেখা-দেখি চিরপ্রবর্ত্তিত মতের অনুযায়ী কার্য্যকরা।
গড্ডলিকাপ্রবাহ ন্যায়—

পালের মধ্য হইতে যদি একটি গড্ডলিকা জলে পড়ে তবে সকল গুলিই জলে পড়ে, এই-রূপে একজন প্রধান ব্যক্তি যে কার্য্য করেন অন্য ব্যক্তিরাও প্রধান বলিয়া দৃষ্টান্ত অনুসারে সেই কার্য্য করিয়া থাকে। কার্য্যটী করা উচিত কি না কেহই বিবেচনা করে না।

গণ্ডুক, গণ্ডুক, (গণ্ড+চুক, চুক) ষ্য, পুং, গাড়ু।
গণ, (গণ্=সংখ্যাকরা+অ) ষ্য, পুং, সমূহ, দল, হস্তী ২৭, রথ ২৭, অশ্ব ৮১, পদাতি ১৩৫, এতৎ সমষ্টক সৈন্য (অক্ষৌহিণী দেখ)। স্বপক্ষ, সজাতীয়, প্রমথগণ, শিবের অনুচরগণ, শিবের ভৃত্যগণ "গণা নমেরুপ্রসবাবতংসা ভূর্জ্জত্বচঃ স্পর্শবতীর্দধানাঃ" কুমারসম্ভব, গণনা, সংখ্যা, ধাতুসমূহ, ভ্বাদি প্রভৃতি।
গণক, (গণ্+অক—ষ) ষ্য, পুং, জ্যোতির্ব্বিদ, দৈবজ্ঞ। ণ, ত্রি, যে গণনা করে।
গণকণিকা, ষ্য, স্ত্রী, ইন্দ্র বারুণী।
গণকার, (গণ=সৈন্য+কার=যে গঠন করে) ষ্য, পুং, ভীমসেন, যে গ্রহ নক্ষত্রাদির সঞ্চার দেখিয়া জীবনের ভাবী শুভাশুভ ফল নিরূপণ করে, গণক।
গণগোষ্ঠী, ষ্য, স্ত্রী, স্বগোত্র, পরিবার।
গণচক্রক, (গণ=গণনা+চক্র=রথাদির চাকা বা মণ্ডল+ক) ষ্য, ন, সাধু লোকদের একত্র বসিয়া ভোজন।
গণতা, (গণ+তা—ভাবে) ষ্য, স্ত্রী, সমূহত্ব। (দেশজ) ষ্য, পক্ষপাত, নিজ দলের বা স্বপক্ষীয় লোকের পোষকতা করা।
গণৎকার, (দেশজ) ষ্য, গণক দেখ।
গণদীক্ষী, (গণ+দীক্ষা+ইন—ষ) ষ্য, পুং, যে ব্যক্তি নানাজাতির যাজ্যক্রিয়া করে, গণেশমন্ত্রে দীক্ষিত।
গণ-দেবতা, ষ্য, স্ত্রী, আদিত্য ১২, বিশ্ব ১০, বসু ৮, তুষিত ৩৬, আভাস্বর ৬৪, বাত ৪৯, মহারাজিক ২২০, সাধ্য ১২, রুদ্র ১১, এই সকল দেবগণ।
গণ-দ্রব্য; ষ্য, ন, যে বস্তুতে সাধারণের অধিকার আছে, দ্রব্যসমূহ।
গণন, (গণ্+অন-ভাব) ষ্য, ন, না—স্ত্রী, গণা, সংখ্যাকরা, ঠিক্‌করা, অবধারণ, গ্রাহ্যকরা, বার তিথি এবং গ্রহ নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপণ, নির্দ্দেশ, উল্লেখ।
গণ-নায়িকা; ষ্য, স্ত্রী, দুর্গা।
গণনীয়, গণেয়, (গণ্+অনীয়, য—ট) ণ, ত্রি, গণনার যোগ্য, সংখ্যেয়, গ্রাহ্য।
গণপর্ব্বত, গণাচল, (গণ=শিবের অনুচরগণ+পর্ব্বত, অচল) ষ্য, পুং, কৈলাসপর্ব্বত, এই পর্ব্বতে শিবের অনুচরবর্গ বাস করে বলিয়া ইহাকে গণপর্ব্বত বলে।
গণপীঠক, (গণ=গণ সমূহ+পীঠক=বসিবার স্থান) ষ্য, ন, বক্ষঃস্থল।
গণ-রাত্র; ষ্য, ন, রাত্রিসমূহ।
গণশঃ, (গণ+শস্) ষ্য, বহুশঃ, দলে দলে।
গণাক্রান্ত, (গণ+আক্রান্ত) ণ, ত্রি, কোন দলে বা পক্ষে স্থিত, দলাক্রান্ত।
গণাগ্রণী, (গণ=দেবগণের সৈন্য+অগ্রণী=অধ্যক্ষ) ষ্য, পুং, গণেশ, শিব
গণান্ন, (গণ+অন্ন) ষ্য, ন, বহুবিধ লোকের নিমিত্ত একত্র যে অন্ন প্রস্তুত হয়।
গণিকা, (গণ্=গণনাকরা+অক) ষ্য, স্ত্রী, কামুকেরা যাহাকে গণনা করে, বেশ্যা, "সলজ্জা গণিকা নষ্টাঃ নির্লজ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ" "নিদ্রব্য পুরুষং ত্যজন্তি গণিকাঃ," হস্তিনী, জুঁইফুল।
গণিকারিকা, ষ্য, স্ত্রী, গণিয়ারী গাছ।
গণিত, (গণ্+ত—ট) ণ, ত্রি, সংখ্যাত, যাহা গণা হইয়াছে। ষ্য, ন, পরিমাণ ও অঙ্কবিষয়কশাস্ত্র, গণন। (Mathematics)
গণিতজ্ঞ, (গণিত+জ্ঞ=যে জানে) ষ্য, পুং, গণিতশাস্ত্রবেত্তা।

গণীভূত, (গণ্ + ভূত — হইয়াছে ; ঈ — আগম) ণ, ত্রি, গণাক্রান্ত, কোন দল বা পক্ষে স্থিত।

গণেরু, (গণ = সংখ্যা + ইর — গমনকরা + উ) ব্য, স্ত্রী, বেশ্যা, হস্তিনী।

গণেরুকা, (গণেরু + ক — যোগ) ব্য, স্ত্রী, কুটনী, দূতী।

গণেশ, গণনাথ, গণনায়ক, গণপতি, গণাধিপ, (গণ — বিঘ্নকারকসমূহ + ঈশ, নাথ, নায়ক, পতি, অধিপ = প্রভু, ৬-ষ) ব্য, পুং, যিনি বিঘ্নকারক সকলের প্রভু, স্বনাম প্রসিদ্ধ দেবতা, শিবপুত্র। “লেখকো ভারতস্যাস্য ভব ত্বং গণনায়ক”।

গণেশকুসুম ; ব্য, পুং, রক্তকরবীগাছ।

গণেশভূষণ, (গণেশ + ভূষণ — আভরণ) ব্য, ন, সিন্দুর।

গণোৎসাহ, (গণ — দল + উৎসাহ = অধ্যবসায়, পরিশ্রম) ব্য, পুং, গণ্ডার।

গণ্ড, (গন্ড — বদনৈকদেশ হওয়া + অ) ব্য, পুং, কপোল, গাল, “স্পর্শক্লিষ্টামযমিতনখেনাসকৃৎ সারয়ন্তীং গণ্ডাভোগাৎ কঠিনবিষমামেকবেণীং করেণ” মেঘদূত, হস্তি-কপোল, গজকুম্ভ, গাঁড়, ফোড়া, “এস্তিকেণ বি মে পীড়া ন সংবুত্তা, যদো অঅং গণ্ডস্স উবরি বিপ্ফোড়ও সংবুত্তো” শকুন্তলা, অশ্বভূষণ, চিহ্ন, গণ্ডার, বুদ্বুদ, বীর, গ্রন্থি, যোগবিশেষ। ণ, ত্রি, প্রধান।

গণ্ডক, (গণ্ড + অক) ব্য, পুং, সংখ্যাবিশেষ, গণ্ডা, ব্যাঘাত, অন্তরায়, গণ্ডার। কী — স্ত্রী, নদীবিশেষ “গণ্ডক্যাশ্চৈকদেশে চ শালগ্রামস্থলং স্মৃতম্, পাষাণং তদ্ভবং যত্তৎ শালগ্রামমিতি স্মৃতম্।”

গণ্ডকারী, গণ্ডকালী, (গণ্ড = স্ফোটক, ফোড়া, + কারী = যে করায় ; গণ্ড = গ্রন্থি + কালী — কৃষ্ণবর্ণ, যাহার কৃষ্ণবর্ণ অনেক গ্রন্থি আছে) ব্য, স্ত্রী, বৃক্ষবিশেষ, খদির বৃক্ষ।

গণ্ডকুসুম, (গণ্ড — হস্তিকপোল + কুসুম, ৬-ষ) ব্য, ন, মদস্রাব, হস্তীর গণ্ডস্থল নিঃসৃত দানজল।

গণ্ডকী-শিলা ; ব্য স্ত্রী, শালগ্রামশিলা।

গণ্ডকূপ, ব্য, পুং, পর্ব্বতের শিখর দেশ, চূড়া, অধিত্যকাভূমি।

গণ্ডগাত্র, (গণ্ড = স্ফোটক + গাত্র = শরীর) ব্য, ন, আতা-ফল, আতার ভিতর স্ফোটকাভ্যন্তরস্থপূযের ন্যায় শুভ্র বলিয়া ইহার নাম গণ্ডগাত্র হইয়াছে।

গণ্ডগোল, (দেশজ) ব্য, অতিশয় কোলাহল, বিবাদ, ঝগড়া।

গণ্ডগ্রাম, (গণ্ড = প্রধান + গ্রাম, কর্ম্মধা) ব্য, পুং, যে গ্রামে অনেক সংখ্যক লোক বাস করে, প্রশস্তগ্রাম।

গণ্ডদেশ ; ব্য, পুং, গণ্ডস্থল, কপোল।

গণ্ডফলক, ব্য, ন, গাল, কপোল।

গণ্ড ভিত্তি ; ব্য, স্ত্রী, প্রশস্ত গণ্ডস্থল।

গণ্ডমালা, (গণ্ড + মালা, ৬ ষ) ব্য, স্ত্রী, গলদেশে মণ্ডলাকার ফোড়া সমূহ, শিশুর মাল্যবিশেষ।

গণ্ডমূর্খ, (গণ্ড = প্রধান + মূর্খ, কর্ম্মধা) ণ, ত্রি, অতিশয় মূর্খ, ঘোর নির্ব্বোধ, বোকা।

গণ্ডলেড়া, (গণ্ড + লেড়া = চিহ্ন, স্থান, কর্ম্মধা) ব্য, স্ত্রী, গণ্ডস্থল।

গণ্ডশৈল, (গণ্ড = গাল + শৈল = পর্ব্বত) ব্য, পুং, ক্ষুদ্র পর্ব্বত, ভূকম্পাদি দ্বারা পর্ব্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর, ললাট।

গণ্ডস্থল, (গণ্ড + স্থল — স্থান, কর্ম্মধা) ব্য, ন, লী — স্ত্রী, গণ্ডদেশ, গাল।

গণ্ডাঙ্গ, ব্য, পুং, গণ্ডার।

গণ্ডার ; ব্য, পুং, স্বনাম প্রসিদ্ধ জন্তুবিশেষ, গণ্ডক।

গণ্ডি, (গণ্ড + ই — সংজ্ঞার্থে) ব্য,

পুং, খাতের গুঁড়ি। ণ্ডী (রেখৰ) ষ্য, মণ্ডল, রেখাদি দ্বারা সীমাবদ্ধ স্থান, রামধনু।

গণ্ডীর, ষ্য, পুং, কন্দবিশেষ, যোদ্ধা, বীর। রী—স্ত্রী, বৃক্ষবিশেষ।

গণ্ডু, গণ্ডূ, (গণ্ড+উ, উ—সংজ্ঞার্থে) ষ্য, পুং—স্ত্রী, উপাধান, বালিশ, গ্রন্থি।

গণ্ডূপদ, (গণ্ডূ—গ্রন্থি+পদ=পা, ৬ হ) ষ্য, পুং, কিঞ্চুলক, কেঁচো। দী—স্ত্রী, ক্ষুদ্র কেঁচো। [সীসা।

গণ্ডূপদভব, (গণ্ডূপদ+ভব) ষ্য, পুং,

গণ্ডূষ, (গণ্ড—ক্ষবিতহওয়া+উষ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, ষী—স্ত্রী, এক-কোষ, এক কোষ জল গোকর্ণাকৃতি করে যত জল ধরে "অপাং দ্বাদশ গণ্ডূষৈর্মৃৎশুদ্ধিং বিধীয়তে" করাঙ্গুলি, হস্ততল, হস্তীর শুণ্ডাগ্র।

গণ্ডোল, (গণ্ড=ক্ষরিত হওয়া+ওল) ষ্য, পুং, গুড়, গ্রাস।

গণ্য, (গণ=গণনাকরা+য, চ) ণ, ত্রি, বিবেচনীয়, গ্রাহ্য, গণনীয়।

গত, (গম=গমনকরা+ক্ত—ণ, ভাব) ণ, ত্রি, অতীত, প্রস্থিত, জ্ঞাত, প্রাপ্ত, মৃত, পতিত, সমাপ্ত। ষ্য ন, গমন।

গতক্লম, (গত=অপগত+ক্লম=ক্লান্তি, ৬ হ) ণ, ত্রি, যাঁহার শ্রান্তি দূর হইয়াছে।

গতঘৃণ, (গত+ঘৃণা, ৬ হ) ণ, ত্রি, নির্ঘৃণ, ঘৃণারহিত "ইত্থং গতে গতঘৃণঃ কিময়ং বিধত্তাং" রঘুবংশ।

গতজীব, গতজীবিত, (গত+জীব, জীবিত, ৬ হ) ণ, ত্রি, গতপ্রাণ, মৃত।

গতদিন, (গত=অতীত+দিন=দিবস) ষ্য, ন, অতীত দিবস, গতকল্য।

গতধৃতি, (গত=অপগত+ধৃতি=ধৈর্য্য; ৬ হ) ণ, ত্রি, যাহার ধৈর্য্যচ্যুতি হইয়াছে, অপগত ধৈর্য্য, অধীর [ণ।

গতমায়, (গত+মায়া=বঞ্চনা, কেঁক, ৬ হ) ণ, ত্রি, শঠতাবিরহিত, মায়াশূন্য, নিষ্ঠুর।

গতবাধ, (গত+বাধা=বেদনা; ৬ হ) ণ, ত্রি, বেদনাহীন, অপগতক্লেশ, নিশ্চিন্ত।

গতশোচন, ষ্য, ন, না—স্ত্রী, গতানুশোচনা, অতীত বিষয়ের অনুশোচন। [ণ ত্রি, জ্ঞানহীন, নির্ব্বোধ।

গতসঙ্কল্প, (গত+সঙ্কল্প=উদ্দেশ্য, ৬ হ)

গতসন্নক, ষ্য, পুং, নিস্মদ হস্তী, যে হস্তীর গণ্ডস্থল মদক্ষরণ শূন্য।

গতাগত, (গত=গমন+আগত=আগমন, দ্বং—স) ষ্য, ন, গমনাগমন, যাতায়াত, পক্ষীর গতিবিশেষ।

গতানুগতিক, (গত+অনুগতিক=যে পশ্চাৎ যায়) ণ, ত্রি, অনুকারী, দৃষ্টান্তের অনুবর্ত্তী, যে স্বয়ং বিবেচনা না করিয়া এক জনের দৃষ্টান্ত অনুসারে কার্য্য করে "একস্য কর্ম সংবীক্ষ্য করোত্যন্যোঽপি গর্হিতম্, গতানুগতিকো লোকো ন লোকঃ পারমার্থিকঃ"। ষ্য, ন, ন্যায়বিশেষ।

গতানুগতিক ন্যায়—

কতকগুলি ব্রাহ্মণ তর্পণের কোশা কুশি রাখিয়া গঙ্গায় অবগাহন করেন। স্নান করিয়া যখন তর্পণের নিমিত্ত কোশা লন, তখন যে যাহার কোশা লন নিশ্চয় থাকে না, এইরূপ কোশা বদল প্রায় প্রত্যহ হয়। এক দিবস এক বৃদ্ধ ব্রাহ্মণ ঐরূপ বিনিময় হয় দেখিয়া নিজ কোশাতে একটি বালুকাপিণ্ড রাখিয়া স্নানার্থ গমন করিলেন। অন্যান্য ব্রাহ্মণরাও দেখাদেখি নিজ নিজ কোশাতে বালির ঢেলা রাখিয়া অবগাহন করিতে গেলেন। পরে ঐ বৃদ্ধ ব্রাহ্মণ আসিয়া দেখেন যে, সকল কোশাই এক চিহ্নে চিহ্নিত। উহা দেখিয়া বৃদ্ধ হাস্য করিয়া কহিলেন আহা এ বড় আশ্চর্য্য। সকল লোকই গতানুগতিক অর্থাৎ দেখাদেখি কর্ম্ম করে, বস্তুতঃ যাথার্থ্য কেহ বিবেচনা করে না। যদি বুদ্ধি পূর্ব্বক কার্য্য করিত তবে একাকার চিহ্ন দিত না।

গতানুশোচন, (গত + অনুশোচন= পশ্চাৎতাপ) ষ্য,ন, না—স্ত্রী, অতীত বিষয়ের নিমিত্ত অনুতাপ।

গতায়াত, (গত+আয়াত, ষং—স) ষ্য, ন, গমনাগমন, যাওয়া আসা।

গতায়ুঃ, (গত+আয়ুস্=জীবন, ৬.হ) ণ, ত্রি, যাহার আয়ু গত হইয়াছে, যে মরিয়াগিয়াছে।

গতার্ত্তবা, (গত+আর্ত্তব=ঋতুসম্বন্ধীয় ফল, ৬.হ) ষা, স্ত্রী, বৃদ্ধা স্ত্রী, যে স্ত্রীর ঋতুবন্ধ হইয়া গিয়াছে, নিবৃত্ত-রজস্কা স্ত্রী, বন্ধ্যা স্ত্রী, বাঁজা।

গতার্থ, (গত+অর্থ=প্রয়োজন, বিধেয়, ৬.হ) ণ, ত্রি, যাহার প্রয়োজন নিবৃত্ত হইয়াছে, আর যে বিষয়ের প্রয়োজন নাই।

গতাসু, (গত+অসু=প্রাণাদি পঞ্চ বায়ু, ৬ হ) ণ, ত্রি, যাহার প্রাণবায়ু বহির্গত হইয়াছে, মৃত।

গতি, (গম+ক্তি—ভাব, ধ) ষা, স্ত্রী, গমন, সঞ্চার, যাত্রা, পথ, গম্যস্থান, উপায়, স্বরূপ, বস্তুতা, প্রাপ্তি, জ্ঞান, প্রমাণ, ভাগ, আশ্রয়।

গতিবিধি, ষা, যাতায়াত।

গত্যন্তর, (গতি+অন্তর) ষ্য, ন, অন্য গতি, উপায়ান্তর।

গত্যূন, (গতি+ঊন=অল্প; ৭ ষ) ণ, ত্রি, দুর্গম্য, দুরারোহ, অনধিগম্য, নম্র, অসহায়।

গত্বর, (গম্= গমনকরা+বর, ঘ, শীলার্থে, ত্—আগম) ণ, ত্রি, গমন-শীল, অস্থায়ী, যে চিরস্থায়ী নহে।

গদ, (গদ্=বলা+অ) ষা, পুং, কৃষ্ণের কনিষ্ঠভ্রাতা, কথন, বিষ, রোগ, পীড়া।

গদয়িত্নু, (গদ্=বলা + ইত্নু—ঘ, শীলার্থে, অয়্—আগম) ণ, ত্রি, বাগ্মী, বাচাল, বহুভাষী, কামুক। ষ্য, পুং, কন্দর্প।

গদা, (গদ্+আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, লৌহাদিময় মুদ্গর, লৌহাদি নির্ম্মিত স্থূল যষ্টি, মুদ্গর, মোটা লাঠি।

গদাগদ, (গদ=পীড়া+অগদ=স্বাস্থ্য) ষ্য, পুং, (দ্বিবঃ) স্বর্গের বৈদ্যদ্বয়, অশ্বিনী কুমার দ্বয়, সূর্য্যের ঔরস জাত অশ্বিনী গর্ভসম্ভূত পুত্রদ্বয়।

গদাগ্রজ, গদাধর, গদাভৃৎ, (গদ= কৃষ্ণের কনিষ্ঠ+অগ্রজ=জ্যেষ্ঠ, ৬-ষ, গদা+ধর, ভৃৎ=যে ধরে, ২-ষ) ষ্য, পুং, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।

গদাম্বর, (গদ=শব্দ+অম্বর=আকাশ) ষ্য, পুং, মেঘ। [পুং, ঔষধ।

গদারাতি, (গদ+অরাতি=শত্রু) ষা, গদাহ্ব, ষ্য, পুং, কুষ্ট, কুড়। [আসন।

গদি, ষ্য, তুলাদি পূর্ণ স্থূল শয্যাবিশেষ, গদিত, (গদ্+ক্ত—ণ) ণ, ত্রি, উক্ত, ভাষিত, কথিত। ষ্য, ন, বাক্য।

গদী, (গদা=মুদ্গর+ইন্—অস্ত্যর্থে) ষা, পুং, বিষ্ণু। ণ, ত্রি, গদাধারী, (গদ=পীড়া+ইন্-অস্ত্যর্থে) পীড়িত, রুগ্ন।

গদ্গদ, (গদ্, দ্বিত্ব, অ—লোপ) ণ, ত্রি, হর্ষশোকাদি জনিত অস্পষ্ট (শব্দ), কথা জড়িয়া যাওয়া। ষা, পুং, হর্ষাদিজনিত অব্যক্ত কণ্ঠধ্বনি।

গদ্দি, (দেশজ) ষা, কৌতুক, পরি-হাস। [বাক্য। ণ, ত্রি, কথনীয়।

গদ্য, (গদ্+য) ষ্য, ন, ছন্দোরহিত গদ্যানক, ষ্য, ন, ৪৮ রতি পরিমাণ, বৈদ্যমতে ৬৪ গুঞ্জাপরিমাণ।

গন্তব্য, (গম+তব্য—ঢ) ণ, ত্রি, প্রাপ্য, প্রাপ্তব্য, জ্ঞেয়, গম্য, গমনীয় যেখানে যাইতে হইবে "গন্তব্যা তে বসতিরলকা ধাম যক্ষেশ্বরাণাং" মেঘদূত।

গন্তা, (গম+তৃণ—ঘ) ণ, ত্রি, গমন-কারী। "গৃহান্ বিহায় গচ্ছামো ষ-ত্র গন্তা যুধিষ্ঠিরঃ"।

গন্তু, (গম+তু) ব্য, পুং, ভ্রমণকারী, পথিক। [ব্য, স্ত্রী, গরুর গাড়ী।
গন্ত্রী, (গম্+তৃণ—ষ, ঈ—স্ত্রীলিঙ্গে)
গন্ত্রীরথ, (গন্ত্রী+রথ, কর্ম্মধা) ব্য, পুং, শকট, গাড়ি।
গন্ধ, (গন্ধ=বধকরা+অ) ব্য, পুং, ঘ্রাণেন্দ্রিয় গ্রাহ্য পদার্থ, ঘৃষ্টচন্দনাদি, সুগন্ধিদ্রব্য, গর্ব্ব, সম্পর্ক, সম্বন্ধ, গন্ধক, লেশ, অল্প, শোভাঞ্জন, শজিনা। ন, কৃষ্ণ অগুরু। ন্ধা-স্ত্রী, চম্পককলিকা।
গন্ধক, (গন্ধ+ক—যোগ) ব্য, পুং, উপধাতুবিশেষ, স্বনাম প্রসিদ্ধ উৎকটগন্ধবিশিষ্ট পীতবর্ণ ধাতু "শ্বেতো রক্তশ্চ পীতশ্চ নীলশ্চেতি চতুর্ব্বিধঃ। গন্ধকো বর্ণতো জ্ঞেয়ো ভিন্ন ভিন্ন গুণাশ্রয়ঃ"।
গন্ধকারিকা, (গন্ধ+কারিকা=যে করে) ব্য, স্ত্রী, সৈরিন্ধ্রী, পরগৃহস্থিতা শিল্পনিপুণা স্বাধীনা রমণী।
গন্ধকালিকা গন্ধকালী, (গন্ধ+কল্=করা+অ ; ঈ-স্ত্রীলিঙ্গে। ক—যোগে গন্ধকালিকা) ব্য, স্ত্রী, যিনি কটুগন্ধবিশিষ্টা, ব্যাসদেবের মাতা।
গন্ধকাষ্ঠ, ব্য, ন, অগুরুকাষ্ঠ, চন্দনকাষ্ঠ। [রীগাছ।
গন্ধকুটী, ব্য, স্ত্রী, গণিকারীবৃক্ষ, গনে-
গন্ধচেলী, গন্ধচেলিকা, (গন্ধচেলী=বস্ত্র+ক=যোগে) ব্য, স্ত্রী, মৃগনাভি, কস্তুরী, বস্ত্র সুবাসিত করিবার নিমিত্ত ব্যবহৃত বলিয়া কস্তুরিকাকে গন্ধচেলিক বলে। [কায় জন্তু বিশেষ।
গন্ধগোকুলা, ব্য, এক প্রকার ক্ষুদ্র-
গন্ধজাত, (গন্ধ+জাত=উৎপন্ন) ব্য, ন, তেজপত্র, তেজপাত। ণ, ত্রি, গন্ধ হইতে উৎপন্ন। [স্ত্রী, নাসিকা।
গন্ধজ্ঞা, (গন্ধ+জ্ঞা=যে জানে) ব্য,
গন্ধতূর্য্য, ব্য, ন, বাদ্যবিশেষ, রণতূর্য্য, রণঢক্কা।
গন্ধদ্রব্য, ব্য, ন, এলবালুক।

গন্ধধূলি, (গন্ধ+ধূলি=ধূলা) ব্য, স্ত্রী, কস্তুরী।
গন্ধন, (গন্ধ+অন—ভাব) ব্য, স্ত্রী, উৎসাহ, হিংসা, প্রকাশন, সূচনা।
গন্ধনকুল, গন্ধমূষিক, (গন্ধ+নকুল=বেঁজী, মূষিক=ইঁদুর) ব্য, পুং, ছুঁচুন্দরী, ছুঁচা।
গন্ধনামা, ব্য, পুং, রক্ততুলসী।
গন্ধনালী, ব্য, স্ত্রী, নাসিকা।
গন্ধনিলয়া, ব্য, স্ত্রী, নবমল্লিকা।
গন্ধপত্র, ব্য, ন, শ্বেততুলসী, বর্ব্বর, নারঙ্গ, বিল্ব।
গন্ধপাষাণ, গন্ধমোদন, (গন্ধ+পাষাণ=প্রস্তর, মোদন=হর্ষণ) ব্য, পুং, গন্ধক।
গন্ধপিশাচিকা, ব্য, স্ত্রী, ধূপ।
গন্ধপুষ্প, ব্য, পুং, শরজাতীয় বৃক্ষবিশেষ। ষ্পা—স্ত্রী, নীলেরগাছ, গণিকারী। ন, দেবার্চ্চনাকালে দেবোদ্দেশে প্রদত্ত চন্দন মিশ্রিত পুষ্প।
গন্ধফল, ব্য, ন, কপিত্থ, কয়েতবেল।
গন্ধবন্ধু, ব্য, পুং, আম্রবৃক্ষ।
গন্ধভদ্রা, ব্য, স্ত্রী, গন্ধ ভাদালিয়া, গান্ধাল লতা। [পৃথিবী।
গন্ধমাতা, (গন্ধ+মাতৃ=মা) ব্য, স্ত্রী,
গন্ধমাদন, (গন্ধ+মাদি=মত্তহওয়ান+অন) ব্য, পুং, স্বনাম প্রসিদ্ধ পর্ব্বত, বানরবিশেষ, গন্ধক, ভ্রমর।
গন্ধমাদনী-দিনী, (গন্ধ+মাদনী=মাদিনী,=যে মত্ত করায়, ৩-ষ) ব্য, স্ত্রী, সুরা, মদ্য। [গাছ।
গন্ধমার, (দেশজ) ব্য, নাগদোনা
গন্ধমার্জ্জার, (গন্ধ+মার্জ্জার =বিড়াল) ব্য, পুং, খট্টাস, খটাস।
গন্ধমালিনী, ব্য, স্ত্রী, মুরা নামক গন্ধ দ্রব্য বিশেষ
গন্ধমুণ্ড, ব্য, পুং, গন্ধ ভাদালিয়া।
গন্ধমৃগ, (গন্ধ+মৃগ=হরিণ) ব্য, পুং, কস্তূরীমৃগ।

গন্ধমৈথুন, (গন্ধ+মৈথুন=রমণ) ব্য, পুং, বৃষভ, ষাঁড়, বলবর্দ্ধ।
গন্ধ মোহিনী,ব্য,স্ত্রী, চম্পক কলিকা।
গন্ধরাজ, (গন্ধ+রাজ, রাজন্‌শব্দজ, ৬-ষ) ব্য, ন, চন্দন, পুষ্পবিশেষ।
গন্ধর্ব্ব, (গ=গান+ধর্ম্ম নিপাতন ৬-হ) ব্য, পুং, যাহাদের গানই ধর্ম্ম, স্বর্গের গায়ক,দেবযোনিবিশেষ,গায়ক,"ভ্রাত সৌস্বরসম্পন্নৌগন্ধর্ব্বাবিব রূপিণৌ"। কৃষ্ণবর্ণ কোকিল, সূর্য্য ধার্ম্মিক,(গন্ধ +অর্ব্ব=[গত] জ্ঞেয়, ৬-হ) যাহাদের গন্ধ জ্ঞাত হইয়াছে, হরিণ বিশেষ। (গন্ধ=হিংসা+অর্ব্ব=যে গমন করে, যুদ্ধের সময় যে হিংসার নিমিত্ত গমন করে) ঘোটক।
গন্ধর্ব্ব-বিদ্যা, ব্য, স্ত্রী, গন্ধর্ব্বগণের বিদ্যা, সঙ্গীতশাস্ত্র, নৃত্যগীতাদি।
গন্ধর্ব্ববিবাহ ; ব্য, পুং, স্ত্রী ও পুরুষের পরস্পর সম্মতিক্রমে গুরুজনের অজ্ঞাতসারে বা অনমুমতিতে নিষ্পন্ন বিবাহ, এই বিবাহ ক্ষত্রিয়জাতিমধ্যেই হইয়া থাকে "গন্ধর্ব্বেণ বিবাহেন বহ্বোথমুনিকন্যকাঃ শ্রূয়ন্তে পরিণীতাস্তা পিতৃভিশ্চানুমোদিতাঃ।
গন্ধর্ব্ববেদ ; ব্য, পুং, সঙ্গীত বিদ্যা।
গন্ধর্ব্বহস্ত, (গন্ধর্ব্ব=হরিণ+হস্ত=হাত) ব্য, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা গাছ, ভেরাণ্ডা গাছের পত্রের আকৃতি হরিণ পদের ন্যায় বলিয়া ইহাকে গন্ধর্ব্ব হস্ত বলে।
গন্ধলোলুপা, (গন্ধ+লোলুপা) ব্য, স্ত্রী, মক্ষিকা, মাছী।
গন্ধবণিক্,(গন্ধ=গন্ধোপজীবী+বণিজ্ =ব্যবসায়ী) ব্য, পুং,বর্ণসঙ্কর জাতিবিশেষ,গন্ধদ্রব্য ব্যবসায়ী, গন্ধবেনিয়া
গন্ধবতী, (গন্ধ+বৎ—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, পৃথিবী, নারীবিশেষ, মৎস্যগন্ধা, ব্যাসদেবের জননী, গন্ধদ্রব্যবিশেষ, সুরা, বায়ু ও বরুণের পুরী, বনমল্লিকা। [ব্য,ন, দারুচিনী।
গন্ধবল্কল, (গন্ধ+বল্কল=গাছের ছাল)
গন্ধবহ, (গন্ধ+বহ=যে বহন করে, ২-ষ) ব্য, পুং, বায়ু "রাত্রিন্দিবং গন্ধবহঃ প্রয়াতি" শকুন্তলা। হা—স্ত্রী, নাসিকা। ণ, ত্রি, গন্ধযুক্ত, সুগন্ধদ্রব্য।
গোপানসী, (গোপ=রক্ষণ+নস, ঈ, আ—আগম) ব্য, স্ত্রী, ঘরের ছাদের বা চালের নিম্নস্থিত বক্রকাষ্ঠ, পাড়। [ণ, ত্রি, রক্ষিত।
[illegible]পায়িত, (গুপ্=রক্ষাকরা+ক্ত-ড)

গোপাল, (গো=গোরু, পৃথিবী+পাল=যে পালন করে, ২—ষ) ষ্য, পুং, গোপ, রাখাল, কৃষ্ণ, ভূপতি।

গোপালক, (গো=গোরু বা পৃথিবী+পাল=রক্ষাকরা+ণক) ষ্য, পুং, গোরক্ষক, কৃষ্ণ, শিব।

গোপালিকা, ষ্য, স্ত্রী, গোপভার্য্যা, কীট বিশেষ।

গোপাষ্টমী, (গোপ+অষ্টমী) ষ্য, স্ত্রী, কার্ত্তিকমাসের শুক্লাষ্টমী।

গোপিকা, (গোপী)+ক—যোগ) ষ্য, স্ত্রী, গোয়ালিনী, গোপের স্ত্রী, রক্ষিকা। [বিশেষ।

গোপীচন্দন, ষ্য, ন, পীতবর্ণ চন্দন

গোপুচ্ছ, (গো=গোরু+পুচ্ছ=লেজ) ষ্য, পুং, গোরুর লেজ, যে গরুর পুচ্ছ সদৃশ, হারবিশেষ, বানর বিশেষ। [এলাচ।

গোপুটা, ষ্য, স্ত্রী, বৃহৎ এলা, বড়

গোপুর, (গুপ=রক্ষাকরা+উর—সংজ্ঞার্থে) ষ্য, ন, নগরদ্বার, পুরদ্বার

গোপুরীষ, (গো+পুরীষ=বিষ্ঠা, ৬—ষ) ষ্য, ন, গোময়, গোবর।

গোপেন্দ্র, (গোপ+ইন্দ্র=প্রভু, প্রধান) ষ্য, পুং, বিষ্ণু, কৃষ্ণ, নন্দঘোষ, গোপেশাদি শব্দেরও এই অর্থ

গোপ্তা, (গুপ+তৃণ—ষ) ণ, ত্রি-রক্ষক, রক্ষাকর্ত্তা, প্রতিপালক।

গোপ্য, (গুপ+য—চ) ষ্য, পুং, ভৃত্য, দাসীপুত্র। ণ, ত্রি, রক্ষণীয়, গোপনীয়। [পুং, দাস, ভৃত্য।

গোপ্যক, (গোপ্য+ক—যোগ) ষ্য,

গোপ্যাধি, (গোপ্য=রক্ষণীয়+আধি=গচ্ছিত বস্তু) ষ্য, পুং, রক্ষণীয় বস্তু, বন্ধকী বস্তু, যাহা ভোগ করিতে পারা যায় না, বা ভোগ করা উচিত নহে।

গোপ্রকাণ্ড, (গো+প্রকাণ্ড=প্রশস্ত) ষ্য, পুং, উত্তম গোরু, শ্রেষ্ঠ গো

গোপ্রচার, (গো+প্রচার=গমন) ষ্য, পুং, গোচর, যে স্থানে গোরু চরে।

গোপ্রতর, (গো+প্রতর=পারহওন) ষ্য, পুং, তীর্থবিশেষ, গোদিগের নদীপার হওয়া। [গোবিষ্ঠা।

গোবর, (গোবিটশব্দজ) ষ্য, গোময়,

গোভণ্ডীর, ষ্য, পুং, জল কুক্কুট পক্ষী।

গোমতল্লিকা, (গো+মতল্লিকা=প্রশস্ত) ষ্য, স্ত্রী, শ্রেষ্ঠ গোরু, সুশীলা গো।

গোমতী, ষ্য, স্ত্রী, বৈদিকমন্ত্র বিশেষ, নদীবিশেষ, মৃত গো নিক্ষেপ স্থান।

গোমন্ত, (গো=পৃথিবী মন্=বুঝা+ক্ত) ষ্য, পুং, বিন্ধ্যপর্ব্বতের প্রত্যন্ত পর্ব্বত, বিন্ধ্যপাদ, গোসমূহ, যাহার গোরু আছে। [পুং ন, গোবিষ্ঠা, গোবর।

গোময়, (গো+ময়—পুরীষার্থে) ষ্য,

গোময়চ্ছত্র, গোময়প্রিয়, ষ্য, ন, করক কোঁকড় ছাতা, বেঙের ছাতা।

গোময়োত্থা, (গোময়=গোবর+উত্থ=যে উঠে, জন্মায়, হয়, ৫-ষ) ষ্য, স্ত্রী, গোময় জাত কীট, গোবরা পোকা।

গোমসূর্য্যাধান, (গো+মসূরী+আধান) ষ্য, স্ত্রী, গোবীজে টীকা দেওয়া। (Vaccination)

গোমসূর্য্যাহিত, (গো+মসূরী+আহিত) ণ, ত্রি, যাহার গোবীজে টীকা দেওয়া হইয়াছে।

গোমান্, (গোমৎ, গো+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, যার অনেক গোরু আছে। মতী—স্ত্রী, অযোধ্যাস্থিত নদীবিশেষ, বৈদিক মন্ত্রবিশেষ।

গোমায়ু, (গো=শব্দ ইত্যাদি+মা=পরিমাণকরা+উ, য—আগম) ষ্য, পুং, গন্ধর্ব্ববিশেষ, শৃগাল, শিয়াল।

গোমস্তা, (যাবনিক) যে ব্যক্তি জমির খাজনা আদায় করে, মহাজনের গদির প্রধান কর্ম্মচারী।

গোমী, (গোমিন্, গো+মিন্-অস্ত্যর্থে) ... যার অনেক গোরু আছে।

পুং, শৃগাল।

গোমুখ, (গো+মুখ, ৬-হ) ব্য, ন, বক্র বাদ্যভাণ্ডবিশেষ, বিলেপন, সিঁধ। পুং, প্রমথবিশেষ, বকবিশেষ, কুম্ভীর খী—স্ত্রী, হিমালয়ের গোমুখাকৃতি গহ্বর, জপমালার থলি, নদীবিশেষ।

গোমূত্র, (গো+মূত্র, ৬-ষ) ব্য, ন, গোরুর প্রস্রাব, চোনা।

গোমূত্রিকা, (গোমূত্র+ক, আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, চিত্রকাব্যের বন্ধবিশেষ।

গোমেদ, (গো=চক্ষুঃ+মিদ=স্নিগ্ধ হওয়া ইত্যাদি+অ) ব্য, পুং, পীত বর্ণ মণিবিশেষ, দ্বীপবিশেষ।

গোমেধ, (গো+মেধ=যজ্ঞ, ৬-ষ) ব্য, পুং, যজ্ঞবিশেষ, এই যজ্ঞ কলিকালে করিতে নিষেধ। [শব্দজ) প, গোরবর্ণ।

গোর, (যাবনিক) সমাধি স্থান, (গৌর

গোরঙ্কু, ব্য, পুং, পক্ষি, বং, বন্দী, নগ্নক।

গোরস, (গো+রস, ৬ষ) ব্য, পুং,—ন, গব্য, দুগ্ধ, দধি, "আঢ্যানাং মাংস পরমং মধ্যানাং গোরসোত্তরম, তৈলোত্তরং দরিদ্রাণাং ভোজনম"।

গোরসজ, (গোরস+জ=উৎপন্ন) ব্য, ন, তক্র, ঘোল।

গোরক্ষ, প, ত্রি, গোপাল, রাখাল। ব্য, পুং, নাগরঙ্গ, ঋষভ নামক ঔষধ দ্রব্যবিশেষ।

গোরাটী, গোরিকা, (গো=বাক্য+রট্=বলা, উচ্চারণকরা+অ, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, শারিকা পক্ষিণী।

গোরু, (গোশব্দজ) ব্য, বৃষ, গবী।

গোরুত, ব্য, ন, ক্রোশদ্বয় পরিমাণ।

গোরোচ, (গো+রোচ=যে দীপ্তিপায়) ব্য, ন, হরিতাল।

গোরোচনা, (গো+রুচ=দীপ্তি পাওয়া+অন) ব্য, স্ত্রী, উজ্জ্বল পীতদ্রব্যবি শেষ, গোমস্তক স্থিত ওরূপি[illegible]

গোর্দ্দ, (গুর্দ—ক্রীড়াকরা+অ[illegible]

মস্তিষ্ক।

গোল, গোলক, (Globe) (গুড়—গোলহওয়া+ঘঞ্; ড—ল) ব্য, পুং, বর্তুলাকার বস্তু, যে দারুময় বর্তুলে পৃথিবী ও আকাশের প্রতিরূপ অঙ্কিত আছে, জারজসন্তান, মটর, গুড়, গন্ধরস। ন, মণ্ডল। লা—স্ত্রী, গোদাবরীনদী, সখী, বালকের ক্রীড়নক, কুনটী। [বিশেষ, ভৎকল।

গোলমরিচ, ব্য, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ-

গোলা, (গোলশব্দজ) ব্য, ধান্যাদির আগার, বর্তুলাকার লৌহপিণ্ড।

গোলাঙ্গুল, (গো+লাঙ্গুল=লেজ) ব্য, পুং, কৃষ্ণমুখ বানরবিশেষ, ন্যায়বিশেষ।

গোলাধ্যায়, (গোল=বর্তুল+অধ্যায় =পরিচ্ছেদ) ব্য, পুং, গণিত শাস্ত্রের বিভাগবিশেষ, যাহাতে গোলকের বিষয় বর্ণিত আছে।

গোলাস, (গো=গোময়+লাস=উৎপত্তি, ৭ হ) ব্য, পুং, গোময়কীট, গোময়ছত্রিকা, কোঁড়ক, ছাতা।

গোলোক, (গো=স্বর্গ+লোক=ভুবন, কর্মধা) ব্য, পুং, বৈকুণ্ঠ কৃষ্ণের স্থান

গোলোমী, (গো+লোম) ব্য, স্ত্রী, শ্বেতপুষ্পবিশিষ্ট বক্র দূর্ব্বাবিশেষ, শ্বেতদূর্ব্বা, বেশ্যা, পদ্মাস্ত্রী, বচা, বচ।

গোবর্দ্ধন, (গো=গোরু+বর্দ্ধন=যে বাড়ায়, ২ ষ) ব্য, পুং, বৃন্দাবন, রাধাকুণ্ডের নিকটবর্ত্তী পর্ব্বতবিশেষ

গোবর্দ্ধনধর, (গোবর্দ্ধন—পর্ব্বতবিশেষ +ধর=যে ধারণ করে) ব্য, পুং, কৃষ্ণ; বাসুদেব এই পর্বতকে একাঙ্গুলি দ্বারা উত্থিত করিয়া প্রবল ঝটিকাকালীন গোপালগণকে ইহার নিম্নদেশে আশ্রয় দিয়াছেন বলিয়া তাঁহার নাম গোবর্দ্ধনধর হইয়াছে।

গোবলীবর্দ্দ ন্যায়—

[illegible] বলীবর্দ্দ শব্দ দ্বারা মহোক্ষ গরুর প্রতীতি

হইলেও গোপদ পূর্ব্বে থাকাতে ইহার মহা মহত্ত রূপ অর্থ শীঘ্র অর্থাৎ শ্রবণ মাত্রেই বোধগম্য হইতেছে।

গোবশা, (গো+বশা=বন্ধ্যা) ব্য, স্ত্রী, বন্ধ্যা গোরু।

গোবাঘা, ব্য, হিংস্রক জন্তুবিশেষ।

গোবিট্, (গো+বিট্=বিষ্ঠা, ৬-ষ) ব্য, ন, স্ত্রী, গোময়, গোবিষ্ঠা, গোবর।

গোবিন্দ, (গো=[বেদের] ভাষা+বিন্দ =যে জানে, ২ ব, অথবা গো= গোরু,স্বর্গ+বিদ=পাওয়া+অ, যাহার দ্বারা স্বর্গ পাওয়া যায়, অথবা যিনি গোরক্ষা করিয়া আনন্দ অনুভব করেন, কিম্বা গো=বিশ্বসমূহাদি+ বিদ্=জানা+অ—ষ) ব্য, পুং, কৃষ্ণ, পাং বিন্দতা ভগবতা গোবিন্দেন নষ্টাং ধরণীং পূর্ব্বমরবিন্দন্ বৈ গুহা- গতাম্,গোবিন্দ ইতি তেনাহং দেবৈ- র্ব্বাগ্‌ভিরভিষ্টুতঃ, অহংকিলেন্দ্রো দেবানাং ত্বং গবামিন্দ্রতাং গতঃ॥ গোবিন্দ ইতিলোকাস্থাং স্তোষ্যন্তি ভুবি শাশ্বতম্, গাশ্চ বিশ্ব সমূহশ্চ বিন্দতে যোহবলীলয়া, জ্ঞানসিন্ধু সমূহশ্চ গোবিন্দ স্তেন কীর্ত্তিতঃ।” বৃহস্পতি। ণ, ত্রি, গোপালক।

গোবৃন্দারক, (গো=গোরু+বৃন্দারক =প্রশস্তার্থে) ব্য, পুং, উত্তম গোরু, শ্রেষ্ঠ গো। [মূর্খচিকিৎসক।

গোবৈদ্য, ব্য, পুং, গোচিকিৎসক,

গোশাল, (গো+শালা=গৃহ, ৬-ষ, আ =অ) ব্য, ত্রি, গোগৃহ, গোয়ালঘর।

গোশীর্ষ, (গো+শীর্ষ=মস্তক, ৬ ষ) ব্য, ন, গোমস্তক, চন্দন, হরিচন্দন।

গোষ্ঠ, (গো=পশু+স্থ=যে থাকে;৭.হ) ব্য, পুং,ন,গোরুসকল যেখানে থাকে গোস্থান, গোঠ।

গোষ্ঠাশ,ণ, ত্রি, নিন্দক, কুৎসাবাদী।

গোষ্ঠাষ্টমী, ব্য,স্ত্রী, গোপাষ্টমী, কার্ত্তিক শুক্লাষ্টমী।

গোষ্ঠী, (গোষ্ঠ্=সমারোহকরা, একত্রী- করা+অ) ব্য, স্ত্রী, যে স্থানে অনেক মিলিত হয়,সভা, সংলাপ, পরিবার, জ্ঞাতি।

গোষ্ঠীপতি,(গোষ্ঠী+পতি=স্বামী, ৬-ষ) ব্য,পুং,পরিবার পালক,সভাপতি।

গোষ্পদ, (গো+পদ=৭.চ, স্—আগম) ব্য, ন, গোখুর পরিমিত স্থান, গোরুর পদচিহ্ন, যে স্থানে সর্ব্বদা গরুর যাতায়াত আছে।

গোস, (গো=জল,নীহার+সো=নাশ- করা, শোষণকরা+অ) ব্য, পুং, প্রাতঃকাল, প্রভাত, প্রাতঃকালে নীহার শুষ্ক হইয়া যায় বলিয়া ইহার নাম গোস হইয়াছে।

গোসখ্য, (গো=গোরু+সম্+খ্যা= বলা, গণনাকরা+অ) ব্য, পুং, গো সখ্যতা।

গোসঙ্গ, (গো=গোরু+সঙ্গ=মিলন) ব্য, পুং,যে সময়ে গোসমূহ একত্রিত হয়, প্রভাত, প্রাতঃকাল, প্রাতে গোরু সকল একত্রে মাঠে চরিতে যায় বলিয়া ইহার নাম গোসঙ্গ হইয়াছে।

গোসম্ভবা, ব্য, স্ত্রী, শ্বেত দূর্ব্বা।

গোসর্গ, (গো=গোরু+সর্গ=অগ্রসর) ব্য,পুং, যে সময়ে গোরুর পাল মাঠে চরিতে অগ্রসর হয়, প্রাতঃকাল।

গোসব, (গো+সব=যজ্ঞ) ব্য, পুং, গোমেধ যজ্ঞ।

গোসহস্রী, ব্য, স্ত্রী, মঙ্গলবার যুক্তা অমাবস্যা, সোমবার যুক্তা অমাবস্যা।

গোসা, (যাবনিক ভাষা) ব্য, রাগ, ক্রোধ, অভিমান।

গোস্তন, (গো+স্তন) ব্য, পুং, যাহা গোরুর স্তনের ন্যায় গুচ্ছকরা, চারি নর হার, গোরুর স্তন। নী—স্ত্রী, [illegible]র, দ্রাক্ষা,আঙ্গুর গুলি দেখিতে [illegible] গোরুর বাঁটের ন্যায় বলিয়া

ইহাকে গোস্তনী বলাযায়।

গোস্বামী, (গো=গোরু, জ্ঞানেন্দ্রিয়, স্বর্গ, পৃথিবী+স্বামী—প্রভু, ৬-ষ) ষ্য, পুং, গোরক্ষক, গোসমূহের অধিকারী, বাচস্পতি উপাধিবিশেষ।

গোহরিতকী, ষ্য, স্ত্রী, বেলগাছ।

গোহিত, ষ্য, পুং, বিষবৃক্ষ, ঘোষা লতা। [ষ্য, ন, পাদমূল, গোড়ালি।

গোহির, (গুহ=আচ্ছাদনকরা+ইব)

গোহ্য, (গুহ+য—চ) ণ, ত্রি, লুক্কায়িত, আচ্ছাদিত, আবৃত। ষ্য, গুহ্যদেশ।

গৌঞ্জিক, (গুঞ্জ—অল্পপরিমাণবিশেষ +ইক) ষ্য, পুং, স্বর্ণকার স্বর্ণকারেরা স্বর্ণ ওজন করিবার নিমিত্ত গুঞ্জক ব্যবহার করে বলিয়া ইহাদিগকে গৌঞ্জিক বলাযায়।

গৌড়, ষ্য, পুং, দেশবিশেষ। বহুং, গৌড়দেশীয় লোক, স্বারস্বতাঃ কান্যকুব্জা গৌড়মৈথিলিকোৎকলাঃ. পঞ্চগৌড়া ইতি খ্যাতা বিন্ধ্যস্যোত্তরবাসিনঃ। (গুড়+অ—ভাবার্থে) ডী—স্ত্রী, গুড় দ্বারা প্রস্তুত সুরা, রাগিণী বিশেষ, কাব্যের রীতিবিশেষ।

গৌণ, (গুণ+ষ্ণ) ণ, ত্রি, গুণীভূত, অপ্রধান। ণী—স্ত্রী, শব্দের বৃত্তিবিশেষ।

গৌণচান্দ্র, ষ্য, পুং, কৃষ্ণপ্রতিপদাদি পৌর্ণমাস্যন্ত মাস।

গৌতম, (গোতম=মুনিবিশেষ+ষ্ণ-অপত্যার্থে) ষ্য, পুং, শতানন্দ ঋষি, ঋষিবিশেষ, বুদ্ধ। মী—স্ত্রী, গোদাবরী নদী, রাক্ষসীবিশেষ, গোতমসম্বন্ধীয়া, গোতমবংশীয়া—স্ত্রী, কণ্ব মুনির ভগিনী, "নেপথ্যে। গৌতমি আদিশ্যতাং শার্ঙ্গরবশারদ্বতমিশ্রাঃ বৎসাং শকুন্তলাং নেতুং সজ্জীভবন্ত ভবন্ত ইতি" শকুন্তলা।

গৌতম-সম্ভবা, ষ্য, স্ত্রী, গোদাবরীনদী

গৌতক, ষ্য পুং, স্থাবর বিষবিশেষ।

গৌধার, গৌধের, গৌধেয়, (গোধা+আর, এর, এয়—অপত্যার্থে) ষ্য, পুং, গোধিকাপুত্র, গোসাপের বাচ্ছা।

গৌর, (গুড়=বেষ্টন করা+অ, ড—র) ণ, ত্রি, শ্বেত, পীত, লোহিত, শ্বেতরক্ত, বিশুদ্ধ, পরিষ্কৃত। ষ্য, পুং, শ্বেত সর্ষপ, "সা গৌরসিদ্ধার্থনিবেশবদ্ভির্দূর্বাপ্রবালৈঃ প্রতিভিন্নশোভং" কুমারসম্ভব। চন্দ্র। ন, পদ্মকিঞ্জল্ক, পদ্মকেশর, কুঙ্কুম, স্বর্ণ।

গৌরচন্দ্র, ষ্য, পুং, চৈতন্যদেব।

গৌরব, (গুরু+ষ্ণ-ভাবে) ষ্য, ন, ভার, গুরুত্ব, মহিমা, আদর, সম্মান, উৎকর্ষ, মর্য্যাদা, "রিক্তঃ সর্ব্বো ভবতি হি লঘুঃ পূর্ণতা গৌরবায়" মেঘদূত।

গৌরবিত, (গৌরব+ইত—ইতর্থে) ণ, ত্রি, গৌরববিশিষ্ট, মান্য।

গৌরাঙ্গ, ষ্য, পুং, শ্রীচৈতন্যদেব। ণ, ত্রি, শ্বেতকায়, সুন্দর।

গৌরার্দ্রক, ষ্য, পুং, স্থাবর বিষবিশেষ

গৌরাস্য, (গৌর+আস্য—মুখ) ষ্য, পুং, শ্বেতমুখ, কৃষ্ণবানর, যে বানরের মুখ ব্যতীত অন্যান্য অবয়ব কৃষ্ণবর্ণ।

গৌরিকা, (গৌরী+ক) ষ্য, স্ত্রী, গৌরী, অষ্টমবর্ষীয়া কন্যা।

গৌরিল, (গৌর+ইল) ষ্য, পুং, লৌহচূর্ণ, শ্বেতসর্ষপ।

গৌরী, (গৌর+ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, পৃথিবী, অষ্টবর্ষীয়া কন্যা, গোরোচনা, রাগিণীবিশেষ, হরিদ্রা, নদীবিশেষ, পার্ব্বতী, অজাতরজস্কা কন্যা, দারু হরিদ্রা, প্রিয়ঙ্গু লতা, বরুণ ভার্য্যা, মঞ্জিষ্ঠা, শ্বেতদূর্ব্বা, মল্লিকা, তুলসী, সুবর্ণকদলী।

গৌরীজ, (গৌরী+জ—জাত) ষ্য, পুং, কার্ত্তিকেয়, গণেশ। ন, ধাতুবিশেষ, অভ্রক। [লিঙ্গের নিম্নস্থ পট্ট।

গৌরী-পট্ট, ষ্য, পুং পেনেট্, শিব

গৌরীললিত, ষ্য, পুং, হরিতাল।

গৌরী-শিখর, ষ্য, ন, হিমালয়ের শৃঙ্গবিশেষ, যেখানে গৌরী তপস্যা করিয়াছিলেন, "প্রজাসু পশ্চাৎ প্রথিতং তদাখ্যয়া জগাম গৌরী-শিখরং শিখণ্ডিমৎ" কুমারসম্ভব।

গৌরুতল্পিক, (গুরু+তল্প=শয্যা+ষ্ণিক—গমনার্থে) ষ্য, পুং, গুরুপত্নী-গামী।

গৌশতিক, (গো+শত+ইক-অস্ত্যর্থে) ষ্য, পুং, যাহার একশত গোরু আছে।

গৌষ্ঠীন, (গোষ্ঠ+ঈন—প্রাকভূতার্থে) ষ্য, ন, পূর্ব্বে যে স্থানে গোষ্ঠ ছিল।

গ্রথিত, গ্রন্থিত, (গ্রন্থ=গাঁথা+ক্ত-ট) ণ, ত্রি, গুম্ফিত, যাহা গাঁথা হইয়াছে, প্রোত, বসান, আক্রান্ত, রচিত।

গ্রন্থ, (গ্রন্থ+অল—ভাব, ডে) ষ্য, পুং, গাঁথনি, সম্পত্তি, সন্দর্ভ, শাস্ত্র, পুস্তক, সম্পর্ক, অনুষ্টুভ্ছন্দ।

গ্রন্থকার, (গ্রন্থ+কার=যে করে) ষ্য, পুং, যে গ্রন্থ রচনা করে, গ্রন্থকর্ত্তা।

গ্রন্থকুটী, ষ্য, স্ত্রী, লেখ্যস্থান, চিত্রাধার।

গ্রন্থন, (গ্রন্থ+অনট—ভাব) ষ্য, ন, গুম্ফন, গাঁথনি, রচনা।

গ্রন্থি, (গ্রন্থ=একত্রকরা+ই) ষ্য, পুং, বংশাদির সন্ধি, গাঁইট, গিরা, শরীরের সন্ধি, বন্ধ, রোগবিশেষ, বাতরোগ, বক্রতা।

গ্রন্থিক, (গ্রন্থি+ক—যোগ, অথবা গ্রন্থ=সন্দর্ভ+ইক—জ্ঞাতার্থে) ষ্য, পুং, গণক, দৈবজ্ঞ, সহদেব, কনিষ্ঠ পাণ্ডব, গুগ্গুল। [দূর্ব্বা, গ্রন্থিদূর্ব্বা।

গ্রন্থিদূর্ব্বা, ষ্য, স্ত্রী, দূর্ব্বাবিশেষ, গেঁটে

গ্রন্থিফল, ষ্য, পুং কপিথবৃক্ষ।

গ্রন্থিভেদ, (গ্রন্থি+ভিদ্=ভেদকরা+অণ্) ষ্য, পুং, গাঁইটকাটা।

গ্রন্থিমান্, (গ্রন্থি+মৎ-অস্ত্যর্থে) ণ, ত্রি, গ্রন্থিযুক্ত।

গ্রন্থিল, (গ্রন্থি+ল—অস্ত্যর্থে) ণ, [illegible] সন্ধিযুক্ত, গাঁইটযুক্ত, যাহাদের শরীর তিন বা ততোধিক গ্রন্থি যুক্ত, যথা—কাঁকড়া, বিছা ইত্যাদি। (Articulated animals.) ষ্য, ন, পিপ্পলী-মূল, আর্দ্রক। পুং, বিকঙ্কত বৃক্ষ, বঁইচ গাছ।—লা, স্ত্রী, গ্রন্থি দূর্ব্বা।

গ্রন্থিহর, (গ্রন্থি=গাঁইট+হর=যে হরণ করে) ষ্য, পুং, যে বিষয় কার্য্যের গ্রন্থিহরণ করে, মন্ত্রণাদায়ক, মন্ত্রী, মন্ত্রী দুরূহ রাজনীতি সম্বন্ধে রাজাকে উপদেশ দেন বলিয়া তাঁহার নাম গ্রন্থিহর হইয়াছে।

গ্রন্থী, (গ্রন্থ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, যাহার অনেক গ্রন্থ আছে, "গ্রন্থী ভবতি পণ্ডিতঃ"।

গ্রন্থ্যাধারদেহ, (গ্রন্থি+আধার+দেহ, ৬-হ) ষ্য, পুং, যাহাদের দেহ বিবিধ গ্রন্থিকে আশ্রয় করিয়া নির্ম্মিত হয়, যথা—পতঙ্গ কীটাদি, (Articulata.)

গ্রসন, (গ্রস্+অনট্—ভাব) ষ্য, ন, গ্রাসকরা, গিলিয়া ফেলা।

গ্রসমান, (গ্রস্+শান—ঘ) ণ, ত্রি, যে গ্রাস করিতেছে।

গ্রস্ত, (গ্রস্=ভক্ষণকরা+ক্ত—ট) ষ্য, ন, অসম্পূর্ণবাক্য। ণ, ত্রি, ভক্ষিত, গিলিত, আচ্ছাদিত, আক্রান্ত।

গ্রহ, (গ্রহ=গ্রহণকরা+অ) ষ্য, পুং, সূর্য্যাদি নব, যে সকল জ্যোতিঃ-পদার্থ সূর্য্যকর্ত্তৃক আকৃষ্ট হইয়া তাহার চতুর্দ্দিকে মণ্ডলাকার পথে নিয়ত পরিভ্রমণ করে, স্বীকার, আদান, গ্রহণ, অধ্যবসায়, আগ্রহ, বোধ, জ্ঞান, বালবাতিনী পূতনাদি, ধারণ, গ্রাস, নির্ব্বন্ধ, সন্নিকর্ষ, রণোদ্যম, চন্দ্রসূর্য্য গ্রহণ।

গ্রহকল্লোল, (গ্রহ=চন্দ্রসূর্য্যাদি+কল্লোল=শত্রু, ৬-ষ) ষ্য, পুং, যে [illegible]দের শত্রু, রাহু, চন্দ্র এবং পৃথিবীর

পথের সংযোগ স্থল (The Ascending and descending nodes.)

গ্রহণ, (গ্রহ+অনট্—ভাব) ব্য, ন, স্বীকার, লওয়া, জ্ঞান, বশীকরণ, বন্ধন, আদর, ইন্দ্রিয়, হস্ত ধারণ, অবলম্বন, চন্দ্রসূর্য্যাদির অদর্শন।

গ্রহণি; গ্রহণী, (গ্রহ্+অনি, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, উদরভঙ্গ রোগ, "ষষ্ঠী পিত্তধরা নাম যা কলা পরিকীর্ত্তিতা, পক্কামাশয়মধ্যস্থা গ্রহণী সা প্রকীর্ত্তিতা।"

গ্রহণীয়, (গ্রহ+অনীয়—চ) ণ, ত্রি, গ্রহণ যোগ্য।

গ্রহণীহর, (গ্রহণী=উদরভঙ্গরোগ+হর=যে হরণ করে) ব্য, ন, লবঙ্গ। ণ, ত্রি, গ্রহণীরোগনাশক।

গ্রহনায়ক, (গ্রহ+নায়ক=প্রধান, ৬-ষ) ব্য, পুং, শনি, সূর্য্য।

গ্রহনীহারিকা, ব্য, স্ত্রী, যে সকল নীহারিকা গ্রহের লক্ষণাক্রান্ত বোধ হয়। (Planetary-Nebulæ)

গ্রহনেমি, (গ্রহ+নেমি=চাকার প্রান্ত, বেড়) ব্য, পুং, যে গ্রহের নেমিবৎ আকৃতি, চন্দ্র।

গ্রহপতি, (গ্রহ+পতি=স্বামী, ৬-ষ) ব্য, পুং, আকন্দগাছ, সূর্য্য।

গ্রহপীড়া, ব্য, স্ত্রী, গ্রহপ্রযুক্ত দুঃখ, গ্রহবৈগুণ্য।

গ্রহপুষ, ব্য, পুং, সূর্য্য।

গ্রহযাগ, (গ্রহ+যাগ=যজ্ঞ) ব্য, পুং, আদিত্যাদি নবগ্রহের বৈগুণ্য শান্তির নিমিত্ত হোম।

গ্রহরাজ, (গ্রহ+রাজন্=রাজা, প্রধান, ৬-ষ) ব্য, পুং, বৃহস্পতি, সূর্য্য, চন্দ্র।

গ্রহ-বহ্নি, ব্য, পুং, সূর্য্যাদি গ্রহের বহ্নি, "কপিলঃ পিঙ্গলোধূমকেতুশ্চ জঠরাধিকঃ, শিখী চ হাটকশ্চৈব মহাতেজা হুতাশনঃ, হব্য[illegible] বিজ্ঞেয়া নবৈতে গ্রহবহ্নয়ঃ।"

গ্রহবিপ্র, (গ্রহ+বিপ্র=ব্রাহ্মণ) ব্য, পুং, আচার্য্য, দৈবজ্ঞ।

গ্রহবৈগুণ্য, ব্য, ন, গ্রহের প্রতিকূলবর্ত্তিতা, গ্রহের অশুভফলদায়িতা।

গ্রহাধার, (গ্রহ+আধার=আশ্রয়, ৬-ষ) ব্য, পুং, গ্রহগণের পরিভ্রমণে যে নক্ষত্র নির্দ্দিষ্ট স্থানে স্থির হইয়া অবস্থিতি করে, ধ্রুবতারা।

গ্রহাময়, (গ্রহ=ভূতাদি+আময়=রোগ) ব্য, পুং, ভূতাদির আবেশবশতঃ জাত রোগ, ভূতে পাওয়া।

গ্রহীতা, (গ্রহ+তৃণ—ষ) ণ, ত্রি, গ্রহণকর্ত্তা, গ্রাহক।

গ্রাম, (গম্=গমনকরা+অ, নিপাতন) ব্য, পুং, লোকালয়, প্রাকার পরিখাদিপরিশূন্য বহুলোকের বাসস্থান, গাঁ। (অন্য শব্দের পর প্রযুক্ত হইলে) সমূহ, স্বরের অংশবিশেষ, সঙ্গীতে ষড়্জ মধ্যম গান্ধার এই তিন স্বরভেদ।

গ্রামকূট, (গ্রাম+কূট=সংখ্যা) ব্য, পুং, যাহারা গ্রামের অধিবাসী, চতুর্থবর্ণ, শূদ্র।

গ্রামগৃহ্যা, (গ্রাম+গৃহ্য=যাহা বাহিরে লওয়া যায়) ব্য, স্ত্রী, গ্রামবহির্ভূতা সেনা।

গ্রামঘাত, (গ্রাম+ঘাত=আক্রমণকরা) ব্য, পুং, গ্রাম আক্রমণ, গ্রাম লুণ্ঠন।

গ্রামজ, (গ্রাম+জ=জাত) ণ, ত্রি, যে গ্রামে জন্মিয়াছে, পাড়াগেঁয়ে, চাষা, যাহা গ্রামে উৎপন্ন হয়, ধান্যাদি শস্য।

গ্রামণী, (গ্রাম+নী=লওয়া+কিপ্, ২-ষ) ণ, ত্রি, গ্রামের প্রধান মোড়ল, মণ্ডল, অধিপতি, প্রভু, নায়ক। ব্য, পুং, নাপিত, ক্ষৌরকার—স্ত্রী, বেশ্যা।

গ্রামতক্ষ, (গ্রাম+তক্ষ—সূত্রধর, ৬-ষ) ব্য, পুং, গ্রাম্য সূত্রধর, গাঁয়ের ছুতার

গ্রামমদ্গুরিকা, ব্য, স্ত্রী, মৎস্যবিশেষ, শৃঙ্গী মৎস্য, শিঙী মাছ।

গ্রামতা, (গ্রাম+তা—সমূহার্থে) ব্য, স্ত্রী, গ্রামসমূহ।

গ্রামধর্ম্ম, (গ্রাম—জাত লোক+ধর্ম্ম, ৬-ষ) ব্য, পুং, রমণ, মৈথুন, স্ত্রী-সংসর্গ।

গ্রামমুখ, (গ্রাম+মুখ=প্রধান) ব্য, পুং, বাজার, হাট।

গ্রামমৃগ, (গ্রাম+মৃগ—পশু, কর্ম্মধা) ব্য, পুং, কুক্কুর।

গ্রামযাজক, (গ্রাম+যাজি=যাগকরান+ণক—ষ) ব্য, পুং, যে ব্যক্তি গ্রামস্থ সমস্ত লোকের পৌরোহিত্য করে, গ্রামপুরোহিত।

গ্রামসঙ্কর, (গ্রাম+সঙ্কর—অল্পপরিসর স্থান) ব্য, পুং, গ্রামের সাধারণের জলাদি বহির্গমন পথ, গাঁয়ের নর্দ্দমা।

গ্রামস্থ, (গ্রাম+স্থ—যে থাকে) ণ, ত্রি, যে অন্যের সহিত একগ্রামে বাস করে, এক গ্রামবাসী।

গ্রামহাসক, (গ্রাম+হাসক—যে আনন্দ বর্দ্ধন করে) ব্য, পুং, ভগিনী-পতি।

গ্রামাধান, (গ্রাম+আধান—যে পোষণ করে) ব্য, ন, মৃগয়া, শিকার।

গ্রামান্ত, (গ্রাম+অন্ত, ৬-ষ) ব্য, পুং, গ্রামের প্রান্তভাগ, উপশল্য।

গ্রামীণ, (গ্রাম+ঈন—নিবাসার্থে) ণ, ত্রি, গ্রামোৎপন্ন, গ্রামবাসী, "গ্রামীণস্ত প্রথমতো পশুতো গবয়াদিকং" ভাষাপরিচ্ছেদ। ব্য, পুং, গ্রাম্যকুক্কুর, কাক, শূকর। ণা—স্ত্রী, নীলবৃক্ষ, পালঙ্কশাক।

গ্রাম্য, (গ্রাম+য—ভবার্থে) ণ, ত্রি, গ্রামজাত, ইতর, নীচ, অধম, অসভ্য, অশ্লীল।

গ্রাম্যকন্দ, ব্য, পুং, শূরণ, ওল।

গ্রাম্যকর্কটী, (গ্রাম্য+কর্কটী—কাঁকুড়) ব্য, স্ত্রী, কুষ্মাণ্ড।

গ্রাম্যকুঙ্কুম, ব্য, ন, কুসুম্ভ।

গ্রাম্যতা, (গ্রাম্য+তা—ভাবে) ব্য, স্ত্রী. অসভ্যতা, অধমতা, অশ্লীলতা, অলঙ্কারোক্ত দোষবিশেষ।

গ্রাম্যধর্ম্ম, (গ্রাম্য—গ্রামজাতলোক+ধর্ম্ম, ৬-ষ) ব্য, পুং, মৈথুন, রমণ, শৃঙ্গার, স্ত্রীসংসর্গ।

গ্রাম্য-পশু, ব্য, পুং. গো মেষ ছাগ মনুষ্য অশ্ব অশ্বতর গর্দ্দভ এই সাত পশু।

গ্রাম্যমৃগ, (গ্রাম্য+মৃগ—পশু, কর্ম্মধা) ব্য, পুং, কুক্কুর।

গ্রাম্যাশ্ব, (গ্রাম্য+অশ্ব, কর্ম্মধা) ব্য, পুং, গর্দ্দভ।

গ্রাবা, (গ্রাবন্, গ্রহ্—গ্রহণকরা+বন্) ব্য, পুং, মেঘ, পর্ব্বত, প্রস্তর, "অপিগ্রাবা রোদিত্যপি গলতি বজ্রস্য হৃদয়ং" উত্তরচরিত। ণ, ত্রি, দৃঢ়।

গ্রাস, (গ্রস্—ভক্ষণকরা+ঘঞ্—চ, ভাব) ব্য, পুং, মুখপূরণোপযুক্ত অন্নাদি পিণ্ড, কবল, গিলন, গেলা, ভক্ষণ।

গ্রাসাচ্ছাদন, (গ্রাস+আচ্ছাদন=আবরণ, পরিধান, দ্বং—স) ব্য, ন, অশনবসন, অন্নবস্ত্র।

গ্রাহ, (গ্রহ—গ্রহণকরা+ঘঞ্—ভাব, ঘ) ব্য, পুং, কুম্ভীর, হাঙ্গর, জল-হস্তী, শুশুক, গ্রহণ, জ্ঞান।

গ্রাহক, (গ্রহ+অক—ষ) ণ, ত্রি, গ্রহণকর্ত্তা। ব্য, পুং, শ্যেন, বাজ-পক্ষী, ব্যালগ্রাহী, বিষবৈদ্য, সাপুড়ে।

গ্রাহিত, (গ্রাহি—গ্রহণকরান+ক্ত—চ) ণ, ত্রি, যাহা গ্রহণ করান গিয়াছে, [illegible]রিত।

গ্রাহী, (গ্রহ=গ্রহণকরা+ণিন্—ষ) ণ.ত্রি. গ্রহণকর্ত্তা, আকর্ষক। ষ্য,পুং, কপিথ।

গ্রাহ্য, (গ্রহ=গ্রহণকরা+য—চ) ণ, ত্রি স্বীকার্য্য, গ্রহণযোগ্য, গ্রহণীয়, জ্ঞেয়, গণনীয়, আদরণীয়, উপাদেয়

গ্রীবা, (গৃ—ভোজনকরা+ব) ষ্য, স্ত্রী, কন্ধরা, ঘাড়।

গ্রীবী, (গ্রীবা+ইন—অস্ত্যর্থে)ষ্য,পুং, উট, উষ্ট্র, উন্নতগ্রীবা বিশিষ্ট জন্তু।

গ্রীষ্ম, (গ্রস্=লওয়া ইত্যাদি+ম, নিপাতন) ষ্য, পুং, উষ্ণঋতু, গরমি কাল, উত্তাপ, উষ্মা। ণ, ত্রি, উষ্ণ।

গ্রীষ্মজা ষ্য স্ত্রী নবমল্লিকা, সোনা।

গ্রীষ্মভবা,ষ্য স্ত্রী বনমল্লিকা, মল্লিকা, বেলফুল জুঁই।

গ্রীষ্মমণ্ডল, কর্কটক্রান্তি ও মকর ক্রান্তির অন্তর্বর্ত্তিভাগ। (Torrid zone) [গমাশাক।

গ্রীষ্মসুন্দর, ষ্য, পুং, শাকবিশেষ,

গ্রীষ্মহাস, (গ্রীষ্ম=গ্রীষ্মঋতু+হাস= অট্টহাস) ষ্য, ন, ইন্দ্রতুলক, অংকাশ বুড়ীর সুতা, এই তুলা গ্রীষ্মকালে বায়ুবেগে চতুর্দ্দিকে চালিত হয় এবং উহার বর্ণ অত্যন্ত শুভ্র এই নিমিত্ত কবিগণ ইহাকে গ্রীষ্মঋতুর অট্টহাস বলিয়া বর্ণনা করিয়া থাকেন।

গ্রৈব, গ্রৈবেয়, গ্রৈবেয়ক (গ্রীবা+অণ্, ঢেয়—ইদমর্থে) ষ্য ন, কণ্ঠভূষণ, কণ্ঠবন্ধন। ণ, ত্রি, গ্রীবা সংলগ্ন।

গ্লটন ষ্য স্বনাম প্রসিদ্ধ জন্তুবিশেষ। (Glutton) [ভক্ষিত ভুক্ত।

গ্লস্ত (গ্লস=ভক্ষণকরা+ক্ত—চ)ণ,ত্রি,

গ্লহ (গ্রহ্=লওয়া ইত্যাদি+অল, অথবা গ্রহধাতুজ) ষ্য, পুং, পাশাখেলার পণ, দ্যূত।

গ্লাতা, (গ্লৈ=মলিন হওয়া, ক্লান্তহওয়া+তৃণ—ষ) ণ, ত্রি, গ্লানিযুক্ত।

গ্লান,গ্লাস্নু,(গ্লৈ=গ্লানহওয়া+ক্ত, স্নু—ষ) ণ, ত্রি, অসুস্থ, গ্লানিযুক্ত, শ্রান্ত।

গ্লানি, (গ্লৈ+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, ক্লান্তি শ্রান্তি, অস্বাস্থ্য, অবসন্নতা, হানি।

গ্লায়ৎ, (গ্লৈ+শতৃ) ণ, ত্রি, ক্ষীণ, দুর্ব্বল, মূর্চ্ছাপন্ন।

গ্লেয়, (গ্লৈ=মলিনহওয়া, ক্লান্তহওয়া+য—চ) ণ, ত্রি, গ্লানিযোগ্য।

গ্লৈতৃ, (গ্লৈ+তৃণ) ণ, ত্রি, শ্রান্ত, পরিশ্রম যুক্ত। [কর্পূর, চন্দ্র।

গ্লৌ (গ্লৈ=ক্ষয়পাওয়া+ঔ) ষ্য,পুং,

ঘ

ঘ ব্যঞ্জনের চতুর্থ বর্ণ, ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল। ষ্য, পুং, বৎসব, ঘণ্টা, ঘুঙুর, ঘর্ঘরধ্বনি, ঠনঠন্ শব্দ। ষ্য—স্ত্রী, কাঞ্চী, আঘাত।

ঘট,(ঘট্=চেষ্টাকরা+অল্) ষ্য, পুং, গজকুম্ভ, শ্বাসরোধ, কুম্ভক, কুম্ভরাশি, কুম্ভ, কলস, পরিমাণবিশেষ। টা—স্ত্রী, গজসৈন্য, সভা, সমূহ, সমারোহ, আড়ম্বর, সঙ্ঘটন। টী—স্ত্রী, বাজাইবার ঘণ্টা ক্ষুদ্রঘট, দণ্ডপরিমাণ কাল, মুহূর্ত্ত, কাল নির্ণয়াত্মক যন্ত্র।

ঘটক (ঘট+ণক) ষ্য, পুং, দূত, বিবাহের যোজক, বনস্পতি, পুষ্পব্যতিরেক যে বৃক্ষের ফল হয়, 'বাবকো ভাবকশ্চৈব যোজকশ্চাংশ-কস্তথা দবকস্তাবকশ্চৈব ঘটেতে ঘটকাঃ স্মৃতাঃ'' বৃক্ষবিশেষ, বনস্পতি।

ঘটদাসী, (ঘট=চেষ্টা, উদ্যোগ+দাসী =চাকরাণী) ষ্য, স্ত্রী, দূতী, কুটনী।

ঘটনা (ঘট+অন, আ) ষ্য, স্ত্রী, সঙ্ঘটন, যোজনা, মেলন,হস্তিসৈন্য, আকস্মিক ব্যাপার, যে বিষয়টি অকস্মাৎ হইয়া পড়ে, দৈবগতি,

বিধিনির্ব্বন্ধ।

ঘটনানুভাবকতা, (ঘটনা+অনুভাবকতা) ব্য, স্ত্রী, যে মানসিক বৃত্তি দ্বারা ঘটনার অনুভব করিতে পারা যায়।

ঘটযোনি, (ঘট=কুম্ভ+যোনি=উৎপত্তিস্থান, ৬-হ) ব্য, পুং, কুম্ভযোনি, অগস্ত্য।

ঘটরাজ, (ঘট+রাজ=প্রধান, ৬-ষ) ব্য, পুং, প্রধান ঘট, বড় মাটির ঘড়া।

ঘটস্থাপন, (ঘট+স্থাপন=রক্ষণ) ব্য, ন, পূজার সময় প্রতিমার সম্মুখে পূজার নিমিত্ত ঘট রক্ষণ, পূজার্থ প্রতিমার প্রতিনিধি স্বরূপ ঘট রক্ষণ।

ঘটাটোপ, (ঘট+আটোপ=গর্ব্ব) ব্য, পুং, শকটাদির আবরণ বস্ত্র, টেবিল প্রভৃতি নূতন আসবাব ঢাকিবার নিমিত্ত বস্ত্রনির্ম্মিত আবরণ।

ঘটিক, (ঘট+ইক) ব্য, ন, নিতম্ব, কটিদেশের পশ্চাদ্ভাগ।

ঘটিকা, (ঘটি=ঘড়ী+ক, আ) ব্য, স্ত্রী, মুহূর্ত্ত, দণ্ডাত্মককাল, আড়াই দণ্ড, ঘটী, কলসী, ক্ষুদ্র ঘট, পাদগ্রন্থি,গুল্ফ। (ঘাটি=চেষ্টা করান+ণক—ষ, আ—স্ত্রীলিঙ্গে) যোজনকারিণী।

ঘটিত, (ঘট+ক্ত—চ) ণ, ত্রি, যোজিত, সংক্রান্ত, সঙ্ঘটিত।

ঘটিন্ধম, ব্য, পুং, কুম্ভকার।

ঘটিন্ধয়, ণ, ত্রি, পটপাত্রে পানকারী।

ঘটীযন্ত্র, (ঘটী=ক্ষুদ্রঘট+যন্ত্র, কর্ম্মধা) ব্য, ন, কূপাদি হইতে জল তুলিবার যন্ত্র, জলতোলা কল, কাল-নির্ণায়ক যন্ত্র, ঘড়ী। "ততঃসংসারচক্রেঽস্মিন্ ভ্রাম্যতে ঘটীযন্ত্রবৎ।"

ঘটোৎকচ, (ঘট=করিকুম্ভ+উৎকচ=কেশশূন্য) ব্য, পুং, হিড়ম্ব রাক্ষসীর গর্ভে ভীমের ঔরসজাত পুত্র, উহার মস্তক করিমুণ্ডের ন্যায় কেশশূন্য ছিল বলিয়া ঘটোৎকচ নাম হইল। "ঘটো হাস্যোৎকচ ইতি মাতা তং প্রত্যভাষত, অব্রবীত্তেন নামাস্য ঘটোৎকচ ইতি স্ম হ" মহাভারত।

ঘটোদ্ভব, (ঘট=কুম্ভ+উদ্ভব=জাত, উৎপন্ন, ৫-হ) ব্য, পুং, অগস্ত্যমুনি।

ঘট্ট, (ঘট্ট=চালিতকরা+অল) ব্য,পুং, ট্টী—স্ত্রী, নদীপ্রভৃতির ঘাট। পুং, শুল্ক-গ্রহণ স্থান, কুতঘাট, চালন।

ঘট্টগা, ব্য, স্ত্রী, নদীবিশেষ।

ঘট্টজীবী, (ঘট্ট+জীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) ব্য, পুং, পাটুনি জাতি, যাহারা পার করে।

ঘট্টন, (ঘট্ট+অনট্—ভাব) ব্য, ন, ঘোটন, সঙ্ঘটন, আঘাত, ঘর্ষণ। না—স্ত্রী, চালনা, ইতস্ততঃ নাড়াচাড়া। নী—স্ত্রী, ঘোটনা।

ঘট্টিত, (ঘট্ট+ক্ত—চ) ণ,ত্রি, নিশ্রিত, সঙ্ঘটিত, যাহা ঘোটা গিয়াছে, চালিত।

ঘড়ী, (ঘটীযন্ত্রশব্দজ) ব্য, সময়জ্ঞাপক যন্ত্র, যাহার দ্বারা সময়ের পরিমাণ জানিতে পারা যায়।

ঘণ্ট, (ঘণ্=দীপ্তিপাওয়া+ট=সংজ্ঞার্থে) ব্য, পুং, শাকাদিমিশ্র ব্যঞ্জনবিশেষ।

ঘণ্টা, (হন্=বধকরা, আঘাতকরা+ট—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, কাংস্যাদি নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ, ঘটিকা।

ঘণ্টাকর্ণ, (ঘণ্ট=গাত্রকণ্ডূ+আকর্ণ=অপনয়ন কারক, যে গাত্রকণ্ডূাদি ত্বক্‌রোগ নাশ করে, ২-ষ, অথবা ঘণ্টা+কর্ণ=কাণ, ঘণ্টার ন্যায় যাহার কর্ণ বিস্তীর্ণ, ৬-হ) ব্য, পুং, শিবগণবিশেষ, ঘেঁটুঠাকুর, পণ্ডিত বিশেষ।

ঘণ্টাপথ, (ঘণ্টা + পথ) ষ্য, পুং, যাহাতে হস্ত্যাদি ঘণ্টাযুক্ত হইয়া গমন করে, গ্রামের প্রধান পথ।

ঘণ্টারবা, ষ্য, স্ত্রী, বনশোণ, যাহা ঝন্‌ঝন্ শব্দকরে। [গাছ।

ঘণ্টালী, ষ্য, বৃক্ষবিশেষ, কোশাতকী

ঘণ্টাবীজ, (ঘণ্টা+বীজ=বিচি) ষ্য,পুং, জয়পালবৃক্ষ, জয়পালের বিচি।

ঘণ্টিকা, ঘণ্টী, (ঘণ্টী+ক) ষ্য, স্ত্রী, ক্ষুদ্র ঘণ্টা, আল্‌জিভ্।

ঘণ্টিনীবীজ, ষ্য, ন, জয়পাল বীজ।

ঘণ্টু,(ঘণ=দীপ্তিপাওয়া+টু) ষ্য,পুং, হস্তীর গললম্বিত ঘণ্টা, প্রতাপ।

ঘণ্টেশ্বর,(ঘণ্টা+ঈশ্বর=প্রভু) ষ্য,পুং, শিব, মঙ্গলপুত্র, ঘেঁটু।

ঘণ্ড, ষ্য, পুং, মধুকর, ভ্রমর।

ঘন, (হন্=বধকরা, আঘাতকরা+অ) ষ্য, ন, মন্দিরা, ঘণ্টা, ঘুঙুর, করতাল, প্রভৃতি ধাতুময় বাদ্যযন্ত্র; মধ্যম নৃত্য, ত্বক্, চর্ম্ম, লৌহ। পুং, লৌহ মুদ্গর,সঙ্ঘাত, জমাট, দৃঢ়তা, কাঠিন্য, মেঘ, মুস্তা, দেহ, ওঘ, বিস্তার, সমান তিন অঙ্কের গুণ, কোন রাশিকে সেই রাশি দ্বারা দুই বার গুণন, (cube) যথা—৪এর ঘন৬৪। ণ, ত্রি, নিবিড়, ফাঁক ফাঁক নয়, সান্দ্র, কঠিন, পাতলা নয়, দুর্ভেদ্য, ভারি "অন্তর্গূঢ় ঘনব্যথঃ" উত্তরচরিত।

ঘনকফ, (ঘন=মেঘ+কফ=দেহস্থ ধাতুবিশেষ) ষ্য, পুং, করকা, শিল।

ঘনকাল, (ঘন=মেঘ+কাল=সময়) ষ্য, পুং, বর্ষাঋতু, বর্ষাকাল।

ঘনক্ষেত্র, ষ্য, ন, যে দ্রব্যের দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চতা পরস্পর সমান। (cube.)

ঘনগোলক, ষ্য, পুং, মিশ্রিত স্বর্ণ রৌপ্য, মিশাল সোণা রূপা।

ঘনচতুষ্কোণ, ষ্য, পুং, দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চতাবিশিষ্ট চতুষ্কোণ।

ঘনচ্ছদ, ষ্য, পুং, যাহার নিবিড় পত্র, শিগ্রু, শজিনা।

ঘনজম্বাল, (ঘন=রাশি+জম্বাল=কর্দ্দম) ষ্য, পুং, রাশীকৃত কর্দ্দম, মহাপঙ্ক।

ঘনজ্বালা, (ঘন=মেঘ+জ্বালা=অগ্নিশিখা) ষ্য, স্ত্রী, বজ্রাগ্নি।

ঘনতান, ষ্য, পুং, পক্ষিবিশেষ, সারঙ্গ পক্ষী।

ঘনতোল,(ঘন=মেঘ+তুল্=তোলা ঘঞ) ষ্য, পুং, চাতক পক্ষী, ইহারা জলপান করিবার নিমিত্ত উড়িয়া মেঘের অতিশয় নিকটবর্ত্তী হয় বলিয়া ইহাদের নাম ঘনতোল হইয়াছে। এই রূপ শুনা যায় যে চাতকেরা বর্ষাকাল ভিন্ন অন্য কোন সময়ে জলপান করে না।

ঘনত্ব, (ঘন+ত্ব—ভাবে) ষ্য, ন, গাঢ়তা, কাঠিন্য, নিবিড়তা।

ঘননাভি, (ঘন=মেঘ+নাভি=নাভিদেশ, মধ্যস্থল) ষ্য, পুং, ধূম, ধুঁয়া, প্রধানতঃ ধূম হইতেই মেঘ জন্মায় বলিয়া ইহার নাম ঘননাভি হইয়াছে।

ঘনপত্র, ষ্য, পুং, পুনর্ণবা বৃক্ষ।

ঘনপদবী, (ঘন=মেঘ+পদবী=পথ) ষ্য, স্ত্রী, আকাশ।

ঘনপাষণ্ড, (ঘন=মেঘ+পাষণ্ড=ঘনভক্ত) ষ্য, পুং, ময়ূর, মেঘাচ্ছন্ন দিনে এবং বৃষ্টির সময় এই পক্ষীকে আনন্দিত হইতে দেখা যায় বলিয়া ইহাকে ঘনপাষণ্ড বলে।

ঘনমূল, ষ্য, ন, যে রাশি আপনার দ্বারা দুইবার গুণিত হয় সে সেইরূপ গুণনফলের ঘনমূল, যেমন ৬৪র ঘনমূল ৪। (Cube-root.)

ঘনরস, (ঘন=মেঘ+রস, ৬-ষ) ষ্য, পুং, জল, কর্পূর, ঘন আঠা।

ঘনবল্লিকা, ঘনবল্লী, (ঘন=মেঘ+বল্লিকা,বল্লী=লতা) ব্য, স্ত্রী, বিদ্যুৎ।
ঘনবাত, (ঘন=অধিক+বাত=বায়ু) ব্য, পুং, বাত্যাময় দেশ, যেখানে অতিশয় ঝড় বৃষ্টি হয়, নরকবিশেষ।
ঘনবাস, (ঘন=দীর্ঘকাল+বাস=অবস্থিতি) ব্য, পুং, কুষ্মাণ্ড।
ঘনবাহন, (ঘন=মেঘ+বাহন=যান) ব্য, পুং, যিনি মেঘে আরোহণ করেন, মেঘবাহন, ইন্দ্র, শিব।
ঘনশব্দ, (ঘন=মেঘ+শব্দ) মেঘের ধ্বনি, বজ্র।
ঘনশ্যাম,(ঘন+শ্যাম=শ্যামবর্ণ) ণ, ত্রি, সজল মেঘের ন্যায় শ্যামবর্ণ। ব্য,পুং, শ্রীকৃষ্ণ।
ঘনসার, (ঘন=নিবিড়+সার=স্থিরাংশ, ৬.হ) ব্য, পুং, কর্পূর, পারদ, জল, বৃক্ষবিশেষ। [পুং, বর্ষাকাল।
ঘনাগম, (ঘন+আগম=আগমন) ব্য,
ঘনাঘন, (ঘন দ্বিত্ব, অ=আ) ব্য, পুং, ইন্দ্র, বর্ষণকারী মেঘ, অপকারক হস্তী, মত্তহস্তী, পরস্পর সঙ্ঘর্ষণ। ণ, ত্রি, ক্ষতিকারক, নিরন্তর, সান্দ্র, নিষ্ঠুর।
ঘনাত্যয়, ঘনান্ত, (ঘন+অত্যয়,অন্ত=নাশ, ৭ হ) ব্য, পুং, শরৎকাল।
ঘনান, (দেশজ) ব্য, নিকটবর্ত্তী হওন, কাছান।
ঘনাময়, (ঘন=মেঘ+আময়=রোগ) ব্য, পুং, যে বৃষ্টিতে ম্লান হয়, খেজুর গাছ।
ঘনাম্বল, ব্য, পুং. খাস্তরাশাক,বেতো শাক। [ণ, ত্রি. গাঢ় রক্তবর্ণ।
ঘনারুণ, (ঘন=গাঢ়+অরুণ=লাল)
ঘনাশ্রয়, (ঘন=মেঘ+আশ্রয়=আধার) ব্য, পুং, আকাশ।
ঘনিষ্ঠ, (ঘন+ইষ্ঠ—অত্যর্থে) ণ, ত্রি, অতিশয় ঘন, নিকটস্থ, আসন্ন, অতি নিকট।
ঘনীভূত, (ঘন+ভূত=হইয়াছে, ঈ—আগম) ণ, ত্রি, সান্দ্রীভূত, যাহা ঘন হইয়াছে।
ঘনোদধি, (ঘন+উদধি=সমুদ্র)ব্য,পুং, নরকের বিভাগ বিশেষ।
ঘনোপল,(ঘন=মেঘ+উপল=প্রস্তর) ব্য, পুং, করকা. শিল।
ঘর, (দেশজ) ব্য, গৃহ, ভবন, ছিদ্র।
ঘরট্ট, (ঘর্=শব্দবিশেষ+অট=গমন করা+অ) ব্য, পুং, যে "ঘর্‌ঘর্" এই শব্দ করিয়া ভ্রমণ করে, পেষণযন্ত্র, জাঁতা, "প্রতিহট্টপথে ঘরট্টজঃ" নৈষধ।
ঘরাঘর, (দেশজ) আপনাপনি।
ঘরামী, (দেশজ) ব্য, গৃহকারক, গৃহনির্ম্মাতা, যে মাটীর ঘর নির্ম্মাণ করে।
ঘর্ঘট, (ঘর্=অনুকরণ শব্দ+ঘট্=চেষ্টাকরা+অ) ব্য, পুং, যে অতিশয় শব্দ করে, মৎস্যবিশেষ, ট্যাঙরা মাছ।
ঘর্ঘর, (ঘর্ঘ+শব্দবিশেষ+র, দানার্থ 'রা' ধাতুজ) ব্য, পুং, ধাতুনির্ম্মিত বস্তুতে আঘাত করিলে যে উৎকট শব্দ হয়, ঘর্ঘর ধ্বনি, পর্ব্বতের পথ, দ্বার, পেচক. পেঁচা, নদবিশেষ। রা—স্ত্রী, ঘুঙুর, বীণাবিশেষ, নদীবিশেষ,গোগরা নদী। ণ, ত্রি, ঘর্ঘর শব্দবিশিষ্ট।
ঘর্ঘরিকা, (ঘর্ঘরী+ক—যোগ, আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, ঘুঙুর, ভাজাশস্য, বাদ্যযন্ত্রবিশেষ, নদীবিশেষ।
ঘর্ঘর্ঘা, ব্য, স্ত্রী, যমকীট, ঘুরঘুরিয়া-পোকা।
ঘর্ম্ম, (ঘৃ=ক্ষরিত হওয়া+ম) ব্য, পুং, ঘাম, স্বেদ, গ্রীষ্ম, রৌদ্র। ণ, ত্রি, উষ্ণ। [জল্ল ক্ষুদ্র ব্রণ, ঘামাচী।
ঘর্ম্মচর্চ্চিকা, ঘর্ম্মচর্চ্চী, ব্য, স্ত্রী, ঘর্ম্ম-
ঘর্ম্মভানু, (ঘর্ম্ম=উষ্ণ+ভানু=কিরণ,

জল) ব্য, পুং, উষ্ণবীথিতি, সূর্য্য।
ঘর্মপয়স্, (ঘর্ম=ঘাম, উষ্ণ+পয়স্ =জল) ব্য, ন, ঘামের জল, ঘাম, গরম জল।
ঘর্মবিচর্চ্চিকা, (ঘর্ম+বিচর্চ্চিকা= কণ্ডূরোগ) ব্য, স্ত্রী, ঘামাচী।
ঘর্মান্ত, (ঘর্ম+অন্ত=শেষ, ৬.হ) ব্য, পুং, বর্ষাকাল।
ঘর্মান্তকামুকী, ব্য, স্ত্রী, বলাকা নামক হংসজাতীয় ক্ষুদ্রপক্ষিবিশেষ।
ঘর্ষকপক্ষী, যে পক্ষীরা নখদ্বারা ভূমি খনন করে, কুক্কুট, ময়ূর, মোনাল, তিত্তির, পেরু প্রভৃতি, (Rasores)
ঘর্ষণ, (ঘৃষ=ঘষা+অনট্—ভাব) ব্য, ন, মার্জ্জন,ঘষা। ণী—স্ত্রী, হরিদ্রা।
ঘর্ষণাল, (ঘর্ষণ+অল=যে পারক হয়) ব্য, পুং, ঘর্ষণসাধন, নোড়া।
ঘর্ষিত, (ঘৃষ+ক্ত—চ) ণ, ত্রি, যাহার ঘর্ষণ হইয়াছে, যাহাতে ঘর্ষণ লাগিয়াছে।
ঘষি, ব্য, শুষ্ক গোময়, ঘুঁটে।
ঘসি, (ঘস্=ভক্ষণকরা+ই) ব্য,পুং, ভক্ষণ, ভোজন।
ঘস্মর, (ঘস্-ভক্ষণকরা+মর—ষ, শীলার্থে) ণ, ত্রি, অস্মর, খাদক।
ঘস্র, (ঘস্+র—সংজ্ঞার্থে) ব্য, পুং, দিন। ন, কুঙ্কুম। ণ, ত্রি, হিংস্র।
ঘা, (ঘাতশব্দজ) ব্য, আঘাত, ক্ষতচিহ্ন
ঘাট, ঘাটি, (দেশজ) ব্য, অপরাধ, দোষ, কসুর। [র্ত্তন, চটকান।
ঘাটন, (দেশজ) ব্য, আলোড়ন, আব-
ঘাঘরা, (দেশজ) ব্য,পরিধের বস্ত্রবিশেষ, ইহা পশ্চিমাঞ্চলস্থ স্ত্রীলোকেরা পরিধান করিয়া থাকে।
ঘাট, (ঘাটি=হিংসাকরা+অ) ব্য, পুং, টা, টিকা—স্ত্রী, গ্রীবা, ঘাড়। (ঘট্টশব্দজ) ব্য, নদ্যাদির অবগাহনার্থ অবতরণ স্থান। [ঘাড়।
ঘাটা, ব্য, স্ত্রী, গ্রীবার পশ্চাদ্ভাগ,

ঘাটন, (দেশজ)ব্য, উন্ন বন্ধন, ছুন্ন হওন, কথা। [যোজন, গ্রীবা।
ঘাড়, (ঘাটাশব্দজ) ব্য, মস্তকের অ-
ঘাণ্টিক, (ঘণ্টা+ষ্ণিক—ধারণার্থে) ব্য, যে সকল লোক একত্রিত হইয়া দেবতার সম্মুখে ঘণ্টা ধ্বনি করিয়া আরাধনা করে। ণ, ত্রি,ঘণ্টাবাদক।
ঘাত, (হন্—বধকরা+ঘঞ্—ভাব) ব্য, পুং,হনন, বধ, আঘাত। প্রহার, প্রহারসাধন অস্ত্র, গুণন।(Power) অঙ্কগুণন,কোন রাশিদ্বারা বারবার গুণিত হইলে যে ফল উৎপন্ন হয়।
ঘাতক, (হন+ণক—ষ) ণ, ত্রি,হননকারক, বধকর্ত্তা, প্রহারক।
ঘাতন, (হন্+অনট্—ভাব) ব্য, ন, হনন, বধ, আঘাত। (হানি=বধকরান+অন—ভাব) হত্যা সম্পাদন, অন্যলোকের দ্বারা প্রাণ বিনাশ। ণ, ত্রি, ঘাতক।
ঘাতসহ, (Malleable) ণ, ত্রি, যাহারা মুদ্গরাদির আঘাত সহ্য করিতে পারে, যে সকল দ্রব্য অল্পমাত্র আঘাত পাইলে ভাঙ্গিয়া যায় না, পার্শ্বের দিকে বাড়িয়া বিস্তৃত হয়।
ঘাতস্থান, (ঘাত=হত্যা+স্থান) ব্য, ন,হত্যা করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট স্থান, যে স্থানে গোমেষাদি হত্যা করা যায়, যে স্থানে অপরাধীদিগকে হত্যা করা যায়।
ঘাতাবেশ, ব্য,পুং, কোন রাশি দ্বারা বাহিক রূপে সেই রাশি দ্বারা গুণিত হইলে একটী রাশি উৎপন্ন হয়, যে প্রক্রিয়াদ্বারা ঐ রাশি উৎপন্ন হয় তাহার নাম ঘাতাবেশ,(Involution).
ঘাতি (হন+ই—ধ, ভাব) ব্য, পুং, পক্ষিবিনাশ বা বন্ধন,আঘাত,প্রহার
ঘাতিপক্ষী, (ঘাতি=পক্ষিবিনাশ বা বন্ধন+পক্ষিন্=পাখী) ব্য, পুং,

শ্যেনপক্ষী। [ঘাতক, হত্যাকারী।
ঘাতী, (হন্+ণিন্—ষ) ণ, ত্রি,
ঘাতুক, (হন+উক—ষ, শীলার্থে) ণ, ত্রি, নিষ্ঠুর, হিংস্র, বিনাশক।
ঘাত্য, (হন+য—চ) ণ, ত্রি, বধ্য, হননযোগ্য।
ঘানি, ব্য, তৈলযন্ত্র।
ঘাম, (ঘর্ম্মশব্দজ) ব্য, শ্রমজল, স্বেদ।
ঘার, (ঘৃ—সেচনকরা+অ) ব্য, পুং, সেচন, ছেঁচা।
ঘার্ত্তিক, (ঘৃত—ঘি+ষ্ণিক—পাকার্থে) ব্য, পুং, ঘৃতপূর খাদ্যদ্রব্য বিশেষ, ঘিওড়।
ঘাস, (অদ=ভক্ষণ করা+ঘঞ্—চ, অদ—ঘস) ব্য, পুং, পশু কর্ত্তৃক যাহা ভক্ষিত হয়, দূর্ব্বাদি তৃণ, যবস।
ঘাসি, (ঘস্—গ্রাসকরা+ই—সংজ্ঞার্থে) ব্য, পুং, অগ্নি।
ঘি, (ঘৃতশব্দজ) ব্য, হবিঃ, আজ্য।
ঘিজি, ণ, ঘন, নিবিড়, পাশাপাশি।
ঘুঁটী, (ঘুণ্টিকাশব্দজ) ব্য, খণ্ড প্রস্তরাদি।
ঘুঘু, (দেশজ) ব্য, পক্ষীবিশেষ, বনকপোত। [অলঙ্কারবিশেষ।
ঘুঙুর, (ঘণ্টিকাশব্দজ) ব্য, কটিদেশের
ঘুচন, (দেশজ) ব্য, মোচন, ত্যাগ, নাশ।
ঘুট, ঘুটী,—টী, (ঘুট্—ব্যাঘাত করা +অ, ই) ব্য, পুং, স্ত্রী, গুল্ফ, গোড়ালি।
ঘুড়ী, (হিন্দি ঘুড্ডীশব্দজ) ব্য, শূন্যগামী কাগজ নির্ম্মিত ক্রীড়ন দ্রব্যবিশেষ। (বাঙ্গালা ঘোড়াশব্দজ) ঘোটকী। [কাষ্ঠ কীট বিশেষ।
ঘুণ, (ঘুণ্—ভ্রমণ করা+অ) ব্য, পুং,
ঘুণবল্লভা, ব্য, স্ত্রী, অতিবিষা।
ঘুণাক্ষর, (ঘুণ+অক্ষর, ৬—ষ) ব্য, ন, ঘুণকৃত অক্ষর। (ঘুণ, অক্ষর কাটিব বলিয়া চেষ্টা করে না, কিন্তু কখন কখন হঠাৎ কোন কোন স্থলে অক্ষরের মত হইয়া উঠে, সেইরূপ যাহা করিব বলিয়া মনস্থ না করিলেও যদি হঠাৎ ঘটিয়া উঠে, তবে তাহা ঘুণাক্ষর শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে।)
ঘুণ্ট, ঘুণ্টক, (ঘুট=ব্যাঘাতকরা+অ; ম্—আগম, ক—যোগে ঘুণ্টক) ব্য, পুং, গুল্ফ, গোড়ালি।
ঘুণ্টিক, ব্য, ন, বনস্থ করীষ, বিলঘুঁটে
ঘুণ্টিকা, ব্য, স্ত্রী, কিঙ্কিণী, ঘুঁঙুর।
ঘুণ্ড, (ঘুণ্—ভ্রমণকরা+ড—সংজ্ঞার্থে) ব্য, পুং, ভ্রমর।
ঘুম, (দেশজ) ব্য, নিদ্রা, তন্দ্রা, শয়ন।
ঘুর্ঘুর, (ঘুর=অণুকরণ শব্দ+ঘুর্—শব্দকরা+অ) ব্য, পুং, ঘুরঘুরিয়া পোকা।
ঘুলঞ্চ, ব্য, পুং, গবেধুকা, গড়্গড়ে।
ঘুলন, (ব্যাঘাত করণার্থ ঘুড়্ধাতুজ) ব্য, ঘনকরণ, আলোড়ন, ঘোলাকরণ। [গোপনে দেয় অর্থাদি।
ঘুষ, (দেশজ) ব্য, কার্য্যসিদ্ধির জন্য
ঘুষা, ঘুষি, (দেশজ) ব্য, কীল, মুষ্টি, মুটা।
ঘুষিত, ঘুষ্ট, (ঘুষ=শব্দকরা+ক্ত—চ, ভাব) ণ, ত্রি, শব্দিত, বাদিত, নাদিত। ব্য, ন, ঘোষণা।
ঘুস্কী, (দেশজ) ব্য, গুপ্তবেশ্যা, যে নারী অর্থ প্রয়াসে গোপনে পরপুরুষের সহিত সঙ্গত হয়।
ঘুষ্ট্র, ব্য, পুং, শকট, গাড়ী।
ঘুসৃণ, (ঘুস্—ভূষিতকরা+ঋণ) ব্য, ন, কুঙ্কুম।
ঘূক, (ঘূ—অণুকরণশব্দ+ কৈ—শব্দ করা+ড—ষ) ব্য, পুং, পেচক।
ঘূকারি, (ঘূক—পেঁচা+অরি—শত্রু, ৬—ষ) ব্য, পুং, কাক।
ঘূকাবাস, ব্য, পুং, শাখোট বৃক্ষ, শেওড়া গাছ। [ফিরণ, ঘোরা।
ঘূরণ, (ঘূর্ণনশব্দজ) ব্য, চক্রের ন্যায়
ঘূর্ণ, (ঘূর্ণ—ঘোরা+অ) ব্য, পুং,

ভ্রমি, ঘূর্ণি, ঘোরা, পাঁকে-পাক। ণ, ত্রি, ঘূর্ণিত।

ঘূর্ণন, ঘূর্ণি,(ঘূর্ণ+অনট্, ই—ভাব)ব্য, ন, স্ত্রী, ঘোরা, ঘুরণ,মণ্ডলাকার পথে পরিভ্রমণ।

ঘূর্ণ্যমান, (ঘূর্ণ্=ঘোরা+শানচ্—চ) ণ, ত্রি, যাহাকে ঘোরান গিয়াছে, ভ্রাম্যমান। [ভ্রমিত, ঘুরাণ।

ঘূর্ণিত,(ঘূর্ণ্+ক্ত—ম)ণ, ত্রি, ভ্রান্ত,

ঘৃণা, (ঘৃণ্=দীপ্তি পাওয়া+অ) ব্য, স্ত্রী, দয়া, করুণা, জুগুপ্সা, অবজ্ঞা, অশ্রদ্ধা। [ণ, ত্রি, ঘৃণাযুক্ত।

ঘৃণাবাস, (ঘৃণা+আবাস)ব্য,পুং,কুষ্মাণ্ড,

ঘৃণি, (ঘৃণ্+ই—সংজ্ঞার্থে) ব্য, পুং, চন্দ্র সূর্য্যের কিরণ, সূর্য্য, তরঙ্গ।

ঘৃণিত, (ঘৃণ+ক্ত—চ, কিম্বা ঘৃণা+ ইত—ইদমর্থে) ণ, ত্রি, ঘৃণাযুক্ত, অবজ্ঞাত।

ঘৃণী, (ঘৃণা+ইন্) ণ, ত্রি, সদয়, করুণাবিশিষ্ট,অবজ্ঞাবিশিষ্ট, অশ্রদ্ধা-যুক্ত।

ঘৃত, (ঘৃ—ক্ষরিত হওয়া, দীপ্তিপাওয়া +ক্ত) ব্য, ন, আজ্য, হবিঃ, ঘি, জল, দীপ্তি। ণ, ত্রি, দীপ্তি, "সর্পি-র্বিলীনমাজ্যং স্যাদ্ঘনীভূতং ঘৃতং বিদুঃ"।

ঘৃতকুমারী, (ঘৃত=ঘি+কুমারী=বা-লিকা) ব্য, স্ত্রী,স্বনাম প্রসিদ্ধ ওষ-ধি বিশেষ,এই লতার রস ঘৃতেরন্যায় এবং ইহার অবয়বের কোমলতা ও সৌন্দর্য্য প্রযুক্ত কুমারীর সহিতইহার তুলনা করা যায় বলিয়া ইহার নাম ঘৃতকুমারী হইয়াছে।

ঘৃতদীধিতি, (ঘৃত=ঘি+দীধিতি= আলোক) ব্য,পুং, অগ্নি।

ঘৃতপুর,(ঘৃত+পূর=যে পরিপূর্ণ করে) ব্য, পুং, পক্কান্নবিশেষ, ঘিওড়।

ঘৃতাক্ত, (ঘৃত+অক্ত=লেপিত) ণ, ত্রি, যাহা ঘৃতে লিপ্ত হইয়াছে, যে সর্বাঙ্গে ঘি মাখিয়াছে।

ঘৃতাচী, (ঘৃত+অনচ্=পূজাকরা+ ক্বিপ্, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, অ-প্সরাবিশেষ।

ঘৃতেলী, (ঘৃত+ইর্=গমনকরা+অ, র=ল, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী তেলাপোকা, আর্সুলা।[ঘৃতসমুদ্র।

ঘৃতোদ, (ঘৃত+উদ=জল)ব্য, পুং,

ঘৃতোদক, (ঘৃত+উদক= [উৎ= উপরে+অঞ্চ = গমনকরা+অক্] উপরগামী) ব্য, পুং, ঘৃত যাহার উপর গমনকরে, ঘৃত রাখিবার নিমিত্ত চর্ম্মনির্ম্মিত পাত্র বিশেষ, ঘিয়ের কুপো।

ঘৃষ্ট, (ঘৃষ=ঘষা+ক্ত—চ) ণ,ত্রি, যাহা ঘষা গিয়াছে, মার্জ্জিত।

ঘৃষ্টতাড়িত, ব্য, ন, ঘর্ষণদ্বারা যে তাড়িত শক্তি জন্মে। (Frictional Electricity.)

ঘৃষ্টি, (ঘৃষ্=ঘষা+ক্তি—ভাব, ম) ব্য, স্ত্রী, ঘর্ষণ, স্পর্দ্ধা। পুং, স্ত্রী, শূকর, শূকরী।

ঘৃষ্মী,ব্য,পুং,শূকর।[রোগের দেবতা।

ঘেঁটু,(ঘণ্টাকর্ণ শব্দজ)ব্য,ন,গাচড়া

ঘেঞ্চুলিকা,ব্য, স্ত্রী,মৎস্যবিশেষ,ঘেঁচু।

ঘেরণ, (দেশজ) ব্য, বেষ্টন, বেড়ন, আবরণ। [বাদ্যযন্ত্রবিশেষ।

ঘোঙা, ঘোঙ্গা,(দেশজ) ব্য, স্বননামে

ঘোঙরা, (দেশজ) কণ্ঠের বিকৃত ধ্বনি

ঘোটন, (দেশজ)সং,অন্বেষণ, পেষণ। না—ব্য, পেষণদণ্ড।

ঘোট, ঘোটক, (ঘোট=পুনঃ পুনঃ আঘাত করা+অল্, কন্) ব্য, পুং, অশ্ব, ঘোড়া, যাহারা খুর দ্বারা পুনঃ পুনঃ ভূমি আঘাত করে।

ঘোড়া, (ঘোটক শব্দজ) ব্য, অশ্ব, তুরঙ্গ।

ঘোণা, (ঘুণ=ভ্রমণকরা+অচ্) ব্য, স্ত্রী, নাসিকা, অশ্বনাসিকা, ঘোণার

সূঁচল অগ্রভাগ।

ঘোণী, (ঘোণা=নাসিকা বা মুখের সূঁচল অগ্রভাগ+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, শূকর।

ঘোণ্টা, ব্য,স্ত্রী,গুবাকবিশেষ,পৈয়াকুল, গুবাকবৃক্ষ।

ঘোনস, ব্য, পুং, সর্পবিশেষ [ঘোপ।

ঘোপ, (দেশজ) ব্য, গুপ্ত স্থান,

ঘোমটা, (দেশজ) ব্য, অবগুণ্ঠন, মুখাচ্ছাদন।

ঘোর, (ঘুর্=ভয়ঙ্কর হওয়া+ঘঞ্—ম, ভাব) ব্য, পুং, শিব, ঋষিবিশেষ। রা·স্ত্রী,ভয়ানক রাত্রি। ন, বিষ,ভয়। ণ, ত্রি, ভয়ঙ্কর, বিকট, দারুণ, মহৎ, দুর্গম, বিষম।

ঘোরদর্শন, (ঘোর+দর্শন=দৃষ্টি, ৬,হ) ব্য, পুং,—স্ত্রী, পেচক। ণ, ত্রি, বিকটাকার।

ঘোরবাসন, (ঘোর=ভয়ঙ্কর+বাস্=শব্দকরা+অনট-ভাব)ব্য,পুং,শৃগাল।

ঘোল, (হন্=বধকরা+অ, হন্=ঘুর, র=ল) ব্য, ন, মন্থন দণ্ড দ্বারা যাহা তাড়িত হয়,মথিত দধি, তক্র। (দেশজ) নদীর আওড়। লা—কর্দ্দম যুক্ত, অনির্ম্মল, আবিল, যাহা স্বচ্ছ নহে।

ঘোষ, (ঘুষ্=শব্দকরা+ঘঞ—ডে, ম, ভাব) ব্য, পুং, গোয়ালা-পাড়া, গোয়ালা, "হৈয়ঙ্গবীনমাদায় ঘোষবৃদ্ধানুপস্থিতান্" রঘুবংশ। ধ্বনি, মেঘের ধ্বনি, কাঁসা, মসা, কায়স্থ প্রভৃতির পদবী।ষা, স্ত্রী, মধুরিকা, কর্কটশৃঙ্গী।

ঘোষক, (ঘুষ+ণক—ম) ণ, ত্রি, যে ঘোষণা করে, প্রচারক।

ঘোষণ, (ঘুষ+অনট—ভাব) ব্য, ন, ণা,—স্ত্রী, উচ্চৈঃ শব্দ, প্রচার, ইতস্ততঃ বিজ্ঞাপন।

ঘোষয়িত্নু, (ঘোষ=শব্দ ইত্যাদি+ইত্নু, ম—আগম) ব্য,পুং, কবেরী, ব্রাহ্মণ, কোকিল।

ঘোষবতী, (ঘোষ=শব্দ+বতু—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, বীণা।

ঘোষিত, (ঘুষ+ক্ত—চ) ণ, ত্রি, প্রচারিত, যে বিষয়ের ঘোষণা হইয়াছে।

ঘ্রতি, ব্য, স্ত্রী, নাসিকা।

ঘ্রাণ, (ঘ্রা=গন্ধোপাদান করা+অনট—ধ,ভাব) ব্য,ন,নাসিকা, গন্ধগ্রহণ। ণ, ত্রি, ঘ্রাত, আঘ্রাত, "যোনিজাদি ভবেদ্দেহ ইন্দ্রিয়ং ঘ্রাণলক্ষণং" ভাষা-পরিচ্ছেদ।

ঘ্রাণতর্পণ, (ঘ্রাণ=নাসিকা+তর্পণ=যে তৃপ্ত করে, ২-ষ) ব্য, পুং, সুগন্ধ, সৌরভ।

ঘ্রাণেন্দ্রিয়, (ঘ্রাণ+ইন্দ্রিয়) ব্য, ন, যে ইন্দ্রিয় দ্বারা বস্তুর গন্ধ উপলব্ধি করাযায়, নাসিকা।

ঘ্রাত, (ঘ্রা+ক্ত—চ) ণ, ত্রি, যাহা ঘ্রাণ করা হইয়াছে, আঘ্রাত।

ঘ্রাতি, (ঘ্রা+ক্তি—ধ, ভাব) ব্য, স্ত্রী, নসিকা, আঘ্রাণ।

ঙ

ঙ; পঞ্চম বর্ণ, ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল ও নাসিকা। (ঙু=শব্দকরা+অ) ব্য, পুং, বিষয়, বিষয়রক্ষা, বিষয়স্পৃহা, উভয়, ভৈরব।

চ

চ;ষষ্ঠবর্ণ,ইহার উচ্চারণ স্থান তালু; ব্য, সমুচ্চয়, আরম্ভ, এবং, ও, পক্ষান্তর, ইতরেতর যোগ, সমাহার, দ্বন্দ্ব, আনুষঙ্গিকতা, অবধারণ, পাদপূরণ। ব্য, পুং, চোর,কূর্ম্ম,চণ্ডেশ্বর, চন্দ্র, "তুভ্যংমহং চ দদ্যাৎ স্বং" "ক্ষ চ তে ক্ষত্রিয়বলং ক চ ব্রহ্মবলং মহৎ"।

... (চতুষ্কবন্ধ) ব্য, চতুঃশালার

ক্রয়স্থান, বাজার।

চকার, (চ+কার) ব্য, পুং, চ বর্ণ।

চকাসিত, (চকাস্—দীপ্তিপাওয়া+ক্ত—ট) ণ, ত্রি,দীপ্ত, উজ্জ্বল, প্রকাশিত, শোভিত।

চকিত,(চক্—ভীতহওয়া, ব্যাঘাতকরা+ক্ত—ঘ) ণ, ত্রি, ভীত, চমকিত। "চকিতহরিণীপ্রেক্ষণা নিম্ননাভিঃ" মেঘদূত। ব্য, ন, ভয়। তা—স্ত্রী, ছন্দোবিশেষ।

চকিতমাত্র, ক্ষণকাল দৃষ্টমাত্র।

চকোর, (চক্—তৃপ্তহওয়া+ওর—সংজ্ঞার্থে)ব্য, পুং, রী—স্ত্রী, পক্ষিবিশেষ, যে পক্ষী চন্দ্রিকা পানে তৃপ্ত হয়, " শরৎপার্ব্বণচন্দ্রাভং সুধাপূর্ণাননং তব, নাথ চক্ষুশ্চকোরাভ্যাং পিবাম্যহমহর্নিশম্", "হায় রে যদি চকোর হতেম, উধাও হয়ে উড়ে যেতেম,চেয়ে রইতাম চাঁদের পানে"

চকচক্, (চাক্চক্যশব্দজ)ব্য, স্বচ্ছতা, উজ্জ্বলতা, দীপ্তি।

চক্কস, (ক্কস্—বক্র হওয়া+অ, বিত্ব) ব্য, পুং, বক্রতা,কুটিলতা, অভদ্রতা

চকমকী, (দেশজ) ব্য, অগ্ন্যুৎপাদক-প্রস্তর ও লৌহ।

চক্র, (চক্+র—সংজ্ঞার্থে, কিম্বা কৃ—করা+অ, দ্বিত্ব) ব্য, পুং, রথাদির চাকা, চক্রাকৃতি অস্ত্র, কুম্ভকারের চাক, সৈন্য, রাজ্য, দেশ, প্রদেশ, গ্রামসমূহ, চাকলা, মণ্ডল, ইন্দ্রজাল, জলের আবর্ত্ত, সৈন্যরচনাবিশেষ, চক্রবাক পক্ষী,বীরাদি চক্র, কাব্যবন্ধবিশেষ, তন্ত্রোক্ত মূলাধারস্থিত ষট্পদ্ম, হস্তস্থ রেখাবিশেষ, ছল, কুমন্ত্রণা, কূটবুদ্ধি, দন্ত বিশেষ, চিহ্নবিশেষ, সর্ব্বতোভদ্রাদি মণ্ডল।

চক্রক, (চক্র+কন্) ব্য, পুং, ন্যায়শাস্ত্রে বাক্যবন্ধ বিশেষ। (Argument in a circle.)

চক্রকুল্যা, ব্য, স্ত্রী, চিত্রপর্ণী, চাকুলিয়া

চক্রগজ,ব্য, পুং,চক্রমর্দ্দ বৃক্ষ,চাকুলিয়া

চক্রগণ্ডু, (চক্র+গণ্ডু—বালিশ) ব্য, পুং, চক্রাকার উপাধান, গোলবালিশ। [ব্য, পুং, অশোক বৃক্ষ।

চক্রগুচ্ছ,(চক্র=চাকা+গুচ্ছ=গোছা)

চক্রজীবক, (চক্র—কুম্ভকারের চাক+জীবক—যে জীবিকা নির্ব্বাহ করে) ব্য, পুং, কুম্ভকার, কুমার।

চক্রদংষ্ট্র, (চক্র+দংষ্ট্র=দন্ত, ৬,হ) ব্য, পুং, যাহার বক্র দন্ত আছে, শূকর।

চক্রতুণ্ডী, ব্য, যাহাদের মুখ চক্রের ন্যায় মণ্ডলাকার, যথা লাম্প্রিমৎস্য। (Cyclostomata.)

চক্রদন্তী, ব্য, পুং, দন্তীবৃক্ষ।

চক্রদন্তীবীজ, ব্য, ন, জয়পাল।

চক্রধর, (চক্র+ধর—যে ধরে, ২-ষ) ব্য, পুং, বিষ্ণু, সর্প, দেশাধিপ, গ্রামাধিপ। ণ, ত্রি, ঐন্দ্রজালিক।

চক্রনখ, ব্য, পুং, ব্যাঘ্রনখ নামক গন্ধ দ্রব্য।

চক্রনায়ক,ব্য,পুং,ব্যাঘ্র, ব্যাঘ্রের নখ।

চক্রপদ্মাট, ব্য, পুং, চক্রমর্দ্দ বৃক্ষ।

চক্রপথ, (চক্র+পথ, পথিন্ শব্দজ) ব্য, পুং, মণ্ডলাকার পথ।

চক্রপর্ণী, (চক্র—চাকা+পর্ণী=পাতা) ব্য, স্ত্রী, লতাবিশেষ, চাকুলে, ইহার পাতা চক্রাকার বলিয়া ইহার নাম চক্রপর্ণী হইয়াছে।

চক্রপাণি, (চক্র+পাণি—হস্ত, ৬,হ) ব্য, পুং, বিষ্ণু।

চক্রপাদ, (চক্র=চাকা+পাদ—পা) ব্য, পুং, রথ, গাড়ি, হস্তী।

চক্রপাল, (চক্র+পাল=যে পালন বা রক্ষা করে) ব্য, পুং, যে ব্যক্তির হস্তে কোন দেশের বা প্রদেশের শাসন বা তত্ত্বাবধানের ভার থাকে, দেশাধিপ।

চক্রপুষ্করিণী, ষ্য, স্ত্রী, মণিকর্ণিকা।
চক্রবন্ধু, চক্রবান্ধব, (চক্র=চক্রবাক পক্ষী+বন্ধু. বান্ধব) ষ্য, পুং, সূর্য্য, সূর্য্যোদয়ে বিরহতাপিত চক্রবাক-মিথুনের মিলন হয় বলিয়া সূর্য্যকে চক্রবন্ধু বলে।
চক্রভৃৎ, (চক্র+ভৃৎ=যে ধারণ করে, ২-ষ) ষ্য, পুং, বিষ্ণু। ণ, ত্রি, চক্রধারী।
চক্রভেদিনী, (চক্র=চক্রবাক পক্ষী+ভেদিনী=যে ভেদ অর্থাৎ পৃথক্ করে) ষ্য, স্ত্রী, রাত্রি, রাত্রিকালে চক্রবাক মিথুন পরস্পর পৃথক্ হয় বলিয়া রাত্রির নাম চক্রভেদিনী হইল।
চক্রভ্রম, (চক্র+ভ্রম=ভ্রমণ, ৬.হ) ষ্য, পুং, শানাদি যন্ত্র, কুন্দযন্ত্র।
চক্রমণ্ডলী, (চক্র=চাকা+মণ্ডল=পরিধি+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, বৃহৎসর্প, সর্পের দেহ বা দেহাংশ চক্রের সহিত তুলনা দেওয়া যাইতে পারে বলিয়া ইহার নাম চক্রমণ্ডলী।
চক্রযান, (চক্র=চাকা+যান=রথাদি) ষ্য, ন, রথ, গাড়ি প্রভৃতি। [শূকর।
চক্ররদ. (চক্র+রদ=দন্ত) ষ্য, পুং,
চক্রবর্ত্তী, (চক্র=দেশসমূহ+বর্ত্তী=যে থাকে, যিনি দেশসমূহে অধিপতি রূপে থাকেন, ৭-ষ) ষ্য, পুং, সম্রাট্, আসমুদ্রকরগ্রাহী, সার্ব্বভৌম
চক্রবাক, (চক্র+বাক=উক্ত) ষ্য,পুং, কী—স্ত্রী, যে চক্রনামে উক্ত হইয়াছে, পক্ষীবিশেষ, চকাচকি, এই রূপ বর্ণিত আছে যে চক্রবাক-মিথুন দিবসে একত্রে বাস করে রাত্রিকালে পরস্পর পৃথক্ হইয়া বিরহদুঃখে কালহরণ করে। [শুক।
চক্রবাট, ষ্য, পুং, দীপাধার, পিল-
চক্রবাড়, চক্রবাল, (চক্র=দেশসমূহ+বল্=আবরণকরা+অ, অথবা বাড়্=নির্গত হওয়া, যে অন্ধকার হইতে চক্রের ন্যায় উদয় হয়) ষ্য, পুং, লোকালোক পর্ব্বত। ন, মণ্ডলাকার, দিক্‌সমূহ, কোন স্থানে অবস্থিত হইয়া দৃষ্টিসঞ্চারণ করিলে যে স্থলে পৃথিবী ও আকাশ পরস্পর মিলিত বোধ হয়। (Horizon.)
চক্রবাত, (চক্র=মণ্ডল+বাত=বায়ু) ষ্য, পুং, বাত্যা, ঘূর্ণাবায়ু।
চক্রবৃদ্ধি, ষ্য, স্ত্রী, সুদের সুদ, বৃদ্ধির বৃদ্ধি। (Compound interest.)
চক্রব্যূহ, (চক্র+ব্যূহ=সৈন্যরচনা) ষ্য. পুং, যুদ্ধার্থ মণ্ডলাকারে সৈন্য স্থাপন
চক্রসংজ্ঞ, (চক্র+সংজ্ঞা=নাম) ষ্য, ন, ধাতুবিশেষ. টিন্।
চক্রাঙ্কী, ষ্য, স্ত্রী, হংসী।
চক্রাঙ্গ, (চক্র+অঙ্গ=অবয়ব, ৬.হ) ষ্য, পুং, রথ, গাড়ি, বাগান, হংস। ঙ্গী—স্ত্রী, হংসী, কটুরোহিণী, হিলমোচিকা, হেলেঞ্চা বৃক্ষ, মঞ্জিষ্ঠা, বৃষপর্ণী।
চক্রাট, (চক্র=গ্রামসমূহ+অট=যে গমন করে) ষ্য, পুং, যে গ্রামে গ্রামে ভ্রমণ করিয়া বেড়ায় এবং যাহার নির্দ্দিষ্ট বাসস্থান নাই, সাপুড়ে, বিষবৈদ্য, ধূর্ত্ত, স্বর্ণমুদ্রা।
চক্রান্ত, (চক্র+অন্ত) ষ্য, পুং, বড়যন্ত্র, কুমন্ত্রণা। (Conspiracy.)
চক্রান্তকারী, (চক্রান্ত+কারিন্=যে করে) ণ, ত্রি, যে চক্রান্ত করে, যে চক্রান্তে লিপ্ত থাকে, বড়যন্ত্রকারী।
চক্রাবর্ত্ত, (চক্র=চাকা+আবর্ত্ত=ঘূর্ণন) ষ্য, পুং, মণ্ডলাকারে পরিভ্রমণ, ঘূর্ণন।
চক্রি, (কৃ=করা+কি, নিপাতন) ষ্য, পুং, কর্ম্মকর্ত্তা, নির্ম্মাতা।
চক্রিকা, ষ্য, স্ত্রী, হাঁটু, জানু।
চক্রী, (চক্র+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, চক্রধারী। ষ্য,পুং, বিষ্ণু, কুম্ভকার, চক্রবাক, লোহিতবর্ণ হংস, সর্প,

সম্রাট্, কলু, ঐন্দ্রজালিক, বাজীকর, কুমন্ত্রণাদায়ক, খল. সম্রাট্, চক্রবর্ত্তী, কাক, রথারোহী, গর্দ্দভ, হংসক, বৃক্ষবিশেষ।

চক্রীবান্, (চক্র=চাকা+বৎ—অস্ত্যর্থে) ব্য, পুং, যে চক্রের ন্যায় পরিভ্রমণ করে, গর্দ্দভ, নৃপবিশেষ।

চক্রেশ্বর, (চক্র=দেশসমূহ+ঈশ্বর=প্রভু) ব্য, পুং, চক্রবর্ত্তী, সম্রাট্, তান্ত্রিক মতাবলম্বী সুরাপায়ীদের দলপতি। রী—স্ত্রী, জৈনোপাস্য দেবীবিশেষ, বিদ্যাদেবী।

চক্ষণ, (চক্ষ্=বলা, ভক্ষণকরা+অনট্ ভাব) ব্য, ন, মদ্যপান-প্ররোচক ভোজনীয় দ্রব্য বিশেষ, চাট্নী, কথন।

চক্ষাঃ, (চক্ষ্=বলা+অস্) ব্য, পুং, বৃহস্পতি, দেবগুরু, আধ্যাত্মিক উপদেশক, ধর্ম্মোপদেষ্টা, শিক্ষাগুরু।

চক্ষুঃ, (চক্ষ্=দেখা, বলা+উস্) ব্য, ন, নয়ন, দর্শনেন্দ্রিয়।

চক্ষুঃশ্রবা, (চক্ষুস্=নয়ন+শ্রবস্=কর্ণ, ৬-হ) ব্য, পুং, যাহাদের চক্ষুই কর্ণের কার্য্য সম্পাদন করে, সর্প।

চক্ষুর্দান, (চক্ষুস্=চক্ষু+দান=দেওয়া) ব্য, ন, পুত্তলিকাদিগকে পূজা করিবার পূর্ব্বে মন্ত্রদ্বারা তাহাদের মৃন্ময় চক্ষুতে দর্শনশক্তির আবির্ভাব করণ। (দেশজ) চক্ষুতে ধূলি দিয়া লইয়া যাওয়া, চক্ষুর উপর চুরিকরা, লোকে স্পষ্টরূপে চুরি না বলিয়া তৎপরিবর্ত্তে চক্ষুর্দান এই শব্দ ব্যবহার করে।

চক্ষুর্বিষয়, (চক্ষুস্+বিষয়=জ্ঞেয় পদার্থ) ব্য, পুং, দর্শন উপস্থিতি, দৃষ্টির বিষয়ীভূত পদার্থ, দর্শনীয়তা। "ভবত্সু চক্ষুর্বিষয়মতিক্রান্তেষু" হিতোপদেশ।

চক্ষুষ্মান্, (চক্ষুস্+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, যাহার দর্শনশক্তি বিলক্ষণ প্রবল, চক্ষুবিশিষ্ট।

চক্ষুষ্য, (চক্ষুস্+য—হিতার্থে) ণ, ত্রি, চক্ষুর তৃপ্তিকর, প্রিয়দর্শন, মনোহর। ব্য, পুং, পুষ্পবিশেষ বৃক্ষবিশেষ। ষ্যা—স্ত্রী, নীলপ্রস্তর, সুন্দরী স্ত্রী।

চঙ্কুর, (চকি [সৌত্রধাতু]=ভ্রমণকরা +উরচ্—সংজ্ঞার্থে) ব্য, পুং, রথ, গাড়ি, বৃক্ষ। ন, যান, বাহনমাত্র।

চঙ্ক্রমণ, (চক্রম্ [যঙ্লুগন্ত]=পুনঃ পুনঃ গমনকরা+অনট্—ভাব) ব্য, ন, পুনঃ পুনঃ ভ্রমণ, আস্তে আস্তে যাওয়া, মন্থর গমন।

চঙ্গ, (চ=চন্দ্র+গ=যে গমন করে) ণ, ত্রি, যে সৌন্দর্য্যে চন্দ্রের সমকক্ষ হয়, সুন্দর, চতুর, নিপুণ, কর্ম্মঠ, সুস্থ, নীরোগ। [তিন্তিড়ী।

চঞ্চরী, ব্য, স্ত্রী, ভ্রমরী, মধুমক্ষিকা, চঞ্চরীক, (চর্[যঙ্ লুগন্ত]=পুনঃ পুনঃ গমনকরা+ঈকন্, মুম্, আগম) ব্য, পুং, ভ্রমর।

চঞ্চল, (চল [যঙ্ লুগন্ত] পুনঃ পুনঃ চলা+অ, মুম্ আগম) ণ, ত্রি, যাহার মতের স্থিরতা নাই, অস্থির, চপল, অব্যবস্থিত, বিচলিত, কম্পিত, আলোড়িত। ব্য, পুং, বায়ু, প্রণয়ী ব্যক্তি। লা—স্ত্রী, বিদ্যুৎ, লক্ষ্মী।

চঞ্চা, (চঞ্চ্=গমনকরা+অচ্) ব্য, স্ত্রী, নলনির্ম্মিত আস্তরণ, চাঁচ, মাদুর, তৃণনির্ম্মিত পুরুষ।

চঞ্চু, চঞ্চূ, (চঞ্চ্=যাওয়া+উ, ঊ) ব্য, স্ত্রী, পাখির ঠোঁট। ঞ্চু—পুং. ভেরেণ্ডাগাছ, হরিণ। [পক্ষীর ঠোঁট।

চঞ্চুকা, (চঞ্চু+ক—যোগ) ব্য, স্ত্রী, চঞ্চুভৃৎ, (চঞ্চু=পাখির ঠোঁট+ভৃৎ =যে ধারণ করে, ২-ষ) ব্য, পুং, পক্ষী।

চঞ্চুর, (চর্ [যঙ্লুগন্ত]=পুনঃ পুনঃ গমন করা+অচ্, অথবা চঞ্চ=গমন

করা+উর) ণ, ত্রি, সমর্থ, পটু, দক্ষ, নিপুণ, কর্ম্মঠ, যে পুনঃ পুনঃ যায়।

চঞ্চুসূচি, (চঞ্চু=ঠোঁট+সূচি=ছুঁচ) ষ্য, পুং, যাহার ঠোঁট ছুঁচের ন্যায় সূক্ষ্ম, সূক্ষ্ম চঞ্চুবিশিষ্ট পক্ষিবিশেষ।

চট্, (দেশজ) ষ্য, গুণ, থলিয়া। ক্রি—ণ, শীঘ্র, সত্বর।

চটক, (চট্=ভেদকরা+অক) ষ্য, পুং, কা, কিকা—স্ত্রী, চড়ুই পক্ষী, গ্রাম্য পক্ষী, মোহ সম্বরণ। (দেশজ) ষ্য, বাহিরের জাঁক জমক, বাহিরে জম্‌কাল, বাহার।

চটকাশিরঃ ষ্য, ন, ঔষধিবিশেষ, পিপ্পলীমূল। [গঞ্জ।

চটী, (দেশজ) ষ্য, গুণ, টাট, খণ্ড,

চটু, (চট্=আঘাতকরা, ভেদকরা ইত্যাদি+উ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, ন, সদয় ও মিষ্টবাক্য। পুং, উদর, পেট, ব্রতধারীদিগের উপবেশন বিশেষ।

চটুল, (চট্+ডুল, কিম্বা চটু+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, চঞ্চল, কম্পবান, দ্রুতগামী, "চটুলহরিণপ্রেক্ষণা নিম্ন-নাভিঃ" মেঘদূত। মনোহর, সুন্দর। লা—স্ত্রী, বিদ্যুৎ।

চটুলোল, (চটু=সুন্দর+লোল=চঞ্চল) ণ, ত্রি, অতিশয় চঞ্চল, অতিশয় সুন্দর, ভাসা ভাসা চক্ষুবিশিষ্ট।

চড়, (চপেট শব্দজ) ষ্য, করতল, চাপড়।

চড়ক, (দেশজ) ষ্য, চৈত্র মাসের সংক্রান্তির পর্ব্ববিশেষ, গাজন।

চড়ন, (দেশজ) ষ্য, আরোহণ, উঠা।

চড়া, (দেশজ) ণ, কঠিন। ষ্য, আরো-হণ, চটকপক্ষী, নদ্যাদির গর্ভস্থ বা গর্ভবহির্গত বালুকাময় ক্ষেত্র, নদ্যা-দির অভ্যন্তরস্থ দ্বীপ, পুলিন, তোয়োত্থিত ভূমি।

চড়াও, (দেশজ) ষ্য, আক্রমণ।

চড়ুই, (চটক শব্দজ) ষ্য, চটক পক্ষী, চড়াই।

চণক, (চণ্=দানকরা+অক) ষ্য, পুং, যাহা ঘোটকদিগকে প্রদত্ত হয়, ছোলা, বুট, মুনিবিশেষ। কা—স্ত্রী, মসিনা।

চণকাত্মজ, (চণক+আত্মজ=জাত) ষ্য, পুং, চণকমুনিরপুত্র,বাৎস্যায়-নমুনি। [লবণ।

চণকাম্লক, ষ্য, পুং, লবণবিশেষ, চণক

চণ্ড, (চণ্ড্=ক্রোধ করা+অ) ষ্য, পুং, তিন্তিড়ী বৃক্ষ, যমদূত, দৈত্য-বিশেষ, শুম্ভ-নিশুম্ভের অনুচর। ন, উষ্ণতা, ক্রোধ, তীক্ষ্ণতা, উগ্রতা। ণ, ত্রি, উষ্ণ, তীক্ষ্ণ, উগ্র, অতি কোপন, অতিশয় ক্রুদ্ধ। ণ্ডিকা, ণ্ডী—স্ত্রী, দুর্গা, অতি কোপনা স্ত্রী।

চণ্ডনায়িকা, চণ্ডবতী, (চণ্ড=দৈত্য-বিশেষ + নায়িকা = কর্ত্রী, চণ্ড= ক্রোধ+বৎ—অস্ত্যর্থে) ষ্য, স্ত্রী, দুর্গা, অষ্ট নায়িকার অন্তর্গত নায়ি-কাবিশেষ।

চণ্ডা, ষ্য, স্ত্রী, নায়িকাবিশেষ, শঙ্খ-পর্ণী, শ্বেত দূর্ব্বা, নদীবিশেষ।

চণ্ডাংশু, (চণ্ড=উষ্ণ+অংশু=কিরণ, ৬.হ) ষ্য, পুং, সূর্য্য।

চণ্ডাতক, (চণ্ডা=কোপনা স্ত্রী+অৎ =গমনকরা+অক) ষ্য, ন, স্ত্রীলো-কের অর্দ্ধোরু পর্য্যন্ত বস্ত্র, ঘাঘ্‌রা, এই বেশে ভদ্রবংশীয় স্ত্রীলোকেরা সৌন্দর্য্য-ভাব প্রাপ্ত হন এইরূপ বর্ণিত আছে।

চণ্ডাল, চাণ্ডাল, (চণ্ড=ক্রুদ্ধ+অল্= পারকহওয়া+অ) ষ্য, পুং, যে অনু-চিত কর্ম্মে পারক হয়, নিষাদ, চাঁড়াল, শূদ্রের ঔরসে ব্রাহ্মণীর গর্ভে এই জাতির জন্ম হয়, যে ব্যক্তির দয়া বা মমতা কিছুই নাই, লোকের প্রতি নির্দ্দয় ব্যবহার করে, তাহাকেও

চণ্ডাল শব্দে নির্দ্দেশ করা যায়।
চণ্ডিমা, (চণ্ড+ইমন্—ভাবে) ষ্য, পুং, চণ্ডতা, উগ্রত্ব, কোপনতা।
চণ্ডিল, (চণ্ড=ক্রোধকরা+ইলচ্) ষ্য, পুং, নাপিত, শিব, শাকজাতীয় খাদ্য। লা—স্ত্রী, নদীবিশেষ।
চণ্ডীকুসুম, ষ্য, পুং, রক্তকরবীর পুষ্প, রাঙ্গা করবি। [গৃহ।
চণ্ডীমণ্ডপ, ষ্য, পুং, ভগবতীর পূজা-
চণ্ডু, (চণ্ড+উ) ষ্য, পুং, ইঁদুর, বানর। (দেশজ) মাদক দ্রব্যবিশেষ।
চতুঃশাল, (চতুর্=চার+শালা=গৃহ, সমাহারদ্বিগু) ষ্য, ন, লা—স্ত্রী, যে গৃহের মধ্যে চারিটীগৃহ আছে, পরস্পরাভিমুখ চারিটীগৃহ, চকমিলান ঘর।
চতুঃষষ্টি, (চতুর্=চার+ষষ্টি=ষাইট, কর্ম্মধা) ষ্য, স্ত্রী, চৌষট্টি, ৬৪।
চতুর্, চত্বার্, (চৎ=প্রার্থনাকরা+উর্, বার্) ণ, ত্রি, বহুং, চারি, ৪।
চতুর, (চৎ+উর) ণ, ত্রি, কার্য্যদক্ষ, নিপুণ, কর্ম্মকুশল, সুন্দর, নেত্রগোচর, বুদ্ধিজীবী, চালাক। "চতুরৈঃ সুরকামিনীজনৈঃ প্রিয় যাবন্ন বিলোভ্যসে দিবি" কুমার। (দেশজ) শঠ, ধূর্ত্ত। ষ্য, পুং, গোলবালিশ, হস্তিশালা।
চতুরংশিত, (চতুর্=চার+অংশিত=বিভক্ত) ণ, ত্রি, পৃষ্ঠচতুষ্টয়ে বিভক্ত, চারিপেঁজী।
চতুরঙ্গ, (চতুর্+অঙ্গ, কর্ম্মধা) ষ্য, পুং, হস্তী অশ্ব রথ পদাতি এই চারিভাগে বিভক্ত সেনা, পাশক্রীড়াবিশেষ, চৌপাড় খেলা। ণ, ত্রি, চারি অঙ্গযুক্ত।
চতুরঙ্গুল, ষ্য, পুং, আরগ্বধ বৃক্ষ। ণ, ত্রি, চারি অঙ্গুলি পরিমিত।
চতুরস্র, (চতুর্=চার+অস্রি=কোণ ৬.হ) ণ, ত্রি, চতুষ্কোণ, চারিকোণা, চৌরস, উচ্চ নীচনয়[illegible] অব্যভিচরিত, যথা—চতুরস্র সিদ্ধান্ত।
চতুরানন, (চতুর্=চার+আনন=বদন, ৬.হ) ষ্য, পুং, ব্রহ্মা "ইতরতাপশতানি যথেচ্ছয়া বিতর তানি সহে চতুরানন, অরসিকেষু রসস্য নিবেদনং শিরসি মালিখ মালিখ মালিখ"। চতুর্ম্মুখ। [রতা, শঠতা।
চতুরালি, (দেশজ) ষ্য, চাতুর্য্য, চতু-
চতুর্গতি, (চতুর্=চার+গতি=গমন, ৬.হ) ষ্য, পুং, কচ্ছপ, কচ্ছপ চারি পায়ে চলে বলিয়া ইহার নাম চতুর্গতি হইয়াছে।
চতুর্থ, (চতুর্+থট্—পূরণার্থে) ণ, ত্রি, চারি সংখ্যার পূরক। র্থী—স্ত্রী, তিথিবিশেষ, অমাবস্যা বা পূর্ণিমা হইতে চতুর্থ দিবস, ব্যাকরণে—বিভক্তিবিশেষ। [তিথিবিশেষ।
চতুর্থিকা, ষ্য, স্ত্রী, পল পরিমাণ,
চতুর্দন্ত, (চতুর্+দন্ত, ৬.হ) ষ্য, পুং ঐরাবত হস্তী।
চতুর্দ্দশ, (চতুর্দ্দশন্, চতুর্=চার+দশন=দশ, কর্ম্মধা) ণ, ত্রি, বহুং, চৌদ্দসংখ্যা, ১৪।
চতুর্দ্দশ, (চতুর্দ্দশন্+ডট—পূরণার্থে) ণ, ত্রি, চৌদ্দসংখ্যার পূরক। শী—স্ত্রী, তিথিবিশেষ।
চতুর্দ্দশগ্রন্থিশুণ্ড, যাহাদের শুণ্ডে চতুর্দ্দশ গ্রন্থি আছে, যথা—কেন্নো (Shilognatha)
চতুর্দ্দশী, ষ্য, স্ত্রী, তিথিবিশেষ, পূর্ণিমা ও অমাবস্যার পূর্ব্বতিথি।
চতুর্দ্দোল, (চতুর্=চার [বাহক]+দোল=ডুলি) ষ্য, পুং, ন, চারি জনে বহনীয় শিবিকাবিশেষ, চৌদোল।
চতুর্দ্ধা, (চতুর্+ধাচ্—প্রকারার্থে) ষ্য, চারিপ্রকার, চারিবার।
চতুর্ভদ্র, (চতুর্+ভদ্র=মঙ্গল) ষ্য, ন চতুর্ব্বর্গ, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ।
চতুর্ভুজ, (চতুর্+ভুজ=হস্ত, ৬.হ

ষ্য, পুং, বিষ্ণু, নারায়ণ, চারি সরল রেখাবৃত্ত ক্ষেত্র।

চতুর্মাস, ণ, ত্রি, চাতুর্মাসিক।

চতুর্মুখ, চতুর্ব্বক্ত্র, (চতুর্+মুখ, বক্ত্র =আনন; ৬.হ) ষ্য, পুং, ব্রহ্মা, "পুরাণস্য কবেস্তস্য চতুর্মুখ সমীরিতা" কুমারসম্ভব।

চতুর্যুগ, (চতুর্=চার+যুগ, দ্বিগু—স) ষ্য, ন, সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগ।

চতুর্ব্বক্ত্র, ষ্য, পুং, চতুরানন, ব্রহ্মা।

চতুর্ব্বর্গ, (চতুর্=চার+বর্গ=সমূহ, সমাহার দ্বিগু) ষ্য, পুং, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, এই চারি পুরুষার্থ।

চতুর্ব্বর্ণ, (চতুর্+বর্ণ=জাতি) ষ্য, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি জাতি।

চতুর্ব্বিংশতি, (চতুর=চারি+বিংশতি =কুড়ি, কর্ম্মধা)ষ্য, স্ত্রী, চার অধিক বিংশতি, চব্বিশ, ২৪।

চতুর্ব্বিদ্য, চতুর্ব্বেদী—দিন্, (চতুর্=চার [বেদ]+বিদ্যা—বেদিন্=যে জানে, ৬.হ, ২-য) ষ্য, পুং, চারিবেদবেত্তা। [ত্রি, চারি প্রকার।

চতুর্ব্বিধ, (চতুর+বিধ=প্রকার) ণ,

চতুর্ব্বেদ, (চতুর্=চারি+বেদ)ষ্য,পুং, ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারি প্রকার বেদ।

চতুর্ব্যূহ, ষ্য, পুং, কৃষ্ণ, বলরাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, এই চতুরাত্মক বিষ্ণু। ণ, ত্রি, চারি প্রকার ব্যূহবিশিষ্ট। [নির্দ্দিষ্ট।

চতুল, ণ, ত্রি, ন্যাসীকৃত, স্থাপিত,

চতুশ্চত্বারিংশৎ, (চতুর্=চার+চত্বারিংশৎ=চল্লিশ, কর্ম্মধা) ষ্য, স্ত্রী, চার অধিক চল্লিশ, চুয়াল্লিশ, ৪৪।

চতুষ্ক, (চতুর্=চারি [কোণ]+ক) ষ্য,ন,অঙ্গন, উঠান, চৌকা, চৌকি, চতুঃস্তম্ভবিশিষ্ট মণ্ডপ। কো[illegible] চারিকোণা পুষ্করিণী, মশারি, চৌকি, চারি নর হার।

চতুষ্কর, (চতুর্=চার+কর=হস্ত,৬.হ) ষ্য, পুং, যে সকল জীবের হস্ত ও পদের অগ্রভাগ করের ন্যায়। ণ,ত্রি, চতুর্হস্তযুক্ত।

চতুষ্করী, (চতুর্=চার+কর=হস্ত+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, যে সকল পশুর পদচতুষ্টয়ের অগ্রভাগ হস্ত রূপে পরিণত অর্থাৎ হস্তের কার্য্য সম্পাদন করে, যথা—বানরাদি। (Quadrumana.)

চতুষ্কোণ, (চতুর্=চারি+কোণ) ণ, ত্রি, চতুর্দ্দিকে সমান আয়ত। ষ্য, পুং, চতুরস্র। (Square.)

চতুষ্টয়, (চতুর্+তয়—অবয়বার্থে) ণ, ত্রি, চারি অবয়ব, চতুর্ব্বিধ, চারি প্রকার। ষ্য,ন, চারি সংখ্যা, বৃত্তের কেন্দ্র।

চতুষ্পথ, (চতুর+পথিন্=রাস্তা,সমাহার দ্বিগু) ষ্য, ন, চৌরাস্তা, চৌমাথা। (চতুর্=[ব্রহ্মচর্য্যাদি] চার+পথিন্=আশ্রম, ৬.হ) পুং, ব্রাহ্মণ।

চতুষ্পদ, (চতুর্+পদ) ষ্য, ন, দী—স্ত্রী, চৌপদী, চারিচরণবিশিষ্ট পদ্য। পুং, চারিপদবিশিষ্ট পশু।

চতুষ্পাটী, (চতুর্=চার [দেশ]+পাটী=যে গমন করে) ষ্য, স্ত্রী, নদী।

চতুষ্পাঠী, (চতুর্=চার [শাস্ত্র]+পাঠ=অধ্যয়ন, ৭ হ) ষ্য, স্ত্রী, যেখানে চতুঃশাস্ত্র অধ্যয়ন করান হয়, চৌবাড়ী।

চতুষ্পাণি, (চতুর্=চার+পাণি=হস্ত, ৬.হ) ষ্য, পুং, বিষ্ণু, চতুর্ভুজ।

চতুষ্পাদ্, (চতুর্=চার+পাদ=পা, অ—লোপ, ৬.হ) ষ্য, পুং, যাহার চারি পা আছে, পশু।

[illegible] চতুর+তল, ৬.হ) ণ, ত্রি,

চারি কলা, চৌতলা।

চতুস্ত্রিংশৎ, (চতুর্=চার+ত্রিংশৎ=ত্রিশ, কর্মধা) ষ্য, স্ত্রী, চার অধিক ত্রিশ, চৌত্রিশ, ৩৪।

চতুঃসম, (চতুর্=চার+সম=তুল্য, ৬ হ) ষ্য, ন, চন্দন, কস্তূরী, অগুরু, কুঙ্কুম, এই চারি দ্রব্য; লবঙ্গ, সৈন্ধব, হরীতকী, জোয়ান, এই চারি দ্রব্য।

চতুস্ত্রিংশৎজাতকজ্ঞ, (চতুস্ত্রিংশৎ=৩৪+জাতক=প্রকার+জ্ঞ=যে জানে) ষ্য, পুং, বুদ্ধ।

চত্বর, (চৎ=যাচ্ঞাকরা+বর—সংজ্ঞার্থে, কিম্বা চত্=গমনকরা) ষ্য, ন, উঠান, চাতাল, যজ্ঞস্থান, স্থণ্ডিল, রঙ্গস্থান, "অনুবথাসু সর্ব্বাসু চত্বরেষু চ—বলং বভূব।"

চত্বারিংশৎ, (চতুর্=চার+দশন্=দশ, নিপাতন) ষ্য, স্ত্রী, চার বার দশ যাহার পরিমাণ, চল্লিশ, ৪০।

চত্বাল, (চৎ=যাচ্ঞাকরা+বাল) ষ্য, পুং, হোমকুণ্ড, দর্ভ, কুশ, গর্ভ, চাতাল।

চদির, (চদ্=দীপ্তি পাওয়া+ইর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, হস্তী, চন্দ্র, কর্পূর, সর্প।

চনস্, ষ্য, ন, আহার, ভোজন।

চন্দ, (চদি=দীপ্তি পাওয়া+অচ্) ষ্য, পুং, চন্দ্র।

চন্দক, (চন্দ্=দীপ্তিপাওয়া+অক) ণ, ত্রি, আনন্দদাতা। ষ্য, পুং, চন্দ্র, চন্দ্র কিরণ, চাঁদামাছ।

চন্দকপুষ্প, ষ্য, ন, লবঙ্গ।

চন্দন, (চন্দ্=আহ্লাদিতকরা+অন) ষ্য, পুং, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ। ন, চন্দনকাষ্ঠ, সুইচন্দন।

চন্দন-ধেনু, ষ্য, স্ত্রী, পতিপুত্রবতী স্ত্রীর মরণোত্তর দীয়মান চন্দন[illegible] চিহ্নিত গাভী।

চন্দনপুষ্প, ষ্য, ন, লবঙ্গ। [চিহ্ন]নাশকারী

চন্দনশারিকা, ষ্য, স্ত্রী, চন্দনারকী।

চন্দনা, (চন্দ+অন) ষ্য, স্ত্রী, পক্ষীবিশেষ, নদীবিশেষ।

চন্দনাচল, চন্দনাদ্রি, (চন্দন+অচল, অদ্রি=পর্ব্বত) ষ্য, পুং, মলয় পর্ব্বত।

চন্দির, (চন্দ্=দীপ্তিপাওয়া+ইর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, চন্দ্র, হস্তী।

চন্দ্র, (চন্দ্=দীপ্তিপাওয়া+র, ক) ষ্য, পুং, চাঁদ, কর্পূর, জল, ময়ূরচন্দ্রক, স্বর্ণ, হীরক। ণ, ত্রি, আহ্লাদজনক, শ্রেষ্ঠ, যথা পুরুষচন্দ্র। স্ত্রা —স্ত্রী, এলালতা, চাঁদোয়া, চন্দ্রিকা।

চন্দ্রক, (চন্দ্র+ক—তুল্যার্থে) ষ্য, পুং, ময়ূরপুচ্ছের চক্রাকার চিহ্ন, চাঁদামাছ, নখ।

চন্দ্রকলা, (চন্দ্র+কলা=অংশ) ষ্য, স্ত্রী, চন্দ্রের কলা, চন্দ্রমণ্ডলের ষোড়শ ভাগ।

চন্দ্রকবান্, চন্দ্রকী, (চন্দ্রক=ময়ূরপুচ্ছের চক্রাকার চিহ্ন+বৎ, ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, স্ত্রী, ময়ূর।

চন্দ্রকান্ত, (চন্দ্র+কান্ত=প্রিয়, কমনীয়, ১.হ. কিম্বা ৬-হ) ষ্য, পুং, মণিবিশেষ, এরূপ প্রবাদ আছে, চন্দ্রের উদয় হইলে তদীয় কিরণ স্পর্শে এই মণি দ্রবীভূত হয়। ন, চন্দনকাষ্ঠ, কুমুদ। স্তা—স্ত্রী, জ্যোৎস্না, রাত্রি, "আভীরদেশে কিল চন্দ্রকান্তং ত্রিভির্বরাটৈর্বিপণন্তি গোপাঃ" "চন্দ্রকান্তোদ্ভবং বারি পিত্তঘ্নং বিমলং"।

চন্দ্রকুণ্ড, ষ্য, পুং, কামরূপস্থ সরোবর বিশেষ। [ভেদ।

চন্দ্রকূট, ষ্য, পুং, কামরূপস্থ পর্ব্বত

চন্দ্রকেতু, ষ্য, পুং, লক্ষ্মণের পুত্র।

চন্দ্রগুপ্ত, ষ্য, পুং, নন্দবংশীয় দাসীগর্ভসম্ভূত পাটলিপুত্রের নৃপতি-[illegible], চাণক্য নন্দবংশের বিনাশ

সাধন করিয়া ইহাকে মগধদেশের সিংহাসনে অভিষিক্ত করেন; চিত্রগুপ্ত, যমের সভায় দৈনন্দিনতালিকা পুস্তক।

চন্দ্রগোলিকা, (চন্দ্রগোল = চন্দ্রমণ্ডল+ক) ষ্য, স্ত্রী, যাহা চন্দ্র হইতে উদ্ভূত হয়, জ্যোৎস্না, চন্দ্রিকা।

চন্দ্রচঞ্চল, ষ্য, পুং, ন, ক্ষুদ্র চাঁদাজাতীয় মৎস্য বিশেষ, এই মৎস্য চন্দ্রের ন্যায় চঞ্চল বলিয়া ইহাকে চন্দ্রচঞ্চল কহে।

চন্দ্রচূড়, (চন্দ্র+চূড়া, ৬হ.) ষ্য, পুং, মহাদেব, শিব, পর্ব্বত বিশেষ।

চন্দ্রনিভ, (চন্দ্র+নিভ=তুল্য) ণ, ত্রি, চন্দ্রের ন্যায় উজ্জ্বল ও মনোহর।

চন্দ্রপুষ্পা, স্ত্রী, শ্বেতকণ্টকারী।

চন্দ্রপ্রভ, (চন্দ্র+প্রভা=কিরণ) ষ্য, পুং, অষ্টম জিন।—স্ত্রী, চন্দ্রিকা, পাণ্ডু, অর্শ প্রভৃতি রোগের ঔষধবিশেষ।

চন্দ্রভাগা, (চন্দ্রভাগ=হিমালয়ের একাংশ+অ—ভবার্থে) ষ্য, স্ত্রী, চন্দ্রভাগ পর্ব্বত হইতে উৎপন্ন স্বনাম প্রসিদ্ধনদী, চেনাব।

চন্দ্রভূতি, ষ্য, ন, রৌপ্য, রূপা।

চন্দ্রমণি, (চন্দ্র+মণি=রত্ন) ষ্য, পুং, চন্দ্রকান্তমণি।

চন্দ্রমণ্ডল, (চন্দ্র+মণ্ডল, ৬—ষ) ষ্য, ন, চন্দ্রের মণ্ডল, চন্দ্রের গোলাকৃতি শরীর।

চন্দ্রমল্লিকা, ষ্য, স্ত্রী, পুষ্পবিশেষ, লতা [বিশেষ।

চন্দ্রমা, (চন্দ্র=কর্পূর+মা=পরিমাণ করা, তুল্য করা+ক্বিপ্, যে সকল দ্রব্যকে কর্পূরের ন্যায় শ্বেতবর্ণ করে) ষ্য, পুং, চন্দ্র, ত্রিকাণ্ডশেষে "মস্" একটি চন্দ্রের নাম যথা— 'মাঃ পবিত্রাবলক্ষগুরিতি'। মস্, পবিত্র, অবলক্ষ এইতিনটি চন্দ্রের নাম।

চন্দ্রমৌলি, (চন্দ্র+মৌলি=শিরো[illegible] ষ্য, পুং, মহাদেব, শিব।

চন্দ্ররেণু, (চন্দ্র+রেণু=ধূলি) ষ্য, পুং, কাব্যচোর। (A plagiarist)

চন্দ্রলোহক, (চন্দ্র+লোহক=লৌহ) ষ্য, ন, রৌপ্য, রজত।

চন্দ্রবংশ, ষ্য, পুং, চন্দ্র হইতে উৎপন্ন বংশ, প্রথিত আছে চন্দ্রের পুত্র বুধ ও পুরুরবা হইতে এক ক্ষত্রিয় বংশ উৎপন্ন হইয়াছিল।

চন্দ্রবল্লরী, (চন্দ্র+বল্লরী=লতা) ষ্য, স্ত্রী, সোমলতা, ব্রাহ্মীশাক।

চন্দ্রবালা, ষ্য, স্ত্রী, স্থূলৈলা, বড় এলাচ।

চন্দ্রবিহঙ্গম, (চন্দ্র=[চাঁদ] চন্দ্রের ন্যায় শুভ্র+বিহঙ্গম=পক্ষী) ষ্য, পুং, ক্ষী।

চন্দ্রব্রত, ষ্য, ন, চান্দ্রায়ণ, চন্দ্রলোক প্রাপ্তির নিমিত্ত ব্রতবিশেষ।

চন্দ্রশালা, (চন্দ্র+শালা=গৃহ, ৬হ, ৬ষ) ষ্য, স্ত্রী, জ্যোৎস্না, বপাদির বা প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ। (ক—যোগে চন্দ্রশালিকাও হয়।)

চন্দ্রশেখর, (চন্দ্র+শেখর=মস্তক, চূড়া, ৬হ) ষ্য, পুং, মহাদেব, পর্ব্বতবিশেষ, আবাকানস্থ এক পর্ব্বত।

চন্দ্রসংজ্ঞ, (চন্দ্র+সংজ্ঞা=নাম, ৬হ) ষ্য, পুং, চন্দ্রের যতগুলি নাম আছে কর্পূরেরও সেই সমস্ত নাম, কর্পূর।

চন্দ্রসম্ভব, (চন্দ্র+সম্ভব=উৎপন্ন, ৫ত) ষ্য, পুং, চন্দ্রপুত্র, বুধ, বুধগ্রহ, (Mercury)। ষ্য—স্ত্রী, নর্ম্মদা নদী।

চন্দ্রহার, (দেশজ) ষ্য, নিতম্বের অলঙ্কার বিশেষ, কাঞ্চী।

চন্দ্রহাস, (চন্দ্র+হস্=হাসা+অ, ২-য) ষ্য, পুং, যে উজ্জ্বলতায় চন্দ্রকে উপহাস করে, খড়্গ, রাবণের খড়্গ। ন, রৌপ্য।

চন্দ্রাতপ, (চন্দ্র+আতপ=কিরণ, ৬ষ) [illegible] জ্যোৎস্না, চাঁদোয়া।

চন্দ্রাপীড়, (চন্দ্র+আপীড়=শিরোভূষণ) ব্য, পুং, মহাদেব, শিব।

চন্দ্রাবলী, ব্য, স্ত্রী, কৃষ্ণের প্রণয়িণী, গোপীবিশেষ।

চন্দ্রিকা, (চন্দ্র+ইক—ইদমর্থে) ব্য, স্ত্রী, জ্যোৎস্না। "বাহ্যোদ্যানস্থিতহরশিরশ্চন্দ্রিকা ধৌতহর্ম্ম্যা।" মেঘদূত। চাঁদামাছ, ছন্দোবিশেষ, চন্দ্রভাগা নদী, মেথিকা, বড় এলাইচ্, কর্ণস্ফোটা, মল্লিকা, শ্বেতকণ্টকারী।

চন্দ্রিকাদ্রাব, (চন্দ্রিকা+দ্রাব=যে দ্রব হয়, যে জ্যোৎস্নায় দ্রবীভূত হয়, অথবা চন্দ্রিকা+দ্রাব=নিষ্যন্দ, ৬ হ) ব্য, পুং, চন্দ্রকান্ত মণি।

চন্দ্রিকাপায়ী, (চন্দ্রিকা+পায়িন=যে পান করে) ব্য, পুং, স্ত্রী, চকোর পক্ষী। [ব্য, ন, শ্বেত পদ্ম।

চন্দ্রিকাম্বুজ, (চন্দ্রিকা+অম্বুজ=পদ্ম)

চন্দ্রিল, (চন্দ্র=চাঁদ বা অস্ত্রশস্ত্র ইত্যাদি, যাহা চন্দ্রের ন্যায় উজ্জ্বল+ইল—অস্ত্যর্থে) ব্য, পুং, শিব, নাপিত। [ব্য, পুং, চন্দ্রকান্তমণি।

চন্দ্রোপল,(চন্দ্র+উপল=প্রস্তর, ১.৩)

চপট, চপেট,(চপ্=গমনকরা+অট, ইট—সংজ্ঞার্থে, বা চপ=কম্পক+ইট্=গমনকরা+অ—ঘ) ব্য, পুং, চাপড়, চড়।

চপন, ব্য, ন, হাত দেওন।

চপল, (চপ্ বা চুপ্=গমনকরা+অল ; উ=অ) ণ, ত্রি, চঞ্চল, কম্পান্বিত, অনবস্থিত, বিকল, ক্ষণিক, দুর্ব্বিনীত, তরল, প্রগল্ভ, ধৃষ্ট। ন, ক্রি, ণ,—ত্রি,শীঘ্র, ক্ষণিক, তৎকালিক, ভীত, অতিক্রান্ত। ব্য, পুং, পারদ, প্রস্তরবিশেষ, চোর, মীন, মৎস্য, গন্ধদ্রব্যবিশেষ। লা—স্ত্রী, লক্ষ্মী, বিদ্যুৎ, বেশ্যা, মদ্য, জিহ্বা, ছন্দোবিশেষ। "মাস্থ্যাং জলবিন্দুলোলচপলম্, আরোহচ্চপলঃ কর্ম্ম কদম্বশিখরম্।"

চমকন, (চমৎকরণ শব্দজ) ব্য, পুং, চমৎকৃত হওন, কাঁপন, চমকে উঠা।

চমৎকরণ, (চমৎ=আশ্চর্য্যবোধক শব্দ+কৃ=করা+অনট্—ভাব) ব্য, ন, আশ্চর্য্য বোধ জন্মান, চমৎকৃত করা।

চমৎকার, (চমৎ=আশ্চর্য্যবোধক শব্দ +কার=করণ) ব্য, পুং, আশ্চর্য্য, বিস্ময়।

চমৎকারক, (চমৎ+কৃ+অক—ঘ) ণ, ত্রি, বিস্ময়জনক, আশ্চর্য্যকর।

চমৎকৃত, (চমৎ+কৃত=করা হইয়াছে) ণ, ত্রি, আশ্চর্য্যান্বিত, বিস্ময়াবিষ্ট, বিস্মিত।

চমর, (চম্=ভক্ষণকরা, গমনকরা+অ) ব্য, ন, চামর, বালব্যজন। পুং, রী—স্ত্রী, মৃগবিশেষ, হিমালয় পর্ব্বতের উত্তর দিকে যে পাষাণময় স্থান বনে আবৃত হইয়া আছে, তথাকার গোরুকে চমর কহে, ইহার লাঙ্গুলে চামর প্রস্তুত হয়, দৈত্যবিশেষ।

চমরিক, ব্য, পুং, কোবিদার বৃক্ষ।

চমস, (চম্+অস) ব্য, পুং, ন, যজ্ঞপাত্র, হাতা, চামচে। পুং, সী—স্ত্রী, পিষ্টকবিশেষ, একপ্রকার মিষ্টান্ন দ্রব্য, বৃক্ষবিশেষ, ক্ষেত্রপাবড়া।

চমীকর, ব্য, পুং, স্বর্ণখনি।

চমূ, (চম্=[শত্রুকে] ভক্ষণ করা, ধ্বংস করা+উ) ব্য, স্ত্রী, সেনাদল, গজ ১২৯, রথ ১২৯, অশ্ব ২১৮৭, পদাতি ৩৬৪৫,এতাবৎ সংখ্যক সৈন্য।

চমূচর, (চমূ+চর=যে [যুদ্ধে] গমন করে) ব্য,পুং,সৈনিক পুরুষ, যোদ্ধা, সেনানায়ক, সৈন্যাধ্যক্ষ।

চমূপতি, (চমূ=সৈন্য+পতি=কর্ত্তা) ব্য, পুং, সৈন্যাধ্যক্ষ।

চমূরু, (চম+উরু—সংজ্ঞার্থে) ব্য,

পুং, হরিণবিশেষ।

চম্পক, (চম্প—দীপ্তিপাওয়া+অক—সংজ্ঞার্থে) বা, পুং. চাঁপা গাছ। ন, চাঁপাকলা, চাঁপাফুল।

চম্পকমালা, বা, স্ত্রী, কণ্ঠাভরণবিশেষ, দশাক্ষর ছন্দোবিশেষ, যাহার ২য়, ৩য়, ৭ম, ৮ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

চম্পকালু, চম্পকোষ, (চম্পক+আলু—অস্ত্যর্থে) ব্য, পুং, কাঁটাল গাছ।

চম্পট, (দেশজ) বা, প্রস্থান, না বলিয়া চলিয়া যাওয়া, পলায়ন।

চম্পা, বা, স্ত্রী, স্বনাম প্রসিদ্ধ নগরী, ভগলপুর, নদীবিশেষ, কর্ণপত্নী।

চম্পাধিপ, (চম্পা=নগরীবিশেষ+অধিপ—অধিপতি, ৬-ষ) ব্য, পুং, কর্ণরাজ।

চম্পালু, (চম্পক+আলু—অস্ত্যর্থে, চম্পক=চম্প) বা, পুং, কাঁঠাল গাছ।

চম্পাবতী, (চম্প=বৃক্ষবিশেষ+বৎ—অস্ত্যর্থে) বা, স্ত্রী, এইরূপ বৃক্ষ যেখানে প্রচুর আছে, কর্ণের রাজধানী।

চম্পূ, (চম্+উ—সংজ্ঞার্থে, প—আগম, পণ্ডিতেরা যাহার আস্বাদ গ্রহণ করেন) ব্য, স্ত্রী, পদ্যগদ্যাত্মক কাব্য।

চয়, (চি=একত্রকরা+অ) বা, পুং, রাশি, সমূহ, "মণিময়ূখচয়াং শুক ভাস্বরাঃ"। বপ্র, পরিখা, প্রাচীর, ভেড়ী, সঙ্কর।

চয়ন, (চি+অনট্—ভাব) ব্য, ন, পুষ্পাদি তোলা, সংগ্রহ, সঙ্কলন, ইষ্টকাদি দ্বারা বাটী নির্ম্মাণ।

চর, (চর্=গমনকরা+অন্) বা, পুং, গুপ্তদূত, শত্রুরাজ্যের অবস্থা গোপনে জানিবার নিমিত্ত যাহাকে নিযুক্ত করা যায়। ণ, ত্রি, অস্থাবর, জঙ্গম, বিচরণশীল।

চরক, (চর্+অক) ব্য, পুং, বৈদ্যগ্রন্থ বিশেষের কর্ত্তা, বৈদ্যশাস্ত্রবিশেষ, ভিক্ষু, দূত, চর, প্রণিধি।

চরকা, (চক্র শব্দজ) বা, কাষ্ঠ নির্ম্মিত সূত্র কর্ত্তন যন্ত্র, সূতা কাটিবার কল।

চরণ, (চর্+অনট্—ধ) ব্য, পুং,—ন, পদ, পা, "চরণৌ রঞ্জয়ন্ত্যস্য চূড়ামণি মরীচিভিঃ" কুমার। বেদাংশবিশেষ, কবিতার চতুর্থাংশ, মূল, গোত্র। ন, চলন, ভ্রমণ, ভক্ষণ, চরা, অনুষ্ঠান, আচরণ, শীল।

চরণগ্রন্থি, (চরণ=পা+গ্রন্থি=গাঁট, ৬-ষ) ব্য, পুং, গুল্‌ফ, পায়ের গোড়ালি।

চরণচারী, (চরণ=পাদ+চারিন্=যে গমন করে) ণ, ত্রি, পাদচারী, যে পায়ে হাঁটিয়া যায়।

চরণব্যূহ, বা, পুং, বেদব্যাস প্রণীত চতুর্ব্বেদ বিবরণ শাস্ত্র।

চরণাবরণ, (চরণ+আবরণ=আচ্ছাদন) ব্য, ন, যে চরণকে আবৃত করে, মোজা। (Stocking)

চরণায়ুধ, (চরণ=পা+আয়ুধ=অস্ত্র, ৬-হ) ব্য, পুং, চরণই যাহার অস্ত্রস্বরূপ, কুক্কুট, কুঁকুড়া। [ধাতুবিশেষ।

চর্ব্বী, (যবনভাষা) বা, বসা, শরীরস্থ

চরম, (চর্+অম) ব্য, ত্রি, অন্ত, শেষ, পশ্চিম। পুং, অন্তিমকাল।

চরমলেখ, (চরম+লিখ্=লেখা+ঘঞ্) ব্য, পুং, জীবনের শেষ অবস্থায় যাহা লেখা যায়, উইল।

চরমক্ষ্মাভৃৎ, চরমাচল, চরমাদ্রি, (চরম=পশ্চিম+ক্ষ্মাভৃৎ, অচল, অদ্রি=পর্ব্বত, ৬-ষ) ব্য, পুং, যে পর্ব্বতে সূর্য্য অস্ত যায়, অস্তাচল।

চরস, (দেশজ) ব্য, মাদক দ্রব্যবিশেষ, গাঁজার আটা।

চরাচর, (চর্—গমনকরা+অল্, চর
[illegible]

জঙ্গম, "চরাচরাণাং ভূতানাং কুক্ষিরাধারতাং গতঃ" কুমার। ন, জগৎ।

চারণি, (চারণ পুস্তক) বা, মাঠ, ময়দান, পশুচারণ স্থান। [পশু, প্রাণী।

চরি, (চর—গমনশীল+ই) বা, পুং,

চরিত, (চর্—আচরণকরা, গমনকরা, করা+ক্ত) বা, ন, আচরণ, অনুষ্ঠান, কার্য্য, "ক্রমং যযৌ কন্দুকলীলয়াপি য়া তয়া মুনীনাং চরিতং ব্যগাহ্যত" কুমার। রীতি, সংস্কার, চেষ্টিত। ণ, ত্রি, অনুষ্ঠিত, কৃত, সকল, সিদ্ধ, কলিত, সম্পন্ন, আশ্রিত, লক্ষিত।

চরিতাখ্যায়ক, (চরিত+আ+খ্যা—বর্ণনা করা+ণক—ম) বা, পুং, যে ব্যক্তি খ্যাতনামা লোকের জীবন বৃত্তান্ত লিপিবদ্ধ করে, Biographer.

চরিতার্থ, (চরিত—সকল+অর্থ—প্রয়োজন, ৩.হ, ৬.চ) ণ, ত্রি, কৃতার্থ, যাহার কর্ম্ম সকল হইয়াছে, সকল প্রয়োজন, কৃতকার্য্য, সফলকার্য্য, অন্বর্থ।

চরিতার্থিত, (চরিতার্থ+ইত) ণ, ত্রি, কৃতার্থীকৃত, যে চরিতার্থতা প্রাপ্ত হইয়াছে।

চরিত্র, (চর+ইত্র—সংজ্ঞার্থে) বা,ন, স্বভাব, আচরণ, বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র বিশেষ। ত্রা—স্ত্রী, তেঁতুল গাছ

চরিষ্ণু, (চর্—গমন করা+ইষ্ণু—ম, শীলার্থে) ণ, ত্রি, গমনশীল, জঙ্গম।

চরীত্র, বা, ন, আচরণ, স্বভাব।

চরু (চর—ভক্ষণকরা+উ—সংজ্ঞার্থে, যাহা দেবতারা ভোজন করেন) বা, পুং, যজ্ঞীয় পায়স। [পিঠা।

চরুব্রণ, বা, পুং, পিষ্টকবিশেষ, চিতুই

চর্চ্চরী, (চর্চ্চ—বলা, শব্দকরা+অর) বা, স্ত্রী, উৎসব, চাঁচর, বাদ্যবিশেষ, রাগভেদ, গীতি বিশেষ, "মধুরমন্তিহরমান বৃহন্মদনানুগত সংগীত মধুরঃ পুরঃ পৌরাণামুচ্চরতি চর্চ্চরীধ্বনিঃ"

চর্চ্চা, (চর্চ্চ—অনুশীলনকরা+আ—ভাব) বা, স্ত্রী, আলোচনা, অনুশীলন, চিন্তা, অনুধ্যান, বিচার, লেপন।

চর্চ্চিকা, বা, স্ত্রী, দুর্গা, চর্চ্চা।

চর্চ্চিত, (চর্চ্চা+ইত—সংজ্ঞার্থে) ণ, ত্রি, চন্দনাদি দ্বারা লেপিত, আলোচিত, অনুশীলিত।

চর্ত্তা, ণ, ত্রি, বধ্য, প্রাণদণ্ডার্হ।

চর্পট, (চর্প্ [সৌত্র ধাতু]—নিম্ন বা বিস্তৃত হওয়া+অট) বা,পুং, চপেট, চাপড, বিস্তার।

চর্ভট, (চর্ব—মনোহর শব্দ+ভট—যে করে, নিপাতন) বা,পুং, কাঁকুড়। টী—স্ত্রী, উৎসববিশেষ।

চর্ভটি, বা, পুং, আহ্লাদ, অকারণে ব্যয়োৎসব, আত্মশ্লাঘা।

চর্ম্ম, চর্ম্মন্, (চর্—গমনকরা+ম, মন্) বা, ন, ছাল, চামড়া, ত্বক্, "শিরধিবাস্থগতং গজচর্ম্মণা" ভারবি। ঢাল।

চর্ম্মকষা, চর্ম্মকসা, বা, স্ত্রী, পশ্চিমদেশ জাত গন্ধদ্রব্যবিশেষ, ঔষধিবিশেষ।

চর্ম্মকার, চর্ম্মার, (চর্ম্ম+কার—যে করে, ২-ষ, চর্ম্ম+আর [ঋ—গমনকরা+ঘঞ]=যে পায়, ২-ষ) বা, পুং, চামার, মুচি "কারাবয়ো নিষাদাস্তু চর্ম্মকারঃ প্রসূয়তে"।

চর্ম্মগ্রন্থি, (চর্ম্ম+গ্রন্থি=গাঁট, ৬-ষ) বা, পুং, চামড়ার গাঁট।

চর্ম্মচটকা, (চর্ম্ম+চটক—চড়াই পাখী, যে চর্ম্ম-পক্ষ বিশিষ্ট চটকের ন্যায়, অথবা চট=আঘাত করা+অক—ম) বা, স্ত্রী, চামচিকা, বাদুড়।

চর্ম্মচটী, (চর্ম্ম+চট—যে আঘাত করে, ঈ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, চামচিকা, বাদুড়।

চর্ম্মচিত্রক, বা, ন, শ্বেতকুষ্ঠ, ধবলরোগ।

চর্ম্মজ, (চর্ম্ম+জ—জাত, উৎপন্ন) বা, ন, রোম, লোম, রক্ত। ণ, ত্রি, চর্ম্ম

হইতে উৎপন্ন।

চর্ম্মণ্বতী, (চর্ম্মন্+বৎ—অস্ত্যর্থে) ষ্য, স্ত্রী, দশপুর নগরের নদী, এইরূপ প্রথিত আছে যে, দশপুররাজ রন্তিদেবের গোমেধযজ্ঞ কালে স্তূপাকারে স্থাপিত মৃত গোচর্ম্ম হইতে রস নির্গত হইয়া একটী প্রকাণ্ড নদী উৎপন্ন হয়, গোচর্ম্মরস হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া এই নদী চর্ম্মণ্বতী নামে খ্যাত হইয়াছে, কলা গাছ।

চর্ম্মতরঙ্গ, (চর্ম্ম+তরঙ্গ=ঢেউ) ষ্য, পুং, চর্ম্ম সঙ্কোচ, শিথিলিত চর্ম্ম, চর্ম্ম রোগবিশেষ, বলি।

চর্ম্মদণ্ড, (চর্ম্ম=চামড়া+দণ্ড) ষ্য, পুং, চর্ম্মাবৃতদণ্ড, চাবুক। পুং, চিহ্ন।

চর্ম্মদ্রুম, ষ্য, পুং, ভূর্জ্জ বৃক্ষ।

চর্ম্মপত্রা, (চর্ম্ম+পত্র=পক্ষ; ৬.হ, আ—অস্ত্যর্থে) ষ্য, পুং, চাম্‌চিকা, বাদুড়। [পাদুকা, উপানৎ, জুতা।

চর্ম্মপাদুকা, ষ্য, স্ত্রী, চর্ম্ম নির্ম্মিত

চর্ম্মপুট, ষ্য, পুং, চর্ম্ম নির্ম্মিত পাত্রবিশেষ, কুঁপা।

চর্ম্মপ্রভেদিকা, (চর্ম্ম+প্র+ভিদ=ভেদকরা+ণক—ঘ) ষ্য, স্ত্রী, চামারের অস্ত্রবিশেষ, চর্ম্মবেধনাস্ত্র, [illegible]

চর্ম্মপ্রসেবক, (চর্ম্ম+প্র+সিব্=সেলাই করা+ণক, যাহা স্যূত বা চর্ম্ম নির্ম্মিত) ষ্য, পুং, বিকা—স্ত্রী, ভস্ত্রা, জাঁতা।

চর্ম্মমুণ্ডা, (চর্ম্ম=চাল+মুণ্ড=মুণ্ডিত মস্তক, ৬.হ) ষ্য, স্ত্রী, যাঁহার মস্তক ঢালের স্থায় গোলাকার, দুর্গা।

চর্ম্মরু, (চর্ম্ম+রু=ধ্বনিকরা+ক্বিপ্, অথবা—রু=গমনকরা+উ) ষ্য, পুং, চর্ম্মকার।

চর্ম্মসম্ভবা, ষ্য, স্ত্রী, এলা।

চর্ম্মী, (চর্ম্ম=চাল+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, চর্ম্মধারী, ঢালী, ভূর্জ্জ বৃক্ষ, কদলীবৃক্ষ।

চর্য্যা, (চর্=আচরণকরা+য—ভাব, আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, অনুষ্ঠান, আচরণ, ব্যবহার, চরিত্র, গতি।

চর্ব্বণ, (চর্ব্ব=চিবান+অনট্—ভাব) ষ্য, ন, ণা—স্ত্রী, দন্ত দ্বারা চূর্ণ করণ, চিবান, স্বাদগ্রহণ। [ভক্ষিত, স্বাদিত

চর্ব্বিত, (চর্ব্ব+ক্ত—চ) ণ, ত্রি, চিবান,

চর্ব্ব্য, (চর্ব্ব+য—চ) ণ, ত্রি, যাহা চিবাইয়া খাইতে হয়, চর্ব্বণীয়, চর্ব্বণের যোগ্য।

চর্ষণি, ষ্য, পুং, জন, লোক, ব্যক্তি।

চল, (চল্=যাওয়া+অচ্—ঘ) ণ, ত্রি, চঞ্চল, অস্থির, জঙ্গম, কম্পিত। লা—স্ত্রী, লক্ষ্মী, বিদ্যুৎ, গন্ধদ্রব্য।

চলকর্ণ, (চল+কর্ণ=Hypotenuse) ষ্য, পুং, কোন গ্রহের পৃথিবী হইতে যথার্থ দূরত্ব।

চলচঞ্চু, (চল=চঞ্চল+চঞ্চু=পাখির ঠোঁট, ৬.হ) ষ্য, পুং, চকোর পক্ষী।

চলচিত্ত, (চল+চিত্ত=মন) ণ, ত্রি, যাহার চিত্ত স্থির নহে, অস্থিরচিত্ত, অব্যবস্থিত চিত্ত, যাহার মতের স্থিরতা নাই। ন, অস্থিরতা, পরিবর্ত্তনীয়।

চলৎ, (চল+শতৃ—ঘ) ণ, ত্রি, কম্পমান, চঞ্চল, যাহা নড়িতেছে, গমনশীল।

চলৎপূর্ণিমা, (চলৎ=কম্পমান+পূর্ণিমা=পূর্ণচন্দ্র) ষ্য, স্ত্রী, যে পূর্ণচন্দ্রের স্থায় দীপ্তিমান্ ও শুভ্রবর্ণ, একপ্রকার ক্ষুদ্র মৎস্য, চাঁদা মাছ। [বার ক্ষমতা।

চলৎশক্তি, ষ্য, স্ত্রী, গতিশক্তি, চলি-

চলদঙ্গ, (চলৎ=চঞ্চল, কম্পমান+অঙ্গ=দেহ; ক—যোগে চলদঙ্গকও হয়) ষ্য, পুং, মৎস্যবিশেষ, চেঙ্গমাছ।

চলদল, (চল=চঞ্চল+দল=পত্র, ৬.হ) ষ্য, পুং, অশ্বত্থ বৃক্ষ। "অশ্বত্থঃ চলদল পিপ্পলঃ কুঞ্জরাশনঃ।"

চলদ্বিষ, ব্য, পুং, কোকিল।

চলন, (চল+অনট্—ভাব) ব্য, ন, কম্পন, গমন,ভ্রমণ। পুং, চরণ, পদ, মৃগবিশেষ। (দেশজ) চলিত থাকা. ব্যবহার। নী—স্ত্রী, পরিধের বস্ত্র, ঘাঘরা। ণ,ত্রি,যে অথবা যাহা চলে।

চলনক, ব্য, ন, অধোবস্ত্র।

চলনী, ব্য, স্ত্রী, ঘাঘরা, গজবন্ধনী।

চলপত্র. (চল্+পত্র=পাতা, ৬,হ) ব্য, পুং, অশ্বথ বৃক্ষ।

চলস্. ব্য, ন, অম্ললোণিকা, আমরুল।

চলাচল, (চল+অ: চল স্থানে চলাচল) ণ, ত্রি, অত্যন্ত চঞ্চল। (চল+অচল) চলিত অচলিত, প্রচলিত অপ্রচলিত। ব্য, পুং, কাক। (দেশজ) চলা না চলা, ব্যবহার থাকা না থাকা।

চলাতঙ্ক, ব্য, পুং, বাতরোগ।

চলি, ব্য,পুং, আচ্ছাদনীর বস্ত্র, গাত্রাবরক বস্ত্র, র‍্যাপার।

চলিত, (চল+ক্ত—ঘ) ণ,ত্রি,কম্পিত, গত,প্রস্থিত, অস্থির, চঞ্চল, ব্যবহৃত, প্রচলিত।

চলিষ্ণু, (চল+ইষ্ণু—ষ, শীলার্থে) ণ, ত্রি, যাহা একস্থানে স্থির নহে, গমনশীল। [আঁজলা জল।

চলু, (চল+উ) ব্য, পুং, গণ্ডূষ, এক

চলুক, (চল+উক) ব্য, পুং, হস্তকোষ, ক্ষুদ্র ভাণ্ড। ন, হস্তকোষ ধৃতজল।

চলেন্দ্রিয়, (চল+ইন্দ্রিয়=কামাদিরিপু, ৬হ) ণ,ত্রি. যাহার ইন্দ্রিয়গণ চঞ্চল অর্থাৎ বশীভূত নহে, অজিতেন্দ্রিয়।

চলকন, (দেশজ) ব্য, উথলিত, কোন তরল পদার্থের বেগবশতঃ বহিঃপতন, চলকে পড়া। [বিশেষ, ৪০।

চল্লিশ, (চত্বারিংশৎ শব্দজ) ণ, সংখ্যা

চশমা, (যাবনিক) ব্য, দৃষ্টির সাহায্যকারী কাচনির্ম্মিত নয়নাবরণ।

চষক, (চষ্=ভোজনকরা+অক—ণ) ব্য, পুং,—ন, মদ্যপান—মদখাইবার গ্লাস। ন, মদ্যবিশেষ, মধু। [রণ, লাঙ্গলদেওয়া, চষা।

চষণ, (দেশজ) ব্য, কর্ষণ, ভূমি বিদা-

চষতি, (কৃষ্=বিদারণকরা+তি, ক=চ, ঋ—অ) ব্য, পুং, নাশ, ধ্বংস।

চষাল, (চষ্+আল—সংজ্ঞার্থে) ব্য, পুং, যজ্ঞীয় পশুবন্ধনার্থ কাষ্ঠস্তম্ভ, যূপ, সাঁপি, যূপোপরিস্থ কাষ্ঠনির্ম্মিত ও অধঃস্থ লৌহনির্ম্মিত বলয়, মৌচাক, মধুথ।

চহলা, (দেশজ) ব্য, কর্দ্দম, কাদা।

চা, (যাবনিক) ব্য, শরীর পুষ্টিকর বৃক্ষবিশেষের পত্র।

চাঁট, (দেশজ). ব্য, গবাদি পশুর পদাঘাত। [কন।

চাঁউনি, (দেশজ) ব্য, দৃষ্টি, অবলো-

চাউল, ব্য, তণ্ডুল, পরিষ্কৃত ধান্য, (চালনী দ্বারা পরিষ্কৃত হইত বলিয়া বোধ হয় চাল বা চাউল নাম হইয়াছে)। [চাওয়া, অবলোকন।

চাওন, (দেশজ) ব্য, বাঞ্ছা, প্রার্থনা,

চাঁই, (দেশজ) ণ, প্রধান, মূলীভূত। ব্য, লোষ্ট্র, ঢিল, মাটীর চাপড়া।

চাঁচ, (দেশজ) ব্য, নলনির্ম্মিত আস্তরণ, দরমা। [করণ, চাঁচা।

চাঁচন, (দেশজ) ব্য, ছোলন, সূক্ষ্ম-

চাঁচর, (দেশজ) ব্য, কোঁকড়ান চুল, দোলের পূর্ব্বদিনকৃত্য বহ্ন্যুৎসব।

চাঁদ, (চন্দ্র শব্দজ) ব্য, নিশাকর, শশাঙ্ক। দা—মাথট,মাধুকরী বৃত্তি। দী—বিশুদ্ধ রৌপ্য, মাথার উপরিভাগ।

চাঁদনী, (চন্দ্রাতপ শব্দজ)ব্য,চাঁদোয়া, বারাণ্ডা,স্তম্ভোপরি ছাদযুক্ত প্রাঙ্গন, চত্বাল। [তপ, শামিয়ানা।

চাঁদোয়া, (চন্দ্রাতপ শব্দজ) ব্য, চন্দ্রা-

চাঁপা; (চম্পক শব্দজ) ব্য, চম্পক পুষ্প, অলঙ্কার বিশেষ।

চাক, (চক্র শব্দজ) ব্য, মধুক্রম, মৌচাক, কুম্ভকারের চক্র।
চাকন, (দেশজ) ব্য, আস্বাদন, স্বাদ-পরীক্ষা।
চাকর, (যাবনিক) ব্য, ভৃত্য, কর্ম্ম-চারী।—রাণী, দাসী —রি, দাসত্ব। —রান, ভৃত্যের ভরণার্থ তাহাকে নিষ্করে প্রদত্ত ভূম্যাদি।
চাকলা, (চক্র শব্দজ) ব্য, প্রদেশ, অঞ্চল। [চক্র।
চাকা, (চক্র শব্দজ) ব্য, রথাদির
চাক্‌চক্য, ব্য, ন, দীপ্তি, উজ্জ্বলতা।
চাকশূল, (দেশজ) ব্য, ওষধিবিশেষ।
চাক্রিক, (চক্র=সমূহ ইত্যাদি+ষ্ণিক) ব্য, পুং, ঘাণ্টিক, কুলু, গাড়োয়ান। ণ, ত্রি, চক্র সম্বন্ধীয়, গোলাকার।
চাক্ষুষ, (চক্ষুস্+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, চক্ষুদ্বারা যাহা উৎপন্ন হয়, যেমন চাক্ষুষ জ্ঞান, চক্ষু দ্বারা যাহা গৃহীত হইতে পারে, প্রত্যক্ষ, চক্ষুর গোচর। ব্য, ন, চক্ষুর্জন্যজ্ঞান, চক্ষে দেখা। পুং, ষষ্ঠ মনু।
চাঙ্গ, (চঙ্গ=সুন্দর+অন্) ব্য, পুং, দন্তের সৌষ্ঠব বা সৌন্দর্য্য।
চাঙ্গা, (দেশজ) ণ, সুস্থ, নীরোগ, সবল, রোগাদির পর পুনঃ বলপ্রাপ্ত।
চাঙ্গারী, (দেশজ) ব্য, বংশশলাকা-নির্ম্মিত পাত্রবিশেষ।
চাচপুট, ব্য, পুং, বাদ্যের তাল ভেদ।
চাঞ্চল্য, (চঞ্চল+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, চঞ্চলতা, অস্থিরতা।
চাট, (চট্—আঘাতকরা+ঘঞ্)ব্য, পুং, বিশ্বাসঘাতক, চোর, প্রতারক। (দেশজ) ব্য, মুখরোচনার্থ খাদ্য দ্রব্যবিশেষ।
চাটকের, চাটকৈর, (চটক=চড়ুই পাখী+এর, ঐর—অপত্যার্থে) ব্য, পুং, চটক পুত্র, চড়ুইপাখীর বাচ্চা।
চাটন, (দেশজ) ব্য, জিহ্বা দ্বারা রসাস্বাদন, লেহন।
চাটু, চটু, (চট্=[ক্রোধ] ভেদকরা+উ) ব্য, পুং,—ন, স্তুতি বাক্য, খোশা-মুদিয়া কথা, মিথ্যা প্রিয় বাক্য অনুচিত প্রিয় বাক্য, তোষামোদ। "প্রিয়ঃপ্রিয়ায়াঃ প্রকরোতি চাটুম্"।
চাটুকার, (চাটু=স্তুতিবাক্য+কার=যে করে, ২-ষ) ণ, ত্রি, প্রিয়ভাষী, খোশামুদিয়া।
চাটুপটু, চাটুবটু, (চাটু=স্তুতিবাক্য +পটু, বটু=নিপুণ, ৭-ষ) ব্য, পুং, ভণ্ড, ভাঁড়, প্রতারক, তোষামুদী, যে বিলক্ষণ তোষামোদ করিতে পারে, মোসাহেব।
চাটুবাদ, (চাটু=প্রিয়+বাদ=বচন, কর্ম্মধা) ব্য, পুং, প্রিয়বাক্য, অন্যের মনস্তুষ্টির নিমিত্ত অনুচিত প্রিয়বাক্য কথন।
চাটুবাদী, চাটুভাষী, (চাটু=প্রিয় +বাদিন্, ভাষিন্=যে বলে) ণ, ত্রি, চাটুকার।
চাটূক্তি, (চাটু=প্রিয়+উক্তি=কথন, কর্ম্মধা) ব্য, স্ত্রী, অযথার্থ প্রিয়বাক্য, স্তুতিবাক্য, মিথ্যা স্তুতিবাক্য।
চাণক্য, (চণক=মুনিবিশেষ+ষ—অপত্যার্থে) ব্য, পুং, মুনিবিশেষ, ইনি নন্দবংশের উচ্ছেদ সাধন করিয়া চন্দ্রগুপ্তকে মগধরাজ্যের সিংহাসনে প্রতিষ্ঠিত করেন, বাৎ-স্যায়ন মুনি, গ্রন্থকারবিশেষ, পণ্ডিত বিশেষ, বিষ্ণুগুপ্ত। ন, চাণক্যপ্রণীত গ্রন্থবিশেষ। [সের মল্লবিশেষ।
চাণূর, ব্য, পুং, দৈত্যবিশেষ, কং-
চাণূরসূদন, (চাণূর+সূদন=যে বধ করে, ২-ষ) ব্য, পুং, কৃষ্ণ।
চাণ্ডাল, (চণ্ডাল+অ—স্বার্থে) ব্য, পুং নিষাদ। লী—স্ত্রী, নিষাদী, "অপূর্ব্ব-কর্ম্মচাণ্ডালমযিমুগ্ধেবিমুঞ্চমাম্" উ, চ
চাণ্ডালিকা, ব্য, স্ত্রী, পার্ব্বতী, লতা

বিশেষ।

চাতক, (চৎ=যাচ্ঞাকরা+অক, যে মেঘের নিকট জল প্রার্থনা করে) ষ্য, পুং, স্বনাম প্রসিদ্ধ পক্ষী, এই চাতকেরা বৃষ্টির জল ভিন্ন অন্য জল পান করে না এইরূপ প্রসিদ্ধি আছে। "ধারা নৈব পতন্তি চাতক-মুখে মেঘস্য কিং দূষণম্"।

চাতকানন্দন, (চাতক+আনন্দন=হর্ষণ) ষ্য, পুং, বর্ষাকাল।

চাতাল, (চত্বর শব্দজ) ষ্য, অবেষ্টিত স্থান, অনাবৃত স্থল।

চাতুর, (চতুর=কুশল অথবা চতুর=চারি+অল, ক যোগে চাতুরকও হয়) ণ, ত্রি, চক্ষুর্গোচর. প্রত্যক্ষ, অনুমেয়, রথচালক, চালক, দক্ষ, কার্য্যকুশল। রী—স্ত্রী, নিপুণতা, চাতুর্য্য। পুং, গালবালিশ। ন,গাড়ি, চারি ব্যক্তির বসিবার স্থান বিশিষ্ট গাড়ি।

চাতুরাশ্রম্য, (চতুর্=চার+আশ্রম=বিধি+য—স্বার্থে) ষ্য, ন, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, ভিক্ষু এই চারি আশ্রমের ধর্ম্ম।

চাতুরিক, (চতুর=রথ+ইক) ষ্য, পুং, সারথি, রথাদি পরিচালক।

চাতুরী, (চতুর+অ—ভাবে, চ; ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী,চতুরতা, নৈপুণ্য। (দেশজ) প্রবঞ্চনা, শঠতা।

চাতুর্জ্জাতক, ষ্য, ন, গুড়ত্বক্, এলা, নাগকেশর ও পত্র এই চতুষ্টয়।

চাতুর্ভদ্র, ষ্য, ন, নাগর, অতিবিষা, মুস্তা ও গুড়ূচী এই চতুষ্টয়।

চাতুর্মাস্য, (চতুর্=চার+মাস+য—স্বার্থে) ষ্য, ন, চতুর্মাসসাধ্য ব্রত-বিশেষ, এই ব্রত আষাঢ় মাসের শুক্ল দ্বাদশী বা পূর্ণিমাতে আরম্ভ করিয়া কার্ত্তিক মাসের শুক্ল দ্বাদশীতে উদ্‌যাপন করিতে হয়।

চাতুর্য্য, (চতুর+য—ভাবে) ষ্য, ন, চতুরতা, নৈপুণ্য।(দেশজ)প্রবঞ্চনা, শঠতা।

চাতুর্ব্বর্ণ্য, (চতুর্=চার+বর্ণ=জাতি, য—স্বার্থে) ষ্য, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি জাতি। ন, চারিবর্ণের ধর্ম্ম। ণ, ত্রি, চতুর্ব্বর্ণ-সম্বন্ধীয়।

চান্বাল, (চৎ=প্রার্থনাকরা, দেবতা-র্চ্চনা করা+বাল—সংজ্ঞার্থে) ষ্য, পুং, গর্ত্ত, গহ্বর।

চান্দ্র, (চন্দ্র+অ—ইদমর্থে) ণ, ত্রি, চন্দ্রসম্বন্ধীয়, চন্দ্রনির্মিত, চান্দ্র ব্যাকরণাধ্যায়ী। ষ্য, পুং, চন্দ্রকান্ত মণি, ত্রিংশৎ তিথি ঘটিত মাস, চান্দ্রমাস, চন্দ্রলোক। ন, চান্দ্রায়ণ ব্রত, ব্যাকরণবিশেষ। দ্রী—স্ত্রী, চন্দ্রিকা, জ্যোৎস্না, চন্দ্রপত্নী, শ্বেত কণ্টকারী।

চান্দ্রক, ষ্য, ন, শুণ্ঠী, শুঁঠ।

চান্দ্রাখ্য, ষ্য, ন, আর্দ্রক, আদা।

চান্দ্রমস,(চন্দ্রমস্=চন্দ্র+অ—ইদমর্থে) ণ, ত্রি, চন্দ্রসম্বন্ধীয়। ষ্য, ন, মৃগ-শিরা নক্ষত্র।

চান্দ্রমাস, (চান্দ্র=চন্দ্রসম্বন্ধীয়+মাস) ষ্য, পুং, ত্রিংশৎ তিথিঘটিত মাস, অমাবস্যা বা পূর্ণিমা হইতে এই মাসের গণনা আরম্ভ করিতে হয়।

চান্দ্রায়ণ, (চন্দ্র+আয়ন, অথবা চান্দ্র =চন্দ্রলোক+অয়্=প্রাপ্তি+অন—ধ) ষ্য, পুং—ন, চন্দ্রব্রত, শুক্ল প্রতিপদ্ অবধি অমাবস্যা পর্য্যন্ত এক মাস প্রত্যহ আহারের বিশেষ নিয়ম, প্রায়শ্চিত্তবিশেষ।

চাপ, (চপ্=ক্ষেপণকরা+ঘঞ—ধ, অথবা চপ=বংশবিশেষ+অ—বিকা-রার্থে) ষ্য, পুং—ন, ধনুক, বৃত্তের অংশ বিশেষ (Segment of a circle.)

চাপড়, (চপেট শব্দজ) ব্য, করতল, থাবড়া।
চাপদণ্ড, (Piston) যাহা দ্বারা জলাদি উর্দ্ধগত ও অধোগত হয়, যেমন পিচ্‌কারীর দণ্ড। [টিপন।
চাপন, (দেশজ) ব্য, ভারদেওন,
চাপপট, ব্য, পুং, পিয়ালবৃক্ষ।
চাপল, চাপল্য, (চপল+অ, য—ভাবে) ব্য, ন, চপলতা, চাঞ্চল্য, অস্থৈর্য্য, ঔদ্ধত্য, অনবস্থিতি, অবিমৃষ্যকারিতা। [ঝাঁক।
চাপা, (দেশজ) ব্য, ঢাকন, ছাপর,
চাবী, (যাবনিক) ব্য, কুলুপের কাঠী, ছোড়ান, কুঞ্চিকা।
চাবুকা, ব্য, স্ত্রী, ক্ষুদ্র গোল বালিশ, তাকিয়া। [চর্ম্ম, ত্বক্‌, ছাল।
চাম, চামড়া, (চর্ম্মন্‌ শব্দজ) ব্য,
চামচা, (চমস্‌ শব্দজ) ব্য, দর্ব্বী, হাতা। [চটী, রাত্রিচর পক্ষিবিশেষ।
চামচিকা, (চর্ম্মচটিকা শব্দজ) ব্য, চর্ম্ম-
চামর, (চমর=মৃগবিশেষ+অ—ইদমর্থে) ব্য, ন, রী—স্ত্রী, চমরীপুচ্ছ নির্ম্মিত ব্যজনবিশেষ, বালব্যজন।
চামরপুষ্প, (চামর+পুষ্প) ব্য, পুং, যাহার পুষ্প সকল চামরের মত স্তবকে হয়, পূগবৃক্ষ, সুপারিগাছ, আম্রবৃক্ষ, কেতকী পুষ্পের গাছ, কাশতৃণ।
চামরী, (চামর+ইন্‌—অস্ত্যর্থে) ব্য, পুং, ঘোটক, অশ্ব, (ঘোটকের পুচ্ছ চামরের ন্যায়)।
চামার, (চর্ম্মার শব্দজ) ব্য, পাদুকানির্ম্মাতা, অতি নীচজাতি, মুচী।
চামীকর, (চমীকর—আকর+অ—ভবার্থে) ব্য, ন, স্বর্ণ।
চামুণ্ডা, (চণ্ড—অসুরবিশেষ+মুণ্ড—মস্তক ; চণ্ড স্থানে চা। চণ্ডাসুরের মুণ্ডকে আক্রমণ করিয়াছিলেন বলিয়া ইঁহার নাম চামুণ্ডা, অথবা চম্‌—সেনা+দা—গ্রহণকরা+ড, নিপাতন ; অথবা চ—চন্দ্র+মুণ্ড—মস্তক, ইঁহার মস্তক চন্দ্রের ন্যায়) ব্য, স্ত্রী, দুর্গা। "যস্মাচ্চণ্ডঞ্চ মুণ্ডঞ্চ গৃহীত্বা ত্বমুপাগতা চামুণ্ডেতি ততো লোকে খ্যাতা দেবি ভবিষ্যসি।"
চাম্পিলা, ব্য, স্ত্রী, নদীবিশেষ।
চাম্পেয়, (চম্পা=দেশবিশেষ+ঢেয়) ব্য, ন, স্বর্ণ, চম্পক, নাগকেশর, কিঞ্জল্ক। [ন, খাদ্য দ্রব্য।
চাম্য, (চম—ভক্ষণকরা+ণ্যৎ) ব্য,
চাম্পেয়ক, ব্য, পুং, কিঞ্জল্ক, কেশর।
চায়, ব্য, পুং, সমূহ।
চার, (চর্‌=গমনকরা+অ—ভাব, ঘ, ডে) ব্য, পুং, গতি, উদ্রেক, শৃঙ্খল, বন্ধন, কারাগার, বৃক্ষবিশেষ, ইতস্ততঃ ভ্রমণ। (চর+অ—স্বার্থে) প্রণিধি, গুপ্তচর। ন, কৃত্রিম বিষ।
চারক, (চারি—গমনকরান+অক—ঘ) ণ, ত্রি, যে চরায়, যথা—গোচারক, পশুচারক। বন্ধন, শৃঙ্খল, সঙ্গী।
চারচক্ষুঃ, (চার+চক্ষুস্‌, ৬.হ) ব্য, পুং, রাজা, নৃপতি, ইহারা স্বচক্ষে দেখেন না, চরেরাই ইহাদের চক্ষু স্বরূপ। 'যস্মাৎ পশ্যন্তি দূরস্থাঃ সর্ব্বানর্থান্নরাধিপাঃ, চারেণ তস্মাদুচ্যন্তে রাজানশ্চারচক্ষুষঃ"। [দ্রব্য।
চারটিকা, ব্য, স্ত্রী, নলীনামক গন্ধ
চারটী, ব্য, স্ত্রী, ভূমিআমলকী, ভুঁই আমলা।
চারচণ, (চার+চণপ্‌) ণ, ত্রি, যাহার গতি অতি সুন্দর, প্রিয়দর্শন।
চারণ, (চারি—গমনকরান+অন—ঘ) ব্য, পুং, যে যশকে গমনকরায়, নট, নর্ত্তক, দেবযোনিবিশেষ, ধর্ম্মশাস্ত্রাধ্যায়ী, ভাট, স্তুতিপাঠক, কারাগার, বন্দী। ব্য, ন, চরান, মাঠে লইয়া খাওয়ান, যথা—গোচারণ।
চারভট, (চার—[প্রশংসা প্রভৃতির]

প্রসারণ, প্রভি+ভট—যে কামনা করে) ব্য, পুং, বীরপুরুষ, যোদ্ধা।

চারবায়ু, (চার—যে গমনকরায়+বায়ু) ব্য, পুং, গ্রীষ্মকালীন বায়ু, সুখসেব্য বায়ু।

চারা, (দেশজ) ব্য, ক্ষুদ্রবৃক্ষ, উপায়। [চতুষ্টয় সংখ্যা, ৪।

চারি, (চতুর্ বা চত্বার শব্দজ) ণ,

চারিত, (চারি—গমনকরান+ত—চ) ণ, ত্রি, যাহাকে চরান গিয়াছে, সঞ্চারিত, পরিস্কৃত।

চারিত্র, চারিত্র্য, (চরিত্র+অ, য—স্বার্থে) ব্য, ন, চরিত্র, স্বভাব, দুষ্ট চরিত্র। "নৃশংসে দুষ্টচারিত্রে কুলঘ্নাস্ত বিনাশিনি কিং কৃতং তব রামেন পাপে পাপং ময়াপি বা" রামায়ণ। ত্রা—স্ত্রী, তেঁতুল গাছ।

চারী, ব্য, স্ত্রী, নৃত্যবিশেষ। ণ, ত্রি, বিবরণকারী।

চারু, (চর—গমনকরা+উ) ণ, ত্রি, সুন্দর, মনোরম, সুদৃশ্য, সুশোভন। "সর্ব্বং প্রিয়ে চারুতরং বসন্তে"।

চারুগর্ভ, চারুগুপ্ত, চারুদেষ্ণ, (চারু+গর্ভ—আশ্রয়, গুপ্ত—রক্ষিত) ব্য, পুং, শ্রীকৃষ্ণের পুত্র।

চারুতা, (চারু+তা—ভাবে) ব্য, স্ত্রী, মনোহারিতা, সৌন্দর্য্য।

চারুনালক, (চারু+নাল, ৬.হ) ব্য, ন, রক্তপদ্ম। [ব্য,স্ত্রী, দ্রাক্ষালতা।

চারুফলা, (চারু—সুন্দর+ফল, ৬.হ)

চারুলোচন, (চারু—সুন্দর+লোচন—নয়ন; ৬.হ) ব্য, পুং, হরিণ। না—স্ত্রী, হরিণাক্ষী। ণ, ত্রি, সুন্দরনেত্র।

চারুশিলা, (চারু+শিলা—প্রস্তর, কর্ম্মধা) ব্য, স্ত্রী, মণি, রত্ন।

চারুশীল, (চারু+শীল—স্বভাব, ৬.হ) ণ, ত্রি, সুশীল, সৎস্বভাব।

চার্চ্চিক্য, (চর্চ্চিকা [চর্চ্চ—সুন্দর হওয়া+অক]—চন্দনাদি দ্বারা বিলেপন+ষ্ণ্য) ব্য, ন, গাত্রে চন্দনাদি বিলেপন।

চার্ম্ম, (চর্ম্ম+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং, চর্ম্মাবৃত রথ। ণ, ত্রি, চর্ম্মাচ্ছাদিত।

চার্ম্মণ, (চর্ম্মন্—চামড়া+ষ্ণ—সমূহার্থে) ব্য, ন, চর্ম্মসমূহ। ণ, ত্রি, চর্ম্মনির্ম্মিত।

চার্ম্মিণ, (চর্ম্মিন্+ষ্ণ—সমূহার্থে) ব্য, ন, চর্ম্মিসমুদায়, ঢালিসমূহ।

চার্ব্বাক, (চারু+বাক্—বাক্য, ৬.হ, নিপাতন) ব্য, পুং, নাস্তিক বিশেষ, তার্কিক বিশেষ, এই মতে সচেতন দেহ ভিন্ন আত্মা নাই; সুখই পরম পুরুষার্থ; প্রত্যক্ষ-মাত্র প্রমাণ; পৃথিবী, জল, বায়ু, অগ্নি, এই চারি ভূত হইতে সমুদায় বস্তু সৃষ্ট হইয়াছে, ইহারা পরলোক ও পুনর্জ্জন্ম স্বীকার করে না; বৃহস্পতি, এই মতের প্রবর্ত্তক। "সর্ব্বথা লোকায়তমেব শাস্ত্রম্ যত্র প্রত্যক্ষমেব প্রমাণম্ পৃথিব্যপ্‌তেজোবায়বস্তূনি, অর্থকামৌ পুরুষার্থৌ, ভূতান্যেব চেতয়ন্তে, নাস্তি পরলোকঃ, মৃত্যুরেবাপবর্গ ইতি"।

চার্ব্বী, (চারু—মনোহর+ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, মনোহারিণী স্ত্রী, কুবেরপত্নী, দীপ্তি, জ্যোৎস্না।

চাল, (চল—গমনকরা+ঘঞ্) ব্য, পুং, যে গৃহোপরি গমনকরে, গৃহের আচ্ছাদন, ছাদ। (দেশজ) রীতি, তণ্ডুল।

চালক, (চালি—চালান+ণক—ক) ব্য, পুং, মত্ত হস্তী। ণ, ত্রি, যে ব্যক্তি শকটাদি চালায়, গাড়োয়ান।

চালন, (চালি+অনট্—ভাব) ব্য, ন, এক স্থান হইতে অন্যস্থানে নয়ন, চালান। না—স্ত্রী, অনুশীলন, চর্চ্চা, প্রস্তাব, সূচনা।

চালন, (চালি—চালান+অন—ণ) ব্য,

ন, নী—স্ত্রী, ছাঁকন, শস্যাদি ছাঁকিবার জন্য বহুছিদ্রযুক্ত পাত্র।

চালনীন্যায়—

যেরূপ চালনী দ্বারা তণ্ডুলাদি একস্থানে পতিত হয় ও তুষ ও অন্যান্য পদার্থ স্থানান্তরে পতিত হয় সেইরূপ, অর্থাৎ যেস্থলে উৎকৃষ্টাপকৃষ্টের সমবায় হইতে উৎকৃষ্টাংশ বাছিয়া লওয়া হয় সেইস্থলে এইন্যায়।

চালাক, (দেশজ) ণ, চতুর, নিপুণ। কী—চতুরতা।

চালিত, (চালি+ক্ত—ঢ) ণ, ত্রি, যাহাকে চালান গিয়াছে, স্থানান্তরিত, প্রস্তাবিত, অনুশীলিত।

চাষ, (চষ=ভক্ষণকরা+অ) ষ্য, পুং, স্বর্ণচাতক, সোণাচড়ই, নীলকণ্ঠ পক্ষী। (দেশজ) কৃষিকর্ম্ম। ষা—কৃষিজীবী, কৃষক।

চাস, (চষ=[মৎস্যাদি] বধকরা+অ) ষ্য, পুং, পক্ষিবিশেষ, নীলকণ্ঠ পক্ষী, ইক্ষু, আক।

চাহন, (বাঙ্গালা চাহ্+অন) ষ্য, ভিক্ষাকরণ, যাচ্ঞা।

চিক, (চিক্কণ শব্দজ) ষ্য, কণ্ঠাভরণ, বংশশলাকা রচিত পর্দ্দাবিশেষ।

চিক্ণ, (পূর্ব্বে দেখ) ণ, স্নিগ্ধ, চক্চকে, সুশ্রী।

চিকিৎসক, (চিকিৎস [কিত=রোগনষ্টকরা+সন্—স্বার্থে, দ্বিত্ব] =রোগের প্রতীকার করা+অক—ম) ষ্য, পুং, বৈদ্য।

চিকিৎসা, (চিকিৎসক দেখ, আ—ভাব) ষ্য, স্ত্রী, রোগপ্রতীকার।

চিকিৎসিত, (চিকিৎস+ক্ত—ভাব, ঢ) ষ্য, ন, চিকিৎসা করা। ণ, ত্রি, যাহার চিকিৎসা হইয়াছে।

চিকিৎস্য, (চিকিৎস+য—ঢ) ণ, ত্রি, প্রতীকার্য্য।

চিকিন, ণ, ত্রি, নতনাসিক, খাঁদা।

চিকিল, (চিক্=ব্যাঘাত করা+ইল, নিপাতন)ষ্য, পুং, পঙ্ক, কাদা।

চিকীর্ষা, (চিকীর্ষ [কৃ—করা+সন্—ইচ্ছার্থে]=করিতে ইচ্ছা করা+আ—ভাব) ষ্য, স্ত্রী, করিবার ইচ্ছা।

চিকীর্ষিত, (চিকীর্ষ+ক্ত—ঢ) ণ, ত্রি, করিবার নিমিত্ত অভিপ্রেত, বাঞ্ছিত। [ত্রি, করিতে ইচ্ছুক।

চিকীর্ষু, (চিকীর্ষ+উ—ম) ণ,

চিকুর, (চি=বর্দ্ধিতহওয়া+কুর—সংজ্ঞার্থে, অথবা চি=অব্যক্ত শব্দ+কুর্=শব্দ করা+অ—ম) ষ্য, পুং, কেশ "চিকুরপ্রকরা জয়ন্তি তে" নৈষধ। পর্ব্বত, সর্প, সরীসৃপ, পক্ষিবিশেষ, গৃহ। ণ, ত্রি, অপরাধী, চপল, চঞ্চল।

চিক্ক, (চিক্=অনুকরণশব্দ+ক [কৈ=শব্দকরা+ড—ম]=যে শব্দ করে, অথবা চিক্=কাতরহওয়া+অ) ষ্য, পুং, ছুছুন্দরী, ছুঁচা।

চিক্কণ, (চিৎ=বোধকরা+কণ, তৃ=ক্) ণ, ত্রি, চিকণ, স্নিগ্ধ, চক্চকিয়া। ষ্য, পুং, সুপারিগাছ। ন, সুপারি। ণা—স্ত্রী,উত্তম গাভি, চক্চকে গোরু।

চিক্কণশল্কী, যাহাদের শল্ক চিক্কণ ও অস্থিময়, যথা—ইজি'ন্সন মৎস্য, (Ganoidea.)

চিঙ্গট, চিঙ্গেট, চিঙ্গড়, (চিঙ্গ=সুন্দর অট, এট=যে গমন করে, অড়—ব্যাপে) ষ্য, পুং, চিঙ্গড়ী মাছ।

চিঙ্গটী, (চিঙ্গট+ঈ—অল্পার্থে) ষ্য,স্ত্রী, ছোট চিঙ্গড়ী। [বিশেষ।

চিঙ্গড়ী, (চিঙ্গটশব্দজ) ষ্য, মৎস্য-

চিচণ্ড, ষ্য,পুং, ফলবিশেষ, চিচিঙ্গা।

চিচ্ছক্তি, (চিৎ+শক্তি) ষ্য, স্ত্রী, তত্ত্বজ্ঞান, চৈতন্য।

চিঞ্চা, (চিম্ [চম্=ভোজনকরা+কিপ্]=ভোজন+চর=গমন করা+ড, যাহা ভোজনীয়, অথবা অতায় বলিয়া যাহার দ্বারা মুখ চিন্‌চিন্

করা) ব্য, স্ত্রী, তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল।
চিটা, (দেশজ) ণ, আটাল, চটচটে।
চিঠা, চিঠি, (দেশজ) ব্য, পত্র, লিপি
চিড়া, (চিপিটকশব্দজ) ব্য, চিপিটক।
চিত, (চি—সংগ্রহকরা+ক্ত-চ) ণ, ত্রি, সঞ্চিত, রচিত, গুম্ফিত, আচ্ছাদিত, ব্যাপ্ত।
চিতা, (চিত+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, শবদাহ স্থান, চুল্লী, চুলা, শবদাহার্থ সজ্জিত কাষ্ঠরাশি।
চিতাবাঘ, ব্য, ব্যাঘ্রবিশেষ।
চিতি, (চি+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, চিতা, রাশি, চয়, সমূহ, ইষ্টকাদি পরিমাণ জ্ঞাপক অঙ্কবিশেষ, ইষ্টকাদি পুঞ্জ, নির্বিষয় জ্ঞান।
চিৎ, (চিৎ—বোধকরা+ক্বিপ্) ব্য, স্ত্রী, জ্ঞান, চৈতন্য। ব্য, প্রত্যয়বিশেষ; যথা, কিঞ্চিৎ, কদাচিৎ।
চিত্ত, (চিৎ+ক্ত—সংজ্ঞার্থে) ব্য, ন, যাহার দ্বারা জানা যায়, হৃদয়, মনঃ, মানস। "সত্ত্বানামপি লক্ষ্যতে বিকৃতিমচ্চিত্তং ভয়ক্রোধয়োঃ" "চিত্তে নিবেশ্য পরিকল্পিত সর্ব্বযোগান্ রূপোচ্চয়েন বিধিনা বিহিতা কৃশাঙ্গী" শকুন্তলা।
চিত্তজ্ঞ, (চিত্ত+জ্ঞ=যে জানে) ণ, ত্রি, যে মনের ভাব বুঝিতে পারে।
চিত্তজন্মা, চিত্তযোনি, (চিত্ত+জন্মন্—জন্ম, যোনি—উৎপত্তিস্থান) ব্য, পুং, মনোভূ, মনোভব, কন্দর্প।
চিত্তপ্রসাদ, (চিত্ত+প্রসাদ—প্রসন্নতা) ব্য, পুং, মনের সন্তোষ, মনে অসুখকর চিন্তাদির অভাব।
চিত্তবিক্ষেপ, (চিত্ত+বিক্ষেপ—ক্ষেপণ, ৬-ষ) ব্য, পুং, এক বিষয় হইতে অন্য বিষয়ে চিত্তক্ষেপণ, মনঃ সংযোগ রাহিত্য, চিত্ত চাঞ্চল্য।
চিত্তবিপ্লব, চিত্তবিভ্রম, (চিত্ত+বিপ্লব—বিকৃতি, বিভ্রম—ভ্রান্তি, ৬-ষ) ব্য, পুং, বুদ্ধিভ্রংশ, বাতুলতা, উন্মাদ।
চিত্তবৃত্তি, (চিত্ত+বৃত্তি—ভাব) ব্য, স্ত্রী, মৈত্রী, করুণা, মুদিতা, উপেক্ষা, এই চতুর্ব্বিধ মানসিক বৃত্তি, চিত্তের অবস্থা, মনোগত ভাব, আন্তরিক ব্যাপার, "অহো রাগাপহৃতচিত্তবৃত্তিরালিখিতইব বিভাতি সর্ব্বতো রঙ্গঃ" শকুন্তলা।
চিত্তসমুন্নতি, (চিত্ত—মনঃ+সমুন্নতি—সম্যক্ প্রকারে উন্নতি) ব্য, স্ত্রী, অভিমান, অহঙ্কার, চিত্তের উন্নত অবস্থা।
চিত্তহারী, (চিত্ত+হারিন্—যে হরণ করে) ণ, ত্রি, যে চিত্ত হরণ করে, মনোহারী।
চিৎপাত, (চিৎ—উত্তান+পাত—পতন) ব্য, চিৎহইয়া পড়ন।
চিত্য, (চিতা+য, অথবা চি=সংগ্রহ করা+য, নিপাতন) ব্য, পুং, অগ্নি। ত্যা—স্ত্রী, চিতা, চয়ন।
চিত্র, (চিত্র্=চিত্রিতকরা, আশ্চর্য্যান্বিতকরা+অ) ব্য, ন, আলেখ্য, ছবি, রঙ্ দেওয়া, আশ্চর্য্য, অদ্ভুত "চিত্রং চিত্রং বত বত মহৎ চিত্ত মেতৎ বিচিত্রম্।" তিলক, শব্দালঙ্কার বিশেষ, "তচ্চিত্রংযত্র বর্ণানাং খড়্গাদ্যাকৃতি হেতুতা" কাব্যপ্রকাশ। পুং, আকাশ, যম, এরণ্ডবৃক্ষ, চিতাগাছ, নানাবর্ণ, কর্ব্বুরবর্ণ। পুং, ন, নানাবর্ণ। ণ, ত্রি, নানা বর্ণ বিশিষ্ট, নানাবিধ, আশ্চর্য্যজনক। ত্রা—স্ত্রী, মায়া, নক্ষত্রবিশেষ, নদীবিশেষ, অপ্সরাবিশেষ, চিতিসাপ।
চিত্রক, (চিত্র+ক—যোগ) ব্য, ন, চিত্র, তিলক (চিত্র—ক, কৈধাতুজ) পুং, ব্যাঘ্রবিশেষ, চিতাবাঘ। (চিত্র+অক) চিত্রকারক।
চিত্রকণ্ঠ, (চিত্র—বিচিত্র, চিত্রযুক্ত+কণ্ঠ=গলা, ৬, হ) ব্য, পুং, বনকপোত

পায়রা, ঘুঘু।
চিত্রকম্বল, (চিত্র=বিচিত্র+কম্বল, কর্ম্ম-ধা) ব্য, পুং, সুজিচা, গালিচা প্রভৃতি আসন।
চিত্রকর, চিত্রকৃৎ, চিত্রকার, (চিত্র=ছবি+কর, কৃৎ, কার=যে করে, ২-ব) ব্য, পুং, শূদ্রার গর্ভে বিশ্বকর্ম্মার ঔরসে জাত বর্ণ, সঙ্কর জাতিবিশেষ, পটুয়া জাতি, যে ছবি লেখে
চিত্রকায়, (চিত্র=বিচিত্র, চিহ্নযুক্ত+কায়=দেহ, ৬.হ) ব্য, পুং, চিত্রক, চিতাবাঘ। [ঘটিত বাক্য।
চিত্রকাব্য, ব্য, ন, পদ্মবন্ধ প্রভৃতি
চিত্রকূট, (চিত্র=আশ্চর্য্য, চিত্রিত+কূট=শিখর, ৬.হ) ব্য, পুং, রামগিরি, বুন্দেলখণ্ড দেশস্থ প্রসিদ্ধ কামতা পাহাড়, একণে তাহা চিত্রকোট নামে প্রসিদ্ধ।
চিত্রগত, (চিত্র+গত=গিয়াছে) ণ, ত্রি, চিত্রার্পিত, চিত্রলিখিত। [তাল।
চিত্রগন্ধ, (চিত্র+গন্ধ) ব্য, ন, হরি-
চিত্রগুপ্ত, (চিত্র=লেখন+গুপ্ত=যে রক্ষা করে) ব্য, পুং, যমবিশেষ, চতুর্দশ যমের এক যম, যমের লেখক।
চিত্রণ, (চিত্র=চিত্রিতকরা+অনট্—ভাব) ব্য, ন, ণা—স্ত্রী, লিখন, চিত্রকরণ। [ব্য, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ।
চিত্রত্বক্, (চিত্রত্বচ্, চিত্র+ত্বচ্=ছাল)
চিত্রদণ্ড, ব্য, পুং, ওল।
চিত্রনেত্রা, ব্য, স্ত্রী, ময়নাপাখী।
চিত্রপট, (চিত্র=ছবি+পট=বস্ত্র) ব্য, ন, যে বস্ত্রখণ্ডের উপর ছবি আঁকা যায়।
চিত্রপদা, (চিত্র=আশ্চর্য্য+পদ=চরণ) ব্য, স্ত্রী, অষ্টাক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ২য় ৩য় ৫ম এবং ৬ষ্ঠ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।
চিত্রপাদা, (চিত্র=বিচিত্রিত, চিহ্নযুক্ত+পাদ=পা) ব্য, স্ত্রী, সারিকা পক্ষিণী। [পুং, ময়ূর।
চিত্রপিচ্ছক, (চিত্র+পিচ্ছ=লেজ) ব্য,
চিত্রপুঙ্খ, (চিত্র=আশ্চর্য্যজনক+পুঙ্খ=বাণের পক্ষযুক্ত স্থান) ব্য, পুং, শর, বাণ।
চিত্রপৃষ্ঠ, (চিত্র=বিচিত্রিত, চিহ্নযুক্ত+পৃষ্ঠ=পিঠ) ব্য, পুং, কলবিঙ্কপক্ষী, চটক। [চিতল মাছ।
চিত্রফল, (চিত্র=আশ্চর্য্য+ফল) ব্য, পুং,
চিত্রফলক, (চিত্র=বিচিত্র+ফলক) ব্য, ন, যাহার উপরে ছবি আঁকা যায়।
চিত্রভানু, (চিত্র=বিচিত্র+ভানু=কিরণ, ৬.হ) ব্য, পুং, সপ্ত জিহ্বা রূপ অর্চি হওয়াতে যাহার বিচিত্র কিরণ, সূর্য্য, অগ্নি, অর্কবৃক্ষ, আকন্দ গাছ, ভৈরব।
চিত্রমেখল, (চিত্র=বিচিত্র, চিহ্নযুক্ত+মেখলা=কটিভূষণ, ৬.হ) ব্য, পুং, ময়ূর।
চিত্রযোধী, (চিত্র=অদ্ভুত+যোধিন্=যে যুদ্ধ করে) ব্য, পুং, অর্জ্জুন, অর্জ্জুন বৃক্ষ। ণ, ত্রি, যে অদ্ভুত রূপে যুদ্ধ করে।
চিত্ররথ, (চিত্র=চিত্রিত+রথ, ৬.হ) ব্য, পুং, সূর্য্য, গন্ধর্ব্ববিশেষ; ইনি দক্ষকন্যার গর্ভে কশ্যপের ঔরসে জন্মগ্রহণ করেন।
চিত্রল, (চিত্র=বিচিত্র+ল=যে উৎপন্ন হয়) ণ, ত্রি, চিত্রবর্ণ, নানাবর্ণ।
চিত্রলেখা, ব্য, স্ত্রী, বাণ রাজার মন্ত্রীর কন্যা, উষার সখী, অপ্সরাবিশেষ, ১৮ অক্ষর ছন্দোবিশেষ, যাহার ৫ম অবধি ১০ম পর্য্যন্ত বর্ণ ১৩শ এবং ১৬শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু
চিত্রবদাল, (চিত্র=চিত্রিত+বদাল=মৎস্যবিশেষ) ব্য, পুং, বোয়াল মাছ।
চিত্রশার্দ্দূল, (চিত্র=চিত্রিত, কর্ব্বুরবর্ণ+শার্দ্দূল=বাঘ) ব্য, পুং, চিতাবাঘ।

চিত্রশালা, চিত্রশালিকা, (Museum, চিত্র=আশ্চর্য্য বস্তু+শালা, শালিকা =গৃহ) ব্য, স্ত্রী, চিত্রবহুল গৃহ, যে স্থানে ইতিবৃত্ত, এবং প্রাকৃতিক বিজ্ঞান সম্বন্ধীয় কৌতূহলোদ্দীপক বস্তুসকল স্থাপিত থাকে। চিত্রকরণ গৃহ।

চিত্রশিখণ্ডিজ, (চিত্রশিখণ্ডী=সপ্তর্ষির মধ্যে একজন, অঙ্গিরাঃ+জ=জাত) ব্য, পুং, বৃহস্পতি।

চিত্রশিখণ্ডী, (চিত্র=আশ্চর্য্য+শিখণ্ড =চূড়া+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, মরীচি, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ এই সপ্ত ঋষি।

চিত্রহস্ত, ণ, ত্রি, উত্তালহস্ত, চিৎহাত।

চিত্রাঙ্গ, (চিত্র=চিত্রিত বা চিহ্নযুক্ত+ অঙ্গ=দেহ, ৬.হ) ণ, ত্রি, চিত্রিত বা অঙ্কিত দেহযুক্ত। ব্য, ন, হিঙ্গুল, হরিতাল। পুং, সর্প, রাঙ্‌চিতার গাছ। ঙ্গী—স্ত্রী, মঞ্জিষ্ঠা, কীট বিশেষ, কাণ-কোটারি।

চিত্রাঙ্গদ, (চিত্র+অঙ্গ=শরীর+দ=যে দান করে) ব্য, পুং, নৃপবিশেষ, ধৃতরাষ্ট্র ও পাণ্ডুর পূর্ব্বপুরুষ, শান্তনুপুত্র, বিচিত্রবীর্য্যের ভ্রাতা, গন্ধর্ব্ব-বিশেষ, নরকের বিচারক। দা—স্ত্রী, রাবণের মহিষী, অর্জ্জুনের স্ত্রী।

চিত্রাটীর, (চিত্র+অট=ভ্রমণকরা+ ঈরণ) ব্য, পুং, চন্দ্র, ঘণ্টাকর্ণের অর্চ্চনাকালে বলিপ্রদত্ত ছাগের শোণিত লাঞ্ছিত ললাট।

চিত্রান্ন, (চিত্র+অন্ন=ভক্ত) ব্য, ন, রঞ্জীকৃত অন্ন, খিচরান্ন, খিচুড়ী।

চিত্রায়স, (চিত্র+অয়স্=লৌহ, ৬.হ) ব্য, ন, লৌহ, তীক্ষ্ণ ইস্পাত।

চিত্রার্পিত, (চিত্র+অর্পিত, ৭—ষ) ণ, ত্রি, চিত্রফলকে লিখিত, নিশ্চেষ্ট, স্পন্দহীন, "চিত্রার্পিতারম্ভ ইবাবতস্থে"। উত্তরচরিত।

চিত্রিক, (চিত্রা=নক্ষত্রবিশেষ+ষ্ণিক— অন্বয়ুক্ত—মাস) ব্য, পুং, চৈত্রমাস।

চিত্রিণী, ব্য, স্ত্রী, নায়িকাবিশেষ।

চিত্রিত, (চিত্র=চিত্রিত করা+ত—ক্ত) ণ, ত্রি, যাহা চিত্রফলকে অঙ্কিত করা হইয়াছে, চিত্রার্পিত, নানাবর্ণযুক্ত, চিহ্নিত, রঞ্জিত।

চিত্রেশ, (চিত্রা=নক্ষত্রবিশেষ+ঈশ= প্রভু) ব্য, পুং, চন্দ্র।

চিত্রোক্তি, (চিত্র=অদ্ভুত+উক্তি= বাক্য) ব্য, স্ত্রী, আকাশ-বাণী, দৈববাণী, অদ্ভুতগল্প, হৃদয়গ্রাহী বাক্য-বিন্যাস।

চিদাত্মা, (চিৎ=জ্ঞান+আত্মা, কর্ম্মধা) ব্য, পুং, জ্ঞানস্বরূপ আত্মা, জ্ঞানরূপ, পরমাত্মা, "সত্যানন্দচিদাত্মতা"।

চিদাভাস, (চিৎ+আভাস=দীপ্তি, প্রতিবিম্ব, ৬-ষ) ব্য, পুং, জ্ঞানের আভাস, জ্ঞানের বিকাশ, জ্ঞান, জীবাত্মা।

চিদ্রূপ, (চিৎ+রূপ=স্বরূপ, প্রকার) ণ, পুং, জ্ঞানময়, আত্মা, জ্ঞানী। ণ, ত্রি, প্রিয়, ফূর্ত্তিমান্, প্রশস্তচেতাঃ, মনস্বী। [গত হওয়া।

চিনন, (দেশজ) ব্য, জানা, অব-

চিনা, (পূর্ব্বেদেখ) ব্য, চিহ্ন, নিদর্শন। ণ, পরিচিত। [বিকারবিশেষ।

চিনি, (দেশজ) ব্য, শর্করা, গুড়ের

চিন্তক, (চিন্তি=ভাবনাকরা+অক— ষ) ণ, ত্রি, যে ভাবনা করে, চিন্তয়িতা।

চিন্তন, চিন্তা, (চিন্তি=ভাবনাকরা+ অনট, আ—ভাব) ব্য, ন, স্ত্রী, ধ্যান, উপাসনা, অনুধ্যান, উদ্বেগ, ভাবনা, স্মরণ, আলোচনা, কোন বিষয় স্থির বা স্মরণ করিবার নিমিত্ত মনোমধ্যে অনুশীলন।

চিন্তাবেশ্ম, (চিন্তা=ভাবনা+বেশ্মন্ =গৃহ) ব্য, ন, মন্ত্রাগার, মন্ত্রণাগৃহ, যে গৃহে বসিয়া মন্ত্রণা করা যায়।

চিন্তামণি, (চিন্তা+মণি=রত্ন, ৬-ব) ষ্য, পুং, অভীষ্ট ফল প্রদায়ক রত্ন-বিশেষ, স্পর্শমণি, ব্রহ্মা, বুদ্ধবিশেষ, "কাচমূল্যেন বিক্রীতো হন্ত চিন্তা-মণির্ময়া" । "যথা চিন্তামণিং স্পৃষ্ট্বা লৌহং কাঞ্চনতাং ভজেৎ।"

চিঞ্চিড়ী, ষ্য, স্ত্রী, তিন্তিড়ী, তেঁতুল।

চিন্তিত, (চিন্তি+ত—চ, ষ) ণ, ত্রি, স্মৃত, ভাবিত, আলোচিত, অনু-শীলিত, চিন্তাকারক, চিন্তান্বিত, যে বিষয় চিন্তা করা হইয়াছে। ন, চিন্তা, ভাবনা।

চিন্ত্য, (চিন্তি+য—চ) ণ,ত্রি, ভাবনার বিষয়, চিন্তনীয়, দুর্য্য।

চিন্ত্যমান, (চিন্তি+শান—চ) ণ,ত্রি, যাহা চিন্তা করা হয়। [ঈশ্বর।

চিন্ময়, (চিৎ+ময়) ণ, ত্রি, জ্ঞানময়, চিপিট, চিপিটক, চিপুট, চিবিট, (নিপিট=চেপ্টাকরা+অ, নিপা-তন, নি=চি, অথবা পিট=চেপ্টা করা+ক) ষ্য, পুং, চিড়া। ণ, ত্রি, চেপ্টা, যাহার নাসিকা চেপ্টা, আয়তনাসিক। [খামচান।

চিমটন, (দেশজ) ষ্য, নখদ্বারা পীড়ন...,

চিমটা, (দেশজ) ষ্য, অল্প...জার ধার-পার্শ্ব লৌহনির্ম্মিত য...ত্রি, সোয়া।

চিমি, চিমিক, (...; চি=অনুকরণ শব্দ+ মি...—উচ্চারণ করা+কিপ্—ঘ ;ক—যোগে চিমিক) ষ্য, পুং, শুকপক্ষী, বৃক্ষবিশেষ।

চির, (চিরম্ শব্দজ) ক্রি—ণ, বহুকাল, অনন্তকাল। ণ, ত্রি, দীর্ঘকালস্থায়ী।

চিরকর্ম্মা, (চিরম্+কর্ম্মন্=ক্রিয়া,৬.হ) ণ, ত্রি, দীর্ঘসূত্রী, চিরক্রিয়।

চিরকারী, (চিরম্+কারিন্=যে করে) ণ, ত্রি, দীর্ঘসূত্রী।

চিরক্রিয়, (চিরম্+ক্রিয়া, ৬.হ) ণ, ত্রি, দীর্ঘসূত্রী, চিরকারী, বিলম্বে কার্য্যকারক।

চিরগত, ণ,ত্রি, বহুদিন হইতে অনুপ-স্থিত।

চিরচেষ্টিত, (চির=বহুকাল+চেষ্টিত =অন্বেষিত) ণ, ত্রি, যাহা বহুকাল হইতে অন্বেষণ করা যাইতেছে,যাহা কদাচিৎ ঘটে।

চরিজীবক, (চিরম্+জীবক=জীবিত) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, জীবক বৃক্ষ।

চিরজীবী, চিরঞ্জীবী, (চিরম্+জীব্ বাঁচা+ইন্—ব) ণ, ত্রি, বহুকাল স্থায়ী, দীর্ঘায়ুঃ। ষ্য, পুং, বিষ্ণু, কাক, স্থায়ী, জীরকবৃক্ষ, শাল্মলি বৃক্ষ, মার্কণ্ডেয়, অশ্বত্থামা, বলি, ব্যাস, হনুমান্, বিভীষণ, কৃপ, পর-শুরাম এই সাত জনকে চিরজীবী কহে, যাহার কখন মৃত্যু হইবে না, অমর "অশ্বত্থামা বলির্ব্যাসঃ হনু-মাংশ্চ বিভীষণঃ, কৃপঃ পরশুরামশ্চ সপ্তৈতে চিরজীবিনঃ।"

চিরণ, চেরণ, (দেশজ) ষ্য, বিদারণ।

চিরণ্টী, চিরিণ্টী, (চির+অট্, ইট=গমন করা...; নিপাতন) ষ্য,স্ত্রী, বিবা-হিতাই হউক অথবা অবিবাহিতাই হউক যে স্ত্রীলোক বয়স্থা হইলেও পিতৃগৃহে বাস করে, পিতৃগৃহস্থিতা কামিনী, অল্পবয়স্কা নারী।

চিরতা, চিরাতা, (চিরতিক্ত শব্দজ) ষ্য, ভূনিম্ব, চিরতা।

চির-তিক্ত, ষ্য, পুং, চিরতা।

চিরন্ত, চিরন্তন, (চিরম্+ত্ন, তন—ভবার্থে) ণ, ত্রি, পুরাতন, চিরকা-লীন, চিরাগত,যাহা বহুকাল হইতে চলিয়া আসিতেছে।

চিরনীহারবাহ, চিরনীহার সীমার অধোভাগে যে তুষাররাশি সংহত হইয়া থাকে। (Glacier.)

চিরনীহারসীমা, পর্ব্বতের যে অঙ্গ নিরন্তর নীহার মণ্ডিত থাকে, তাহার নিম্ন রেখা। (Snow-line).

চিরপাকী, ব্য, পুং, কপিত্থ।
চিরম্, চিররাত্রায়, চিরস্য, চিরাৎ, চিরায়, চিরেণ, চিরে, (দ্বিতীয়াদি বিভক্ত্যন্ত) ক্রি,—ণ, ব্য, বহুকাল, পুনঃ পুনঃ, অনবরত।
চিরপ্রবাসী, (চিরপ্রবাসিন্) ণ, ত্রি, যে ব্যক্তি বহুদিন বাটী ছাড়িয়া দূরদেশে অবস্থান করে, যথা "রোগী চিরপ্রবাসী, পরান্নভোগী, পরাবসথশায়ীণ যজ্জীবতি তন্মরণং যন্মরণং সোঽস্য বিশ্রামঃ" হিতোপদেশ।
চিরমিত্র, চিরবন্ধু, ব্য, ন, পুং, বহুকালের মিত্র, অনেক দিনের বন্ধু।
চিরমেহী, (চিরমেহিন্, চির=চিরম্‌শব্দজ+মিহ=প্রস্রাবকরা,সিক্তকরা +ইন্—ষ) ব্য, পুং—স্ত্রী, গর্দ্দভ।
চিরন্তণ, (চি=অনুকরণ চীৎকারধ্বনি +রন্ত্=আরম্ভকরা+অনট্—ব) ব্য, পুং, চিল, পক্ষীবিশেষ।
চিররাত্র, (চির=চিরম্‌শব্দজ+রাত্রি) ব্য, ন, বহুরাত্রি, বহুকাল।
চিরবিল্ব, (চির=চিরম্‌শব্দজ+বিল্ =ভাগকরা+ব) ব্য, পুং, করঞ্জবৃক্ষ।
চিরবৃষ্টিমণ্ডল, ব্য, যে দেশে অনবরত বৃষ্টি পতিত হইয়া থাকে।
চিরসূতা, (চিরম্+সূতা=প্রসূতা, চিরসূতিকা শব্দও হয়) ব্য, স্ত্রী, বহুকাল প্রসবিনী গবী, যে গোরুর অনেক বাচুর হইয়াছে।
চিরস্থায়ী, (চিরম্+স্থা=থাকা+ইন্ —ষ) ণ, ত্রি, যাহা অনেক দিন থাকে, দীর্ঘকালস্থায়ী, অবিনশ্বর।
চিরাগত, (চির+আগত) ণ, ত্রি, যাহা বহুকাল হইতে চলিয়া আসিতেছে, যাহা বরাবর চলিত আছে, অনেক দিনের পর উপস্থিত।
চিরায়ু, (চির+আয়ুস্=জীবন) ণ, ত্রি, চিরজীবী, দীর্ঘজীবী।
চিরি, (চি=অনুকরণ চীৎকার শব্দ +রা=উচ্চারণকরা+ই—ষ) ব্য, পুং, শুকপক্ষী।
চিরিণ্টী, ব্য, স্ত্রী, উঢ়া বা অনূঢ়া পিতৃগেহস্থিতা কন্যা, যুবতী।
চিরুক, (চির্=আঘাতকরা+উ) ব্য, ন, বাহুসন্ধি, স্কন্ধ ও বাহুদ্বয়ের মিলন স্থল। [তিকা, কাঁকুই।
চিরুণী, চিরণী, (দেশজ) ব্য, কঙ্কণ
চির্ভটী, ব্য, স্ত্রী, ফুটী, কাঁকুড়, "তন্তুকস্য তাবদমৃতরসাশ্চির্ভটীঃ।"
চিল, (চিল্ল শব্দজ) ব্য, পক্ষিবিশেষ।
চিলমীলিকা, (চির=চিরম্‌শব্দজ+মীল্=চকচক্ করা+ইক, র=ল) ব্য, স্ত্রী, কণ্ঠাভরণ, হার, খদ্যোত, বিদ্যুৎ। [চিল পক্ষী।
চিল্ল, (চিল্=বিলাসকরা+অ)ব্য,পুং,
চিল্লাভ, (চিল্ল=চিল+আভ [আ+ ভা=দীপ্তি পাওয়া+অ]=দীপ্ত, সমতুল্য, চিলের মত ছোঁ মারিয়া যে লইয়া যায়) ব্য, পুং, সামান্য চোর, হাত ছেঁচড়, ছিঁচকেচোর।
চিবণ, (চর্ব্বণ শব্দজ) ব্য, দন্তদ্বারা পেষণ বা চূর্ণকরণ।
চিবি, চিবু, চিবুক, (চীব=গ্রহণকরা +ই, উ, ক—যোগ) ব্য, দাড়ী, থুতনি।
চিহ্ন, (চিহ্ন=লক্ষ্যকরা+অ—ধ) ব্য, ন, দাগ, কলঙ্ক, পতাকা, ধ্বজা, লক্ষণ, যে কার্য্য দেখিয়া কারণের অনুমান করা যায়।
চিহ্নিত, (চিহ্ন্+ত—চ,ভাব) ণ, ত্রি, চিহ্নযুক্ত, অঙ্কিত, (Covenanted) যাঁহারা ইংলণ্ডে পরীক্ষা দিয়া আসিয়া এদেশে কিছুকাল দেশীয় শিক্ষা প্রাপ্ত হইয়া কর্ম্মে প্রবৃত্ত হন, তাঁহাদিগকে ইংলণ্ডে একখানি প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়া দিয়া আসিতে হয়।
চীৎকার, (চীৎ=অনুকরণশব্দ+কার

করণ) ব্য, পুং, উচ্চৈর্ধ্বনি, চেঁচান।

চীন, (চি=চয়নকরা+ন, ই=ঈ) ব্য, পুং, মৃগবিশেষ, দেশবিশেষ) পুং, বহু, চীনদেশীয় লোক। ন, সূক্ষ্ম বস্ত্রবিশেষ, ধ্বজ, পতাকা, "বাজিনাং চ সহস্রাণি, চীনদেশোদ্ভবানি চ"। [ইস্পাত।

চীনজ, (চীন+জ=উৎপন্ন) ব্য, ন,

চীনপিষ্ট, (চীন=দেশবিশেষ+পিষ্ট =পিটা, বঙ্গদেশের উত্তর-পশ্চিমস্থ পাহাড় ও চিনদেশ হইতে যাহা বহুপরিমাণে আনীত হয়) ব্য, ন, সিন্দুর বিশেষ, চীনের সিঁদুর, সীসা।

চীনরজ, ব্য, ন, সীসা।

চীনাংশুক, (চীন=ধ্বজা অথবা স্বনামখ্যাত দেশ+অংশুক=বস্ত্র) ব্য, ন, ধ্বজবস্ত্র, ধ্বজার কাপড়, চীনদেশোদ্ভব বস্ত্র, রেশমী কাপড়।

চীর, (চী+র, ই=ঈ, কিম্বা কৃ =বিক্ষেপ করা+অ—চ) ব্য, ন, ছিন্ন বস্ত্রখণ্ড, নেকড়া, গাছের ছাল, মালাবিশেষ, সীসা, বুদ্ধের পরিচ্ছেদ, লেখন, পরিচ্ছদের প্রান্তভাগ, রেখা, চীরকূট, "ক্রমচীরৈরলঙ্কৃতঃ, সৌমিত্রিঃ, চীরকৃষ্ণাজিনাম্বরৈঃ, চীরাণি, কিং পুথি[illegible]"।

চীরভৃৎ, চীরী, (চীর+ভৃৎ=যে ধারণ করে; ২—য, চীর+ইন্—অস্ত্যর্থে) ব্য,পুং,তাপস, চীরধারী, বল্কলধারী।

চীরিকা, ব্য, স্ত্রী, ঝিল্লী। [ফল।

চীরুক,ব্য, পুং, ফলবিশেষ, চেঁউর

চীর্ণ, ণ, ত্রি, কৃত, সঞ্চিত, শিক্ষিত, অনুশীলিত, আলোচিত, বিতর্ক, খণ্ডিত, বিদারিত।

চীর্ণপর্ণ, (চীর্ণ=খণ্ডিত+পর্ণ=পত্র) ব্য, পুং, নিম্বগাছ, খেজুর গাছ।

চীবর, (চি+বর ; ই=ঈ) ব্য, ন, কৌপীন, চীর, বল্কল, বৌদ্ধ সন্ন্যাসীর পরিধেয় বস্ত্র।

চীবরী, (চীবর=ভিক্ষুকের বস্ত্র+ইন্ —অস্ত্যর্থে) ব্য, পুং, বৌদ্ধসন্ন্যাসী।

চুয়ান, চোয়ান, (দেশজ) ব্য, নিঃসরণ, ক্ষরণ, গলন। [বোঁটা, স্তন।

চুঁচি, (চুচুক শব্দজ) ব্য, স্তনের

চুক, (দেশজ) ব্য, ভুল, ভ্রমে পড়া।

চুকন, (দেশজ) ব্য, ধারশোধ দেওয়া, শান দেওয়া।

চুকার, (চুক [চুক্=কাতর হওয়া+ অ]=কাতরাণি, ক্লেশ+আরি= ঘটান+অ) ব্য, পুং, সিংহনাদ।

চুক্তি, (দেশজ) ব্য, সমাধা, নিষ্পত্তি।

চুক্র, চুক্রক, (চক্=তৃপ্তহওয়া+র— সংজ্ঞার্থে, অ=উ, ক—যোগে চুক্রক) ব্য, ন, চুকপালম শাক।

চুঙ্গী, (দেশজ) ব্য, নলী, খোল, নল, চোঙ্গা।

চুচুক, চূচুক, (চুচু=অনুকরণ শব্দ+ কৈ=শব্দকরা+অ, শিশুর স্তনপান করিবার সময় 'চুচু' এই শব্দ হয়) ব্য, পুং—ন, কুচাগ্রভাগ, স্তনের বোঁটা।

চুঞ্চু, ব্য, পুং, ছুঁচা। ণ, ত্রি, (কোন শব্দের পর ব্যবহৃত হইলে) বিখ্যাত, প্রসিদ্ধ, যথা—ন্যায়চুঞ্চু, অক্ষরচুঞ্চু ইত্যাদি।

চুঞ্চুরী, (চিঞ্চা=তেঁতুল+র, রা= পাওয়া বা দানকরা+অ, চিঞ্চা= চুঞ্চ।ন—প্রান্তরে চুঞ্চুলী শব্দও হয়) ব্য, স্ত্রী, কাঁইবিচিদ্বারা খেলা, টকা ফকা খেলা।

চুড়ী, চুড়ী, (দেশজ) ব্য, স্ত্রীলোকদিগের হস্তাভরণবিশেষ।

চুনী, (দেশজ) ব্য, লোহিতবর্ণ ক্ষুদ্র রত্ন বিশেষ।

চুণ্টা, চুণ্টী, (চুন্ট=ক্ষুদ্র হওয়া, গভীর বা অগভীর হওয়া+অ। আ, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, কূপবিশিষ্ট

ক্ষুদ্রতর জলাশয়।

চুচু, ষ্য, পুং, স্ত্রীচিহ্ন।

চুচুতি, ষ্য, স্ত্রী, স্ত্রীচিহ্ন।

চুনন, (দেশজ) ষ্য, নির্বাচন, বাছিয়া লওয়া। [ভাঁজ।

চুনাট, (দেশজ) ষ্য, কোঁকড়া বা

চুন্দী, (চুদ্=অন্বেষণকরা+অ, ন্—আগম, ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, কুট্‌নী, যে অন্বেষণ করিয়া দেয়, কুট্টনী।

চুপ, (দেশজ) ণ, নীরব, মৌন, নিঃশব্দ। [চুকরী, ঝেঁকী।

চুপড়ী, (দেশজ) ষ্য, ক্ষুদ্র করণ্ডিকা,

চুম্ব, (চুম্ব্=চুম্বনকরা+র—সংজ্ঞার্থে ষ্য, ন বক্ত্র, মুখ।

চুমুক, (চুম্ব ধাতুজ) ষ্য, দ্রব্যাধারে ওষ্ঠ সহযোগে তরল পদার্থ পান, দুগ্ধাদি পান।

চুম্‌কী, (চুম্ব ধাতুজ) ষ্য, জলপাত্রবিশেষ, ক্ষুদ্র ঘটী, হীরক খণ্ডের ন্যায় উজ্জ্বল ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার রঙ্গনির্ম্মিত পদার্থ, পুত্তলিকাদি সজ্জিত করিবার সময় বস্ত্রাদির ঔজ্জ্বল্যসম্পাদনার্থ ইহা ব্যবহৃত হয়।

চুম্বক, (চুম্ব্=চুম্বনকরা+অক—ষ) ষ্য, পুং, লৌহাকর্ষক মণি, চুম্বক পাথর। ণ, ত্রি, শঠ, লম্পট, কামুক, সংগ্রহকর্ত্তা, যে নানা গ্রন্থ হইতে অনেক বিষয় আকলন করে, বহুশাস্ত্রদর্শী, যাহার একদেশমাত্রে দৃষ্টি আছে, চুম্বনকারী, যে চুম্বন করে।

চুম্বন, (চুম্ব্+অনট্—ভাব) ষ্য, ন, মুখে মুখস্পর্শ, চুম।

চুম্বক, ষ্য, পুং, লৌহবিশেষ, প্রস্তর বিশেষ, অয়স্কান্ত মণি, চুমুকপাথর। (দেশজ) সংক্ষেপ, মূল মর্ম্ম, তাৎপর্য্য

চুম্বিত, (চুম্ব্+ত-চ) ণ, ত্রি, যাহাকে চুম্বন করা গিয়াছে, মিলিত, স্পৃষ্ট, সংযুক্ত, আকৃষ্ট।

চুয়ান, (দেশজ) ষ্য, বস্ত্রদ্বারা জল নিঃসারণ।

চুরট, (দেশজ) ষ্য, শুষ্কতাম্রকূট নির্ম্মিত ধূমপানার্থ দ্রব্যবিশেষ।

চুরা, (চুর্=চুরিকরা+আ—ভাব) ষ্য, স্ত্রী, চৌর্য্য, চুরি, অপহরণ। [হরণ।

চুরি, (চৌরি শব্দজ) ষ্য, চৌর্য্য, অপ-

চুরী, (চুটি=সঙ্কীর্ণ হওয়া+ক+ঈ, ট=র) ষ্য, স্ত্রী, ক্ষুদ্রকূপ।

চুল, ষ্য, কেশ, শিরোরুহ।

চুলা, (চুল্লী শব্দজ) ষ্য, উনান, আখা।

চুলুক, (চুল্=ডোবা, পানকরা+উক) ষ্য, পুং, পঙ্ক, কর্দ্দম, কাদা, ক্ষুদ্রপাত্র, গণ্ডূষ, অঞ্জলি। ন, মার্জ্জনোপযুক্ত জল, "মার্জ্জনজলমাচামং তচ্চুলুকমিতি"।

চুলুকন, ষ্য, পুং, শিশুমার, শুশুক।

চুলুকী, ষ্য, পুং, শিশুমারাকৃতি মৎস্য

চুলুকিত, (চুলুক+ইত-ইদমর্থে) ণ, ত্রি, গণ্ডূষ দ্বারা পীত "পত্যো কৃতপদাঘাতশ্চুলুকিতস্ততঃ সপত্নিকাসেবী, ইতি দোষাদিচ বোধাম্মাধব রোষাদ্বিজান্‌ত্যজতি।" কর্দ্দমিত, পঙ্কিল।

চুলুম্প, (চুলুম্প্=ছেদনকরা, লোপকরা+অ) ষ্য, পুং, শিশুদিগকে প্রতিপালন। স্ত্রী, ছাগী। [কণ্ডূয়া।

চুল্কনা,—নি, (দেশজ) ষ্য, গাত্রকণ্ডূ,

চুল্কান, (দেশজ) ষ্য, কণ্ডূয়ন।

চুল্লকী, (চুল্ল্=[জলে] বিলাসকরা+অক) ষ্য, স্ত্রী, শিশুমার, শুশুক, পাত্রবিশেষ, নদী প্রভৃতির পরপার।

চুল্লা, চুল্লি, চুল্লী, (চুল্ল্=বিলাসকরা, রাখা+অ—ভে) ষ্য, স্ত্রী, অগ্নিস্থান, উনান, চুলা, চিতা, দাহস্থান।

চুস্ত, (চুষ্=চুষা+ত; নিপাতন) ষ্য, ন, ফলাদির অসার অংশ, তুষ, যেমন কাঠালের ভুতুড়ি, পক্কমাংস।

চুড়, ষ্য, হস্তের আভরণ।

চূড়া, (চুদি=প্রেরণকরা+আ; চুদি=

চূড়) ব্য, ন, সংস্কারবিশেষ, ময়ূর-শিখা, মস্তকস্থিত মুকুটাদি, মস্তক, উপরের ঘর, অগ্রভাগ, টিকি, ঝুঁটি, শিখা, কেশ, শৃঙ্গ, শিখর, শিরো-ভূষণ, মুকুট, হস্তাভরণ বিশেষ, চূড়ী, ভূষণ, কূপকূপ্।

চূড়াকরণ, (চূড়া + কৃ—করা + অনট্—ভাব) ব্য, ন, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য—এই বর্ণ ত্রয়ের সংস্কারবিশেষ, এই সংস্কারে সমস্ত মস্তক মুণ্ডন করিয়া মধ্যস্থলে অল্পমাত্র কেশ গুচ্ছ অর্থাৎ শিখা রাখিয়া দেয়।

চূড়ান্ত, (চূড়া—শিখা + অন্ত = শেষ) ব্য, পুং, ন, মীমাংসা, শেষ, নিষ্পত্তি, চূড়ার অন্ত, চূড়ার শেষভাগ, পরাকাষ্ঠা, শেষসীমা।

চূড়ামণি, (চূড়া + মণি—রত্ন, ৬-ষ) ব্য, পুং, চূড়াস্থিতমণি, শিরোরত্ন, শিরো-ভূষণ। ণ, ত্রি, প্রধান, শ্রেষ্ঠ, "ভূষণানাং চ সর্ব্বেষাং যথা চূড়ামণির্বরঃ"

চূড়ামণিযোগ, ব্য, পুং, রবিবারে সূর্য্যগ্রহণ কিম্বা সোমবারে চন্দ্র গ্রহণ যোগ।

চূড়াল, (চূড়া—শিখা + ল—অস্ত্যর্থে, অথবা—ল [লা + অ]—যে লয়) ব্য, ন, মস্তক। লা-স্ত্রী, ঘাসবিশেষ। ণ, ত্রি, চূড়াযুক্ত, শিখাবিশিষ্ট।

চূণ, (চূর্ণশব্দজ) ব্য, শম্বুক প্রস্তরাদি ভস্ম করিয়া যে ক্ষার প্রস্তুত হয়, প্রস্তর, প্রস্তরাদি ভস্ম।

চূণকাম, (চূণ + কাম—কর্ম্মশব্দজ) ব্য, চূর্ণদ্বারা গৃহবিলেপন, সুধাধবলিত করা।

চূণারী, (দেশজ) ব্য, চূর্ণপ্রস্তুতকারক, যাহারা চূণ প্রস্তুত করে, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

চূত, (চুষ + ক্ত—নিপাতন) ব্য, পুং, আম্রবৃক্ষ। ন, আম্র "মনসিজেন সখে প্রহরিষ্যতা ধনুষি চূতশরশ্চ নি-বেশিতঃ"। "চূতাঙ্কুরাস্বাদকষায়কণ্ঠঃ পুংস্কোকিলো যন্মধুরং চুকূজ"। (চ্যু + ক্ত) গুহদ্বার, প্রসবদ্বার।

চূর, (চূর্ণ ধাতুজ) ব্য, চূর্ণ, গুঁড়া।

চূর্ণ, (চূর্ণ—গুঁড়াকরা + ঘঞ্—চ) ব্য, পুং, ধূলি, গুঁড়া, আবীর, সুগন্ধিধূলি, চূণ, শক্তু। ণ, ত্রি, যাহা গুঁড় হই-য়াছে, যাহা নষ্ট হইয়াছে।

চূর্ণক, (চূর্ণ + ক—যোগ) ব্য, পুং, গুঁড়া, ধূলিবিশেষ। (চূর্ণ + অক) শক্তু, ছাতু। ন, গদ্য গ্রন্থবিশেষ, যাহাতে মূলের অর্থ স্পষ্টরূপে ব্যাখ্যা থাকে।

চূর্ণকার, (চূর্ণ + কার—যে করে) ব্য, পুং, যে চূণের ব্যবসা করে, চূণারী।

চূর্ণকুন্তল, (চূর্ণ—কোঁকড়া + কুন্তল = চুল, কর্ম্মধা) ব্য, পুং, ঝাপ্টা, অলক, জুল্‌ফি।

চূর্ণখণ্ড, (চূর্ণ = ধূলি + খণ্ড = টুকরা) ব্য, ন, ঘুটিম, কঙ্কর, কাঁকর।

চূর্ণন, (চূর্ণ্ + অনট্—ভাব) ব্য, ন, গুঁড়াকরা, চূর্ণকরা।

চূর্ণপারদ, ব্য, পুং, হিঙ্গুল।

চূর্ণিত, (চূর্ণ + ত—চ) ণ, ত্রি, যাহা চূর্ণ করা গিয়াছে, চূর্ণীকৃত।

চূর্ণি, চূর্ণী, (চর = [স্রোতে] গমনকরা + নি—সংজ্ঞার্থে, অথবা চূর্ণ—প্রেরণ করা, লক্ষ্য করা ইত্যাদি + ই, বা চুষ—দগ্ধকরা + তি) ব্য, স্ত্রী, কপর্দ্দক, কড়ি, একশত কড়া কড়ি, নদীবিশেষ, পাতঞ্জল ভাষ্য, উত্তরদানাযোগ্য অতিশয় দুরূহ প্রশ্নের আলোচনা।

চূর্ণীভূত, (চূর্ণ + ভূত—হইয়াছে ; ঈ—আগম) ণ, ত্রি, যাহা চূর্ণ হইয়া গিয়াছে।

চূল, চূলক, ব্য, পুং, কেশ।

চূলা, (চুল—উন্নত হওয়া + আ) ব্য, স্ত্রী, চূড়া, অট্টালিকার উপরিস্থ গৃহ, চিলের ঘর।

চূলিক, (চুল—উন্নত হওয়া + ইক—

সংজ্ঞার্থে) ব্য, ন, ষুতপক গোধূম সুচী, পিষ্টক।

চুম্বিকা, (চুম্ব+অক—ষ: আ-স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, হস্তিকর্ণ-মূল, নাটকের অঙ্গ বিশেষ, নাট্যোক্ত হীন ব্যক্তি।

চূষণ, (চূষ্=চুষা+অনট্—ভাব) ব্য, ন, জিহ্বাদ্বারা রসগ্রহণ, চোষা।

চূষী, (চূষ্ ধাতুজ) ব্য, রঙ্গকরা ক্ষুদ্র কাষ্ঠখণ্ড বিশেষ, যাহা শিশুদিগকে চুষিবার জন্য ক্রীড়নকস্বরূপে প্রদত্ত হয়।

চেঁচান, (দেশজ) ব্য, চীৎকার করণ।

চেট, চেটক, চেড়, (চিট্=প্রেরণকরা +অ, ক—যোগে চেটক) ব্য, পুং, যাহাকে প্রেরণকরা যায়। টিকা, টী, ডী—স্ত্রী, দাস, দাসী, উপনায়ক, উপনায়িকা।

চেটা, চেটাই, (দেশজ) ব্য, সামান্য আসনবিশেষ, খর্জ্জুর বা তালপত্র-নির্ম্মিত আবরণ।

চেৎ, (চিৎ=জানা+ক্বিপ) ব্য, যদি, বিবেচনা। "স্বাচ্ছেদেষ ন রাবণঃ কহ্ পুনঃ সর্ব্বত্র সর্ব্বে গুণাঃ" বীরচরিত।

চেতঃ, (চিৎ+অস্) ব্য, ন, চিত্ত, মন, অন্তঃকরণ, "অপহরতিমুনেরপোষ চেতো বসন্তঃ।"

চেতক, (চিৎ+অক—ষ) ণ, ত্রি, উদ্বোধক, যে বিস্মৃত বিষয়ের স্মরণ করাইয়া দেয়।

চেতন, (চিৎ+অন—ষ, ভাব) ব্য, পুং, আত্মা, জীব। না—স্ত্রী, সংজ্ঞা, বুদ্ধি, জ্ঞান, চৈতন্য। ণ, ত্রি, জীব, জন্তু, চৈতন্যবিশিষ্ট, যাহার জীবন, অনুভব ও গতিশক্তি আছে, জাগ্রৎ, যে জাগিয়া আছে। "বর্ত্তত চেতনা নাম মন ইত্যভিধীয়তে।"

চেতকী, ব্য, স্ত্রী, হরীতকী।

চেতোভূ, ব্য, পুং, মদন, কাম।

চেদার, ব্য, পুং, বৌদ্ধিক, যোদ্ধা।

চেদি, ব্য, পুং, দেশবিশেষ, চন্দেল দেশ, বংশবিশেষ। পুং, বহুং, তদ্দেশীয় লোক।

চেদিপতি, চেদিরাজ, (চেদি+পতি, রাজন্, ৬-ষ) ব্য, পুং, শিশুপাল।

চেদিপতি, (চেদি+দেশবিশেষ+পতি =প্রভুরাজা) ব্য, পুং, শিশুপাল, যিনি কৃষ্ণ কর্ত্তৃক হত হয়েন।

চেপটা, (চিপিট শব্দজ) ণ, চৌড়া, প্রশস্ত, চেটাল।

চেররাজ্য, ব্য, ইহার উত্তরে কর্ণাট, দক্ষিণে সমুদ্র, এবং পশ্চিমে কেরল দেশ।

চেল, (চিল্=পরিধানকরা+অ—চ) ব্য, ন, লী—স্ত্রী, বস্ত্র, পরিচ্ছদ। ণ, ত্রি, অধম, চেলা। [কাষ্ঠখণ্ড।

চেলা, (দেশজ) ব্য, সন্ন্যাসীদের শিষ্য,

চেলিকা, চেলী, (চেল=বস্ত্র+ক) ব্য, স্ত্রী, চেলির কাপড়।

চেলীম, ব্য, পুং, ক্ষুদ্র মৎস্যবিশেষ।

চেষ্টমান, (চেষ্ট=চেষ্টাকরা+শান—ষ) ণ, ত্রি, যে চেষ্টা করিতেছে, উদ্যোগী।

চেষ্টা, চেষ্টিত, (চেষ্ট+আ, ত—ভাব) ব্য, কায়িক ব্যাপার, অভীষ্টসাধক অনিষ্টনাশক ক্রিয়া, ব্যাপার, কর্ম্ম, কার্য্য, গতি, সাহস, যত্ন, উদ্যোগ, কৃতিজন্য ভবেচ্চেষ্টা।

চেষ্টানিরূপণ, ব্য, ন, কোন ব্যক্তির কার্য্যাবলোকন, সদসদ্নির্দ্ধারণ।

চেষ্টিত, (চেষ্ট+ত—ষ) ণ, ত্রি, সচেষ্ট, যে চেষ্টা করে, কৃত। ন, গতি, গমন, শারীরিক কার্য্য, চরিত্র, কার্য্য। [চাবিক।

চৈ, (দেশজ) ব্য, মরিচবিশেষ, চব্য,

চৈতন্য, (চেতন+য—স্বার্থে, ভাবে) ব্য, পুং, আত্মা, ভগবানের অবতার, বৈষ্ণব ধর্ম্মের প্রবর্ত্তয়িতা

বিষ্ণুর অবতাররূপে পরিগৃহীত ব্যক্তি বিশেষ। ন, জ্ঞান, চেতনের ধর্ম্ম, চেতনা, ব্রহ্মা, আত্মা, প্রকৃতি, জাগরণ।

চৈত্ত, (চিত্ত+অ) ব্য, ন, বৌদ্ধ-মতে—বিজ্ঞানভিন্ন স্কন্ধ।

চৈত্য, (চিত্যা—অগ্নি+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং, শ্মশানতরু, পবিত্র বৃক্ষ, পূজনীয় বৃক্ষ। ন, যজ্ঞস্থান, বেদী, বৌদ্ধদিগের দেবালয়বিশেষ, জৈন-মন্দির, মনুমেণ্ট, মৃতব্যক্তির কবরের উপর উত্তোলিত স্মরণার্থ স্তম্ভ। (চিতা+অ—ইদমর্থে) ণ, ত্রি, চিতাসম্বন্ধীয়। "নীড়ারম্ভৈঃ গৃহবলি-ভুজামাকুলগ্রামচৈত্যাঃ"। "একো বৃক্ষো হি যো গ্রামে ভবেৎ পর্ণফলান্বিতঃ। চৈত্যো ভবতি নির্জ্ঞাতিরর্চনীয়ঃ সুপূজিতঃ"॥

চৈত্যদ্রু, ব্য, পুং, অশ্বত্থবৃক্ষ।

চৈত্যমুখ, ব্য, পুং, ছাত্রের জলপাত্র, কমণ্ডলু, পূজা পাত্র বিশেষ।

চৈত্র, চৈত্রক, চৈত্রিক, (চৈত্রী=চিত্রানক্ষত্র+ষ্ণ—যুক্তার্থে ; ক—স্বার্থে) ব্য, পুং, বসন্তকালের প্রথম মাস, চৈত্রমাস, মধুমাস, ভারতবর্ষের অন্তর্গত পর্ব্বত শ্রেণীবিশেষ, জৈন সন্ন্যাসী, বুদ্ধের স্ত্রী চৈত্রার গর্ভসম্ভূত পুত্র। ন, স্মরণস্তম্ভ, ক্ষুদ্র মন্দির।

চৈত্ররথ, (চিত্ররথ—এই উদ্যানরক্ষক গন্ধর্ব্ব+ষ্ণ—রক্ষার্থে) ব্য, ন, কুবেরের উদ্যান, "বৃন্দাবনে চৈত্ররথাদনূনে, নির্ব্বিশ্যতাং সুন্দরি যৌবনশ্রীঃ" রঘু। [তিথি।

চৈত্রাবলী, ব্য, স্ত্রী, চৈত্রমাসের পূর্ণিমা

চৈত্রী, (চিত্রা—নক্ষত্রবিশেষ+ষ্ণ) ব্য, স্ত্রী, চিত্রানক্ষত্রযুক্তা পূর্ণিমা।

চৈদ্য, (চেদি—এই দেশের নাম+ষ্ণ্য —ইদমর্থে) ব্য, পুং, শিশুপাল। ণ, ত্রি, চেদিদেশীয়, চেদীবংশীয়।

চৈল, (চেল+ষ্ণ) ণ, ত্রি, বস্ত্র, বস্ত্র-সম্বন্ধীয়, যে কীটাদি বস্ত্র কাটে।

চোক্ষ, (চুষ=চোষণকরা+ষ, ষ=ক) ণ, ত্রি, গীত, পরিষ্কৃত, বিশুদ্ধ, নির্ম্মল, দক্ষ, কার্য্যকুশল, সুন্দর, মনোহর, তীক্ষ্ণ। [অভ্যন্তরস্থ ছিবড়া।

চোচ, (দেশজ) ব্য, আঁষ, ছালের

চোকান, (দেশজ) ব্য, শানদেওয়া, তীক্ষ্ণীকরণ, নিষ্পত্তি। [ফাঁপা বংশ খণ্ড।

চোঙ্গা, (দেশজ) ব্য, নলী, সচ্ছিদ্র অর্থাৎ

চোটান, (দেশজ) ব্য, আঘাত করণ, বিদারণ। [স্ত্রী, শাটী, শাড়ী।

চোটী, (চুট=অল্প হওয়া+অ) ব্য,

চোড়, (চুল্=উন্নত হওয়া ; ল=ড়) ব্য, পুং, উত্তরীয় বস্ত্র, দেশবিশেষ।

চোদনা, (চোদি=প্রেরণকরা+অনট্ —ভাব, আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, ধর্ম্ম-বিষয়ে অনুজ্ঞা প্রেরণ, তর্জ্জনা, বিধান, প্রবর্ত্তনা, ক্ষেপণ।

চোদয়িতা, (চুদ্+তৃণ্—ষ) ণ, ত্রি, চালক, প্রবর্ত্তক, প্রেরক।

চোদিত, (চুদ্+ত—চ) ণ, ত্রি, প্রেরিত, নিয়োজিত, নিক্ষিপ্ত, অনুজ্ঞাত, প্রবর্ত্তিত।

চোদ্য, (চুদ্=প্রেরণকরা, জিজ্ঞাসাকরা ইত্যাদি+য—চ) ব্য, ন, অদ্ভুত, আশ্চর্য্য জনক, জিজ্ঞাসা, প্রশ্ন। ণ, ত্রি, প্রেরণযোগ্য। [গোমূত্র।

চোনা, (দেশজ) ব্য, গোরুর প্রস্রাব,

চোপন, (চুপ্=মন্দ মন্দ গমন করা+অনট্—ভাব) ব্য, ন, মৃদু মন্দ গমন, আস্তে আস্তে যাওয়া, চুপ করিয়া থাকা, মৌনাবলম্বন।

চোপন, (দেশজ) ব্য, অস্ত্র দ্বারা অনবরত প্রহার করা।

চোর, (চৌরি=চুরিকরা+ষ্ণ—ষ) ব্য, পুং, তস্কর, যে চুরি করে, পরদ্রব্যাপহারক, গন্ধদ্রব্যবিশেষ।

[illegible]ক, ব্য, পুং, এক প্রকার

ব্যাসবিশেষ, চোর কাঁটা।

চোরিকা, (চৌরিকা দেখ) ষ্য, স্ত্রী, তস্করতা, চুরি।

চোরিত, (চুর্+ক্ত—চ) ণ, ত্রি, অপহৃত, যাহা চুরি করিয়াছে।

চোল, (চুল্=উন্নত হওয়া+অ, অথবা চোল=ব্যক্তি বিশেষের নাম, এই রাজার নামে এই দেশের নাম হইয়াছে) ষ্য, পুং, দেশবিশেষ, তাঞ্জোর, পাণ্ড্যমণ্ডলের উত্তর পিনাকিনী নদী পর্য্যন্ত এই দেশের সীমা। ন, লী—স্ত্রী, কাঁচুলি, ঘাঘরা।

চোলক, (চুল্=উন্নত হওয়া+ণক—চ) ষ্য, পুং, সাঁজোয়া, বর্ম্ম, কবচ, বল্কল, চাল। [উষ্ণীষ, মুকুট।

চোলণ্ডুক, ষ্য, পুং, মস্তকের ভূষণ,

চোষ, ষ্য, পুং, চোষণ, দোহন, স্ফীতি।

চোষ্য, (চুষ্=চুষা+য—চ) ণ, ত্রি, যাহা চুষিয়া খাইতে হয়।

চোস্ক, ষ্য, পুং, উত্তরজাতীয় ঘোটক।

চোহাড়, (দেশজ) ষ্য, পাহাড়ীয়া অন্ত্যজ জাতি।

চোহালি, (দেশজ) ষ্য, ওষ্ঠদ্বয়ের প্রান্তভাগস্থ অস্থি, চিবুকের অস্থি।

চৌক, (চক্ষুস্ শব্দজ) ষ্য, নেত্র, চারিপণ।

চৌকষ, (চক্ষুস্ শব্দজ) ণ, মনোযোগী, সতর্ক, যাহার সকল দিকে দৃষ্টি আছে।

চৌকা, (চতুষ্কোণ শব্দজ) ষ্য, চারি কোণা, পাকস্থান।

চৌকাঠ, (চৌ=চতুর্ শব্দজ+কাঠ= কাষ্ঠ শব্দজ) ষ্য, দ্বারের অধঃ কাষ্ঠ।

চৌকি, (চতুষ্কী শব্দজ) ষ্য, খুরসী, আসন, পাহারা, রক্ষা।

চৌকিদার, (যাবনিক) ষ্য, প্রহরী।

চৌড়, চৌল, (চূড়া=শিখা+ষ্ণ) ণ, ত্রি, চূড়াসম্বন্ধীয়, চূড়াবিশিষ্ট। ষ্য, ন, চূড়াকরণ সংস্কার।

চৌড়া, (দেশজ) ষ্য, প্রস্থ, [illegible]

পরিসর, আয়ত [illegible]।

চৌদ্দ, (চৌ=চতুর্ শব্দজ+দশ=দশন্ শব্দজ) ণ, সংখ্যাবিশেষ, ১৪।

চৌপল, (চৌ=চতুর শব্দজ+পল= কোণ) ষ্য, চারিকোণ, চতুষ্কোণ।

চৌপাড়, (দেশজ) ষ্য, পার্শ্ব, পাখা।

চৌপাড়ী, চৌবাড়ী, (চতুষ্পাঠীশব্দজ) ষ্য, চারিবেদ অধ্যয়নের স্থান, টোল।

চৌপালা, (দেশজ) ষ্য, যানবিশেষ, চতুর্দ্দোল।

চৌম্বক, (চুম্বক+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, আকর্ষক, চুম্বকসংক্রান্ত। (Magnetic.)

চৌর, (চোর+ষ্ণ—স্বার্থে, কিম্বা চুরা=চৌর্য্য+ষ্ণ— তদস্তশীলার্থে) ষ্য, পুং, চোর, যে চুরি করে।

চৌরি, চৌরিকা, চৌরী, (চোর+ই —ভাবে, ক—যোগে চৌরিকা) ষ্য, স্ত্রী, তস্করতা, চুরি।

চৌর্ণস্তর, ষ্য, পুং, যে স্তর খড়ী দ্বারা নির্ম্মিত হইয়াছে (Chalk-formation.) [ষ্য, ন, তস্করতা, চুরি।

চৌর্য্য, (চোর+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি)

চৌলুক্য, ষ্য, পুং, রাজর্ষিবিশেষ।

চ্যবন, (চ্যু=পতিত হওয়া+অন) ষ্য, পুং, ঋষিবিশেষ, ভৃগুনন্দন, ভৃগুর ঔরসে পুলোমার গর্ভে ইঁহার জন্ম হয়, পাপাত্মা রাক্ষস যখন পুলোমাকে অপহরণ করে তখন তিনি সসত্ত্বা ছিলেন গর্ভস্থ শিশু জননীকে অপহরণ করিতেছে দেখিয়া অকস্মাৎ গর্ভ হইতে বহির্গত হইল, এই নিমিত্তই ইহার নাম চ্যবন হইয়াছে। "রোষান্মাতুশ্চ্যুতঃ কুক্ষেশ্চ্যবনস্তেন সোঽভবৎ।" ন, ক্ষরণ, গলন, গমন, ছত্র।

চ্যুত, (চ্যু=গমনকরা, পতিতহওয়া +ক্ত—ম) ণ, ত্রি, ভ্রষ্ট, পতিত,

ক্ষরিত, স্খলিত, নষ্ট, চঞ্চল, বিশৃ-
ঙ্খল, প্রবৃষ্ট, ভগ্ন, ভ্রান্ত।
চ্যুতি, (চ্যু+তি—ভাব) ব্য, স্ত্রী,
পতন, ক্ষরণ, স্খলন, হানি, নাশ,
গুহ্যদেশ। [ব্য, পুং, মুখ, বদন।
চ্যুপ, (চ্যু=হাস্তকরা+প—সংজ্ঞার্থে)
চ্যোত, (চ্যুৎ=ক্ষরিত হওয়া, চ্যুত
হওয়া+অ) ব্য, ন, চ্যুতি দেখ।
চ্যোতৎ, (চ্যুৎ+শতৃ—ম) ণ, ত্রি,
ক্ষরণশীল, নাশশীল।
চ্যোত্ন, (চ্যুৎ+ত্ন) ণ, ত্রি, গমনশীল,
যে গমন করে, দুশ্চরিত্র, পাপিষ্ঠ।

ছ

ছ, ব্যঞ্জনের সপ্তমবর্ণ, ইহার উচ্চারণ
স্থান তালু। (ছো=ছেদন করা,
কিম্বা ছদ্=আচ্ছাদনকরা+ড) ণ,
ত্রি, নির্ম্মল, কম্পবান্, অস্থির, তরল,
ছেদক। ব্য, পুং, ছেদন, কর্ত্তন,
অংশ, খণ্ড,গৃহ, মাহাত্ম্য। ছা—স্ত্রী,
আচ্ছাদন,আবরণ, ঢাক্নি,গোপন।
ছই, (দেশজ) ব্য, নৌকার ছাদ।
ছক, (দেশজ) ব্য, পাশকাদি ক্রীড়ার
কাষ্ঠ, শতরঞ্চের ঘর।
ছগ, ছগল, (ছো=ছেদনকরা+ক,
ক=গ) ব্য, পুং, গী, লী—স্ত্রী,
ছাগল, ছাগী। ল—ন, নীলবর্ণ বস্ত্র।
ছগণ, (ছ=খণ্ড+গণ=সমূহ) ব্য,ন,
শুষ্ক গোময়, ঘুঁটে, ঘসি।
ছটা, (ছদ্=দীপ্তিপাওয়া+অ, আ
—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, দীপ্তি, আ-
লোক, শোভা, সমূহ, সরলরেখা,
"(কন্যা) সটাচ্ছটা ভিন্নঘনেন।"
ছটাক, (দেশজ) ব্য, সেরের ষোড়-
শাংশ, পাঁচতোলা।
ছটাফল, (ছটা=সরল রেখা+ফল)
ব্য, পুং, সুপারিগাছ।
ছটাভা, (ছটা=বিভিন্ন বর্ণবিশিষ্ট
রেখা বা সরল রেখাময়+আভা[illegible]
দীপ্তি) ব্য, স্ত্রী, বিদ্যুৎ।
ছড়, (দেশজ) ব্য,শস্ত্রবিশেষ, বল্লমা,
ক্ষত চিহ্ন, আঁচড়।
ছড়ান, (দেশজ) ব্য, বিস্তৃত করণ,
বীজাদিক্ষেপণ। [রাশি।
ছড়ী, (দেশজ) ব্য, ক্ষুদ্র যষ্টি, সরু
ছত্র, ছত্র, (ছদ্=আচ্ছাদন করা+
ণিচ্+ত্র) ব্য, ন, আতপত্র, ছাতা,
কোঁড়ক, আচ্ছাদন। ত্রা—স্ত্রী,অতি-
চ্ছত্রাবৃক্ষ, মৌরী, মঞ্জিষ্ঠা, কোঁড়ক,
ছাতা।
ছত্রক, (ছত্র+ক—যোগ) ব্য, পুং,
মাছরাঙ্গা পাখী, ছত্রাকৃতি মৌচাক,
দেবমন্দির। (ছত্র+ক, কৈধাতুজ)
ব্য, ন, ছত্র।
ছত্রকদেহী, ব্য, যাহাদের দেহ ছত্র-
কের (বেঙ্গের ছাতার) সদৃশ,যথা—
সেডুসী নামক সমুদ্রজ জীব, ইহারা
দুইগণে বিভক্ত। (Disophora).
ছত্রধর, ছত্রধার, ছত্রধারী, (ছত্র+
ধর, ধার, ধারী=যে ধরে, ২-ষ)
ণ, ত্রি, যে ছত্র ধারণ করে, ছাতি-
ধরা।
ছত্রপত্র, (ছত্র+পত্র=পাতা) ব্য,ন,
যে ছত্রের ন্যায় পত্রবিশিষ্ট,স্থলপদ্ম।
পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ। [তিলকবৃক্ষ।
ছত্রপুষ্প, (ছত্র+পুষ্প, ৬-হ) ব্য,পুং,
ছত্রভঙ্গ, (ছত্র+ভঙ্গ=নাশ, ৬-ষ)
এখানে ছত্রশব্দ লক্ষণা দ্বারা রক্ষণে
বা রাজচিহ্নে প্রযুক্ত হয়) ব্য, পুং,
বৈধব্য, এস্থলে লক্ষণাদ্বারা ছত্রশব্দ
স্ত্রীলোকের আশ্রয় দাতা স্বামীকে
বুঝাইতেছে, স্বাধীনতা, স্বেচ্ছাচা-
রিত্ব, স্বাতন্ত্র্য, নৃপনাশ, অরাজ-
কতা, রাজা পরিবর্ত্তন, বিশৃঙ্খল,
ছোড়ভঙ্গ।
ছত্রাক, (ছত্র+অক্=গমনকরা,সদৃশ
হওয়া+অ) ব্য, ন, শিলীন্ধ্র,
[illegible]। কী—স্ত্রী, রাস্না।

ছত্রী, (ছত্র+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ছত্রধারী, ছাতিধরা। ষ্য, পুং, নাপিত।

ছত্বর, (ছদ্—আচ্ছাদনকরা+বর—সংজ্ঞার্থে ; দ্=ৎ) ষ্য, পুং, গৃহ, কুঞ্জ, লতামণ্ডপ।

ছদ, (ছদ্—আচ্ছাদন করা+অ—ণ) ষ্য, পুং, পত্র, পক্ষ, ডানা, আবরণ, তমালবৃক্ষ।

ছদন, (ছদ্+অনট্—ভাব) ষ্য, ন, আচ্ছাদন, খড়্গকোষ, খাপ, পক্ষ।

ছদপত্র, ষ্য, পুং, ভূর্জ্জবৃক্ষ।

ছদিঃ, (ছদ+ণি+ইস্—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, গৃহাচ্ছাদন, ছাদ, চাল, আচ্ছাদন।

ছদি, (ছদ্+কি) ষ্য, পুং, গৃহাচ্ছাদন, ছাদ, চাল, আচ্ছাদন।

ছদ্ম, (ছদ্+মন্) ষ্য, ন, ছল, কপট, ব্যপদেশ, "বিষ্ণুং রামমহং মন্যে মানুষং ছদ্মরূপিণম্।"

ছদ্মবেশ, ষ্য, পুং, লোককে বঞ্চনা করিবার নিমিত্ত যে বেশ ধরা যায়, কপটবেশ।

ছদ্মবেশী, (ছদ্ম+বেশিন্—যে বস্ত্রাদি পরিধান করে) ণ, ত্রি, যে ছদ্মবেশ করে, কাপটিক, প্রতারক, ক্রীড়ক।

ছদ্মিকা, ষ্য, স্ত্রী, গুড়ূচী।

ছদ্বর, ষ্য, পুং, দম্ভ, লতাকুঞ্জ, কুঞ্জবন।

ছন্‌ছন্, ষ্য, অনুকরণ শব্দ।

ছন্দ, (ছন্দ্—আচ্ছাদনকরা+অল্) ষ্য, পুং, ণ, ত্রি, গোপনীয়, নির্জ্জন, নিভৃত, অভিপ্রায়, বশ্যতা, অর্থ, তাৎপর্য্য, মত, বিষ। ন, অভিলাষ, ইচ্ছা।

ছন্দঃ, (ছন্দ্—দীপ্তিপাওয়া, আনন্দকরা+অস্)ষ্য, ন, পদ্যবন্ধ, পদ্যের ভেদবোধক সংজ্ঞা বা জাতি, যেমন আর্য্যা ইন্দ্রবজ্রা [illegible] প্রভৃতি, "আম্নায়িকপ্রত্যবভাসিনী দেবীং বাচমারুষ্টুভেনচ্ছন্দসা পরিণতামভ্যুদৈরয়ৎ" উত্তরচরিত। বেদ, স্বেচ্ছাচার, বেদ, ইচ্ছা, অর্থ, তাৎপর্য্য, স্বাতন্ত্র্য। [ভণ্ডতাপস।

ছন্দকপাতন, ছন্দপাতন, ষ্য, পুং,

ছন্দানুগমন, ছন্দানুসরণ, (ছন্দ+অনুগমন, অনুসরণ—পশ্চাদ্গমন) ষ্য, ন, আপন ইচ্ছা বা অভিপ্রায় অনুসারে চলা।

ছন্দানুগামী, ছন্দানুসারী, (ছন্দ+অনুগামিন্, অনুসারিন্—যে পশ্চাৎ গমন করে) ণ, ত্রি, যে আপন ইচ্ছা বা অভিমতানুসারে কার্য্য করে।

ছন্দানুবর্ত্তন, ছন্দানুবৃত্তি, (ছন্দ+অনুবর্ত্তন, অনুবৃত্তি) ষ্য, ন, স্ত্রী, মনযোগান, অন্যের ইচ্ছা বা অভিপ্রায় অনুসারে চলা, অন্যের অভিপ্রায়ানুসারে কার্য্যকরণ।

ছন্দানুবর্ত্তী, (ছন্দ+অনুবর্ত্তিন্)ণ, ত্রি, যে পরের মনোমত কার্য্য করে।

ছন্দোগ, (ছন্দস্—সামবেদ+গ—যে গান করে) ষ্য, পুং, সামবেদগায়ক।

ছন্ন, (ছদ্—আচ্ছাদনকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, গুপ্ত, "বঞ্চয়দ্ভির্নিবস্তব্যং ছন্নাবাসং কচিৎ কচিৎ" মহাভারত। নির্জ্জন, নিভৃত, আচ্ছাদিত। ণ, লুপ্ত, নষ্ট। ষ্য, ন, নির্জ্জন স্থান।

ছমণ্ড, (ছম—ভক্ষণকরা+অণ্ড—সংজ্ঞার্থে) ষ্য, পুং, নিরাশ্রয় শিশু, পিতৃহীন বালক, স্বজন বিবর্জ্জিত।

ছর্দ্দ, (ছর্দ্দ—বমনকরা+অ) ষ্য, ণ, বমি, বমন, পীড়া, উপস্থিত।

ছর্দ্দন, (ছৃদ্ বা ছর্দ্দ্—বমনকরা+অনট্—ভাব) ষ্য, ন, বমন, উদ্গীরণ। পুং, নিম্ববৃক্ষ, অলম্বুষ-রাক্ষস।

ছর্দ্দাপনিকা, ষ্য,স্ত্রী, কর্কটী, কাঁকড়া।

ছর্দ্দি, ছর্দ্দিস্, ছর্দ্দিকা, (ছর্দ্দ্—বমনকরা+ই, ইস্। ছর্দ্দি+ক—যোগ)

ষ্য, স্ত্রী, বমি, উদ্গার।

ছর্দ্দিকারিপু, (ছর্দ্দিকা+রিপু=নাশক) ষ্য, পুং, ছোট এলাচ।

ছর্দ্দিঘ্ন, (ছর্দ্দি+ঘ্ন=যে নাশ করে) ষ্য, পুং, নিম্বরুক্ষ।

ছল, (ছো=[সারল্য] ছেদনকরা+ল) ষ্য, ন, কপটতা, শঠতা, প্রবঞ্চনা, চাতুরী বাক্য বিশেষ, দূষণ, বক্তার অভিপ্রেত অর্থগ্রহণ না করিয়া তাহার বিপরীত অর্থকল্পনা পূর্ব্বক বক্তার বাক্য দূষণ।

ছলন, (ছল্ [নামধাতু]=ছলনাকরা+অনট্—ভাব) ষ্য, ন, না—স্ত্রী, প্রতারণা, শঠতা, বঞ্চনা।

ছলনাপর, (ছলনা=বঞ্চনা+পর=তৎপর) ণ, ত্রি, শঠ, ধূর্ত্ত, প্রতারক।

ছল্লি, ছল্লী, (ছদ্=আচ্ছাদন+লা=দানকরা+ই) ষ্য, স্ত্রী, ত্বক, ছাল, বল্কল, সন্তান, সন্ততি, লতা, পুষ্পবিশেষ।

ছবি, (ছো=[অন্ধকার] ছেদনকরা+ই) ষ্য, স্ত্রী, দীপ্তি, শোভা, উজ্জ্বলতা, চিত্রিত মূর্ত্তি, প্রতিমূর্ত্তি।

ছা, (দেশজ) ষ্য, শিশু, বাচ্চা।

ছাই, (দেশজ) ষ্য, ভস্ম, পাঁশ। "যেখানে দেখিবে ছাই, উড়াইয়া দেখ তাই, পেলেও পেতে পার লুকান রতন"।

ছাঁকন, (দেশজ) ষ্য, বস্ত্রাদি দ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ, নির্ম্মল করণ।

ছাঁচ, (দেশজ) ষ্য, প্রতিলিপি, প্রতিমূর্ত্তি, প্রতিমূর্ত্তি করিবার যন্ত্র।

ছাঁচনী, (দেশজ) ষ্য, মন্থনদণ্ড।

ছাঁটন, (দেশজ) ষ্য, কর্ত্তন, ছেদন, অগ্রাহ্যকরণ।

ছাগ, ছাগল, ছাগলক, (ছগ, ছগল+ষ্ণ—স্বার্থে) ষ্য, পুং, গী, লী—স্ত্রী, অজ, অজা। [পুং, ঘুঁটের আগুন।

ছাগণ, (ছগণ+ষ্ণ—সম্বন্ধার্থে) [illegible]

ছাগভোজী, (ছাগ+ভোজিন্=যে ভোজন করে) ষ্য, পুং, নেকড়িয়া বাঘ। ণ, ত্রি, ছাগভক্ষক।

ছাগরথ, (ছাগ+রথ) ষ্য, পুং, অগ্নি।

ছাগলাদ্য, (দেশজ) ষ্য, ছাগমাংসপক্ব ঔষধীয় ঘৃতবিশেষ।

ছাগলান্ত্রী, (ছাগল+অন্ত্র=নাড়ী+ঈপ্-স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, লতাবিশেষ।

ছাগবাহন, (ছাগ+বাহন=যান, রথাদি) ষ্য, পুং, অগ্নি। [করণ।

ছাড়ন, (দেশজ) ষ্য, বর্জন, ত্যাগ-

ছাত, (ছো=ছেদনকরা+ক্ত—ত) ণ, ত্রি, ছিন্ন, ক্ষীণ, কৃশ, দুর্ব্বল। (দেশজ) গৃহের উপরিভাগ।

ছাতা, ছাতি, (ছত্রশব্দজ) ষ্য, ছাত্রী, আতপত্র, কোড়ক। [পক্ষিবিশেষ।

ছাতার, ছাতারিয়া, (দেশজ) ষ্য,

ছাতু, (শক্তু শব্দজ) ষ্য, যবাদিচূর্ণ।

ছাত্র, (ছত্র=গুরুর দোষাবরণ+ষ্ণ—শীলার্থে) ষ্য, পুং, অন্তেবাসী, শিষ্য।

ছাত্রক, (ছত্রক=মৌচাক+ষ্ণ—ভবার্থে) ষ্য, ন, মধুমক্ষিকার চক্রস্থিত মধু।

ছাত্রগণ্ড, ষ্য, পুং, যে ছাত্র লেখা পড়ায় যত্ন প্রকাশ করে না।

ছাত্রদর্শন, ষ্য, ন, শিষ্যাবলোকন, হৈয়ঙ্গবীন।

ছাত্রবৃত্তি, ষ্য, স্ত্রী, উৎসাহ বর্দ্ধন করিবার নিমিত্ত পারিতোষিক স্বরূপ মাসিকাদি নিয়মে ছাত্রদিগকে যে অর্থ দেওয়া যায়।

ছাদ, (ছদ্=আচ্ছাদনকরা+ঘঞ্—ধ) ষ্য, ন, ঘরের আচ্ছাদন, ছাত।

ছাদক, (ছাদি+ণক—ক) ণ, ত্রি, আচ্ছাদক, যে ঘর ছায়, যে ঘরের ছাদ নির্ম্মাণ করে।

ছাদন, (ছাদি=আচ্ছাদনকরা+অনট্—ভাব) ষ্য, ন, আচ্ছাদন, আবরণ, [illegible]ওয়া, ঘরের ছাদ নির্ম্মাণকরা,

পত্র।

ছাদিত, (ছাদ+ক্ত—চ) ণ, ত্রি, আচ্ছাদিত, আবৃত, যাহা ছাওয়া হইয়াছে, যাহার ছাদ নির্ম্মিত হইয়াছে।

ছান্নিক, (ছদ্মন্=ছল, বঞ্চনা+ষ্ণিক) ণ, ত্রি, প্রতারক, বঞ্চক। ব্য, পুং, অসৎ, বদমায়েস।

ছানন, (দেশজ) ব্য, মিশ্রণ, মাখন, কচটান।

ছানা, (দেশজ) ব্য, পুং, শাবক, শিশু, দুগ্ধোৎপন্ন খাদ্যদ্রব্যবিশেষ।

ছান্দস, (ছন্দস=বেদ+ষ্ণ—অধ্যয়নার্থে, ইদমর্থে) ব্য, পুং, বেদাধ্যাপক, বেদাধ্যায়ী। ণ, ত্রি, ছন্দঃসম্বন্ধীয়।

ছান্দোগ্য, (ছান্দস=বেদসম্বন্ধীয়+গ=যে গমনকরে+য—ব্যবহারার্থে বা অভ্যাসার্থে, অথবা, ছন্দোগ+ষ্ণ্য) ব্য, স্ত্রী, বেদাংশবিশেষ।

ছাপ, (চূর্ণকরণার্থ চপ্ ধাতুজ) ব্য, মুদ্রা, চিহ্ন, ছাপা। পা—ণ, মুদ্রাঙ্কিত, চিহ্নিত।

ছাপন, (দেশজ) ব্য, মুদ্রাঙ্কন, গোপন।

ছাব্বিশ, (ষড়্বিংশতি শব্দজ) ণ, সংখ্যাবিশেষ, ২৬।

ছায়া, (ছো=[রৌদ্র] ছেদন করা+ঘ্যণ্) ব্য, স্ত্রী, অনাতপ, রৌদ্রাভাব, অন্ধকার, প্রতিবিম্ব, কান্তি, দীপ্তি, প্রভা, "দত্তাস্ত্রাভরণানি নঃ কিশলয়চ্ছায়া পরিস্পর্দ্ধিভিঃ" শকুন্তলা। সূর্য্যপ্রিয়া, উৎকোচ, পালন, শ্রেণী, আলোক, ছন্দোবিশেষ।

ছায়াকর, (ছায়া+কর=যে করে) ণ, ত্রি, ছত্রধারী, যে ছায়া করে।

ছায়াকৃতি, (ছায়া+আকৃতি; ৬ হ) ণ, ত্রি, অবাস্তবিক, কাল্পনিক, অসার।

ছায়াতনয়, (ছায়া=সূর্য্যপত্নী+তনয়, =আত্মজ, ৬-ষ) ব্য, পুং, শনৈশ্চর, শনিগ্রহ। (ছায়াত্মজ, ছায়াসুত প্রভৃতিরও এই অর্থ।)

ছায়াতরু, (ছায়া+তরু, কর্ম্মধা) ব্য, পুং, ছায়া প্রধান বৃক্ষ, যে গাছের অনেক ছায়া হয়, মেরু বৃক্ষ, সুরপুন্নাগ বৃক্ষ।

ছায়াপথ (ছায়া=দীপ্তি+পথ, পথিন্ শব্দজ, কর্ম্মধা) ব্য, পুং, শোভাযুক্ত পথ, রাত্রে ক্ষুদ্র নক্ষত্রে সমাবৃত নভোমণ্ডলের অংশবিশেষ, জ্যোতিশ্চক্রমধ্যবর্ত্তীনগুলাকার নক্ষত্রশ্রেণী। (Miky way)

ছায়াপুরুষ, ব্য, পুং, নিজচ্ছায়ার অনুরূপ প্রতিবিম্বাত্মক পুরুষ, আকাশস্থ ছায়াত্মক পুরুষ।

ছায়াভৃৎ, (ছায়া=দীপ্তি+ভৃৎ=যে ধারণ করে) ব্য, পুং, চন্দ্র।

ছায়ামণ্ডপ, ব্য, ন, চন্দ্রাতপযুক্ত স্থান, বিবাহার্থ সজ্জিত মণ্ডপ।

ছায়াময়, (ছায়া=প্রতিবিম্ব+ময়ট্, তদ্রূপার্থে) ণ, ত্রি, প্রতিবিম্বিত।

ছায়ামিত্র, (ছায়া+মিত্র=সুহৃদ্) ব্য, ন, ছত্র, ছাতি।

ছায়ামৃগধর, (ছায়া=প্রতিবিম্ব+মৃগ=হরিণ+ধর=যে ধারণ করে) ব্য, পুং, চন্দ্র। [অনুগত, পরিচারক।

ছায়াবৎ, ণ, ত্রি, ছায়ার তুল্য, সদা

ছারখার, (দেশজ) ব্য, ভস্মসাৎ, সর্ব্বনাশ। ণ, উচ্ছিন্ন, বিনষ্ট। [মৎকুণ।

ছারপোকা, (দেশজ) ব্য, গন্ধকীট,

ছাল, (চল্লিশব্দজ) ব্য, ত্বক্, বাকল। লা—শুণ, থলে। [দাভরণ।

ছালনা, (দেশজ) ব্য, চাঁদনী, স্ত্রীপা-

ছালনাতলা, (দেশজ) ব্য, যে স্থলে বর কন্যাকে একত্র করিয়া মিলন করা হয়, স্ত্রী আচার স্থান।

ছি, ব্য, নিন্দা, ঘৃণাসূচক শব্দ।

ছিকন, (ছিক=হাঁচ+অনট্) ব্য, ন, হাঁচন, হাঁচা।—নী স্ত্রী, ক্ষুদ্

লতাবিশেষ, হাঁচুটী গাছ।

ছিক্কা, (ছিক্—অনুকরণ শব্দ+ক [কৈ+ড—ষ]—যে শব্দ করে,+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, হাঁচি, কাশি।

ছিঁচকা, (দেশজ) ব্য, হুকাদি পরিকরণার্থ লৌহ নির্ম্মিত শলাকাবিশেষ। [চোর।

ছিঁচকাচোর, (দেশজ) ব্য, সামান্য

ছিটা, (দেশজ) ব্য, বিন্দু, কণা, অল্পপরিমাণ। [ত্রি, ছিন্ন, ছেঁড়া।

ছিত, (ছো—ছেদনকরা+ক্ত—চ) ণ,

ছিত্তি, (ছিদ্—ছেদনকরা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, ছেদন।

ছিত্বর, (ছিদ্—ছেদনকরা+বর—সংজ্ঞার্থে, দ্—ত্—বিকল্পে, ছিদ্বরশব্দও হয়) ব্য, পুং, ধূর্ত্ত, শত্রু। ণ, ত্রি, ছেদক।

ছিদ্, ছিদা, (ছিদ্—ছেদনকরা+ক্বিপ্, আ—ভাব) ব্য, স্ত্রী, ছেদন, অপহরণ।

ছিদক, ছিদিক, (ছিদ্—ভেদ করা, ছেদকরা+কন্, ই—আগম) ইন্দ্রের বজ্র, বজ্র দ্বারা দেবরাজ পর্ব্বতপক্ষ ছেদন করিয়াছিলেন বলিয়া বজ্রের নাম ছিদক হইয়াছে।

ছিদি, (ছিদ্—ছেদনকরা+ই—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, কুঠার, কুড়ুল, যাহার দ্বারা কাষ্ঠ প্রভৃতি ছেদন করা যায়।

ছিদির, (ছিদ্—ছেদনকরা+ইর—সংজ্ঞার্থে) ব্য, পুং, খড়্গ, কুঠার, রজ্জু, অগ্নি।

ছিদুর, (ছিদ্+উর—শীলার্থে) ণ, ত্রি, ছিন্ন, ছেঁড়া, ছেদক, ছেদনশীল, শত্রু, শঠ, ধূর্ত্ত।

ছিদ্র, (ছিদ্—ভেদকরা+র) ব্য, ন, ছেঁদা, বিবর, ক্ষুদ্র গর্ত্ত, অবকাশ, অসাবধানতা, অনবধানতা, "ছিদ্রেষ্বনর্থা বহুলীভবন্তি" হিতোপদেশ। দোষ। "আত্মছিদ্রং ন জানাতি পরচ্ছিদ্রং পদে পদে"। অপকর্ষ, ন্যূনতা।

ছিদ্রবৈদেহী, ব্য, স্ত্রী. গজপিপ্পলী।

ছিদ্রশ্বাসী, ব্য, (Cracheoria) যাহারা দেহের পার্শ্বস্থিত কএকটী ছিদ্রদ্বারা শ্বাস কার্য্য নির্ব্বাহ করে, ইহাদিগের চক্ষুঃ সংখ্যা ৪, যথা—মাঠ-মাকড়।

ছিদ্রানুসন্ধান, ছিদ্রানুসরণ, ছিদ্রান্বেষণ, (ছিদ্র+অনুসন্ধান, অনুসরণ, অন্বেষণ) ব্য, ন, ছিদ্র খুঁজিয়া বেড়ান, পরের দোষ অনুসন্ধান করা।

ছিদ্রানুসারী, (ছিদ্র+অনুসারিন্—যে পশ্চাৎ গমন করে) ণ, ত্রি, যে ছিদ্র খুঁজিয়া বেড়ায়, যে দোষ অনুসন্ধান করে।

ছিদ্রান্বেষী, (ছিদ্র+অন্বেষিন্—যে অন্বেষণ করে) ণ, ত্রি, যে দোষ অনুসন্ধান করে, যে ছিদ্র খুঁজিয়া বেড়ায়।

ছিদ্রালদেহী, ব্য, এই জাতীয় প্রত্যেক জীব অত্যন্ত ক্ষুদ্র, ইহারা বহুছিদ্রপূর্ণ আবাস নির্ম্মাণ করিয়া তথায় বাস করে বলিয়া ইহাদিগকে ছিদ্রালদেহী কহা যায়, উক্ত আবাসের সামান্য নাম স্পঞ্জ। (Porifera).

ছিদ্রান্তঃ, (ছিদ্র+অন্তর্—মধ্য) ব্য, পুং, নল, খাগড়া।

ছিদ্রিত, (ছিদ্র—ভেদকরা+ক্ত—চ) ণ, ত্রি, বিদ্ধ, ছিদ্রকরা বস্তু।

ছিদ্বর, ণ, ত্রি, ছিত্বর। [হরণ।

ছিনন, (দেশজ) ব্য, বলদ্বারা গ্রহণ,

ছিনাল, (দেশজ) ণ, ভ্রষ্টাস্ত্রী, কুলটা।

ছিন্ন, (ছিদ্—ছেদনকরা+ক্ত—চ) ণ, ত্রি, খণ্ডিত, ছেঁড়া। ন্না—স্ত্রী, বেশ্যা, গুড়ূচী।

ছিন্নক, (ছিন্ন+কন্) ণ, ত্রি, অল্পপরিমাণে কর্ত্তিত, চেরা।

ছিন্নমস্তক, (ছিন্ন+মস্তক, ৬.হ) ণ, ত্রি, মস্তকহীন। ছিন্নমস্তা—স্ত্রী, (যিনি স্বীয় ভাব প্রকাশ করত স্বকীয় মস্তক

খণ্ডন করেন্)মহাবিদ্যাদেবীবিশেষ, দুর্গা, কালী।
ছিন্নরুহ, (ছিন্ন+রুহ=যে জন্মায়) ব্য, স্ত্রী, যে কাটিবার পর পুনর্ব্বার জন্মায়, বৃক্ষবিশেষ, গুড়ুচী।
ছিন্নবেশিকা, ব্য, স্ত্রী, পাঠা, আকনাদি লতা, নিমুই লতা।
ছিন্নোদ্ভবা, ব্য, স্ত্রী, গুড়ুচী।
ছিপ, (দেশজ) ব্য, মৎস্যধারণ যন্ত্র। পী—গুঁজী, ছিদ্ররোধক কাষ্ঠাদি।
ছিকা, (ছল্লিশব্দজ) ব্য, বকল, ছাল।
ছিলা, (দেশজ) ব্য, মৌর্ব্বী, ধনুকের গুণ।
ছিলিম, (দেশজ) ব্য, হুঁকা, হুঁকা।
ছিক্কা, (দেশজ) ব্য, বকল, ছাল, পাতলা খণ্ড।
ছুঁচ, (সূচি শব্দজ) ব্য, সুঁই, সোমাজি।
ছুঁচা, ছুঁছা, (ছুছুন্দরী শব্দজ) ব্য, গন্ধমূষিক। [যোবনা।
ছুঁড়ী, (দেশজ) ব্য, বালিকা, নব-
ছুকরী, (দেশজ) ব্য, অল্পবয়স্কা স্ত্রী, নবযৌবনা।
ছুছুন্দরী, (ছুছু=অব্যক্ত শব্দ+দৄ+অল্) ব্য, স্ত্রী, গন্ধমূষিক, ছুঁচা। [গমন।
ছুটন, (দেশজ) ব্য, পলায়ন, শীঘ্র
ছুটী, (দেশজ) ব্য, বিদায়, উদ্ধার, কার্য্য হইতে অবস্থিতি বা নিষ্কৃতি।
ছুড়ন, ছোড়ন, (দেশজ) ব্য, প্রক্ষেপণ, ছাড়ন।
ছুদ্র, ব্য, ন, প্রতিশোধ, প্রত্যাগমন, রোগনিরাকরণ, সূর্য্যাদির কিরণ।
ছুপ, (ছুপ=স্পর্শকরা+অল্) ব্য, পুং, স্পর্শ, ঝোপ, ছুপেধরা, বৃক্ষ, চপলতা
ছুরা, (ছুর=ছেদনকরা+অ) ব্য, স্ত্রী, চূর্ণ, চুণ।
ছুরি, ছুরিকা, ছুরী, (ছুর=ছেদনকরা +ই, অক, অ)ব্য, স্ত্রী, অস্ত্রবিশেষ, অসিপুত্রী।
ছুরিত, (ছুর=খচিতকরা+ক্ত—চ) ণ, ত্রি, খচিত, লিপ্ত, ব্যাপ্ত, প্রোক্ষিত, ছিন্ন, রঞ্জিত।
ছুলী, (দেশজ) ব্য, চর্ম্ম রোগবিশেষ।
ছুহারা, (দেশজ) ব্য, খর্জ্জুর বিশেষ।
ছেঁচন, (সেচনশব্দজ) ব্য, সেচন, বিদারণ।
ছেঁদা, (ছিদ্রশব্দজ) ব্য, রন্ধ্র, গর্ত্ত।
ছেক, (ছো=ছেদন করা+ঔক, নিপাতন) ব্য, পুং, অনুপ্রাসবিশেষ, ব্যঞ্জন সমূহের যথাক্রমে পুনরাবৃত্তি। ণ, ত্রি, গৃহপালিত, বশীভূত, নাগরিক, নগরোচিত ক্রিয়া এবং চাতুর্য্যে সুপণ্ডিত, বিদগ্ধ।
ছেকোক্তি, (ছেক=বিদগ্ধ+উক্তি=বাক্য) ব্য, স্ত্রী, কপট বাক্য, তোষামোদ।
ছেদ, (ছিদ্=ছেদন করা+ঘঞ্—ভাব) ব্য, পুং, ছেদন, বিরাম, পরিচ্ছেদ, খণ্ড, ভাগ।
ছেদক, (ছিদ্+ণক—য) ণ, ত্রি, যে ছেদন করে, কর্ত্তক, ভাজক।
ছেদন, (ছিদ্+অনট্—ভাব) ব্য, ন, কর্ত্তন, কাটা, খণ্ড।
ছেদপ্রবণ, ণ, ত্রি, যে দ্রব্যকে টানিলে বৃদ্ধি হয় না, সহজেই ছিন্ন হইয়া যায়।
ছেদি, ণ, ত্রি, ছেদনকর্ত্তা।
ছেদিক, ব্য, পুং, বেত্র, বেত।
ছেদিত, (ছেদি+ক্ত—চ) ণ, ত্রি, কর্ত্তিত, দ্বিধাকৃত।
ছেদ্য, (ছিদ+য্যণ্—চ) ণ, ত্রি, ছেদনযোগ্য, নিপের।
ছেনাল, (দেশজ) ব্য, অসতী, ভ্রষ্টা স্ত্রী।—লী, স্ত্রীলোকের চাতুরী, চালাকী। [অস্ত্রবিশেষ।
ছেনি, (দেশজ) ব্য, স্বর্ণকারাদির
ছেপ, (ক্ষীব্ ধাতুজ) ব্য, নিষ্ঠীবন, থুথু, পানের পিক্।
ছেপকা, (দেশজ) ব্য, ব্যাঙ্গার

তালবিশেষ। [ছুপকু বেঙ।
ছেমন্ত, ব্য, পুং, পিতৃহীন বালক,
ছেলে, (দেশজ) ব্য, কিঞ্চিদ্বয়ঃস্থ
বালক, শিশু। [বালক, শিশু।
ছোকরা, (দেশজ) ব্য, কিঞ্চিদ্বয়ঃস্থ
ছোট, (দেশজ) ণ, ত্রি, ক্ষুদ্র, কনিষ্ঠ,
অধম।
ছোটিকা, (ছুট্=ছেদনকরা+ণক)
ব্য, স্ত্রী, অঙ্গুলিধ্বনি, তুড়ি।
ছোটী, (ছো=ছেদনকরা+উটিন,
নিপাতন। অথবা ছুট্=ছেদন করা
+ইন্) ব্য, পুং, ধীবর, জেলে।
ছোড়াম, (দেশজ) ব্য, কুলুপের চাবী,
কুঞ্চিকা। [দিতে চিহ্ন, দাগ।
ছোপ, (স্পর্শার্থ ছুপ্ধাতুজ) ব্য, বস্ত্রা-
ছোরণ, (ছুর্=ছেদনকরা+অনট—
ভাব) ব্য, ন, পরিত্যাগ, ছেড়ে
দেওয়া।
ছোল, (ছল্লীশব্দজ) ব্য, ত্বক্, বাকল।
লা—চণক। ণ, ত্বক্‌নির্মুক্ত, ছাড়ান।
ছোলঙ্গ, ব্য, পুং, লেবু।
ছোবড়া, (দেশজ) ব্য, নারিকেলা-
দির ত্বক্ বা খোসা। [বিশেষ
ছোবল, (দেশজ) ব্য, সর্পের দংশন
ছ্যা, ব্য, ঘৃণাবাচক শব্দ।

জ

জ, ব্যঞ্জনের অষ্টম অক্ষর, ইহার
উচ্চারণ স্থান তালু। (জন=জন্মান
কিম্বা জি=জয়করা+ড) ব্য, পুং,
শিব, বিষ্ণু, জন্ম, উৎপত্তি, জনক,
পিতা, মাতা, গুরুমধ্য বর্ণত্রয়, বেগ।
ণ, ভুক্ত, শীঘ্র, জাত, যে জন্মে,
(শব্দের পর ইহার প্রয়োগ হয়)
যথা—পঙ্কজ, জলজ প্রভৃতি।
জকার, ব্য, পুং, "জ" এইবর্ণ।
জকুট, ব্য, পুং, মলয়াদ্রি, কুকুর। ন,
বেগুণফুল।
জক্ষণ, (জক্ষ=ভক্ষণকরা+অনট—
ভাব) ব্য, ন, ভোজন, ভক্ষণ।
জক্ষি, (জক্ষ=ভক্ষণকরা+কি) ব্য,
স্ত্রী, ভোজন, ভক্ষণ।
জক্ষিবস্, (জক্ষি+বস্) ণ, ত্রি,
ভক্ষক, যে ভোজন করে।
জক্ষ, জক্ষা, (জক্ষ্=ভক্ষণকরা+ম,
মন্) ব্য, পুং, ক্ষয়কাশ।
জগচ্চক্ষুঃ, (জগৎ+চক্ষুস্, ৬ষ)
ব্য, পুং, সূর্য্য। [বিশেষ।
জগঝম্প, (দেশজ) ব্য, বাদ্যযন্ত্র
জগৎ, (গম=গমনকরা+ক্বিপ, গম
স্থানে জগ) ব্য, ন, লোক, ভুবন,
পৃথিবী, বিশ্ব, ব্রহ্মাণ্ড, শরীর। পুং,
বায়ু। ণ, ত্রি, জঙ্গম, অস্থায়ী।
জগতী, (জগৎ+ঈ) ব্য, স্ত্রী, লোক,
পৃথিবী, "উপকক্ষাক জগতী
তমসেব সমাবৃতাম্" ছন্দোবিশেষ
জগতীরুহ, (জগতী+রুহ্, ৭-য) ব্য,
পুং, বৃক্ষ।
জগৎকৃৎস্ন (জগৎ+কৃৎস্ন=সমস্ত)
ব্য, ন, ব্রহ্মাণ্ড, সমুদায় জগৎ।
জগৎপ্রাণ, (জগৎ+প্রাণ, ৬ষ) ব্য,
পুং, বায়ু, বাতাস।
জগৎসাক্ষী, (জগৎ+সাক্ষিন্=প্র
ত্যক্ষদর্শী, ৬-ষ) ব্য, পুং, সূর্য্য,
যিনি সমস্ত পৃথিবীর দৈনন্দিন
ব্যাপার সর্ব্বদা দেখিতেছেন।
জগদণ্ড, (জগৎ+অণ্ড, কর্ম্মধা) ব্য,
পুং, ব্রহ্মাণ্ড।
জগদন্ত, ব্য, পুং, কল্প, ভবভীতি।
জগদম্বা, (জগৎ+অম্বা=মাতা, ৬-ষ)
ব্য, স্ত্রী, দুর্গা, কালী।
জগদাধার, (জগৎ+আধার=আশ্রয়,
অবলম্বন) ব্য, পুং, কাল, বায়ু,
জগতের আশ্রয়, জগৎ যাহাকে
অবলম্বন করিয়া রহিয়াছে।
জগদীশ, (জগৎ+ঈশ=প্রভু, ৬-ষ)
ব্য পুং, জগৎপ্রভু, নারায়ণ, জগতের
পতি, বিশ্বেশ্বর, পরমেশ্বর।

জগদ্গৌরী, (জগৎ+গৌরী=দেবী-বিশেষ) ব্য, স্ত্রী, মনসাদেবী।

জগদ্দ্রুহ, (জগৎ+দ্রুহ্=অনিষ্টা-চরণকরা+ক্বিপ্—ষ) ণ, ত্রি, জগতের অনিষ্টকারী।

জগদ্ধাত্রী, (জগৎ=ত্রিভুবন+ধাত্রী=যে পোষণ করে, ২—ষ) ব্য, স্ত্রী, গৌরী, দুর্গা, জগন্মাতা, জগৎকারণ-কর্ত্রী। [বাতাস।

জগদ্বল, (জগৎ+বল—বেষ্টন) ব্য, পুং,

জগদ্বহা, (জগৎ+বহা, ২-ষ) ব্য, স্ত্রী, পৃথিবী।

জগদ্যোনি, (জগৎ+যোনি=উৎ-পত্তিস্থান) ব্য, পুং, জগতের সৃষ্টি-কর্ত্তা, ব্রহ্মা "জগদ্যোনিরযোনিস্ত্বং জগদন্তো নিরন্তকঃ," কুমার। বিষ্ণু, শিব।—স্ত্রী, পৃথিবী।

জগদ্বহা, (জগৎ+বহ্= যে বহন করে) ব্য, স্ত্রী, পৃথিবী।

জগদ্বিনাশ, (জগৎ+বিনাশ, ৬ষ) প্রলয়, যুগান্ত, যুগের শেষ, পৌরা-ণিকেরা বলেন যে প্রত্যেক যুগের। যে সমস্ত ব্রহ্মাণ্ড ধ্বংস হইয়া যায়।

জগন্নাথ, (জগৎ+নাথ, ৬-ষ) ব্য, পুং, জগদীশ্বর, নারায়ণ, ভৈরব-বিশেষ।

জগন্নিবাস, (জগৎ+নিবাস=আশ্রয়, ৬-ষ) ব্য, পুং, বিষ্ণু, যিনি সমস্ত জগতের আধারস্বরূপ, যে পৃথিবীতে জন্ম গ্রহণ করিয়াছে, "শ্রিয়পতিঃ শ্রীমতি শাসিতুং জগৎ, জগন্নিবাসো বসুদেব সদ্মনি" মাঘ।

জগন্নু, (জগৎ+নুদ্=প্রেরণ করা+উ; নিপাতন। জগন্নু শব্দও হয়) ব্য, পুং, অগ্নি, কীট, জন্তু।

জগন্নজাগর, (জাগৃ=জাগিয়া থাকা +অ; নিপাতন। অথবা জগল দেখ, ল—র) ব্য, পুং, বর্ম্ম, সাঁজোয়া, কবচ।

জগল, (গল্ [যঙ্ লুগন্ত]=পুনঃ পুনঃ ক্ষরিত হওয়া+অ; নিপাতন) ব্য, পুং, মদিরাবিশেষ, পিষ্টমদ্য, মদ্যকল্ক, বর্ম্ম, সাঁজোয়া। ন, গোময়। ণ, ত্রি, শঠ, চতুর।

জগ্ধ, (অদ=ভক্ষণকরা+ক্ত-ত) ণ, ত্রি, ভুক্ত, ভক্ষিত। [ভক্ষণ, ভোজন।

জগ্ধি, (অদ্+ক্তি—ভাব) ব্য, স্ত্রী,

জগ্মি, ব্য, পুং, বায়ু।

জঘন, (হন্=বধকরা+অ, জ—আগম) ব্য, ন, স্ত্রীলোকের কটি, কটিদেশের সম্মুখভাগের নিম্নদেশ।

জঘন্য, (জঘন=কটি+য) ণ, ত্রি, নীচ, অধম, মন্দ, ঘৃণার যোগ্য, হেয়, চরম। ব্য, পুং, শূদ্র। ন, মেঢ্র।

জঘন্যজ, (জঘন্য+জ=জাত) ব্য, পুং, শূদ্র। ণ, ত্রি, কনিষ্ঠ।

জঘ্নস্, (হন=নাশকরা+বসু, দ্বিত্ব) ণ, ত্রি, হত্যাকারী, যে বা যাহা প্রাণ নাশকরে।

জঘ্নি, (হন+কি; নিপাতন) ব্য, পুং, তীক্ষ্ণ মারণাস্ত্রবিশেষ।

জগ্নু, (হন+কু, দ্বিত্ব) ণ, ত্রি, প্র-হারকারী, ক্ষতিকারক। ব্য, পুং, মারণ, প্রহার, অনিষ্টাচরণ।

জঘ্নিবস্, (হন+বসু, ইম আগম) ণ, ত্রি, হত্যাকারী, প্রাণবিনাশক।

জঙ্গপুগ, ব্য, ন, পাপ, কুক্রিয়া, [illegible]

জঙ্গম, (গম্=গমনকরা+[illegible] যঙ্+অ; দ্বিত্ব) ণ, ত্রি, গমনশী[illegible], ন, অস্থাবর, যাহারা এক স্থানে [illegible] বর্ত্তমান থাকেনা।

জঙ্গমকুটী, ([illegible]ম=গমনশীল+কুটী=ক্ষুদ্রগৃহ [illegible]) ব্য, স্ত্রী, আতপত্র, ছত্র, ছা[illegible]।

জ[illegible]ল, (জঙ্গম+ল—যে গ্রহণ করে [illegible] জঙ্গম স্থানে জল) ব্য, ন, যে জঙ্গ[illegible] পশুদিগকে আপনার ভিতর গ্রহণ করে, অটবী, বন, অরণ্য। পুং—ম

মাংস। ণ, ত্রি, জনশূন্য, নির্জ্জন।

জঙ্গাল, (জঙ্গ=এক স্থান হইতে অন্য-স্থানে গমন+আল=যে গ্রহণ করে) ষ্য, পুং, বাঁধ, আজাল।

জঙ্গুল, (জঙ্গু=গমনশীল [প্রাণী]+ল [লু=ছেদন করা+ড—ঘ]=যে বিনাশ করে) ষ্য, ন, বিষ।

জঙ্ঘা, (জন্=জন্মান+অ; জন স্থানে জন্ম) ষ্য, স্ত্রী, হাঁটু হইতে পায়ের গোড়ালি পর্য্যন্ত, ঠ্যাঙ।

জঙ্ঘাকরিক, জঙ্ঘাল, জঙ্ঘিল, (জঙ্ঘা+কর=শুল্ক+ইক, যে পদব্রজে কর আদায় করে, জঙ্ঘা+ল=যে[জীবিকা] গ্রহণ করে) ষ্য, পুং, ধাবক, দ্রুত-গামী, যাহারা অত্যন্ত দ্রুতবেগে গমন করে, এবং জঙ্ঘাচালন দ্বারা স্বীয় জীবিকা নির্ব্বাহ করে, পত্র-বাহকাদি, মৃগ বিশেষ। [পতি।

জজ্, (ইংরাজী) ষ্য, উচ্চতম বিচার-

জজ, (জজ=যুদ্ধকরা+অল্) যোদ্ধা, বীরপুরুষ। [ষ্য, ন, বীরত্ব, সাহস।

জজোস্, (জজ=বীর+ওজস্=তেজঃ)

জঞ্জপূক, (জপ=[যঙ্ লুগন্ত]=পুনঃ পুনঃ জপ করা+উ+ক) ণ, ত্রি, পুনঃ পুনঃ জপকারী, যে সর্ব্বদা জপ করে।

জঞ্জাল, (দেশজ) ষ্য, আবর্জ্জনা, ওঁচলা, বঞ্ঝাট।

জটা, (জট্=একত্র জড় হওয়া+অ) স্ত্রী, পরস্পর সংশ্লিষ্ট কেশ, লগ্ন [illegible] ট, কেশর, সিংহাদির ঘাড়ের [illegible] ঝুবি, বেদাধ্যয়ন। [illegible] জট্=এক অর্থ [illegible] টাসমূহ। [illegible]+আলা [illegible] দীপ, [illegible]

উচ্চারণ স্থান [illegible]

শিব, বিষ্ণু, ব্রহ্ম, [illegible]

পিতা, মাতা, গুরুমধ্য [illegible]

ণ, তুল্য, শীঘ্র, জাত, [illegible]

(শব্দের পর ইহার প্রয়োগ [illegible] যথা—পঙ্কজ, জলজ প্রভৃতি।

[illegible]কার, ষ্য, পুং, "জ" এইবর্ণ।

[illegible]কুট, ষ্য, পুং, মলয়াদ্রি, কুক্কুর। ন, বেগুণফুল।

[illegible]কণ, (জক্=ভক্ষণকরা+অনট্[illegible]

মহাদেব।

জটাধর, (জটা+ধৃ=যে ধরে, ২-অ) ষ্য, পুং, শিব। ণ, ত্রি, জটাধারী, জটা-বিশিষ্ট, যাহার মস্তকে জটা আছে।

জটামাংসী, (জটা=সংহত কেশ যা বৃক্ষের ঝুবি+মাংসী=বৃক্ষ বিশেষ) ষ্য, স্ত্রী, লতাবিশেষ, সুগন্ধি দ্রব্যবিশেষ।

জটায়ু, (জট=রাশি+আয়ুস্=জীব-নকাল, যাহার দীর্ঘ আয়ু, ৬-হ) ষ্য, পুং, শকুন্তরাজ, সম্পাতির অনুজ, দশরথের সখা। "অথৈতস্মিন্নস্য পুরাণস্য গৃধ্ররাজস্য তত্রভবতস্তাত-জটায়ুষশ্চরিত্র বিক্রমোদাহরণং" উত্তররামচরিত।

জটাল, (জটা+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, জটাধারী, জটাবিশিষ্ট। ষ্য, পুং, জটা-ধারী ব্রহ্মচারী, গুগ্গুল, কর্পূর, বটবৃক্ষ, সিংহ।

জটালা, ষ্য, স্ত্রী, জটামাংসী।

জটাবল্লী, ষ্য, স্ত্রী, রুদ্রজটা, গন্ধমাংসী নামে ঔষধবিশেষ। [বৃক্ষ, জটা সমূহ।

জটি, জটী, (জট+ই) ষ্য, স্ত্রী, প্লক্ষ-

জটিল, (জটা=ইল+অস্ত্যর্থে) ষ্য, পুং, বটবৃক্ষ, সিংহ, জটাধারী ব্রহ্ম-চারী। ণ, ত্রি, জটাবিশিষ্ট, জটাধারী, "সোঽয়ং প্ররাতি বিপিনে জটিলস্ত-পস্বী"। ণ, যাহা সহজে বোঝা যায় না, দুর্ব্বোধ, রাধিকার শ্বশ্রূ আয়ান ঘোষের মাতা, জটামাংসী, পিপ্পলী, বচা, দমনকবৃক্ষ।

জটী, (জটা+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, পর্কটীবৃক্ষ, পাকুড় গাছ, বটবৃক্ষ, সিংহ, জটাধারী ব্রহ্মচারী। ণ, ত্রি, জটাবি-শিষ্ট, জটাধারী।

জটুল, জড়ুল, (জট্+উল—সংজ্ঞার্থে) ষ্য, পুং, শরীরস্থ চিহ্নবিশেষ, জড়ুয়।

জঠর, (জন্=জনকরা+অর; জন্মস্থানে ঠ, বা জন্+অর, যাহাতে প্রাণী জন্ম-গ্রহণ করে) ষ্য, পুং, ন, উদর,

জরায়ু, গর্ভ। ণ, ত্রি, কঠিন, কর্কশ, বৃদ্ধ।

জঠরস্থ, ষ্য, পুং, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ। [ক্লেশ।

জঠরযন্ত্রণা, ষ্য, স্ত্রী, গর্ভেস্থিতি জন্য

জঠরস্থ, (জঠর+স্থ=যে থাকে) ণ, ত্রি, যে জঠরে আছে, গর্ভস্থ, যাহা জঠরে প্রবেশ করিয়াছে, উদরস্থ।

জঠরাগ্নি, জঠরানল, (জঠর+অগ্নি, অনল=আগুন) ষ্য, পুং, জঠরস্থিত অগ্নি, উদরের মধ্যে এক প্রকার দ্রব পদার্থ (gastric juice) আছে তাহার গুণে ভুক্ত বস্তু পরিপাক হয়। [ষ্য, পুং জলোদর রোগ।

জঠরাময়, (জঠর+আময়=রোগ)

জড়, (জল্=জমাকরা, আচ্ছাদনকরা +অ; ল স্থানে ড) ণ, ত্রি, শীতল, নিস্পন্দ, "করপল্লবঃ সতন্তা সহসৈব জড়াজ্জড়ঃ পরিভ্রষ্টঃ" উত্তরচরিত। নিস্তেজ, নিরুদ্যোগ, মূর্খ, চেতনশক্তিরহিত, মূক, অন্ধ, মোহিত। ষ্য, পুং, জ্ঞান শক্তিবিহীন নিষ্ক্রিয় ব্যক্তি, "নাপৃষ্টঃ কস্যচিদ্ব্রূয়াৎ ন চান্যায়েন পৃচ্ছতঃ। জানন্নপি হি মেধাবী জড়বল্লোক আচরেৎ"। পাগল। ন, সীসা, জল। ড়া—স্ত্রী, শূকশিম্বী, ভূমি আমলকী।

জড়ক্রিয়, (জড+ক্রিয়া=কার্য্য, ৬.হ) ণ, ত্রি, বিলম্বে কার্য্যকারক, দীর্ঘসূত্রী

জড়তা, জলতা, (জড+তা—ভাবে) ষ্য, স্ত্রী, মূর্খতা, জাড্য, শৈথিল্য, অপটুতা, শৈত্য।

জড়ত্ব, (জড+ত্ব—ভাবে) ষ্য, ন, মূর্খতা, অপটুতা, শীতলতা, অস্পষ্টতা, যে গুণ থাকাতে বস্তু সকল চালিত, কিম্বা স্থাপিত হইতে অন্যের শক্তি অপেক্ষা করে।

জড়পদার্থ, ষ্য, পুং, অচেতন বস্তু, যেমন কাষ্ঠ, ইষ্টক, প্রস্তর প্রভৃতি।

জড়পিণ্ড, ষ্য, পুং, ন, স্থূল জড়পদার্থ।

জড়বড়, (দেশজ) ণ, সঙ্কুচিত, একত্রিত, মূঢ়।

জড়াও, (দেশজ) ণ খচিত, সংলগ্ন।

জড়ান, (দেশজ) ষ্য, বেষ্টন, বেষ্টণ, আবৃত করণ। [পুং, জড়তা।

জড়িমা, (জড+ইমন—ভাবে) ষ্য,

জড়ীভূত, (জড+ভূত; ঈ—আগম) ণ, ত্রি, হতবুদ্ধি, যাহার বুদ্ধি লোপ হইয়াছে নিতান্ত স্ফূর্তিহীন, বিস্ময় বা ভয় হেতু স্পন্দরহিত।

জড়ুল, (জড়ু-লশব্দজ) ষ্য, দেহস্থ তিলক, জটুল।

জতু, (জন=উৎপন্ন হওয়া+উ: ন স্থানে ত) ষ্য, ন, লাক্ষা, লা, জৌ, "জিঘ্রাণাস্তু বসাগন্ধং সর্পির্জতুবিমিশ্রিতং" মহাভারত। আলতা।

জতুক, (জতু+ক) ষ্য, ন, হিঙ্গু, হিঙ্গু লাক্ষা লা। (দেশজ) নবকুমারাদির মুখদর্শনকালীন দত্ত ধনাদি। কা—স্ত্রী, চামচিকা।

জতুনী, ষ্য, স্ত্রী, চামচিকা।

জতুপুত্রক, ষ্য, পুং, পাশকগুটিকা, পাশার ঘুঁটি।

জতুরস, ষ্য, পুং, আলতা।

জত্রু (জন্+রু—সংজ্ঞার্থে, ন্ স্থানে ত্) ষ্য, ন, কণ্ঠাস্থি, বক্ষের হাড়।

জন, (জন্+অ) ষ্য, পুং, লোক, ব্যক্তি, ভুবন, ইতরলোক, দুষ্ট। মজুর। যে দেশ

জনক, (জন্=জন্মান+অক—কর্ত্রর্থে) ণ, পুং, পিতা, জন্ম রাজা, 'জন্মন্ + বর্ত্মন্=পথ, ৬-হ) কস্য ন যোনি। [মরণ।

পাদ ...াধ, ষ্য, পুং, জীবধর্ম্ম সম্পাদন, জন্মশোধন, (জন্ম+শোধন=মার্জ্জন) ষ্য, ন, জন্মকষ্ট বাধ্যতাদি নির্জ্জন,

জনশক্তি।

জনকতনয়া, (জনক+তনয়া=কন্যা, ৬-ষ) ষ্য, স্ত্রী, জানকী, সীতা। "যক্ষশ্চক্রে জনকতনয়াস্নান পুণ্যো-দকেষু" মেঘদূত। (জনকসুতাদিশ-ব্দেরও এই অর্থ।)

জনকারী, ষ্য, পুং, অলক্তক, লাক্ষা।

জনঙ্গম, (জন=ইতর লোক+গম্=গমনকরা+খ) ষ্য, পুং, চাণ্ডাল।

জনতা, (জন+তা—সমূহার্থে) ষ্য, স্ত্রী, জনসমূহ, ভিড।

জনত্রা, (জন=লোক+ত্রৈ=রক্ষাকরা+ড, আপ্—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, ছত্র, ছাতি, ইহা রৌদ্র এবং বৃষ্টি হইতে লোকদিগকে রক্ষা করে বলিয়া ইহার নাম জনত্রা হইয়াছে।

জনন, জননি, (জন্+অনট্, অনি) ষ্য, ন, স্ত্রী, উৎপত্তি, বংশ।

জননী, (জন+অনট্, ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, মাতা, দয়া।

জনপদ, জানপদ, (জন+পদ=স্থান, ৬ ষ; জনপদ+ষ্ণ—স্বার্থে) ষ্য, পুং, দেশ, বসতিস্থান, লোকালয়, "জন-পদ বধূ ভুক্ত কুঞ্জে মুহূর্ত্তং" মেঘদূত। লোক।

জনপ্রবাদ, (জন=লোক+প্রবাদ=[প্র=বিস্তৃত, নিন্দিত+বাদ=কথন] অপবাদ) ষ্য, পুং, লোকাপবাদ, লোকনিন্দা, জনরব।

[illegible] প্রিয়, (জন+প্রিয়) ণ, ত্রি, [illegible] তৃপ্তিকর, মনোরম, সর্ব্ব [illegible] যে সমস্ত লোকদিগকে [illegible] Philanthropic.)

শিব, বিষ্ণু, পিতা, মাতা, গুরু, ণ, তুষ্ট, শীঘ্র, আর্ত্ত, (শব্দের পর ইহার প্রয়ো[illegible]

যথা—পঙ্কজ, জলজ প্রভৃতি। [illegible] উৎপত্তি

জকার, ষ্য, পুং, "জ" এইবর্ণ। [illegible]

জকুট, ষ্য, পুং, মলয়াদ্রি, কুক্কুর। [illegible]

বেগুণফুল। [illegible]

জক্ষণ, (জক্ষ্=ভক্ষণকরা+অনট্[illegible]

ষ্য, পুং, পিতা। স্ত্রী—স্ত্রী, মাতা। ণ, ত্রি, উৎপাদক।

জনরব, (জন+রব=শব্দ) ষ্য, পুং, জনশ্রুতি, লোকে যাহা বলিয়া থাকে, একত্র সমবেত বহু ব্যক্তির শব্দ, কোলাহল।

জনলোক, (জন+লোক=ভুবন, ৬-ষ) ষ্য, পুং, সপ্তভুবনান্তর্গত ভুবন বিশেষ।

জনবল্লভ, (জন+বল্লভ=প্রিয়, ৬-ষ) ণ, ত্রি, দয়ালু। ষ্য, পুং, শ্বেত রোহিত বৃক্ষ।

জনবাদ, জনশ্রুতি, (জন+বাদ=কথন; জন+শ্রুতি=শ্রবণ, ৬-ষ) ষ্য, পুং, স্ত্রী, জনরব, কিম্বদন্তী, খবর, বার্ত্তা।

জনসঙ্কুল, ষ্য, ন, জনতা, জনসমূহ, ভিড।

জনস্থান, (জন=লোক+স্থান, ৬ ষ) ষ্য, ন, দণ্ডকারণ্যমধ্যস্থ স্থানবিশেষ, "জনস্থানে শূন্যে বিকল করণৈরার্য্য-চরিতৈঃ" উত্তরচরিত। লোকবসতি, লোকালয়, (Settlement.)

জনাচার, (জন+আচার) ষ্য, পুং, লৌকিক ব্যবহার, সদাচরণ, সভ্য-জনোচিত আচার।

জনাতিগ, (জন+অতিগ=যে অতি-ক্রম করে) ণ, ত্রি, যে সমস্ত লোক-দিগকে অতিক্রম করিয়া যায় অসাধারণ, অলৌকিক, সর্ব্বোৎকৃষ্ট।

জনাধিনাথ, (জন+অধিনাথ=ঈশ্বর) নরাধিপ, রাজা, বিষ্ণু।

জনান্ত, (জন=মনুষ্য+অন্ত=সীমা) ষ্য, পুং, প্রদেশ, জেলা।

জনান্তিক, (জন=মনুষ্য+অন্তিক=নিকট+অ—ভবার্থে) ষ্য, ন, অন্য-লোক সমক্ষেও কাণে কাণে কথা কহা, "ত্রিপতাক-করেণান্যানপবা-র্য্যান্তিকে জনান্, অন্যোন্যামন্ত্রণং যৎ স্যাৎ জনানাং তজ্জনান্তিকম্",

বিশ্বনাথ।

জনার্দ্দন, (জন=জন্তুবিশেষ+অর্দ্দন=যে পীড়া দেয়, ২য়া—ষ) ব্য, পুং, বিষ্ণু "ঔষধে চিন্তয়েদ্বিষ্ণুং ভোজনে চ জনার্দ্দনং"।

জনাশন, (জন+অশন=ভোজনীয়) ব্য, পুং, নেকড়ে বাঘ।

জনাশ্রয়, (জন+আশ্রয় ; ৬-ষ) ব্য, পুং, পটমণ্ডপ, অল্পদিনের জন্য নির্ম্মিত গৃহ, লোকালয়।

জনি, জনী, (জন=উৎপন্ন হওয়া, জন্মান+ই) ব্য, স্ত্রী, উৎপত্তি, জন্ম, নারী, মাতা, স্নুষা, পুত্রবধূ, জায়া।

জনিকা, (জনক+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পুত্রবধূ, জনয়িত্রী।

জনিত, (জনি=জন্মান+ক্ত—চ) ণ, ত্রি, যাহা উৎপন্ন করা গিয়াছে, উৎপাদিত।

জনিতা, (জন্+তৃণ্—ষ) ব্য, পুং, পিতা। স্ত্রী—স্ত্রী, মাতা।

জনিতোদ্যম, (জনিত+উদ্যম ; ৬-হ) ণ, ত্রি, সতেজ, উদ্যমশীল, যত্নবান, যে সর্ব্বদা কোন কার্য্য সম্পাদনের নিমিত্ত যত্ন করিতেছে।

জনিত্র, (জন=জন্মগ্রহণ করা+ইত্র) ব্য, পুং, যাহা হইতে জন্ম গ্রহণ করা যায়, পিতা।—ত্রা, স্ত্রী, মাতা, জননী।

জনিমন্, (জন+ইমন্) ব্য, পুং, জন্ম।

জনীন, (জন+ঈন—হিতার্থে) ণ, ত্রি, জনের হিতকারী, যার যেরূপ আবশ্যক তদুপযুক্ত।

জনু, জনূ—স্ত্রী, জনুস্—ন, (জন্+উ, ঊ, উস্) ব্য, জন্ম, উৎপত্তি।

জনেষ্টা, (জন+ইষ্ট=বাঞ্ছিত, ৬-ষ) ব্য, স্ত্রী, হরিদ্রা।

জনোদাহরণ, (জন=মানবজাতি+উদাহরণ=নিদর্শন) ব্য, ন, যশঃ, সুখ্যাতি।

জন্তু, (জন+তু) ব্য, পুং, জাত, প্রাণী, শরীর, "যেনজাঃ স্রিয়ন্তে ভোক্তা জন্তবস্ত যথা ক্রমম্"।

জন্তুকম্বু, ব্য, পুং, কৃমিশঙ্খ, শম্বুক।

জন্তুকা, (জন্তু=কীট+কৈ=প্রকাশ হওয়া+অ) ব্য, স্ত্রী, লাক্ষা, গালা।

জন্তুঘ্ন, (জন্তু=[প্রাণী] কীট+হন=যে নাশ করে) ব্য, ন, হিঙ্গু, হিং। পুং, এক প্রকার লেবু। ণ, ত্রি, প্রাণিঘাতক।—ঘ্নী, স্ত্রী, বিড়ঙ্গ।

জন্তুনাশন, (জন্তু+নাশন=নাশকারী) ব্য, ন, হিঙ্গু।

জন্তুফল, (জন্তু=পতঙ্গ+ফল) ব্য, পুং, যাহার ফলে পতঙ্গ সকল জলবদ্ধ হইয়া আবির্ভূত হয়, যজ্ঞডুমুরের গাছ।

জন্তুলা, (জন্তু=[প্রাণী] কীট+লা=যে গ্রহণ করে) ব্য, স্ত্রী, কাশতৃণ, কেশে, কাশতৃণে অনেক কীট থাকে বলিয়া ইহার নাম জন্তুলা হইয়াছে।

জন্ম, (জন+মন্) ব্য, ন, উৎপত্তি, উদ্ভব, সংসার, লোক।

জন্মকীল, ব্য, পুং, বিষ্ণু।

জন্মগত, (জন্ম+গত, ২-ষ) ণ, ত্রি, স্বাভাবিক, প্রকৃতিসিদ্ধ, সহজ, পৈতৃক।

জন্মতিথি, ব্য, স্ত্রী, জন্মদিনোৎসব।

জন্মদ, (জন্মন্+দ=যে দেয়) ব্য, পুং, জন্মদাতা, পিতা।

জন্মপত্র, জন্মপত্রিকা, ব্য, ন, স্ত্রী, কোষ্ঠী, ঠিকুজী। [জন্ম হয়।

জন্মভূমি, ব্য, স্ত্রী, স্বদেশ, যে দেশে

জন্মবৎ, (জন্মন্+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রাণী, জীব।

জন্মবর্ত্ম, (জন্মন্+বর্ত্মন্=পথ, ৬-ষ) ব্য, ন, যোনি। [প্রণয়।

জন্মশোধ, ব্য, পুং, জীবদ্দশা পর্য্যন্ত,

জন্মশোধন, (জন্ম+শোধন=মার্জ্জন) ব্য, ন, জন্মজন্য বাধ্যতাদি বিসর্জ্জন,

পিতামাতাদির প্রতি অকৃতজ্ঞতা প্রকাশন।

জন্মান্তর, (জন্মন্+অন্তর=প্রভেদ) ব্য, ন, অন্যজন্ম, পূর্ব্বজন্ম, পরজন্ম, লোকান্তর, পরলোক।

জন্মান্তরীণ, (জন্মান্তর+ঈন—ভবার্থে) ণ, ত্রি, যাহা জন্মান্তরে ঘটিয়াছে বা ঘটিবে।

জন্মান্ধ, (জন্মন্+অন্ধ, ৩-য) ণ, ত্রি, আজন্ম দৃষ্টিহীন, ভূমিষ্ঠ হইবার পূর্ব্বেই যাহার দর্শনশক্তি নষ্ট হইয়াছে।

জন্মাবচ্ছিন্ন, (জন্মন্+অবচ্ছিন্ন) ণ,ত্রি, যাবজ্জীবন সময়, কোন ব্যক্তি যত দিন বাঁচিয়া থাকে সেই কাল।

জন্মাষ্টমী, (জন্মন্+অষ্টমী) ব্য, স্ত্রী, কৃষ্ণের জন্মতিথি, শ্রাবণ মাসের কৃষ্ণাষ্টমী। [প্রাণী, জীব, জন্তু।

জন্মী, (জন্মন্+ইন্—অস্ত্যর্থে) ব্য,

জন্য, (জন্+য) ব্য, পুং, বর এবং বধূর ... বয়স্য, কন্যাযাত্র, বরযাত্র,নবোঢ়া কন্যার ভৃত্য, ব্য—স্ত্রী, মাতৃ সহচরী, সখী। "অথাঙ্গরাজাদবতার্য্য চক্ষুর্যাহীতি জন্যামবদৎ কুমারী" রঘুবংশ। আনন্দ, প্রীতি, মাতা। ন, সংগ্রাম, বিবাদ, অপবাদ, হট্ট, জন্মকালীন কুলক্ষণ। ণ, ত্রি, জায়মান, উৎপন্ন, উৎপাদক, জনক, উৎপাদ্য। (দেশজ) হেতু, কারণ, (জন্যেও হয়।)

জন্যু, (জন—জন্মান+যু—সংজ্ঞার্থে) বিষ্ণু,... পুং, জন্তু, প্রাণী, অগ্নি, বিধাতা, ব্রহ্মা,...

জপ, ... (জপ্=পাঠকরা, জপ+...) ব্য, পুং, মন্ত্রাদির পুনঃ পুনঃ উচ্চারণ, স্বাধ্যায়।

...পুনঃ উচ্চা+অন) ব্য, ন, জপ।

জপন, ... স্ত্রী, যে মালা অবলম্বন ... জপমালা, করে।

—ত্রিরা

জপযজ্ঞ, (জপ+যজ্ঞ) ব্য, পুং, জপকরণ, ইষ্টদেবতাদির স্তব মনে মনে পঠন।

জপা, (জপ্+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, জবাফুলের গাছ, জবাফুল।

জপিত, (জপ্+ক্ত—চ) ণ, ত্রি,যাহা জপ করা হইয়াছে।

জমদগ্নি, (জমৎ=ভক্ষণকারী+অগ্নি, কর্ম্মধা) ব্য,পুং, পরশুরামের পিতা।

জমন,(জম্—ভক্ষণকরা+অনট্—ভাব) ব্য, ন, ভোজন, আহার।

জম্, ব্য, পত্নী, জায়া। [বৃদ্ধি।

জমা, (যাবনিক) ব্য, আয়, সঞ্চয়,

জমী, (যাবনিক) ব্য, ভূমি, ক্ষেত্র।

জমীদার, (যাবনিক) ব্য, ভূম্যধিকারী।

জম্পতি, (জম্=জায়াশব্দজ+পতি, দ্বং-স) ব্য, পুং, দ্বিং, স্ত্রী পুরুষ।

জম্বাল, (জম্=ভক্ষণকরা+বাল—সংজ্ঞার্থে, অথবা জল+বাল, [বল=আবরণ করা+ঘঞ্—চ]=আবৃত, যে জলদ্বারা আবৃত, ৩-ষ ; ল স্থানে ম) ব্য, ন, কর্দ্দম, শৈবাল, কেতকীবৃক্ষ।

জম্বালিনী, (জম্বাল=কর্দ্দম+ইন্—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, শৈবলিনী, নদী।

জম্বির, জম্বীর, (জম্=ভক্ষণকরা+ইর, ঈর্। ব—আগম) ব্য, পুং, জামির, লেবু।

জম্বু, জম্বূ, (জম্+উ, ঊ ; ব আগম) ব্য, স্ত্রী, জামগাছ। "জম্বুকুঞ্জপ্রতিহতরয়স্তোয়মাদায় গচ্ছেঃ" মেঘদূত। সুমেরু পর্ব্বতের নদীবিশেষ, জম্বুদ্বীপ। (জম্বু+অ—ফলার্থে, অ—লোপ) স্ত্রী—ন, জাম। পুং—ন, জম্বুদ্বীপ।

জম্বুক, জম্বূক, (জম্+উক, ঊক ; ব আগম) ব্য, পুং, বরুণ, নীচ ব্যক্তি, গোলাপ জামের গাছ, শৃগাল।

জম্বুদ্বীপ, (জম্বু+দ্বীপ, ৬-ষ) ষ্য, পুং, পৃথিবীর সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ-বিশেষ, ভারতবর্ষ, এই দ্বীপে সুদর্শন নামক প্রসিদ্ধ একটা জামগাছ আছে, এই নিমিত্ত এই দ্বীপকে জম্বুদ্বীপ বলে। "দক্ষিণেন তু নীলস্য নিষধস্যোত্তরেণ তু। সুদর্শনো নাম মহান্ জম্বূবৃক্ষঃ সনাতনঃ"।[সুবর্ণ

জম্বূনদ, ষ্য, পুং, শ্বেত জবাপুষ্প,

জম্বূমৎ, ষ্য, পুং, বংশাবিশেষ, পর্ব্বতবিশেষ।তী—স্ত্রী, স্বনাম প্রসিদ্ধ অপ্সরোবিশেষ।

জম্বুল, জম্বূল, (জম্বু, ষূ+ল=যে গ্রহণ করে) ষ্য, পুং, জামগাছ, কেতকীবৃক্ষ। ন, নারীগণ বাসরঘরে বরের প্রতি যে পরিহাসবাক্য প্রয়োগ করে।

জম্বুবনজ, ষ্য, পুং, শ্বেত জবাপুষ্প।

জম্বূবান্, ষ্য, পুং, বানর বিশেষ, পর্ব্বতবিশেষ।

জম্বূলমালিকা, (জম্বূল+মালিকা=মালা, রজ্জু) ষ্য, স্ত্রী, বর কিম্বা বধূপক্ষীয় স্ত্রীগণের পরিহাস বাক্য পরম্পরা।

জম্ভ, (জন্ভ্=নষ্টকরা+অল্) ষ্য,পুং, দৈত্যবিশেষ, ভক্ষণ, দন্ত, অংশ,তূণ, হনু, জম্বীর, লেবু। পুং, ম্ভা—স্ত্রী, জৃম্ভণ, জৃম্ভা।

জম্ভক, (জম্ভ+ক—স্বার্থে) ষ্য, পুং, জম্বীর, লেবু। (জভ=হাইতোলা ইত্যাদি+অক—ষ) ণ, ত্রি, জম্ভনকারী। (জম্ভা+ক—স্বার্থে) ম্ভিকা—স্ত্রী, জৃম্ভা, হাই।

জম্ভন, (জন্ভ্=মৈথুনকরা+অ-ট—ভাব) ষ্য,ন, সঙ্গম, রমণ, মৈথুন।

জম্ভদ্বিট, (জম্ভ=দৈত্যবিশেষ+দ্বিষ্=শত্রু) ষ্য, পুং, ইন্দ্র।

জম্ভভেদন, (জম্ভ=দৈত্যবিশেষ+ভেদন=ভেদ অর্থাৎ নাশকারী) ষ্য, পুং, ইন্দ্র।

জম্ভভেদী, (জম্ভ=দৈত্যবিশেষ+ভেদিন্=যে ভেদ অর্থাৎ নাশকরে, ২-ষ) ষ্য, পুং, ইন্দ্র।[জম্বীর, লেবু।

জম্ভর, (জম্ভল দেখ, ল=র) ষ্য, পুং,

জম্ভরিপু, (জম্ভ=দৈত্যবিশেষ+রিপু=শত্রু, ৬-ষ) ষ্য, পুং, ইন্দ্র।

জম্ভল, (জন্ভ্=[পাপ ইত্যাদি] নাশকরা+অল) পুং, জম্বীর। লা—স্ত্রী, রাক্ষসীবিশেষ। "অস্তি গোদাবরীতীরে জম্ভলা নাম রাক্ষসী, তস্যাঃ স্মরণমাত্রেণ বিশল্যা গর্ভিণী ভবেৎ"।

জম্ভারি, (জম্ভ=দৈত্যবিশেষ+অরি=শত্রু, ৬ ষ) ষ্য, পুং, ইন্দ্র, বজ্র, অগ্নি।

জম্ভী, (জম্ভিন্,জন্ভ্=[পীড়া] নাশকরা+ইন্) ষ্য, পুং, জম্বীর,লেবু।

জম্ভীর, (জম্ভ্+ঈর; ম্—আগম) ষ্য, পুং, জম্বীর, লেবু, বৃক্ষবিশেষ।

জয়, (জি=জয়করা+অল—ভাব) ষ্য, পুং, যুদ্ধাদিস্থলে শত্রু-দমন, বশীকরণ, শত্রুপরাজয়, শত্রুকে হারাইয়া দেওয়া, নিবাস, বিরাট ভবনস্থ যুধিষ্ঠির, রামায়ণ মহাভারতাদি ইতিহাস ও অষ্টাদশ পুরাণ প্রভৃতি শাস্ত্র, জয়ন্ত, বিষ্ণুর পার্শ্বচর।—য়া, স্ত্রী, দুর্গা, জয়ন্তীবৃক্ষ, তিথিবিশেষ, তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশী, হরীতকী, দুর্গাসখীবিশেষ, বিজয়া, শান্তাবৃক্ষ, অগ্নিমন্থবৃক্ষ, নীলদূর্ব্বা, পতাকাবিশেষ।

জয়কোলাহল, (জয়+কোলাহল—কলকলধ্বনি) ষ্য, পুং, জয়ধ্বনি, পাশকবিশেষ।

জয়ঢক্কা, (জয়+ঢক্কা=ঢাক) ষ্য, স্ত্রী, জয়সূচক ঢক্কা, জয়ঢাক, যুদ্ধকালে যে ঢাক বাজান যায়।

জয়দত্ত, (জয়+দত্ত=প্রদত্ত) ষ্য, পুং,

শত্রুপক্ষেরা যাহাকে জয় প্রদান করিয়াছে, ইন্দ্রপুত্র।

জয়দ্রথ, (জয়ৎ—[জি—জয়করা+শতৃ —য] জয়শীল+রথ, ৬ হ) ব্য, পুং, সিন্ধুরাজ, দুর্য্যোধনের ভগিনীপতি, দুঃশলার স্বামী।

জয়ধ্বনি, (জয়+ধ্বনি—শব্দ) ব্য, পুং, জয়শব্দ দেখ।

জয়ন, (জি+অনট্—ভাব) ব্য, ন জয়, অশ্বাদির সজ্জা। নী—স্ত্রী, ইন্দ্রকন্যা।

জয়নযুজ্, (জয়ন—অশ্বাদির বর্ম্ম+যুজ্ —বিশিষ্ট, যুক্ত) ণ, ত্রি, যুদ্ধ সজ্জায় সজ্জিত অশ্বাদি, জয়ী, যে রিপুজয় করিয়াছে।

জয়ন্ত, (জি+অন্ত) ব্য, পুং, ইন্দ্রপুত্র, "অন্তর্গত প্রার্থনমন্তিকস্থং জয়ন্তমুদ্বীক্ষ্য কৃতস্মিতেন" শকুন্তলা। শিব, চন্দ্র, বিরাটভবনস্থ ভীম। ন্তী—স্ত্রী, ইন্দ্রের কন্যা, পতাকা, দুর্গা, অষ্টমী তিথিঘটিত যোগবিশেষ, বৃক্ষবিশেষ, জন্তীগাছ। [স্ত্রী, হরিদ্রা, হলুদ।

জয়ন্তিকা, (জয়ন্তি+ক—যোগ) ব্য,

জয়পতাকা, ব্য, স্ত্রী, জয়সূচক পতাকা, জয় লাভের পর যে পতাকা উত্তোলন করা যায়।

জয়পত্র, ব্য, ন, জয়সূচক পত্র, বিচারক মোকর্দ্দমার চূড়ান্ত নিষ্পত্তি যে পত্রে লিখিয়া জয়ীকে প্রদান করেন, ডিক্রী।

জয়পাল, জৈপাল, (জয়+পাল—যে পালন করে, ৩ হ) ব্য, স্ত্রী, রাজা, ব্রহ্মা, বিষ্ণু, বৃক্ষবিশেষ।

জয়পুত্রক, ব্য, পুং, পাশাবিশেষ।

জয়মঙ্গল, (জয়+মঙ্গল—সৌভাগ্য) ব্য, পুং, রাজবাহ্য হস্তী, জ্বরঘ্ন ঔষধ বিশেষ।

জয়যজ্ঞ, (জয়+যজ্ঞ) ব্য, পুং, জয়সূচক যজ্ঞ, অশ্বমেধ যজ্ঞ, সার্ব্বভৌম সম্রাট্গণই অশ্বমেধ যজ্ঞ করিতে পারেন, এই হেতু এই যজ্ঞের নাম জয়যজ্ঞ হইয়াছে।

জয়লক্ষ্মী, জয়শ্রী, ব্য, স্ত্রী, জয়ের অধিষ্ঠাত্রী দেবী, যে দেবী অনুকূল হইলে জয়লাভ হয়। "কথমপি জয়লক্ষ্মীর্ভীতভীতা বিহাতুং" ভারবি। জয়লাভ জনিত শোভা।

জয়বাহিনী, (জয়+বাহিনী—যে বহন করে) ব্য, স্ত্রী, ইন্দ্রাণী, শচী।

জয়শব্দ, (জয়+শব্দ—ধ্বনি) ব্য, পুং, "জয় হউক" এই আশীর্ব্বাদ বাক্য, "বাষ্পেন প্রতিরুদ্ধেপি জয় শব্দে জিতং ময়া" শকুন্তলা।

জয়শীল, (জয়+শীল—যুক্ত) ণ, ত্রি, জয়ী, যে সর্ব্বত্র জয়লাভ করে।

জয়া, [জয়+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পার্ব্বতীর সখী, পার্ব্বতী, হরীতকী, ভাঙ্গ, ভাঙ, জয়ন্তী বৃক্ষ, তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশীতিথি, পতাকাবিশেষ।

জয়ারব, (জয়+আরব—শব্দ) ব্য, পুং, জয়গীতি, লব্ধজয় সৈন্যগণের জয়ধ্বনি। [কলের ছাল।

জয়িত্রী, (জাতিপত্রীশব্দ) ব্য জাতি-

জয়ী, (জয়+ইন্—ষ) ণ, ত্রি, জয়শীল, জয়যুক্ত, যে সর্ব্বত্র জয়লাভ করে।

জয়োদ্ধুর, (জয়+উদ্ধুর—স্থির, দৃঢ) ণ, ত্রি, জয়ী, শত্রুঞ্জয়, রিপুদর্পবিনাশী।

জয্য, (জি+য—চ) ণ, ত্রি, যাহাকে জয় করিতে পারা যায়।

জরঠ, (জৄ—জীর্ণহওয়া+অঠ) ণ, ত্রি, নিষ্ঠুর, পাকুটে, কর্কশ, কঠিন, জীর্ণ, বৃদ্ধ। পুং, জরা।

জরণ, (জৄ+অনট্—চ, ভাব) ণ, ত্রি, জীর্ণ, বৃদ্ধ। ব্য, ন, হিঙ্গু। পুং, জীরক, জীরা। —ণা, স্ত্রী, কৃষ্ণজীরক, কেলে জীরা।

জরণ্ড, ণ, ত্রি, জীর্ণ, শীর্ণ, বিগলিত।
জরতী, ষ্য, স্ত্রী, বৃদ্ধা, বুড়ী।
জরৎ, (জৄ+শতৃ) ণ, ত্রি, অশক্ত, বৃদ্ধ, জীর্ণ, পুরাতন। তী—স্ত্রী, প্রাচীনা, বৃদ্ধা, জীর্ণা।
জরৎকারু, (জরৎ+কারু=দারুণ কঠিন) ষ্য, পুং, স্বনাম প্রসিদ্ধ মুনি, এই মহর্ষি কঠোর তপস্যাদ্বারা আপনার কঠিন ও বলিষ্ঠ দেহকে ক্রমে ক্রমে ক্ষীণ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম জরৎকারু হইল, এবং উক্ত কারণ বশতঃ বাসুকীর ভগিনীও জরৎকারু নামে বিখ্যাত হইলেন।—স্ত্রী, মনসাদেবী, জরৎকারু পত্নী।
জরৎকারুসূনু, ষ্য, পুং, আস্তিকমুনি।
জরদ্গব, (জরৎ+গো ; কর্ম্মধা) ষ্য, পুং, বৃদ্ধবৃষ, গৃধ্রবিশেষ। বী—স্ত্রী, বৃদ্ধ গবী।
জরন্ত, (জৄ+জীর্ণহওয়া+অন্ত) ণ, ত্রি, বৃদ্ধ, জীর্ণ। ষ্য, পুং, মহিষ।
জরদান, (জৄ+অসানচ্) ষ্য, পুং, মানব, মনুষ্য।
জরা, (জৄ=জীর্ণহওয়া+অ—ভাব) ষ্য, স্ত্রী, বার্দ্ধক্য, জীর্ণতা। "জরা বলীচ মাং তাত পলিতানি চ পর্য্যগুঃ"মহাভারত। রাক্ষসীবিশেষ, কালকন্যা, মৃত্যুকন্যা, ক্ষীরিকাবৃক্ষ, ক্ষীরাই গাছ।
জরাগ্রস্ত, (জরা+গ্রস্ত, ৩ ব) ণ, ত্রি, জরা যাহাকে গ্রাস করিয়াছে, জরাভিভূত।
জরাভীরু, (জরা=বার্দ্ধক্য, জীর্ণতা+ভীরু) ষ্য, পুং, কন্দর্প। ণ, ত্রি, জরার নিমিত্ত ভীরু, যে ব্যক্তি বার্দ্ধক্যকে অত্যন্ত ভয় করে।
জরাসন্ধি, জরাপুষ্ট, (জরা=রাক্ষসীবিশেষ+ঞ্চারণী—অপত্যার্থে ;—পুষ্ট প্রতিপালিত, ৩,হ) ষ্য, পুং, জরাসন্ধ, ইনি জরা নাম্নী রাক্ষসী কর্ত্তৃক প্রতিপালিত হইয়াছিলেন বলিয়া ইহার নাম জরাসন্ধি বা জরাপুষ্ট হইয়াছে।
জরায়ু, (জরা+ই=পাওয়া+উ) ষ্য, পুং, গর্ভবেষ্টন চর্ম্মস্থলী, গর্ভাশয়, জ্রূণ, গর্ভ, জটায়ুপক্ষী।
জরায়ুজ, (জরায়ু+জ=যে জন্মে,৫-ব) ণ, ত্রি, গর্ভচর্ম্ম স্থলীজাত, মনুষ্য গবাদি,"জরায়ুজা মনুষ্যাদ্যা অণ্ডজা ভুজগাদয়ঃ উদ্ভিজ্জাস্তরুগুল্মাদ্যা উস্মজা মশকাদয়ঃ" অমরসিংহ।
জরাসন্ধ, (জরা=রাক্ষসীবিশেষ+সন্ধ =সংযোজিত) ষ্য, পুং, মগধদেশের নৃপবিশেষ, কৃষ্ণশত্রু, বৃহদ্রথের পুত্র, "যদাশ্রৌষং মাগধানাং বরিষ্ঠং জরাসন্ধং ক্ষত্রমধ্যে জলন্তং" মহাভারত। এইরূপ প্রবাদ আছে যে জন্মকালীন জরাসন্ধের দেহ দুই খণ্ডে বিভক্ত হইয়া গর্ভ হইতে নির্গত হইয়াছিল, পরে জরানাম্নী এক রাক্ষসী সেই দুই খণ্ডকে একত্রে সংযোজিত করেন।
জরাসন্ধজিৎ, (জরাসন্ধ+জিৎ=যে জয় করে, ২-ষ) ষ্য,পুং,ভীম,বৃকোদর।
জরী, (জরা+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, জীর্ণ, বৃদ্ধ।
জরূথ, (জৄ=জীর্ণহওয়া+ঊথ—সংজ্ঞার্থে) ষ্য, ন, শ্লথ মাংস, বলী।
জর্জ্জর, (জর্জ্জ+অরণ্; দ্বিত্ব) ষ্য, পুং, শৈলজ, ইন্দ্রধ্বজ। ণ, ত্রি, জীর্ণ, বিশীর্ণ, "কৌপীনং শতখণ্ড জর্জ্জরতমম্" "জর্জ্জর বংশখণ্ডেন মারুতাভরৎ" ইঃ।
জর্জ্জরিত, (জর্জ্জর+ক্ত—ট) ণ, ত্রি, যাহাকে জর্জ্জর করিয়াছে।
জর্জ্জরীক, (জর্জ্জর্+ঈক) ণ, ত্রি, বহুছিদ্রবিশিষ্ট, জীর্ণ, অত্যন্ত পুরাতন।

জর্ণ, (জৄ—জীর্ণহওয়া+ন) ণ, ত্রি, জীর্ণ। ব্য, পুং, চন্দ্র, বৃক্ষ।

জর্তিল, (জন্—উৎপন্নহওয়া+তিল—শস্যবিশেষ) ব্য, পুং, বন্যতিল।

জর্তু, (জন্+তু—সংজ্ঞার্থে, র্—আগম) ব্য, পুং, যোনি, হস্তী।

জর্দা, (যাবনিক) ণ, পীতবর্ণ, হরিদ্রা রং।

জল, (জল—আচ্ছাদনকরা+অ) ব্য, ন, সলিল, অম্বু, বারি। ণ, ত্রি, জড়।

জলক, ব্য, ন, শঙ্খ, শাঁক।

জলকণ্টক, (জল+কণ্টক, ৬-ষ) ব্য, পুং, কুম্ভীর, পানিফল।

জলকপি, (জল+কপি—বানর, ৬-ষ) ব্য, পুং, শিশুমার, শুশুক।

জলকর, (জল+কর—শুল্ক বা যে করে) ব্য, পুং, জল হইতে যে রাজকর উৎপন্ন হয়। (দেশজ) কেবল মাত্র জলভাগ—যথা পুকুরটীর পরিসর প্রায় জলকর দুই বিঘা।

জলকরঙ্ক, (জল+করঙ্ক—পাত্র বা আধার) ব্য, পুং, পদ্ম, শঙ্খ, মেঘ, নারিকেল। [ব্য, পুং, কর্দ্দম, পঙ্ক।

জলকল্ক, (জল+কল্ক—কাট, শিটা)

জলকাক, (জল+কাক, ৬-ষ) ব্য, পুং, পানকৌড়ী পক্ষী।

জলকাঙ্ক্ষ, জলকাঙ্ক্ষী, (জল+কাঙ্ক্ষ—আকাঙ্ক্ষা করা+অ, ইন্—ঘ) ব্য, পুং,—স্ত্রী, হস্তী। ণ, ত্রি, জলাভিলাষী।

জলকান্তার, (জলকান্ত—সমুদ্র+অর—যে গমন করে বা শাসন করে) ব্য, পুং, বরুণ, জলাধিপতি।

জলকিরাট, (জল+কির—শূকর+অট—যে গমন করে) ব্য, পুং, গ্রাহ, জলজন্তু। [স্ত্রী, পাণ্ডুচিল।

জলকুক্কুটী, (জল+কুক্কুটী—মুরগী) ব্য,

জলকুক্কুভ, (জল+কুক্কুভ—পক্ষীবিশেষ) ব্য, পুং, জলচর বন্য পক্ষীবিশেষ।

জলকুন্তল, জলকেশ, (জল+কুন্তল, কেশ; ৬-ষ) ব্য, পুং, শৈবাল, শেয়ালা।

জলকুব্জক, (জল+কুব্জ—বক্রহওয়া+কণ) ব্য, পুং, জলজাত লতা বিশেষ, বেতস লতা।

জলকূপী, (জল+কূপ—কুয়া+ঈ—অল্পার্থে) ব্য, স্ত্রী, পুষ্করিণী, জলের পাক, ঘূর্ণা।

জলকূর্ম্ম, (জল+কূর্ম্ম—কচ্ছপ, ৬-ষ) ব্য, পুং, শিশুমার, শুশুক।

জলকেশ, ব্য, পুং, শৈবাল, শেওলা।

জলক্রিয়া, (জল+ক্রিয়া—কার্য্য) ব্য, স্ত্রী, পিতৃপুরুষগণকে জলদান, তর্পণ, প্রেতগণের উদ্দেশে জল উৎসর্গ করণ, জলাসাৎসর্গ।

জলক্রীড়া, ব্য, স্ত্রী, নদ্যাদিতে সমবয়স্ক সখা বা স্ত্রীগণের সহিত জলক্ষেপ রূপ ক্রীড়া।

জলগুল্ম, (জল+গুল্ম—গুচ্ছ) ব্য, পুং, জলের আবর্ত্ত, ঘূর্ণিজল, কচ্ছপ।

জলচত্বর, ব্য, ন, তড়াগ, সরোবর।

জলঙ্গ, (জল+গ—যে গমন করে) ণ, ত্রি, জলচর।

জলঙ্গম, (জল+গম—যে গমন করে) ব্য, পুং, যে মৎস্য ধরিবার নিমিত্ত জলে অবতরণ করে, চণ্ডাল, জেলে, ধীবর। [ণ, ত্রি, জলজন্তু, জলচারী।

জলচর, (জল+চর—যে চরে, ৭ষ)

জলচারী, (জল+চারিন্—যে গমন করে, ৭-ষ) ণ, ত্রি, যাহারা জলে বিচরণ করে, যথা—বক,সারসাদি। (Grallatatore.)

জলছত্র, (জল+ছত্র—ছাতা) ব্য, আতপক্লান্ত পথিকদের জলদান স্থান প্রপা।

জলজ, (জল+জ—যে জন্মে, ৫ ষ) ব্য, ন, পদ্ম, শঙ্খ। ণ, ত্রি, জলজাত. "জলজৈঃ প্রাণিভিঃ কীর্ণাং জলজৈঃ

স্তু'বিতাং গুণৈঃ। জলজৈঃ কুসুমৈ-শ্চিত্রাং জলদৈর্হরিতোদকাম্"।

জলজন্তু, (জল+জন্তু=প্রাণী) ব্য, পুং, যে জন্তু জলে বাস করে, মকর কুম্ভীরাদি।

জলজন্তুকা, (জলজন্তু+ক—অল্পার্থে) ব্য, স্ত্রী, জলৌকা, জোঁক।

জলজন্ম, (জল+জন্মন্=জন্ম, ৭.হ) ব্য, ন, জলজ, পদ্ম। [পুং, কুম্ভীর।

জলজিহ্ব, (জল=শীতল+জিহ্বা) ব্য,

জলডিম্ব, (জল+ডিম্ব=ক্ষুদ্র প্রাণী) ব্য, পুং, শম্বুক, শামুক।

জলতরঙ্গ, (জল+তরঙ্গ=বীচি, ঢেউ) ব্য, পুং, জলের ঢেউ, বীচি, বাদ্যযন্ত্রবিশেষ।

জলতাপিক, জলতাপী, (জল+তপ=দগ্ধকরা, উত্তপ্তকরা+ণক, ণিন্) ব্য, পুং, ইলিশ মাছ।

জলতাল, (জল+তাল [তল=বাসকরা+ঘঞ্] =যে বাস করে) ব্য, পুং, যে জলে বাস করে, ইলিশ মৎস্য, ইলিশ মাছ।

জলত্রা, (জল=বৃষ্টি+ত্রা [ত্রৈ+ড—ভাব]=রক্ষণ) ব্য, স্ত্রী, আতপত্র, ছত্র, ছাতা।

জলদ, (জল+দ=যে দান করে, ২-ষ) ব্য, পুং, পয়োদ, মেঘ, বারিদ, মুস্তক, "জলমুজলদ শ্রোষ্যাস শ্রোত্রপেয়ং" মেঘদূত। ণ, ত্রি, জলদাতা।

জলদাগম, (জলদ=মেঘ+আগম=আগমন, ৬ হ) ব্য, পুং, যেকালে মেঘের উদয় হয়, বর্ষাকাল।

জলদাভ, (জলদ=মেঘ+আভা=দীপ্তি) ণ, ত্রি, মেঘের ন্যায় বর্ণবিশিষ্ট, কৃষ্ণবর্ণ, অন্ধকার।

জলদাশন, (জলদ=মেঘ+অশন [অশ্ ভক্ষণ করা+অন]=গ্রসন, পান) ব্য, পুং, শালগাছ।

জলধর, (জল+ধর=যে ধারণ করে, ২-ষ) ব্য, পুং, মেঘ, সমুদ্র, মুথাঘাস। ণ, ত্রি, জলধারী।

জলধরমালা, (জলধর=মেঘ+মালা) ব্য, স্ত্রী, মেঘশ্রেণী, ১২ অক্ষর ছন্দো-বিশেষ, যাহার ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

জলধি, (জল+ধা=ধারণকরা+ই যে জলধারণ করে, ২-ষ) ব্য, পুং, সমুদ্র, সংখ্যাবিশেষ।

জলধিগা, (জলধি=সমুদ্র+গ=যে গমন করে) ব্য, স্ত্রী, নদী।

জলধিজা, (জলধি+জ=যে জন্মে, ৫-ষ) ব্য, স্ত্রী, লক্ষ্মী, ইনি সমুদ্রমন্থন কালে জন্মেন।

জলনকুল, (জল+নকুল=বেঁজি, ৭-ষ) ব্য, পুং, উদ্বিড়াল, জলমার্জ্জার।

জলনালী, জলপ্রণালী, ব্য, স্ত্রী, জল-নির্গমন পথ, নর্দামা।

জলনিধি, (জল+নিধি=আশ্রয়, ৬-ষ) ব্য, পুং, সমুদ্র, "জলনিধিমনুরূপং জহ্নুকন্যাবতীর্ণা" রঘুবংশ।

জলনির্গম, (জল+নির্গম=বহির্গমন, ৫.হ) ব্য, পুং, জলপথ, নর্দামা, জলের নিঃসরণ।

জলনির্গমনী, ব্য, স্ত্রী, জলনালী।

জলনীলী, (জল+নীল=নীলবর্ণকরা+অ, ২ ষ) ব্য, লিকা—স্ত্রী, শৈবাল, শেযালা।

জলন্ধর, (জল+ধর [ধৃ+অ]=যে ধারণ করে) ব্য, পুং, শিব হইতে উৎপন্ন বলিয়া ইহাকে সমুদ্রগ্রহণ করিয়াছিলেন, অসুরবিশেষ।

জলপটল, ব্য, ন, জলরাশি, মেঘ।

জলপতি, (জল+পতি, ৬-ষ) ব্য, পুং, বরুণ, সমুদ্র।

জলপাত্র, ব্য, ন, পানপাত্র, জল রাখিবার পাত্র, ঘটী গাড়ু প্রভৃতি।

জলপান, ব্য, ন, জলপান করা। (দেশজ) তাজা শস্য, মুড়ি প্রভৃতি, মিষ্টান্ন।

জলপারাবত, ব্য, পুং, পক্ষিবিশেষ।
জলপিত্ত, (জল+পিত্ত) ব্য, পুং, অগ্নি।
জলপৃষ্ঠজা, (জল+পৃষ্ঠ=উপরিভাগ+জ=জাত) ব্য, স্ত্রী, শৈবাল, শেওলা।
জলপ্রপাত, (জল+প্রপাত=পতন, ৬-ষ) ব্য, পুং, নির্ঝর, ঝরণা।
জলপ্রায়, (জল+প্রায়=বহুল, ৭.হ) ব্য, ন, জলবহুল দেশ, জলপ্লাবিত স্থান, জলময় দেশ।
জলপ্রিয়, (জল+প্রিয়, ৬.হ) ব্য, পুং, মৎস্য, চাতকপক্ষী।
জলপ্লব, (জল+প্লব=যে গমন করে বা সাঁতার দেয়) ব্য, পুং, জলনকুল, উদবিড়াল।
জলপ্লাবন, (জল+প্লাবন=জলাদি দ্বারা ব্যাপ্তি) ব্য, ন, বন্যা, জলে দেশ ভাসিয়া যাওয়া।
জলপ্লাবিত, (জল+প্লু=জলে ভাসিয়া যাওয়া+ণিচ্+ক্ত—চ) ণ, ত্রি, জলেনিমগ্ন, জল দ্বারা ব্যাপ্ত।
জলবন্ধক, (জল+বন্ধক=রোধক) ব্য, পুং, জলপ্রবাহের গতি প্রতিরোধক কাষ্ঠ প্রস্তরাদি। বাঁধ।
জলবন্ধু, (জল+বন্ধু=মিত্র) ব্য, পুং, মৎস্য। [ব্য, ন, জলবিম্ব।
জলবুদ্বুদ, (জল+বুদ্বুদ=বিম্ব, ৬-ষ)
জলভূ, (জল+ভূ=হওন বা জাত) ব্য, পুং, মেঘ, এক প্রকার জলজ শাক, কাঁচড়া দাম।
জলমক্ষিকা, (জল+মক্ষিকা=মাছি) ব্য, স্ত্রী, জলের কীটবিশেষ।
জলমদগু, (জল+মদ্গু অম্বুপক্ষী) ব্য, পুং, মাছরাঙ্গা পাখী, মধুক বৃক্ষ, মহুয়াগাছ।
জলময়, (জল+ময়) ণ, ত্রি, জলপ্লাবিত, জলপূর্ণ, জলে ভাসমান।
জলমসি, (জল+মসি=কালি, ব্য, পুং, মেঘ, অত্যন্ত কৃষ্ণ বলিয়া মেঘকে মসি ও জল নিঃস্রবে উৎপন্ন বলিয়া প্রতীত হয়।
জলমার্গ, (জল+মার্গ=পথ, ৬-ষ) ব্য, পুং, জলপ্রণালী, জলপথ, নর্দামা।
জলমুক্, (জল+মুচ্=যে ত্যাগ করে+ক্বিপ) ব্য, পুং, মেঘ।
জলমূর্ত্তি, (জল+মূর্ত্তি=আকৃতি, মহাদেব সর্ব্বব্যাপী এইজন্য জলও তাঁহার এক মূর্ত্তি) ব্য, পুং, শিব, মহাদেব।
জলমূর্ত্তিকা, (জল+মূর্ত্তি=আকৃতি+ক—যোগ, জলের আকৃতি বা অবস্থান্তর) ব্য, স্ত্রী, করকা, শিল, নীহার।
জলমোদ, (জল+মোদ=যে আনন্দিত করে) ব্য, ন, বেণার মূল, উশীর, সুগন্ধ মূলবিশেষ।
জলযল, ব্য, ন, প্রবাহ, স্রোত।
জলযন্ত্র, (জল+যন্ত্র=কল ; ৬-ষ) ব্য, ন, জলোত্তোলনের কল, ধারাযন্ত্র, ফোয়ারা।
জলযন্ত্রগৃহ, জলযন্ত্রনিকেতন, জলযন্ত্রমন্দির, (জলযন্ত্র+গৃহ, নিকেতন, মন্দির) ব্য, ন, গ্রীষ্মকালে বাসের নিমিত্ত জলের উপরি নির্ম্মিত গৃহ, জলটুঙ্গি, নদীর তীরে ভূগর্ভস্থ গৃহ।
জলরঙ্ক, জলরঙ্ক, (জল+রঙ্ক=কৃপণ, জললোলুপ ; ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্য ধরিবার আশায় জলময় স্থানে ভ্রমণ করে, জল+রন্জ্=অনুরক্ত হওয়া+ঘঞ) ব্য, পুং, বক। [পাখী
জলরঙ্কু, ব্য, পুং, দাত্যুহপক্ষী, ডাক-
জলরণ্ড, (জল+রন্ড্=কাঁপা, ক্রীড়া করা ইত্যাদি+অ, ল=র) ব্য, জলের আবর্ত্ত, জলভ্রমি, জলবিন্দু, সর্প।
জলরস, (জল+রস=আস্বাদ, সারভাগ স্থিরাংশ) ব্য, ন, লবণ।
জলরুট, জলরুহ, (জল+রুহ্=যে জন্মে, বক) ব্য, পুং,—ন, জলজ

পদ্ম। ণ, ত্রি, জলজাত।

জলরূপ, ব্য, পুং, কামদেবের মৎস্য।

জললতা, ব্য, স্ত্রী, তরঙ্গ, ঢেউ।

জলবরণ্ট, ব্য, পুং, পানীয় বসন্ত, পানবসন্ত।

জলবল্কল, (জল+বল্কল=ছাল, ৬-ষ) ব্য, পুং, জলের পানা।

জলবায়স. (জল+বায়স=কাক) ব্য, পুং, পাণিকৌড়ি, জলকাক।

জলবালক, (জল+বাড়্=মগ্নহওয়া+অক; ড=ল; ইহা হইতে অনেক নদী বহির্গত হইয়াছে বলিয়া) ব্য, পুং, বিন্ধ্যগিরি।—লিকা, স্ত্রী, বিদ্যুৎ।

জলবাহ, (জল+বহ=বহনকরা+বঞ—ধ) ব্য, পুং, মেঘ, সে জল বহন করে।

জলবিল্ব, (জল+বিল্ব=বেলগাছ বা তাহার ফল) ব্য, পুং, কাকড়া, কচ্ছপ, জলের অংশ।

জলবিষুব, (জল+বিষুব=যে সময়ে রাত্রি ও দিন সমান হয়) ব্য, ন, কার্ত্তিক সংক্রান্তি, এই সময়ে বর্ষার অপগম হয়।

জলবিহার, (জল+বিহার=ক্রীড়া) ব্য, পুং, জলকেলি, জলক্রীড়া।

জলবৃশ্চিক, (জল+বৃশ্চিক=বিছা) ব্য, পুং, চিঙ্গড়ীমাছ।

জলব্যাল, (জল+ব্যাল=সর্প, ৬-ষ) ব্য, পুং, জলঢোঁড়া সাপ, হিংস্র জলজন্তু।

জলশয়, জলশয়ন, জলশায়ী, (জল+শয়, শয়ন, শায়িন্=যে শয়ন করে) ব্য, পুং, বিষ্ণু, নারায়ণ, ইনি প্রলয়কালে ও বর্ষা চারি মাস সমুদ্রোপরি অহিশয্যায় শয়ান ছিলেন।

জলশুক্তি, (জল+শুক্তি) ব্য, স্ত্রী, শম্বুক, শামুক।

জলশূক, (জল+শূক=শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ, ৬-ষ) ব্য, ন, শৈবাল, শেয়ালা।

জলশূকর, (জল+শূকর=শোর) ব্য, পুং, কুম্ভীর।

জলসত্র, ব্য, ন, জলদানস্থান, জলছত্র।

জলসর্পিণী, (জল+সৃপ=গমন করা বা গুঁড়ি মারিয়া যাওয়া+ণিন্, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য স্ত্রী, জোঁক, জলৌকা।

জলসূচি, (জল+সূচি=ছুঁচ) ব্য, পুং, মৎস্যবিশেষ, শুশুক, কাক, পানিফল।—স্ত্রী, জোঁক।

জলস্তম্ভ. (Water-spout) ব্য, পুং, স্তম্ভাকারে পতিত বা উত্তোলিত জলরাশি।

জলস্থা, ব্য, স্ত্রী, গণ্ডদূর্ব্বা, গেঁটেদূর্ব্বা।

জলহ, (জল+হা=ত্যাগ করা+ড) ব্য, ন, জলযন্ত্র গৃহ।

জলহস্তী, (জল+হস্তিন্=হাতী) ব্য, পুং,—স্ত্রী, হস্তিসদৃশ জলজন্তুবিশেষ

জলহাস, (জল+হাস=উচ্চহাস্য) ব্য, পুং, সমুদ্রের ফেনা, ফেন, যাহা জলের হাস্যস্বরূপ, কবিরা হাস্যকে শ্বেতবর্ণ বলিয়া উল্লেখ করেন।

জলা, (দেশজ) ণ, জলপ্লাবিত স্থান, জলময় স্থান। [জলই।

জলাকর, ব্য, ন, নৌকোবন্ধ লোহ,

জলাকা, (জল+অক্=গমন করা+অ) ব্য, স্ত্রী, জোঁক, জলৌকা।

জলাখু, (জল+আখু=বিড়াল) ব্য, পুং, উদ্বিড়াল, জলমার্জ্জার।

জলাঞ্চল, (জল+অঞ্চল=আঁচল) ব্য, ন, নৈসর্গিক জলনির্গম পথ, স্বতঃ জল বহির্গমন, শৈবাল।

জলাঞ্জলি, (জল+অঞ্জলি=আঁজলা) ব্য, পুং, জলের অঞ্জলি, অঞ্জলিপ্রমাণ জল, এক আঁজলা জল, দাহের পর প্রেতের প্রীত্যর্থে জল দান, তর্পণ, নিবাপ। (দেশজ) কোন কার্য্যে একবারে বিরতি, পরিত্যাগ।

জলাটন, (জল+অট্‌=গমনকরা+অন) ব্য, পুং, কঙ্কপক্ষী। নী—স্ত্রী, জোঁক, জলৌকা।

জলাণ্ডক, ব্য, ন, পোতাধান।

জলাম্বিকা, (জল+আত্মন্‌+ইকা; আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, জোঁক, জলৌকা, কূপ।

জলাদর্শ, (জল+আদর্শ=দর্পণ) ব্য, পুং, জলদর্পণ, জল যাহাতে তীরস্থিত বৃক্ষাদি ও অন্যান্য বস্তু প্রতিবিম্বিত হয়।

জলাধার, (জল+আধার=আশ্রয়) ব্য, পুং, জলাশয়, যাহাতে জল থাকে, সমুদ্র, জলপাত্র। ণ, ত্রি, জলস্থিত।

জলাধিদৈবত, (জল+অধি=উপর+দৈবত=দেবতা) ব্য, পুং, জলের উপর যে দেবতার আধিপত্য আছে জলের অধিষ্ঠাত্রী দেবতা, বরুণ। ন, পূর্ব্বাষাঢ়া নক্ষত্র।

জলাধিপতি, (জল+অধিপতি=অধিষ্ঠাত্রী দেবতা, ৬-ষ) ব্য, পুং, বরুণ

জলানুসার, ব্য, পুং, জলের ন্যায় গমন বা কার্য্যকরণ।

জলাপাত, (জল+আপাত=পতন) ব্য, পুং, উচ্চ স্থান হইতে প্রবল বেগে জলপতন।

জলাম্বিকা, (জল+অম্বিকা=মাতা) ব্য, স্ত্রী, মাতা যেমন পুত্রকে গর্ভে ধারণ করেন তদ্রূপ যে জলকে ধারণ করে, কূপ।

জলায়ুকা, (জল+অয়্‌=গমনকরা+উক) ব্য, স্ত্রী, জোঁক, জলৌকা।

তারকিন্, (তারক+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, নক্ষত্রিত। ণী—স্ত্রী, রাত্রি।

তারণ, (তারি=পারকরান+অন—ষ, ধ, ভাব) ণ, ত্রি, যে ব্যক্তি পার করে, ত্রাণকর্ত্তা। ষ্য, পুং, ভেলা, মাড়, বৎসর বিশেষ। ন, পারকরা, বিপদ হইতে উদ্ধার করা।

তারণি, (তৃ+অনি—ধ) ষ্য, স্ত্রী, যাহাদ্বারা পার হওয়া যায়, নৌকা।

তারতম্য, (তর+তম—ন্যূনাধিক্য+য—ভাবে) ষ্য, ন, ন্যূনাধিক্য, ইতরবিশেষ।

তারপুষ্প, (তার=নির্ম্মল+পুষ্প, ৬ হ) ষ্য, পুং, কুঁদফুলের গাছ।

তারমাক্ষিক, ষ্য, ন, রজততুল্য উপধাতুবিশেষ। [লম্পট।

তারল, (তরল+ষ্ণ) ণ, ত্রি, কামুক,

তারল্য, (তরল+য—ভাবে) ষ্য, ন, তরলতা, চঞ্চলতা, পাতলা।

তারবিমলা, (তার=নক্ষত্র+বিমল=নির্ম্মল) ষ্য, স্ত্রী, রৌপ্যবর্ণ ধাতুবিশেষ।

তারশুদ্ধিকর, (তার=রৌপ্য+শুদ্ধিকর যে শোধন করে) ষ্য, ন, সীসক, সীসা।

তারা, (তার=ত্রাণকর্ত্তা+আ) ষ্য, স্ত্রী, যিনি সংসার দুঃখের নিস্তারকারিণী, বৌদ্ধদেবী, দুর্গা, বালীরাজার স্ত্রী, সুগ্রীব বানরের স্ত্রী, বৃহস্পতির স্ত্রী, বিশুদ্ধমুক্তা, অক্ষিকণীনিকা। [পতি) ষ্য, পুং, চন্দ্র।

তারাধিপতি, (তারা=নক্ষত্র+অধি-

তারাপতি, (তারা+পতি=স্বামী, ৬-ষ) ষ্য, পুং, চন্দ্র, শিব, বালী, বৃহস্পতি।

তারাপথ, (তারা+পথ [পথিন্-শব্দজ]—রাস্তা, ৬-ষ) ষ্য, পুং, আকাশ, নভোমণ্ডল।

তারাপীড়, (তারা+আপীড়—শিরোভূষণ, ৬-ষ) ষ্য, পুং, চন্দ্র, নৃপবিশেষ।

তারাভূষা, (তারা+ভূষা—আভরণ) ষ্য, স্ত্রী, রাত্রি। [পুং, কর্পূর।

তারাভ্র, (তার—নির্ম্মল+অভ্র) ষ্য,

তারামণ্ডল, (তারা+মণ্ডল—দেশ, চক্র, তারার ন্যায় যে হীরকাদি দীপ্তি পায়) ষ্য, পুং, প্রকাণ্ড দেবমন্দির, নক্ষত্রমণ্ডল।

তারারি, (তার—অক্ষিকণীনিকা+অরি—শত্রু) ষ্য, পুং, গন্ধকাদি বিমিশ্রিত লৌহ। [ভাড়া, শুল্ক

তারিক, (তর+ষ্ণিক) ষ্য, পুং,

তারিকা, (তাল+ক—যোগ, ল—র) ষ্য, স্ত্রী, তালরস, তাড়ী, তারা, নক্ষত্র। [রোজ, তিথি।

তারিখ, (যাবনিক) ষ্য, পুং, দিবস,

তারিণী, (তারি=পারকরান+ইন—ষ, ঈ) ষ্য, স্ত্রী, দুর্গা, ত্রাণকর্ত্রী, বৌদ্ধদেবী।

তারীষ, (তৃ=পারহওয়া+ঈষন্) ষ্য, পুং, স্বর্গ, দেবলোক, সমুদ্র জলধি, সুবর্ণ, স্বর্গ। ষী-স্ত্রী, দেবরাজের কন্যা, ইন্দ্রদুহিতা।

তারুণ্য, (তরুণ=যুবা+ষ্ণ্য—ভাবে

ষ্য, ন, ঔৎসুক্য ।
তার্ণেয়, ([illegible]—[illegible] +ষ্ণেয়—অপত্যার্থে) ষ্য, পুং, তার্ণ-পুত্র, অসুর ।
তার্কিক, (তর্ক+ইক—জ্ঞানার্থে) ষ্য, পুং, তর্কশাস্ত্রজ্ঞ । ণ, ত্রি, তর্কাসক্ত, তর্কশাস্ত্রাধ্যায়ী ।
তার্ক্ষ্য, ষ্য, পুং, কশ্যপমুনি ।
তার্ক্ষ্য, (তৃক্ষ—গমনকরা+ষ্যণ, কিম্বা তৃক্ষ বা তার্ক্ষ্য=কশ্যপমুনি+ষ্য—অপত্যার্থে) ষ্য, পুং, অশ্ব, গরুড়, গরুড়াগ্রজ, অরুণ, অর্জ্জুন, রথ, সর্প, স্বর্ণ, বৃক্ষবিশেষ, শালবৃক্ষ, চক্ষুরোগনিবারক ঔষধিবিশেষ,(Collyrium.)ক্ষী—স্ত্রী,বন্যলতাবিশেষ ।
তার্ক্ষ্যজ, ষ্য, ন, রসাঞ্জন ।
তার্ক্ষ্যধ্বজ, (তার্ক্ষ্য—গরুড়+ধ্বজ=পতাকা, চিহ্ন, ৬.হ) ষ্য,পুং, বিষ্ণু ।
তার্ক্ষ্যনায়ক, (তার্ক্ষ্য+নায়ক=যে লইয়া যায়) ষ্য, পুং, গরুড় ।
তার্ক্ষ্যশৈল, (তার্ক্ষ্য—চক্ষুরোগ নিবারক ঔষধ+শৈল)ষ্য, ন, রক্তপিত্তল-চূর্ণ নির্ম্মিত চক্ষুরোগ শান্তিকর ঔষধিবিশেষ । [ণ, ত্রি, তৃতীয় ।
তার্ত্তীয়ীক, (তৃতীয়+ঈক—স্বার্থে)
তাল, (তল্=প্রতিষ্ঠিত হওয়া, উন্নত হওয়া+ঘঞ) ষ্য, পুং, গানবাদ্য বিষয়ে কাল ও ক্রিয়ার পরিমাণবিশেষ, কালপরিমাণবিশেষ, বিস্তৃত অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলিমিত পরিমাণ । (তাড়ি—আঘাতকরা+অ) বাদ্যবিশেষ, করতাল, করতলে২ আঘাত, করতল দ্বারা বাহুতে আঘাত, করতল, প্রসিদ্ধবৃক্ষ, কুলুপ, তালা, খড়্গমুষ্টি । ন, লেখ্যপত্র, দুর্গার সিংহাসন, হরিতাল, তালফল । "স্ফুটমকারি ফলাভিপ গুরুতা তদুরসি যদ্দমরীমুগসর্পতা" নৈষধ । ণ, ত্রি, বিস্তৃত, করতালী, মুষ্টি ।

তালক, (তল+অক, [illegible] —যোগ) ষ্য, ন, হরিতাল, ধাতব-ঘটক দ্রব্য, তালা, কুলুপ মৃত্তিকা ।
তালকাভ, (তালক—হরিতাল+আভ—যে দীপ্তি পায়, অথবা তালক—হরিতাল+আভা=দীপ্তি, ৬.হ) ণ, ত্রি, হরিতবর্ণ । [তালরস, তাড়ী ।
তালকী, (তাল+ক, যোগ) ষ্য, স্ত্রী,
তালচু, ষ্য, পুং, তালুই পক্ষী ।
তালধ্বজ, (তাল+ধ্বজ—পতাকা, ৬.হ) ষ্য, পুং, বলদেব, বলরাম । জা—স্ত্রী, নগরীবিশেষ, তালগাছের পাতা । [নবমী ।
তালনবমী, ষ্য,স্ত্রী, ভাদ্রমাসের শুক্লা-
তালপত্র, (তাল+পত্র—পাতা, ৬.হ) ষ্য, ন, কর্ণভূষণবিশেষ । ত্রী—স্ত্রী, লতাবিশেষ, মূষিকপর্ণী লতা ।
তালপর্ণী, ষ্য, স্ত্রী, মধুরিকা, মুরা ।
তালপুষ্পক, (তালপুষ্প+কন্) তালপুষ্প হইতে নির্ম্মিত মেহ [illegible]-বিশেষ ।
তালপ্রলম্ব, ষ্য, পুং, তাল জটা ।
তালভৃৎ, (তাল+ভৃ+ক্বিপ্) ষ্য, পুং, তালধ্বজ, বলরাম ।
তালযন্ত্র, (তাল+যন্ত্র) ষ্য, ন, কুলুপ, চাবী এবং কুলুপ, ছোট সোন্না ।
তালরেচনক,(তাল—গানবাদ্য বিষয়ে কালপরিমাণ+রিচ্—অবলোকন করা+অন—ভাব=তালরেচন+ক—যোগ, নিপুণ্যার্থে) ষ্য, পুং, নর্ত্তক, নট । (ষ্য, পুং, বলরাম ।
তাললক্ষ্মা, (তাল+লক্ষ্মন্=চিহ্ন,৬.হ)
তালবৃন্ত, তালবৃন্তক, (তাল—করতল+বৃন্ত—বোঁটা, ৬-ষ, ক—স্বার্থে) ষ্য, পুং, ব্যজন, পাখা ।
তালব্য, (তালু+য—জাতার্থে) ণ, ত্রি, তালুসম্বন্ধীয় । পুং, তালু হইতে উচ্চারিত বর্ণ ।
[illegible] ([illegible]) ষ্য, বাদ্যাদি[illegible]

বন্ন, কুসুম, কলা অট্টালিকার শাক।
তালাবাা, ব্য, স্ত্রী, সুরানামক গন্ধ-
দ্রব্য।
তালাঙ্ক, (তাল+অঙ্ক—চিহ্ন, ৬.হ) ব্য, পুং, বলরাম, মহাদেব, শিব, ক্রকচ, করাত, পুস্তক, সুলক্ষণাক্রান্ত পুরুষ, উদ্ভিজ্জবিশেষ।
তালাবচর, (তাল—গানবাদ্যবিষয়ে কাল পরিমাণ+অবচর—যে পশ্চাৎ গমন করে) ব্য, পুং, নর্ত্তক, নট।
তালি, ব্য, স্ত্রী, করতলধ্বনি, ভূম্যাম-লকী। (দেশজ) পুরাতন বস্ত্রাদি যোগদিয়া শেলাই করণ।
তালিক, (তাল—করতল+ষ্ণিক—সম্বন্ধার্থে) ব্য, পুং, কা—স্ত্রী, কর-তালি, হাতের তেলো, বন্ধন, চপেট, মোহর করা। [পত্র, ফর্দ।
তালিকা, (যাবনিক) ব্য, নির্ঘণ্ট
তালিত, (তাল+ইতচ্) ব্য, ন, বাদ্য-যন্ত্র, রঞ্জিত বস্ত্র, রংকরা কাপড়, দড়ি, বন্ধন।
তালিশ, ব্য, পুং, পর্ব্বত।
তালী, (তাল+ঙীপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, তালগাছ। "তমালতালী বন-রাজিনীলা" রঘুবংশ। তালা, তাড়ী।
তালীশপত্র, তালীশপত্রক, ব্য, ন, বৃক্ষ-বিশেষ, ভূম্যামলকী, ভুঁই আমলা।
তালু, (তু—গমনকরা+উ, যাহা হইতে বাক্য নির্গত হয়) ব্য, ন, তেলুয়া, টাক্‌রা।
তালুক, (তালু+ক—স্বার্থে) ব্য, ন, তালু, টাকরা। (যবনভাষা) ব্য, ভূম্যধিকার, জমীদারী।
তালুজিহ্ব, (তালু+জিহ্বা) ব্য, পুং, কুম্ভীর, তালু দ্বারা ইহার জিহ্বার কার্য্য সম্পন্ন হয়।
তালূর, (তাল+ঊর, তালুর শব্দও হয়) ব্য, পুং, আবর্ত্ত, জলের ঘূর্ণ।
তালেবর, (যাবনিক) ধনা...

তাবক, তাবকীন, (... ক, ঈন—ইদমর্থে) ... ত্রি, ... তোমার।
তাবৎ, (তদ্—সেই+বতু—পরিমা-ণার্থে) ব্য, সাকল্য "তাবৎ ... তিনযোপচারমিত্রাচ্যুতোক্তিভো-রণাঙ্কং" রঘুবংশ। অবধি, পরিচ্ছেদ, অবধারণ, সে পর্য্যন্ত, ততক্ষণ, তাব-বধি, "তাবৎ প্রিয়ে মদবরোধনিদে-শবর্ত্তী নেতা জনস্তব সমীপমুপৈষ্য-তীতি" শকুন্তলা। তৎকালে, তৎপ-রিমাণ, তত, কাব্যালঙ্কার। ণ, ত্রি, তৎসংখ্যক।
তাবর, ব্য, ন, ধনুকের ছিলা।
তাবিষ, (তব্ [সৌত্র ধাতু]+টিষ—সংজ্ঞার্থে) ব্য, পুং, স্বর্গ, স্বর্ণ, সমুদ্র। ষী—স্ত্রী, দেবকন্যা, নদী, ভূমি।
তাম্বুরি, ব্য, পুং, বৃষরাশি। [সূত্র, পট।
তাস, (দেশজ) ব্য, ক্রীড়ার্থ চিত্রিত
তাসা, (দেশজ) ব্য, বাদ্যযন্ত্রবিশেষ।
তাস্কর্য্য, (তস্কর+ষ্যঞ—ভাবে) ব্য, ন, তস্করতা, চৌর্য্য।
তাহা, (তদ্‌শব্দজ) সর্ব্বং, তৎ, সেই।
তিক্ত, (তিজ্—[ক্ষমাকে] তীক্ষ্ণকরা +ক্ত—ম) ব্য, পুং, তিক্তরস। ণ, ত্রি, তিক্তরসযুক্ত, সুগন্ধি।
তিক্তক, (তিক্ত+ক—যোগ) ব্য, পুং, পটোল, চিরেতা, কাল খয়ের, নিম্ব, এই সকলে তিক্তরস আছে।
তিক্তকা, ব্য, স্ত্রী, কটুতুম্বী।
তিক্ততণ্ডুলা, ব্য, স্ত্রী, পিপ্পলী, পিপুল।
তিক্তধাতু, ব্য, পুং, ধাতুবিশেষ, পিত্ত।
তিক্তপত্র, ব্য, পুং, কর্কোটক, কাক-রোল।
তিক্তপর্ব্বা, ব্য, স্ত্রী, দূর্ব্বা, হিলমোচী, হেলেঞ্চা, গুড়ূচী, যষ্টিমধু। [কল।
তিক্তফল, ব্য, পুং, কতকবৃক্ষ, নির্ম্মল
তিক্তভদ্রক, ব্য, পুং, পটোল।
...রোহিণীকা, তিক্তরোহিণী, ব্য,

তির্য্যচ, তির্য্যঞ্চ. (তিরস্+অঞ্চ—গমন করা+কিপ্, অ; তিরস্ স্থানে তিরী) ণ, ত্রি, বক্রগমনশীল। ব্য, পুং, স্ত্রী, পক্ষী, পশু।

তিল, (তিল্=স্নেহযুক্তহওয়া+অল্) ব্য, পুং, শস্যবিশেষ, তদাকার চিহ্ন, সূক্ষ্মকাল।

তিলক, (তিল্+অক) ব্য, পুং—ন, গাত্রতিলক, ফোঁটা। পুং, তিলবৃক্ষ, শ্রীমান নামক বৃক্ষ। ন, মূত্রাধার। ণ, ত্রি, শ্রেষ্ঠ।

তিলকট, (তিল+কট) ব্য, পুং, তিলচূর্ণ, তিলের গুঁড়া।

তিলকল্ক, (তিল+কল্ক=খল) ব্য, পুং, তিলের খল।

তিলকালক, (তিল+কাল=কৃষ্ণবর্ণ+ক) ব্য, পুং, গাত্রতিল, তিলযুক্ত ব্যক্তি।

তিলকাশ্রয়, (তিলক+আশ্রয়=আশ্রয়স্থান) ব্য. পুং, ললাটদেশ।

তিলকিট্ট, (তিল+কিট্ট=খল, কাট) ব্য, ন, তিলের খল, তিলের কাট।

তিলকী, (তিলক+ইন্—অস্ত্যর্থে) ণ. ত্রি, তিলকযুক্ত, তিলকধারী।

তিলকুটা, (তিল ও কুট্ট শব্দজ) ব্য, কুট্টিত তিল ও শর্করা দ্বারা প্রস্তুত মিষ্টান্ন বিশেষ।

তিলতণ্ডুলক, (তিল+তণ্ডুল+ক) ব্য, ন, তিলতণ্ডুল মিশ্রিতের ন্যায় আলিঙ্গন, তিলমিশ্রিত তণ্ডুল।

তিলতৈল, (তিল+তৈল) ব্য, ন, তিলস্নেহ।

তিলপর্ণ, (তিল+পর্ণ=পত্র) ব্য, ন, চন্দন, তিলগাছের পাতা। পুং, টার্পিন তৈল।

তিলপর্ণিকা, তিলপর্ণী, ব্য, স্ত্রী, রক্তচন্দন। [তিলকুটা।

তিলপিষ্ট, ব্য, ন, তিলপিষ্টক,

তিলপিঞ্জ, (তিল+পিঞ্জ—অভাবার্থে) ব্য, পুং, জলরহিত তিলবৃক্ষ।

তিলপেজ, (তিল+পেজ—অভাবার্থে) ব্য, পুং, শস্যরহিত তিল।

তিলরস, তিলস্নেহ, ব্য, পুং, তিলতৈল। [যুক্ত মিষ্টান্নবিশেষ।

তিলাখাজা, (দেশজ) ব্য, তিলসং

তিলাপত্যা, (তিল+অপত্য—সন্তান) ব্য, স্ত্রী, কেলেজীরা, কেলেজীরা দেখিতে প্রায় তিলের সদৃশ বলিয়া ইহাকে তিলাপত্যা বলা যায়।

তিলি, (দেশজ) ব্য, বর্ণসঙ্কর জাতিবিশেষ, কলু।

তিলিৎস, (তিলিৎ=গতি+স=নাশার্থ সোধাতুজ) ব্য, পুং, যে জীবন বা গতিশক্তি বিনাশ করে, গোক্ষুরো সাপ, কেহ কেহ বোড়া সাপকেও তিলিৎস বলিয়া থাকেন।

তিলোত্তমা, (তিল+উত্তমা—সুন্দরী স্ত্রী) ব্য, স্ত্রী, স্বর্গীয় বেশ্যাবিশেষ, বিধাতা রত্নের তিল তিল লইয়া ইহাকে নির্ম্মাণ করিয়াছিলেন বলিয়া ইহার তিলোত্তমা নাম হইল।

তিলোদক, (তিল+উদক=জল) ব্য, ন, তিলমিশ্রিত জল, তর্পণ জল।

তিলোদন, (তিল+ওদন—অন্ন) ব্য, ন, তিলমিশ্রিত পরমান্ন।

তিল্য, (তিল+য্য—তৎক্ষেত্রার্থে) ব্য, ন, তিলের ক্ষেত।

তিল্ব, তিল্বক, (তিল্—তৈলাদি মর্দ্দনকরা+ক, যোগ) ব্য, পুং, পাণ্ডুবর্ণ লোধ্রবৃক্ষবিশেষ।

তিষ্ঠদ্গু, (তিষ্ঠৎ [স্থা—থাকা+শতৃ—ৎ]=যে থাকে+গো=গোরু গোরুরা দোহনার্থ যেসময়ে থাকে; ও স্থানে উ) ব্য, ন, সন্ধ্যাকাল।

তিষ্য, (ত্বিষ্=দীপ্তিপাওয়া বা তুষ্—তুষ্টিকরা+য, উ—ই) ব্য, পুং, পুষ্যানক্ষত্র। (তিষ্য—তিষ্যনক্ষত্রযুক্ত পূর্ণিমা+অ—ভবার্থে, যে মাসে

পুষ্যনক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়) পৌষমাস, কলিযুগ। ষ্যা—স্ত্রী, ধাত্রী। ণ, ত্রি, শুভসূচক, মঙ্গলকর।
তিষ্যক, (তিষ্য+ক—স্বার্থে, যে মাসে পুষ্যনক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়) ষ্য, পুং, পৌষমাস।
তিষ্যপুষ্প, (তিষ্য=কলিযুগ+পুষ্প, ৬.হ) ষ্য, স্ত্রী, আমলকী।
তিষ্যফলা, ষ্য, স্ত্রী আমলকী।
তিহন, ষ্য, পুং, পীড়া, অসুখ, চাল, ধনুক।
তীক্ষ্ণ, (তিজ্=তীক্ষ্ণকরা+স্ন) ষ্য, ন, উগ্রতা, উষ্ণতা, বিষ, লোহ, যুদ্ধ, মড়ক, মৃত্যু, অস্ত্র, শীঘ্রতা, সৈন্ধবলবণ, মুষ্কাধার, থলি (Scrotum) ধাতু, লঙ্কা, ঝাল। পুং, সোরা। ক্ষা—স্ত্রী, অহিনির্ম্মোক,সাপের খোলস। ণ, ত্রি, উষ্ণ, ক্ষিপ্রকারী, অনল, সশাণিত, ধারাল, বুদ্ধিমান, খর, উগ্র, আত্মত্যাগী, আত্মহত্যাকারী, তক্ত, উপাসক।
তীক্ষ্ণক, (তীক্ষ্ণ+কন্) ষ্য, পুং, মুষ্কাধার, থলি, (Scrotum) শ্বেত সর্ষপ, রাই সরিসা।
তীক্ষ্ণকণ্টক, (তীক্ষ্ণ=ধারাল+কণ্টক, ৬.হ) ষ্য, পুং, ধুতুরাগাছ।
তীক্ষ্ণকন্দ, (তীক্ষ্ণ=উগ্র+কন্দ=মূল, ৬.হ) ষ্য, পুং, পলাণ্ডু, পেঁয়াজ।
তীক্ষ্ণকর্ম্মা, (তীক্ষ্ণ+কর্ম্মন্, ৬.হ) ণ, ত্রি, কার্য্যদক্ষ, পারগ, তৎপর, উদ্যোগী।
তীক্ষ্ণগন্ধ, তীক্ষ্ণগন্ধক, (তীক্ষ্ণ+গন্ধ=ঘ্রাণ, ৬.হ, ক—যোগ) ষ্য, পুং, সজিনা গাছ, ছোট এলাচ, বৃক্ষবিশেষ, জিরতী বৃক্ষ। ন্ধা—স্ত্রী, সর্ষপ।
তীক্ষ্ণতণ্ডুলা, (তীক্ষ্ণ=তীব্র+তণ্ডুল=শস্য) ষ্য, স্ত্রী, পিপ্পলী, পিঁপুল।
তীক্ষ্ণদংষ্ট্র, (তীক্ষ্ণ=ধারাল+দংষ্ট্রা=দন্ত, ৬.হ) ষ্য, পুং, ব্যাঘ্র। [যমে।
তীক্ষ্ণপত্র, (তীক্ষ্ণ+পত্র) ষ্য, পুং,
তীক্ষ্ণপুষ্প, (তীক্ষ্ণ=তীব্র+পুষ্প) ষ্য, ন, লবঙ্গ। ষ্পা—স্ত্রী, কেতকীবৃক্ষ। [ধন্যে।
তীক্ষ্ণফল, (তীক্ষ্ণ+ফল) ষ্য, পুং,
তীক্ষ্ণরস, (তীক্ষ্ণ+রস) ষ্য, পুং, সোরা। [শূঁয়া, ৬.হ) ষ্য, পুং, যব।
তীক্ষ্ণশূক, (তীক্ষ্ণ=ধারাল+শূক=
তীক্ষ্ণায়স, (তীক্ষ্ণ+অয়স্=লৌহ, কর্ম্মধা) ষ্য,ন, ইস্পাত। ণ, ত্রি, ইস্পাত বিনির্ম্মিত। [জাতিবিশেষ।
তীয়র, (তীবর শব্দজ) ষ্য, বর্ণসঙ্কর-
তীর, (তীর্= সমাপ্তহওয়া, উচ্চতাপাওয়া+অ) ষ্য, ন, নদীকূল, "ভাগীরথী তীরসমাশ্রিতানাং"। তট, বাণ, শর। পুং, টিন ধাতু।
তীরন্দাজ, (যাবনিক) ষ্য, তীরক্ষেপক
তীরভুক্তি, (তীর+ভুক্তি=এথানে সীমা অর্থ) ষ্য, স্ত্রী, ত্রিহুতদেশ, ইহার পশ্চিম সীমা গণ্ডকী ও পূর্ব্ব সীমা কৌশিকী নদী, দক্ষিণে গঙ্গা এবং উত্তরে হিমালয় পর্ব্বতের প্রান্তদেশ।
তীরিত, (তীর=সমাপ্তহওয়া+ক্ত—ভাব) ষ্য, ন, কার্য্যসমাপন। ণ, ত্রি, সমাপ্ত, যাহার বন্দোবস্ত করা হইয়াছে,দণ্ডার্হব্যক্তিদিগকে দণ্ড না দেওয়া।
তীর্ণ, (তৄ=পারহওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, পারগত, উত্তীর্ণ, আপ্লুত, বিস্তৃত অতিক্রান্ত, অভিভূত।
তীর্থ, (তৄ=গমনকরা+থ) ষ্য, পুং, —ন, পাপ মুক্তির জন্য লোকেরা যেথানে গমন করে, পুণ্যস্থান। "তীর্থোদকঞ্চ বহ্নিশ্চ নান্যতঃ শুদ্ধিমর্হতঃ" উত্তরচরিত। ঋষিসেবিত জল, জলাবতরণিকা, ঘাট। "তীর্থেজলীয়ে গজসেতুবন্ধাৎ প্রতীপগামুত্ত-

রত্নোত্তরদাং" রঘুবংশ। উপাধ্যায়, গুরু, যজ্ঞ, উপায়, স্ত্রীরজঃ, মন্ত্রী প্রভৃতি অষ্টাদশ প্রকার, শাস্ত্র, সৎপাত্র, অবতার, অঙ্গুলির অগ্রভাগ দৈবতীর্থ, কনিষ্ঠা ও অনামিকার মূলভাগ কায়তীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ পৈত্রতীর্থ, অঙ্গুষ্ঠের মূলভাগ ব্রাহ্মতীর্থ, সত্য ক্ষমা দয়া দম দান ইন্দ্রিয়নিগ্রহ সরলতা সন্তোষ ব্রহ্মচর্য্য মিষ্টবাক্য জ্ঞান ধৈর্য্য পুণ্য মনঃ শুদ্ধি এই গুলি মানসিক তীর্থ, উপদেষ্টা, অবতার, যোনি, ভগ, জাহাজ, রাজার রণতরী, ব্রাহ্মণ, রোগের নিদান, অগ্নি।

তীর্থকর, তীর্থকৃৎ, (তীর্থ+কর, কৃৎ=যে করে) ব্য, পুং, শাস্ত্রকার, জিন, বৌদ্ধমত প্রবর্ত্তক মুনি।

তীর্থঙ্কর, ব্য, পুং, জিন।

তীর্থরাজী, (তীর্থ=পুণ্যস্থান+রাজী =রাণী, সর্ব্বাপেক্ষা ইহাই প্রধান তীর্থ) ব্য, স্ত্রী, কাশী, বারাণসী।

তীর্থবাক, (তীর্থ+বচ্=বলা+ঘঞ্) ব্য, পুং, বক্র কেশ, কোকড়ান চুল।

তীর্থসেবী, (তীর্থ+সেবিন্=যে [সেবা করে] সর্ব্বদা গমনাগমন করে) ব্য, পুং,স্ত্রী, বকপক্ষী। ণ,ত্রি,তীর্থবাসী।

তীবর, (তৄ=পারহওয়া+বর) ব্য, পুং সমুদ্র। পুং, রী—স্ত্রী, তিয়র, ব্যাধ, জেলে।

তীব্র, (তীব্=স্থূলহওয়া+র) ণ, ত্রি, অধিক, মহৎ, অসীম, দুঃসহ, উষ্ণ, তীক্ষ্ণ, কটু, কড়া। ব্য, ন,আধিক্য, তীক্ষ্ণতা, উষ্ণতা. তীর, টিন। পুং, শিব। ব্রা-স্ত্রী, ভৈষজ্য লতা বিশেষ, কৃষ্ণ সর্ষপ, দূর্ব্বাবিশেষ, গণ্ডদূর্ব্বা, পূর্ব্ববাঙ্গালার নদীবিশেষ,পদ্মানদী।

তীব্রগন্ধা, (তীব্র+গন্ধ, ৬.হ) ব্য, স্ত্রী, যবানী, যোয়ান।

তু,(তুদ্=পীড়নকরা+উ) ব্য, সম্পর্ক ... প্রভেদ, কিন্তু, সমুচ্চয়, আধিক্য, যদি, প্রশংসা, অধিকন্তু, পাদপূরণ, পক্ষান্তর,অবধারণ, নিয়োগ,নিগ্রহ।

তুই, (যুস্ম্ পদজ) সর্ব্বং, তুমি শব্দের অপভ্রংশ।

তুক্, (তুজ্=পালনকরা+ক্বিপ্) ব্য, পুং,অপত্য, সন্তান। (দেশজ) পরের মন্দের নিমিত্ত মন্ত্রৌষধ করণ।

তুক, (দেশজ) ব্য, বাণবিশেষ, শ্লোকের শেষ ভাগ।

তুগা, ব্য, স্ত্রী. বংশলোচন।

তুঙ্গ, (তুন্জ্=বলিষ্ঠহওয়া+ঘঞ্) ণ, ত্রি, উগ্র, উন্নত, শ্রেষ্ঠ। ব্য, পুং, নারিকেল গাছ, পর্ব্বত, পৃথিব্যাদি গ্রহের বর্ত্মের যে অংশ সূর্য্য হইতে অধিক দূরে থাকে।ঙ্গী—স্ত্রী,হরিদ্রা, রাত্রি। ঙ্গা—বংশলোচন।

তুঙ্গক, (তুঙ্গ+ক—যোগ) ব্য, পুং, পুন্নাগ বৃক্ষ।

তুঙ্গভদ্র, (তুঙ্গ=উচ্চ, উন্নত+ভদ্র= ভাগ্যবন্ত) ব্য, পুং, মত্তহস্তী। দ্রা— স্ত্রী, মহীশূরের অন্তর্গত নদীবিশেষ। [ব্য, পুং, পর্ব্বত।

তুঙ্গশেখর, (তুঙ্গ=উচ্চ+শেখর=চূড়া)

তুঙ্গিনী, ব্য, স্ত্রী, মহাশতাবরী।

তুঙ্গী, (তুঙ্গ+ইন্) ব্য, পুং, উচ্চস্থগ্রহ। ণ, ত্রি, উচ্চস্থানস্থিত।

তুঙ্গীশ, (তুঙ্গী=রাত্রি বা তুঙ্গ=পর্ব্বত ইত্যাদি+ঈশ=প্রভু) ব্য, পুং, শিব, চন্দ্র, সূর্য্য, কৃষ্ণ। [ব্য, পুং, চন্দ্র।

তুঙ্গীপতি, (তুঙ্গী=রাত্রি+পতি, ৬-ষ)

তুচ্ছ, (তুদ=ওজনকরা+ছ) ণ, ত্রি, শূন্য, অল্প, বর্জ্জিত, হীন, হেয়, অসার। ব্য, ন, তুঁষ, ভুষি। [খড়।

তুচ্ছধান্তক, (তুচ্ছ+ধান্তক) ব্য, ন,

তুচ্ছদ্রু, (তুচ্ছ=অসার+দ্রু=বৃক্ষ) ব্য, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ।

তুচ্ছা, ব্য, স্ত্রী, নীলীবৃক্ষ।

তুজ, (তুজ=রক্ষাকরা, পাহারা দেওয়া

+ক্বিপ্) ব্য, পুং, অপত্য, সন্তান।
তুড়কী, (দেশজ) ব্য, কম্প, উলম্ফ।
তুড়ন, (তুড় ধাতুজ) ব্য, পীড়ন, ভর্ৎসন, খণ্ডন।
তুড়ী, (দেশজ) ব্য, অঙ্গুলি স্ফোটন, অঙ্গুলিদ্বয়ের শব্দ করণ।
তুড্ডক, (তুড্ড্=অনাদরকরা+ণক—ষ) ণ, ত্রি, যে তুড়িয়া দেয়, যে ভর্ৎসনা করে, যে তিরস্কার করে।
তুড্ডন, (তুড্ড+অনট্—ভাব) ব্য, ন, তিরস্কার, ভর্ৎসনা।
তুণ্ড, (তুণ্ড্=[খাদ্যকে] ভেদকরা+অন্) ব্য, পুং, মুখ, ওষ্ঠাধর, চঞ্চু।
তুণ্ডকেরী, (তুণ্ডক=মুখ+ঈর্=গমন করা+অন্) ব্য, স্ত্রী, কার্পাসী, তেলাকুচা।
তুণ্ডি, (তুণ্ড+ই—সংজ্ঞার্থে) ব্য, পুং, আস্য, চঞ্চু।—স্ত্রী, নাভি।
তুণ্ডিকা, (তুণ্ডী+কন্+আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, নাভি, তেলাকুচা।
তুণ্ডিভ, তুণ্ডিল, (তুণ্ডি=নাভি+ভ, ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, বৃহৎ নাভিযুক্ত, স্থূলোদর, ভুঁড়ো।
তুত্থিয়া, (তুত্থকশব্দজ) ব্য, তাম্রের মল, বণিক্ দ্রব্যবিশেষ। [গাছ।
তুৎ, (তুতশব্দজ) ব্য, বৃক্ষবিশেষ, তুঁৎ-
তুত্থ, তুত্থক, (তুদ্=ব্যথিত করা+থ—সংজ্ঞার্থে। ক—যোগে তুত্থক) ব্য, ন, তুঁতে। পুং, অগ্নি। থা—স্ত্রী নীলগাছ, ছোটো এলাচ।
তুত্থাঞ্জন, (তুত্থ+অঞ্জন=কাজল) ব্য, ন, অঞ্জনবিশেষ, তুঁতিয়ার কাজল, ময়ূরকণ্ঠ।
তুন্দ, (তুদ্=পীড়া দেওয়া+অন্; ন্—আগম) ব্য, ন, উদর, পেট। ন্দী—স্ত্রী, নাভি। [কূয়া) ব্য, স্ত্রী, নাভি।
তুন্দকূপী, (তুন্দ=উদর+কূপ=গর্ত,
তুন্দপরিমৃজ,—মার্জ, (তুন্দ=উদর+পরি+মৃজ=মার্জনকরা+ক্বিপ্... এপাশ ওপাশ করিয়া সমস্ত সময় ক্ষেপণ করে) ব্য, পুং, অলস ব্যক্তি।
তুন্দি, (তুন্দ+ই। ন্—আগম) ব্য, ন, উদর, ভুঁড়ি। স্ত্রী, নাভি। পুং, গন্ধর্ব্ববিশেষ।
তুন্দিক, তুন্দিভ, তুন্দিল (তুন্দ+ইক, ইভ, ইল—অস্ত্যর্থে) ণ, ত্রি, স্থূলোদর, ভুঁড়ো।
তুন্ন, (তুদ্=ব্যথিতকরা+ক্ত—ত) ণ, ত্রি, ব্যথিত, ছিন্ন, ভাগ, অনিষ্ট প্রাপ্ত, হ্যত। ব্য, পুং, নন্দীবৃক্ষ, তুঁদগাছ।
তুন্নবায়, (তুন্ন=ছিন্ন[বস্ত্র ইত্যাদি]+বে=সেলাই করা+ঘঞ্—ষ) ব্য, পুং, দরজী।
তুন্নসেবনী, (তুন্ন=কাটা+সেবনী=সেলাই, সংযোগ) ব্য, স্ত্রী, মস্তকাস্থির সংযোগস্থল, মাতার খুলির সন্ধিস্থল।
তুফান, (যবনভাষা) ব্য, ঝড়ঝাঁটি, প্রবল বাত্যাবিচলিত নদীতরঙ্গ।
তুমি, (ত্বম পদজ) সর্ব্বং, দ্বিতীয়-পুরুষ।
তুমুল, তুমূল, (তু=বধকরা+মুল, মূল) ব্য, পুং,—ন, কলহ গণ্ডগোল, রণসঙ্কুল, হুড়াহুড়ি। ণ, ত্রি, অতিশয়, ঘোরতর, ভয়ানক, উৎকট, "বভূবযুদ্ধং তুমুলং জয়ৈষিণোর ঘোমুখৈরূর্দ্ধমুখৈশ্চ পত্রিভিঃ" রঘুবংশ। বিশৃঙ্খল, ব্যাকুল।
তুম্ব, (তুম্ব্=[পিত্তকে] বধকরা+অ) ব্য, পুং, ম্বি, ম্বী—স্ত্রী, অলাবু, লাউ, "স্তনযুগলতুম্বীফলযুত"। ম্বা,—দোহনযোগ্যা গাভী।
তুম্বক, (তুম্ব+ক—যোগ) ব্য, পুং, অলাবু, লাউ।
তুম্বিকা, ব্য, স্ত্রী, অলাবু।
তুম্বিনী, ব্য, স্ত্রী, কটুতুম্বী, তিক্তলাউ।
তুম্বুক, ব্য, ন, অলাবুফল, লাউ।

তুম্বুরী, (তুনস্ + উর) ষ্য, স্ত্রী, কুস্তুরী, ধনে।
তুম্বুরু, (তুনব্‌+উরু) ষ্য, পুং, গন্ধর্ব্ববিশেষ, ঋষিবিশেষ, জৈনগুরুর স্বর্গীয় অনুচর বিশেষ। ন, ধনে।
তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, (ত্বরা=বেগ+গ, গম=যে গমন করে) ষ্য, পুং, মনঃ, অশ্ব।
তুরগী, তুরঙ্গী, (তুরগ, তুরঙ্গ+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, অশ্বসাদী, ঘোড়সোয়ার। [ষ্য, স্ত্রী, মহিষী, স্ত্রীমহিষ।
তুরঙ্গদ্বিষণী, (তুরঙ্গ+দ্বিষণী=দ্বেষী)
তুরঙ্গপ্রিয়, (তুরঙ্গ=অশ্ব+প্রিয়=ইষ্ট, ৬.হ) ষ্য, পুং, যব।
তুরঙ্গবক্ত্র, তুরঙ্গবদন, (তুরঙ্গ=অশ্ব+বক্ত্র, বদন=মুখ, ৬.হ) ষ্য, পুং, কিন্নর, স্বর্গগায়ক। [করণার্থ অস্ত্র।
তুরপুন, (দেশজ) ষ্য, কাষ্ঠাদি ছিদ্র-
তুরা—স্ত্রী, তুর—ন, (তুর্=শীঘ্রগমন করা+অ—ভাব) ষ্য, শীঘ্র। স্ত্রী, ত্বরা, বেগ।
তুরায়ণ, (তুরা=বেগ+অয়ন=গমন) ণ, ত্রি, পরায়ণ, আসক্ত। ষ্য, পুং, যজ্ঞ বিশেষ।
তুরাষাট্, (—সাহ্, তুর=বেগ, ত্বরিত +সাহি=অভিভব করা+কিপ্) ষ্য, পুং, ইন্দ্র, যে বেগ অভিভব করে।
তুরি, তুরী, (তুল্=সদৃশহওয়া+অ: ল স্থানে র) ষ্য, স্ত্রী, তন্তুবায়ের যন্ত্রবিশেষ, মাকু, চিত্রকারের তুলী।
তুরীয়, (চতুর্=চার+ঈয়; নিপাতন) ণ, ত্রি, চতুর্থ, "তুরীয়োহ্যেষ মেধ্যাগ্নিরাম্নায়ঃ পঞ্চমোহথবা" বীরচরিত। ষ্য, ন, পরব্রহ্ম।
তুরীয়বর্ণ, (তুরীয়=চতুর্থ+বর্ণ=জাতি, কর্ম্মধা) ষ্য, পুং, চতুর্থবর্ণ, শূদ্র। [বেড়ী।
তুরুম, (দেশজ) পাদবন্ধনী, নিগড়,
[illegible]
যোগ) ষ্য, ন, গুগ্গুলাদি গন্ধদ্রব্য। পুং, তুরকি স্থান; বহুং, তুরুষ্কদেশবাসী লোক। [চতুর্থ।
তুর্য্য, তুর্য্য, (চতুর্+য) ণ, ত্রি,
তুর্ব্বসু, (চতুর্+বসু) ষ্য, পুং, যযাতি রাজার পুত্রবিশেষ।
তুল, (তুলাশব্দজ) ষ্য, পরিমাণ দণ্ড, দাঁড়ীপাল্লা। [কাগজ বিশেষ।
তুলট, (দেশজ) ষ্য, হরিতালাক্ত
তুলন, (উত্তোলন শব্দজ) ষ্য, উত্তোলন, পরিমাণ করণ। [ক, উপমা।
তুলনা, (তুলাশব্দজ) ষ্য, সাদৃশ্য, দৃষ্টা-
তুলসারিণী, ষ্য, স্ত্রী, তূণ, বাণাধার।
তুলসী, (তুলা=সাদৃশ্য+সো=নাশকরা+ড) ষ্য, যাহার সাদৃশ্য নাই স্বনাম প্রসিদ্ধবৃক্ষ। [তুলসী।
তুলসীদ্বেষা, ষ্য, স্ত্রী, বর্ব্বরী, বাবুই
তুলা, (তুল্=ওজনকরা+ক—ভাব, ধ) ষ্য, স্ত্রী, ভারের পরিমাণ, স্বর্ণরৌপ্যের পরিমাণ বিশেষ, দাঁড়ি, নিক্তী, সপ্তমরাশি, সাম্য, সাদৃশ্য, তুলনা, গৃহের ঊর্দ্ধভাগস্থ কাষ্ঠ, ভাণ্ড, শতপল পরিমাণ।
তুলাকোটি, (তুলা=নিক্তী+কুট=পরিমাণকরা+ণিন্) ষ্য, টী—স্ত্রী, ওজনদ্বারা যাহার মূল্য হয়, নূপুর, 'লীলাচলৎ শ্রীচরণারুণোৎপলস্খলত্তুলা কোটিনিনাদকোমলঃ" শিশুপাল বধ। পরিমাণবিশেষ, অর্ব্বুদ সংখ্যা, তুলাদণ্ডের অগ্রভাগ।
তুলাকোশ, (তুলা=দাঁড়ি+কোশ=দোষ পরীক্ষণ) ষ্য, পুং, তুলাদণ্ডের দ্বারা দোষ পরীক্ষণ ধারাবিশেষ, এই ধারা অনুসারে, অপরাধীকে পরিমাণ দণ্ডে পুনঃ পুনঃ ওজন করা হইত, যদি প্রথমবার অপেক্ষা দ্বিতীয় বারে অপরাধীর ওজন অল্প হইত তাহা হইলে অপরাধী নির্দ্দোষী [illegible] সিদ্ধান্ত হইত।

তুলাদণ্ড, ষ্য, পুং,পরিমাণদণ্ড, নিক্তী, ড াঁড়ী।

তুলাধর, (তুলা—তুলারাশি+ধর—যে ধারণ করে) ষ্য, পুং, সূর্য্য।

তুলাধার, (তুলা—নিক্তী ইত্যাদি+আধার—যে আশ্রয় করে) ণ, ত্রি, বাণিজ্যকারী। ষ্য, পুং; তুলারাশি, তুলাদণ্ডরজ্জু, কিরণ।

তুলাধারী, (তুলা+ধৃ—ধরা+ইন্—ষ) ণ, ত্রি, যে ব্যক্তি ওজনকরে।

তুলাপুরুষ, ষ্য, পুং, মহাদানবিশেষ, যাহাতে আপনার ভারের পরিমাণ স্বর্ণাদি সৎপাত্রে দান করা হয়।

তুলামান, (Libration, তুলা+মান—পরিমাণ) ষ্য, ন, তুলাদণ্ডে পরিমাণ করণ, চন্দ্রের তুলামান শব্দে চন্দ্রমণ্ডলবৃত্তি পরিবর্ত্ত; এই পরিবর্ত্তদ্বারা চন্দ্রমণ্ডলের প্রান্তসন্নিহিত আবির্ভাব ও তিরোভাব হয়। [দণ্ড।

তুলাযন্ত্র, ষ্য, ন, তুলাদণ্ড, পরিমাণ-

তুলাবীজ, (তুলা—ভারের পরিমাণ+বীজ) ষ্য, ন, গুঞ্জা, কুঁচ।

তুলি, (তুল—অনুকরণ করা+ই) ষ্য, লী, লিকা—স্ত্রী, তন্তুবায়ের তুরী, চিত্রকরের বর্ত্তিকা, যাহার দ্বারা রঙ লইয়া ছবি লেখে।

তুলিত, (তুল+ক্ত—চ) ণ, ত্রি, যাহার সহিত তুলনা করা গিয়াছে, উপমিত, পরিমিত, তোলা, উৎক্ষিপ্ত, চালিত। [গাছ।

তুলিনী, ষ্য, স্ত্রী, শাল্মলীবৃক্ষ, শিমুল

তুলিফলা, (তুলি—তুলা+ফল) ষ্য, স্ত্রী, সিমুল তুলার বৃক্ষ। [সদৃশ, সমান

তুল্য, (তুলা+য—সম্মিতার্থে) ণ, ত্রি,

তুল্যপান, (তুল্য—সদৃশ+পান) ষ্য, ন, একত্রে মদ্যাদি পান।

তুল্যভাবন, ষ্য, ন, এক পরিমাণে গণনা।

তুল্যবৃত্তি, (তুল্য—সমান+বৃত্তি—জীবিকা; ৬.হ) ণ, ত্রি, যে সকল লোক সমান জীবিকা অবলম্বন করে, তুল্যজীবিক।

তুল্যযোগিতা, (তুল্য+যোগিন্+তা—ভাবে) ষ্য, স্ত্রী, কাব্যালঙ্কারবিশেষ, যে স্থলে প্রাকরণিক কিম্বা অপ্রাকরণিক পদার্থ সমূহের গুণ, ক্রিয়া রূপ এক ধর্ম্মের সহিত সম্বন্ধ থাকে।

তুবর, (তু—[পীড়া] হিংসাকরা+বর) ণ; ত্রি, সঙ্কোচক, শ্মশ্রুবিহীন, অল্পবয়স্ক। ষ্য, পুং,—ন, কষায় রস, কষা। রী—স্ত্রী, সুগন্ধ মৃত্তিকা।

তুবরিকা, ষ্য, স্ত্রী, সৌরাষ্ট্র মৃত্তিকা, আঢ়কী।

তুবড়ী, (দেশজ) ষ্য, সাপুড়িয়ার বাঁশী, বাজিবিশেষ।

তুষ, তুস, (তুষ্=সন্তুষ্টকরা+অ) ষ্য, পুং, ধান্যাদির ত্বক্, তুঁষ।

তুষগ্রহ, (তুষ—ধান্যাদির ত্বক্+গ্রহ—যে আক্রমণ করে) ষ্য, পুং, অগ্নি।

তুষসার, (তুষ্—তুঁষ+সার [সৃ—গমন করা+ঘঞ্—ঘ]—যে আলিঙ্গন করে) ষ্য, পুং, অগ্নি।

তুষানল, (তুষ+অনল—অগ্নি) ষ্য, পুং, তুষাগ্নি, তুষাগ্নি দ্বারা অপরাধীর প্রাণদণ্ড।

তুষার,(তুষ—তুষ্টহওয়া+আর) ষ্য,পুং, নীহার, হিম, জলকণা, গুড়নি বৃষ্টি, বরফ, শৈত্য, দেশবিশেষ। ণ, ত্রি, শীতল, কুজ্ঝটিকাময়।

তুষারমূর্ত্তি, তুষারাংশু,(তুষার—শীতল+মূর্ত্তি—আকৃতি, অংশু—কিরণ, ৬.হ) ষ্য, পুং, হিমাংশু, চন্দ্র।

তুষারাদ্রি,(তুষার+অদ্রি—পর্ব্বত) ষ্য, পুং, হিমালয় পর্ব্বত।

তুষিত, (তুষ+ইত) ষ্য, পুং, ৩৬ সংখ্যক গণদেবতাবিশেষ।

তুষোদক, ষ্য, ন, কাঞ্জিক বিশেষ।

তুষ্ট, (তুষ্+ক্ত—ম) ণ, ত্রি, হৃষ্ট, আহ্লাদিত।
তুষ্টি, (তুষ্+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, সন্তোষ, তৃপ্তি, হর্ষ, মাতৃকাবিশেষ।
তুষ্ণীক, ণ, ত্রি, নির্ব্বাক্, মৌনী, নিঃশব্দ। [ধূলি, রজঃ।
তুস্ত, (তুস্—শব্দকরা+ক্ত) ষ্য, ন,
তুহিন, (তুহ্—পীড়াদেওয়া+ইন)ষ্য, ন, হিম, জ্যোৎস্না। ণ, ত্রি, শীতল
তুহিনদীধিতি,(তুহিন—শীতল+দীধিতি—কিরণ, ৬.হ) ষ্য, পুং, চন্দ্র।
তুহিনাংশু, (তুহিন—শীতল+অংশু—কিরণ, ৬ হ) ষ্য, পুং, চন্দ্র, কর্পূর।
তুহিনাচল, তুহিনাদ্রি, (তুহিন+অচল, অদ্রি—পর্ব্বত) ষ্য, পুং, হিমালয় পর্ব্বত।
তূণ, তূণী, তূণীর, (তূণ—[বাণের সহিত] পূর্ণহওয়া+অল্, ঈর) ষ্য, পুং— স্ত্রী, — পুং, বাণ রাখিবার চোঙ্গা। ণি, ণী—স্ত্রী, সঙ্কোচ।
তূণক, ষ্য, ন, ১৫ অক্ষর ছন্দোবিশেষ এই ছন্দে অযুগ্ম বর্ণ সমুদায় গুরু এবং যুগ্ম বর্ণ সমূহ লঘু।
তূণীক, ষ্য, পুং. নন্দীবৃক্ষ, তূঁদগাছ।
তূত্থক, ষ্য, ন, তুঁতিয়া।
তূর, (ত্বর—শীঘ্র গমনকরা+অ) ষ্য, ন, বাদ্য যন্ত্র। [ক্ষুদ্র ভেরী।
তূরী,(তূর+ঈ)ষ্য,ধুস্তূর বৃক্ষ। (হিন্দি)
তূর্ণ, (ত্বর+ক্ত—ম) ত্রি,—ণ, ন, শীঘ্র, দ্রুত। ণ, ত্রি, সত্বর।
তূর্ণি, (ত্বর+নি) ষ্য,পুং, ত্বরা, বেগ, শ্লোক, মন। [বাদ্য যন্ত্র।
তূর্য্য, (চতুর—চার+য) ষ্য, ন, বিবিধ
তূর্য্যখণ্ড, ষ্য, পুং, বাদ্যবিশেষ, দগড় বাদ্য।
তূর্য্যাচার্য্য, (তূর্য্য+আচার্য্য—গুরু) ষ্য, পুং, যিনি বাদ্যবিষয়ে শিক্ষা প্রদান করেন।
তূর্য্যাজীব, (তূর্য্য—বাদ্য+আজীব—জীবিকা, ৬.হ) ষ্য, পুং, বাদ্যব্যবসায়ী। (Musician.)
তূল, (তূল—ওজনকরা+অল) ষ্য, পুং—ন,কার্পাস,শিমুলফুল। ন, আকাশ। পুং, তুঁতগাছ। [কার্পাস।
তূলক, (তূল+ক—যোগ) ষ্য, ন,
তূলকার্ম্মুক, (তূল+কার্ম্মুক—ধনুঃ) ষ্য,ন, তুল ফেঁাড়া ধনুক, ধুন্ খারা।
তূলনালী, তূলনালিকা, (তূল+নালী ক—যোগে তূলনালিকা) ষ্য, স্ত্রী, তূলার পাঁইজ।
তূলবৃক্ষ, ষ্য, পুং, শিমুলগাছ।
তূলশর্করা, (তূল+শর্করা—বালি বা কাঁকর) ষ্য, স্ত্রী, কার্পাসের বীচ।
তূলসেচন, (তূল+সিচ—সেচনকরা+অনট্—ভাব) ষ্য, ন, সূত্রকর্ত্তন, কাট্না কাটা।
তূলি, তূলিকা, (তূল্+ই, ক—যোগ) ষ্য, স্ত্রী, তুলী, বর্ত্তিকা, চিত্রসাধনী।
তূলিনী, ষ্য, স্ত্রী, শাল্মলীবৃক্ষ, শিমুল গাছ।
তূবর, (তূ—হিংসাকরা+বর) ষ্য, পুং, শ্মশ্রুহীন পুরুষ, কষায় রস, শৃঙ্গহীন বৃষ।
তূষ্ণীংশীল, (তূষ্ণীম্—নীরব+শীল—স্বভাব, ৬.হ) ণ, ত্রি, নীরব, গম্ভীরস্বভাব।[নীম্) ণ, ত্রি, মৌন, নীরব।
তূষ্ণীম্, (তুষ্—সন্তুষ্টকরা বা হওয়া+
তূষ্ণীক, (তূষ্ণীম্+ঈক) ণ, ত্রি, নীরব, মৌনী।
তূষ্ণীম্ভাব, (তূষ্ণীম্—নীরব+ভাব—হওন) ষ্য, পুং, চুপ করিয়া থাকা।
তূষ্ণীভূত, (তূষ্ণীম্+ভূত—হইয়াছে) ণ, ত্রি, নীরব, মৌনী।
তূস্ত, (তূস—শব্দ করা+ক্ত) ষ্য, ন, ধূলি, রেণু, জটা, সূক্ষ্ম, পরমাণু, পাপ।
তূণ, ষ্য, ন, জাতিফল, জায়ফল।
[illegible] (তূহ—হিংসাকরা+ণ, ক

—লোপ) ব্য, ন, শত্রুর বাহাকে নষ্ট করে, ঘাস খড় প্রভৃতি।
তৃণকুটী, (তৃণ+কুটী=ক্ষুদ্র গৃহ) ব্য, স্ত্রী, তৃণাচ্ছাদিত গৃহ, খড়োঘর।
তৃণকেতু, (তৃণ+কেতু=পতাকা) ব্য, পুং, বংশ, বাঁশ, তালগাছ।
তৃণগোধা, (তৃণ+গোধা=গোসাপ) ব্য, স্ত্রী, কীট, কৃকলাস, কাঁকলাস।
তৃণগ্রাহী, ব্য, পুং, তৃণগ্রাহক, মণি-বিশেষ, নীলমণি, কাকুর দানা।
তৃণজম্ভ, (তৃণ+জম্ভ=খাদ্য বা দন্ত) ণ, ত্রি, তৃণভক্ষক, হরিতবর্ণ দন্ত-বিশিষ্ট।
তৃণজাতি, ব্য, স্ত্রী, উদ্ভিজ্জ।
তৃণজীবী, (তৃণ+জীবিন্=যে বাঁচে) ণ, ত্রি, যে সকল পশু তৃণ ভক্ষণ করিয়া দেহ ধারণ করে (Herbivorous.) [তৃণধ্বজ, ধনুক।
তৃণতা, (তৃণ+তা—ভাবে) ব্য, স্ত্রী,
তৃণদ্রুম, (তৃণ=তজ্জাতীয়+দ্রুম=বৃক্ষ; কর্ম্মধা) ব্য, পুং, তালবৃক্ষ, গুবাকবৃক্ষ, নারিকেল বৃক্ষ, তালী, কেতকী, খর্জ্জুর, হিন্তাল।
তৃণধান্য, ব্য, ন, নীবার, উড়িধান।
তৃণধ্বজ, (তৃণ+ধ্বজ=পতাকা) ব্য, পুং, বংশ, বাঁশ।
তৃণপত্রিকা, ব্য, স্ত্রী, ইক্ষুদর্ভা।
তৃণপুষ্পী, ব্য, স্ত্রী, সিন্দুরপুষ্পী বৃক্ষ।
তৃণপূলী, (তৃণ+পূল—একত্রকরা+অ) ব্য, স্ত্রী, চাঁচ, দরমা।
তৃণমৎকুণ, ব্য, পুং, প্রতিভূ, জামিন।
তৃণরাজ, (তৃণ+রাজন্=রাজা, ৬-ষ) ব্য, পুং, তালগাছ, নারিকেল গাছ।
তৃণবৎ, (তৃণ+বতু—তুল্যার্থে) ব্য, তৃণতুল্য, তৃণের মত।
তৃণবিন্দু, ব্য, পুং, মুনিবিশেষ।[ঘাস।
তৃণবীজ, ব্য, ন, শ্যামাকতৃর্ণা, শ্যামা-
তৃণশীত, ব্য, ন, গন্ধতৃণ।
তৃণশূন্য, ব্য, ন, মল্লিকাপুষ্প [illegible]
[illegible]শূন্য, ণ, ত্রি, তৃণরহিত।
তৃণষট্‌পদ, (তৃণ+ষট্‌পদ—ছয় পা) ব্য, পুং, বোল্‌তা, যে ষট্‌পদবিশিষ্ট কীট মাঠে তৃণের উপর দিয়া গমন করে।
তৃণস, (তৃণ+স) ণ, ত্রি, তৃণপূর্ণ, তৃণবহুল। [স্ত্রী, কদলীবৃক্ষ।
তৃণসারা, (তৃণ+সার—সারাংশ) ব্য,
তৃণসিংহ, ব্য, পুং, কুঠার, কুড়ুল।
তৃণহর্ম্ম্য, (তৃণ+হর্ম্ম্য—প্রাসাদ) ব্য, পুং, তৃণাচ্ছাদিত গৃহ, পর্ণ কুটীর।
তৃণাঞ্জন, (তৃণ+অঞ্জন) ব্য, পুং, গিরগিটে।
তৃণাহ্বক, ব্য, পুং, গন্ধদ্রব্য বিশেষ, তৃণকুঙ্কুম। [খাগড়া, শর।
তৃণেক্ষু, (তৃণ+ইক্ষু—আক) ব্য, পুং,
তৃণোদ্ভব, (তৃণ+উদ্ভব=উৎপন্ন), ব্য, পুং, নীবার, উড়িধান, বিনা-চাষে যে ধান্য উৎপন্ন হয়।
তৃণৌকঃ, (তৃণ+ওকস্—বাসস্থান) ব্য, ন, তৃণনির্ম্মিত গৃহ।[দ্রব্যবিশেষ।
তৃণৌষধ, ব্য, ন, এলবালুকনামক গন্ধ-
তৃণ্যা, (তৃণ+য—সমূহার্থে) ব্য, স্ত্রী, তৃণরাশি, তৃণসমূহ।
তৃতীয়, (ত্রি—তিন+তীয়—পূরণার্থে, ত্রি স্থানে তৃ) ণ, ত্রি, তিনের পূরক। য়া—স্ত্রী, তিথিবিশেষ।
তৃতীয়াকৃত, (তৃতীয়+আকৃত—আকৃষ্ট) ণ, ত্রি, তিনবার কৃষ্ট ক্ষেত্রাদি।
তৃতীয়াপ্রকৃতি, (তৃতীয়+প্রকৃতি—স্বভাব) ব্য, স্ত্রী, নপুংসক, ক্লীব।
তৃপৎ, (তৃপ্—সন্তুষ্টকরা+অতি, নিপাতন) ব্য, পুং, চন্দ্র, আতপ নিবারণার্থ মহিলাগণ কর্ত্তৃক ব্যব-হৃত ক্ষুদ্র ছত্র।
তৃপ্ত, (তৃপ্=তুষ্টহওয়া+ক্ত-য) ণ, ত্রি, সন্তুষ্ট, আহ্লাদিত, পূর্ণাভিলাষ, হৃষ্ট।
তৃপ্তি, (তৃপ+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, তু-[illegible]কর, সন্তোষ, ক্ষুন্নিবৃত্তি, আহ্লাদ

তৃপ্র, (তৃপ=সন্তুষ্ট, তুষ্টি সম্পাদনকরা +রক্) ব্য, পুং, ঘৃত, ঘী।

তৃফলা, (তৃ=তিন+ফল) ব্য, স্ত্রী, হরীতকী আমলকী এবং বয়ড়া এই তিন ফল।

তৃক্ষু, (তৃক্ষ=হিংসা করা, অনিষ্ট করা+উ) ব্য, পুং, সর্পজাতি, সাপ।

তৃষ্, তৃষা, (তৃষ্=তৃষ্ণার্ত্তহওয়া+ ক্বিপ্—আ, ন—ভাব) ব্য, স্ত্রী, পিপাসা, ইচ্ছা, লোভ, কামপুত্রী,

তৃষাতু, ব্য, স্ত্রী, ক্লোম, মূত্রাশয়।

তৃষাহ, (তৃষ=পিপাসা+আ+হন্= বধকরা+ড—ষ) ব্য, ন, জল।

তৃষিত, (তৃষা+ইত—জাতার্থে) গ, ত্রি, তৃষ্ণাযুক্ত, পিপাসু, লুব্ধ, ইচ্ছুক।

তৃষ্ণক্, (তৃষ্+নজ্—ষ) গ, ত্রি, পিপাসু, লোভী, ইচ্ছুক।

তৃষ্ণা, (তৃষ্+ন) ব্য, স্ত্রী, পিপাসা, অত্যন্ত অভিলাষ।

তৃষ্ণাক্ষয়, (তৃষ্ণা=পিপাসা, লোভ+ ক্ষয়=বিনাশ ; ৬-ষ, ৬.হ) ব্য, পুং, পিপাসার শান্তি, তৃপ্তি, শান্তি, শম।

তৃষ্ণারি, ব্য, পুং, পর্পট।

তেঁতুল, (তিন্তিড়ীশব্দজ) ব্য, বৃক্ষাম্ল

তেজঃ, (তিজ্=তীক্ষ্ণকরা+অস্) ব্য, ন, তীক্ষ্ণতা, আলোক, দীপ্তি, প্রতাপ, প্রভাব, পরাক্রম, পৌরুষ, শক্তি, রেতঃ, শুক্র, ঘৃত, স্বর্ণাদি-ধাতু, ব্রহ্ম, প্রাণাত্যয়েও অধিক্ষেপাদির অসহন। "রাজাস্বতেজোভির্ম্মহাভাস্তর্ভোগীব মন্ত্রৌষধিরুদ্ধবীর্য্যাঃ" পুং, অগ্নি সূর্য্যাদি। [ফল।

তেজঃফল, ব্য, ন, ফলবিশেষ, তেজ-

তেজন, (তিজ্=তীক্ষ্ণকরা+অনট্) ব্য, ন, তীক্ষ্ণকরণ, বাঁশ।

তেজনক, (তেজন+ক—যোগ) ব্য, পুং, শর, খাগড়া।

তেজপত্র, (তেজ—তীক্ষ্ণ+পত্র; কর্ম্মধা) ব্য, ন, তেজপাত।

তেজল, ব্য,পুং, পক্ষীবিশেষ, কপিঞ্জল পক্ষী।

তেজস্কর, (তেজস্=দীপ্তি ইত্যাদি+ কর=যে করে) গ, ত্রি, তেজোবৃদ্ধি-কারক, তেজাল।

তেজস্বান্, (তেজস্+বৎ—অস্ত্যর্থে) গ, ত্রি, প্রভাববান্, বলশালী, তেজোবিশিষ্ট।

তেজস্বিনী, ব্য, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী লতা, মহা প্রতাপশালিনী।

তেজস্বী, (তেজস্+বিন্—অস্ত্যর্থে) গ, ত্রি, প্রভাবশালী, বলবান্, তেজোবিশিষ্ট, "তেজস্বিনস্তব পিতা তথৈবচ তপস্বিনঃ" মহাভারত।

তেজিত, (তিজ+ক্ত—চ) গ, ত্রি, শাণিত, মার্জ্জিত, উত্তেজিত।

তেজী, (তেজ+ইন্) গ, ত্রি, তেজস্বী।

তেজীয়ান্, (তেজস্+ঈয়স—অত্যর্থে) গ, ত্রি, অত্যন্ত তেজস্বী।

তেজোময়, (তেজস্+ময়ট্—প্রচুরার্থে) গ, ত্রি, জ্যোতির্ম্ময়, তেজঃপূর্ণ, উজ্জ্বল।

তেজোরূপ, (তেজস্ [স্বর্গীয়]=দীপ্তি +রূপ=মূর্ত্তি) ব্য, ন, ব্রহ্ম।

তেজোবৎ, (তেজস্+বৎ—অস্ত্যর্থে) গ, ত্রি, উগ্র, বাণ, তীক্ষ্ণ, উজ্জ্বল। বতী—ব্য, স্ত্রী, গজপিপ্পলী মহা-জ্যোতিষ্মতীলতা,চবিকা, চৈ।[বৃক্ষ।

তেজোবৃক্ষ, ব্য, পুং, ক্ষুদ্র অগ্নিমন্থ

তেতাল্লিশ, (ত্রিচত্বারিংশৎ শব্দজ) গ, সংখ্যাবিশেষ, ৪৩।

তেত্রিশ, (ত্রয়স্ত্রিংশৎ শব্দজ) গ, সংখ্যাবিশেষ, ৩৩।

তেম, (তিম্=আর্দ্র হওয়া+ঘঞ্—ভাব) ব্য, পুং, আর্দ্রকরণ, ভিজান, আর্দ্রীভাব।

তেমন, (তিম্=আর্দ্র হওয়া+অনট্—ভাব) ব্য, ন, আর্দ্রকরণ, [illegible]র, চাটনীবিশেষ।নী—স্ত্রী,

সুনির্দ্দিষ্টার্থ, ত্রিলী। (দেশজ) ণ, সেই প্রকার, তথাবিধ। -রি (জেমন —ই) তাদৃশ, তদনুরূপ। [সংখ্যা,১৩
তের, (ত্রয়োদশ শব্দজ) ণ, ত্রয়োদশ-
তেল, (তৈলশব্দজ) ষ্য, সর্ষপাদির রস। [বিশেষ।
তেলি, (দেশজ) ষ্য, বর্ণসঙ্কর জাতি-
তেবন, (তেব্ =ক্রীড়া করা+অনট্-ভাব) ষ্য, ন, ক্রীড়াবন, কেলি-কানন, ক্রীড়া, খেলা।
তেহাই, (দেশজ) ষ্য, তৃতীয়াংশ।
তৈক্ষ্ণ্য, (তীক্ষ্ণ+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, তীক্ষ্ণতা, উত্তাপ, উগ্রতা, নিষ্ঠুরতা।
তৈগ্ম্য, (তিগ্ম=তীক্ষ্ণ+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন; তীক্ষ্ণতা, প্রখরতা।
তৈজস, (তেজস্=দীপ্তি+ষ্ণ— ইদমর্থে) ণ, ত্রি, পিত্তলাদি ধাতু নির্ম্মিত বস্তু, অগ্নিময়, উজ্জ্বল, তেজোময়, "বৈরাজানাবতেনোকা-তৈজসাঃ সন্ত তে ধ্রুবা" উত্তর-চরিত। ক্ষমতাশীল, তেজী। ষ্য, ন, ঘৃত, স্বর্ণাদি ধাতু, প্রচণ্ডতা, তেজঃ।
তৈজসাবর্ত্তিনী, (তৈজস্+আবর্ত্তিনী =গলাইবার পাত্র) ষ্য, স্ত্রী, ধাতু-দ্রব্য গলাইবার পাত্র বা মুচী।
তৈতিল, (তিতিল+ষ্ণ) ষ্য, পুং, গণ্ডার। ন, বব বালব প্রভৃতি করণের অন্তর্গত চতুর্থ করণ।
তৈত্তির,(তিত্তিরি+ষ্ণ—সমূহার্থে) ষ্য, পুং, তিত্তিরিপক্ষী, গণ্ডার। ন, তিত্তিরিপক্ষিসমূহ।
তৈত্তিরীয়, (তৈত্তিরি+ঈয়) ণ, ত্রি, যজুর্ব্বেদীয় শাখাবিশেষ।
তৈত্তিরীয়ক, (তৈত্তিরীয়+ক—যোগ) ষ্য, পুং, যে ব্যক্তি তৈত্তিরীয় শ্রুতি জানে।
তৈত্তিরীয়া, (তিত্তিরি=যজুর্ব্বেদ+ঈয়) ষ্য, স্ত্রী, বেদের শাখাবিশেষ।
তৈমি, (তিমি+ষ্ণ—তুল্যার্থে) ষ্য, পুং, তিমিসদৃশ জীব, যথা—তিমি, শুশুক, (Cetacea.)
তৈর্থিক, (তীর্থ=দর্শনশাস্ত্র+ষ্ণিক—কৃতার্থে) ষ্য, ত্রি, শাস্ত্রকার গৌতম কপিল কণাদ প্রভৃতি।
তৈল, (তিল+ষ্ণ—বিকারার্থে) ষ্য, ন, তিলাদি নিঃসৃত স্নেহ পদার্থ, তেল, সর্ষপ প্রভৃতি নিঃসৃত স্নেহ পদার্থেও তৈল শব্দ ব্যবহৃত হইয়া থাকে "সর্ব্বেভ্যাস্তিহতৈলেভ্যস্তিল-তৈলংপ্রশস্যতে।" প্রত্যয়বিশেষ, তিলাদি শব্দের উত্তর স্নেহ অর্থে এই প্রত্যয় হইয়া থাকে; যথা তিলতৈল
তৈলকার, (তৈল+কার=যে করে) ষ্য, পুং, তেলি, কলু।
তৈলকিট্ট, (তৈল+কিট্ট=কাট, ৬-ষ) ষ্য, ন, তেলের কাট, খোল।
তৈলঙ্গ, ষ্য, পুং, উড়িষ্যার দক্ষিণ হইতে মান্দ্রাজ পর্য্যন্ত বঙ্গোপসাগর কূলবর্ত্তী ভূভাগ (Carnatic) । পুং, বহুং, তত্রত্য অধিবাসী।
তৈলচৌরিকা, (তৈল=তেল+চুর্=চুরিকরা+ণক; তৈলচোরিকাও হয়) ষ্য, স্ত্রী, তেলাপোকা, আর্সুলা।
তৈলদ্রোণী, (তৈল+দ্রোণী=জল তুলিবার মশক) স্নানার্থ তৈলাধার।
তৈলপর্ণিক, তৈলপর্ণী, (তিলপর্ণী=চন্দন কাষ্ঠ+ক—যোগ) ষ্য, ন—স্ত্রী, চন্দনবিশেষ, হরিচন্দন।
তৈলপা, তৈলপায়িকা, (তৈল+পা=পান করা+অ, অক—ষ) ষ্য, স্ত্রী, তেলাপোকা, আর্সুলা।
তৈলপিপীলিকা, ষ্য, স্ত্রী, পিপীলিকা-ভেদ, পিপীড়া। [খোল।
তৈলপিষ্টক, ষ্য, পুং, তৈলকিট্ট, খলি,
তৈল-ফল, ষ্য, পুং, লোহিতবর্ণ। লা—স্ত্রী, ইঙ্গুদীবৃক্ষ, বিভীতক বৃক্ষ।
তৈলবট, (দেশজ) কোন অধ্যাপকের

নিজের ব্যবস্থা লইবার পূর্ব্বে তাহার পরিশ্রমের মূল্যস্বরূপ যেই অর্থ।

তৈলভাবিনী, ব্য,স্ত্রী, জাতিপুষ্পবৃক্ষ।

তৈলমালী, (তৈল+মালা) ব্য, স্ত্রী, পলিতা, বর্ত্তি, শলিতা।

তৈলপাত, (তৈল+পত+ঘঞ্) ণ, ত্রি, তৈলামিশ্রিত। তা—স্ত্রী, স্বধা।

তৈলযন্ত্র, ব্য, ন, তৈল পেষণ যন্ত্র,ঘাণি গাছ। [কাকলানামে খ্যাত।

তৈলসাধন, ব্য, ন, গন্ধদ্রব্যবিশেষ,

তৈলস্ফটিক, (Amber) এক প্রকার স্বর্ণবর্ণ স্বচ্ছ অথচ কঠিন উদ্ভিদ পদার্থ ইহা সমুদ্রের উপকূলে জন্মে, তৃণমণি,,তৃণগ্রাহী।

তৈলাকর, (তৈল+আকর=উৎপত্তি-স্থান) ব্য, পুং, তিলসর্ষপাদি।

তৈলাগুরু, ব্য, ন, দাহাগুরু।

তৈলাক্ত, ণ,ত্রি, তৈললিপ্ত,স্নেহাক্ত।

তৈলাটী, (তৈল + অট্=গমনকরা+ অ, ঈপ্) ব্য, স্ত্রী, বোল্‌তা, বরটা, তৃণবট্পদ।

তৈলাম্বুকা, (তৈল+অম্বু=[জল] পানীয়+ক—যোগ) ব্য, স্ত্রী, তেলাপোকা, আরসলা, তৈলপায়িকা।

তৈলক, তৈলী, (তৈল+ইক, ইন্) ব্য, পুং, তৈলকার, কলু, তেলি।

তৈলিনী,ব্য,স্ত্রী,কীট বিশেষ,দশাবর্ত্তি।

তৈলিশালা, ব্য,স্ত্রী, যন্ত্রগৃহ, কলুরঘর, তৈলিক যন্ত্র।

তৈলীন, (তিল+ঈন—তৎক্ষেত্রার্থে) ব্য, ন, তিল বপনের উপযুক্ত ক্ষেত্র, তিলক্ষেত্র।

তৈষ, (তিষ্য—পুষ্যানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+অ—তদ্‌যুক্তকালার্থে) ব্য,পুং, পৌষমাস। ষী—স্ত্রী, পুষ্যানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী, পৌষীপূর্ণিমা।

তৈক্ষ্ণ, (তীক্ষ্ণ+অ—ভাবার্থে) ব্য, ন, তীক্ষ্ণতা, নিদাঘ, উষ্মা।

তোক, (তুক্—তুষ্টিকরা+ক) ব্য, ন, অপত্য, ছোট ছেলে বা মেয়ে, অল্পবয়স্ক পুত্রকন্যা।

তোক্কক, ব্য, পুং, পক্ষিবিশেষ।

তোয়, (তক্—স্পর্দ্ধা করা+ম, অ—ও) ব্য, পুং, হরিদ্‌ যব, অপক্ক যব, হরিবর্ণ, পল্লবাদ্যঙ্কুর। ন, কাণের রস, মেঘ।

তোটক, ব্য, ন, দ্বাদশাক্ষর পাদছন্দ, যে ছন্দের প্রত্যেক চরণে ১২টী করিয়া অক্ষর থাকে, যদ তোটকমব্দিসকারযুতং।

তোড়, (দেশজ) (তুড়=আঘাতকরা) অতিশয় জলবেগ,প্রবাহের প্রাবল্য।

তোড়ক, (তুড়—আঘাতকরা+অক—ষ) ণ, ত্রি, যে ভাঙ্গিয়া ফেলে।

তোড়ন, (তুড্=আঘাতকরা+অনট্—ভাব) ব্য, ন, ভাঙ্গিয়া ফেলা, ভাজন, খণ্ডন, তিরস্কার। [তৃণ্ড।

তোড়ণী, (দেশজ) নদ্যাদির উপতীর,

তোড়া, (দেশজ) বা, থলিয়া, বল্লী।

তোড়াণী, (দেশজ) আমানী, টাকাভাজান। [অস্ফুটভাষী, জড়বক্তা।

তোৎলা, (দেশজ) ণ, অস্পষ্টবাক্,

তোত্র, তোত্র, (তুদ্—পীড়াদেওয়া+ত্র—ধ্) ব্য, ন, গবাদি তাড়নদণ্ড, প্রাজন,পাঁচন বাড়ী,অঙ্কুশ,ডাঙ্গস।

তোত্রবেত্র, ব্য, ন, বেত্রযষ্টি, দণ্ড।

তোদ, (তুদ্+ঘঞ্) ব্য, পুং, পীড়া, ব্যথা, বেদনা।

তোদন, (তুদ্+অনট্—ধ, ভাব) ব্য, ন.তোত্র,অঙ্কুশ,প্রাজন, দুঃখ,বেদনা, পীড়া। [কামান।

তোপ, (যবনভাষা) ব্য, আগ্নেয় অস্ত্র,

তোপড়া, (দেশজ) পুলিন্দা, গাঁটরি, পুঁটলি। [ভান, শুষ্ক হওয়া

তোবড়ন, (দেশজ) সঙ্কুচন, কোঁক

তোমর, (তু [তু=হিংসাকরা+ম্রিচ্ =যে হিংসাকরে+মৃ=মরা+অ) ব্য ন, অস্ত্রবিশেষ, শাবল, ছত্রকেশ

স্পন্দনারহিত, ব্যাকরণ।
তোমরগ্রহ, (তোমর+গ্রহ=বিনি গ্রহণ করেন) ব্য, পুং, গদাধারী, যোদ্ধা।
তোমরধর, (তোমর+ধর=যে ধরে) ব্য,পুং,অগ্নি,তোমরধারী, গদাধারী।
তোমার, (দেশজ, যুষ্মদ্শব্দজ); ত্বদীয়, তব।
তোয়,(তায়্=পালনকরা+অ; আ=ও [তু=বেষ্টনকরা+কোয়]—অথবা তো=পূরণ+য [যা=যাওয়া+অ] =যে যায়, পরিপূর্ণ করিবার জন্য যে যায়) ব্য, ন,জল, পূর্ব্বাষাঢ়া নক্ষত্র।
তোয়কাম, (তোয়=জল+কাম=ইচ্ছা, যে জলকে অভিলাষ করে) ব্য, পুং, জলবেতস। ণ, ত্রি, জলাভিলাষী।
তোয়কৃচ্ছ্র, (তোয়=জল+কৃচ্ছ্র=ব্রত) ব্য,ন,জলমাত্র পানরূপ ব্রতবিশেষ।
তোয়ডিম্ব, (তোয়=জল+ডিম্ব) ব্য, পুং, করকা, শিল, বর্ষোপল।
তোয়দ, (তোয়+দ=যে দান করে, ২-ব) ব্য,পুং, মেঘ, জলদ। ন, ঘৃত। ণ, ত্রি, জলদানকর্ত্তা।
তোয়দাগম, (তোয়দ+আগম, ৭.হ) ব্য, পুং, মেঘাগম, বর্ষাকাল।
তোয়ধর, (তোয়=জল+ধর=যে ধারণ করে, ২-ব) ব্য, পুং, মেঘ, জলধর।
তোয়ধি, তোয়নিধি, (তোয়+নিধি= যে ধারণ করে, ২-ব। তোয়+নিধি আধার, ৬-ব। কিম্বা তোয়=জল+নি +ধা=ধারণ করা+ই—ডে) ব্য, পুং, সমুদ্র।
তোয়ধিপ্রিয়, (তোয়ধি=সমুদ্র+প্রিয়) ব্য, ন, যাহা সামুদ্রিক দেশে উৎপন্ন হয়, লবঙ্গ। [জশাক বিশেষ।
তোয়পিপ্পলী, ব্য, স্ত্রী, কাঁচড়া, জল-
তোয়পুষ্পী, ব্য, স্ত্রী, পাটলা বৃক্ষ।
তোয়প্রসাদন, (তোয়=জল+প্রসা- দন=যাহা দ্বারা নির্ম্মল হয়) ব্য, ৬-ব, কতক, জলপরিষ্কারক দ্রব্য বিশেষ।
তোয়প্রসাদনফল, ব্য, ন, কতকফল, নির্ম্মলী।
তোয়বল্লী, (তোয়=জল+বল্লী=লতা, জলসন্নিকর্ষে উৎপন্ন হয় বলিয়া) ব্য, ন, উচ্ছে। [ঝিনুক, মুক্তাপ্রসূ।
তোয়শুক্তিকা, ব্য, স্ত্রী, জলশুক্তি,
তোয়াধিবাসিনী, ব্য,স্ত্রী, পাটলাবৃক্ষ।
তোয়সূচক, (তোয়=জল+সূচক= জ্ঞাপক) ব্য, পুং, ভেক।
তোরণ, (তুর্=বেগে গমনকরা+অন —ডে, যাহার ভিতর দিয়া ব্যক্তিগণ যাতায়াত করে) ব্য, পুং,—ন, বহি- র্দ্বার, ফটক, গেট,চৌকাঠ, দ্বারাগ্রে স্তম্ভদ্বয়োপরি স্থাপিত নানা রত্নখচিত ধনুরাকৃতি কাষ্ঠ, বারাণ্ডা, চাঁদনী। ন, কন্ধরা, কণ্ঠদেশ।
তোল, তোলক, (তুল্=ওজনকরা+ অ—ভাব; পক্ষে ক—যোগ)ব্য,পুং ন, পরিমাণ বিশেষ, ১ ভরি, ১ তোলা, ১৬ মাষ।
তোলন, (তুল+অনট্—ভাব) ব্য, পুং, ওজন,তৌলকরা,তুলাধারণ। (দেশজ) উত্থাপন, উত্থান, উৎপাটন, উন্তো- লন, তোলাপাড়া। (দেশজ) চিত্তবিকার, পুনঃ পুনঃ অনুশীলন।
তোলা, (তোলক শব্দজ) ব্য,তোলক।
তোশক, (দেশজ) ব্য, শয্যাবিশেষ।
তোষ, তোষণ, (তুষ্=তুষ্ট হওয়া+অ, অন—ভাব) ব্য, পুং,—ন, সন্তোষ, তৃপ্তি, তুষ্টি, হর্ষ, আনন্দ, আহ্লাদ। (তোষি+অন—ভাব) সন্তুষ্টকরণ।
তোষামোদ, ব্য, পুং, খোসামোদ, মনযোগান।
তোষিত, (তুষ=তুষ্টকরা+ত—ক্ত) ণ, ত্রি, সন্তোষিত, আহ্লাদিত, তৃপ্ত, তর্পিত।
তৌক্ষিক, ব্য, পুং, ধনুরাশি।
তৌতাতিক, ব্য, ন, দর্শনশাস্ত্রবিশেষ,

তুরীতন্ত্রীকৃতশাস্ত্র। [খিলুক।
তৌন্তিক, ষ্য, ন, মুক্তা। পুং, শুক্তি,
তৌর্য্য, (তূর্য্য+ষ্ণ—ইদমর্থে) ষ্য, ন, তূর্য্যবাদ্য, মৃদঙ্গাদি বাদ্য শব্দ।
তৌর্য্যত্রিক, (তৌর্য্য+ত্রি=তিন; কর্ম্মধা) ষ্য, ন, ত্রি, নৃত্য-গীত-বাদ্য এতৎ-ত্রয়।
তৌল, (পরিমাণার্থ তুল্‌ধাতুজ) ষ্য, পরিমাণক্রিয়া, মাপন, পরিমাণদণ্ড।
তৌলিক, তৌলিকিক, (তূলিকা+ষ্ণ, ষ্ণিক—জীবত্যর্থে) ষ্য, পুং, চিত্রকর, রঙ্গাজীব, পটো। (তুলা+ইক্) পরিমাপক, তোলদার, কয়াল।
তৌষার, (তুষার+ষ্ণ—ভবার্থে) ষ্য, ন, নীহার, তুষার জল, শৈত্য।
ত্যক্ত, (ত্যজ্+ত্যাগকরা+ক্ত—চ) ণ, ত্রি, বর্জ্জিত, যাহা ত্যাগ করা গিয়াছে, বিসৃষ্ট, অপবিদ্ধ, দত্ত, ক্ষিপ্ত, বিরক্ত, ক্লিষ্ট।
ত্যক্তুকাম, (ত্যক্তুং=[ত্যজ+তুং]ত্যাগ করিতে+কাম=অভিলাষ; ৬.হ) ণ, ত্রি, ত্যাগেচ্ছু, নিষ্কাম।
ত্যজন, ত্যাগ, (ত্যজ+অনট্, অ—ভাব) ষ্য, ন, পুং, দান, পরিত্যাগ, বিসর্জ্জন, পরিহার, বর্জ্জন, বৈরাগ্য
ত্যাগপত্র, ষ্য, ন, ফারখৎনামা।
ত্যাজ্যমান, (ত্যজ+শান—চ) ণ, ত্রি, যাহা ত্যাগ করা যাইতেছে।
ত্যাদ, (ত্যজ+অদ্) সর্ব্বং, ত্রি, তদ্ শব্দের সমান অর্থ, সেই।
ত্যাগী, (ত্যাগ+ইন্—অস্ত্যর্থে, অথবা ত্যজ=ত্যাগকরা+ইন্—ঘ, শীলার্থে) ণ, ত্রি, দাতা, শূর, বীর, বর্জ্জনশীল, বৈরাগী, বিবেকী, কর্ম্মফল ত্যাগবান্, যে সকল ত্যাগ করিয়াছে
ত্যাজ্য, (ত্যজ+য—চ)ণ, ত্রি, ত্যাগের যোগ্য, বর্জ্জনীয়, পরিহার্য্য। ন, তারাশুদ্ধি। [রাজা হরিশ্চন্দ্রের পুরী।
ত্রপ, (ত্রপ=লজ্জিতহওয়া+অ—ভাব) ষ্য, পুং, পা—স্ত্রী, লজ্জা, ব্রীড়া, বিনয়। পা—স্ত্রী, যে স্ত্রী তাহার বংশের লজ্জাকর, কুলটা, বেশ্যা, কুল, বংশ, কীর্ত্তি।
ত্রপমাণ, (ত্রপ+শান—ঘ) ণ, ত্রি, যে লজ্জা পাইতেছে, লজ্জমান।
ত্রপাক, ষ্য, পুং, ম্লেচ্ছবিশেষ।
ত্রপারণ্ডা, (ত্রপা=লজ্জা+রণ্ড=উৎক্ষেপণকরা+অল;=র)ষ্য, স্ত্রী, বৈশ্যা
ত্রপিত, (ত্রপ+ত—চ) ণ, ত্রি, ত্রপযুক্ত, লজ্জিত, ব্রীড়িত।
ত্রপিষ্ঠ, ত্রপীয়ান্, (ত্রপা=লজ্জা+ইষ্ঠ, ঈয়স—অত্যর্থে) ণ, ত্রি; অতিশয় লজ্জিত।
ত্রপু, ত্রপুল, ত্রপুস, (ত্রপ+উ, উল, উস) ষ্য, পুং, ন, সীসক, সীসা, টিন, রাঙ্, দস্তা।
ত্রপুষ, (ত্রপ+উষ) ষ্য, ন, কর্কটী, বৃক্ষ, টিন্। ষা, ষী—স্ত্রী, শশা, কর্কটী।
ত্রপ্সা, (তৃপ=সন্তুষ্টহওয়া; নিপাতন। য, প্রত্যয় ব্যতিরেকে ত্রপ্স এবং দ্রপ্স্য ও দ্রপ্স শব্দ ও হয়, ষ্য, ন, পাতলা দই।
ত্রয়, (ত্রি=তিন+অয়) ন, ত্র্যবয়ব, তৃতীয়াংশ। পুং, ত্রিসংখ্যা, তিনখ্যাত, তদ্বাচক গণা—(১) কাল (২) অগ্নি (৩) ভুবন (৪) গঙ্গামার্গ (৫) শিবনেত্র (৬) গুণ (৭) গ্রীবারেখা (৮) বলি (৯) সন্ধ্যা (১০) পুর (১১) পুষ্কর (১২) রাম।
ত্রয়ী, ষ্য, স্ত্রী, ঋক্ যজুঃ সাম—এইতিন বেদ, পুরন্ধ্রী, গৃহিণী, বুদ্ধি, সোমরাজীবৃক্ষ, ব্রহ্মা বিষ্ণু শিব এই তিন মূর্ত্তি। ণ, ত্রি, ত্রিত্বসংখ্যা বিশিষ্ট।
ত্রয়ীতনু, (ত্রয়ী=তিনবেদ+তনু=বিস্তার) ষ্য, পুং, সূর্য্য, ধর্ম্মশাস্ত্রে প্রসিদ্ধি আছে যে, সামবেদ ও অন্যান্য বেদাংশ সূর্য্য হইতে বিস্তৃত

ত্রয়ীধর্ম, (ত্রয়ী=ত্রিসবেদ+ধর্ম) ব্য, পুং, ঋক্, যজুঃ, সাম-এই তিন বেদোক্ত কর্মকাণ্ড।

ত্রয়ীময়, ণ, ত্রি, ঐশ্বরিক, ঈশ্বর সম্বন্ধীয়। [পুং, ব্রাহ্মণ,।

ত্রয়ীমুখ, (ত্রয়ী=বেদ+মুখ, ৬.হ) ব্য,

ত্রয়োদশ, (ত্রি=তিন+দশন্+অ—পূরণার্থে)ণ,ত্রি, তের সংখ্যার পূরক। শী—স্ত্রী, তিথিবিশেষ, চন্দ্রের ত্রয়োদশ কলার ক্রিয়াকাল।

ত্রয়োদশ, (ত্রি=তিন+দশন্=দশ; কর্মধা) ণ, ত্রি, তিন অধিক দশ, তের, ১৩।

ত্রয়োদশী, ব্য, স্ত্রী, তিথি বিশেষ, চন্দ্রের ত্রয়োদশ কলার ক্রিয়া কাল।

ত্রস, (ত্রস=গমনকরা+অ—ঘ, ডে) ণ, ত্রি, চল, গমনশীল, জঙ্গম, অস্থাবর। ব্য, ন, বন।

ত্রসর, (ত্রস=গমনকরা+অর) ব্য, পুং, তন্তুবায়ের উপকরণ বিশেষ, ভুরী, মাকু।

ত্রসরেণু, (ত্রস=গমনশীল কিম্বা ত্রি স্থানে ত্রস+রেণু; কর্মধা) ব্য, পুং, —স্ত্রী, সূক্ষ্মকণা,গবাক্ষান্তর্গত সূর্য্য-কিরণে যাহা দৃষ্ট হয়, ছয় পরমাণু বা তিন দ্ব্যণুক। স্ত্রীং, সূর্য্য-ভার্য্যা-বিশেষ।

ত্রস্নুর, (ত্রস+উর) ণ, ত্রি, ভীরু, অসাহসিক অপ্রগল্ভ।

ত্রস্ত, ত্রস্নু, (ত্রস=ভীতহওয়া+ত, —ঘ, শীলাদ্যর্থে) ণ, ত্রি, ত্রাসযুক্ত, ভীরু, চকিত, দ্রুত।

ত্রাণ, (ত্রৈ=রক্ষাকরা+অনট্—ভাব, ঘ) ব্য,ন,রক্ষা, বিপদ হইতে উদ্ধার। ণ, ত্রি, রক্ষিত। [ত্রি, রক্ষিত।

ত্রাত,ত্রাণ, (ত্রৈ+ত—ট; ত=ণ) ণ,

ত্রাতা, (ত্রৈ+তৃণ—ঘ) ণ, ত্রি, রক্ষা-কর্তা, পালক।

ত্রাপুষ,(ত্রপুস্=রাঙ+অ—বিকারার্থে) ণ, ত্রি, রঙ্গ অথবা সীস নির্ম্মিত পাত্রাদি।

ত্রায়মাণ, (ত্রৈ+শান—ঘ,ট) ণ, ত্রি, ত্রাণকারী, যাহাকে ত্রাণ করা যাই-তেছে, রক্ষ্যমান। [[illegible]

ত্রায়মাণা, ব্য, স্ত্রী, বলানামক প্রসিদ্ধ

ত্রাস, (ত্রস্+ঘঞ্—ভাব) ব্য, পুং,ভয়, শঙ্কা, সাধ্বস, মণির দোষ, কলঙ্ক।

ত্রাসিত, (ত্রাসি=ভীতহওয়ান+ক্ত—ট) ণ, ত্রি, বিভীষিত, যাহাকে ভয় দেখাইয়াছে, ভয়ার্ত্ত।

ত্রাহি, (ত্রৈ+হি—আজ্ঞার্থে) ক্রি, রক্ষাকর,বাঁচাও। [তিন,সংখ্যাপ্রয়

ত্রি, (তৃ=গমনকরা+ই) ণ, ত্রি,

ত্রিংশ, (ত্রিংশৎ+অ—পূরণার্থে) ণ, ত্রি, ত্রিশ সংখ্যার পূরক।

ত্রিংশক, ব্য, ন, ত্রিংশৎ সমূহ।

ত্রিংশৎ,(ত্রি, [ত্রিস্থানে ত্রিং]+শৎ) ণ, স্ত্রী, একং,ত্রিশসংখ্যা,ত্রিংশৎপূরণ।

ত্রিংশৎপত্র, (ত্রিংশৎ=ত্রিশ+পত্র, ৬.হ) ব্য, ন, কুমুদ, সুঁদি।

ত্রিক, (ত্রি+ক—যোগ) ব্য, ন,পৃষ্ঠবংশাধর, পৃষ্ঠদণ্ডের নিম্ন, কটি, ৩, তিন-সংখ্যা,ত্রিপদসংস্থান,তেমাথা রাস্তা।

ত্রিককুদ, (ত্রি=তিন+ককুদ=শৃঙ্গ) ব্য, পুং, ত্রিকূট পর্ব্বত।[রীতি বিশেষ

ত্রিকচ্ছ, ব্য, পুং, বস্ত্র পরিধানের

ত্রিকট, ব্য, পুং, গোক্ষুরক।

ত্রিকটু,(ত্রি+কটু=তীব্র, ঝাল; কর্ম-ধা) ব্য, পুং, মিশ্রিত শুঁঠ, পিপুল মরীচ, কটুত্রিক।

ত্রিকণ্ট, (ত্রি=তিন+কণ্ট=কাঁটা) ব্য,পুং, তেকাঁটাসিজের গাছ, টেঙ্গর মাছ।

ত্রিকা, ব্য, স্ত্রী, কূপের উপরিস্থ পাটের প্রান্তভাগ, ভূমিস্থিত কূপপট্ট, কূপের সমীপে রজ্জু ধারণার্থ কাষ্ঠযন্ত্র-বিশেষ।

ত্রিকাল, (ত্রি=তিন+কাল=সময়,

পুং—স)ব্য,ন,বর্ত্তমান,ভূত, ভবিষ্যৎ, প্রাতর্মধ্যাহ্ন সায়াহ্ন।

ত্রিকালজ্ঞ, (ত্রিকাল+জ্ঞ=যেজানে, ২-য) ণ, ত্রি, ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান, তিনকাল যাঁহার চক্ষুর্গোচর। ব্য, পুং, বুদ্ধ।

ত্রিকালদর্শী, (ত্রিকাল+দর্শিন্=যে দেখে, ২-য) ণ, ত্রি, ত্রিকালজ্ঞ, সর্ব্বজ্ঞ। ব্য,পুং, মুনি, ঋষি। [বংশ।

ত্রিকুল, ব্য, ন, পিতৃ মাতৃ, ও শ্বশুর

ত্রিকূট, (ত্রি=তিন+কূট=শিখর,৬.হ) ব্য, পুং, কেরলদেশীয় পর্ব্বত বিশেষ, যাহার উপর লঙ্কানগরী নির্ম্মিত। ন, সামুদ্রিকলবণ, সৈন্ধব লবণ।

ত্রিকূর্চ্চক, ব্য, ন, ত্রিধার অস্ত্র।

ত্রিকোণ, (ত্রি=তিন+কোণ) ব্য, ন, স্ত্রীচিহ্ন, যোনি, তিন কোণ, লগ্নের পঞ্চম ও নবম লগ্ন। ণ, ত্রি, তিন কোণ বিশিষ্ট স্থান। [পাণিফল।

ত্রিকোণফল, ব্য,ন,শৃঙ্গাটক, শিঙ্গাড়া,

ত্রিকোণমণ্ডলভূমি, ব্য,নদীর মোহানা-স্থিত মাত্রা শূন্য বকারের ন্যায় দ্বীপ, "৲"। ইহাকে সচরাচর বদ্বীপ কহে, (Delta).

ত্রিকোণমিতি, (ত্রিকোণ+মা=পরিমাণকর+ক্তি) ব্য,স্ত্রী, ত্রিকোণবস্তুর পরিমাপক বিদ্যা,(Trigonometry.)

ত্রিক্ষু, ব্য, পুং, কোকিলাক্ষ বৃক্ষ, কুলেখাড়া।

ত্রিখ, (ত্রি=তিন+খ=শূন্য বা ফাঁক) ব্য, ন, শশা, সীসা, টিন।

ত্রিগণ, (ত্রি+গণ=সমূহ, কর্ম্মধা) ব্য, পুং, ধর্ম্ম অর্থ কাম—এই তিন, ত্রিবর্গ।

ত্রিগর্ত্ত, (ত্রি+গর্ত্ত. যাহাতে তিন গর্ত্তঅর্থাৎ গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধুনদ [তিব্বত দেশস্থ হিমালয় পর্ব্বত হইতে এই তিন নদী আসিয়াছে] আছে, ৬.হ) ব্য, পুং, তিব্বত দেশ, লাহোরের সন্নিহিত স্থান, গণিত বিশেষ। র্ত্তা—স্ত্রী,ঘুর্ঘুরিকা, কামুকাঙ্গনা, ভোগাভিলাষিণী স্ত্রী।

ত্রিগুণ, (ত্রি=তিন+গুণ) ব্য, ন,সত্ত্ব, রজঃ, তমঃ—এই তিন,সাঙ্খ্যমতে—প্রধান। ণ, ত্রি, ত্রিসংখ্যা দ্বারা গুণিত, তিনবার।

ত্রিগুণা, (ত্রি=তিন+গুণ, ৬.হ) ব্য, স্ত্রী, ত্রিগুণময়ী দেবী, দুর্গা।

ত্রিগুণাকৃৎ,(ত্রিগুণ=তিনবার+আকৃৎ =সম্যক কৃষ্ট) ণ,ত্রি, তিনবার কর্ষিত ক্ষেত্রাদি। [ণ, ত্রি, নির্গুণ।

ত্রিগুণাতীত,ব্য, ন, ব্রহ্ম, পরমপুরুষ।

ত্রিগুণাত্মক, (ত্রিগুণ+আত্মন্, ৬.হ) ণ, ত্রি, গুণত্রয়বিশিষ্ট, যাহার তিন গুণ আছে, সাঙ্খ্যমতে-সত্ত্ব-রজস্তমো গুণময় প্রধান। বেদান্তে—অজ্ঞান।

ত্রিগুণিত, (ত্রিগুণ+ইত) ণ, ত্রি, ত্রিরাবৃত্ত, তিনবার গুণিত।

ত্রিজগৎ, (ত্রি=তিন+জগৎ, দ্বিগু—স) ব্য, ন, ত্রিভুবন, স্বর্গ-মর্ত্ত্য-পাতাল।

ত্রিজটা, ব্য, স্ত্রী, রাক্ষসী বিশেষ।

ত্রিজ্যা. ব্য, স্ত্রী, ব্যাসার্দ্ধরেখা।[ব্যাস।

ত্রিণ, (তৃহ্+ণ ,ঋ=রি) ব্য. ন, তৃণ,

ত্রিণতা, (তৃণ+তা—ভাবে। তৃণ=ত্রিণ) ব্য, স্ত্রী, ধনুক, তৃণত্ব।

ত্রিণাচিকেত, ব্য. পুং, যজুর্ব্বেদের এক অংশবিশেষ, যজুর্ব্বেদাধ্যায়ী।

ত্রিতক্ষ, ত্রিতক্ষি, ব্য, পুং, স্ত্রী, তক্ষত্রয়, সূত্রধারগণ।

ত্রিতয়, (ত্রি+তয়—পূরণার্থে, অবয়বার্থে) ণ, ত্রি, তিনের পূরক, তৃতীয়, তিন। [ত্রি, তেতালা।

ত্রিতল, (ত্রি=তিন+তল=তালা)ণ,

ত্রিদণ্ড, (ত্রি=তিন+দণ্ড=যষ্টি অথবা সংযম) ব্য, ন, বাগদণ্ড, মনোদণ্ড, কায়দণ্ড—এই ত্রিতয়। একত্র বদ্ধ

যষ্টিত্রয় (সন্ন্যাসীরা ইহা ধারণ করিয়া থাকে), সন্ন্যাসাশ্রম। "ত্রিদণ্ডং ভস্ম পুণ্ড্রকং"।

ত্রিদণ্ডী, (ত্রি=তিন+দণ্ড=শাস্তি, যষ্টি ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ত্রিদণ্ডধারী, কায়বাঙ্মনোদণ্ড যুক্ত, সন্ন্যাসিবিশেষ। [পদী লতা।

ত্রিদলা, ষ্য, স্ত্রী, লতাবিশেষ, গোধাত্রিদলিকা, ষ্য, চর্ম্মকষা।

ত্রিদশ, (ত্রি=তিন+দশা=অবস্থা, ষ্য, পুং, যাঁহাদের বাল্যকৈশোরযৌবন এই ত্রিবিধমাত্র অবস্থা অর্থাৎ বার্দ্ধক্য নাই; দেবতা, অমর। (ত্রি=তিন অধিক+দশ, দশন্ শব্দজ) ত্রয়োদশ, ১৩।

ত্রিদশগোপ, ষ্য, পুং, লোহিত কীটবিশেষ।

ত্রিদশদীর্ঘিকা, (ত্রিদশ=দেবতা+দীর্ঘিকা=তড়াগ) ষ্য, স্ত্রী, স্বর্গঙ্গা, মন্দাকিনী।

ত্রিদশপতি, (ত্রিদশ=দেবতা+পতি=অধিপতি) ষ্য, পুং, ইন্দ্র, দেবরাজ।

ত্রিদশমঞ্জরী, ষ্য, স্ত্রী, তুলসী।

ত্রিদশাঙ্কুশ, ষ্য, ন, বজ্র।

ত্রিদশাচার্য্য, (ত্রিদশ=দেবতা+আচার্য্য=গুরু) ষ্য, পুং, দেবগুরু, বৃহস্পতি।

ত্রিদশাধিপ, (ত্রিদশ=দেবতা+অধিপ=অধিপতি) ষ্য, পুং, ইন্দ্র, দেবরাজ।

ত্রিদশায়ুধ, (ত্রিদশ=দেবতা+আয়ুধ=অস্ত্র) ষ্য, ন, অশনি, বজ্র, কুলিশ।

ত্রিদশারি, (ত্রিদশ=দেবতা+অরি=শত্রু) ষ্য, পুং, অসুর, দানব, দৈত্য।

ত্রিদশালয়, (ত্রিদশ=দেবতা+আলয়, ৬-ষ) ষ্য, পুং, স্বর্গ, সুমেরু।

ত্রিদশাবাস, (ত্রিদশ=দেবতা+আবাস=বাসস্থান) ষ্য, পুং, স্বর্গ, সুমেরু পর্ব্বত।

ত্রিদশাহার, (ত্রিদশ=দেবতা+আহার=খাদ্য) ষ্য, পুং, অমৃত, সুধা।

ত্রিদশেশ্বরী, ষ্য, স্ত্রী, দুর্গা।

ত্রিদিনস্পৃক্,-শ্, (ত্রিদিন+স্পৃশ্=স্পর্শন) ষ্য, পুং, ত্র্যহস্পর্শ, এক তিথি তিনদিনে স্পর্শ।

ত্রিদিব, (ত্রি=ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই তিন দেবতা+দিব=ক্রীড়া করা+অ—ডে) ষ্য, পুং, ন, স্বর্গ, আকাশ। বা—স্ত্রী, নদীবিশেষ।

ত্রিদিবেশ, (ত্রিদিব=স্বর্গ+ঈশ=স্বামী, ৬-ষ) ষ্য, পুং, দেবতা, অমর, ইন্দ্র।

ত্রিদিবোদ্ভবা, (ত্রিদিব=স্বর্গ+উদ্ভবা=উৎপন্না) ষ্য, স্ত্রী, বড় এলাচ, অতি সুগন্ধ বলিয়া এলাচ এইনামে অভিহিত হয়, স্থূলৈলা।

ত্রিদিবৌকাঃ, (ত্রিদিব=স্বর্গ+ওকঃ=বাসস্থান, ৬.হ) দেবতা, অমর।

ত্রিদৃক্, (ত্রি=তিন+দৃশ্=চক্ষুঃ, ৬.হ) ষ্য, পুং, ত্রিলোচন, শিব।

ত্রিদোষ, (ত্রি=বাত, পিত্ত, কফ, এই তিন+দোষ, ৬-ষ) ষ্য, পুং, বাত, পিত্ত, কফ রূপত্রয় দোষ।

ত্রিদোষঘ্ন, (ত্রিদোষ+হ্ন=বে নাশ করে) ণ, ত্রি, যাহা বায়ু পিত্ত কফ এই তিনের বিকার নষ্ট করে।

ত্রিদোষজ, (ত্রিদোষ+জ=উৎপন্ন) ণ, ত্রি, বাতপিত্ত কফ জনিত (রোগাদি), সন্নিপাত রোগ।

ত্রিধা, (ত্রি+ধা—প্রকারার্থে) ষ্য, তিন খণ্ড, ত্রিবিধ।

ত্রিধাতু, (ত্রি=তিন+ধাতু=খনিজ) ষ্য, পুং, গণেশ। ন, ধাতুত্রয়।

ত্রিধামা, (ত্রি=তিন [জগৎ]+ধামন্=বাসস্থান, ৬.হ) ষ্য, পুং, বিষ্ণু, শিব, অগ্নি, মৃত্যু।

ত্রিধারা, ষ্য, স্ত্রী, স্রোতত্রয়, নিয়মত্রয়

ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিলোচন, (ত্রি+

মর্দ্দন, নেত্র, লোচন, ৬.হ) ষ্য, পুং, শিব। ণা, ত্রা—স্ত্রী, দুর্গা, পার্ব্বতী।
ত্রিনেত্রচূড়ামণি, (ত্রিনেত্র=শিব+চূড়া=শির+মণি=রত্ন, যিনি মহাদেবের মস্তকের ভূষণস্বরূপ) ষ্য, পুং, চন্দ্র।
ত্রিনেত্রা, ষ্য, স্ত্রী, বারাহীকন্দ, নেত্রত্রয়যুক্তা। [ভিপ্পান্না, ৫৩।
ত্রিপঞ্চাশৎ, ণ, ত্রি, সংখ্যাবিশেষ,
ত্রিপতাক, (ত্রি=তিন বা তিনগুণ+পতাকা=ধ্বজ, চিহ্ন, পতাকার ন্যায় তিনটী চিহ্ন যাহাতে আছে) ষ্য, পুং; ন, রেখাত্রয়লাঞ্ছিত ললাট দেশ, মধ্যমা এবং অনামিকা ভিন্ন উন্নত অঙ্গুলিত্রয়যুক্ত হস্ত। ণ, ত্রি, তিন পতাকাবিশিষ্ট।
ত্রিপত্র, (ত্রি+পত্র=পাতা) ণ, ত্রি, যাহার তিনটী পাতা আছে। ষ্য, পুং, বেলগাছ।
ত্রিপথ, (ত্রি+পথিন্=রাস্তা, দ্বিগু—স) ষ্য, ন, তেমাথা রাস্তা, যেখানে তিনটী পথ একত্র মিলিত হইয়াছে, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।
ত্রিপথগা, (ত্রিপথ=স্বর্গ, মর্ত্ত্য, পাতাল+গ=যে গমন করে, ২—ষ) ষ্য, স্ত্রী, গঙ্গা, ত্রিপথগামিনী।
ত্রিপদা, (ত্রি=তিন+পদ=পা, ৬.হ) হংসপদী বৃক্ষ।
ত্রিপদী, ত্রিপদিকা, (ত্রি=তিন+পাদ=পা, ৬.হ) ষ্য, স্ত্রী, হস্তীর পাদবন্ধনরজ্জু, শৃঙ্খলাদি, তেপায়া, টিপাই, ছন্দোবিশেষ, যে ছন্দে শ্লোকের অর্দ্ধভাগ তিন অংশে বিভক্ত, অযথার্থ, ধাতুনির্ম্মিত ত্রিপাদযুক্ত শঙ্খাধার।
ত্রিপর্ণ, (ত্রি=তিন+পর্ণ=পাতা) ণ, ত্রি, যে বৃক্ষের তিনটী পাতা আছে। ষ্য, পুং, পলাশতরু।
ত্রিপর্ণী, ষ্য, স্ত্রী, ঔষধিবিশেষ, শালপর্ণী, বন কার্পাসী, পৃশ্নীপর্ণীবিশেষ।
ত্রিপাট, ষ্য, পুং, ক্ষেত্রবিদ্যাবিশেষ।
ত্রিপাদ্, (ত্রি=তিন+পাদ্=চরণ বা অংশ) ষ্য, পুং, বিষ্ণু, সমস্ত বিশ্বই যাঁহার ত্রিপদ পরিমিত স্থান, জ্বর, (জরাসুরের আকৃতি ত্রিপদযুক্ত বলিয়া বর্ণিত আছে)
ত্রিপাদিকা, ষ্য, স্ত্রী, লতাবিশেষ, হংসপদীলতা।
ত্রিপিব, (ত্রি=তিন+পিব, পাধাতুজ) জলপানকালীন যাহার লম্বা কর্ণদ্বয় পেয়জলকে স্পর্শকরে।
ত্রিপিষ্টপ, ত্রিবিষ্টপ, (ত্রি=তৃতীয়+পিষ্টপ=ভুবন; কর্ম্মধা) ষ্য, ন, স্বর্গ।
ত্রিপিষ্টপসদ, ত্রিবিষ্টপসদ্, (ত্রিপিষ্টপ=স্বর্গ+সদ্=গমন করা+কিপ্—ঘ) ষ্য, পুং, দেবতা।
ত্রিপুট, (ত্রি=তিন+পুট=ত্বক্ বা বীজের আচ্ছাদন) ষ্য, পুং, তট, তীর, শর, খেঁসারি কলাই, তাল্য। টা-স্ত্রী, মল্লিকা, ছোট এলাচ। টী-স্ত্রী, এরণ্ডবৃক্ষ।
ত্রিপুণ্ড্র, ত্রিপুণ্ড্রক, (ত্রি=তিন+পুণ্ড্র=রেখা, দ্বিগু—স) ষ্য, ন, ত্রিরেখাযুক্ত ললাটদেশে দীর্ঘভাবে অঙ্কিত ফোঁটা।
ত্রিপুর, (ত্রি=তিন+পুর=নগর) ষ্য, ন, ময়দানব নির্ম্মিত পুরত্রয়। পুং, অসুর বিশেষ।
ত্রিপুরদহন, ত্রিপুরারি, ত্রিপুরান্তক, (ত্রিপুর=অসুরবিশেষ+দহন=যে দাহ করে, অরি=শত্রু, অন্তক=নাশক, ২-ষ, ৬-ষ) ষ্য, পুং, শিব, ত্রিপুরজিৎ, ত্রিপুরসূদন।
ত্রিপুরা, ষ্য, স্ত্রী, দেবীবিশেষ।
ত্রিপুরী, ষ্য, স্ত্রী, ত্রিপুরাদেশ।
ত্রিপুষা, ষ্য, স্ত্রী, কৃষ্ণত্রিবৃৎ।
ত্রিফলা, (ত্রি+ফল, দ্বিগু—স) ষ্য,

স্ত্রী, হরীতকী, আমলকী, বয়েড়া, —এই তিন ফল।

ত্রিবলি, ত্রিবলী, (ত্রি+বলি=শ্লথচর্ম্ম, দ্বিগু—স) ব্য, স্ত্রী, উদর ও কণ্ঠাদিতে মাংস সঙ্কুচিত হইয়া জাত রেখাত্রয়।

ত্রিভঙ্গ, ব্য, পুং, কৃষ্ণমূর্ত্তি বিশেষ, পাদ কটি মস্তক এই অঙ্গ বক্র।

ত্রিভুজ, (ত্রি+ভুজ=বাহু) ব্য, পুং, যে ক্ষেত্রের তিনটি ভুজ আছে।

ত্রিভুবন, (ত্রি+ভুবন=জগৎ, দ্বিগু—স) ব্য, ন, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রিমধু, (ত্রি+মধু) ব্য, পুং, ঋগ্বেদের অংশবিশেষ। ন, ঘৃত মধু চিনি।

ত্রিমার্গগা, (ত্রিমার্গ=স্বর্গ, মর্ত্ত্য, পাতাল +গ=যে গমন করে, ২ ব) ব্য, স্ত্রী, ত্রিপথগা, গঙ্গা।

ত্রিমার্গী, (ত্রি=তিন+মার্গ=পথ, দ্বিগু —স) ব্য, স্ত্রী, তেমাথা পথ, তিনটী পথের সন্ধিস্থান। [পুং, ত্রিকূটপর্ব্বত।

ত্রিমুকুট, (ত্রি=তিন+মুকুট=শৃঙ্গ) ব্য,

ত্রিমুখা, ব্য, স্ত্রী, বুদ্ধ দেবতা বিশেষ, মায়া দেবী, বজ্রকালিকা, বজ্রবারাহী, গৌরী। [ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর।

ত্রিমূর্ত্তি, (ত্রি+মূর্ত্তি, দ্বিগু—স) ব্য, পুং,

ত্রিয়ম্বক, (ত্রি+অম্বক=চক্ষু) ব্য, পুং, ত্রিনেত্র, শিব। [পাপড়া।

ত্রিযষ্টি, ব্য, স্ত্রী, ক্ষেত্র পর্পটী, ক্ষেত্র

ত্রিযামক, (ত্রি=ধর্ম্ম অর্থ কাম এই তিন +যামক [যম্+ণক—ঘ]=যে নিবৃত্ত করে) ব্য, ন, কলুষ, পাপ।

ত্রিযামা, (ত্রি+যাম=প্রহর, ৭.ভ, কাবের সময় বলিয়া রাত্রির আদ্যন্ত অর্দ্ধযাম দিনমধ্যে পরিগৃহীত) ব্য, স্ত্রী, রাত্রি, যমুনা নদী, হরিদ্রা, "ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্ত্বাদ্যন্ত চতুষ্টয়ং।"

ত্রিযুগ, ব্য, পুং, বিষ্ণু। [বিনাদ।

ত্রিযোনি, ব্য, স্ত্রী, লোভাদি জনিত

ত্রিরাত্র, (ত্রি=তিন+রাত্রি, দ্বিগু—স, ই=অ) ব্য, ন, রাত্রিত্রয়, রাত্রি সহিত দিবসত্রয়। [পুং, শঙ্খ।

ত্রিরেখ, (ত্রি+রেখা, ৬.হু) ব্য,

ত্রিলবণ, ব্য, ন, সৈন্ধব বিট্ রুচক মিলিত লবণত্রয়।

ত্রিলোক, (ত্রি+লোক, দ্বিগু—স) ব্য, ন, কী—স্ত্রী, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল, ত্রিজগৎ।

ত্রিলোকেশ, (ত্রিলোক=ত্রিভুবন+ ঈশ=স্বামী) ব্য, পুং, বিষ্ণু, সূর্য্য, ত্রিলোকের অধিপতি।

ত্রিলোচন, (ত্রি=তিন+লোচন=চক্ষু ৬.হু) ব্য, পুং, শিব। [জ্যৈষ্ঠ কৃষ্ণাষ্টমী

ত্রিলোচনাষ্টমী, ব্য, স্ত্রী, গৌণ চান্দ্র

ত্রিলৌহক, (ত্রি+লৌহক=ধাতু, দ্বিগু —স) ব্য, ন, স্বর্ণ রৌপ্য তাম্র— এই ধাতুত্রয়।

ত্রিবর্গ, (ত্রি+বর্গ=সমূহ, দ্বিগু—স) ব্য, পুং, ধর্ম্ম অর্থ কাম; উৎপত্তি স্থিতি বিনাশ; সত্ত্ব রজঃ তমঃ; বৃদ্ধি, স্থান-ক্ষয়, ত্রিফলা, ত্রিকটু, সুনীতি।

ত্রিবর্গপারীণ, (ত্রিবর্গ+পারীণ=পার-গত) ণ, ত্রি, যে ত্রিবর্গের পারে গিয়াছে, অর্থাৎ যে ধর্ম্ম অর্থ কাম এই তিন পুরুষার্থ প্রাপ্ত হইয়াছে, অবস্থাত্রয়গত।

ত্রিবর্ণক, (ত্রি=তিন+বর্ণ+ক—যোগ) ব্য, পুং, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য—এই তিন বর্ণ, ত্রিফলা, ত্রিকটু, গোক্ষু-রক।

ত্রিবর্ষিকা, (ত্রি+বর্ষ=বৎসর+ষ্কিক) ব্য, স্ত্রী, ত্রিবর্ষাগৌ, তিন বৎসর বয়স্কা গবী, ত্রিহায়ণী।

ত্রিবলী, (ত্রি+বলী=লোলচর্ম্ম) ব্য, স্ত্রী, জঠরাবয়ববিশেষ।

ত্রিবিক্রম, (ত্রি+বিক্রম=গমন, পদ-বিন্যাস, ৬.হু) ব্য, পুং, বিষ্ণু, প্রসিদ্ধ আছে বলিচ্ছলনার্থ বিষ্ণু বামন রূপ ধারণ করিয়া বলিরাজের নিকট

ত্রিপদ পরিমিতভূমি প্রার্থনা করেন, বলি সম্মত হইলে তিনি বিরাট্মূর্ত্তি ধারণ করিয়া তিন পদে ত্রিভুবন ব্যাপ্ত করিয়াছিলেন।

ত্রিবিদ্যা, বা, স্ত্রী, বেদের শাখাত্রয়।

ত্রিবিধ, (ত্রি+বিধ=প্রকার) ণ, ত্রি, তিনপ্রকার।

ত্রিবিষ্টপ, (ত্রি=তিন+বিষ্টপ=ভুবন) বা, ন, স্বর্গ, স্বর্গমর্ত্ত্য পাতাল এই ত্রিভুবন, ত্রিবিষ্টপ শব্দও হয়।

ত্রিবীজ, বা, পুং, শ্যামাক ধান্ত।

ত্রিবলীক, বা, ন, পায়ু, গুহ্যদেশ।

ত্রিবৃৎ, (ত্রি=তিন [বীজকোষ]+বৃ=আবরণকরা+কিপ্, ৎ—আগম) বা, স্ত্রী, লতাবিশেষ, তেউড়ী; যজ্ঞবিশেষ।

ত্রিবৃৎকরণ, বা, ন, ক্ষিত্যপ্তেজ পরস্পর একত্রে মিশ্রিত করা, পৃথিবী জল তেজ এই তিন ভূতকে ভাগদ্বয়ে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুনর্ব্বার দুইভাগে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধব্যতীত অন্য দুই অর্দ্ধে এক এক খণ্ড যোজিত করা। [হেলেঞ্চা শাক, হিংচে।

ত্রিবৃৎপর্ণী, বা, স্ত্রী, হিলমোচিক,

ত্রিবেণী, (ত্রি+বেণী=কেশগুচ্ছ, প্রবাহ ৭.হ) বা, স্ত্রী, গঙ্গা, যেখানে গঙ্গার, যমুনা ও সরস্বতীর সহিত সঙ্গম হইয়াছে; হুগলীর সন্নিহিত জনপদবিশেষ।

ত্রিবেদ, বা, পুং, ঋক্, যজু ও বেদ।

ত্রিবেদী, (ত্রিবেদ+ইন্—অধ্যয়নার্থে) বা, পুং, ঋক যজুঃ সাম—এই বেদত্রয়বিদ্ ব্রাহ্মণ।

ত্রিশঙ্কু, (ত্রি+শঙ্কু=ব্যতিক্রম, ৬.হ) বা, পুং, বিড়াল, চাতক পক্ষী, খদ্যোত, ঝিঁঝিঁপোকা; স্বনাম প্রসিদ্ধ সূর্য্যবংশীয় নৃপ, ইক্ষ্বাকুবংশোদ্ভব পৃথুরাজ পুত্র, এই নরপতি বিশ্বামিত্রের সাহায্যে স্বশরীরে স্বর্গে যাইতে চেষ্টা করিয়াছিলেন। অবশেষে মহর্ষি বিশ্বামিত্রের তপঃ প্রভাবে স্বর্গ ও পৃথিবীর মধ্যস্থলে অবস্থান করেন। এই নরপতি স্বর্গারোহণ প্রত্যাশায় নিজ গুরু বশিষ্ঠকে তদর্থ যজ্ঞ করিতে অনুরোধ করেন। বশিষ্ঠ অসম্ভব কথা শুনিয়া তাহাকে বিদায় করিয়া দিলে সে তৎপুত্রগণের নিকট স্বীয় অভিপ্রায় প্রকাশ করিলে তাঁহারা কহিলেন তুমি মূল ত্যাগ করিয়া শাখা অবলম্বন করিতে মানস করিয়াছ। যখন পিতা প্রত্যাখ্যান করিয়াছেন তখন আমাদের দ্বারা উহা কিরূপে সম্ভব হইতে পারে। এই কথায় বিরক্ত হইয়া রাজা কহিলেন যে আপনারা কুলপুরোহিত বলিয়াই আপনাদিগকে অনুরোধ করিয়াছিলাম। যদ্যপি আপনারা একার্য্যে সমর্থ না হন তবে আমি অন্য ব্যক্তিকে বরণ করিব। ইহাতে কুপিত হইয়া বশিষ্ঠ পুত্রেরা তাহাকে শাপ দিলেন যে তুমি হৃতরাজ্য হইয়া চণ্ডাল জাতি প্রাপ্ত হও। চণ্ডালত্ব প্রাপ্ত হইয়া রাজা বশিষ্ঠের চিরশত্রু বিশ্বামিত্রের শরণাপন্ন হইলেন। বিশ্বামিত্র যজ্ঞ আরম্ভ করিয়া দেবতাদিগকে আহুতি দান করিলে কোন দেবতাই চণ্ডাল যজমানের প্রদত্ত হবির্গ্রহণার্থ আগমন করিল না। ইহাতে অতিশয় ক্রুদ্ধ হইয়া বিশ্বামিত্র নিজ তপস্যাদ্বারা উপার্জ্জিত সমস্ত পুণ্য দিয়া ত্রিশঙ্কুকে স্বশরীরে স্বর্গে পাঠাইল। স্বর্গের সন্নিহিত হইলে ইন্দ্র তাহাকে অবাক্‌শিরঃ করিয়া ভূতলে নিক্ষেপ করিলেন, পতনকালে ত্রিশঙ্কু বিশ্বামিত্রের নাম করিয়া আক্রন্দন করাতে বিশ্বামিত্র কহিলেন 'তিষ্ঠ, তিষ্ঠ'। অনন্তর বিশ্বামিত্র নতন স্বর্গ ও ইন্দ্রাদি

দেবতা সৃষ্টি আরম্ভ করিলেন। তদ্দর্শনে ভীত হইয়া দেবতারা বিশ্বামিত্রকে প্রসন্ন করিতে চেষ্টা করিতে লাগিলেন। প্রসন্ন হইয়া বিশ্বামিত্র কহিলেন যদি তোমরা ত্রিশঙ্কুকে এই ভাবে স্বর্গ প্রান্তে অবস্থান করিতে দাও তবে আমি সৃষ্টি হইতে বিরত হইতে পারি। দেবতারা সম্মত হইলেন। তদবধি ত্রিশঙ্কু প্রতিদিন সন্ধ্যাকালে আকাশমার্গে অবাক্‌শিরভাবে অবস্থিত দৃষ্ট হন।

ত্রিশঙ্কুজ, (ত্রিশঙ্কু+জ=জাত, ৫. হ) ব্য, পুং, রাজা হরিশ্চন্দ্র।

ত্রিশঙ্কুযাজী, (ত্রিশঙ্কু=রাজাবিশেষ+যাজিন্=যে যাগ করায়) ব্য, পুং, ত্রিশঙ্কু রাজার কুলপুরোহিত বিশ্বামিত্র ঋষি।

ত্রিশরণ, ব্য, পুং, জিন।

ত্রিশাখপত্র, ব্য, ন, বিল্বপত্র।

ত্রিশিখ, (ত্রি+শিখা, ৬, হ) ব্য, পুং, রাবণের পুত্র, রাক্ষসবিশেষ। ন, ত্রিশূল, কিরীট। ণ, ত্রি, শিখাত্রয়বিশিষ্ট, ত্রিমূর্দ্ধ।

ত্রিশিরাঃ, (ত্রি+শিরস্=মস্তক ; ৬.হ) ব্য, পুং, কুবের, রাক্ষসবিশেষ, জ্বরপুরুষ, খর সেনাপতি। ণ, ত্রি, ত্রিমস্তক।

ত্রিশীর্ষক, (ত্রি=তিন+শীর্ষ-মস্তক, +ক ; দ্বিগু—স) ব্য, ন, ত্রিশূল, ত্রিফলা।

ত্রিশূল, (ত্রি+শূল, দ্বিগু—স) ব্য, ন, তিনফলকযুক্ত অস্ত্র, শিবের অস্ত্র।

ত্রিশূলী, (ত্রিশূল+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, শিব। ণ, ত্রি, ত্রিশূলধারী।

ত্রিশৃঙ্গ, (ত্রি=তিন+শৃঙ্গ) ব্য, পুং, ত্রিকূট পর্ব্বত, ত্রিভুজ।

ত্রিশৃঙ্গী, ব্য, পুং, রোহিত মৎস্য, কইমাছ। [বিশেষ।

ত্রিষ্টুভ্‌, ব্য, স্ত্রী, ১১ অক্ষর ছন্দো-

ত্রিসন্ধি, ব্য, স্ত্রী, পুষ্পবিশেষ।

ত্রিসন্ধ্য, (ত্রি+সন্ধ্যা, দ্বিগু—স) ব্য, ন, প্রাতঃ মধ্যাহ্ন সায়ংকাল।

ত্রিসবন, (ত্রি=তিন+সবন=স্নান) ব্য, ন, ত্রৈকালিক স্নান, ত্রিসন্ধ্যা স্নান।

ত্রিসর, (ত্রি=তিন বা তিনগুণ+সর [সৃ=গমনকরা, পাওয়া+অল্]=যে পায়) ব্য, পুং, তিলমিশ্রিত অন্ন।

ত্রিসীত্য, (ত্রি+সীত্য=কৃষ্ট) ণ, ত্রি, তিনবার কৃষ্ট, যে ভূমি তিনবার চষা হইয়াছে।

ত্রিসুপর্ণ, (ত্রি+সুপর্ণ) ব্য, পুং, ঋক্ এবং যজুর্ব্বেদের অংশবিশেষ, উক্ত বেদাংশবিহিত নিয়মাদি, ত্রিসুপর্ণ মন্ত্রাভিজ্ঞ ব্রাহ্মণ।

ত্রিস্রোতাঃ, (ত্রি+স্রোতস্, ৬.হ) ব্য, স্ত্রী, গঙ্গা, ভাগীরথী।

ত্রিহল্য, (ত্রি=তিনবার+হল্য=হলদ্বারা কৃষ্ট) ণ, ত্রি, তিনবার চষা ক্ষেত্র।

ত্রিহায়ণী, (ত্রি+হায়ন=বৎসর, ৬.হ) ব্য, স্ত্রী, ৩বৎসর বয়স্কা গবী, দ্রৌপদী।

ত্রুটি, (ত্রুট্=ছিন্ন হওয়া+ই) ব্য, স্ত্রী, অপচয়, হানি, ক্ষতি, ছোটএলাচ, পঞ্চক্ষণ পরিমিত কাল, সংশয়, ন্যূনতা, টুকরা, ত্রসরেণু, কর্ত্তন, কাটা, প্রতিজ্ঞা ভঙ্গ।

ত্রুটিত, (ত্রুট্+ক্ত—চ) ণ, ত্রি, ছিন্ন, ভগ্ন, স্খলিত, গলিত, আঘাতপ্রাপ্ত। [পুং, কচু।

ত্রুটিবীজ, (ত্রুটি=ছেদ+বীজ, ব্য,

ত্রেতা, (ত্রি=বক্র+ইত=প্রাপ্ত+আ) ব্য, স্ত্রী, দ্বিতীয়যুগ, দক্ষিণ গার্হপত্য আহবনীয় এই তিন অগ্নি, দ্যূত, পাশার তিনটী চোকের উত্তানভাবে পতন, ক্রীড়াবিশেষ, ৩টী কপর্দ্দকের উত্তানভাবে পতন।

ত্রেতাগ্নি, ণ, ত্রি, যজ্ঞাগ্নি ত্রয় রক্ষাকর্ত্তা।
ত্রেতাযুগাদ্যা, ষ্য, স্ত্রী, ত্রেতাযুগের আরম্ভ তিথি, কার্ত্তিকা শুক্লা নবমী।
ত্রেধা, ত্রৈধা, (ত্রি+ধাচ্—প্রকারার্থে) ষ্য, তিনপ্রকার, তিনবার।
ত্রৈকালিক, (ত্রি—তিন+কাল—সময় +ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, ত্রিকাল সম্বন্ধীয়, প্রাতঃকাল মধ্যাহ্নকাল ও সায়ংকালে যাহা করা যায়, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সংক্রান্ত।
ত্রৈগুণিক, (ত্রিগুণ+ষ্ণিক) ণ, ত্রি, তিনগুণ, সুদখোর, ত্রিগুণসম্বন্ধীয়।
ত্রৈগুণ্য, (ত্রিগুণ+ষ্ণ্য—স্বার্থে) ষ্য, ন, সত্ত্ব রজঃ তমঃ এই তিনগুণের সমষ্টি, তিনগুণ করা।
ত্রৈধম্, (ত্রি—তিন+ধম্—প্রকারার্থে) ষ্য, ন, তিনপ্রকার, তিনবার।
ত্রৈরাশিক, (ত্রি+রাশি=পরিমাণ+ষ্ণিক) ষ্য, ন, রাশিত্রয়ঘটিত অঙ্কপ্রণালী।
ত্রৈলোক্য, (ত্রিলোক+ষ্ণ্য—স্বার্থে) [ষ্য, ন, ত্রিভুবন।
ত্রৈলোক্যবিজয়া, (ত্রৈলোক্য+বিজয় =জয়) ষ্য, স্ত্রী, সিদ্ধি, ভাঙ, মাদকতা গুণ হেতু সিদ্ধি সকলকেই জয় করে বলিয়া ইহাকে ত্রৈলোক্যজয় বলে।
ত্রৈবিদ্য, (ত্রিবিদ্যা+ষ্ণ্য=জ্ঞানার্থে) ষ্য, পুং, ত্রিবেদী, তিনবেদবেত্তা।
ত্রৈবিধ্য, (ত্রিবিধ+ষ্ণ্য) ষ্য, ন, তিনপ্রকার।
ত্রোটক, (ত্রুট্=ছেদনকরা+ণক—ধ) ণ, ত্রি, যাহা দ্বারা ছেদন করা যায়। ষ্য,ন,পঞ্চাঙ্কযুক্ত দৃশ্যকাব্য(Incisors)
ত্রোটকী, ষ্য, স্ত্রী, রাগিণীবিশেষ।
ত্রোটি, ত্রোটী, (ত্রুট=ছেদনকরা+ই, ষ্য, স্ত্রী, চঞ্চু, পাখীর ঠোঁট, মৎস্যবিশেষ, পক্ষিবিশেষ।
ত্রোটিহস্ত, (ত্রোটি—চঞ্চু+হস্ত, ৬,হ) ষ্য, পুং, পক্ষী, পাখী।
ত্রোত্র, (ত্রৈ—রক্ষাকরা+ত্রন্—সংজ্ঞার্থে) ষ্য, ন, গবাদি তাড়নদণ্ড, পাঁচনবাড়ী।
ত্র্যক্ষর,ষ্য,পুং, ঘটক, প্রণব, ওঁকার।
ত্র্যম্বট, ষ্য, পুং, শিব।
ত্র্যধ্বগা, (ত্রি=তিন+অধ্বন্—পথ+গ=যে গমনকরে, ২ ষ) ষ্য, স্ত্রী, ত্রিপথগা, ত্রিমার্গগা, গঙ্গা।
ত্র্যম্বক, (ত্রি—তিন [বেদ]+অম্ব্—বলা +ণক, অথবা ত্রি—অ, উ, ম্ অর্থাৎ ওম্। কিম্বা অম্বক—চক্ষুঃ, ৬, হ) ষ্য, পুং, শিব, ত্রিলোচন।
ত্র্যম্বকসখ, (ত্র্যম্বক+সখি—বন্ধু, ৬,ষ) ষ্য, পুং, যক্ষরাজ, কুবের।
ত্র্যস্র, (ত্রি+অস্র—কোণ) ণ, ত্রি, ৩ ঋজু রেখা দ্বারা পরিবদ্ধ স্থান,ত্রিভুজ (Triangle)
ত্র্যহস্পর্শ, (ত্রি—তিন+অহন্—দিবস +স্পর্শ—স্পর্শন) ষ্য, পুং, একদিনে তিথিত্রয়ের মিলন।
ত্র্যহস্পৃশ্, (ত্রি+অহন্—দিন+স্পৃশ্=স্পর্শ) ষ্য, পুং, স্ত্রী, দিনত্রয়স্পর্শী তিথি।
ত্র্যাহিক, (ত্রি+আহিক—দৈনিক) ণ, ত্রি, তৃতীয় দিবসে যাহা হয়, তৃতীয় দিবস সম্বন্ধীয়। [মরীচ।
ত্র্যূষণ, ষ্য ন, মিলিত শুণ্ঠী পিপ্পলী
ত্ব, (তন্=[বিস্তার করা] ভাগ করা +কিপ; অন্—ব) ণ,ত্রি,অন্য, ভিন্ন।
ত্বক—স্ত্রী, ত্বচ—ন,—চা—স্ত্রী,(ত্বচ= আবরণকরা+কিপ+অ) ষ্য, চর্ম্ম, ছাল, বল্কল, গাছের ছাল।
ত্বকগুর, (ত্বক—চর্ম্ম+কণ্ডূ—চুলকনা+র—যে উত্তেজনাকরে) ষ্য, পুং, ব্রণ, চুলকনা, ঘা।
ত্বকক্ষীরা, (ত্বক্—বাঁশের ছাল+ক্ষীর দুগ্ধ) ষ্য, স্ত্রী, বংশলোচন।
ত্বকছদ, ষ্য, পুং, ক্ষীরীশ বৃক্ষ।

ত্বক্ষুর, ব্য, পুং, অঙ্কুর, অর্ক।

ত্বক্পত্র, (ত্বক্=বল্কল+পত্র) ব্য, ন, দারুচিনি, তেজপাত।

ত্বক্পুষ্প, (ত্বক্=চর্ম্ম+পুষ্প) ব্য, ন, রোমাঞ্চ। পুং—স্ত্রী, চুলিরোগ।

ত্বক্সার, ত্বচিসার, (ত্বক্+সার, ৬. হ) ব্য, পুং, বংশ, বাঁশ, দারুচিনি।

ত্বগঙ্কুর, (ত্বক্=চর্ম্ম+অঙ্কুর) ব্য, পুং, রোমাঞ্চ।

ত্বগাক্ষীরী, (ত্বক্=বল্কল+আ=অবধি +ক্ষীরী=দুগ্ধ) ব্য, পুং, দুগ্ধের ন্যায় বর্ণ যাহার, বংশলোচন।

ত্বগাধারদেহ, (Mollusca, ত্বক্=আধার+দেহ, ৬.হ) ব্য, পুং, যথা—শম্বুকাদি, ইহাদের দেহাবরক একটী আধার আছে বলিয়া ইহাদিগকে ত্বগাধারদেহ বলা যায়।

ত্বগ্জ, (ত্বক্=চর্ম্ম+জ=উৎপন্ন) ব্য, ন, রোম, লোম, রুধির, রক্ত।

ত্বগ্দোষ, (ত্বক্+দোষ) ব্য, পুং, কুষ্ঠ রোগ।

ত্বচিসুগন্ধা, (ত্বচি=বল্কলে+সুগন্ধ=সৌরভ) ব্য, স্ত্রী, ছোটএলাচ।

ত্বক্জ্ঞান, (ত্বচ+জ্ঞান) ব্য, ন, স্পর্শেন্দ্রিয় জন্য জ্ঞান, ত্বাচপ্রত্যক্ষ।

ত্বৎ, ব্য, একবচনান্ত যুষ্মদবাচক।

ত্বদীয়, (ত্বৎ+ঈয়) ণ, ত্রি, ত্বৎসম্বন্ধীয়, তোমার।

ত্বরণ—ন, ত্বরা, ত্বরি—স্ত্রী, (ত্বর=বেগে গমনকরা+অনট, আ, ই—ভাব) ব্য, স্ত্রী, শীঘ্রতা, বেগ, বিলম্বাসহিষ্ণুতা, ব্যাকুলতা, উৎকণ্ঠা।

ত্বরমাণ, (ত্বর্+শান—ম) ণ, ত্রি, সত্বর, যে তাড়াতাড়ি করিতেছে।

ত্বরিত, (ত্বর+ক্ত) ণ, ত্রি, সত্বর, শীঘ্র, তাড়াতাড়ি।

ত্বষ্ট, (ত্বক্ষ=কাষ্ঠাদি চাঁচা+ক্ত—ট) ণ, ত্রি, পরিষ্কৃত, চাঁচাছোলা।

ত্বষ্টা, (ত্বক্ষ=চাঁচা+তৃণ—ম) ব্য, পুং, বিশ্বকর্ম্মা, সূত্রধর, সূত্রধার।

ত্বাচ, (ত্বচ্+অ) ণ, ত্রি, ত্বগিন্দ্রিয় দ্বারা যাহা সম্পন্নহয়, ত্বক্সম্বন্ধীয়।

ত্বাচপ্রত্যক্ষ, (ত্বাচ+প্রত্যক্ষ=অনুভব) ব্য, ন, স্পর্শেন্দ্রিয় জন্য জ্ঞান।

ত্বাদৃক, ত্বাদৃশ, (ত্বাদৃশ্, যুষ্মদ+দৃশ্=দর্শনকরা+ক্বিপ্, অ—চ) ণ, ত্রি, তোমার সদৃশ।

ত্বাষ্ট্রী, ব্য, স্ত্রী, দুর্গা।

ত্বাষ্ট্র, (ত্বষ্ট্=বিশ্বকর্ম্মা, সূর্য্য, সূত্রধর+অ—সম্বন্ধার্থে, অপত্যার্থে) ব্য, পুং, বৃত্রাসুর। স্ত্রী—স্ত্রী, চিত্রানক্ষত্র, সংজ্ঞা, সূর্য্যপত্নী, ক্ষুদ্র গাড়ি বা রথ। ণ, ত্রি, ত্বষ্ট সম্বন্ধীয়।

ত্বিষ্, ত্বিষা, (ত্বিষ্=দীপ্তহওয়া+ক্বিপ্, আ—ভাব) ব্য, স্ত্রী, কান্তি, বর্ণ, তেজঃ।

ত্বিষাম্পতি, (ত্বিষাং [বহুং]=দীপ্তি-সমূহ+পতি=স্বামী) ব্য, পুং, সূর্য্য।

ত্বিষি, (ত্বিষ্+ই) ব্য, পুং, তেজঃ, রশ্মি, কিরণ।

ৎসরু, (ৎসর=যাওয়া+উ) ব্য, পুং, খড়্গাদির মুষ্টি, অস্ত্রের বাঁট।

থ

থ, ব্যঞ্জনের সপ্তদশবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত, এই জন্য ইহাকে দন্ত্যবর্ণ বলে। (স্থা=থাকা+ড) ব্য, পুং, পর্ব্বত, রোগবিশেষ, ভয়রক্ষক, চিহ্ন। ন, রক্ষণ, ভক্ষণ, ভয়, মঙ্গল।

থই, (দেশজ) তলস্পর্শ, ইষ্টকময়, অট্টালিকা, গৃহাদি নির্ম্মাতা, রাজ।

থকার, ব্য, পুং, থ বর্ণ।

থমকান, (দেশজ) ব্য, থামন, বিস্ময়াবিত হওন, ভয়পাওন।

থর, (দেশজ) ব্য, শ্রেণী, পংক্তি।

থরথর, (দেশজ) ণ, কম্পান্বিত, কম্পিত। [থরী, স্তর, ছুলা।

থলিয়া, থলী, (স্থলী শব্দজ) ব্য,

থলো, (দেশজ) ব্য, গুচ্ছ, স্তবক।
থরথরিয়া, (দেশজ) ণ, লোম।
থাউকা, (দেশজ) ণ, সর্ব্বসমেত, একুন, সর্ব্বশুদ্ধ।
থাকন, (স্থা ধাতুজ) ব্য, স্থিতিকরণ, বাসকরণ।
থানা, (স্থান শব্দজ) ব্য, নগরপ্রহরী-দিগের আড্ডা, চৌকিস্থান।
থাবড়া, থাবা, (দেশজ) ব্য, চাপড়, চড়, থাবা।
থাম, (স্তম্ভ শব্দজ) ব্য, স্তম্ভ।
থামন, (দেশজ) ব্য, নিবৃত্ত হওন, শান্ত হওন। [ভোজনপাত্র।
থালা, (স্থাল শব্দজ) ব্য, ধাতুময়
থালী, (স্থালীশব্দজ) ব্য, হাঁড়ী, তৈলাধার পাত্রবিশেষ।
থুতনী, থুতি, (ত্রোটি শব্দজ) ব্য, চিবুক, ওষ্ঠের অধোভাগ।
থুৎকার, (থুৎ—অনুকরণশব্দ+কার—করণ) ব্য, পুং, নিষ্ঠীবন, থুথু-ফেলন।
থুৎকুড়ী, (দেশজ) ব্য, থুথু, নিষ্ঠীবন।
থুথক, ব্য, ন, থুথু।
থুথু, (ষ্ঠীবনশব্দজ) ব্য, নিষ্ঠীবন।
থুবড়া, (দেশজ) ণ, অধিক বয়স পর্য্যন্ত অকৃতবিবাহ।
থুবা, (দেশজ) ব্য, গুচ্ছ, স্তবক।
থুরণ, (দেশজ) ব্য, কুঁচন, কুঁচি কুঁচি করিয়া কাটন। [বিনাশিত।
থুর্ব্ব, (থুর্ব্ব্—বধকরা+ক্ত—চ) ণ, ত্রি,
থেঁতলান, (দেশজ) ব্য, পদদ্বারা মর্দ্দন, দলন, নিষ্পীড়ন।
থেবড়া, (দেশজ) ণ, চেপটা, নত, চোঁড়া। [বিশেষ।
থৈথৈ, (দেশজ) ব্য, বাদ্যানুকরণশব্দ-
থোওন, (দেশজ) ব্য, রাখন, অর্পণ।
থোক, (দেশজ) ব্য, সমুদায়, মোট।
থোড়, (দেশজ) ব্য, কলাগাছের মধ্য-দেশ।

থোড়া, (হিন্দুস্থানী) ণ, কিঞ্চিৎ, অল্প অস্ত্রাদি দ্বারা কর্ত্তন।
থোতান, (দেশজ) ণ, মোটা, বিকা-শোন্মুখ, কোট কোট।
থোড়ন, (খুড়্—আচ্ছাদন করা+অন—ভাব) ব্য, ন, আবরণ, আচ্ছাদন।
থোপা, থোবা, ব্য, গুচ্ছ, কাঁদি।

দ

দ, ব্যঞ্জনের অষ্টাদশ বর্ণ, ইহার উচ্চা-রণ স্থান দন্ত, এইজন্য ইহাকে দন্ত্য-বর্ণ বলে। (দা—দান করা কিম্বা দো—ছেদন করা+ড) ব্য, ন, ভার্য্যা। ন, দা—স্ত্রী, দান, ছেদন, ভাগকরণ। ণ, ত্রি, অচল, দাতা, যে দান করে, (ইহা সচরাচর কোন শব্দের পরে প্রযুক্ত হইয়া থাকে, যথা—তোয়দ, অর্থদ, মৃন্ময় ইত্যাদি) পুং, পর্ব্বত।
দই, (দধি শব্দজ) ব্য, দুগ্ধবিকার-বিশেষ।
দৈয়াল, (দেশজ) ব্য, পক্ষিবিশেষ, বোধ হয়, ইহার উদর দেশ দধির ন্যায় শুভ্র বলিয়া ইহার এই নাম হইয়াছে।
দংশ, (দন্শ্—দংশন করা+অল্—ঘ, ধ, ভাব) ব্য, পুং, বনমক্ষিকা, ডাঁশ। "আস্বাদবদ্ভিঃ কবলৈস্তৃণানাং কণ্ডূয়-নৈর্দ্দংশনিবারণৈশ্চ" রঘুবংশ। দন্ত, দংশন, সাঁজোয়া, বর্ম্ম, দোষ, খণ্ডন। শী—স্ত্রী, ক্ষুদ্র ডাঁশ, মশা।
দংশক, (দংশ+অক—ঘ) ব্য, পুং, ডাঁশ, মশা। ণ, ত্রি, দংশনকারী।
দংশন, (দংশ+অনট্—ভাব) ব্য, ন, দন্ত দ্বারা আঘাত, কামড়ান, বর্ম্ম, সাঁজোয়া।
দংশভীরু, (দংশ—বনমক্ষিকা+ভীরু—ভয়শীল) ব্য, পুং,—স্ত্রী, মহিষ।
দংশমূল, ব্য, পুং, শিগ্রু, শজিনা গাছ।
দংশিত, (দংশ+ক্ত—চ), ণ, ত্রি, দৃঢ়-

যাঁহা বর্দ্ধিত, যাহাকে দংশন করিয়াছে, দংশিত, দশনবিশিষ্ট। [কারক।
দংশের, গ,ত্রি,কামুক, হিংসক, ঘাতক।
দংষ্ট্রা, (দংশ্+ত্র—ণ) ষ্য, পুং, দন্ত, রদন। স্ত্রী—ষ্ট্রা, দাড়া, বড় দাঁত।
দংষ্ট্রী, (দংষ্ট্রা+ইন্—অস্ত্যর্থে) ষ্য,পুং, সর্প, বরাহ। গ, ত্রি, বৃহদন্ত-বিশিষ্ট, দাঁতাল।
দক, (দেশজ) ষ্য, গভীর কর্দম।
দক, (উদক—দেখ, উ—লোপ) ষ্য,ম, বারি, সলিল, নীর, জল, জীবন, তোয়। [বিশেষ।
দক্তি, (দেশজ) ষ্য, তাঁতের অঙ্গ-
দক্ষ, (দক্ষ্—বেগবান্‌হওয়া, বৃদ্ধিপাওয়া+অ) গ, ত্রি, সমর্থ, পটু, নিপুণ। ষ্য, পুং, স্বনাম প্রসিদ্ধ রাজা, ব্রহ্মার পুত্র প্রজাপতিবিশেষ,পৌরাণিকেরা বলেন যে দক্ষ ব্রহ্মার দক্ষিণাঙ্গুষ্ঠ হইতে জন্মগ্রহণ করিয়াছিলেন, কুক্কুট, মহাদেবের বৃষ, মুনিবিশেষ। ক্ষা—স্ত্রী, পৃথিবী।
দক্ষকন্যা, দক্ষজা, (দক্ষ+কন্যা, ৬-ষ, জ—যে জন্মে, ৫-ষ) ষ্য,স্ত্রী, অম্বিকা, দুর্গা,সতী। বহুং, অশ্বিন্যাদি নক্ষত্র।
দক্ষজাপতি, (দক্ষজা=অশ্বিন্যাদি নক্ষত্র, দুর্গা+পতি=স্বামী) ষ্য, পুং, শিব, চন্দ্র।
দক্ষতা, (দক্ষ+তা—ভাবে) ষ্য, স্ত্রী, পটুতা, নৈপুণ্য, ক্ষমতা।
দক্ষসাবর্ণি, ষ্য, পুং, নবম মনু।
দক্ষায্য, (দক্ষ—বধকরা+আয্য—সংজ্ঞার্থে) ষ্য,পুং,গৃধ্র, গরুড়।
দক্ষিণ, (দক্ষ্=বর্দ্ধিত হওয়া+ইন—অর্হার্থে) গ, ত্রি, অনুকূল, দাক্ষিণ্যযুক্ত, পরচ্ছন্দানুবর্ত্তী, সরল, অকপট, উদার, যাম্যদিক্ বা দেশ, সমর্থ, দক্ষ,নিপুণ, উত্তরের বিপরীত,বামেতর, ডান। ষ্য, পুং, নায়ক বিশেষ, সকল নায়িকাতে যে নায়কের সমান অনুরাগ থাকে।
দক্ষিণকেন্দ্র, দক্ষিণমেরু, ষ্য, পুং,পৃথিবীর দক্ষিণ প্রান্ত।
দক্ষিণতঃ, (দক্ষিণ+তস্) ষ্য, দক্ষিণ দিকে বা দেশে, ডাইনে।
দক্ষিণদিক্,সুমেরু সান্নিহিতদিক্,সূর্য্যের দিকে মুখ করিয়া দাঁড়াইলে যে দিকে আমাদিগের দক্ষিণ হস্ত থাকে,গরুড় গালবের নিকট দক্ষিণদিকের বৃত্তান্ত কহিতেছেন—পূর্ব্বে সূর্য্যদেব বিধিবিহিত যজ্ঞের দক্ষিণাস্বরূপ এই দিক তাঁহার গুরু কশ্যপকে প্রদান করিয়াছেন তন্নিমিত্ত এই দিক দক্ষিণদিক্ নামে প্রসিদ্ধ হইল।
দক্ষিণপূর্ব্বা, (দক্ষিণ+পূর্ব্ব) ষ্য, স্ত্রী, পূর্ব্বদক্ষিণ কোণ।
দক্ষিণস্থ, (দক্ষিণ+স্থ—যে থাকে) ষ্য, পুং, সারথি। গ, দক্ষিণে স্থিত।
দক্ষিণা, (দক্ষিণ+আ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী,পুরোহিতের বেতন,যজ্ঞাদি কর্ম্মাবসানে অনুষ্ঠিত কর্ম্মের সম্পূর্ণতার নিমিত্ত দান,পুরস্কার,যজ্ঞপত্নী। "পত্নী সুদক্ষিণেত্যাসীদধ্বরস্যেব দক্ষিণা" রঘুবংশ। ষ্য, দক্ষিণ দিক বা দেশ। দক্ষিণ হইতে, দক্ষিণে।
দক্ষিণাগ্নি, (দক্ষিণ+অগ্নি, ৬-ষ) ষ্য, পুং, দক্ষিণদিকে স্থাপনীয় যজ্ঞাগ্নিবিশেষ, অধ্বরপত্নী।
দক্ষিণাচল, (দক্ষিণ+অচল=পর্ব্বত, ৬-ষ) ষ্য, পুং, মলয়াচল।
দক্ষিণাৎ, দক্ষিণেন, (দক্ষিণ+আৎ, এন) ষ্য, ডানি দিকে। "অয়ে দক্ষিণেন বৃক্ষবাটিকামালাপ ইব শ্রূয়তে" শকুন্তলা। দক্ষিণবর্ত্তী,দক্ষিণ হইতে, দক্ষিণে।
দক্ষিণাপথ, (দক্ষিণা+পথ [পথিন্ শব্দজ]=রাস্তা) ষ্য, পুং, দক্ষিণ দেশ।
দক্ষিণামুখ, (দক্ষিণা=দক্ষিণদিকে+মুখ, ৭-ষ)গ,ত্রি,দক্ষিণদিমুখ,দক্ষিণাস্য।

দক্ষিণায়ন, (দক্ষিণ+অয়ন=গমন, ৭-ষ) ব্য,ন, বিষুব রেখার দক্ষিণবর্ত্তী সূর্য্যমার্গ, আশ্বিনাদি ছয় মাসকাল। "দক্ষিণায়নমাবৃত্তো মহীং নিবিশতে রবিঃ"।

দক্ষিণায়নান্তবৃত্ত, ব্য, সূর্য্যের দক্ষিণে গতির সীমানিরূপক রেখা, বিষুব রেখার ২৩॥০ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে। (Tropic of capricorn.)

দক্ষিণারুঃ, (দক্ষিণ+অরুস্=ব্রণ, ৬.হ) ব্য, পুং, দক্ষিণের্ম্মা দেখ।

দক্ষিণাবর্ত্ত, (দক্ষিণ+আবর্ত্ত=ঘূর্ণন) ব্য, পুং, শঙ্খবিশেষ, যে শঙ্খের মুখ দক্ষিণদিকে খোলা, দক্ষিণ দেশ। ণ, ত্রি, যাহা দক্ষিণদিকে ঘুঁকিয়াছে, ডাইনদিকে আবর্ত্তবিশিষ্ট।

দক্ষিণাশাপতি, (দক্ষিণ+আশা=দেশ +পতি=স্বামী, প্রভু) ব্য,পুং, যম।

দক্ষিণীয়, (দক্ষিণা+ঈয়—অর্হার্থে) ণ, ত্রি,দক্ষিণার উপযুক্ত,দক্ষিণা প্রাপ্তিযোগ্য।

দক্ষিণের্ম্মা, (দক্ষিণ=ডানদিক্+ইর্ম্ম=ক্ষত, ৬.হ) ব্য, পুং, মৃগয়াকারী ব্যক্তিকর্ত্তৃক দক্ষিণপার্শ্বে আহত মৃগ।

দক্ষিণ্য, (দক্ষিণা+ষ্য—অর্হার্থে) ণ, ত্রি,দক্ষিণা প্রাপ্তির যোগ্য।ন,আনুকূল্য, নৈপুণ্য, সরলতা, ঔদার্য্য।

দখল, (যাবনিক) ব্য, অধিকার।

দগ্ধ, (দহ=দগ্ধকরা+ক্ত—চ) ণ, ত্রি, যাহা পুড়িয়াগিয়াছে, ভস্মীভূত,কল্সার, সন্তপ্ত। গ্ধা—স্ত্রী, অমঙ্গল্যতিথি।

দগ্ধকাক, (দগ্ধ=[ভস্মীকৃত] কাল+কাক) ব্য, পুং, দাঁড়কাক।

দগ্ধপত্রাকার।—

যে পত্র সকল দগ্ধ হইয়া গেলে যেরূপ তাহার ভস্মসকল পূর্ব্বাকার দ্বারা অবস্থান করিয়া থাকে, কিন্তু স্পর্শমাত্রে তাহাদের পত্রাকার থাকে না; সেইরূপ।

দগ্ধরথ, ব্য, পুং, চিত্ররথ নামক গন্ধর্ব্ববিশেষ। [-প্লাব।

দগ্ধরুহ, ব্য, পুং, তিলক বৃক্ষ, তিল-

দগ্ধব্য, (দহ+তব্য—চ) ণ, ত্রি, দাহনযোগ্য, দাহ্য।

দগ্ধিকা, (দগ্ধ+ক—কুৎসিতার্থে) ব্য, স্ত্রী, দগ্ধান্ন, পোড়াভাত, যে ভাত ধরিয়া গিয়াছে।

দগ্ধেষ্টকা, (দগ্ধ+ইষ্টকা=ইট, কর্ম্মধা) ব্য, স্ত্রী, ঝামা ইট।

দগ্ধোদর, ণ, ত্রি, ক্ষুধিত। ব্য, ন, ভোজন বাঞ্ছা, বুভুক্ষা।

দজ্জাল, (যাবনিক) ণ, ক্রূর, দুষ্ট।

দড়, (দেশজ) ণ, কঠিন, শক্ত, পটু, সমর্থ।

দড়া, (দেশজ) ব্য,স্থূল দীর্ঘ রজ্জু,কাছী।

দড়ী, (দেশজ) ব্য, রজ্জু, গুণ।

দণ্ড, (দণ্ড্=দমনকরা+অ—ধ, ভাব) ব্য, পুং,—ন, যষ্টি, লাঠি। "জলে শুণ্ডাদণ্ডং প্রসারিতবান্"। পুং, শিক্ষা, দমন, শাসন, সোজা হইয়া দাঁড়ান, চারিহস্ত পরিমিত যষ্টি, যুদ্ধ, সৈন্য, যম, যুদ্ধযাত্রার আজ্ঞা, অশ্ববিশেষ, ষষ্টি পল পরিমিত সময়, "ষট্ পলং পাত্র নির্ম্মাণং গভীরং চতুরঙ্গুলং। স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং কুটৈশ্চ চতুরঙ্গুলৈঃ। যাবজ্জলপ্লুতং পাত্রং তৎকালং দণ্ডমেব চ"।

দণ্ডক, (দণ্ড+ক, স্বার্থে) ব্য, পুং, ন, ছন্দোবিশেষ, (দণ্ডদেখ, অক—ষ) নৃপবিশেষ।

দণ্ডকা, (দণ্ড+ক, আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, দেশবিশেষ, জনস্থান, যে দেশে দণ্ডকারণ্য নামে বন আছে, "কাকোধ্যায়াঃ পুনরুপগতো দণ্ডকারণ্যবাসং বনে বঃ" উত্তরচরিত।

দণ্ডকাক, ব্য, পুং, দাঁড়কাক।

দণ্ডকারণ্য, (দণ্ডক+অরণ্য—বন) ব্য, ন, সহ্যবাসী পর্বত, বিন্ধ্যের দাক্ষিণাত্যের পূর্বভাগ দণ্ডক নৃপতির দেশ শুক্রাচার্য্যের শাপে বন হইয়াছিল "সংস্কৃতত্ত্বে পরিচিতভূমো দণ্ডকারণ্যভাগাঃ" উত্তরচরিত।

দণ্ডগ্রহণ, (দণ্ড+গ্রহণ) ব্য, ন, সন্ন্যাসাশ্রম অবলম্বন, সন্ন্যাসাশ্রমে প্রবিষ্ট ব্যক্তিরা সর্ব্বদা হস্তে দণ্ড ধারণ করিয়া থাকেন, এই জন্ম দণ্ডগ্রহণ বলিলে সন্ন্যাসব্রত অবলম্বন বুঝায়।

দণ্ডঘ্ন, ণ, ত্রি, গদাযোদ্ধা, যষ্টিযোদ্ধা, লাঠিয়াল।

দণ্ডচক্রাদিন্যায়—

এক ধর্ম্মাবচ্ছিন্ন ঘটত্বাদির প্রতি দণ্ডচক্রাদির যেরূপ কারণত্ব আছে, সেইরূপ।

দণ্ডঢক্কা, ব্য, স্ত্রী, বাদ্যযন্ত্র বিশেষ, দামামা, নাগরা।

দণ্ডতাম্রী, ব্য, স্ত্রী, বাদ্যযন্ত্র বিশেষ।

দণ্ডদাস, ব্য, পুং, ভৃত্যবিশেষ।

দণ্ডধর, (দণ্ড+ধর=যে ধরে, ২০ব) ব্য, পুং, রাজা, যম, কুম্ভকার, সন্ন্যাসী। ণ, ত্রি, যষ্টিহস্ত, যষ্টিধারী, লাঠিয়াল, অপরাধীকে যাহার দণ্ড দিবার ক্ষমতা বা অধিকার আছে।

দণ্ডন, (দণ্ড+অনট্—ভাব) ব্য, ন, দণ্ড দেওয়া, শাসন।

দণ্ডনায়ক, (দণ্ড=সৈন্যশ্রেণী+নায়ক =যে লইয়া যায়, নেতা, ৬-ব) ব্য, পুং, সেনাপতি, দণ্ডবিধানকর্ত্তা, যে ব্যক্তি বিচারকের হুকুম অন্যের উপর খাটায়। (Sheriff.)

দণ্ডনীতি, (দণ্ড+নীতি=প্রণয়ন, ৭-হ) ব্য, পুং, রাজনীতিশাস্ত্রবিশেষ, যাহাতে রাজশাসনসংক্রান্ত যাবতীয় নিয়ম ও উপদেশ আছে।

দণ্ডনীয়, (দণ্ড+অনীয়—ট) ণ, ত্রি, দণ্ডার্হ, দণ্ডদিবার যোগ্য।

দণ্ডপাংশুল, (দণ্ডপ [দণ্ড=যষ্টি+পা= পালন করা, ধারণ করা+ড—ব] +পাংশুল [পংশ=শব্দ]—যদনাল) ব্য, পুং, দ্বারপাল, দ্বারী।

দণ্ডপাণি, (দণ্ড+পাণি=হস্ত, ৬-হ) ব্য, পুং, যষ্টিধারী, যম, শিবের অনুচরবিশেষ। [আফিত, বিচারিক।

দণ্ডপাতী, (—তিন্) ণ, ত্রি, দণ্ডিত,

দণ্ডপারুষ্য, (দণ্ড=শাস্তি, শাসন+পারুষ্য=কাঠিন্য) ব্য, ন, কঠিনদণ্ড, প্রহারাদি, অষ্টাদশ বিবাদের অন্তর্গত বিবাদবিশেষ।

দণ্ডপাল, দণ্ডপালক, (দণ্ড = যষ্টি ইত্যাদি+পাল, পালক=যে রক্ষা করে) ব্য, পুং, দ্বারপাল, মৎস্যবিশেষ।

দণ্ডভৃৎ, (দণ্ড=যষ্টি কিম্বা তাহার চক্রের যষ্টি বা হাতল+ভৃৎ=যে ধারণ করে, বা কর্ম্ম করে) ণ, ত্রি, দণ্ডধারী। ব্য, পুং, কুম্ভকার।

দণ্ডমানক, ব্য, পুং, সন্ন্যাসী।

দণ্ডযাত্রা, (দণ্ড=শাসন, দমন ইত্যাদি +যাত্রা=গমন) ব্য, স্ত্রী, দিগ্বিজয়ের নিমিত্ত যাত্রা, বরযাত্রা, বরের সহিত গমন।

দণ্ডযাম, (দণ্ড=শাসন ইত্যাদি+যামি =নিবৃত্তকরান+অ) ব্য, পুং, যম, অগস্ত্য মুনি, দিন। [পতিত হওয়া।

দণ্ডবৎ, (দণ্ড+বৎ) ব্য, দণ্ডের ন্যায়

দণ্ডবাদী, (দণ্ডবাদিন্, দণ্ড=শাসন+বদ্=বলা, ভয়দেখান+ণিন্—ব) ব্য, পুং, দ্বারপাল। ণ, ত্রি, যে ব্যক্তি দণ্ড দিবার কথা বলিয়া ভয় দেখায়।

দণ্ডবালধি, (দণ্ড=যষ্টি+বালধি=পুচ্ছ) ব্য, পুং, হস্তী।

দণ্ডবাসী, (দণ্ড=যষ্টি বা আশাসোটা +বাসিন [বস্=বাসকরা+ণিন্]) ব্য, পুং, দ্বারপাল, এক গ্রামের শাসনকর্ত্তা।

দণ্ডবিধি, (দণ্ড+বিধি=নিয়ম) ব্য, পুং, দণ্ডবিষয়ক আইন। (Penal code.)

দণ্ডবিষ্কম্ভ, (দণ্ড=যষ্টি+বি+স্কম্ভ=

[illegible]) ব্য, পুং, [illegible]
[illegible] [[illegible] ।

দণ্ডবৃক্ষ, ব্য, পুং, সুহীবৃক্ষ, সিজ
দণ্ডশাস্ত্র, ব্য, ন, দণ্ডবিধি।

দণ্ডসংহিতা, (দণ্ড+সংহিতা=শাস্ত্র) ব্য,স্ত্রী, দণ্ডবিষয়ক শাস্ত্র, ফৌজদারি আইন।

দণ্ডাদণ্ডি, (দণ্ড+দণ্ড+ই, ১.হ) ব্য, দণ্ডদ্বারা দণ্ডদ্বারা প্রহার করিয়া যে যুদ্ধ প্রবৃত্ত, পরস্পর যষ্টিদ্বারা যুদ্ধ, লাঠালাঠি।

দণ্ডাপূপন্যায়—
পিষ্টকসংলগ্ন দণ্ডের একদেশ যদি ইন্দুরে খাইয়াছে দেখা যায়, তবে অবশ্যই বোধ হইবে যে, পিষ্টকখানিও তৎকর্ত্তৃক ভক্ষিত হইয়াছে। দুরূহ কার্য্যের সিদ্ধি দেখিলে সুকর কার্য্যের সমাধান স্বতঃই অনুমেয় হয়, ইহাই দণ্ডাপূপন্যায়।

দণ্ডায়মান, (দণ্ডায় [দণ্ড+আয়, তত্তু-ল্যাচারার্থে]=দণ্ডবৎ আচরণ করা +শান—ম, ম—আগম) ণ, ত্রি, যে দাঁড়াইয়া আছে।

দণ্ডার, (দণ্ড+ঋ=গমনকরা+ঘঞ) ব্য, পুং, কুলালচক্র, শকটবিশেষ, বজ্র হস্তী, মত্তহস্তী, ধনুক।

দণ্ডাশ্রম, ব্য, পুং, সন্ন্যাস ধর্ম্ম।

দণ্ডাহত, (দণ্ড=মন্থন দণ্ড+আহত= আঘাতিত,মথিত)ব্য,ন,তক্র,ঘোল। ণ, ত্রি, দণ্ডদ্বারা আহত।

দণ্ডিক, (দণ্ড+ইক) ব্য,পুং, দণ্ডধারী, ছড়িবরদার, মৎস্য বিশেষ, ডানিকণামাছ।

দণ্ডিকা, (দণ্ড=পরিমাণ+ইক) ব্য,স্ত্রী, রজ্জু, হারবিশেষ। [দণ্ডপ্রাপ্ত।

দণ্ডিত, (দণ্ড+ক্ত—চ) ণ,ত্রি, শাসিত,

দণ্ডী, দণ্ডিন, (দণ্ড+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, নৃপ, যম, বৌদ্ধবিশেষ, দ্বারপাল, যেদণ্ডগ্রহণ করিয়াছে,সন্ন্যাসী, চতুর্থাশ্রমী, পণ্ডিতবিশেষ, কাব্যাদর্শ গ্রন্থকার। ণ,ত্রি, দণ্ডধারী।

[illegible] ব্য, ন, [illegible] [illegible] ।
(Lossmoros) [illegible]

দণ্ড্য, (দণ্ড=শাসন+য—অর্হার্থে) ণ, ত্রি, দণ্ডনীয়, দণ্ডার্হ। "পিতৈব দণ্ডমতো দণ্ড্যান্ পরিণেতুঃ [illegible]" রঘুবংশ।

দৎ, (দন্তশব্দজ) ব্য, পুং, দন্ত, দাঁত।

দত্ত, (দা=দানকরা+ক্ত—চ) ণ, ত্রি, অর্পিত, উৎসৃষ্ট, ত্যক্ত, পুত্রবিশেষ, দত্তক, দত্তাত্রেয়। ব্য, পুং, স্বনামপ্রসিদ্ধ নৃপবিশেষ, বৈশ্যের উপাধিবিশেষ। ন,দান। ত্তা—স্ত্রী, পরিণীতা, ঊঢ়া। [পুং, পোষ্য পুত্র।

দত্তকপুত্র, (দত্তক+পুত্র ; কর্ম্মধা) ব্য,

দত্তাত্মা, (দত্ত+আত্মন্, ৩.হ) ব্য, পুং, যে পুত্র আপনার ভরণ পোষণের নিমিত্ত অন্যের নিকট আত্মসমর্পণ করে।

দত্তাত্রেয়, (দত্ত+আত্রেয়=অত্রিপুত্র) ব্য, পুং, অত্রিমুনির পুত্র, ভগবানের অবতারবিশেষ।

দত্তানপকর্ম্ম, ব্য, ন, দান করিয়া পুনঃ অপহরণ না করণ।

দত্তাপহারী, (দত্ত+অপহারিন্=যে ফিরিয়া লয়) ণ, ত্রি, যে ব্যক্তি দান করিয়া পুনর্ব্বার তাহা গ্রহণ করে।

দত্তাপ্রদানিক, (দত্ত+অপ্রদান+ইক—ইদমর্থে) ব্য,ন, দান করিয়া ফিরিয়া লওয়াতে যে বিবাদ উপস্থিত হয়।

দত্তাবধান, (দত্ত+অবধান=মনোযোগ, ৩.হ) ণ, ত্রি, অবহিত, মনোযোগী, যে বিষয়ে মনোযোগ দেওয়া হইয়াছে। [বিতরণ।

দত্তি, (দা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, দান,

দত্তের, ব্য, পুং, ইন্দ্র।

দত্রিম, (দা=দানকরা+ত্রিমক্) ণ,ত্রি, দান দ্বারা নিষ্পন্ন। ব্য, পুং, দত্তক পুত্র। "মাতা পিতা বা দদ্যাতাং যমদ্ভি

পুরোভাগে ... [illegible]

দমন, (দম্‌—দমন করা+অন্‌—ভাবে) ব্য, ন, দান্ত, বিজয়। ...

দমক, দমকা, (দম্‌ ... +উ, উ নিপাতন) ব্য, পুং, দাদ, চুলি প্রভৃতি।

দদ্রুঘ্ন, (দদ্রু+হন [যথার্থ হন্‌ধাতুজ]—যে নষ্ট করায়, ২-য) ব্য, পুং, চাকুন্দা গাছ। ণ, ত্রি, দদ্রুনাশক।

দদ্রুণ, দদ্রুণ, (দদ্রু+ন—অস্ত্যর্থে) ণ, ত্রি, দদ্রুরোগী, যাহার দাদ্‌ চুলি প্রভৃতি হইয়াছে, দেদো।

দদ্রুনাশিনী, ব্য, স্ত্রী, তৈলিনীকীট।

দধান, (ধা—ধারণকরা+শান—য) ণ, ত্রি, যে ধারণ করে।

দধি, (ধা—ধারণ করা+ই) ব্য, ন, দুগ্ধবিকার বিশেষ, দৈ। "তক্রণং সর্ষপশাকং নবৌদনং পিচ্ছিলানি চ দধিনী অন্নবারেন চ সুন্দরি গ্রাম্য জনো মিষ্ট মশ্নাতি"। ণ, ত্রি, ধারণকর্ত্তা। "দৃষ্ট্বা দধিং শারুকমেতদর্চ্চ-কান্‌। উন্নীতবস্তং যতিভিঃ সুদর্শনং" বোপদেব। দধিকূর্চ্চিকা। স্ত্রী, আমিক্ষা, ছানা।

দধিচার, (দধি+চারি=গমন করান+অ) ব্য, পুং, দধিমন্থন দণ্ড, ঘোল মওয়া যষ্টি। [নবনীত, ননী।

দধিজ, (দধি+জ=জাত) ব্য, ন,

দধিত্থ, (দধি+স্থা—থাকা+ড) ব্য, পুং, কৎবেলের গাছ, ইহার মূল হইতে দধিসদৃশ রস নির্গত হইয়া থাকে বলিয়া ইহাকে দধিত্থ বলে।

দধিপুষ্পিকা, ব্য, স্ত্রী, অপরাজিতাপুষ্প।

দধিপুষ্পী, ব্য, স্ত্রী, কোলশিম্বী।

দধিফল, ব্য, ন, কপিত্থ।

দধিমণ্ড, (দধি+মণ্ড, ৬-য) ব্য, পুং, দধি প্রভৃতির জলীয় ভাগ, মাৎ।

দধিমণ্ডোদ, (দধিমণ্ড+উদ—জল) ব্য, পুং, দধিসমুদ্র।

দধিমুখ, ব্য, পুং, বানরবিশেষ ...

দধিবামন, (বি— ...) ... বিপক্ষ+অ—বন্ধন) ব্য, পুং, বিন্দু, ... ক, যিনি পোষণকর্তা ... যাহা হইতে বিপক্ষের বন্ধন হয়।

দধিশোণ, (দধি+শোণ—রক্তবর্ণ, দধি ও রক্তবর্ণ মিশ্রিত যাহার বর্ণ) ব্য, পুং, কপি, বানর।

দধিশক্তব, ব্য, পুং, দধি মিশ্রিতশক্তু।

দধিসার, (দধি+সার—সারভাগ, ৬-য) ব্য, ন, ননী, মাখন।

দধিস্নেহ, (দধি+স্নেহ—তৈলবৎ পদার্থ) ব্য, পুং, দধির সর, দধির মাৎ।

দধিস্বেদ, (দধি+স্বেদ—ক্লেদ) ব্য, পুং, তক্র, ঘোল।

দধী, দধীচি, ব্য, পুং, অথর্ব্ব ঋষির ঔরসে কর্দ্দম প্রজাপতির কন্যার গর্ভে উৎপন্ন মুনিবিশেষ, বৃত্রাসুরের বধার্থ যাহার অস্থিতে বজ্র নির্ম্মিত হইয়াছিল।

দধীচাস্থি, (দধীচি—মুনিবিশেষ+অস্থি) ব্য, ন, বজ্র, প্রসিদ্ধি আছে যে, এই মুনির অস্থিতে বজ্র নির্ম্মিত হইয়াছিল, (বজ্র ও হীরার একরূপ পদার্থ আছে বলিয়া) হীরক, হীরা।

দধৃক্‌, (ধৃষ্‌=প্রগল্‌ভ হওয়া+ক্বিপ, নিপাতন) ণ, ত্রি, নির্লজ্জ, বেহায়া।

দধ্ম, (দধ—দানকরা, অথবা ধা—ধারণকরা, পুনঃ পুনঃ বলা+ম) ব্য, পুং, যমবিশেষ। [পুং, দধিসমুদ্র।

দধ্যাকর, (দধি+আকর=খনি) ব্য,

দধ্যানী, ব্য, স্ত্রী, গুলঞ্চ।

দধ্যাহ্ব, ব্য, পুং, কপিত্থ।

দধ্যুদ, (দধি+উদ—জল, দধিই যাহার জল স্বরূপ) ব্য, পুং, দধিসমুদ্র।

দনু, ব্য, স্ত্রী, দক্ষকন্যা, কশ্যপের স্ত্রী, দানবদের মাতা।

দনুজ, (দনু+জ—যে জন্মে, ৫-য) ব্য, পুং, দানব, অসুর, দৈত্য।

দনুজদ্বিট্, (দনুজ=দানব+দ্বিষ=দ্বেষ করা, ২-ব) ব্য, পুং, দেবতা।
দনুজারি, (দনুজ+অরি, ৬-ব) ব্য, পুং, দেবতা। [পুং, দানব, অসুর।
দনুসূনু, (দনু+সূনু=সন্তান, ৬-ব) ব্য,
দন্ত, (দম্=দমনকরা+ক্ত) ব্য, পুং, দাঁত, গিরিবিতব, নিকুঞ্জ, পর্ব্বত-শৃঙ্গ, সানু, ৩২ সংখ্যা।
দন্তক, (দন্ত+ক—সাদৃশ্যার্থে) ব্য, পুং, নাগদন্ত, ডাণ্ডা, দন্ত, পর্ব্বত হইতে বহির্গত দন্তসদৃশ প্রস্তর।
দন্তকর্ষণ, (দন্ত+কর্ষণ=আকর্ষণ) ব্য, পুং, জম্বীর, লেবু।
দন্তকাষ্ঠ, (দন্ত+কাষ্ঠ=কাঠ ;৫.হ) ব্য, ন, দন্তধাবনকাষ্ঠ, দাঁতন, যাহা হইতে দন্ত ধাবন কাষ্ঠ পাওয়া যায়। পুং, বিকঙ্কত বৃক্ষ।
দন্তচ্ছদ, দন্তবাসস্, (দন্ত+ছদ=যে আচ্ছাদন করে, ২-ব ; দন্ত+বাসস্=পরিচ্ছদ, ৬ ব) ব্য, পুং, ওষ্ঠ, ঠোঁট।
দন্তচ্ছদোপমা, (দন্তচ্ছদ=ওষ্ঠ+উপমা) ব্য, স্ত্রী, যাহার সহিত ওষ্ঠের তুলনা দেওয়া যায়, বিম্বফল, তেলাকুচা।
দন্তধাবন, (দন্ত+ধাবন=পরিষ্কার কিম্বা যে পরিষ্কার করে, ২-ব) ব্য, ন, দন্ত-মার্জ্জন, দাঁতমাজা। পুং, খদির গাছ।
দন্তপত্র, দন্তপত্রিকা, (দন্ত+পত্র=পাতা) ব্য, ন—স্ত্রী, কর্ণভূষণ-বিশেষ, কুণ্ডল
দন্তপত্রক, (দন্ত=দন্তের ন্যায় শুভ্র+পত্র=পাতা, ৬.হ) ব্য, ন, কুন্দপুষ্প, কুঁদ ফুল, কবিরা সর্ব্বদা এই পুষ্পের পত্র অর্থাৎ পাবড়ী দন্তের ন্যায় শুভ্র বর্ণ ও গঠন বলিয়া বর্ণনা করিয়া থাকেন এই জন্য ইহার নাম দন্তপত্রক হইয়াছে।
দন্তপবন, ব্য, ন, নিশ্চূর্ণ, দন্তশাণ।
দন্তপুষ্প, দন্তফল, ব্য, পুং, কতক, নির্ম্মল ফল।
দন্তমূলিকা, ব্য, স্ত্রী, বৃক্ষবিশেষ, দন্তী বৃক্ষ। [বিশেষ।
দন্তবক্র, ব্য, পুং, কৃষ্ণের বিদ্বেষী নৃপ-
দন্তবস্ত্র, (দন্ত+বস্ত্র=পরিচ্ছদ, ৬-ব) ব্য, ন, ওষ্ঠ, দন্তচ্ছদ।
দন্তবীজক, (দন্ত+বীজ, ৬.হ) ব্য, পুং, দন্তসদৃশ বীজ যাহার, দাড়িম্ববৃক্ষ।
দন্তশঠ, ব্য, পুং, কপিথ, জম্বীর বিশেষ, কর্ণরঙ্গ, কামরাঙ্গা, অম্ল।
দন্তশঠা, ব্য, স্ত্রী, চাঙ্গেরী, ক্ষুদ্র আম্লিকা।
দন্তশর্করা, (দন্ত+শর্করা=বালি) ব্য, স্ত্রী, দাঁতের ময়লা।
দন্তশাণ, (দন্ত+শাণ=শাণপাথর) ব্য, ন, যে দন্ত পরিষ্কার করে, মিসি, মাজন।
দন্তশিরা, ব্য, স্ত্রী, দাঁতের মাড়ী।
দন্তশুদ্ধি, ব্য, স্ত্রী, দন্তধাবন, দন্তমার্জ্জন।
দন্তশূল, ব্য, পুং, ন, দন্ত বেদনা, দন্ত পীড়াবিশেষ।
দন্তশোফ, ব্য, পুং, দন্তমূল।
দন্তশোধনী, ব্য, স্ত্রী, দন্তশোধনশলাকা, খড়িকা। [রোগবিশেষ।
দন্তহর্ষ, (দন্ত+হর্ষ=হর্ষণ) ব্য, পুং, দন্ত-
দন্তহীন, যে সকল জন্তুর দন্ত নাই, যথা—পিপীলিকাভুক্ ইত্যাদি (Edentata.) [পুং, শূকর।
দন্তায়ুধ, (দন্ত+আয়ুধ=অস্ত্র, ৬.হ) ব্য,
দন্তার্ব্বুদ, (দন্ত+অর্ব্বুদ=আব) ব্য, পুং, ন, দন্তরোগবিশেষ।
দন্তালিকা, দন্তালী, (দন্ত+অলি=শ্রেণী+ক—স্বার্থে, দন্ত+অল=ভূষিতকরা+অ, ঈ) ব্য, স্ত্রী, অশ্ব-প্রভৃতির মুখরজ্জু, লাগাম।
দন্তাবল, (দন্ত+বল—অস্ত্যর্থে, অ স্থানে আ) ব্য, পুং, হস্তী, হাতী।
দন্তী, (দন্ত+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, হস্তী, পর্ব্বত। ণ, ত্রি, দন্তযুক্ত।
দন্তীবীজ, ব্য, ন, জয়পালের বীজ।
দন্তুর, (দন্ত+উর—অস্ত্যর্থে) ণ, ত্রি, উন্নত বা বহির্গত দন্তবিশিষ্ট। "কুলা-

[illegible] "...দন্তাস্তিষ্ঠতু"। উন্নতানত, উচ্চ নীচ দন্ত শ্রেণী। [নৈষ।

দন্তুরচ্ছদ, ব্য, পুং, বীজপূর, নারেঙ্গা-

দন্ত্য, (দন্ত+য—ভবার্থে) ণ, ত্রি, দন্তদ্বারা উচ্চারিত, ত থ দ ধ ন ল স ব ৯ দন্ত্যবর্ণ, দন্তহিতকর।

দন্তোলূখলিক, ব্য, পুং, বানপ্রস্থ বিশেষ, যাঁহারা দন্তদ্বারা ধান্যাদি ছেদন করিয়া আহার করেন।

দন্দশূক, (দন্দশ [দন্‌শ লুগন্ত]=পুনঃ পুনঃ দংশনকরা+উক—ষ, শীলার্থে) ব্য, পুং, রাক্ষস, দৈত্য, সর্প। ণ, ত্রি, সদাদংশনে উদ্যত, ক্রূর, হিংস্র। "ক্রব্যাদা দন্দশূকাশ্চ কৃমিকীটবিহঙ্গমাঃ"। [পরিচ্ছেদ।

দফা, (যাবনিক) শেষ, একবার,

দফ্তর, (যাবনিক) ব্য, হিসাবের বহি, পুস্তক।

দফ্রা, (যাবনিক) ব্য, তরঙ্গ, তুফান।

দভ্র, ণ, ত্রি, স্বল্প, অল্প। ব্য, পুং, সমুদ্র।

দম, (দম=দমনকরা, ক্লেশসহকরা+অন্—ভাব) ব্য, পুং, দমন, শাসন, বশীভূতকরণ, ক্লেশসহন, ইন্দ্রিয় সংযম, কুকর্ম্ম হইতে মনোনিবৃত্তি, মনঃস্থৈর্য্য; বিকারের কারণ সত্বেও চিত্তের স্থিরতা সম্পাদন।

দমক, (দম=দমনকরা+ণক—ষ) ণ, ত্রি, দমনকারী, শাসনকর্ত্তা।

দমঘোষ, ব্য, পুং, চেদিদেশের অধিপতি, শিশুপালের পিতা।

দমঘোষজ, দমঘোষসুত, (দমঘোষ+জ=জাত, ৫-ষ। দমঘোষ+সুত=পুত্র, ৬-ষ) ব্য, পুং, শিশুপাল। "দমঘোষসুতেন কশ্চন প্রতিশিষ্টঃ প্রতিভানবানথ" শিশুপালবধ।

দমথু, (দম্=দমনকরা+অথুস্) ব্য, পুং, শাসন, দমন, দম।

দমন, (দম+অনট্—ভাব) [illegible] শাসন, দণ্ড, নিবারণ, ইন্দ্রিয় নিগ্রহ, বশীকরণ, ক্লেশসহন। ব্য, পুং, পুষ্প বিশেষ, মুনিবিশেষ। নী—স্ত্রী, দমনীবৃক্ষ।

দমনীয়, (দম্=দমনকরা+অনীয়—ক) ণ, ত্রি, শাসনীয়, দমনযোগ্য।

দময়ন্তী, (দমি=ক্লেশসহকরা+শতৃ) ব্য, স্ত্রী, নলরাজার মহিষী, বিদর্ভদেশীয় ভীমরাজার কন্যা, বৈদর্ভী। "ভুবনত্রয়সুভ্রুবামসৌ দময়ন্তী কমনীয়তামদং উদিয়ায় যতস্তনুশ্রিয়া দময়ন্তীতি ততোভিধাং দধৌ" পূর্ব্বনৈষধ।

দমিত, (দম+ক্ত—চ) ণ, ত্রি, শাসিত, বশীকৃত, ভারবহনাদি ক্লেশসহিষ্ণু।

দমী, (দম্+ণিন্—ষ) ণ, ত্রি, জিতেন্দ্রিয়, বশী, দমনকারী, শাসনকর্ত্তা।

দমুনাঃ, (দম্ [সমস্ত বিষয়]=দমনকরা +উনস্—সংজ্ঞার্থে, উনস্—যোগে দমূনস্ শব্দও হয়) ব্য, পুং, অগ্নির নামভেদ, শুক্রাচার্য্য, উশনাঃ।

দম্, ব্য, পুং, মরুত্তবংশীয় রাজাবিশেষ। (যাবনিক) নিশ্বাস, প্রলোভন, প্রতারণা।

দম্‌কল, (দেশজ) ব্য, জল তোলনের যন্ত্রবিশেষ। [যেগ্রবৎ।

দমকা, (দেশজ) ণ, হঠাৎ, অতিযোর,

দম্পতি, (জায়া-পতি, দ্বং-স ; জায়া স্থানে দম্) ব্য, পুং, দ্বিং, জায়াপতি, স্ত্রী-পুরুষ।

দম্ভ, (দন্ভ=দম্ভকরা, প্রতারণা করা +ঘঞ্—ভাব) ব্য, পুং, গর্ব্ব, অহঙ্কার, দুষ্টতা, শঠতা, প্রতারণা, পাপ।

দম্ভোলি, (দনভ=বিভাগকরা, ছেদনকরা, যে আহত বস্তুকে শতধা বিদীর্ণ করে) ব্য, পুং, অশনি, ইন্দ্রের বজ্র, কুলিশ "বিস্ফারবলি দম্ভোলি"।

দম্য, (দম+য—চ) ণ, ত্রি, দমনীয়, শাসনীয়। পুং, এঁড়ে বাছুর, ছোট বাছুর।

দয়, (দয়্—রক্ষাকরা + অল—ভাব) ব্য, পুং, য়া—স্ত্রী, পরদুঃখে দুঃখানুভব, পরদুঃখ প্রহরণেচ্ছা, অনুগ্রহ, কৃপা, স্নেহ। ণ, ত্রি, কৃপালু, সদয়।

দয়মান, (দয়+শান—ঘ) ণ, ত্রি, যে দয়া করিতেছে, যিনি রক্ষা করিতেছেন।

দয়াকূর্চ্চ, (দয়া—কৃপা+কূর্চ্চ—অহঙ্কার) ব্য, পুং, বৌদ্ধ সন্ন্যাসী, বৌদ্ধ ধর্ম্মপ্রবর্ত্তক বৌদ্ধের অবতার ভেদ।

দয়াময়, দয়াবান্, (দয়া+ময় ; দয়াবৎ, দয়া+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, দয়ালু।

দয়াল, ব্য, পুং, নদীকূল ভঙ্গ।

দয়ালু, (দয়া—কৃপা+আলু—ঘ, শীলার্থে) ণ, ত্রি, কৃপালু, দয়াবান্।

দয়াবীর, ব্য, পুং, পরের দুঃখ দেখিয়া যিনি করুণাপূর্ণহৃদয়ে তদীয় দুঃখ দূর করিবার নিমিত্ত সাধ্যানুসারে চেষ্টা করেন এবং আবশ্যক হইলে প্রাণ পর্য্যন্ত বিসর্জ্জন দিতেও কুণ্ঠিত না হন।

দয়াবস্তু, ব্য, ন, বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র।

দয়িত, (দয়—স্নেহ চক্ষে দেখা + ক্ত—ট) ণ, ত্রি, প্রিয়, স্নেহপাত্র, অভিপ্রেত, ইষ্ট। ব্য, পুং, বল্লভ, স্বামী, নাথ। তা—স্ত্রী, প্রণয়িনী, ভার্য্যা, পত্নী, অঙ্কলক্ষ্মী, স্ত্রী, উপপত্নী।

দর, (দৃ—বিদীর্ণহওয়া+অল্) ব্য, পুং, —ন, ভয়, কম্প, গর্ত্ত। ন, শঙ্খ। ব্য, অল্প, ঈষৎ। রী—স্ত্রী, গিরিগহ্বর, পর্ব্বতগুহা। রি—পুং, গুহা।

দরকার, (যাবনিক) ব্য, প্রয়োজন, আবশ্যকতা। [কর্ম্মকর।

দরজী, (যাবনিক) ব্য, সূচিজীবী, সূচি

দরণি, (দৃ [তীরের নীচে] —বিদারণ করা+অণি) ব্য, পুং, নদ্যাদির কূলভঙ্গ, তাড়ন, প্রবাহ, কোন কোন পুস্তকে দারণি এইরূপ কথাও দেখিতে পাওয়া যায়।

দরদ, (দৃ—বিদীর্ণহওয়া+অদ্—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, ভয়, পর্ব্বতের অনুচ্চস্থান, পর্ব্বত, ম্লেচ্ছজাতি, হৃদয়, তীর, কূল, প্রপাত। (দেশজ) বেদনা।

দরদ, (দরদ্+অচ্) ব্য, পুং, কাশ্মীরের সন্নিহিত দেশবিশেষ, ম্লেচ্ছজাতিবিশেষ, ভয়। ন, হিঙ্গুল।

দরমা, (দেশজ) ব্য, নলনির্ম্মিত দ্রব্যবিশেষ, চাঁচ। [বেতন।

দরমাহা, (যাবনিক) ব্য, মাসিক

দরদর, (দেশজ) ধারাবাহিক ক্রমে পতন।

দরবার, (যাবনিক) ব্য, বিচার স্থান।

দরিত, (দর—ভয়+ইত, বা দৃ+ক্ত—চ) ণ, ত্রি, ভীত, শঙ্কিত, ছিন্ন, বিদীর্ণ, বিভক্ত।

দরিদ্র, (দরিদ্রা—নির্ধনহওয়া+অল্—ঘ) ণ, ত্রি, নির্ধন, নিঃস্ব, দীন, দুর্গত, বিহীন, রহিত।

দরিদ্রিত, (দরিদ্রা+ক্ত) ণ, ত্রি, নির্ধনীকৃত, দুর্গত, দারিদ্র্যযুক্ত।

দরেন্দ্র, পুং, বিষ্ণুশঙ্খ।

দরোদর, (দুরোদর দেখ) ব্য, ন, দ্যূতক্রীড়া। পুং, অক্ষক্রীড়ক, শঙ্কু, কীলক। (Stake)

দর্দ্দর, (দৃ—বিদারণকরা, দ্বিত্ব+অ) ব্য, পুং, পর্ব্বত। ণ, ত্রি, ঈষৎ, বিদীর্ণ, অক্ষ, ভগ্ন, চিড় খাওয়া।

দর্দ্দরীক, (দৃ—বিদারণ করা, ঈকন্, দ্বিত্ব) ব্য, ন, বাদ্যযন্ত্রবিশেষ। পুং, মেঘ। ভেক।

দর্দ্দুর, (দৃ—ভীত হওয়া+উর) ব্য, পুং, ভেক। (দর্দ্—অনুকরণশব্দ+র—অস্ত্যর্থে) মেঘ, বাদ্যভাণ্ড, বাদ্যযন্ত্রবিশেষ, বাঁশী, দাক্ষিণাত্যের অন্তর্গত মলয় পর্ব্বতের সন্নিহিত ও সহ্যাদ্রির দক্ষিণ দিকস্থ পর্ব্বতবিশেষ, রাক্ষস। ন, গ্রামসমূহ। রা—স্ত্রী, চণ্ডিকা, দুর্গা।

দর্দুরপুট, (দর্দুর+পুট=পাত্র) ব্য, পুং, বেণুবস্ত্র, মৃদঙ্গের আচ্ছাদন।
দর্দ্রু,-দ্রূ, (দাঁদ্রো=বিদর হওয়া+উ, নিপাতন) ব্য, পুং, গজকর্ণ দর্দ্রু, চর্মরোগ। দর্দ্রু, দদ্রু, দদ্রুও হয়।
দর্দ্রুঘ্ন, ব্য, পুং, চক্রমর্দক, চাকুন্দা।
দর্প, (দৃপ=অহঙ্কৃত হওয়া+ঘঞ—ভাব) ব্য, পুং, উচ্ছৃঙ্খলত্ব, গর্ব, অহঙ্কার, অভিমান, উষ্মা, কস্তুরী মৃগ।
দর্পক, (দৃপ=দীপ্তকরা+অক—ষ) ব্য, পুং, কামদেব, মদন। ণ, ত্রি, উদ্দীপক, উত্তেজক, অহঙ্কারী।
দর্পণ, (দৃপ=দীপ্তকরা+অনট) ব্য, পুং, মুকুর, আদর্শ, আর্শি। ন, চক্ষুঃ, সন্দীপন, পর্বতবিশেষ। "লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি।"
দর্পী, (দর্প+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, দাম্ভিক, অহঙ্কারী, মদোদ্ধত, প্রগল্‌ভ। [রাক্ষস, হিংস্র।
দর্ব্ব, (দৃ+বিদারণকরা+ব) ব্য, পুং,
দর্ব্বট, ব্য, পুং, দ্বারপাল, দ্বাররক্ষক, প্রতিহারী। [বস্ত্র বিশেষ।
দর্ব্বরীক, ব্য, পুং, ইন্দ্র, বায়ু, বাদ্য-
দর্ব্বি, (দৃ=বিদীর্ণহওয়া+বি) ব্য, পুং, র্ব্বী—স্ত্রী, ব্যঞ্জনাদিদারক, হাতা, সর্পফণা। "যস্য নাস্তি নিজা প্রজ্ঞা কেবলং তু বহুশ্রুতঃ। ন স জানাতি শাস্ত্রার্থং দর্ব্বী সূপরসানিব"।
দর্ব্বীকর, (দর্ব্বী=ফণা+কর=যে করে ২-ব) ব্য, সর্প, ফণী। (দর্ব্বী=হাতা+কর=যে করে) ণ, ত্রি, দর্ব্বীনির্ম্মাতা, হাতানির্ম্মাণকারী।
দর্ভ, (দৃভ=একত্র শ্রেণীবদ্ধ করা+ঘঞ; অথবা দৃ=বিদারণ করা+ভ) ব্য, পুং, কুশ কাশ বল্বজ উশীর রোমশ মৌঞ্জ শাদ্বল এই ষড়বিধ তৃণ। [স্থান।
দর্ভট, ব্য, ন, নিভৃতালয়, নির্জ্জন
দর্ভপত্র, ব্য, পুং, কাশতৃণ।
দর্শ, (দৃশ=দর্শনকরা+অ) ব্য, পুং, অমাবস্যা, দৃষ্টি, দর্শন, অমাবস্যাতে পঞ্চাঙ্গকরণীয় যাগ বিশেষ। ণ, ত্রি, দ্রষ্টা।
দর্শক, (দৃশ+ণক—ষ) ব্য, পুং, যে দেখে, দৃষ্টিকর্ত্তা। (দর্শি=দেখান+ণক—ষ) যে দেখায়, দর্শয়িতা, দ্বারপাল, প্রবীণ। ণ, ত্রি, উপ-
দর্শত, ব্য, পুং, সূর্য্য, চন্দ্র।
দর্শন, (দৃশ+অনট—ভাব) ব্য, ন, অবলোকন, চক্ষু, স্বপ্ন, নিয়ম, বুদ্ধি, ধর্ম্ম, উপলব্ধি, দর্পণ, বৈশেষিক ন্যায় মীমাংসা সাংখ্য পাতঞ্জল বেদান্ত—এই ষড়বিধশাস্ত্র (এতদ্ব্যতিরিক্ত বৌদ্ধ ও চার্ব্বাক প্রভৃতি আরও কতিপয় দর্শনশাস্ত্র আছে।) জ্ঞানশাস্ত্র, ধ্যান, চাক্ষুষজ্ঞান।
দর্শনপ্রতিভূ, (দর্শন+প্রতিভূ=জামিন) ব্য, পুং, যে ব্যক্তি কেবল উপস্থিত করিয়া দিবার জন্য জামিন হয়। [ভেট, পারিতোষিক।
দর্শনী, (দেশজ) ব্য, নজর, উপহার,
দর্শনীয়, (দৃশ+অনীয়—চ) ণ, ত্রি, সুদৃশ্য, দর্শনযোগ্য, সুন্দর, মনোজ্ঞ, যাহা দেখিতে পাওয়া যায়, চক্ষুর্গোচর, অক্ষিপ্রত্যক্ষ।
দর্শযামিনী, (দর্শ=অমাবস্যা+যামিনী=রাত্রি) ব্য, স্ত্রী, তমিস্রা, অন্ধকার রাত্রি। [ক্লেশ) ব্য, পুং, চন্দ্র।
দর্শবিপদ্, (দর্শ=অমাবস্যা+বিপদ=
দর্শয়িতা, (দর্শি=দেখান+তৃণ—ষ) ব্য, পুং, দ্বারপাল, দৌবারিক। ণ, ত্রি, প্রকাশক, প্রদর্শক, যে দেখাইয়া দেয়।
দর্শাত্যয়, (দর্শ=অমাবস্যা+অত্যয়, ৬-ষ) ব্য, পুং, শুক্ল প্রতিপদ, অমাবস্যার নাশ।
দর্শিত, (দর্শি=দেখান+ক্ত—ক) ণ, ত্রি, যাহা দেখান হয়, প্রকাশিত,

প্রকটিত, বিকৃত, আদলিত; স্ফুটিত।
দর্শী, (দৃশ্‌+ণিন্‌—ক র্ত্তৃ) ণ, ত্রি, দিদৃক্ষক, দ্রষ্টা, দর্শনকারী, (এই শব্দ স্বতন্ত্র ব্যবহৃত হয় না, অন্যের সহিত প্রযুক্ত হয়; যথা—দূরদর্শী, পরিণামদর্শী ইত্যাদি)।
দল, (দল্‌=কর্ত্তনকরা, ভেদকরা+অচ্‌—ক), পুং,—ন, পত্র, পাতা। ন, [illegible], অংশ, বিভজন, কর্ত্তন, বিদারণ, সমূহ, ফুলের পাপড়ি, অস্ত্রাদির ধার, অস্ত্রকোষ, খাপ, অস্ত্রফলক, খাদ, অপদ্রব্য, স্থায়িকা, অর্দ্ধ, দলন, তমালপত্র।
দলকোষ, (দল=পাতা+কোষ) ব্য, পুং, কুন্দপুষ্পের গাছ।
দলন, (দল+অনট—ভাব) ব্য, ন, মর্দ্দন, নিষ্পীড়ন, খণ্ডন, বিদারণ, বিকাশ, ভেদন, স্ফুটন, চূর্ণন, পেষণ, বাটা। "মত্তেভকুম্ভদলনে ভুবি সন্তি শূরাঃ কন্দর্পদর্পদলনে বিরলা মনুষ্যাঃ।" নী-স্ত্রী, লোষ্ট্র, ঢিল।
দলনির্ম্মোক, (দল=পত্র+নির্ম্মোক=যাহা পরিত্যাগ করা যায়, খোলোষ) ব্য, পুং, ভূর্জ্জবৃক্ষ।
দলপ, (দল্‌—যাহা বিভাগ করা যায়+অপ্‌) ব্য, পুং, স্বর্ণ, ধর্ম্মশাস্ত্র, দলপতি।
দলপতি, ব্য, পুং, দলশ্রেষ্ঠ, অধিনায়ক। [কেতকী।
দলপুষ্পা, দলপুষ্পী; ব্য, স্ত্রী, কেয়া,
দলসূচি, (দল=পত্র+সূচি=সূঁচ) ব্য, পুং, কণ্টক, কাঁটা।
দলাঢ়ক, (দল+আ+ঢৌক=গমনকরা+অ, নিপাতন) ব্য, পুং, বন্য তিল, বন্যতিলবৃক্ষ, গৈরিক, হস্তিচালক, নাগকেশর, ফেন, হস্তিকর্ণ, কুন্দ, পরিখা, খাত, শিরীষ, ঝাঞ্জা, প্রচণ্ডবায়ু।
দলাঢ্য, ব্য, পুং, পাঁকদলা কাদা, বিশেষতঃ নদীগর্ভস্থ কর্দ্দম, বনবর্ব্বরা।
দলাদলি, (দেশজ) ভেদ, বিচ্ছেদ, দল এবং তদ্বিরুদ্ধ পরস্পরের সহিত অসংশ্লেষবশাহিত্য।
দলামল, (দল=পত্র+অমল=পরিষ্কৃত) ব্য, ন, দমনকবৃক্ষ, দমনবৃক্ষ, মদন বৃক্ষ।
দলি, (দল=[লাঙ্গলাদি দ্বারা] ভেদ করা+ই) ব্য, পুং—স্ত্রী, লোষ্ট্র, ডেলা, ঢিল। [ন, কাষ্ঠ।
দলিক, (দল=ভেদকরা+ইক) ব্য,
দলিত, (দল+ত—চ) ণ, ত্রি, প্রফুল্ল, প্রস্ফুটিত, বিকসিত, খণ্ডিত, পাদমর্দ্দিত, উদ্‌ঘাটিত, উন্মুক্ত, পিষ্ট, চূর্ণিত, বিভক্ত, নির্ধূত।
দলভ, (দল্‌=ভেদকরা+ভ) ব্য, পুং, প্রতারণা, পাপ, ভেদ, চক্র, চাকা, মুনি। [বিশেষ, ধাঁক।
দলুয়া, (দেশজ) ব্য, গুড়বিকার
দলন্তি, (দল্‌=ভেদকরা+তি—সংজ্ঞার্থে) ব্য, পুং, ইন্দ্র, অশনি, বজ্র, কুলিশ।
দব, (দু=উত্তপ্তকরা+অ) ব্য, পুং, বনাগ্নি, দাবানল, বন, সন্তাপ, গাত্রাদি দাহ, উপতাপ।
দবথু, (দব+অথু) ব্য, পুং, পরিতাপ, সন্তাপ, উদ্বেগ, দুঃখ, চক্ষুরাদির দাহ।
দবদহন, দবাগ্নি, (দব=অরণ্য+দহন, অগ্নি) ব্য, পুং, দাবানল, বনাগ্নি
দবিষ্ঠ, দবীয়স্‌, (দূর+ইষ্ঠ, ঈয়স্‌—অত্যার্থে; দূর=দব) ণ, ত্রি, অত্যন্ত দূরবর্ত্তী, সুদূর।
দশ, (দশন, দন্‌শ=দীপ্তিপাওয়া+অন্‌) ণ, ত্রি, বহুং, দশসংখ্যা, ১০, দশবাচক শব্দ যথা (১) করাঙ্গুলি (২) শম্ভুবাহু (৩) রাবণ মস্তক (৪) কৃষ্ণাবতার (৫) বিশ্বদেব (৬) অবস্থা (৭) চন্দ্রাশ্ব ইত্যাদি।
দশক, (দশন্‌+ক—পরিমাণার্থে) ব্য,

ন, দশসংখ্যা, একের অধিক অঙ্ক পরস্পর রাখিলে দক্ষিণ দিক হইতে দ্বিতীয় অঙ্ক।

দশকণ্ঠ, দশকন্ধর, দশগ্রীব, দশমুখ, দশবদন, দশানন, (দশন্=দশ+কণ্ঠাদি, ৬.হ) ব্য, পুং, রাবণ।

দশকর্ম্ম, ব্য, ন, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, নিষ্ক্রামণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন ও বিবাহ এই দশবিধ সংস্কার।

দশকামজব্যসন, (দশ+কাম=ইচ্ছা +জ=উৎপন্ন+ব্যসন=পাপ, কষ্ট) ব্য, ন, মৃগয়া, অক্ষাদিক্রীড়া, দিবানিদ্রা, পারুষ্য, লাম্পট্য, মদ, নৃত্য, গীত, ক্রীড়া ও কাপট্য এই দশবিধ পাপ। [বিশেষ।

দশক্রিয়া, (দশকর্ম্মজ) ব্য, গণিত

দশতি, ব্য, স্ত্রী, শত, একশত।

দশতী, ব্য, স্ত্রী, সামবেদাংশবিশেষ।

দশদিক্, ব্য, স্ত্রী, পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ ঈশান অগ্নি নৈঋত বায়ু ঊর্দ্ধ ও অধঃ এই দশ দিক্ বিভাগ।

দশধা, (দশ+ধাচ—প্রকারার্থে) ব্য, দশপ্রকার, দশবার।

দশন, (দন্শ=দংশনকরা + অন—ধ, ঘ) ব্য, পুং, ন, দন্ত, পর্ব্বতাগ্র। (দন্শ+অনট) বন্ম, দংশন।

দশনচ্ছদ, দশনবাসাঃ, (দশন=দন্ত+ছদ, বাসস্+পরিচ্ছদ, ৬-ব) ব্য, ন, ওষ্ঠ, অধর, ঠোঁট।

দশনোচ্ছিষ্ট, (দশন=দন্ত+উচ্ছিষ্ট=ভুক্তাবশিষ্ট) ব্য, পুং, নিশ্বাস, অধর চুম্বন, ওষ্ঠ। ণ,ত্রি, দন্তোচ্ছিষ্ট, এঁটো, দন্তবিহীন।

দশপারমিতাধর, ব্য, পুং, বুদ্ধ।

দশপিণ্ড, ব্য, ন, প্রেতপিণ্ড।

দশপুর, (দশন্=দশ+পুর=নগর) ব্য, ন, দশ নগরের দেশ, [illegible] দেশের অন্তর্গত, মহারাষ্ট্রের, মালব ও বুন্দেলখণ্ডের মধ্যবর্ত্তী দেশবিশেষ। [৬.ত) ব্য, স্ত্রী, দুর্গা।

দশভুজা, (দশন্=দশ+ভুজ=হস্ত

দশম, (দশন্+ম—পূরণার্থে) ণ, ত্রি, দশের পূরক। মী—স্ত্রী, তিথিবিশেষ, জীবনের অন্ত্যাবস্থা।

দশমক্তার—

দশজন ব্যক্তি একত্রে কোন দেশে গমন করিতেছিল। পথিমধ্যে তাহারা এক নদী পার হইল, এবং অপর পারে উত্তীর্ণ হইয়া তাহাদের মধ্যে একজন, সকলে এ পারে আসিয়াছে কি না, জানিবার জন্য আপনাদের দলের লোক-সংখ্যা গণনা করিয়া দেখিল যে সর্ব্বসমেত নয় জন এ পারে আসিয়াছে, এজন্য সে দলস্থ লোকদিগকে বলিল যে তাহারা তাহাদের দলের একটী লোককে নদীর অপর পারে পরিত্যাগ করিয়া আসিয়াছে। এই কথা শুনিয়া সকলেই ব্যাকুল হইল এবং গণনাকারী গুণিতে ভুলিয়াছে মনে করিয়া, সকলেই আপনাকে গণনা না করিয়া অবশিষ্ট নয় জনকে গণনা করিয়া দেখিল যে সত্য সত্যই তাহাদের দলস্থ এক ব্যক্তি অপর পারে আছে। সকলেই নিতান্ত ব্যাকুল হইয়া বিষণ্ণ বদনে নদী তীরে বসিয়া আছে, এমন সময়ে এক ব্যক্তি তাহাদের চিন্তার কারণ জানিতে পারিয়া গণনা করতঃ দেখিলেন যে তাহাদের দশ জনই এ পারে আসিয়াছে এবং পরক্ষণেই তাহাদিগকে বলিলেন যে তাহারা সকলেই আপনাকে দশ জনের মধ্যে গণনা না করাতে তাহাদিগের ঐরূপ ভ্রান্তি জন্মিয়াছে।

দশমহাবিদ্যা, (দশ+মহা+বিদ্যা—দুর্গার নাম) ব্য, স্ত্রী, দুর্গা, দশবিধদেবীবিশেষ, দুর্গার দশবিধ নামান্তর, যথা কালী, তারা, মহাবিদ্যা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা এবং মাতঙ্গী।

দশমাবতার, (দশম+অবতার) ব্য, পুং, ভগবানের দশম অবতার, কল্কী অবতার।

দশমিক, (দশম+ইক) ণ, ত্রি,

দ্বারা কোন পূর্ণ রাশির দশাংশের এক অংশ প্রকাশ করা যায়, (Decimal.)

দশমী, ব্য, স্ত্রী, তিথিবিশেষ, বিমুক্তাবস্থা, মরণাবস্থা, শেষবয়োবস্থা। ণ, ত্রি, অতি বৃদ্ধ, অতি প্রাচীন।

দশমীস্থ, (দশমী=অন্ত্যাবস্থা+স্থ=যে থাকে, ৭-ষ) ণ, ত্রি, ক্ষীণরাগ, বৃদ্ধ।

দশমুখান্তক, (দশমুখ=রাবণ+অন্তক=বিনাশক, ৬-ষ) ব্য, পুং, রাম।

দশমূল, (দশন্+মূল, দ্বিগু—স) ব্য, ন, পাঁচনবিশেষ, বিল্ব, শ্যোণাক, গাম্ভারী, পারুল, গণিকারী, শালপাণি, চাকুল্যা, কণ্টিকারী, গোক্ষুরী, ব্যাকুড় এই দশ।

দশযোগভঙ্গ, ব্য, পুং, সংস্কার কর্ম্ম জন্য নক্ষত্রবেধবিশেষ।

দশরথ, (দশন্=দশদিক্+রথ ; ৬.হ) ব্য, পুং, যাঁহার দশদিকে রথ যায়, ইক্ষ্বাকুবংশীয় রাজাবিশেষ, শ্রীরামচন্দ্রের পিতা।

দশরূপভৃৎ, (দশন্=দশ+রূপ=[মূর্ত্তি] অবতার+ভৃৎ=যে ধারণকরে) ব্য, পুং, বিষ্ণু।

দশবল, (দশন্=[বুদ্ধি, কান্তি, বীর্য্যাদি] দশ+বল, ৬.হ) ব্য, পুং, বুদ্ধ।

দশবাজী, (দশন্=দশ+বাজিন্=অশ্ব ; ৬.হ) ব্য, পুং, দশ অশ্বের রথ যাহার, চন্দ্র।

দশ-শত, ব্য, ন, সহস্র, হাজার।

দশহরা, (দশন্=দশ+হরা [হৃ+অন]=হরণ ; ৭.হ) ব্য, স্ত্রী, জ্যৈষ্ঠমাসের শুক্লদশমী, গঙ্গার জন্মদিন, এই দিন গঙ্গাস্নান করিলে দশবিধ পাপের ধ্বংস হয়।

দশা, (দন্‌শ=দংশনকরা+অ, আপ) ব্য, স্ত্রী, বস্ত্রান্ত, দশী, যৌবনাদি বয়স, ভাব, অবস্থা, প্রীতি, বৃদ্ধি, স্থিতি, দীপবর্ত্তি, শলিতা, অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা, মরণ—এই দশবিধ স্মরদশা, জন্মকালীন গ্রহের অবস্থান, যেমন শনির দশায় জন্ম। [ত্রি, দশমিক।

দশাংশিক, (দশাংশ+ষ্ণিক) ণ,

দশাকর্ষ, দশাকর্ষী, (দশা=শলিতা +আকর্ষ, আকর্ষিন্=যে আকর্ষণ করে) ব্য,পুং, প্রদীপ। [পরিমাণ।

দশাঙ্গুল, ব্য, ন, খর্ব্বুজ, দশ অঙ্গুল

দশানিক,ব্য,পুং, দন্তীবৃক্ষ, মহামোহ।

দশাফল, (দশা+ফল) ব্য, ন, গ্রহজন্য শুভাশুভ ফল।

দশার্ণ, (দশ+ঋণ) ব্য, পুং, বিন্ধ্যপর্ব্বতের পূর্ব্ব-দক্ষিণস্থ দেশবিশেষ। র্ণা—স্ত্রী, বিন্ধ্যপর্ব্বতোদ্‌গত নদীবিশেষ। [ব্য, পুং, বুদ্ধ, দেশবিশেষ।

দশার্হ, (দশন্=দশ+অর্হ=যোগ্য)

দশাবতার, (দশন্+অবতার, ৬.হ) ব্য, পুং, বিষ্ণু, মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, কৃষ্ণ, বুদ্ধ, কল্কী—এই দশ অবতার যুক্ত। [দুর্দ্দশা, দুরবস্থা।

দশাবিপর্য্যয়, (দশা+বিপর্য্যয়, ৬-ষ)

দশাশ্ব, (দশন্=দশ+অশ্ব, ৬.হ) ব্য, পুং,দশ অশ্বের রথ যাহার, চন্দ্র।

দশাশ্বমেধিক, (দশাশ্বমেধ+ষ্ণিক) ব্য, পুং,কাশীস্থ তীর্থবিশেষ, যে স্থানে ব্রহ্মা দশ অশ্বমেধ করিয়াছিলেন।

দশাহ, (দশন্=দশ+অহন্=দিন+ষ, দ্বিগু—স) ব্য, পুং, দশদিন।

দশেন্ধন, (দশা=শলিতা+ইন্ধন=জ্বালানি কাষ্ঠ, ৬.হ) ব্য, পুং, প্রদীপ, দীপ। [পুং, হিংস্রজন্তু।

দশের, (দন্‌শ=দংশনকরা+এর) ব্য,

দশেরক, (দশের+ক=দেশ) ব্য, পুং, মরুদেশ, তৃণশূন্যাদি শূন্য প্রদেশ,

ভদ্দেশবাসী।

দষ্ট, (দন্‌শ=দংশনকরা+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে দংশন করিয়াছে, দংশিত।

দসন, (দস=নিক্ষেপকরা+অনট্) ষ্য, ন, উৎক্ষেপণ, প্রস্থাপন।

দস্ত, ণ, ত্রি,প্রস্থাপিত, প্রক্ষিপ্ত, নষ্ট। (যাবনিক) ষ্য, হস্ত।

দস্তখৎ, (যাবনিক) ষ্য, স্বীকার, নামসহী করণ। [রাং।

দস্তা, (হিন্দি) ষ্য, ধাতুবিশেষ, রঙ্গ,

দস্ম, (দস্=উৎক্ষেপণকরা+মক্) ষ্য, পুং, চোর, যজমান, অগ্নি, খল।

দস্যু, (দস্=উৎক্ষেপণকরা, ক্ষয়করা +যু) ষ্য, পুং, শক্র, উৎপীড়নকারী, চোর, অপহারক, ডাকাইত, মহা-সাহসিক।

দস্যুহা, ষ্য,পুং,বালিরাজার নামান্তর।

দস্র, (দস্=[রোগ] নাশকরা+র) ষ্য, পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়। পুং, গর্দ্দভ। ন, শিশির।

দস্রসূ, (দস্র+সূ=মাতা) ষ্য, স্ত্রী, সংজ্ঞা, সূর্য্যপত্নী, অশ্বিনীকুমারের মাতা।

দহন, (দহ=দগ্ধকরা+অন—ঘ, ভাব) ষ্য, পুং, দুষ্টচিত্ত, অগ্নি, চিতাগাছ। ন, দাহ, "ন তস্য দহনং কার্য্যং নৈব পিণ্ডোদকক্রিয়া।"

দহনকেতন, (দহন=অগ্নি+কেতন=পতাকা, চিহ্ন) ষ্য, পুং, ধূম, ধুঁয়া।

দহনপ্রিয়া, (দহন=অগ্নি+প্রিয়া=ভার্য্যা) ষ্য, স্ত্রী, স্বাহা, অগ্নিপত্নী।

দহনারাতি, (দহন+অরাতি=শক্র) ষ্য, পুং, জল। [জলনীর, দারু।

দহনীয়, (দহ+অনীয়—চ) ণ, ত্রি,

দহনোপল, (দহন=অগ্নি+উপল=প্রস্তর) ষ্য, পুং, সূর্য্যকান্ত মণি।

দহর, (দহ+অর) ষ্য,পুং, শিশু,নেঙটে [illegible]

দহরম, (দেশজ) ষ্য,সৌহার্দ্দ, বন্ধুতা।

দহ্যমান, (দহ+শানচ—চ) ণ, ত্রি, যাহা দগ্ধ হইতেছে।

দহ্রাগ্নি, ষ্য, পুং, জঠরাগ্নি।

দা, (দা=দানকরা, দে=পালনকরা, দৈপ্=শুদ্ধকরা, দো=ছেদন করা+অ) ষ্য, স্ত্রী, দান, পালন, শোধন, ছেদ, উপতাপ। (দাত্রশব্দজ) ষ্য, কাটারি, ডাব নারিকেল প্রভৃতি কাটিবার অস্ত্রবিশেষ।

দাই, (দেশজ) ষ্য, ধাত্রী, ধাই।

দাঁড়, (দণ্ডশব্দজ) ষ্য, নৌকাদণ্ড।—ড়া, রীতি,ব্যবহার।—ড়ী,নৌকাবাহক

দাঁড়কাক, (দ্রোণকাক শব্দজ) ষ্য, বৃহৎ কৃষ্ণবর্ণ কাকবিশেষ,দ্রোণকাক

দাঁড়াশ, (দণ্ডায়মান শব্দজ) ষ্য, নির্ব্বিষ দীর্ঘকায় সর্পবিশেষ, উহারা শরীরের অধিক ভাগে দণ্ডায়মান হইতে পারে।

দাঁত, (দন্তশব্দজ) ষ্য, রদন, দশন।

দাঁতন, (দন্তধাবন শব্দজ) ষ্য, দন্ত-মার্জ্জনী। [শূকর, দন্তবিশিষ্ট।

দাঁতাল, (দন্তশব্দজ) ণ, বৃহদ্দন্তী, বন্য

দাক, (দা=দানকরা+ক—সংজ্ঞার্থে) ষ্য, পুং, দাতা, যজমান।

দাক্ষায়ণী, দাক্ষায়িণী, (দক্ষ+ষ্ণায়ন—অপত্যার্থে) ষ্য, স্ত্রী,দুর্গা, অদিতি, দেবমাতা, কশ্যপ পত্নী। ণ্যঃ—বহুং, অশ্বিন্যাদি নক্ষত্র।

দাক্ষায়ণীপতি, (দাক্ষায়ণী=অশ্বিন্যাদি নক্ষত্র, সতী+পতি=স্বামী) ষ্য, পুং, শিব, চন্দ্র।

দাক্ষায্য, (দক্ষায্য [দক্ষ=বেগবান হওয়া+আয্য]+অ—অপত্যার্থে) ষ্য, পুং, গৃধ্র, গরুড়।

দাক্ষিণাত্য, (দক্ষিণ+ত্য—ভবার্থে) ণ,ত্রি দক্ষিণদেশজাত, দক্ষিণদিক্‌স্থ। পুং, দক্ষিণরাজ্য, বিন্ধ্যাচলের দক্ষিণ প্রভাগ।

দাক্ষিণ্য, (দক্ষিণ বা দক্ষিণা+ষ্ণ্য) ণ, ত্রি, দক্ষিণাযোগ্য। ন, আনুকূল্য, পরচ্ছন্দানুবৃত্তি। "তস্য দাক্ষিণ্যরূঢ়েন নাম্না মগধবংশজা" রঘুবংশ। সরলতা, সারল্য।

দাক্ষী, ষ্য, স্ত্রী, পাণিনি মুনির মাতা।

দাক্ষীপুত্র, দাক্ষীসুত, দাক্ষেয়, (দাক্ষী=এই মুনির মাতা+সুত,পুত্র। দাক্ষী+ষ্ণেয়—অপত্যার্থে) ষ্য,পুং, ব্যাকরণরচয়িতা পাণিনি মুনি।

দাক্ষ্য, (দক্ষ+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, দক্ষতা, নৈপুণ্য, নিপুণতা।

দাখিল, (যাবনিক) ষ্য,পরিশোধকরণ, অর্পণ।

দাগ, (যাবনিক) ষ্য,অঙ্ক, কলঙ্ক,চিহ্ন। গী—ণ, চিহ্নিত, যে দণ্ড প্রাপ্ত হইয়াছে। [বিশ্বাসঘাতক।

দাগাবাজ,(যাবনিক) ণ. প্রতারক,

দাঙ্গা, (যাবনিক) ষ্য,কলহ, বিদ্রোহ।

দাড়, (দেশজ) ষ্য,নখ,হুল,চঞ্চু,চিবুক।

দাড়ক, (দাড়=ভেদকরা+ণক) ষ্য,পুং, দাড়া, বড় দাঁত।

দাড়া, (দাঢ়াশব্দজ) ষ্য, দন্তবিশেষ, বৃহৎদন্ত। [শ্মশ্রু, দাড়ি।

দাড়ি, দাঢ়ি, (দাঢ়িকা শব্দজ) ষ্য,

দাড়িম, দালিম (দল=বিদারণকরা+ইম; অ স্থানে আ, ল স্থানে ড) ষ্য, পুং, মী—দাড়িম বৃক্ষ। ন, দাড়িম ফল।

দাড়িম্বপ্রিয়, ষ্য, পুং, শুকপক্ষী।

দাড়িম্ব, (দল+ইম্ব) ষ্য, পুং, দালিম গাছ। ন, তৎফল।

দাঢ়া, (দা=ছেদন করা+ঢ়) ষ্য, স্ত্রী, দংষ্ট্রা, বড় দাঁত, সমূহ, প্রার্থনা।

দাঢ়িকা, (দাঢ়া=দাঁত+ক, আ) ষ্য, স্ত্রী, শ্মশ্রু, দাড়ি, দন্তের নিকটবর্ত্তী বলিয়া ইহাকে দাঢ়িকা বলা যায়।

দাণ্ডাজিনিক, (দণ্ডাজিন=প্রবঞ্চনা+ষ্ণিক—ইদমর্থে) মায়াবী, কুহকী, ঐন্দ্রজালিক।

দাত, (দো=ছেদকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, ছিন্ন। (দৈপ্=শুদ্ধকরা+ক্ত—ঢ) শুদ্ধ পবিত্র। [ত্রি, দানযোগ্য, দেয়।

দাতব্য, (দা=দানকরা+তব্য—ঢ) ণ

দাতা, (দা=দানকরা+তৃণ্—ষ) ণ ত্রি, দানকর্ত্তা। "দাতা মে ভূভৃতাং নাথঃ প্রমাণীক্রিয়তামিতি" কুমারসম্ভব। বদান্য, দানশীল।

দাতৃত্ব, (দাতৃ+ত্ব—ভাবে) ষ্য, ন, বদান্যতা, দানশীলতা।

দাত্যূহ, দাতৌহ, (দাতি=ছেদন+উহ=যে তর্ক করে, ২-য) ষ্য, পুং, পক্ষিবিশেষ, ডাকপাখী।

দাত্র, (দো=ছেদনকরা+ত্র—ষ) ষ্য, ন, দা, কাটারি। [বিশেষ, দদ্রু।

দাদ, (দদ্রুশব্দজ) ষ্য, ত্বক্ রোগ-

দাদখানি, (দেশজ) ষ্য, সূক্ষ্ম ধানবিশেষ। [অগ্রিম মূল্য।

দাদন, (যাবনিক) ষ্য, কর্ম্মাদির

দাদা, (দেশজ) ষ্য, জ্যেষ্ঠভ্রাতা, পিতামহ, মাতামহ।

দাদু, (দদ্রুশব্দজ) ষ্য, দদ্রুরোগ।

দাধিক, (দধি+ষ্ণিক) ণ, ত্রি, দধিসংযুক্ত বস্তু।

দান, (দা=দানকরা, দো=ছেদনকরা, দৈপ্=শুদ্ধকরা, দে=পালনকরা+অনট্—ভাব) ষ্য, ন, বিতরণ, ত্যাগ, দেওয়া, হস্তীর মদজল।

দানপতি, (দান+পতি=শ্রেষ্ঠ) ষ্য, পুং, যে ব্যক্তি সতত দান করে, অতিশয় দাতা, অক্রূর।

দানপত্র, ষ্য, ন, দানপরিজ্ঞাপকপত্র, অমুক বস্তু অমুককে দিলাম বলিয়া যে পত্র লিখিয়া দেয়।

দানব, (দনু=কশ্যপভার্য্যা+ষ্ণ—অপত্যার্থে) ষ্য, পুং, দৈত্য, অসুর।

দানবন্ধু, (দান+বন্ধু=হিতৈষী) ষ্য, পুং, বৈশ্য।

দানবারি, (দানব+অরি, ৬-ষ্ঠ) ষ্য, পুং, দৈত্যগুরু, দেবতা, বিষ্ণু। (দান+বারি=জল) ন, চন্দ্রীর মদজল। [দানশীল, দাতা।

দানবীর, (দান+বীর=শূর) ষ্য পুং,

দানব্যত্যাস, ষ্য, পুং, ভ্রমক্রমে অপাত্রে দানকরণ।

দানশীল, (দান+শীল=স্বভাব, ৬.ষ্ঠ) ণ, ত্রি দাতা, বদান্য।

দানশৌণ্ড, (দান+শৌণ্ড- মত্ত, আসক্ত, ৭-ম) ণ, ত্রি, অতিদাতা, বহুপ্রদ। [ষোড়শ দান।

দানসাগর, ষ্য, পুং, ষোড়শসংখ্যক

দানা, (দেশজ) ষ্য, ভূত, দানব, শস্য বীজ, মুক্তা, মালাবিশেষ।

দানী, ণ, ত্রি, দাতা। (যাবনিক) ষ্য, আধার, পাত্র।

দানীয়, (দা+অনীয়—ঢ) ণ, ত্রি, দেয়বস্তু, সম্প্রদান, দানের পাত্র, দানেরযোগ্য।

দান্ত, (দম=ক্লেশসহ্যকরা, শাসনকরা+ক্ত) ণ, ত্রি, জিতেন্দ্রিয়, বশীকৃত, তপস্যার ক্লেশসহিষ্ণু, শাসিত সোমা। (দন্ত+ষ্ণ) গজাদির দন্ত বিনির্ম্মিত।

দান্তি, (দম+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী দমন, ইন্দ্রিয়নিগ্রহ।

দাপ, (দর্পশব্দজ) ষ্য, দর্প, প্রতাপ।

দাপক, দাপয়িতা, (দাপি=দানকরান +ণক, তৃণ্—ঘ) ণ, ত্রি, যে দেওয়ায়।

দাপট, (দর্প শব্দজ) ষ্য, প্রতাপ, প্রভাব। [ন, দেওয়ান।

দাপন, (দাপি+অনট—ভাব) ষ্য,

দাপিত, দাযিত, (দাপি, দায়ি=দান করান+ক্ত—ঢ)ণ, ত্রি, শাসিত, দণ্ডিতব্যক্তি, যে বস্তু দেওয়ান যায়, শোধিত, সাধিত, ধনাদি দ্বারা বশীকৃত।

দাম, (দামন্, দো=ছেদনকরা+মন্) ষ্য, ন—নী, মা—স্ত্রী, রজ্জু, দড়ি, যে দড়িতে অনেক গোরু বাঁধা যায়, দোকা, মাল্য।

দামড়া, (দেশজ) ণ, বণ্ড, মুক্তবণ্ড।

দামড়ী, (দেশজ) ষ্য, পাঁচ গণ্ডা।

দামন, ষ্য, ন, রজ্জু, বস্ত্রের অঞ্চল।

দামনপর্ব্ব, ষ্য, ন, দমনভঞ্জ তিথি, চৈত্র শুক্ল চতুর্দ্দশী।

দামলিপ্ত, (তাম্রলিপ্ত দেখ, ৮—ম) ষ্য, ন, তমলুক।

দামাঞ্চন, (দামা+অঞ্চন=শেষ) ষ্য, ন, ঘোটকাদির পাদবন্ধনরজ্জু।

দামামা, (দেশজ) ষ্য, বৃহৎঢক্কা, বাদ্যযন্ত্রবিশেষ।

দামোদর, (দামন=রজ্জু+উদর=পেট, ৬.ষ্ঠ) ষ্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু, যশোদা ইহাঁকে রজ্জু দিয়া বন্ধন করিয়াছিলেন, কিন্তু তাহা নিষ্ফল হইয়াছিল। [ষ্য, ন, পরিণীতাবস্থা।

দাম্পত্য, (দম্পতী=স্ত্রী পুরুষ+য)

দাম্পত্যপ্রণয়—স্বামী এবং পরিণীতা স্ত্রীর পরস্পর প্রণয়।

দাম্ভিক, (দম্ভ+ষ্ণিক প্রাগ্বাট) ণ, ত্রি, ধূর্ত্ত, অহঙ্কারী। ষ্য, পুং, পক্ষীবিশেষ, বক।

দায়, (দা=দানকরা, ছেদনকরা+ঘঞ্, য—আগম) ষ্য, পুং, পৈতৃকধন, উত্তরাধিকারিতাসূত্রে যে ধনে অধিকার জন্মে, বিভাজ্যবস্তু, পূর্ব্ব স্বামির স্বামিত্ব নাশানন্তর সম্বন্ধাধীন যে দ্রব্যে স্বত্ব হয়, তাহাতেই দায় শব্দ প্রয়োগ করা যায়, ধন, দান, যৌতুকাদি দান। (দো=ছেদনকরা+ঘঞ্) ছেদন, ভাগ, ক্ষতি, নাশ। (দৈপ=শুদ্ধকরা+ঘঞ্) শোধন, জল।

দায়ক, (দা=দানকরা+ণক—ঘ) ণ, ত্রি, কতিপুরক, দাতা।

দায়বন্ধু, (দায়=পৈতৃকধন+বন্ধু) ব্য, পুং, ভ্রাতা।
দায়ভাগ, (দায়=পৈতৃকধন+ভাগ =অংশ, ৬-ষ) ব্য, পুং, পৈতৃকধন বিভাগ, গ্রন্থবিশেষ।
দায়াদ, (দায়=পৈতৃকধন+আদ =যে গ্রহণকরে, বা ভক্ষণ করে ২-য) ব্য, পুং, দী—স্ত্রী, পুত্র, কন্যা, জ্ঞাতি, উত্তরাধিকারী, সপিণ্ড, ধনাধিকারী।
দায়ী, (দায়িন্. দা=দানকরা+ণিন্—য) ণ, ত্রি, দাতা, ক্ষতিপূরক।
দার, (দৃ=[বিদারণকরা] লওয়া+ ঘঞ্) ব্য, পুং, বহুং, যে স্বামীকে গ্রহণকরে অথবা যে স্বামীর ভ্রাতৃ-স্নেহ বিদারণ করে, ভার্য্যা, পত্নী।
দারক, (দৃ=বিদারণ করা+ণক= য) ব্য, পুং, শিশু, পুত্র, কৃষ্ণের সারথি, দারুক। ণ, ত্রি, ভেদকর্ত্তা, বিদারণকারক। রিকা—স্ত্রী, কন্যা।
দারকর্ম্ম, (দার+কর্ম্মন্, ৪-স) ব্য, ন, বিবাহ, পরিণয়।
দারণ, (দৃ=বিদারণকরা+অনট্— ভাব) ব্য, ন, বিদীর্ণকরণ, বিদারণ, কাটন। ণ, ত্রি, বিদারক।
দারদ, (দরদ্=দেশইত্যাদি+ষ্ণ— ভবার্থে) ব্য, পুং, বিষবিশেষ, হিঙ্গুল, পারদ, পারা, সমুদ্র। ণ, ত্রি, দরদ্সম্বন্ধীয়।
দারপরিগ্রহ, (দার+পরিগ্রহ= গ্রহণ) ব্য, পুং, স্ত্রীগ্রহণ, বিবাহ।
দারব, (দারু+ষ্ণ) ণ, ত্রি, কাষ্ঠ- নির্ম্মিত, দারুময়।
দারি, (দৃ+ই—ভাব) ব্য, স্ত্রী, বিদারণ, বিদীর্ণকরণ।
দারিত, (দৃ+ক্ত—ট) ণ, ত্রি, ভেদিত, বিদারিত।
দারিদ্র, দারিদ্র্য, (দরিদ্র+ষ্ণ, ষ্ণ্য— ভাবে) ব্য, ন, নির্ধনতা, দৈন্য, অকিঞ্চনত্ব।
দারু, (দৃ=বিদীর্ণহওয়া+উ) ব্য পুং—ন, কাষ্ঠবিশেষ। ন, দেবদারু বৃক্ষ, পিত্তল। ণ, ত্রি, বিদারক, শিল্পী। (দা=দানকরা+রু—য, শীলাদ্যর্থে) দাতা, দানশীল। (দো=ছেদনকরা+রু) ছেদক। (দৈপ্=শুদ্ধকরা+রু) শোধক।
দারুক, (দৃ=[শক্র] বিদীর্ণকরা+ উ, ক—যোগ) ব্য, পুং, দেবদারু বৃক্ষ, কৃষ্ণের সারথি। ন, কাষ্ঠ। কা —স্ত্রী, কাষ্ঠপুত্তলি, কাঠের পুতুল।
দারুকদলী, ব্য, স্ত্রী, বনকদলী, বন- কলা।
দারুগর্ভা, (দারু=কাষ্ঠ+গর্ভ=উৎ- পত্তিস্থান) ব্য, স্ত্রী, কাষ্ঠপুত্তলী।
দারুচিনি, (দেশজ) ব্য, মিষ্ট ত্বক- বিশেষ।
দারুজ, (দারু=কাষ্ঠ+জ=উৎপন্ন) ণ, ত্রি, যাহা কাষ্ঠ হইতে উৎপন্ন হইয়াছে, কাষ্ঠনির্ম্মিত। ব্য, পুং, বাদ্যবিশেষ, মর্দ্দলবাদ্য।
দারুণ, (দৃ+উন) ণ, ত্রি, ক্রূর, ঘোর, ভয়ানক, কঠিন, কঠোর, উৎকট, দুঃসহ, উগ্র, কর্কশ, "অহো দারুণো দৈবনির্ঘাতঃ" উত্তরচরিত।
দারুনিশা, ব্য, স্ত্রী, দারুহরিদ্রা।
দারুময়, (দারু+ময়ট্) ণ, ত্রি, কাষ্ঠ- নির্ম্মিত।
দারুসার, (দারু+সার=শ্রেষ্ঠ) ব্য, ন, যে কাষ্ঠের মধ্যে শ্রেষ্ঠ, চন্দন কাষ্ঠ।
দারুহরিদ্রা, ব্য, স্ত্রী, স্বনামখ্যাত [বৃক্ষবিশেষ।
দারুহস্তক, (দারু=কাষ্ঠ+হস্ত=হাত +ক—সাদৃশ্যার্থে) ব্য, পুং, কাঠের হাতা।
দার্ঢ্য, (দৃঢ়+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, [ঐশ্বর্য্য, কাঠিন্য, দৃঢ়তা।
দার্দ্দুর, (দর্দ্দুর=পর্ব্বত ইত্যাদি+ষ্ণ) [illegible] লাক্ষা, লা, জৌ, জল, দক্ষি-

শাবর্ত্ত শব্দ।
দার্ব্বট, (দারু=কাষ্ঠবিশেষ+অট্=গমনকরা, হওয়া+অ) ষ্য, ন, মন্ত্রভবন, মন্ত্রণা করিবার গৃহ, চিন্তা-গৃহ। [পুং, ময়ূর।
দার্ব্বণ্ড, (দারু=কাষ্ঠ+অণ্ড) ষ্য.
দার্ব্বাঘাট, দার্ব্বাঘাত, (দারু=কাষ্ঠ+আ+হন্ [বধকরা] আঘাতকরা+ন; হ=ঘ, ন=ট) ষ্য, পুং, যে দারু আঘাত করে, কাঠঠোকরাপাখী।
দার্ব্বিকা, ষ্য, স্ত্রী, কাথোদ্ভব তুথ।
দার্ব্বী, (দৃ=[রোগ] বিদারণ করা+ব) ষ্য, স্ত্রী, দেবদারুবৃক্ষ, দারু-হরিদ্রা।
দার্শনিক, (দর্শন+ষ্ণিক—জ্ঞানার্থে) ণ, ত্রি, দর্শনশাস্ত্রবেত্তা, দর্শনশাস্ত্র-সম্বন্ধীয়। [নির্ম্মিত।
দার্ষদ, (দৃষদ+ষ্ণ) ণ, ত্রি, প্রস্তর-
দাল, দালি, (দ্বিদলশব্দজ) ষ্য, মাস, মুগ প্রভৃতি কলাই।
দালচিনী, (দেশজ) ষ্য, প্রসিদ্ধ মশলা বিশেষ, দারুচিনী।
দালব, (দলি=ভেদকরান, ছিন্নভিন্ন করান+ঘঞ্, ব—যোগ) ষ্য, পুং, বিষবিশেষ।
দালান, (দেশজ) ষ্য, চণ্ডীমণ্ডপ, প্রশস্ত গৃহ, দারোপান্তে বৃহৎ গৃহ।
দাল, (দ্বিদলশব্দজ) ষ্য, দ্বিদল।
দালাল, (যাবনিক) ষ্য, ক্রয় বিক্রয়ের ঘটক।
দালী, ষ্য, স্ত্রী, দেবদারু। [বিশেষ।
দালভ্য, ষ্য, পুং, স্বনাম প্রসিদ্ধ মুনি-
দাল্মি, (দল=[পর্ব্বত] বিদারণ-করা+মি) ষ্য, পুং, ইন্দ্র, দেবরাজ, দেবরাজ বজ্র দ্বারা সমস্ত পর্ব্বতের পক্ষচ্ছেদন করিয়াছিলেন বলিয়া ইঁহার নাম দাল্মি হইয়াছে।
দাব, (দব দেখ) ষ্য, পুং, দাবানল, বনাগ্নি, অগ্নি, তাপ, বন।
দাবাগ্নি, দাবানল, (দাব=অরণ্য+অগ্নি, অনল=আগুন) ষ্য, পুং, কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণদ্বারা বনমধ্যে যে অগ্নি উৎপন্ন হয়, বনোদ্ভব অগ্নি।
দেবচ্ছন্দ, (দেব+ছন্দ্=আচ্ছাদনকরা +ঘঞ্) ব্য, পুং, হারবিশেষ, শতযষ্টিক হার।

দেবজগ্ধ, (দেব+জগ্ধ=ভক্ষিত) ব্য, ন, যাহা দেবতা কর্ত্তৃক ভক্ষিত, সুগন্ধি তৃণ বিশেষ, কত্তৃণ।

দেবট, (দিব্=ক্রীড়াকরা+অটন্) ণ, ত্রি, শিল্পী, শিল্পকর।

দেবট্টী, ব্য, স্ত্রী, গাংচিল।

দেবতরু, (দেব=দেবতা+তরু=বৃক্ষ ; ৬-ষ) ব্য, পুং, মন্দার, পারিজাত, সন্তান, কল্পবৃক্ষ, হরিচন্দন, যজ্ঞডুম্বুর বৃক্ষ, অশ্বত্থ বট প্রভৃতি প্রাচীন চৈত্যবৃক্ষ।

দেবতা, (দেব=ক্রীড়া+তন্=বিস্তারকরা+ড, আ ; যাঁহারা ক্রীড়া বিস্তার করেন ; ২য়া-ষ। কিম্বা দেব+তা-স্বার্থে) ব্য, স্ত্রী, অমর, সুর, দেব, দেবত্ব।

দেবতাড়, (দেব+তড়=আঘাতকরা +অ) ব্য, পুং, লতাবিশেষ, ঘোষকলতা,রাহু, অগ্নি, বৃক্ষবিশেষ।

দেবতাধিপ, (দেবতা+অধিপ=প্রধান রাজা) ব্য, পুং, দেবরাজ, ইন্দ্র।

দেবতীর্থ, (দেব+তীর্থ=পুণ্যস্থান) ব্য, ন, অঙ্গুলীর অগ্রভাগ, ইহা অতি পবিত্র এবং ইহা দ্বারা দেবকার্য্যাদি সাধন করা যায় বলিয়া ইহাকে দেবতীর্থ বলা যায়।

দেবত্ব, (দেব+ত্ব—ভাবে) ব্য, ন, দেবতার ধর্ম্ম, গুণ বা অবস্থা ; দেবভাব।

দেবত্র, দেবোত্তর (দেব+ত্রৈ=পালনকরা+ড—ষ। দেব+উত্তর =যোগ্য ; ৬-ষ) ণ, ত্রি, দেবতার সেবার্থ ভূমি প্রভৃতি।

দেবদত্ত, (দেব+দত্ত ; ৪-ষ+৩-ষ) ণ, ত্রি, দেবতাকে যাহা দেওয়া হইয়াছে, দেবতা কর্ত্তৃক যাহা দত্ত হইয়াছে। ব্য, পুং, অর্জ্জুনের শঙ্খ, বুদ্ধানুজ, শরীরবাহী পঞ্চ বায়ুর অতিরিক্ত বায়ুবিশেষ, প্রাণবায়ু।

দেবদারু, (দেব—ইন্দ্র+দারু=কাষ্ঠ; ৬ষ) ষ্য, পুং, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ।

দেবদালিকা, ষ্য, স্ত্রী, মহাকাল।

দেবদাসী, ষ্য, স্ত্রী, স্বর্বেশ্যা, অপ্সরা, বেশ্যা, বনবীজপুর।

দেবদাসী, (দেব+দাসী=ভৃত্যা; ৬-ষ) ষ্য, স্ত্রী, দেবালয়ের নর্ত্তকী, বেশ্যা।

দেবদীপ, (দেব=ইন্দ্রিয়+দীপ=প্রদীপ) ষ্য, পুং, লোচন, চক্ষুঃ।

দেবদূত, ষ্য, পুং, পবন।

দেবদুন্দুভি, ষ্য, পুং, দেবতাদিগের দুন্দুভি বাদ্য, বনতুলসী।

দেবদেব, (দেব+দেব; ৬-ষ) ষ্য, পুং, ব্রহ্মা, শিব, দেবশ্রেষ্ঠ।

দেবদ্রোণী, (দেব=দেবতা+দ্রুণ=গমনকরা+ঘঞ্; ঈপ্—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, সমারোহ পূর্ব্বক প্রতিমাদির সহিত যাত্রা।

দেবদ্র্যঙ্, (দেবদ্র্যন্চ্, দেব+অন্চ=পূজাকরা+কিপ্—ম; দ্রি—আগম; ২ ষ) ষ্য, পুং, যে দেবতাকে পূজা করে, দেবোপাসক, যেব্যক্তি ভক্তি পূর্ব্বক দেবতার সমীপে যায়, দেবসমীপগন্তা। [প্রসিদ্ধ দেধান।

দেবধান্য, ষ্য, ন, ধান্য বিশেষ,

দেবধূপ, (দেব=দেবতা+ধূপ=গন্ধদ্রব্যবিশেষ) ষ্য, পুং, গুগগুল।

দেবন্, (দিব=ক্রীড়া করা+অন্) ষ্য, পুং, স্বামীর ভ্রাতা, দেবর, ভ্রাতৃশ্বশুর।

দেবন, (দিব্=ক্রীড়াকরা ইত্যাদি+অন—ভাব, ডে) ষ্য, ন, ক্রীড়া, প্রশংসা, জিগীষা, দীপ্তি, স্তুতি, ক্রীড়াস্থান, ব্যবহার, কার্য্য, আজীব, জীবনোপায়, দ্যূতক্রীড়া, পাশক্রীড়াদি, সৌন্দর্য্য, আলোক, গতি, দুঃখ, উদ্যান, উপবন, পদ্ম। পুং, পাশক, পাশা। না—স্ত্রী, সেবা, চাকরী। [স্ত্রী, নদী।

দেবনদী, (দেব+নদী; ৬ষ) ষ্য,

দেবনন্দী, (দেবনন্দিন্, দেব—দেবতা+নন্দিন্—যে সন্তুষ্ট করে) ষ্য, পুং, ইন্দ্রের দ্বারপাল।

দেবনায়ক, ষ্য, পুং, যে ব্যক্তি সমস্ত লোকদিগকে অতিক্রম করিয়াছে, জনাতিগ, অতিমানুষ, যে নরকে বাস করে, নরকবাসী।

দেবনিকায়, (দেব+নিকায়=বাসস্থান) ষ্য, পুং, দেবতাদিগের বাসস্থান, স্বর্গ।

দেবনিন্দা, (দেব+নিন্দা=অপবাদ) ষ্য, স্ত্রী, দেবতাদিগের প্রতি অমান্য প্রদর্শন, দেবকুৎসা, নাস্তিকতা।

দেবপত্নী, (দেব+পত্নী=ভার্য্যা) ষ্য, স্ত্রী, দেবদারা, দেবতাদিগের স্ত্রী, মধ্বালুক, মৌ আলু।

দেবপথ, (দেব=দেবতা+পথ [পথিন্‌শব্দজ]=রাস্তা; ৬-ষ) ষ্য, পুং, আকাশপথ, ছায়াপথ, স্বর্গ।

দেবপর, (দেব=ক্রীড়া+পর=তৎপর, আসক্ত) ণ, ত্রি, ক্রীড়া তৎপর, যে সর্ব্বদা ক্রীড়া করে, অবশ্যম্ভাবী, ভবিষ্যতে যাহা অবশ্যই ঘটিবে।

দেবপুত্রিকা, ষ্য, স্ত্রী, দেবকন্যা। স্ত্রী, পুত্রা।

দেবপুরী, (দেব=দেবতা+পুরী=নগরী) ষ্য, স্ত্রী, ইন্দ্রপুরী, অমরাবতী।

দেবপ্রসন্ন, দৈবপ্রশ্ন, (দেব=দেবতা, দৈব=ভাগ্য ইত্যাদি+প্রশ্ন=জিজ্ঞাসা) ষ্য, পুং, গ্রহনক্ষত্রাদির গতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নির্ণয়।

দেবব্রহ্মা, (দেব+দেবতা, ঋষি+ব্রহ্মন্=ব্রহ্মা) ষ্য, পুং, যিনি ঋষিদিগের মধ্যে ব্রহ্মার স্বরূপ, ঋষিবিশেষ, দেবর্ষি নারদ।

দেবভবন, (দেব+ভবন=বাসস্থান;

৬-ষ) ব্য, ন, অশ্বথ বৃক্ষ, স্বর্গ, দেবা-লয়।

দেবভাষিত,—তা, (দেব+ভাষিত=[ভাষ=বলা+ক্ত—ভাব] বাক্য) দেববাক্য, দৈববাণী, আকাশবাণী।

দেবভূ, (দেব=স্বর্গীয়, দেবতা+ভূ=জীব, হওন, বাসস্থান) ব্য, পুং, দেবতা, স্বর্গ।

দেবভূতি, (দেব=দেবতা+ভূতি=হওন, বাসস্থান) ব্য, স্ত্রী, মন্দাকিনী, স্বর্গগঙ্গা।

দেবভূয়, (দেব+ভূয়=হওন) ব্য, ন, দেবত্ব,দেবসাযুজ্য, আপনাকে দেবতার তুল্য মনে করা।

দেবমঞ্জর, (দেব=দেবতা, শ্রীকৃষ্ণ+মঞ্জর=মুক্তা) ব্য, ন, কৌস্তুভমণি।

দেবমণি, (দেব+মণি=রত্ন; ৬-ষ) ব্য, পুং, শিব, কৃষ্ণের মণি, কৌস্তুভ, অশ্বরোমাবর্ত্ত, ঘোটকের গলদেশে রোমাবলীকৃত আবর্ত্ত।

দেবমাতা, (দেব+মাতৃ=মা ; ৬-ষ) ব্য, স্ত্রী, অদিতি, কশ্যপপত্নী।

দেবমাতৃক, (দেব=ইন্দ্র, মেঘ+মাতৃ+কণ)ণ, ত্রি, ইন্দ্র যাহার মাতা, অর্থাৎ ইন্দ্র বৃষ্টিবর্ষণ দ্বারা যে শস্যাদির উৎপাদন এবং পুষ্টি সাধন করেন, বৃষ্টিজলসিক্ত,বৃষ্টিজলবর্দ্ধিত।

দেবমানক, (দেব=দেবতা+মান=আদর+কণ) ব্য, পুং, কৌস্তুভমণি।

দেবমাস, (দেব=স্বর্গীয়+মাস) ব্য, পুং, গর্ভের অষ্টম মাস, মনুষ্যদের ত্রিশ বৎসর।

দেবযজি, (দেব+যজি=যে পূজা করে ; ২-ষ) ব্য, পুং, দেবপূজক, মুনি, ঋষি।

দেবযাত্রা, (দেব=দেবতা+যাত্রা=গমন) ব্য, স্ত্রী, দুর্গোৎসবাদিকালে সমারোহ পূর্ব্বক প্রতিমার সহিত যাত্রা।

দেবযান, (দেব+যান=রথাদি ; ৬-ষ) ব্য, ন, দেবরথ, ব্যোমযান।

দেবযানি, দেবযানী, (দেবযান+ই,ঈ) ব্য, স্ত্রী, শুক্রাচার্য্যের কন্যা, যযাতি রাজার পত্নী।

দেবযু, (দেব=দেবতা+যা=গমন করা+কু) ব্য, পুং, দেবতা। ণ, ত্রি, ধার্ম্মিক, সৎপথাবলম্বী, যে মহোৎসবাদি দর্শনার্থ তীর্থাদিতে গমন করে। ব্য, পুং, দেবতা।

দেবযোনি, (দেব+যোনি=উৎপত্তিস্থান ; ৬-হ) ব্য, পুং, উপদেবতা, ভূতাদি।

দেবর, (দেব=ক্রীড়াকরা ইত্যাদি+অর—সংজ্ঞার্থে) ব্য, পুং, পতির কনিষ্ঠ ভ্রাতা।

দেবরথ, (দেব=দেবতা+রথ) ব্য, পুং, দেবযান, ব্যোমযান।

দেবরাজ, দেবরাজ, (দেব+রাজ্=দীপ্তি পাওয়া+কিপ—ষ। দেব+রাজ, রাজন্‌শব্দজ ; ৬-ষ) ব্য, পুং, ইন্দ্র।

দেবরাত, (দেব+রা=দানকরা+ত) ব্য, পুং, পরিক্ষিৎ, অর্জ্জুনের পৌত্র, সারসপক্ষীবিশেষ।

দেবর্ষি, (দেব+ঋষি) ব্য, পুং, স্বর্গীয় ঋষি, নারদ, অত্রি, মরীচি, ভরদ্বাজ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ,প্রচেতাঃ, এই দশ ঋষি ; ভরত, তুম্বুর কণাদ প্রভৃতিকেও কখন কখন দেবর্ষি বলা যায়।

দেবল, (দেব+লা=গ্রহণ করা+ক—ষ ; ২-ষ) ব্য, পুং, যে জীবিকা জন্য দেবতাকে গ্রহণ করে, দেবপূজোপজীবী, পূজারিব্রাহ্মণ, ধার্ম্মিক, নারদ, দেবর, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ, অষ্টাবক্র মুনি।

[illegible], (দেব=স্বর্গীয়+লতা) ব্য,

স্ত্রী, পুষ্পবিশেষ,নবমল্লিকা। [ঝিন্টী।
দেবলাঙ্গুলিকা, ব্য, স্ত্রী, বৃশ্চিকালী,
দেবলোক, (দেব+লোক=ভুবন;৬-ষ) ব্য, পুং, স্বর্গ, ভূরাদি সপ্তলোক, দেবতাবিশেষের আবাসস্থান, বৈকুণ্ঠাদি।
দেববক্ত্র, (দেব=দেবতা+বক্ত্র=মুখ; ৬-ষ) ব্য, পুং, অগ্নি, হোমকালে দেবতাদিগের নাম উচ্চারণ পূর্ব্বক ঘৃতাদি অগ্নিতে নিক্ষেপ করিলেই দেবতারা পাইয়া থাকেন, এই নিমিত্ত অগ্নি দেবতাদিগের মুখ স্বরূপ।
দেববর, (দেব+বর=শ্রেষ্ঠ, অভীপ্সিত) ব্য, পুং, শ্রেষ্ঠ দেবতা, ইন্দ্রাদি। ন, দেবতা কর্ত্তৃক দত্ত, অভীপ্সিত।
দেববর্দ্ধকি, (দেব=দেবতা+বর্দ্ধকি=সূত্রধর; ৬-ষ) ব্য, পুং, বিশ্বকর্ম্মা।
দেববল্লভ, ব্য, পুং, পুন্নাগবৃক্ষ।
দেববাণী, ব্য, স্ত্রী, সংস্কৃত ভাষা, দেববাক্য।
দেববৃক্ষ, (দেব+বৃক্ষ) ব্য, পুং, সপ্তপর্ণ বৃক্ষ, মন্দারবৃক্ষ, গুগ্‌গুল।
দেবব্রত, (দেব=ইন্দ্রিয়সংযম+ব্রত; ৬-ষ) ব্য, পুং, গাঙ্গেয়, ভীষ্ম, দেবোপাসক। ন, দৈবকর্ম্ম।
দেবশ্রুত, (দেব=স্বর্গীয়+শ্রুত) ব্য, পুং, ঈশ্বর, শাস্ত্র, নারদমুনি।
দেবশ্রেণী, ব্য, স্ত্রী, মূর্ব্বা।
দেবসভ্য, (দেব=ক্রীড়া+সভা+য—যোগ্যার্থে) ব্য, পুং, সভিক, যে প্রায়ই সভাতে গমন করে, দ্যূতক্রীড়ক, দেবতানুচর, যে দেবতার পরিচর্য্যাদিকার্য্যে নিযুক্ত থাকে।
দেবসর্প, ব্য, পুং, বৃক্ষবিশেষ, বদর, রক্তমূলক, সূক্ষ্মদল।
দেবসর্ষপ, ব্য, পুং, বৃক্ষবিশেষ।
দেবসাৎ, (দেব+সাৎ) ব্য, দেব[illegible] দেবায়ত্ত।
দেবসাৎকৃত, ণ,ত্রি, দেবতার উদ্দেশে দত্ত, দেবসেবার নিয়োজিত।
দেবসাযুজ্য, (দেব+সযুজ [সহ+যুজ=যোগ করা+ক্বিপ]=যুক্ত+ষ্ণ্য—ভাবে; ৬-ষ) ব্য, ন, দেবত্ব, দেবত্বপ্রাপ্তি, দেবসাদৃশ্য, দেবসহযোগ।
দেবসৃষ্টা, (দেব+সৃষ্ট=নির্ম্মিত, যাহা দেবতা কর্ত্তৃক সৃষ্ট হইয়াছে; ৩-ষ) ব্য, স্ত্রী, মদ্য, সুরা।
দেবসেনা, (দেব=ইন্দ্র বা অন্য কোন দেবতা+সেনা; ৬-ষ) ব্য, স্ত্রী, দেবসৈন্য, ইন্দ্রকন্যা, স্কন্দপত্নী।
দেবসেনাপতি, (দেবসেনা+পতি=অধ্যক্ষ,স্বামী; ৬-ষ) ব্য,পুং,কার্ত্তিকেয়
দেবস্থল, দেবস্থলী, ব্য, পুং,—স্ত্রী, দেবস্থান, দেবালয়।
দেবহিংসক, ব্য, পুং, অসুর, দানব।
দেবস্ব, (দেব=স্বর্গীয়+স্ব=ধন) ব্য, ন, দেবতার বস্তু দেবসেবার নিমিত্ত নিয়োজিত ধন বা বিষয়।
দেবহূ, ব্য, পুং, বাম কর্ণ।
দেবহূতি, ব্য, স্ত্রী,স্বায়ম্ভুব মনুর কন্যা।
দেবা, (দেবৃ, দিব্=ক্রীড়া করা+ঋ—সংজ্ঞার্থে) ব্য, পুং, দেবর, পতির কনিষ্ঠভ্রাতা।
দেবাজীব, দেবাজীবী, (দেব+আজীব, আজীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) ব্য, পুং, দেবল, পূজারীব্রাহ্মণ।
দেবাট, ব্য, পুং, হরিহর ক্ষেত্র।
দেবাত্মা,(দেব+আত্মন্=স্বয়ং, আত্মা) ণ, ত্রি, দেবতাস্বরূপ, ঈশ্বর সম্বন্ধীয়। ব্য, পুং, অশ্বত্থ বৃক্ষ।
দেবানাম্প্রিয়, (দেবানাম্=দেবতাদিগের+প্রিয়; অলুক সমাস) ব্য, পুং, ছাগ, জাল্ম, তাপস, জড়।
দেবাপি, ব্য, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, প্রতীপ রাজার পুত্র।
দেবাভীষ্ট,(দেব+অভীষ্ট=বাঞ্ছনীয়;

৬-ষ) ণ, ত্রি, পবিত্র, দেবযুক্ত।
দেবায়তন, (দেব+আয়তন=বাসস্থান) ব্য, ন, দেবতার আলয়স্থান।
দেবায়ুধ, (দেব+আয়ুধ=শস্ত্র) ব্য, ন, দেবশস্ত্র, ইন্দ্রধনু।
দেবালয়, (দেব+আলয়=আশ্রয়স্থান) ব্য, পুং, স্বর্গ, দেবগৃহ, মন্দির প্রভৃতি, ঈশ্বরের উপাসনা গৃহ।
দেবালা, (দেব=দেবতা+অল=ভূষিত করা+অ) ব্য, স্ত্রী, রাগিণীবিশেষ।
দেবাশ্ব, (দেব=[ইন্দ্র] দেবতা+অশ্ব) ব্য, পুং, উচ্চৈঃশ্রবাঃ, ইন্দ্রের ঘোটক।
দৈবিক, (দেব+ইক—ইদমর্থে) ণ, ত্রি, দেবসম্বন্ধীয়। কা—স্ত্রী, সরযূনদী, ধুস্তূর, ধুতুরা।
দেবিল, (দেব+ইল) ণ, ত্রি, দেবপরায়ণ, ধার্ম্মিক।
দেবেজ্য, (দেব=সুর+ইজ্য=গুরু, আচার্য্য) ব্য, পুং, দেবগুরু, বৃহস্পতি। [পুং, শিব। শী—স্ত্রী, দুর্গা।
দেবেশ, (দেব+ঈশ=প্রভু; ৬-ষ) ব্য,
দেবেষ্ট, (দেব=দেবতা+ইষ্ট=অভিলষিত; ৬-ষ) ণ, ত্রি, দেবতাদিগের অভীষ্ট, দেববাঞ্ছিত। ব্য, পুং, মহামেদা, গুগ্গুল।
দেশ, (দিশ=বলা+ঘঞ্) ব্য, পুং, পৃথিবীর অংশবিশেষ, রাজ্য, পৃথিবীর যে অংশে একজাতীয় ও এক ভাষাভাষী লোকেরা বাস করিয়া থাকে, অংশ, ভাগ, যথা—নিম্নদেশ, পৃষ্ঠদেশ।
দেশক, (দিশ=অনুমতি করা+ণক) ব্য, পুং, শাসনকর্ত্তা, উপদেষ্টা।
দেশকারী, ব্য, স্ত্রী, রাগিণীবিশেষ।
দেশকালজ্ঞ, দেশকালবিদ, (দেশ+কাল=সময়+জ্ঞ, বিদ্=যে জানে) ণ, ত্রি, যে দেশ ও কাল বুঝিয়া কার্য্য করে। [দেশাচার।
দেশধর্ম্ম, ব্য, পুং, দেশের রীতিনীতি,
দেশময়, (দেশ+ময়ট্) ণ, ত্রি, দেশব্যাপ্ত, দেশাবচ্ছিন্ন।
দেশবিধান, ব্য, ন, দেশীয় লোকদিগের লৌকিক আচরণবিষয়ক নিয়মাবলী।
দেশরূপ, ব্য, ন, ন্যায়, ঔচিত্য।
দেশাচার, (দেশ+আচার=আচরণ) ব্য, পুং, দেশের রীতি, দেশব্যবহার।
দেশাধিপ, দেশাধিপতি, (দেশ+অধিপ, অধিপতি; ৬-ষ) ব্য, পুং, দেশের শাসনকর্ত্তা, রাজা।
দেশান্তর, (দেশ+অন্তর=অন্য; কর্ম্মধা) ব্য, ন, অন্যদেশ, দূরদেশ।
দেশিক, (দেশ+ইক) ব্য, পুং, পথিক, পান্থ, গুরু।
দেশিনী, (দিশ=বলা, দেখাইয়া দেওয়া+ইন্, ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, তর্জ্জনী অঙ্গুলি। [রাগের ভার্য্যা।
দেশী, ব্য, স্ত্রী, রাগিণী বিশেষ, দীপক,
দেশীয়, দেশী, (দেশ+ঈয়, ইন্—ভবার্থে) ণ, ত্রি, দেশজাত, দেশ সম্বন্ধীয়।
দেশ্য, (দিশ=বলা, অনুমতি করা+ঘ্যণ্) ব্য, ন, পূর্ব্বপক্ষ। (দেশ+য্য—ভবার্থে) ণ, ত্রি, দেশীয়।
দেষ্ণু, (দা=দানকরা+ইষ্ণু—ষ, শীলার্থে) ণ, ত্রি, দাতা, দুর্দ্দান্ত। ব্য, পুং, রজক।
দেহ, (দিহ্=লেপনকরা, একত্রকরা+ঘঞ্) ব্য, পুং—ন, শরীর, অঙ্গ। পুং, লেপন।
দেহকোষ, (দেহ=শরীর+কোষ=খাপ, আচ্ছাদন) ব্য, পুং, পক্ষ, পাখা, শরীরের চর্ম্ম।
দেহক্ষয়, ব্য, ন, রোগ, পীড়া।
[illegible] ব্য, ন, শারীরস্থান।

দেহত্যাগ, (দেহ+ত্যাগ ; ৬-ষ) ষ্য, পুং, আত্মার দেহ ছাড়িয়া যাওয়া, মৃত্যু।

দেহদ, (দেহ+দ=যে দান করে) ষ্য, পুং, পারদ, পারা। ণ, ত্রি শরীরদাতা।

দেহধারক, (দেহ=শরীর+ধারক=যে ধারণ করে) ষ্য, ন, অস্থি, হাড়।

দেহধি, (দেহ=শরীর+ধা=ধারণ করা+কি) ষ্য, পুং, পক্ষ।

দেহযুক্ (দেহ=শরীর+যুজ্ =গমন করা+ক্বিপ্) ষ্য, পুং, বায়ু।

দেহপাত, (দেহ+পাত=পতন; ৬-ষ) ষ্য, পুং, দেহের পতন, মৃত্যু।

দেহভৃৎ, (দেহ+ভৃৎ=যে ধারণ করে; ২-ষ) ষ্য, পুং, জীব, জন্তু, আত্মা।

দেহযাত্রা, (দেহ=শরীর+যাত্রা=[যাহাতে বা যাহা দ্বারা] গমন) ষ্য, স্ত্রী, যাহা দ্বারা শরীর ধারণ হয়, প্রাণধারণের উপযোগী ব্যাপার, ভোজন, মৃত্যু।

দেহলা, (দেহ=শরীর+লা=আক্রমণকরা+ড, আপ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, মদ্য, মদ।

দেহলি, দেহলী, (দেহ=প্রবেশদেশ +লা=গ্রহণ করা+কি, ঙীপ্—স্ত্রীলিঙ্গে। যে প্রবেশদেশ গ্রহণ করে; ২য়া-ষ) ষ্য, স্ত্রী, হাতিনা, দ্বারাগ্রস্থান, চৌকাটের অধঃস্থ বা উপরিস্থ ফলক।

দেহসার, (দেহ+সার=সারাংশ ;৬-ষ) ষ্য, পুং, মজ্জা, অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহবিশেষ।

দেহাত্মবাদী, (দেহ+আত্মন্=আত্মা +বাদিন=যে বলে) ষ্য, পুং, দেহ ও আত্মা এক এই যে বলে, চার্ব্বাক, যাহাদের মতে দেহই আত্মা।

দেহান্তর, (দেহ+অন্তর=অন্য ; কর্ম্মধা) ষ্য, ন, অন্যদেহ, শরীরান্তর।

দেহিকা, (দেহ=শরীর+ক—ক্ষুদ্রার্থে +আপ্) ষ্য, কীটবিশেষ।

দেহী, (দেহ=শরীর+ইন—অস্ত্যর্থে) ণ, ত্রি, যাহার দেহ আছে, শরীরী, প্রাণী। ষ্য, পুং, শরীরের অধিষ্ঠাতা, জীব, আত্মা। [বিশেষ

দৈ, (দধিশব্দজ) ষ্য, দুগ্ধবিকার-

দৈতেয়, দৈত্য, (দিতি+ঢেয়, য—অপত্যার্থে) ষ্য, পুং, দিতিপুত্র, অসুর। [পুং, শুক্রাচার্য্য।

দৈত্যগুরু, (দৈত্য+গুরু ; ৬-ষ) ষ্য,

দৈত্যদেব, (দৈত্য=অসুর+দেব=দেবতা) ষ্য, পুং, বায়ু, বরুণ।

দৈত্যনিসূদন, (দৈত্য+নিসূদন=যে বধ করে ; ২য়া-ষ) ষ্য, পুং, বিষ্ণু।

দৈত্যপুরোধাঃ, (দৈত্য+পুরোধস্=কুলপুরোহিত) ষ্য, পুং, শুক্রাচার্য্য।

দৈত্যমাতা, (দৈত্য+মাতা ; ৬-ষ) ষ্য, স্ত্রী, কশ্যপপত্নী, দিতি।

দৈত্যমেদজা, (দৈত্য+মেদ=অস্থির মজ্জা+জ=জাত) ষ্য, স্ত্রী, পৃথিবী, পৌরাণিকেরা বলিয়া থাকেন যে এই জগৎ মধুকৈটভ দৈত্যের দেহ হইতে উৎপন্ন হইয়াছে. গুগ্গুল।

দৈত্যা, ষ্য, স্ত্রী, মদ্য, দৈত্যপত্নী।

দৈত্যারি, (দৈত্য+অরি ; ৬-ষ) ষ্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু, দেবতা।

দৈন, (দীন+ষ্ণ—ভাবে) ষ্য, ন, দীনতা, দারিদ্র্য। (দিন+ষ্ণ—ভবার্থে) ণ, ত্রি, দিবসীয়, দিনভব, দৈনিক।

দৈনন্দিন, (দিন+দিন+ষ্ণ—ভবার্থে) ণ, ত্রি, প্রাত্যহিক, প্রতিদিবসীয়।

দৈনার, (দীনার+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, দীনার পরিমিত, স্বর্ণ মুদ্রাসম্বন্ধীয়।

দৈনিক, (দিন+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, প্রাত্যহিক, দিবসে যাহা ঘটে, এক দিনে যাহা নিষ্পন্ন করিতে

পাওয়া যায়, দিনসম্বন্ধীয়। কা—স্ত্রী, দিনভৃতি, একদিনের বেতন।

দৈন্ত, (দীন+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, দারিদ্র্য, কার্পণ্য, শোচনীয়তা।

দৈর্ঘ্য, (দীর্ঘ+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, দীর্ঘতা, লম্বপরিমাণ, একপ্রান্ত হইতে অপর প্রান্তপর্য্যন্ত বিস্তার।

দৈব, (দেব+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং, ন, ভাগ্য, অদৃষ্ট, অঙ্গুলির অগ্রভাগ-রূপ দেবতীর্থ। পুং, বিবাহবিশেষ। ণ, ত্রি, ভাগ্যজাত, দেবসম্বন্ধীয়, দেবকৃত, স্বর্গলোকসংক্রান্ত, অলৌকিক।

দৈবকর্ম্ম, (দৈব+কর্ম্মন্=কার্য্য) ব্য, ন, দেবোদ্দেশে যে সকল কর্ম্ম করা যায়, যজ্ঞাদি কর্ম্ম।

দৈবকীনন্দন, (দৈবকী+নন্দন ; ৬-ব) ব্য, পুং, কৃষ্ণ। [দৈবঘটনা।

দৈবগতি, ব্য, স্ত্রী, দৈবের গতি, দৈবগত্যা, ব্য, দৈবের গতিক্রমে, দৈববশতঃ, বিধিনির্ব্বন্ধানুসারে।

দৈবঘটনা, ব্য, স্ত্রী, অতর্কিত ঘটনা, অসম্ভাবিত ব্যাপার।

দৈবজ্ঞ, (দৈব=পূর্ব্বকৃত শুভাশুভ কর্ম্ম+জ্ঞ=যে জানে ; ২ ষ) ব্য, পুং, গণক, ভাগ্য কথয়িতা।

দৈবত, (দেবতা+ষ্ণ—স্বার্থে, বা সম্বন্ধার্থে) ব্য, পুং.—ন, দেবতা। ন, দেবসমূহ। ণ, ত্রি, দেবসম্বন্ধীয়।

দৈবতীর্থ, (দৈব=দেবসম্বন্ধীয+তীর্থ ক্ষেত্র, কর্ম্মধা। দেবতাদিগকে দৈবতীর্থ দ্বারা জলাদি দেওয়া যায়) ব্য, ন, অঙ্গুলি সকলের অগ্রভাগ।

দৈবদীপ, (দৈব+দীপ=প্রদীপ) ব্য, পুং, চক্ষুঃ, দেবতাসম্বন্ধী প্রদীপ।

দৈবদুর্ব্বিপাক, (দৈব+দুর্ব্বিপাক= প্রতিকূলতা) ব্য, পুং, দৈবের প্রতিকূলতা, ভাগ্যবিপর্য্যয়।

দৈববাণী, (দৈব+বাণী=বাক্য) ব্য, স্ত্রী, দেবতারা অলক্ষিত থাকিয়া যে আদেশবাণী বা উপদেশ বাক্য নির্দ্দেশ করেন, আকাশবাণী, অশরীরী কথা, সংস্কৃতভাষা।

দৈববিড়ম্বনা, ব্য, স্ত্রী, দৈবের প্রতিকূলতা, বিধিবিড়ম্বনা।

দৈবযুগ, ব্য, ন, দেবমানে ১২০০০ বর্ষ, মনুষ্য পরিমাণে চারিযুগ।

দৈবযোগ, ব্য, পুং, দৈবঘটনা। ক্রিং— ণ, দৈবের গতিক্রমে, দৈববশতঃ।

দৈবল, ণ, ত্রি, ভৌত, ভূতসেবক।

দৈবলেখক, (দৈব=ভাগ্য+লিখ= লেখা+ণক—ষ) ব্য, পুং, গণক, দৈবজ্ঞ।

দৈবাকরি, (দিবাকর=সূর্য্য+ই— অপত্যার্থে) ব্য, পুং, শনি, যম। রী— স্ত্রী, যমুনা।

দৈবাৎ, (দৈব+অত=গমন করা+ ক্বিপ) ব্য, অতর্কিতরূপে, অকস্মাৎ, হঠাৎ, দৈববশতঃ, মনুষ্যের ইচ্ছায় নয়। [দৈববাণী, প্রত্যাদেশ।

দৈবাদেশ, (দৈব+আদেশ) ব্য, পুং,

দৈবায়ত্ত, (দৈব+আয়ত্ত=অধীন ; ৬-ব) ণ, ত্রি, দৈবাধীন, যাহা মনুষ্যের অধীন নয়।

দৈবাহোরাত্র, (দৈব+অহন্=দিবস+ রাত্র=রাত্রিশব্দজ) ব্য, পুং, দেবতাদের একদিন, মনুষ্যদের এক বৎসর পরিমিতকাল।

দৈবিক, (দেব+ষ্ণিক—ইদমর্থে, ভবার্থে) ণ, ত্রি, দেবসম্বন্ধীয়, দৈবঘটিত।

দৈবী, (দেব+ষ্ণ—ইদমর্থে ; ঈপ) ব্য, স্ত্রী, দৈবঘটনা, দৈবযোগ, দেবসম্বন্ধিনী।

দৈবোপহত, (দৈব+উপহত=আহত) ণ, ত্রি, দৈব যাহার প্রতিকূল হইয়াছে, হতভাগ্য।

দৈব্য, (দেব+ষ্ণ্য—সম্বন্ধার্থে) ব্য,

ম, ভাগ্য, দৈব ; গ, ত্রি, দেবসম্বন্ধীয় ।
দৈশিক, (দেশ+ইক—সম্বন্ধার্থে) গ, ত্রি, দেশসম্বন্ধীয়, একদেশসংক্রান্ত ।
দৈষ্টিক, (দিষ্ট=ভাগ্য+ষ্ণিক—ইদমর্থে, কিম্বা দিষ্ট অর্থাৎ ভাগ্য আছে এই মতি যাহার, এই অর্থে দৈষ্টিক) গ, ত্রি, বস্তুবিষয়, যে কেবল ভাগ্যের উপর নির্ভর করে, ভাগ্যাধীনজাত ।
দৈহিক, (দেহ+ইক—ইদমর্থে) গ, ত্রি, দেহসম্বন্ধীয়, শারীরিক ।
দোঃশিখর, (দোস্=বাহু+শিখর=চূড়া ; ৬-ষ) ষ্য, ন, স্কন্ধ, কাঁধ ।
দোঃসহস্রভৃৎ, (দোস্=বাহু+সহস্র=হাজার+ভৃৎ=যে ধারণ করে,) ষ্য, পুং, যে সহস্র বাহু ধারণ করে, কার্ত্তবীর্য্যার্জ্জুন ।
দোক্তা, (দেশজ) ষ্য, তাম্রকূট পত্র ।
দোকান, (যবনভাষা) ষ্য, পণ্যশালা, পণ্যালয় ।
দোগ্ধা, (দুহ=দোহনকরা+তৃণ্-ঘ) ষ্য, পুং, বৎস, গোপাল, অর্থোপজীবি কবি । গ, ত্রি, দোহনকর্ত্তা ।
দোগ্ধ্রী, (দুহ্+তৃণ্—ট; ঈ-স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী. দোহনশীলা, দুগ্ধবতী ধেনু ।
দোদুল্যমান, (দুল্=[যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ দোলা+শান—ঘ) গ, ত্রি, যাহা অত্যন্ত দুলিতেছে, যাহা পুনঃ পুনঃ দোলায়মান হইতেছে ।
দোধ, (দুহ্=দোহনকরা+অ ; নিপাতন) ষ্য, পুং, গোবৎস, বাছুর ।
দোধক, ষ্য, পুং, একাদশাক্ষরচ্ছন্দোবিশেষ, যাহার ১ম ৪র্থ ৭ম ১০ম ১১শ বর্ণ গুরু, অবশিষ্ট লঘু ।
দোধূয়মান, (ধূ=[যঙ্লুগন্ত] পুনঃ পুনঃ কাঁপা+শান—ঘ) গ, ত্রি, অতিশয় কম্পনশীল, যাহা পুনঃ পুনঃ কম্পিত হইতেছে, ধুধুকারী ।
দোপাটী, (দেশজ) ষ্য, দুই বৃন্তবিশিষ্ট প্রসিদ্ধ পুষ্পবিশেষ ।
দোফলা, (দেশজ) গ, যে বৃক্ষে বৎসরে দুইবার ফল ধরে । [দেশজ ।
দোমালা, (দেশজ) গ, অর্দ্ধপক্ক দাড়ি ।
দোরক, ষ্য, পুং,—স্ত্রী, বীণাবন্ধনরজ্জু ।
দোর্গড়ু, (দোস্=বাহু+গড়ু=[কুব্জ, খঞ্জ]বক্র) গ, ত্রি, কুণ্ঠিতহস্ত, ঠুঁটো ।
দোর্গ্রহ, (দোস্=বাহু+গ্রহ=যে গ্রহণ বা ব্যবহার করে) গ, ত্রি, বলবান্ । ষ্য, পুং, হস্তগ্রহণ, হস্তের পীড়া ।
দোর্দণ্ড, (দোস্+দণ্ড=যষ্টি) ষ্য, পুং. বাহুরূপ দণ্ড, ভুজদণ্ড ।
দোর্মূল, (দোস্=বাহু+মূল) ষ্য, ন, বাহুমূল, কক্ষ ।
দোল, (দোলি=দোলা+অ—ভাব, ঘ) ষ্য, পুং, লা, লী—স্ত্রী, দোলন, দোলা, ডুলি, ঝুলি, ডোল, ধান্যাদি পাত্র ।
দোলক, (দোলি+অক—ঘ) ষ্য, পুং, সূক্ষ্মসূত্রাদিতে বদ্ধ দোলায়মান ভারী বস্তু (Pendulum.)
দোলন, (দোলি+অন—ভাব) ষ্য, ন, কম্পন, নড়াচড়া, ঝুলন, ইতস্ততশ্চলন । [আদি ।
দোলনা, (দেশজ) ষ্য, ঝুলিবার রজ্জু-
দোলায়মান, (দোলি=দোলা+শান—ঘ) গ, ত্রি, যাহা দুলিতেছে, সন্দিহান, সংশয়ারূঢ় ।
দোলিকা, (দোলা+ক—যোগ) ষ্য, স্ত্রী, দোলা, ঝুলন ।
দোষ, (দুষ্=দোষীহওয়া+ঘঞ্—ভাব) ষ্য, পুং, পাপ, অপরাধ, অনিষ্ট, কুকর্ম্ম, কলঙ্ক, ত্রুটি, নিয়মের অন্যথাভাব, কাব্যের অপকর্ষসাধক ধর্ম্মবিশেষ, ন্যায় শাস্ত্রে—রাগ দ্বেষ মোহ ; বাত পিত্ত কফাদির অন্যথাভাব ।[পুং, গোবৎস, বাছুর ।
দোষক, (দোষ+ক—যোগ) ষ্য,
দোষগ্রাহী, (দোষ+গ্রহ্=গ্রহণকরা

+ইন্—ণ) ণ, ত্রি, যে ব্যক্তি দোষ গ্রহণ করে, দুর্জন।

দোষজ্ঞ, (দোষ+জ্ঞ=যে জানে; বরা—ষ) ব্য, পুং, পণ্ডিত, চিকিৎসক। ত্রি, যে দোষ জানে।

দোষত্রয়, (দোষ+ত্রয়; ৬-ষ) ব্য, ন, বাত পিত্ত কফ এই তিন শরীর ধাতুর বিকৃতি, কোন তিন দোষের সমষ্টি।

দোষা, (দুষ্=বিকৃতহওয়া+ঘঞ্, আ) ব্য, স্ত্রী, রাত্রি। (দম্=দমনকরা+ডোস্,আ) বাহু। ব্য রাত্রিকালে, রাত্রির প্রারম্ভে।

দোষাকর, (দোষা+কর=কিরণ;৬.হা অথবা দোষ্=রাত্রি+কৃ=করা+অল্—ষ) ব্য, পুং, চন্দ্র, নিশাকরা। (দোষ+আকর; ৬-ষ) ণ, ত্রি, দোষী, অপরাধী।

দোষাতন, (দোষা+তন্—ভবার্থে) ণ, ত্রি, প্রাদোষিক, রাত্রিকালীন।

দোষাতিলক,দোষাস্য, (দোষা=রাত্রি+তিলক=শ্রেষ্ঠতা। দোষা=রাত্রি+আস্য=মুখ) ব্য, পুং, প্রদীপ, দীপ।

দোষাবহ, (দোষ+আবহ) ণ, ত্রি, যাহাতে দোষ আছে, নিন্দাবহ।

দোষিক, (দোষ+ইক) ব্য, পুং, রোগ, পীড়া। ণ, ত্রি, অযথার্থ, দোষযুক্ত, দোষী।

দোষী, (দোষ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, দোষযুক্ত, অপরাধী, অশুদ্ধ, সচ্ছিদ্র, নিন্দনীয়।

দোষৈকদর্শী, (দোষ+এক=কেবল+দর্শিন্=যে দেখে)ণ, ত্রি, দোষমাত্র দর্শী যে গুণভাগ পরিত্যাগ করিয়া কেবল দোষভাগ দেখে, ছিদ্রান্বেষী, পাপাত্মা।

দোষৈকদৃক্, (দোষ+এক=কেবল+দৃশ=দর্শন; ৬.হ) ণ, ত্রি, কেবল দোষদর্শী যাহার কেবল দোষেতেই দর্শন আছে।

দোস্, (দম্=শাসনকরা+ডোস্) ব্য, পুং, ন, বাহু,ত্রিভুজ বা চতুর্ভুজ ক্ষেত্রের ভুজ।

দোসর, (দ্বিতীয় শব্দজ) ণ, বন্ধী।

দোসরা, (দেশজ) ণ, অন্য, ভিন্ন, দ্বিতীয়।

দোস্থ, (দুস্থ [দু=কুৎসিত+স্থা=থাকা+ড]+অ) ব্য, পুং, ক্রীড়া, সেবা। ণ, ত্রি, ক্রীড়াকারী, সেবক, (দোস্=বাহু+স্থ=যে থাকে) বাহুস্থিত।

দোহ, (দুহ্=দোহনকরা+ঘঞ্—ভাব, ভে) ব্য, পুং, দোহন, দোহনপাত্র, দুগ্ধ, সন্তোষ, কৃতকার্য্যতা। হা—স্ত্রী, মাত্রাচ্ছন্দোবিশেষ।

দোহক, (দুহ+ণক—ষ) ণ, ত্রি, যে দুগ্ধ দোহন করে। [ব্য, ন, দুগ্ধ।

দোহজ, (দোহ=দোহন+জ=উৎপন্ন) দোহড়িকা, ব্য, স্ত্রী, ছন্দোবিশেষ, দোহা।

দোহদ, (দোহ=[এখানে] সন্তোষ+দ=যে দান করে) ব্য, ন, ইচ্ছা, গর্ভিণীর অভিলাষ, সাধ, গর্ভচিহ্ন, বৃক্ষাদি পোষক ঔষধাদি,ভূমিলেপন।

দোহদদান, ব্য, ন, সাধ দেওয়া, প্রসবের অল্পদিন পূর্ব্বে গর্ভিণীকে অভিলষিত দ্রব্য দান।

দোহদলক্ষণ, (দোহদ=গর্ভিণীর ইচ্ছা+লক্ষণ; ৬-ষ) ব্য, ন, ভ্রূণ, গর্ভস্থ শিশু, গর্ভচিহ্ন, বয়ঃসন্ধি, যে সময়ে লোকে জীবনের এক কাল হইতে অন্য কালে গমন করে, যথা বাল্যকাল হইতে যৌবন, যৌবন কাল হইতে প্রৌঢ়াবস্থা ইত্যাদি।

দোহদবতী, দোহলবতী, (দোহদ, দোহল+বতু—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, দ্রব্যবিশেষে অভিলাষবতী গর্ভিণী, যে গর্ভবতী নারীর কোন দ্রব্য খাইতে ইচ্ছা হয়, দোহদান্বিতা।

দৌহৃদিনী, (দোহদ—গর্ভিণীর ইচ্ছা+ইন্—অস্ত্যর্থে) বি, স্ত্রী, গর্ভবতী।

দোহন, (দুহ্+অনট্—ভাব, ক) বা, ন, দুগ্ধাকর্ষণ, দোয়া। নী—স্ত্রী, দোহনপাত্র, দুগ্ধভাণ্ড, দুধের কেঁড়ে।

দোহল, (দোহ—সন্তোষ+ল—যে গ্রহণ করে) বা, পুং, ইচ্ছা, অভিলাষ। লী—স্ত্রী, অশোক বৃক্ষ।

দোহা, বা, (দেশজ) ছন্দোবিশেষ।

দোহাই, (দেশজ) বা, রক্ষা প্রার্থনা, শপথ, দিব্য।

দোহাপনয়, (দোহ—দোহন+অপ—নির্+নী—লওয়া. আনয়নকরা+অল্) বা, পুং, দুগ্ধ।

দোহারা, (দেশজ) ণ, দ্বিগুণীকৃত, পুনর্ব্বার, দ্বিতীয়।

দোহ্য, (দুহ্+ঘ্যণ্—চ) ণ,ত্রি, দোহনীয়, দোহনের উপযুক্ত।

দৌঃসাধিক, (দুর্—দুঃখ, মন্দ+সাধ—নিষ্পন্ন করা+ণক) বা, পুং, দ্বারপাল, গ্রামের চৌকিদার।

দৌকূল, (দুকূল—রেশমী বস্ত্র+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, দুকূল দ্বারা আবৃত (রথাদি), পট্ট বস্ত্রাচ্ছাদিত।

দৌড়ধাপ, (দেশজ) বা, ইতস্ততঃ ভ্রমণ চেষ্টা।

দৌড়ন, দৌড়, (দেশজ) বা, ধাবন, বেগে চলন, চেষ্টা করণ।

দৌত্য, (দূত+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি) বা, ন, দূতের কর্ম্ম বা ব্যবসায়, সমাচার। [কর্ম্ম।

দৌত্যকার্য্য, বা, স্ত্রী, দূতের কর্ত্তব্য

দৌরাত্ম্য, (দুরাত্মন্+ষ্ণ্য—ভাবে) বা, ন, উৎপাত, অত্যাচার, উপদ্রব, দুষ্টতা। [মন্দ গন্ধ।

দৌর্গন্ধ, (দুর্গন্ধ+ষ্ণ) [illegible] দুর্গন্ধ,

দৌর্গ্য, (দুর্গ+ষ্ণ্য) [illegible], দুর্গসম্বন্ধী, দুর্গমতা, অগম্যনীয়তা।

দৌর্জন্য, (দুর্জন+ষ্ণ্য—ভাবে) বা, ন, দুর্জনতা, কুব্যবহার, শাঠ্য।

দৌর্ব্বল্য, (দুর্ব্বল+ষ্ণ্য—ভাবে) বা, ন, দুর্ব্বলতা, ক্ষীণতা, শ্রান্তি।

দৌর্ভাগিনেয়, (দুর্ভগা+ষ্ণেয়—অপত্যার্থে; ইন্—আগম) বা, পুং, দুর্ভাগার পুত্র, ভাগ্যহীনার সন্তান।

দৌর্ভাগ্য, (দুর্ভগ+ষ্ণ্য—ভাবে) বা, ন, দুরদৃষ্ট, মন্দভাগ্য।

দৌর্ম্মনস্য, (দুর্মনস্+ষ্ণ্য—ভাবে) বা, ন, উদ্বেগ, দুর্ভাবনা, দুঃখনিবন্ধন চিত্তাবসাদ, নৈরাশ। [দূর্ব্বা তৃণ।

দৌর্ব্বীণ, (দূর্ব্বা+খীন) বা, ন, ইষ্টপর্ণ,

দৌহৃদ, (দ্বিহৃদয়া—গর্ভিণী+ষ্ণ—সম্বন্ধিতার্থে) বা, ন, গর্ভ, গর্ভিণীর স্পৃহা। [পুং, কচ্ছপ, কাছিম।

দৌলেয়, (দুলী—কচ্ছপী+ঢেয়) বা,

দৌলনি, দৌল্মি, বা, পুং, দেবরাজ, ইন্দ্র।

দৌবারিক, (দ্বার+ষ্ণিক—নিযুক্তার্থে; ব—ঔব) বা, পুং, কা—স্ত্রী, দ্বাররক্ষক।

দৌশ্চর্ম্ম্য, (দুশ্চর্ম্ম+ষ্ণ্য) বা, পুং, লিঙ্গোপরিস্থিত চর্ম্মকর্ত্তন (Circumcision)

দৌষ্কুলেয়, (দুষ্কুল—কুবংশ+ঢেয়—অপত্যার্থে; দুষ্কুলীন শব্দও হয়) ণ, ত্রি, নিন্দিত বংশজাত, অসৎকুলোৎপন্ন, দুষ্কুলোদ্ভব।

দৌষ্মন্তি, (দুষ্মন্ত+ষ্ণি—অপত্যার্থে) বা, পুং, দুষ্মন্তরাজপুত্র ভরত।

দৌহিত্র, (দুহিতৃ+ষ্ণ—অপত্যার্থে) বা, পুং, দুহিতার পুত্র। ত্রী—স্ত্রী, দুহিতার কন্যা।

দ্যাবাপৃথিবী, দ্যাবাভূমি, (দ্যো—আকাশ+পৃথিবী, ভূমি; দ্যো—দ্যাবা) বা, স্ত্রী, দ্বিং, পৃথিবী ও স্বর্গ, দেবলোক ও মর্ত্ত্যলোক।

দ্যু, (দ্যু—সম্যক্ রূপে যুক্তা+ক্বিপ্) বা, পুং, অগ্নি, দ্যুতি, কিরণ। ন,

দিব, স্বর্গ, আকাশ।

দ্যুক, ব্য, পুং পেচক, পেঁচা। [পক্ষী।

দ্যুগ, (দ্যু + গ—যে গমন করে) ব্য, পুং,

দ্যুৎ, (দ্যুৎ—দীপ্তিপাওয়া + কিপ্) ব্য, পুং, কিরণ, তেজঃ।

দ্যুকারি, (দ্যুক—পেচক + অরি—শত্রু; ৬ ষ) ব্য, পুং, পেচকের শত্রু, কাক।

দ্যুতি, (দ্যুৎ + দীপ্তিপাওয়া + ই) ব্য, স্ত্রী, তেজঃ, কিরণ, সৌন্দর্য্য, শোভা, দীপ্তি, ঔজ্জ্বল্য, প্রকাশ, উত্তেজন।

দ্যুতিকর, (দ্যুতি—দীপ্তি + কর—যে করে) ব্য, পুং, ধ্রুব নক্ষত্র। ণ, ত্রি, দীপ্তিকারক, সুন্দর।

দ্যুন, ব্য, ন, লগ্ন হইতে সপ্তম রাশি।

দ্যুনিবাসী, (দ্যু—স্বর্গ + নিবাসিন্—যে বাস করে) ব্য, পুং, স্বর্গবাসী, দেবতা, ধার্ম্মিক।

দ্যুনিশ, (দ্যু—দিন + নিশা—রাত্রি, দ্বং—স) ব্য, ন, অহোরাত্র, দিবানিশি।

দ্যুপতি, (দ্যু—দিন, স্বর্গ + পতি—স্বামী; ৬-ষ) ব্য, পুং, সূর্য্য, ইন্দ্র।

দ্যুমণি, (দ্যু—দিন + মণি; ৬-ষ) ব্য, পুং, সূর্য্য, অর্কবৃক্ষ, আকন্দগাছ।

দ্যুময়ী, (দ্যু—দিন + ময়ট্—তদ্রূপার্থে; ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, বিশ্বকর্ম্মার কন্যা, সূর্য্যের পত্নী।

দ্যুম্ন, (দ্যু—দিন + ম্না—অভ্যাসকরা + ড) ব্য, ন, ধন, সম্পত্তি, হিরণ্য, সুবর্ণ, বল, সামর্থ্য।

দ্যুত্বা, (দ্যু—স্বর্গদিয়া গমন করা + বন্—সংজ্ঞার্থে) ব্য, পুং, সূর্য্য, আকাশ, স্বর্গ।

দ্যুষদ, দ্যুসদ্, (দ্যু—স্বর্গ + সদ্—গমন করা + কিপ্—ষ; ২ ষ) ব্য, পুং, ত্রিদিবসদ, দেবতা, গ্রহ।

দ্যূত, (দিব্—ক্রীড়াকরা + ক্ত—ভাবে) ব্য, পুং, ন, পাশকাদি ক্রীড়া, অক্ষাদিকরণক ক্রীড়া, জুয়াখেলা।

দ্যূতকর, দ্যূতকার, দ্যূতকৃৎ, (দ্যূত + কর, কার, কৃৎ—যে করে) ব্য, পুং, পাশকাদিক্রীড়ক, দুরোদর জুয়ারি।

দ্যূতপূর্ণিমা, দ্যূতপৌর্ণমী, (দ্যূত—পাশকাদিক্রীড়া + পূর্ণিমা। পূর্ণিমা + ক—স্বার্থে, ঈপ্ স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, কোজাগর পূর্ণিমা, কোজাগর পূর্ণিমার রাত্রি পাশকাদি ক্রীড়া করিয়া যাপন করিতে হয়, এই নিমিত্ত ইহার নাম দ্যূতপূর্ণিমা হইয়াছে।

দ্যূতপ্রতিপদ্, (দ্যূত + প্রতিপদ্) ব্য, স্ত্রী, কার্ত্তিক মাসের শুক্ল প্রতিপদ্।

দ্যূতবীজ, ব্য, স্ত্রী, কপর্দ্দক, কড়ি, দ্যূতক্রীড়ার কারণ।

দ্যূতবৃত্তি, (দ্যূত—পাশকাদি ক্রীড়া + বৃত্তি—জীবনোপায়) ব্য, পুং, সভিক, যে দ্যূত ক্রীড়া করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করে।

দ্যূন, (দিব—ক্রীড়া করা + ক্ত—ণ, ভাব) ণ, ত্রি, ক্রীড়াশীল। ব্য, ন, লগ্ন হইতে সপ্তমরাশি, সূর্য্য যে রাশিতে প্রবেশ করিয়াছেন, সেই রাশি হইতে সপ্তমরাশি।

দৈা, (দৈ্য + কিপ্) ব্য, নিন্দা বা ঘৃণাসূচক অব্যয়, ধিক্, ছি ছি, কি লজ্জার বিষয়।

দ্যো, (দিব—ক্রীড়াকরা + ডো) ব্য, স্ত্রী, দেবতারা যেখানে ক্রীড়া করেন, স্বর্গ, আকাশ।

দ্যোত, (দ্যুৎ—দীপ্তি পাওয়া + ঘঞ্) ব্য, পুং, আতপ, আলোক, দীপ্তি, উত্তাপ, উষ্ণতা।

দ্যোতক, (দ্যুৎ + ণক—ক) ণ, ত্রি, ব্যঞ্জক, প্রকাশক, উদ্বোধক।

দ্যোতন, (দ্যুৎ + অনট—ভাব) ণ, ত্রি, উজ্জ্বল, চক্‌চকে। ব্য, ন, দৃষ্টি, দর্শন, প্রকাশন, আলোকিত করণ,

উপবাহিকাকে অট্টালিকাদি দীপা-লোকে ভূষিত করণ। পুং, দীপ, প্রদীপ।

দ্যোতমান, (দ্যুৎ+শান—ম) ণ, ত্রি, দীপ্যমান, শোভমান, উজ্জ্বল।

দ্যোতিত, দ্যুতিত, (দ্যুৎ+ক্ত—ম) ণ, ত্রি, দীপিত, দীপ্ত, ব্যক্তীকৃত, প্রকাশিত, উদ্বোধিত, শোভিত।

দ্যোতিতপ্রভ, (দ্যোতিত=প্রকাশিত+প্রভা=ঔজ্জ্বল্য; ৬.হ) ণ, ত্রি, উজ্জ্বল প্রভাবিশিষ্ট, দেদীপ্যমান, বিভ্রাজমান।

দ্যাভূমি, (দ্যো=স্বর্গ+ভূমি=পৃথিবী)—দী,স্ত্রী,দ্বি, আকাশ এবং পৃথিবী, স্বর্গ মর্ত্ত। ব্য, পুং, পক্ষী।

দ্যোষদ, (দ্যো=স্বর্গ+সদ্=গমন করা+ক্বিপ—ম) ব্য, পুং, দিবিষদ্, দেবতা, স্বর্গীয়পুরুষ, দিব্যপুরুষ।

দ্যোত্র, (দিব=দীপ্তিপাওয়া+ত্রন্; দিব্ স্থানে দ্যু আদেশ) ব্য, ন, আলোক, জ্যোতিঃ শাখা প্রশাখা বিশিষ্ট বিদ্যুৎ (A forked lightning.) [ভেরী, মুরজ, দুন্দুভি।

[illegible]গড়, ব্য, পুং, বাদ্যবিশেষ, ঢকা,

[illegible]ক্ষণ, ব্য, ন, তোলক, তোলা পরিমাণ, বটক, কোল। [পুরী, নগর।

[illegible]জ, (দ্রম্=গমনকরা+সন্) ব্য, পুং,

দ্রঢ়িমা, (দৃঢ়+ইমন্—ভাব) ব্য, পুং, দার্ঢ্য, কাঠিন্য, স্থিরতা, স্থৈর্য্য, গুরুত্ব।

দ্রঢ়িষ্ঠ, দ্রঢীয়ান্, (দৃঢ়+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) ণ, ত্রি, অতিশয় দৃঢ়।

[illegible]প্স, দ্রপ্স্য, (দৃপ=হৃষ্টহওয়া+স, [illegible]; অথবা তৃপ—তৃপ্তহওয়া; ত স্থানে বিকল্পে দ হয়) ব্য, ন, পাতলা দই, জলমিশ্রিতদধি।

[illegible]ম, ব্য, পুং, এক কাহন, ১৬ পণ।

[illegible], ([illegible]=[illegible]করা, গুণ+[illegible]—

ভাব, ম) ব্য, পুং, গতি, বেগ, পলায়ন, রস। (যাহার দ্বারা দ্রব হয়) ক্বাথ, কোনবস্তু জলে সিদ্ধ করিয়া যে সারাংশ বাহির করা যায়, গলন, ক্ষরণ; ণ, ক্রীড়া, আমোদ, পরিহাস। ণ, ত্রি, তরল, গলিত, ক্ষরিত, যাহা চোয়াইয়া পড়িতেছে, গলান, দ্রবীকৃত।

দ্রবজ, (দ্রব=তরলপদার্থ+জ—যাহা জন্মিয়াছে) ব্য, পুং, যাহা তরলপদার্থ হইতে জন্মিয়াছে, গুড়, খাঁড়, তরল পদার্থ হইতে উৎপন্ন বস্তু।

দ্রবণ, (দ্রু+অনট—ভাব) ব্য, ন, গতি, গলন, ক্ষরণ, উত্তাপ।

দ্রবত্ব, (দ্রব+ত্ব—ভাব) ব্য, ন, তরলতা, গলিয়া যাওয়া।

দ্রবৎপত্রী, ব্য, স্ত্রী, শিমুড়ীবৃক্ষ।

দ্রবন্তী, (দ্রু+শতৃ—ম; ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, নদী, ঔষধ্য লতাবিশেষ, মূষিকপর্ণীলতা।

দ্রবরসা, (দ্রব+রস) ব্য, স্ত্রী, লাক্ষা, লা, জতু। [উনান।

দ্রবাধার, ব্য, পুং, চুলুক, আঁধা,

দ্রবিড়, ব্য, পুং, দেশবিশেষ, হীনদশা প্রাপ্ত ক্ষত্রিয়জাতি হইতে উৎপন্ন জাতি বিশেষ, চণ্ডালজাতি। ডী—স্ত্রী, রাগিণীবিশেষ।

দ্রবিণ, (দ্রু=গমনকরা+ইন) ব্য, ন, ধন, বিত্ত, বিষয়, কাঞ্চন, পরাক্রম, ক্ষমতা।

দ্রবিণোদাঃ, (দ্রবিণোদস্, দ্রবিণ+দাস্=যে দান করে) ব্য, পুং, অগ্নি।

দ্রবীকরণ, (দ্রব+করণ, অভূত তদ্ভাবার্থে কৃধাতুর করণ; শব্দের উত্তর চ্বি প্রত্যয়; ব—বী) ব্য, ন, দ্রবকরা, গলান। [যাহাকে গলান গিয়াছে।

দ্রবীকৃত, (দ্রব+কৃত+চ্বি) ণ, ত্রি,

দ্রবীভাব, (দ্রব+ভাব—হওন+চ্বি; ব—বী) ব্য, পুং, দ্রব হওয়া, গলিয়া

পাওয়া। [দ্রব হইয়াছে, গলিত।

দ্রবীভূত, (পূর্ব্বে দেখ) প, ত্রি, যাহা

দ্রব্য, (দ্রু=বৃক্ষ+য্য) ব্য, ন, বিত্ত, সম্পত্তি, পদার্থ, বস্তু, সামগ্রী; ক্ষিতি, অপ, তেজঃ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা, মনঃ, এই নয় প্রকার আদি পদার্থ; পিত্তল, বাজী, পণ, ভৈষজ্য দ্রব্য, বৃক্ষাদির মূল প্রভৃতি, লাক্ষা, জতু, বৃক্ষাদির নির্য্যাস, গঁদ, রজন ইত্যাদি, বিনয়, নম্রতা, শিষ্টাচরণ, মদ্য, উপযুক্ত, যোগ্য, উচিত, যাহা হওয়া উচিত, বিলেপন। (দ্রু=বৃক্ষ+য্য—ইদমর্থে) প, ত্রি, বৃক্ষজাত, বৃক্ষ হইতে প্রাপ্ত, বৃক্ষসম্বন্ধীয়।

দ্রব্যক, (দ্রব্য + কণ্) ব্য, পুং, দ্রব্যবাহক, দ্রব্যগ্রহীতা। প, ত্রি, দ্রব্যসম্বন্ধীয়।

দ্রব্যময়, (দ্রব্য+ময়ট্—তদ্রূপার্থে) প, ত্রি, পাদার্থিক, পদার্থসম্বন্ধী, পদার্থ বিশিষ্ট।

দ্রব্যবান্, (দ্রব্য=সম্পত্তি, বিত্ত+ বতু—বিদ্যমান অর্থে) প, ত্রি, সম্পত্তিশালী, ধনবান্।

দ্রব্যসিদ্ধি, (দ্রব্য=বিত্ত, ধন + সিদ্ধি= সংগ্রহ করণ, সাধন; ৬-ষ+৩-ষ) ব্য, স্ত্রী, ধনসঞ্চয়, অর্থোপচয়, অর্জন, অর্থের দ্বারা কোন কার্য্যের সাধন।

দ্রষ্টব্য, (দৃশ=দেখা+তব্য—ট; ধ= ব) প, ত্রি, দর্শনীয়, দেখিবার যোগ্য, প্রত্যক্ষ, স্পষ্ট।

দ্রষ্টা, (দৃশ+তৃণ—ষ) প, ত্রি, যে দেখে, দর্শক, সাক্ষী, বিচারক।

দ্রা, ব্য, স্ত্রী, স্বপ্ন, পলায়ন।

দ্রাক্, (দ্রা=পলায়ন করা+কক্) ক্রিং—প, ব্য, ঝটিতি, শীঘ্র, তৎক্ষণাৎ, অনতিবিলম্বে।

দ্রাক্ষা, (দ্রাক্ষ=ইচ্ছা করা+ঘঞ্) ব্য, স্ত্রী, সুখাহৃতা প্রযুক্ত লোকে যাহাকে ভক্ষণ করিতে অভিলাষ করে, কিস্‌মিস্, মনাক্কা, আঙ্গুর।

দ্রাক্ষারস, (দ্রাক্ষা+রস ; ৬-ষ) ব্য, ন, মদ্য।

দ্রাঘ, ব্য, পুং, শ্রম, আয়াস, শক্তি।

দ্রাঘিমা, (দীর্ঘ+ইমন্—ভাব) ব্য, পুং, দৈর্ঘ্য, দীর্ঘতা, যে সকল কৃত্রিম মণ্ডলাকার রেখা ভূগোলের উত্তর ও দক্ষিণ কেন্দ্রের মধ্য দিয়া চতুর্দ্দিকে ব্যাপ্ত আছে। (Meridians)

দ্রাঘিমান্তর, কোন নির্দ্দিষ্ট স্থানের দ্রাঘিমা হইতে সেই স্থানের পূর্ব্ব পশ্চিমবর্ত্তী স্থানসমূহের দূরত্ব, নির্দ্দিষ্ট স্থানের পূর্ব্ববর্ত্তী স্থান সমূহের দূরত্বকে পূর্ব্বদ্রাঘিমান্তর এবং পশ্চিমবর্ত্তী স্থানের দূরত্বকে পশ্চিমদ্রাঘিমান্তর বলা যায় (Longitude)

দ্রাঘিষ্ঠ, দ্রাঘীয়ান্, (দীর্ঘ + ইষ্ঠ, ঈয়স্ —অত্যর্থে) প, ত্রি, অতিশয় দীর্ঘ।

দ্রাণ, (দ্রা=নিদ্রিত হওয়া, পলায়ন করা+ক্ত—ট) প, ত্রি, সুপ্ত, পলায়িত। [স্বর্গ, মূর্খ, বোকা, কড়ি।

দ্রাপ, ব্য, পুং, পঙ্ক, কাদা, আকাশ,

দ্রাব, (দ্রব+ঘঞ্) ব্য, পুং, গতি, গমন, পলায়ন, গলন, ক্ষরণ, দ্রুতত, শীঘ্র গমন, উত্তাপ।

দ্রাবক, (দ্রু+ণক) ব্য, পুং, প্রস্তরভেদ, স্পর্শমণি, চন্দ্রকান্তমণি, রসিক, চোর, লম্পট, রসবিশেষ। ন, মোম, প্লীহারোগের ঔষধ বিশেষ। প, ত্রি, দ্রবকারক, প্রবর্ত্তক।

দ্রাবকর, (দ্রাব+কর=যে করে) ব্য, ন, যে কঠিন সুবর্ণাদিধাতু দ্রব করে, সোহাগা, ধাতুদ্রাবক।

দ্রাবণ, (দ্রাবি=গমনকরান+অনট্, —ভাব) ব্য, ন, তাড়াইয়া দেওয়া, দ্রবীকরণ। [ব্য, পুং, লাক্ষা, লাল।

দ্রাবিকা, (দ্রাবক+আ—স্ত্রীলিঙ্গে)

দ্রাবিড়, (দ্রবিড় + অ—তদর্থে) ব্য,

-পুং, সংখ্যাবিশেষ, দেশবিশেষ, মাক্সাজ হইতে কুমারিকা অন্তরীপ পর্য্যন্ত করমণ্ডলকুলবর্ত্তী দেশ, দ্রাবিড় দেশীয় লোক, দ্রাবিড়, কর্ণাট, গুজরাট, মহারাষ্ট্র এবং তৈলঙ্গ এই পঞ্চ দেশবাসী ব্রাহ্মণ। ণ, ত্রি, দ্রাবিড়দেশীয়। ড়ী—স্ত্রী. ছোট এলাচ।

দ্রাবিড়ক, (দ্রাবিড়+কণ—জাত অর্থে) ষ্য, পুং, ভৈষজ্যলতাবিশেষ, বেধ-ভুথাক, জিরচবন্তী। ন, বিট লবণ।

দ্রাবিত, (দ্রাবি=গমন করান, গলান+ক্ত—ঢ) ণ, ত্রি, দ্রবীকৃত, মৃদুকৃত, তাড়িত, দ্রবীকৃত, পশ্চাদ্ধাবিত।

দ্রাব্য, (দ্রু+ঘ্যণ) ণ, ত্রি, যে সকল বস্তু তাপসংযোগে দ্রব হইয়া তরল হয়, যেমন—মোম, সীসক, স্বর্ণ, রৌপ্যাদি।

দ্রু, (দ্রু=[উপরে] গমনকরা, বৃদ্ধি পাওয়া+উ) ষ্য, পুং, বৃক্ষ, গাছ, শাখা।—স্ত্রী, গতি।

দ্রুকিলিম, ষ্য, পুং, দেবদারুবৃক্ষ।

দ্রুঘণ, দ্রুঘন, (দ্রু=বৃক্ষ+হন্=বধকরা +অল—ধ; হন্=ঘন) ষ্য, পুং, লৌহ মুদ্গর, হাতুড়ি, কুঠার, বাস, ব্রহ্মার নামান্তর, ভূমিচম্পক।

দ্রুণ, (দ্রুণ=বধকরা, বক্রকরা+ক) ষ্য, ন, ধনুক, খড়্গ। পুং, বৃশ্চিক, মধুমক্ষিকা, খল, পিশুন। ণা—স্ত্রী, জ্যা, ধনুকের ছিলা।

দ্রুণস, (দ্রু=বৃক্ষের ন্যায়+নাসিকা; ৬.হ; নাসিকা=নস) ণ, ত্রি, দীর্ঘ নাসিকাযুক্ত, উগ্রনাসিক।

দ্রুণহ, (দ্রুণ=খড়্গ+হন্=বধকরা, গমন করা+ড; দ্রুনহ শব্দও হয়) ষ্য, পুং, খড়্গকোষ, খড়্গের খাপ।

দ্রুণি, দ্রুণী, (দ্রুণ=বধকরা, গমন: কি; ঙীপ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, কাষ্ঠ বা প্রস্তর নির্ম্মিত নৌকাকৃতি জল- পাত্রবিশেষ, জল তুলিবার যন্ত্র, মশক, বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ, চ্যাঙারি, কাণকোটারি, কচ্ছপী।

দ্রুত, (দ্রু=গমনকরা+ক্ত) ণ, ত্রি, শীঘ্র, গলিত, যাহা গলান গিয়াছে, তরল, পলায়িত, ধাবিত, ইতস্ততঃ বিক্ষিপ্ত, ছড়ান, প্রসৃত, চতুর্দ্দিকে ব্যাপ্ত। ষ্য, পুং, বৃক্ষ, গাছ। ন, (গীতিশাস্ত্রে) শীঘ্র গমন, শীঘ্র লয়। ক্রি, ণ, শীঘ্র, তাড়াতাড়ি।

দ্রুতচারী, (দ্রুত+চারিন্=যে বিচরণ করে) ষ্য, ত্রি, যে সকল জন্তু ভূমিতে দ্রুতবেগে বিচরণ করে; শাহ মোরগ, কাশোয়ারি প্রভৃতি।

দ্রুতপদ, (দ্রুত+পদ=গমন) ষ্য, ন, শীঘ্রগমন। ণ, ত্রি, শীঘ্রগামী।

দ্রুতবিলম্বিত, ষ্য, ন, ১২ অক্ষর ছন্দোবিশেষ, যার ৪র্থ ৭ম ১০ম ও ১২শ বর্ণ গুরু, অবশিষ্ট লঘু। ণ, ত্রি, শীঘ্র অথচ বিলম্বিত।

দ্রুতি, (দ্রু+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, পলায়ন, দ্রবীভাব, গলিয়া যাওয়া।

দ্রুনখ, (দ্রু=বৃক্ষ+নখ) ষ্য, পুং, কণ্টক, কাঁটা। [দ্রৌপদীর পিতা।

দ্রুপদ, ষ্য, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ,

দ্রুম, (দ্রু=গমনকরা+ম) ষ্য, পুং, বৃক্ষ, যাহারা ঊর্দ্ধে গমন করে, পারিজাত বৃক্ষ, কুবের।

দ্রুমব্যাধি, (দ্রুম+ব্যাধি=পীড়া) ষ্য পুং, লাক্ষা, লা।

দ্রুমর, (দ্রুম=বৃক্ষ+রম=ক্রীড়াকরা ড) ষ্য, পুং, কণ্টক, কাঁটা।

দ্রুমশীর্ষ, (দ্রুম=বৃক্ষ+শীর্ষ=মস্তক, উপরিভাগ; ৬.ত) ষ্য, ন, অট্টালিকা বা প্রাচীরের উপরিভাগ, কুট্টিমভেদ

দ্রুমসল্লক, ষ্য, পুং, পিয়ালবৃক্ষ।

দ্রুমারি, (দ্রুম+অরি=শত্রু; ৬-ষ) ষ্য, পুং, হস্তী, হাতী।

দ্রুমাশ্রয়, ষ্য, পুং, কৃকলাস, কাঁকলাস।

ণ, ত্রি, বৃক্ষাশ্রিতমাত্র।

ক্রমেশ্বর, (ক্রম+ঈশ্বর=প্রভু ; ৬-ষ) ষ্য, পুং, তালবৃক্ষ, শশধর, চন্দ্র।

ক্রমোৎপল, (ক্রম+উৎপল=পদ্ম) ষ্য, পুং, যে বৃক্ষের পুষ্প পদ্মের ন্যায়, পুষ্প বৃক্ষবিশেষ, কর্ণিকার।

ক্রবয়, (ক্র=বৃক্ষ+বয়—পরিমাণার্থে) ষ্য, ন, পরিমাণ।

ক্রুহ্, (ক্রুহ=ক্ষতিকরা, অনিষ্ট করা +ক্বিপ্) ষ্য, পুং, অপকার, ক্ষতি-কারক। [পুত্র। হী—স্ত্রী, কন্যা।

ক্রুহ, (ক্রুহ্=বধকরা+অ) ষ্য, পুং, ক্রুহণ, ক্রুহিণ, (ক্র=[বৃক্ষ] বিশ্ব+ হন্=বধকরা+অন, ইন—ষ ; যিনি জগৎ নাশকর্ত্তা, অথবা ক্রুহ=বধ-করা+অন, ইন ; যিনি দুষ্টলোক-দিগকে বধ বা শাসন করেন) ষ্য, পুং, ব্রহ্মা।

ক্রু, (ক্রু=গমনকরা+ক্বিপ্ ; উ=ঊ) ষ্য, পুং, স্বর্ণ, যাহা অগ্নির উত্তাপে গলিয়া যায়, অথবা যাহা এক হস্ত হইতে হস্তান্তরে গমন করে।

ক্রূণ, (ক্রু=অনিষ্টকরা, বধকরা+ন ; ন=ণ) ষ্য, পুং, বৃশ্চিক, বিছা।

দ্রেক্ক,দ্রেক্কাণ, ষ্য, পুং, রাশির তৃতীয় অংশের একাংশ।

দ্রোণ, (দ্রু=গমনকরা+ন ; ন=ণ) ষ্য, পুং,—ন, মানপাত্রবিশেষ, আঢ়ক, আঢ়কচতুষ্টয়, ৩২ সের পরিমাণ, খারীর ষোড়শাংশ, ইংরাজী তিন গ্যালন। পুং, কুরুবং-শের শস্ত্রগুরু, দ্রোণাচার্য্য, (ঘৃতাচী নামে স্বর্গবেশ্যাকে দেখিয়া ভরদ্বাজ মুনির রেতঃ স্খলন হয়, তিনি সেই রেতঃ এক দ্রোণীমধ্যে নিক্ষেপ করিয়াছিলেন। সেই দ্রোণী হইতে জন্ম হয় বলিয়া দ্রোণ নাম হইল) দাঁড়কাক, দাঁড়কাক, বৃশ্চিক, চতুঃ-শত ধনুপরিমিত জলাশয়, মেঘ-বিশেষ, শ্বেতবর্ণ ক্ষুদ্র পুষ্পবৃক্ষবি-শেষ, ঘল্ঘলিয়া ফুল।

দ্রোণদুঘা, ষ্য, স্ত্রী, দ্রোণপরিমিত দুগ্ধদাত্রী গাভী।

দ্রোণমুখ, (দ্রোণ+মুখ) ষ্য, পুং, জেলার প্রধান নগর, চতুঃশত গ্রামের প্রধান নগর।

দ্রোণাচার্য্য, (দ্রোণ+আচার্য্য=গুরু) ষ্য, পুং,ভরদ্বাজ মুনিপুত্র, অশ্বত্থামার পিতা, কুরুবংশের অস্ত্র গুরু।

দ্রোণি, (দ্রু+নি) ষ্য, স্ত্রী, জল-সেচনী, জলের গামলা, গোরুর গামলা, দেশবিশেষ, পর্ব্বতবিশেষ। ণি—পুং, নদীবিশেষ। ণী—স্ত্রী, নীলীবৃক্ষ, পর্ব্বতসন্ধি, উপত্যকা, ডিঙ্গী,ডোঙ্গা পরিমাণ বিশেষ, আধু-নিক ১২৮ সের। [কেয়াফুল।

দ্রোণীদল, ষ্য, পুং, কেতকীপুষ্প,

দ্রোহ, (দ্রুহ্=হিংসাকরা+ঘঞ— ভাব) ষ্য, পুং, অনিষ্টাচরণ, অনিষ্ট চিন্তা, পরাভব, অভিভব, হিংসা, শাসনকর্ত্তাদিগের বিরুদ্ধে অস্ত্র গ্রহণ।

দ্রোহাট, (দ্রোহ=অপকার, অনিষ্টা-চরণ+অট=যে গমন করে বা জয়) ষ্য,পুং, ব্যাধ,বাক্যের রচনা বিশেষ, গাথাবিশেষ, যে আপনার ধার্ম্মি-কতা ভান করে, বৈড়ালব্রতিক, ভণ্ড।

দ্রোহী, (দ্রুহ্=অনিষ্টাচরণ করা+ ণিন্—ষ) ণ, ত্রি, অনিষ্টাচারী, অপকারী, যে অনিষ্ট চিন্তা করে, যে শাসনকর্ত্তাদিগের বিপক্ষে অস্ত্র ধারণ করে।

দ্রৌণায়ন, দ্রৌণি,(দ্রোণ+ফায়ন, ঞি —অপত্যার্থে) ষ্য, পুং, দ্রোণপুত্র, অশ্বত্থামা।

দ্রৌণিক, (দ্রোণ=পরিমাণবিশেষ+ ঠিক) ণ, ত্রি, দ্রোণপরিমিত বীজ

অর্থাৎ যোজ্য (জোয়াদি), দ্রোণ পরিমিত পাত্র।
দ্রৌপদী, (দ্রুপদ=চন্দ্রবংশীয় রাজা-বিশেষ+ঞ—অপত্যার্থে; ঈপ্—স্ত্রী-লিঙ্গে) ব্য, স্ত্রী, পঞ্চপাণ্ডবের পত্নী, দ্রুপদরাজার কন্যা।
দ্বন্দ, (দ্বি=দুই+দ্বিত্ব; নিপাতন) ব্য, পুং, ঘটিকা যন্ত্রের অংশবিশেষ, যে অংশে ঘটিকা সকল অঙ্কিত থাকে। ন, মিথুন, স্ত্রীপুরুষ।
দ্বন্দ্ব, (দ্বি—দুই+দ্বিত্ব; নিপাতন) ব্য, ন, জোড়া, মিথুন, স্ত্রীপুরুষ, স্ত্রী-পুরুষের বিবাহ সূত্রে বন্ধন, বিবাহ, বিবাদ, কলহ, রহস্য, শীতোষ্ণ, সুখ দুঃখ, রাগ দ্বেষ ইত্যাদি পরস্পর বিরুদ্ধ যুগ্ম, যুদ্ধ। পুং, সমাস বিশেষ, যে সমাসে উভয় পদের প্রাধান্য থাকে, রোগবিশেষ, রাশি চক্রের চিহ্নবিশেষ, মিথুন রাশি।
দ্বন্দ্বচর, দ্বন্দ্বচারী, (দ্বন্দ্ব=মিথুন+চর, চারী=যে চরে) ব্য, পুং, যাহারা স্ত্রীপুরুষে চরে, চক্রবাক পক্ষী।
দ্বন্দ্বজ, (দ্বন্দ্ব+জ=জাত) ব্য, পুং, দোষদ্বয়োৎপন্ন রোগ। ণ,ত্রি, বিবাদোৎপন্ন, স্ত্রীপুরুষের সহযোগ উৎপন্ন।
দ্বন্দ্বদুঃখ, (দ্বন্দ্ব+দুঃখ) ব্য,ন, শীতোষ্ণ সুখ দুঃখাদির অন্তরের পরিবর্ত্তন জনিত দুঃখ।
দ্বন্দ্বভিন্ন, (দ্বন্দ্ব+ভিন্ন; ৫মী—ষ) ব্য, ন, স্ত্রীপুরুষের বিচ্ছেদ, বিরহ, বিয়োগ। [পরস্পর যুদ্ধ।
দ্বন্দ্বযুদ্ধ, ব্য, ন, মল্লযুদ্ধ, দুই ব্যক্তির
দ্বয়—ন, য়ী—স্ত্রী, য়িক—ন, (দ্বি+অয়ট—অবয়বার্থে) সর্ব্বং, যুগ্ম, দুই, উভয়, দুই সংখ্যা, সচরাচর বাক্যের শেষে দ্বয় শব্দ প্রয়োগ হইয়া থাকে—যথা পুরুষদ্বয়, তাপস দ্বয় ইত্যাদি। ণ,ত্রি,দ্বিত্বসংখ্যাযুক্ত।
দ্বয়াতিগ, (দ্বয়=রজঃ তমঃ এই দুই অত+অতি=অতিক্রম করিয়া যে গমন করে) ণ, ত্রি, রজস্তমোগুণবিহীন, সত্ত্বগুণবিশিষ্ট।
দ্বাঃস্থ,দ্বাস্থ, দ্বাঃস্থিত, দ্বাস্থিত, (দ্বার+স্থ, স্থিত=যে থাকে; ৭-ষ) ব্য, পুং, দ্বারপাল,মহাদেবের দ্বারপাল, নন্দী।
দ্বাচত্বারিংশৎ, (দ্বি=দুই+চত্বারিংশৎ=চল্লিশ; কর্ম্মধা; দ্বি=দ্বা) ণ, ন, দুই অধিক চল্লিশ, বিয়াল্লিশ, ৪২।
দ্বাত্রিংশৎ, (দ্বি+ত্রিংশৎ=ত্রিশ; কর্ম্মধা; দ্বি=দ্বা) ণ, দুই অধিক ত্রিংশৎ, বত্রিশ, ৩২।
দ্বাদশ, (দ্বি+দশন্=দশ; কর্ম্মধা; দ্বি=দ্বা) ণ, ত্রি, দুই অধিক দশ, বহুং, বার সংখ্যা, ১২। (দ্বাদশন্+অ-পূরণার্থে) ণ, ত্রি, বারর পূরণ। শী—স্ত্রী, তিথি বিশেষ।
দ্বাদশকর, (দ্বাদশ+কর=হস্ত বা কিরণ; ৬.হ) ব্য, পুং, বৃহস্পতি, কার্ত্তিকেয়।
দ্বাদশলোচন, দ্বাদশাক্ষ, (দ্বাদশ=বার+লোচন, অক্ষি=চক্ষুঃ; ৬.হ) ব্য, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়।
দ্বাদশাংশু, (দ্বাদশ+অংশু=কিরণ) ব্য, পুং, বৃহস্পতি।
দ্বাদশাক্ষরমন্ত্র, (দ্বাদশ+অক্ষর+মন্ত্র) ব্য, ন, যে মন্ত্রে দ্বাদশটী অক্ষর আছে, বার অক্ষর বিশিষ্ট মন্ত্র "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" ইত্যাদি মন্ত্র।
দ্বাদশাঙ্গুল, (দ্বাদশ+অঙ্গুলি) ণ, ত্রি, ১২ অঙ্গুলি পরিমিত, বিতস্তি।
দ্বাদশাত্মা, (দ্বাদশ [আদিত্য]+আত্মন; ৬.হ) ব্য, পুং, বিবস্বান্, অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র, উরুক্রম—এই ১২ নামধারী আদিত্যগণ, সূর্য্য, আকন্দগাছ।
দ্বাদশায়ুঃ, (দ্বাদশ=বার [বর্ষ]+

আয়ুস্=জীবন; ৬.হ) ব্য, পুং, কুক্কুর।

দ্বাদশার্চ্চিঃ, (দ্বাদশ=বার+অর্চ্চিস্=কিরণ, যেঙ্গ:) ব্য, পুং, বৃহস্পতি।

দ্বানবতি, সর্ব্বং, দ্বিনবতি, বিরানব্বই সংখ্যা।

দ্বাপর, (দ্বি+পর) ব্য, পুং, যে দুই যুগের পর, তৃতীয়যুগ, ৮৬৪০০০বৎসর পরিমিত কাল। (কোন ব্যক্তি দূর হইতে স্থাণুভূত বৃক্ষকে দেখিয়া অনুমান করিল উহা স্থাণু কি পুরুষ এইপ্রকার দুই পর অর্থাৎ দুই শ্রেষ্ঠ অংশ যাহাতে আছে; ৭-হ) সন্দেহ।

দ্বার্,—স্ত্রী, দ্বার—ন, (দৃ=আচ্ছাদন-করা+রিচ্) ব্য, দ্বার, দোর, কবাট, উপায়, সম্মুখ।

দ্বারক, (দ্বার=মোক্ষপথ+কণ্) ব্য, পুং, কা, রিকা, বতী,—স্ত্রী, কৃষ্ণের রাজধানী। [পুং, কবাট।

দ্বারকণ্টক, (দ্বার=দুয়ার+কণ্টক) ব্য,

দ্বারকেশ, (দ্বারকা=কৃষ্ণের নগরী+ঈশ=স্বামী; ৬-ষ) ব্য, পুং, শ্রীকৃষ্ণ।

দ্বারপ, দ্বারপাল, (দ্বার+প, পাল=যে রক্ষা করে; উপপদ) ব্য, পুং, দ্বারবান্, দ্বাররক্ষক, প্রতীহারী।

দ্বারপিণ্ডী, ব্য, স্ত্রী দেহলী, ঘরের ছাঁইচ, চৌকাঠের উপরিস্থ কাষ্ঠখণ্ড।

দ্বারমঞ্চক, ব্য, পুং, দ্বারোপরিস্থ কাষ্ঠ-ফলকাদি।

দ্বারযন্ত্র, (দ্বার+যন্ত্র=কল; ৬-ষ) ব্য, ন, তালা, কুলুপ, অর্গল, খিল।

দ্বারবান্, (দ্বার+বৎ—অস্ত্যর্থে) ব্য, পুং, যে দ্বার রক্ষা করে, প্রতীহারী, দৌবারিক।

দ্বারবতী, দ্বারাবতী, (দ্বার=মোক্ষের পথ+বৎ—অস্ত্যর্থে; ব্য, স্ত্রী, দ্বারকা নগরী।

দ্বারবলিভুক্, (দ্বার+বলি=উচ্ছিষ্ট দ্রব্য+ভুজ্=ভক্ষণ করা) ব্য, পুং, বক।

দ্বারশাখা, (দ্বার=দোর+শাখা) ব্য, স্ত্রী, কবাট, দ্বারস্তম্ভ। [দ্বারপাল।

দ্বারস্থ, (দ্বার+স্থ=যে থাকে) ব্য, পুং, দ্বারা, ব্য, কারণ বোধার্থ, করণক, হেতু, সাহায্যে, আনুকূল্যে।

দ্বারাবতী, ব্য, স্ত্রী, দ্বারকা।

দ্বারিক, দ্বারী, (দ্বার+ইক—রক্ষার্থে; দ্বার+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, দ্বারপাল, দ্বারাধিকারে নিযুক্ত।

দ্বাবিংশ, (দ্বাবিংশতি+অ—পূরণার্থে) প, ত্রি, ২২ সংখ্যার পূরণ।

দ্বাবিংশতি, (দ্বি=দুই+বিংশতি=কুড়ি; কর্ম্মধা; দ্বি=দ্বা) প, স্ত্রী, দুই দ্বারা অধিক কুড়ি, বাইশ, ২২। [সংখ্যা।

দ্বাষষ্টি, প, স্ত্রী, দ্বিষষ্টি, বাষট্টি, ৬২

দ্বাসপ্ততি, (দ্বি=দুই+সপ্ততি=সত্তর; কর্ম্মধা; দ্বি=দ্বা) প, স্ত্রী, দুই দ্বারা অধিক সত্তর, বায়াত্তর, ৭২।

দ্বাস্থ, (দ্বার=দোর+স্থ=যে থাকে; র-লোপ) ব্য, পুং, দ্বাররক্ষক; দ্বাঃস্থও হয়।

দ্বাস্থিত, (দ্বার+স্থিত=যে থাকে; র লোপ) ব্য, পুং, দ্বারপাল, (দ্বাঃ-স্থিতও হয়)। [বারিক, দ্বারপাল।

দ্বাস্থিতদশক,—দর্শক, ব্য, পুং, দৌ

দ্বি, প, ত্রি, দ্বিং দুই সংখ্যা, ২, সংখ্যা-বাচক অন্যশব্দের সহিত যুক্ত হইলে দ্বি শব্দ স্থানে দ্বা হয়, যথা দ্বাদশ; দ্বিশব্দবাচক, যথা পক্ষ, নদীকুল, চক্ষু, হস্ত, স্তন, অশ্বিনীকুমার।

দ্বিঃ, (দ্বি+সুচ—বারার্থে) ব্য, দুই-বার, দুই প্রকার।

দ্বিক, (দ্বি=দুই+ক=যে কথাতে দুইটি ক আছে; ৬.হ) ব্য, পুং, চক্রবাক, কাক, (দ্বি=দুই+কি—নিষ্প্রয়োজনার্থে) ন, দ্বয়, দুই। প, ত্রি, দ্বিত্ব-সংখ্যাযুক্ত।

দ্বিককার, (দ্বি=দুই+ককার=কবর্গ)

ব্য, পুং, কোক, কাক, (দ্বিক দেখ)।
দ্বিককুদ, (দ্বি=দুই+ককুদ=বৃষের স্কন্ধদেশস্থ ঝুঁটি) ব্য, পুং, উষ্ট্র, উট।
দ্বিকরী, যাহাদের শরীরে দুইটি মাত্র কর আছে, যথা—মনুষ্য প্রভৃতি। (Bimana)
দ্বিগর্ভ, (দ্বি+গর্ভ; ৬-হ) ব্য, পুং, যে সকল প্রাণীর উদরের অধঃপ্রদেশে সন্তান ধারণোপযুক্ত থলির ন্যায় দুই আধার থাকে, যথা—কাঙ্গারু (Marsupiata.)
দ্বিগর্ভপশু, যে সকল পশুদের উদরাধঃপ্রদেশে চর্ম্মময় এক প্রকার থলি থাকে, যাহার মধ্যে তাহারা শাবকগণকে আশ্রয় দেয়; যথা কাঙ্গারু (Marsupial Anaimal.)
দ্বিগু, (দ্বি+গো) ব্য, পুং, বট্ সমাসান্তর্গত সংখ্যাপূর্ব্ব পদাদির সমাস অর্থাৎ যাহাতে সংখ্যাবাচক পদ পূর্ব্বে থাকে; বোধ হয়, দ্বি প্রভৃতি সংখ্যাশব্দের সহিত গোশব্দ প্রভৃতির সমাস হয় বলিয়া এই সমাসের নাম দ্বিগু হইয়াছে। ণ, ত্রি, যাহার দুইটি গোরু আছে।
দ্বিগুণ, দ্বিগুণিত, (দ্বি=দুই+গুণ, গুণিত) ণ, ত্রি, দুইবার গুণিত, দুই সংখ্যা দ্বারা গুণিত, দোচাবা।
দ্বিগুণাকৃত, (দ্বিগুণা=দুইবার+কৃত=চল দ্বারা কৃষ্ট) ণ, ত্রি, বারদ্বয় কৃষ্ট, দুইবার চসা ক্ষেত্র, চসাভূমি প্রভৃতি।
দ্বিগুণীকৃত, (দ্বিগুণ=দুইবার+গুণ+কৃত; কৃধাতুজ কৃত শব্দের উত্তর অভূততদ্ভাবার্থে চ্বি প্রত্যয়;=ঈ) ণ, ত্রি, যাহা দ্বিগুণ করা হইয়াছে, দ্বিগুণিত।
দ্বিজ, দ্বিজন্মা, দ্বিজাতি, (দ্বি+জ=জন্ম; দ্বিজন্মন্, দ্বি+জন্মন্=জন্ম; দ্বি+জাতি=জন্ম; যাহাদের জন্ম ও জন্মান্তর সংস্কার রূপ দ্বিতীয় জন্ম হয়; ৬-হ) ব্য, পুং, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য। (যাহাদের অণ্ড ও শাবক এই দুই প্রকারে জন্ম হয়) পক্ষ্যাদি। (যাহারা দুইবার হয়) দন্ত, ধান্য। ণ, ত্রি, দুইবার জাত।—জা. স্ত্রী, রেণুকা নামক গন্ধদ্রব্য বিশেষ, সজ্জাবিশেষ. পাল্কী।
দ্বিজকুৎসিত, (দ্বিজ=পক্ষী+কুৎসিত=অবমানিত) ব্য; পুং, যে পক্ষী কর্ত্তৃক অবমানিত, বৃক্ষ, গাছ।
দ্বিজদাস, (দ্বিজ=ব্রাহ্মণাদি+দাস=ভৃত্য; ৬-ষ) ব্য পুং, যাহারা ব্রাহ্মণদিগের ভৃত্য. শূদ্রজাতি।
দ্বিজপতি, (দ্বিজ=ব্রাহ্মণ+পতি=প্রভু) ব্য, পুং, চন্দ্র।
দ্বিজপ্রপা, (দ্বিজ=পক্ষী ইত্যাদি+প্র+পা=পানকরা+ড; আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, প্রাচীরাদির নিকটবর্ত্তী পক্ষী গবাদির জলপানার্থ নির্ম্মিত ক্ষুদ্র জলাধার, আলবাল।
দ্বিজপ্রিয়, (দ্বিজ=ব্রাহ্মণ+প্রিয়; ৬-ষ) ণ, ত্রি, ব্রাহ্মণদিগের প্রিয়। য়া—ব্য, স্ত্রী, সোমলতা, পূর্ব্বকালে ব্রাহ্মণেরা যজ্ঞাবসানে সোমরস পান করিতেন এই নিমিত্ত সোমলতার নাম দ্বিজপ্রিয়া হইয়াছে।
দ্বিজরাজ, (দ্বিজ=ব্রাহ্মণ+রাজ=রাজন্ শব্দজ; ৬-ষ) ব্য, পুং, চন্দ্র, কর্পূর, গ্রহ নক্ষত্র বিপ্র ও লতাদি রাজ্যে ব্রহ্মা চন্দ্রকে অভিষিক্ত করিয়াছেন। (ক্ষত্রিয় বৈশ্যদের মধ্যে শ্রেষ্ঠ) গরুড়, (সর্পদের মধ্যে শ্রেষ্ঠ) অনন্ত।
দ্বিজলিঙ্গী, (দ্বিজ=দুইবার জাত+লিঙ্গ=চিহ্ন+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, দ্বিজবেশধারী, ছল ব্রাহ্মণ, ক্ষত্রিয়। [বঙ্গ ভাট প্রভৃতি।
দ্বিজবন্ধু, ব্য, পুং, অপকৃষ্ট দ্বিজ, দৈ-

দ্বিজবর, দ্বিজবর্য্য, (দ্বিজ=ব্রাহ্মণ+বর, বর্য্য=শ্রেষ্ঠ) ষ্য, পুং, ব্রাহ্মণ।
দ্বিজব্রণ, (দ্বিজ=দন্ত+ব্রণ=পীড়া) ষ্য, পুং, দন্তরোগ।
দ্বিজব্রুব, (দ্বিজ+ব্রুব [ব্রু=বলা+অ—ব]=যে বলে) ষ্য, পুং, দ্বিজ নয় তথাচ যে আপনাকে ব্রাহ্মণ বলে, ছলব্রাহ্মণ, অধম দ্বিজ।
দ্বিজশপ্ত, (দ্বিজ=ব্রাহ্মণ+শপ্ত=অভিশপ্ত) ষ্য, পুং, ব্রাহ্মণ কর্ত্তৃক যাহা শপ্ত অর্থাৎ কোন কোন সময়ে ভক্ষণ করিতে নিষিদ্ধ, কলাই বিশেষ, রাজমাস, বর্ব্বটী।
দ্বিজসেবক, (দ্বিজ=ব্রাহ্মণ+সেবক; ৬ ষ) ষ্য, পুং, শূদ্র।
দ্বিজসত্তম, (দ্বিজ+সত্তম=অত্যুত্তম) ষ্য, পুং, দ্বিজশ্রেষ্ঠ, ব্রাহ্মণ।
দ্বিজাত, (দ্বি=দুইবার+জাত=যে জন্মিয়াছে) ষ্য, পুং, দ্বিজাতি, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য।
দ্বিজানুলোম, ষ্য, ন, প্রথম তিন বর্ণের বা জাতির নিয়মবদ্ধ। [ঔষধ।
দ্বিজাঙ্গী, ষ্য, স্ত্রী, কটুকা নামক
দ্বিজায়নী, (দ্বিজ=দুইবার জাত+আয়ন; ঈপ স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, যজ্ঞোপবীত, পৈতা।
দ্বিজালয়, (দ্বিজ=ব্রাহ্মণ, পক্ষী+আলয়=বাসস্থান; ৬-ষ) ষ্য, পুং, বৃক্ষের কোটর, ব্রাহ্মণের বাটী।
দ্বিজিহ্ব, (দ্বি+জিহ্বা=জিব; ৬.হ) ষ্য, পুং, যাহাদের দুই জিহ্বা, সর্প, এইরূপ বর্ণিত আছে যে অমৃত ভোজন বাসনায় সমস্ত সর্পগণ কুশাসন লেহন করাতে তাহাদের জিহ্বা দ্বিখণ্ড হইয়াছে, যাহার দুই জিহ্বা, যে এক ব্যক্তির নিকট এক প্রকার বলিয়া অন্য ব্যক্তির নিকট অন্য একরূপ বলে, দুর্জ্জন, খল, সূচক, গোয়েন্দা, চোর।

দ্বিজিহ্বতা, (দ্বিজিহ্ব=কপট, খল+তা=ভাবার্থে) ষ্য, স্ত্রী, কাপট্য, অসরলতা, অসাধুতা।
দ্বিজোত্তম, (দ্বিজ=ক্ষত্রিয়, বৈশ্য+উত্তম; ৭-ষ) ষ্য, পুং, ব্রাহ্মণ, যাঁহারা ক্ষত্রিয় বৈশ্যের মধ্যে উত্তম।
দ্বিজ্যা, (দ্বি+জ্যা) ষ্য, স্ত্রী, বৃত্তাংশের উভয়কোটি সংযোজক রেখা (The sine, or chord of an arc)
দ্বিজ্যামাত্র, (দ্বিজ্যা+মাত্র) ষ্য, পুং, ভূমির সমান্তরাল রেখা (A horizontal line.) [ছল।
দ্বিট্‌সেবা, ষ্য, স্ত্রী, শঠতা, বঞ্চনা,
দ্বিট্‌সেবী, ণ, ত্রি, বঞ্চক, শঠ।
দ্বিঠা, ষ্য, স্ত্রী, অগ্নিপত্নী, স্বাহা।
দ্বিতয়, (দ্বি+তয়ট্‌—অবয়বার্থে) ষ্য, ন, য়ী—স্ত্রী, যুগ্ম, দ্বয়, দুই সংখ্যা, দ্বিপ্রকার। ণ, ত্রি, দ্বিত্ব-সংখ্যাযুক্ত। [দুই তল।
দ্বিতল, ণ, ত্রি, দোতলা, যে গৃহের
দ্বিতীয়, (দ্বি+তীয়—পূরণার্থে) ণ, ত্রি, দুয়ের পূরক। ষ্য, পুং, পুত্র, ধনাদি বিষয়ের প্রথম অধিকারী অর্জ্জক এবং দ্বিতীয় অধিকারী অর্জ্জকের পুত্র, এই নিমিত্ত দ্বিতীয় শব্দের অর্থ পুত্র হইয়াছে। য়া—স্ত্রী, পত্নী, ভার্য্যা, পরিণীতা ভার্য্যা পরিণেতার দ্বিতীয় আত্মা স্বরূপ বলিয়া দ্বিতীয়ার অর্থ ভার্য্যাও হইয়াছে, তিথি-বিশেষ, পক্ষের দ্বিতীয় দিন।
দ্বিতীয়াকৃত, (দ্বিতীয়+আকৃত=কৃত, কৃষ্ট) ণ, ত্রি, দুইবার কৃষ্ট (ক্ষেত্রাদি)।
দ্বিত্র, (দ্বি=দুই+ত্র, ত্রিশব্দজ) ণ, ত্রি, দুই অথবা তিন।
দ্বিদৎ, দ্বিদন্ত, (দ্বি=দুই+দন্ত=দাঁত; ৬.হ; দন্ত=দৎ, বয়স বুঝাইলে দন্ত স্থানে দৎ আদেশ হয় না) ণ, ত্রি, দন্তদ্বয়বিশিষ্ট (বৃষাদি)

দ্বিদল, (দ্বি=দুই+দল ; ৬.হ) ণ, ত্রি, যাহার দুই দল, দ্বিপর্ণ, যাহা দুই ভাগে বিভক্ত। ব্য, পুং, কলায় প্রভৃতি।

দ্বিদাম্নী, (দ্বি+দামন্=রজ্জু;৬.হ) ব্য, স্ত্রী, দুইগাছা রজ্জু দ্বারা বদ্ধ গাবী।

দ্বিদেহ, (দ্বি=দুই+দেহ=শরীর ; ৬.হ) ব্য, পুং, যাঁহার মস্তক হস্তীর ন্যায় এবং অন্যান্য অঙ্গ মানবের ন্যায়, গজানন, গণেশ।

দ্বিদৈবত্যা, (দ্বি=দুই+দৈবত=দেবতা+ক্যপ্; আপ্—স্ত্রীলিঙ্গে) বিশাখা নক্ষত্র, ইন্দ্র এবং অগ্নি বিশাখা নক্ষত্রের অধিপতি বলিয়া ইহাকে দ্বিদৈবত্যা বলা যায়।

দ্বিধা, দ্বেধা, (দ্বি+ধাচ্—প্রকারার্থে) ক্রিং—ণ, ব্য, দ্বিবিধ, দুইবার, দুই খণ্ড। [জন।

দ্বিধাকরণ, ব্য, ন, দুই অংশে বিভ-

দ্বিধাকৃত, ণ, ত্রি, যাহাকে দুই অংশে বিভক্ত করা গিয়াছে।

দ্বিধাগতি, (দ্বিধা=দ্বিবিধ [জলে এবং স্থলে]+গতি=গমন) ব্য, পুং, কুম্ভীর। ণ, ত্রি, দ্বিপ্রকার গতি-বিশিষ্ট।

দ্বিধাতু, (দ্বি=দুই+ধাতু=প্রকৃতি) ব্য, পুং, গণেশ। ন, ধাতুদ্বয়।

দ্বিধাত্মক, (দ্বিধা+আত্মন্+কণ) ব্য, ন, জায়ফল। [হেঁতাল গাছ।

দ্বিধালেখা, ব্য, পুং, হিন্তাল বৃক্ষ,

দ্বিনগ্নক, (দ্বি+নগ্ন=বিবস্ত্র, অনাবৃত +কন্) ব্য, পুং, যাহার মেঢ় আবরণ শূন্য,দুশ্চর্ম্মা, বণ্ড (A circumcised man.)

দ্বিনিষ্ক, (দ্বি+নিষ্ক=মূল্যবিশেষ) ণ, ত্রি, নিষ্কদ্বয়ে ক্রীত।

দ্বিপ, (দ্বি+দুই+প[পা=পানকরা+ড—ক]=যে পান করে) ব্য, পুং, যে দুই ইন্দ্রিয়ের দ্বারা পান করে অর্থাৎ শুণ্ডদ্বারা জল উত্তোলন পূর্ব্বক মুখ দ্বারা পান করে, নাগ, হস্তী। [৫২ সংখ্যা।

দ্বিপঞ্চাশৎ, ব্য, স্ত্রী, সংখ্যাবিশেষ,

দ্বিপত্রোৎপত্তিক,ণ, ত্রি, বীজ অঙ্কুরিত হইবার সময় যাহা হইতে কেবল দুইটীমাত্র পত্র বিনির্গত হয়, যথা—আম্র, লিচু প্রভৃতি। (Dicotyledonous) [দুইটী রাস্তা মিলিত হয়।

দ্বিপথ, (দ্বি+পথ) ব্য, ন, যে স্থানে

দ্বিপদ, (দ্বি=দুই+পদ=পা ; সমাহার দ্বন্দ্ব+৬.হ) ণ, ত্রি, পদদ্বয়বিশিষ্ট, যাহার দুই পা। ব্য, পুং, মনুষ্য, দেবতা, পক্ষী, রাক্ষস। দী—স্ত্রী, ছন্দোবিশেষ। দা—ঋকবিশেষ।

দ্বিপদরাশি, (দ্বিপদ+রাশি) ব্য, স্ত্রী, মিথুন, তুলা, কুম্ভ, কন্যা, ধনুর পূর্ব্বভাগ। [ব্য, ন, দ্বিগুণ অর্থদণ্ড।

দ্বিপাদ্য, (দ্বি=দুই+পাদ=অংশ+য)

দ্বিপায়ী, (দ্বি=দুই+পায়িন্=যে পান করে, দ্বিপ দেখ) ব্য, পুং, দ্বিপ, হস্তী।

দ্বিপুরোদন্তী, (দ্বি+পুরস্=অগ্রে+দন্তী =দন্তবিশিষ্ট) ব্য, পুং, যে সকল পশুর মুখের সম্মুখে প্রত্যেক পাটীতে দুইটী করিয়া দন্ত থাকে, যথা—কাঠবিড়ালী, শশক, শল্লকী, মূষিক প্রভৃতি। (Radentia)

দ্বিপাশ, ব্য, পুং, হস্তী। [বাসুদেব।

দ্বিপৃষ্ঠ, ব্য, পুং, স্বনাম প্রসিদ্ধ রাজা,

দ্বিভুজ, (দ্বি=দুই+ভুজ=বাহু) ব্য, পুং, দুই হাত। ণ, ত্রি,ভুজদ্বয়বিশিষ্ট, কোণ। (angle)

দ্বিমাতৃক, (দ্বি=দুই+মাতৃ=মাতা+ক) ব্য, পুং, গণেশ, জরাসন্ধ, ভগীরথ।

দ্বিমুখ, (দ্বি=দুই+মুখ ; ৬.হ) ব্য, পুং, রাজসর্প। খা—স্ত্রী, গাড়ু, জোঁক। ণ, ত্রি, মুখদ্বয়বিশিষ্ট, যাহার দুই-দিকে মুখ আছে।

দ্বিমুখাহি, (দ্বিমুখ+অহি=সর্প) ষ্য, পুং, যে সর্পের দুইদিকে মুখ, সর্প বিশেষ, রাজসর্প, সাঁকিনী সাপ।

দ্বিরদ, (দ্বি+রদ=দন্ত ; ৬.হ) ষ্য, পুং, হস্তী। [ষ্য, পুং, সিংহ।

দ্বিরদান্তক, (দ্বিরদ+অন্তক=নাশকারী)

দ্বিরশন, (দ্বিঃ=দুইবার+অশন=ভোজন) ষ্য, ন, দুইবার ভোজন।

দ্বিরসন, (দ্বি=দুই+রসনা=জিহ্বা ; ৬.হ) ষ্য, পুং, দ্বিজিহ্ব, সর্প।

দ্বিরাগমন, (দ্বিঃ=দুইবার+আগমন) ষ্য, ন, বিবাহানন্তর কন্যার স্বামী গৃহে দ্বিতীয়বার আগমন।

দ্বিরাপ, (দ্বিঃ=দুই+আপ [অ+পা=পান করা+ড—ষ]=যে পান করে) ষ্য, পুং, হস্তী।

দ্বিরাশী, (দ্বিঃ=দুইবার+অশ্=ভোজন করা+ণিন্—ষ) ণ, ত্রি, দ্বির্ভোজী, যে দুইবার ভোজন করে।

দ্বিরুক্ত, (দ্বিঃ=দুইবার+উক্ত=কথিত) ণ, ত্রি, দুইবার কথিত।

দ্বিরুক্তি, (দ্বিঃ=দুইবার+উক্তি=কথন) ষ্য, স্ত্রী, বারম্বার কথন, দুইবার বলা।

দ্বিরূঢ়া, (দ্বিঃ=দুইবার+ঊঢ়া=বিবাহিতা) ষ্য, স্ত্রী, দুই বার বিবাহিতা স্ত্রী, পুনর্ভূ।

দ্বিরূপ, (দ্বি+রূপ=আকৃতি) ষ্য, পুং, অভিধানবিশেষ। ণ, ত্রি, রূপ-দ্বয়বিশিষ্ট।

দ্বিরূপী, (দ্বিরূপ+ইন্) ষ্য, পুং, দ্বি-মূর্ত্তি, বিভিন্ন প্রকার রূপধারক।

দ্বিরেফ, (দ্বি+রেফ=রকার ; ৬ হ) ষ্য, পুং, ভ্রমর। ণ, ত্রি, বর্ব্বর, মূর্খ।

দ্বিবিন্দু, (দ্বি=দুই+বিন্দু=শূন্য, (॰) ; ৬.হ) ষ্য, পুং, যে বর্ণে দুইটী বিন্দু আছে ; বিসর্গ বর্ণ (ঃ)।

দ্বিবচন, ষ্য, ন, ব্যাকরণে দুই সংখ্যা-বোধক বিভক্তি।

দ্বিবর্ষা, (দ্বি=দুই+বর্ষা=বৎসর ; ৬.হ) ষ্য, স্ত্রী, দুই বৎসর বয়স্কা গাভী।

দ্বিবর্ষীয়স্, (দ্বিবর্ষ+ঈয়স্) ষ্য, পুং, দ্বিবর্ষবয়স্ক, যাহার দুই বৎসর বয়ক্রম।

দ্বিবাহিকা, (দ্বি=দুই+বহ=বহনকরা+ণক; আপ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, যাহা দুই ব্যক্তিদ্বারা সচরাচর বহন করা হয়, হিন্দোল, দোলা, ডুলি।

দ্বিবিদ, ষ্য, পুং, স্বনাম খ্যাত বানর-বিশেষ। [ষ্য, পুং, রামচন্দ্র।

দ্বিবিদারি, (দ্বিবিদ+অরি=শত্রু, ৬-ষ)

দ্বিবিধ, (দ্বি+বিধ=প্রকার) ণ, ত্রি, দুই প্রকার।

দ্বিবেশরা, ষ্য, স্ত্রী, ছোট রথবিশেষ।

দ্বিশঃ, (দ্বি=দুই+শস্) ষ্য, দুইবার, দুই দুই, দুজন দুজন।

দ্বিশফ, (দ্বি=দুই+শফ=খুর) ষ্য, পুং,দুই খুরযুক্ত পশু,যাহাদিগের খুর দুই ভাগে বিভক্ত, গো মহিষাদি।

দ্বিশীর্ষক, (দ্বি=দুই+শীর্ষ=মস্তক+কণ—যোগ) ষ্য, পুং, অগ্নি।

দ্বিশ্বাসী, আস্ফোলোটল জীব, ইহারা জন্মাবধি কর্ণকুহর ও ফুস্ফুস্ এই দুই যন্ত্র দ্বারা শ্বাস কার্য্য সম্পন্ন করে, ইহাদিগের শরীর মৎস্যের ন্যায় এবং ইহাদের চারিটী পা হংসের ন্যায় সন্তরণোপযোগী। (Amphineustra)

দ্বিট—পুং, দ্বিষৎ—ত্রি, (দ্বিষ=দ্বেষ-করা+ক্বিপ, শতৃ-ষ) ষ্য, শত্রু, দ্বেষী। ণ, ত্রি, দ্বেষকারী, শত্রুভাবাপন্ন।

দ্বিষন্তপ, (দ্বিষ=শত্রু+তপ=সন্তাপদে-ওয়া+খ) ণ, ত্রি, পরন্তপ, যে শত্রুকে তাপ দেয়,অপকারের প্রতি-শোধ দান, প্রত্যপকার করণ।

দ্বিষ্ট, (দ্বিষ=দ্বেষকরা+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে দ্বেষ করা যায়, তাম্র, তাঁবা। [ত্রি, দুয়েতে স্থিত, উভয়স্থ।

দ্বিষ্ঠ, (দ্বি=দুই+স্থ=যে থাকে) ণ,

দ্বিসপ্তি, (দ্বি=দুই+সপ্তকি=সোত্তর, দুই অধিক সোত্তর; কর্ম্মধা ; মধ্য-পদ লোপ) ব্য, স্ত্রী, বাহাত্তর, ৭২।

দ্বিসম, (দ্বি=দুই+সম=সমান,তুল্য) ণ, ত্রি, সমান দুই ভাগ বিশিষ্ট।

দ্বিসমত্রিভুজ, (দ্বিসম+ত্রিভুজ=ত্রি-কোণ) ব্য, স্ত্রী, যে ত্রিভুজের দুই বাহু সমান (the isosceles traingle।

দ্বিসহস্রাক্ষ, (দ্বিসহস্র=দুই হাজার+অক্ষি=চক্ষু ; ৬.হ) ব্য, পুং, সর্পরাজ, অনন্ত দেব।

দ্বিসীতা, দ্বিহল্য, (দ্বি=দুইবার+সীতা, হল=লাঙ্গল+য—কৃতার্থে) ণ, ত্রি, দ্বিগুণাকৃত, বারদ্বয়কৃষ্ট।

দ্বিহন্, (দ্বি+হন্ [হন=বধকরা+কিপ্]) ব্য, পুং, হস্তী, হাতী, যে শুণ্ড এবং দন্ত এই দুয়ের দ্বারা বধ করে। [ব্য, ন, সিদ্ধ তণ্ডুল।

দ্বিঃস্বিন্ন, (দ্বিঃ=দুইবার+স্বিন্ন=পক)

দ্বিহায়নী, (দ্বি+হায়ন=বৎসর ; ৬.হ) ব্য, স্ত্রী, দ্বিবৎসর বয়স্কা গবী।

দ্বিহৃদয়া, (দ্বি+হৃদয়=অন্তঃকরণ, ৬.হ) ব্য, স্ত্রী, গর্ভিণী, অন্তঃসত্ত্বা। (দোহদ দেখ।)

দ্বীপ, (দ্বি=দুই [অর্থাৎ দুই পার্শ্বে] অপ=জল ; ৬.হ ; অ=ঈ) ব্য, পুং, ন, চতুর্দ্দিকে জল বেষ্টিত স্থল, পৌরাণিকেরা বলেন যে এই পৃথিবী জম্বু, কুশ, প্লক্ষ, শাল্মলি, ক্রৌঞ্চ, শাক, এবং পুষ্কর এই সাতটী দ্বীপে বিভক্ত।

দ্বীপকর্পূরক, (দ্বীপ+কর্পূরক=কর্পূর) ব্য, পুং, চীনদেশোদ্ভব কর্পূর।

দ্বীপবান্, (দ্বীপ+বতু—অস্ত্যর্থে) ব্য, পুং, সমুদ্র, নদ।—বতী, স্ত্রী, নদী, ভূমি।

দ্বীপী, (দ্বীপ+ইন্-অস্ত্যর্থে) ব্য, পুং, চিতেবাঘ, সমুদ্র। ণ, ত্রি, দ্বীপবাসী।

দ্বৈপ্য, (দ্বীপ+ষ্যণ) ণ, ত্রি, দ্বীপবাসী। ব্য, পুং, ব্যাসবিশেষ, বেদব্যাসের নামান্তর।

দ্বেষ, (দ্বিষ=দ্বেষকরা+ঘঞ্—ভাবে) ব্য, পুং, শত্রুতা, বৈর, অসূয়া, ঈর্ষ্যা, ক্রোধ, বিরাগ।

দ্বেষণ, দ্বেষী, দ্বেষ্টা, (দ্বিষ+অনট—ঘ : দ্বিষ্+ণিন্—ঘ ; দ্বিষ্+তৃণ—ঘ) ণ, ত্রি, শত্রু, দ্বেষণ শব্দে ক্লীবলিঙ্গে দ্বেষ অর্থও হয়।

দ্বেষ্য, (দ্বিষ+য—চ) ণ, ত্রি, দ্বেষের পাত্র বা বিষয়, বিদ্বেষার্হ, ঘৃণার্হ।

দ্বৈগুণিক, (দ্বি=দুই+গুণ=সংখ্যা+ষ্ণিক—প্রয়োজনার্থে) ণ, ত্রি, বৃদ্ধি-জীবি, সুদখোর, যে এক গুণ দিয়া দুই গুণ গ্রহণ করে।

দ্বৈগুণ্য, (দ্বিগুণ+ষ্ণ্য) ব্য, ন, দুই গুণ, দ্বিগুণ করা।

দ্বৈত, (দ্বি+ত=দ্বিত+ষ্ণ) ব্য, ন, দ্বিতীয়ত্ব, দ্বিবিধত্ব। (দানশাস্ত্রে) বাহ্য ও আন্তরিক এই দুই পদার্থের অস্তিত্ব স্বীকার (Natural Realism or Dualism)

দ্বৈতবন, ব্য, ন, বনবিশেষ, বনবাস কালে যুধিষ্ঠিরাদি এই বনে বাস করিয়াছিলেন।

দ্বৈতবাদী, (দ্বৈত=বাদী=যে বলে) ণ, ত্রি, যাহারা জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন বলিয়া স্বীকার করে, যে দার্শ-নিকেরা বাহ্যপদার্থ এবং আন্তরিক-পদার্থের অস্তিত্ব স্বীকার করেন (Natural Realist or Dualist.)

দ্বৈতীয়ীক, (দ্বিতীয়+ষ্ণীক—স্বার্থে ; ক—যোগ) ণ, ত্রি, দ্বিতীয়।

দ্বৈধ, (দ্বিধা+ষ্ণ—স্বার্থে, নিপাতন) ব্য, ন, দ্বিধা, দ্বিপ্রকার, সন্দেহ, বিবাদ, মতভেদ, যুদ্ধকৌশল, যুদ্ধ-চাতুরী, যুদ্ধকারী সৈন্যগণের সাহায্যার্থ রক্ষিত সেনাদল। (A reserve)

দ্বৈধম্, (দ্বি+ধাচ্—প্রকারার্থে) ব্য. দ্বিধা, প্রবল শত্রুর প্রতি মৌখিক আত্মসমর্পণ।

দ্বৈধীভাব, (দ্বৈধ=দুইপ্রকার+ভাব,ভূ ধাতুজ ভাবশব্দের উত্তরচি্ব প্রত্যয়; অ=ঈ) ভিন্নভাব, পার্থক্য, মিত্র রাজাদিগের মধ্যে কলহোৎপাদন।

দ্বৈপ,(দ্বীপ=ব্যাঘ্রচর্ম্ম+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং, ব্যাঘ্রচর্ম্মাবৃত রথ। ন,ব্যাঘ্র-চর্ম্ম। ণ, ত্রি, দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈপসাগর, (Archipelago) বহুসং-খ্যক দ্বীপাকীর্ণ সাগরাদি।

দ্বৈপায়ন, (দ্বীপায়ন [দ্বীপ+অয়ন= জন্মস্থান; দ্বীপ যাহার জন্ম স্থান] ৬.হ; ষ্ণ—স্বার্থে) ব্য, পুং, ব্যাসদেব।

দ্বৈপ্য, (দ্বীপ+ষ্ণ্য—ইদমর্থে) ণ, ত্রি, দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈমাতুর, (দ্বিমাতৃ+ষ্ণ—অপত্যার্থে; ঋ=উ; যিনি দুই মাতার পুত্র) ব্য, পুং, গণেশ, জরাসন্ধ। ণ, ত্রি, দুই মাতার সন্তান।

দ্বৈমাতৃক, (দ্বিমাতৃ+ক) ব্য. পুং. বৃষ্টির জল ও নদীজলোৎপন্ন ধান্যাদি।

দ্বৈমিত্রি, (দ্বি=দুই+মিত্র+ষ্ণি) ণ, ত্রি, প্রিয়জনদ্বয় সম্ভূত, দম্পতী সম্ভূত সন্তানাদি।

দ্বৈরথ, (দ্বি=দুই+রথ+ষ্ণ) ব্য, পুং, দুই রথারোহী যোদ্ধৃপুরুষের পরস্পর যুদ্ধ।

দ্বৈবিধ্য, (দ্বিবিধ+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, দুই প্রকার, দ্বিবিধতা।

দ্ব্যঙ্গুল, (দ্বি=দুই+অঙ্গুলি; দ্বিগু—স, ই=অ) ণ, ত্রি, দুই অঙ্গুলি পরিমিত।

দ্ব্যঞ্জল, (দ্বি+অঞ্জলি; দ্বিগু—স; ই=অ) ণ, ত্রি, দুই অঞ্জলি পরিমিত।

দ্ব্যণুক, (দ্বি+অণু+ক—যোগ) ণ, ত্রি, দুই পরমাণুর সমষ্টি।

দ্ব্যর্থ, (দ্বি+অর্থ=বোধ) ণ, ত্রি, যাহাতে দুই অর্থ বুঝা যায়, অর্থ-দ্বয়যুক্ত, দুই উদ্দেশ্য বিশিষ্ট।

দ্ব্যষ্ট, (দ্বি=দুই [ধাতু; স্বর্ণ এবং রৌপ্য]+অশ্=ব্যাপা+ক) ব্য, ন, তাম্র, তাঁবা, যাহা দুই উৎকৃষ্ট ধাতুতে খাদরূপে মিশ্রিত করা যায়।

দ্ব্যহ, (দ্বি=দুই+অহন্=দিন) ব্য, পুং, দুই দিন।

দ্ব্যাত্মক, (দ্বি+আত্মন্+কণ্) ণ, ত্রি, পদার্থদ্বয় সম্বন্ধীয়, দুইএর স্বরূপ, দ্বিবিধ। ব্য, পুং, মিথুন, ধনু, কন্যা, এবং মীনরাশি।

দ্ব্যামুষ্যায়ণ,(দ্বি+আমুষ্যায়ণ=অমুষ্য-পুত্র) ব্য, পুং, দত্তকপুত্রবিশেষ, যে পুত্র চূড়াকরণের পর জনক ও প্রতিগৃহীতা উভয়ের সম্মতিক্রমে পরিগৃহীত হইয়া উভয়ের পিণ্ডদান ও ধন গ্রহণ করে।

দ্ব্যাহ্নিক, (দ্ব্যহ+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, দুই দিবসে জাত বা সম্পন্ন, যাহা দ্বিতীয় দিনে হয়, উভয়দিন-ভোগ্য অন্নাদি।

ধ

ধ, ব্যঞ্জনের ঊনবিংশবর্ণ এবং ত বর্গের চতুর্থবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত; এইজন্য ইহাকে দন্ত্য বর্ণ বলে। (ধা=ধারণকরা+ড) ব্য, পুং, ব্রহ্মা, কুবের, ধর্ম্ম। ন, ধন।

ধট, (ধণ=শব্দকরা+অ; ণ স্থানে ট) ব্য, পুং, তুল, নিক্তি, দাঁড়ী, তুলাপরীক্ষা, তুলারাশি। টী—স্ত্রী, পুরাতন বস্ত্র, চীর, কৌপীন।

ধটক, (ধট+ক—যোগ) ব্য, পুং, ৪২ রতি পরিমাণ, ধাড়া।

ধটিনী, (ধট=বস্ত্র+ইন্; ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, কটিবন্ধনী।

ধটীদান, (ধটী=চীরবস্ত্র+দান) ব্য, ন,গর্ভবতী স্ত্রীলোককে চীরবস্ত্রদান।

ধড়, (দেশজ) ষ্য, শরীর, দেহ।

ধড়া, (ধটীশব্দজ) ষ্য, জীর্ণবস্ত্র, নেকড়া।

ধড়িবাজ, (দেশজ) ধূর্ত্ত, শঠ, চালাক।

ধত্তূর, (ধে=পানকরা+উরচ্; নিপাতন) ষ্য, পুং, ধুতুরা।

ধন, (ধন্=[শস্য] উৎপন্নহওয়া+অ) ষ্য, ন, বিত্ত, স্থাবর অস্থাবর সম্পত্তি, টাকা কড়ি, স্বর্ণ প্রভৃতি, গো, ধান্যাদি, স্নেহসূচকশব্দ, ধনিষ্ঠা নক্ষত্র, (বীজগণিতে) যোগ চিহ্ন, (Plus) "+" এই প্রকার চিহ্ন, "ধনাশা জীবিতাশা চ জীর্য্যতোহপি ন জীর্য্যতি"।

ধনকেলি, (ধন+কেলি=যে ক্রীড়া করে) ষ্য, পুং, কুবের, যক্ষরাজ।

ধনচ্ছ্, (ধন=ধান্যাদি শস্য+ছো=ছিন্ন করা+ড্) ষ্য, পুং, হাড়গিলার আকার বিশিষ্ট পক্ষিবিশেষ, করেটু-পক্ষী, ইহারা ক্ষেত্রস্থ ধান্যাদি ছেদন করিয়া ভক্ষণ করে, এই জন্য ইহাদের নাম ধনচ্ছ হইয়াছে।

ধনঞ্জয়, (ধন+জি+খ) ষ্য, পুং, অর্জ্জুন, এইরূপ প্রথিত আছে যে অর্জ্জুন কুন্তীর পূজার নিমিত্ত কুবেরকে জয় করিয়া স্বর্গ হইতে সুবর্ণ নির্ম্মিত পদ্ম আনিয়াছিলেন, অগ্নি, স্বনাম প্রসিদ্ধ নাগ বিশেষ, দেহাভ্যন্তরস্থ পঞ্চ বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ, যে বায়ুর দ্বারা শরীরের পুষ্টি সাধন হয়, ককুভ বৃক্ষ।

ধনদ, (ধন+দ=[দা=দানকরা কিম্বা দৈ=পালনকরা+ড—ষ] যে দান করে বা পালন করে; ২য়া—ত) ষ্য, পুং, কুবের। ণ, ত্রি, ধনদাতা।

ধনদানুচর, (ধনদ=কুবের+অনুচর=পশ্চাদ্গামী) ষ্য, পুং, কুবেরানুচর, যক্ষ।

ধনদানুজ, (ধনদ+অনুজ=কনিষ্ঠ; ৬-ষ) ষ্য, পুং, কুবেরানুজ, রাবণ।

ধনদায়ী, (ধন+দা=দান করা+ণিন্—ষ) ষ্য, পুং, অগ্নি। ণ, ত্রি, ধনদাতা।

ধনপতি, ধনস্বামী, ধনাধিপ, ধনাধ্যক্ষ, ধনেশ্বর, (ধন+পতি ইত্যাদি; ৬-ষ) ষ্য, পুং, কুবের, ধনী।

ধনদা, (ধন+দা+খশ্; আপ্ স্ত্রীলিঙ্গে) ষ্য, পুং, শক্তিবিশেষ, যে শক্তি উপাসনা করিলে ধন পাওয়া যায়, ধনদা দেবী।

ধনপিশাচিকা, ধনপিশাচী, ষ্য, স্ত্রী, ধনতৃষ্ণা, ধনলোভ। [টাকা খাটান।

ধনপ্রয়োগ, ষ্য, পুং, ধনের বিনিয়োগ,

ধনমূল, (ধন+মূল; ৬-হ) ণ, ত্রি, ধনজাত, ধনহইতে যাহা উৎপন্ন হয়। ষ্য, ন, মূলধন।

ধনলুব্ধ, (ধন+লুব্ধ) ণ, ত্রি, কৃপণ, ধনাকাঙ্ক্ষী, যে ধনপ্রাপ্তির আশায় কোন কার্য্যাদি সম্পন্ন করে।

ধনবতী, (ধনবৎ+ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, ধনিষ্ঠা নক্ষত্র, ধনশালিনী।

ধনবান্, ধনী, (ধন+বতু—অস্ত্যর্থে; ধন+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ঐশ্বর্য্যশালী, ধনী।

ধনহ, ষ্য, পুং, পক্ষীবিশেষ, কলিঙ্গ।

ধনহর, (ধন+হৃ+অল্) ণ, ত্রি, যে পিতৃ পৈতামহ ধনপ্রাপ্ত হয়, দায়াদ, যে ধন অপহরণ করে, চোর, যে ধন গ্রহণ করে, ধনগ্রাহ।—রী, ষ্য, স্ত্রী, চোর নামক সুগন্ধি দ্রব্যবিশেষ।

ধনাগম, (ধন+আগম=আগমন) ষ্য, পুং, অর্থাগম, আয়।

ধনাধিকৃত, (ধন+অধিকৃত=যাহার উপর রাখা যায়) ষ্য, পুং, যাহার উপর ধনরক্ষার ভার থাকে, কোষ গৃহে নিযুক্ত ব্যক্তি, ধনাধ্যক্ষ।

ধনাধ্যক্ষ, (ধন+অধ্যক্ষ=তত্ত্বাবধারক) ষ্য, পুং, কুবের, ধনরক্ষক।

ধনাপহার, (ধন+অপহার=গ্রহণ, চুরিকরণ ; ৬-ষ) ব্য, পুং, দোষী ব্যক্তির অর্থদণ্ড, অপহার,হরণ,লুট।
ধনার্জ্জিত, (ধন+অর্জ্জিত=পূজিত ; ৩-ষ) ণ, ত্রি, ধনাঢ্য, ধনশালী।
ধনার্থী, (ধন+অর্থিন্=যে প্রার্থনা করে) ণ, ত্রি, যে ধনের অন্বেষণ করে, ধনাভিলাষী, কৃপণ।
ধনাশ্রী, ব্য, স্ত্রী, রাগিণী বিশেষ।
ধনিক, (ধন+ইক) ণ, ত্রি, সাধু, ধার্ম্মিক, উৎকৃষ্ট, ধনাঢ্য, মহাজন, ধনী, সুন্দরী স্ত্রী, যুবতী, ধনবান্. উত্তমর্ণ, ধনিক বৃক্ষবিশেষ, স্বামী, ধনে, প্রিয়ঙ্গু, সুন্দরী সাধ্বীস্ত্রী। কা —স্ত্রী, বধূ।
ধনিষ্ঠা, (ধনবৎ+ইষ্ঠ, বৎ—লোপ) ব্য, স্ত্রী, নক্ষত্রবিশেষ। [যুবতী।
ধনীকা, (ধন+ইক ; ই-ঈ) ব্য, স্ত্রী,
ধনীয়ক, (ধন—[শস্য] উৎপন্ন হওয়া +ঈয়, ক—যোগ) ব্য, ন, ধনে, ধনিয়া।
ধনু, ধনুঃ, ধনুস্, (ধন্[এখানে] নিক্ষেপ করা+উ, ঊ, উস্) ব্য, পুং,—ন, কার্ম্মুক, ধনুক,মেষাদি রাশির অন্তর্গত নবম রাশি, চারি হস্ত পরিমাণ, এককাঠা, পিয়ালবৃক্ষ।
ধনুঃকাণ্ড,—শ, (ধনুঃ+কাণ্ড=শর, সমাহার দ্বন্দ্ব) ব্য, ন, ধনুর্ব্বাণ, শর এবং শরাসন।
ধনুঃখণ্ড, (ধনুঃ+খণ্ড=অংশ ; ৬-ষ) ব্য, ন, ছিন্নাংশ ধনুক।
ধনুঃশাখা, ব্য, স্ত্রী, জ্যা, ছিলা।
ধনুর্গুণ, (ধনুস্=ধনুক+গুণ=জ্যা) ব্য, পুং, ধনুকের ছিলা, জ্যা।
ধনুর্দ্রুম, (ধনুস্+দ্রুম=বৃক্ষ ; ৬-ষ) ব্য, পুং, বংশ, বাঁশ।
ধনুর্দ্ধর, ধনুর্ভৃৎ, ধনুষ্মান্, (ধনুস্+ধর=যে ধরে, ২—ষ। ধনুস্+ভৃৎ=যে ধারণ করে, ২-ষ। ধনুষ্মৎ, ধনুস্+মতু—অস্ত্যর্থে) ব্য, পুং, ধানুষ্ক, তীরন্দাজ।
ধনুর্দ্ধারী, (ধনুস্+ধারিন্=যে ধরে ; ২-ষ) ব্য, পুং, ধনুর্দ্ধর দেখ।
ধনুর্বৃক্ষ, ব্য, পুং, বংশ, বাঁশ, ভল্লাতক, অশ্বত্থ।
ধনুর্ম্মার্গণ, ব্য, ন, বক্ররেখা। [বিদ্যা।
ধনুর্ব্বেদ, (ধনুস্+বেদ) ব্য, পুং, শস্ত্র-
ধনুষ্কর, (ধনুস্+কর=যে [অভ্যাস] করে ; ২-ষ) ব্য, পুং, ধনুর্দ্ধর।
ধনুষ্টঙ্কার, (ধনুস্+টঙ্কার ; ৭-ষ) ব্য, পুং, জ্যাস্ফালন শব্দ, রোগবিশেষ, অঙ্গগ্রহ। [কাঠিন্য, ধাতু সঙ্কোচ।
ধনুস্তম্ভ, ব্য, পুং, রোগজনিত মাংস-
ধনুষ্পাণি, (ধনুস্+পাণি=হস্ত) ণ, ত্রি, ধনুর্দ্ধর, যে ধনু ধারণ করে।
ধনুষ্পট, ব্য, পুং, পিয়ালবৃক্ষ।
ধনেয়ক, (ধনের [ধন=শস্য+ক্ষেত্র] +ক—যোগ) ব্য,ন, ধন্যাক, ধনিয়া।
ধনেশ, ধনেশ্বর, (ধন+ঈশ, ঈশ্বর=প্রভু) ব্য, পুং, কুবের। ণ, ত্রি, ধন স্বামী। [ছল।
ধন্ধ, (দেশজ) অন্ধতা, দৃষ্টিভ্রম, ভ্রম,
ধন্য, (ধন+য—যোগার্থে) ণ, ত্রি, ভাগ্যবান্, সৌভাগ্যশালী, সাধু, ধার্ম্মিক। ব্য, পুং, নাস্তিক, বিধর্ম্মী, প্রশংসনীয়, কৃতার্থ, শ্লাঘ্য।
ধন্যবাদ, (ধন্য+বাদ=কথন) ব্য, পুং, সাধুবাদ, প্রশংসাবাদ, গুণোৎকীর্ত্তন।
ধন্যা, (ধন্=[শস্য] উৎপন্ন হওয়া, নিপাতন) ব্য, স্ত্রী, ধনিয়া, ধাত্রী, আমলকী।
ধন্ব, (ধন্ব্=গমন করা+অ) ব্য, ন, যাহার দ্বারা শরাদি চালিত হয়, ধনুক
ধন্বদুর্গ, ব্য, ন, মরুভূমি।
ধন্বন্তরি, ব্য, পুং, দেবচিকিৎসক, কাশিরাজ, দিবোদাস,পণ্ডিতবিশেষ, রাজা বিক্রমাদিত্যের নবরত্নের এক

রত্ন। "ধন্বন্তরি ক্ষপণকামর-সিংহ শঙ্কু বেতালভট্ট ঘটকর্পর কালিদাসাঃ"।

ধন্বা, (ধন্=ক্ষেপণ করা+বন্) বা, পুং—ন, ধনুক। পুং, মরুভূমি। —ন, দৃঢ়ভূমি, কঠিন মৃত্তিকা বিশিষ্ট স্থান।

ধন্বী, (ধনু=ধনুক+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধনুষ্মান্, ধনুর্দ্ধারী, মুরজাদি বাদ্যধ্বনিকারী, অগ্নি সংযোগ কর্ত্তা। বা, পুং, কৃষ্ণ, চন্দ্র, যম, ব্রহ্ম, অর্জ্জুন। [শুভ্র, সাদা।

ধপ্ধপিয়া, (দেশজ) ণ, শ্বেত বর্ণ,

ধম, (ধ্মা=শব্দ করে+অল্) ণ, ত্রি, বিদগ্ধ ব্যক্তি, প্রহসনপটু।

ধমক, (ধ্মা=[ভস্ত্রার] শব্দ করা+অক) বা, পুং, কর্ম্মকার। (দেশজ) ভর্ৎসনা, তিরস্কার।

ধমন, (ধ্মা=শব্দ করা+অন) বা, পুং, নল, চোঙ্গা, বংশ্যাদি বাদন। ণ,ত্রি, যে কর্ম্মকারের ভস্ত্রা চালন করে, ক্রূর।

ধমনি, ধমনী, (ধ্মা=শব্দকরা+অনি, ঈ) বা, স্ত্রী, নাড়ী, শিরা,(Artery) গলদেশ, গলা, হরিদ্রা, সুগন্ধ দ্রব্য-বিশেষ, চটুবিলাসিনী।

ধমনীজাল, বা, শরীরের অন্তর্ব্বর্ত্তী শিরাসমূহ। (Arteries.)

ধম্মিল্ল,(ঊর্দ্ধ+মিল=মিলিত হওয়া+ল—সংজ্ঞার্থে, নিপাতন) বা, পুং, যে ঊর্দ্ধে সংযত হয়, চুলের খোঁপা।

ধর, (ধৃ=ধরা+অল—ম) বা, পুং, পর্ব্বত, কার্পাস তুলা, কূর্ম্মাবতার, অষ্ট বসুর অন্তর্গত বসুবিশেষ। (যে জন্তু সকল ধারণ করে) বা—স্ত্রী, পৃথিবী, জরায়ু, গর্ভাশয়, মেদ, শরীরাভ্যন্তরস্থ রক্তস্থলি বিশেষ, মহাদান বিশেষ, স্বর্ণ গোলোক নির্ম্মাণ করিয়া অথবা স্তূপাকারে রত্নাদি মহামূল্য দ্রব্য রাখিয়া ব্রাহ্মণদিগকে দান। ণ, ত্রি, ধারণ কর্ত্তা।

ধরণ, (ধৃ+অনট—ভাব) বা, ন, অধিকার করণ, ধারণ, বোড়শ মাসা পরিমিত রৌপ্য, পরিমাণ বিশেষ, ২৪ রতি। পুং, হিমালয় পর্ব্বত, সূর্য্য, ভুবন, লোক, স্তন, ধান্য, সেতু, নদ্যাদির বাঁধ, পর্ব্বত পার্শ্ববর্ত্তী স্থান। স্ত্রী, পৃথিবী, শাল্মলী বৃক্ষ, রক্তস্থলী, কন্যবিশেষ।

ধরণা, (দেশজ) বা, ভক্তি, প্রযত্ন-বিশেষ।

ধরণি, ধরণী, (ধৃ=[জন্তু] ধরা+অনি) বা, স্ত্রী, পৃথিবী।

ধরণিধর, ধরণীধর, (ধরণি,—ণী=পৃথিবী+ধর=যে ধারণ করে ; ২—ষ) বা, পুং, বিষ্ণু, অনন্ত, ভূধর, পর্ব্বত, মহাবরাহ, কূর্ম্মরাজ।

ধরণীকীলক, (ধরণী=পৃথিবী+কীলক =শঙ্কু, গোঁজ) বা, পুং, পর্ব্বত।

ধরণীপতি, (ধরণী=পৃথিবী+পতি=অধীশ্বর;৬-ষ) বা, পুং, ভূপতি,রাজা।

ধরণীপাল, (ধরণী+পাল ; ৬-ষ) বা, পুং, রাজা।

ধরণীপূর, ধরণীপ্লব, (ধরণী=পৃথিবী+পূর=সম্পূর্ণ রূপে বেষ্টনকরা+অল ; —প্লব=যে ভাসিয়া যায়; ৭-হ)বা পুং, পৃথিবী যাহার উপরে ভাসে, সমুদ্র।

ধরণীশ্বর, (ধরণী+ঈশ্বর=প্রভু ; ৬-ষ) বা, পুং, শিব, রাজা।

ধরণীসুতা, (ধরণী=পৃথিবী+সুতা =কন্যা) বা, স্ত্রী, দেবযজন সম্ভবা, সীতা, প্রথিত আছে, যে রাজর্ষি জনক যজ্ঞার্থে একখণ্ড ভূমি কর্ষণ করিবার কালে সীতা দেবীকে প্রাপ্ত হন।

ধরাতল, বা, ন, যাহার দৈর্ঘ্য ও বিস্তার আছে কিন্তু বেধ নাই,ভূতল,

পৃথিবীর উপরিভাগ, (Surface.)
ধরাত্মজ, (ধরা=পৃথিবী+আত্মজ=পুত্র ; ৬-ষ) ব্য,পুং,ভৌম, মঙ্গলগ্রহ।
ধরাধর, (ধরা=পৃথিবী+ধর=যে ধারণ করে ; ২-ষ) ব্য, পুং, অনন্ত, বিষ্ণু, পর্ব্বত, কূর্ম্মরাজ, মহাবরাহ।
ধরামর, (ধরা + অমর=দেবতা) ব্য, পুং, ব্রাহ্মণ।
ধরিত্রী, (ধৃ [জন্ম] ধরা + ইত্র ; ঈ-স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পৃথিবী, ধরণী।
ধরাশয়, (ধরা + শয়=যে শয়ন করে ; ৭-ষ) ণ, ত্রি, ভূমিপতিত।
ধরিমা, (ধৃ=ধারণকরা + ইমন) ব্য, পুং, আকার, সাদৃশ্য, নিক্তী, তুলাদণ্ড।
ধরুণ, (ধৃ=ধারণকরা+উন) ব্য, পুং, ব্রহ্মা, স্বর্গ, জল, অভিপ্রায়, মত।
ধর্ত্তব্য, (ধৃ=ধরা+তব্য—ত) ণ, ত্রি, ধারণ যোগ্য, বিবেচ্য, গ্রাহ্য।
ধর্ত্তা, (ধৃ=ধরা + তৃণ—ষ) ণ, ত্রি, ধারণকর্ত্তা, বহনকর্ত্তা।
ধর্ম, (ধৃ=ধরা+ম—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, গৃহ, যজ্ঞ, ধর্ম্ম।
ধর্ম্ম, (ধৃ=পোষণকর +ম) ব্য, পুং—ন, যে সকল মনুষ্যকে প্রতিপালন অর্থাৎ পরিপোষণ করে, শুভাদৃষ্ট, সুকৃত, পুণ্য, শ্রেয়ঃ, শাস্ত্রসম্মত আচার ব্যবহার, সচ্চরিত, রীতি, স্বভাব, কর্ত্তব্য নিয়ম, ভাব, নৈসর্গিক অবস্থা, ক্রতু, যজ্ঞ, গুণ, সৎকর্ম্ম, স্বভাব, উপমা, সাদৃশ্য, লগ্ন হইতে নবমস্থান, অহিংসা, উপনিষদ, বেদের অংশ বিশেষ, ধর্ম্ম বিষয়ক উপদেশ বা প্রবন্ধ, উপাসনা পদ্ধতি, দানাদি কার্য্য। পুং, যম, আত্মা, জীব, ধনুক, শিববাহন, বৃষ, সোমপায়ী, সৎসঙ্গ, দেবতা-বিশেষ। [ক্রিয়া, ধর্ম্মকার্য্য।
ধর্ম্মকর্ম্ম, ব্য, ন, শাস্ত্র দৃষ্ট প্রতিপাদক
ধর্ম্মকায়, (ধর্ম্ম + কায়=শরীর ; ৬-ষ) ব্য, পুং, ধর্ম্মের অবতার স্বরূপ, বুদ্ধদেব।
ধর্ম্মকীল, ব্য, পুং, রাজশাসন, শাসন।
ধর্ম্মকৃত্য, (ধর্ম্ম+কৃত্য=কার্য্য) ব্য, পুং, দেবপূজাদি ধর্ম্মকার্য্য, সৎকার্য্য সাধন।
ধর্ম্মকেতু, (ধর্ম্ম + কেতু=ধ্বজা) ব্য, পুং, বুদ্ধ, জিন। [ধর্ম্মস্থান।
ধর্ম্মক্ষেত্র, ব্য, ন, কুরুক্ষেত্র, পুণ্যধাম,
ধর্ম্মঘট, ব্য, পুং, বৈশাখ মাসে দাতব্য সুগন্ধোদক পূর্ণ কলস। (দেশজ) ঐক্যমত্য অবলম্বনকরা।
ধর্ম্মচারী, (ধর্ম্ম=আচরণকরা+ণিন্) ণ, ত্রি, যে ধর্ম্ম পথে চলে, ধার্ম্মিক, পুণ্যবান, সদাচারী।
ধর্ম্মচারিণী, (ধর্ম্ম=কর্ত্তব্যকর্ম্ম + চর=[গমন করা] অনুগমনকরা+ণিন্—ষ ; ঈপ্—স্ত্রীলিঙ্গে)ব্য,স্ত্রী, ধর্ম্মপত্নী, ভার্য্যা, পতিব্রতা।
ধর্ম্মজ্ঞ, (ধর্ম্ম + জ্ঞ=যে জানে ; ২-ষ) ণ,ত্রি, যে ধর্ম্ম জানে, ধর্ম্মজ্ঞান বিশিষ্ট, ধার্ম্মিক।
ধর্ম্মজ্ঞান, (ধর্ম্ম+জ্ঞান ; ৬-ষ) ব্য, ন, পরমার্থজ্ঞান, ক্রিয়াজ্ঞান।
ধর্ম্মণ, ব্য, পুং, ধামনীয়া নামক বৃক্ষ বিশেষ, ঢেমনা সাপ।
ধর্ম্মতঃ, (ধর্ম্ম+তস্) ব্য, যথার্থরূপে, ন্যায়ানুসারে, যথাযোগ্য।
ধর্ম্ম তত্ত্ব, ব্য, ন, পরমার্থ রহস্য, ধর্ম্মের যথার্থ মর্ম্ম।
ধর্ম্মত্যাগী, (ধর্ম্ম+ত্যাগিন্ ; ২-ষ) ব্য, পুং, আত্মধর্ম্মচ্যুত, স্বজাতীয় ব্যবহার ভ্রষ্ট।
ধর্ম্মদ্রবী, (ধর্ম্ম + দ্রু=দ্রবহওয়া+অ ; ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, গঙ্গা, গঙ্গার জল পাপবিনাশক, বলিয়া ইহাকে ধর্ম্মদ্রবী কহে।
ধর্ম্মদ্রোহী, (ধর্ম্ম+দ্রোহিন্=বিরুদ্ধা-

চারী ; ৬-হ) বা, পুং, অধার্ম্মিক, দুষ্ট, খল, ক্রূর।

ধর্ম্মদান, বা, ন, প্রত্যুপকার প্রত্যাশা না করিয়া কেবল ধর্ম্মার্থ দান।

ধর্ম্মধ্বজী, (ধর্ম্মধ্বজ+ইন্—অস্ত্যর্থে) বা, পুং, যাহার ধর্ম্মের ধ্বজ অর্থাৎ জটা চীরবাসাদি বাহ্যিক লক্ষণ আছে, জীবিকার্থ জটা কৌপীনধারী কপট তপস্বী, লিঙ্গবৃত্তি।

ধর্ম্মনিষ্ঠ, (ধর্ম্ম+নিষ্ঠা ; ৬-হ) ণ, ত্রি, ধর্ম্মিষ্ঠ, পুণ্যবান, যাহার ধর্ম্মে আন্তরিক ভক্তি আছে।

ধর্ম্মনিষ্ঠা, বা, স্ত্রী, ধর্ম্মবিষয়ে ঐকান্তিক শ্রদ্ধা, সাধ্যানুসারে ধর্ম্ম প্রতিপালন।

ধর্ম্মনীতি, বা, স্ত্রী, নীতিজ্ঞানবিষয়ক শাস্ত্র, যে শাস্ত্র দ্বারা ঔচিত্যানৌচিত্যাবধারণ করা যায়।

ধর্ম্মপত্তন, (ধর্ম্ম+পত্তন—নগর বিশেষ) বা, ন, মরিচ, পত্তন দেশে উৎপন্ন হয় বলিয়া মরিচের এই নাম হইয়াছে, ধর্ম্মপুরী।

ধর্ম্মপত্নী, (ধর্ম্ম—ধর্ম্মনিমিত্ত+পত্নী, ৪-ষ) বা, স্ত্রী, সহধর্ম্মিণী, ভার্য্যা, পতিব্রতা।

ধর্ম্মপত্র, (ধর্ম্ম—যজ্ঞ+পত্র) বা, ন, যজ্ঞডুমুর গাছ।

ধর্ম্মপুত্র, (ধর্ম্ম+পুত্র ; ৬-ষ) বা, পুং, যুধিষ্ঠির, নর নরায়ণ ঋষি, ধর্ম্মানুসারে কৃত পুত্র, ধর্ম্মবেটা।

ধর্ম্মপ্রবৃত্তি, বা, স্ত্রী, ধর্ম্মবিষয়ক প্রবৃত্তি, যথা—ন্যায়পরতা, উপচিকীর্ষা প্রভৃতি।

ধর্ম্মবুদ্ধি, বা, স্ত্রী, ধর্ম্মবিষয়ক জ্ঞান।

ধর্ম্মভাণক, বা, পুং, ভারতাদিপাঠক।

ধর্ম্মভিক্ষুক, বা, পুং, সন্ন্যাসী।

ধর্ম্মভ্রাতা, (ধর্ম্ম+ভ্রাতৃ—ভাই) বা, পুং, সহাধ্যায়ী, সতীর্থ।

ধর্ম্মময়, (ধর্ম্ম+ময়) ণ, ত্রি, যে স্থলে অধর্ম্মের লেশমাত্র নাই, ধর্ম্মে পরিপূর্ণ, মূর্ত্তিমান্ ধর্ম্ম, ধার্ম্মিক, পুণ্যাত্মা।

ধর্ম্মযাজক, বা, পুং, ভারতাদিপাঠক।

ধর্ম্মযু, (ধর্ম্ম+যু—গমন করা+কিপ্) ণ, ত্রি, ধার্ম্মিক, ধর্ম্মবিশিষ্ট। ধর্ম্মযুক্ও হয়।

ধর্ম্মরাজ, (ধর্ম্ম—বিচার বিষয়ে+রাজ =রাজন্ শব্দজ ; ৬-ষ) বা, পুং, যম, যুধিষ্ঠির, নৃপতি, জিন, অর্জ্জুন।

ধর্ম্মলক্ষণ, (ধর্ম্ম+লক্ষণ—চিহ্ন) বা, ন, ধর্ম্মাভিজ্ঞান, ধর্ম্মচিহ্ন ; ধৃতি, ক্ষমা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ — এইদশবিধ।

ধর্ম্মবাসর, (ধর্ম্ম+বাসর—দিন) বা, পুং, পৌর্ণমাসী, এই দিনে ধর্ম্ম কার্য্য সম্পাদন করা যায়।

ধর্ম্মবাহন, (ধর্ম্ম—শিবের বৃষ+বাহন= যান ; ৬-হ) বা, পুং, শিব। ন, ধর্ম্মের রথ। [ধর্ম্মজ্ঞ, ধার্ম্মিক।

ধর্ম্মবিদ্, (ধর্ম্ম+বিদ্—যে জানে) ণ, ত্রি,

ধর্ম্মশালা, (ধর্ম্ম—বিচার+শালা=গৃহ ; ৬-ষ) বা, স্ত্রী, ধর্ম্মার্থ গৃহ, ধর্ম্মাধিকরণ, বিচারালয়।

ধর্ম্মশাস্ত্র, (ধর্ম্ম+শাস্ত্র ; ৬-ষ) বা, ন, মন্বাদিপ্রণীতশাস্ত্র, স্মৃতি, ধর্ম্মসংহিতা।

ধর্ম্মশাস্ত্রপ্রয়োজক, (ধর্ম্মশাস্ত্র+প্রয়োজক=প্রণেতা) বা, পুং, ধর্ম্মশাস্ত্র প্রবর্ত্তক ঋষিসমূহ, যথা—মনু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবল্ক্য, উশনা, অঙ্গিরা, যম, আপস্তম্ব, সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্খ, দক্ষ, গোতম, শাতাতপ এবং বশিষ্ট। [ন, ত্রি, ধার্ম্মিক।

ধর্ম্মশীল, (ধর্ম্ম+শীল—স্বভাব ; ৬-হ)

ধর্ম্মসংহিতা, (ধর্ম্ম+সম্+ধা—ধারণ করা+ক্ত ; আ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী,

যে পুস্তকে যাবতীয় ধর্ম্মবিষয়ক উপদেশ সংগৃহীত হইয়াছে, ধর্ম্মশাস্ত্র, স্মৃতিশাস্ত্র।

ধর্ম্মসভা, ধর্ম্মশালা; প্রচলিত ধর্ম্মের পরিপোষক ব্যক্তিগণের একত্র সমাবেশনস্থান, স্বধর্ম্মের উন্নতি সাধন ও বিধর্ম্মীদিগের দণ্ডবিধান এই সভার মুখ্য উদ্দেশ্য।

ধর্ম্মসাবর্ণি, ষ্য, পুং, একাদশ মনু।

ধর্ম্মসুত, (ধর্ম্ম=যম+সুত=পুত্র) ষ্য, পুং, রাজা যুধিষ্ঠির। [পার্থী।

ধর্ম্মস্থ, ষ্য, পুং, ধূর্ম্যাটপক্ষী, ফিঙ্গা-

ধর্ম্মাত্মা, (ধর্ম্ম+আত্মন্; ৬.হ) ণ, ত্রি, ধর্ম্মপরায়ণ, ধার্ম্মিক, সাধু।

ধর্ম্মাধিকরণ, (ধর্ম্ম+অধিকরণ= আধার: ৬-য) ষ্য, ন, বিচারস্থান, আদালত, ধর্ম্মস্থান। পুং, বিচারক, ধর্ম্মাধ্যক্ষ, জজ। ণ, ত্রি, ধর্ম্মশাস্ত্রজ্ঞ।

ধর্ম্মাধিকরণী, ষ্য, পুং, ধর্ম্মাধ্যক্ষ, বিচারক।

ধর্ম্মাধিকার, (ধর্ম্ম+অধিকার) ষ্য, পুং, সদসদ্ বিচারে অধিকার, বিচারপতির পদ বা কার্য্য, বিচারাধ্যক্ষতা।

ধর্ম্মাধিকারী, (ধর্ম্মাধিকার+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, যাহার হস্তে ন্যায় অন্যায় বিচারের ভার ন্যস্ত থাকে, বিচারক, বিচারকর্ত্তা, দণ্ডনায়ক।

ধর্ম্মাধ্যক্ষ, (ধর্ম্ম=বিচার+অধ্যক্ষ= তত্ত্বাবধায়ক) ষ্য, পুং, ধর্ম্মবিষয়ক অধ্যক্ষ, যাহার হস্তে ধর্ম্মসংক্রান্ত বিষয়ের তত্ত্বাবধান করিবার ভার অর্পিত আছে, বিচারপতি, ধর্ম্মাধিকরণী।

ধর্ম্মানুগত, ধর্ম্মানুযায়ী, (ধর্ম্ম+অনুগত,-যায়িন্=যে পশ্চাৎ গমন করে) ণ, ত্রি, ধর্ম্মমার্গানুসারী, ধর্ম্ম যুক্ত, ধার্ম্মিক।

ধর্ম্মাবতার, (ধর্ম্ম+অবতার) ষ্য, পুং, ধর্ম্মের অবতার, মূর্ত্তিমান্ ধর্ম্ম, বিচারপতি প্রভৃতিকে সচরাচর লোকে এই শব্দ দ্বারা নির্দ্দেশ করিয়া থাকে, ধার্ম্মিকবর।

ধর্ম্মাভাস, (ধর্ম্ম+আভাস=যাহা প্রকৃত ধর্ম্ম নহে কেবল আভাসমাত্র) ষ্য, পুং, অপ্রশস্ত ধর্ম্ম।

ধর্ম্মারণ্য, (ধর্ম্ম+অরণ্য=বন) ষ্য, ন, পুণ্যস্থানবিশেষ।

ধর্ম্মাসন, (ধর্ম্ম+আসন) ষ্য, ন, বিচারাসন, বিচারপতির উপবেশন স্থান।

ধর্ম্মী, (ধর্ম্ম+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধর্ম্মবিশিষ্ট, ধার্ম্মিক, পুণ্যশীল, দয়াদিধর্ম্ম যুক্ত।

ধর্ম্মিষ্ঠ, ধর্ম্মীয়ান্, (ধর্ম্ম+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) ণ, ত্রি, অতিশয় ধার্ম্মিক, সাধু, পুণ্যবান্।

ধর্ম্মোপদেশক, (ধর্ম্ম+উপদেশক) ষ্য, পুং, গুরু, আচার্য্য, যিনি ধর্ম্মবিষয়ক উপদেশ দেন।

ধর্ম্মোপধ, (ধর্ম্ম+উপধি=প্রতারণা+অচ্) ণ, ত্রি, কাল্পনিক, কপটী, দাম্ভিক।

ধর্ম্মোপেত, (ধর্ম্ম+উপেত=যুক্ত) ণ, ত্রি, ধর্ম্মযুক্ত, ন্যায্য, ধার্ম্মিক।

ধর্ম্ম্য, (ধর্ম্ম+য—অনপেতার্থে) ণ, ত্রি, ধর্ম্মযুক্ত, ন্যায্য, যথার্থ, কর্ত্তব্য, ধর্ম্মলুব্ধ, সমদর্শী।

ধর্ষ—পুং, ধর্ষণ—ন, (ধৃষ=অহঙ্কৃত হওয়া, বধকরা+অ, অন—ভাব) ষ্য প্রাগল্‌ভ্য, পরাজয় করা, অবধীরণ, অবজ্ঞাকরণ, অপবাদকরণ, বলপূর্ব্বক বদ্ধকরণ, অমর্ষ, মারণ, হিংসা।

ধর্ষণি—ণী, স্ত্রী, অসতী স্ত্রী।

ধর্ষক, (ধৃষ+ণক—ম) ষ্য, পুং, নট, নৃত্যকারক। ণ, ত্রি, ধর্ষণকারী, দাম্ভিক।

ধর্ষকারিণী, (ধর্ষ+কৃ=করা+ইন্—ক;

ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, ভ্রষ্টাস্ত্রী, দূষিতা কুমারী।

ধর্ষবর, (ধর্ষ+বৃ=বৃদ্ধিকরা+অচ্) ষ্য, পুং, কঞ্চুকী, শুদ্ধান্তজন, বর্ষবর, ষণ্ড, খোজা।

ধর্ষিত, (ধৃষ+ক্ত—ত) ণ, ত্রি, পরাভূত, অবমানিত। ষ্য, ন, ধর্ষণ, রতি,মৈথুন, দম্ভ। তা—স্ত্রী, অসতী।

ধব, (ধু=[শিশুগণকে]কাঁপান+অ—ষ) ষ্য, পুং, পতি, মনুষ্য, শঠ, প্রতারক, বৃক্ষবিশেষ, কম্প।

ধবল, (ধাব্=পরিষ্কারকরা+অল্—সংজ্ঞার্থে ; আ স্থানে অ) ষ্য, পুং, শ্বেত বর্ণ, রাগবিশেষ, কর্পূরবিশেষ। (ধবল+অ-অস্ত্যর্থে) ণ, ত্রি, শ্রেষ্ঠ, শুভ্রবর্ণযুক্ত, সুন্দর। ন, শ্বেত মরিচ।

ধবলকুষ্ঠ, ষ্য, ন, ব্যাধিবিশেষ।

ধবলপক্ষ, (ধবল+পক্ষ=ডানা বা মাসার্দ্ধ) ষ্য, পুং, হংস, শুক্লপক্ষ।

ধবলমৃত্তিকা, (ধবল=শুক্লবর্ণ+মৃত্তিকা =মাটী) ষ্য, স্ত্রী, খড়ীমাটী।

ধবলা, ধবলী,(ধবল+অ—অস্ত্যর্থে ; আ, ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, শুক্লা গৌ, শ্বেতবর্ণা গাভী।

ধবলিত, (ধবল+ইত—জাতার্থে) ণ, ত্রি, শুক্লীকৃত, যাহা শুক্লবর্ণ করা হইয়াছে।

ধবলীকৃত, (ধবল+কৃত+চ্বি ; ল স্থানে লী) ণ, ত্রি, যাহা পূর্ব্বে ধবল ছিলনা এক্ষণে ধবল করা হইয়াছে, ধবলিত।

ধবলীভূত, (ধবল+ভূত=হইয়াছে+চ্বি ; ল=লী) ণ, ত্রি, যাহা ধবল হইয়াছে, শুক্লীভূত, ধবলিত।

ধবলোৎপল, (ধবল=শুভ্রবর্ণ+উৎপল—পদ্ম) ষ্য, ন, কুমুদ, কৈরব, সুঁদি। [শুক্লতা, সিতত্ব।

ধবলত্ব, (ধবল+ত্ব—ভাবে) ষ্য, ন,

ধবানক, (ধূ=কাঁপান+আনক—যে কাঁপায়) ষ্য, পুং, বায়ু, বাতাস।

ধবিত্র, (ধূ=কাঁপা+ইত্র) ষ্য, ন, মৃগচর্ম্ম রচিত ব্যজন, পাখা, (যেকো যজ্ঞীয়াগ্নি উদ্দীপনার্থই ব্যবহৃত হইয়া থাকে।)

ধা, (ধা=ধারণ করা+ক্বিচ—ষ) ষ্য, পুং, ধারণকর্ত্তা, ব্রহ্মা, সুরগুরু, বৃহস্পতি। [পালয়িত্রী, প্রসবকারিণী।

ধাই, (ধাত্রী শব্দজ) ষ্য, উপমাতা,

ধাউস, (দেশজ) ষ্য, বৃহৎ ঘুড়িবিশেষ।

ধাওন, (ধাবন শব্দের অপভ্রংশ) ষ্য, ধাবন, দৌড়ন, দ্রুতগমন।

ধাক, (ধা=ধারণ করা+ক) ষ্য, পুং, বৃষ, অন্ন, আহার, স্তম্ভ।

ধাক্কা, (আঘাতার্থ ধকধাতুজ) ষ্য, ঠেলা, আঘাত। [অবস্কন্দ।

ধাটী, ষ্য, স্ত্রী, শত্রুর অভিমুখে গমন,

ধাড়ী, (দেশজ) বহুপ্রসূতাজন্তু, প্রধান, মুখ্য।

ধাণক, (ধা=ধারণকরা+আণক্) ষ্য, পুং, দীনারভাগ, সুবর্ণের পরিমাণ বিশেষ, ধাতুমুদ্রা।

ধাতকী, (ধা=ধারণকরা+অক ; তকারের আগম) ষ্য, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ, ধাই ফুলের গাছ।

ধাতা,(ধাতৃ, ধা=ধারণ করা, পোষণ করা+তৃণ—ষ) ষ্য, পুং, বিধাতা, ব্রহ্মা, বিষ্ণু, পিতা, জনক জননী। ত্রী—স্ত্রী, মাতা, উপমাতা, ধাই, পৃথ্বী আমলকী। ণ,ত্রি, রক্ষক, রক্ষাকর্ত্তা, সৃষ্টিকর্ত্তা, নির্ম্মাতা।

ধাতু, (ধা=[জীবন, পদার্থাদি] ধারণ করা+তু—সংজ্ঞার্থে) ষ্য, পুং, শরীর ধারক বস্তু, যথা ; কফ, বাত, পিত্ত, রস, রক্ত, মাংস, মেদঃ, অস্থি, মজ্জা, শুক্র—প্রভৃতি, "শরীরধারণাদধাতব ইত্যুচ্যন্তে, ধারণাদ্ধাতবস্তে স্যুর্বাতপিত্তকফাস্ত্রয়ঃ।" পঞ্চভূত যথা ; ক্ষিতি, অপ্ তেজঃ, মরুৎ,

ব্যোম; পর্ব্বতস্থ গৈরিক, অশ্মবিকৃতি; মনঃশিলাদি, গিরিমাটী, স্বর্ণ, রৌপ্য, কাংস্য, পিত্তল, তাম্র, সীস, রঙ্গ, লৌহ—এই অষ্টবিধ তৈজসপদার্থ, শব্দযোনি, ভূ স্থা গম প্রভৃতি ক্রিয়াবাচক প্রকৃতি, জ্ঞানেন্দ্রিয়,ইন্দ্রিয় জন্য জ্ঞান,পারদ, হিঙ্গুল, হরিতাল, গন্ধক, অভ্রক, পরমেশ্বর,ভূগর্ভে প্রস্তরীভূত পদার্থ, স্বর্ণ, লৌহ, প্রস্তর, পারদ প্রভৃতি খনিজ পদার্থ।

ধাতুকাশীশ, (ধাতু=খনিজ+কাশীশ =(Gran sulphate) ষ্য, ন, কাশীষ, নয়নোষধ।

ধাতুঘ্ন, ধাতুনাশন, (ধাতু=শরীরস্থ কফ পিত্তাদি+ঘ্ন, নাশন=নাশক) ষ্য, ন, কাঞ্জিক, কাঁজি, আমানি। ণ, ত্রি, ধাতুনাশক।

ধাতুপ, (ধাতু+প= যে পোষণ করে) ষ্য, পুং, অন্নরস, শরীরস্থ প্রথম ধাতু।

ধাতুপাত্র, (ধাতু+পাত্র=আধার) ষ্য, ন, তৈজসাদি আধার পাত্র।

ধাতুপুষ্টি, ষ্য, স্ত্রী, রসবৃদ্ধি, দেহের পুষ্টতা, মাংসবৃদ্ধি। [ধাইফুল।

ধাতুপুষ্পিকা, ধাতুপুষ্পী, ষ্য, স্ত্রী,

ধাতুপোষক, (ধাতু+পুষ্=পোষণ করা+ণক—ঘ) ণ, ত্রি, শরীরের পুষ্টিকর।

ধাতুবিদ্যা, ষ্য, স্ত্রী, যে বিদ্যাদ্বারা সুবর্ণাদি খনিজ পদার্থের স্বরূপ বা অবস্থা জানা যায়। (Mineralogy)

ধাতুভৃৎ, (ধাতু=খনিজ পদার্থ+ভৃৎ=যে ধারণ করে) ষ্য, পুং, পর্ব্বত, বলশালী পুরুষ। ণ,ত্রি, ধাতুপোষক।

ধাতুময়, (ধাতু+ময়ট্—বিকারার্থে) ণ, ত্রি, ধাতুনির্ম্মিত।

ধাতুমারিণী, (ধাতু+মারি=মরান+ইন্—ঘ; ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, সোহাগা, স্বর্ণাদি গলাইবার জন্য সর্ব্বদা এই দ্রব্য ব্যবহৃত হয়।

ধাতুরাজক, (ধাতু=দেহস্থ রসাদি+রাজ=প্রধান+ক—যোগ) ষ্য, ন, শুক্র, রেতঃ, বীর্য্য।

ধাতুবল্লভ, (ধাতু+বল্লভ=প্রিয়; ৬-ষ) ষ্য, ন, সোহাগা।

ধাতুবাদী, (ধাতু+বাদিন্=যাহারা বলে) ষ্য, পুং, যাহারা ধাতুর বিষয় বলে, ধাতুজ্ঞ, যাহারা খনিজ পদার্থের তত্ত্ব জানেন। (A mineralogist)

ধাতুবৈরী, (ধাতু+বৈরিন্=শত্রু) ষ্য, পুং, যে ধাতুর শত্রু অর্থাৎ যে স্বর্ণাদি ধাতুর জ্যোতি বিনষ্ট করে, গন্ধক।

ধাতুশেখর, (ধাতু+শেখর=প্রধান) কাশীষ, তুঁতে।

ধাতুসাম্য, (ধাতু=কফ বাতাদি+সাম্য =স্থিরীভাব; ৬-ষ) ষ্য, ন, স্বাস্থ্য, রোগবর্জ্জিত।

ধাতুপল, (ধাতু=আকরিক পদার্থ+উপল=প্রস্তর) ষ্য, পুং, খড়ী, চাখড়ী।

ধাতৃপুত্র, (ধাতৃ=ব্রহ্মা+পুত্র) ষ্য, পুং, সনৎকুমার, ব্রহ্মার পুত্র।

ধাতৃপুষ্পিকা, ধাতৃপুষ্পী, ষ্য, স্ত্রী, ধাত্রীপুষ্প, ধাইফুল।

ধাত্র, ষ্য, ন, পাত্র, আধার, ভাজন।

ধাত্রীকা, (ধাত্রী+ক—যোগ) ষ্য, স্ত্রী, আমলকী।

ধাত্রীপুত্র, (ধাত্রী=উপমাতা+পুত্র) ষ্য, পুং, নট, উপমাতার পুত্র।

ধাত্রীপত্র, ষ্য, পুং, নট, তালীশপত্র, আমলকীপত্র।

ধাত্রেয়ী, ধাত্রেয়িকা, (ধাত্রী=উপমাতা+ঢেয়: ধাত্রেয়ী+ক—যোগ) ষ্য,স্ত্রী, ধাত্রী, ধাই, যে অপর নারীর সন্তানগণকে নিজের স্তনদুগ্ধ পান করায়। (Wet nurse)

ধান, (ধা=ধারণকরা+অনট—ভাবে) ব্য, ন, স্ত্রী—স্ত্রী, নিধান, স্থান, আধার। (ধান্য শব্দজ) ব্য, তুঁষযুক্ত তণ্ডুল।

ধানক, (ধান [ধা=পোষণকরা+অন]+ক) ব্য, ন, ধন্যাক, ধনিয়া।

ধানা, (ধা+পোষণকরা+ন—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, বহুং, নিস্তুষ অথচ ভৃষ্ট যব, ভৃষ্টতণ্ডুল, চালভাজা। একং, অঙ্কুর, শক্তু, ধনিয়া।

ধানী, (ধা=ধারণকরা+অন—ভাব; ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, আধার, পাত্র, বাস্তু, বাসস্থান, আস্পদ, স্বনাম প্রসিদ্ধ নদী, পীলুবৃক্ষ, ধান্যাগার, গোলা।

ধানুষ্ক, (ধনুষ্ক+ষ্ণ, বা ধনুস্+ক—প্রহরণার্থে) ব্য, পুং, ধন্বী, ধনুর্দ্ধারী, যে ধনুর্ব্বাণ লইয়া যুদ্ধ করে।

ধানুষ্য, (ধনুস্+ষ্ণ্য) ব্য, পুং, বংশ, বাঁশ।

ধানেয়, ধানেয়ক, (ধন=শস্যাদি+ষ্ণেয়, ক—যোগ) ব্য, ন, ধন্যা, ধনিয়া।

ধাঙ্কা, ব্য, স্ত্রী, ছোট এলাচ।

ধান্য, (ধন+ষ্ণ্য—স্বার্থে, কিম্বা ধা=[মনুষ্যাদিগকে] পোষণকরা+য; ন্—আগম) ব্য, ন, শস্য, সতুষতণ্ডুল, ধান, চারি তিল পরিমাণ।

ধান্যক, (ধান্য+ক) ব্য, ন, ধন্যা, ধনিয়া।

ধান্যকল্ক, (ধান্য+কল্ক=প্রক্ষেপ ধান্য বা ধান্যস্থিত তণ্ডুল গ্রহণ করিয়া যাহা প্রক্ষেপ করা যায়) ব্য, ন, তুঁষ, খড়।

ধান্যকোষ্ঠক, (ধান্য+কোষ্ঠ=শস্যাগার+ক—যোগ; ৬-ষ) ব্য, ন, ধান্য, রক্ষার্থ গৃহ, গোলা মরাই ইত্যাদি।

ধান্যচমস, (ধান্য+চমস=পিষ্টকবিশেষ) ব্য, পুং, চিপিটক, চিড়া।

ধান্যচূর্ণ, ব্য, ন, শক্তু, ছাতু।

ধান্যধেনু, (ধান্য+ধেনু) ব্য, স্ত্রী, ধেনুর আকারে স্থাপিত ধান্য, দানার্থ ধান্যনির্ম্মিত ধেনু, রাশীকৃত ধান্য।

ধান্যপঞ্চক, ব্য, ন, শালি, ব্রীহি, শূক, শিম্ব, ক্ষুদ্র—এই পঞ্চবিধ ধান্য।

ধান্যমায়, (ধান্য=শস্য+মা=পরিমাণকরা+য) ব্য, পুং, যে ধান্যবিক্রয় করে, ধান্যবিক্রেতা।

ধান্যরাজ, (ধান্য=শস্য+রাজন্=রাজা) ব্য, পুং, যাহা শস্যদিগের মধ্যে প্রধান, যব।

ধান্যবর্দ্ধন, ব্য, ন, বার্দ্ধুষ্য, অধিক শস্য পাইবার আশয়ে কৃষকদিগকে শস্য ধার দেওয়া, ধানের বাড়ী দেওয়া। [ধন্যাক, ধনে।

ধান্যবীজ, (ধান্য+বীজ) ব্য, ন,

ধান্যবীর, (ধান্য=শস্য+বীর=শ্রেষ্ঠ) ব্য, পুং, মাষকলাই।

ধান্যশীর্ষক, (ধান্য+শীর্ষক=উপরিভাগ বা মস্তক) ব্য, ন, ধানের শীষ।

ধান্যাক, (ধন্যাক+ষ্ণ—স্বার্থে) ব্য, ন, ধনিয়া।

ধান্যাচল, (ধান্য+অচল=পর্ব্বত) ব্য, পুং, দানার্থ স্তূপাকারে স্থাপিত ধান্য।

ধান্যাম্ল, (ধান্য=তণ্ডুল+অম্ল) ব্য, ন, কাঁজি, আমানি।

ধান্যারি, (ধান্য+অরি=শত্রু) ব্য, পুং, ধানের শত্রু, মূষিক।

ধান্যাস্থি, (ধান্য+অস্থি) ব্য, ন, ধান্যসার, নিস্তুষ ধান্য।

ধান্যোত্তম, ব্য, পুং, শালিধান্য।

ধাপ, (দেশজ) ব্য, সোপানের প্রত্যেক পদনিক্ষেপের স্থান, সিঁড়ি।

ধাম, (ধামন্, ধা=[জীবন, প্রজাদি] ধারণকরা+মন্—ষ) ব্য, ন, শরীর, গৃহ, বাসস্থান, প্রভাব, উচ্চপদ, মর্য্যাদা, তেজঃ। "অভিভূতিভয়াদসূনতঃ সুখমুজ্‌ঝন্তি ন ধাম মানিনঃ" ভারবি। জন্ম, অহঙ্কার, সমরগর্ব্ব,

বীরত্ব, উজ্জ্বলতা, আলোক, কিরণ, স্থান, পল্লীগ্রাম। [যাহা পরিমাণ।

ধামক, (ধামন্ + ক—যোগ) ব্য, পুং,

ধামনিধি, (ধামন্=দীপ্তি, তেজঃ+ নিধি=আধার) ব্য, পুং, সূর্য্য, তেজস্বী।

ধামনী, (ধমনী + ক—স্বার্থে ; ঈপ্) ব্য, স্ত্রী, ধমনী, নাড়ী।

ধামসা, (দেশজ) ব্য, বাদ্যবিশেষ, টিকারা। ণ, স্থূল। [পাত্রবিশেষ।

ধামা, (দেশজ) ব্য, বেত্রনির্ম্মিত

ধামার্গব, ব্য, ন, অপামার্গ, আপাং গাছ, পীত ঘোষাতকী লতা।

ধায়, ধায়াঃ, (ধা=ধারণকরা+ ঘঞ্; অস্; য—আগম) ণ, ত্রি, ধারণকর্ত্তা।

ধায্য, (ধা=ধারণ করা + ঘ্যণ) ব্য, পুং, ঋত্বিক্, পুরোহিত। য্যা—স্ত্রী, সামধেনী, অগ্নিপ্রজ্বালন মন্ত্র।

ধার, (ধৃ=ধারণকরা+ঘঞ্) ব্য, পুং, প্রস্তর বিশেষ, ফোঁটাফোঁটা বৃষ্টি, কুজ্ঝটিকা, কোয়াসা, সীমা, প্রান্তভাগ, গভীরতা, ঋণ। (ধারা+ অ) নং, বৃষ্টির জল। রা—স্ত্রী, আস্কন্দিত, ধৌরিতক, রেচিত, বল্গিত ও প্লুত—এই পঞ্চবিধ অশ্বগতি, সৈন্যের অগ্রভাগ, অস্ত্রের তীক্ষ্ণ প্রান্তভাগ, লম্বমান জলবিন্দু, তরল বস্তুর নিরন্তর ক্ষরণ, ঘটাদির ছিদ্র, নির্ঝর, রীতি, প্রণালী, শৃঙ্খলা, শ্রেণী, ক্রমাগত স্থিতি, সাদৃশ্য, উৎকর্ষ, যশঃ, প্রকার, অবিচ্ছিন্ন জলবর্ষণ, সমূহ, ভোজরাজার রাজধানী, ধারা নগরী, অধ্যায়, পরিচ্ছেদ, প্রকরণ, শকটের চক্র, জ্বরাদি নিরাকরণ মানসে দেব প্রতিমার মস্তকে জলদান।

ধারক, (ধৃ=ধারণকরা+ণক—ক) ণ, ত্রি, ধারণকর্ত্তা, যে ধারণ করে, অধমর্ণ। পুং, কলসী।

ধারণ, (ধারি=ধরা, পোষণকরা + অনট—ভাব) ব্য, ন, গ্রহণ, অবলম্বন, রক্ষণ, পোষণ, বহন, স্থাপন। ণী—স্ত্রী, নাড়ী, বৌদ্ধদিগের মন্ত্রবিশেষ, শ্রেণী।

ধারণক, (ধারণ+কণ্) ব্য, পুং, যে অন্যের ঋণ ধারণ করে, ঋণগ্রস্ত, খাতক।

ধারণা, (ধারণ+আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, ন্যায্যপথে স্থিতি, স্থিরতা, দৃঢ়প্রতিজ্ঞতা, নিশ্চয়, চিত্তৈকাগ্রতা, যোগাঙ্গবিশেষ, নিশ্বাসরোধপূর্ব্বক বাহ্য বিষয় হইতে চিত্ত নিবৃত্ত করিয়া মনের একাগ্রতার সহিত পরম ব্রহ্মের ধ্যান, স্মৃতি, কোন বিষয় স্মরণে রাখা, বুদ্ধি, ঋণ, ধার, অবশ্য কর্ত্তব্য ধর্ম্মনীতি বিষয়ক নিয়মাবলী।

ধারণাবান্, (ধারণ + বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধারণাবিশিষ্ট, মেধাবী।

ধারণীয়, (ধারি+অনীয়—ঢ) ণ, ত্রি, ধারণযোগ্য, রক্ষণীয়।

ধারয়িতা, (ধারি=ধরা+তৃণ—ক) ণ, ত্রি, ধারক, যে ধারণ করে। ত্রী —স্ত্রী, পৃথিবী, ধরণী, ধারণকর্ত্রী।

ধারাকদম্বক, ব্য, পুং, কদম্ববৃক্ষবিশেষ।

ধারাগৃহ, ব্য, ন, যে গৃহে যন্ত্র দ্বারা জল উত্তোলিত হয়, ফোয়ারার ঘর।

ধারাঙ্কুর, (ধারা=বৃষ্টি+অঙ্কুর) ব্য, পুং, জলকণা, শীকর, করকা, শিল, নায়কের অগ্রবর্ত্তী সেনা।

ধারাঙ্গ, (ধার=অস্ত্রাদির তীক্ষ্ণপ্রান্ত ইত্যাদি + অঙ্গ=শরীর) ব্য, পুং, খড়্গ, তীর্থ।

ধারাট, (ধারা=বৃষ্টি ইত্যাদি+অট —যে গমন করে) ব্য, পুং, চাতক-পক্ষী, অশ্ব, মেঘ, মত্তহস্তী।

ধারাধর, (ধারা=জলধারা; অস্ত্রের

তীক্ষ্ণ অগ্রভাগ+ধর=যে ধরে, ইয়া—ক) ব্য, পুং, খেষ, খড়্গ।

ধারাযন্ত্র, (ধারা+যন্ত্র=কল) ব্য, ন, যে যন্ত্র হইতে জলধারা বিনির্গত হয়।

ধারাল, (ধারা=অস্ত্রের ধার+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, সুশাণিত, তীক্ষ্ণ।

ধারাধ্বনি, (ধারা=লঘুবর্ষণ+ধ্বন্=শব্দ করা+ই) ব্য, পুং, বায়ু।

ধারাবাহিক, ধারাবাহী, (ধারা=ক্রমাগত স্থিতি+বাহিক, বাহিন্=যে বহন করে, ইয়া—ষ) ণ, ত্রি, ক্রমাগত স্থিতিশীল, অবিরতস্থায়ী, যাহা বরাবর চলিয়া আসিতেছে, অবিচ্ছিন্ন।

ধারাবিষ, (ধারা+বিষ; ৬.ত) ব্য, পুং, যে অস্ত্রের ধার বিষসদৃশ সাংঘাতিক, তীক্ষ্ণ খড়্গ।

ধারাসম্পাত, (ধারা=জলধারা+সম্ [সম্যক্রূপে]=পরিমাণ বা রাশি+পত=পতন) ব্য, পুং, বেগে জলধারা পতন, অতিশয় বর্ষণ। [গাছ।

ধারাস্নুহী, ব্য, স্ত্রী, তেকাঁটাশিরার

ধারিণী, (ধৃ=ধারণকরা+ণিন্, ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, ধরণী, পৃথিবী, শাল্মলী বৃক্ষ।

ধারিত, (ধারি=ধরা+ক্ত—চ) ণ, ত্রি, ধৃত, প্রাপিত, বাহিত, স্থাপিত।

ধারী, (ধৃ=ধারণ করা+ণিন্—ষ, অথবা ধারা=অস্ত্রের ধার ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধারণ কর্ত্তা, যে ধারণ করে, ধারাল।

ধারু, (ধে=পান করা+রু) ণ, ত্রি, যে পান করে, পানকারী।

ধার্ত্তরাষ্ট্র, (ধৃতরাষ্ট্র=রাজা, পক্ষ্যাদি+অ) ব্য, পুং, কৃষ্ণবর্ণ ওষ্ঠ ও চরণবিশিষ্ট শ্বেতহংস, সর্পবিশেষ, ধৃতরাষ্ট্র রাজার সন্তান।

ধার্ত্তরাষ্ট্রপদী, ব্য, স্ত্রী, হংসপদীলতা।

ধার্ম্মিক, (ধর্ম্ম+ইক—চরত্যর্থে) ণ, ত্রি, ধর্ম্মিষ্ঠ, ধর্ম্মজ্ঞানী, পুণ্যাত্মা, ধর্ম্মপর।

ধার্য্য, (ধৃ=ধরা+য্যণ—চ) ণ, ত্রি, ধারণীয়, গ্রাহ্য, স্থিরীকার্য্য, অবধারণীয়।

ধার্য্যমাণ, (ধারি=ধরা+শান—চ; য, ম—আগম) ণ, ত্রি, যাহাকে ধারণ করা যাইতেছে, গৃহ্যমাণ।

ধার্য্যমাণত্ব, (ধার্য্যমাণ+ত্ব—ভাবার্থে) প্রকৃতিগুণ, বস্তুশক্তি। (property.)

ধার্ষ্ট্য, (ধৃষ্ট+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, ধৃষ্টতা, প্রগল্ভতা, নির্লজ্জতা, নির্ভীকতা।

ধাবক, (ধাব=বেগে গমন করা, ধৌত করা+ণক—ষ) ণ, ত্রি, দ্রুতগামী, যে বেগে দৌড়িয়া যায়, ক্ষালক, পরিষ্কারক। ব্য, পুং, রজক, ধোপা, কবিবিশেষ।

ধাবন, (ধাব্=বেগে গমনকরা, ধৌত করা+অনট্—ভাব) ব্য, ন, দৌড়ন, বেগে গমন, ক্ষালন, ধৌতকরণ।

ধাবমান, (ধাব+শান—ষ) ণ, ত্রি, যে চলিতেছে, যে দ্রুতবেগে গমন করিতেছে।

ধাবিত, (ধাব+ক্ত—ষ, চ) ণ, ত্রি, দ্রুতগত, বেগে চলিত, পরিষ্কৃত, ধৌত।

ধাসঃ, (ধা=ধারণ করা+অসুন্; স আগম) ব্য, পুং, পর্ব্বত।

ধিক্, (ধক্=বিনাশকরা+ইক্) ব্য, নিন্দা, অবজ্ঞা, ভর্ৎসনা।

ধিক্কার—পুং, ধিক্ক্রিয়া—স্ত্রী, (ধিক্—নিন্দা+কার, ক্রিয়া=করণ) ব্য, অবজ্ঞা, ভৎসনা, নিন্দা, অবমাননা।

ধিক্কৃত, (ধিক্=নিন্দা+কৃত=করণ কিম্বা যাহা করা হইয়াছে) ব্য, ন, নিন্দা, ভর্ৎসনা। ণ, ত্রি, নিন্দিত, অবজ্ঞাত, ভৎসিত।

ধিক্পারুষ্য, (ধিক্+পারুষ্য) ব্য, ন,

দুর্ব্বাক্য, পরুষ বচন। [অন্ধে, মন্দে।
ধিকিধিকি, (দেশজ) ক্রি, ণ, অল্পে
ধিগ্বন, (ধিক+বন) ব্য, পুং, বর্ণসঙ্কর জাতি বিশেষ. ব্রাহ্মণের ঔরসে এবং অয়োগবার (বৈশ্যের ঔরসে শূদ্রার গর্ভজাত কন্যা) গর্ভেজাত সন্তান, চর্ম্মকার বিশেষ।
ধিপ্সু, (দম্ভ=প্রতারণা করা, ঠকান+সন্—ইচ্ছা বৃত্তি। ণ, ত্রি, ছলেচ্ছু, প্রতারক, কপটেচ্ছু।
ধিমা, (দেশজ) ণ, মৃদু, মন্দ, অসত্বর।
ধিয়াম্পতি, (ধিয়াম্+পতি; অলুক সমাস) ব্য, পুং, পূর্ব্বজিন বিশেষ, মধু ঘোষ, আত্মা।
ধিষণ, (ধিষণা+অ—অস্ত্যর্থে) ব্য পুং, বৃহস্পতি, মন্ত্রোপদেশক। (ধৃষ্=, অহঙ্কারী হওয়া+অন; নিপাতন) ণা—স্ত্রী, বুদ্ধি, জ্ঞান।
ধিষ্টা, ধিষ্ণ্য, (ধিষ্—প্রগল্ভ হওয়া, নিপাতন; ধিষ্ঠ শব্দও হয়) ব্য, ন, স্থান, গৃহ, দেশ, নক্ষত্র, অগ্নিদেবের নামান্তর, বহ্নি, ক্ষমতা, বল। পুং, শুক্রাচার্য্য।
ধিষ্ণু, ব্য, পুং, আশ্রয়, স্থান।
ধী, (ধ্যৈ=চিন্তাকরা+ক্বিপ্) ব্য, স্ত্রী, বুদ্ধি, জ্ঞান, মতি।
ধীগুণ, ব্য, পুং, শুশ্রূষা, শ্রবণ, গ্রহণ, ধারণ, তর্ক, বিতর্ক, অর্থবোধ, তত্ত্বজ্ঞান, এই অষ্টবিধ বুদ্ধিগুণ।
ধীত, (ধে—পানকরা+ক্ত; নিপাতন) ণ, ত্রি, পীত, যাহা পানকরা হইয়াছে। [ব্য, স্ত্রী, পিপাসা, তৃষ্ণা।
ধীতি, (ধে—পানকরা+ক্তি—ভাব)
ধীদা, ব্য, স্ত্রী, কুমারী, কন্যা, বুদ্ধি।
ধীন্দ্রিয়, (ধী+ইন্দ্রিয়) ব্য, ন, মনঃ চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্ এই ষট্ জ্ঞানেন্দ্রিয়।
ধীমান্, (ধী+মতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, বুদ্ধিমান্, জ্ঞানী। ব্য, পুং, বৃহস্পতি।
ধীর, (ধী=বুদ্ধি+রা—গ্রহণকরা+ক, অথবা ধী—বুদ্ধি+ঈর—গমনকরা+অণ্) ণ, ত্রি, ধৈর্য্যশালী, পণ্ডিত, জ্ঞানী, বুদ্ধিমান্, দৃঢ়প্রতিজ্ঞ, স্থিরোন্নতচিত্ত, স্থির, শান্ত, বিনীত, নম্র, মনোহর, সারবান্, সমর্থ, মন্দ মন্দ, অক্রুত। রা-স্ত্রী, নায়িকাবিশেষ, যে নায়িকার কোপ প্রকাশ বুঝিতে পারা যায় না, গম্ভীরচিত্ত, বিপৎকালেও যাহার মন বিচলিত হয় না, স্বেচ্ছাচারী, একগুঁয়ে, অদম্য, অশাসনীয়, অলস, যে শীঘ্র কার্য্যাদি সম্পন্ন করিতে পারে না, সদ্ব্যবহারী, সজ্জন, অল্প, মন্দ (বায়ু), গম্ভীর (শব্দ)। ব্য, পুং, বলিরাজার নামান্তর, সমুদ্র। পুং, ন, কুঙ্কুম।
ধীরতা—স্ত্রী, ধীরত্ব—ন, (ধীর+তা, ত্ব—ভাবে) ব্য, ধৈর্য্য, চিত্তের স্থিরতা, সহিষ্ণুতা, অনৌদ্ধত্য, গাম্ভীর্য্য, পাণ্ডিত্য।
ধীরপ্রশান্ত, (ধীর+প্রশান্ত=শমতাপ্রাপ্ত) ব্য, পুং, নায়কবিশেষ, যাহার সামান্য গুণ অনেক আছে।
ধীরললিত, (ধীর+ললিত=ক্রীড়াসক্ত) ব্য, পুং, নায়কবিশেষ, যে নায়ক চিন্তাশূন্য নম্র এবং নৃত্যগীতাদিতে আসক্ত। [বহিষ।
ধীরস্কন্ধ, (ধীর+স্কন্ধ=কাঁধ) ব্য, পুং,
ধীরাধীরা, (ধীরা+অধীরা) ব্য, স্ত্রী, নায়িকাবিশেষ; ধীরাধীরা নায়িকা দুই প্রকার, যথা ধীরাধীরা ও প্রগল্ভা ধীরাধীরা; যথা ধীরাধীরা স্বামীর শরীরে পরনারীসঙ্গমচিহ্নাদি দর্শন করিলে, কেবল রোদন করে; প্রগল্ভা ধীরাধীরা রোদন না করিয়া, কেবল মাত্র স্বামীর প্রতি সোল্লুণ্ঠন বাক্যপ্রয়োগ করিয়া থাকে।
ধীরোদাত্ত, (ধীর+উদাত্ত—দানশীল) ব্য, পুং, নায়কবিশেষ, যে ব্যক্তি

—স্ত্রী, ভার্য্যা।

ধূত, (ধু—কাঁপান+ক ; নিপাতনে) ণ, ত্রি, উত্তাপ তাপিত, তৃষ্ণাতুর, কম্পিত, চালিত।

ধূনক, (ধূ+ণক) ব্য, পুং, ধূনা।

ধূপ, (ধূপ—সন্তপ্ত করা+অল—ধ) ব্য, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

ধূপন, (ধূপ্+অনট—ভাব) ব্য, ন, ধূপদ্বারা সুগন্ধীকরণ, তাপন। পুং, ধূনা। [তার্পিন্ তৈল।

ধূপাঙ্গ, (ধূপ+অঙ্গ=অংশ) ব্য, পুং,

ধূপায়িত, ধূপিত, (ধূপ+ক্ত—ট, য ; আয়্—আগম) ণ, ত্রি, পথশ্রান্ত, তাপিত, ধূপদ্বারা সুগন্ধীকৃত।

ধূপার্হ, ণ,ত্রি, ধূপের যোগ্য। ন, কৃষ্ণ অগুরু।

ধূপিকা, (ধূপ=গন্ধদ্রব্যবিশেষ+ক—সাদৃশ্যার্থে) ব্য, স্ত্রী, কুজ্ঝটিকা।

ধূপিত, (ধূপ=উত্তম হওয়া+ক্ত) ণ, ত্রি, সন্তাপিত, পথশ্রান্ত, সুগন্ধীকৃত, সন্তপ্ত।

ধূম, (ধূ=কাঁপা+ম—সংজ্ঞার্থে) ব্য, পুং, আর্দ্রেন্ধন প্রভব ধূঁয়া, মুনিবিশেষ।

ধূমকেতন, ধূমকেতু, (ধূম+কেতন, কেতু=ধ্বজা ; ৬হ) ব্য, পুং, অগ্নি, কেতুগ্রহ,উৎপাত বিশেষ,গ্রহভেদ।

ধূমজাল, ব্য, ন, বজ্রকার।

ধূমধ্বজ, (ধূম+ধ্বজ=ধ্বজা ; ৬হ) ব্য, পুং, অগ্নি, কেতুগ্রহ, উৎপাতবিশেষ।

ধূমপ, (ধূম+পা+ড) ব্য, ণ, ত্রি, যে ধূমপান করে, তপস্বীবিশেষ, যে অধোমুখে ধূম পান করিয়া তপস্যা করে।

ধূমপায়ী, (ধূম+পায়িন্—যে পান করে) ণ, ত্রি, যে ধূম পান করে।

ধূমপ্রভা, (ধূম+প্রভা=যে দীপ্তি করে) ব্য, ন, ধূমান্ধকার নরক।

ধূমমহিষী, (ধূম+মহিষী=স্ত্রী মহিষ) ব্য, স্ত্রী, কুজ্ঝটিকা, কুয়াসা।

ধূমযোনি, (ধূম+যোনি=উৎপত্তিস্থান ; ৬হ) ব্য, পুং, মেঘ, মুস্তক।

ধূমল, ধূম্র, (ধূম+লা, রা=গ্রহণকরা+ড ; র-ব) ব্য, পুং, কৃষ্ণলোহিতবর্ণ, বেগুণে রঙ্। ণ, ত্রি, কৃষ্ণলোহিতবর্ণযুক্ত।

ধূমসংহতি, (ধূম+সংহতি=সমবায়, সমষ্টি) ব্য, স্ত্রী, ধূমসমষ্টি, মেঘ, ধূমসমূহ।

ধূমসী, ব্য,স্ত্রী, সূর্য্যোত্তাপপক্ব রোটিকাবিশেষ। [ত্রি, ধূম্রবর্ণ, ধূমসদৃশ।

ধূমাভ, (ধূম+আভা ; ৬হ) ণ,

ধূমাবতী, (ধূমা=ধূম অর্থাৎ তামসী শক্তি+বতু—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, স্বয়ং শুদ্ধসত্ত্বা হইয়াও সৃষ্টিপ্রলোপের নিমিত্ত যিনি তামসীশক্তি অবলম্বন করেন, দশ মহাবিদ্যান্তর্গত বিদ্যা বিশেষ, দুর্গা।

ধূমিকা, (ধূম+ক—সাদৃশ্যার্থে) ব্য, স্ত্রী, কুজ্ঝটিকা, কুয়াসা।

ধূমোত্থ, (ধূম+উৎ+স্থা+ড) ণ, ত্রি, ধূমোদ্ভূত। ন, বজ্রক্ষার।

ধূমোর্ণা, (ধূম+ঊর্ণা=পশম) ব্য, স্ত্রী, যমভার্য্যা, ইহার কেশ ধূম্রাকৃতি এবং পশমের ন্যায় বলিয়া ইহার নাম ধূমোর্ণা।

ধূমোর্ণাপতি, (ধূমোর্ণা+পতি=স্বামী) ব্য, পুং, যম। [ধূমরাশি, ধূমসমূহ।

ধূম্যা, (ধূম+য—সমূহার্থে) ব্য, স্ত্রী,

ধূম্যাট, (ধূম্যা=ধূমসমূহ+অট্=গমনকরা+অল্—ধ) ব্য, পুং, যে ধূমের ন্যায় যায়, পক্ষীবিশেষ, ফিঙ্গা।

ধূম্র, (ধূ+রা=গ্রহণ করা+ক ; নিপাতন) ণ, ত্রি, কৃষ্ণলোহিতবর্ণযুক্ত। পুং, ধূমল, কৃষ্ণলোহিত, তুরুষ্ক। ব্য, ন, পাপ, দুষ্কর্ম্ম।

ধূম্রক, (ধূম্র+ক, অথবা কৈ+ড) ব্য,

পুং, উষ্ট্র। ণ, ত্রি, কৃষ্ণলোহিতবর্ণযুক্ত
ধূম্রলোচন, (ধূম্র+লোচন=চক্ষু; ৬.হ) ব্য, পুং, কপোত, পায়রা, শুম্ভ নিশুম্ভ দৈত্যের সেনাপতি।
ধূম্রবর্ণ, (ধূম্র+বর্ণ; ৬.হ) ণ, ত্রি, কৃষ্ণলোহিতবর্ণযুক্ত ব্য, পুং, পক্কদ্রব্য। র্ণা—স্ত্রী, অগ্নিশিখা, অগ্নির সপ্তজিহ্বান্তর্গত জিহ্বাবিশেষ।
ধূম্রাক্ষি, (ধূম্র+অক্ষি=চক্ষু) ব্য, পুং, মলিনপ্রভ মুকা।
ধূম্রাট, (ধূম্র+অট=যে গমন করে) ব্য, পুং, পাক্ষিবিশেষ, ফিঙ্গা।
ধূম্রাভ, (ধূম্র+আভ=যে শোভা পায়) ব্য, পুং, বায়ু। ণ, ত্রি, নীললোহিত।
ধূম্রিকা, (ধূম্র+কণ্ আপ্ স্ত্রীলিঙ্গে; ম্র=ম্রি) ব্য, স্ত্রী, শিংশপাবৃক্ষ, শিশুগাছ।
ধূয়মান, (ধূ=কাঁপান+শান—চ) ণ, ত্রি, কম্পমান, পবনাহত।
ধূর্জটি, (ধূর্=ত্রৈলোক্যচিন্তা, ভার+জট=জড়ান, বহন করা+ই, যিনি ত্রিভুবনের ভার বহন করেন, ২-ষ; অথবা ধূর্=ভারভূত+জটি=জটা, যাঁহার ভারভূত জটা আছে; ৬.হ) ব্য, পুং, শিব
ধূর্ত, (ধূর্ব=হিংসাকরা+ক্ত; নিপাতন) ণ, ত্রি, শঠ, প্রবঞ্চক। ব্য, পুং, দ্যূতকারী, জুয়ারি, ধুস্তুরবৃক্ষ। ন, লৌহকিট্ট, আড়ার মরিচা, বিট্‌লবণ।
ধূর্তক, (ধূর্ত+ক—যোগ) ব্য, পুং, শৃগাল, ধূর্ত, প্রবঞ্চক।
ধূর্তকিতব, (ধূর্ত+কিতব=শঠ) ণ, ত্রি, দ্যূতক্রীড়ক, ধূর্ত।
ধূর্তজন্তু, ব্য, পুং, মনুষ্য।
ধূর্তমাহুয়া, ব, স্ত্রী, রাস্নানামেপ্রসিদ্ধ ঔষধদ্রব্যবিশেষ।
ধূর্দ্ধর, ধূর্বহ, (ধূর্=ভার+ধর=যে ধরে, বহ=যে বহন করে; ২-ষ) ণ, ত্রি, ধুরন্ধর, ভারবাহী।
ধূর্বী, (ধূর্ব=হিংসা করা+অ) ব্য, স্ত্রী, রথের অগ্রভাগ, যানমুখ, রথমুখ।
ধূলক, ব্য, ন, বিষ।
ধূলি,—লী, (ধূ=কাঁপা+লি—সংজ্ঞার্থে) ব্য, পুং,—স্ত্রী, ধূলা, পাংশু, রেণু।
ধূলিকা, (ধূলি+ক—সাদৃশ্যার্থে) ব্য, স্ত্রী, যাহা আকাশের ধূলি স্বরূপ, কুজ্ঝটিকা, কুয়াসা।
ধূলিকুট্টিম, ধূলিকেদার, ব্য, ন, পুং, বপ্র, প্রাকার, ক্ষেত্র।
ধূলিগুচ্ছক, (ধূলি+গুচ্ছক=ফুলের তোড়া) ব্য, পুং, কস্তুচূর্ণ, আবির, ফাগ, পটবাস। [পুং, পবন, বায়ু।
ধূলিধ্বজ, (ধূলি+ধ্বজ=ধ্বজা) ব্য, পুং,
ধূলীকদম্ব, ব্য, পুং, নীপ, তিনিশ, বরুণবৃক্ষ, কদম্ববৃক্ষের জাতি ভেদ।
ধূলীপটল, (ধূলী+পটল=রাশি) ব্য, পুং, উড্ডীয়মান ধূলি সমূহ।
ধূসর, (ধূ=মনকে কাঁপান+সর) ব্য, পুং, ঈষৎ পাণ্ডুবর্ণ, উষ্ট্র, গর্দ্দভ, কপোত, তৈলকার। ণ, ত্রি, ঈষৎ পাণ্ডুবর্ণযুক্ত, পাঁশুটে। রা—স্ত্রী, স্বর্গের কিন্নরীবিশেষ।
ধূসরপদার্থ, ব্য, ন, ধূলি, লূতা, করক, গৃহগোধিকা, কপোত, মূষিক রজ, কাককণ্ঠ, খবাজি।
ধূসরিত, (ধূসর+ইত—ইদমর্থে) ণ, ত্রি, ঈষৎ পাণ্ডুবর্ণবিশিষ্ট।
ধূস্তুর, (ধূস+তুর) ব্য, পুং, ধুতুরাগাছ।
ধৃত, (ধৃ=ধরা+ক্ত—চ) ণ, ত্রি, অবলম্বিত, গৃহীত, স্থাপিত, আলোচিত, আক্রান্ত, প্রাপ্ত, স্থিত
ধৃতরাষ্ট্র, (ধৃত+রাষ্ট্র=রাজ্য; ৬.হ) ব্য, পুং, দুর্য্যোধনের পিতা, শান্তনুপুত্র, বিচিত্রবীর্য্যক্ষেত্রে ব্যাস ঔরসজাত, নাগবিশেষ, হংসবিশেষ। ষ্ট্রী—স্ত্রী, হংসী।

ধৃতাত্মা, (ধৃত+আত্মা ; ৬-স) ণ, ত্রি, দৃঢ়, স্থির।

ধৃতি, (ধৃ=ধরা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, তুষ্টি, যোগভেদ, ধৈর্য্য, ধারণ, সুখ, ষোড়শমাতৃকান্তর্গত ত্রয়োদশ মাতৃকা, অষ্টাদশাক্ষরাবৃত্তিছন্দোমাত্র, রাগ, আসক্তি, উৎসাহ, যাগ।

ধৃতিমান্, (ধৃতি+মতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধৈর্য্যশালী, সুতুষ্ট, দৃঢ়, স্থির, সুখী।

ধৃতিমুষ্, (—মুট, ধৃতি=ধৈর্য্য+মুষ= যে অপহরণ করে) ণ, ত্রি, ধৈর্য্যচ্যুতিকারক, চিত্তবেধক।

ধৃত্বন্, ব্য, পুং, বিপ্র, সমুদ্র, ধন, আকাশ, বিষ্ণু, মেধাবী। ব্য, ধারণ।

ধৃত্বরী, (ধৃ=ধারণ করা+বর ; ৎ—আগম ; ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পৃথিবী, ভূমি।

ধৃত্বা, (ধৃ=ধারণকরা+বন্ ; ৎ-আগম) ব্য, পুং, ধর্ম্ম, ব্রাহ্মণ, সমুদ্র, আকাশ, বিষ্ণু, মেধাবী, পণ্ডিত।

ধৃষ্ট, (ধৃষ্=প্রগল্ভ হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, নির্লজ্জ, প্রগল্ভ, উদ্ধতস্বভাব। পুং, নায়ক বিশেষ, চতুর্ব্বিধ পত্যন্তর্গত পতিবিশেষ। ষ্টা—স্ত্রী, অসতী।

ধৃষ্টদ্যুম্ন, (ধৃষ্ট=প্রগল্ভ+দ্যুম্ন=বল ; ৬-হ) ব্য, পুং, দ্রুপদ-রাজপুত্র।

ধৃষ্ণজ্, (ধৃষজ, ধৃষ্ণু দেখ+নজ্) পুং, ণ, ত্রি, প্রগল্ভ, নির্লজ্জ, বিশ্বস্ত।

ধৃষ্ণি, (ধৃষ=প্রগল্ভ হওয়া+নি) ব্য, কিরণ, আলোক।

ধৃষ্ণু, (ধৃষ্=প্রগল্ভ হওয়া+ণু—ম, শীলার্থে) ণ, ত্রি, ধর্ষণশীল, সহিষ্ণু, প্রগল্ভ, নির্লজ্জ। ব্য, পুং, কঞ্চি, বাঁশের শাখা।

ধেঁড়ি, (দেশজ) ব্য, স্ত্রীলোকের কর্ণালঙ্কার বিশেষ। [উদ্বিড়াল।

ধেড়িয়া, (দেশজ) ব্য, জলমার্জ্জার,

ধেন, (ধে=পানকরা+ন—কর্ত্রর্থে, যাহা পীত হয়) ব্য, পুং, সমুদ্র, নদ। না—স্ত্রী, নদী।

ধেনিকা, ব্য, স্ত্রী, ধন্যাক, ধনিয়া।

ধেনু, (ধে=পানকরা+নু) ব্য, স্ত্রী, নবপ্রসূতা গাভী, নবপ্রসূতিকা।

ধেনুক, (ধেনু+ক—যোগ) ব্য, পুং, অসুরবিশেষ, ষোড়শবিধ রতিবন্ধান্তর্গত দ্বাদশ বন্ধ, হস্তিনী, নবপ্রসূতা গাভী।

ধেনুকসূদন, ধেনুকহা, ধেনুকারি, (ধেনুক=অসুরবিশেষ+সূদন, হন =যে বধ করে, ২-ষ ; ধেনুক+অরি =শত্রু, ৬-ষ) ব্য, পুং, শ্রীকৃষ্ণ।

ধেনুদুগ্ধকর, ব্য, পুং, গর্জ্জর, গাজর।

ধেনুষ্যা, (ধেনু=সবৎসা গো+য ; স—আগম) ব্য, স্ত্রী, যে গাভিকে বন্ধক দিয়া অর্থ গ্রহণ করে, দোহনকালে যে গাভীকে ছাঁদিতে অর্থাৎ রজ্জু দিয়া পশ্চাৎপদ বন্ধন করিতে হয়

ধৈনুক, (ধেনুকা=সবৎসা গো+ক সমূহার্থে) ব্য, ন, ধেনুসমূহ।

ধৈর্য্য, (ধীর+ষ্য—ভাবে) ব্য, ন, স্থিরতা, ধীরতা, ইন্দ্রিয় দমন, সহিষ্ণুতা, স্থিরচিত্তোন্নতি।

ধৈবত, (ধী=বুদ্ধি+বত ; নিপাতন) ব্য, পুং, ধীমানেরা যাহা গান করে, সপ্তস্বরান্তর্গত ষষ্ঠ স্বর, ইহা কোন ব্যক্তির মতে অশ্বস্বর-তুল্য, কাহারও বা মতে ভেক-স্বর তুল্য।

ধোঁকা, (দেশজ) ব্য, সন্দেহ, ভ্রম।

ধোচনা, (দেশজ) ব্য, বংশরচিত মৎস্যধারণের যন্ত্রবিশেষ।

ধোপ, (পরিষ্কারার্থ যাবধাতুজ) ণ, ক্ষালিত। [জীবী।

ধোপা, (ঐ) ব্য, রজক, বস্ত্রক্ষালন-

ধোড়, (ধূ=কাঁপান+ড়) ব্য, পুং, ডুণ্ডুভ, ঢোঁড়া সাপ।

ধোরণ, (ধোর্=গমনপটুহওয়া+অন

—ভাব) ব্য, ন, স্ত্রী অশ্ব রথ ঘোড়ার বাহন, অশ্বের গতিবিশেষ, ধৌরিতক।

ধোরণি,—ণী, (ধোর্=অগ্রসর হওয়া +অনি) ব্য, স্ত্রী, কিংবদন্তী, জনশ্রুতি, পারম্পর্য্যোপদেশ, আখ্যায়িকা।

ধোরিত, (ধোর=শীঘ্রগমনকরা+ক্ত) ব্য,ন, ধোরণ, অশ্বের গতি বিশেষ।

ধৌত, (ধাব=পরিষ্কারকরা+ক্ত—চ) ণ, ত্রি, উজ্জ্বল, পরিষ্কৃত, মার্জ্জিত, শোধিত, ক্ষালিত, স্নাত, ধোয়া, শাণিত, শুভ্র। ব্য, ন, রৌপা।

ধৌতকট, (ধৌত=ধোয়া+কট=মাদুরী) ব্য, পুং, ধোকড়া, মোটা সুতার থলিয়া, ব্যাগ।

ধৌতকোষজ, ধৌতকৌষেয়, (ধৌত=পরিষ্কৃত+কোষ+জ=উৎপন্ন: কোষ+ঢেয়) ব্য, ন, প্রক্ষালিত পট্টবস্ত্র, পট্টোর্ণ।

ধৌতশিল, (ধৌত=নির্ম্মল+শিলা=প্রস্তর) ব্য, ন, স্ফাটিক, স্ফটিকমণি।

ধৌমক, (ধূম=ধোঁয়া+ক, ক—স্বার্থে) ব্য, পুং, দেশবিশেষ।

ধৌরিতক, (ধোরিতক=[ধারিত+ক—যোগ]+ক) ব্য, ন, ঘোটকের পঞ্চবিধ গত্যন্তর্গত গতিবিশেষ।

ধৌরেয়, (ধুর্=ভার+ঢেয়-বহনার্থে) ণ, ত্রি, ধুর্য্য, রথলাঙ্গলাদি ভারবাহীক। ব্য, পুং, ভারবাহক পশু, অনড্বান্, বৃষ।

ধৌর্ত্তিক, (ধূর্ত্ত=শঠ+ঢিক) ণ,ত্রি, ধূর্ত্তসম্বন্ধীয়। ন, শঠতা, ধূর্ত্ততা।

ধৌর্য্য, (ধোর=উত্তমরূপে গমন+ষ্যণ) ব্য, ন, অশ্বের প্রথম গতি।

ধ্মাকার, (ধ্মা[ধ্মা=অগ্নিসংযোগ করা+ক্বিপ]=তাওয়ান+কার=যে করে) ব্য, পুং, কর্ম্মকার, কামার।

ধ্মাঙ্ক, (ধ্মান্ক=ঘোর শব্দকরা+অচ্) ব্য, পুং, কাক, বকপ্রভৃতি মৎস্যভক্ষকপক্ষী, ধূমকেতু, ধ্বজ।

ধ্মাঙ্কতুণ্ডী, ব্য, স্ত্রী, কাকমাচী, কাকজঙ্ঘা।

ধ্মাঙ্কপুষ্ট, (ধ্মাঙ্ক=কাক+পুষ্ট=পরিপালিত,—৬-ষ) ব্য, পুং, কোকিল।

ধ্মাঙ্ক্ষী, ব্য, স্ত্রী, কঙ্কোল, এলাইচ।

ধ্মাঙ্কলী, ব্য, স্ত্রী, কাকোলী।

ধ্মাত, (ধ্মা=অগ্নিসংযোগকরা, শব্দকরা+ক্ত—চ) ণ, ত্রি, শব্দিত, বাদিত, দগ্ধ, উৎসাহিত, সন্ধুক্ষিত, উদ্দীপিত, প্রফুল্লিত।

ধ্যামা, (ধ্যামন্, ধ্যা+মন্—সংজ্ঞার্থে) ব্য, পুং, পরিমাণ, আলোক, ধ্যান।

ধ্যাত, (ধ্যৈ=চিন্তাকরা+ক্ত—চ) ণ, ত্রি, চিন্তিত, ভাবিত, কল্পিত, স্মৃত, আলোচিত।

ধ্যাতব্য, (ধ্যৈ=চিন্তাকরা+তব্য—চ) ণ, ত্রি, ধ্যানযোগ্য, ধ্যেয়, স্মরণীয়, আলোচনীয়।

ধ্যান, (ধ্যৈ=চিন্তাকরা+অনট—ভাব) ব্য, ন, চিন্তন, সমাধি, আত্মৈকাগ্রতা, ভাবনা, অদ্বিতীয় ব্রহ্মে অন্তঃকরণের গাঢ় অভিনিবেশ, যোগের অঙ্গবিশেষ, তদগতচিত্তে অভীষ্ট বিষয়ের অনুশীলন, স্মরণ।

ধ্যানযোগ, ব্য, পুং, ঈশ্বরচিন্তা, পরমার্থে মনোনিবেশ।

ধ্যাম, (ধ্যৈ+ম) ণ, ত্রি, কৃষ্ণবর্ণ, শ্যামল। ব্য, ন, গন্ধতৃণ, দমনবৃক্ষ।

ধ্যেয়, (ধ্যৈ=চিন্তাকরা+য—চ) ণ, ত্রি, ধ্যানের যোগ্য, স্মরণীয়।

ধ্রাজি, (ধ্রজ্=গমনকরা+ই—সংজ্ঞার্থে; আ=১) ব্য, স্ত্রী, ঘূর্ণ বায়ু, ঘুরুনি বাতাস।

ধ্রাডি, ব্য, পুং, পুষ্প সমূহ।

ধ্রিয়মাণ, (ধৃ=ধারণকরা+শান—চ) ণ, ত্রি, যাহাকে ধারণ করা যাইতেছে, যাহাকে দমন করা যাইতেছে।

ধ্রুব, (ধ্রু=স্থিরহওয়া+অক্) ব্য, পুং,

ব্রহ্মা, বিষ্ণু, শিব, রাজা, উত্তানপা-দের পুত্র, মেরুর নিকটবর্ত্তী নি-শ্চল নক্ষত্রবিশেষ, প্রথিত আছে যে ধ্রুবের তপস্যায় প্রীত হইয়া বিষ্ণু ধ্রুবের বাসের নিমিত্ত এই নক্ষত্র-লোক সৃষ্টি করেন, বৃহৎবৃত্তের কেন্দ্র (the pole of any great circle) শঙ্কু, বুড়াগাছ, ডুমুরগাছ, পক্ষী-বিশেষ, শরাটি, বস্তুবিশেষ, যোগ-বিশেষ, নাসাগ্র, ললাটস্থ আবর্ত্ত বিশেষ। ন, উৎপ্রেক্ষা, নিশ্চয়, তর্ক, বিচার, স্বর্গ, ডুমুরপত্রাকৃতি যজ্ঞ-পাত্র বিশেষ। বা—স্ত্রী, গানের ধুয়া, বৃক্ষবিশেষ, মূর্ব্বা, এই বৃক্ষের তন্তু দ্বারা ধনুকের ছিলা নির্ম্মিত হয়, ধর্ম্মপরায়ণা নারী। ণ, ত্রি, নিত্য, অক্ষর, নিশ্চিত, দৃঢ়, চিরস্থায়ী, স্থির, স্থিরীকৃত, বিদৃত।

ধ্রুবক, (ধ্রুব+কণ—যোগ) ষ্য, পুং, ছিন্নবৃক্ষের মূল প্রদেশ, গাছের গুঁড়ি, দ্রাঘিমান্তর। (Longitude.) কা—স্ত্রী, গানের ধুয়া। [তারা।

ধ্রুবজগৎ, ষ্য, ন, স্বর্গবিশেষ, ধ্রুব-ধ্রুবলোক, ষ্য, পুং, স্বর্গবিশেষ।

ধ্রুবরেখা, ষ্য, স্ত্রী, বিষুবরেখা, নাড়ী-মণ্ডল। (Equator.)

ধ্রৌব্য, (ধ্রুব+ষ্য—ভাব) ষ্য, ন, স্থিরতা, নিশ্চলতা।

ধ্বংস—পুং, ধ্বংসন—ন, (ধ্বন্স্= বিনষ্ট হওয়া+অল্, অনট্—ভাব) ষ্য, পুং, ক্ষয়, নাশ, হানি, গমন, পতন। [যে ধ্বংস করে।

ধ্বংসক, (ধ্বন্স+অক—ষ) ণ, ত্রি,

ধ্বংসন, (ধ্বংস+অনট্—ভাব) ষ্য, ন, নষ্টকরণ, বিনাশকরণ, অধঃপতন।

ধ্বংসিত, (ধ্বংস+ক্ত) ণ, ত্রি, বিনাশি-ত, পাতিত, উত্তেজিত, উদ্দীপিত।

ধ্বংসী, (ধ্বন্স্—বিনষ্টহওয়া+ণিন্—ষ) ণ, ত্রি, বিনাশশীল, নশ্বর। ষ্য, পুং, পর্ব্বতমধ্যস্থ পীলু বৃক্ষ। স্ত্রী, ত্রস-রেণু পরিমাণ।

ধ্বজ, (ধ্বজ—গমনকরা+অল্) ষ্য, পুং—ন, পতাকা, নিশান, চিহ্ন, মেঢ্র পুং-চিহ্ন, খট্টাঙ্গ, পূর্ব্বদিকের গৃহ, পতাকা দণ্ড, বৈজয়ন্তী, দণ্ডো-পরিস্থাপিত মস্তকের খুলি, পূর্ব্ব-কালে ব্রহ্মহত্যাকারীগণ স্বীয় পাপ ক্ষালনের নিমিত্ত এই শবশিরো-ধ্বজ বহন করিতেন পুং, গর্ব্ব, অহঙ্কার, শৌণ্ডিক, শুঁড়ি।

ধ্বজদ্রুম, (ধ্বজ=পতাকা+দ্রুম=বৃক্ষ) ষ্য, পুং, তালগাছ।

ধ্বজপ্রহরণ, (ধ্বজ=ধ্বজা+প্রহরণ= যে আক্রমণ করে) ষ্য, পুং, বায়ু।

ধ্বজভঙ্গ, (ধ্বজ=মেঢ্র+ভঙ্গ=সাম-র্থ্যহীনতা) ষ্য, পুং, পুরুষের সন্তা-নোৎপাদনশক্তি রাহিত্য, ক্লীবত্ব-জনক রোগবিশেষ।

ধ্বজবান্, (ধ্বজ=বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, কেতনবিশিষ্ট, পতাকাধারী।

ধ্বজাহৃত, (ধ্বজ+আহৃত) ণ, ত্রি, যুদ্ধজিত।

ধ্বজী, (ধ্বজ+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, ব্রাহ্মণ, রথ, সর্প, অশ্ব, ময়ূর, শৌণ্ডিক, শুঁড়ি, নৌকাবাহন দণ্ড-বিশেষ, লগী। নী—স্ত্রী, চমূ, সেনা। ণ, ত্রি, ধ্বজধারী।

ধ্বজোত্থান, (ধ্বজ=পতাকা+উত্থান= উঠা) ষ্য, ন, শক্রোৎসব, ইহা ভাদ্র মাসের শুক্লা দ্বাদশীতে হয়।

ধ্বন, (ধ্বন্—শব্দকরা+অল্) ষ্য, পুং, শব্দ, ধ্বনি।

ধ্বনমোদী, (ধ্বন=শব্দ+মোদিন্=যে প্রফুল্লিত করে) ষ্য, পুং, ভ্রমর।

ধ্বনি, (ধ্বন্=শব্দকরা+ই) ষ্য, মৃদঙ্গাদিভব শব্দ, নাদ, ব্যঙ্গ্যার্থ, উত্তমকাব্য।

ধ্বনিগ্রহ, (ধ্বনি=শব্দ+গ্রহ=যে গ্রহ-

নক্কক, (নক্ক+ক—যোগ) বা, পুং, কঙ্কাল, ছিন্নবস্ত্র, নেকড়া।
নক্তচর, নক্তচারী, (নক্ত=রাত্রিতে+চর, চারিন্=যে চরে) ণ, ত্রি, রজনীচর। বা, পুং, পেচক, বিড়াল, রাক্ষস, চোর।
নক্তঞ্চর, (নক্তম্+চর=যে চরে) বা, পুং, রাক্ষস, বিড়াল, পেচক, চোর। ণ, ত্রি, রাত্রিচর। রী—স্ত্রী, রাক্ষসী।
নক্তন্দিব, (নক্তম্+দিবা, বং—স) বা, ন, রাত্রিদিন, দিবারাত্রি, দিন রাত। [ক্রি,—ণ, বা, রাত্রিতে।
নক্তম্, (নজ্=লজ্জিত হওয়া+তম্)
নক্তমাল, (নক্তম+আ+অল=ভূষিত করা+অল্) বা, পুং, রাত্রিতে যে বিকসিত হয়, চিরবিল্ব, করঞ্জ বৃক্ষ
নক্তমুখা, (নক্তম+উখ=[গমনকরা] উৎপন্ন হওয়া+ক) বা, স্ত্রী, রজনী, রাত্রি, নিশা
নক্তব্রত, বা ন দিবা ভোজন না করিয়া একবারমাত্র রাত্রিতে ভোজন করিবার নিয়ম।
নক্র, (ন+ক্রম=গমন করা+অল্) বা, পুং, কুম্ভীর। ন, দ্বারের অগ্রকাষ্ঠ,বন্কাষ্ঠ। ক্রং—ন, ক্রা—স্ত্রী, নাসিকা
নক্ররাজ্, নক্ররাজ, (নক্র=কুম্ভীর+রাজ্ বা রাজ=রাজা) বা, পুং, হাঙ্গর।
নক্ষত্র, (ন+ক্ষি, ক্ষর্=ক্ষয় পাওয়া+ত্র) বা, ন, যে ক্ষয় পায় না, তারক, তারা, কেহ কেহ বলেন নক্ষত্র দুই প্রকার বিশিষ্ট, ক্ষত্রে (ন+ক্ষদ্=হিংসা কর+ত্র) অশ্বিনী প্রভৃতি সপ্তবিংশতি তারা, মুক্তা।
নক্ষত্রচক্র, (নক্ষত্র+চক্র=মণ্ডল) বা,ন, রাশিচক্র জ্যোতিষোক্ত মন্ত্রগ্রহণোপযোগী চক্রবিশেষ
নক্ষত্রনেমি, (নক্ষত্র+নেমি=চক্রধার, পরিধি) বা, পুং, বিষ্ণু, চন্দ্র, ধ্রুবনক্ষত্র। স্ত্রী, রেবতীনক্ষত্র।
নক্ষত্রপ, (নক্ষত্র+প=যে পালন করে, ২-ষ) বা, পুং, নক্ষত্রাধিপ, চন্দ্র।
নক্ষত্রবিদ্যা, (Astrology) বা, স্ত্রী, গ্রহনক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নির্ণয় ও ভবিষ্যসংসূচক বিদ্যা।
নক্ষত্রমালা, (নক্ষত্র+মালা) বা, স্ত্রী, ২৭টী মুক্তার গ্রথিত হার, নক্ষত্র শ্রেণী, নক্ষত্রসমূহ।
নক্ষত্রেশ, (নক্ষত্র+ঈশ, ৬-ষ) বা, পুং, চন্দ্র, নক্ষত্রাধিপ, কর্পূর।[কৃতি
নকসা, (যাবনিক) বা, চিত্র, প্রতি
নখ, (ন+খ=আকাশ; ৬-হ) বা, পুং,ন, যাহার মধ্যে আকাশ অর্থাৎ অবকাশ নাই, অঙ্গুলির অগ্রভাগস্থ অস্থিবিশেষ। পুং অংশ খণ্ড।
নখকুট্ট, (নখ+কুট্ট=যে কাটে; ২-ষ) বা, পুং, নাপিত
নখকৃন্তন, (নখ+কৃৎ=ছেদন করা, +অনট্—ধ) বা, ন, নী—স্ত্রী, নখচ্ছেদক অস্ত্র, নরুণ
নখরা, বা, স্ত্র, কুক্কুটের নখ।
নখমুচ, বা, ন, ধনুঃ।
নখায়ুধ (নখ+আয়ুধ=অস্ত্র; ৬-হ) বা, পুং, যে সকল জন্তু নখর দ্বারা অস্ত্র কর্ম্ম সম্পন্ন করে, সিংহ ব্যাঘ্র কুক্কুট প্রভৃতি। [করবীর বৃক্ষ।
নখরাহ্ব, (নখর+আহ্ব) বা, পুং,
নখরঞ্জনী, বা, স্ত্রী, নখচ্ছেদনাস্ত্র, নরুণ
নখবৃক্ষ, বা, পুং, নীলীবৃক্ষ, নীলীগাছ
নখশঙ্খ, (নখ+শঙ্খ) বা, পুং, নখের ন্যায় ক্ষুদ্র, ক্ষুদ্র শঙ্খ।
নখশূল, বা, পুং, অঙ্গুলির রোগ বিশেষ, নখকুনি।

নখাঙ্ক, ব্য, পুং, ব্যাঘ্রনখী।
নখায়ুধ, (নখ+আয়ুধ=অস্ত্র; ৬-ব) ব্য, পুং, নখরায়ুধ দেখ।
নখালি, (নখ+আলি=শ্রেণী) ব্য, পুং, ক্ষুদ্র শঙ্খ, নখশ্রেণী।
নখাশী, (নখ+অশিন্=যে খায়) ব্য, পুং, পেচক, ভোজনসময়ে ইহারা নখই ব্যবহার করে। ণ, ত্রি, নখভক্ষক। [নখবিশিষ্ট,যাহার নখ আছে।
নখী, (নখ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি,
নখী, (নখ্=গমনকরা+অ) ব্য, স্ত্রী, সুগন্ধদ্রব্যবিশেষ।
নগ, (ন+গম=গমনকরা+ড—ক) ব্য, পুং, বৃক্ষ, পর্ব্বত।
নগজ, (নগ=পর্ব্বত+জ=জাত) ব্য, পুং, হস্তী। ণ, ত্রি, পর্ব্বতজাত, পার্ব্বতীয়। জা—স্ত্রী, পার্ব্বতী, ক্ষুদ্র প্রস্তরবিশেষ। [কী।
নগণা, ব্য, স্ত্রী, লতাবিশেষ, নয়াকট-
নগদ, (যাবনিক) ব্য, ণ, উপস্থিত মূল্য দিয়া ক্রয়করা, প্রস্তুত।
নগনন্দিনী, (নগ=[হিমালয়] পর্ব্বত+নন্দিনী=কন্যা; ৬-ব) ব্য, স্ত্রী, দুর্গা।
নগপতি, (নগ+পতি; ৬-ব) ব্য, পুং, হিমালয়, পর্ব্বতশ্রেষ্ঠ, চন্দ্র।
নগভিদ্, (নগ+ভিদ্=যে ভেদ করে) ব্য, পুং, ইন্দ্র। ব্য, ত্রি, পাষাণভেদ-অস্ত্র।
নগভূ, (নগ+ভূ=জাত) ব্য, পুং, ক্ষুদ্র প্রস্তর বিশেষ। ণ, ত্রি, পর্ব্বতজাত।
নগর, (নগ=বৃক্ষ বা পর্ব্বত+র—অস্ত্যর্থে) ব্য, ন, রী—স্ত্রী, যেখানে পর্ব্বতের ন্যায় উচ্চ প্রাসাদ সকল দেখা যায়, সহর, নানা জাতি ও নানা শিল্প বাণিজ্যাদির স্থান।
নগরন্ধ্রকর, (নগ—এস্থলে ক্রৌঞ্চপর্ব্বত+রন্ধ্র=ছিদ্র+কর=যে করে) ব্য, পুং, ক্রৌঞ্চদারণ, কার্ত্তিক।
নগরপাল, (নগর+পাল=যে রক্ষা করে) ব্য, পুং, নগররক্ষক, চৌকিদার। [পিন্—ম) ণ, ত্রি, নগরপালক।
নগররক্ষী, (নগর+রক্ষ=রক্ষাকরা+
নগরস্থ, (নগর+স্থ=যে থাকে) ণ, ত্রি, যাহানগরে থাকে, নগরবাসী, নাগরিক। [কাক।
নগরীবক, (নগরী+বক) ব্য, পুং,
নগরীয়, (নগর+ঈয়—ইদমর্থে, জাতার্থে) ণ, ত্রি, নগরস্থ, নগরোৎপন্ন, নগরসংক্রান্ত।
নগরোত্থা, ব্য, স্ত্রী, নাগরমুতা।
নগরৌষধি, (নগর+ওষধি=কদলী-কান্তবৃক্ষাদি) ব্য, পুং, কদলীবৃক্ষ।
নগাটন, (নগ=পর্ব্বত+অট্=গমনকরা+অন্) ব্য, পুং, কপি, বানর।
নগাধিপ, নগাধিরাজ, (নগ=পর্ব্বত+অধিপ, অধিরাজ=প্রভু) ব্য, পুং, হিমালয়। [ধ্বজী।
নগী, (দেশজ) ব্য, নৌচালন দণ্ড,
নগৌকাঃ, (নগ=বৃক্ষ, পর্ব্বত+ওকস্=গৃহ বা স্থান) ব্য, পুং, পক্ষী, সিংহ, কাক। ণ, ত্রি, পর্ব্বতবাসী।
নগ্ন, (নজ্=লজ্জিত হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, উলঙ্গ, বিবস্ত্র, ন্যাঙটা। ব্য, পুং, ক্ষপণক, বৌদ্ধ, স্তুতিপাঠক। গ্না—স্ত্রী, বিবস্ত্রানারী। [বিবস্ত্র।
নগ্নক, (নগ্ন+ক—যোগ) ণ, ত্রি, নগ্নক্ষপণক, ব্য, পুং, বৌদ্ধসন্ন্যাসী।
নগ্নজিৎ, (নগ্ন=বৌদ্ধ+জিৎ=যে জয় করে) ব্য, পুং, নৃপবিশেষ, শ্রীকৃষ্ণপত্নী নাগ্নজিতীর পিতা।
নগ্নহূ, (নগ্ন=বিবস্ত্র+হ্বে=আহ্বানকরা, ডাকা+কিপ্) ব্য, পুং, ন, নানাদ্রব্যকৃত সুরাবীজ কিম্বা কিণ্ব-সুরাবীজ, সুরামণ্ড, বাখর।
নগ্নাট, (নগ্ন=উলঙ্গ+অট্=যে ভ্রমণ করে) ব্য, পুং, দিগম্বর, বিবস্ত্র।
নগ্নিকা, (নগ্ন+ক—যোগ, আ) ব্য, স্ত্রী, অপ্রাপ্তরজস্কানারী, অনাগতা-

র্ব্বা, বিবস্ত্রা।
নগ্নীকরণ, (নগ্ন+করণ, চ্বি; অ—ঈ) ব্য, ন, উলঙ্গকরা, বিবস্ত্রীকরণ।
নচেৎ, (ন+চেৎ—যদি) ব্য, নতুবা, যদি না হয়, অন্যথা।
নজর, (যাবনিক) ব্য, দৃষ্টি, দর্শন, উপঢৌকন, ভেট।
নঞ্, ব্য, অভাব সংজ্ঞক, না।
নট, (নট্—নৃত্যকরা+অ—ষ) ব্য, পুং, নর্ত্তক, অভিনয়কারক, অশোক বৃক্ষ, বর্ণসঙ্করজাতি বিশেষ।
নটন, (নট=নৃত্যকরা+অনট—ভাব) ব্য, ন, নাট্য, নৃত্য, নর্ত্তন, তাণ্ডব।
নটনারায়ণ, (নট+নারায়ণ—বিষ্ণু) ব্য, পুং, নর্ত্তকদিগের সর্ব্বশ্রেষ্ঠ রাগ, রাগবিশেষ। [ত্বক্, চর্ম্ম।
নটপর্ণ, (নট+পর্ণ=পাতা) ব্য, ন, নটপত্রিকা, ব্য, স্ত্রী, বার্ত্তাকু।
নটভূষণ, নটমণ্ডন, (নট=নর্ত্তক+ভূষণ, মণ্ডন—আভরণ) ব্য, ন, হরিতাল।
নটবর, (নট+বর=শ্রেষ্ঠ, অত্যুত্তম) ব্য, পুং, নৃত্যকর্ম্মে পটু, নটশ্রেষ্ঠ, লম্পট, চতুর।
নটসংজ্ঞক, ব্য, পুং, নর্ত্তক, গোদন্ত, হরিতাল। [ক) ব্য, স্ত্রী, লজ্জা।
নটান্তিকা, (নট=নৃত্য+অন্ত=নাশ+
নটিয়া, (দেশজ) ব্য, শাকবিশেষ।
নটী, (নট দেখ, ঈ) ব্য, স্ত্রী, নর্ত্তকী, অভিনয়কারিণী, বেশ্যা, নলিনাম গন্ধদ্রব্য, মনঃশিলা, রাগিণীবিশেষ।
নটেশ্বর, (নট—নর্ত্তক+ঈশ্বর—দেবতা, ৬-ষ) ব্য, পুং, শিব।
নড়, (নল্—সংহত হওয়া+অ: ল স্থানে ড) ব্য, পুং, নল, খাক্‌ড়া আদিভেদ।
নড়মীন, (নড়—নল+মীন—মৎস্য) ব্য পুং, মৎস্যবিশেষ, চিংড়িমৎস্য।

নড়হ, (নড্—দূরে পতিত হওয়া+অহ্—নষ্টকরা+ড) ণ, ত্রি, কুৎসিত, মনোহর, ললিত।
নড়কীয়, নড়প্রায়, (নড+ঈয়—অস্ত্যর্থে; নড+প্রায়—প্রচুর) ণ, ত্রি, নল-বহুল প্রদেশ, যে স্থানে অনেক নল উৎপন্ন হয়, শরময়।
নড়ী, (দেশজ) ব্য, যষ্টি, লাঠী।
নড়্বান্, নড়্বল, (নড়+বতু—অস্ত্যর্থে; নড়+বল—অস্ত্যর্থে) ণ, ত্রি, নল-বহুল প্রদেশ।
নড়াভূ, ব্য, স্ত্রী, কুট্টিম।
নত, (নম্=নমস্কারকরা, বিনীত হওয়া+ত—ষ) ণ, ত্রি, নম্র, নিম্ন ভূমিষ্ঠ, কুটিল, বক্র। ন, তগরমূল পুং, জন্মনাড়িকাবিশেষ।
নতনাড়িকা, (নত+নাড়িকা=২৪ মিনিট পরিমিত সময়)ব্য স্ত্রী, চন্দ্রোদয়ের পর অথবা নিশীথ কালের পূর্ব্বে জন্মকাল।
নতনাসিক, (নত=বক্র+নাসিকা ৬ হ) ণ, ত্রি, যাহার নাক খাঁদা অবটীট।
নতা, (দেশজ) ব্য, ছল, ওজর।
নতাঙ্গী, (নত+অঙ্গ=দেহ) ব্য, স্ত্রী, সন্নতগাত্রী স্ত্রী।
নতি, (নম+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, নমস্কার, প্রণাম, নমন, নম্রতা, বক্রতা আকর্ষণ।
নতু, নতুবা, (ন+তু, বা) ব্য, অন্যথা, নচেৎ, যদি না হয়, অথবা।
নতূ্যহ, ব্য, পুং, নীলকণ্ঠপক্ষী।
নতোন্নত, (নত+উন্নত) ণ, ত্রি, উচ্চনীচ, নিম্নোন্নত।
নথ, ব্য, নাসিকালঙ্কারবিশেষ।
নদ—পুং, নদী—স্ত্রী, (নদ্—শব্দকর+অ,ঈ) ব্য, যে জলভাগ পর্ব্বত হ্রদ প্রভৃতি হইতে উৎপন্ন হইয়া স্রোত বহিয়া বহুদূর যায় এবং অন্য প্রবল

স্রোতে বা খালাদিতে পতিত হয় অন্তরে নদ, পুংবাচক অকৃত্রিম খাতাবচ্ছিন্ন জলপ্রবাহ, যথা—ব্রহ্মপুত্র, শোণভদ্র, সিন্ধু প্রভৃতি। আর স্ত্রীবাচক জলপ্রবাহ নদী, যথা—গঙ্গা, যমুনা, সরস্বতী, কাবেরী, গোদাবরী ইত্যাদি।

নদৎ, (নদ—শব্দকরা+শতৃ-ষ) ণ, ত্রি, যে শব্দ করিতেছে, শব্দায়মান।

নদথু, (নদ—শব্দকরা+অথু-সংজ্ঞার্থে) ব্য, পুং, মেঘ, সিংহ।

নদীকান্ত, (নদী+কান্ত, ৬-ষ) ব্য, পুং, সরিৎপতি। স্ত্রী, লতা, জম্বুবৃক্ষ, জামগাছ, ইজ্জলবৃক্ষ, সিন্ধুবারক।

নদীকূলপ্রিয়, (নদীকূল=নদীতট+প্রিয়; ৬.হ) ব্য, পুং, জলবেতস।

নদীগর্ভ, (নদী+গর্ভ) ব্য, পুং, নদীর গর্ভ, দুই তীরের মধ্যবর্ত্তী স্থল।

নদীজ, (নদী+জ=জাত) ব্য, পুং, পদ্ম, গাঙ্গেয়, ভীষ্ম। ন, ধাতুবিশেষ, স্রোতোঞ্জন। ণ, ত্রি, নদী হইতে উৎপন্ন।

নদীজ্ঞ, (নদী+জ্ঞ=যে জানে) ণ, ত্রি, যে ব্যক্তি নদীর গতি প্রভৃতি বিশেষরূপে জানে।

নদীতরস্থান, (নদী+তর=পার, উত্তরণ হওন+স্থান) ব্য, ন, নদী পার হইবার ঘাট, খেয়াঘাট।

নদীন, (নদী+ইন=প্রভু, ৭-ষ) ব্য, পুং, সমুদ্র, জলাধিপতি বরুণ। (ন +দীন) ণ, ত্রি, দীনভিন্ন।

নদীপ্রদেশ, ব্য, যে স্থান দিয়া নদী ও শাখানদীসকল প্রবাহিত হয়। (River-Basin)

নদীমাতৃক, (নদী+মাতৃ=মাতা ; ৭.হ) ণ, ত্রি, যেখানে নদীই মাতাস্বরূপ হইয়াছে, নদীজলোৎপন্ন শস্য, নদীজল প্রবাহিত দেশ।

নদীবক্র, (নদী+বক্র=বাঁক) ব্য, পুং, নদীর বাঁক। [ব্য, ন, নদীর স্রোত।

নদীবেলা, (নদী+বেলা=প্রবাহ, তীর)

নদীষ্ণ, (নদী+স্না=স্নানকরা+উ—ষ) ণ, ত্রি, যে নদীতে স্নান করে, যে নদীর গভীরতাদি জানে।

নদীসর্জ্জ, (নদী+সর্জ্জ=শালগাছ) ব্য, পুং, বৃক্ষ বিশেষ, অর্জ্জুন বৃক্ষ।

নদ্ধ, (নহ্=বন্ধনকরা+ক্ত—ক) ণ, ত্রি, বদ্ধ, বাঁধা, উত্তোলিত।

নদ্ধী, (নহ+ত্র—ষ : ঈপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, চর্ম্মনির্ম্মিত রজ্জু, চামের দড়ী।

ননদ, (ননন্দৃ শব্দজ) ব্য, পতির ভগিনী।

ননন্দা, ননান্দা, (ননন্দৃ, ননান্দৃ, ন +নন্দ=আনন্দিত হওয়া+ঋ) ব্য, স্ত্রী, যে ভ্রাতৃজায়ার প্রতি আনন্দিত হয় না, ভর্ত্তার ভগিনী, ননদ।

ননী, (নবনীত শব্দজ) ব্য, মাখন।

ননু, (ন+নুদ্=প্রেরণ করা+ডু ; উদ্—লোপ) ব্য, প্রশ্ন, পৃচ্ছা, অবধারণ, নিশ্চয়, অনুজ্ঞা, অনুমতি, অনুনয়, অধিকার, সম্রম, আক্ষেপ, প্রত্যুক্তি, বাক্যারম্ভ, উৎপ্রেক্ষালঙ্কারব্যঞ্জক।

ননুচ, ব্য, বিরোধোক্তি।

নন্দ, (নন্দ=আনন্দিত হওয়া+ণিচ্+অন্) ব্য, পুং, কুবেরের নবনিধির অন্তর্গত নিধিবিশেষ, গোপবিশেষ, কৃষ্ণের পালক পিতা, বিষ্ণুর নামান্তর, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, মহানন্দীর পুত্র, বাদ্যযন্ত্রবিশেষ, সার্দ্ধষোড়শ অঙ্গুলি পরিমিত রেণু। ন্দা—স্ত্রী, মৃত্তিকা নির্ম্মিত জালা, জলাধার, উন্নতি, সুখসমৃদ্ধির বৃদ্ধি, ভর্ত্তৃভগিনী, প্রতিপদ, ষষ্ঠী, একাদশী। ন্দী—স্ত্রী, ইন্দ্রের উদ্যান। ন্দা, ন্দী—স্ত্রী, দুর্গার নামান্তর।

নন্দক, (নন্দ=আনন্দিত হওয়া+ণিচ্ +ণক—ক, ষ) ব্য, পুং, অসুর বিনাশন দ্বারা যে কৃষ্ণকে আনন্দিত করে,

কৃষ্ণের খড়্গ। (নন্দ+ক) পুং, আনন্দ,কৃষ্ণের পালক পিতা, ভেক। ণ, ত্রি, আনন্দজনক।

নন্দকি, (নন্দ্+কি) ব্য, স্ত্রী, পিপুল।

নন্দকী, (নন্দক+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিষ্ণু, কৃষ্ণ।

নন্দথু, (নন্দ্+অথু) ব্য, পুং, আনন্দ, আহ্লাদ, সুখ, হর্ষ।

নন্দন, (নন্দ্=আনন্দিত করা+অন—ম) ব্য, পুং, পুত্র, ভেক, বিষ্ণু। না—স্ত্রী, কন্যা। ন, ইন্দ্রোদ্যান, ছন্দোবিশেষ। ণ, ত্রি,আনন্দজনক।

নন্দনজ, ব্য, ন, হরিচন্দন।

নন্দনন্দন, (নন্দ+নন্দন=পুত্র, ৬-ষ) ব্য, পুং, শ্রীকৃষ্ণ। [ব্য, স্ত্রী, দুর্গা।

নন্দনন্দিনী, (নন্দ+নন্দিনী=কন্যা)

নন্দন্ত, (নন্দ+ঝন্) ব্য, পুং, পুত্র, বন্ধু, মিত্র, রাজকুমার।

নন্দনমালা, (নন্দন=আনন্দজনক+মালা) ব্য, স্ত্রী, শ্রীকৃষ্ণ নির্ম্মিত মালিকা বিশেষ।

নন্দপাল, (নন্দ=কুবেরের নিধি+পাল=যে রক্ষা করে) ব্য, পুং, বরুণ।

নন্দপুত্রী, ব্য, স্ত্রী, দুর্গা, পার্ব্বতী।

নন্দাত্মজ, (নন্দ+আত্মজ=সন্তান) ব্য, পুং, শ্রীকৃষ্ণ। জা—স্ত্রী, দুর্গা।

নন্দি, (নন্দ+ইন্) ব্য, পুং,—ন, দ্যূত-ক্রীড়া। ব্য, পুং, শিবের প্রধান অনুচর, নাটকের প্রস্তাবনা প্রবর্ত্তক, সূত্রধার, আশীর্ব্বাদক।

নন্দিক, (নন্দী+ক -যোগ) ব্য, পুং, বৃক্ষবিশেষ, নন্দীবৃক্ষ। কা—স্ত্রী, ইন্দ্রের উদ্যান। (নন্দা+ক—যোগ) অলিঞ্জর, জলের জালা, নন্দা, প্রতি-পদ ষষ্ঠী বা একাদশী তিথি।

নন্দিকেশ্বর, (নন্দিক=ইন্দ্রোদ্যান+ঈশ্বর=প্রভু, ৬-ষ) ব্য, পুং, শিবের সর্ব্বপ্রধান অনুচর, নন্দী, সামান্য পুরাণবিশেষ।

নন্দিঘোষ, (নন্দি=আনন্দসূচক+ঘোষ=ধ্বনি) ব্য, পুং, অর্জ্জুনের রথ, স্তুতিপাঠকদিগের ঘোষণা।

নন্দিত, (নন্দ+ক্ত—ম, চ) ণ, ত্রি, আনন্দিত, তোষিত।

নন্দিনী, (নন্দিন্+ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পার্ব্বতী, গঙ্গা, ননান্দা, ননদ, বশিষ্ঠের কামধেনু, অলকা-নন্দা নদী, ব্যাড়িনামক মুনির মাতা।

নন্দিনীতনয়, (নন্দিনী=ব্যাড়িনামক মুনির মাতা+তনয়=পুত্র) ব্য, পুং, ব্যাড়িমুনি, প্রসিদ্ধ অভিধানকারক মুনি।

নন্দিবর্দ্ধন, (নন্দি=আনন্দ+বর্দ্ধন=বৃদ্ধিকারক) ব্য, পুং, মহাদেব,তনয়, বন্ধু, পক্ষান্তর, পূর্ণিমা অথবা অমা-বস্যা। ণ, ত্রি, আনন্দবর্দ্ধক।

নন্দী, (নন্দ=আনন্দ+ইন্) ব্য, পুং, শিবের সর্ব্বপ্রধান অনুচর। ণ, ত্রি, আনন্দিত, আহ্লাদিত, এক-প্রকার ডুমুর জাতীয় বৃক্ষ, নাটকের প্রস্তাবনা প্রবর্ত্তক নটবিশেষ।

নন্দীট, (নন্দী=শিবের নিকেশশিরস্ক অনুচর+অট=যে অনুকরণ করে) ব্য, পুং, কেশহীন ব্যক্তি, টেকো।

নন্দীমুখী, ব্য, স্ত্রী, তন্দ্রা, অবসন্নতা, নিদ্রা।

নন্দীশ, নন্দীশ্বর, (নন্দী=শিবের প্রধান অনুচর+ঈশ, ঈশ্বর=প্রভু) ব্য, পুং, মহাদেব, নন্দিকেশ্বর, নন্দী।

নন্দীসরঃ, (নন্দী=ইন্দ্রের উদ্যান+সরস্=সরোবর) ব্য, ন, ইন্দ্রের উদ্যানমধ্যবর্ত্তী সরোবর।

নন্দ্যাবর্ত্ত, (নন্দি=আনন্দ+আবর্ত্ত=আবাসস্থান) ব্য, পুং, মন্দিরবিশেষ, বৃক্ষবিশেষ, তগরবৃক্ষ।

নপুংসক, (ন+স্ত্রীপুমান্=নপুংসক: নিপাতনে,স্ত্রীপুমান শব্দস্থানে পুংসক

আবেশ) ষ্য, পুং,—ন, ক্লীব, যে স্ত্রী বা পুরুষ কিছুই নহে, ছিন্নমুষ্ক, খোজা।

নপ্তা, (নপ্তৃ, ন+পৎ=পতিত হওয়া +তৃন্; নিপাতন) ষ্য, পুং, পৌত্র বা দৌহিত্র, নাতি, যাহার বিদ্যমানতা দ্বারা বংশ পতিত হয় না। স্ত্রী— স্ত্রী, পৌত্রী, দৌহিত্রী, নাতিনী। [চাকর

নফর, (যাবনিক) ষ্য, ভৃত্য, সেবক,

নভ, (নহ=বন্ধন করা+ভ) ষ্য, ন, যে প্রলয় কালেও নষ্ট হয় না, গগণ, আকাশ। পুং, শ্রাবণ মাস। ভা-স্ত্রী. পিক্‌দানী।

নভঃক্রান্তী, (নভস্=মেঘ+ক্রান্তিন্ =যে গমন করে) ষ্য, পুং, মেঘে যাহার মূর্ত্তির ন্যায় আকার দৃষ্ট হয়, সিংহ, কেশরী।

নভঃপ্রাণ, (নভস্=আকাশ+প্রাণ= জীবন; ৬.হ) ষ্য, পুং, বায়ু, পবন, আকাশ বায়ুর আশ্রয় বলিয়া নভঃই ইহার প্রাণ।

নভঃসদ্, (নভস্=আকাশ+সদ্ [সদ্ +ক্বিপ্]=যে গমনাগমন করে, ৭-ষ) ষ্য, পুং, দেবতা।

নভঃসরিৎ, (নভস্=আকাশ+সরিৎ =নদী) ষ্য, স্ত্রী, স্বর্গঙ্গা, মন্দাকিনী।

নভঃস্থিত, (নভস্=আকাশ+স্থিত =যে থাকে, ৭—ষ) ণ, ত্রি, আকাশস্থ। ষ্য, পুং, নরকের অংশ বিশেষ, নিরয়। [ষ্য, পুং, সূর্য্য।

নভশ্চক্ষুঃ, (নভস্=স্বর্গ+চক্ষুস্=নয়ন)

নভশ্চমস, (নভস্=স্বর্গ+চমস=যজ্ঞপাত্র বিশেষ, দর্ব্বী, হাতা) ষ্য, পুং, চন্দ্র, ইন্দ্রজাল, চিত্রাপূপ, নানাবর্ণের পিষ্টক।

নভশ্চর, (নভস্+চর=যে চরে, ৭— ষ) ষ্য, পুং, পক্ষী, বিদ্যাধর গন্ধর্ব্ব প্রভৃতি, বায়ু, মেঘ, সূর্য্যাদিগ্রহ, রাক্ষস। ণ, ত্রি, গগনবিহারী, আকাশগামী।

নভস্, (নভ্=ধ্বংস হওয়া+অসুন্, যাহা প্রলয়কালে ধ্বংস হইবে। অথবা ন+ভস্=দীপ্তিপাওয়া+ক্বিপ্, মেঘাচ্ছন্ন বলিয়া সূর্য্য যাহাতে প্রকাশ পায় না) ষ্য, পুং, শ্রাবণমাস, বর্ষাকাল, মেঘ, পক্ষী, ঘ্রাণ, পদ্মকন্দের সূক্ষ্ম সূত্র, শুভ্রকেশধারী ব্যক্তি। ন, আকাশ, স্বর্গ।

নভস, (পূর্ব্বে দেখ, অস—সংজ্ঞার্থে) ষ্য, ন, স্বর্গ, আকাশ।

নভসঙ্গম, (নভস=আকাশ+গম্= গমন করা+খ) ষ্য, পুং, পক্ষী।

নভস্তল, (নভস্=আকাশ+তল= নিম্ন) ষ্য, ন, গগনতল।

নভস্য, (নভস্=মেঘ+যৎ) ষ্য, পুং, ভাদ্রমাস, যেকালে মেঘ প্রচুর পরিমাণে দৃষ্ট হয়।

নভস্বান্, (নভস্+বতু—অস্ত্যর্থে) ষ্য, পুং, বায়ু, পবন, আকাশাশ্রয় বলিয়া বায়ু এই নামে অভিহিত হয়।

নভাক, (নভ=নষ্ট হওয়া+আক অথবা ন=না+ভা=দীপ্তি পাওয়া আক—সংজ্ঞার্থে) ষ্য, ন, যাহাতে সকল বস্তু অদর্শন হওয়াতে নষ্ট হয় অথবা যে স্বয়ং প্রকাশ পায় না, অন্ধকার, তমঃ।

নভি, ষ্য, পুং, চক্র, চাকা।

নভোগজ, নভোদুহ, নভোদ্বীপ, নভোধূম, (নভস্=আকাশ+গজ =হস্তী, নভস্=বৃষ্টি+দুহ=দোহন করা+ক, নভস্=বৃষ্টি+দ্বীপ, নভস্ =আকাশ+ধূম=ধুঁয়া) ষ্য, পুং, মেঘ, জলদ।

নভোনদী, (নভস্=স্বর্গ+নদী) ষ্য, স্ত্রী, আকাশ গঙ্গা, মন্দাকিনী।

নভোমণি, (নভস্=আকাশ+মণি= রত্ন, ৬-ষ) ষ্য, পুং, সূর্য্য।

নভোহম্বুপ, (নভস্=আকাশ+অম্বু=জল+প [পা+ড]=যে পান করে) ব্য, পুং, চাতকপক্ষী।

নভোরজঃ, (নভস্=আকাশ+রজস্=ধূলি, ৬-ষ) ব্য, ন, অন্ধকার।

নভোরেণু, (নভস্=আকাশ+রেণু=ধূলি, ৬-ষ) ব্য, স্ত্রী, কুজ্ঝটিকা, কুয়াসা। [লয়) ব্য, পুং, ধূম, ধুঁয়া।

নভোলয়, (নভস্=আকাশ+লয়=আ-

নভোলিহ, (নভস্=আকাশ+লিহ্=যে লেহন অর্থাৎ স্পর্শ করে) ণ, ত্রি, অভ্রঙ্কষ, যাহা আকাশকে স্পর্শ করিয়াছে, অত্যুচ্চ, অতিশয় উন্নত।

নভ্রাট্, (ন=না+ভ্রাজ্=দীপ্তি পাওয়া+কিপ) ব্য, পুং, মেঘ।

নমঃ, (নম্=নমস্কার করা+অসুন্) ব্য, নমস্কার, ত্যাগ, অব্যক্ত রোদন, উপহার। পুং, প্রণাম, দেবতাবাচক শব্দের উত্তর ভক্তিসূচক অর্থে প্রয়োগ হইয়া থাকে।

নমত, (নম্=নমস্কার করা বা নম্র হওয়া+অতচ্—সংজ্ঞার্থে) ব্য, পুং, প্রভু, স্বামী, নট, নর্ত্তক, মেঘ।

নমন, (নম্=নম্রহওয়া+অনট্—ভাব) ব্য, ন, নত হওন, প্রণাম। (নম্+ণিচ=নম্রকরা+অনট্—ভাব) নোয়ান।

নমনীয়, (নম্+অনীয়-চ) ণ, ত্রি, নমনের যোগ্য, যাহাকে নোয়ান যায়।

নমস্যিত, নমস্থিত, (নমস্=নমস্কার+ক্যপ্, ক্ত ; য—লোপ ; বিকল্পে) ণ, ত্রি, পূজিত, অর্চ্চিত।

নমস্কার, (নমস্+কার=করণ) ব্য, পুং, প্রণাম, কর দ্বারা শিরঃস্পর্শ করিয়া সম্মান প্রদর্শনকরণ, নতিকরণ, বিষ বিশেষ।

নমস্কার্য্য, (নমস্+কৃ=করা+য—চ) ণ, ত্রি, নমস্কারের উপযুক্ত, নমস্য, প্রণামার্হ।

নমস্কৃত, (নমস্+কৃ=করা+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে নমস্কার করা হইয়াছে।

নমস্য, (নমস্+ক্যপ্-যোগ্যার্থে, ভাবে) ণ, ত্রি, পূজ্য, প্রণম্য, নমস্কারের যোগ্য, অর্চ্চনীয়। স্যা—স্ত্রী, পূজা, অর্চ্চনা, সম্মান প্রদর্শন, নতি।

নমিত, (নমি (নম+ণিচ)=নম্রকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রণমিত, নমস্কৃত, বক্রীকৃত, বাঁকান।

নমুচি, (ন+মুচ্=মোচন করা+কি, যে কাহাকেও ত্যাগ করে না) ব্য, পুং, কামদেব, কন্দর্প, অসুর বিশেষ।

নমুচিসূদন, নমুচিদ্বিট্, (নমুচি=অসুর-বিশেষ+সূদন=যে বিনাশ করে, ২—ষ ; নমুচি+দ্বিষ্=যে দ্বেষ করে, ২-ষ) ব্য, পুং, ইন্দ্র।

নমুনা, (দেশজ) ব্য, আদর্শ, নিদর্শন।

নমেরু, (ন=না+মেরু=পর্ব্বতবিশেষ) ব্য, পুং, রুদ্রাক্ষ, সুরপুন্নাগবৃক্ষ।

নম্য, (নম্=নম্রহওয়া+ক্যপ্-চ) ণ, ত্রি, নমনীয়, যাহাকে নোয়াইতে পারা যায়।

নম্র, (নম্=নমস্কারকরা+র—ষ, শীলাদ্যর্থে) ণ, ত্রি, নত, প্রণত, বক্রীকৃত, বিনীত, শিষ্ট।

নয়, (নী=লওয়া+অল্) ব্য, পুং, নীতি, উপদেশ, নীতিশাস্ত্র, বেদের জ্ঞান কাণ্ড, চালক, পথপ্রদর্শক, দ্যূতক্রীড়াবিশেষ। ণ, ত্রি, উপযুক্ত, ন্যায্য। (নবন্ শব্দজ) ণ, নব সংখ্যা।

নয়ন, (নী=লওয়া+অনট—ধ, ভাব) ব্য, ন, যাহা কর্ত্তৃক লোক নীত হয়, চক্ষুঃ প্রাপণ, লইয়া যাওয়া, যাপন, কাটান, আনয়ন। নী—স্ত্রী, চক্ষুর তারা।

নয়নামোষিন্, (নয়ন=চক্ষু+আমোষিন্=যে চুরি করে) ণ, ত্রি, যে চুরি অপহরণ করে, অক্ষকারী।

নয়নোপান্ত, ব্য, পুং, চক্ষুঃপ্রান্ত, কটাক্ষ ।

নয়নোৎসব, (নয়ন=চক্ষুঃ+উৎসব) ব্য, পুং, প্রদীপ, আলোক, চক্ষুর আনন্দ, সুন্দর বস্তু, অভীপ্সিত পদার্থ ।

নয়পীঠী, ব্য, স্ত্রী, অষ্টকাষ্ঠ, ছক ।

নয়বিদ্, (নয়+বিদ্=যে জানে, ২-ষ) ব্য, পুং, নীতিজ্ঞ, নীতিশাস্ত্রবিদ্ ।

নর, (নৃ=লওয়া, পাওয়া+অল্—ষ, যে ভাবাদিক কিম্বা আত্মার উন্নতি পায়) ব্য, পুং, মনুষ্য, মানুষ, পুরুষ, বিশ্বব্যাপী পবিত্র অবিনশ্বর পরমাত্মা, বিষ্ণুর অবতারবিশেষ, নররূপধারী বিষ্ণু, অর্জ্জুন, শঙ্কু । ন, সুগন্ধি তৃণবিশেষ, রামকর্পূর । রী—স্ত্রী, নারী ।

নরক, (ন=লওয়া+ণক) ব্য, পুং,—ন, নরয় , যেখানে পাপিগণ নীত হয় । (নর=মনুষ্য+ক=মস্তক) পুং, দৈত্যবিশেষ, নরকাসুর, নর, পাপীদিগের বহ্নিকুণ্ড প্রভৃতি যড়শীতি যাতনাভোগের স্থান ।

নরকজিৎ, (নরক=দৈত্যবিশেষ+জিৎ=যে জয় করে, ২-ষ) ব্য, পুং, নরকাসুরজেতা, বিষ্ণু । [অলক্ষ্মী ।

নরকদেবতা, ব্য, স্ত্রী, নিরয়দেবী,

নরকপাল, ব্য, পুং, ন, মড়ার মাথা ।

নরকস্থ, (নরক+স্থ=যে থাকে) ণ, ত্রি, যে নরকে থাকে, নিরয়স্থিত । স্থা—স্ত্রী, বৈতরণী নদী ।

নরকান্তক; নরক+অন্তক=নাশকারী) ব্য, পুং, বিষ্ণু, নারায়ণ ।

নরকাময়, ব্য, পুং, পিশাচ, প্রেত ।

নরকী, (নরক+ইন্) ণ, ত্রি, নরকভোগী, পাপী, পামর ।

নরকীলক, (নর=মানবজাতি+কীল=শঙ্কু+ক) ব্য, পুং, গুরুবিনাশক, গুরুবধকারী ।

নরগণ, ব্য, পুং, নবনক্ষত্রবিশেষ, মানবজাতি, মানবসমূহ ।

নরঙ্গ,(নৃ+লইয়া যাওয়া+অঙ্গ—সংজ্ঞার্থে) ব্য, পুং, মুখের ব্রণ । ন, মেঢ্র, পুংচিহ্ন [রাজা, নৃপ, ব্রাহ্মণ ।

নরদেব, (নর+দেব, ৬-ষ) ব্য, পুং,

নরনারায়ণ, (নর+নারায়ণ, কর্ম্মধা) ব্য, পুং, দ্বিং, বদরিকাশ্রমবাসী ঋষিদ্বয়, ইহাঁরাই দ্বাপর যুগে কৃষ্ণ এবং অর্জ্জুনরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন

নরপতি, (নর+পতি, ৬-ষ) ব্য, পুং, রাজা, নৃপতি ।

নরপুঙ্গব, ব্য, পুং, নরশ্রেষ্ঠ ।

নরভূ, (নর=মনুষ্য+ভূ=ভূমি । নরভূমি শব্দও হয়) ব্য, পুং, ভারতবর্ষ, নরের উৎপত্তি স্থান । [কঠিন ।

নরম, (নম্র শব্দজ) ণ, ত্রি, কোমল,

নরমালা, (নর=নরমুণ্ড+মালা) ব্য, স্ত্রী, মনুষ্য মুণ্ডে নির্ম্মিত মালা ।

নরমানিনী, নরমানিকা, (নর=পুরুষ+মানিনী [মন্=মনে করা+ণিন্ ; ঈপ্ স্ত্রীলিঙ্গে]=যে মনে করে । যে আপনাকে পুরুষ বলিয়া মনে করে । নরমানিন্+কন্, আপ্—স্ত্রীলিঙ্গে) শ্মশ্রুযুক্তা নারী ।

নরমেধ, (নর+মেধ=যজ্ঞ) ব্য, পুং, যজ্ঞবিশেষ, যাহাতে নরহত্যা করিয়া আহুতি দেয় ।

নরমোহিনী, (নর=পুরুষ+মোহিনী) ব্য, স্ত্রী, যে পুরুষদিগকে স্বকীয় সৌন্দর্য্য দ্বারা মোহিত করে, রমণী, সুন্দরী স্ত্রী ।

নরলোক, (নর+লোক=ভুবন) ব্য, পুং, মনুষ্যলোক, মর্ত্ত্যলোক ।

নরবাহন, (নর+বাহন ; ৬-হ) ব্য, পুং, কুবের, মহাদেব ইহাঁকে মনুষ্যবাহ্য শিবিকা যান করেন বলিয়া ইহাঁর নাম নরবাহন হইয়াছে । ণ, ত্রি, মনুষ্যবাহ্য যান ।

নরবিদ্বণ, (নর+বিষণ=যে প্রাপ্ত

করে) ব্য, পুং, [illegible]

নরসিংহ, (নর+সিংহ) ব্য, পুং, যাহার অর্দ্ধাঙ্গ মানুষের ন্যায়, এবং অর্দ্ধাঙ্গ সিংহের ন্যায়, নৃসিংহ অবতার, নারায়ণের চতুর্থ অবতার, বিষ্ণু হিরণ্যকশিপুর বিনাশের নিমিত্ত এই দেহ ধারণ করেন। (নর+সিংহ) যে মনুষ্য সিংহের ন্যায় অর্থাৎ যেমন সিংহ পশুদিগের মধ্যে শ্রেষ্ঠ সেইরূপ যে মনুষ্যদিগের মধ্যে শ্রেষ্ঠ, প্রধান মনুষ্য, মনুজ শ্রেষ্ঠ।

নরসুন্দর, ব্য, পুং, নাপিত।

নরহরি, (নর+হরি=সিংহ) ব্য, পুং, নৃসিংহ অবতার।

নরাচ্ছিত, ব্য, ন, পর সাক্ষ্যসিদ্ধ, হঠাৎ নিশ্চয় হওয়া। [বিশেষ।

নরাজ, (দেশজ) ব্য, তন্ত্রের যন্ত্র

নরাধম, (নর+অধম=নীচ) ব্য, পুং, নরের মধ্যে অধম, মনুষ্যের মধ্যে হেয়।

নরাধারা, (নর=মনুষ্য+আধার=পাত্র, থাকিবার স্থান ; আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পৃথিবী।

নরাধিপ, (নর+অধিপ=স্বামী) ব্য, পুং, নৃপতি, রাজা।

নরান্তক, (নর+অন্তক=নাশকারী) ব্য, পুং, যম, রাক্ষসবিশেষ, রাবণপুত্র। [পুং, নারায়ণ দেখ।

নরায়ণ, (নর+অয়ন=গমন) ব্য,

নরুণ, (দেশজ) ব্য, নখচ্ছেদনাস্ত্র।

নরেন্দ্র, (নর+ইন্দ্র=শ্রেষ্ঠ, ৬-ষ) ব্য, পুং, নরশ্রেষ্ঠ, নৃপ, বিষবৈদ্য।

নরেন্দ্রমার্গ, (নরেন্দ্র+মার্গ=পথ) ব্য, পুং, রাজপথ, প্রকাশ্য রাস্তা।

নরেশ, নরেশ্বর, (নর+ঈশ, ঈশ্বর=স্বামী, ৬-ষ) ব্য, পুং, নরপতি, রাজা।

নরোত্তম, (নর+উত্তম, ৭-ষ) ব্য, পুং, নারায়ণ, নৃপ।

নর্কুটক, ব্য, ন, নাসিকা, নাক।

নর্ত্তক, (নৃৎ=নৃত্যকরা+অক—ষ, শিল্পীঅর্থে) ব্য, পুং, নৃত্যকারক, নট, বাজীকর, হস্তী, বন্দী, স্তুতিপাঠক, ময়ূর। কী—স্ত্রী, নটী, হস্তিনী, ময়ূরী। ণ, ত্রি, নৃত্যকারক। [নৃত্য, নাচ।

নর্ত্তন, (নৃৎ+অনট্—ভাব) ব্য, ন,

নর্ত্তিত, (নৃৎ+ক্ত—চ) ণ, ত্রি, বিকম্পিত, আন্দোলিত, যাহাকে নাচান গিয়াছে। ব্য, ন, নর্ত্তন। [প্রণালী।

নর্দ্দমা, (দেশজ) ব্য, পয়নালা, পয়ঃ-

নর্দ্দিত, (নর্দ্দ=শব্দকরা+ক্ত—চ) ণ, ত্রি, কৃতনাদ, শব্দিত।

নর্ম্ম, (নৃ=নওয়া+মন্) ব্য, ন, ক্রীড়া, বিহার, প্রিয়, কৌতুক, পরিহাস।

নর্ম্মকীল, (নর্ম্মন্=বিহার+কীল=শঙ্কু) ব্য, পুং, ভর্ত্তা, স্বামী, সেতু।

নর্ম্মট, (নর্ম্মন্+অট=যে গমন করে, নিপাতন্) ব্য, পুং, সূর্য্য, খর্পর, খোলা, খাপরা।

নর্ম্মঠ, (নর্ম্মন্=ক্রীড়া+ঠ—ভচ্চেষ্টার্থে) ব্য, পুং, স্তনের অগ্রভাগ, চুচুক, বিড়্গ, কামুক ব্যক্তি, মৈথুন।

নর্ম্মদ, (নর্ম্ম=কেলি+দা [দা=দান করা+ড]=যে দান করে) ব্য, পুং, কেলিসচিব। ণ, ত্রি, পরিহাসদায়ক, সুখদা। দা—স্ত্রী, বিন্ধ্যাচল হইতে নির্গত নদীবিশেষ, রেবানদী।

নর্ম্মসচিব, (নর্ম্মন্=বিহারাদি+সচিব=মন্ত্রী, ৬-ষ, কর্ম্মধা) ব্য, পুং, ক্রীড়াসচিব, বিদূষক, মোসাহেব, পারিষদ, ভাঁড়।

নল, (নল্=বন্ধনকরা+অল্) ব্য, পুং, শর, খাঁকড়া, চোঙ্গা, নিষধ রাজ, দময়ন্তীর পতি, বানরবিশেষ, বিশ্বকর্ম্মারপুত্র, পিতৃলোকবিশেষ, দৈত্যবিশেষ, বীরসেনরাজার পুত্র, চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ, পৃথ্বী রাজের পূর্ব্বপুরুষ। ন, পদ্ম, সুগন্ধ। লী-স্ত্রী, ডাঁটা, নল, নাড়ী, সুগন্ধিদ্রব্য-

বিশেষ, মনঃশিলা। (Red Arsenic)

নলক, (নল+ক—সাদৃশ্যার্থে) ব্য, ন, শাকাদির ডাঁটা, অস্থিবিশেষ, সচ্ছিদ্র অস্থি, নল, পাব্। (দেশজ) মুক্তাদিনির্ম্মিত নাসিকাভরণ বিশেষ।

নলকিনী, (নলক্+ইন্) ব্য, স্ত্রী, জঙ্ঘা।

নলকীল, (নল=নলসদৃশঅস্থি+কীল=শঙ্কু) ব্য, পুং, জানু, হাঁটু।

নলকূবর, (নল+কূবর=শরীর; ৬.হ) ব্য, পুং, কুবেরের পুত্র, নল রাজার ন্যায় যাহার শরীর।

নলদ, (নল=সুগন্ধ+দ=যে দেয়, ২.ব) ব্য, ন, বেণার মূল, উশীর, খস্‌খসে, পুষ্পক রণ, পুষ্পরস, মকরন্দ। (নল+দা=দানকরা+ড) ণ, ত্রি, নলদাতা।

নলপট্টিকা, (নল+পট্ট=পট্টবস্ত্র+ক—সাদৃশ্যার্থে) ব্য, স্ত্রী, নলনির্ম্মিত মাচুর, নলের চেটাই, দরমা।

নলি, (দেশজ) ব্য, বস্ত্র বয়নের নিমিত্ত সূত্রপূর্ণ ক্ষুদ্র নল।

নলিকা, (নলী+ক—যোগ) ব্য, স্ত্রী, সুগন্ধিদ্রব্যবিশেষ, নল, ডাঁটা।

নলিচা, (দেশজ) ব্য, হুঁকার জাইট।

নলিত, (নল+ক্ত) ব্য, পুং, তা—স্ত্রী, শাকবিশেষ, নালিতা পাতা।

নলিন, (নল্=উজ্জ্বল হওয়া+ইন; অথবা নল=নাল+ইন) ব্য, ন, পদ্ম, জল, নীলের গাছ, করওনামক ফলবিশেষ। পুং, সারস পক্ষী। নী—স্ত্রী, পদ্মিনী, পদ্ম সমূহ, যে জলাশয়ে যথেষ্ট পদ্ম জন্মে, নারিকেলোৎপন্ন সুরা, স্বর্গঙ্গা।

নলিনীরুহ, (নলিনী+রুহ=যে উৎপন্ন হয়) ব্য, পুং, পদ্মযোনি, ব্রহ্মা। ন, মৃণাল।

নলিনেশয়, (নলিনে=পদ্মে+শয়=যে শয়ন করে) ব্য, পুং, বিষ্ণু।

নলী, নলি, (দেশজ) ব্য, বস্ত্রবয়নের নিমিত্ত একপ্রকার কাষ্ঠনির্ম্মিত নলকার্য্য, যাহাতে সূতা জড়ান থাকে।

নল্ব, (নল্=বন্ধ্বন্ধ কীর্ত্তনকরা+ব) ব্য, পুং, চারিশত হস্ত পরিমিত দেশ।

নবর্ব্বর্গা, (নব+বর্ত্মন্=পথ+গম=যে গমনকরে) ব্য, স্ত্রী, কমলানেবুর গাছ।

নব, (নু=স্তবকরা ইত্যাদি+অপ্) ত্রি, নূতন, নবীন। ব্য, পুং, [illegible]।

নবকারিকা, (নব=নূতন+কারিকা=কর্ত্রী) ব্য, স্ত্রী, নবোঢ়া, নববিবাহিতা, অচিরপ্রাপ্তরজস্কা, নূতনকারিণী।

নবগ্রহ, (নবন্=নয়+গ্রহ) ব্য, পুং, ছা—বহু, সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু—এই নয় গ্রহ।

নবত, (নব=নূতন+তন্=বিস্তারকরা+ড) ব্য, পুং, হস্তী প্রভৃতির পৃষ্ঠদেশস্থ নানা বর্ণে চিত্রবিচিত্র আস্তরণ। [নব্বই সংখ্যা, ৯০।

নবতি, (নবন্=নয়+তিন্) ব্য, স্ত্রী,

নবতিকা, (নবতি=নব্বই [কেশ]+ক) ব্য, স্ত্রী, তুলিকা, তূলী।

নবদণ্ড, ব্য, ন, রাজচ্ছত্রবিশেষ।

নবদল, (নব=নূতন+দল=পত্র) ব্য, ন, নূতন পত্র, পদ্মের কচি পাতা, পদ্মের গর্ভপত্র, পদ্মাদির জটিকাকার নবপত্র।

নবদীধিতি, (নবন্=নয়+দীধিতি=কিরণ) ব্য, পুং, মঙ্গলগ্রহ।

নবদুর্গা, ব্য, স্ত্রী, শৈলপুত্রী, ব্রহ্মচারিণী, চন্দ্রঘণ্টা, কুষ্মাণ্ডা, স্কন্দমাতা, কাত্যায়নী, কালরাত্রি, মহাগৌরী, সিদ্ধিদা—এই নয় দুর্গামূর্ত্তি, নবপত্রিকা।

নবদ্বার, (নবন্=নয়+দ্বার) ব্য, ন, কর্ণদ্বয়, চক্ষুর্দ্বয়, নাসাদ্বয়, মুখ, পায়ু, উপস্থ—এই নয় দ্বার। ণ, ত্রি, দেহ।

নবধা, (নবন্=নয়+ধাচ্—প্রকারার্থে) ক্রি—ণ, ব্য, নয় প্রকার, নয়বার, নবগুণ। [বহুং, নয় সংখ্যা, ৯।
নবন, (নু=স্তবকরা+অন্) ণ, ত্রি, নবনতা, ব্য, স্ত্রী, প্রসবদিবসাবধি নবম দিবস।
নবনী, (নব=নূতন+নী=লওয়া+ক্বিপ্—চ) ব্য, স্ত্রী, ননী, মাখন।
নবনীত, (নব=নূতন+নীত=দুগ্ধ হইতে প্রাপ্ত) ব্য, ন, ননী, মাখন।
নবনীতক, (নবনীত+ক—যোগ) ব্য, ন, ঘৃত।
নবপত্রিকা, ব্য, ন, কদলী, দাড়িমী, ধান্য, হরিদ্রা, কচু, মানকচু, বিল্ব, অশোক, জয়ন্তী—এই নয় পত্রযুক্তা
নবকলিকা, (নব=নূতন+কল+ক-আ) ব্য, স্ত্রী, যে স্ত্রীর প্রথমবার ঋতু হইয়াছে, নবজাতরজস্কা, নবোঢ়া।
নববধূ, (নব+বধূ=স্ত্রী) ব্য, নূতন বিবাহিতা স্ত্রী, নবোঢ়া, নবীনভার্য্যা।
নবম, (নবন্+ম—পূরণার্থে) ণ, ত্রি, নয় সংখ্যার পূরক। মী—স্ত্রী, তিথিবিশেষ।
নবমল্লিকা, নবমালিকা, (নব=প্রশংসনীয়, সুন্দর+মল্লিকা=মালিকা, মল্লিকা ফুল, কর্ম্মধা) ব্য, স্ত্রী, পুষ্পবিশেষ, নেয়ালিফুল, লতাবিশেষ।
নবযৌবনা, (নব=নূতন+যৌবন; ৬.হ) ব্য, স্ত্রী, যুবতী স্ত্রী।
নবরঙ্গ, (নবন্+রঙ্গ=বর্ণ) ব্য, ন, কায়স্থদিগের কুলবিশেষ, কায়স্থ প্রভৃতি কুলীনদের পাঁচ প্রকারে দান ও চারি প্রকারে গ্রহণরূপ কুলবিশেষ।
নবরত্ন, (নব+রত্ন=মণি; সমাহার দ্বিগু) ব্য, ন, মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত-এই নয় রত্ন, রাজা বিক্রমাদিত্যের নয় জন সভাপণ্ডিত, ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির, বররুচি।
নবরাত্র, (নবন্+রাত্রি) ব্য, ন, আশ্বিন শুক্লা প্রতিপদাদি নবমী পর্য্যন্ত নয় দিন কর্ত্তব্য দুর্গাব্রতবিশেষ।
নববরিকা, (নব=নূতন+বর+ক যোগ) ব্য, স্ত্রী, নূতন বিবাহিতা স্ত্রী, নবোঢ়া।
নবশঃ (নবন্+চশস্—বারার্থে) ক্রি, ণ, ব্য, নয় নয় করিয়া।
নবশস্যেষ্টি, (নবশস্য+ইষ্টি=যজ্ঞ) ব্য, স্ত্রী, নবান্নশ্রাদ্ধ। [নবশায়ক দেখ।
নবশাক, (নবশায়কশব্দজ) ব্য, নবশায়ক, ব্য, পুং, সদ্‌গোপ, মালাকার, তেলি, তাঁতি, ময়রা, বারুই, কুম্ভকার, কর্ম্মকার, নাপিত-এই নয় জাতি নবশাক মধ্যে পরিগণিত।
নবসূতিকা, (নব=নূতন+সূত=সন্তান+ক) ব্য, স্ত্রী, ধেনু, সদ্যপ্রসূতা স্ত্রী।
নবাঙ্গা, ব্য, স্ত্রী, কর্কটশৃঙ্গী, কাঁকড়াশৃঙ্গী, পাচন বিশেষ।
নবাড়ী, (দেশজ) বৃক্ষবিশেষ।
নবাৎ, (দেশজ) ব্য, শর্করা নির্ম্মিত মিষ্টান্ন বিশেষ।
নবান্ন, (নব+অন্ন) ব্য, ন, নূতন অন্ন, এই নূতন অন্ন পিতৃপুরুষ ও দেবতাদিগকে উৎসর্গ না করিয়া ভক্ষণ নিষিদ্ধ।
নবার্চ্চিঃ, (নবন্=নয়+অর্চ্চিস্=দীপ্তি) ব্য, পুং, মঙ্গলগ্রহ। [শাসনকর্ত্তা।
নবাব, (যাবনিক) ব্য, রাজপ্রতিনিধি, নবাহ, (নবন্+অহন্=দিবস) ব্য, পুং, নয়দিন। (নব=নূতন+অহন্=দিবস) নূতন দিন, পক্ষের প্রথম দিন, প্রতিপদ তিথি।
নবিকা, ব্য, স্ত্রী, নবশব্দযুক্তা।
নবীকরণ, (নব=নূতন+করণ। ঈ—

আগম) ব্য, ক্লী, পূর্ব্বে নূতন ছিল না এক্ষণে পুনর্ব্বার নূতন করা হইয়াছে

নবীকৃত, (নব+কৃত=যাহা করা হইয়াছে ; ঈ—আগম) ণ, ত্রি, যাহা নূতন করা হইয়াছে।

নবীন, (নব+ঈন—স্বার্থে) ণ, ত্রি, নূতন, নব্য, তরুণ, আধুনিক, সদ্য।

নবীভূত (নব+ভূত=হইয়াছে ; ঈ—আগম) ণ, ত্রি, নূতনত্ব প্রাপ্ত, যাহা নূতন হইয়াছে, নবীকৃত।

নবোঢ়া, (নব+উঢ়া=বিবাহিতা, কর্ম্মধা) ব্য, স্ত্রী নূতন বিবাহিতা স্ত্রী।

নবোদ্ধৃত, (নব=নূতন+উদ্ধৃত) ব্য, ন, নবনীত, ননী। ণ, ত্রি, অল্পকাল যাহার উদ্ধার সাধন হইয়াছে।

নব্বই, (নবতি শব্দজ) ণ, নবতি, ৯০ সংখ্যা।

নব্য, (নব+য—স্বার্থে) ণ, ত্রি, নূতন, নবীন, যুবা, অল্পকালীন, অল্পবয়স্ক, অপ্রবীণ, ইদানীন্তন। ব্য, পুং, স্তব, প্রশংসা।

নশাক, (নশ=বিনাশকরা+আক) ব্য, পুং, কাকসদৃশ পক্ষিবিশেষ।

নশিতা, (নশ=বিনাশকরা+তৃন্ ; ইম্—আগম : বিকল্পে : পক্ষে নষ্টা) ণ, ত্রি, বিনাশকর্ত্তা, যে নষ্ট করিতেছে।

নশ্বর, (নশ্=বিনষ্ট হওয়া+বর—ঘ, শীলাদ্যর্থে) ণ, ত্রি, নাশশীল, অনিত্য, অস্থায়ী, অপকারী।

নশ্যৎ, (নশ=বিনষ্টহওয়া+শতৃ—ঘ) ণ,ত্রি,যাহা বিনাশ প্রাপ্ত হইতেছে।

নশ্যৎপ্রসূতিকা, (নশ্যৎ+প্রসূতিকা =জননী) ব্য, স্ত্রী, মৃতবৎসা, যে স্ত্রী মৃত সন্তান গর্ভে ধারণ করে।

নষ্ট, (নশ্—বিনষ্ট হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, নাশপ্রাপ্ত, ধ্বস্ত, গত, অপসারিত, পলায়িত, অদর্শনপ্রাপ্ত, অন্তর্হিত, "নষ্টে মৃতে প্রব্রজিতে" দুষ্ট, দূষিত, প্রকৃতভ্রষ্টহীন, আচারভ্রষ্ট।

নষ্টচন্দ্র, (নষ্ট+চন্দ্র) ব্য, পুং, কোন যুক্তচন্দ্র, ভাদ্রমাসের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীতে উদিত চন্দ্র, এইরূপ প্রবাদ এই চন্দ্র দেখিলে বিনাকারণে কলঙ্ক ঘটে, এই নিমিত্ত এই সময়ের চন্দ্রকে নষ্টচন্দ্র বলা যায়।

নষ্টচিত্ত, ণ, ত্রি, মূঢ়, দুষ্টান্তঃকরণ।

নষ্টচেতন, (নষ্ট+চেতনা ; ৬.হ) ণ,ত্রি, অচেতন, চৈতন্যশূন্য, হতজ্ঞান।

নষ্টচেষ্ট, (নষ্ট+চেতনা ; ৬.হ) ণ, ত্রি, স্পন্দহীন, জড়, স্পন্দনশূন্য।

নষ্টচেষ্টতা, (নষ্ট+চেষ্টতা—বত্ব) ব্য, স্ত্রী, অাহ্লাদ বা দুঃখজনিত মূর্চ্ছা।

নষ্টমতি, (নষ্ট+মতি) ণ, ত্রি, যাহার বুদ্ধি বিনাশ হইয়াছে, দুষ্ট বুদ্ধিযুক্ত, দুর্ব্বুদ্ধি।

নষ্টাগ্নি, (নষ্ট=নাশপ্রাপ্ত+অগ্নি ; ৬.হ) ব্য, পুং, যে সাগ্নিক ব্রাহ্মণের গৃহ্য অগ্নি নির্ব্বাণপ্রাপ্ত হইয়াছে।

নষ্টাপ্তিসূত্র, (নষ্ট+আপ্তি=প্রাপ্তি+সূত্র=সুতা) ব্য, ন, লোপ্ত্র, লুঠ।

নষ্টার্থ, (নষ্ট=নাশপ্রাপ্ত+অর্থ=ধন, বিত্ত ; ৬.হ) ণ,ত্রি, যাহার সমস্ত অর্থ নষ্ট হইয়াছে, দারিদ্র্যদশা প্রাপ্ত।

নষ্টাশ্বদগ্ধরথন্যায়—

দুই জন রথে চড়িয়া এক বনের মধ্যে প্রবেশ করিল। দৈবাৎ সেই কাননে দাবানল দ্বারা এক ব্যক্তির রথ এবং অপর ব্যক্তির অশ্ব পুড়িয়া গেল। অনন্তর উভয়ে পরামর্শ করিয়া এক জনের রথেতে অন্যের অশ্ব যোজনা করিয়া অক্লেশে গন্তব্য স্থানে গমন করিল। ইহার তাৎপর্য্য এই যে, মনুষ্য আপনার ধর্ম্মবুদ্ধে গুরুদত্ত জ্ঞানযোটক সংযোজন করিয়া, পক্ষান্তরে ... নীচ প্রায়েই ধার্ম্মিকজনবাঞ্ছিত হরিচরণকৃষ্ট, নীচ প্রয় গ্রহণ করিতে পারে। এর, নারায়ণ-

নষ্টেন্দুকলা, (নষ্ট+ইন্দু, দেবনাগর কলা ; ৭.হ) ব্য, স্ত্রী, দর্শক, প্রাপ্তি।

নস্—পুং, নসা—স্ত্রী, (কুৎসিতার্থে, +ক্বিপ্, আ) ব্য, নাসিকার, নগর-

যন্ত্রী, চিত্রকর। [ব্য, ন, সিন্দুর।
নাগরক্ত, (নাগ=পর্ব্বত+রক্ত=লাল)
নাগরঙ্গ, (নাগ=সিন্দূর [নাগ সীসক, ইহা হইতে জন্মায় বলিয়া সিন্দূরকেও নাগবলে]+রঙ্গ=রং; ৬.হ) ব্য, পুং, যাহার সিন্দুরের ন্যায় রং, নারাঙ্গা-লেবু, কমলালেবু।
নাগরাজ, (নাগ=হস্তী, সর্প+রাজন্=রাজা) ব্য, পুং, অনন্ত, সর্পরাজ, ঐরাবত।
নাগরিক, (নগর+ষ্ণিক—নিবাসার্থে) ণ, ত্রি, নগরবাসী, নগরসম্বন্ধীয়।
নাগরীট, (নাগরী=নায়িকাবিশেষ, যে স্ত্রী পর নায়কের সহিত গোপনে প্রেম করে+অট=যে গমন করে; নিপাতন) ব্য, পুং, লম্পট, বিট, নাগর। ণ, ত্রি, নগরজাত।
নাগরেণু, (নাগ+রেণু=গুঁড়া) ব্য, পুং, সিন্দূর।
নাগরেয়ক, (নগর+ঢ়েয়—নিবা-সার্থে, ক—যোগ) ণ, ত্রি, নাগরিক, নগরবাসী, নগরসম্বন্ধী।
নাগলতা, (নাগ+লতা) ব্য, স্ত্রী, তাম্বূললতা, পুং চিহ্ন, উপস্থ।
নাগলোক, (নাগ=সর্প+লোক=ভুবন, ৬-ষ) ব্য, পুং, অধোভুবন, পাতাল।
নাগবল্লী, নাগবল্লরী, (নাগ=সর্প+বল্লী, বল্লরী=লতা) ব্য, স্ত্রী, তাম্বূলবল্লী, পান।
নাগবারিক, (নাগ=হস্তী+বৃ=সেবা-করা ইত্যাদি+ণক) ব্য, পুং, গরুড়, রাজকীয় কুঞ্জর, রাজার হাতী, হস্তি-পক, ময়ূর। [লম্পট, ধূর্ত্ত।
নাগবীট, (নাগরীট দেখ) ব্য, পুং,
নাগসম্ভব, (নাগ=সীসক+সম্ভব=জন্ম; ৬.হ) ব্য, ন, সিন্দুর, সিঁদুর।
নাগস্তোকক, ব্য, ন, বৎসনাভ।
নাগহনু, ব্য, পুং, নখীনামকগন্ধদ্রব্য।
নাগাঞ্চলা, (নাগ=সর্প+অঞ্চল=আঁচলা) ব্য, স্ত্রী, নাগযষ্টি, মইকাঠ।
নাগাঙ্গনা, ব্য, স্ত্রী, হস্তিনী, নাগযষ্টি।
নাগাধিপ, (নাগ=সর্প+অধিপ=রাজা, ৬-ষ) ব্য, পুং, অনন্ত, সর্প-রাজ, বাসুকী, ঐরাবত।
নাগান্তক, নাগাশন, (নাগ+অন্তক=নাশক, ৬-ষ; নাগ+অশন=ভক্ষক, ৬-ষ) ব্য, পুং, গরুড়।
নাগাহ্ব, নাগাহ্বয়, (নাগ=হস্তী+আহ্বা, আহ্বয়=নাম) ব্য, ন, হস্তিনাপুর, দিল্লী।
নাগারাতি, (নাগ+অরাতি=শত্রু, ৬ ষ) পুং, গরুড়, বন্ধ্যা কর্কোটকী বা পীতঘোষা বৃক্ষ। [পুন্নাগ।
নাগেশ্বর, ব্য, পুং, পুষ্পবৃক্ষ বিশেষ,
নাগোদর, ব্য, পুং, উরস্ত্রাণ।
নাচ, নাচা, (নৃত্যশব্দজ) ব্য, নৃত্য, নর্ত্তন, অঙ্গভঙ্গি। [নিরুপায়।
নাচার, (অপভাষা) ণ, অসহায়,
নাচিকেতস্, ব্য, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনিবিশেষ, অগ্নি।
নাচিকেতু, ব্য, পুং, বহ্নি, অগ্নি।
নাছ, (দেশজ) প্রবেশ দ্বার, সদর দুয়ার
নাট, (নট্=নৃত্যকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, নৃত্য, নাচ, নাটকাদির অভিনয়, দেশবিশেষ, কর্ণাট দেশ।
নাটক, (নট্=নৃত্যকরা+ণক) ব্য, ন, গদ্য পদ্য প্রাকৃত ভাষাময় অভি-নয়োপযুক্ত দৃশ্যকাব্য, শকুন্তলা, উত্তররামচরিত,মৃচ্ছকটিক প্রভৃতি। পুং, পর্ব্বতবিশেষ। ণ, ত্রি, নর্ত্তক।
নাটকীয়, (নাটক+ঈয়—ইদমর্থে) ণ, ত্রি, নাটকসংক্রান্ত।
নাটমন্দির, ব্য, ন, দেবগৃহের সম্মুখস্থ নাট্য স্থান, নাচঘর।
নাটা, (দেশজ) ব্য, বৃক্ষবিশেষ।
নাটাই, (দেশজ) ব্য, সূত্র গুটাইবার যন্ত্রবিশেষ।

নাটিকা, ষ্য, পুং, করমুল, কাকুড়।
নাটিকা, (নট—নৃত্যকরা+ণক, আপ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, দৃশ্যকাব্য বিশেষ, যাহাতে চারিটী অঙ্ক থাকে; যথা—রত্নাবলী প্রভৃতি।
নাটেয়,নাটের,(নটী—নর্ত্তকী+ঞেয—অপত্যার্থে; ঞেয় স্থানে বিকল্পে এর হয়) ষ্য, পুং, নটীর সন্তান।
নাট্য, (নট+ষ্য—টরমর্থে, সমূহার্থে) ষ্য, ন, নৃত্যগীত-বাদ্য এই তিন, তৌর্য্যত্রিক, নৃত্যক্রিয়া, নটসমূহ। [প্রিয়) ষ্য, পুং, শিব।
নাট্যপ্রিয়, (নাট্য=নৃত্যগীতাদি+
নাট্যশালা, (নাট্য+শালা=গৃহ)ষ্য, স্ত্রী, যে স্থানে নাটকের অভিনয় হয়, রঙ্গভূমি।
নাট্যাচার্য্য, (নাট্য+আচার্য্য—শিক্ষাগুরু) ষ্য, পুং, নাট্যবিষয়ক উপদেষ্টা, রঙ্গভূমির অধ্যক্ষ।
নাড়া, (নাড়ীশব্দজ) ষ্য, ছেদিত ধান্যের অবশিষ্ট মূল, বিচালি, কম্পন, স্থানান্তর করণ।
নাড়ি, নাড়িকা, নাড়ী, (নড়=বন্ধনকরা+ই) ষ্য, স্ত্রী, ডাঁটা, নাল, দেহস্থ শিরা, যে নলাকৃতি যন্ত্রদ্বারা শরীরে রক্তাদির সঞ্চার হয়, চুঙ্গী, গণ্ডদূর্ব্বা, জলবাহিনী সূর্য্যরশ্মি, একদণ্ড সময়, ২৪ মিনিট, ব্রণান্তর, নালী ঘা। [সন্ধা।
নাড়িক, ষ্য,পুং, কাল শাক, কালকা-
নাড়িকেল, নাড়ীকেল, (নারিকেল দেখ) ষ্য, পুং, নারিকেল।
নাড়িন্ধম, (নাড়ি=বাঁশেরচুঙ্গী+ধম=যে ফুঁদেয়)ষ্য,পুং, স্বর্ণকার,সেক্রা। ণ, ত্রি, ভয়ানক, স্থানান্তরস্থিত।
নাড়িন্ধয়, ষ্য, পুং, নাড়ীপান কর্ত্তা।
নাড়ীচ, (নাড়ী=চুঙ্গী+চর্=গমনকরা, উৎপন্নকরা+ড) ষ্য, পুং, তিক্ত শাকবিশেষ, নালিতাপাতা।
নাড়ীচক্র, ষ্য, ন, নাভিস্থ নাড়ীযুগ।
নাড়ীচরণ, (নাড়ী—চুঙ্গী+চরণ—পা) ষ্য, পুং, পক্ষী।
নাড়ীজঙ্ঘ, (নাড়ী+জঙ্ঘা—পা; ৬-ষ) ষ্য, পুং, কাক, মুনিবিশেষ, বকবিশেষ। [বৈদ্য।
নাড়ীজ, (নাড়ী+জ; ২-য) ষ্য, পুং,
নাড়ীতিক্ত, ষ্য, পুং, নেপাল নিম্ব, নেপালের নিমগাছ।
নাড়ীনক্ষত্র, (নাড়ী+নক্ষত্র—তারা) ষ্য, ন, জন্মনক্ষত্র।
নাড়ীমণ্ডল, বিষুবরেখা, সূর্য্য এই রেখায় উপস্থিত হইলে দিবারাত্রি সমান হয়, (Equator.) [অন্নাহারী।
নাড়ীমরা, (দেশজ) ণ, পেটমরা,
নাড়ীব্রণ, নালীব্রণ,(নাড়ী,নালী+ব্রণ—ক্ষত) ষ্য,পুং, যে ব্রণ হইতে সর্ব্বদা রস ক্ষরিত হইতেছে, নালী ঘা।
নাড়ীশাক, ষ্য, পুং, পাটশাক, নালিতা।
নাণক, (ন—না+অণক—কুৎসিত) ষ্য,ন, মুদ্রা, মোহর প্রভৃতি, প্রশস্ত। পুং, ধর্ম্মপ্রচারক-বিশেষ, শীকজাতিদিগের আচার্য্য।
নাতি, নাতিনী, (নপ্তৃ শব্দজ) ষ্য, পুত্রের বা কন্যার সন্তান।
নাতিশীতোষ্ণ, (ন—না+অতি—অধিক+শীত+উষ্ণ) ণ, ত্রি, অধিক শীতলও নয় এবং অধিক উষ্ণও নয়।
নাথ, (নাথ্—প্রভুহওয়া, উপতপ্তহওয়া+অ—ঘ, ধ) ষ্য, পুং, স্বামী, প্রভু, বৃষ প্রভৃতির নাসিকা ছিদ্রগত রজ্জু, নাককোড়া দড়ী, মহাদেব।
নাথবান্, (নাথ+বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, পরাধীন, পরতন্ত্র, প্রভুবিশিষ্ট।
নাথহরি, (নাথ—নাককোড়ারজ্জু+হৃ—গ্রহণকরা+ই) ষ্য, পুং, যে

সকল পশুর নাসিকা ফুঁড়িয়া রজ্জু বদ্ধ করা হয়, নাকফোঁড়া নথবাদি।

নাদ, (নদ্‌=শব্দকরা+অ—ভাব) ব্য, পুং, ধ্বনি, শব্দ, অর্দ্ধচন্দ্রাকৃতি বর্ণ, চন্দ্রবিন্দু (ँ) ।(দেশজ) গবাদি পশুর মল।

নাদনা, (দেশজ) ব্য, স্থূল যষ্টি।

নাদা, (দেশজ) ব্য, বৃহৎ, মৃত্তিকা পাত্র বিশেষ, গামলা।

নাদিত, (নাদি—শব্দকরা+ক্ত—চ) ণ, ত্রি, শব্দিত, নিনাদিত।

নাদী, (নদ্‌=শব্দকরা+ণিন্‌—ঘ) ণ, ত্রি, যে শব্দ করে, শব্দিত, ধ্বনিত।(দেশজ) ব্য,ছাগাদির মল।

নাদেয়, (নদ বা নদী+ঢেয়—জাতার্থে) ণ, ত্রি, নদীজাত, নদী-সম্বন্ধীয়। ব্য, ন, সমুদ্র লবণ, সৈন্ধব লবণ, সৌবীরাঞ্জন। পুং, কাশতৃণ, প্রাণীর বৃক্ষ।

নানা, (নঞ্‌+না) ব্য, বহুপ্রকার, অনেকবিধ, বিনা, ব্যতিরেকে।

নানাবিধ, নানারূপ, (নানা+বিধ,রূপ =প্রকার) ণ, ত্রি, বিবিধ, অনেক প্রকার।

নানার্থ, (নানা=নানাবিধ+অর্থ) ণ, ত্রি, যে শব্দের বহুবিধ অর্থ, অনেকার্থ, অশেষ প্রয়োজন।

নানাস্থানী, ণ, ত্রি, নিরন্তর একস্থান হইতে অন্যত্রগামী,নিরাশ্রয়,অস্থির।

নান্তরীয়ক, (ন+অন্তরীয়+ক—যোগ) ণ, ত্রি, যাহা অবশ্যই ঘটিবে, অবশ্যম্ভাবী, ব্যাপ্ত।

নান্দ, ব্য, ন, স্তব, স্তোত্র, স্তুতি।

নান্দী, (নান্দি—আনন্দিত করা+ই, ঈ—স্ত্রীলিঙ্গে, যে দেবদ্বিজাদিকে আনন্দিত অর্থাৎ স্তবাদি দ্বারা প্রসন্ন করে) ব্য, স্ত্রী, নাটকাদির আরম্ভে দেবদ্বিজাদির আশীর্বাদযুক্ত স্তব বা বন্দনা, আরম্ভ অভিনয় কার্য্যের বিঘ্নবিনাশের নিমিত্ত মঙ্গলাচরণ বিশেষ, মঙ্গলাচরণ, বৃদ্ধিশ্রাদ্ধ, সম্রাট, চক্রের মধ্য প্রদেশ, অধিরাজ, রাজা প্রিয়ব্রতের পুত্র, গোষ্ঠ, সমৃদ্ধি, অভ্যুদয়।

নান্দীক, (নান্দী=স্তুতি, সৌভাগ্য+কৃ=করা+ড) ব্য, পুং, মঙ্গলার্থ তোরণদ্বারে স্থাপিত জলপূর্ণ ঘট।

নান্দীকর, নান্দীবাদী, (নান্দী+কর =যে করে, ২-ষ ; নান্দী+বাদিন্‌= যে বলে, ২-ষ) ব্য, পুং, মঙ্গলযুক্ত স্তুতিবাদক, যে ব্যক্তি নান্দী শ্লোক পাঠ করে।

নান্দীপট, ব্য, পুং, কূপাদির মুখ-বন্ধন, কূপাদির আচ্ছাদন।

নান্দীমুখ, (নান্দী=স্তুতি, সৌভাগ্য +মুখ=প্রধান ; বা নান্দী=শুভ+ মুখ=আরম্ভ) ব্য, পুং, বৃদ্ধিশ্রাদ্ধ-ভুক্‌ পিতৃগণ, কূপাদির মুখবন্ধন। ন, আভ্যুদয়িক শ্রাদ্ধ, বিবাহাদি শুভকর্মানুষ্ঠানের পূর্ব্বে যে পার্ব্বণ শ্রাদ্ধ করা যায়।(গোপীর কন্যা,বন্দাই

নান্দীমুখী, ব্য, স্ত্রী, পৌর্ণমাসী

নাপিত, (ন+আপ্‌=[যাত্র] পাওয়া +ত) ব্য, পুং, শূদ্রার গর্ভে ও ক্ষত্রিয়ের ঔরসে জাত বর্ণ, সঙ্কর জাতি বিশেষ, ক্ষৌরকারক।

নাভি, (নহ্‌=বন্ধনকরা+ই ; হ স্থানে ভ) ব্য, পুং,—স্ত্রী, উদরাবর্ত্ত, নাই। পুং, সম্রাট, প্রধান, ক্ষত্রিয়। স্ত্রী, কস্তুরী, মদ্য।

নাভিকণ্টক, (নাভি+কণ্টক=কাঁটা) ব্য, পুং, গোও, নাইয়ের গোঁড়।

নাভিগুড়ক, নাভিগোলক, (নাভি+ গুড়ক, গোলক=গোল) ব্য, পুং, গোঁড়।

নাভিজ, নাভিজন্মা, (নাভি+জ= জাত, জন্মন্‌=জন্ম) ব্য, পুং, পদ্ম-যোনি, ব্রহ্মা, বিষ্ণুর নাভিপদ্ম হইতে

অনন্ত, উৎপত্তি অর্থাৎ ব্রহ্মার জন্মস্থান।

নাভিমালা, (নাভি+মালা—স্রজ্, পাত্র) বা, স্ত্রী, নাভিস্থিতনাড়ী, অমলা, গর্ভনাড়ী।

নাভিভূ, (নাভি+ভূ—জাত) বা, পুং, ব্রহ্মা। [স্থান, সন্ধিস্থল।

নাভিস্থল, বা, ন, নাভিমণ্ডল, মধ্য-

নাভীল, (নাভি+ল) বা, ন, স্ত্রীলোকের উরুসন্ধি, কুঁচকী, নাভিগাম্ভীর্য্য, নাভির গভীরতা, কষ্ট, কষ্ট। [ত্রি, নাভিসম্বন্ধীয়।

নাভ্য, (নাভি+য—ইদমর্থে) গ,

নাম, (নম্—নম্রহওয়া+ঘঞ্) বা, সম্ভাবনা, নিশ্চয়, ক্রোধ, নিন্দা, কুৎসা, আশ্চর্য্য, বিস্ময়, শোক, স্মরণ, বিতর্ক, বিকল্প, আখ্যা, প্রসিদ্ধি, ছল, স্বীকার, অলীক, প্রকাশ্য, উপগম।

নাম, (ম্না—অভ্যাসকরা+মন্—চ, কিম্বা নম্—শব্দকরা+মন্) বা, ন, সংজ্ঞা, আখ্যা, বাচকশব্দ, লিঙ্গ, স্যাদিবিভক্ত্যন্ত শব্দ।

নামকরণ, (নামন+কৃ+অনট্-ভাব) বা, ন, সংস্কারবিশেষ, বিধিপূর্ব্বক সন্তানের প্রথম নাম রাখা।

নামগ্রহ, (নামন্+গ্রহ—গ্রহণ) বা, পুং, নাম উচ্চারণ করণ, নামধরা, নাম ধরিয়া আহ্বান করণ।

নামধর, (নামন্+ধৃ—ধরা+অল) গ, ত্রি, লব্ধনামা, প্রতিষ্ঠা বিশিষ্ট, নাম করিলে অনেকে যাহাকে চিনিতে পারে, আখ্যাত, নামদ্বারা অভিহিত।

নামধেয়, (নামন্+ধেয়—স্বার্থে) বা, ন, নাম, নাম করণ, সংজ্ঞা, আখ্যা, বাচক শব্দ।

নামন, নাবন, (নত হওনার্থ নম্-ধাতুজ) বা, অধোগমন, উত্তরণ, অবরোহণ, নাবা।—না, বটবৃক্ষের জটা, ঝুরি।

নামশেষ, (নামন্+শেষ—অবশিষ্ট, ঔব +অহ) বা, পুং, মৃত্যু। গ, ত্রি, মৃত। [রোগ, গলাউঠা।

নামাউঠা, (দেশজ) বা, বিসূচিকা

নামাপরাধ, বা, পুং, সাধুর নিন্দাদিরূপ পাপ।

নামাবলি, বা, স্ত্রী, নামশ্রেণী, দেবনামে অঙ্কিত উত্তরীয় বস্ত্র।

নামাশ্রয়, বা, পুং, দেবনামাবলম্বন।

নায়, (নী—লওয়া ইত্যাদি+ঘঞ্) বা, পুং, নয়, নীতি, নয়ন, প্রাপণ।

নায়ক, (নী—লওয়া+ণক—ক) বা, পুং, গ্রন্থ প্রধান বর্ণনীয় পুরুষ, উপদেষ্টা, অধ্যক্ষ, শ্রেষ্ঠ, প্রধান, সৈন্যাধ্যক্ষ, সেনাপতি, হারমধ্যমণি, প্রণয়ীপুরুষ, প্রেমাসক্তব্যক্তি, শৃঙ্গার সাধক। গ, ত্রি, যে লইয়া যায়, প্রাপক। য়িকা—স্ত্রী, প্রণয়িনী স্ত্রী, কোন গ্রন্থের বর্ণনীয়া প্রধানা স্ত্রী, ভগবতীর উগ্রচণ্ডাদি অষ্টশক্তি, কঙ্কুকীবিশেষ।

নায়কাধিপ, (নায়ক—শ্রেষ্ঠ+অধিপ —প্রভু) বা, পুং, নরেন্দ্র, রাজা।

নায়কীয়, (নায়ক+ঈয়—ইদমর্থে)। গ ত্রি, নায়ক-নায়িকাসম্বন্ধীয়।

নায়েব, (যাবনিক) বা, প্রতিনিধি, উকীল।

নার—ন, নারা—স্ত্রী, (নর—বিষ্ণু+ ষ্ণ—অপত্যার্থে) বা, ন, নরসমূহ, জল। পুং, বালক, বৎস, বাছুর। গ, ত্রি, নরসম্বন্ধীয়।

নারক, (নরক+ষ্ণ—স্বার্থে, ইদমর্থে) বা, পুং, নরক, পাপজনিত দুঃখভোগের স্থান। গ, ত্রি, নরকভোগী, নরকস্থ, নরকবাসী, নরকজনিত, নরক-সম্বন্ধীয়।

নারকী, (নারক+ইন্—অস্ত্যর্থে) গ, ত্রি, নরকস্থ, নরকভোগী।

নারঙ্গ, (নার—মনুষ্যগণ+গ—যে গমন করে) ব্য, পুং, পিপ্লী রস, বিট, ধমজ প্রবণী, নারাঙ্গালেবুর গাছ। ন, মূলবিশেষ, গাজর।

নারদ, (নার—মনুষ্যসমূহ+দ—[উপদেশ] যে দেয়) ব্য, পুং, ব্রহ্মার পুত্র. দেবর্ষিবিশেষ। ন, পুরাণবিশেষ।

নারদীয়, (নারদ+ঈয়—স্বার্থে) ব্য, ন, নারদসম্বন্ধীয় উপপুরাণবিশেষ।

নারাঙ্গী, (দেশজ) ব্য, লেবুবিশেষ।

নারাচ, (নার—নরসমূহ+আ+চম্=ভোজন করা+ড—ম, ২-ব) ব্য, পুং, লৌহময় শর, দুর্দ্দিন, মেঘাচ্ছন্ন দিন।

নারাচী, (নারাচ+ঈ) ব্য, স্ত্রী, লৌহময় তুলা, স্বর্ণকারাদির নিক্তি।

নারাজ, (যাবনিক) ণ, অসম্মত, অস্বীকৃত।

নারায়ণ, (নারা—জল+অয়ন—স্থান, ৬-ব) ব্য, পুং, বিষ্ণু; যাঁহার জলই স্থান অর্থাৎ বাসস্থান, কিম্বা (নার—নরসমূহ+অয়ন=স্থান) লোকে মুক্তি[illegible] করিয়া যাহাতে লীন হয়, ধ[illegible] পুত্রর্ষিবিশেষ, অজামিল পুত্র। ণী—স্ত্রী, লক্ষ্মী, দুর্গা, গঙ্গা, মুদ্গলমুনিপত্নী, শতমূলী।

নারায়ণক্ষেত্র,(নারায়ণ+ক্ষেত্র—সিদ্ধস্থান) ব্য, ন, গঙ্গাপ্রবাহ হইতে হস্তচতুষ্টয় পরিমিত স্থান, গঙ্গাতীর, এইহস্তচতুষ্টয়পরিমিত স্থানে নারায়ণ সর্ব্বদা বিদ্যমান থাকেন এই নিমিত্ত ইহাকে নারায়ণক্ষেত্র বলে।

নারায়ণতৈল, ব্য, ন, ঔষধপক্ব তৈলবিশেষ। [ত্রি, জলসংক্রান্ত।

নারিক, (নার+ইক—ইদমর্থে) ণ,

নারিকেল, নারীকেল.(নারিক—জলময় [স্থান]+ঈ—গমনকরা, বৃদ্ধিপাওয়া+অ) ব্য, পুং, লী—স্ত্রী, [illegible] ফলবৃক্ষ। ন,তৎফল।

নারী, (নর+অ—ধর্ম্যার্থে; স্ত্রীলিঙ্গে ঈপ্) ব্য, স্ত্রী, স্ত্রীলোক। [নিতাম্বক

নারীচ, (নাড়ীচ দেখ) ব্য, ন, নী-

নারীতরঙ্গক, (নারী—স্ত্রীলোক+তরঙ্গ=ভঙ্গি+ক—তুল্যার্থে) ব্য, পুং, লম্পট, কামুক।

নারীদূষণ, (নারী—স্ত্রীলোক+দূষণ—দোষ) ব্য, ন, মদ্যপান, দুর্জ্জনসংসর্গ, স্বামীপরিত্যাগ,ইতস্ততোভ্রমণ, স্বপ্ন এবং অন্যের গৃহে শয়ন ও বাস- এই ছয় প্রকার স্ত্রীলোকের দোষ।

নারীধর্ম্ম, ব্য, পুং, নারীদিগের প্রতিপাল্য ধর্ম্ম,পাতিব্রত্য, রজস্বলতা, ঋতু।

নারীষ্টা, ব্য, স্ত্রী, মল্লিকাবৃক্ষ।

নার্য্যঙ্গ, (নাগরঙ্গ দেখ) ব্য, পুং, নারাঙ্গালেবুর গাছ।

নাল, (নল্=বন্ধনকরা + ঘঞ্) ব্য, ত্রি, মৃণাল, নল, ফাঁপা ডাঁটা প্রভৃতি। ন,হরিতাল। লি, লী—স্ত্রী, শরীরস্থিত শিরা, নাড়ি, চুঙ্গী, জল বাহির হইবার পথ, দণ্ড পরিমিত কাল। [পথ, পয়ঃপ্রণালী।

নালা, (প্রণালীশব্দজ) ব্য, জলনির্গম

নালিক, (নালী+ক—যোগ) ব্য, পুং,মহিষ। ন,পদ্ম। কা—স্ত্রী,ডাঁটা, নালিতা শাক।[ব্য,পুং, দাঁড়কাক।

নালিজঙ্ঘ, (নালী=চুঙ্গী+জঙ্ঘা—ঠ্যাং)

নালিতা, ব্য, স্ত্রী, পাট্শাক।

নালী, ব্য, স্ত্রী, নাড়ী, শিরা। (দেশজ) পুরাতন ক্ষত।

নালীক, (নালী=তন্তুবিশিষ্ট ডাঁটা+ক) ব্য, পুং, বাণ, শর, শল্যাস্ত্র, শরীর। ন, পদ্মসমূহ, পদ্মের বোঁটা।

নালীকিনী, (নালীক+ইন্-অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, নলিনী,পদ্মিনী।[নালী ঘা।

নালীব্রণ, (নালী+ব্রণ—ক্ষত) ব্য, পুং,

নাবিক, (নৌ—নৌকা+ঠিক—জীবত্যর্থে) ব্য, পুং, কাণ্ডারী, কর্ণ-

নাব, নাবী।

নাবিকবিদ্যা, ব্য, স্ত্রী, জাহাজ নৌকা প্রভৃতির পরিচালক বিদ্যা।

নাবী, ব্য, স্ত্রী, শ্রেণীবদ্ধ জাহাজ বা নৌকা প্রভৃতি।

নাব্য, (নৌ+ষ্য) ণ, ত্রি, নৌকাদ্বারা উত্তরণযোগ্য, যে স্থানে নৌকা দ্বারা গমন করা যায়, নৌকাগম্য। (নব+ষ্য—ভাবে) ব্য, পুং, তরুণাবস্থা।

নাশ, (নশ=বিনষ্টহওয়া+ঘঞ—ভাব) ব্য, পুং, মৃত্যু, ধ্বংস, অদর্শন, পলায়ন।

নাশক, (নশ=বিনষ্টকরা + ণক) ণ, ত্রি, ধ্বংসকারী, ক্ষয়কারক, যে নাশকরে।

নাশন, (নশ্+অনট্—ভাব, ণ) ব্য, ন, বিলোপন, উচ্ছেদন। ণ, ত্রি, ক্ষয়কারী। [নিহত, বিনাশিত।

নাশিত, (নাশি+ক্ত—চ) ণ, ত্রি,

নাশী, (নশ্=বিনষ্টহওয়া+ণিন্—ষ, অথবা নাশ+ইন্—বিদ্যমানার্থে) ণ, ত্রি, নাশশীল, নাশক। [নস্য।

নাস, (নস্ত শব্দজ) ব্য, তাম্রকূটচূর্ণ,

নাসত্য, (নাসা=নাসিকা+ত্যজ=ত্যাগকরা+ড—ষ) ব্য, পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়, স্বর্গবৈদ্য, যে নাসিকাতে তেজ ত্যাগকরে, অথবা (ন+অসত্য=নাসত্য, নঞ্—ষ) যে অসত্য অর্থাৎ সাধু নয়।

নাসা, নাসিকা, (নাস্=শব্দকরা+অল, আপ্—স্ত্রীলিঙ্গে ; নাসা+ক, আপ্) ব্য, স্ত্রী, ঘ্রাণেন্দ্রিয়, চৌকাঠের উপরকার কাঠ, ঝনকাঠ।

নাসাপাতি, (দেশজ) ব্য, বৃক্ষবিশেষ, হাঁচুটী ফলের গাছ।

নাসানাক, ব্য, ন, ঝনকাঠ, কপালি।

নাসারোগ, ব্য, পুং, নাসিকারন্ধ্র, শিকনি।

নাসামল, ব্য, ন, নাসিকার ক্লেদ।

নাসিকন্ধম, (নাসিকা+ধ্মা—শব্দকরা+শ) ণ, ত্রি, যে নাসিকাদ্বারা শব্দ করে, যে নাক ডাকায়।

নাসিকন্ধয়, (নাসিকা+ধে—পানকরা+শ) ণ, ত্রি, যে নাসিকা দ্বারা পান করে বা শুষিয়া লয়।

নাসিক্য, (নাসিকা+ষ্য—তুল্যার্থে বা অপত্যার্থে) ব্য, ন, নাসিকা। পুং, দ্বিং, অশ্বিনীকুমারদ্বয়।

নাসীর, (নাস্=শব্দকরা+ঈর—সংজ্ঞার্থে) ব্য, ন, যাহারা সিংহনাদ করে, যুদ্ধক্ষেত্রের অগ্রবর্ত্তী সৈন্য, সেনামুখ। পুং, অগ্রগামী। ণ, ত্রি, যে সৈন্যের অগ্রে গমন করে, সেনাগ্রবর্ত্তী।

নাস্তিক, (নাস্তি=[ঈশ্বর] নাই+ক ; অথবা নাস্তি+কৈ=শব্দকরা+ড) ব্য, পুং যে ব্যক্তি বেদের প্রামাণ্য স্বীকার করে না, যে ব্যক্তি ঈশ্বরের অস্তিত্ব মানে না, যে ব্যক্তি পরকাল স্বীকার করে না।

নাস্তিকতা—স্ত্রী, নাস্তিক্য—ন, (নাস্তিক+তা, ষ্য-ভাবে) ব্য, নাস্তিকের ধর্ম্ম, বেদকে মিথ্যা জ্ঞান, ঈশ্বরের অবমানন ও পরলোকের অস্বীকার করণ।

নাস্তিদ, ব্য, পুং আম্রবৃক্ষ।

নাহ, (নহ্=বন্ধন করা+ঘঞ্) ব্য, পুং, বন্ধন, ফাঁদ।

নাহল, ব্য, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ।

নিংড়ন, নিঙ্গড়ন, (দেশজ) ব্য, আর্দ্র বস্ত্রাদি হইতে জল বাহির করণ।

নিঃক্ষত্র, নিঃক্ষত্রিয়, (নির্=না+ক্ষত্র, ক্ষত্রিয়) ণ, ত্রি, ক্ষত্রিয়রহিত।

নিঃশঙ্ক, (নির্=না+শঙ্কা=ভয় ; ৬, ব) ণ, ত্রি, নির্ভয়, শঙ্কারহিত।

নিঃশলাক, (Anacanthena) যাহাদের ডানায় অস্থিশলাকাসকল থাকে

না, বায়ুকোষ মুখের সহিত সম্বন্ধ থাকে না, এবং কণ্ঠস্থ অস্থি পৃথক্ থাকে যথা ;—পায়রাচাঁদা মৎস্য প্রভৃতি। (নির্=না+শলাকা= ময়না, শারিকা) ণ, ত্রি, যেখানে পক্ষীরাও গমনাগমন করে না, রহঃ, বিজনপ্রদেশ, নির্জ্জন স্থান, প্রতিবন্ধ রহিত।

নিঃশব্দ, (নির্=না+শব্দ=ধ্বনি, ৬'হ) ণ, ত্রি, শব্দরহিত, নীরব।

নিঃশল্যা, ব্য, স্ত্রী, বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।

নিঃশেষ, (নির্=না+শেষ ; ৬.হ) ণ, ত্রি, শেষরহিত, সম্পূর্ণ।

নিঃশেষিত, (নিঃশেষ+ইত) ণ, ত্রি, নিঃশেষপ্রাপ্ত, যাহা শেষ হইয়া গিয়াছে।

নিঃশোধ্য, (নির্=সম্পূর্ণ+শোধ্য= নির্ম্মল, শোধনীয়) ণ, ত্রি, অতি নির্ম্মল, মার্জ্জিত, শোধনীয়।

নিঃশ্রয়ণী, নিঃশ্রয়িণী, (নির্=বাহির +শ্রি=গমন করা+অন ; নিঃশ্রয় +ইন্) ব্য, স্ত্রী, অধিরোহিণী, সিঁড়ি।

নিঃশ্রেণি,—ণী, (নির্=নিশ্চয়+শ্রেণি =পঙ্‌ক্তি ; ৭.হ) ব্য, স্ত্রী, অধিরোহিণী, সিঁড়ি।

নিঃশ্রেয়স, (নির্=নিশ্চিত, অত্যর্থ+ শ্রেয়স্=মঙ্গল, কর্ম্মধা ; অ) ব্য, ন, মুক্তি, পুনর্জ্জন্ম না হওয়া, সুখ, কুশল, মঙ্গল।

নিঃশ্বাস, (নির্=বাহির+শ্বস্=নিঃশ্বাস প্রশ্বাস ফেলা+ঘঞ্) ব্য, পুং, নাশ গত বায়ু

নিঃষম, (নির্=না+সম=সমান ; স =ষ) ব্য, শোক, নিন্দা।

নিঃসঙ্গ, (নির্=না+সঙ্গ=সংসর্গ) ণ, ত্রি, সঙ্গরহিত, নির্লিপ্ত।

নিঃসত্ত্ব, (নির্=না+সত্ত্ব=সারপদার্থ ইত্যাদি ; ৬.হ) ণ, ত্রি, অসার, ধৈর্য্যরহিত, দুর্ব্বল, বলহীন, প্রাণিশূন্য।

নিঃসন্ধি, (নির্=না+সন্ধি=মিলন, সংযোগ) ণ, ত্রি, যাহার সন্ধি নাই, সন্ধিরহিত, দৃঢ়। [ত্রি, শত্রুরহিত।

নিঃসপত্ন, (নির্=না+সপত্ন=শত্রু) ণ,

নিঃসম্পাত, (নির্=না+সম্পাত [সম্ +পত্=পড়া+ঘঞ্]=গমন, প্রতাপ্ত) ব্য, পুং, যে সময়ে গমনাগমন নাই, নিশীথ, অর্দ্ধরাত্র।

নিঃসম্বল, (নির্=না+সম্বল=সঙ্গতি) ণ, ত্রি, সঙ্গতিহীন, যাহার কোন সম্বল নাই, দরিদ্র।

নিঃসরণ, (নির্=বাহির+সৃ=গমন করা+অনট্—ভাব, অ) ব্য, ন, বহির্গমন, নির্গত হওয়া, দ্বার, উপায়, মৃত্যু, মুক্তি।

নিঃসহায়, (নিঃ+সহায়=সঙ্গীইত্যাদি) ণ, ত্রি, নিরবলম্বন, একেলা।

নিঃসাধ্বস, (নির্=না+সাধ্বস=ভয়) ণ, ত্রি, নির্ভয়, ভয়শূন্য।

নিঃসার, (নির্=না+সার=বল, স্থিরাংশ, অথবা নির্=বাহির+সৃ= গমনকরা+ঘঞ্) ণ, ত্রি, বলহীন, রসহীন, নিস্তেজ। ব্য,পুং, নির্গমপথ

নিঃসারণ, (নির্=বাহির+সারি= গমনকরান+অনট—ভাব) ব্য, ন, নিষ্কাসন, বহিষ্করণ, নির্গমপথ, নিংড়ন।

নিঃসারা, ব্য, ত্রি, কদলীবৃক্ষ।

নিঃসারিত, (নির্=বাহির+সারি= গমন করান+ক্ত—ণ) ণ, ত্রি, বহিষ্কৃত, নিষ্কাশিত, নিষ্কাসিত।

নিঃসৃত, (নির্=বাহির+সৃ=গমনকরা+ক্ত—ণ) ণ, ত্রি, নির্গত, বহির্গত।

নিঃস্রব, নিস্রাব, (নির্=বাহির+স্রু= গলিতহওয়া+অল্, ঘঞ্—ভাব) ব্য,

পুং, কাও, বৃক্ষ বৃক্ষ বহির্নির্গমন, স্তব বক্ত, অন্যের খণ্ড, অঙ্গের বাহু।

নিঃস্ব, (নির্—না + স্ব—ধন ; ৬.হ) ণ, ত্রি, দরিদ্র, নির্ধন।

নিঃস্বভাব, (নিঃস্ব=নির্ধন+ভাব—অবস্থা) ব্য, পুং, নির্ধনতা, দারিদ্র্য।

নি, (নম্—নম্রহওয়া+ই) ব্য, উপং, অভাব, নিশ্চয়, নিকৃষ্ট, নিষেধ, সামীপ্য, নিন্দা, সংশয়, নিবেশ, বিন্যাস, ভৃশ, কৌশল, নিত্য, আশ্রয়, দান, উপরম, বন্ধন, মুক্তি, রাশি, অধোভাগ, অন্তর্ভাব।

নিকট, (নি+কট্—[আবরণকরা] সমীপে যাওয়া+অ) ণ, ত্রি, সমীপ, অদূর, অভ্যর্ণ, কাছে।

নিকটবর্ত্তী, নিকটস্থ, (নিকট + বর্ত্তিন্—যে বিদ্যমান থাকে ; নিকট+স্থ=যে থাকে) ণ, ত্রি, যে নিকটে আছে, সমীপবর্ত্তী।

নিকর, (নি—উপর+কৃ—বিক্ষেপ-করা+অল্—ঢ) ব্য, পুং, রাশি, সমূহ, স্থাপ্য দেয় ধন, নিধি, রত্ন, সার।

নিকর্ত্তন, (নি+কৃত্—ছেদনকরা+অনট্—ভাব, ঘ) ব্য, ন, ছেদন। ণ, ত্রি, ছেদনকারী।

নিকর্ষণ, (নি+কর্ষণ—হলদ্বারা কর্ষণ) ব্য, ন, নগরাদির বহিঃস্থিত ক্রীড়াভূমি।

নিকষ, (নি+কষ্—বধকরা, ঘর্ষণকরা, +অল্—ডে) ব্য, পুং, কষ্টিপাথর, শাণ, নিকষোপলস্থিত রেখা, কষ্টিপাথরের দাগ, পরীক্ষাস্থান।

নিকষণ, (নি+কষ্+অনট—ভাব) ব্য, ন, ঘর্ষণ, খনন, উল্লেখন।

নিকষা, (নি+কষ+আ) স্ত্রী, রাক্ষসমাতা। ব্য, নিকটে, মধ্যে।

নিকষাত্মজ, (নিকষা + আত্মজ—পুত্র, ৬-ষ) ব্য, পুং, রাক্ষস।

নিকাম, (নি+কম্—ইচ্ছাকরা+ঘঞ্) ক্রি—ণ, ন, যথেষ্ট, পূর্ণ, পর্য্যাপ্ত, স্বেচ্ছাপূর্ব্বক, পর্য্যাপ্ত, যথেষ্ট।

নিকায়, (নি+চি—একত্রকরা+ঘঞ্) ব্য, পুং, গৃহ, সমূহ, পরমাত্মা।

নিকায্য, (নি+চি+ঘ্যণ ; নিপাতন) ব্য, পুং, আলয়, গৃহ।

নিকার, (নি+কৃ—[করা] পরাজয়াদি করা+ঘঞ—ভাব) ব্য, পুং, অপকার, পরাভব, অনাদর, তিরস্কার, অপমান। (নি+কৄ—ক্ষেপণ করা+ঘঞ্) ধান্যাদির উৎক্ষেপণ।

নিকারণ, (নি+কৄ—বধকরা+অনট্—ভাব) ব্য, ন, মারণ, বধ।

নিকাশ, (দেশজ) ব্য, পরিশোধ, শেষ।

নিকাষ, (নি+কষ্+ঘঞ্—ভাব) ব্য, পুং, কষণ, ঘর্ষণ।

নিকাস, নীকাস, (নি+কাস—দীপ্তি-পাওয়া+অল্) ণ, ত্রি, (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য। [ম্লেচ্ছজাতি।

নিকিরী, (দেশজ) ব্য, মৎস্যবিক্রেতা

নিকী, নিখী, (নিক্ষা শব্দজ) ব্য, উৎকুণ, ডেঙ্গরের বীজ।

নিকুঞ্চক, (নি+কুন্চ—তুচ্ছ হওয়া+ণক) ব্য, পুং, পরিমাণবিশেষ, কুড়ব পরিমাণের চতুর্থাংশ।

নিকুঞ্জ, (নি—নিরর্থক শব্দ+কুঞ্জ) ব্য, পুং,—ন, লতাগৃহ, কুঞ্জ।

নিকুঞ্জবিহারী, ব্য, পুং শ্রীকৃষ্ণ।

নিকুম্ভ, (নি+কু—পৃথিবী+ভূ—হওয়া+অ, ম্—আগম) ব্য, পুং, কুম্ভকর্ণ রাক্ষসের পুত্র, দন্তিকা গাছ। ম্ভী—স্ত্রী, কুম্ভকর্ণের কন্যা।

নিকুম্ভাখ্যবীজ, ব্য, ন, জয়পাল।

নিকুম্ভিত, ব্য, ন, নৃত্যবিষয়ক অষ্টোত্তর শতকরণান্তর্গত করণবিশেষ।

নিকুম্ভিলা, (নি+কুম্ভ—কলসী+ইল) ব্য, স্ত্রী, লঙ্কায় গুহাবিশেষ তথায় যজ্ঞাদি সম্পন্ন হয়, দেবীবিশেষ।

নিকুরম্ব, (নি+কুর্—শব্দকরা+অম্ব)

ষ্য, ন, সমূহ।

নিকৃত, (নি+কৃৎ=ছেদনকরা+অল্) ণ, ত্রি, তিরস্কৃত, পরিভূত, প্রতারিত, অপকৃত, শঠ, নীচ। ষ্য, ন, নিকৃতি।

নিকৃতি, (নি+কৃৎ=ছেদনকরা+ই) ষ্য, ন, তিরস্কার, ভৎর্সনা, অপকার, নিকার, শঠত, নিন্দা, দৈন্য।

নিকৃত্ত, (নি+কৃৎ=ছেদনকরা+ক্ত—ট) ণ, ত্রি, ছিন্ন, খণ্ডিত।

নিকৃষ্ট, (নি+কৃষ=কর্ষণ করা, অবজ্ঞা করা+ক্ত—ট) ণি, ত্রি, অপকৃষ্ট, নীচ, অধম।

নিকৃষ্টপ্রবৃত্তি, (Lower Propensities) কাম, জিঘাংসা, বুভুক্ষা, অপত্যস্নেহ, আসঙ্গলিপ্সা প্রভৃতি কেবল আত্মরক্ষা ও পরিবারাদি প্রতিপালনই যে বৃত্তির মুখ্য উদ্দেশ্য।

নিকেত—পুং, নিকেতন—ন, (নি+কিৎ=বাসকরা+ঘঞ্, অনট্—ডে) ষ্য, আলয়, গৃহ।

নিক্তি, (দেশজ) পরিমাপক, ক্ষুদ্র যন্ত্র বিশেষ, লৌহতুলা।[কোটবৃক্ষ।

নিকোচক, নিকোটক, ষ্য, পুং, অ-

নিকণ, নিকাণ, (নি+কণ্=শব্দকরা+অল্—ভাব) ষ্য, পুং, বীণাদির শব্দ, ধ্বনি, শব্দ। [ভাব) ষ্য, ন, চুম্বন।

নিক্ষণ, (নিক্ষ্=চুম্বনকরা+অনট—

নিক্ষা, (লিশ্=একান্ত অনুরক্ত হওয়া +স—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, কেশকীট, লিকী।

নিক্ষিপ্ত, (নি=সম্যক্‌রূপে+ক্ষিপ=ক্ষেপণকরা+ক্ত—ট) ণ,ত্রি, অর্পিত, ত্যক্ত, ন্যস্ত, গচ্ছিত।

নিক্ষেপ, (নি+ক্ষিপ+ঘঞ—ভাব) ষ্য, পুং, গচ্ছিতকরণ, ন্যাস, ত্যাগ, অর্পণ, স্থাপন, ক্ষেপণ, ফেলিয়া দেওয়া। [ত্রি, যে নিক্ষেপ করে।

নিক্ষেপক, (নি+ক্ষিপ্+ণক—ষ) ণ,

নিখর্ব, (নি=অতিশয়+খর্ব=ক্ষুদ্র) ণ, ত্রি, বামন। ন, দশসহস্র কোটিসংখ্যা।

নিখাত, (নি+খন্=খোঁড়া+ক্ত—ট) ণ, ত্রি, স্থাপিত, খনিত, ক্ষুন্ন, প্রোত, প্রোথিত, যাহা মৃত্তিকাতে পোতা হইয়াছে। [অশ্বের, হ্রেষাধ্বনি।

নিখাদ, (দেশজ) ষ্য, নিখাস, স্বর,

নিখিল, (নি=না+খিল=[খ=আকাশ +লা=গ্রহণকরা+অ] শূন্য ; অভাব; ৭.৯) ণ, ত্রি, সমস্ত, সমগ্র, সম্পূর্ণ, সমুদায়, সমুচ্চয়, সকল।

নিখুঁট, নিখুঁত, (নি=না+খুঁট, খুঁত=ত্রুটি) ণ, নির্দ্দোষ, দোষহীন, নিষ্কলঙ্ক।

নিগড়, (নি+গড়্=[ক্ষরিতহওয়া] বন্ধন করা+অচ্—ধ) ষ্য, পুং,—ন, হস্তীর লোহময় পাদবন্ধনোপকরণ, বেড়ি, লোহশৃঙ্খল।

নিগড়িত, (নিগড়+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, যাহার পদ নিগড় অর্থাৎ শৃঙ্খল দ্বারা বদ্ধ হইয়াছে, শৃঙ্খলবদ্ধ, বদ্ধ।

নিগম, (নি=নিশ্চয়+গম্=গণনা করা+অচ্) ষ্য, পুং, যাহাদ্বারা অগ্নির বিদ্যমানতা প্রকাশিত অর্থাৎ অনুমিত হয়, হোমের ধূম, যজ্ঞার্থ অগ্নির ধূম।

নিগদ, নিগাদ, (নি=নিশ্চয়+গদ, গাদ =কথন) ষ্য, পুং, ভাষণ, কথন, শব্দ, উচ্চৈঃস্বরে ঈশ্বরের নিকট প্রার্থনা।

নিগদিত, (নি+গদ=বলা+ত—ভাব, ট) ষ্য,ন, কথন, উক্তি, কথা কহা। ণ, ত্রি, কথিত, ভাষিত, উক্ত, অভিহিত, নির্দ্দিষ্ট।

নিগম, (নি=সর্ব্বতোভাবে, সর্ব্বদা+গম্=গমন করা+ঘ—ডে) ষ্য, পুং, যেখানে মনুষ্যেরা সততই গমন করিয়া থাকে, নগর,গ্রাম, হট্ট, হাট, বেদাদিশাস্ত্র, পথ, বাণিজ্য, নিশ্চয়, প্রতিজ্ঞা, বাণিজ্যার্থী ব্যক্তিদিগের শিবির।

নিগমন, (নি+গমন=যাওয়া) ব্য, ন, শরণ, চলন, গমন, নিষ্পাদন, (Logical conclusion, the winding up of a syllogism) উপসংহার, হুণ।

নিগর, নিগার, (নি+গৄ+অ—ভাব) ব্য, পুং, ভক্ষণ, ভোজন, অশন।

নিগরণ, (নি+গৄ=ভোজনকরা+অনট—ভাব) ব্য, ন, ভক্ষণ। পুং, গলদেশ, হোমধূম, নিগণ।

নিগাল, (নি+গল্=ভক্ষণকরা+অ) ব্য, পুং, অশ্ব গলদেশ, ঘোটকের গলা।

নিগালবান্, (নিগাল+বৎ—অস্ত্যর্থে) ব্য, পুং, অশ্ব, ঘোটক।

নিগু, (নি=নিশ্চয়+গম্=গমনকরা+উ) ব্য, পুং, চিত্ত, মনঃ, বিচার শক্তি, অনুভবশক্তি, মল, মূল, মনোজ্ঞ, চিত্রকর্ম্ম।

নিগূঢ়, (নি+গুহ্=আচ্ছাদনকরা+ত—ট) ণ, ত্রি, সংবৃত, আচ্ছাদিত, গুপ্ত, অপ্রকাশিত, দুর্জ্ঞেয়, দুর্বোধ, আলিঙ্গিত।

নিগৃহীত, (নি+গ্রহ=[গ্রহণ করা] অকৃপা করা+ত—ট) ণ, ত্রি, আক্রমিত, বশীকৃত, দমিত, নিয়মিত, শাসিত, দণ্ডিত, অভিযুক্ত, পীড়িত, নিবর্ত্তিত, রুদ্ধ, নিযন্ত্রিত, নিরাকৃত, ক্লিষ্ট।

নিগ্রহ, (নি+গ্রহ+অল্—ভাব) ব্য, পুং, অনুগ্রহের অভাব, বন্ধন, প্রহার, নিরাকরণ, শাসন, দণ্ড, তিরস্কার, ভর্ৎসনা, সংযম, অবক্রোশ, চিকিৎসা, সীমা, হনন, কৃষ্ণ।

নিগ্রহস্থান, (নিগ্রহ+স্থান) ব্য, ন, বাদিপরাজয়, ন্যায়শাস্ত্রে প্রতিবাদিদ্বারা প্রতিজ্ঞাত পরাভব।

নিগ্রাহক, (নি+গ্রহ+ণক—ক) ণ, ত্রি, নিগ্রহকারক, ক্লেশদ, শাসক।

নিঘ, (নি—পূর্ব্বে+হন=বধকরা+ক নিপাতন) ব্য, পুং, মণ্ডল, গোলাকার পদার্থ, যাহার পরিধি ও উচ্চতা সমান, বৃক্ষবিশেষ।

নিঘণ্টু, ব্য, পুং, সূচীপত্র, নির্ঘণ্ট, শব্দকোষ, নামসংগ্রহ।

নিঘস, (নি+অদ্=ভোজনকরা+অল্; অদ=ঘস) ব্য, পুং, ভক্ষণ, আহার, ভোজন।

নিঘাতি, (নি+হন্=বধকরা+ই—সংজ্ঞার্থে; হন্=ঘাত্) ব্য, স্ত্রী, লৌহময় দণ্ড, লৌহযষ্টি, লৌহঘানী।

নিঘুষ্ট, (নি+ঘুষ=শব্দকরা+ত) ব্য, ন, নিনাদ, ধ্বনি, নির্ঘোষ। ণ, ত্রি, শব্দিত। [নির্লজ্জ, নির্দয়।

নিঘৃণ, (নি+ঘৃণা) ব্য, ত্রি, ঘৃণারহিত,

নিঘৃষ, (নি=পূর্ব্বে+ঘৃষ=ছোঁয়া+কন্) ব্য, পুং, খুর, অশ্বতর, বরাহ, মার্গ, পথ, বায়ু।

নিঘ্ন (নি+হন্=[বধকরা] নিগ্রহ করা +ক—ট) ণ, ত্রি, আয়ত্ত, বশীভূত, শিষ্ট, অঙ্ক পূরণ, গুণিত, পোষা।

নিচয়, (নি+চি=একত্রকরা+অল্) ব্য, পুং, সমূহ, নিবহ, পুঞ্জ, সঞ্চয়, উপচয়, বৃদ্ধি, রাশি, নিশ্চয়।

নিচায়, (নি+চি+ঘঞ) ব্য, পুং, ধান্যাদির রাশি।

নিচিত, (নি+চি+ত—ট) ণ, ত্রি, পরিপূর্ণ, আকীর্ণ, আবৃত্ত, রচিত, সঞ্চিত। [কেবল, নিরবচ্ছিন্ন।

নিচু, (দেশজ) ব্য, ফলবিশেষ। ণ,

নিচুল, (নি+চুল্=উন্নত হওয়া+অ) ব্য, পুং, জলবেতস, উত্তরীয় বস্ত্র, কবিবিশেষ।

নিচোল, (নি+চুল্=উন্নত হওয়া, আচ্ছাদন করা+ঘঞ—ধ) ব্য, ন, উত্তরচ্ছদ, প্রচ্ছদপট, আচ্ছাদনবস্ত্র, পাছুড়ী, শীতবস্ত্র, ঘাগরা, বর্ম্ম।

নিচোলক, (নিচোল+ক—যোগ)

বা, পুং, কচ্ছ, র্গ কোষা. নৈত্তামিস কোলাকৃতি মরাল কূর্ম্মস। [নিকাষ।
নিকুচি, (দেশজ) বা, অনিচ্ছা, অরু-
নিক্ষবি, (নি=নিয়ত + ক্ষবি=দীপ্তি) বা, স্ত্রী, নিকষ দেশ, তীরভূক্তিদেশ
নিচ্ছিবি, (নি=না + ছবি=দীপ্তি বা বিরাগ ; অ=ই) বা, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
নিজ, (নি=নিয়ত + জ=যে জন্মে) গ, ত্রি, আপন, স্বকীয়, নিত্য, স্বাভাবিক। [স্বাম্পদ।
নিজস্ব, বা, ন, আপনার অসাধারণ.
নিজিঘৃক্ষু, (নিজিঘৃক্ষ [নি+গ্রহ=গ্রহণ করা + সন্—ইচ্ছার্থে]=নিগ্রহ করিতে ইচ্ছাকরা + উ—ষ) গ, ত্রি, নিগ্রহ করিতে ইচ্ছুক।
নিটল, বা, ন, ভাল, কপাল।
নিটলাক্ষ, (নিটল+অক্ষি ; ৬.ত) বা, পুং, শিব, ত্রিলোচন। [নির্দোষ, সম্পূর্ণ।
নিটুট, (নি=না + টুট, ত্রুটিশব্দজ) গ,
নিটোল, (দেশজ) গ, সম্পূর্ণ, পরিপুষ্ট, সম্পূর্ণ গোল, উচ্চতানীচতাবিহীন। [হইতে তৃণউৎপাটন।
নিড়ন, (দেশজ) বা, ধান্যাদির ক্ষেত্র
নিড়বিড়া, (দেশজ) গ, যে সত্বর কার্য্য করিতে পারে না। [কোড়।
নিড়ানী, (দেশজ) বা, নিড়নাস্ত্র.
নিডীন, (নি=নিশ্চয়+ডীন=উড়ন) বা, ন, পক্ষির গতিবিশেষ, আস্তে আস্তে গতি।
নিত্রিকা, বা, স্ত্রী, ভেওড়া কলাই।
নিতম্ব, (নি+তম্—ইচ্ছাকরা+ব—সংজ্ঞার্থে) বা, পুং, স্ত্রীলোকের কটি দেশের পশ্চাদ্ভাগ, পাছা, পর্ব্বতের পার্শ্বদেশ, কটক, স্কন্ধ, তট।
নিতম্বিনী, (নিতম্ব+ইন্—অস্ত্যর্থে) বা, স্ত্রী, প্রশস্ত নিতম্বতী রমণী।
নিতরাম্, (নি=নিয়ত+তরাম্) ক্রি—গ, বা, সর্ব্বদা, অবশ্য, অত্যন্ত

নিতল, (নি=না [অভাব] + তল=অধোদেশ) বা, পুং, সপ্ত পাতালের অন্তর্ভূত পাতাল বিশেষ।
নিতান্ত, (নি+তম্—ইচ্ছাকরা+ক্ত) ক্রিং—গ, ন, অত্যন্ত, অতিশয়, অবশ্য। গ, ত্রি, অধিক।
নিত্য, (নি=নিয়ত+ত্য—ভবার্থে) ক্রি,—গ, ন, সতত, সর্ব্বদা, অনবরত, ধারাবাহিক, ক্রমাগত, প্রাত্যহিক, দৈনন্দিন। গ, ত্রি, অক্ষয়, অবিনশ্বর, চিরস্থায়ী, যাহা চিরকাল থাকে। পুং, সমুদ্র। ত্যা—স্ত্রী, মনসাদেবী, পার্ব্বতী, শক্তিবিশেষ।
নিত্যকর্ম্ম—ন, নিত্যক্রিয়া—স্ত্রী, (নিত্য+ কর্ম্মন্, ক্রিয়া=কার্য্য) বা, প্রত্যহ যে সমস্ত কার্য্য করিতে হয়, দৈনন্দিন ব্যাপার।
নিত্যগতি, (নিত্য=অক্ষয়+গতি=গমন) বা, পুং, সদাগতি, বায়ু।
নিত্যদা, (নিত্য+দা—কালার্থে) বা, সদা, সর্ব্বদা। [কর্ত্তব্য উপাসনাদি।
নিত্যনৈমিত্তিক, বা, ন, প্রতিদিন
নিত্যপ্রলয়, (নিত্য+প্রলয়=ধ্বংস) বা, পুং, চতুর্ব্বিধ প্রলয়ান্তর্ভূত প্রলয় বিশেষ, সুষুপ্তি।
নিত্যযৌবন, (নিত্য=নিয়ত+যৌবন=যুবাবস্থা) গ, ত্রি, স্থিরযৌবন। না—স্ত্রী, দ্রৌপদী। [নিত্য নিত্য।
নিত্যশঃ, (নিত্য+শস্) বা, সর্ব্বদা,
নিত্যসমাস, বা, পুং, যাহা সমস্ত অবস্থার প্রয়োগ হয় না।
নিত্যানন্দ, বা, পুং, যাহার চিত্ত নিয়ত সন্তুষ্ট, আধুনিক গোস্বামী বংশের আদিপুরুষ।
নিত্যানিত্যবস্তুবিবেক, বা, পুং, অক্ষয় অদ্বিতীয় ব্রহ্মভিন্ন অন্যসমস্ত বস্তুই নশ্বর এই প্রকার জ্ঞান। [নিঃশব্দ।
নিথর, (দেশজ) গ, নিশ্চল, স্থির,
নিদ, (নি=নিশ্চয়+দো—ছেদনকরা)

সমানকরা+ক্ত) ব্য, পুং, বিষ।

নিদজ, (নি=বিষ+জ=বৃক্ষ) ব্য, পুং মনুষ্য, মানুষ।

নিদর্শন, (নি=সম্যক্‌রূপে বা নিশ্চয়রূপ+দৃশ্‌=দেখা+অনট্‌—ডে) ব্য, ন, প্রমাণ, চিহ্ন, উদাহরণ, দৃষ্টান্ত। না-স্ত্রী, কাব্যালঙ্কারবিশেষ, সাদৃশ্যহেতুক যদি কাহার উপরে কোন অবাস্তবিক ধর্ম্ম বা কার্য্য আরোপিত করা যায়।

নিদাঘ, (নি=নিয়ত+দহ=দগ্ধকরা+ঘঞ্‌) ব্য, পুং, গ্রীষ্মকাল, স্বেদজল, উষ্মা, তাপ। ণ, ত্রি, উষ্ণ, উত্তপ্ত।

নিদাঘকর, (নিদাঘ=গ্রীষ্মকাল+কর=যে করে) ব্য, পুং, সূর্য্য, তপন।

নিদান, (নি=সর্ব্বদা বা নিশ্চয়রূপে+দা=[দান করা] হওয়া+অনট্‌—ঘ) ব্য, ন, যাঁহার দ্বারা সমস্ত ফল উৎপন্ন হয়, মূল কারণ, কারণ, পীড়ার মূলনির্ণয়, চিকিৎসাগ্রন্থবিশেষ, অবসান, পবিত্রতা, অদর্শন, বৎসের বন্ধন রজ্জু, বাছুর বাঁধা দড়ি।

নিদারুণ, (নি+দারুণ) ণ, ত্রি, কঠিন, নির্দ্দয়, ভয়ানক।

নিদিগ্ধ, (নি+দিহ=লেপন করা+ক্ত-চ) ণ, ত্রি, লেপিত, প্রক্ষিত, মাখান। ধা—স্ত্রী, ছোট এলাইচ।

নিদিধ্যাসন, (নি+ধ্যৈ=চিন্তা করা+সন্‌, অনট্‌—ভাব) ব্য, ন, একাগ্রচিত্তে গভীর ও ধারাবাহিক চিন্তা, অবিশ্রামে ও অনন্যমনে প্রগাঢ় ধ্যান, নিরন্তর বিচার।

নিদিষ্ট, (নি=নিশ্চয়+দিশ=বলা, অনুমতিকরা+ক্ত—চ) ণ, ত্রি, আদিষ্ট, উপদিষ্ট, কথিত।

নিদ্রুহ, ব্য, পুং, মৎস্যবিশেষ।

নিদেশ, (নি+দিশ=বলা, অনুমতিকরা+ঘঞ্‌-ভাব) ব্য, পুং, আজ্ঞা, অনুমতি, উক্তি, কথন, সমীপ, নিকট, শাসন।

নিদেশিনী, (নি+দিশ+ইন্‌, ঈপ্‌—কর্ত্তে) ব্য, স্ত্রী, দিক্‌ [ত্রি, আজ্ঞাকর্ত্তা।

নিদেষ্টা, (নি+দিশ+তৃণ—ক) ণ,

নিদ্রা, (নি+দ্রা=নিদ্রিতহওয়া+ক্বিপ—ভাব) ব্য, স্ত্রী, ঘুম, নিমীলন, আলস্য।

নিদ্রাণ, নিদ্রিত, (নি+দ্রা=নিদ্রিত হওয়া+ক্ত—ক) ণ, ত্রি, নিদ্রাগত, ঘুমন্ত, নিমীলিত, অলস।

নিদ্রালু, (নি+দ্রা=ঘুমান+আলু—ণ, শীলার্থে) ণ, ত্রি, নিদ্রিত, নিদ্রাশীল, অলস। [যাহার কল, অন্ধকার।

নিদ্রাবৃক্ষ, (নিদ্রা+বৃক্ষ) ব্য, পুং, নিদ্রা

নিদ্রাসংজনন, (নিদ্রা+সংজনন=উৎপত্তি, ঘটন) ব্য, ন, শ্লেষ্মা।

নিধন, (নি+ধন্‌=[ধনী হওয়া] নষ্ট হওয়া+অ—ভাব, কিম্বা নি=নাশ+ধন=অর্থ) ব্য, পুং—ন, বিনাশ, মৃত্যু, লগ্ন হইতে অষ্টম স্থান, কুল, বংশ। ণ, ত্রি, দরিদ্র, নির্ধন।

নিধান, (নি=ভিতরে+ধা=ধারণকরা+অনট) ব্য, ন, নিধি, ভূগর্ভস্থ অস্বামিক রত্নাদি, ধন, সম্পত্তি, কুবেরের সম্পত্তি বিশেষ, বিশ্রামস্থান, আধার, অর্পণ, স্থাপন।

নিধি, (নি=নিয়ত+ধা=পোষণ করা ইত্যাদি+কি—ধ, ভাব) ব্য, পুং, কুবেরের সম্পত্তিবিশেষ, পদ্ম মহাপদ্ম শঙ্খ মকর কচ্ছপ মুকুন্দ নন্দ নীল খর্ব্ব—এই নব প্রকার, গচ্ছিতবস্তু, অস্বামিক ধন, সমুদ্র, আধার, নিক্ষেপ।

নিধিনাথ, (নিধি=সম্পত্তি+নাথ=প্রভু, ৬-য) ব্য, পুং, কুবের, (নিধিপ্রভু প্রভৃতি শব্দেরও এই অর্থ)।

নিধীয়মান, (নি+ধা=ধারণকরা+শানচ—চ) ণ, ত্রি, যাহা স্থাপিত হইতেছে, স্থাপ্যমান।

নিধীশ, (নিধি+ঈশ—প্রভু) ব্য, পুং, কুবের।

নিধুবন, (নি—নিশ্চিত+ধুবন [ধু—কাঁপা+অন—ভাব]=হস্তপদাদি-সঞ্চালন ; ৭.হ) ব্য, ন, মৈথুন, উপভোগ, রমণ, কেলী, রতিক্রীড়া, ক্রীড়াকৌতুক, আমোদ, আনন্দ।

নিধেয়, (নি+ধা—ধারণকরা+য—চ) ণ, ত্রি, নিধানযোগ্য, স্থাপনীয়।

নিধ্যান, (নি+ধ্যৈ—[চিন্তাকরা] দেখা+অনট—ভাব) ব্য, ন, দর্শন, নিরীক্ষণ।

নিধ্বান, (নি+ধ্বন্—শব্দকরা+অন্—ভাব) ব্য, পুং, ধ্বনি, শব্দ।

নিনক্ষু, (নি+নশ—নাশকরা+সন্—ইচ্ছার্থে, নাশ কবিতে ইচ্ছা করা+উ—ষ) ণ, ত্রি, নাশ করিতে ইচ্ছুক।

নিনদ, নিনাদ, (নি+নদ্=শব্দকরা+অঞ—ভাব) ব্য, পুং, শব্দ, ধ্বনি।

নিনাদিত, (নি+নদ+ণিচ—শব্দ-করান+ক্ত—চ) ণ, ত্রি, ধ্বনিত, শব্দিত, বাদিত, যাহা বাজান হইয়াছে।

নিনীষা, (নি+নী—লওয়া+সন্—ইচ্ছার্থে—লইতে ইচ্ছাকরা+অ, স্ত্রী-আ—ভাব) ব্য, স্ত্রী, এক স্থান হইতে স্থানান্তরে লইয়া যাইবার ইচ্ছা, নয়-নেচ্ছা।

নিনীষু, (নিনী+সন্+উ—ষ) ণ,ত্রি, নয়নেচ্ছুক,প্রাপণোদ্যত।

নিন্দক, (নিন্দা+ণক—ষ) ণ, ত্রি, অপবাদকারী, নিন্দাকারী, নিন্দুক।

নিন্দতল, ণ, ত্রি. বিকৃত হস্ত, নুলো।

নিন্দন—ন, নিন্দা-স্ত্রী, (নিন্দ—কুৎসা করা+অন, আ—ভাব) ব্য,অপবাদ, জুগুপ্সা, কুৎসা, পরীবাদ।

নিন্দিত, (নিন্দ+ক্ত-চ) ণ,ত্রি,গর্হিত, অপবাদিত, নীচ, দূষিত।

নিন্দু, (নিন্দা+উ) ব্য, স্ত্রী, মৃতবৎসা স্ত্রী।

নিন্দ্য, নিন্দনীয়, (নিন্দ+য, অনীয়—চ) ণ,ত্রি, অপ্রশংস্য, গর্হ্য, দূষণীয়.

নিপ, (নি—নিয়ত+ প—যে পান করে) ব্য, পুং, ন, ঘট, কলস। পুং, কদম্ববৃক্ষ।

নিপঠ, নিপাঠ, (নি+ পঠ্=অধ্যয়ন করা+অ) ব্য, পুং, পাঠ, অধ্যয়ন।

নিপতন, (নি—ভিতরে বা উপরে+পত্=গমনকরা, পড়া+অন, ভাব) ব্য, ন, নিপাত, পড়িয়া যাওয়া।

নিপতিত, (নি+ পত্+ত) ণ, ত্রি, পতিত, যে পড়িয়া গিয়াছে, অধঃপতিত।

নিপত্যা, (নি—ভিতরে+পৎ—পড়া+য—ভাব) ব্য, স্ত্রী, যুদ্ধভূমি, রণ-স্থল, পিচ্ছিল ভূমি।

নিপাত, (নি+পৎ=পড়া+অ-ভাব) ব্য, পুং, মৃত্যু, নিধন, মরণ, পতন, অধঃপতন, নিপাতন, ব্যাকরণে—চ এবং প্র আদি অব্যয় শব্দ।

নিপাতন, (নি+পাতি—পড়ান+অন-ভাব) ব্য ন, অধোনয়ন, আঘাত, প্রহার, বিনাশন, বধ, প্রক্ষেপণ, ব্যাকরণের নিয়মের বৈপরীত্য, ব্যাকরণে পদসিদ্ধ করিবার নিমিত্ত সূত্রোক্ত যে সকল নিয়ম আছে তাহা অতিক্রম করিয়া পদ-সাধন।

নিপাতিত, (নি+পাতি+ত—চ) ন, ত্রি, অধোনীত, পাতিত, যাহাকে ফেলিয়া দেওয়া গিয়াছে,বিনাশিত।

নিপান, (নি—নিয়ত+পা—পানকরা+অনট্—ডে) ব্য ন, কূপসমীপ, পশুদিগের জলপানার্থ শিলানিবদ্ধ কূপোত্তোলিত জলস্থান, চৌবাচ্চা, আহার, গোদোহনপাত্র,কূপ, জলা-

বার, পাত্র, যোগে কযোগে নিপাত-নক শব্দ হয়)

নিপীড়ক, (নি+পীড়—ক্লেশদেওয়া+ণক—ক) ণ, ত্রি, পীড়াদায়ক, যে পীড়া দেয়, যে আর্দ্রবস্ত্রাদি হইতে জলাদি বাহির করে।

নিপীড়ন, (নি+পীড়—ক্লেশ দেওয়া +অন—ভাব) ব্য, ন, অভিবাদন, আলিঙ্গন, মর্দ্দন, পীড়াপীড়ি, সম্পীড়ন, নিষ্পীড়ন, আঘাতন।

নিপীড়িত, (নি+পীড়+ত—চ) ণ, ত্রি, ক্লেশিত, আক্রান্ত, আলিঙ্গিত, অভিবাদিত, সম্পীড়িত, মর্দ্দিত।

নিপুণ, (নি+পুণ—পবিত্র হওয়া+ক) ণ, ত্রি, কার্য্যক্ষম, অভিজ্ঞ, বিচক্ষণ, দক্ষ, পটু, সমর্থ, শ্রেষ্ঠ।

নিফলা, ব্য, স্ত্রী, জ্যোতিষ্মতী।

নিকাশন, ব্য, ন, সন্দর্শন, ঈক্ষণ, দৃষ্টি।

নিবদ্ধ, (নি+বন্ধ—বন্ধনকরা+ত—চ) ণ, ত্রি, পরিহিত, নিয়মিত, নিরুদ্ধ, সংযত, বদ্ধ, গ্রথিত, রচিত, আনদ্ধ, প্রস্তাবিত, নিবেশিত, আশ্রিত, স্থিরীকৃত।

নিবন্ধ, (নি+বন্ধ—বন্ধনকরা+ঘঞ্—চ, ভাব) ব্য, পুং, আনাহরোগ, মূত্রকৃচ্ছ্র, গ্রন্থের বৃত্তি, গ্রন্থ, বন্ধন, স্থিরীকরণ, একাগ্রতা, রচনা, প্রণয়ন, দত্তধন, স্থাবরসম্পত্তি, বৃত্তি, বার্ষিক, কালবিশেষে দেয়বস্তু, ব্রত, কর্ত্তব্যাকর্ম্ম, নিয়ম, ব্যবস্থা, নিম্ববৃক্ষ। ন, গীত, গান।

নিবন্ধন, (নি+বন্ধ+অনট্—চ, ভাব) ব্য, ন, কারণ, হেতু, গ্রন্থ, বন্ধন, নিয়ম, ব্যবস্থা, রচনা, বীণা-তন্ত্রী উপরিভাগে যাহাতে আবদ্ধ থাকে, স্থিরীকরণ, বৃত্তি, বার্ষিক, নিয়মিতকালে দেয়বস্তু, দান।

নিবন্ধা, (নি—নিশ্চয়+বন্ধ—বন্ধনকরা+তৃন্—ক) ণ, ত্রি, নিবন্ধকর্ত্তা, রচয়িতা, গ্রন্থকর্ত্তা, [illegible] প্রস্তাবলেখক। [—চ] [illegible]

নিবদ্ধিত, (নি+বদ্ধ—বন্ধনকরা+ক্ত)

নিভ, (নি+ভা—দীপ্তিপাওয়া+ক) ণ, ত্রি, (শব্দের পরবর্ত্তী হইলে) সদৃশ, সমান, তুল্য। ব্য, পুং, ব্যাজ, কপট, প্রকাশ। [অকৃত্রিম।

নিভাজ, (দেশজ) ণ, অমিশ্রিত,

নিভালন, (নি+ভাল্—দর্শন করা+অনট—ভাব) ব্য, ন, দর্শন, দৃষ্টি, অবলোকন।

নিভৃত, (নি—নিশ্চিত+ভূত—হইয়াছে) ণ, ত্রি, অতীত, গত, পরোক্ষ, বিনীত, নির্জ্জন, বিরল, গুপ্ত, প্রচ্ছন্ন, লুকায়িত, অস্তমিত, নিশ্চল।

নিভৃত, (নি+ভৃ—বৃদ্ধি পাওয়া+ক্ত) ণ, ত্রি, বিনীত, নির্জন, গুপ্ত, বিরল, প্রচ্ছন্ন, লুকায়িত, অস্তমিত, নিশ্চল, ধৃত, মৃদু। (ব্য) নিভৃতে, রহঃ।

নিম, (নিম্ব শব্দের অপভ্রংশ) ব্য, বৃক্ষ বিশেষ, নিম্ববৃক্ষ।

নিমকহারাম, (যাবনিক) ণ, বিশ্বাসঘাতক, প্রভুভক্তিহীন, অবিশ্বস্ত।

নিমগ্ন, (নি+মস্জ—ডুবা+ক্ত—ক) ণ, ত্রি, মগ্ন, যে ডুবিয়া গিয়াছে, অন্তর্নিবিষ্ট, একাগ্র।

নিমজ্জথু, (নি—ভিতরে+মস্জ—ডুবা+অথু) ব্য, পুং, নিমজ্জন, শয়ন, অন্তর্নিবেশ, অবগাহন।

নিমজ্জন, (নি+মস্জ—ডুবা+অনট—ভাব) ব্য, ন, নিমগ্ন হওয়া, ডুবিয়া যাওয়া, স্নান, অবগাহন। (নি+মস্জি—ডুবান+অনট—ভাব) বলপূর্ব্বক জলে ডুবাইয়া দেওয়া।

নিমন্ত্রক, (নি+মন্ত্র—বাক্য করা+ণক—ক) ণ, ত্রি, নিমন্ত্রণকর্ত্তা।

নিমন্ত্রণ, (নি+মন্ত্র—গোপনে [illegible] করা, আহ্বান করা+অনট—ভাব) ব্য, ন, আহ্বান, আহারার্থ আহ্বান-

বার জন্ত সাদর আহ্বান।
নিমন্ত্রিত, (নি+মন্ত্র+ক্ত—ট) ণ, ত্রি, আহুত, যাহাকে নিমন্ত্রণ করা হইয়াছে।
নিময়, (নি+মি=পরিমাণকরা+অল্) ব্য, পুং, বিনিময়, বদল, পরিবর্ত্ত।
নিমি, ব্য, পুং, জনক রাজার একজন পূর্ব্বপুরুষ, ইক্ষাকুরাজপুত্র, ইনি অভিশপ্ত হইয়া লোকের চক্ষুর পাতার উপর বাস করেন।
নিমিত, (নি+মা=মাপা, ক্ষেপণ করা+ক্ত—ট) ণ, ত্রি, ক্ষিপ্ত, উৎক্ষিপ্ত, সর্ব্বতোভাবে পরিমিত।
নিমিত্ত, (নি+মিদ্=স্নিগ্ধহওয়া+ক্ত) ব্য, ন, কারণ, হেতু, অভিপ্রায়, প্রয়োজন, চিহ্ন, শুভাশুভ চিহ্ন, শরব্য, লক্ষ্য। ক্রি, ণ, জন্য, প্রয়োজন।
নিমিত্তক, (নিমিত্ত+ক—যোগ, স্বার্থে) ব্য, ন, চুম্বন, নিমিত্ত, কারণ।
নিমিত্তকারণ, ব্য, ন, সমবায়ি ও অসমবায়িকারণ ভিন্ন কারণ, তৃতীয় কারণ, যথা ঘটের প্রতি কুম্ভকারের দণ্ড চক্র সলিল প্রভৃতি, দেবতা।
নিমিত্তকাল, (নিমিত্ত+কাল=সময়) ব্য, পুং, বিশেষ কাল, নির্দ্দিষ্ট সময়।
নিমিত্তকৃৎ, (নিমিত্ত=অশুভ+কৃৎ[কৃ +ক্বিপ]=যে করে) ব্য, পুং, কাক, এই রূপ সংস্কার আছে যে কাক যে বাটীতে বসিয়া অধিকতর শব্দ করে সেই গৃহস্থের অমঙ্গল হয়।
নিমিত্তজ্ঞ, (নিমিত্ত+জ্ঞা=জানা+ড—ষ) ণ, ত্রি, নিমিত্তবিদ্, হেতুজ্ঞানবান্। [নিষ্কৃতি, প্রায়শ্চিত্ত।
নিমিত্তমল, ব্য, পুং, পাপ, মার্জ্জনা,
নিমিত্তবিদ্, (নিমিত্ত=[শুভ বা অশুভ] চিহ্ন+বিদ্=যে জানে) ব্য, পুং, যে শুভাশুভ চিহ্ন নির্ণয় করিতে পারে, দৈবজ্ঞ, গণক। [নিদানপ্রশ্ন।
নিমিত্তানুবৃত্তি, ব্য, স্ত্রী, কারণ স্থিতি,
নিমিষ, নিমেষ, (নি+মিষ—[স্পর্দ্ধা করা] পলকফেলা+অল্-ভাব, অথবা নিমি=রাজাবিশেষ+ষদ্=যাওয়া+ড) ব্য, পুং, পক্ষ্মপাত, চক্ষুর্নিমীলন, পলক, অক্ষিস্পন্দন, কালের অতি সূক্ষ্ম পরিমাণবিশেষ, বিষ্ণু।
নিমীলন, (নি+মীল=চক্ষু মুদ্রিতকরা +অনট—ভাব) ব্য, ন, মুদ্রিতকরণ, বোজা, নিমেষ, সঙ্কোচকরণ, সম্মোহ, মরণ। [স্ত্রী, নিমীলন, ব্যাজ, ছল।
নিমীলিকা, (নি+মীল+অক) ব্য,
নিমীলিত, (নি+মীল+ক্ত—ট) ণ, ত্রি, মুদ্রিত, সঙ্কুচিত, আচ্ছাদিত, মৃত, স্পন্দহীন, বিমোহিত, অবনত। ব্য, ন, নিমীলন।
নিমেষক, (নি+মিষ=পলকফেলা+কন্) ব্য, পুং, নিমেষ, খদ্যোত, জোনাক্ পোকা।
নিমেষকৃৎ, (নিমেষ=চক্ষুর্নিমীলন+কৃৎ=যে করে) ব্য, স্ত্রী, বিদ্যুৎ।
নিমেষরুক্, (নিমেষ=চক্ষুর্নিমীলন+রুচ=যে দীপ্তি পায়) ব্য, পুং, খদ্যোত, জোনাক্‌পোকা।
নিম্ন, (নি+ম্না=অভ্যাস করা+ক) ণ, ত্রি, নীচ, হীন, নত, অধঃ, গভীর, অগাধ।
নিম্নগ, (নিম্ন+গ=যে গমন করে, ২-ব) ণ, ত্রি, যাহা নিম্নদিকে যায়, অধোগামী, নীচগামী, গভীর। গা—স্ত্রী, ব্য, নদী, অধোগামিনী।
নিম্নতা, (নিম্ন+তা—ভাবে) ব্য, স্ত্রী, গভীরতা, নীচতা, অধোগতত্ব।
নিম্নপ্রবণ, (নিম্ন+প্রবণ=অভিমুখ) ণ, ত্রি, নিম্নাভিমুখ, যাহার অধোদিকে গতি।
নিম্নোন্নত, (নিম্ন+উন্নত=উচ্চ) ণ, ত্রি, বন্ধুর, উচ্চনীচ, উন্নতানত।

নিম্ব, নিম্বক, (নিম্ব—জলাদি সেক করা +অচ) ব্য, পুং, নিম্বগাছ।

নিম্বু, ব্য, পুং, জম্বীর, নারাঙ্গীলেবু।

নিম্বুক, ব্য, পুং, লেবুগাছ, কাগ্‌জিলেবু।

নিয়ত, (নি+যম্=নিবৃত্ত করা+ক্ত—চ) ণ, ত্রি, জিতেন্দ্রিয়, দমিত, সংযত, বদ্ধ, শাসিত, বশীকৃত, অবহিত, মনোযোগী, স্থির, নিশ্চিত, অবিচ্ছিন্ন, নিয়মযুক্ত, অবশ্যম্ভাবী। (নি—না+যম্=বিরত হওয়া+ক্ত) অবিশ্রান্ত, নিত্য। ক্রি—ণ, নিত্য, সতত, সর্ব্বদা।

নিয়তি, (নি+যম্=বিরতহওয়া+ক্তি) ব্য, স্ত্রী, অদৃষ্ট, দৈব, ভাগ্য, নিয়ম, আত্মসংযম। ভী—দুর্গা।

নিয়তেন্দ্রিয়, (নিয়ত=সংযত+ইন্দ্রিয়) ণ, ত্রি, যে ব্যক্তি ইন্দ্রিয় দমন করিয়াছে, জিতেন্দ্রিয়, বশী।

নিয়ন্তা, (নি+যম্=বিরতহওয়া, নিয়মকরা+তৃন্—ধ) ব্য, পুং, সারথি। ণ, ত্রি, নিয়ামক, শাসনকর্ত্তা, দণ্ডকর্ত্তা, পথ্যাদিচালক।

নিয়ন্ত্রিত, (নি=নিশ্চয়+যন্ত্র=সঙ্কুচিত করা+ক্ত—চ) ণ, ত্রি, সংযমিত, দমিত, নিগৃহীত, নিবারিত, বদ্ধ, সঙ্কোচিত, প্রতিহত।

নিয়ম, (নি+যম্=বিরতহওয়া+অচ্ ভাব) ব্য, পুং, শৌচ, সন্তোষ, তপস্যা, বেদাধ্যয়ন ও ঈশ্বরের প্রণিধান প্রতিজ্ঞা, অঙ্গীকার, বিধি, ব্যবস্থা, ব্রত, উপবাসাদি; কবিপ্রসিদ্ধি যথা বর্ষাকালে ময়ূরের আনন্দধ্বনি, পুণ্যের শুভ্রতা, পাপের কৃষ্ণতা ইত্যাদি, অবধারণ, ধারা, পদ্ধতি, রীতি, দমন, সংযম, নিরোধ, পাপপ্রবৃত্তি উন্মূলনের জন্য ইন্দ্রিয়নিচয়ের বশীকরণ, যন্ত্রণা, নিশ্চয়, যুদ্ধ, বন্ধন, বন্ধন।

নিয়মতন্ত্র, যাহাকে কতিপয় অবধারিত নিয়মের বশীভূত হইয়া চলিতে হয়, এক প্রকার রাজ্যশাসন প্রণালী।

নিয়মন, (নি+যম্+অনট্‌ ভাব) ব্য, ন, দমন, নিবারণ, বন্ধন, ব্যবস্থাপন, বিধিদান, বিশেষ বিধি, আদেশ, নিয়ম।

নিয়মবিধান, ব্য, ন, নিয়মকরণ, আইন প্রস্তুত করা, ব্যবস্থা প্রণয়ন।

নিয়মিত, (নি+যম্+ক্ত) ণ, ত্রি, বদ্ধ, সংযত, নিবারিত, প্রতিবিদ্ধ, নিয়মবদ্ধ, ধরাবাঁধা, ব্যবস্থাপিত, অবধারিত, নিশ্চিত, নিরূপিত।

নিয়ম্য, (নি+যম্+য—চ) ণ, ত্রি, শিক্ষণীয়, শাসনীয়, নিয়মযোগ্য।

নিয়াতন, ব্য ন, নিপাতন দেখ।

নিয়াম, (নি+যম=প্রতিষেধ করা+ঘঞ্) ব্য, পুং, নিয়ম, উপবাসাদি ধর্ম্ম, কর্ম্ম, প্রায়শ্চিত্তনিরোধ।

নিয়ামক, (নি+যম্+ণক-ধ) ণ, ত্রি, নিয়মকর্ত্তা, নিয়ন্তা, নিশ্চায়ক। ব্য, পুং, পোতবাহক, কর্ণধার, নাবিক, মাঝি।

নিযুক্ত, (নি+যুজ্=যোগকরা, আজ্ঞাকরা+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে নিয়োগ করা যায়, প্রবর্ত্তিত, আদিষ্ট, ব্যাপৃত, অধিকৃত, আজ্ঞপ্ত, অনুমত, যে কোন কার্য্য করিতে প্রবৃত্ত হইয়াছে।

নিযুঞ্জান, (নি+যুজ্+শান—ধ) ণ, ত্রি, যে কাহাকে কোন বিষয়ে নিয়োগ করে।

নিযুত, (নি+যু=মিশ্রিতকরা+ক্ত) ব্য, পুং—ন, দশলক্ষ সংখ্যা।

নিযুৎসর্পী, ব্য, স্ত্রী, দুর্গা।

নিযুদ্ধ, (নি+যুদ্ধ) ব্য, ন, বাহুযুদ্ধ, মল্লযুদ্ধ, বাহুযুদ্ধ।

নিযোক্তা, (নি+যুজ+তৃন্—ক) ণ, ত্রি, নিয়োগকর্ত্তা, প্রভু, প্রবর্ত্তক।

নিয়োগ, (নি+যুজ্+ঘঞ্—ভাব) ব্য, পুং, আজ্ঞা, অনুমতি, শাসন, ভারার্পণ, প্রেরণ, প্রবৃত্তি, মনোযোগ, অধিকার, নিশ্চয়।

নিয়োগপত্র, ব্য, ন, যে পত্র দ্বারা কাহাকে কোন পদে নিযুক্ত করা যায়।

নিয়োগী, (নিয়োগ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে কোন কার্য্যে নিযুক্ত বা ব্যাপৃত হইয়াছে, যে আদিষ্ট হইয়াছে।

নিয়োগ্য, (নি+যুজ্+ঘ্যণ্—ষ) ব্য, পুং, নিয়োগকর্ত্তা, প্রভু।

নিয়োজক, (নি+যুজ্+ণক—ষ) ণ, ত্রি, যে নিয়োগ করে, নিয়োক্তা।

নিয়োজন, (নি+যুজ্+অনট্—ভাব) ব্য, ন, আদেশ করা, নিযুক্ত করা, প্রেরণ।

নিয়োজয়িতা, (নি+যোজি=যোগ করা, আজ্ঞা করা+তৃন্—ষ) ণ, ত্রি, যে নিযুক্ত করে, প্রভু।

নিয়োজিত, (নি+যোজি+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে নিযুক্ত করা হইয়াছে, প্রবর্ত্তিত, ব্যাপারিত, প্রেরিত, আজ্ঞপ্ত, অধিকারিত।

নিয়োজ্য, (নি+যুজ+ঘ্যণ—চ) ণ, ত্রি, সেবক, দাস, ভৃত্য, প্রেষ্য, যাহাকে নিযুক্ত করিতে পারা যায়।

নিযোদ্ধা, (নি=সমীপ+যুধ=যুদ্ধ করা +তৃন্—ষ) ব্য, কুক্কুট, মল্লযোদ্ধা।

নির্, নিস্, (নৃ=লইয়া যাওয়া+ক্বিপ্) উপসর্গ, ব্য, নিষেধ, নিশ্চয়, নিঃশেষ, বহিষ্করণ, নির্গমন, নিতান্ত।

নিরংশ, (নির্=নাই+অংশ) ণ, ত্রি, অংশ রহিত, ভাগহীন। ব্য, পুং, রাশির ভোগকালের প্রথম ও শেষ দিন, সংক্রান্তি।

নিরক্ষ, নিরক্ষদেশ, নিরক্ষবৃত্ত, নিরক্ষরেখা; আক্ষীমণ্ডল, বিষুবরেখা, (Equator.)

নিরক্ষদেশ, (নির্+অক্ষ—অক্ষাংশ; (Latitude) +দেশ) ব্য, পুং, যে দেশ দিয়া বিষুবরেখা গিয়াছে অর্থাৎ যে স্থানে সূর্য্য সতত‌ই লম্বভাবে অবস্থিতি করেন এবং দিবা ও রাত্রির পরিমাণ সমান, বাক্‌দেশ (The Equitorial Region.)

নিরক্ষান্তর, (নিরক্ষ+অন্তর) নিরক্ষরেখা হইতে পৃথিবীর কোন এক স্থানের দূরত্বের পরিমাণ (Latitude.)

নিরঙ্কুশ, (নির্—না+অঙ্কুশ=তাড়ন, হস্তিশাসনদণ্ড; ৬.হ) ণ, ত্রি, অনিবার্য্য, বাধাশূন্য, স্বেচ্ছাচারী, স্বতন্ত্র, স্বাধীন।

নিরগ্নি, (নির্—না+অগ্নি=স্মার্ত্তাগ্নি; ৬.হ) ণ, ত্রি, অগ্নিশূন্য, অনগ্নি।

নিরঞ্জন, (নির্—না+অঞ্জন—কজ্জল; ৬.হ। অথবা নি+রঞ্জন=অনুরাগ) ণ, ত্রি, যাহার অঞ্জন অর্থাৎ মল নাই, নির্ম্মল, অঞ্জনরহিত, নিষ্কলঙ্ক, অবিদ্যাদোষরহিত, রাগাদি বর্জ্জিত, তেজোময়। ব্য, ন, পরব্রহ্ম, দেব প্রতিমাদির বিসর্জ্জন। না—স্ত্রী, পূর্ণিমা তিথি।

নিরত, (নি+রত=অনুরক্ত) ণ, ত্রি, আসক্ত, অনুরক্ত, ব্যাপৃত, নিযুক্ত, প্রবৃত্ত, অনবরত।

নিরতিশয়, (নির্=অত্যন্ত+অতিশয় =আধিক্য; ৫.হ) ণ, ত্রি, অতিশয়, অধিক, অত্যধিক, অত্যুৎকৃষ্ট, বৎপরোনাস্তি।

নিরত্যয়, (নির্=না+অত্যয়=দোষ, বিনাশ) ণ, ত্রি, অত্যয়রহিত, অবিনশ্বর, নির্ব্বাধ, বাধাশূন্য, নির্দ্দোষ, অনঘ।

নিরনুক্রোশ, (নির্+অনুক্রোশ=দয়া; ৬.হ) ণ, ত্রি, নির্দ্দয়, নিষ্করুণ, নিঃস্নেহ।

নিরন্তর, (নির্=না+অন্তর=অবকাশ

অবসর ;৬.হ,৭.হ) ণ,ত্রি, নিবিড়, ঘন, নিরবকাশ, সান্দ্র, অসীম, নিশ্ছিদ্র, প্রকাশিত, আভ্যন্তরিক। ক্রি—ণ, ন, সর্ব্বদা, অনবরত।

নিরন্তরাল, (নির্=না+অন্তরাল=মধ্য, ব্যবধান) ণ, ত্রি, যেখানে ব্যবধান স্থান নাই, সঙ্কীর্ণ, নিরবকাশ, অবিচ্ছিন্ন। [সংস্থান নাই, দরিদ্র।

নিরন্ন, (নির্+অন্ন) ণ, ত্রি, যাহার অন্ন

নিরন্বয়, (নির্=না+অন্বয়=বংশ, সম্পর্ক) ণ, ত্রি, নিঃসন্তান, অনপত্য, সম্বন্ধরহিত।

নিরপত্য, (নির্=না+অপত্য=সন্তান) ণ, ত্রি. নিঃসন্তান, পুত্রকন্যা-রহিত, অপুত্রক।

নিরপত্রপ, (নির্=না+অপত্রপা=লজ্জা ; ৬.হ) ণ, ত্রি, নির্লজ্জ, ধৃষ্ট, বেহায়া। [ত্রি, নির্দ্দোষ, নিরীহ।

নিরপরাধ, (নির্+অপরাধ ; ৬.হ) ণ,

নিরপবর্ত্ত, (নির্=না+অপবর্ত্ত=প্রত্যাগমন) ব্য, পুং, প্রত্যাগমনাভাব, অপ্রত্যাগমন, অঙ্কশাস্ত্রোক্ত রাশি বিশেষ।

নিরপায়, নিরপায়ী, (নির্=না+অপায়=অপচয়,বিনাশ ; ৬.হ। নিরপায়+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, অপায়রহিত, অক্ষয়, অবিনশ্বর, অব্যয়, সনাতন।

নিরপেক্ষ, (নির্=না+অপেক্ষা ; ৬.হ) ণ, ত্রি, অপেক্ষা-রহিত, স্বতন্ত্র, স্বাধীন, উদাসীন, অনবহিত, তটস্থ।

নিরপেক্ষগতি, ব্য, অন্যবস্তুর গতির সহিত যে গতির কোন সম্বন্ধ না থাকে, স্বাতন্ত্র্যগতি।

নিরয়, (নির্=নির্গত+অয়=সৌভাগ্য ; ৫.হ) ব্য, পুং, নরক, যন্ত্রণাভোগস্থান।

নিরর্গল, (নির্=না+অর্গল=হুড়কা ; ৬.হ) ণ, ত্রি, অবাধ্য, অনর্গল, অপ্রতিবন্ধক, অর্গলরহিত, উচ্ছৃঙ্খল, বিশৃঙ্খল।

নিরর্থক, (নির্=না+অর্থ=বিষয়, প্রয়োজন+ক ; ৬.হ) ণ, ত্রি, ব্যর্থ, মোঘ, নিষ্প্রয়োজন, অনর্থক, নিষ্ফল, অর্থরহিত।

নিরব, (নি=না+রব=শব্দ ; ৬.হ) ণ, ত্রি, নিঃশব্দ, মৌনী, স্তব্ধ, অবাক্।

নিরবগ্রহ, (নির্=না+অবগ্রহ=বাধা ; ৬.হ) ণ, ত্রি, স্বতন্ত্র, নিষ্প্রতিবন্ধক, অপ্রতিহতবৃত্তি, ব্যাঘাত প্রভৃতি শূন্য।

নিরবচ্ছিন্ন, (নির্=না+অবচ্ছিন্ন) ণ, ত্রি, অনবচ্ছিন্ন, নিরবকাশ, নিরন্তর, অব্যবহিত, বিশুদ্ধ, কেবল, নির্ম্মল।

নিরবদ্য, (নির্=না+অবদ্য=অকথ্য) ণ, ত্রি, নির্দ্দোষ, বিশুদ্ধ, উৎকৃষ্ট, অনিন্দ্য। [নিরন্তর, সর্ব্বদা, অসীম

নিরবধি, (নির্+অবধি ; ৬.হ) ণ, ত্রি

নিরবয়ব, (নির্+অবয়ব) ণ, ত্রি, অবয়বহীন, নিরাকার। ব্য, পুং পরমাণু।

নিরবলম্বন, (নির্=না+অবলম্বন=আশ্রয় ; ৬.হ) ণ, ত্রি, নিরাশ্রয়, নিঃসহায়। [ণ, ত্রি, নিঃশেষ, সম্পূর্ণ

নিরবশেষ, (নির্=না+অবশেষ ; ৬.হ)

নিরবশেষিত, (নিরবশেষ+ইত—ইদমর্থে) ণ, ত্রি, নিঃশেষিত, যাহার কিছুই অবশিষ্ট নাই।

নিরবসর, (নির্+অবসর ; ৬.হ) ণ, অনবকাশ, ব্যস্ত।

নিরবসাদ, (নির্=না+অবসাদ=বিষণ্ণতা ; ৬.হ) ণ,ত্রি, উদ্যুক্ত, উত্তেজিত, আশ্বাসিত।

নিরবহালিকা, (নির্=বাহির+অবহালিকা=বেড়া) ব্য, স্ত্রী, প্রাচীর, দেওয়াল, প্রাকার, বেষ্টন।

নিরব্যয়, (নির্+অব্যয়) ণ, ত্রি, অব্য

উৎকৃষ্ট, সুনাত্তম, অর্কীণ।
নিরশন, (নির্=না + অশন=ভোজন) ব্য, ন, অনশন, অনাহার, ভোজনাভাব।
নিরস, (নি=না+রস) ণ, ত্রি, নীরস, রসহীন, শুষ্ক, রসাভাব।
নিরসন, (নির্=বাহিরে + অস্= ক্ষেপণকরা + অনট—ভাব) ব্য, ন, প্রত্যাখ্যান, দূরীকরণ, নিঃক্ষেপ, বধ, নিষ্ঠীবন, থুথুফেলা, নিষ্কাশন, প্রত্যাদেশ, বহিষ্করণ।
নিরস্ত, (নির্+অস্=ক্ষেপণকরা+ক্ত —ত) ণ, ত্রি, নিঃক্ষিপ্ত, পরিত্যক্ত, ত্যাজিত, নিরাকৃত, প্রত্যাখ্যাত,হত, প্রতিহত, নিষ্ঠ্যূত, ভগ্ন, প্রেরিত, সংত্যক্ত, শীঘ্রোচ্চারিত বাক্য, তৎর্জিত, অপবিদ্ধ, গত, অতীত।
নিরস্ত্র, (নির=না + অস্ত্র, ৬.হ) ণ, ত্রি, নিরায়ুধ, অস্ত্রশূন্য।
নিরাকরণ, (নির +আ+কৃ=করা, দূরকরা+অনট্ ভাব) ব্য, ন, নিবারণ, নিরসন, প্রত্যাখ্যান, দূরীকরণ, বহিষ্করণ।
নিরাকরিষ্ণু, (নির্+আ+কৃ + ইষ্ণু, ক—শীলার্থে)ণ,ত্রি, নিরাকরণশীল, ক্ষিপ্র, দূরীকরণসমর্থ, ব্যাঘাতজনক, প্রতিবন্ধক, প্রত্যাখ্যানকারী।
নিরাকাঙ্ক্ষ, (নির্=না+আকাঙ্ক্ষা= অভিলাষ) ণ, ত্রি, বীতস্পৃহ, সন্তুষ্ট, আকাঙ্ক্ষারহিত।
নিরাকার,(নির=না+আকার ; ৬, হ) ব্য, পুং, আকাশ, ব্রহ্মা, বিষ্ণু, শিব, পরমেশ্বর, স্বর্গ, তিরস্কার। ণ, ত্রি, আকারশূন্য, নিরবয়ব, অমূর্ত।
নিরাকারবাদী, (নির্ +আকার+ বাদিন্=যে বলে, ৬-ষ) ব্য, পুং, অমূর্তিবাদী, ঈশ্বর নিরাকার এই যাহার বিশ্বাস।
নিরাকৃত, (নির +আ+কৃ + ক্ত—ত) ণ, ত্রি, প্রত্যাখ্যাত, দূরীকৃত, নিরস্ত।
নিরাকৃতি, (নির + আ + কৃ+ক্তি— ভাব) ব্য, স্ত্রী, নিবারণ, নিরাকরণ, নিরসন। ণ, ত্রি, আকৃতিহীন, অমূর্তি, নিরাকার, বেদাধ্যয়নহীন।
নিরাগঃ, (নির+আগস্=পাপ ; ৬, হ) ণ, ত্রি, নিষ্পাপ, নিরপরাধ, অনঘ। [ত্রি, অনাচার, আচারভ্রষ্ট।
নিরাচার, (নির+আচার ; ৬ হ) ণ,
নিরাট, (দেশজ) ণ, অচ্ছিদ্র, দৃঢ়, অস্ফীত।
নিরাতঙ্ক, (নির্=না+আতঙ্ক=ভয়) ণ,ত্রি নির্বিঘ্ন, আতঙ্করহিত, নির্ভয়, নিষ্কণ্টক।
নিরাতপ (নির্=না+আতপ=সূর্য্যকিরণ ; ৬.হ) ণ, ত্রি, আতপশূন্য। পা—স্ত্রী, রাত্রি।
নিরাধার, (নির+আধার ; ৬.হ) ণ, আধারশূন্য, আশ্রয়রহিত, নিরালম্ব।
নিরাপদ, (নির= না+ আপদ= বিপদ ; ৬ হ) ণ, ত্রি, আপদবর্জিত, বিপন্মুক্ত, সুস্থ, নিরুপদ্রব, নিষ্কণ্টক, ক্ষেমবান। ক্রি—ণ, নিরুদ্বেগে, অব্যাঘাতে, অবাধে।
নিরাবাধ, (নির্=না+ আবাধা= বাধা ; ৬হ) ণ, ত্রি, বাধাহীন, ব্যাঘাতশূন্য।
নিরাময়, (নির্=না+আময=রোগ ; ৬.হ) ণ, ত্রি, নীরোগ সুস্থ, পটু, কুশল। ব্য, পুং, বন্যছাগ, শূকর।
নিরমালু, ব্য,পুং,কপিথ, কয়েৎবেল।
নিরামিষ, (নির্ =না+আমিষ ; ৬, হ) ণ, ত্রি, আমিষশূন্য, মাংসাদিরহিত।
নিরায়ুধ, (নির্=না+আয়ুধ=অস্ত্র) ণ, ত্রি, অশস্ত্র, অনায়ুধ, অস্ত্রহীন।
নিরালম্ব, (নির্=না+ আলম্ব=অব-

অবলম্ব, আশ্রয় ; ৬.হ) ণ, ত্রি. নিরা-
শ্রয়, অবলম্বনরহিত, আশ্রয়হীন।

নিরালা, (দেশজ) ণ, নিভৃত, নির্জন, বিরল, রহঃ।

নিরাশ, (নির্=না+আশা=প্রত্যাশা ; ৬.হ) ণ, ত্রি, আশাশূন্য, হতাশ, নিস্পৃহ।

নিরাশ্রয়, (নির্=না+আশ্রয় ; ৬.হ) ণ, ত্রি, নিঃসহায়, আশ্রয়শূন্য, শরণরহিত।

নিরাস, (নির্=বাহির+আস=নিক্ষেপ) ষ্য, পুং, নিরাকরণ, দূরীকরণ, নিঃক্ষেপ, ত্যাগ, খণ্ডন।

নিরাসন, (নির+আসন ; ৬ হ) ণ. ত্রি, আসন শূন্য, ভূমিতে উপবিষ্ট, উপবেশন স্থান শূন্য।

নিরাহার, (নির্=না+আহার=ভোজন ; ৬.হ) ণ,ত্রি,আহাররহিত, উপবাসী। ষ্য, পুং, ভোজনাভাব।

নিরিঙ্গিনী, (নির্+অঙ্গ=ইন্+ঈপ্) ষ্য, স্ত্রী, তিরস্করিণী, অবগুণ্ঠিকা, যবনিকা, পর্দা।

নিরিন্দ্রিয়, (নির্=না+ইন্দ্রিয়) ণ, ত্রি. ইন্দ্রিয়রহিত, বিকলেন্দ্রিয়, চক্ষুরাদিবিহীন, অন্ধ, পঙ্গু প্রভৃতি, ক্লীব, নপুংসক।

নিরীক্ষক, (নির্+ঈক্ষ=দেখা+ণক—ক) ণ,ত্রি, নিরীক্ষণকারী, দর্শক।

নিরীক্ষণ, (নির্+ঈক্ষ=দেখা+অনট্—ভাব) ষ্য, ন, দর্শন, অবলোকন।

নিরীক্ষমাণ, (নির্+ঈক্ষ+শান—ক) ণ, ত্রি, যে দেখিতেছে, দর্শী, প্রেক্ষমাণ।[ণ,ত্রি,দৃষ্ট,অবলোকিত।

নিরীক্ষিত, (নির্+ঈক্ষ+ক্ত—ট)

নিরীক্ষ্যমাণ, (নির্+ঈক্ষ+শান—ট; য, ম—আগম) ণ, ত্রি, দৃশ্যমান, যাহাকে দেখা যাইতেছে, নিরীক্ষিত।

নিরীখ, (দেশজ) ষ্য, [illegible] বাজারভাও। [illegible]

নিরীতি, (নির্=না+ঈতি) ণ, ত্রি,

নিরীশ,-ব, (নির্=হইতে+[illegible]—কাল) ষ্য, ন, লাঙ্গলের কাল। ণ, ত্রি, নাস্তিক, ঈশশূন্য।

নিরীশ্বর, (নির্=না+ঈশ্বর) ণ, ত্রি, নাস্তিক, যে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না।

নিরীশ্বরবাদ, (নিরীশ্বর+বাদ=কথন) ষ্য, পুং, ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার, নাস্তিকতা।

নিরীশ্বরবাদী, (নিরীশ্বর+বাদিন্—যে বলে) ণ, ত্রি, নাস্তিক, যে ঈশ্বর নাই এইমত সমর্থন করে।

নিরীহ, (নির্=না+ঈহ=যে চেষ্টা বা অন্বেষণ করে) ণ, ত্রি, নিশ্চেষ্ট, নিস্পৃহ, নিরুদ্যোগ, ধীর, শিষ্ট, শান্তপ্রকৃতি। ষ্য, পুং, বিষ্ণু।

নিরুক্ত, (নির্=নিশ্চয়+উক্ত=কথিত ; ৭.হ,) ণ, ত্রি, সম্যক্ কথিত, বর্ণিত, কুটিল, অব্যবহার্য্য, পুরাতন, দুর্বোধ, অপ্রকাশিত, মীমাংসিত। ষ্য, ন, বেদের অঙ্গভূত শাস্ত্রবিশেষ, বেদোক্ত দুর্বোধ শব্দ সমূহের ব্যাখ্যাগ্রন্থ, পদভঞ্জন।

নিরুক্তি, (নির্=নিশ্চয়+উক্তি=কথন ; ৭.হ) ষ্য, স্ত্রী, নিরুক্ত, নির্বচন, নিঃশেষে কথন।

নিরুচ্ছাস, (নির্+উচ্ছাস ; ৬.হ) ণ, ত্রি. নিশ্বাসরহিত, অপ্রশস্ত।

নিরুত্তর, (নির্=না+উত্তর) ণ, ত্রি, প্রতিবাক্যে অসমর্থ, প্রত্যুত্তর রহিত।

নিরুত্তাপ, (নির্+উত্তাপ ; ৬.হ) ণ, ত্রি, উত্তাপ রহিত, উষ্মারহিত।

নিরুৎপাত, (নির্+উৎপাত ; ৬.হ) উৎপাত রহিত, উপদ্রব শূন্য, কষ্টহীন, দুঃখ শূন্য।

নিরুৎসাহ, (নির্+উৎসাহ ; ৬.হ)

ণ. ত্রি. উৎসাহ শূন্য, নিশ্চেষ্ট।
নিরুদ্ধ, (নি+রুধ=আবদ্ধ) ণ, ত্রি, নিবারিত, সংরুদ্ধ, প্রতিবদ্ধ, স্থগিত, অবরুদ্ধ, বেষ্টিত।[কুল, স্থির, শান্ত।
নিরুদ্বিগ্ন, ণ, ত্রি, অব্যাকুল, নিরা-
নিরুন্ধান, * (নি+রুধ্=রুদ্ধকরা+শান—ষ) ণ, ত্রি. যে নিরোধ করিতেছে, প্রতিবন্ধকদাতা, প্রতিকূল।
নিরুপম, (নির্=না+উপমা ; ৬. ব.) ণ, ত্রি. অতুল, অনুপম, উপমারহিত, অপ্রতিম, অসাদৃশ্য।
নিরুপাখ্য, (নির্+উপ+আখ্যা) ণ, ত্রি, অনির্ব্বচনীয়, যে পদার্থের বাস্তবিক অস্তিত্ব নাই, যেমন আকাশকুসুম প্রভৃতি। ব্য, ন, পরব্রহ্ম।
নিরুপাধি, (নির্+উপাধি) ণ, ত্রি, যাহাতে অন্য কোন স্বার্থসিদ্ধির অভিপ্রায় নাই. পরিশুদ্ধ, নিঃস্বার্থ, অকপট, যেমন নিরুপাধি দয়া।
নিরূঢ়, (নি+রূঢ়=আরূঢ়, অথবা নির্=না+উঢ়=বিবাহিত) ণ, ত্রি, উৎপন্ন, আনুষঙ্গিক, প্রসিদ্ধ, সমবেত, প্রচলিত, সর্ব্বসাধারণ, অবিবাহিত। ব্য, পুং, রূঢ়িলক্ষণা দ্বারা অর্থপ্রতিপাদক শব্দ। ঢ়া—স্ত্রী, রূঢ়িহেতুক লক্ষণা।
নিরূঢ়ি, (নি+রূঢ়ি) ব্য, স্ত্রী, প্রসিদ্ধি।
নিরূপক, (নি+রূপ=রূপ যুক্ত করা +ণক—ষ) ণ, ত্রি, নিশ্চায়ক, যে নিরূপণ করে, নির্ণায়ক, নিয়ামক।
নিরূপণ, (নি+রূপ্=রূপযুক্তকরা+অনট্—ভাব) ব্য, ন, আলোক, দৃষ্টি, দর্শন, বিচার, নিদর্শন, বিতর্ক, নিয়োগ, বিবরণ, অবধারণ, নির্ণয়
নিরূপিত, (নি+রূপ+ক্ত—চ) ণ, ত্রি, নির্ণীত, অবধারিত, স্থিরীকৃত, নিশ্চিত, দৃষ্ট, বিচারিত, নিযুক্ত, আলোচিত। [কঠিন, শক্ত।
নিরেট, (দেশজ) ণ, ছিদ্রশূন্য, দৃঢ়,

নিরোধ, (নি+রুধ=আবরণ করা+ঘঞ্—ভাব) ব্য, পুং, ক্ষতি, নাশ, ধ্বংস, বাধা, বিঘ্ন, অবরোধ, কারাবন্ধন, বারণ, ঘৃণা, নিগ্রহ, প্রতিকূলতা।
নিরোধন, (নি+রুধ্+অনট্—ভাব) ব্য, ন, রুদ্ধকরণ, বাধা, রোধ, নিগ্রহ।
নির্ঋতি. (নির্=বিপরীত+ঋতি=শুভ) ব্য, স্ত্রী, অলক্ষ্মী, অসৌভাগ্য, দুঃখ, নিরাপদ, নিরুপদ্রব। পুং, দিক্পালবিশেষ, দক্ষিণপশ্চিম কোণের শাসনকর্ত্তা, নৈঋত কোণের অধিপতি। ণ, ত্রি, নিরুপদ্রুত।
নির্ঋথ, (নির্+ঋ=গমন করা+থ—সংজ্ঞার্থে) ব্য, পুং, সামবেদ।
নির্গ, (নির্+গম্=গমনকরা+ড) ব্য, পুং, দেশ, জনপদ।
নির্গত, (নির্=বাহির+গম্=গমনকরা +ক্ত—ষ) ণ, ত্রি, বহির্গত, নিঃসৃত, নিষ্ক্রান্ত। [গন্ধশূন্য
নির্গন্ধ, (নির+গন্ধ ; ৬.ব) ণ, ত্রি, নির্গন্ধন, ব্য, ন, নির্গ্রন্থন. মারণ।
নির্গন্ধপুষ্পী, ব্য, স্ত্রী, শাল্মলিবৃক্ষ, শিমূল গাছ।
নির্গম, (নির্+গম+অল্—ভাব) ব্য, পুং. অপগম, নিষ্ক্রমণ, অপসরণ।
নির্গমন, (নির+গম=গমনকরা+অনট্) ব্য, ন, বহির্গমন, নিঃসরণ, প্রস্থান।
নির্গুণ, (নির্=না+গুণ ; ৬.ব) ণ, ত্রি, গুণহীন, বিদ্যাদিশূন্য। ব্য, পুং, সত্বরজস্তমো গুণাতীত পরমেশ্বর।
নির্গুণ্ঠী, নির্গুণ্ডী. (নির্=বাহির+গুণ্ঠ=বেষ্টনকরা+অন্, ঈ) ব্য, স্ত্রী, সিন্ধুবার বৃক্ষ, নীলশেফালিকা বৃক্ষ, নিসিন্দাগাছ।
নির্গূঢ়, (নির্=ভিতর+গুহ=আচ্ছাদন করা, গোপনকরা+ত) ব্য, পুং, বৃক্ষ কোটর, তরু কন্দর।

নির্গ্রন্থ, (নির্—না+গ্রন্থ [গাঁট, বন্ধন] =অনুরাগ; ৬,হ) বা, পুং, সর্ব্ব-পরিত্যাগী সন্ন্যাসী, তপস্বী, ক্ষপণক, দিগম্বর, উলঙ্গ, দরিদ্র, ভিক্ষুক, মূর্খ, দ্যূতক্রীড়ক, নির্বৃত্তহৃদয়, গ্রন্থি স্বক্তি।

নির্গ্রন্থক, নির্গ্রন্থিক, (নির্—না+গ্রন্থ =[বন্ধন] সংগ্রথন+ক) বা, পুং, ক্ষপণক, মুনি, দ্যূতকার। ণ, ত্রি, নিপুণ, দক্ষ, হীন, নীচ, পরিত্যক্ত, অনমুস্যূত।

নির্গ্রন্থন, (নির্+গ্রন্থ=আঘাত বা বধ করা+অনট—ভাব) বা, ন, মারণ, হনন, বধ।

নির্ঘট, (নির্+ঘট=চেষ্টাকরা+অচ) বা, ন, যেখানে বহুসংখ্যক লোক সমবেত হয়, বহুজন সমাকীর্ণ হাট বাজার প্রভৃতি, করশূন্য হাট, যে বাজারে তোলা বা দান দিতে হয় না। ণ, ত্রি, ঘটশূন্য।

নির্ঘণ্ট, (নির্+ঘণ্ট=চেষ্টাকরা+অচ) বা, পুং, নির্ঘণ্টু, গ্রন্থের সূচীপত্র, অনুক্রমণিকা।

নির্ঘর্ষণ, বা, ন, অতি ঘর্ষণ, মার্জ্জন।

নির্ঘাত, (নির্=হন্ [বধকরা]=শব্দ করা, চালান+ঘঞ—ভাব; হন=ঘাত) বা, পুং, প্রবল বায়ু, ঘূর্ণবায়ু, বায়ুর শব্দ, বায়ুতে বায়ুতে পরস্পর অভিহত হইয়া যে শব্দ উৎপন্ন হইয়া থাকে, গম্ভীর শব্দ।

নির্ঘূরণী, বা, স্ত্রী, নদী।

নির্ঘৃণ, (নির্—না+ঘৃণা—দয়া, লজ্জা; ৬,হ) ণ, ত্রি, নির্দ্দয়, ক্রূর, ঘৃণারহিত, নির্লজ্জ।

নির্ঘোষ, (নির্+ঘুষ=শব্দকরা+ঘঞ—ভাব) বা, পুং, শব্দ, ধ্বনি।

নির্জ্জন, (নির্—না+জন—লোক; ৭,হ) ণ, ত্রি, জনশূন্য স্থান, বিজন, বিস্তৃত, বিবিক্ত, বসতিহীন।

নির্জ্জর, বা, পুং, অজর, সর্বাঙ্গ বৃদ্ধ।

নির্জ্জর, (নির্—না+জরা—বার্দ্ধক্য; ৬,হ) বা, পুং, দেবতা। স্ত্রী, সুধা, অমৃত। ণ, ত্রি, জরারহিত, অজর, অমর।

নির্জ্জলৈকাদশী, বা, স্ত্রী, জ্যৈষ্ঠমাসীয় শুক্ল একাদশী।

নির্জ্জিত, (নির্=নিশ্চয়+জি=জয় করা+ক্ত—চ) ণ, ত্রি, বিপক্ষে যাহাকে পরাভব করিয়াছে, বশীকৃত, পরাজিত।

নির্জ্জীব, (নির্—না+জীব—জীবন, জীবিত) ণ, ত্রি, জীবাত্মারহিত, জীবনশূন্য, গতাসু, দুর্ব্বল, নিতান্ত ক্লান্ত, মূর্চ্ছাগত, মৃতপ্রায়।

নির্ঝর, (নির+ঝৃ=শীর্ণহওয়া, ক্ষয় হওয়া+অপ্) বা, পুং, যে জলপ্রবাহ প্রবলবেগে পর্ব্বত হইতে নির্গত হইয়া স্রোত বহিয়া নিম্নে পতিত হয়, ঝরণা, জলপ্রপাত, প্রস্রবণ, পর্ব্বতাবতীর্ণ জলপ্রবাহ, সূর্য্যঘোটক, তুষানল। [বা, স্ত্রী, নদী, প্রবাহবতী।

নির্ঝরিণী, (নির্ঝর+ইন্+অস্ত্যর্থে)

নির্ঝরী, (নির্ঝর+ইন্—অস্ত্যর্থে) বা, পুং, পর্ব্বত। স্ত্রী, নদী।

নির্ণয়,—পুং, নির্ণয়ন,—ন, (নির্= নিশ্চয়+নী—চালিত করা+অল্, অনট—ভাব) বা, অবধারণ, নিশ্চয়, বিচার, তর্ক নিষ্পত্তি, সিদ্ধান্ত, বিরোধ পরিহার।

নির্ণয়পাদ, বা, পুং, চতুষ্পাদ ব্যবহারের মধ্যে ব্যবহার বিশেষ, মিলিত সভাসদ্‌গণের এই ব্যক্তি পরাজিত।

নির্ণর, বা, পুং, সূর্য্যের ঘোটকবিশেষ।

নির্ণায়ক, (নির+নী+ণক—ক) ণ, ত্রি, যে নির্ণয় করে, বিচারক, নিশ্চয়কারক, নিষ্পত্তিকারক, সিদ্ধান্তকারী।

নির্ণায়ন, (নির্ণয়=অবধারণ+অনট) বা, ন, মাতঙ্গের অপাঙ্গ দেশ, নির্ণয়, নিশ্চয়করণ।

নির্ণিক্ত, (নির্+নিজ্=পরিষ্কারকরা +ক্ত—চ) ণ, ত্রি, পরিষ্কৃত, পবিত্রীকৃত, প্রক্ষালিত, শোধিত।

নির্ণীত, (নির্+নী+ক্ত—চ) ণ,ত্রি, অবধারিত, নিশ্চিত, নিরূপিত, নির্দ্দিষ্ট।

নির্ণেক, ব্য, পুং, প্রক্ষালন।

নির্ণেজক, (নির্+নিজ=পরিষ্কার করা+ণক—ষ) ব্য,পুং, বস্ত্র প্রক্ষালক, ধোবা, রজক।

নির্ণেতা, (নির্+নী+তৃণ—ষ) ণ, ত্রি, নির্ণায়ক, নিশ্চয়কারক। ব্য, পুং, বিচারপতি, রসিদ, দলিল, চালক।

নির্ণেয়, (নির্+নী+য—চ) ণ. ত্রি, নির্ণয় করিবারযোগ্য, নির্দ্ধারণীয়।

নির্দ্দট, (নির্+দো=ছেদনকরা, আঘাতকরা+অটচ-নিপাতন) ণ, ত্রি, দয়াশূন্য, নিষ্প্রয়োজন. পরনিন্দাপরায়ণ, অনুরাগপরবশ, মত্ত।

নির্দ্দয়, (নির্=না+দয়া . ৬হ) ণ, ত্রি, দয়াহীন, নিষ্ঠুর, নিষ্করুণ।

নির্দ্দর, (নির্=না+দৃ=মান্তকরা+অল) ণ, ত্রি, নির্লজ্জ, কঠিন. পরুষ, নির্ভীক। ন, সার, নির্ঝর। ব্য, অত্যন্ত, অধিক।

নির্দ্দরি, (নির্+দৃ=বিদারণ করা+ইন্) ব্য, পুং, গুহা, গহ্বর, দরী।

নির্দ্দশন, (নির্=না+দশন=দন্ত ; ৬.হ) ণ, ত্রি, যাহার দাঁত উঠে নাই বা পড়িয়া গিয়াছে, দন্তহীন, দীরদ, অদন্ত।

নির্দ্দহন, (নির্=নিশ্চয় বা না+দহ =দাহকরা+অনট) ণ, ত্রি, অগ্নিশূন্য। ব্য, পুং, ভল্লাতক বৃক্ষ। ন, সর্ব্বাংদহন, ভস্মীকরণ। নী—স্ত্রী, মূর্ব্বালতা, (যাহাহইতে ধনুকের ছিলা প্রস্তুত হয়)

নির্দ্দাতা, ব্য,পুং, কৃষক, চাষা।

নির্দ্দিগ্ধ, (নির্+দিহ=লেপনকরা+ক্ত—চ) ণ, ত্রি, বলী, বলবান্, মাংসল, লেপিত,অভ্যক্ত, অবলিপ্ত।

নির্দ্দিশ্যমান, (নির্+দৃশ+শান—চ) ণ, ত্রি, যাহার নির্দ্দেশ করা যাইতেছে, কথ্যমান।

নির্দ্দিষ্ট, (নির্+দিশ্=দেখান, নির্দ্ধারণকরা+ক্ত—চ) ণ, ত্রি, নিশ্চিত, নিরূপিত, অবধারিত, নির্ণীত, উল্লিখিত, কথিত, বর্ণিত, প্রদর্শিত, উপদিষ্ট, আদিষ্ট।

নির্দ্দেশ, (নির্+দিশ+ঘঞ্—ভাব) ব্য, পুং, আদেশ, আজ্ঞা, কথন, বর্ণন, উল্লেখ, প্রদর্শন, নাম, নির্দ্ধারণ, নিরূপণ, উপান্ত।

নির্দ্দেশক, নির্দ্দেষ্টা, (নির্+দিশ্+ণক, তৃন্—ষ) ণ, ত্রি, যে নির্দ্দেশ করে, আজ্ঞাপক, বর্ণনাকারক,পরিচালক, উল্লেখক, প্রদর্শক, উপদেশক।

নির্দ্দেশ্য, (নির্+দিশ+য) ণ, ত্রি, নির্দ্দেশনীয়, নিরূপিত, নির্ণীত।

নির্দ্দোষ, (নির্=না+দোষ ; ৬.হ) ণ, ত্রি, দোষরহিত. নিরপরাধ, বিশুদ্ধ, অনঘ। [ত্রি. দোষরহিত।

নির্দ্দোষী, (নির্+দোষ+ইন্) ণ,

নির্ধন, (নির্=না+ধন ; ৬.হ) ণ, ত্রি, ধনশূন্য, দরিদ্র, নিঃস্ব। ব্য, পুং, বৃদ্ধবৃষভ।

নির্দ্ধার,—পুং, নির্দ্ধারণ,—ন, (নির্+ধৃ=ধারণকরা+ঘঞ্, অনট্—ভাব) ব্য, জাতি গুণ ক্রিয়ার উৎকর্ষ বা অপকর্ষ দ্বারা স্বজাতীয়ের পৃথককরণ, স্বজাতীয়ের প্রাধান্য স্থাপন, নির্ণয়।

নির্দ্ধারক, (নির্+ধারি=[ধারণকরা] নিশ্চয়করা+ণক—ষ) ণ, ত্রি, যে নির্দ্ধারণ করে, নির্ণায়ক।

নির্দ্ধারিত, (নির্+ধারি+ক্ত—চ) ণ, ত্রি. নির্ণীত. স্থিরীকৃত. নিশ্চিত.অব-

ধারিত।

নির্দ্ধার্য্য, (নির্+ধারি+য—চ) ণ. ত্রি, নির্ণেয়,নিরূপণীয়, নির্ভর, কর্ম্মকর্ত্তা, অনলস, উদ্যোগী।

নির্দ্ধূত, (নির্+ধূ=কম্পিত হওয়া+ক্ত—চ) ণ,ত্রি,বিবর্জ্জিত,পরিত্যক্ত, বহিষ্কৃত, ক্ষত, খণ্ডিত।

নির্দ্ধৌত, (নির্+ধৌত=পরিষ্কৃত) ণ, ত্রি, ধৌত, পরিষ্কৃত, ক্ষালিত।

নির্দ্বন্দ্ব, (নির্=না+দ্বন্দ্ব=জোড়া) ণ. ত্রি, সুখদুঃখাদি বা শীতোষ্ণাদি দ্বন্দ্বরহিত, সুখদুঃখাদ্যনধীন, কামাবসায়ী, ত্রিগুণ নয়, জিতেন্দ্রিয়।

নির্ধূম, (নির্+ধূম ; ৭.ত) ণ, ত্রি, ধূমরহিত, নির্ম্মল, পরিষ্কার, শান্ত, নিঃশেষ।

নির্নিমিত্ত,(নির্=না+নিমিত্ত=কারণ) ণ, ত্রি, কারণ শূন্য, নিমিত্তরহিত।

নির্ব্বন্ধ, (নির্+বন্ধ=বন্ধনকরা+অল্—ভাব) বা, পুং, অতিযত্ন, অতিশয় আগ্রহ, প্রার্থনাতিশয়, জেদ, অভিনিবেশ।

নির্ব্বল (নির্=না+বল=শক্তি; ৬.হ) ণ, ত্রি, শক্তিহীন, দুর্ব্বল, ক্ষীণ।

নির্ব্বাধ, (নির্=না+বাধা ; ৬.হ) ণ, ত্রি, বাধাশূন্য, প্রতিবন্ধক রহিত।

নির্ব্বুদ্ধি, নির্ব্বোধ, (নির্=না+বুদ্ধি, বোধ=জ্ঞান ; ৬.হ) ণ, ত্রি, যাহার কোন বুদ্ধি নাই, মূর্খ, অজ্ঞান, বোকা।

নির্ভট, (নির্+ভট্=পোষণকরা+অল্) ণ, ত্রি, কঠিন, কঠোর, দৃঢ়।

নির্ভয়, (নির্=না+ভয়=শঙ্কা ; ৬.হ) ণ,ত্রি,যাহার শঙ্কা নাই, শঙ্কা রহিত, নিঃশঙ্ক। বা,পুং, অত্যুৎকৃষ্ট ঘোটক।

নির্ভর, (নির্+ভৃ=পরিপূর্ণ করা+অল্) ণ, ত্রি; অতিরিক্ত, অতিশয়, অধিক,বহুল, অনেক, পরিপূর্ণ। বা, ন, পর্য্যাংশ, শ্রেষ্ঠভাগ, অতিরেক। পুং, ভার।

নির্ভর্ৎসন, (নির্+ভর্ৎস্=ভর্ৎসনা করা+অনট্—ভাব) বা, ন, তিরস্কার, নিন্দা, অলক্তক, আলতা।

নির্ভাগ্য, (নির্=না+ভাগ্য=অদৃষ্ট) মন্দভাগ্য, দুরদৃষ্ট, দুর্ভাগ্য।

নির্ভাজন, (নির্+ভাজন=পাত্র, আধার ; ৬.হ) ণ,ত্রি, পাত্রহীন, পরচুল

নির্ভিন্ন, (নির্+ভিন্ন=ভেদিত, পৃথক্‌কৃত) ণ, ত্রি, বিদলিত, বিভক্ত, খণ্ডিত, অভিন্ন।

নির্ভীক, (নির্=না+ভী=ভয় ; ক আগম) ণ, ত্রি, ভয়শূন্য, শঙ্কারহিত, নির্ভয়।

নির্ভুল, (দেশজ) ণ, ভ্রমশূন্য, প্রমাদশূন্য, অভ্রান্ত, শুদ্ধ।

নির্ভেদ, (নির্+ভেদ=ভেদন) বা, পুং, বিভাজন, বিদারণ।

নির্ম্মক্ষিক, (নির্=না+মক্ষিকা ; বা—ণ+৬.হ) বা, ন, মক্ষিকাভাব। ণ, ত্রি, মক্ষিকাশূন্য, যে স্থানে একটী মাত্র মক্ষিকাও নাই, নিভৃত, নির্জ্জন।

নির্ম্মঞ্ছন,(নির্+মন্‌ছ্=আরাধনা করা মোছা+অনট্—ভাব) বা,ন, নীরাজন, আরতি, দেবতাদি সেবা, মোছা।

নির্ম্মৎসর, ণ, ত্রি, মাৎসর্য্যরহিত।

নির্ম্মথ্যদারু, বা, ন, অরণি, অগ্নি জ্বালিবার কাঠ।

নির্ম্মদ, (নির্+মদ=মত্ততা) বা,পুং, যে হস্তীর গণ্ডস্থল হইতে মদজল ক্ষরিত হয়না। ণ,ত্রি, মত্ততারহিত।

নির্ম্মথ,—পুং, নির্ম্মথন,—ন, (নির্+মথ্=মন্থনকরা+অল্,অনট্—ভাব) বা, মন্থন, সংঘর্ষণ, মর্দ্দন।

নির্ম্মম, (নির্=না+মম=মমতা ; ৬.হ) ণ, ত্রি, মায়াবিরহিত, 'এইবস্তু আমার,' ইত্যাকার জ্ঞানশূন্য,বাসনা

রহিত, নিরভিলাষ।

নির্ম্মর্য্যাদ, (নির্+মর্য্যাদা ; ৬.ব) ণ, ত্রি, মানহীন, সম্ভ্রমশূন্য।

নির্ম্মল, (নির্=না+মল=আবিল;৬.ব) ণ,ত্রি, স্বচ্ছ, পরিষ্কৃত, মলহীন, বিশুদ্ধ, দোষ রহিত। ব্য, ন, অভ্রক, নির্ম্মাল্য।

নির্ম্মলী, (দেশজ) ব্য, কতকফল, জল পরিষ্কারক ফল বিশেষ।

নির্ম্মলোপল, (নির্ম্মল=শুভ্র+উপল=প্রস্তর, কর্ম্মধা) ব্য, পুং, স্ফটিক।

নির্ম্মাণ,—ন. নির্ম্মিতি,—স্ত্রী, (নির্+মা=পরিমাণ করা, গড়া+অনট্, ক্তি—ভাব) ব্য, রচন, গঠন, প্রস্তুতকরণ, তৈয়ারকরণ, গাঁথন, সামঞ্জস্য।

নির্ম্মাতা, (নির্+মা+তৃন্—ঘ) ণ, ত্রি, নির্ম্মাণকারক, যে প্রস্তুত করে।

নির্ম্মায়ক, (নির্+মা+অক-ঘ) ব্য, পুং, নির্ম্মাণকর্ত্তা, নির্ম্মাপক।

নির্ম্মাল্য, (নির্ম্মল+ষ্ণ্য) ব্য, ন, দেবনিবেদিত পুষ্পাদি, দেবোপভুক্ত পুষ্পাদি, নির্ম্মলতা,স্বচ্ছতা,আভরণ। ণ, ত্রি, নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কৃত। ল্যা—স্ত্রী, জলপরিষ্কারক ফলবিশেষ, নির্ম্মলীফল।

নির্ম্মিত, (নির্+মা+ক্ত—ঢ) ণ, ত্রি, গঠিত, রচিত, প্রস্তুত, কৃত।

নির্ম্মিৎসা, (নির্মিৎস[নির+মা+সন্—ইচ্ছার্থে]=নির্ম্মাণ করিতে ইচ্ছা করা+আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, নির্ম্মাণ করিবার ইচ্ছা।

নির্ম্মুক্ত, (নির্=নিঃশেষ+মুক্ত=মুক্তিপ্রাপ্ত) ব্য, পুং, নির্ম্মোকশূন্য সর্প,খোলোস ছাড়া সাপ। ণ, নিঃশেষে মুক্ত, পৃথগ্ভূত, বহির্গত।

নির্ম্মুট, (নির্+মুট্=চূর্ণকরা ইত্যাদি+অল্) ব্য, পুং, সূর্য্য, বনস্পতি,যে বৃক্ষের পুষ্প ব্যতিরেকে ফল হয়। [illegible] বৃক্ষ [illegible] দোকানদারদিগের

যে হাটে কর দিতে হয় [illegible]

নির্ম্মূল, (নির্=না+মূল) ণ, ত্রি, মূলরহিত, উৎসন্ন।

নির্ম্মোক, (নির্=বাহির+মুচ্=ত্যাগকরা+ঘঞ্) ব্য, পুং, সাপের খোলোস, কঞ্চুক, বর্ম্ম, সাঁজোয়া, আকাশ, মুক্তি, মোচন।

নির্ম্মোচ্য, (নির্=নিঃশেষ+মুচ্=মোচনকরা+য—ঢ) ণ, ত্রি, মুক্তি পাইবার যোগ্য।

নির্যন্ত্রণ, (নির্=না+যন্ত্র=সঙ্কুচিত করা+অনট্) ণ, ত্রি, উচ্ছৃঙ্খল, বাধারহিত, অনিবারিত। (নির্=না+যন্ত্রণা ; ৬.ব) অক্লেশ, যন্ত্রণাশূন্য, ক্লেশবিরহিত।

নির্যাণ, (নির্+যা=গমনকরা+অনট্—ণ,ভাব,নির্গমন,বহির্গমন। ব্য.ন, পশুর পৃষ্ঠাস্তরণ,বৃক্ষাদির পাদবন্ধনরজ্জু, হস্তীর চক্ষুর কোণ, নির্ব্বাণ, মুক্তি, মোক্ষ।

নির্যাত, (নির্+যা=গমনকরা+ক্ত—ঘ) ণ, ত্রি, নিঃসৃত, নির্গত, বহির্গত।

নির্যাতন, (নির্+যাতি=[যত্নকরান] ফিরিয়া দেওয়া+অনট্—ভাব) ব্য, ন, দান, প্রত্যর্পণ, প্রতিহিংসা, নিগ্রহ, মারণ, প্রহার, বধ।

নির্যাম, (নির্+যম্=নিবৃত্তকরা+ঘঞ্) ব্য, পুং, পোতবাহ, নাবিক।

নির্যাস, (নির্+যস্=চেষ্টাকরা+ঘঞ্) ব্য, পুং, ক্ষরণ,নিস্যন্দ, কাথ, আঠা।

নির্যুক্তি,(নির্=না+যুক্তি=সংযোগ) ব্য,স্ত্রী, সংযোগ রাহিত্য, অনুপযুক্ততা। (ব্যাকরণে) পরস্পর নবকাঙ্খা।

নির্যূহ, (নির্+যুহ=আবরণকরা, গমন করা+অল্) ব্য, পুং, আপীড়, কিরীট, ভিত্তিস্থ কাষ্ঠফলক-বিশেষ, নাগদন্ত, নির্যাস, কাথ, দ্বার।

নির্লিপ্ত, (নির্=না+লিপ=লেপন

করা+ক্ত—ট) ণ, ত্রি, যে কোন বিষয়ে লিপ্ত নয়, আসক্তি শূন্য। ব্য, পুং, মুনি, কৃষ্ণ।

নির্লেপ, (নির্—উপর+লেপ=লেপন) ণ, ত্রি, লিপ্ত। ব্য, পুং, মুনি, (নির্ =না+লেপ=লেপন ; ৬.হ) ণ, ত্রি, কোন বিষয়ে লিপ্ত নয়, লেপনশূন্য, অনাসক্ত।

নির্লোড়িত, (নির্+লুড়=মন্থনকরা +ক্ত—ট) ণ, ত্রি, আলোড়িত, বিবেচিত, বিচারিত, আলোচিত, দৃষ্ট। [বংশহীন, অপুত্রক।

নির্ব্বংশ, (নির্+বংশ ; ৬.হ) ণ, ত্রি,

নির্ব্বচন, (নির্—নিশ্চয়+বচন=কথন) ব্য, ন, বর্ণন, নিরুক্তি, নিশ্চয় কথন, ব্যাখ্যা, মীমাংসা।

নির্ব্বপণ, (নির+বপ=[বুনা] দানকরা+অনট—ভাব) ব্য, ন, দান, পিতৃলোকের উদ্দেশে অন্ন বস্ত্রাদি দান, অন্নাদি পরিবেশন।

নির্ব্বয়নী, ব্য, স্ত্রী, অহিনির্ম্মোক, সাপের খোলস।

নির্ব্বর্ণন, (নির+বর্ণ=বর্ণনাকরা, দেখা+অনট—ভাব) ব্য, ন, দর্শন, অবলোকন, বিশেষরূপে বর্ণনা করণ।

নির্ব্বর্ত্তক, (নির্+বৃৎ+ণক—ম) ণ, ত্রি, যে কার্য্যাদি নির্ব্বাহ করে, সম্পাদক।

নির্ব্বর্ত্তন, (নির+বৃৎ=[হওয়া] নিষ্পন্নকরা+অনট—ভাব) ব্য, ন, নিষ্পাদন, সম্পাদন।

নির্ব্বর্ত্তিত, (নির+বৃৎ+ক্ত—ট) ণ, ত্রি, নিষ্পাদিত, সম্পাদিত।

নির্ব্বর্ষপ্রদেশ, পুং, বর্ষাশূন্য দেশ, যে প্রদেশে বৃষ্টি হয় না।

নির্ব্বর্হণ, (নির্+বর্হ=হিংসাকরা+ অনট—ভাব) ব্য, ন, বিনাশ, মারণ।

নির্ব্বহণ, (নির্=বাহিরে+বহ=বহন করা+অনট—ভাব) ব্য, ন, নির্ব্বাহ, নাটকের সন্ধিবিশেষ।

নির্ব্বাচন, (নির্=নিশ্চয়+বাচি= বলান+অনট—ভাব) ব্য, ন, নিরূপণকরণ, বাছিয়া বাহির করণ।

নির্ব্বাচ্য, (নির্=না+বাচ্য=কথ্য) ণ, ত্রি, নিরূপণীয়, ব্যাখ্যেয়, অনিন্দনীয়।

নির্ব্বাণ, (নির্+বা=[বহা] নাশকরা ইত্যাদি+ক্ত) ব্য, ন, মোক্ষ, নাশ, শান্তি, নিবৃত্তি, অস্তগমন, বিরাম, নিবিয়া যাওয়া, হস্তীর স্নান, মিলন, শূন্য। ণ, ত্রি, নিশ্চল, মুক্ত, প্রশমিত, শূন্য, যাহা নিবিয়া গিয়াছে, নিবৃত্ত, শান্ত, নিমগ্ন, অস্তগত, বিশ্রান্ত, নষ্ট। [নির্ব্বাণোন্মুখ।

নির্ব্বাণভূয়িষ্ঠ, ণ, ত্রি, নির্ব্বাণপ্রায়,

নির্ব্বাত, (নির্=না+বাত ; ৭ হ) ণ, ত্রি, বায়ুশূন্য, অচঞ্চল, স্থির।

নির্ব্বাদ, (নির্=নিন্দিত+বাদ=কথন) ব্য, পুং, নিন্দা, অবজ্ঞা, কলহ, অপবাদ।

নির্ব্বাপ, নিবাপ, (নির্, নি+বাপ= [বপন করা] দানকরা+ঘঞ— ভাব) ব্য, পুং, মৃত ব্যক্তির উদ্দেশে দান, পিতৃদান, নিবাইয়া দেওয়া।

নির্ব্বাপক, (নির্+বাপি=গমনকরান, বিনাশ করান+ণক—ম) ণ ত্রি, যে নিবাইয়া দেয়, বিনাশক।

নির্ব্বাপণ, (নির্+বাপি=গমন করান +অনট—ভাব) ব্য, ন, বধ, নাশ, দান, নিবাইয়া দেওন, সুধীকরণ।

নির্ব্বাপিত, (নির+বাপি+ক্ত—ট) ণ, ত্রি, নাশিত, দত্ত, নির্ব্বাণপ্রাপিত।

নির্ব্বাসক, (নির্+বাসি=বাস করান +ণক—ম) ণ, ত্রি, যে নির্ব্বাসন করে, নির্ব্বাসনকারী।

নির্ব্বাসন, (নির্=বাহিরে+বাসি= বাসকরান+অনট—ভাব) ব্য, ন,

দেশান্তরীকরণ, অপরাধ হেতু স্বদেশ হইতে বহিষ্করণ, বিনাশ, বধ, দূরীকরণ।

নির্ব্বাসিত, (নির্+বাসি+ক্ত—চ) ণ, ত্রি, বিবাসিত, দেশাদি হইতে তাড়িত, বহিষ্কৃত।

নির্ব্বাহ, (নির্+বহ=[বহনকরা] সম্পন্ন করা+ঘঞ—ভাব) ব্য, পুং, সম্পাদন, নিষ্পত্তি, সমাপ্তি।

নির্ব্বাহক, (নির্+বাহি+ণক—ষ) ণ, ত্রি, নিষ্পাদক, নির্ব্বাহকারক, সম্পাদক। [অনিবৃত্তি।

নির্ব্বাহচল, ব্য, পুং, বৃত্তিব্যাঘাত,

নির্ব্বাহণ, ব্য, ন, নির্ব্বহণ, নাট্যোক্তির প্রস্তুত কথা সমাপ্তি।

নির্ব্বাহিত, (নির্+বাহি=[বহনকরান], সম্পন্নকরান+ক্ত—চ) ণ, ত্রি, যাহা সম্পন্ন হইয়াছে, সম্পাদিত, নিষ্পাদিত।

নির্ব্বিকল্প, নির্ব্বিকল্পক, (নির্=না+বিকল্প) ণ, ত্রি, বিকল্পরহিত, বিশেষ্য-বিশেষণতা-সম্বন্ধশূন্য। ব্য, ন, নির্ব্বিকল্পক জ্ঞান, বিশেষ্য বিশেষণ সম্বন্ধশূন্য জ্ঞান।

নির্ব্বিকার, (নির্=না+বিকার=বিকৃতি, প্রকৃতির অন্যথাভাব) ণ, ত্রি, বিকারশূন্য, অবিকৃত।

নির্ব্বিঘ্ন, (নির্=না+বিঘ্ন=বাধা) ব্য, ন, বিঘ্নের অভাব, বিঘ্ন না থাকা। ণ, ত্রি, বিঘ্নরহিত, বাধাশূন্য।

নির্ব্বিণ্ণ, নির্ব্বিন্ন, (নির্+বিদ্=[জানা] খেদকরা+ক্বিপ, ক্ত—ষ) ণ, ত্রি, খিন্ন, দুঃখিত, ভয় বা শোক বশতঃ অত্যন্ত কাতর, নির্ব্বেদবিশিষ্ট।

নির্ব্বিন্ধ্যা, (নির্=হইতে+বিন্ধ্য=পর্ব্বতবিশেষ) ব্য, স্ত্রী, বিন্ধ্যপর্ব্বত হইতে নিঃসৃতা নদীবিশেষ।

নির্ব্বিবেক, (নির্=না+বিবেক=বিবেচনা; ৬.হ) ব্য, পুং, হিতাহিত জ্ঞান। ণ, ত্রি, বিবেচনারহিত, অবিবেকী, হিতাহিত জ্ঞানশূন্য।

নির্ব্বিভেদ, (নির্=না+বিভেদ=ভেদ) ণ, ত্রি, অভিন্ন, ভেদরহিত।

নির্ব্বিশঙ্ক, (নির্=না+বিশঙ্কা=ভয়; ৬.হ) ণ, ত্রি, নিঃশঙ্ক, নির্ভয়।

নির্ব্বিশেষ, (নির্=না+বিশেষ=প্রভেদ) ণ, ত্রি, প্রভেদরহিত, অভিন্ন। ক্রি—ণ, বিশেষ ব্যতিরেকে।

নির্ব্বিষয়, (নির্+বিষয়) ণ, ত্রি, যাহা ইন্দ্রিয়ের গ্রাহ্য নয়, চক্ষুঃকর্ণাদি বহিরিন্দ্রিয়ের অগোচর।

নির্ব্বিষা, (নির্=নাই, শূন্য+বিষ) ব্য, স্ত্রী, যে বিষশূন্য করে, বিষনাশক তৃণবিশেষ।

নির্ব্বিষ্ট, (নির্+বিশ=প্রবেশকরা, উপভোগ করা+ক্ত—চ) বি, ত্রি, প্রাপ্ত, লব্ধ, অনুভূত, উপভুক্ত, পুষ্ট, স্থিত, বিবাহিত।

নির্ব্বীর, (নির্=না+বীর=যোদ্ধা) ণ, ত্রি, বীরশূন্য। রা—স্ত্রী, পতিপুত্র বিহীনা স্ত্রী, অবীরা।

নির্ব্বীর্য্য, (নির্=না+বীর্য্য=তেজ) ণ, ত্রি, বীর্য্যহীন, বলশূন্য, নিস্তেজ।

নির্ব্বুদ্ধি, (নির্+বুদ্ধি; ৬.হ) ণ, ত্রি, বুদ্ধি শূন্য, নির্ব্বোধ, বোকা।

নির্ব্বৃত, (নির্+বৃ=বরণকরা, সন্তুষ্ট হওয়া ইত্যাদি+ক্ত) ণ, ত্রি, সন্তুষ্ট, সুখিত।

নির্ব্বৃতি, (নির্+বৃ+ক্তি) ব্য, স্ত্রী, মৃত্যু, মুক্তি, শান্তি, সিদ্ধি, সন্তোষ, সুখ।

নির্ব্বৃত্ত, (নির্+বৃত=হওয়া, সিদ্ধহওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, নিষ্পন্ন, সম্পন্ন, সুসিদ্ধ, জাত।

নির্ব্বৃত্তি, (নির্+বৃত+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, সিদ্ধি, নিষ্পত্তি।

নির্ব্বৃষ্ট, (নির্=নিঃশেষে+বৃষ=বর্ষণ করা+ক্ত—চ) বি, ত্রি, নিঃশেষে বৃষ্ট

নির্ব্বেদ, (নির্+বিদ্=[জানা] আপনাকে হেয়জ্ঞানকরা+ঘঞ্—ভাব) ব্য, পুং, অবমাননা, আপনার প্রতি অভক্তি প্রদর্শন, আপনাকে ধিক্কার দেওয়া, অনুতাপ, বৈরাগ্য, ঔদাসীন্য।

নির্ব্বেশ, (নির্+বিশ্=প্রবেশ করা +ঘঞ্) ব্য, পুং, ভোগ, বিবাহ, মূর্চ্ছা, বেতন।

নির্ব্বাধন, (নির্=না বা নিশ্চয়+বাধন=পীড়ন, ভয়) ব্য, ন, ছিদ্র, গর্ত্ত, বিবর, দুঃখ, অতিশয় পীড়ন, অত্যন্ত ক্লেশদেওন। [সুক।

নির্ব্যপেক্ষ, ণ, ত্রি, নিরপেক্ষ, নিস্পৃ-

নির্ব্যাজ, (নির=না+ব্যাজ=কপট, ছল) ণ, ত্রি, অকপট, ব্যাজরহিত, ছলশূন্য।

নির্ব্যূঢ়, (নির্+ব্যূঢ়=সাজান) ণ, ত্রি, নিশ্চিত, প্রমাণ দ্বারা নির্ণীত, সম্যক্, সমাপ্ত, ত্যক্ত, পর্য্যাপ্ত।

নির্হরণ, (নির্=নিঃশেষ+হরণ) ব্য, ন, শবদাহ, শবাদি বহির্নয়ন, মড়াবাহির করণ, নিঃশেষে হরণ, নিষ্কাসন।

নির্হার, (নির্=বাহির+হৃ=হরণকরা +ঘঞ্—ভাব) ব্য, পুং, বাহিরকরণ, অগ্নিদাহ, শল্যাদির উৎপাটন, মলমূত্রাদিত্যাগ, শবদাহ, শবাদিবহির্নয়ন, অভাবকর্ষণ, যথেষ্টবিনিয়োগ, ঘর্ম্মনিঃসরণ, সম্পত্তি, দূরপ্রসারিত সুগন্ধ।

নির্হারী, (নির্হার+ইন্) ণ, ত্রি, অতি বিস্তৃত, নির্হারকারী ধনী, বহুদূরব্যাপক গন্ধবিশিষ্ট। [cardia.)

নির্হ্রদক, ব্য, মৎস্যবিশেষ, (Lepto-

নির্হেতি, (নির্+হেতি=শস্ত্র) ণ, ত্রি, নিরস্ত্র, নিরায়ুধ।

নির্হ্রাদ, (নির্+হ্রদ্=শব্দকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, নিনাদ, ধ্বনি, রব।

নিলয়, (নি+মধ্যে+লী=আলিঙ্গন করা, লীনহওয়া+অল্—যে) ব্য, পুং, গৃহ, বাসস্থান, আশ্রয়।

নিলয়ন, (নি+লী+অনট্—ভাব) ব্য, ন, বাসস্থান, গৃহ, লীন হওয়া, নাশ, মোক্ষপ্রাপ্তি। [বিশেষ।

নিলাম, (দেশজ) ব্য, বিক্রয় রীতি-

নিলিম্প, (নি=ভিতর বা উপর+লিম্প=লেপন করা+শ) ব্য, পুং, দেবতা। ম্পা—স্ত্রী, গাভী। [রথী।

নিলিম্পনির্ঝরী, ব্য স্ত্রী, গঙ্গা, ভাগী-

নিলিম্পিকা, ব্য, স্ত্রী, গাভী।

নিলীন, (নি+লী=আলিঙ্গনকরা, লীন হওয়া+ক্ত—ম; নিপাতন) ণ, ত্রি, বেষ্টিত, জড়িত, নিমগ্ন, বিনষ্ট, অবস্থিত, পরিবর্ত্তিত, লগ্ন, সংলগ্ন; সম্পূর্ণ রূপে মিশিয়া যাওয়া, বিঃশেষে লীন, মোক্ষপ্রাপ্ত।

নিবপন, (নি+বপ+অনট্—ভাব) ব্য, ন, পিতৃলোকের উদ্দেশে দান; শ্রাদ্ধ।

নিবরা, (নি=নাই+বর=স্বামী ; ব,ব্র) ব্য, স্ত্রী, কুমারী, অবিবাহিতা, অনূঢ়া।

নিবৃত্ত, (নি+বৃত্=[হওয়া]ক্ষান্ত হওয়া+অল্—ম) ণ, ত্রি, নিবৃত্ত, ক্ষান্ত, বিরত।

নিবর্ত্তন, (নি+বৃত্+অনট্—ভাব) ব্য, ন, বিরাম, প্রত্যাবর্ত্তন, নিবৃত্তি, পুনরাগমন, ফিরাইয়া আনা, প্রত্যর্পণ, নিবারণ, বিংশতি-বংশপরিমিত ভূমি।

নিবর্ত্তিত, (নি+বর্ত্তি=[হওয়ান] ক্ষান্ত করান+ক্ত—ঢ) ণ, ত্রি, প্রত্যাকৃষ্ট, প্রত্যাবর্ত্তিত, যাহাকে ফিরাইয়া আনা হইয়াছে, নিবারিত।

নিবর্হণ, (নি+বর্হ্=আচ্ছাদনকরা, নাশ করা+অনট্—ভাব) ব্য, ন, উচ্ছেদসাধন, বিনাশ, মারণ, বধ, অপসারণ।

নিবর্হিত, (নি+বর্হ+ক্ত—চ) ণ, ত্রি, বিনাশিত, অপসারিত, নিহত, অপহৃত।

নিবসতি, (নি=মধ্যে+বস=বাসকরা +ক্তি) ষ্য, স্ত্রী, গৃহ, বাসস্থান।

নিবসথ, (নি=মধ্যে+বস্=বাসকরা+ অথ) ষ্য, পুং, লোকালয়, গ্রাম।

নিবসন, (নি=মধ্যে+বস=বাসকরা+ অনট্—ভাব, ডে) ষ্য, ন, নিবাস, গৃহ। (নি+বস্=আচ্ছাদনকরা+ অনট্—ধ) বস্ত্র, পরিচ্ছদ।

নিবহ, (নি=সর্ব্বদা+বহ্=বহন করা, পাওয়া+অল্) ষ্য, পুং, সমূহ, রাশি, পুঞ্জ, সপ্ত বায়ুর অন্তর্গত বায়ু-বিশেষ।

নিবাত, (নি=না+বাত=বায়ু ; ৭.ব) ষ্য, পুং, দৃঢ় কবচ, শস্ত্র দ্বারা অভেদ্য বর্ম্ম, আশ্রয়, নিবাস, বাতশূন্য স্থান। ণ, ত্রি, দৃঢ়বর্ম্মসন্নদ্ধ, নির্ব্বাত, নিরাপদ

নিবাতকবচ, ষ্য, পুং, মহাবল পরাক্রান্ত তিন কোটি অসুর, দৈত্যবিশেষ, হিরণ্যকশিপুর পৌত্র, প্রহ্লাদের পুত্র।

নিবাপ, (নি+বপ্+ঘঞ) ষ্য, পুং, মৃতোদ্দেশে দান, পিতৃদান, পিতৃতর্পণ, শ্রাদ্ধতর্পণ, পিণ্ডদানাদি, দানমাত্র।

নিবার, (নি+বৃ=আচ্ছাদন করা+ ঘঞ্—ভাব) ষ্য, পুং, নিবারণ, প্রতিবন্ধক, প্রতিরোধ।

নিবারণ, (নি+বারি=আচ্ছাদন করা +অনট্—ভাব) ষ্য, ন, নিষেধ, বারণ, নিরাকরণ, প্রতিবন্ধ।

নিবারণীয়, নিবার্য্য,(নি+বৃ+অনীয়,য —চ)ণি,ত্রি,নিবারণ করিবার যোগ্য।

নিবারিত, (নি+বারি+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে বারণ করা হই য়াছে, প্রতিষিদ্ধ।

নিবাস, (নি=মধ্যে+বস্=বাসকরা +ঘঞ্—ডে) ষ্য, পুং, গৃহ, বসতি-স্থান, আবাস।

নিবাসী, (নি+বস্+ইন্—ক) ণ, ত্রি, যে বাস করে, বাসকারী।

নিবিড়, (নি=না+বিল=ছিদ্র, ফাঁক ; ল স্থানে ড়) ণ, ত্রি, নিরবকাশ, সান্দ্র, ঘন, নিরন্ধ্র, গুরু, দৃঢ়।

নিবিড়ীষ, (নি+বিড়ীষ) ণ, ত্রি, নিবিড়, সান্দ্র, বক্রনাসিক, অসম্পূর্ণ, উন্নতানত।

নিবিরীস, ণ, ত্রি, ঘন, নিবিড়।

নিবিষ্ট, (নি+বিশ=প্রবেশ করা+ ক্ত—ম) ণ, ত্রি, নিবেশযুক্ত, সংলগ্ন, প্রবিষ্ট, প্রাপ্ত, লব্ধ, মনঃসংযোগান্বিত, আবিষ্ট, মনোযোগী, নিমজ্জিত, উপবিষ্ট।

নিবীত, (নি+ব্যে=আচ্ছাদনকরা+ ক্ত) ষ্য, ন, কণ্ঠলম্বিত যজ্ঞসূত্র, উত্তরীয় বস্ত্র, আচ্ছাদন বস্ত্র, উড়ানি, ঘোমটা। ণ,ত্রি, আচ্ছাদিত, ঢাকা, প্রাবৃত।

নিবীতী, (নিবীত+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, নিবীতযুক্ত, যাহার কণ্ঠদেশে যজ্ঞসূত্র (পৈতা) ঝুলিতে থাকে।

নিবৃত, (নি+বৃ=আবরণ করা, বেষ্টন করা+ক্ত—ধ, চ) ষ্য, ন, আচ্ছাদন-বস্ত্র, উড়ানি, উত্তরীয় বস্ত্র। ণ, ত্রি, আচ্ছাদিত, পরিবেষ্টিত, নিবীত।

নিবৃত্ত, (নি+বৃৎ=[বিদ্যমান থাকা] ক্ষান্তহওয়া+ক্ত—ম) ণ,ত্রি, বিরত, বাধিত, দমিত, ক্ষান্ত, সংশোধিত, প্রত্যাবৃত্ত, সমাপিত, গত, চলিত। ষ্য,ন,নিবৃত্তি।[পরাঙ্মুখ। ষ্য,পুং,বিষ্ণু।

নিবৃত্তাত্মা,(নিবৃত্ত+আত্মা; ৬.ব) ণ,ত্রি,

নিবৃত্তি, (নি+বৃত+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, উপরম, বিরতি, বিরাম, ক্ষান্তি, বিশ্রাম, উপশম, থামা, সমাপন, অস্বীকার, সাংসারিক কার্য্য হইতে বিরতি।

নিবেদন, (নি+বেদি=জানান+অনট্

—ভাব) ব্য,ন, আবেদন, বিজ্ঞাপন, জানান, সমর্পণ, উৎসর্গ।

নিবেদিত, (নি+বেদি+ক্ত—চ) ণ, ত্রি, জ্ঞাপিত, প্রার্থিত, সমর্পিত, দত্ত, সূচিত।

নিবেদ্য, (নি+বেদি+য—চ) ণ, ত্রি,জ্ঞাপনীয়,নিবেদনার্হ, সমর্পণীয়।

নিবেশ, (নি+বিশ=প্রবেশকরা+ ঘঞ্—ডে, ভাব) ব্য, পুং, শিবির, সৈন্যবিন্যাস, বিবাহ, নিবেশন, প্রবেশ,বৃদ্ধ, স্থান, অর্পণ, উপবেশন, মনোযোগ।

নিবেশন, (নি+বিশ+অনট—ডে, ভাব) ব্য, ন, গৃহ, উপবেশন, নগর, প্রবেশ, লিখন।

নিবেশিত, (নি+বেশি=প্রবেশকরান +ক্ত—চ) ণ, ত্রি, স্থাপিত, বিন্যস্ত, নিবিষ্ট, প্রবেশিত, সংক্রামিত, প্রেরিত।

নিব্যূঢ়, (নি+ব্যূঢ=শ্রেণীবদ্ধ) ব্য, ন, অতিনিবেশ, নিরন্তর চেষ্টা।

নিশ্, ব্য, স্ত্রী, নিশা, রাত্রি।

নিশঠ, ব্য, পুং, বলরামের পুত্র। ণ, ত্রি, অকপট, সাত্ত্বিক।

নিশমন, (নি+শম=[শান্ত হওয়া] দেখা, শুনা+অনট—ভাব) ব্য, ন, দর্শন, শ্রবণ।

নিশা, নিশ্, (নি+শো=মনুষ্যগণকে নিদ্রাদ্বারা নূতন করা ; অথবা নিশ্ =চিন্তা করা, তীক্ষ্ণকরা+কিপ—ব, আ) ব্য, স্ত্রী, রাত্রি, রজনী, হরিদ্রা, দারুহরিদ্রা ; মেষ, বৃষ, মিথুন, কর্কট, ধনু ও মকর লগ্ন।

নিশাকর, (নিশা=রাত্রি+কর=কিরণ ; ৬.হঃ অথবা,নিশা=রাত্রি+কৃ=করা+ অল্—ক) ব্য, পুং, চন্দ্র, কুক্কুট।

নিশাচর, (নিশা+চর=যে চরে, ৭-ষ) ব্য, পুং, রাক্ষস, শৃগাল, পেচক, সর্প, চক্রবাক, পিশাচ, ভূত, চোর, প্রহরী। ণ,ত্রি, রাত্রিচর মাত্র। রী—স্ত্রী, রাক্ষসী, পিশাচী, অভিসারিকা, বেশ্যা, সুগন্ধদ্রব্যবিশেষ।

নিশাচর্ম্ম, (নিশা=রাত্রি+চর্ম্মন্= চাম) ব্য, ন, অন্ধকার।

নিশাজল, (নিশা=রাত্রি+জল) ব্য, ন, হিম, শিশির, নিহার, তুষার।

নিশাট, (নিশা=রাত্রি+অট=যে গমন করে) ব্য, পুং, পেচক, নিশাচর, ভূত।

নিশাটক, ব্য, পুং, গুগ্গুল্।

নিশাটন,(নিশা+অট+অন) ব্য,পুং, পেচক, পেঁচা, ভূতাদি।

নিশাত,(নি+শো=তীক্ষ্ণকরা+ক্ত—চ) ণ,ত্রি, শাণিত, তীক্ষ্ণীকৃত, নিশিত।

নিশাদ, (নি+শদ্=পতিত হওয়া+ ঘঞ্) ব্য, পুং, চণ্ডাল, নিশাদক। দী—স্ত্রী, চণ্ডালী।

নিশাদি, (নিশা+আদি=আরম্ভ) ব্য, স্ত্রী, সন্ধ্যাকাল, গোধূলিসময়, বিকাল।

নিশান, (নি+শো=তীক্ষ্ণকরা+অনট —ভাব) ব্য, ন, তীক্ষ্ণীকরণ। (যাবনিক) ব্য, ধ্বজা।

নিশান্ত, (নি+শম্=শান্ত হওয়া+ক্ত ; কিম্বা নিশা+অম=গমনকরা+ক্ত) ব্য, ন, গৃহ, ভবন। (নিশা+অন্ত= শেষ) পুং, রাত্রিশেষ, প্রাতঃকাল। ণ, ত্রি, শান্ত, অক্ষুব্ধ।

নিশাপতি, (নিশা+পতি, ৬-ষ) ব্য, পুং, চন্দ্র, কর্পূর।

নিশাপাল,ব্য,পুং, প্রহরী, চৌকীদার।

নিশাপুষ্প, ব্য,ন, কুমুদ, নীহার।

নিশামণি, (নিশা=রাত্রি+মণি=রত্ন) ব্য, পুং, চন্দ্র।

নিশামন, (নি+শামি=[শম+ণিচ্] শান্তকরান+অনট—ভাব) ব্য, ন, পুনঃপুনঃ দর্শন, আলোচন, শ্রবণ, ছায়া, অতীত বিষয় স্মরণ।

নিশামৃগ, (নিশা=রাত্রি+মৃগ=পশু) ব্য, পুং, শৃগাল।

নিশারণ, (নি+শারি=বধ করান+ অনট—ভাব) ব্য, ন, মারণ, বধ। (নিশা=রাত্রি+রণ=যুদ্ধ) রাত্রিযুদ্ধ।

নিশারত্ন, (নিশা=রাত্রি+রত্ন=মণি) ব্য, ন, চন্দ্র। [তালবিশেষ।

নিশারুক, ব্য,পুং, রূপকভেদ, বাদ্যের

নিশাবন, ব্য, ন, শণ।

নিশাবেদী, (নিশা=রাত্রি+বেদিন যে জানে) ব্য, পুং, কুক্কুট।

নিশাহস, (নিশা+হস=যে হাস্য করে) ব্য, পুং, কুমুদ, শ্বেতপদ্ম, রাত্রিকালে ইহা প্রস্ফুটিত হয়।

নিশাহ্বা, (নিশা+আহ্বা=নাম) ব্য, স্ত্রী, হরিদ্রা, হলুদ।

নিশিত, (নি+শো=তীক্ষ্ণকরা+ক্ত—ক) ণ, ত্রি, শাণিত, তীক্ষ্ণীকৃত। ব্য, ন, লৌহ।

নিশিপুষ্পা, নিশিপুষ্পী, ব্য, স্ত্রী শেফালিকা, শিউলী।

নিশীথ, (নি=সর্ব্বদা+শী=শয়ন করা+থ) ব্য, পুং, অর্দ্ধরাত্র, রাত্রিমাত্র।

নিশীথিনী, নিশীথ্যা, (নিশীথ+ইন ব—অস্ত্যর্থে) ব্য,স্ত্রী, রাত্রি, রজনী।

নিশুম্ভ, (নি+শুম্ভ=বধকর+অল্) ব্য, পুং, শুম্ভদৈত্যের কনিষ্ঠ ভ্রাতা, বধ, মর্দ্দন। [ব্য, ন, হনন, বধ।

নিশুম্ভন, (নি+শুম্ভ+অনট্—ভাব)

নিশুম্ভমর্দ্দিনী, (নিশুম্ভ=দৈত্য বিশেষ +মর্দ্দিনী=বিনাশিনী) ব্য, স্ত্রী, দুর্গা, ভগবতী।

নিশৈত, (নিশা=রাত্রিতে+ইত=গত) ব্য, পুং, বকপক্ষী।

নিশ্চয়, (নির্=নিশ্চয়+চি=একত্র করা+অল্) ব্য, পুং, নিশ্চয়জ্ঞান, নির্ণয়, অসংশয়, ব্যবসায়, সঙ্কল্প, সিদ্ধান্ত, পরিচ্ছেদ, অলঙ্কারবিশেষ; অন্যবস্তুর নিষেধ দ্বারা প্রকৃত বস্তুর স্থাপন।

নিশ্চল, (নির্=না+চল=যে চলে) ণ, ত্রি, অচল, স্থির। লা—স্ত্রী, অচলা, পৃথিবী, শালপর্ণী।

নিশ্চায়ক, (নির্+চি+ণক—ক) ণ, ত্রি, নির্ণায়ক, নিশ্চয়কারক।

নিশ্চারক, (নির্=না+চর্=গমনকরা+ণক) ব্য, পুং, বায়ু, স্বাস্থ্য।

নিশ্চিত, (নির্+চি+ক্ত—ক) ণ, ত্রি, নির্ণীত, নিঃসন্দিগ্ধ, পরিজ্ঞাত। ক্রি—ণ, নিশ্চয়রূপে। ন, নিশ্চয়।

নিশ্চিন্ত, (নির্=না+চিন্তা; ৬,ব) ণ, ত্রি, চিন্তাশূন্য, নিরুদ্বেগ, সুস্থির।

নিশ্চেষ্ট, (নির্=না+চেষ্টা=যত্ন; ৬,ব,) ণ, ত্রি, চেষ্টাবর্জ্জিত, গতিশক্তিরহিত, অলস।

নিশ্চুক্কণ, (নির্+চুক্ক=ক্লেশ দেওয়া, মার্জ্জন+অনট্—ণ) ব্য, ন, মিসি, দন্তশাণ।

নিশ্বসিত (নির্=বাহির+শ্বস্=নিশ্বাস প্রশ্বাস ফেলা+ক্ত—ক, ভাব) ণ,ত্রি, যে নিশ্বাস ফেলিয়াছে। ব্য,ন, নিশ্বাস

নিশ্বাস, (নির=বাহির+শ্বস্+ঘঞ) ব্য, পুং, বহির্মুখশ্বাস, প্রাণবায়ু, উচ্ছ্বাসন, নাসাগতবায়ু।

নিষক্ত, (নি+সন্জ্=সংলগ্ন হওয়া+ক্ত—ক) ণ, ত্রি, সংযুক্ত, সংলগ্ন, সংক্রান্ত, সম্বদ্ধ, সমাশ্লিষ্ট।

নিষঙ্গ, (নি+সঞ্জ=আলিঙ্গন করা+ঘঞ—ভে) ব্য, পুং, বাণের পাত্র, তূণীর, সংসর্গ, সম্মিলন।

নিষঙ্গথি, (নিষঙ্গ+থি) ব্য, পুং, আলিঙ্গন-কর্ত্তা, রথ, স্কন্ধ, তূণ, সারথি।

নিষঙ্গী, (নিষঙ্গ+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, বাণধারী, তূণীরবান্, ধনুর্দ্ধারী, ধানুষ্ক। [পুং, ধনুর্দ্ধারী, ধানুষ্ক

নিষঙ্গীন, (নিষঙ্গ+ঈন—অস্ত্যর্থে) ব্য

নিষণ্ণ, (নি+সদ্—গমনকরা+ক্ত—ত) ণ, ত্রি, উপবিষ্ট, স্থাপিত, নিবেশিত, স্থিত, বিভ্রান্ত, অবসন্ন, উৎকণ্ঠিত। [নিষাদ-স্বর।

নিষদ, (নি+সদ+অল্) ষ্য, পুং,

নিষদ্বর, (নি+সদ=গমন করা+বর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, কর্দম, কাদা। স্ত্রী—স্ত্রী, রজনী, রাত্রি।

নিষদ্যা, (নি+সদ্—গমনকরা+ক্যপ্) ষ্য, স্ত্রী, পণ্যবিক্রয়শালা, হাট, বাজার প্রভৃতি, ক্ষুদ্র খট্টা, ছোট খাট।

নিষধ, (নি—সর্ব্বদা+সদ্—গমনকরা অল্; দ—ধ) ষ্য, পুং, ইলাব্রতের দক্ষিণস্থ পর্ব্বত বিশেষ, দেশবিশেষ, ভারতবর্ষের দক্ষিণপূর্ব্ব ভাগ, নিষাদস্বর, নিষধদেশের রাজা। পুং, বহুং, নিষধদেশীয় লোক। ণ, ত্রি, কঠিন, নিবেষ্ট।

নিষাদ, (নি+সদ্+ঘঞ্) ষ্য, পুং, বেন শরীরোদ্ভব জাতিবিশেষ, চণ্ডাল, ধীবর, ব্যাধ, সপ্তস্বরান্তর্গত স্বরবিশেষ। দী—স্ত্রী, চাণ্ডালী, নিষাদপত্নী।

নিষাদী, (নি+সদ্—গমনকরা+ণিন্—ণ) ষ্য, পুং, হস্তিপক, হস্ত্যারোহী, মাহুত। (নিষাদ্+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, নিষণ্ণ, উপবিষ্ট, স্থিত।

নিষিক্ত, (নি+সিচ্—জলাদি সেককরা+ক্ত—ত) ণ, ত্রি, জলাভিষিক্ত।

নিষিদ্ধ, (নি+সিধ্—সম্পন্নকরা+ত—ত) ণ, ত্রি, প্রতিষিদ্ধ, নিবারিত, প্রত্যাখ্যাত, বারিত।

নিষুপ্ত, (নি+স্বপ্—নিদ্রিতহওয়া+ক্ত—ত) ণ, ত্রি, নিদ্রিত।

নিষূদন, নিসূদন, (নি+সূদ্—বধকরা+অনট্—ভাব) ষ্য, ন, হত্যা, বধ, মারণ, নিষেধ, নিবারণ। (নিষূদ+অন—ক) ণ, ত্রি, বিনাশক, মর্দ্দয়িতা।

নিষেক, (নি+সিচ্—সম্পন্নকরা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, উৎসর্গ, ক্ষরণ, মোক্ষণ, বর্ষণ, সেবন, সেচন, গর্ভাধান, আধান।

নিষেদিবান্, (নিষেদিবস্, নি+সদ্+ক্বসু) ণ, ত্রি, উপবিষ্ট, স্থিত, সমাসীন। ত্নষী—স্ত্রী, উপবিষ্টা, আসীনা।

নিষেধ, (নি+সিধ+ঘঞ্—ভাব) ষ্য, পুং, প্রতিষেধ, নিবৃত্তি, বিধিবিপরীত নিবারণ, বারণ, তিরস্কার, বাধা (Exception.)

নিষেধক, নিষেদ্ধা, (নি+সিধ+ণক, তৃন্—ক) ণ, ত্রি, নিবারক, যে নিবারণ করে।

নিষেবণ, (নি+সেব্—শুশ্রূষা করা+অনট্—ভাব) ষ্য, ন, সেবা, শুশ্রূষা, পরিচর্য্যা, অনুরাগ, ঔষধাদি পান।

নিষেবিত, (নি+সেব্+ক্ত—ত) ণ, ত্রি, সেবিত, আরাধিত, উপাসিত, আচরিত।

নিষ্ক, (নি+সদ্=গমনকরা+ক নিপাতন) ষ্য, পুং,—ন, মুদ্রা, মোহর, দীনার, বত্রিশ রতি পরিমিত স্বর্ণ, ১০৮ পল সুবর্ণ-পরিমাণ, সুবর্ণ, অলঙ্কার, উরোভূষণ, সোনা কাঞ্চন।

নিষ্কণ্টক, (নির্=না+কণ্টক—কাঁটা, প্রতিবন্ধক) ণ, ত্রি, নিরাপদ, কণ্টকরহিত।

নিষ্কণ্ঠ, ষ্য, পুং, বরুণবৃক্ষ।

নিষ্করুণ, (নির্=না+করুণা=দয়া, ৬-হ) ণ, ত্রি, নিষ্ঠুর, অকরুণ, ক্রূর।

নিষ্কর্ম্মা, (নির্=না+কর্ম্মন্=কার্য্য, ৬-হ) ণ, ত্রি, যাহার কোন কর্ম্ম নাই, অলস, নিশ্চেষ্ট, নিরুৎসাহ।

নিষ্কর্ষ, (নির্+কৃষ্=ভূমি চসা+ঘঞ্) ষ্য, পুং, নিশ্চয় বিশ্বাস, প্রমাণ, নিষ্পত্তি, সত্য।

নিষ্কর্ষণ, (নির্+কৃষ+অনট্—ভাব) ষ্য, ন, নিষ্পত্তিকরণ, মিটান, অপনয়ন, উদ্ধারণ, নিয়োজন, নিশ্চয়করণ।

নিষ্কল, (নির্=না+কলা=অংশ ; ৬.হ) ণ, ত্রি, কলাশূন্য, নষ্টবীর্য্য, নিরংশ, পূর্ণ, বন্ধ্য, নিষ্ফল, অসংশয়। লা, লী—স্ত্রী, নিবৃত্তরজস্কা স্ত্রী, যে স্ত্রীর রজোনিবৃত্তি হইয়াছে, বৃদ্ধা। ন, পরব্রহ্ম।

নিষ্কাম, (নির্=না+কাম=স্পৃহা) ণ, ত্রি, কামনারহিত, নিস্পৃহ। ন, ক্রি—ণ, অনিচ্ছা।

নিষ্কালক, ষ্য, পুং, মুণ্ডিত লোমা ঘৃতাক্ত দেহ প্রায়শ্চিত্তযোগ্য ব্যক্তি।

নিষ্কাশ, (নির্+কশ্=গমনকরা+ঘঞ্) ষ্য, পুং, বারাণ্ডা, বাতায়ন।

নিষ্কাশন, নিষ্কাসন, (নির্+কশ+অনট্—ভাব) ষ্য, ন, বহিষ্করণ, দূরীকরণ, নিঃসারণ, নির্ব্বাসন।

নিষ্কাশিত, নিষ্কাসিত, (নির্=বাহির+কাশি=গমনকরান+ক্ত—চ) ণ, ত্রি, দূরীকৃত, তাড়িত, নির্ব্বাসিত, নিঃসারিত, স্থাপিত, আহিত, অধিকৃত, বিকাশিত, প্রস্ফুটিত।

নিষ্কুট, (নির্=না+কুট=গৃহ) ষ্য, পুং, গৃহসমীপস্থ উপবন, ক্ষেত্র, কপাট, অবরোধ, অন্তঃপুর।—টা, টি, টী, (নির্=না+কুট=খোলা, আবরক—ক) স্ত্রী, এলা, বড় এলাইচ।

নিষ্কুভ, ষ্য, পুং, বৃক্ষবিশেষ, বরুণ বৃক্ষ।

নিষ্কুষিত, (নির্+কুষ্=নির্গতকরা+ক্ত—চ) ণ, ত্রি, নিষ্কাসিত, বহিষ্কৃত, আকৃষ্ট, নিঃসারিত, দূরীকৃত, নিষ্টীকৃত।

নিষ্কুহ, (নির্+কুহ্=বিস্ময়াপন্নকরা+অল্) ষ্য, পুং, বৃক্ষের কোটর।

নিষ্কৃতি, (নির্=না+কৃতি=কার্য্য) ষ্য, স্ত্রী, পরিত্রাণোপায়, নিস্তার, মুক্তি, অকৃতি, উপেক্ষা, ক্ষতিপূরণ, ঋণ পরিশোধকরণ।

নিষ্কৃষ্ট, (নির্+কৃষ্ট) ণ, ত্রি, নিশ্চিত, যথার্থ, ক্ষরিত, নিষ্পীড়িত, মর্দ্দিত।

নিষ্কোষণ, (নির্+কুষ্=নিষ্কোষ করা+অনট্—ভাব) ষ্য, ন, বহির্নিঃসারণ, নিষ্কাশন।

নিষ্ক্রম, (নির্=বাহির+ক্রম্=গমনকরা+অল্—ভাব) ষ্য, পুং, বহির্গম, বুদ্ধিবৃত্তি, শক্তি, দুষ্কুল, নীচতা, অবনতি, নিষ্ক্রমণসংস্কার।

নিষ্ক্রমণ, (নির্+ক্রম্+অনট্—ভাব) ষ্য, ন, বহির্গমন, চতুর্থমাস কর্ত্তব্য শিশুর নির্গমনরূপ সংস্কার।

নিষ্ক্রয়, (নির্=নিঃশেষ+ক্রী=ক্রয়করা+অল্) ষ্য, পুং, বেতন, ভাড়া, মূল্য, বুদ্ধিযোগ, সামর্থ্য, প্রত্যুপকার, নির্গমন, নিষ্কৃতি, বিনিময়।

নিষ্ক্রান্ত, (নির্+ক্রম্+ক্ত—চ) ণ, ত্রি, নির্গত, বহিষ্কৃত, নিঃসারিত, নিষ্ক্রমণকারী, যে বহির্গমন করে।

নিষ্ক্রামক, (নির্+ক্রম্=গমনকরা+ণিচ্+ণক) ণ, ত্রি, বহিষ্কারক, নিঃসারক।

নিষ্ক্রিয়, (নির্=না+ক্রিয়া=কার্য্য ; ৬.হ) ণ, ত্রি, নিরর্থক, ক্রিয়াশূন্য, জড়, নিষ্কর্ম্মা। ন, পরব্রহ্ম।

নিষ্কাথ, (নির্+ক্বথ্=পাক করিয়া ক্বাথ নিষ্কাশন, ক্বথ বাহির করা+ঘঞ্) ষ্য, পুং, মাংসাদির ক্বাথ, ঝোল।

নিষ্টনৎ, (নি+স্তন্=শব্দকরা+শতৃ) ণ, ত্রি, শব্দায়মান।

নিষ্টপ্ত, (নির্+তপ্ত) ণ, ত্রি, সুপক্ব, সুসিদ্ধ, উজ্জ্বল, নিক্ষিপ্ত।

নিষ্ট্য, ষ্য, পুং, ম্লেচ্ছজাতিবিশেষ।

নিষ্ঠ, (নি—নিতান্ত [illegible] + স্থা—থা-কা + ক্ত—ণ) ণ, ত্রি, স্থিত, বিশ্বস্ত, অনন্যচেষ্টা, তৎপর, অতিনিবিষ্ট, ধার্ম্মিক, মগ্ন।

নিষ্ঠা, (নি + স্থা—[থাকা] নিষ্পত্তিকরা ইত্যাদি + আ—ভাব) ব্য, স্ত্রী, নির্ব্বাহ, নিষ্পত্তি, নাশ, ধ্বংশ, অন্ত, শেষ, যাজ্ঞা, ধর্ম্মাদিতে শ্রদ্ধা, দৃঢ়-জ্ঞান, দৃঢ়ভক্তি, উৎকর্ষ, ব্যবস্থা, বিশ্বাস, ব্রতাদিক্লেশ, মনোযোগ, ক্ত ও ক্তবতু প্রত্যয়, নিশ্চয়স্থিতি।

নিষ্ঠান, (নি + স্থা = থাকা + অনট) ব্য, ন, চাটনি, তরকারি, ব্যঞ্জন, উপকরণ, মৃত্যু।

নিষ্ঠিত, (নির্ + স্থিত) ণ, ত্রি, স্থাপিত, প্রতিষ্ঠিত, নিশ্চিত, দৃঢ়ভক্তি-যুক্ত, অবগাহিত।

নিষ্ঠীব, নিষ্ঠেব নিষ্ঠীবন, নিষ্ঠেবন, ব্য, পুং, ন, (নি + ষ্ঠীব—থুথুফেলা + অল্, অনট) ব্য, পুং, শ্লেষ্মাদিত্যাগ, মুখজল, থুথু, লালা, থুথু ফেলা, ফেমা নিরসন, উদ্গীরণ।

নিষ্ঠীবনপাত্র, (নিষ্ঠীবন + পাত্র) ব্য, ন, পিক্‌দান।

নিষ্ঠুর, (নি + স্থা = থাকা + কুরচ্) ণ, ত্রি, ক্রূর, কর্কশ, নির্দ্দয়, কঠিন, নিদারুণ। ব্য, ন, পরুষবচন, কঠোর-বাক্য, অশ্লীলবাক্য।

নিষ্ঠ্যূত, (নি + ষ্ঠীব্—থুথু ফেলা + ক্ত —চ ; নিপাতন) ণ, ত্রি, প্রেরিত, নিক্ষিপ্ত, উদ্গীর্ণ, থুথু করিয়া ফেলা। ন, নিষ্ঠীবন। [ত্রি, কুশল, নিপুণ।

নিষ্ণ, (নি + স্না—স্নানকরা + ড) ণ,

নিষ্ণাত, (নি + স্না—স্নানকরা + ক্ত—ণ) ণ, ত্রি, প্রবীণ, বিচক্ষণ, বিজ্ঞ, নিপুণ, পটু, কুশল।

নিষ্পতন, (নির্—বাহির + পত—গমন করা + অনট—ভাব) ব্য, ন, নির্গমন, নিষ্ক্রমণ, নিঃসরণ।

নিষ্পত্তি, (নির্ + পদ—গমনকরা, [illegible] করা + ক্তি—ভাব) ব্য, স্ত্রী, সমাপ্তি, সিদ্ধি, সিদ্ধান্ত, মীমাংসা, [illegible] নিশ্চয়, পরিপাক, নির্ব্বাহ, [illegible]-পত্তি, আদেশ, পূরণ, নির্ম্মলন, অনু-পাত (Ratio.)

নিষ্পত্রাকৃতি, (নির্ + পত্র + আকৃতি) ব্য, স্ত্রী, অতিশয় শারীরিক পীড়া, দুর্ব্বিষহ ক্লেশ।

নিষ্পন্ন, (নির্ + পদ + ক্ত) ণ, ত্রি, সমাপ্ত, সিদ্ধ, নিবৃত্ত, সম্পন্ন, উৎপন্ন, আদিষ্ট।

নিষ্পরিগ্রহ, (নির্—না + পরিগ্রহ—অধীনস্থ ব্যক্তি, পত্নী) ব্য, পুং, পরিব্রাজক, পরমহংস, বানপ্রস্থ, যতি, সন্ন্যাসী। ণ, ত্রি, পত্নীশূন্য, পরিগ্রহশূন্য, বিষয়েনির্লিপ্ত, সংসারে আসক্তিশূন্য।

নিষ্পাদন, (নির্ + পাদি—গমনকরান + অনট—ভাব) ব্য, ন, নিষ্পত্তিকরণ, সিদ্ধান্তকরণ, সম্পাদন, সমাপন, নির্ব্বাহ, প্রতিজ্ঞাপূরণ।

নিষ্পাদিত, (নি + পাদি + ক্ত—চ) ণ, ত্রি, সম্পাদিত, নির্ব্বাহিত।

নিষ্পাদ্য, (নির্ + পাদি + য—চ) ণ, ত্রি, সম্পাদনীয়, সাধনীয়, নির্ব্বাহ করি-বার যোগ্য, উপপাদ্য।

নিষ্পাব, (নির্ + পূ—[তুষাদি অপনয়ন-করা] পবিত্রকরা + ঘঞ্—ভাব) ব্য, পুং, নিস্তুষীকরণ, ধান্যাদি নিস্তুষ করা, কড়ঙ্গর, আগড়া, কুলার বাতাস, শিম্বিকা। ণ, ত্রি, নির্ব্বিকল্প, নিশ্চিত।

নিষ্পিষ্ট, (নির্ + পিষ্ =চূর্ণকরা + ক্ত —চ) ণ, ত্রি, চূর্ণিত, মর্দ্দিত, [illegible] আহত, তাড়িত।

নিষ্পীড়ন, (নির্ + পীড়্—ক্লেশদেওয়া + অনট—ভাব) ব্য, ন, নিষ্পেষণ, নিঙ্-ড়ন।

নিপেষ, (নির্+পিষ+অল্—ভাব) ব্য, পুং, ঘর্ষণ, পেষণ, চূর্ণন, মর্দ্দন, নিপীড়ন।

নিষ্প্রতিভ, (নির্=না+প্রতিভা=দীপ্তি; ৬.হ) ণ, ত্রি, প্রতিভাশূন্য, দীপ্তিহীন, অজ্ঞ, মূর্খ, জড়।

নিষ্প্রত্যূহ, ণ, ত্রি, বাধাহীন, নির্বিঘ্ন, নিরাপদ।

নিষ্প্রভ, (নির্=না+প্রভা=তেজ; ৬.হ) ণ, ত্রি, প্রভারহিত, নিস্তেজ, অস্বচ্ছ।

নিষ্প্রয়োজন, (নির্+প্রয়োজন; ৬.হ) ণ, ত্রি, প্রয়োজনশূন্য, অকারণ নিরর্থক।

নিষ্প্রবাণ, নিষ্প্রবাণি, (নির্=নির্গত+প্রবাণী=তন্তুবায়শলাকা) ণ, ত্রি, নূতনবস্ত্র, নূতন তাঁত হইতে বহির্গত বস্ত্র।

নিষ্ফল, (নির্=না+ফল; ৬.হ) ণ, ত্রি, বিফল, ফলশূন্য, নিরর্থক। ব্য, পুং, নাড়াখড়।—লা,লী—স্ত্রী,বন্ধ্যা, ও নিবৃত্তরজস্কা নারী।

নিষ্যন্দ, নিস্যন্দ, (নি+স্যন্দ্=ক্ষরিত হওয়া+অল্—ভাব) ব্য, পুং, গলন, ক্ষরণ, চুয়ান, পতন, বর্ষণ, নির্ঝর। [পুং, নিশীথ, অর্দ্ধরাত্র।

নিঃসম্পাত, (নিঃসম্পাত দেখ) ব্য,

নিসর্গ, (নি=নিশ্চয়+সৃজ=সৃষ্টি করা+ঘঞ্) ব্য, পুং, প্রকৃতি, স্বাভাবিক অবস্থা, সৃষ্টি। [গাছ।

নিসিন্ধু, ব্য, পুং,সিন্ধুবারবৃক্ষ, নিসিন্দা

নিসূদন, (নি+সূদ্=বধকরা+অনট—ভাব) ব্য, ন, নিবর্হণ, বিনাশন, মারণ।

নিসৃতা, ব্য, স্ত্রী, ত্রিবৃতা, তেউড়ী।

নিসৃষ্ট, (নি+সৃজ=[সৃষ্টিকরা] ত্যাগ করা+ক্ত—চ) ণ,ত্রি, দত্ত, প্রেরিত, রক্ষিত, ত্যক্ত, সমর্পিত।

নিসৃষ্টার্থ, (নিসৃষ্ট=দত্ত+অর্থ=বিষয়) ব্য, পুং, দূতবিশেষ, যে প্রেরক ও প্রেরিকা উভয়ের অভিপ্রায় বুঝিয়া স্বয়ং উত্তর দানে সমর্থ, কার্য্যায়ক।

নিস্তনী, (নি+স্তন+ঈ—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, বটিকা, বড়ি।

নিস্তরণ, নিস্তার, (নির+তৃ=পারহওয়া+অনট—ঘঞ্—ণ, ভাব) ব্য ন, উপায়,কর্ম্মাদি সিদ্ধির হেতু, উদ্ধার, পারহওন সিদ্ধি, মুক্তি, বহির্গমন।

নিস্তব্ধ, (নি+স্তন্ভ=স্থিরহওয়া+ক্ত—ম) ণ, ত্রি, স্পন্দরহিত, নীরব, স্থির।

নিস্তর্হন, (নির্+তৃহ্=বধকরা+অনট—ভাব) ব্য, ন, বধ, হনন, বিনাশন।

নিস্তল, (নির্=না+তল=সমতল; ৬.হ) ণ, ত্রি, যাহার সমতল নাই, গোলাকার, বর্ত্তুল, তলশূন্য, চঞ্চল, নিম্ন। ব্য, ন, লী—স্ত্রী, বটিকা।

নিস্তারক, (নির্+তৃ+ণক—ম) ণ, ত্রি, উদ্ধারকর্ত্তা, ত্রাণকারক।

নিস্তারণ,(নির+তৃ+অন—ভাব) ব্য, ন, উদ্ধারকরণ। ত্রি, নিস্তারকর্ত্তা।

নিস্তারবীজ,ব্য,ন, সংসারতরণ কারণ।

নিস্তুষ, (নির্=না+তুষ) ণ, ত্রি, তুঁষরহিত, তুঁষ না থাকা, ছাঁটা, কাঁড়া।

নিস্তুষক্ষীর, (নিস্তুষ+ক্ষীর=দুগ্ধ) ব্য, পুং, গোধুমবিশেষ, দুগ্ধেগম।

নিস্তুষরত্ন, (নিস্তুষ+রত্ন=মণি) ব্য, ন, স্ফটিকোপল।

নিস্তুষিত, (নির+তুষ্=[নামধাতুজ] +ক্ত—চ) ণ, ত্রি, তুষহীন, নিস্তুষ করা, পরিষ্কৃত, লঘুকৃত, অবমানিত, পরিত্যক্ত।

নিস্তেজাঃ, (নির্+তেজস্; ৬.হ) ণ, ত্রি,তেজোহীন,নির্বীর্য্য, দুর্ব্বল।

নিস্ত্রপ, (নির+ত্রপা=লজ্জা; ৬.হ) ণ, ত্রি, লজ্জাহীন, নির্লজ্জ, বেহায়া।

নিস্ত্রিংশ, (নির্—বাহির + ত্রিংশৎ —ত্রিংশ+অল) ব্য, পুং, ত্রিংশৎ অঙ্গুলির অধিক পরিমাণ, খড়্গবিশেষ। ণ, ত্রি, নির্দয়, নিষ্ঠুর, কঠোরহৃদয়। [সিজ।

নিস্ত্রিংশ-পত্রিকা, ব্য, স্ত্রী, মুহীবৃক্ষ,

নিস্ত্রৈগুণ্য, (নির্—না + ত্রৈগুণ্য= গুণত্রয়) ণ, ত্রি. গুণত্রয়রহিত; সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিন গুণ বিবর্জ্জিত।

নিস্পন্দ, (নি + স্পন্দ=ঈষৎ কম্পিত হওয়া + অল) ণ, ত্রি, যাহা নড়িতে চড়িতে পারে না, স্পন্দরহিত, অচল, স্থির।

নিস্পৃহ, (নির্—না+স্পৃহা =বাঞ্ছা; ৬.হ) ণ. ত্রি. আকাঙ্ক্ষা রহিত, স্পৃহা বর্জ্জিত। [ক্ষরণ, গলন, চুয়ান।

নিস্যন্দ, (নি+স্যন্দ্ + অ) ব্য, পুং,

নিস্রব, নিস্রাব, (নি+স্রু—ক্ষরিত হওয়া+অল্, ঘঞ—ভাব) ব্য, পুং, ভাতের মাড়, ক্ষ্যান, বহির্গমন, গমন, ক্ষরণ।

নিস্বন, নিস্বান, (নি+স্বন্=শব্দকরা +অল্, ঘঞ—ভাব) ব্য, পুং, ধ্বনি, শব্দ।

নিহত, (নি=নিশ্চয় + হন=বধকরা ক্ত—চ) ণ, ত্রি, বিনাশিত, হত, মারিত। [ব্য, ন, হত্যা, বধ।

নিহনন, (নি + হন + অনট—ভাব)

নিহন্তা, (নি+হন+তৃন—দ) ণ, ত্রি, বিনাশকারী, সংহারকারক।

নিহব, (নি+হ্বে—আহ্বানকরা+অল) ব্য, পুং, আহ্বান।

নিহাকা, (নি+হা=পরিত্যাগ করা কক—ম; আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, যে কখন জলভাগ, কখন বা স্থলভাগ ত্যাগ করে, উভচর জন্তুবিশেষ, গোধিকা, গোসাপ।

নিহিংসন, (নি+হিন্স্—বধকরা+ অনট্—ভাব) ব্য, ন, বধ, হনন, বিনাশন।

নিহিত, (নি+ধা—ধারণ করা, স্থাপন করা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, স্থাপিত, অভিহিত, অর্পিত, গুপ্ত, নিক্ষিপ্ত, কৃত।

নিহীন, (নি—অত্যন্ত+হীন—[হা—ত্যাগ করা+ক্ত] বর্জ্জিত) ণ, ত্রি, ইতর, নীচ।

নিহ্নব—পুং, নিহ্নুতি—স্ত্রী, (নি+হ্নু =গোপন করা+অল্, ক্তি—ভাব) ব্য, কোন বিষয় গোপন করণ, অস্বীকার, অপহ্নব, ফাঁকি দেওয়া।

নিহ্নবাপহার, (নিহ্নব + অপহার) ব্য, পুং, তহবিল ভাঙ্গা, তহবিল তছরূপ করণ।

নিহ্নুত, (নি+হ্নু+ক্ত-চ) ণ, ত্রি, অস্বীকৃত, অপহ্নুত, লুকায়িত, গোপিত।

নিহ্রাদ, (নি+হ্রাদ্—শব্দ করা+অল্—ভাব) ব্য, পুং, শব্দ, নিনাদ।

নীকার, (নি+কৃ—করা+ঘঞ্; নি—নী) ব্য, পুং, ঘৃণা, অবজ্ঞা, ধিক্কার।

নীকাশ, নীকাস, (নি+কাশ্—দীপ্তি পাওয়া+অল্) ণ, ত্রি, সদৃশ, তুল্য, সচরাচর কোন শব্দের পরই এই শব্দ প্রযুক্ত হইয়া থাকে।

নীচ, (ন—না+ঈ—সৌভাগ্য+চি= একত্র করা+অল্) ণ. ত্রি, নিম্ন, অপকৃষ্ট, ইতর, নিকৃষ্ট, বামন, ক্ষুদ্র। ব্য, পুং, সুগন্ধি দ্রব্যবিশেষ।

নীচক, (নীচ+ক—যোগ) ণ, ত্রি, খর্ব্ব, বামন, নিম্ন। কা—স্ত্রী, উৎকৃষ্ট গাভী।

নীচকৈঃ, নীচৈঃ, (নীচৈস্, অক—আগম) ব্য, খর্ব্ব, ক্ষুদ্র, অধম, অল্প, নীচ, নম্র, অধঃ।

নীচগ, (নীচ—নিম্ন বা গভীর+গ—যে গমন করে) ব্য, ত্রি, নিম্নগামী, অধম, নীচ। ব্য, ন, জল। গা—স্ত্রী, নিম্নগা, নদী।

নীচবজ্র, ষ্য, পুং, মণিবিশেষ।
নীচভোজ, ষ্য, পুং, পলাণ্ডু।
নীড়, (নি+ঈড়্—[স্তুতিকরা] বাস করা+অল্—ডে) ষ্য, পুং—ন, পক্ষীর বাসা, কুলায়।
নীড়জ, নীড়োদ্ভব, (নীড়+জ=জাত; নীড়+উদ্ভব=উৎপত্তি; ৬.হ) ষ্য, পুং, পক্ষী, পাখী।
নীড়জেন্দ্র, (নীড়জ+ইন্দ্র=প্রধান) ষ্য, পুং, পক্ষিরাজ, গরুড়।
নীত, (নী=লওয়া+ক্ত—চ) ণ, ত্রি, প্রাপিত, লইয়া যাওয়া, যাপিত, গৃহীত।
নীতি, (নি+ক্তি) ষ্য, স্ত্রী, নয়, হিতাহিত বিবেচনার শাস্ত্র, শুক্রাচার্য্যাদি প্রণীত শাস্ত্র, সুধারা, রীতি, প্রাপ্তি, প্রাপণ, যাপন।
নীতিঘোষ, (নীতি=প্রাপণ+ঘোষ=শব্দ) ষ্য, পুং, বৃহস্পতির রথ।
নীথ, ষ্য, পুং, নিয়ন্তা, প্রাপয়িতা। ন, জল।
নীধ্র, (নি+ধৃ=ধারণ করা, পড়া ইত্যাদি+অল্) ষ্য, ন, ঘরের চালের ছাঁচ, চক্রধারা, নেমি, চন্দ্র, বন, রেবতী নক্ষত্র।
নীপ, (নী=[সন্তোষ] পাওয়ান+প) ষ্য, পুং, কদম্ববৃক্ষ, বন্ধুকবৃক্ষ, নীল অশোক বৃক্ষ, রাজবংশ বিশেষ।
নীয়মান, (নী+শান—চ; য, ম—আগম) ণ, ত্রি, গৃহ্যমাণ, যাহা গ্রহণ করা যাইতেছে, প্রাপ্যমাণ, যাহা লইয়া যাওয়া যাইতেছে।
নীর, (নী=পাওয়া+র; অথবা নির্=নির্গত+র=অগ্নি) ষ্য, ন, যাহা হইতে বাড়বাগ্নি নির্গত হয়, রস, জল।
নীরজ, (নীর=জল+জ=যে জন্মে, ৭-ব) ষ্য, ন, কমল, পদ্ম, মুক্তা। ণ, ত্রি, জল হইতে সমুৎপন্ন।

নীরজাঃ, (নির্=না+রজস্=ধূলি, রজোগুণ) ণ, ত্রি, ধূলিশূন্য, রজোগুণবিবর্জিত। স্ত্রী, অরজস্বলা নারী, যে স্ত্রী ঋতুমতী নয়।
নীরদ, (নীর=জল+দ=যে দান করে, ২-ব) ষ্য, পুং, জলদ, বারিদ, মেঘ। (নি=না+রদ=দন্ত) ণ, ত্রি, দন্তবিহীন, রদশূন্য।
নীরধি, নীরনিধি, (নীর+ধি=যে ধারণ করে, ২-ব; নীর+নিধি=আশ্রয়, ৬-ব) ষ্য, পুং, সমুদ্র, জলনিধি।
নীরন্ধ্র, (নির্=না+রন্ধ্র=ছিদ্র; নি=নী) ণ, ত্রি, নিবিড়, ঘন, ছিদ্র শূন্য।
নীরব, (নির্=না+রব=শব্দ; ৬.হ) ণ, ত্রি, বাক্যশূন্য, চুপ করিয়া থাকা, নিঃশব্দ, নিস্তব্ধ।
নীরস, (নির্=না+রস; ৬.হ) ণ, ত্রি, রসবর্জ্জিত, শুষ্ক। ষ্য, পুং, দাড়িম্ব বৃক্ষ।
নীরাখু, (নীর=জল+আখু=বিড়াল; ৬.হ) ষ্য, পুং, জলনকুল, উদ্বিড়াল।
নীরাজন, (নির্=সম্যক্‌রূপে+রাজন্=দীপ্তি; ৭.হ; অথবা নীর=শান্তিজল+অজন=ক্ষেপণ; ৭.হ) ষ্য, ন, না—স্ত্রী, আরতি, অস্ত্র পরিষ্কারকরণ, শান্তিকর্ম্মবিশেষ, দেব প্রতিমাদির বিসর্জ্জনানন্তর শান্তিজল গ্রহণ।
নীরুক্, নীরুজ, (নির্=না, বা বিপরীত+রুজ্, রুজ্=রোগ) ণ, ত্রি, রোগশূন্য, পীড়াহীন, সুস্থ। ন, তা—স্ত্রী, আরোগ্য, স্বাস্থ্য।
নীল, (নীল=রংকরা+অল্) ষ্য, পুং, পর্ব্বতবিশেষ, বানরবিশেষ, বর্ণবিশেষ, নিধিবিশেষ, মণিবিশেষ। ন, নীলী, কাচলবণ, তালীশপত্র, বিষ, সৌবীর অঞ্জন, সোরমা, তুথ, তুত্তিয়া, নৃত্যাঙ্গ, ১০৮ করণ মধ্যে করণ বিশেষ। তা—স্ত্রী, নীলবর্ণ ল-

র গাছ। [পুং, নীলপদ্ম, নীলবর্ণ।
নীলিমা, (নীল+ইমন্—ভাবে) ব্য, নীলীরাগ, ব্য, পুং, স্থিরসৌহার্দ্দ, দৃঢ়-প্রণয়, পূর্ব্বরাগবিশেষ, নীলবর্ণ।
নীলোৎপল, (নীল+উৎপল—পদ্ম) ব্য, স্ত্রী, নীলপদ্ম। [মঞ্জুঘোষ।
নীলোৎপলী, ব্য, পুং, শিবমূর্ত্তিবিশেষ,
নীবর, (নী=লওয়া, পাওয়া+বর) ব্য, পুং, বাণিজ্য, ব্যবসা, বাস্তব্য, বসতিস্থান, ভিক্ষুক, পরিব্রাজক।
নীবাক, (নি+বচ্=বলা+ঘঞ্) ব্য, পুং, দুর্লভত্ব, দুষ্প্রাপ্যতা।
নীবার, (নি+বৃ=প্রার্থনাকরা+ঘঞ্) ব্য, পুং, তৃণধান্য, উড়ি ধান।
নীবি, নীবী, (নি+ব্যে—আচ্ছাদন করা+ই) ব্য, স্ত্রী, মূলধন, পুঁজি, বাজি, পণ, কটিদেশস্থ পরিধান বস্ত্রের গ্রন্থি, উপর কাপড়ের দুই খুঁট একত্রে বন্ধন।
নীবৃৎ, (নি—নিয়ত+বৃৎ—বিদ্যমান থাকা+ক্বিপ্) ব্য, ত্রি, জনপদ, দেশ।
নীব্র, (নি=নিশ্চয়+বৃ—বিদ্যমান থাকা+অল্—নিপাতন) ব্য, ন, নীধ্র দেখ।
নীশার, (নি+শৄ=হিংসাকরা+ঘঞ্) ব্য, পুং, হিম ও বায়ু ইত্যাদি নিবারক আবরণবস্ত্র, মশারি পর্দ্দা প্রভৃতি।
নীহার, (নি+হৃ—হরণকরা+ঘঞ্) ব্য, পুং, হিম, বরফ, তুষার, কুজ্ঝটিকা। [বড় চাঙড়।
নীহারস্ফোট, (Avalanche) বরফের
নীহারিকা, ব্য, যে সকল নক্ষত্র চক্ষুর গোচর নয়, কিন্তু দূরবীক্ষণ দিয়া দেখিলে কুজ্ঝটিকাবৎ প্রতীয়মান হয়। (Nebulae)
নু, (নুদ্—প্রেরণকরা+উ) ব্য, ভেদ, ক্ষণ, প্রশ্ন, সম্বোধন, সংশয়, অবজ্ঞা, অনাদর, বিতর্ক, তর্ক, অস্মার, অনুনয়, অতীত, অপমান, অনুতাপ, বিকল্প, হেতু।
নুটী, (দেশজ) ব্য, তাল, আঁটি।
নুড়া, (দেশজ) ব্য, তৃণাদির গোছা, আঁটি।
নুড়ী, (দেশজ) ব্য, ক্ষুদ্র প্রস্তর খণ্ড।
নুণী, (দেশজ) ব্য, ইক্ষুবিশেষ।
নুত, (নু=স্তবকরা+ক্ত—চ) ণ, ত্রি, আরাধিত, পূজিত, স্তুত, প্রশংসিত।
নুতি, (নু—স্তুতিকরা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, প্রশংসা, স্তুতি, পূজা, আরাধনা, প্রণাম, প্রার্থনা।
নুত্ত, নুন্ন, (নুদ্=প্রেরণকরা+ক্ত—চ) ণ, ত্রি, নিরস্ত, ক্ষিপ্ত, পরিত্যক্ত, ছিন্ন, প্রেরিত। পুং, লতা বিশেষ।
নুদি, (দেশজ) ব্য, স্থূলোদর, ভুঁড়ি, মোটাপেট। [ঘণ্টার জিহ্বা।
নুরড়ী, (দেশজ) ব্য, আলজিভ,
নুরী, ব্য, স্ত্রী, শুকপক্ষীবিশেষ।
নুলা, (দেশজ) ণ, ক্ষুদ্রহস্তবিশিষ্ট, ছিন্নহস্ত।
নূতন, নূত্ন, (নব+তন, ত্ন—স্বার্থে; নব স্থানে নূ) ণ, ত্রি, নবীন, অভিনব।
নূনম, (নূ+নম—নমস্কার করা+ক্বিপ্) ব্য, বিতর্ক, নিশ্চয়, সত্য, স্মরণ, পাদপূরণার্থ শব্দ, উৎপ্রেক্ষা।
নূপুর, (নূ=নূন শব্দ+পূ=পূরণকরা+অল্) ব্য, পুং—ন, চরণালঙ্কার বিশেষ, নেপুর।
নৃ, (নী=লওয়া+ঋ—সংজ্ঞার্থে) ব্য, পুং, মনুষ্য, নর, পুরুষ, পুংলিঙ্গসূচক শব্দ।
নৃকেশরী, (নৃ+কেশরিন্—সিংহ) ব্য, পুং, নৃসিংহাবতার, শ্রেষ্ঠ পুরুষ।
নৃগ, (নৃ+গম্—গমনকরা+ড) ব্য, পুং, ইক্ষ্বাকুবংশোদ্ভব রাজা বিশেষ।
নৃচক্ষাঃ, (নৃ=নর+চক্ষস্—চক্ষ্—ভক্ষণকরা+অস্] যে ভক্ষণ করে, ২-ব) ব্য, পুং, রাক্ষস।

নৃত্ত, (নৃৎ—নাচা+ক্ত—ভাব, ষ) ব্য, ন, অভিনয়, নৃত্য, নাচন। ণ, ত্রি, নর্ত্তনকারী।

নৃত্য, (নৃৎ=নাচা+য—ভাব) ব্য, ন, নাচ, নর্ত্তন, অভিনয়। [নরদেব, রাজা।

নৃদেব, (নৃ+দেব, ৭—ষ) ব্য, পুং,

নৃধর্ম্মা, (নৃ=নর+ধর্ম্ম+অন্) ব্য, পুং, কুবের। ণ, ত্রি, মনুষ্যধর্ম্মাক্রান্ত।

নৃপ, নৃপতি, (নৃ=মনুষ্য+প=যে পালন করে, ২-ষ; নৃ+পতি, ৬-ষ) ব্য, পুং, রাজা, মনুজাধিপ, নরপতি, কুবের।

নৃপলক্ষ্ম, (নৃপ+লক্ষ্মন=চিহ্ন) ব্য, ন, রাজার ছত্রচামরাদি, রাজচিহ্ন।

নৃপসভ, (নৃপ=রাজা+সভা) ব্য, ন, ভা—স্ত্রী, রাজসভা।

নৃপাধ্বর, (নৃপ=নরপতি+অধ্বর=যজ্ঞ) ব্য, পুং, রাজসূয় যজ্ঞ।

নৃপাময়, (নৃপ+আময়=রোগ) ব্য, পুং, ক্ষয়রোগ, রাজযক্ষ্মা।

নৃযজ্ঞ, (নৃ=মনুষ্য+যজ্ঞ=যোগ) ব্য, পুং, অতিথিসেবা।

নৃবরাহ, (নৃ=মনুষ্য+বরাহ=শূকর, নরের ন্যায় দেহ এবং বরাহের ন্যায় মস্তক বলিয়া এই অবতারের নাম নৃবরাহ হইয়াছে) ব্য, পুং, বিষ্ণুর অবতারবিশেষ, বরাহ অবতার।

নৃশংস, (নৃ=মনুষ্য+শন্স=হিংসা-করা+অন্, ২-ষ) ণ, ত্রি, যে মনুষ্যদিগকে হিংসা করে, পরানিষ্টকারী, নির্দয়, ক্রূর।

নৃসিংহ, (নৃ=মনুষ্য+সিংহ) ব্য, পুং, বিষ্ণু, বিষ্ণুর অবতারবিশেষ, যাঁহার অর্দ্ধাঙ্গ মনুষ্যাকার অর্দ্ধাঙ্গ সিংহাকার। (নৃ=মনুষ্য+সিংহ=প্রধান) শ্রেষ্ঠ মনুষ্য। [শুক্লচতুর্দ্দশী।

নৃসিংহচতুর্দ্দশী, ব্য, স্ত্রী, বৈশাখী

নৃসেন, (নৃ+সেনা; কর্ম্মধা) ব্য, ন, মনুষ্য সৈন্য।

নৃসোম, (নৃ=মনুষ্য+সোম=[চন্দ্র] শ্রেষ্ঠ, ৬-ষ) ব্য, পুং, নরচন্দ্র, মনুষ্য শ্রেষ্ঠ।

নৃহরি, (নৃ=মনুষ্য+হরি=সিংহ; নৃসিংহ দেব) ব্য, পুং, নৃসিংহাবতার।

নেউল, (নকুলশব্দজ) ব্য, বেজী।

নেংচান, (দেশজ) ব্য, নেংচাম, খোঁড়ান।

নেংট, (দেশজ) ণ, বিবস্ত্র, উলঙ্গ।

নেকড়া, (দেশজ) ব্য, ছিন্নবস্ত্র, কানি। [শেষ, গোবাঘা।

নেকড়িয়া, (দেশজ) ব্য, ব্যাঘ্রবি-

নেকা, (দেশজ) ণ, অস্পষ্টবাক্, হাবা, বোকা। [বমি।

নেকার, (ওক্কার শব্দজ) ব্য, বমন,

নেঙ্ড়া, (দেশজ) ণ, খঞ্জ।

নেঙা, নেঙ্গা, নেটা, (দেশজ) ণ, যে বামহস্তে সমস্ত কার্য্যাদি সম্পন্ন করে

নেজক, (নিজ=ধৌতকরা+ণক—ষ) ব্য, পুং, বস্ত্রপরিষ্কারক, ধোবা। ণ, ত্রি, শোধক।

নেজন, (নিজ=ধৌতকরা+অনট—ভাব) ব্য, ন, ধৌতকরণ, শোধন, পরিষ্কার করণ।

নেটা, (দেশজ) ণ, যাহার ডান হস্তে বলাধিক্য নাই, নেঙা।

নেড়া, (দেশজ) ণ, মুণ্ডিতকেশ, সম্প্রদায় বিশেষ, কর্ত্তাভজার দল।—ড়ে, ব্য, যবন।

নেতা, (নী=লইয়া যাওয়া+তৃন্—ষ) ব্য, পুং, নায়ক, স্বামী, প্রভু। ণ, ত্রি, পথপ্রদর্শক, প্রেরক, নির্ব্বাহক, প্রাপক। [নায়কতা, অধ্যক্ষতা।

নেতৃত্ব, (নেতৃ+ত্ব—ভাবে) ব্য, ন,

নেত্র, (নী=পাওয়া+ত্র—ণ, ষ) ব্য, ন, চক্ষুঃ, বৃক্ষমূল, বস্ত্র, রথ, মন্থনরজ্জু। ণ, ত্রি, চালক, প্রেরক, প্রাপক, রক্ষক। ত্রী—স্ত্রী, লক্ষ্মী, নদী,

নাড়া, প্রবর্ত্তক।

নেত্রচ্ছদ, (নেত্র+ছদ=যে আচ্ছাদন করে, ২-ব) ব্য, পুং, চক্ষুঃপক্ষ, চক্ষের পাতা।

নেত্রপিণ্ড, (নেত্র=চক্ষুঃ+পিণ্ড) ব্য, পুং, বিড়াল, চক্ষুর্গোলক।

নেত্রযোনি, (নেত্র=লোচন+যোনি=স্ত্রীচিহ্ন) ব্য, পুং, ইন্দ্র, চন্দ্র, প্রথিত আছে, যে ইন্দ্র স্বকীয় গুরু গৌতমের বেশ ধারণ করিয়া তদীয় পত্নীর নিকট গমন করাতে গৌতম কর্তৃক অভিশপ্ত হন এবং তন্নিবন্ধন তাঁহার সর্ব্বশরীর যোনিচিহ্ন দ্বারা আবৃত হয় পরে অনেক অনুনয়ের পর মুনিবর প্রসন্ন হইয়া যোনিচিহ্নকে লোচনরূপে পরিবর্ত্তিত করিয়া দিয়াছিলেন।

নেত্ররঞ্জন, (নেত্র+রঞ্জন=প্রীতিসম্পাদন) ব্য, ন, কজ্জল, অঞ্জন। [বিছুটী।

নেত্ররোগহা, ব্য, স্ত্রী, বৃশ্চিকালী,

নেত্রবস্ত্র, (নেত্র+বস্ত্র=কাপড়) ব্য, ন, সরু কাপড়, সূক্ষ্ম বস্ত্র।

নেত্রাম্বু, (নেত্র+অম্বু=জল, ৬-ত) ব্য, ন, অশ্রু, নেত্রজল, নয়নবারি।

নেত্রারি, ব্য, পুং, সুহী, নয়না গাছ।

নেদিষ্ঠ, নেদীয়ান্, (নেদয়স্=অন্তিক, সমীপ+ইষ্ঠ, ঈয়স্—অত্যর্থে) ণ, ত্রি, অতি নিকটবর্ত্তী, নিপুণ।

নেপথ্য, (নে-[নী=লওয়া+ক্বিপ] নায়ক+পথ্য=উপযুক্ত, মনোহর, যোগ্য) ব্য, ন, সজ্জাগৃহ, সাজঘর, সজ্জা, বেশ।

নেপাল; ব্য, পুং, দেশবিশেষ।

নেপালিকা, (নেপাল+ক) ব্য, স্ত্রী, মনঃশিলা।

নেবু, (দেশজ) ব্য, লেবু, জম্বীর।

নেম, (নী-পাওয়া+ম—সংজ্ঞার্থে) ব্য, পুং, সময়, কাল, অংশ, প্রকার, কৈতব, ছল, বেষ্টন, অবধি, গর্ত্ত। ণ, ত্রি, সকল, ভিন্ন, অর্দ্ধ।

নেমি, (নী=পাওয়া+মি—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, চক্রধার, চাকার প্রান্তদেশ, কূপোপরিস্থ ত্রেকাটা।

নেমিচক্র, ব্য, পুং, নৃপবিশেষ।

নেবা, (দেশজ) ব্য, চক্ষুরোগ বিশেষ, কামল। [নাবি।

নেশা, (যাবনিক) ব্য, মত্ততা, মাত-

নেষ্টা, (নী=যজ্ঞাদিকার্য্য সম্পাদন করা+তৃন্—ষ) ব্য, পুং, ঋত্বিক্, পুরোহিত। [নিকটবর্ত্তী।

নৈকটিক, (নিকট+ ষ্ণিক) ণ, ত্রি

নৈকট্য, (নিকট+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, নিকটত্ব, সামীপ্য।

নৈকভেদ, (ন=না+এক+ভেদ=প্রকার; ৬.হ) ণ, ত্রি, নানাবিধ, অনেক প্রকার।

নৈকষেয়, (নিকষা+ষ্ণেয়—অপত্যার্থে) ব্য, পুং, নিকষারাক্ষসীর পুত্র, রাবণ প্রভৃতি।

নৈগম, (নিগম+ষ্ণ) ব্য, পুং, বেদান্তশাস্ত্র, উপনিষদ, নীতিশাস্ত্র, পথ, নায়ক, নগরবাসী লোক। ণ, ত্রি, বণিক্, বাণিজ্যকারী, নগরবাসী।

নৈচিক, (নীচৈস্=অধঃ, নিম্ন+চর=গমনকরা+ষ্ণিক; চৈস্, র=লোপ) ব্য, ন, গোরুর মাথা। কী—স্ত্রী, অত্যুৎকৃষ্ট গাভী।

নৈত্যিক, (নিত্য+ষ্ণিক) ণ, ত্রি, নিত্য অনুষ্ঠেয়, প্রতিদিন কর্ত্তব্য।

নৈপালিক, (নেপাল+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি নেপালদেশজাত। ব্য, ন, তাম্র, তাঁবা।

নৈপালী, (নেপাল+ষ্ণ; ঈপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, শেফালিকা, মনঃশিলা, নবমল্লিকা।

নৈপুণ, নৈপুণ্য, (নিপুণ+ষ্ণ, ষ্ণ্য—ভাবে) ব্য, ন, নিপুণতা,

কার্য্যবক্তা।

নৈমিত্তিক, (নিমিত্ত+ষ্ণিক—কর্ত্ত বা তদর্থে) ণ, ত্রি, প্রয়োজনার্থক।

নৈমিত্তিকপ্রলয়, ব্য, পুং, প্রলয়-বিশেষ, ব্রহ্মার দিনাবসান-কালে যে প্রলয় হয়, মহাপ্রলয়।

নৈমিষ, (নিমিষ+ষ্ণ) ব্য, ন, নৈমিষারণ্য, বিষ্ণু নিমেষমধ্যে ঐ স্থানে অসুর বিনাশ করায়, উহার নাম নৈমিষ। (অথবা নিমেষ—সূক্ষ্ম সময় +ষ্ণ) ণ, ত্রি, ক্ষণিক।

নৈমেয়, (নিমেয়—[নি+মি=পরিমাণকরা+য]+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং, বিনিময়, পরিবর্ত্ত।

নৈয়গ্রোধ, (ন্যগ্রোধ+ষ্ণ—ফলার্থে; য স্থানে ঐয়) ব্য, ন, ন্যগ্রোধ, বটফল। পুং, বটবৃক্ষ।

নৈয়ায়িক, (ন্যায়+ষ্ণিক—জ্ঞাতার্থে, য স্থানে ঐয়) ব্য, পুং, তার্কিক, ন্যায়শাস্ত্রবেত্তা, ন্যায়াধ্যায়ী।

নৈরন্তর্য্য, (নিরন্তর+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, সাতত্য, নিরন্তরতা, অবিচ্ছিন্নতা। [ব্য, ন, নিরপেক্ষতা।

নৈরপেক্ষ্য, (নিরপেক্ষ+ষ্ণ্য—ভাবে)

নৈরাশ্য, (নিরাশ+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, আশাশূন্যতা, হতাশ হওয়া।

নৈঋত, (নিঋ্ঋতি=দক্ষিণ-পশ্চিমদিক্ +ষ্ণ) ব্য, পুং, রাক্ষস, দক্ষিণ পশ্চিম কোণের অধিপতি। তী—স্ত্রী, নৈঋতকোণ।

নৈর্ম্মল্য, (নির্ম্মল+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, নির্ম্মলতা, স্বচ্ছতা, বিবঃবৈরাগ্য।

নৈবেদ্য, (নিবেদ—[নি+বিদ+ঘঞ—ভাব] +য—যোগ্যার্থে) ব্য, ন, দেবতার উদ্দেশে নিবেদনীয় দ্রব্য।

নৈশ, (নিশা=রাত্রি+ষ্ণ—ভবার্থে) ণ, ত্রি, নিশাসম্বন্ধীয়, রাত্রিকালীন, রাত্রিসম্বন্ধীয়। [ন, স্থিরতা, নিশ্চয়তা।

নৈশ্চিত্য, (নিশ্চিত+ষ্ণ্য—ভাবে) ব্য,

নৈষধ, (নিষধ—দেশবিশেষ+ষ্ণ) ব্য, পুং, নলরাজা, নিষধদেশের রাজা। ন, শ্রীহর্ষবিরচিত কাব্যগ্রন্থবিশেষ। ণ, ত্রি, নিষধসম্বন্ধীয়।

নৈষ্কিক, (নিষ্ক—মোহর+ষ্ণিক—অধ্যক্ষার্থে) ব্য, পুং, টাকশালের অধ্যক্ষ, কোষাধিপতি।

নৈষ্ঠিক, (নিষ্ঠা—দৃঢ়তা, চরমকাল+ষ্ণিক—প্রাপ্ত্যর্থে) ব্য, পুং, ব্রহ্মচারিভেদ, ইঁহারা চিরকাল গুরুগৃহে বাস করিয়া ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক বেদাদি অধ্যয়ন করেন। ণ, ত্রি, চরমকালীন, অন্তিম, স্থায়ী, স্থিতিশীল।

নৈসর্গিক, (নিসর্গ+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, নিসর্গজাত, স্বভাবতঃ উৎপন্ন, স্বাভাবিক।

নৈসর্গিকবিধান, (Natural Law) মানবজাতির ঐশিক নিয়মানুযায়ী পরস্পর ব্যবহার নিয়ামক শাস্ত্রবিশেষ, যথা—কেহ কাহাকেও হত্যা করিবেক না ইত্যাদি।

নৈস্ত্রিংশিক, (নিস্ত্রিংশ—অস্ত্রবিশেষ+ষ্ণিক—প্রয়োজনার্থে) ব্য, পুং, খড়্গধারী সৈন্য।

নৈহারিকনক্ষত্র, (Nebulous Stars) যে সকল নক্ষত্র নীহারিকা নক্ষত্রের লক্ষণাক্রান্ত বোধ হয়। [নিষেধ।

নো, (নুদ—প্রেরণ করা+ড) ব্য, না,

নোঙ্গর, (যাবনিক) ব্য, নদ্যাদির মধ্যস্থিত নৌকা বদ্ধ করিবার লৌহযন্ত্রবিশেষ। [অপরিষ্কৃত।

নোঙ্গরা, (দেশজ) ণ, অপবিত্র, অশুদ্ধ,

নোড়া, (দেশজ) ব্য, হরিদ্রাদি পেষণার্থ ব্যবহৃত প্রস্তরখণ্ডবিশেষ।

নোদন, (নুদ—প্রেরণ করা ইত্যাদি+অনট্—ভাব) ব্য, ন, ক্ষেপন। (নুদ+ণিচ্+অনট্—ভাব) নিবারণ, অপসারণ, প্রেরণ।

নোদিত, (নুদ=প্রেরণকরা ইত্যাদি+ণিচ+ক্ত—ঢ) ণ, ত্রি, অপসারিত, প্রেরিত।

নোপস্থাতা, (ন=না+উপ=সমীপ+স্থা=থাকা+তৃন্—ঘ) ণ, ত্রি, দূরবর্ত্তী, যে সমীপস্থ নয়।

নৌ, নৌকা, (নুদ=প্রেরণকরা+ঔ—সংজ্ঞার্থে। নৌ+কন) ব্য, স্ত্রী, তরণি, জলযান।

নৌকাদণ্ড, ব্য, পুং, ক্ষেপণী, দাঁড়।

নৌতার্য্য, (নৌ+তার্য্য=পার হওনের যোগ্য, ণ-ঘ) ণ, ত্রি, নাব্য, নৌকাগম্য, যে স্থানে নৌকাদ্বারা গমন করা যায়।

নৌবিদ্যা, ব্য, স্ত্রী, নাবিকবিদ্যা।

ন্যক্, (নি=নিকৃষ্ট+অনচ=গমনকরা+ক্বিপ্) ব্য, ঘৃণ্য, নীচ, নীচু, নিম্ন।

ন্যক্কারিকা, ব্য, স্ত্রী, বিষ্ঠার কৃমি।

ন্যক্কার, (ন্যক্+কৃ+ঘঞ) ব্য, পুং, অসম্মান, ঘৃণা, বিকার, অবজ্ঞা।

ন্যক্ষ, (নি+অক্ষ) ণ, ত্রি, নীচ, সমগ্র, নিকৃষ্ট, সকল। ব্য, পুং, পরশুরাম, মহিষ।

ন্যগ্রোধ, (ন্যক্=নিম্ন+রুধ্=রোধ-করা+অন্) ব্য, পুং, বটবৃক্ষ, যে বহু মূলের দ্বারা নিম্নদেশ রোধ করে, বাহুপরিমাণ, বাঁও। ধী—স্ত্রী, খুলকুড়ীগাছ।

ন্যগ্রোধপরিমণ্ডলা, ব্য, স্ত্রী, বিশাল-নিতম্বা ক্ষীণমধ্যা সুন্দরী অঙ্গনা, যে স্ত্রীর গ্রীষ্মে শীতল ও শীতে উষ্ণ-দেহ হয় সুকঠিন স্তন ও বিশাল নিতম্ব এবং মধ্য ক্ষীণ। সেই স্ত্রীকে ন্যগ্রোধপরিমণ্ডলা কহে।

ন্যঙ্, (নি+অনচ্+ক্বিপ) ণ, ত্রি, নীচ, ক্ষুদ্র, অবজ্ঞেয়, হেয়।

ন্যণ্ড়া, (দেশজ) নেওড়া, খঞ্জ, খোঁড়া।

ন্যঙ্কু, (নি=নিরত+অনচ=গমনকরা+উ—সংজ্ঞার্থে) ব্য, পুং, বহুশৃঙ্গ-মৃগবিশেষ, যে মৃগের শাখা প্রশাখা-বিশিষ্ট শৃঙ্গ আছে।

ন্যঞ্চিত, (নি+অনচ্=গমনকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, অধোমুখে নিক্ষিপ্ত, নিম্নীকৃত।

ন্যস্ত, (নি+অস্=ক্ষেপণ করা+ক্ত—ঢ) ণ, ত্রি, ত্যক্ত, রচিত, পতিত, নিক্ষিপ্ত, প্রেরিত, বিস্তারিত, স্থাপিত।

ন্যস্তশস্ত্র, (ন্যস্ত+শস্ত্র) ব্য, পুং, পিতৃলোক। ণ, ত্রি, যে অস্ত্র পরিত্যাগ করিয়াছে।

ন্যাক্য, ব্য, ন, ভৃষ্ট তণ্ডুল, চালভাজা।

ন্যাদ, (নি+অদ্=ভক্ষণকরা+অল্) ব্য, পুং, আহার, ভোজন।

ন্যায়, (নি=নিশ্চয়+ই=গমনকরা+অ) ব্য, পুং, বিষ্ণু, যাথার্থ্য, ঔচিত্য, তর্কশাস্ত্র, ষড়্দর্শনান্তর্গত দর্শনবিশেষ; উদাত্ত, অনুদাত্ত, স্বরিৎ, এই ত্রিধা-স্বর; নীতি, যুক্তি, প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগমন, এই পঞ্চাবয়ববিশিষ্ট ন্যায়বাক্য; যুক্তিমূলক দৃষ্টান্তবিশেষ। [য়তঃ, যুক্তিসিদ্ধ।

ন্যায়তঃ, (ন্যায়+তস্) যথার্থতঃ, বিচা-

ন্যায়পথ, (ন্যায়+পথ) ব্য, পুং, যথার্থ বর্ত্ম, ধর্ম্মপথ।

ন্যায়পরতা, (ন্যায়পর+তা—ভাবে) ব্য, স্ত্রী, যে বৃত্তি দ্বারা যাথার্থ্যের নিরূপণ করা যায়।

ন্যায়সারী, (ন্যায়+সৃ=গমন করা+ণিন্—ঘ) ণ, ত্রি, যুক্তি পূর্ব্বক কর্ম্মকারী, যে পরামর্শ করিয়া কার্য্য করে।

ন্যায়ী, (ন্যায়+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ন্যায়পর, ন্যায়বান্।

ন্যায্য, (ন্যায়+য—অনপেতার্থে) ণ, ত্রি, যথার্থ, উচিত, যোগ্য।

ন্যাস, (নি+অস্=ক্ষেপণকরা+ঘঞ্—ভাব) ব্য, পুং, নিক্ষেপ, গচ্ছিত-করণ, বিন্যাস, রাখা; অর্পণ, গচ্ছিত

ব্যা, ত্যাগ, নাসিকা ধরিয়া নিশ্বাসের পূরণ স্থিরীকরণ ও রেচনপূর্ব্বক মন্ত্রপ্রয়োগ,স্মৃতিব্যাখ্যান গ্রহবিশেষ।

ন্যুব্জ, (নি+উব্জ=গমনকরা+অল্) ণ, ত্রি, সুন্দর, মনোহর। ব্য, পুং, সামবেদের অন্তর্ভূত প্রণবঘটক।

ন্যুব্জ, (নি=না+উব্জ=ঋজু হওয়া +অল্) ণ, ত্রি, বক্র, কুব্জ, অবাঙ্মুখ, অধোমুখ, উপুড়। ব্য, পুং, হাভা, গোলবস্তুর বহির্ভাগ। (Convex) ন, কামরাঙ্গা ফল।

ন্যূন, (নি+উন=কম হওয়া+অল্) ণ, ত্রি, কম, অল্প, ক্ষুদ্র, নীচ।

ন্যূনতা, (ন্যূন+তা—ভাবে) ব্য, স্ত্রী, অল্পতা, ক্ষুদ্রত্ব, নীচতা।

ন্যূনপঞ্চাশদ্ভাব, ব্য, পুং, উনপঞ্চাশদ্ভাব, পাগল। [বেশী।

ন্যূনাতিরেক, ণ, ত্রি, অল্পাধিক, কম

ন্যূনাধিক, ণ,ত্রি,অল্পাধিক, কমবেশী।

ন্যূনাধিক্য, ব্য, ন, অল্পাধিক্য, কমবেশ। [পুং, শিব।

নৃস্থিভূষণ, (নৃ+অস্থি+ভূষণ) ব্য,

নৃস্থিমালী, (নৃ=মনুষ্য+অস্থি=হাড় +মালা+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, শিব। ণ, ত্রি, নরাস্থিমালাধারী, যে মনুষ্যের অস্থিনির্ম্মিত মালা ধারণ করে।

ন্বৈ, ব্য, অপি বা, যদ্যপি।

প

প, ব্যঞ্জন বর্ণের একবিংশ বর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ এই নিমিত্ত ইহাকে ওষ্ঠ্য বর্ণ বলে; (পা=পালনকরা, পানকরা+ড) ব্য, পুং, রাজপুত্র, পাতা, অণ্ড, বায়ু, পান, পত্র। ণ, ত্রি, যে পালনকরে, যে পানকরে, (ইহা কোনং শব্দের পর প্রযুক্ত হয়, যথা—দ্বিপ, মধুপ, নৃপ, ক্ষিতিপ ইত্যাদি) ৷ [ধান্য

পইঠা, পৈঠা, (দেশজ) ব্য, সিঁড়ি,

পইহন, (দেশজ) ব্য, আগমন, উত্তরণ। [খ্যাবিশেষ, ৩৫।

পঁইত্রিশ, (পঞ্চত্রিংশৎ শব্দজ) ণ, সং-

পঁচাত্তর, (পঞ্চসপ্ততি শব্দজ) ণ, সংখ্যাবিশেষ, ৭৫।[সংখ্যাবিশেষ, ৯৫।

পঁচানব্বই, (পঞ্চনবতি শব্দজ) ণ,

পঁচাশী, (পঞ্চাশীতি শব্দজ) ণ, সংখ্যাবিশেষ, ৮৫। [সংখ্যাবিশেষ, ২৫।

পঁচিশ, (পঞ্চবিংশতি শব্দজ) ণ,

পঁয়তাল্লিশ, (পঞ্চচত্বারিংশৎ শব্দজ) ণ, সংখ্যাবিশেষ, ৪৫।[বিশেষ, ৬৫।

পঁয়ষট্টি, (পঞ্চষষ্টি শব্দজ) ণ, সংখ্যা-

পক্কণ, (পচ্=[পচ্=পাককরা+ক্বিপ—চ]=পচ্যমান+কণ=[কণ্+অল্] ধান্যাদির অংশ, ৭.হ) ব্য, পুং, চণ্ডালালয়,শবরগৃহ, ব্যাধদিগের ভবন।

পক্তা, (পচ্=পাককরা+তৃন্—খ) ণ, ত্রি, পাককর্ত্তা, পাচক।

পক্তি, (পচ্=পাককরা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, পাক, রন্ধন, পাকা।

পক্তিম, (পচ্=পাককরা+ত্রিমক্) উৎপন্ন। ণ,ত্রি, পরিপাক দ্বারা উৎপন্ন, পাকিম।

পক্ক, (পচ্=পাককরা+ক্ত—চ) ণ, ত্রি, পরিণত, পাকা, পাকনিষ্পন্ন, দৃঢ়, বিনাশোন্মুখ, সিদ্ধ, নিষ্ঠাপ্রাপ্ত, প্রত্যাসন্ন, বিনষ্ট, পূর্ণ, যাহা পূর্ণতা প্রাপ্ত হইয়াছে, নিপুণ, কার্য্যদক্ষ, অভিজ্ঞ।

পক্ককৃৎ, (পক্ক+কৃৎ=[কৃ+ক্বিপ] যে করে) ণ, ত্রি, পাচক, যে পাক করে। ব্য, পুং, নিম্ববৃক্ষ, নিম্বপত্র স্ফোটকাদি পাকাইবার নিমিত্ত ব্যবহৃত হয় বলিয়া ইহার নাম পক্ককৃৎ হইয়াছে।

পক্কতা, (পক্ক+তা—ভাবে) ব্য, স্ত্রী, পরিণতাবস্থা, নৈপুণ্য, দৃঢ়তা।

পক্ববারি, (পক্ব=পাকনিষ্পন্ন, সিদ্ধ+ বারি=জল) ব্য, ন, কাঁজি, আ-মানি, গরম জল, বাষ্পোদ্ভূত জল। (Distilled water.) [মদ্য।

পক্বরস, (পক্ব+রস) ব্য, পুং, মদিরা,

পক্বান্ন, (পক্ব+অন্ন) ব্য, ন, কৃত-পাক অন্ন, ভক্ত, ভাত, মিষ্টান্ন দ্রব্য-বিশেষ।

পক্বাশয়, (পক্ব+আশয়=আধার) ব্য, পুং, নাভিদেশের অধোভাগ (Abdomen) উদর। [স্ত্রী, দগ্ধ-ইষ্টক, ঝাঁমা।

পক্বেষ্টিকা, (পক্ব+ইষ্টিকা=ইট) ব্য,

পগার, (দেশজ) সেতু, আলি, বাঁধ।

পক্ষ, (পক্ষ্=পরিগ্রহ করা+অল্ অথবা পণ্=ব্যবহার করা, দ্রব্যাদি ক্রয়-বিক্রয় করা+স ; ণ=ক) ব্য, পুং, শুক্ল বা কৃষ্ণ প্রতিপদ্ হইতে পূর্ণিমা বা অমাবস্যা পর্য্যন্ত, পক্ষীর ডানা, পিচ্ছ, বাণের পাখা, বর্গ, সহায়, সখা, পার্শ্ব, সৈন্য, গৃহ, ভিত্তি, মত, প্রত্যুত্তর, সাধ্য, তর্ক, জাতি, চুল্লীরন্ধ্র, রাজহস্তী ; (কেশাদি শব্দের পরে বসিলে) সমূহ ; যথা কেশ-পক্ষ ইত্যাদি ; পক্ষী, বলয়, বিশুদ্ধতা, পবিত্রতা, শরীরের প্রত্যঙ্গ, হস্তপদাদি, লেখ, অনুমেয় বস্তুর আধার যথা "পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ" এই উদাহরণে অনুমেয় বস্তু অগ্নির আধার পর্ব্বতকে পক্ষ বলা যায়।

পক্ষক, (পক্ষ+কন্) ব্য, পুং, পক্ষ-দ্বার, খিড়্কীদ্বার, পার্শ্ব, সহায়।

পক্ষচর, (পক্ষ=অর্দ্ধমাস+চর=যে গমন করে+অন্) ব্য, পুং, চন্দ্র, হস্তী, পৃথক্চারী গজ, কিঙ্কর, সহচর।

পক্ষজ, পক্ষজন্মা, (পক্ষ=অর্দ্ধমাস+জ=জাত ; পক্ষ=অর্দ্ধমাস+জন্মন্=জন্ম) ব্য, পুং, চন্দ্র। ণ ত্রি, পক্ষজাত।

পক্ষতা, (পক্ষ+তা—ভাবে) ব্য, স্ত্রী, সাধ্যবত্তা, পক্ষধর্ম্ম।

পক্ষতি, (পক্ষ+তি—মূলার্থে) ব্য, স্ত্রী, প্রতিপদ্, পক্ষমূল, ডানা।

পক্ষদ্বার, (পক্ষ=পার্শ্ব+দ্বার, ৬-ষ) ব্য, ন, পার্শ্বদ্বার, খিড়্কী দ্বার।

পক্ষধর, (পক্ষ=অর্দ্ধমাস, ডানা+ ধর=যে ধরে) ব্য, পুং, চন্দ্র, পক্ষী। ণ, ত্রি, পক্ষধারী, পক্ষ ধারণকর্ত্তা।

পক্ষপদী, যাহাদের পদে পক্ষের ন্যায় গঠন আছে যদ্দ্বারা তাহারা সন্তরণ করিতে পারে, যথা—ক্লাইও, হায়-লিয়া প্রভৃতি সমুদ্রজ জীব। (Pteropoda)

পক্ষপাত, (পক্ষ=পাখা+পাত=পতন, ৬-ষ) ব্য, পুং, অনুগ্রহ, আসক্তি, পরিচয়, একপক্ষে আসক্তি, এক-দিকে টান, একপক্ষে পতন, অন্যায্য সাহায্য করণ, পক্ষির জর।

পক্ষপাতিতা, (পক্ষপাতিন্+তা—ভাবে) ব্য, স্ত্রী, অনুকূলবর্ত্তিতা, সহায়তা, সাহায্যকরণ, পক্ষদ্বারা পতন।

পক্ষপাতী, (পক্ষপাত+ইন্ — অস্ত্যর্থে) ণ, ত্রি, অনুগ্রাহক, এক পক্ষে আসক্ত, পক্ষপাতশীল, যে পক্ষপাত করিয়া থাকে, পক্ষপাত-কর্ত্তা, পক্ষদ্বারা পতনশীল, যে পক্ষ দ্বারা পড়ে।

পক্ষপালি, (পক্ষ=পার্শ্ব+পালি=প্রান্ত ইত্যাদি) ব্য, পুং, খিড়্কীদ্বার।

পক্ষভাগ, (পক্ষ=পার্শ্ব+ভাগ=অংশ) ব্য, পুং, হস্তীর পার্শ্ব ভাগ, পার্শ্ব-দেশ, পার্শ্ব অঙ্গ।

পক্ষবাহন, (পক্ষ=ডানা+বাহন=যান, পক্ষ যাহার বাহন স্বরূপ, অর্থাৎ যে পক্ষ দ্বারা এক স্থান হইতে স্থানা-ন্তরে যাইতে সমর্থ হয় ; ৬-হ) ব্য, পুং, পক্ষী, পাখী।

পক্ষাঘাত, (পক্ষ=হস্তপদাদি বা দেহার্দ্ধ+আঘাত) ব্য, পুং, রোগ-

বিশেষ, ঐ রোগে চক্ষের অক্ষি- [illegible] বা সমস্ত চক্ষুপক্ষ্মাদি অবশ ও অসাড় হইয়া যায়।

পক্ষান্ত, পক্ষাবসর, (পক্ষ+অন্ত=শেষ ৬-ষ; পক্ষ+অবসর, ৬-ষ) ষ্য, পুং, পূর্ণিমা বা অমাবস্যা, পর্ব্ব।

পক্ষাভাস, (পক্ষ+আভাস) ষ্য, পুং, ছল, বিথ্যা, আপত্তি।

পক্ষালু, (পক্ষ=ডানা+আলু—বিশিষ্টার্থে) ষ্য, পুং, পক্ষবিশিষ্ট, যাহার পক্ষ আছে, পাখী।

পক্ষিণী, (পক্ষ+ইন—অস্ত্যর্থে)ষ্য, স্ত্রী, বর্ত্তমান ও আগামী দিনযুক্ত রাত্রি, দুইদিন এবং সেই দুই দিনের মধ্যবর্ত্তী রাত্রি, শাকিনীবিশেষ, পূতনা, পূর্ণিমা, স্ত্রীপক্ষী।

পক্ষিরাজ, (পক্ষিন্+রাজ=রাজন্ শব্দ, ৬-ষ) ষ্য, পুং, গরুড়।

পক্ষিল, (পক্ষ=পরিগ্রহকরা+ইল)ষ্য, পুং, বাৎস্যায়ন মুনি। ণ, ত্রি, সাহায্যকারী।

পক্ষিশাবক, ষ্য, পুং, পক্ষির সন্তান।

পক্ষিশালা, (পক্ষি+শালা=গৃহ)ষ্য, স্ত্রী, কুলায়, পক্ষীর বাসা।

পক্ষিসিংহ, (পক্ষিন্=পাখী+সিংহ=শ্রেষ্ঠ) ষ্য, পুং, পক্ষিরাজ, গরুড়, বিষ্ণুর বাহন।

পক্ষিস্বামী, (পক্ষিন্+স্বামী=প্রভু) ষ্য, পুং, পক্ষিরাজ, গরুড়।

পক্ষী, (পক্ষ=ডানা+ইন্—বিদ্যমানার্থে) ষ্য, পুং, ক্ষিণী—স্ত্রী, পাখী। পুং, বাণ।

পক্তৃ, (পচ্=পাক করা+তৃ—ষ, শীলার্থে) ণ, ত্রি, পাচক, পাককর্ত্তা, যে পাক করে।

পক্ষ্ম, (পক্ষ=লওয়া+মন্) ষ্য, ন, নেত্রলোম, লোম, কিঞ্জল্ক, পুষ্পকেশর, পক্ষীর লোম, পাখীর পাখা, পালক, সূত্রের অগ্রভাগ, সূত্রাদির সূক্ষ্ম অংশ, অল্পাংশ, পক্ষ, পাখীর ডানা।

পক্ষ্মল, (পক্ষ্মন্+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, নেত্রলোমযুক্ত।

পঙ্ক, (পন্চ=বিস্তারকরা+অল; চ=ক) ষ্য, পুং—ন, পাপ, কর্দ্দম, পাঁক।

পঙ্ককর্ব্বট, (পঙ্ক=পাঁক+কর্ব্বট=জেলার প্রধান নগর) ষ্য, পুং, নরম মাটী, ভাঁটা হইলে নদীগর্ভে যেরূপ পলি পড়িয়া থাকে, সেইরূপ পলিযুক্ত ভূমি।

পঙ্ককীর, (পঙ্ক+কীর=শুকপক্ষী) ষ্য, পুং, পক্ষীবিশেষ, কাদাখোঁচা পাখী।

পঙ্কক্রীড়, (পঙ্ক=পাঁক+ক্রীড়=যে ক্রীড়া করে) ষ্য, পুং, শূকর। ণ, ত্রি, যে কর্দ্দমে ক্রীড়া করে, কর্দ্দমখেলক।

পঙ্কক্লিন্ন, (পঙ্ক+ক্লিন্ন) ণ, ত্রি, পঙ্কময়, কর্দ্দম।

পঙ্কগড়ক, (পঙ্ক=পাঁক+গড়ক=গড়ুই মাছ) ষ্য, পুং, পাঁকাল মাছ।

পঙ্কগতি, (পঙ্ক=পাঁক+গতি=গমন) ষ্য, স্ত্রী, পাঁকাল মাছ।

পঙ্কগ্রাহ, (পঙ্ক=পাঁক+গ্রাহ=হাঙর) ষ্য, পুং, মকর, জলজন্তুবিশেষ।

পঙ্কজ, পঙ্কজন্ম, (পঙ্ক+জ=যে জন্মে, ৫-ষ; পঙ্ক+জন্মন=জন্ম; ৬-হ) ষ্য, ন, পদ্ম। পুং, সারসপক্ষী।

পঙ্কজিনী, (পঙ্কজ+ইন্, ঈপ্) ষ্য, স্ত্রী, পদ্মিনী, পদ্মাকর, পুষ্করিণী, পদ্মের ডাঁটা।

পঙ্কণ, (পন্চ=বিস্তারকরা+অন) ষ্য, পুং, পক্কণ, ব্যাধ প্রভৃতি নীচজাতিদিগের আবাস ভূমি।

পঙ্কধূম, (পঙ্ক+ধূম) ষ্য, পুং, নরকের বিভাগবিশেষ।

পঙ্কপ্রক্ষালন ন্যায়,—

গাত্রলিপ্ত পঙ্ক প্রক্ষালন করা অপেক্ষা যাহাতে পঙ্ক গাত্রে না লাগে তদ্বিষয়ে সতর্ক

থাকা কর্ত্তব্য। বিপদ্ উপস্থিত হইলে তখন তাহার প্রতিকার করা যাইবে এই বুদ্ধি পরিত্যাগ করিয়া বিপদ্ যাহাতে আসিতে না পারে তদ্বিষয়ে অবহিত থাকা উচিত।

পঙ্কপ্রভা, (পঙ্ক+প্রভা=দীপ্তি) ব্য, স্ত্রী, কর্দ্দমযুক্ত নরকবিশেষ।

পঙ্কমণ্ডূক, (পঙ্ক=পাঁক+মণ্ড্=ভূষিত করা+উক) ব্য, পুং, শম্বূক, শামুক।

পঙ্করুহ, পঙ্করুহ, (পঙ্ক=পাঁক+রুহ্, রুহ্=যে জন্মে) ব্য, ন, পদ্ম।

পঙ্করুট্, (পঙ্ক+রুহ্+কিপ্) ব্য, ন, পদ্ম, সরোজ।

পঙ্কবাস, (পঙ্ক+বাস=বাসস্থান ; ৬.ত) ব্য, পুং, কর্কট, কাঁকড়া।

পঙ্কশুক্তি, (পঙ্ক+শুক্তি) ব্য, স্ত্রী, দুর্নামা, ঝিনুক।

পঙ্কশূরণ, (পঙ্ক=পাঁক+শূরণ=মূল) ব্য, পুং, উৎপলের মূল, শালুক, পঙ্কস্থ মূলাদি।

পঙ্কার, (পঙ্ক=পাঁক+ঋ=গমনকরা+অণ্) ব্য, পুং, শৈবাল, শেয়ালা, আলি, বাঁধ, সেতু, সাঁকো, সোপান, সিঁড়ি। [কর্দ্দমযুক্ত, পঙ্কযুক্ত।

পঙ্কিল, (পঙ্ক+ইল—অস্ত্যর্থে)ণ, ত্রি,

পঙ্কেজ, (পঙ্কে=পাঁকেতে+জ=যে জন্মে, ৭.ষ) ব্য, ন, কমল, পদ্ম। পুং, সারসপক্ষী।

পঙ্কেরুহ, (পঙ্কে=পাঁকেতে+রুহ্=যে জন্মে) ব্য, ন, পদ্ম। পুং, সারসপক্ষী।

পঙ্কোদ্ধার, (পঙ্ক+উদ্ধার) ব্য, পুং, পুষ্করিণী বা জলাশয় হইতে পঙ্ক উত্তোলন করণ, গোলমাল হইতে পরিষ্কার করণ।

পঙ্‌ক্তি, (পন্চ্=বিস্তৃত হওয়া+ক্তি) ব্য, স্ত্রী, শ্রেণী, ছন্দোবিশেষ, দশসংখ্যা, ১০, পৃথিবী, পাক, পঞ্চাক্ষরপাদ ছন্দোবিশেষ, দশাক্ষরপাদ ছন্দোবিশেষ, খ্যাতি, প্রতিপত্তি, পাক করণ, একত্রে উপবেশন বা আহার ব্যবহারাধিকারণ, দল, সমাজ, সভা।

পঙ্‌ক্তিগ্রীব, (পঙ্‌ক্তি=দশ+গ্রীবা ; ৬.হ) ব্য, পুং, দশানন, রাবণ।

পঙ্‌ক্তিচর, (পঙ্‌ক্তি+চর=যে গমন করে) ব্য, পুং, কুররপক্ষী।

পঙ্‌ক্তিদূষক, (পঙ্‌ক্তি+দূষক=যে দোষ করে) ব্য, পুং, অপাঙ্‌ক্তেয়, যে এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজন করিতে পারে না, স্বজাতি হইতে বহিষ্কৃত।

পঙ্‌ক্তিপাবন, (পঙ্‌ক্তি+পাবন=যে পবিত্র করে) ব্য, পুং, সর্ব্ববেদজ্ঞ দ্বিজ।

পঙ্‌ক্তিরথ, (পঙ্‌ক্তি=দশ+রথ ; ৬.ত) ব্য, পুং, রাজা দশরথ, রামচন্দ্রের পিতা, যাহার দশদিকে রথ যায়।

পঙ্গ, (দেশজ) ফড়িং, পতঙ্গ, লোকশ্রেণী।

পঙ্গপাল, (দেশজ) পতঙ্গবিশেষ।

পঙ্গু, (খন্জ+কু ; নিপাতন) চলনাক্ষম, খোঁড়া। ব্য, পুং, শনিগ্রহ, শনৈশ্চর। [বিকলাঙ্গ।

পঙ্গুত্ব, (পঙ্গু+ত্ব—ভাবে) ব্য, ন, পদ-

পঙ্গুল, ব্য, পুং, শ্বেতবর্ণ ঘোটক, সাদা ঘোড়া।

পঙ্গুগ্রাহ, (পঙ্গু+গ্রাহ=জন্তু) ব্য, পুং, রাশিচক্রস্থ চিহ্নবিশেষ, মকররাশি।

পচ, (পচ্=পাককরা+অল্—ক) ণ, ত্রি, পাচক, পাককর্ত্তা। ব্য, পুং, পাচক

পচত, ব্য, পুং, সূর্য্য, অগ্নি, ইন্দ্র।

পচতিকল্প, পচতিদেশ্য, পচতিদেশীয়, (পচতি+কল্প, দেশ্য, দেশীয়—উনার্থে) ণ, ত্রি, যাহা প্রায় পক্ক হইয়াছে।

পচংপুট, (পচৎ=সূর্য্য+পুট্=দীপ্তি পাওয়া+ক) ব্য, পুং, সূর্য্যমণি বৃক্ষ, যে সূর্য্যের উত্তাপে দীপ্তি পায়।

পচন, (পচ্+অনট্—ক, ভাব) ব্য, পুং, অগ্নি, পাককারী। ন, পাক, রন্ধন।

পচা, (পচ্+ঙ, আ—ভাব) ব্য, স্ত্রী, পাক। (পাকার্থ পচ্ ধাতুজ) ণ,

বিকৃত, নষ্ট। [নষ্ট।

পচাপাঁচকুয়া, (দেশজ) ছিন্ন, জীর্ণ,

পচাল, (দেশজ) অকথ্য বাক্য, দুর্ব্বাক্য।

পচি, (পচ্=[ইহার দ্বারা] পক্ক হওয়া +ই—সংজ্ঞার্থে) ব্য, অগ্নি, পাক।

পচেলিম, (পচ্=পাককরা+কেলিম) ব্য, পুং, সূর্য্য, অগ্নি। ণ, ত্রি, স্বয়ং পক্ক, পাকের উপযুক্ত।

পচ্য, (পচ্+য) ণ, ত্রি, পাকযোগ্য, পাককরণের উপযুক্ত, রন্ধনোপযুক্ত।

পচ্যমান, (পচ্+শান্; য আগম) ণ, ত্রি, পাক হওয়া, পাক করা।

পচেলুক, (পচ্=পাককরা+কেলুক) ব্য, পাচক।

পচ্ছশ, (পাদ+চশস্; পাদ=পৎ) ব্য, পদে পদে, ক্রমশঃ, ক্রমে ক্রমে।

পজ্জ, (পাদ=পা+জ=জাত; পাদ=পৎ) ব্য, পুং, শূদ্রজাতি, যে ব্রহ্মার পাদজাত। ণ, ত্রি, পদজাত।

পজ্ঝটিকা, ব্য, স্ত্রী, ছন্দোবিশেষ, যে ছন্দের প্রত্যেক চরণে ১৬টী লঘু স্বর থাকে, তন্মধ্যে গুরুবর্ণ হইলে দুই স্বর ও লঘুবর্ণ হইলে এক স্বর গণনা করিতে হইবে।

পঞ্চ, (পনচ্=বিস্তৃত হওয়া+অন্) ণ, ত্রি, বহুং, পাঁচ সংখ্যা, ৫।

পঞ্চক, (পঞ্চন্+ক—স্বার্থে) ণ, ত্রি, পাঁচ, পঞ্চসম্বন্ধীয়, পঞ্চসমূহ, পঞ্চপরিমিত।

পঞ্চকপাল, (পঞ্চন্=পাঁচ+কপাল=ঘটাদির অর্দ্ধাংশ) ব্য, পুং, যজ্ঞবিশেষ। ব্য, ন, কপালপঞ্চক।

পঞ্চকর্ম্ম, (পঞ্চন্=পাঁচ+কর্ম্মন্=কার্য্য) ব্য, ন, বমন, রেচন, নস্য, নিরূহ, ও অনুবাসন এই পঞ্চবিধ শারীরিক চিকিৎসা।

পঞ্চকষায়, ব্য, পুং, জম্বু, শাল্মলি, বাট্যাল, বকুল, বদর—এই পঞ্চ প্রকার বৃক্ষজাতীয় কষায় দ্রব্য।

পঞ্চকোল, (পঞ্চন্=পাঁচ+কোল=পিপ্পলী) ব্য, ন, পাঁচনবিশেষ।

পঞ্চকোষ, (পঞ্চ+কোষ=আবরণ) ব্য, পুং, বহুং, অন্নময় কোষ, প্রাণময় কোষ, মনোময় কোষ, বিজ্ঞানময় কোষ, ও আনন্দময় কোষ এই পঞ্চবিধ কোষ এই কোষগুলি আত্মাকে আবরণ করিয়া রহিয়াছে এবং এই গুলি ব্যতিরেকে আত্মা থাকিতে পারে না।

পঞ্চগব্য, (পঞ্চন্=পাঁচ+গব্য=গো-সম্বন্ধীয়; কর্ম্মধা) ব্য, ন, দধি, দুগ্ধ, ঘৃত, গোমূত্র, গোময়, গোসম্বন্ধীয় এই পাঁচ বস্তু। [দর্শন।

পঞ্চগু, ব্য, পুং, কূর্ম্ম, কচ্ছপ, চার্ব্বাক

পঞ্চগুপ্ত, (পঞ্চন্=পাঁচ [অঙ্গ ইত্যাদি] +গুপ্ত=লুকায়িত) ব্য, পুং, কচ্ছপ, অনীশ্বরবাদী বৌদ্ধদিগের মত।

পঞ্চচামর, ব্য, ন, ষোড়শাক্ষরপাদ ছন্দোবিশেষ। [অপ্সরাবিশেষ।

পঞ্চচূড়া, (পঞ্চন্+চূড়া) ব্য, স্ত্রী,

পঞ্চজন, (পঞ্চন্=পাঁচ [ভূত]+জন=যে জন্মে, ৫-ব) ব্য, পুং, পুরুষ, মনুষ্য, দৈত্যবিশেষ, এই দৈত্যের অস্থিতে কৃষ্ণের পাঞ্চজন্য শঙ্খ নির্ম্মিত হইয়াছে।

পঞ্চজনীন, (পঞ্চজন+ঈন) ব্য, পুং, নট, অভিনেতা, যাত্রাদির সং, পঞ্চ মনুষ্যের নায়ক বা প্রভু, পঞ্চ ব্যক্তি সম্বন্ধীয়।

পঞ্চতত্ত্ব, (পঞ্চন্+তত্ত্ব=ভূতাদি) ব্য, ন, পৃথিব্যাদি পঞ্চভূত, মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা ও মৈথুন এই পঞ্চ মকারাদি শব্দ।

পঞ্চতন্মাত্র, (পঞ্চন্+তন্মাত্র=সূক্ষ্মভূতাদি) ব্য, ন, পৃথিব্যাদি সূক্ষ্ম পঞ্চভূত, পৃথিব্যাদি পঞ্চভূতের রূপরসাদি পঞ্চ গুণ।

পঞ্চতপাঃ, (পঞ্চন্—পাঁচ+তপস্—তপস্যা ; ব-হ) ব্য, পুং, তপস্বী-বিশেষ, পঞ্চাগ্নি মধ্যে তপস্বী।

পঞ্চতা,—স্ত্রী, পঞ্চত্ব,—ন, (পঞ্চন্—পাঁচ+তা, ত্ব—ভাবে) ব্য, মরণ, মৃত্যু, পাঁচে পাঁচ মিশান, পঞ্চভূত।

পঞ্চতিক্ত, ব্য, ন, তিক্ত দ্রব্য পঞ্চ ; যথা নিম, অমৃতা, বৃষ, পটোল, নিদিগ্ধিকা।

পঞ্চদশ, (পঞ্চন্—পাঁচ+দশন্—দশ ; পঞ্চাধিক দশ, কর্মধা-মধ্যপদলোপ) ণ, ত্রি, বহুং, পনরসংখ্যা, ১৫। (পঞ্চদশন্+ড—পূরণার্থে) ণ, ত্রি, পনর সংখ্যার পূরক।

পঞ্চদশী, (পঞ্চদশ+ঈপ্— স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, অমাবস্যা, পূর্ণিমা, বেদান্ত গ্রন্থবিশেষ।

পঞ্চধা, (পঞ্চন্+ধাচ্—প্রকারার্থে) ত্রি—ণ, ব্য, পাঁচপ্রকার, পাঁচবার।

পঞ্চনখ, (পঞ্চন্—পাঁচ+নখ) ব্য, পুং, মনুষ্য, বানর, হস্তী, কূর্ম, ব্যাঘ্র। ণ, ত্রি, পঞ্চনখযুক্ত—শশক, শল্লকী, গোধা, গণ্ডার, কূর্ম—এই পাঁচ প্রকার পশু সচরাচর ভক্ষণীয় পঞ্চনখের মধ্যে গণনীয় হইয়া থাকে।

পঞ্চনদ, (পঞ্চন্+নদী+অ) ব্য,পুং, শতদ্রু,বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা—এই পঞ্চনদীযুক্ত দেশ, পঞ্জাব। ন, কিরণা, ধূতপাপা, সরস্বতী, গঙ্গা, যমুনা—এই পাঁচ নদী।

পঞ্চনিম্ব, (পঞ্চ+নিম্ব) ব্য, ন, নিম্ব বৃক্ষের পত্র, ত্বক্, পুষ্প, ফল ও মূল।

পঞ্চনী, (পঞ্চ+নী—পাওয়া+কিপ্) ব্য, ন, শারিফল, পাশা দাবা ইত্যাদি খেলিবার ছক্।

পঞ্চনীরাজন, (পঞ্চ+নীরাজন—আরতি) ব্য, ন, প্রদীপ, পদ্ম, পাত্র, আম্র বা অশ্বত্থপত্র, এই চতুর্বিধ দ্রব্য দ্বারা দেব প্রতিমূর্তির আরতি, অনন্তর সাষ্টাঙ্গ প্রণিপাত।

পঞ্চপঞ্চনখ, (পঞ্চ+পঞ্চনখ) ব্য, পুং, শশক, শল্লকী, কুম্ভীর, গণ্ডার এবং কচ্ছপ, এই পাঁচ প্রকার পশু। ইহাদিগের মাংসভক্ষণ শাস্ত্রানুমোদিত।

পঞ্চপর্ব্ব, (পঞ্চ+পর্ব্বন্) ব্য, ন, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, এই চার তিথি এবং রবি সংক্রান্তি।

পঞ্চপল্লব, (পঞ্চন্—পাঁচ+পল্লব) ব্য, ন, আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ, যজ্ঞডুমুর—এই পঞ্চপল্লব,সচরাচর বৈদিক কর্ম্মে ঘটের উপর এই পঞ্চপল্লব বসান হইয়া থাকে; তন্ত্রমতে—পনস, আম্র, অশ্বত্থ, বট, বকুল—এই পঞ্চপল্লব ; অন্যমতে আম্র, জম্বু, কপিত্থ, বীজপূরক, এবং বিল্ব—এই পঞ্চপল্লব। [জ্যোতিষশাস্ত্র বিশেষ।

পঞ্চপক্ষী, ব্য, পুং, প্রশ্ন গণনার্থ

পঞ্চপাণ্ডব, ব্য, পুং, পাণ্ডু রাজার পঞ্চপুত্র, যথা যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব।

পঞ্চপাত্র, (পঞ্চন্—পাঁচ+পাত্র) ব্য, ন, দেবপক্ষদ্বয় এবং পিতৃপক্ষত্রয় এই পঞ্চপাত্র শ্রাদ্ধ, পাঁচটী পাত্র।

পঞ্চপিত্ত, ব্য, ন, বরাহ, ছাগ, মহিষ, মৎস্য ও ময়ূরের পিত্ত।

পঞ্চপ্রদীপ, (পঞ্চ+প্রদীপ) ব্য, পুং, পাঁচ প্রদীপ বিশিষ্ট আরাত্রিক ধাতুময় দ্রব্য বিশেষ।

পঞ্চপ্রাণ, ব্য, পুং, বহুং, প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, শরীরস্থ এই পঞ্চবায়ু।

পঞ্চভদ্র, (পঞ্চন্—পাঁচ+ভদ্র—সৌভাগ্য) ব্য, পুং, যে অশ্বের হৃদয়ে, পৃষ্ঠে, মুখে ও পার্শ্বদ্বয়ে আবর্ত্ত আছে।

পঞ্চভূত, (পঞ্চন্+ভূত) ব্য, ন, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম—এই পাঁচ।

পঞ্চম, (পঞ্চন্+ম—পূরণার্থে) ণ, ত্রি, সুন্দর, রুচির, মনোজ্ঞ, পাঁচের পূরণ, নিপুণ, দক্ষ। ব্য, পুং, রাগবিশেষ, অতি উচ্চৈঃস্বর, এই স্বর নাভি হইতে উত্থিত হইয়া বক্ষঃ, হৃদয়, কণ্ঠ এবং মস্তক, এই চারি স্থানে বিচরণ করে বলিয়া ইহাকে পঞ্চম স্বর বলা যায়, কোকিলের রব। ন, মৈথুন।

পঞ্চমকার, (পঞ্চন্+মকার=ম অক্ষর, যে পাঁচ শব্দের প্রথমে ম অক্ষর থাকে) ব্য, ন, মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা, মৈথুন—এই পাঁচ।

পঞ্চমহাপাতক, (পঞ্চ+মহাপাতক) ব্য, ন, ব্রহ্মহত্যা, সুরাপান, স্তেয়, গুরুপত্নীসংসর্গ এবং পাপীগণের সহিত সহবাস এই পঞ্চবিধ পাপ।

পঞ্চমহাযজ্ঞ, (পঞ্চন=পাঁচ+মহৎ=বড়+যজ্ঞ=যাগ) ব্য, পুং, বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি, অতিথিপূজা—এই পাঁচ প্রকার গৃহস্থের কর্ত্তব্য কর্ম্ম।

পঞ্চমার, ব্য, পুং, বলদেবের পুত্র।

পঞ্চমাস্য, (পঞ্চম=স্বরবিশেষ+আস্য=মুখ ; ৬-হ) ব্য, পুং, যে পঞ্চম স্বরে গান করে, পঞ্চমস্বরভাষী, কোকিল।

পঞ্চমী, (পঞ্চম দেখ, ঈপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, পাণ্ডবপত্নী, দ্রৌপদী, তিথিবিশেষ, চন্দ্রের পঞ্চমকলার ক্রিয়াকাল, পাঁচের ছক।

পঞ্চমুখ, (পঞ্চন্=পাঁচ+মুখ ; ৬-হ) ব্য, পুং, শিব, পঞ্চানন। (পঞ্চ [পনচ=বিস্তৃত হওয়া+অল]=বিস্তৃত+মুখ ; ৬-হ) সিংহ, কেশরী।

পঞ্চমুদ্রা, ব্য, স্ত্রী, পূজাতে কর্ত্তব্য পঞ্চ প্রকার মুদ্রা, যথা আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সম্বোধিনী, সম্মুখীকরণী।

পঞ্চমূত্র, ব্য, ন, গোরু, অজা, মেষী, মহিষী ও গর্দ্দভী এই পঞ্চ পশুর মূত্র।

পঞ্চমূল, (পঞ্চন্=পাঁচ+মূল) ব্য, ন, লী—স্ত্রী, স্বনামখ্যাত পাঁচনবিশেষ, ইহা ত্রিবিধ, যথা—বৃহৎপঞ্চমূল, স্বল্প পঞ্চমূল, তৃণাখ্যপঞ্চমূল; বৃহৎ পঞ্চমূল, যথা,—বিল্ব, শোনাক, গাম্ভারী, পাটলা, গোণিকারিকা; স্বল্প পঞ্চমূল, যথা—শালপর্ণী, পৃশ্নিপর্ণী, বৃহতী, কণ্টকারীকা, গোক্ষুরী; তৃণাখ্য পঞ্চমূল, যথা—কুশ, কাশ, শর, দর্ভ, ইক্ষু।

পঞ্চমূলী, ব্য, স্ত্রী, স্বল্প পঞ্চমূল পাঁচন।

পঞ্চযজ্ঞ, (পঞ্চন্=পাঁচ+যজ্ঞ=যাগ) ব্য, পুং, ব্রহ্মযজ্ঞ, নৃযজ্ঞ, দেবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ভূতযজ্ঞ—গৃহস্থের কর্ত্তব্য এই পাঁচ প্রকার যজ্ঞ।

পঞ্চরত্ন, (পঞ্চন্=পাঁচ+রত্ন=মণি) ব্য, ন, কনক, হীরক, মুক্তা, নীলকান্ত, পদ্মরাগ, এই পাঁচ রত্ন।

পঞ্চরসা, (পঞ্চন্=পাঁচ+রস=আস্বাদন) ব্য, স্ত্রী, আমলকী।

পঞ্চরাত্র, (পঞ্চন্=পাঁচ+রাত্রি) ব্য, ন, পঞ্চজ্ঞানসাধন গ্রন্থবিশেষ, পাঁচরাত্রি।

পঞ্চলক্ষণ, (পঞ্চন [সৃষ্টি, প্রলয়, বংশবর্ণনা, মনুর রাজত্ব, এবং তাঁহার পুত্রাদির চরিত্র]=পাঁচ+লক্ষণ=চিহ্ন; ৬-হ) ন, পুরাণশাস্ত্র।

পঞ্চলবণ, (পঞ্চন্=পাঁচ+লবণ) ব্য, ন, পঞ্চলবণের সমাহার ; কাচ, সৈন্ধব, সামুদ্র, বিট, সৌবর্চ্চল—এই পাঁচপ্রকার লবণ।

পঞ্চলোহ, পঞ্চলৌহক, (পঞ্চন=পাঁচ+লোহ, লৌহক) ব্য, ন, সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ, সীসক—এই পঞ্চবিধ ধাতু।

পঞ্চবক্ত্র, (পঞ্চন্=পাঁচ+বক্ত্র=মুখ ; ৬-হ) ব্য, পুং, পঞ্চানন, শিব, রুদ্রাক্ষ বিশেষ। (পঞ্চ=বিস্তৃত, বি-

মুখ+বক্ত্র=মুখ; ৬.হ) ণ, ত্রি, সিংহ।

পঞ্চবটী, (পঞ্চন্=পাঁচ+বট=বটবৃক্ষ; দ্বিগু—স) ব্য, স্ত্রী, অশ্বত্থাদি পঞ্চ বৃক্ষাদিযুক্ত স্থান; অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী, এবং অশোক—এই পাঁচ বৃক্ষ, দণ্ডকারণ্যস্থ বনবিশেষ।

পঞ্চবাণ, পঞ্চশর, (পঞ্চন্=পাঁচ+বাণ, শর; ৬.হ) ব্য, পুং, কন্দর্প, ইহাঁর পাঁচ বাণ, যথা—সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন; অথবা অরবিন্দ, অশোক, চূত, নবমল্লিকা, নীলপদ্ম।

পঞ্চশস্য, (পঞ্চন্=পাঁচ+শস্য) ব্য, ন, ধান্য, মুদ্গ, মাষ, যব, তিল কিম্বা শ্বেতসর্ষপ—এই পঞ্চবিধ শস্য।

পঞ্চশাখ, (পঞ্চন্=পাঁচ+শাখ; ৬.হ) ব্য, পুং, কর, হস্ত। ণ, ত্রি, পাঁচশাখাযুক্ত।

পঞ্চশিখ, (পঞ্চ=বিস্তৃত+শিখা=চূড়া বা কেশর; ৬.হ) ব্য, পুং, সিংহ, ধর্ম্মের ঔরসে হিন্সার গর্ভসম্ভূত মুনিবিশেষ, পাঁচশাখাযুক্ত।

পঞ্চশিখীকরণ, ব্য, ন, পাঁচচুলো করণ।

পঞ্চষাঃ, (পঞ্চন্+ষষ্) ব্য, ত্রি, পাঁচ বা ছয়ের পরিমাণ।

পঞ্চসুগন্ধিক, (পঞ্চন্=পাঁচ+সুগন্ধি=গন্ধদ্রব্য+ক—যোগ) ব্য, ন, লবঙ্গ, কর্পূর, কক্কোল, গুবাক, জাতীফল—এই পাঁচ সুগন্ধিদ্রব্য।

পঞ্চসূনা, (পঞ্চন্+সূনা [সু+উন্=বধকরা+অন—ভে]=বধ্যভূমি, কসাই) ব্য, পুং, বহু, গৃহস্থের গৃহস্থিত ৫টী বধ স্থান—উনন, পেষণী (শিল লোড়া), ঝাঁটা, কণ্ডনী (ঢেঁকির গড়), উদকুম্ভ (কলসী পিঁড়ি)।

পঞ্চাগ্নি, (পঞ্চন্=পাঁচ+অগ্নি=আগুন) ব্য, পুং, বহু, পাঁচ প্রকার অগ্নি; চতুর্দ্দিকে চারি, এবং উপরিস্থ সূর্য্য পঞ্চম অগ্নি; শরীরস্থ পঞ্চাগ্নি; উদরে গার্হপত্যাগ্নি, মধ্যদেশে দক্ষিণাগ্নি, বদনে আহবনীয়াগ্নি, মস্তকে সভ্যা, পর্ব্বে পর্ব্বাগ্নি। পুং, তপস্বিবিশেষ।

পঞ্চাঙ্গ, (পঞ্চন্=পাঁচ+অঙ্গ=শরীর) ণ, ত্রি, পঞ্চ অবয়ববিশিষ্ট। ব্য, পুং, কচ্ছপ, অশ্ববিশেষ, পঞ্চভদ্র পুষ্পিত তুরঙ্গম, প্রণামাদি দ্বারা সম্মাননা; বাহুদ্বয়, জানুদ্বয়, মস্তক, বচঃ, দৃশ্, এই পাঁচের দ্বারা সম্বর্দ্ধনা। ন, পঞ্চ অবয়ব, বার তিথি নক্ষত্র যোগ করণাত্মক পঞ্জিকা; এক বৃক্ষের মূল, ত্বক্, পত্র, পুষ্প, ফল—এই পাঁচ; সহায়, সাধনোপায়, দেশকালবিভাগ, বিপত্তিপ্রতীকার, সিদ্ধি—রাজ্যের এই পঞ্চাঙ্গ; জপ, হোম, তর্পণ, স্নান, ব্রাহ্মণভোজন—এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ।

পঞ্চাঙ্গগুপ্ত, (পঞ্চন্=পাঁচ+অঙ্গ=অবয়ব+গুপ্ত=লুকায়িত) ব্য, পুং, কচ্ছপ, মস্তক ও চারি পা—এই পাঁচ অঙ্গ যে আচ্ছাদনীর মধ্যে গোপন করিতে পারে।

পঞ্চাঙ্গুল, (পঞ্চন্=পাঁচ+অঙ্গুলি, যাহার পত্রে পাঁচ অঙ্গুলির সাদৃশ্য আছে) ব্য, পুং, এরণ্ড বৃক্ষ, গাবভেরেণ্ডা গাছ। ণ, ত্রি, পাঁচ অঙ্গুলি পরিমিত।

পঞ্চাতপা, (পঞ্চ=পাঁচ+আতপ=উত্তাপ, অগ্নি) ব্য, স্ত্রী, পঞ্চাগ্নি দ্বারা অথবা চারি প্রকার অগ্নি ও মস্তকস্থ সূর্য্য এই পঞ্চবিধ আতপ দ্বারা সাধ্য তপস্যাবিশেষ।

পঞ্চানন, পঞ্চাস্য, (পঞ্চন্=পাঁচ+আনন, আস্য=মুখ; ৬.হ) ব্য, পুং, শিব। (পঞ্চ[পন্চ্=বিস্তৃত হওয়া=অল]=বিস্তৃত+আনন, আস্য; ৬.হ) সিংহ। ণ, ত্রি, অত্যুগ্র, সাত্তিশয় রিপু বশীভূত।

পঞ্চার, (দেশজ) সংখ্যাবিশেষ, ৫৫।

পঞ্চামরা. (পঞ্চ+অমর) ব্য, স্ত্রী, পঞ্চ প্রকার অমর লতা, যথা দূর্ব্বা. বিজয়া, বিষপত্রহা, নিশুণ্ডী, কাল-তুলসী।

পঞ্চামৃত,(পঞ্চন্=পাঁচ+অমৃত=সুধা. কর্ম্মধা.) ব্য, ন, দধি, দুগ্ধ, ঘৃত, মধু,শর্করা—এই পঞ্চবিধ দ্রব্যঘটিত।

পঞ্চাম্নায়, (পঞ্চ=পাঁচ+আম্নায়=শাস্ত্র) ব্য,পুং, বহুং, শিবের পঞ্চমুখ হইতে নির্গত পঞ্চপ্রকার শৈব শাস্ত্রবিশেষ।

পঞ্চাম্র, (পঞ্চন্=পাঁচ+আম্র ; দ্বিগু—স) ব্য, ন, অশ্বত্থ, নিম্ব, চম্পক, বকুল, নারিকেল—এই পঞ্চ।

পঞ্চাম্ল, (পঞ্চ+অম্ল) ব্য, ন, অম্ল-পঞ্চক, যথা—১ কোল, ২ দাড়িম, ৩ বৃক্ষাম্ল, ৪ অম্লবেতস, ৫ মাতুলঙ্গ-বিশিষ্ট। [ব্যক্তির বিচার।

পঞ্চারিত, (দেশজ) স্বজাতীয় বহু

পঞ্চারী, ব্য, স্ত্রী, পাশার ছক, শারি-শৃঙ্খলা। [কিরণ) ব্য, পুং, বুধগ্রহ।

পঞ্চার্চ্চিঃ, (পঞ্চন্=পাঁচ+অর্চ্চিস্=

পঞ্চাল,(পঞ্চ=বিস্তার করা+কালচ্) ব্য, পুং, ভারতবর্ষের উত্তরস্থ দেশ-বিশেষ, পঞ্জাব। লী, লিকা—স্ত্রী, বস্ত্রদন্তাদিনির্ম্মিত পুত্তলি, পুতুল, গানবিশেষ, পাঁচালী, পাশার ছক।

পঞ্চালিকা, (পঞ্চাল+ইক+আ) ব্য, স্ত্রী, পুত্তলী, গীতবিশেষ, পাশার ছক।

পঞ্চাবস্থ, (পঞ্চন্=পাঁচ [ভূত]+অ—বস্থা) ব্য, পুং, শব, মৃতদেহ।

পঞ্চাশৎ, (পঞ্চন্+শৎ, আ—আ-গম) ণ, ত্রি, পঞ্চাশ সংখ্যা, ৫০।

পঞ্চাস্ত, (পঞ্চ+আস্ত) ব্য, পুং, শিব,মহাদেব,সিংহ,মৃগেন্দ্র, কেশরী।

পঞ্চাস্র, (পঞ্চ+অস্র=কোণ) ণ, ত্রি, পাঁচ কোণ বিশিষ্ট, পাঁচ কোণ।

পঞ্চীকরণ, (পঞ্চন্=পাঁচ+কৃ=করা+অনট+ভাব ; মধ্যে, ঈ—আগম) ব্য, ন, সূল সৃষ্টিসম্পাদনার্থ ক্ষিত্যপ্তেজোমরুদ্ব্যোম এই সূক্ষ্ম পঞ্চভূতকে দুইভাগে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুন-র্ব্বার চারিখণ্ডে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধভিন্ন অন্য চারি অর্দ্ধে একখণ্ড যোগকরা।

পঞ্চীকৃত, (পঞ্চন্=পাঁচ+কৃত ; মধ্যে, ঈ—আগম) ণ, ত্রি, যাহার পঞ্চী-করণ করা হইয়াছে,পঞ্চভূতে প্রস্তুত, পঞ্চমূল পদার্থে গঠিত।

পঞ্চেন্দ্রিয়, (পঞ্চন্=পাঁচ+ইন্দ্রিয়) ব্য, ন,পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের সমাহার—যথা, ১ শ্রোত্র, ২ত্বক্, ৩ নেত্র, ৪ রসনা, ৫ঘ্রাণ ; বাক্. পাণি, পাদ, পায়ু, উপস্থ—এই পাঁচ কর্ম্মেন্দ্রিয়।

পঞ্চেষু, (পঞ্চন্=পাঁচ+ইষু=বাণ,৬.হ) ব্য, পুং, কন্দর্প, পঞ্চশর, মদন।

পঞ্চোষ্মন্. (পঞ্চ=পাঁচ+উষ্মন্=অগ্নি) ব্য, পুং, বহুং, আহার পাচক দে-হাভ্যন্তর্গত পাঁচ অগ্নি।

পঞ্জর, (পিনজ=বাসকরা+অরচ্) ব্য, পুং, ন, কঙ্কাল, অস্থিমাত্রাবশিষ্ট শরীর। ন, পিঞ্জর. পক্ষ্যাদিবদ্ধ গৃহ, খাঁচা, পিঁজরা। পুং, শরীর, দেহ, কলিযুগ, গাভীর নীরাজন বিধি।

পঞ্জরাখেট, (পঞ্জর=পিঁজরা+আখে-ট=মৃগয়া, শিকার) সং, পুং, মৎস্য-ধারণ যন্ত্র, পলো প্রভৃতি।

পঞ্জি, পঞ্জিকা, পঞ্জী, (পিনজ=স্পর্শ ক-রা+ই, ক—যোগ) ব্য, স্ত্রী, তিথি নক্ষত্রাদি কালজ্ঞাপক গ্রন্থ, পাঁজি, তুলনালিকা, পাঁইজ, ব্যাকরণের টীকা বিশেষ, যমের পুস্তক, যাহাতে মনুষ্যের পাপপুণ্য লিখিত থাকে।

পঞ্জিকাকার,ব্য,পুং,পঞ্জী প্রস্তুতকারক, তিথি বারাদি নির্ণায়ক পুস্তককর্ত্তা।

পঞ্জিকারক, ব্য, পুং, কায়স্থজাতি,

পত্রিকাকার।

পত্রীকর, (পত্রী=পত্রিকা+কর=যে করে) ব্য, পুং, কায়স্থ, লেখকব্যক্তি, পত্রিকাপ্রস্তুতকারক।

পট, (পট্=বেষ্টন করা+অল্) ব্য, পুং, ন, বস্ত্র, চিত্রপট, ছবি। ন, চাল, ছাদ। পুং, বৃক্ষবিশেষ। টী—স্ত্রি, যবনিকা, পর্দ্দা, বস্ত্রবিশেষ।

পটক, (পট+ণক) ব্য, পুং, শিবির, ছাউনি।

পটকা, (দেশজ) ব্য, ক্রীড়ার্থ নির্ম্মিত বারুদপূর্ণ দ্রব্যবিশেষ, অগ্নিখেলার টোটা।

পটকার, (পট=বস্ত্র+কার=যে করে) ব্য, পুং, তাঁতি, চিত্রকর, পটুয়া।

পটকুটী, (পট=বস্ত্র+কুটী=গৃহ) ব্য, স্ত্রী, বস্ত্রগৃহ, তাঁবু, শিবির।

পটচ্চর, (পটৎ=অনুকরণশব্দ+চর=গমন করা) ব্য, ন, জীর্ণ বস্ত্র। পুং, চোর।

পটপটী, (দেশজ) বালকদিগের খেলানা বিং, ঔষধি বিশেষ, লতাবিং।

পটমঞ্জরী, ব্য স্ত্রী, রাগিণী বিশেষ।

পটমণ্ডপ, (পট=বস্ত্র+মণ্ডপ=গৃহ, ৬-ষ) ব্য, পুং, তাঁবু, বস্ত্রগৃহ।

পটময়, (পট=বস্ত্র+ময়ট্) ণ, ত্রি, বস্ত্রনির্ম্মিত। ব্য, ন, তাঁবু, শাটী।

পটল, (পট্=গমন করা+কলচ্) ণ, ত্রি, স্তূপাকার, রাশীকৃত, সমূহ। ন, স্ত্রী, পুস্তক, বৃক্ষ, ডাঁটা। পুং, স্ত্রী, ছাদ, চাল। ন, আচ্ছাদন। আভ্যন্তরিক চর্ম্ম বা শিরাতন্ত, স্থান, বেশের বিভাগ, বেলা, চন্দনের তিলক, চুপড়ি, বাক্স, আনুযাত্রিক ব্যক্তি। (Retinue)

পটলপ্রান্ত, (পটল=চাল+প্রান্ত=শেষ) ব্য, পুং, চালের প্রান্তভাগ, ছাঁচ্।

পটবাপ, (পট=বস্ত্র+বাপ=যাহা বুনা হইয়াছে) ব্য, পুং, বস্ত্রগৃহ, তাঁবু।

পটবাস, পটবাসক, (পট=বস্ত্র+বাস, বাসক=গৃহ, বাসিত) ব্য, পুং, আবাসী, তাম্বু, পিটালী, গন্ধচূর্ণ।

পটবেশ্ম, ব্য, ন, তাম্বু, কানাৎ।

পটহ, (পট=অনুকরণ শব্দ+হা=করা বা ত্যাগ করা+ড) ব্য, পুং, ন, আনকবাদ্য, রণঢক্কা। পুং, যুদ্ধকালীন বাদ্যমান ঢক্কা, হিংসন, বধ, আড়ম্বর, সমারম্ভ।

পটাক, (পট্=গমনকরা+আক, সংজ্ঞার্থে) ব্য, পুং, পক্ষিবিশেষ। কা—স্ত্রী, পতাকা, কেতন, নিশান।

পটাপট, (দেশজ) চপেটাঘাতাদির অব্যক্ত শব্দ।

পটালুকা, (পট্=গমনকরা+আলু, ক—যোগ, আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, জলৌকা, জোঁক।

পটি, পটিকা, পটী, (পট্+অল+ইক—যোগে পটিকা) ব্য, স্ত্রী, বস্ত্রবিশেষ। (দেশজ) একজাতীয় ব্যবসায়ীদের শ্রেণীবদ্ধ বিপণি, বৃক্ষবিশেষ, কুম্ভিকা বৃক্ষ।

পটিষ্ঠ, পটীয়ান্, (পটু+ইষ্ঠ, ঈয়স্—অতিশয়ার্থে) ণ, ত্রি, অতি পটু, সুচতুর, সুনিপুণ, অতিশয় দক্ষ।

পটীর, (পট্=গমনকরা+ঈর) ব্য, ন, ক্ষেত্র, উচ্চতা, লোচন, চন্দন, মেঘ, বংশ, উদর, মূলক, খদির, বাতরোগবিশেষ। পুং, কন্দর্প, চন্দন বৃক্ষ, মেঘ।

পটু, (পাটি=কথাকহা+ড়ু) ণ, ত্রি, নিপুণ, দক্ষ, সমর্থ, পরিশ্রমী, চতুর, নীরোগ, মধুর, উজ্জ্বল, প্রস্ফুটিত, তীক্ষ্ণ, উষ্ণ, গরম, বিস্তৃত, হিংস্রক, নির্দ্দয়, নিষ্ঠুর, কঠিন, কর্কশ, ধূর্ত্ত, জুয়াচোর, অতিশয় বক্তা, যে অতিশয় গল্প করে, বাক্‌পটু। ব্য, পুং, পটোল, পটোল পত্র, পল্তা, কাণ্ডীর লতা, কারবেল, চোরক।

ন, ছত্রা, কবক, শাংশুলবণ, ব্যা-
ঙের ছাতি। (Mushroom). [পটোল-

পটুক, (পটু+কন্—স্বার্থে) ব্য, পুং,

পটুতা, (পটু+তা—ভাবে) ব্য, স্ত্রী,
নৈপুণ্য. পারকতা, পটুত্ব।

পটুপর্ণী, পটুপর্ণিকা, ব্য, স্ত্রী, ভৈষজ্য
লতাবিশেষ, ক্ষীরিণী বৃক্ষ।

পটুরূপ, (পটু+রূপ—এখানে অতি-
শয়ার্থে) ণ, ত্রি, অতিশয় দক্ষ।

পটোটজ, (পট=পর্দা+উটজ=পর্ণ-
শালা, কুঁড়েঘর) ব্য, ন, তাম্বু, বস্ত্র-
নির্ম্মিত গৃহ।

পটোল, (পটু দেখ+ওল—সংজ্ঞার্থে)
ব্য, পুং. স্বনাম প্রসিদ্ধ ফলবিশেষ।
ন, বস্ত্রবিশেষ, পট্টবস্ত্র।

পটোলক, (পটোল+ক—তুল্যার্থে)
ব্য, পুং, শুক্তি, ঝিনুক, ইহার আকৃ-
তি পটোলের ন্যায় বলিয়া ইহাকে
পটোলক বলে। [শাক।

পটোলপত্র, ব্য, ন, পল্তা, পটলের

পটোলিকা, পটোলী, (পটোল+ক,
ঈ—অল্পার্থে) ব্য, স্ত্রী, ক্ষুদ্রপটোল,
ফলবিশেষ, ঝিঙ্গা।

পট্ট, (পট্=গমনকরা, পাওয়া+ক্ত)
ব্য, পুং, পেষণার্থ প্রস্তর, শীল,
পাটা. পিঁড়ি, পীঠ, ঢাল, ফলক,
রাজকীয় সনন্দ,জমি প্রভৃতির পাট্টা,
পট্টি, পাগ্ড়ি, উষ্ণীষ. রাজাসন,
উত্তরীয় বস্ত্র, এক পাটা কাপড,
কোষেয়, পাট, রেশমাদি। ন,নগর,
গ্রাম। [বস্ত্র, রেশমী কাপড।

পট্টজ, (পট্ট+জ—উৎপন্ন) ব্য, ন, পট্ট-.

পট্টদেবী, পট্টমহিষী, (পট্ট—শিরোবস্ত্র.
পাগ্ড়ি+দেবী, মহিষী—রাজ্ঞী) ব্য,
স্ত্রী,রাজার প্রধানা মহিষী, পাটরাণী।

পট্টন, (পট্=গমনকরা+তন) ব্য, ন,
পত্তন, নগর। [তা পাতা।

পট্টশাক, ব্য, পুং,ন, পাটশাক, নালি-

পট্টারোহা, ব্য, স্ত্রী, প্রধানা রাজ্ঞী।

পট্টার্হা, ব্য, স্ত্রী, মহাদেবী, পাটরাণী।

পট্টিকা, (পট্টী+ক—যোগ) ব্য, স্ত্রী,
পট্টি. ব্রণাদির বন্ধন, পটী, চতুষ্পথ,
চৌমাথারাস্তা, লোহিত কোষেয়
উষ্ণীষ, রাজা রেশমী পাগড়ি।

পট্টিকাখ্য. পট্টিকালোধ্র, ব্য,পুং রক্ত-
লোধ্র, পটিয়ালোধ।

পট্টিশ,—স, (পট্ট দেখ, টিশ বা টিস-
সংজ্ঞার্থে) ব্য, পুং, অস্ত্রবিশেষ,
কুঠার বিশেষ।

পট্টী, ব্য,স্ত্রী, ললাটিকা, অশ্বের বক্ষঃ-
স্থলবন্ধনরজ্জু। পুং, রক্ত লোধ্র।

পট্টোলিকা. (পট্ট—রাজকীয় সনন্দ+
ওল. ক—যোগ) ব্য, স্ত্রী, ব্যবস্থা-
পত্র, পাট্টা।

পঠদ্দশা, (পঠৎ [পঠ্=পাঠ করা+
শতৃ]+দশা) ব্য, স্ত্রী, পাঠের অবস্থা,
পড়িবার সময়।

পঠন,(পঠ্=পাঠকরা+অনট্—ভাব)
ব্য. ন, পাঠ, অধ্যয়ন।

পঠনীয়, (পঠ্=পাঠকরা+অনীয়—ট)
ণ, ত্রি, পড়িবার যোগ্য, পাঠ্য।

পঠি, (পঠ্=পাঠকরা+ই) ব্য, স্ত্রী,
পঠন, অধ্যয়ন. পাঠ।

পঠিত, (পঠ্=পাঠকরা+ক্ত—ট) ণ,
ত্রি, অধীত, উচ্চারিত।

পঠিতব্য, (পঠ্+তব্য-ট) ণ, ত্রি, পা-
ঠ্য, পাঠযোগ্য, পাঠোপযুক্ত।

পঠ্যমান, (পঠ্=পাঠকরা+শান—ট)
ণ, ত্রি, যাহা পাঠ করা হইতেছে।

পড়ন, পড়া,(পঠনার্থ পঠ,—পতনার্থ
পত্ ধাতুজ) ব্য, অধ্যয়ন, পতন।

পড়শী, (দেশজ) ব্য, প্রতিবাসী।

পড়িয়ান. (দেশজ) বস্ত্রের বুননি সূত্র।

পড়ুয়া, (দেশজ) ছাত্র, বিদ্যার্থী,
শিষ্য।

পড়ুয়াবিশ্বাস, (দেশজ) শিক্ষক

পণ, (পণ্=ক্রয় বিক্রয়করা, স্তুতিকরা
+অল্) ব্য পুং প্রতিজ্ঞা, ব্যব

চার, দ্যূত, গৃহ, বাজীরাখা, স্তুতি-পণ্ডা, ধন, কার্ষাপণ, বিক্রেয় বস্তু, বেতন, মূল্য।

পণগ্রন্থি, (পণ=বিক্রেয় বস্তু+গ্রন্থি=গাঁইট) বা, পুং, হাটবাজার ইত্যাদি।

পণন, (পণ্+অনট—ভাব) ব্য, ন, বিক্রয়, বেচা।

পণবন্ধ, (পণ=প্রতিজ্ঞা+বন্ধ=বন্ধন) বা, পুং, প্রতিজ্ঞাবন্ধ, সন্ধি, অভীষ্ট, সিদ্ধি।

পণব, (পণ=স্তুতিকরা+অব—সংজ্ঞার্থে) বা, পুং, বাদ্যযন্ত্রবিশেষ, ছন্দোবিশেষ, প্রণব, ওঙ্কার।

পণস, (পণ=ক্রয়বিক্রয়ব্যবহার করা+অস) বা, পুং, পণ্যদ্রব্য, বিক্রেয় সামগ্রী।

পণাঙ্গনা, (পণ=ব্যবহার+অঙ্গনা=স্ত্রী) বা, স্ত্রী, বেশ্যা, কুলটা, যে স্ত্রী সকলের ব্যবহারার্থ অর্থাৎ উপভোগার্থ থাকে।

পণাপণ, (দেশজ) মূল্য নির্দ্ধারণ।

পণায়া, (পণ=ক্রয়বিক্রয় করা+আয়, আ—ভাব) বা, স্ত্রী, কেনা বেচা, ক্রয়বিক্রয়।

পণায়িত, পণিত, (পণ+ক্ত—চ) ণ, ত্রি, প্রশংসিত, স্তুত, ক্রীত, ব্যবহৃত, বর্ণিত, বিক্রীত।

পণাস্থি, (পণ=বিক্রেয়দ্রব্য+অস্থি=হাড়) বা, ন, কপর্দ্দক, কড়ী।

পণিতব্য, (পণ+তব্য—চ) ণ, ত্রি, ব্যবহার্য্য, স্তোতব্য, বিক্রেয়, বেচিবার উপযুক্ত।

পণ্ড, (পণ্ড=গমনকরা+অল্) বা, পুং,—ন, নপুংসক। ণ, ত্রি, নিষ্ফল, নিরর্থক।

পণ্ডশ্রম, (দেশজ) বা, অনর্থক আয়াস, বিফল যত্ন, বৃথা কষ্টভোগ, নিরর্থক শ্রম।

পণ্ডা, (পণ্ড দেখ+আ) বা, স্ত্রী, শাস্ত্রজ্ঞান, পাণ্ডিত্য, তীক্ষ্ণবুদ্ধি।

পণ্ডিত, (পণ্ডা+ইত—জাতার্থে) বা, পুং, শাস্ত্রজ্ঞ, বিদ্বান, নিপুণ, দক্ষ, মেধাবী।

পণ্ডিতম্মন্য, পণ্ডিতমানী, (পণ্ডিত+মন্=বোধকরা+য—ক, পণ্ডিত+মন্=বোধকরা+ণিন্—ক) ণ, ত্রি, পণ্ডিতাভিমানী, যে পণ্ডিত না হইয়াও আপনাকে পণ্ডিত জ্ঞান করে।

পণ্ডিতমূর্খ, বা, পুং, যে ব্যক্তি পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় কার্য্য করে, শাস্ত্রাদি অনুশীলন দ্বারা যাহার বুদ্ধির কিছু মাত্র তীক্ষ্ণতা জন্মে নাই।

পণ্য, (পণ্+য—চ) ণ, ত্রি, বিক্রেয়বস্তু, ব্যবহার্য্য।

পণ্যবীথিকা, পণ্যবীথী, (পণ্য+বীথিকা, বীথি=শ্রেণী; ৬-ষ) বা, স্ত্রী, বিপণি, শ্রেণীবদ্ধ দোকান।

পণ্যশালা, (পণ্য=বিক্রেয় দ্রব্য+শালা=গৃহ) বা, স্ত্রী, হাট বাজার দোকান ইত্যাদি।

পণ্যস্ত্রী, (পণ্য+স্ত্রী; কর্ম্মধা) বা, স্ত্রী, পণ্যাঙ্গনা, বেশ্যা, সাধারণের উপভোগ্যা কামিনী।

পণ্যাঙ্গনা, পণাঙ্গনা, (পণ্য, পণ+অঙ্গনা=স্ত্রী; কর্ম্মধা) বা, স্ত্রী, বেশ্যা।

পণ্যাঙ্গনাপ্রিয়, (পণ্যাঙ্গনা=বেশ্যা+প্রিয়) বা, পুং, বেশ্যাপ্রিয়।

পণ্যাজীব, (পণ্য=বিক্রেয়দ্রব্য+আজীব=জীবিকা; ৬-ষ) বা, পুং, বণিক্, সওদাগর, ব্যবসায়ী।

পণ্যাজীবক, (পণ্যাজীব+ক—যোগ) বা, ন, হাট, বাজার, পণ্যবীথিকা।

পতগ, পতঙ্গম, (পত=[পৎ=গমনকরা+অ—ধ] পক্ষ+গ, গম=যে গমন করে) বা, পুং, পক্ষী, বিহঙ্গ, যে পক্ষ দ্বারা গমন করে।

পতঙ্গ, (পত=পক্ষ+গম্=গমনকরা+খ) বা, পুং, ফড়িং, শলভ, অগ্নি, বাণ, শর, সূর্য্য, পক্ষী। ন, চন্দন-

বিশেষ, পায়র, পারা।

পতঙ্গকবচ, (Entromostraca) যে সকল কীটের শরীর পতঙ্গের কবচের ন্যায় কঠিন কবচে আবৃত থাকে যথা কালিগস্ (Calegus), তৃদলক (Trilobites) প্রভৃতি জলজ কীটাদি

পতঙ্গিকা, (পতঙ্গ+কণ—তুল্যার্থে, আপ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, এক প্রকার মধুমক্ষিকা, মৌমাছি বিশেষ।

পতঞ্চিকা, ষ্য, স্ত্রী, ধনুজ্যা, ধনুকের ছিলা।

পতঞ্জলি, (পত=পতন্+অঞ্জলি) ষ্য, পুং, যোগশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ, ইনি পাণিনি ব্যাকরণের ভাষ্য এবং পাতঞ্জলি নামক যোগশাস্ত্র প্রণয়ন করেন, এইরূপ প্রথিত আছে যে যৎকালে পাণিনি মুনি অঞ্জলিবদ্ধ করিয়া তপস্যা করিতেছিলেন তৎকালে এই মুনি সর্পদেহ ধারণ করত স্বর্গ হইতে পাণিনি মুনির অঞ্জলিবদ্ধ হস্তে পতিত হইয়াছিলেন, এই নিমিত্ত ইহাঁর নাম পতঞ্জলি হইয়াছে, কবিবিশেষ, বররুচির নামান্তর।

পতত্র, (পতৎ=পক্ষী+ত্রা=ত্রাণকরা+ড—ষ, ২-ষ) ষ্য, স্ত্রী, পক্ষীর ডানা।

পতত্রি, পতত্রী, (পতত্র+ই; পতত্র+ইন্—অস্ত্যার্থে) ষ্য, পুং, বিহঙ্গ, খগ, পক্ষী।

পতত্রিরাজ, (পতত্রিন্=পক্ষী+রাজা=শ্রেষ্ঠ বা অধিপতি) ষ্য, পুং, পক্ষিরাজ, গরুড়, বিষ্ণুর বাহন।

পতদ্গ্রহ, (পতৎ=যাহা পড়িতেছে+গ্রহ=যে গ্রহণ করে, যাহা মুখ হইতে পতিত জলাদি গ্রহণ করে; ২-ষ) ষ্য, পুং, যাহাতে থুথু ফেলা যায়, নিষ্ঠীবনপাত্র, পিকদানী।

পতদ্ভীরু, (পতৎ=পক্ষী+ভীরু=ভয়ঙ্কর) ষ্য, পুং, শ্যেন পক্ষী।

পতন, (পৎ=অধোগমনকরা+অনট্—ভাব) ণ, ত্রি, যে বা যাহা গমন করে বা পতিত হয়। ষ্য, ন, গমন, চলন, ভ্রংশ, পাতিত্য, নাশ, পাপ, উচ্চ স্থান হইতে নামন, (অঙ্কশাস্ত্রে) ব্যবকলন, (জ্যোতিঃশাস্ত্রে) নাড়ীমণ্ডল হইতে গ্রহাদির দূরত্ব। (Latitude of a planet; star &c.)

পতন্, (পৎ=গমনকরা+শতৃ—ষ) ষ্য, পুং, পক্ষী। ণ, ত্রি, পতনশীল।

পতম, (পৎ=পড়া+অমচ্) ষ্য, পুং, পক্ষী, চন্দ্র, পতঙ্গ।

পতয়ালু, (পত=পড়া+আলু—ষ, শীলার্থে) ণ, ত্রি, পতনশীল।

পতস, (পৎ=গমনকরা+অস—সংজ্ঞার্থে) ষ্য, পুং, বিহঙ্গ, পক্ষী, চন্দ্র।

পতাকা, (পৎ=গমনকরা+আক—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, ধ্বজ, নিশান, ধ্বজদণ্ড, সৌভাগ্য, চিহ্ন, নাটকের অঙ্গবিশেষ।

পতাকী, (পতাকা+ইন্—অস্ত্যার্থে) ণ, ত্রি, পতাকাধারী। ষ্য, পুং, রথ, শুভাশুভসূচক চক্রবিশেষ। পতাকিনী—স্ত্রী, সেনা।

পতি, (পা=রক্ষাকরা+ডতি) ষ্য, পুং, ভর্ত্তা, স্বামী, নেতা, নায়ক, প্রভু।

পতিঘাতিনী, (পতি+হন+ণিন্, ঈ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, স্বামিহত্যাকারিণী, পতিবিনাশিনী।

পতিঘ্নী, ষ্য, স্ত্রী, পতিনাশক হস্তরেখাবিশেষ, স্বামিহত্যাকারিণী।

পতিত, (পৎ=পড়া+ক্ত—ষ) ণ, ত্রি, চলিত, গলিত, অধোগত, ক্ষরিত, ধর্ম্মচ্যুত, পাপী।

পতিদেবতা, পতিপ্রাণা, (পতি+দেবতা, প্রাণা; ৬-হ) ষ্য, স্ত্রী, সতী, সাধ্বী, পতিব্রতা।

পতিতপাবন, ষ্য, পুং, পতিতের পবি-

পত্নী । (স্ত্রী, পতিব্রতা, সতী ।
পতিপ্রাণা, (পতি+প্রাণ ; ৬.হ) ব্য, পতিম্বরা, (পতি+বৃ=মনোনীতকরা +খ—ম ; ম আগম ; আপ=স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, স্বয়ম্বরা, যে স্ত্রী অনেক ব্যক্তির মধ্য হইতে পতি মনোনীত করে, কৃষ্ণজীরক, কেলে জীরে ।
পতিবত্নী, (পতি+বতু, ঈপ ; ন—আগম) ব্য, স্ত্রী, সভর্তৃকা, সধবা ।
পতিব্রতা, (পতি+ব্রত ; ৬.হ) ব্য, স্ত্রী, যাহার পতি ব্রতের ন্যায় অর্থাৎ সদা সেব্য, সতী, সাধ্বী, পতিপরায়ণা ।
পতিহীনা, (পতি+হীনা ; ৩.হ) ব্য, স্ত্রী, পতিরহিতা, স্বামিহীনা, বিধবা ।
পতের, (পৎ+এর) ব্য, পুং, স্ত্রী, পক্ষী, আচক, ঝাঁড়ি, গর্ত্ত, বিবর । প, ত্রি, গমনকর্ত্তা ।
পত্তঙ্গ, ব্য, ন, বকম্ গাছ, রক্তচন্দন ।
পত্তন, (পৎ=গমনকরা+তন—যেখানে বণিকেরা গমন করে । অথবা পৎ=গমন+তন=বিস্তার ; ৭.হ) ব্য, ন, যেখানে গমনের বিস্তার আছে ; নগর, সহর, মৃদঙ্গ, উপক্রম, আরম্ভ ।
পত্তনবণিক, ব্য, পুং, নগরবণিক, ব্যাপারী ।
পত্তি, (পদ্=গমনকরা+ক্তি, যাহারা পদব্রজে গমন করে) ব্য, পুং, পদাতিক সৈন্য, বীর ।-স্ত্রী, গতি, সেনাবিশেষ—একহস্তী, একরথ, তিন অশ্ব, এবং পঞ্চপদাতিকা ।
পত্তিসংহতি, ব্য, স্ত্রী, সৈন্যসমূহ, পদাতিসমূহ, বহু পদাতিক, পদব্রজে গমনকারি সৈন্যদল ।[পত্তঙ্গ, রক্তচন্দন।
পত্তূর, ব্য, পুং, শালিঞ্চ শাক । ন,
পত্নী, (পতি+ঈ—আয়ার্থে, ন্—আগম) ব্য, স্ত্রী, পরিণীতা স্ত্রী, ভার্য্যা, জায়া ।
পত্ন্যাট, (পত্নী—ভার্য্যা+আট [আ +অট—গমনকরা+অল্)—যে স্থানে গমনকরে, পত্নী যে স্থানে গমন করে) ব্য, পুং, পত্নীর বাসভবন, সম্ভোগগৃহ ।
পত্র, (পৎ=পড়া, গমনকরা+ত্র) ব্য, ন, বাহন, অশ্বশকটাদি, পক্ষ, পালক, পাতা, বাণের পক্ষ, সুবর্ণাদির পাত, পুস্তকাদির পাত, পত্রলতা ।
পর্য্যায়, (পরি+ই=গমনকরা+ঘঞ্—ভাব) ব্য, পুং, ক্রম, পালা, প্রকার, সুবিধা, নির্ম্মজাত দ্রব্য, দ্রব্যের গুণ, সম্পর্কবিশেষ, সমার্থবোধক শব্দ।

পর্য্যায়শয়ন, ব্য, ন, পালাক্রমে নিদ্রা ও জাগরণ।

পর্য্যালোচনা, (পরি+আ+লোচি=

পর্য্যালোচনা, (পরি+আ+লোচ—দর্শন করা+অনট—ভাব) ব্য, স্ত্রী, বিশেষরূপে আলোচনা, পুনঃপুনঃ অনুশীলন, সর্বদা অভ্যাস, বিতর্ক।

পর্য্যাস, (পরি+অস্—হওয়া, পরিবর্ত্তকরা ইত্যাদি+ঘঞ্—ভাব) ব্য, পুং, পরিবর্ত্তন, বিস্তার, বিনাশ।

পর্য্যাহার, (পরি+আ+হৃ—গ্রহণ করা+ঘঞ্—ভাব) ব্য, পুং, একস্থান হইতে অন্যত্র নয়ন, বোঝা, মোট, গরুর গাড়ি দেওয়া যোল্ ।(Yoke.)

পর্য্যুৎসুক, (পরি+উৎসুক) ণ, ত্রি, উৎকণ্ঠিত, চিন্তিত, অনুরক্ত।

পর্য্যুদঞ্চন, (পরি = সম্যক্+উৎ=ঊর্দ্ধে+অন্চ—গমনকরা+অনট) ব্য, ন, ঋণ, ধার।

পর্য্যুদস্ত, (পরি+উৎ+অস্ [হওয়া] নিবারণকরা+ক্ত—চ) ণ, ত্রি, পরাজিত, হীনবল, নিবিদ্ধ, নিবারিত, অপমানিত।

পর্য্যুদাস, (পরি+উৎ+অস্+অ—ভাব ; অথবা পরি—সর্ব্বতোভাবে+উৎ+অস্—নিষেধ করা+ঘঞ—ভাব) ব্য, পুং, নিষেধ, নিবারণ, পরাভব।

পর্য্যুষিত, (পরি+বস্=বাসকরা+ক্ত—চ) ণ, ত্রি, পূর্ব্বদিবসীয়, বাসি।

পর্য্যেষণা, (পরি+এষণা—অন্বেষণ) ব্য, স্ত্রী, অনুসন্ধান, অন্বেষণ, গবেষণা, খোঁজা।

পর্ব্ব, (পৃ—পূরণকরা+বন্) ব্য, ন, গ্রন্থি, গাঁইট, সন্ধি, দর্শ ও প্রতিপদের সন্ধি, ভাগ, পাব, অষ্টমী চতুর্দশী পূর্ণিমা অমাবস্যা তিথি ও সংক্রান্তি—এই পাঁচ পঞ্চপর্ব্ব ; বিষুব, সংক্রান্তি প্রভৃতি কালবিশেষ, সূক্ষ্ম কারণ, ক্ষণ, উৎসব, পরব, প্রস্তাব, অধ্যায়, পরিচ্ছেদ, লক্ষণান্তর, সুবিধা, সুযোগ।

পর্ব্বক, (পর্ব্বন্—গ্রন্থি+ক) ব্য, ক্লী, ঊরুসন্ধি, হাঁটু।

পর্ব্বত, (পর্ব্ব—পূরণকরা+অত ; অথবা পর্ব্বন্=পব+ত, যাহার পব্ব আছে) ব্য, পুং, গিরি, পাহাড়, দেবর্ষিবিশেষ, মৎস্যবিশেষ। [দাঁড়কাক।

পর্ব্বতকাক, (পর্ব্বত+কাক) ব্য, পুং,

পর্ব্বতজা, (পর্ব্বত+জ=যে জন্মে, ৫-ব) ব্য, স্ত্রী, নদী, পার্ব্বতী, দুর্গা।

পর্ব্বতযামিনী, ব্য, স্ত্রী, গায়ত্রী, কালী।

পর্ব্বতাধারা, (পর্ব্বত+আধার—আশ্রয় ; ৬ হ) ব্য, স্ত্রী, পৃথিবী, ক্ষিতি।

পর্ব্বতারি, (পর্ব্বত+অরি, ৬-ব) ব্য, পুং, দেবরাজ ইন্দ্র, ইন্দ্র বজ্র দ্বারা পর্ব্বতগণের পক্ষচ্ছেদ করিয়াছিলেন বলিয়া তাঁহাকে পর্ব্বতারি বলে।

পর্ব্বতাশয়, (পর্ব্বত+আশয়—আশ্রয়) ব্য, পুং, জলধর, মেঘ।

পর্ব্বতাশ্রয়, (পর্ব্বত+আশ্রয়—বাসস্থান) ণ, ত্রি, পর্ব্বতবাসী, পাহাড়িয়া। ব্য, পুং, শরভ, অষ্টাপদ মৃগবিশেষ।

পর্ব্বতীয়, (পর্ব্বত+ঈয়—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পর্ব্বতসম্বন্ধীয়, পাহাড়িয়া।

পর্ব্বধি, (পর্ব্বন্=মাসের মধ্যে একদিন+ধি=যে ধারণ করে) ব্য, পুং, চন্দ্র। [নাগদোনা।

পর্ব্বপুষ্পী, ব্য, স্ত্রী, নাগদন্তী বৃক্ষ,

পর্ব্বপূর্ণতা, (পর্ব্ব—উৎসব+পূর্ণতা—পরিপূরণ) উৎসবের উদ্যোগ, একত্রকরণ, সঞ্চিত করা।

পর্ব্বযোনি, (পর্ব্বন্=গ্রন্থি+যোনি=উৎপত্তিস্থান ; ৬ হ) ব্য, পুং, ইক্ষু প্রভৃতি।

পর্ব্ববীণ, ব্য, ন, পর্ব্ব, উৎসব, পরব।

পর্ব্বরুহ্, (পর্ব্বন্=গ্রন্থি+রুহ্=যে জন্মে) ব্য, পুং, দাড়িম্ব, দাড়িম।

পর্ব্ববাণ্, ব্য, পুং, পর্ব্ব, পাতার শিরা, বায়ু।

পর্ব্বসন্ধি, (পর্ব্বন্—পূর্ণিমা ও অমাবস্যা+সন্ধি—মিলন, ৬-ষ) ব্য, পুং, পঞ্চদশী ও প্রতিপদের মধ্যবর্ত্তীকাল।

পর্ব্বাহ, (পর্ব্বন্—উৎসব+অহন্—দিবস) ব্য, পুং, পর্ব্বদিন, উৎসবদিন। [পাঙ্গা মাছ।

পর্ব্বিত, ব্য, পুং, ক্ষুদ্র মৎস্যবিশেষ,

পর্শু, (পর—শত্রু+শৃ—হিংসাকরা+উ, নিপাতন ; অথবা স্পৃশ্—স্পর্শ করা+উ, স্পৃশ্—পৃ) ব্য, পুং, পরশু, কুঠার।

পর্শুকা, পর্শু, (পৃ=পূরণকরা+শু-সংজ্ঞার্থে, ক—স্বার্থে, পর্শু+উ) ব্য, স্ত্রী, পার্শ্বাস্থি, পাঁজরা।

পর্শুপাণি, (পর্শু—কুঠার+পাণি=হস্ত) ব্য, পুং, গজানন, গণেশ, একহস্তে পর্শু ধারণ করেন বলিয়া এই নাম হইয়াছে।

পর্শুরাম, (পরশুরাম দেখ) ব্য, পুং, পরশুরাম, জামদগ্ন্য। [পরশু।

পর্শ্বধ, (পরশু দেখ) ব্য, পুং, কুঠার,

পর্ষদ্, (পৃষ্—প্রীতকরা+অদ্—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, পরিষদ, সমাজ, সভা।

পর্ষদ্বল, (পর্ষদ+বল—যোগ্যার্থে) ব্য, পুং, পারিষদ, সভাসীন ব্যক্তি, দর্শক।

পল, (পল্—গমনকরা+অল্—সংজ্ঞার্থে) ব্য, ন, পরিমাণবিশেষ, চারি তোলা পরিমাণ, দণ্ডের ষাট্ ভাগের একভাগ, সূক্ষ্মকালবিশেষ, মাংস, আমিষ, চলন। পুং, বিশৃঙ্খল তৃণ, শস্যশূন্য তৃণ, পোলখড়।

পলক্যা, ব্য, স্ত্রী, পালম শাক।

পলক্ষার, (পল—মাংস+ক্ষার—যে ক্ষরে) ব্য, পুং, রক্ত।

পলগণ্ড, (পল—[মাংস] তত্তুল্য মসলা+গণ্ড—চিহ্ন) ব্য, পুং, রাজমিস্ত্রী।

পলঙ্কট, (পল—মাংস+কট—গমনকরা+অ) ণ, ত্রি, ভয়হেতু যাহার মাংস সঙ্কুচিত হয়, ভীরু, ভয়শীল।

পলঙ্কর, (পল—মাংস+কর—যে করে) ব্য, পুং, ধাতুবিশেষ, পিত্ত।

পলঙ্কষ, (পল—মাংস+কষ—যে হিংসা করে) ব্য, পুং, রাক্ষস। ব্য-স্ত্রী, গোক্ষুর, রাস্না, গুগ্গুলু, মুণ্ডীরী, কিংশুক, লাক্ষা, পলাশবৃক্ষ, মহাশ্রাবণী, বড় থুলকুড়ী, মক্ষিকা, মাছি।

পলপ্রিয়, (পল=মাংস+প্রিয় ; ৬.ষ) ব্য, পুং, দ্রোণকাক, দাঁড়কাক। ণ, ত্রি, মাংসভোজন প্রিয়।

পলল, (পল্—রক্ষাকরা+অল) ব্য, ন, মাংস, নদী প্রভৃতির পলি, পঙ্ক, তিলচূর্ণ। (পল+ল ; লাধাতুজ) পুং, রাক্ষস।

পললজ্বর, ব্য, পুং, পিত্ত।

পলব, (পল—মাংস, আমিষ+বা—পাওয়া+ড) ব্য, পুং, মৎস্যধারণযন্ত্রবিশেষ, মাছধরা পোলো।

পললাশয়, (পলল—মাংস+আশয়—আশ্রয়) ব্য, পুং, ফোড়া, গণ্ডরোগ, গাঁড়।

পলা, (প্রবালশব্দজ) ব্য, রত্নবিশেষ, প্রবাল, তৈলাদি গ্রহণার্থ দর্ব্বীবিশেষ। [বিশেষ, সোণালি।

পলাকাঁঠি, (দেশজ), ব্য, হস্তালঙ্কার

পলাগ্নি, (পল=মাংস+অগ্নি—আগুন) ব্য, পুং, ধাতুবিশেষ, পিত্ত।

পলাঙ্গ (পল—মাংস+গম্ [গমনকরা] পাওয়া+ড) ব্য, পুং, শিশুমার, শুশুক।

পলাণ্ডু, (পল্—[পীড়া হইতে] রক্ষাকরা+আণ্ডু—সংজ্ঞার্থে ; কিম্বা পৃ—পূরণ করা+আণ্ডু ; নিপাতন) ব্য, পুং, মূলবিশেষ, পেঁয়াজ।

পলাতক, (দেশজ) ণ, পলায়িত, নিরুদ্দেশ।

পলাদ, পলাদন, (পল—মাংস+অদ, অদন—যে ভোজন করে, ২-ষ) ব্য, পুং, বা, নী—স্ত্রী, ক্রব্যাদ্, ক্রব্যাদী, রাক্ষস, রাক্ষসী।

পলান্ন, (পল—মাংস+অন্ন, ৩-ষ) ব্য, ন, মাংসপক অন্ন, পোলাও।

পলাপ, ব্য, পুং, হস্তীর কপোল।

পলায়ন, (পরা+অয়্—গমনকরা+অনট্—ভাব) ব্য,ন, ভয়াদি বশতঃ প্রস্থান, পালান।

পলায়মান, (পরা+অয়্+শান—ষ) ণ, ত্রি, যে পলায়ন করিতেছে।

পলায়িত, (পরা+অয়্+ক্ত—ঘ) ণ, ত্রি, স্থানান্তরে প্রস্থিত।

পলাল, (পল্—গমনকরা+আল—সংজ্ঞার্থে) ব্য, পুং—ন, তৃণ, পোলখড়।

পলালদোহদ, (পলাল—পোলখড+দোহদ—বৃক্ষাদির ফল পুষ্পোৎপাদক ঔষধ ; ৬-ষ) ব্য,পুং, আম্রবৃক্ষ।

পলাশ, (পল [পল্—গমনকরা+অল্—ঘ]—যে গমন করে+আশ—যে ব্যাপে)ব্য, ন,পত্র, যে বায়ু দ্বারা চলে এবং যে বৃক্ষকে ব্যাপে। (পলাশ+অ—অস্ত্যর্থে) পুং, বিকৃত অথচ পবিত্র বলিয়া যে প্রশস্ত পত্রবিশিষ্ট, কিংশুক বৃক্ষ, দানব, প্রেত, মগধদেশ। (পলাশ+অ—ইবার্থে) ণ, ত্রি, হরিদ্বর্ণ, শ্যামবর্ণ, যে বর্ণ পত্রবর্ণের সদৃশ, শ্যামবর্ণ বিশিষ্ট, নিষ্ঠুর। (পল—মাংস+আশ—যে খায়, ২-ষ) ব্য, পুং, রাক্ষস।

পলাশী, (পলাশ+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, বৃক্ষ। (পল—মাংস+আশিন্ [অশ—ভক্ষণকরা+ণিন্]—যে ভোজন করে, ২-ষ) রাক্ষস।

পলিক্নী, (পলিত—পককেশ+ঙী ; ত স্থানে ক্ন) ব্য, স্ত্রী, শুক্লকেশা বৃদ্ধা নারী, প্রাচীনা, বুড়ী।

পলিঘ, (পরি—সম্পূর্ণরূপে+হন্—বধ করা+অল ; হন—ঘ, র—ল) ব্য, পুং, কলস, ঘট, প্রাচীর, গোপুর, নগরদ্বার।

পলিত, (পল্—গমনকরা+ক্ত) ণ, ত্রি, বৃদ্ধ, যে মৃত্যুর দিকে গমন করিয়াছে, পককেশ। ব্য, পুং, বৃদ্ধ মনুষ্য। ন, কেশের পকতা। প্রশস্ত-কেশ, ভূষিতকেশ, উত্তাপ, দাহ, পঙ্ক, পাঁক। তা—স্ত্রী, গলিত যৌবনা কামিনী, বৃদ্ধা, বুড়ী। (দেশজ) ব্য, বর্ত্তিকা।

পলুকীট, (দেশজ) ব্য, গুটি পোকা, তুঁত পোকা।

পক্কান, (দেশজ) ণ, অসার, জীর্ণ।

পল্টন, (যাবনিক) ব্য, সৈন্যদল।

পল্যঙ্ক, (পর্য্যঙ্ক দেখ ; র—ল) ব্য, পুং, পালঙ্ক, পর্য্যঙ্ক, খট্টা।

পল্যয়ন, (পরি+অয়্—গমনকরা, উপবেশন করা+অনট—ডে) ব্য, ন, অশ্বাদির পৃষ্ঠস্থান, পালান।

পল্ল, (পল্ল্—গমনকরা+অ) ব্য, শস্যাধার গৃহ, পালুই।

পল্লব, (পৎ[পত্—পড়া+কিপ—ঘ]—পত্র+লব—অল্প, পত্রের অল্পতাহেতু পল্লব) ব্য, পুং,—ন, কিশলয়, নবপত্র, ছোট ডাল, কেঁকড়ি, বল, আলতা, বিস্তার, বিড়া, শৃঙ্গার, বলয়। [বেশ্যাবল্লভ, মৎস্যভেদ।

পল্লবক, (পল্লব—প্রেম+ক) ব্য, পুং, পল্লবগ্রাহক, পল্লবগ্রাহী, ব্য, পুং, ফল না লইয়া পত্র গ্রহণকারী, অসম্যক্ রূপে গ্রহণকর্ত্তা, অল্পজ্ঞানী, খুটআঁখুরে, ক্ষুদ্র ক্ষুদ্র বোঝাবেবী।

পল্লবদ্রু, (পল্লব+দ্রু—বৃক্ষ) ব্য, পুং, অশোক বৃক্ষ।

পল্লবাদ,(পল্লব—কেঁকড়ি+অদ্—ভক্ষণকরা+অল) ব্য, পুং, মৃগ, হরিণ।

পল্লবাধার, (পল্লব—কেঁকড়ি+আধার

—বে ধারণ করে) ব্য, পুং, বৃক্ষের শাখা, ডাল।
পল্লবাস্ত্র, (পল্লব—কৈকৃতি, মুকুল+ অস্ত্র ; ৬.হ) ব্য, পুং, পুষ্পধন্বা, কামদেব, রতিপতি।
পল্লবিক, (পল্লব—কাম+ইক—ইদমর্থে) ণ, ত্রি, কামুক, লম্পট।
পল্লবিত, (পল্লব+ইত—জাতার্থে) ণ, ত্রি, পল্লববিশিষ্ট, বিস্তৃত, বহুলীকৃত।
পল্লবী, (পল্লব—ছোট ডাল+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, বৃক্ষ।
পল্লি, পল্লী, (পল্+অ, ই) ব্য, স্ত্রী, নগরাদির অংশ, পাড়া, টিক্‌টিকী।
পল্লিকা, (পল্লী+ক—যোগ) ব্য, স্ত্রী, গৃহগোধিকা, টিক্‌টিকী।
পল্বল, (পল্—মহিষাদির গমন+বল—অস্ত্যর্থে) ব্য, পুং—ন, ক্ষুদ্র জলাশয়, ডোবা।
পল্বলাবাস, (পল্বল+আবাস ; ৬.হ) ব্য, পুং, কূর্ম্ম, কচ্ছপ।
পব, (পূ—পবিত্রকরা+অল্) ব্য, পুং, চালকাঁড়ান, ধান্যাদির নিস্তুষীকরণ, বহুলীকরণ, শোধন, বায়ু। ন, গোময়, গোবর।
পবন, (পূ—শুদ্ধকরা+অন) ব্য, পুং, বায়ু, ধান্যাদি নিস্তুষীকরণ। ন, শোধন, কুম্ভকারের পোয়ান। ণ, ত্রি, পরিষ্কৃত, পবিত্র, বিশুদ্ধ।
পবননন্দন, (পবন+নন্দন, ৬-ষ) ব্য, পুং, হনুমান, ভীম।
পবনপথ, (পবন+পথ—রাস্তা) ব্য, পুং, আকাশ।
পবনব্যাধি, (পবন+ব্যাধি—রোগ) ব্য, পুং, রোগবিশেষ, উদ্ধব, কৃষ্ণের সখা।
পবনাত্মজ, পবনাত্মজ, (পবন+আত্মজ, অঙ্গজ—পুত্র, ৬-ষ) ব্য, পুং, হনুমান্, ভীম, বহ্নি।
পবমান, ব্য, পুং, ধাতুবিশেষ, বেধান।
পবনাশ, পবনাশন, (পবন+অশ—যে খায়, ২-ষ ; অশন—ভোজন ; ৬-ষ) ব্য, পুং, সর্প। ত্রি, বায়ুভক্ষক।
পবনাশনাশ, (পবনাশন—সর্প+অশ, —যে খায়, ২-ষ). ব্য, পুং, গরুড়, ময়ূর, বৈজী।
পবমান, (পূ—শুদ্ধকরা+শান ; ম—আগম) ব্য, পুং, গার্হপত্য অগ্নি, পবন, বায়ু।
পবি, (পূ=শুদ্ধকরা+ই) ব্য, পুং, অশনি, ইন্দ্রের বজ্র।
পবিত, (পূ+ক্ত—ট) ণ, ত্রি, পূত; পবিত্র। ব্য, ন, মরীচ, সূত্র।
পবিতা, (পূ+তৃন্—ষ) ণ, ত্রি, পবিত্রকারক, যে পবিত্র করে।
পবিত্র, (পূ+ইত্র) ণ, ত্রি, পরিশুদ্ধ। ব্য, ন, কুশ, প্রথিত আছে যে গরুড় পরম পবিত্র অমৃত কুশাসনে রাখিয়াছিলেন এই নিমিত্ত কুশের নাম পবিত্র হইয়াছে ; তাম্র, জল, বর্ষণ, অর্ঘ্যাধার, ঘৃত, পৈতা, মধু। ত্রা—স্ত্রী, নদীবিশেষ, তুলসী, হরিদ্রা।
পবিত্রক, (পবিত্র—বিশুদ্ধ+ক) ব্য, ন, জাল, আনার, ক্ষত্রিয়ের যজ্ঞোপবীত। পুং, অশ্বত্থবৃক্ষ, কুশ।
পবিত্রিত, (পবিত্র+ইত—জাতার্থে) ণ, ত্রি, পরিশোধিত, পরিষ্কৃত।
পশম, (যাবনিক) ব্য, ঊর্ণা।
পশমী, (যাবনিক) ণ, ঊর্ণারচিত।
পশব্য, (পশু+য—যোগ্যার্থে) ণ, ত্রি, পশুর যোগ্য, পশুসম্বন্ধীয়।
পশু, (পশ্—বন্ধনকরা+উ—সংজ্ঞার্থে; অথবা দৃশ—দেখা+কু ; দৃশ্—পশ্) ব্য, পুং, চতুষ্পদ জন্তু, ছাগল, উপদেবতাবিশেষ, শিবানুচর, প্রাণী, যজ্ঞ, পরমাত্মা, ডুমুর বৃক্ষবিশেষ।
পশুক্রিয়া, (পশু—জন্তু+ক্রিয়া—কর্ম্ম) ব্য, স্ত্রী, মৈথুন, মৈথুন,

স্ত্রীসবর্ণ।
পশুরাজী, ব্য, স্ত্রী, বলিদান কালে পশুর কর্ণে জপ্য মন্ত্র। [স্থান।
পশুচর, ব্য, পুং, পশুগণের চরিবার
পশুপতি, (পশু+পতি, ৬-ষ) ব্য, পুং, দেবদেব, শিব, মহাদেব সর্ব্বদা পশুপালন, পশুদিগের সহিত ক্রীড়া ও পশুদিগের উপর আধিপত্য করেন বলিয়া তাঁহার নাম পশুপতি হইয়াছে।[কৈবর্ত্তী মুস্তা।
পশুপবন, ব্য, ন, মুস্তা বিশেষ,
পশুপাল, পশুপালক, (পশু+পাল, পালক—যে রক্ষা করে) ব্য, পুং, পশুরক্ষক, রাখাল।[পশুবন্ধন রজ্জু।
পশুপাশক, ব্য, পুং, রতিবন্ধ বিশেষ,
পশুরাজ, (পশু+রাজ=রাজন্ শব্দজ, ৬-ষ) ব্য, পুং, মৃগেন্দ্র, সিংহ।
পশুহরীতকী, ব্য, স্ত্রী, আম্রাতক, আমড়া।
পশ্চ, পশ্চা, ব্য, পরে, পশ্চাৎ।
পশ্চাৎ, (পশ্চ+আৎ) ব্য, পরে, পশ্চিমে, পিছে।
পশ্চাত্তাপ, (পশ্চাৎ=পরে+তাপ=দুঃখ) ব্য, পুং, অনুতাপ।
পশ্চার্দ্ধ, (পশ্চ+অর্দ্ধ) ব্য, ত্রি, অপরার্দ্ধ, পা অবধি নাভি পর্য্যন্ত।
পশ্চিম, (পশ্চ+ইম—ভবার্থে) ব্য, পুং, যে দিকে সূর্য্যাদি অস্ত হয়,এই দিকে ভগবান্ সূর্য্যদেব দিবসের পশ্চাৎ কিরণ সকল বিসর্জ্জন করেন, এই নিমিত্ত ইহাকে পশ্চিমদিক্ বলা যায়, অনন্তর। ন, পৃষ্ঠদেশ। মা—স্ত্রী, সূর্য্যাদির অস্তগমন দিক্, রোগ বিশেষ, দাঁতকপাটি।
পশ্যতোহর,(পশ্যতঃ—দর্শনকারী হইতে+হর—যে [অর্থ] হরণ করে) ব্য, পুং, চৌর, তস্কর, স্বর্ণকার।
পশ্যন্, (দৃশ—দেখা+শতৃ—ক) ণ, ত্রি, দর্শনকারী, দর্শক।
পষাচার, (পশু+আচার—নিষিদ্ধ আচরণ) ব্য, পুং, তন্ত্রবিরুদ্ধ আচারে উপবাস পূর্ব্বক হোমাদি সংকর্ম্ম অনুষ্ঠান ইত্যাদি। [পাত্র।
পসরা, (দেশজ) ব্য, কণিক বৃত্তি-
পসারী, (দেশজ) ব্য, দোকানী, বিক্রয়কারী।[শব্দজ) ব্য, পাঁচসের।
পসুরী, (প=পঞ্চন্শব্দজ+সুরী—সের-
পস্ত্য, (অপ+স্ত্যৈ—সংহত করা, একত্র করা ; নিপাতন) ব্য, ন, গৃহ, বাস, ভবন।
পহ্লব, ব্য, পুং, গ্রন্থবিশেষ।
পহ্লব, ব্য, পুং, শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতি-বিশেষ।
পা, (পা—পানকরা,রক্ষাকরা+ক্বিপ) ব্য, স্ত্রী, পান, রক্ষা। পুং, ত্রুটী-নিরুক্ত ধর্ম্ম। (পাদ শব্দজ) ব্য, পদ,চরণ,পা।[রক্ষক,লেঠেল,পেয়াদা
পাইক, (পদাতিক শব্দজ) ব্য,গ্রাম-
পাওন, (প্রাপণশব্দজ) ব্য, লাভ।
পাওনা, (প্রাপ্য শব্দজ) ণ, প্রাপ্য।
পাংক্তেয়, (পংক্তি+ক্তেয়) পংক্তি-সম্বন্ধীয়, যাহাকে লইয়া একত্র ভোজন করা যায়।
পাংশব, (পাংশু=ধূলি+অণ্) ব্য, পুং, লবণবিশেষ, পাঙ্গালুন্।
পাংশু, পাংসু, (পন্স=নাশকরা+উ—সংজ্ঞার্থে) ব্য, পুং, রজঃ, ধূলি, পাপ, সার,বহুকাল সঞ্চিত গোময়।
পাংশুকূলী, (পাংশু=ধূলি+কূল=রাশি) ব্য, স্ত্রী, রাজমার্গ, রাজপথ।
পাংশুচত্বর, (পাংশু=ধূলি+চত্বর=চাতাল) ব্য, পুং, করকা, শিল।
পাংশুচন্দন, (পাংশু=রজঃ+চন্দন) ব্য, পুং, শিব, মহাদেব।
পাংশুচামর, (পাংশু=ধূলি+চামর) ব্য, পুং, তাঁবু, দূর্ব্বাতৃণবিশিষ্ট তট-ভূমি, প্রশংসা, ধূলিপটল।
পাংশুজ, (পাংশু=ধূলি+জ=জাত)

ব্য, ন, শ্যামল লবণ। [শাক।

পাংশুপত্র, ব্য, ন, বাস্তুক শাক, বেতো

পাংশুমর্দ্দন, ব্য, পুং, ক্ষেত্র, কেদার।

পাংশুর, (পাংশু—ধূলি+র=পাওয়া+ড) ব্য, পুং, দংশ, ডাঁশ, খঞ্জ, খোঁড়া।

পাংশুল, (পাংশু+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, পাপিষ্ঠ, ধূলিযুক্ত। ব্য, পুং, শিব।

পাংশুলা, (পাংশু=পাপ+ল—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, কুলটা, অসতী স্ত্রী, রজঃস্বলা। (পাংশু=ধূলি+ল—অস্ত্যর্থে) পৃথিবী। [দূষক, পাপিষ্ঠ।

পাংসন, (পন্স=নষ্টকরা+অন) ণ, ত্রি,

পাঁইজ, (দেশজ) ব্য, চরকায় কাটিবার উপযুক্ত তুলার স্থূল বর্ত্তিকা।

পাঁইত, পাঁতি, (পঙ্‌ক্তি শব্দজ) ব্য, শ্রেণী, পঙ্‌ক্তি। [কাদা।

পাঁক, (পঙ্কশব্দজ) ব্য, পঙ্ক, কর্দ্দম,

পাঁকুই, (পাঁক শব্দজ) ব্য, পঙ্কে সর্ব্বদা বিচরণ জন্য পদাঙ্গুলিতে ক্ষত রোগবিশেষ। [শুকনা ডাঁটা।

পাঁপাটী, (দেশজ) ব্য, পাট গাছের

পাঁচ, (পঞ্চন্ শব্দজ) ণ, সংখ্যাবিশেষ।

পাঁচড়া, (দেশজ) ব্য, খোস।

পাঁচন, (দেশজ) ব্য, ঔষধবিশেষ, বৃক্ষ মূলাদির ক্বাথ। [তাড়ন দণ্ড।

পাঁচনী, (প্রাজন-শব্দজ) ব্য, গো-

পাঁচপাঁচি, (পঞ্চন্ শব্দজ) ণ, পাঁচটার মধ্যে একটা, সামান্য।

পাঁচালী, (দেশজ) ব্য, গীতবিশেষ।

পাঁচীল, (প্রাচীর শব্দজ) ব্য, প্রাচীর।

পাঁজরা, (পঞ্জর শব্দজ) ব্য, উদরের পার্শ্বভাগ। [নক্ষত্রাদি জ্ঞাপক পুস্তক

পাঁজী, (পঞ্জিকা শব্দজ) ব্য, বার-

পাঁঠা, (দেশজ) ব্য, ছাগ।—ঠী, ছাগী। [ভাগ।

পাঁদাড়, (দেশজ) ব্য, গৃহের পশ্চাদ্-

পাঁশ, (পাংশু শব্দজ) ব্য, ভস্ম, ছাই।

পাক, (পচ্=পাক করা+ঘঞ্—ভাব) ব্য, পুং, ফল, রন্ধন, পরিণতি, প্রীতি পাক, নিষ্পত্তি, ভয়, বার্দ্ধক্য হেতু কেশের শুভ্রতা, সিদ্ধি, পেচক, রাক্ষসবিশেষ। (পা=পানকরা+ক) অসুরবিশেষ, শিশু।

পাককৃষ্ণ, ব্য, পুং, করমর্দ্দক, পানী আমলা, পেনেলা।

পাকজ, (পাক+জ—জাত) ণ, ত্রি, পাকোৎপন্ন। ব্য, ন, লবণবিশেষ, কাচলবণ।

পাকপুটী, (পাক+পুট=রাশিকরা+অল) ব্য, স্ত্রী, কুম্ভকারের পোয়ান।

পাকরঞ্জন, (পাক=রন্ধন+রন্জ্=শোভিত করা+অন) ব্য, ন, যে পাককে শোভিত অর্থাৎ সুগন্ধযুক্ত করে, তেজপাত।

পাকল, (পাক=পক্বতা+লা=পাওয়া+ড) ব্য, পুং, হস্তির জ্বর, বায়ু, অগ্নি। ন, ঔষধবিশেষ, কুড়।

পাকশালা, (পাক=রন্ধন+শালা=গৃহ) ব্য, স্ত্রী, রন্ধনালয়।

পাকশাসন, (পাক=দৈত্যবিশেষ+শাসন=যে শাসন করে, ২-ষ) ব্য, পুং, ইন্দ্র, পাকনামক অসুরের শাসনকর্ত্তা।

পাকশাসনি, (পাকশাসন+ই—অপত্যার্থে) ব্য, পুং, ইন্দ্রপুত্র, জয়ন্ত।

পাকশুক্লা, (পাক=রন্ধন, দহন+শুক্ল=শ্বেত) ব্য, স্ত্রী, কঠিনী, খড়ী।

পাকস্থলী, ব্য, স্ত্রী, উদরের যে অংশে ভুক্ত বস্তু পরিপাক হয়, পাক করিবার পাত্র। (Stomach.)

পাকস্থান, (পাক=রন্ধন+স্থান) ব্য, ন, রন্ধনালয়।

পাকা, (পক্বশব্দজ) ণ, পরিণতি-অবস্থাপন্ন, পরিপক্ক, পাকল, বিস্ফোট, মোড়া। ব্য, স্ত্রী, বালিকা।

পাকান, (দেশজ) রন্ধন, পরিপাককরণ। পেঁচ দেওন, মোড়ান। [শ্বেতকাঞ্চন।

পাকারি, (পাক+অরি=শত্রু) ব্য, পুং,

পাকিম, (পাক+ইম—নিষ্পন্নার্থে) ণ, ত্রি, পাকদ্বারা নিষ্পন্ন।
পাকুক, (পচ্—পাক করা+উকন্) ব্য, পুং, যে পাক করে, পাচক। [শেষ।
পাকুড়, (পর্কটী শব্দজ) ব্য, বৃক্ষবি-
পাকে, (দেশজ) ব্য, জন্য, নিমিত্ত।
পাক্য, (পচ্—পাককরা+ঘ্যণ্—ট) ণ, ত্রি, পাকের যোগ্য। ব্য, পুং, যবক্ষার। ন, পাঙ্গালবণ, বিট্‌লবণ।
পাক্ষিক, (পক্ষ—অর্দ্ধমাস ইত্যাদি+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, পক্ষ সম্বন্ধীয়, প্রতিপক্ষে যাহা ঘটে, পক্ষপাতী। (পক্ষিন্—পাখী+ষ্ণিক—প্রহরণার্থে) ব্য, পুং, যে পাখী মারে, ব্যাধ।
পাখলান, (দেশজ) ধৌতকরণ, না চিবাইয়া এগাল ওগাল করণ।
পাখা, (পক্ষশব্দজ) ব্য, পালক, ডানা, ব্যজন। [পক্ষী।
পাখী, (পক্ষী শব্দজ) ব্য, বিহগ,
পাগ, পাগড়ী, (দেশজ) ব্য, শিরোবেষ্টন বস্ত্র, উষ্ণীষ।
পাগল, ণ, ত্রি, উন্মত্ত, বাতুল, ক্ষিপ্ত, বায়ুগ্রস্ত। [সমুদ্রলবণ।
পাঙ্গা, (দেশজ) ব্য, লবণবিশেষ,
পাঙ্গাশ, (দেশজ) ণ, পাণ্ডুবর্ণ, পাংশুবর্ণ, ফিকা। ব্য, মৎস্যবিশেষ।
পাচক, (পচ্—পাক করা+ণক—ঘ) ব্য, পুং, অগ্নি। ন, উদরস্থ রসবিশেষ, পিত্ত। ণ, ত্রি, পাককারক, জীর্ণকারক।
পাচন, (পাচি—পাককরান+অনট্—ষ) ব্য, ন, প্রায়শ্চিত্ত, ঔষধবিশেষ, ক্বাথ। পুং, অগ্নি।
পাচনক, (পাচি—[ধাতু] পাক করান +অন, ক—যোগ) ব্য, পুং, টঙ্কণ, সোহাগা। [ব্য, স্ত্রী, হরীতকী।
পাচনী, (পাচন+ঙীপ—স্ত্রীলিঙ্গে)

পাচল, (পাচি+অল) ব্য, পুং, অগ্নি, বায়ু, পাচক।
পাচিকা, (পচ্—পাককরা+ণক—ষ, আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, যে স্ত্রীলোক পাক করে, রন্ধনকারিণী।
পাছা, (পশ্চাৎ শব্দজ) ব্য, নিতম্ব, পশ্চাদ্দেশ।
পাছাড়, (দেশজ) ব্য, মল্লযুদ্ধ।
পাছু, (পশ্চাৎ শব্দজ) ক্রি-ণ, পিছে।
পাছুড়ী, (দেশজ)ব্য,দোপাট্টা, গাত্রবস্ত্রবিশেষ। [অধম।
পাজি, (দেশজ) ণ, পামর, নীচ,
পাঞ্চজন্য, (পঞ্চজন—সমুদ্রবাসি তিমি মৎস্যের রূপধারী অসুরবিশেষ+ঞ্য —জাতার্থে) ব্য, পুং, বিষ্ণুর শঙ্খ, অগ্নি।
পাঞ্চপাদিক, (পঞ্চপাদ+ষ্ণিক—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে বস্তুর পরিমাণ পাঁচফুট।
পাঞ্চভৌতিক, (পঞ্চভূত+ষ্ণিক—জাতার্থে) ণ, ত্রি, পৃথিব্যাদি পঞ্চভূতসম্বন্ধীয়।
পাঞ্চলিকা, পাঞ্চালিকা, (পঞ্চাল+ষ্ণিক, আপ্) ব্য, স্ত্রী, পুত্তলি।
পাঞ্চশব্দিক, (পঞ্চন্—পাঁচ+শব্দ—ধ্বনি +ষ্ণিক) ব্য, ন, অঙ্গজ, কণ্ঠজ, তন্ত্রজ, কাংস্যজ ও ফুৎকৃত এই পঞ্চপ্রকার বাদ্য।
পাঞ্চাল, (পঞ্চাল—দেশবিশেষ+ষ্ণ —ভবার্থে) ব্য, পুং, দেশবিশেষ, পঞ্জাব, পাঞ্চাল দেশের অধিপতি; তক্ষক, তন্তুবায়, নাপিত, রজক এবং চর্ম্মকার এই পঞ্চ জাতি। ণ, ত্রি, পঞ্চালদেশোদ্ভব, পঞ্চালদেশীয়।
পাঞ্চালী, (পঞ্চাল+ষ্ণ—নিবাসার্থে) ব্য, স্ত্রী, দ্রৌপদী, কাষ্ঠাদি পুত্তলি।
পাটক, (পট্—গমন করা+ণক) ব্য, পুং, গ্রামের অংশবিশেষ, তীর, তট, পাশার গুটিকা চালন, বাদ্য, মূল-

অশ্বের অপচয়। [পুং, চোর, তস্কর।
পাটচ্চর, (পটচ্চর+ষ্ণ—স্বার্থে) ব্য,
পাটন, (পাটি—গমন করান+অনট্ —ভাব) ব্য, ন, কর্ত্তন, ছেদন, বিদারণ, দ্বিধাকরণ। [নাবিক।
পাটনী, (দেশজ) ব্য, পারাবারের
পাটভাঙ্গা, (দেশজ) ব্য, চড়কের সময় সন্ন্যাসীদিগের ছুরিকাদির উপর পতন।
পাটল, (পাটলা—পাটলা পুষ্প+অ —তুল্যার্থে) ব্য, পুং, শ্বেত রক্তবর্ণ, পাটকিলা রঙ, আশুধান্য, আউস ধান, বৃক্ষবিশেষ। ন, পুষ্পবিশেষ। ণ, ত্রি, তদ্বর্ণযুক্ত।
পাটলা, (পাট—বিস্তার+লা—পাওয়া +ড, আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, দুর্গা, পুষ্পবৃক্ষবিশেষ, পারুলগাছ, ঐ বৃক্ষের পুষ্প।
পাটলি, (পাটলা+ই) ব্য, স্ত্রী, পাটলা বৃক্ষ, তৎপুষ্প।
পাটলিত, (পাটল+ইত—বিদ্যমান অর্থে) ণ, ত্রি, পাটলবর্ণযুক্ত।
পাটলিপুত্র, (পাটলি—পুষ্পবিশেষ+পূ =বিশুদ্ধকরণ+ত্রন্) ব্য, ন, পাটনা নগর, ইহা পাটলিপুত্র নামক কোন নৃপতিকর্ত্তৃক স্থাপিত।
পাটব, (পটু+ষ্ণ—ভাবে) ব্য, ন, পটুতা, নৈপুণ্য, আরোগ্য।
পাটবিক, (পটু+ষ্ণিক—স্বার্থে) ণ, ত্রি, পটু, নিপুণ, ধূর্ত্ত, শঠ।
পাটহিকা, (পটহ+ষ্ণিক) ব্য, স্ত্রী, গুঞ্জা, কুঁচ।
পাটা, (পট্ট শব্দজ) ব্য, পাট্টা, ভূমি সম্বন্ধীয় ক্রয়পত্র, তক্তা।—রি, ব্য, গ্রামসম্বন্ধীয় করগ্রাহক।
পাটিত, (পাটি—গমনকরান+ক্ত—ঢ) ণ, ত্রি, ভগ্ন, ক্ষত, বিদীর্ণ।
পাটী, (পাটি—দীপ্তিপাওয়া+ই, ঈপ্ —স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, শৃঙ্খলা, পরিপাটি, প্রণালী, একজাতীয় শ্রেণী, আসনবিশেষ। [mode)
পাটীগণিত, ব্য, ন, অঙ্কবিদ্যা। (Arith-
পাটা, ব্য, ন, পাটশাক, নালিতা।
পাঠ, (পঠ্—অধ্যয়নকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, আবৃত্তি, অধ্যয়ন, পড়া, পাঠ্য অংশ, বেদাধ্যয়ন।
পাঠক, (পঠ্+ণক—ষ) ব্য, পুং, পাঠকারক, যে ব্যক্তি পাঠ করে, অধ্যয়নকর্ত্তা, ছাত্র। (পাঠি—অধ্যয়নকরান+ণক—ষ) অধ্যাপক।
পাঠনা, (পাঠি—পড়ান+অন—ভাব) ব্য, স্ত্রী, অধ্যাপনা, পড়ান।
পাঠভূ, (পাঠ—[বেদ] অধ্যয়ন+ভূ—স্থান) ব্য, স্ত্রী, ব্রহ্মারণ্য, বেদাদি পাঠস্থান, যেখানে বেদাদি শাস্ত্র অধ্যয়ন করে।
পাঠমঞ্জরী, পাঠশালিনী, ব্য, স্ত্রী, পক্ষিণীবিশেষ, শারিকা।
পাঠশালা, (পাঠ—অধ্যয়ন+শালা—গৃহ) ব্য, স্ত্রী, বিদ্যালয়, যেখানে অধ্যয়ন করে। [নির্বুদ্ধী।
পাঠা, ব্য, স্ত্রী, ঔষধের লতাবিশেষ,
পাঠান, (দেশজ) ব্য, প্রেরণ, প্রেরণ, চালান। [ত্রি, অধ্যাপিত, পড়ান।
পাঠিত, (পাঠি—পড়ান+ক্ত—ঢ) ণ,
পাঠী, (পঠ্—অধ্যয়নকরা+ইন্—ষ) ণ, ত্রি, পাঠক, চিত্রকবৃক্ষ, চিতার গাছ।
পাঠীন, (পাঠী—ব্রাহ্মণ+ইন—যোগ) ব্য, পুং, পাঠক, যে পাঠ করে। (পাঠী—পৃষ্ঠ+নম্—নবকরা+ড) বোয়াল মাছ।
পাঠ্য, (পঠ্—অধ্যয়নকরা+য—ঢ) ণ, ত্রি, পাঠের উপযুক্ত, পঠনীয়।
পাড়, (দেশজ) ব্য, নদ্যাদির তট, তীর। [অংশ।
পাড়া, (পল্লীশব্দজ) ব্য, নগরাদির
পাড়াপড়শী, (দেশজ) ত্রি, প্রতিবে-

বাসী। [ষ্য, তাম্বুল।

পাণ, ষ্য, পুং, পাণি, হস্ত। (পণশব্দজ)

পাণপত্র, (পাণ=তাম্বুল+পত্র=লিখন) কন্যাদানার্থ লিপি বিশেষ, এই লিপিলিখন সময় পাণ বিতরণ করিতে হয়। [মান শৈবাল বিশেষ।

পাণা, (দেশজ) ষ্য, জলোপরি ভাস-

পাণি, (পণ=ব্যবহারকরা+ই—ণ, অথবা পণ=ক্রয়বিক্রয়করা+ই) ষ্য, পুং, হস্ত। নি, নী—স্ত্রী, হট্ট, দোকান।

পাণিগৃহীতী, (পাণি+গৃহীত; ৬ হ) ষ্য, স্ত্রী, পরিণীতা স্ত্রী, পত্নী, ভার্য্যা।

পাণিগ্রহণ, পাণিপীড়ন, (পাণি+গ্রহণ, পীড়ন, ৭, হ) ষ্য, ন, বিবাহ।

পাণিঘ, (পাণি=হস্ত+হন্=আঘাতকরা+অল; হন্—ঘ) ষ্য, পুং, যে হস্তে মৃদঙ্গের ন্যায় বাদ্য করে বা হস্ত দ্বারা মৃদঙ্গাদি বাদ্য বাজায়।

পাণিজ, (পাণি=হস্ত+জন্=উৎপন্ন হওয়া+ড) ষ্য, পুং, কররুহ, নখ।

পাণিনি, (পণিন্+ফি—অপত্যার্থে, অথবা পাণিন+ই—তচ্ছাত্রার্থে) ষ্য, পুং, ব্যাকরণসূত্রকারক মুনি বিশেষ।

পাণিনীয়, (পাণিনি=মুনিবিশেষ+ঈয়—কৃতার্থে) ণ, ত্রি, পাণিনিমুনি কর্তৃক রচিত, পাণিনি-প্রোক্ত, পাণিনি ব্যাকরণপাঠক। [পান করে।

পাণিন্ধয়, ণ, ত্রি, যে পাণিদ্বারা জল-

পাণিভুক্, ষ্য, পুং, উডুম্বর বৃক্ষ, ডুমুর গাছ। ণ, ত্রি, যে হস্তে করিয়া ভোজন করে।

পাণিমর্দ্দ, ষ্য, পুং, করমর্দ্দক, পেনেলা।

পাণিমুক্ত, (পাণি=হস্ত+মুক্ত=পরিত্যক্ত) ষ্য, ন, যাহা হস্তদ্বারা নিক্ষিপ্ত, বল্লম প্রভৃতি শস্ত্র।

পাণিরুহ, (পাণি+রুহ্=উৎপন্ন হওয়া+ক্বিপ্) ষ্য, পুং, নখর, কররুহ।

পাণিশঙ্খ, ষ্য, পুং, ক্ষুদ্র শঙ্খ।

পাণিসর্গ্যা, (পাণি=হস্ত+সৃজ্=গমনকরা+ষ্যণ; আপ্—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, রজ্জু, দড়ী।

পাণীকরণ, (পাণী=হস্তসহিত+কৃ=করা+অনট—ভাবে) ষ্য, ন, বিবাহ, পাণিপীড়ন।

পাণ্ডর, (পণ্ড্=গমনকরা+অর—সংজ্ঞার্থে) ষ্য, পুং, পীতশুক্লবর্ণ, শুভ্রবর্ণ, পাণ্ডুবর্ণ, বৃক্ষবিশেষ, মরুবকবৃক্ষ। ন, গিরিমাটী, কুন্দপুষ্প। ণ, ত্রি, পাণ্ডুরবর্ণ বিশিষ্ট।

পাণ্ডব, পাণ্ডবেয়, (পাণ্ডু+ষ্ণ, ঢেয় -অপত্যার্থে) ষ্য, পুং, পাণ্ডুরাজার পুত্র, যুধিষ্ঠির ভীমাদি পঞ্চপাণ্ডব।

পাণ্ডবাভীল, পাণ্ডবায়ন, (পাণ্ডব+অভী=[ভয় নয়] সাহস+ল=যে দেয়, পাণ্ডব+অয়ন=[গত] গমন) ষ্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু, কৃষ্ণ পাণ্ডবদিগের সখায় ছিলেন এবং তাহাদের কোন বিপদ্ উপস্থিত হইলে তিনি তাহাদগকে অভয় দান করিতেন, এইজন্য তিনি উক্ত নামে অভিহিত হন।

পাণ্ডা, (দেশজ) ষ্য, দেবপূজক।

পাণ্ডিত্য, (পণ্ডিত+ষ্য—ভাবে, ঢ) ষ্য, ন, পণ্ডিতের ভাব বা ধর্ম্ম, বিচক্ষণতা।

পাণ্ডু, (পণ্ড্=গমনকরা+উ—সংজ্ঞার্থে) ণ, ত্রি, গৌরবর্ণ, শুভ্রপীতবর্ণ, শ্বেতবর্ণ, পাকা। ষ্য, পুং, কুরুবংশীয় রাজাবিশেষ, ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ অম্বালিকা ব্যাসদেবের সহিত সঙ্গমকালে, তাহার ভয়ানক মূর্ত্তি দর্শন করিয়া ভয়ে অত্যন্ত পাণ্ডুবর্ণা হইয়াছিলেন। এইজন্য তাহার গর্ভসম্ভূত পুত্রও পাণ্ডুবর্ণ হইয়াছিলেন বলিয়া তিনি পাণ্ডু নামে খ্যাত, নেত্ররোগ, দেশবিশেষ, শ্বেত হস্তী।

পাণ্ডুক, (পাণ্ডু+ক—যোগ) ব্য, পুং, পাণ্ডুরাজা, পাণ্ডুবর্ণ, পাণ্ডুরোগ।

পাণ্ডুকণ্টক, ব্য, পুং, অপামার্গ বৃক্ষ, আপাংগাছ।

পাণ্ডুকম্বলী, (পাণ্ডুকম্বল+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, পাণ্ডুর কম্বলযুক্ত। ব্য, পুং, পাণ্ডুবর্ণ কম্বলাবৃত রথ।

পাণ্ডুনাগ, ব্য, পুং, পুন্নাগবৃক্ষ, শ্বেত সর্ষপ, শ্বেত হস্তী।

পাণ্ডুফল, ব্য, ন, পটোল।

পাণ্ডুমৃৎ, (পাণ্ডু=পাণ্ডুবর্ণ+মৃৎ=মৃত্তিকা) ব্য, স্ত্রী, খড়ীমাটী, পাণ্ডুবর্ণ ভূমি।

পাণ্ডুর, (পণ্ড=গমনকরা+উর—সংজ্ঞার্থে, অথবা পাণ্ডু=শুক্লপীতবর্ণ+র) ণ, ত্রি, শুক্লপীতবর্ণ, শুক্লবর্ণ। ব্য, পুং, নেবারোগ। ন, শ্বিত্ররোগ।

পাণ্ডুরক্রম, ব্য, পুং, কুটজবৃক্ষ, কুরচী গাছ।

পাণ্ডুলেখ,—খ্য, পাণ্ডুলিপি, (পাণ্ডু=শুভ্র+লেখ, লেখা; লিপি) ব্য, ন, খসড়া লেখা, মুসাবিদা।

পাণ্ডুশর্করা, (পাণ্ডু+শর্করা=চিনি) ব্য, স্ত্রী, পাথুরি রোগ।

পাণ্ডুশর্ম্মিলা, (পাণ্ডু=পাণ্ডুরাজা+শর্ম্মন্—ভাগ্য+ইল) ব্য, স্ত্রী, দ্রৌপদী

পাণ্ডুসোপাক, ব্য, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ, ডোম।

পাণ্ড্য, ব্য, পুং, ভারতবর্ষের দক্ষিণস্থ দেশবিশেষ, ইহার উত্তরে বয়রু নদী, দক্ষিণে কন্যাকুমারী, পূর্ব্বে সমুদ্র এবং পশ্চিমে মলয়গিরি ও চের-রাজ্য। [ত্রি, স্তুত্য, স্তবনীয়।

পাণ্য, (পণ্—স্তবকরা+য—ট) ণ,

পাত, (পৎ=পড়া+ঘঞ্—ভাব, ধ) ব্য, পুং, পতন, পড়া, রাহুগ্রহ। (পা=রক্ষাকরা+ক্ত—ট) ণ, ত্রি, রক্ষিত, পালিত।

পাতক, (পাতি=[ধর্ম্ম হইতে] পড়ান+ণক) ব্য, ন, পতনসাধন, পাপ, দুষ্কার্য্য।

পাতকী, (পাতক+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, দুষ্কর্ম্মকারক, পাপী।

পাতখোলা, (দেশজ) ব্য, মাটীর পাতলা ছোট কট্‌রা।

পাতঙ্গ, ব্য, পতঙ্গবর্গ। (Insecta.)

পাতঙ্গি, (পতঙ্গ=সূর্য্য+ই—অপত্যার্থে) ব্য, পুং, শনৈশ্চর, শনি, যম, কর্ণ।

পাতঞ্জল, (পতঞ্জলি+ষ্ণ—উক্তার্থে) ণ, ত্রি, পতঞ্জলি মুনিপ্রণীত দর্শন-শাস্ত্র, মীমাংসা দর্শন।

পাতড়া, (দেশজ) ব্য, খাদ্য দ্রব্যের অংশ, নানাবিষয়ক লিপি, পুস্তকের উপপত্র।

পাতন, (পাতি=গমনকরান+অনট—ভাব) ব্য, ন, বিস্তারণ, অধো-দেশে ক্ষেপণ, বিন্যাস।

পাতনামা, (দেশজ) ব্য, উপক্রম।

পাতলা, (দেশজ) তরল, সূক্ষ্ম।

পাতর, (প্রস্তর শব্দজ) ব্য, শিলা, পাষাণ।

পাতসা, (যাবনিক) ব্য, বাদ্‌সা।

পাতা, (পা=রক্ষাকরা, পানকরা+তৃন—ঘ) ণ, ত্রি, ত্রাণকর্ত্তা, রক্ষাকারক, পানকর্ত্তা। (পত্রশব্দজ) ব্য, পত্র, পল্লব।

পাতাল, (পৎ=পড়া+আল) ব্য, ন, অধোভুবন, তল, অতল, বিতল, নিতল, তলাতল, মহীতল, সুতল, এই সপ্ত পাতাল; মহর্ষি মাতলির নিকট কহিতেছেন, পাতশব্দে পতন ও অলং শব্দে অত্যন্ত, এই স্থানে হয়গ্রীবরূপী বিষ্ণু প্রতিপর্ব্বে বাক্য দ্বারা বেদাধ্যায়ীদিগের বেদধ্বনি পরিবর্দ্ধিত করিবার নিমিত্ত প্রকাশিত হইলে চন্দ্রাদি জলমূর্ত্তি সকল চন্দ্রকান্তমণির ন্যায় দ্রবীভূত হইয়

নিপতিত হয়, এই নিমিত্ত এই স্থানের নাম পাতাল হইয়াছে। নরক, ভূগের চতুর্থস্থান।

পাতালনিলয়, পাতালনিবাস, পাতালৌকস্, (পাতাল+ নিলয়=গৃহ, নিবাস=বাসস্থান, ওকস্=স্থান; ৬.ই) বা, পুং, সর্প, দানব, দৈত্য। ণ, ত্রি, পাতালের অধিবাসী।

পাতালভেদী, (পাতাল+ভেদিন্) ব্য, পুং, উৎস, উচুই। ণ, ত্রি, যাহা পাতাল পর্য্যন্ত গমন করিয়াছে।

পাতি, (পা=পালনকরা+ডতি—সংজ্ঞার্থে) ব্য, পুং, প্রভু, অধিপতি, স্বামী। [ব্য, পুং, শিশুমার, শুশুক।

পাতিক,(পাত=কম্পন, পতন+ষ্কিক,

পাতিত, (পাতি=পড়ান+ক্ত—চ) ণ. ত্রি, পতিতকরা, নিক্ষেপিত, অধোদেশে নিক্ষেপিত।

পাতিত্য, (পতিত+ষ্ণ্য—ভাব) ব্য, ন, পতিতের ধর্ম্ম, পতিতত্ব।

পাতিলী, (পাত=পতন+ইল, ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, ফাঁদ, বাগুরা, মৃণ্ময় পাত্রবিশেষ, পাতিল, নারী।

পাতিব্রত্য, (পতিব্রতা+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, পতিব্রতার ধর্ম্ম, সতীত্ব।

পাতী, (পৎ=পড়া+ণিন্—ঘ, শী· লার্থে) ণ, ত্রি, পতনশীল।

পাতুক, (পৎ=পতিত হওয়া+উক—য,শীলার্থে) ণ, ত্রি, পতনশীল। ব্য, পুং, পর্ব্বত প্রভৃতির ক্রমনিম্ন স্থান, ঢালুপ্রদেশ, অত্যুচ্চ স্থান, জলহস্তী। [ব্য, কূপ, ইন্দারা।

পাৎকুয়া, (পাৎ+কুয়া=কূপশব্দজ)

পাত্র, (পা=[ক্রিয়া বা আদেয়] রক্ষা করা+ত্র—ষ;কিম্বা পা=পান করা+ত্র—ধ) ব্য, পুং, ভাজন। ন, বহ, বিষয়, ক্রবাদি যজ্ঞপাত্র, তীরদ্বয় মধ্যবর্ত্তী স্থান, যোগ্যলোক, মন্ত্রী, নাটকে অভিনেত্র নায়কাদি, পত্রালী। ন-স্ত্রী, ভাজন [illegible] (পত্র+ষ্ণ) ন, পত্র সমূহ। ণ, ত্রি, পত্রদ্বারা নির্ম্মিত, উপযুক্ত, যোগ্য, বিদ্যাদিগুণ-বিশিষ্ট, বর।

পাত্রট, ণ, ত্রি, কৃশ, দুর্ব্বল, ক্ষীণ। ব্য, পুং, জীর্ণবস্ত্র।

পাত্রটীর, (পাত্র+টীর) ব্য, পুং, যোগ্য মন্ত্রী, অগ্নি, লৌহ কাংস্য ও রজতপাত্র, কাক।

পাত্রপাল, ব্য,পুং, তুলা, দাঁড়িপাল্লা।

পাত্রীয়, (পাত্র+ঈয়—ইদমর্থে) ণ, ত্রি, পাত্রসম্বন্ধীয়। ব্য,ন, যজ্ঞপাত্র।

পাত্রেসমিত, (পাত্রে+সমিত=সঙ্গত, ভোজনকালে পাত্রেতেই সঙ্গত, কিন্তু কার্য্যকালে নহে) ণ, ত্রি, যে ব্যক্তি কেবল ভোজনে রত।

পাথ, (পা=পানকরা+থ) ব্য, পুং, অগ্নি, সূর্য্য। ন, জল, বারি।

পাথঃ, (পা=পান করা+অসুন্, থ—আগম) ব্য, ন, জল, অন্ন।

পাথিঃ, (পা=পানকরা+ইস্—সংজ্ঞার্থে, থ—আগম) ব্য, পুং, সমুদ্র, চক্ষুঃ। ন, জল, কচ্ছপিকা।

পাথেয়, (পথিন্+ঢেয়—প্রয়োজনার্থে) ব্য, ন, পথের সম্বল, পথখরচ। [ব্য, ন, জলজ, পদ্ম।

পাথোজ, (পাথস্=জল+জ=উৎপন্ন)

পাথোদ, পাথোধর, (পাথস্=জল+দা=দানকরা+ড, ২-ব ; পাথস্+ধর=যে ধরে, ২-ব) ব্য, পুং, মেঘ, জলদ।

পাথোধি, পাথোনিধি, (পাথস্+ধা=ধারণকরা+কি, ২-ব ; নিধি=আধার, ৬-ব) ব্য, পুং, জলনিধি, সমুদ্র।

পাদ্, (পদ্=গমনকরা+ক্বিপ্—ঘ, অ=আ) ব্য, পুং, চরণ, পা।

পাদ, (পদ্=গমনকরা+ঘঞ—ধ) ব্য, পুং, চরণ, পা, কিরণ, রশ্মি, শ্লোক-

শীর মন্ত্রের চতুর্থাংশ, শ্লোকের চতুর্থাংশ, চতুর্থাংশ, পর্ব্বতের নিকটস্থ ক্ষুদ্র শৈল, প্রত্যন্তপর্ব্বত, বৃক্ষমূল, সূর্য্য, বৃত্তের চতুর্থাংশ ।(Quadrant)

পাদকটক, (পাদ+কটক=বলয়, ৬-ষ) ব্য, পুং, নূপুর, বাঁকমল, মল ।

পাদকনিষ্ঠাপকর্ষক, ব্য, পুং, শিরাবিশেষ, যদ্দ্বারা পাদের কনিষ্ঠাঙ্গুলি চালিত হয় ।

পাদকৃচ্ছ্র, (পাদ=চতুর্থাংশ+কৃচ্ছ্র=কষ্ট, প্রায়শ্চিত্ত) ব্য, ন, ব্রতবিশেষ ।

পাদগণ্ডির, (পাদ=পা + গণ্ড=স্ফীতকরণ+ইর) ব্য,পুং, শ্লীপদ, গোদ ।

পাদগ্রহণ, (পাদ+গ্রহণ, ৬-ষ) ব্য, ন, অভিবাদন, চরণবন্দন, পদস্পর্শপূর্ব্বক প্রণাম ।

পাদচত্বর, (পাদ=পা+চত্বর=চাতাল) ব্য, পুং, ছাগল, সৈকতময় প্রদেশ, করকা, শিল, পিপ্পল, তুষার, পর নিন্দক ।

পাদচাপল্য, (পাদ=পা+চাপল্য=অস্থিরতা) ব্য, ন, পাদাস্ফালন, পাদাঘাত, পাদসঞ্চালন।

পাদচারী, (পাদ+চর=গমনকরা+ণিন্—ঘ, ৩-ষ) ণ, ত্রি, পাদব্রজে গমনকারী । ব্য, পুং, পদাতিক ।

পাদজ, (পাদ=[ব্রহ্মার] পা+জ=জাত) ব্য, পুং, শূদ্র ।

পাদতল, (পাদ+তল=নিম্নভাগ) ব্য, ন, চরণের অধোভাগ, পায়ের চেটো, চরণপ্রান্ত ।

পাদত্রাণ, (পাদ+ত্রাণ=রক্ষণ ; ৫.হ) ব্য, ন, পাদুকা জুতা, উপানহ ।

পাদদারী, (পাদ+দৃ=বিদারণ করা+অণ্) ব্য, স্ত্রী, পাদস্ফোট, শিশির জাত ক্ষত ।

পাদদেশ, ব্য, পুং, অধঃপ্রদেশ, তল ।

পাদপ, (পাদ=মূল+পা=পানকরা+ড) ব্য, পুং, বৃক্ষ, গাছ, পাদপীঠ) পা—স্ত্রী, পাদুকা ।

পাদপরিঘট্টন, (পাদ+পরিঘট্টন=ঘর্ষণ) ব্য, ন, পাদাঘাত, অবমর্দ্দন।

পাদপাশ, (পাদ=পা+পাশ=রজ্জু) ব্য, পুং, অশ্বাদির পাদবন্ধন রজ্জু, ক্ষুদ্রঘণ্টিকা, কিঙ্কিনী । শী—স্ত্রী, শৃঙ্খল শিকল ।

পাদপীঠ, (পাদ+পীঠ=চৌকি) ব্য, ন, পাদস্থাপনের আসন, পা রাখিবার টুল ।

পাদপীঠিকা, (পাদপীঠ+পা রাখা টুল +ঙীপ্—স্ত্রীলিঙ্গে, ক—আগম) ব্য, স্ত্রী, নাপিতাদির ন্যায় নীচব্যবসায়, শ্বেত প্রস্তর ।

পাদপূরণ, ব্য, ন, উপাক্ষর, বাক্যালঙ্কার, পাদপূরক শব্দ যথা চ, বা, তু, হি ইত্যাদি ।

পাদপ্রধারণ, (পাদ + প্রধারণ=রক্ষণ) ব্য, ন, পাদুকা, জুতা ।

পাদপ্রহার, (পাদ=পা+প্রহার=আঘাত) পাদাহতি, লাথী ।

পাদপ্রাবরণ, ব্য, ন, পাদুকা, জুতা ।

পাদবন্ধন, (পাদ=পা+বন্ধন=যাহারা চরণাবচ্ছেদে বদ্ধ থাকে) ব্য, ন, গো মহিষাদি ধন ।

পাদমূল, (পাদ+মূল=অগ্রভাগ) ব্য, ন, চরণাধোভাগ, পার্ষ্ণি, গোড়ালী ।

পাদরক্ষণ, (পাদ+রক্ষণ ; ৫.হ) ব্য, ন, পাদুকা, জুতা ।

পাদরজ্জু, (পাদ+রজ্জু=দড়ি) ব্য, ন, হস্তীর পাদবন্ধন রজ্জু, চরণ বন্ধন রজ্জু মাত্র ।

পাদরথ, (পাদ=পা+রথ=যান) ব্য, পুং, থী—স্ত্রী, পাদুকা, জুতা ।

পাদরোহণ, (পাদ+রোহণ=যে উঠে) ব্য, পুং, বট বৃক্ষ ।

পাদবন্দন, (পাদ+বন্দন=সেবা) ব্য, ন, চরণ সেবন, প্রণতি, প্রণিপাত ।

পাদবল্মীক, (পাদ=পা+বল্মীক=ক্ষুদ্র পাহাড়) ব্য. ন, শ্লীপদ, গোদ।
পাদবিক, (পদবী=পথ+ষ্ণিক—কুশলার্থে) ব্য, পুং, পান্থ, পথিক, পর্যটনকারী।
পাদবিপক্ষস্থান, পৃথিবীস্থ কোন প্রাণীর পাদের ঠিক্ বিপরীত দিকে যে জীবের পা থাকে সেই সেইস্থান। (Antipode)
পাদবিরজঃ, (পাদ=চরণ+বি=না+রজস্=ধূলি) ব্য, স্ত্রী, পাদুকা, জুতা।
পাদশঃ, (পাদ+শস্—বীপ্সার্থে) ব্য, শ্লোকে শ্লোকে, পদে পদে, ছন্দে ছন্দে।
পাদশাখা, ব্য, স্ত্রী, পদাঙ্গুলি।
পাদশৈল, (পাদ=পা+শৈল=পাহাড়) ব্য, পুং, প্রত্যন্ত পর্ব্বত।
পাদস্ফোট, (পাদ+স্ফোট=ফোড়া) ব্য, পুং, রোগবিশেষ, চরণের নিম্নদেশে স্ফোটক, পায়ের তলায় ক্ষত, পায়ের চেটোর ঘা। [কর্ত্তা।
পাদহারক, ণ, ত্রি, চরণ দ্বারা হরণ-
পাদাঙ্গদ, (পাদ=চরণ+অঙ্গ=সৌন্দর্য্য+দ=যে দেয়) ব্য, ন, নূপুর।
পাদাৎ, (পাদ=পা+অত্=গমনকরা+ক্বিপ্) ব্য, পুং, পদাতিক সৈন্য।
পাদাত, (পাদ+অৎ=গমনকরা+অ; ৩ ব) ব্য, পুং, যে পাদ দ্বারা গমন করে,পদাতিক সৈন্য। (পদাতি+অ) ন, পদাতিসমূহ।
পাদাতি, পাদাতিক, (পাদ+অৎ+ই, পদাতি+ক—স্বার্থে) ব্য, পুং, পদাতিক সৈন্য।
পাদারক, (পাদ+ঋ=গমনকরা+ণ্বুল) ব্য, পুং, গোনিন্দ, নৌকার অবয়ব বিশেষ। [তরি, নৌকা।
পাদালিন্দ, (পাদ+অলিন্দ) ব্য. পুং,
পাদাবর্ত্ত, (পাদ+আবর্ত্ত=ঘূর্ণন, যে কার্য্য পাদ দ্বারা সম্পন্ন হয়) ব্য, পুং, কূপ হইতে জলোত্তলনার্থ যন্ত্রবিশেষ, অরঘট্টক।
পাদাবিক, (পাদ=চরণ+অব=গমনকরা ইত্যাদি+ইক) ব্য, পুং,পদাতি সৈন্য। [পুং, চতুর্থাংশ, পাদ।
পাদিন, (পাদ=চতুর্থাংশ+ঘ) ব্য,
পাদী, (পাদ+ইন্) ব্য, পুং, মকর কুম্ভীর শুশুক প্রভৃতি জলজন্তুগণ, চতুর্থাংশভাগী। ণ, ত্রি, পদ বিশিষ্ট।
পাদুক, (পদ্+উকন্—ঘ; শীলার্থে) ণ, ত্রি, গমনশীল।
পাদূ, পাদুকা, (পদ=গমন করা+উ পাদ+উক) ব্য, স্ত্রী, চর্ম্মাদিনির্ম্মিত পাদাচ্ছাদন, উপানৎ, জুতা।
পাদুকাকার, পাদুকাকৃৎ, (পাদুকা+কার, কৃৎ=যে করে, ২-ব) ব্য, পুং, চর্ম্মকার, পাদুকানির্ম্মাতা।
পাদূকৃৎ, (পাদূ+কৃৎ=যে করে, ২-ব) ব্য, পুং, পাদূনির্ম্মাতা, চর্ম্মকার।
পাদ্য, (পাদ+য—নিমিত্তার্থে) ব্য, ত্রি,পদপ্রক্ষালনার্থ জল, পূজোপহার
পান, (পা=পানকরা+অনট্—ভাব) ব্য, ন, দ্রবদ্রব্যের গলাধঃকরণ, পান করিবার পাত্র গ্লাস ঘটী প্রভৃতি, মদ্যপান, রক্ষণ, শাণোল্লেখন। ব্য, পুং, শৌণ্ডিক, নিশ্বাস প্রশ্বাস ক্ষেপণ।
পানগোষ্ঠিকা, পানগোষ্ঠী, (পান+গোষ্ঠিকা, গোষ্ঠী, ৪-ব) ব্য, স্ত্রী, যে স্থানে অনেকে একত্র সমবেত হইয়া মদ্যাদি পান করে, মদ্যপানসভা, ভৈরবীচক্র, আপানভূমি।
পানপাত্র, (পান+পাত্র) ব্য, ন, চষক, মদ্যপান করিবার পাত্র।
পানবণিক্, (পান+বণিক্=ব্যবসায়ী) ব্য, পুং, শৌণ্ডিক, শুঁড়ি, সুরাজীবী, সুরানির্ম্মাতা।
পানভাজন, পানিল, (পান+ভাজন=

পানীর, পান+ইল) ব্য, ন, পানপাত্র, স্তবক, গ্রাস।

পানশৌণ্ড, (পান+শৌণ্ড=অত্যন্ত মত্ত) ব্য, মদ্যপানাসক্ত, পানরত।

পানস, (পনস=কাঁটাল+অ—ভবার্থে) ণ, ত্রি, পনসসম্বন্ধীয়। ব্য,ন, পনসোৎপন্ন মদ্য,কাঁটালপ্রস্তুত মদ।

পানসী, (দেশজ) ব্য, ক্ষুদ্র নৌকা।

পানা, (দেশজ) মিষ্টমিশ্রিত পানীয়, শর্করাদি মিশ্রিত সরবত, শৈবাল, এক প্রকার জললতা।

পানাত্যয়, ব্য, পুং, মদাত্যয় রোগ, অতিরিক্ত মদ্যপানজনিত অবসাদ।

পানীয়, (পা=পানকরা+অনীয়—চ) ব্য, ন, জল। ণ, ত্রি, পেয়, পানযোগ্য, রক্ষণীয়।

পানীয়নকুল, (পানীয়=জল+নকুল=বেঁজী) ব্য, পুং, জলমার্জ্জার, উদ্বিড়াল।

পানীয়পৃষ্ঠজ, (পানীয়=জল+পৃষ্ঠ=উপরিভাগ+জ=জাত) ব্য, পুং, জলের পানা,কুম্ভী, জললতাবিশেষ।

পানীয়ফল, ব্য, ন, জলজাত প্রসিদ্ধফল, পানফল।

পানীয়মূলক, ব্য, ন, সোমরাজী।

পানীয়বর্ণিকা, ব্য,স্ত্রী,বালুকা, বালি।

পানীয়শালিকা, (পানীয়=জল+শালা=স্থান+ক) ব্য, স্ত্রী, জলাবস্থান গৃহ, প্রপা,যে গৃহে জল থাকে, জলছত্র। [পানি আমলা, পেনেলা।

পানীয়ামলক, ব্য, ন, প্রাচীনামলক,

পানীসা, (দেশজ) ণ, বিস্বাদ।

পান্থ, (পথিন্=রাস্তা+অন্—কুশলার্থে) ব্য, পুং, পথিক, সর্ব্বদা ভ্রমণকারী, পর্য্যটক।

পান্থনিবাস, ব্য, পুং, সরাই, পথিকদিগের অবস্থিতি করিবার স্থান, যে স্থানে নবাগত ব্যক্তিগণ ভাড়া দিয়া রাত্রি কিম্বা মধ্যাহ্ন কালের নিমিত্ত অবস্থিতি করে। (Inn.)

পান্থশালা, (পান্থ=পথিক+শালা=গৃহ) ব্য, স্ত্রী, পথিকলোকদিগের আহারাদি করিবার গৃহ।

পান্না, (দেশজ) ব্য, হীরকবিশেষ, বহুমূল্য প্রস্তর বিশেষ।

পাপ, (পা=[ইহা হইতে] রক্ষাকরা+প) ব্য, ন, অধর্ম্ম, দুষ্কৃত, অনিষ্ট। পাপ+অ—অস্ত্যার্থে)ণ, ত্রি, পাপিষ্ঠ, পাপজনক, ক্ষতিকারক। ব্য, পুং, পাপাত্মাব্যক্তি, লম্পট।

পাপকৃৎ, (পাপ+কৃৎ=যে করে,২-ব, অথবা পাপ+কৃ=করা+ক্বিপ—ম, ভূতকাল) ণ, ত্রি, পাপিষ্ঠ, পাপকারী।

পাপগ্রহ, ব্য, পুং, অর্দ্ধচন্দ্র, মঙ্গল গ্রহ, রাহু, শনি, রবি, বুধ, অনিষ্টকর গ্রহ। [পাপনাশক, দুরিতঘ্ন

পাপঘ্ন, (পাপ+ঘ্ন=নাশক) ণ, ত্রি,

পাপচক, (পচ=পাককরা+ণক) ণ, ত্রি, নিরন্তর পাপকারী, পাপচকও হয়। [পুনঃ পুনঃ পতনশীল।

পাপতি, (পত্=পড়া+কিন্) ণ, ত্রি,

পাপপতি,(পাপ=অধর্ম্ম+পতি=স্বামী) ব্য, পুং, উপপতি, জার।

পাপপুরুষ, (পাপ+পুরুষ=মনুষ্য) ব্য, পুং, মূর্ত্তিমান্ পাপ, পাপের অবতার স্বরূপ।

পাপভাক্, (পাপ+ভজ্=যে ভোগ করে, ২-ব) ণ, ত্রি, পাপী, দুষ্কর্ম্মকারী, অধর্ম্মভাগী।

পাপরোগ, (পাপ+রোগ=পীড়া) ব্য, পুং, বসন্তরোগ।

পাপর্দ্ধি, (পাপ+ঋদ্ধি=সমৃদ্ধি) ব্য, স্ত্রী, শিকার, মৃগয়া, মৃগবধ।

পাপল, (পাপ+ল—অস্ত্যার্থে) ণ, ত্রি, পাপগ্রাহক, পাপদাতা। ন, পরিমাণবিশেষ।

পাপশমন, (পাপ=দুষ্কৃত+শমন=না-

শক) ণ, ত্রি, পাপনাশক। ব্য, ন, পাপয় প্রায়শ্চিত্তবিশেষ।

পাপশমনী, ব্য, স্ত্রী, শমীবৃক্ষ, শাঁই-গাছ। ণ, স্ত্রী, পাপনাশিনী।

পাপাত্মা, (পাপ+আত্মন্—আত্মা ; ৬.হ) ণ, ত্রি, অধার্ম্মিক, পাপিষ্ঠ, পাপী।

পাপাশয়, (পাপ + আশয় ; ৬.হ) ণ, ত্রি, অধার্ম্মিক, পাপিষ্ঠ, দুরাশয়।

পাপিষ্ঠ, পাপীয়ান্, (পাপ + ইষ্ঠ—অত্যর্থে, পাপ+ঈয়স—অত্যর্থে) ণ, ত্রি, অতিশয় পাপী, অধার্ম্মিক।

পাপী, (পাপ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, পাপযুক্ত, পাতকী, অপরাধী।

পাপ্মা, (পা—ইহাহইতে রক্ষাকরা+মন, প—আগম) ব্য, পুং, পাপ, কিল্বিষ, অধর্ম্ম।

পামঘ্ন, (পামন্—পাঁচড়া+ঘ্ন—নাশকারী) ব্য, পুং, গন্ধক।

পামঘ্নী, ব্য, স্ত্রী, কটুকা, কটকী।

পামন, (পামন্—পাঁচড়া+ন—অস্ত্যর্থে) ণ, ত্রি, যাহার খোস আছে, কচ্ছুরোগবিশিষ্ট।

পামর, (পামন্—খোসরোগ + রা—গ্রহণ করা+ড) ণ, ত্রি, খল, দুষ্ট, অধম, নীচ, পাপী, মূর্খ।

পামরোদ্ধারা, (পামর—পিত্ত+উদ্ধারা—নাশকারিণী) ব্য, স্ত্রী, গুড়চী।

পামা, (পৈ—শুষ্ক হওয়া+মন্) ব্য, ন, স্ত্রী, খোস, পাঁচড়া, চুল্‌কনা, কচ্ছুরোগ।

পামারি, ব্য, পুং, গন্ধক।

পায়, (পা—পানকরা+অল্, য-আগম) ব্য, ন, জল। [পারাবত।

পায়রা, (পারাবতশব্দজ) ব্য,কপোত,

পায়স, (পয়স্+ষ্ণ—বিকারার্থে) ব্য, পুং,—ন, দুগ্ধশর্করাপক্ব অন্ন, পরমান্ন, টার্পিন্ তৈল, চন্দন। ন, দুগ্ধ। ণ,ত্রি,পয়ঃসম্বন্ধীয়,দুগ্ধবিকার।

পায়া, (পাদ শব্দজ) ব্য, পদ, কর্ম্ম, খট্টাদির আধার।

পায়িক, (পা—রক্ষাকরা+ণক, য, ই—আগম) ব্য, পুং, পদাতিক সৈন্য।

পায়ু, (পা—রক্ষাকরা + উ) ব্য, পুং, গুহ্যদেশ, মলদ্বার, ভুক্তদ্রব্য পরিপাক হইলে অনাবশ্যক পদার্থকে নিঃসারিত করিয়া যে জীবগণের প্রাণরক্ষা করে।

পায্য, (পা=পানকরা+য) ব্য, ন, পরিমাণ, পান, জল। ণ, ত্রি, নিন্দনীয়।

পার, (পর=অপর+ঈর=গমনকরা অথবা পার—পর পারে যাওয়া, কর্ম্ম সম্পন্নকরা বা পৃ—পরিপূর্ণকরা+ঘঞ্) ব্য, ন, নদীর অপর তীর। পুং, ন,শেষভাগ, প্রান্ত, চরমসীমা। রা—স্ত্রী, বিন্ধ্যাচলের পশ্চিমাংশ অর্থাৎ পারিপাত্র পর্ব্বত হইতে নির্গত নদীবিশেষ।

পারক্, ব্য, পুং, সুবর্ণ, সোণা।

পারক, (পৃ—সন্তুষ্টকরা, পূর্ণকরা+ণক) ণ, ত্রি, সমর্থ, নিপুণ, পটু, দক্ষ, কুশল, পৃথিবীরূপ সমুদ্র হইতে উদ্ধারকারক, পূর্ত্তিকারক, পালনকারী, প্রীতিদ।

পারক্য, (পরক বা পারক+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, পরকীয়তা, পরাধীনত্ব, অন্যসম্বন্ধীয় সামর্থ্য, শত্রুতা। ণ, ত্রি, পরলোকসংক্রান্ত,পরলোকহিতকর্ম্ম।

পারগ, (পার—অন্যতীর+গ—যে গমন করে, ২-ব) ণ, ত্রি, পারগামী, সমর্থ।

পারগত,(পার—[জগতের]অপরতীর+গত—প্রাপ্ত, যে গিয়াছে, ২-ব) ণ, ত্রি, যে পর পারে গমন করিয়াছে, পারপ্রাপ্ত,উত্তীর্ণ,অতিক্রান্ত, পবিত্র।

ব্য, পুং, জৈন মুনি।
পারজ; ব্য, পুং, সুবর্ণ।
পারজায়িক, (পর=অন্য+জায়া=স্ত্রী+ষ্ণিক—রতার্থে) ব্য, পুং, পারদারিক, পরদারগামী, ব্যভিচারী, পরস্ত্রী রত। [স্তর, পাষাণ।
পারটীট, (পার+টীট) ব্য, পুং, প্র-
পারণ, (পারি—পূরণকরা+অনট) ব্য, পুং, মেঘ। ন, ণা—স্ত্রী, উপবাসাদি ব্রতানন্তর দিবস কর্ত্তব্য প্রাথমিকভোজন, ভোজন, তৃপ্তি, সন্তোষণ। [বিহিতভোজন।
পারণা, ব্য, স্ত্রী, উপবাসের পরদিন
পারত, (পার=[পৃ=পূর্ণকরা+ঘঞ্]=পূর্ণতা+তন্=বিস্তারকরা+ড) ব্য, পুং, পারদ, পারা।
পারতন্ত্র্য, (পরতন্ত্র=অধীন+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, পরতন্ত্রতা, পরাধীনত্ব, অস্বাধীনবৃত্তিতা।
পারত্রিক, (পরত্র=পরলোক+ষ্ণিক=ইদমর্থে) ণ, ত্রি, পারলৌকিক, পরলোকসম্বন্ধীয়।
পারদ, (পার=পূর্ণতা+দা=যে দান করে) ব্য, পুং, ধাতুবিশেষ, পারা, সগররাজ কৃত মুক্তকেশ ম্লেচ্ছজাতিবিশেষ। ণ, ত্রি, পারদায়ী।
পারদণ্ডক, (পার=নিবিড+দণ্ডক=দণ্ডকারণ্য) ব্য, পুং, উড়িষ্যা দেশের এক অংশ।
পারদর্শী, (পার=অপরতীর+দর্শিন=যে দেখে, ২ ব, ণ, ত্রি, পরিণামদর্শী, বিজ্ঞ, নিপুণ, পটু, তৎপর, সমর্থ।
পারদারিক, (পর=অন্য+দার=স্ত্রী+ষ্ণিক—আসক্ত্যর্থে) ব্য, পুং, পরস্ত্রীতে আসক্ত, পরদারাসক্ত।
পারদার্য্য, (পর=অন্য+দার=স্ত্রী+য) ব্য, ন, পরদারগমন, ব্যভিচার।
পারদেশ্য, (পর=অন্য+দেশ+ষ্ণ্য) ব্য, পুং, বিদেশীয়, দেশান্তরাগত, পরদেশগত, প্রবাসী, পথিক। ণ, ত্রি, পরদেশ সম্বন্ধীয়।
পারমাণবাকর্ষণ, (পারমাণব=[পরমাণু+ষ্ণ] পরমাণুসম্বন্ধীয়+আকর্ষণ) ব্য, ন, পরমাণু সকলের পরস্পর আকর্ষণ।
পারমার্থিক, (পরমার্থ+ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, পরমার্থ বিষয়ক, নিবৃত্তিমার্গ সম্বন্ধীয়, জ্ঞানমার্গ সম্বন্ধীয়, আত্মার মোক্ষ প্রাপক।
পারম্পর্য্য, (পরম্পর=পরপর+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, আম্নায়, কুলক্রম, পরম্পরাভাব, ইতিহ, পুরাতনকথা, জনশ্রুতি, অনুক্রম।
পারম্পর্য্যোপদেশ, (পারম্পর্য্য+উপদেশ) ব্য, পুং, উপদেশপরম্পরা, ঐতিহ্য।
পারয়, (পৃ—সন্তুষ্টকরা+শ) ণ, ত্রি, তৃপ্তিকর, প্রীতিপদ, নিপুণ।
পারলৌকিক, (পরলোক+ষ্ণিক—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পরলোকীয়, পারত্রিক, উত্তরকালিক, আমুষ্মিক।
পারশব, (পার+শব) ব্য, পুং, শূদ্রাগর্ভে ব্রাহ্মণের ঔরসজাত সন্তান, নিষাদজাতি, পরস্ত্রীতনয়। (পরশু+ড—সম্বন্ধার্থে) অস্ত্রবিশেষ, লৌহময় অস্ত্র, লৌহ। ণ, ত্রি, পরশুসম্বন্ধীয়।
পারশীক, পারসিক, পারসীক, ব্য, পুং, পারস্যদেশজাত বস্তু বিশেষতঃ অশ্ব, পারস্যদেশ, পারস্যসাম্রাজ্য। পুং, বহুং, পারস্যদেশের অধিবাসী ব্যক্তিগণ। ণ, ত্রি, তদ্দেশীয়।
পারশ্বধ, পারশ্বধিক, (পরশ্বধ=কুঠার+ষ্ণ, ষ্ণিক) ব্য, পুং, পরশু দ্বারা যে যুদ্ধ করে। [দেশভব দ্রব্যাদি।
পারসী, ব্য, স্ত্রী, পারস্যভাষা, পারস্য-
পারস্ত্রৈণেয়, (পরস্ত্রী+ঢক—অপত্যার্থে, ইন্—আগম) ব্য, পুং, ক্ষেত্রজসন্তান, পরস্ত্রীজাতপুত্র, জা-

রুক্ষ, অসতীপুত্র।

পারা, (পার দেখ, আ—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, নদীবিশেষ, পারিযাত্র পর্ব্বত হইতে নিঃসৃতা নদী। (পারদ শব্দজ) পারদ। [মূল্য।

পারাণী, (দেশজ) পারে যাইবার

পারাপত, পারাবত, (পার+আ+পত্ +অন্) বা, পুং, কপোত, পায়রা।

পারাপার, পারাবার, (পার=এপার +অপার=অন্যপার) বা, পুং, সমুদ্র। ন, নদী প্রভৃতির উভয় পার, তটদ্বয়।

পারায়ণ, (পার=সমাপ্তি+অয়ন=গমন) বা, ন, সম্পূর্ণতা, সমাপ্তি, সাকল্য, নিয়ম করিয়া সপ্তাহ মধ্যে কোন গ্রন্থের সম্পূর্ণ পাঠ, পুরাণ পাঠ বা পঠনা।

পারায়ণিক, (পারায়ণ+ষ্ণিক—অধ্যয়নার্থে) বা, পুং, পারায়ণপাঠক, পুরাণ পাঠক, ছাত্র।

পারায়ণী, (পারায়ণ দেখ) বা, স্ত্রী, সরস্বতী দেবী, কর্ম্ম, ধ্যান, চিন্তা, তৃপ্তি।

পারাশুক, (পার=পরতীর+আশু=গমন) করা+উক) বা, পুং, প্রস্তর, পাথর, পাষাণ।

পারাবত, (পারাবতী=দেশবিশেষ+ষ্ণ—ভবার্থে) বা, পুং, পায়রা।

পারাশর, পারাশর্য্য, পারাশরি, (পরাশর+ষ্ণ, ষ্ণ্য, ষ্ণি—অপত্যার্থে, উক্তার্থে) বা, পুং, পরাশরাত্মজ, বেদব্যাস। ন, পরাশর প্রণীত ধর্ম্মশাস্ত্র।

পারিকাঙ্ক্ষী, (পরি—[ঐহিকসুখ] ত্যাগ+কাঙ্ক্ষ=আকাঙ্ক্ষাকরা+ইন্—ষ। অথবা পারিন্=[পার+ইন্] জ্ঞান + কাঙ্ক্ষিন্=যে আকাঙ্ক্ষা করে; কিম্বা পারি [পর+ষ্ণি] =পারমার্থিক সুখ+কাঙ্ক্ষিন্=যে আকাঙ্ক্ষা করে) বা, পুং, মুনি, তপস্বী, তাপস।

পারিজাত, পারিজাতক, (পরি+জাত =যে জন্মিয়াছে, পরিজাত+ষ্ণ; অথবা পারিন্ [পার+ইন্]=সমুদ্র +জাত, ৭-ষ) বা, পুং, স্বর্গীয় বৃক্ষ, দেবতরু, সুরতরু।

পারিণায্য, (পরিণয়+ষ্ণ্য—প্রাপ্ত্যর্থে) বা, ন, পরিণয়-লব্ধ ধন, যৌতুক।

পারিণাহ্য, (পরিণাহ+য) বা, ন, পরিণয় লব্ধ গৃহসামগ্রী, শয্যা আসন ইত্যাদি।

পারিতথ্যা, (পরি=প্রত্যেক প্রকার [জাঁকজমক]+তথা=সেখানে+ষ্ণ্য, আপ্—স্ত্রীলিঙ্গে) বা, স্ত্রী, ললাটের অলঙ্কারবিশেষ, সিঁতি।

পারিতোষিক, (পরিতোষ+ষ্ণিক—দেয়ার্থে) বা, ন, পরিতোষদত্ত, পরিতুষ্ট হইয়া যাহা দান করা যায়, উপায়ন, দান। ণ, ত্রি, পরিতোষজনকদ্রব্য। [সিংহ, অজগর সর্প।

পারিন্দ্র, (পারীন্দ্র দেখ) বা, পুং,

পারিন্ (পার+ইন্) বা, পুং, সমুদ্র।

পারিপন্থিক, (পরি=চতুর্দ্দিকে+পথিন্ =পথ + ষ্ণিক) বা,পুং,চোর, তস্কর।

পারিপাট্য, (পরিপাটী + ষ্ণ্য) বা, ন, সুশৃঙ্খলা, পরিপাটী।

পারিপাত্র, পারিপাত্রক, (পরি=চতুর্দ্দিকে+পা=রক্ষাকরা+ত্র, ক—যোগ) বা, পুং, পারিযাত্র পর্ব্বত, বিন্ধ্যপর্ব্বতের পশ্চিম মালবদেশের সীমাপর্ব্বত।

পারিপার্শ্বিক, (পরি=প্রায় [কর্ত্তার ইত্যাদি]+পার্শ্ব+ষ্ণিক) বা, পুং, নটের পার্শ্বস্থিত, সূত্রধর, পারিষদ, পার্শ্ববর্ত্তী, পার্শ্বচর যে ক্ষুদ্রগ্রহ সূর্য্যের চতুর্দ্দিকে পরিভ্রমণ না করিয়া কোন বৃহৎগ্রহের চতুর্দ্দিকে পরিভ্রমণ করে, চন্দ্র প্রভৃতি উপগ্রহ।

(Satellites.)

পারিপ্লব, (পরিপ্লব+ষ্ণ) ণ, ত্রি, কম্পবান, চঞ্চল, ব্যাকুল, কাতর।

পারিভদ্র, (পরিভদ্র [পরি=সম্পূর্ণ রূপ+ভদ্র=সৌভাগ্য]+অ) ব্য, পুং, স্বর্গীয় বৃক্ষবিশেষ, পারিজাত বৃক্ষ।

পারিভদ্রক, (পরিভদ্রক [পরিভদ্র +ক—যোগ]+অ) ব্য, পুং, দেবদারুবৃক্ষ, নিম্ববৃক্ষ নিমগাছ।

পারিভাব্য, (পরিভূ=জামিন+ষ্যা —ভাবে) ব্য, ন, প্রতিভূত্ব, জামিনী। (পরিভব [যোগ]=পরাজয়+ষ্য) ঔষধ।

পারিভাষিক,(পরিভাষা+ষ্ণিক—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পরিভাষাসম্বন্ধীয়।

পারিমাণ্ডল্য, (পরিমণ্ডল=গোলক+ষ্য) ব্য, ন, অণুপরিমাণ।

পারিমুখিক, (পরি=চতুর্দ্দিকে+মুখ +ষ্ণিক) ণ, ত্রি, সম্মুখবর্ত্তী।

পারিমুখ্য, (পরি=চতুর্দ্দিকে+মুখ=ষ্য) ব্য, ন, অভিমুখতা, সম্মুখতা, সমক্ষতা, বিদ্যমানতা।

পারিযাত্র, (পরি=চতুর্দ্দিকে+যা= গমন করা+ত্র, অ) ব্য, পুং, সপ্তকুলপর্ব্বতের অন্তর্ভূত কুলপর্ব্বতবিশেষ, স্বনামখ্যাত নৃপতিবিশেষ।

পারিযানিক, (পরি=চতুর্দ্দিকে+যান =গমন+ষ্ণিক) ব্য, পুং, পথহিত রথ গাড়ী ইত্যাদি।

পারিরক্ষক, (পারি [পর+ষ্ণি]= পারত্রিক সুখ+রক্ষক=যে রক্ষা করে) ব্য, পুং, তাপস, মুনি, তপস্বী।

পারিষদ, (পরিষদ্+অ—তিদ্ধতার্থে) ব্য, পুং, সভাসদ্, সভ্য। ণ, ত্রি, সভাসম্বন্ধীয়। [ব্য, পুং, পারিষদ।

পারিষদ্য, (পরিষদ্+ষ্য—তিদ্ধতার্থে)

পারিহারিক,(পরিহার+ষ্ণিক) ণ,ত্রি, পরিহার কর্ত্তা, বিনতি কর্ত্তা।

পারিহার্য্য, (পরিহার+ষ্য) ব্য, স্ত্রী, করভূষণ, বলয়।

পারী, (পৄ=পূরণকরা+অঞ্ : ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, জলসমূহ, কর্করী, হস্তিপাদ বন্ধন রজ্জু, পাত্রী, পরাগ, পুষ্পরেণু, পানপাত্র, দোহনপাত্র।

পারীক্ষিত, (পরীক্ষিৎ+অ—অপত্যার্থে) ব্য, পুং, পরীক্ষিতের পুত্র, রাজা জনমেজয়। [ত্রি, পারগ, পারগন্ত।

পারীণ, (পার+ইন—গমনার্থে) ণ,

পারীন্দ্র, (পর—অস্ত্র [প্রাণী]+ইন্দ্র =প্রভু, নিপাতন) ব্য, পুং, অজগর সর্প, সিংহ। [বণ্ড, পাটনাক।

পারীরণ, ব্য, পুং, কমঠ, কূর্ম্ম, কচ্ছপ,

পারু, (পা=রক্ষাকরা+রু—সংজ্ঞার্থে) ব্য, পুং, অগ্নি, সূর্য্য।

পারুল, (দেশজ) বৃক্ষবিশেষ।

পারুষ্য, (পরুষ=কর্কশ+ষ্য—ভাবে) ব্য, ন, অপ্রিয়ভাষণ, নিন্দা, তিরস্কার, দেবরাজ ইন্দ্রের উপবন, অগুরুচন্দন। ব্য, পুং, বৃহস্পতির নামান্তর।

পারেরক, (পার [পর=শত্রু+অ]= শত্রুসকল+ঈর=ভেদকরা+ণক) ব্য, পুং, খড়্গ।

পার্ঘট, (পাব [পব=অন্ত+অ]+ঘট =চেষ্টাকরা+অল) ব্য, ন, পাংশু, ধূলি।

পার্থ, (পৃথা=কুন্তী+অ—অপত্যার্থে) ব্য, পুং, পৃথানন্দন, যুধিষ্ঠিরাদি রাজা, বৃক্ষবিশেষ, অর্জ্জুন বৃক্ষ।

পার্থক্য, (পৃথক্+ষ্য—ভাবে) ব্য, ন, পৃথকত্ব, বিভিন্নতা।

পার্থব, (পৃথু=বিশাল+অ—ভাবে) ব্য, ন, পৃথুতা, স্থূলতা।

পার্থিব,(পৃথিবী+অ—ঈশ্বরার্থে) ব্য, পুং, পৃথিবীর অধিপতি, রাজা। স্ত্রী —স্ত্রী, পৃথিবীর কন্যা, সীতা। ণ,ত্রি,

পৃথিবীসম্বন্ধীয়। [বর।
পার্থর, (পৃথর+অ) ব্য, পুং, কৃতান্ত,
পার্ব্বণ, (পর্ব্বন্+অ—কৃত বা বত্বার্থে) ব্য, পুং, অমাবস্যাদি পর্ব্বে কর্ত্তব্য শ্রাদ্ধ, উৎসব, মৃগবিশেষ। ণ, ত্রি, পর্ব্ব সম্বন্ধীয়। [পুরস্কার।
পার্ব্বণী, (দেশজ) উৎসবকালীন
পার্ব্বত, (পর্ব্বত—গিরি+অ—ইদমর্থে) ব্য, পুং, মহানিম্ববৃক্ষ, ঘোড়ানিমের গাছ। ণ, ত্রি, পর্ব্বতসম্বন্ধীয়, পর্ব্বতোৎপন্ন।
পার্ব্বতী, (পর্ব্বত [হিমালয়]—গিরি +অ—অপত্যার্থে) ব্য, স্ত্রী, পর্ব্বতকন্যা, গিরিজা, উমা, দুর্গা।
পার্ব্বতীনন্দন, (পার্ব্বতী+নন্দন, ৬-ষ) ব্য, পুং, কুমার, কার্ত্তিকের।
পার্ব্বতীয়, (পর্ব্বত+ঈয়—ভবার্থে) ণ, ত্রি, পর্ব্বতোৎপন্ন, পর্ব্বতসম্বন্ধীয়, শৈলের। [হওয়া।
পার্য্যমাণ, (দেশজ) কৃতিসাধ্য, অক্ষম
পার্শ্বধ, (পর্শু—কুঠার+অ) ব্য, পুং, পরশুধারী যোদ্ধা।
পার্শ্ব, (পর্শু—পার্শাস্থি+অ) ব্য, পুং—ন, কক্ষের অধোভাগ, একদেশ, ধার, পাশ, চক্রোপান্ত, চাকার পরিধি, চতুষ্কোণ বস্তুর একদেশ। ন, পশুগণ, পার্শ্বস্থিত অস্থিসমূহ, (The thorax)। পুং, স্বনাম খ্যাত জিনবিশেষ। ণ, ত্রি, সমীপ, নিকট।
পার্শ্বক, (পার্শ্ব+ক) ব্য, ত্রি, কক্ষের অধোভাগ, পাশ, শঠতাদ্বারা বিত্তান্বেষণ কর্ত্তা।
পার্শ্বগ, পার্শ্বচর, (পার্শ্ব+গ, চর—যে গমন করে, ৭-ষ) ণ, ত্রি, অনুচর, পার্শ্ববর্ত্তী, ভৃত্য।
পার্শ্বপরিবর্ত্তন, (পার্শ্ব+পরিবর্ত্তন—ফেরা) ব্য, ন, পাশফেরা, ভাদ্রশুক্ল একাদশীতে বিষ্ণুর পার্শ্ব পরিবর্ত্তন হেতু উৎসব।
পার্শ্বশূল, (পার্শ্ব+শূল—তীক্ষ্ণ যন্ত্রণা) ব্য, পুং—ন, শূলরোগবিশেষ।
পার্শ্বাস্থি, (পার্শ্ব+অস্থি, ৬-ষ) ব্য, ন, পর্শুকা, পাঁজরা।
পার্শ্বৈকাদশী, ব্য, স্ত্রী, ভাদ্র মাসের শুক্লা একাদশী।
পার্ষত, (পৃষৎ—নৃপতিবিশেষ+অ—অপত্যার্থে) ব্য, পুং, পাঞ্চ রাজার তনয়। তী—স্ত্রী, দ্রৌপদী।
পার্ষদ, (পর্ষদ্=সভা+অ—স্থিত্যর্থে) ব্য, পুং, পারিষদ, সভাসদ।
পার্ষ্ণ, (পৃষ—সিক্তকরা+নি) ব্য, পুং—স্ত্রী, গুল্ফ, চরণতল, পৃষ্ঠদেশ, পৃষ্ঠপক্ষ, সৈন্যের পশ্চাদ্ভাগ। স্ত্রী, উন্মত্তা স্ত্রী, কুন্তী।
পার্ষ্ণিগ্রাহ, (পার্ষ্ণি—সৈন্যের পশ্চাদ্ভাগ+গ্রাহ=যে গ্রহণ করে, ২-ষ) ব্য, পুং, পশ্চাদ্বর্ত্তী শত্রুরাজা, সৈন্যের পশ্চাদ্ধাবী, সৈন্যের পশ্চাদ্বর্ত্তী।
পার্ষ্ণিত্র, (পার্ষ্ণি—সৈন্যের পশ্চাদ্ভাগ+ত্রৈ—রক্ষাকরা+ড) ব্য, ন, সৈন্যের পশ্চাদ্ভাগ রক্ষাকারী সৈন্য।
পাল, (পাল—রক্ষাকরা+অণ—ষ) ণ, ত্রি, রক্ষাকর্ত্তা, প্রতিপালক। ব্য, পুং, সমূহ, দল, পিকদান।
পালই, (দেশজ) ব্য, খড়ের গাদা, সতৃণ ধান্যের রাশি।
পালক, (পা+ণিচ্+ণক—ষ) ণ, ত্রি, রক্ষক, প্রতিপালনকর্ত্তা।
পালকপুত্র, ব্য, পুং, পোষ্য পুত্র, দত্তক পুত্র। [পুচ্ছ।
পালখ, (পক্ষ শব্দজ) ব্য, পাখা, ডানা,
পালঙ্ক, (পাল=রক্ষণ+অঙ্ক—যে স্থান করে, বা দান করে) ব্য, পুং—স্ত্রী, পালঙ্গশাক। পুং, পক্ষিবিশেষ, বাজপক্ষী।
পালন, (পা+ণিচ্+অনট্—ভাব) ব্য, ন, পোষণ, রক্ষা, ভরণপোষণ।

পালনীয়, (পালি+অনীয়—ড) ণ, ত্রি, প্রতিপাল্য, পালনযোগ্য।

পালয়িতা, (পা+ণিচ+তৃন্—ষ) ণ,ত্রি, পালনকর্ত্তা, পালক।

পালা, (পল্লব শব্দজ) ব্য, পল্লব, বার, পর্য্যায়। ণ, পোষা, রক্ষিত।

পালান্, (দেশজ) ব্য, গো-স্তন।

পালাশ, (পলাশ—পত্র বা এইবৃক্ষ+ষ্ণ) ণ, ত্রি, পলাশবৃক্ষসম্বন্ধীয়, হরিত বর্ণ। ব্য, ন, তেজপাত।

পালাশখণ্ড, (পালাশ—পলাশবৃক্ষসম্বন্ধীয় ইত্যাদি+খণ্ড—দেশ) ব্য, পুং, মগধদেশ, যে দেশে পলাশবৃক্ষ প্রচুর আছে, বেহার।

পালি, পালী, (পাল্—রক্ষাকরা+ই: ঈ—[কর্ম্মে]) ব্য, স্ত্রী, পংক্তি, শ্রেণী, ক্রোড, খড্গের তীক্ষ্ণধার, কোণ, প্রান্তভাগ, সেতু, খোঁড, হাঁড়ি, কেশকীট, উকুণ, প্রশংসা, শ্মশ্রুলা স্ত্রী।[স্ত্রী, অস্ত্রের তীক্ষ্ণ ধার।

পালিকা, (পালী+ক—যোগ) ব্য,

পালিত, (পালি+ক্ত—চ) ণ, ত্রি, রক্ষিত, লালিত, পোষিত, বর্দ্ধিত।

পালো, (দেশজ) ব্য, ঔষধবিশেষ, গুঁড়া। [বর্ত্তন।

পাল্টন, (দেশজ) ব্য, বদল, পরি-

পাল্লা, (দেশজ) ব্য, তৌলকরণের পাত্র, তরাজু।

পাবক, (পূ—পবিত্রকরা+ণক—ষ) ব্য, পুং, অগ্নি, বৈদ্যুতাগ্নি, সদাচার, চিত্রক, ভল্লাতক, রক্ত চিত্রক, কুসুম্ভ, শোধয়িতা। ণ, ত্রি, পবিত্রকারক।

পাবকি, (পাবক+ষ্ণি—অপত্যার্থে) ব্য, পুং, পাবকপুত্র, কার্ত্তিকেয়।

পাবন, (পূ—শুদ্ধকরা+অন—ষ,ভাব) ণ, ত্রি, পবিত্র, শোধক, পবিত্রকারক। ন, গোময়, পবিত্রীকরণ, জল, প্রায়শ্চিত্ত, রুদ্রাক্ষ। পুং,ব্যাসদেব, অগ্নি।

পাবনধ্বনি, (পাবন+ধ্বনি—শব্দ) ব্য, পুং, শঙ্খ, পবিত্র শব্দ।

পাবনী, (পাবন+ঈ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, তুলসী, গঙ্গা, গাভী, হরীতকী।

পাশ, (পাশি—বন্ধনকরা+অল—ষ)ব্য, পুং, রজ্জু, দড়ি, অস্ত্রবিশেষ, ফাঁদ, সূত্র, প্রত্যয় বিশেষ, এই প্রত্যয় শ্রেষ্ঠ বা সমূহ অর্থে কেশবাচক শব্দের উত্তর প্রযুক্ত হইয়া থাকে—যথা কেশপাশ অর্থাৎ উৎকৃষ্ট কেশ বা কেশগুচ্ছ,কেশ সমূহ;সুন্দর অর্থে কর্ণ শব্দের উত্তর প্রযুক্ত হয় এবং নিন্দা বা কুৎসা অর্থে ছত্র ভিষক্ প্রভৃতি শব্দের উত্তর প্রযুক্ত হইয়া থাকে। (পার্শ্ব শব্দজ) ব্য, পার্শ্ব।—শা,(পাশক শব্দজ) অক্ষ, চৌপাড়,কর্ণভূষণ।

পাশক, (পাশি—বন্ধনকরা+ণক) ব্য, পুং, পাশা, অক্ষ।[প্রাসঙ্গিক কথা।

পাশকথা, (দেশজ) ইতর বাক্য,

পাশপাণি, পাশভৃৎ, (পাশ—রজ্জু+পাণি, ৬-ত। পাশ+ভৃৎ—যে ধরে, ২-য) ব্য, পুং, বরুণ।

পাশব, (পশু+ষ্ণ) ব্য, ন, পশুর দল, পশুসমূহ। ণ,ত্রি, পশুসম্বন্ধীয়।

পাশবপালন, (পাশব+পালন—পোষণ) ব্য, ন, ঘাস, তৃণ। [বিশেষ।

পাশা, (দেশজ) অক্ষ, কর্ণভূষণ

পাশাপাশী,(দেশজ) পরস্পর পার্শ্বস্থিত, নিকটানিকটী, কাছাকাছি।

পাশিত, (পাশ—রজ্জু+ইত) ণ, ত্রি, পাশযুক্ত, পাশদ্বারা বদ্ধ।

পাশী, (পাশ—রজ্জু+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, বরুণ, যম, ব্যাধ। ণ, ত্রি, পাশধারী।

পাশীকৃত, (পাশ—রজ্জু+কৃত, পাশ শব্দের উত্তর অভূততদ্ভাবার্থে চ্বি প্রত্যয় ; অ স্থানে ঈ) ণ, ত্রি, পাশবদ্ধ, দড়ি দিয়া বাঁধা।

পাশুপত, (পশুপতি+অ) ষ্য, পুং, পশুপতির উপাসক, শৈব, বকফুল, রক্তফুল। ণ, ত্রি, শিবসম্বন্ধীয়। ন, ব্রতবিশেষ, অস্ত্রবিশেষ।

পাশুপতব্রত, ষ্য, ন, পশুপতি ব্রতবিশেষ। [শিবের ত্রিশূল।

পাশুপতাস্ত্র, (পাশুপত+অস্ত্র) ষ্য, ন,

পাশুপাল্য, (পশুপাল—যে পশু পালন করে+ষ্য—ভাবে) ষ্য, ন, বৈশ্যবৃত্তি, পশুপালকের কর্ম।

পাশ্চাত্ত্য, (পশ্চাৎ+ত্য—ভবার্থে) ণ, ত্রি, পশ্চিমদেশীয়, পশ্চিমদিকস্থ। ষ্য, পুং, যবন। [সমূহ।

পাশ্যা, (পাশ+য) ষ্য, স্ত্রী, পাশ-

পাষক, ষ্য, পুং, পাদাভরণবিশেষ, পায়ুলী।

পাষণ্ড, পাষণ্ডক, পাষণ্ডী, (পাপ+ষন্—দানকরা+ড,নিপাতন; ক—যোগ; পাষণ্ড+ইন্—স্বার্থে) ষ্য, পুং, নাস্তিক, বিধর্মী, সদাচারভ্রষ্ট, পামর, ধর্মবহিষ্কৃত।

পাষাণ, (পিষ্ [মসলা) চূর্ণকরা+অ, আন—যোগ) ষ্য, পুং, প্রস্তর, শিলা। ণী—স্ত্রী, ক্ষুদ্র প্রস্তর, বাটখারা।

পাষাণদারক, পাষাণদারণ, (পাষাণ—প্রস্তর+দারক, দারণ—যে বিদারণ করে) ষ্য, পুং, পাষাণভেদক অস্ত্রবিশেষ, টঙ্ক, টাঙি।

পাষাণভেদী, ষ্য, পুং, বৃক্ষবিশেষ, পাথরচূরগাছ। [ভ্রম।

পাসোয়া, (দেশজ) ষ্য, বিস্মৃতি,

পাহাড়, (দেশজ) ষ্য, পর্ব্বত,গিরি।

পিঁজরা, (পিঞ্জর শব্দজ) ষ্য, খাঁচা।

পিঁপীড়া, পিপীড়া, (পিপীলিকা শব্দজ) ষ্য, কীটবিশেষ। [বিশেষ।

পিঁপুল, (পিপ্পলীশব্দজ) ষ্য, ফল-

পিক—পুং, পিকী—স্ত্রী, (পি—অনুকরণ শব্দ+কৈ—শব্দকরা+ড) ষ্য, কোকিল। (দেশজ) পিচকারি, খুথু।

পিকদান, (যবনভাষা) ষ্য, পিকদানপাত্র।

পিকবন্ধু, পিকবসন্ত, পিকরাগ,(পিক—কোকিল+বন্ধু, বসন্ত, রাগ) ষ্য, পুং, আম্রবৃক্ষ, আঁবগাছ।

পিকানন্দ,(পিক=কোকিল+আনন্দ; ৭.হ) ষ্য, পুং, বসন্তকাল।

পিক্ক, (পিক্—অনুকরণ শব্দ+কৈ—শব্দকরা+ড) ষ্য, পুং, করিশাবক, করভ।

পিঙ্গ, (পিন্জ—রংযুক্তহওয়া+ঘঞ্) ষ্য, পুং, পিঙ্গলবর্ণ,নীলপীতমিশ্রিতবর্ণ, মূষিক। ন, গন্ধদ্রব্যবিশেষ, বালক, শাবক, হরিতাল। ঙ্গা—স্ত্রী, গোরোচনা, দুর্গা,হরিদ্রা, হিং, বংশলোচন, নাড়ী। ঙ্গী—স্ত্রী, শমীবৃক্ষ। ণ, ত্রি, কপিলবর্ণবিশিষ্ট।

পিঙ্গকপিশা, (পিঙ্গ—পিঙ্গলবর্ণ+কপিশ—মেটিয়া বর্ণ) ষ্য, স্ত্রী, তৈলপায়িকা, তেলাপোকা, আরসুলা।

পিঙ্গচক্ষুঃ, ষ্য, পুং, কুম্ভীর, নক্র, কুমীর।

পিঙ্গজট, (পিঙ্গ=পিঙ্গলবর্ণ+জটা; ৬.হ) ষ্য, পুং, শিব, মহাদেব।

পিঙ্গল, (পিঙ্গ+ঘঞ, অল; অথবা পিঙ্গ+ল—অস্ত্যার্থে) ষ্য, ন, রীতি, পিত্তল। ষ্য, পুং, নীলপীতমিশ্রিতবর্ণ, পীতের আভাযুক্ত গাঢ় নীল, মুনিবিশেষ, নাগভেদ, বানর, নিধিভেদ, নকুল, বিষবিশেষ, শিব,মহাদেব, সূর্য্যের পারিপার্শ্বিক, অগ্নি, বৎসরবিশেষ, প্রভবাদি ষষ্টিবর্ষান্তর্গত পঞ্চাশত্তমবর্ষ, মঙ্গলগ্রহ, ক্ষুদ্রউলূক, পিঙ্গলাচার্য্যকৃত ছন্দোগ্রন্থবিশেষ। লা—স্ত্রী,বামনাখ্যদিগ্গজের ভার্য্যা, কুমুদহস্তীর করিণী, কর্ণিকা, বেশ্যাবিশেষ,নাড়ীবিশেষ, শিংশপাবৃক্ষ, পক্ষীবিশেষ, রাজনীতি। ণ,

ত্রি, কপিলবর্ণবিশিষ্ট।

পিঙ্গলোহ, ষ্য, ন, পিত্তল, পিতল।

পিঙ্গলিকা, (পিঙ্গল+ক) ষ্য, স্ত্রী, বলাকা, বকশ্রেণী।

পিঙ্গসার, ষ্য, পুং, হরিতাল।

পিঙ্গস্ফটিক, পিঙ্গলস্ফটিক, ষ্য, পুং, গোমেধমণি।

পিঙ্গাক্ষ, পিঙ্গেক্ষণ, (পিঙ্গ=পিঙ্গলবর্ণ+অক্ষি, ঈক্ষণ=চক্ষু ; ৬-ব) ষ্য, পুং, মহাদেব, শিব। ণ, ত্রি, পিঙ্গলবর্ণ চক্ষুবিশিষ্ট।

পিঙ্গাশ, (পিঙ্গ=পিঙ্গলবর্ণ+আশ [অশ্=ভোজনকরা+ঘঞ্]=মাংস) ষ্য, পুং, পল্লীর প্রধান ব্যক্তি, গ্রামের অধ্যক্ষ, মৎস্যবিশেষ, পাঙ্গাশ মাছ। ন, জাতি, বর্ণ।

পিঙ্গাশী, ষ্য, স্ত্রী, নীলিকা।

পিচ, (দেশজ) ষ্য, বৃক্ষবিশেষ, ফলবিশেষ।

পিচণ্ড, পিচিণ্ড, (অপি=নিশ্চয়+চম্=ভক্ষণ করা+ড, অ লোপ) ষ্য, পুং, পশুর অবয়ব, উদর, পেট।

পিচণ্ডিল, পিচিণ্ডিল, (পিচণ্ড,পিচিণ্ড+ইল=অস্ত্যর্থে) ণ, ত্রি, বৃহৎ উদরবিশিষ্ট, ভুঁড়িওয়ালা।

পিচব্য, (পিচু=কার্পাস+য) ষ্য, পুং, কার্পাসবৃক্ষ।

পিচু, (পিচ্+উ—সংজ্ঞার্থে, নিপাতন) ষ্য, পুং, কার্পাস তুলা, কুষ্ঠবিশেষ, অসুরবিশেষ, শস্যবিশেষ, কর্ষপরিমাণ।

পিচুটি, (দেশজ) চক্ষুর মল, দূষিকা।

পিচুমর্দ, পিচুমন্দ, (পিচু=কুষ্ঠবিশেষ+মর্দ=যে মর্দন করে, ২-স) ষ্য, পুং, নিম্ববৃক্ষ, নিমগাছ।

পিচুল, (পিচু+লা=প্রাপ্তহওয়া+ড) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, ঝাবুক, ইজ্জল, জলবায়স, কার্পাস।

পিচ্‌কারী, (হিন্দী) বেগে জল নিঃসারক জীবন যোগ্য ক্ষুদ্র যন্ত্র।

পিচ্চট, (পিচ্চ্=হেঁচকরা+অট) ষ্য, ন, সীসক, সীসা, রঙ্গ, রাং। পুং, নেত্ররোগবিশেষ।

পিচ্ছ, (পিচ্ছ্=পীড়নকরা+অ)ষ্য, ন, ময়ূরপুচ্ছ, চূড়া। পুং, লাঙ্গুল।

পিচ্ছল, ণ, ত্রি, পিচ্ছিল।

পিচ্ছলদলা, (পিচ্ছিল=বৃক্ষ+দল=পত্র ; পিচ্ছিল=পিচ্ছল) ষ্য,স্ত্রী, কুল গাছ।

পিচ্ছবাণ, ষ্য, পুং, শ্যেনপক্ষী।

পিচ্ছা,(পিচ্ছ্=ভাগকরা+অল; আপ স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, ভক্ত সম্ভূত মণ্ড, ভাতের মাড়, সর্পের লাল, পূগবৃক্ষ, পঙ্‌ক্তি, শ্রেণী, ঘোটকের পায়ের ঘা, কোষ, মোচা, শিশুগাছ, চোলিকা।

পিচ্ছিকা, (পিচ্ছ্+ইক) ষ্য, স্ত্রী, পিচ্ছসমূহ, চামর বিশেষ।

পিচ্ছিল, (পিচ্ছা=ফেন+ইল—অস্ত্যর্থে) ণ, ত্রি, হড়্‌হড়ে, পিছল, পিচ্ছযুক্ত,সরস ব্যঞ্জনাদি। লা—স্ত্রী, পূতিকা, শিংশপা বৃক্ষ, শিমুলগাছ।

পিছন, (দেশজ) ষ্য, পশ্চাদ্বর্তী হওন, নিবর্ত্তন।

পিছল, পিছলা, (পিচ্ছিল শব্দজ) ণ, আটাহীন, গড়ানিয়া।

পিঞ্জ, (পিন্‌জ=আঘাতকরা, বধকরা +অল্) ণ, ত্রি, ব্যাকুল, কাতর। ষ্য, ন, বল, শক্তি। ষ্য,পুং, কর্পূরবিশেষ, বধ। ন, বল। পুং, বধ, তুলা।

পিঞ্জট, (পিন্‌জ=মিলিতহওয়া+অট) ষ্য, পুং, নেত্রমল, পিচুটি।

পিঞ্জন, (পিন্‌জ্=স্পর্শকরা+অনট্) ষ্য, ন, তুলাকোঁড়া ধনুক, ধুনথারা।

পিঞ্জর, (পিন্‌জ=বাসকরা, পিঙ্গলবর্ণ হওয়া+অরচ্) ষ্য, ন, হরিতাল, স্বর্ণ, পক্ষ্যাদি বন্ধন গৃহ, খাঁচা,

পিঙ্গরা, শরীরের অস্থিভেদ। পুং, অশ্ববিশেষ, পীতরক্ত বর্ণ। ণ, ত্রি, পীত।

পিঙ্গল, (পিন্জ=বধকরা ইত্যাদি+ অলচ্) ব্য, পুং, অত্যন্ত ব্যাকুল, সৈন্যাদি। ন, বৃশ্চিক, হরিতাল। ণ, ত্রি, পিঙ্গলবর্ণবিশিষ্ট।

পিঞ্জলী, ব্য, স্ত্রী, কুশাস্তর বেষ্টিত প্রাদেশমাত্র সাগ্র কুশপত্রদ্বয়।

পিঞ্জা, (পিন্জ=হিংসাকরা+অল) ব্য, স্ত্রী, হরিদ্রা, তুলা, হিংসা, চণ্ডি।

পিঞ্জান, (পিনজ=দীপ্তি পাওয়া+ আন) ব্য, ন, স্বর্ণ। [নশী।

পিঞ্জান, (দেশজ) বস্তিকা, বাতী,

পিঞ্জিকা, (পিঞ্জা=তুলা+ক—যোগ) ব্য, স্ত্রী, তুলনালিকা পাঁইজ।

পিঞ্জূল, (পিন্জ=বধকরা+উল—সং-জ্ঞার্থে) ব, ন, বর্ত্তিকা, বাতি, শলিতা।

পিঞ্জূর, (পিন্জ=পিঙ্গলবর্ণ হওয়া+ উর) ব্য, পুং, কণমল, বাণের খোল।

পিঞ্জেট, ব্য, পুং, নেত্রমল পিচুটি

পিঞ্জোলা, ব্য, স্ত্রী, পত্রধ্বনি, পাতার শব্দ।

পিট, পিটক, (পিট=মিলিতহওয়া। ক, ক—স্বার্থে) ব্য, পুং, পেটারি, চুপড়ী প্রভৃতি। ন, [illegible] । ত্রি, বিস্ফোট

পিটঙ্কাকী, ব্য, স্ত্রী, ইন্দ্রযাকুলী।

পিটঙ্কাশ, ব্য পুং, পঞ্চতোস্থি [illegible]।

পিটন, (দেশজ) আঘাতকরণ, প্রহার করণ, মারণ, তাড়ন

পিটনা, (দেশজ) ব্য, মশাত, পিটি-বার কাষ্ঠখণ্ড

পিটলী, (দেশজ) বৃক্ষবিশেষ, হলুদ বুক্ত পেষিত তণ্ডুল।

পিটা, (পিষ্টক শব্দজ) পুপ।

পিটাক, (পিট=সংগ্রহকরা+আক) ব্য, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনি।

পিট্টক, (পিট্ট [পিট্=সংগ্রহকরা =ক]+কন্) ব্য, ন, দন্তকিট্টক, দাঁতের ছাতা।

পিঠর, (পিঠ=ক্লেশ+রা=গ্রহণকরা +ড) ব্য, পুং, রী—স্ত্রী, পাত্র, হাঁড়ি, পেটারি। পুং, মন্থনদণ্ড।

পিড়ক, (পিড্=রাশিকরা+ণক) ব্য, পুং, স্ত্রী, ফোড়া, ব্রণ, ফুস্কুড়ি।

পিড়া, পিড়ী, (পিঠ শব্দজ) ব্য, বেদী, কাষ্ঠাসন।

পিণাক ব্য, পুং, শিবের ধনুঃ, ত্রিশূল।

পিণ্ড, (পিণ্ড্=রাশিকরা+অল) ব্য, পুং—ন, শরীর, ভোজনীয় দ্রব্য, মাংস, দেহৈকদেশ, গজকুম্ভ, বল, ঢেলা, অন্নের ডেলা, পিতৃলোকে প্রদেয় বর্ত্তুলাকার খাদ্য সামগ্রীর গ্রাস, গোলাকৃত ক্ষুদ্ররাশি, গোলবস্তু। ন, যজুর্ব্বেদীয়দিগের পিতৃ-দেয় বর্ত্তুলাকার ভক্ষ্যদ্রব্য, খাদ্যসামগ্রী, লৌহ, জীবিকা। ণ, ত্রি, সান্দ্র, সংহত

পিণ্ডক (পিণ্ড+ক—যোগ) ব্য, পুং, গন্ধদ্রব্যবিশেষ, সিহ্ল, পিশাচ। ন, বোল, পিণ্ডমূল। [গাছ।

পিণ্ডখর্জ্জুর, ব, পুং পিণ্ডি খেজুরের

পিণ্ডদ, (পিণ্ড+দ=যে দান করে) ব্য পুং, [illegible], যে পিণ্ডদান করে।

[illegible] ব্য, ন [illegible] নির্ব্বাপণ, [illegible] নিঃক্ষেপ।

[illegible] পিণ্ড+পাদ= [illegible]

[illegible] পিণ্ড+পুষ্প) ব্য, ন, [illegible], জবাফুল, পদ্মপুষ্প, [illegible]।

[illegible] (পিণ্ড [মৃত্তিকা ইত্যাদির [illegible]+ [illegible]=পাওয়া+ড) ব্য, পুং, সেতু, [illegible]।

পিণ্ডন (পিণ্ড=অন্নের ডেলা ইত্যাদি

+পদ্—গমনকরা বা পাওয়া+ড) ব্য, পুং, ভিক্ষোপজীবী, ভিক্ষাশী, ভিখারি।

পিণ্ডাভ্র, (পিণ্ড—গোলাকৃতি বস্তু+অভ্র—মেঘ) ব্য,ন, ঘনোপল, করকা, শিল।

পিণ্ডায়স, (পিণ্ড—সংহত+অয়স্—লোহ) ব্য, ন, তীক্ষ্ণায়স, ইস্পাত।

পিণ্ডার, (পিণ্ড=রাশি+ঋ=গমনকরা +ঘঞ) ব্য, পুং, ক্ষপণক, গোপ, মহিষরক্ষক, ক্রমভেদ। ণ, ত্রি, ভিক্ষাভোজী, যে ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করে।

পিণ্ডি, পিণ্ডিকা, পিণ্ডী, (পিণ্ড্=সংগ্রহ হওয়া+ই) ব্য, স্ত্রী, শকটাদির চক্রের মধ্যদেশ, চক্রের মধ্যভাগ, জানুর অধঃস্থিত মাংসল প্রদেশ, পায়ের ডিম, পায়ের গোছ, খেজুর গাছ, অলাবু, ভক্ষ্যপিণ্ড।

পিণ্ডিত, (পিণ্ড্—রাশি করা+ক্ত—ঢ) ণ, ত্রি, গুণিত, গণিত, ঘন, নিবিড়, সান্দ্র, পিণ্ডাকৃতীভূত, সংহত।

পিণ্ডিল, (পিণ্ড=রাশি ইত্যাদি+ইলচ) ব্য,পুং,সেতু, সাঁকো, গণক।

পিণ্ডী,ণ, ত্রি, শরীরী। ব্য,স্ত্রী, পিণ্ডী, তগর, অলাবু, খর্জ্জুর বি°, স্থান নিরূপণার্থ উপস্থান,পিণ্ডিকা,পিণ্ড।

পিণ্ডীর, (পিণ্ড=গোলাকৃতি বস্তু+ঈর [গমনকরা]=সমতুল্য হওয়া+অল ; নিপাতন) ব্য, পুং, দাড়িম্ব বৃক্ষ। ণ, ত্রি, নীরস।

পিণ্ডীশূর, (পিণ্ডী=গৃহ+শূর=বীর) ব্য, পুং, স্ত্রীবৎ ভীত অথচ আত্মশ্লাঘাকারী, কাপুরুষ। (পিণ্ডী=ভোজন+শূর=বীর, ৭-স) কেবল ভোজনে পটু, পেটুক, আলস্যযুক্ত, স্বগৃহে থাকিয়া পরের দ্বেষকারক, পেটসুর।

পিণ্যাক, (পিষ্—চূর্ণকরা পেষণকরা+আক ; নিপাতন)ব্য,পুং,ন, তিলকল্ক, তিলের খলি, হিঙ্গু, হিং, বাহ্লীক, সিহ্লক, কুঙ্কুম। [ধাতুবিশেষ।

পিত্তল, (পিতল শব্দজ) ব্য, মিশ্রিত

পিতা, (পা [অপত্যকে]=পালন করা +তৃন্—ঘ) ব্য, পুং, জনক, বাপ। দ্বিং,মাতা পিতা উভয়। বহুং, চন্দ্রলোকবাসী পিতৃলোক, অগ্নিষাত্ত, বর্হিষদ, সুভাস্বর, আজ্যপ, উপহূত, ক্রব্যাদ, সুকালিন্—এই সপ্ত পিতৃলোক।

পিতামহ,(পিতৃ+ডামহ—পিতার পিতা অর্থে) ব্য, পুং, পিতার পিতা, ব্রহ্মা,রাজা। হী—স্ত্রী, পিতার মাতা

পিতৃক, (পিতৃ+ক) ণ, ত্রি, পিতৃসম্বন্ধীয়, পিতা হইতে আগত বা প্রাপ্ত।

পিতৃকর্ম্ম, (পিতৃ+কর্ম্মন্) ব্য, ন, পিতার ঔর্দ্ধদেহিকাদি ক্রিয়া, পিতৃশ্রাদ্ধাদি।

পিতৃকানন, (পিতৃ—পূর্ব্বপুরুষ+কানন =বন, ৬-ষ) ব্য, ন, শ্মশান।

পিতৃকার্য্য, পিতৃকৃত্য, পিতৃক্রিয়া, (পিতৃ—পূর্ব্ব পুরুষ+কার্য্য, কৃত্য, ক্রিয়া ; ৬-ষ) ব্য, ন-স্ত্রী, শ্রাদ্ধ তর্পণাদি।

পিতৃগৃহ, (পিতৃ—মৃতপূর্ব্বপুরুষ বা পিতা+গৃহ=ঘর) ব্য, ন, শ্মশান, পিত্রালয়।

পিতৃতর্পণ, (পিতৃ—পূর্ব্বপুরুষাদি+তর্পণ—[তৃপ+অনট], ৬-ষ) ব্য, ন, পিতৃতীর্থ, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যস্থান, নিবাপ, পিতৃলোকের উদ্দেশে জল দান, তিল, পিতৃদিগের তৃপ্তি মাত্র। [৬-ষ) ব্য, স্ত্রী, অমাবস্যা।

পিতৃতিথি, (পিতৃ—পূর্ব্বপুরুষ+তিথি,

পিতৃতীর্থ, (পিতৃ—পূর্ব্বপুরুষ+তীর্থ—ক্ষেত্র, ৬-ষ) ব্য, ন, গয়াধাম, হস্তের

অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান।
পিতৃদান, (পিতৃ=পূর্ব্বপুরুষ+দান) ব্য, ন, নিবাপ, শ্রাদ্ধ তর্পণাদি।
পিতৃদৈবত, (পিতৃ+দৈবত) ব্য, ন, মঘা নক্ষত্র।
পিতৃপক্ষ, ব্য, পুং, ভাদ্রমাসীয় কৃষ্ণপক্ষ, অপর পক্ষ, পিতৃনির্দ্দিষ্ট জাতি।
পিতৃপতি, (পিতৃ=পূর্ব্বপুরুষ+পতি, ৬-ষ) ব্য, পুং, যম। [যমাদি।
পিতৃপুরুষ, ব্য, পুং, পূর্ব্বপুরুষ, পিতা-
পিতৃপ্রসূ, (পিতৃ=পিতা বা পূর্ব্বপুরুষ+প্রসূ—মাতা, ৬-ষ) ব্য, স্ত্রী, পিতামহী। পুং, সন্ধ্যাকাল, সায়ংকাল।
পিতৃবন্ধু, (পিতৃ+বন্ধু=জ্ঞাতি, ৬—ষ) ব্য, পুং, পিতার যে কোন ভ্রাতা, পিতার পিতৃষস্রীয় মাতৃষস্রীয়ও মাতুলপুত্র।
পিতৃযজ্ঞ, (পিতৃ=পিতৃলোক+যজ্ঞ, ৬-ষ) ব্য, পুং, তর্পণ শ্রাদ্ধ।
পিতৃলোক, (পিতৃ+লোক=জগৎ) ব্য, পুং, চন্দ্রলোকস্থিত স্থানবিশেষ। বহুং, অগ্নিষাত্তাদি পিতৃগণ।
পিতৃবন, পিতৃবসতি, (পিতৃ=মৃত পূর্ব্বপুরুষ+বন=অরণ্য, পিতৃ+বসতি =বাস স্থান) ব্য, ন—স্ত্রী, শ্মশান।
পিতৃব্য, (পিতৃ+ব্য—তদ্‌ভ্রাতার্থে) ব্য, পুং, পিতার ভ্রাতা, খুড়া, জেঠা প্রভৃতি।
পিতৃষসা, (পিতৃ=পিতা+স্বসৃ=ভগিনী, স=ষ) ব্য, স্ত্রী, পিতার ভগিনী, পিসী।
পিতৃষস্রেয়, পিতৃষস্রীয়, (পিতৃষসৃ=পিতার ভগিনী+ঢেয়, ঈয়—অপত্যার্থে) ব্য,পুং, পিসীর পুত্র, পিস্তুত ভাই।
পিতৃসূ, (পিতৃ=ভূত+সূ=উৎপন্ন)ব্য, স্ত্রী, সন্ধ্যাকাল, পিতামহী।
পিতৃহ, ব্য, পুং, দক্ষিণ কর্ণ।
পিত্ত,(অপি—নিশ্চয়রূপে+দো—ছেদন করা, কিংবা দে=পালন করা+ক্ত) ব্য, ন, শরীরস্থ ধাতুবিশেষ।
পিত্তঘ্ন,(পিত্ত+হ্ন—যে নষ্ট করে, ২য়) ব্য, ন, ঘৃত, ঘী। ণ, ত্রি, পিত্তনাশক। ঘ্নী—ব্য, স্ত্রী, গুড়ূচী।
পিত্তল, (পিত্ত+লা [বর্গ]—গ্রহণকরা+ড। ব্য, ন, তাম্রদস্তবিশ্রধাতুবিশেষ, ভূর্জ্জপত্র। ণ, ত্রি, পিত্তযুক্ত, পৈত্তিক।
পিত্র্য, (পিতৃ+য—ইদমর্থে) ণ, ত্রি, পিতৃসম্বন্ধীয়, পিতা হইতে লব্ধ। ব্য, ন, পিতৃতীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ, মধু। পুং, পিতার জ্যেষ্ঠভ্রাতা, জেঠা, মাষ। [শ্রাদ্ধবিশেষ।
পিত্র্যা, ব্য, স্ত্রী, মঘানক্ষত্র, পূর্ণিমা,
পিৎসন্, (পিৎস [পৎ=পতিত হওয়া +সন্—ইচ্ছার্থে]=পড়িতে ইচ্ছা করা+শতৃ—ঘ) ব্য, পুং, পক্ষী। ণ, ত্রি, পতনেচ্ছুক।
পিৎসল,(পৎ=গমন করা+সল—সংজ্ঞার্থে) ব্য, ন, বর্ত্ম, পন্থা, পথ।
পিধান, (অপি=নিশ্চয়রূপে+ধা [প্রজ্ঞাতা]—ধারণ করা+অনট—ভাব,অ—লোপ) ব্য, ন, আচ্ছাদন, আবরণ।
পিনদ্ধ, (অপি+নহ্=বন্ধনকরা+ক্ত—ত) ণ, ত্রি, পরিহিত, বদ্ধ, আবৃত।
পিনাক, (পা [জগৎ]=রক্ষা করা+আক ; আ=ই ; ন—আগম) ব্য, পুং, ন, মহাদেবের ধনু, ত্রিশূল, ধূলিবৃষ্টি। [ব্য, পুং, মহাদেব
পিনাকধৃক্, (পিনাক+ধৃষ্+কিপ্)
পিনাকী, (পিনাক+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, শিব।
পিন্ধন, ব্য, ন, পরিধান, পরা।
পিন্যাস, (অপি+ন্যস [নি+অস=নিক্ষেপকরা]=রন্ধনোপযোগী দ্রব্যের মধ্যে পরিগণিত হওয়া+ঘঞ) ব্য, ন, হিঙ্গু, হিং।

পিপতিষৎ, পিপতিষু, (পিপতিষ [পৎ—পতিত হওয়া+সন্—ইচ্ছার্থে] —পড়িতে ইচ্ছাকরা+অ,উ—ষ)ণ. ত্রি, পতনেচ্ছুক। ব্য, পুং, পক্ষী।

পিপক্ষা, (পচ+সন্+আ) ব্য, স্ত্রী, পাক করণেচ্ছা।

পিপা, (যাবনিক) কাষ্ঠ নির্ম্মিত গোলাকার বৃহৎ পাত্রবিশেষ।

পিপাসা, (পা—পানকরা+সন্—ইচ্ছার্থে, বিষ, আ—ভাব) ব্য, স্ত্রী, পানেচ্ছা, তৃষ্ণা।

পিপাসিত, পিপাসু,(পিপাসা+ইত—জাতার্থে; পিপাস [পা=পানকরা+সন্—ইচ্ছার্থে]=পান করিতে ইচ্ছাকরা+উ—ষ) ণ, ত্রি, পানেচ্ছু, তৃষ্ণার্ত্ত।

পিপীতক, ব্য, পুং, ব্রাহ্মণবিশেষ। ম, কী—স্ত্রী, ব্রতবিশেষ, বৈশাখশুক্লদ্বাদশীতে কর্ত্তব্য ব্রত।

পিপীলক,(পীল্=স্তব্ধ হওয়া+ণক—বিষ) ব্য, পুং, লী, লিকা—স্ত্রী, পিপীড়া। [উবণা।

পিঁপুল, (পিপ্পলীশব্দজ) ব্য, পিপ্পলী,

পিপ্পটা, ব্য, স্ত্রী, খাদ্যদ্রব্যবিশেষ, গুড়, শর্করা।

পিপ্পল,(পা—রক্ষাকরা+অলচ; নিপাতন) ব্য, পুং, অশ্বত্থবৃক্ষ, বন্ধনশূন্য পক্ষী, নিরংশুক। ন, জল, বস্ত্রখণ্ডবিশেষ।

পিপ্পলক, (পিপ্পল+ক—যোগ) ব্য, স্ত্রী, স্তনের বোঁটা, সীবনসূত্র।

পিপ্পলি,পিপ্পলী,(পিপ্পল+ঈপ্; বিকল্পে হ্রস্ব) ব্য, স্ত্রী, পিঁপুল গাছ।

পিপ্রিকা, (প্যায়্—বৃদ্ধি পাওয়া+ইক; নিপাতন) ব্য, স্ত্রী, দন্তমল, দাঁতের ছাতা।

পিপ্লু, (অপি—নিশ্চয়রূপে+প্লু=বদ্ধকরা+ভু) ব্য, পুং, জড়ুলচিহ্ন, জড়ুর।

পিয়াজ, (যবনভাষা) ব্য, পলাণ্ডু, পাঁয়াজ। [পলাণ্ডু

পিয়াদা, (যাবনিক) রাজানুচর, দূত,

পিয়াল, প্রিয়াল, (প্রীর [প্রীণ ধাতু]=তৃপ্তকরা+আল) ব্য, পুং, রাজাদনবৃক্ষ।

পিল্ল, (ক্লিন্ন—আর্দ্র; ক্লিন্ন—পিল্ল) ণ, ত্রি, যাহার নেত্রে পিঁচুটি পড়িয়াছে, ক্লিন্নচক্ষুঃ।

পিল্লকা, (পিল্ল—ক্লিন্নচক্ষুঃ+কৈ+ড, আপ্) ব্য,স্ত্রী, হস্তিনী, ইহাদের নেত্র সর্ব্বদাই আর্দ্র থাকে, এই জন্য ইহাদিগকে পিল্লকা বলা যায়।

পিশঙ্গ, (পিশ্=অবয়বীভূত হওয়া+অঙ্গচ) ব্য, পুং, ঙ্গা, ঙ্গী—স্ত্রী, পিঙ্গল বর্ণ। ণ, ত্রি, পিঙ্গলবর্ণবিশিষ্ট।

পিশঙ্গিত, (পিশঙ্গ+ইত—জাতার্থে) ণ, ত্রি, পিঙ্গলবর্ণ যুক্ত।

পিশাচ, (পিশি—পিশিত মাংস+অশ্—ভোজনকরা+অণ; নিপাতন) ব্য, পুং, চী—স্ত্রী, দেবযোনিবিশেষ, ভূত।

পিশাচকী, (পিশাচ—দেবযোনিবিশেষ+ইন্, ক—আগম) ব্য, পুং, কুবের, কুবেরের ভাণ্ডার পিশাচ কর্ত্তৃক রক্ষিত বলিয়া ইহার নাম পিশাচকী হইয়াছে।

পিশিত, (পিশ্—অবয়বীভূত হওয়া+ক্ত) ব্য, ন, মাংস।

পিশিতা, ব্য, স্ত্রী, জটামাংসী।

পিশিতাশন, পিশিতাশী, (পিশিত+অশন—যে ভোজনকরে,২-ষ;পিশিত+আশিন—যে ভোজন করে, ২য়) ণ, ত্রি, মাংসভোজী, রাক্ষসাদি।

পিশু, (দেশজ) ক্ষুদ্রকীট, ছারপোকা।

পিশুন, (পিশ্—খণ্ড হওয়া+উনন্) ণ, ত্রি, খল, ক্রূর, জ্ঞাপক, সূচক, গুপ্তচর। ব্য, পুং, কাক, নারদ। ন, কুঙ্কুম।

পিষ্ট, (পিষ—চূর্ণকরা+ক্ত—ক) ণ, ত্রি, মর্দ্দিত, চূর্ণিত। ব্য, ন, পিটা, সীসক।

পিষ্টক, (পিষ্ট—চূর্ণিত তণ্ডুলাদি+ক) ব্য, পুং, পুপ, পিটা, রুটি প্রভৃতি, চক্ষুরোগভেদ। ম, তিলচূর্ণ।

পিষ্টপ, বিষ্টপ, (বিশ=প্রবেশ করা+কপ; ট—আগম) ব্য, পুং,ন, ভুবন, জগৎ।

পিষ্টপচন, (পিষ্ট—পিটা ইত্যাদি+পচন—রন্ধন) ব্য, ন, পিটাভাজা খোলা, রুটিসেকা তাওয়া।

পিষ্টপূর, ব্য, পুং, বটক, বড়া, পিষ্টকবিং। [সুগন্ধ) ব্য,ন, চন্দন।

পিষ্টসৌরভ, (পিষ্ট—চূর্ণিত+সৌরভ—

পিষ্টাত, পিষ্টাতক, (পিষ্ট [গন্ধদ্রব্যাদি]—চূর্ণিত+অৎ—গমনকরা+অল্) ব্য, পুং, গন্ধচূর্ণ, আবির, পিটালি। [ভগিনী।

পিসী, (পিতৃস্বসৃ শব্দজ) পিতার

পিহিত, (অপি+ধা+ক্ত—ক) ণ, ত্রি, অবরুদ্ধ,আচ্ছাদিত,তিরোহিত।

পীঠ, (পিঠ্—ক্লিষ্ট হওয়া+অচ; নিপাতন) ব্য, ত্রি, বসিবার আসন, পিঁড়ী চৌকি প্রভৃতি. ব্রতীদিগের আসন, বিষ্টর, কুশাসন, একপঞ্চাশ মহাপীঠ, যে যে স্থানে সতীর শরীরাবয়ব পতিত হইয়াছিল।

পীঠমর্দ্দ, (পীঠ—আসন+মৃদ—মর্দ্দন করা+অল্) ব্য, পুং, নায়কের সহচরবিশেষ, যে কুপিতা নায়িকাদিগকে প্রসন্ন করে।

পীঠসর্পী, (পীঠ—আসন+সর্পিন্—যে গমন করে) ণ, ত্রি, খঞ্জ, খোঁড়া।

পীড়ন, (পীড়্—ক্লেশদেওয়া+অনট—ভাবে) ব্য, ন, ক্লেশদান, উচ্ছেদ, নিপাত, মর্দ্দন, নিপীড়ন, অভিভব, পরাজয়।

পীড়া, (পীড়্+আ—ভাবে) ব্য, স্ত্রী, যন্ত্রণা, ব্যথা, ক্লেশ, রোগ, উচ্ছেদ, দয়া, যে বস্তুক পীড়ন করে, কিরীট।

পীড়ি, (পীঠ শব্দজ) ব্য, কাষ্ঠাসন, বেদী।

পীড়িত, (পীড়া+ইত—সংজাতার্থে) ণ, ত্রি, ব্যথিত, ক্লিষ্ট,দুঃখিত, পীড়াবিশিষ্ট, রুগ্ন, মর্দ্দিত, উচ্ছিন্ন।

পীড্যমান, (পীড়্+শান—চ) ণ, ত্রি, যাহাকে ক্লেশ দেওয়া যাইতেছে।

পীত, (পা=পানকরা+ক্ত) ব্য, পুং, হরিদ্রাবর্ণ, কুসুম্ভ,অঙ্কোঠ, শাখোট, পুষ্পরাগ। ণ, ত্রি, পীতবর্ণ, গৌরবর্ণ, যাহা পান করা হইয়াছে। ম, পান, হরিতাল।

পীতক, (পীত+ক) ব্য, ন, হরিতাল, অগুরু, কুঙ্কুম, পদ্মকাষ্ঠ, পিত্তল, মাক্ষিক, নন্দীবৃক্ষ, পীতশাল,হরিদ্রু, কিঙ্কিরাতবৃক্ষ।

পীতকাবের, (পীত=হরিদ্রাবর্ণ+কাবের—সামান্য আকৃতি বা বস্তু) ব্য, ন, কুঙ্কুম, পিত্তল।

পীতচম্পক, (পীত—হরিদ্রা রং+চম্প—চাঁপাফুল+ক—সাদৃশ্যার্থে)ব্য, পুং, প্রদীপ, দীপ, পীতবর্ণ, চম্পকপুষ্প ও বৃক্ষ।

পীতদারু, (পীত—হরিদ্রাবর্ণ+দারু—কাষ্ঠ) ব্য,ন,দেবদারু, সরল, হরিদ্রু।

পীতদুগ্ধা, (পীত+দুগ্ধ; ৬.হ) ব্য, স্ত্রী, দেহস্তা, দোহনার্থ বদ্ধ গাভী।

পীতনিদ্র, (পীত+নিদ্রা; ৬.হ) ণ,ত্রি, উন্নিদ্র, জাগরিত, প্রবুদ্ধ।

পীতন, (পীত—হরিদ্রা রং+নী=পাওয়া+ড) ব্য, ন, কুঙ্কুম, হরিতাল। পুং, আমড়াগাছ, প্লক্ষ।

পীতপর্ণী, ব্য, স্ত্রী, বৃশ্চিকালী, বিছুটী।

পীতপাদা, (পীত—হরিদ্রা রং+পাদ—চরণ) ব্য, স্ত্রী, শারিকা পক্ষী।

পীতপুষ্প, (পীত—হরিদ্রাবর্ণ+পুষ্প=

ফুল) ব্য, পুং, চম্পকবৃক্ষ, কর্ণিকার-
বৃক্ষ।

পীতবালুকা, (পীত=হরিদ্রাবর্ণ+বালুকা
=বালি, ধূলি) ব্য, স্ত্রী, হরিদ্রা।

পীতমুদগ, (পীত+মুদগ=মুগ) ব্য, পুং,
মুদগবিশেষ, সোণামুগ।

পীতমূলক, (পীত+মূলক=মূলা) ব্য,
ন, মূলবিশেষ, গর্জ্জর, গাজোর।

পীতরাগ, (পীত+রাগ=রং) ব্য, পুং,
পীতবর্ণ, কিঞ্জল্ক। [পীতবর্ণবিশিষ্ট।

পীতল, (পীত+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি,

পীতলক, (পীতল=হরিদ্রাবর্ণ বিশিষ্ট+
ক—যোগ) ব্য, ন, পিত্তল, পিতল।

পীতসার, (পীত=হরিদ্রারং+সার=
স্থিরাংশ; ৬.ত) ব্য, ন, চন্দন, হরি-
চন্দন, গোমেদকমণি। পুং, চন্দন
বৃক্ষ, গোমেদকমণি, অঙ্কোটবৃক্ষ,
তুরুষ্ক, বীজক।

পীতা, (পীত+আপ—স্ত্রীলিঙ্গে) ব্য,
স্ত্রী, হরিদ্রা, গোরোচনা।

পীতাব্ধি, (পীত+অব্ধি=সমুদ্র, ৬.হ)
ব্য, পুং, অগস্ত্যমুনি, প্রসিদ্ধ আ-
ছে যে অগস্ত্যমুনি সমুদ্রের সমস্ত
জল পান করিয়াছিলেন।

পীতাম্বর, পীতাবাস, (পীত+অম্বর,
বাসস্=বস্ত্র; ৬.হ) ব্য, পুং, বিষ্ণু কৃষ্ণ।

পীতি, (পা=পানকরা+ক্তি) ব্য, স্ত্রী,
গতি, পান। পুং, ঘোটক, ঘোড়া।

পীতী, (পীত=সুধাদিপান+ইন্—
অস্ত্যর্থে) ব্য, পুং, অশ্ব, ঘোটক।

পীতু, ব্য, পুং, সূর্য্য, দিবাকর, অগ্নি,
যূথপতি।

পীথ, (পা=পান করা+থ—সংজ্ঞার্থে;
আধারে) ব্য, পুং, অগ্নি, সূর্য্য, কা-
ল। ন, ঘৃত, জল।

পীথি, ব্য, পুং, ঘোটক, বাজী, অশ্ব।

পীন, (প্যায়=বৃদ্ধি পাওয়া+ক—ম)
ণ, ত্রি, স্থূল, মোটা, প্রবৃদ্ধ, সম্পন্ন।

পীনস, (পীন=মোটা+সো=নাশ
করা+ড) ব্য, পুং, নাসিকারোগবি-
শেষ, পীনসরোগ।

পীনসী, (পীনস+ইন্—অস্ত্যর্থে) ণ,
ত্রি, যাহার পিনাস রোগ হইয়াছে।

পীনোধ্নী, (পীন=স্থূল+ঊধস্=গো-
স্তন; ৬.হ) ব্য, স্ত্রী, স্থূল পালানযুক্ত
ধেনু।

পীযূষ, (পীয় [সৌত্রধাতু]=তৃপ্তকরা+
ঊষ) ব্য, ন, অমৃত, সুধা। পুং, ক্ষ,
নূতন গোদুগ্ধ।

পীযূষমহস, পীযূষরুচি, (পীযূষ=অমৃত
+মহস্, রুচি=দীপ্তি; ৬.হ) ব্য, পুং, চন্দ্র।

পীলক, (পীল=রোধকরা+ণক) ব্য,
পুং, পিপীলিকা, পিপীড়া। [মেষ।

পীলা, (প্লীহা শব্দজ) ব্য, রোগবি-

পীলু, ব্য, পুং, পরমাণু, পুষ্প, বাণ,
হস্তী, কীট, বৃক্ষবিশেষ, তালকাণ্ড,
অস্থিখণ্ড।

পীবা, (প্যায়=বৃদ্ধি পাওয়া+বন্)
ব্য, পুং, বায়ু। ণ, ত্রি, পীন, বলিষ্ঠ,
বলবান্, স্থূল। স্ত্রী, জল।

পীবর, (প্যায়=বৃদ্ধি পাওয়া+বর)
ণ, ত্রি, স্থূল, বলিষ্ঠ।

পীবরস্তনী, (পীবর=স্থূল+স্তন) ব্য,
স্ত্রী, স্থূলস্তনযুক্তা নারী, পীনোধ্নী।

পুংপ্রভব, (Male progenitor) পিতৃ-
ক ও মাতৃক উৎপাদয়িতা; যথা—
পিতামহ প্রপিতামহ প্রভৃতি, মাতা-
মহ প্রমাতামহ প্রভৃতি।

পুংলিঙ্গ, (পুমস্+লিঙ্গ=চিহ্ন, অথবা
লিঙ্গ=[লিঙ্গ=ব্যক্তকরা+অল্]
যে ব্যক্ত করে, ২-ষ) ব্য, পুং, পুরুষ-
বাচক শব্দ। ন, পুংচিহ্ন।

পুংবৃষ, (পুমস্=পুরুষ+বৃষ=ষাঁড়) ব্য,
পুং, গন্ধমূষিক, ছুঁচা, ষাঁড়।

পুংশ্চলী, (পুমস্=পুরুষ+চল্=গমন
করা+অল, ঈপ্) ব্য, স্ত্রী, অসতী,
ভ্রষ্টা স্ত্রী, ব্যভিচারিণী, বেশ্যা,
কুলটা, নিশাচরী।

পুংশ্চিহ্ন, (পুম্‌স্‌—পুরুষ+চিহ্ন) ব্য,ন, শিশ্ন, পুরুষোপস্থ, লিঙ্গ।
পুংসন্ততি, পুংসন্তান, (পুম্‌স্‌+সন্ততি, সন্তান) ব্য, স্ত্রী, ন, পুত্র সন্তান, পুত্র পৌত্রাদিবংশ।
পুংসবন, (পুম্‌স্‌—পুরুষ+সূ—প্রসবকরা+অনট) ব্য, ন, গর্ভিণীর দ্বিতীয় বা তৃতীয় মাসে কর্ত্তব্য সংস্কার বিশেষ, দুগ্ধ, স্ত্রীকর্ত্তব্য ব্রতবিশেষ।
পুংস্কোকিল, (পুম্‌স্‌+কোকিল) ব্য, পুং, পুরুষ পিকপক্ষী।
পুংস্ত্ব, (পুম্‌স্‌+ত্ব—ভাবে) ব্য, ন, শুক্র, পুরুষত্ব, পুরুষের অসাধারণ চিহ্ন, মনুষ্যত্ব, পুংলিঙ্গতা।
পুঁজ, (পূয় শব্দজ) ব্য, স্ফোটকাদি নিঃসৃত ক্লেদ, বিকৃতরক্ত, রসাদি।
পুঁজী, (দেশজ) মূলধন,সংস্থান, সঞ্চয়, ঐশ্বর্য্য। [দ্বারা বদ্ধ দ্রব্যসমূহ।
পুঁটলী, (দেশজ) ব্য, গাঁঠরী, বস্ত্র-
পুঁটিয়া, (দেশজ) পুন্টী, অধম, ক্ষুদ্র।
পুঁটী, (দেশজ) মৎস্যবিশেষ। [জলাশয়।
পুকুর, (পুষ্করিণী শব্দজ) ব্য, সরোবর,
পুক্কশ, পুক্কস, (পুক—কুৎসিত+কশ+অল; অথবা পু=পুণ্য+কু—[কুৎসিত] পুণ্য+কস—গমনকরা; নিপাতন) ব্য, পুং, চণ্ডাল, চাঁড়াল। ণ, ত্রি, অধম, নীচ, তুচ্ছ।
পুক্কসী,(পুক্কস+ঈপ) ব্য,স্ত্রী, কলিকা, নীলী, পুক্কস-স্ত্রী, চাণ্ডালী।
পুঙ্খ, (পুম্‌স্‌+খন্‌=খোঁড়া+ড) ব্য, পুং, বাণের গুণযোজন স্থান, কাণ্ড, মূল। [সবিশেষ বিচার।
পুঙ্খানুপুঙ্খ, পুঙ্খানুপুঙ্খ বিবেচনা,
পুঞ্জ, (পুম্‌স্‌+গম্‌—গমনকরা+ড) ব্য, পুং, ন, রাশি, সমূহ, স্তূপ।
পুদ্গল, (পুম্‌স্‌+গল=গলা+অল) ব্য, পুং, আত্মা, জীব।
পুঙ্গব, (পুম্‌স্‌+গো, কর্ম্মধা) ব্য, পুং, বৃষ, মহোক্ষ, ষাঁড়, কোন শব্দের পরে থাকিলে শ্রেষ্ঠবাচক যথা—মুনিপুঙ্গব; ঔষধভেদ।
পৃচ্ছন, (প্রচ্ছধাতুজ) ব্য, প্রশ্নকরণ, জিজ্ঞাসন।
পুচ্ছ, (পিচ্ছ—পীড়নকরা+অল্‌) ব্য, পুং, ন, লাঙ্গুল, বালধি, লেজ, পশ্চাদ্ভাগ, বর্হ, কলাপ।
পুচ্ছটি, (পুচ্ছ+অটি) ব্য, স্ত্রী, অঙ্গুলিমোটন, আঙুল মটকান।
পুচ্ছাঙ্কুর, টাইটন জীব, ইহারা দেখিতে ক্ষুদ্রপুচ্ছযুক্ত টিকটিকীর ন্যায়। (Veodela)
পুচ্ছাঙ্কুরিত, (পুচ্ছ+অঙ্কুরিত) ণ,ত্রি, যে সকল প্রাণীর অতিশয় ক্ষুদ্র লাঙ্গুল থাকে।
পুচ্ছী, (পুচ্ছ+ইন্‌—অস্ত্যর্থে) ব্য, পুং, অর্কবৃক্ষ, কুক্কুট। ণ, ত্রি, লাঙ্গুলযুক্ত। [পুং, রাশি, স্তূপ, সমূহ।
পুঞ্জ, (পুম্‌স্‌+জন্‌—জন্মান+ড) ব্য,
পুঞ্জপুঞ্জ, ব্য, পুং, ভূরিং, রাশিং।
পুঞ্জিত,(পুঞ্জ—রাশি, স্তূপ+স্থা—থাকা+ত) ণ, ত্রি, রাশীকৃত।
পুট, (পুট=সংলগ্ন হওয়া+অল) ব্য, ত্রি, আবরণ, খাপ, পত্র বস্ত্র ওষ্ঠ বা চক্ষুর পাতা দ্বারা কৃত পাত্র, অঞ্জলি, কৌটা, খোবরান পাত্র, ঔষধপাকপাত্র, মুচি, ঠোঙ্গা, মিথঃসংশ্লেষ, পত্রাদি রচিত পুষ্পাধার, যুগ্ম। পুং, ন, অশ্বের খুর।
পুটক, (পুট+ণক) ব্য,ন, পদ্ম, পত্রাদি নির্ম্মিত পাত্র, পানপাত্র, আচ্ছাদন।
পুটকিনী, (পুটক+ইন্‌—অস্ত্যর্থে)ব্য, স্ত্রী, পদ্মিনী, পদ্মসমূহ, পদ্মযুক্তদেশ, পদ্মলতা।
পুটগ্রীব, (পুট—পরস্পর সংযোজন+গ্রীবা; ৬.ষ) ব্য, পুং, তাম্রকুম্ভ, গর্গরী, গাড়ু।
পুটপাক, (পুট+পাক—রন্ধন) ব্য, পুং, গোময়াদির তুলীতে ঔষধাদি-

পার, পাঠাগার প্রবন্ধ।
পুটভেদ, (পুট+ভিদ্+অল্) ব্য, পুং, নদীর বক্র গতি, নগর, বীণা, আতোয়া। [পত্তন, নগর, পুর।
পুটভেদন, (পুট+ভিদ্+অনট্) ব্য, ন,
পুটিকা, ব্য, স্ত্রী, এলাচ।
পুটিত, (পুট+ইত—সংজ্ঞার্থে) ব্য, ন, যুক্তকরযুগল, অঞ্জলি, হস্তপুট, হাতের খোড়ল, আদ্যন্ত প্রণবাদিযুক্ত মন্ত্রাদি। ণ, ত্রি, গ্রথিত, পাটিত, আবৃত, স্যূত, পুটপ্রাপ্ত।
পুটী, (পুট+ঈপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, কৌপীন, আচ্ছাদন, পত্রাদিরচিত পুষ্পাদ্যাধার।
পুটোটজ, (পুট—আবরণ+উটজ—পর্ণশালা) ব্য, ন, শ্বেতচ্ছত্র।
পুটোদক, (পুট—আবরণ+উদক—জল) ব্য, পুং, নারিকেল বৃক্ষ।
পুড়ন, (দেশজ) ব্য, দহন, জ্বলন, দগ্ধ হওয়া। [পুং, তিলক, ফোঁটা, টিপ্।
পুণ্ড, (পুণ্ড—পীড়ন করা+অল) ব্য,
পুণ্ডরীক, (পুণ্ড—পীড়নকরা, শোভিতকরা+ইক; নিপাতন) ব্য, ন, শুক্লপদ্ম, পদ্মমাত্র, শ্বেতচ্ছত্র, ভেষজভেদ। পুং, অগ্নিকোণস্থ দিগ্গজ, নৃপবিশেষ, রাজিল সর্প, ব্যাঘ্রবিশেষ, কোষকারভেদ, সহকার, হস্তিজ্বর, দমনকবৃক্ষ, শ্বেতবর্ণ, কুষ্ঠরোগ, কমণ্ডলু।
পুণ্ডরীকাক্ষ, (পুণ্ডরীক—শ্বেতপদ্ম+অক্ষি—চক্ষুঃ ৬.হ) ব্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু, হরি, পদ্মপলাশলোচন; পুণ্ডরীক শব্দের অর্থ উৎকৃষ্ট স্থান ও অক্ষ শব্দের অর্থ অক্ষয়, বাসুদেব সর্ব্বোৎকৃষ্ট স্থানে বাস করেন ও তাঁহার বিনাশ নাই বলিয়া তাঁহার নাম পুণ্ডরীকাক্ষ হইয়াছে।
পুণ্ডরীয়ক, ব্য, স্থলপদ্ম, প্রপৌণ্ডরীক।
পুণ্ডর্য্য, (পুণ্ড—বৃষ্ট করা, ক্ষয় করা+ অর্থ—যে রোগ নষ্ট করে) ব্য, পুং, নেত্ররোগনিবারিকা ঔষধবিশেষ।
পুণ্ড্র, পুণ্ড্রক, (পুণ্ড—পীড়নকরা+র, ক—যোগ) ব্য, পুং, ইক্ষুভেদ, কাজলে আক, দৈত্যবিশেষ, অতিমুক্তক, তিলক, ফোঁটা, কৃমি, মাধবী লতা, তিলকবৃক্ষ, দেশবিশেষ, গৌড় প্রভৃতি পূর্ব্বদেশ, শ্বেতপদ্ম।
পুণ্ড্রকেলি, (পুণ্ড্র—ইক্ষু+কেলি—খেলা) ব্য, পুং, হস্তী, গজ।
পুণ্য, (পুণ্—ধার্ম্মিক হওয়া, সৎকর্ম্ম করা+য—ভাব.চ; অথবা পূ—শুদ্ধকরা+ড্যণ, যে পবিত্র করে; পুণ্য+অ—অস্ত্যর্থে) ব্য, ন, শুভাদৃষ্ট, ধর্ম্ম, সুকৃত, সৎকর্ম্ম। ণ, ত্রি, পবিত্র, নিষ্পাপ, পুণ্যবান্, সুন্দর, মনোজ্ঞ, সুগন্ধি। ণ্যা—স্ত্রী, তুলসী।
পুণ্যক, (পুণ্য+ক) ব্য, ন, ব্রতবিশেষ।
পুণ্যকৃৎ, (পুণ্য+কৃ—করা+ক্বিপ—ষ) ণ, ত্রি, পুণ্যকর্ম্মকারী, ধার্ম্মিক।
পুণ্যগন্ধ, (পুণ্য—পবিত্র+গন্ধ) ব্য, পুং, চম্পক বৃক্ষ, চাঁপাফুলের গাছ।
পুণ্যজন, (পুণ্য—পবিত্রতা+অজন—যে উৎপাদন করে না, ২-ষ) ব্য, পুং, যে পবিত্রতা জন্মায় না, রাক্ষস, যক্ষ। (পুণ্য+জন—লোক, কর্ম্মধা) ধার্ম্মিক, সজ্জন।
পুণ্যজনেশ্বর, (পুণ্যজন—যক্ষ+ঈশ্বর—স্বামী, ৬-ষ) ব্য, পুং, যক্ষরাজ, কুবের।
পুণ্যতৃণ, (পুণ্য—পবিত্র+তৃণ) ব্য, ন, কুশ, যজ্ঞাদি দেবকার্য্যে কুশ ব্যবহৃত হয় বলিয়া ইহাকে পুণ্যতৃণ বলা যায়। [পুণ্যদায়ক, পুণ্যপ্রদ।
পুণ্যদ, (পুণ্য+দা+ড) ব্য, পুং,
পুণ্যফল, (পুণ্য+ফল) ব্য, ন, ধর্ম্মজন্য ফল। পুং, বন বিং।
পুণ্যভাজ্, (পুণ্য+ভাজ্ [ভজ—সেবাকরা+ক্বিপ—ষ]—ভোক্তা

করে, ২-ব) ণ, ত্রি, পুণ্যশালী, শ্রেয়োভাগী।

পুণ্যভূ, পুণ্যভূমি, (পুণ্য + ভূ, ভূমি, কর্ম্মধা) বা, স্ত্রী, আর্য্যাবর্ত্ত, হিমালয় এবং বিন্ধ্যপর্ব্বতের অন্তর্ব্বর্ত্তী ভূভাগ, পবিত্রভূমি।

পুণ্যবান্, (পুণ্য+বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধার্ম্মিক, পুণ্যযুক্ত, সুকৃতী, ভাগ্যবান্, শ্রেয়স্বান্, পুণ্যশীল, সৌভাগ্যশালী।

পুণ্যলোক, (পুণ্য=ধর্ম্ম+লোক=জগৎ, ৬-ব) বা, পুং, যে জগতে পাপের লেশমাত্রও নাই, স্বর্গ, দেবলোক।

পুণ্যশ্লোক, (পুণ্য=পবিত্র+শ্লোক=যশঃ, ৬-ব) ণ, ত্রি, পবিত্রচরিত্র। বা, পুং, বিষ্ণু, যুধিষ্ঠির, নলরাজা। কা—স্ত্রী, দ্রৌপদী, সীতা।

পুণ্যাত্মা, (পুণ্য+আত্মন্=আত্মা ; ৬-ব) ণ, ত্রি, পুণ্যশীল, ধার্ম্মিক, সাধু।

পুণ্যাহ, (পুণ্য=পবিত্র+অহন্=দিন, কর্ম্মধা) বা, ন, পবিত্র দিন, বৎসরের খাজনা আদায়ের প্রথম দিন, বাঙ্গালা ভাষায় যাহাকে পুণ্যে বলা যায়।

পুণ্যাহবচন, বা, ন, বৈবাহিক কর্ম্মের স্বস্তিবাচনের অগ্রে মঙ্গলের নিমিত্ত পুণ্যাহ শব্দের ত্রিবার কথন।

পুৎ, বা, ন, নরকবিশেষ। ণ, ত্রি, কুৎসিত।

পুত্ত, (দেশজ) সন্তান, পুত্র।

পুত্তিকা, বা, স্ত্রী, ক্ষুদ্র মধুমক্ষিকা বিশেষ।

পুত্তলি, পুত্তলিকা, (পুত্র+লি—কৃত্রিমার্থে, ক—স্বার্থে) বা, স্ত্রী, পুতুল, মৃত্তিকাদিনির্ম্মিত প্রতিমূর্ত্তি।

পুত্তিকা, (পুৎ=অব্যক্তশব্দ+তন্=বিস্তার করা+ক—ণ, ক—স্বার্থে) বা, স্ত্রী, মধুমক্ষিকা, পতঙ্গিকা, উইপোকা।

পুত্র, পুত্র, (পু=পবিত্রকরা+ত্র—সংজ্ঞার্থে, যে পিতামাতাকে পবিত্র করে, অথবা পুৎ=নরকবিশেষ+ত্রৈ=ত্রাণকরা+ড—ম, যে পুৎ নামক নরক হইতে পিতাকে উদ্ধার করে, ৫-ব) বা, পুং, আত্মজ, সুত, সন্তান। ত্রী—স্ত্রী, কন্যা, (দ্বিবচনান্ত হইলে) পুত্র ও কন্যা উভয়।

পুত্রক, পুত্রক, (পুত্র+ক—স্বার্থে) বা, পুং, পুত্র, স্নেহপাত্র, শরভ, ধূর্ত্ত, বৃক্ষবিশেষ, শৈলবিশেষ, পতঙ্গক, অনুকম্পান্বিত জন। ত্রকা, ত্রিকা—স্ত্রী, কন্যা, দত্তাকন্যা, পুত্তলিকা, অলক্তকপত্রিকা।

পুত্রজীব, (পুত্র=তনয়+জীব=জীবন) বা, পুং, বৃক্ষবিশেষ, জিয়াপুতের গাছ।

পুত্রবল, (পুত্র+বলচ্) ণ, ত্রি, পুত্রবিশিষ্ট, পুত্রবান্, যাহার পুত্র আছে।

পুত্রবান্, (পুত্র+বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে। পুং, পিতা, জনক।

পুত্রসূ, (পুত্র+সূ+ক্বিপ) বা, স্ত্রী, সন্তানজননী, প্রসূতী, পুত্রবতী, প্রসূ, ধনসূ, পুণ্যভূমি।

পুত্রিকাপুত্র, (পুত্রিকা=কন্যা+পুত্র) বা, পুং, দুহিতাপুত্র, দৌহিত্র, দত্তকন্যারূপ পুত্র, গৌণপুত্রবিশেষ।

পুত্রিকাভর্ত্তা, (পুত্রিকা=কন্যা+ভর্ত্তা=স্বামী, ৬-ব) বা, পুং, কন্যার স্বামী, জামাতা, জামাই।

পুত্রী, (পুত্র+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, পুত্রবান্, পুত্রযুক্ত।

পুত্রীয়, (পুত্র+ঈয়—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পুত্রসম্বন্ধীয়, পুত্রনিমিত্তক, পুত্রোপযুক্ত।

পুত্রীয়ন্, (পুত্রীয় [পুত্র+ঈয়—ইচ্ছার্থে]=আপনার পুত্র ইচ্ছা করা +শতৃ—ক) ণ, ত্রি, যে আপনার পুত্র কামনা করে।

পুত্রেষ্টি, (পুত্র+ইষ্টি [যজ—দেবপূজা করা+ক্তি—ভে] ষ্য, স্ত্রী, যাগ, পুত্রজন্ত যে যজ্ঞ, পুত্রনিমিত্তক যাগবিশেষ।

পুদ্গল, (পুর্=যে পূর্ণ করে+গল=যে ক্ষয় করে, নিপাতন) ষ্য, পুং, বৌদ্ধমতে—দ্ব্যণুকাদি পদার্থ,আত্মা, দেহ। গ, ত্রি, সুন্দরাকার, সুশ্রী, রূপাদিমদ্ বা, রূপবিশিষ্ট পদার্থ।

পুনঃপুনঃ, (পুনঃ পুনর্, পুন্=পরে বলা+অর্—দ্বিত্ব) ষ্য, বারম্বার, মুহুর্মুহুঃ, ভূয়োভূয়ঃ, শশ্বৎ।

পুনঃপুনা, (পুনর্=পুনর্ব্বার+পূ=পবিত্র করা+ণক) ষ্য, স্ত্রী, বেহারের অন্তর্গত নদীবিশেষ, পুনপুনা. এই নদীর কুটিলগতি প্রযুক্ত এই আখ্যা হইল।

পুনর্, (পুন্+অর) ষ্য, অপ্রথম, দ্বিতীয়বার, পুনর্ব্বার, পক্ষান্তর, বারান্তর, অবধারণ, অধিকার,ভেদ।

পুনরাগত, (পুনর্+আগত—আসিয়াছে) গ, ত্রি, প্রত্যাগত, যে পুনর্ব্বার আসিয়াছে, প্রত্যাবৃত্ত, প্রতিনিবৃত্ত।

পুনরায়, (দেশজ) পুনর্ব্বার, পুনশ্চ।

পুনরাবর্ত্ত, (পুনঃ+আবর্ত্ত=ঘূর্ণন) ষ্য, পুং,পুনরাগমন, ঘূর্ণন, পুনর্জন্ম।

পুনরুক্তজন্মা, (পুনর্=দ্বিতীয়বার+উক্ত—কথিত+জনন্=জন্ম) ষ্য, পুং, ব্রাহ্মণ।

পুনরুক্তবদাভাস, (পুনর্+উক্ত+বৎ+আভাস) ষ্য, পুং, কাব্যের অলঙ্কারবিশেষ, যে স্থলে ভিন্নাকার অথচ তুল্যার্থপ্রতিপাদক দুই বা ততোধিক শব্দ প্রযুক্ত হইলে, আপাততঃ পুনরুক্তির ন্যায় বোধ হয়, কিন্তু বাস্তবিক পরিণামে সম্পূর্ণ ভিন্নার্থের উপলব্ধি হয়।

পুনরুক্তি, (পুনর্+উক্তি—কথন) ষ্য, স্ত্রী, কথিত বস্তুর পুনঃ কথন, যাহা একবার বলা হইয়াছে তাহা পুনর্ব্বার কথন।

পুনরুজ্জীবিত, (পুনর্+উৎ+জীবিত) গ, ত্রি, পুনর্ব্বার জীবনপ্রাপ্ত, পুনঃসঞ্জীবিত।

পুনর্ণব, (পুনর্=পক্ষান্তর+নব=নূতন) ষ্য, পুং, নখ, নখর, ইহা ছেদন করিলেও পুনর্ব্বার নূতন হয়। ষ্য—স্ত্রী, শাকবিশেষ।

পুনর্ভব, (পুনর্+ভব=যে হয়) ষ্য, পুং, কররুহ, নখ, যাহা ছেদন করিলেও পুনর্ব্বার জন্মে, রক্ত পুনর্ণবা। গ, ত্রি, পুনর্ব্বারজাত। ন, পুনর্জন্ম।

পুনর্ভবী, (পুনর্=পক্ষান্তর+ভব=জন্ম+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং,আত্মা, ইহা দেহান্তরেও বিদ্যমান থাকে।

পুনর্ভূ, (পুনর্+ভূ+ক্বিপ্) ষ্য, স্ত্রী, দ্বিরূঢ়া, দ্বির্বিবাহিতা স্ত্রী, বিধবা হইয়া দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী, দিধিষু। গ, ত্রি, পুনর্ব্বার জাত।

পুনর্বসু, (পুনর্+বস্—বাসকরা+উ) ষ্য, পুং, দেহীগণ বিগ্রহাবসানে যাহাতে বাসকরে অর্থাৎ লয় প্রাপ্ত হয়, বিষ্ণু, শিব, অশ্বিন্যাদিসপ্তবিংশতিনক্ষত্রান্তর্গত সপ্তমনক্ষত্র, কাত্যায়ন মুনি, লোকভেদ, ধনাগম।

পুনর্ব্বিবাহ, (পুনর্+বিবাহ) ষ্য, পুং, প্রথম ঋতু কালীন সংস্কার বিশেষ, গর্ভাধান সংস্কার,দ্বিতীয়বার বিবাহ।

পুন্নাগ, (পুমস্+নাগ=হস্তী, কর্ম্মধা) ষ্য, পুং, শ্বেতহস্তী, [illegible]পোৎপল, নরশ্রেষ্ঠ, পাণ্ডুনাগ, জাতিফল,প্রধান, শ্রেষ্ঠ,পুষ্পবৃক্ষবিশেষ,নাগকেশর বৃক্ষ।

পুপূষৎ, (পূ—বিশুদ্ধকরা+সন—ইচ্ছার্থে,শতৃ) গ,ত্রি,শোধনেচ্ছু,যে পরিষ্কার বা বিশুদ্ধ করিতে ইচ্ছা করে।

পুপ্ফুস,(ফুল্ল—বিকসিত হওয়া; নিপাতন) ষ্য, পুং, উদরস্থ বায়ু, কোঠা-

ত্রিভগবান্।

পুপ্ফুস,(স্ফুর=স্ফূর্ত্তি পাওয়া; নিপাতন) ব্য, পুং, ফুসফুস, ফুলকা, বামপার্শ্বস্থ মলাশয়।

পুমান্,(পা=রক্ষাকরা+ডুমস—সংজ্ঞার্থে) ব্য, পুং, যে বংশাদি অথবা নিজের কর্ত্তব্য রক্ষা করে, পুরুষ মনুষ্য, মনুষ্যজাতিমাত্র, পুংলিঙ্গ।

পুম্বৎ, (পুমস+বৎ) ব্য, পুরুষের ন্যায়, পুংলিঙ্গের ন্যায়, মনুষ্যসদৃশ।

পুর, (পুর=অগ্রে অগ্রে গমন করা+ক্বিপ্) ব্য, স্ত্রী, নগরী, পুরী।

পুরঃসর, (পুরস=অগ্র+সর [সৃ=গমন করা+অল্—ঘ]=যে গমন করে) প, ত্রি, যে অগ্রে গমন করে, অগ্রসর, পরিচয়।

পুর, (পুর=অগ্রে গমনকরা+ক) ব্য, ন, যে স্থানে দ্রব্যাদি অগ্রে গমন করে পুর, ভবন, আত্মার বসস্থান বলিয়া শরীর, দেহ, চর্ম্ম, পুষ্পাদির দলাবৃত্তি, গৃহপরিগ্রহ, যেস্থান বিদেশীয় বণিকেরা পণ্যদ্রব্য দ্বারা পূর্ণ করে, অট্টাদিবিশিষ্ট স্থান, বহু প্রাণীর ব্যবহার স্থান। ন,বী—স্ত্রী,নগর, নগরী। ন,পাটলীপুত্র,পুষ্পগন্ধ।[পৌরজন।

পুরজন, ব্য, পুং, পুরবাসী লোক,

পুরঞ্জন, (পুর=দেহ+জন=উৎপন্ন হওয়া+অ) ব্য, পুং, আত্মা, জীব। নী—স্ত্রী, বুদ্ধি, জ্ঞান।

পুরঞ্জয়, (পুর=নগর+জি=জয়করা+খ) ব্য, পুং, শিব, সূর্য্যবংশীয় নৃপবিশেষ,কাকুৎস্থ। প,ত্রি,পুরজয়কর্ত্তা।

পুরঞ্জর, ব্য, পুং, বগল, কুক্ষি।

পুরট, ব্য, ন, সুবর্ণ, সোনা।

পুরণ,(পৃ=পূর্ণকরা+অন)ব্য,পুং, সমুদ্র

পুরতটী, (পুর+তটী=তীর, প্রান্ত, ৬-ষ) স্ত্রী, ক্ষুদ্র হাট, ছোট গ্রাম।

পুরতঃ, (পুরস+তস্) ব্য, অগ্রে, সম্মুখে, অভিমুখে।

পুরদ্বার, (পুর+দ্বার, ৬-ষ) ব্য, ন, নগরদ্বার, গোপুর, বাটীর দ্বার, সদর দরজা।

পুরদ্বিট্, (পুর=অসুরনগর+দ্বিষ্=নাশ করা+ক্বিপ্—ষ) ব্য, পুং, শিব, ত্রিপুরারি।

পুরন্দর, (পুর=অসুরপুর+দৃ=বিদারণ করা+অল্—ঘ) ব্য, পুং, ইন্দ্র, চোর। রা—স্ত্রী, গঙ্গা।

পুরন্ধ্রি,—ন্ধ্রী, (পুর=গৃহ+ধৃ=ধরা+খি) ব্য, স্ত্রী, পতিপুত্রবতী স্ত্রী, গৃহিণী, স্ত্রীমাত্র।

পুরশ্চরণ, (পুরস্+চর+অন) ব্য, ন, স্বেষ্ট দেবতার মন্ত্র সিদ্ধি নিমিত্ত দেবতার পূজা পূর্ব্বক তন্মন্ত্র জপ হোম,তর্পণ অভিষেক, ব্রাহ্মণ ভোজন রূপ পঞ্চাঙ্গ সাধনা, মন্ত্রাদি চৈতন্য করণ।[দ্বিবচনান্ত হইলে স্তনাগ্র,কুচাগ্র।

পুরশ্ছদ, ব্য, পুং, তৃণবিশেষ, উলুখড়,

পুরস্, পুরস্তাৎ, (পূর্ব্ব+অস্, অস্তাৎ; পূর্ব্বস্থানে পুর) ব্য, পূর্ব্বদিকে দেশে বা কালে, প্রথমে, পূর্ব্বে, অভিমুখে, সম্মুখে, অগ্রে, পুরোভাগে, অতীতে।

পুরস্কার—পুং, পুরস্ক্রিয়া—স্ত্রী,(পুরস্+কার, ক্রিয়া=করণ) ব্য, প্রথমে বা সম্মুখে করা, সাধুবাদ, সম্মান, পূজা, আদর, প্রতিফল, প্রতিদান, বহুমান, স্বীকার, পারিতোষিক, অগ্রেকরণ, অভিষেক, অভিশাপ, আক্রমণ,অগ্রকরণ,পরিগ্রহণ।[মাঈ,পূজ্য।

পুরস্কার্য্য,(পুরস্+কৃ+য—চ)প,ত্রি,সম্ম-

পুরস্কৃত, (পুরস্+কৃ=করা+ক্ত—চ) প, ত্রি, সম্মানিত, পূজিত, অগ্রকৃত, সম্মুখে স্থাপিত, প্রস্তুত, অভিষিক্ত, গৃহীত, অবলম্বিত, অপবাদিত,অভিশপ্ত, পরিগ্রহ, স্বীকৃত, অঙ্গীকৃত।

পুরস্ত্রী, ব্য, স্ত্রী, গৃহিণী, গৃহকার্য্যদক্ষা স্ত্রী, নগরবাসী স্ত্রীলোক,

পুরন্ধ্রী। [বস্তী, গৃহস্থ, বাটীস্থ।

পুরগ, (পুর+গম+ড) ণ, ত্রি, অগ্র-

পুরা, (পূ=পূর্ণ করা+আ) ব্য, বাক্য রচনা, পুরাণাদি প্রবন্ধ, চির, চিরন্তন, পূর্ব্বকালে, প্রথমে, পুরাবৃত্ত, নিকট, সন্নিহিত, অনাগত, ভবিষ্যৎ বা অতীত কাল, পশ্চাৎ, ভীরু। স্ত্রী, পূর্ব্বদিক, সুগন্ধিদ্রব্যবিশেষ।

পুরাকৃত, (পুরা+কৃত=করা হইয়াছে) ণ, ত্রি, পূর্ব্বকালকৃত পুণ্যাদি, প্রারব্ধ কর্ম্ম [ণ, ত্রি, পূর্ব্বকালীন।

পুরাগত, (পুরা+গত=যাহা গিয়াছে)

পুরাণ, (পুরা=পূর্ব্বকালে+ন—ভবার্থে) ব্য, ন, সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর, বংশানুচরিত—এই পঞ্চ লক্ষণান্বিত ব্যাসাদি মুনিপ্রণীত বেদার্থবলিত গ্রন্থ বিশেষ; পুরাণ অষ্টাদশ প্রকার—ব্রহ্ম, পদ্ম, ব্রহ্মাণ্ড, অগ্নি, বিষ্ণু, গরুড়, ব্রহ্মবৈবর্ত্ত, শিব, লিঙ্গ, নারদ, স্কন্দ, মার্কণ্ডেয়, ভবিষ্য, মৎস্য, বরাহ, কূর্ম্ম, বামন এবং কল্কি; ১৬ পণ, ১ কাহন। পুং, ন, কার্ষাপণ। ণ, ত্রি, প্রাচীন, পুরাতন, অনাদি।

পুরাণগ, (পুরাণ—গম্=যে গমন করে বা গান করে) ব্য, পুং, ব্রহ্মা। ণ, ত্রি, পুরাণগায়ক।

পুরাণপুরুষ, (পুরাণ+পুরুষ, কর্ম্মধা) পুং, বিষ্ণু, আদি পুরুষ।

পুরাণবেত্তা, (পুরাণ+বিদ+তৃন) ব্য, পুং, পুরাণজ্ঞ, পুরাণাদি শাস্ত্রজ্ঞ।

পুরাতন, (পুরা+তন—ভবার্থে) ণ, ত্রি, বহুকালস্থায়ী, প্রাচীন, পূর্ব্বকালভব, অনাদি, চিরন্তন, বৃদ্ধ।

পুরাতনকথা, (নবন্ধ) ইতিহাস।

পুরারি, (পুর=অসুরপুর+অরি=শত্রু, ৬-ষ) ব্য, পুং, শিব, ত্রিপুরারি।

পুরার্দ্ধবিস্তার, (পুর=নগর+অর্দ্ধ+বিস্তার=বিস্তৃতি) ব্য, পুং, নগরের অংশ, উপনগর।

পুরাবসু, (পুরা=পূর্ব্ব+বসু=দেবতাবিশেষ) ব্য, পুং, ভীষ্ম।

পুরাবিৎ, (পুরা=পূর্ব্ব+বিদ্ [বিদ্=জানা+ক্বিপ—ঘ]=যে জানে) ব্য, পুং, যিনি পূর্ব্ব বিষয় জানেন, পূর্ব্বজ্ঞ, যে ব্যক্তি পূর্ব্বকালের ইতিহাস অবগত আছেন, পূর্ব্বদর্শী, ভূতবিদ, অতীতকালজ্ঞ, পণ্ডিত, বৃদ্ধ।

পুরাবৃত্ত, (পুরা=পূর্ব্ব+বৃত্ত=যাহা ঘটিয়াছে, পূর্ব্বে যাহা হইয়াছে। স্বামী বলেন বৃত্ত=চরিত্র) ব্য, ন, পূর্ব্ববৃত্তান্ত, ইতিহাস, পুরাণকথা, আখ্যায়িকা। [—শত্রু, ৬-ষ) ব্য, পুং, শিব।

পুরাসুহৃৎ, (পুর=অসুরপুর+অসুহৃৎ

পুরী, ব, স্ত্রী, নগরী, গৃহ, বাটী, দশনামক সন্ন্যাসীর উপাধি বিশেষ, [illegible] বিশেষ, ছত্রা।

পুরীতৎ, (পুরী=শরীর+তৎ [তন্=বিস্তারকরা+ক্বিপ্—ঘ]=যে বিস্তার করে, ৬-ষ) ব্য, পুং,—ন, যে শরীরকে বিস্তার করে, অন্ত্র, নাড়ী, আঁতড়।

পুরীততি, (পুরী=শরীর+ততি [তন=বিস্তারকরা+ক্তি—ঘ]=যে বিস্তৃত করে) ব্য, স্ত্রী, নাড়ীবিশেষ।

পুরীমোহ, (পুরী=নগরী+মোহ=মুগ্ধকরণ) ব্য, পুং, ধুতুরা, ধুস্তুর।

পুরীষ, (পৄ=পালনকরা+ঈষ—সংজ্ঞার্থে) ব্য, ন, যে শরীরকে অথবা বৃক্ষাদির মূল পালন করে অর্থাৎ তেজ বর্দ্ধন করে বিষ্ঠা, মল।

পুরু, (পূ=পূরণকরা+উ) ণ, ত্রি, প্রচুর, অধিক। ব্য, পুং, দেবলোক, যযাতি রাজার কনিষ্ঠ পুত্র, দৈত্যবিশেষ, পরাগ। স্ত্রী, নদীভেদ।

পুরুদংশক, (পুরু=অধিক+দংশক=যে দংশন করে) ব্য, পুং, হংস।

পুরুদংশা, (পুরু=দৈত্যবিশেষ+দংশন্ [দন্‌শ্=দংশন করা+অস্—ক]—যে দংশন করে; ২-ষ) বা, পুং, যিনি পুরুকে দংশন অর্থাৎ বিনাশ করেন, ইন্দ্র।

পুরুষ, পূরুষ, (পৃ=[বধ] পূরণ করা+উষ; অথবা পৃ=পালন করা+উষ) বা, পুং, যে পালন করে, পুমান্, মনুষ্য, নর, পুংজাতীয়। (পুর=শরীর+শস্=বাস করা+অল্—সংজ্ঞার্থে, যে শরীরে অবস্থান করে, কেহ বলেন—যে শরীর পালন করেন, নিপাতনে) বা, পুং, জীবনীশক্তি, জীবন, আত্মা, সাংখ্যোক্ত তত্ত্ব, ঈশ্বর, বিষ্ণু, পুন্নাগপাদপ, ঘোটকাদির অবস্থান বিশেষ, পশ্চাৎপদদ্বয়োপরি ভর দিয়া অগ্রপদদ্বয়ের উত্তোলন, পরিমাণ, চূর্ণ, বন্ধু। ন. মেরুপর্বত।

পুরুষক (পুরুষ+ক) বা, ন, অশ্বের অবস্থিতিবিশেষ, শূন্যে পদদ্বয় উত্তোলন পূর্ব্বক মনুষ্যের ন্যায় দাঁড়ান, [illegible]।

পুরুষকার, (পুরুষ+কার=করণ ৬-ষ) বা, পুং, পৌরুষ, উৎসাহ, চেষ্টা।

পুরুষক্রম, বা, পুং, পুরুষানুক্রম, পুরুষপরম্পরায়, কুলপর্য্যায়।

পুরুষত্ব, (পুরুষ+ত্ব—ভাবে) বা, ন, মনুষ্যত্ব, পৌরুষ, উৎসাহ, বীর্য্য। পুরুষত্বহীন, প, ত্রি, পুংস্ত্বহীন, খোজা।

পুরুষদঘ্ন, পুরুষদ্বয়স, পুরুষমাত্র, (পুরুষ+দঘ্ন, দ্বয়স, মাত্র—পরিমাণার্থে) প, ত্রি, পুরুষপরিমিত।

পুরুষপুণ্ডরীক, (পুরুষ—মনুষ্যজাতি+পুণ্ডরীক=শ্রেষ্ঠ, যে মনুষ্য মধ্যে শ্রেষ্ঠ) বা, পুং, উৎকৃষ্ট মানব, জৈনদিগের নবম বাসুদেবের অন্তর্ভুক্ত [illegible] বাসুদেব।

পুরুষব্যাঘ্র, পুরুষসিংহ, (পুরুষ—নর+ব্যাঘ্র, সিংহ=শ্রেষ্ঠ) বা, পুং, নরশ্রেষ্ঠ।

পুরুষাঙ্গ, বা, পুং, পুংচিহ্ন, লিঙ্গ।

পুরুষাদ, পুরুষাদী, (পুরুষ—নর+অদ্=ভক্ষণ করা+অল্, ণিন্) বা, ত্রি, রাক্ষস।

পুরুষাদ্য, (পুরুষ=মনুষ্য+আদ্য=প্রথম) বা, পুং, আদিনাথ নামক জিনবিশেষ, বিষ্ণু।

পুরুষাধম, (পুরুষ+অধম) প, ত্রি, পামর, নিকৃষ্ট, নীচ।

পুরুষায়ুষ, (পুরুষ+আয়ুস্=জীবিতকাল, ৬-ষ, অ) বা, ন, মনুষ্যের জীবিতকাল, শতবর্ষ।

পুরুষার্থ, (পুরুষ+অর্থ=প্রয়োজন, ৬-ষ) বা, পুং, পুরুষের প্রয়োজন, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, মনুষ্যত্ব, সাহস, সুখ, সংসারমুক্তি, গোস্বামীমতে ভক্তি।

পুরুষাস্থিমালী, (পুরুষ=মনুষ্য+অস্থি=হাড়+মাল+ইন্—অস্ত্যর্থে) বা, পুং শিব, অস্থিমালাধারী।

পুরুষোত্তম, (পুরুষ+উত্তম=শ্রেষ্ঠ, ৭-ষ) বা, পুং, পুরুষের মধ্যে যিনি উত্তম, বিষ্ণু, পুরুষশ্রেষ্ঠ, জিনবিশেষ, জৈনদিগের চতুর্থ বাসুদেব, জগন্নাথ তীর্থ।

পুরুহ, পুরুহূ, (পুরু=অনেক+হন্=[বধ করা] শ্রেষ্ঠ হওয়া+ড, উ) প, ত্রি, প্রচুর, অধিক।

পুরুহূত, (পুরু=অধিক+হূত=আহূত, নাম) বা, পুং, ইন্দ্র।

পুরূরবাঃ, (পুরু=দেবলোক+রবস্ [রু=শব্দ করা+অস্]=রব; ৬-ষ) বা, পুং, যাহার নাম দেবলোক পর্য্যন্ত গিয়াছে, বুধের পুত্র, চন্দ্রবংশীয় আদিরাজা, উর্ব্বশীরমণ, বিশ্বদেব, পার্ব্বণশ্রাদ্ধদেব।

পুরোগ, পুরোগম, পুরোগামী, (পুরস=অগ্রে+গ, গম, গামিন্=যে গমন করে) প, ত্রি, অগ্রগামী, প্রধান।

ন্তে পরে পুলোমাকেও বিনাশ করিয়াছিলেন। [ইন্দ্রের শ্বশুর।

পুলোমা, ব্য, পুং, ঋষিবিশেষ,

পুলোমারি, (পুলোমন্=ঋষিবিশেষ+অরি=শত্রু,৬-ষ) ব্য, পুং, ইন্দ্র।

পুষিত, (পুষ=পালনকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রতিপালিত, বর্দ্ধিত, কৃত-পোষণ পক্ষিমৃগাদি।

পুষ্কর, (পুষ্=পোষণকরা+কর—সংজ্ঞার্থে, যে শব্দকে পুষ্টিকরে, স্বামী-হরেন, পুষ্কর=জল+অ—অস্ত্যর্থে) ব্য, ন, আকাশ, ব্যোম। (পুষ্=পোষণ+কর=যে করে, যে পোষণ করে, ২-ষ) জল, পদ্ম, পদ্মকোষ, হস্তিশুণ্ডাগ্র, মৃদঙ্গাদি বাদ্যভাণ্ডের মুখ, পরমপবিত্র তীর্থবিশেষ, রাজপুতানার অন্তর্গত আজমিরের নিকটবর্ত্তী পুষ্করিণী, কুষ্ঠৌষধ, সপ্তদ্বীপের একটী দ্বীপ, খড়্গাদির কোষ, খাপ, খড়্গফলক, কাণ্ড, বাণ, যুদ্ধ। পুং, সর্পবিশেষ, নাগবিশেষ, নৃপবিশেষ, নলরাজার ভ্রাতা, বরুণ পুত্র, মেঘবিশেষ, পর্ব্বতবিশেষ, সারসপক্ষী, ক্রূরবার ভদ্রাতিথি ভগপাদ নক্ষত্রঘটিত অশুভজনক যোগবিশেষ, প্রলয়কোষ। [পদ্ম বৃক্ষ।

পুষ্করকর্ণিকা, পুষ্করনাড়িকা, ব্য, স্ত্রী, পুষ্পবিশেষ, স্থলপদ্মিনী।

পুষ্করমূলক, ব্য, ন, কুষ্ঠ বৃক্ষের মূল, কুড়গাছের শিকড়।

পুষ্করশিফা, ব্য, স্ত্রী, পদ্মের মূল।

পুষ্করস্রক, (পুষ্কর=পদ্ম+স্রজ=মালা) ব্য, পুং, দ্বি, অশ্বিনীকুমারদ্বয়।

পুষ্করাক্ষ, (পুষ্কর=পদ্ম+অক্ষি=চক্ষুঃ; ৬ষ) ব্য, পুং, বিষ্ণু, পুণ্ডরীকাক্ষ।

পুষ্করাহ্ব, (পুষ্কর=পদ্ম+আহ্ব=সংজ্ঞা, নাম) ব্য, পুং, সারস পক্ষী, পদ্মের নামবাচী নামই এই পক্ষীতে প্রযুক্ত হইতে পারে।

পুষ্করী, (পুষ্কর=হস্তিশুণ্ডাগ্রফল+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, হস্তী। ণী—স্ত্রী, স্থলপদ্মিনী, পুষ্করমূল, সরোবর, জলাশয়, পুকুর, হস্তিনী, পদ্মের ঝাড়।

পুষ্কল, (পুষ্=পোষণকরা+কল; কিংবা পুষ্ক+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ, বহু, অধিক, পরিপূর্ণ, উপস্থিত। ব্য, ন, পরিমাণপাত্রবিশেষ, পশুরি গ্রাসচতুষ্টয়াত্মকভিক্ষা, ৬৪ মুটা। পুং, ভরতের পুত্র।

পুষ্ট (পুষ=পোষণকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রতিপালিত, স্থূল, বৃদ্ধিযুক্ত, হৃষ্ট।

পুষ্টতাড়িত, ব্য, তাড়িতের বিয়োজন শক্তি। (Positive Electricity)

পুষ্টি (পুষ+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, পোষণ, বৃদ্ধি, প্রতিপালন, স্থূলতা, অশ্বগন্ধা, ষোড়শমাতৃকান্তর্গত দেবতাবিশেষ।

পুষ্টিকর, (পুষ্টি+কর=যে করে) ণ, ত্রি, পোষক, বৃদ্ধিকারক, প্রতিপালক, স্থূলতাসম্পাদক

পুষ্টিকা, (পুষ্টি+ক—যোগ) ব্য, স্ত্রী, জলশুক্তি, ঝিনুক

পুষ্টিকান্ত, (পুষ্টি=বৃদ্ধি, সোভাগ্য+কান্ত=বন্ধু) ব্য, পুং গণেশ, লম্বোদর।

পুষ্টিদা, ব্য, স্ত্রী, দুগ্ধকারিণী স্ত্রী, অশ্বগন্ধা।

পুষ্প, (পুষ্প=বিকশিত হওয়া+অল্) ব্য, ন, কুসুম, ফুল, স্ত্রীরজঃ, বিকাশ, প্রকাশ কুবেরের পুষ্পকরথ, নেত্ররোগবিশেষ, ফুলীরোগ।

পুষ্পক, (পুষ্প+ক—যোগ) ব্য, ন, রীতিপুষ্প, কুবেরের রথ, বহুনির্ম্মিত রক্তকঙ্কণ, রসাঞ্জন, নেত্ররোগবিশেষ, পিত্তল, মৃৎপাত্রবিশেষ, ক্ষুদ্র কুসুম।

পুষ্পকরণ্ডক, (পুষ্প+করণ্ডক=চুপড়ী) ব্য, ন, পুষ্পচয়নপাত্র, ফুলের সাজি, উজ্জয়িনীনগরের মহাকালনামক শি-

রের উদ্যান।
পুষ্পকরণ্ডিনী, (পুষ্প+করণ্ড=চুপড়ী+ ইন্—অস্ত্যর্থে) ষ্যা, স্ত্রী, উজ্জয়িনী দেশ, উজীন।
পুষ্পকাসীশ, (পুষ্প=ফুল+কাসীশ) ষ্যা, ন, এক প্রকার হিরাকস্।
পুষ্পকীট, (পুষ্প+কীট=পোকা) ষ্যা, পুং, ভ্রমর, পুষ্পের কীট, কুসুমকৃমি।
পুষ্পকেতন, পুষ্পকেতু, পুষ্পচাপ, (পুষ্প +কেতন, কেতু=চিহ্ন, চাপ=ধনুক; ৬.হ) ষ্যা, পুং, কন্দর্প, কামদেব।
পুষ্পগণ্ডিকা, ষ্যা, স্ত্রী, নিষ্ফল উপায়।
পুষ্পগিরি, (পুষ্প+গিরি=পর্ব্বত) ষ্যা, পুং, কাল্পনিক পর্ব্বতবিশেষ, প্রথিত আছে বরুণদেব সর্ব্বদা এই পর্ব্বতে বাস করিয়া থাকেন।
পুষ্পঘাতক, (পুষ্প+ঘাতক=নাশকারী) ষ্যা, পুং, বংশ, বাঁশ, পুষ্প হইলেই বাঁশ মরিয়া যায়।
পুষ্পচামর, (পুষ্প+চামর) ষ্যা, পুং, দমনবৃক্ষ, কেতকবৃক্ষ।
পুষ্পদ, (পুষ্প+দ=যে দান করে) ষ্যা, পুং, বৃক্ষ। ণ, ত্রি, পুষ্পদাতা।
পুষ্পদন্ত, (পুষ্প+দন্ত; ৬.হ) ষ্যা, পুং, নাগবিশেষ, বায়ুকোণস্থ হস্তী, গন্ধর্ব্বরাজবিশেষ, বিদ্যাধরবিশেষ, জিনভেদ, (দ্বিবচনান্ত) চন্দ্র সূর্য্য, নাগভেদ।
পুষ্পদ্রব, (পুষ্প+দ্রব=গলন, ক্ষরণ) ষ্যা, পুং, পুষ্পরস, মকরন্দ, পুষ্পসার, মধু। [সন্তান।
পুষ্পধ, ষ্যা, পুং, পতিত ব্রাহ্মণের
পুষ্পধন্বা, (পুষ্প+ধনুস্=ধনুক; ৬হ; ধনুস্=ধন্বন্) ষ্যা, পুং, মদন, কামদেব, কন্দর্প।
পুষ্পন্ধিট, পুষ্পন্ধয়, (পুষ্প+ন্ধিট= যে চুম্বন করে, পুষ্প+ধে=পানকরা +অল্) ষ্যা, পুং, অলি, ভ্রমর।
পুষ্পপথ, (পুষ্প=স্ত্রীরজঃ+পথিন্= পথ+অ) ষ্যা, পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

পুষ্পপুর, (পুষ্প+পুর=নগর, ৬-হ) ষ্যা, ন, নগরবিশেষ, পাটলীপুত্র, পাটনা।
পুষ্পফল, (পুষ্প+ফল; ৬.হ) ষ্যা, পুং, কপিত্থ, কৎবেল, কুষ্মাণ্ড।
পুষ্পমাস, ষ্যা, পুং, বসন্তকাল।
পুষ্পরক্ত, (পুষ্প+রক্ত=লাল) ষ্যা, পুং, সূর্য্যমণিবৃক্ষ। ণ, ত্রি, রক্তাক্ত।
পুষ্পরথ, পুষ্যরথ, (পুষ্প+রথ, পুষ্য+ রথ) ষ্যা, পুং, ভ্রমণার্থ রথ, রম্য রথ, ক্রীড়া রথ। [মকরন্দ, ফুলের মধু।
পুষ্পরস (পুষ্প+রস, ৬-হ) ষ্যা, পুং,
পুষ্পরাগ, (পুষ্প+রাগ=রং; ৬.হ) ষ্যা, পুং, মণিবিশেষ, পদ্মরাগমণি।
পুষ্পরেণু, (পুষ্প+রেণু=ধূলি) ষ্যা, পুং, পরাগ, সুমনোরজঃ, পরাগকেশরের অভ্যন্তরে ধূলির ন্যায় এক প্রকার যে গুঁড়া গুঁড়া পদার্থ থাকে।
পুষ্পলাব, পুষ্পলাবী, (পুষ্প+লাব, লাবিন্=যে ছেদন করে) ষ্যা, পুং, মালাকার, মালী।
পুষ্পলিট, পুষ্পলিহ, পুষ্পলিহ্, (পুষ্প+ লিহ্, লিহ=যে আস্বাদন করে, ২-ষ) ষ্যা, পুং, ভৃঙ্গ, ভ্রমর, মধুকর।
পুষ্পবৎ, (পুষ্প [পুষ্প=বিকসিত হওয়া+অ—ভাব]=বিকাশ+বতু —অস্ত্যর্থে; কাহারও মতে পুষ্পবন্ত ও হয়) ষ্যা, পুং, দ্বিং, চন্দ্রসূর্য্য। (পুষ্প+ বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, কুসুমবিশিষ্ট। (পুষ্প=স্ত্রীরজঃ+বতু—অস্ত্যর্থে) বতী—স্ত্রী, ঋতুমতী, রজস্বলা।
পুষ্পবাটী, পুষ্পবাটিকা, (পুষ্প+বাটী, বাটিকা=উদ্যান, ৬-ষ) ষ্যা, স্ত্রী, কুসুমোদ্যান, ফুলের বাগান।
পুষ্পবাণ, (পুষ্প+বাণ=শর; ৬.হ) ষ্যা, পুং, কন্দর্প। [প্রশ্ন, পুষ্পবৃষ্টি।
পুষ্পশকটী, ষ্যা, স্ত্রী, আকাশবাণী, দৈব
পুষ্পশর, (পুষ্প+শর=বাণ, ৬.হ) ষ্যা, পুং, কন্দর্প।
পুষ্পশরাসন, (পুষ্প+শরাসন=ধনুক;

৬ ষ) ব্য, পুং, কন্দর্প, কুসুমেষু।
পুষ্পবর্জিত, (পুষ্প+বৃত—বিরহিত) ব্য, পুং, উদুম্বর। ণ, ত্রি, যে বৃক্ষের ফুল হয় না। [পুং, বসন্তকাল।
পুষ্পসময়, (পুষ্প+সময়, ৬-ষ) ব্য,
পুষ্পসার, পুষ্পস্বেদ, (পুষ্প+সার=স্থিরাংশ, স্বেদ=ঘর্ম, নির্যাস, ৬-ষ) ব্য, পুং, ফুলের মধু।
পুষ্পহাসা, (পুষ্প+হাস=যে হাস্য করে) ব্য, স্ত্রী, রজস্বলা, ঋতুমতী।
পুষ্পহীন, (পুষ্প+হীন) ণ, ত্রি, পুষ্পশূন্য, যে বৃক্ষের ফুল হয় না। না—ব্য, স্ত্রী, উদুম্বর, ডুমুর গাছ, নিবৃত্তরজস্কা নারী, যে স্ত্রীর রজোনিবৃত্তি হইয়াছে, বন্ধ্যা স্ত্রী। [ভাগলপুর।
পুষ্পা, ব্য, স্ত্রী, কর্ণপুরী, চম্পা, মালিনী,
পুষ্পাজীব, পুষ্পাজীবী, (পুষ্প+আজীব=জীবিকা; ৬-ষ। পুষ্প+আজীব—জীবিকা+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, মালাকার, মালী।
পুষ্পাঞ্জন, ব্য, ন, কজ্জলবিশেষ।
পুষ্পাঞ্জলি, (পুষ্প+অঞ্জলি—আঁজলা, ৬-ষ) ব্য, পুং, এক আঁজলা ফুল, পুষ্পপূর্ণ করদ্বয়।
পুষ্পায়ুধ, (পুষ্প+আয়ুধ—অস্ত্র ; ৬-হ) ব্য, পুং, মদন, কন্দর্প।
পুষ্পাবচায়ী, (পুষ্প+অবচায়িন্=যে সংগ্রহ করে) ব্য, পুং, পুষ্পাজীব, মালাকার।
পুষ্পাসব, (পুষ্প+আসব—সুরা, মধু, ৬-ষ) ব্য, ন, মকরন্দ, ফুলের মধু। [কুসুমায়ুধ, কন্দর্প।
পুষ্পাস্ত্র, (পুষ্প+অস্ত্র ; ৬-হ) ব্য, পুং,
পুষ্পিকা, (পুষ্প+ক—তুল্যার্থে) ব্য, স্ত্রী, অধ্যায়াদির শেষে গ্রন্থকারের স্বয়োল্লেখাদিপূর্বক সমাপ্তিসূচক বাক্য, ভণিতা, দন্তমল, মলমল।
পুষ্পিত, (পুষ্প+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, কুসুমিত, বিকসিত, প্রকাশিত।
তা—(পুষ্প—স্ত্রীরজঃ+ইত—অস্ত্যর্থে) স্ত্রী, ঋতুমতী, রজস্বলা।
পুষ্পিতাগ্রা, (পুষ্পিত+অগ্র) ব্য, স্ত্রী, ছন্দোবিশেষ, যাহার প্রথম ও তৃতীয় চরণে দ্বাদশ, এবং দ্বিতীয় ও চতুর্থ চরণে ত্রয়োদশ মাত্র অক্ষর থাকে। [ব্য,পুং,পুষ্পায়ুধ, কন্দর্প।
পুষ্পেষু, (পুষ্প++ইষু=বাণ, ৬-হ)
পুষ্পোৎসব, (পুষ্প=স্ত্রীরজঃ+উৎসব =আনন্দ) ব্য, পুং, স্ত্রীলোকের প্রথমরজোদর্শনে উৎসববিশেষ, কুসুমক্রীড়া, ঋতুৎসব।
পুষ্য, (পুষ্—পোষণকরা+য) ব্য,পুং, ষ্যা—স্ত্রী, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্রবিশেষ, অষ্টম নক্ষত্র ; তিষ্য, তিষা, পুষ্যা, পৌষমাস, কলিযুগ।
পুষ্যরথ, (পুষ্য—নক্ষত্রবিশেষ+রথ ব্য, পুং, যাত্রা বা উৎসবাদি দর্শনার্থ রথ, ক্রীড়া-রথ, পুষ্পরথ, চক্রযান।
পুষ্যলক, (পুষ্টি—[পুষ্—পোষণকরা+ই]—পুষ্টির নিমিত্ত+অল=পর্য্যাপ্ত হওয়া+অ, ক) ব্য, পুং, কস্তুরীমৃগ, গন্ধমৃগ, ক্ষপণক, কীলক, গোঁজ।
পুস্ত, পুস্তক, (পুস্ত—বন্ধনকরা+অন, ক—স্বার্থে) ব্য, ন, স্ত্রী ত্তিকা—স্ত্রী, গ্রন্থ, বহি, পুঁথি, কেতাব ন, লিপিপ্রভৃতি শিল্পকর্ম। ণ, ত্রি পূর্ণ, আবৃত।
পুস্তকর্ম্ম, (পুস্ত—লেপন+কর্ম্মন্—কার্য ব্য, ন, লেপন, চিত্রপ্রভৃতি শিল্প কর্ম্ম। [কর্ত্তা
পুস্তকর্ম্মা, ব্য, ত্রি, লিপ্যাদি শিল্পক
পুস্তকাগার, (পুস্তক+আগার=গৃহ ব্য, ন, পুস্তকালয়, লাইব্রেরি।
পুস্ফুসাধানক, ব্য, যাহারা বায়ুকে পুস্ফুস দ্বারা শ্বাস লয়, যথা—হলজ শম্বুক (Pulmonata.)

পুঁই, (পুঁইকড়ুক) ব্য, প্রসিদ্ধ শাক বিশেষ।

পুগ, (পূ+পবিত্রকরা, শুদ্ধকরা+গণ্) ব্য, পুং, গুবাকবৃক্ষ, কাঁঠালগাছ, পুঞ্জ, রাশি, সমূহ, ছন্দ, ভাব, গুণ। ন, গুবাক।

পূগকৃত, (পুগ=রাশি+কৃত) গ,ত্রি, স্তূপাকারে স্থাপিত, সংগৃহীত।

পূগপাত্র, পূগপীঠ, (পূগ=গুবাক+পাত্র, পীঠ=চৌকি) ব্য, ন, পাণ চিবাইয়া যাহাতে থুথু ফেলা যায়, নিষ্ঠীবনপাত্র,পিক্‌দানী,পানের বাটা।

পূগপুষ্পিকা, (পূগ+পুষ্প+ক—যোগ) ব্য, স্ত্রী, বিবাহ সম্বন্ধীয় পুষ্প ও তাম্বুল। [গুবাক, সুপারি।

পূগফল, (পুগ+ফল, ৬-ষ) ব্য, ন,

পূগরোট, (পূগ=গুবাকবৃক্ষ+রুট=দীপ্তি পাওয়া+ঘঞ্: ক—যোগে পূগরোটক শব্দও হয়) ব্য, পুং, হিন্তালবৃক্ষ।

পূজক, (পূজ্=পূজাকরা+ণক—ঘ) গ, ত্রি, পূজাকারক, উপাসক, সেবক, আরাধক, অর্চ্চক।

পূজন, (পূজ্+অনট্—ভাব) ব্য, ন, পূজা,অর্চ্চনা, উপাসনা, আরাধনা।

পূজনীয়, পূজ্য,(পূজ্+অনীয়, য—চ) গ, ত্রি, আরাধ্য, পূজার যোগ্য, উপাস্য, নমস্য, আদরণীয়।

পূজয়িতা, (পূজ+তৃন্—ঘ) গ, ত্রি, অর্চ্চক, আরাধক, পূজক। স্ত্রী—স্ত্রী, পূজাকারিণী।

পূজা, (পূজ্+আ—ভাব) ব্য, স্ত্রী, অর্চ্চনা, আরাধনা, উপাসনা, সেবা, সংবর্দ্ধনা, সপর্য্যা, সম্মাননা।

পূজারি, (পূজক শব্দজ) ব্য, দেবলব্রাহ্মণ গ, পূজাজীবী, পুরোহিত, ব্রাহ্মণ। [পূজার যোগ্য।

পূজার্হ, (পূজা+অর্হ=যোগ্য) গ, ত্রি,

পূজিত, (পূজ্+ক্ত—ম) গ, ত্রি, অর্চ্চিত, সেবিত, আদৃত।

পূজিল, (পূজা+ইল—যোগার্থে) গ, ত্রি,পূজ্য,আরাধ্য। ব্য,পুং, দেবতা।

পূজ্যমান, (পূজ্+শান—চ) গ, ত্রি, সেব্যমান যাহাকে পূজা করা যাইতেছে।

পূৎকারী, ব্য, স্ত্রী, নাগলোকের রাজধানী, বাগ্দেবতার নামান্তর।

পূত, (পূ=পবিত্র করা+ক্ত) গ, ত্রি, শুদ্ধ, পবিত্র, প্রবত, পরিষ্কৃত, নির্ম্মল, সত্য, অকপট, ভিং কটাক্ষোত। ব্য, পুং, শঙ্খ, শ্বেত, কুশ, বিকঙ্কত বৃক্ষ। ন, অপনীত তুষ ধান্য। তা—স্ত্রী, দূর্ব্বা।

পূতক্রতায়ী, (পূতক্রতু=ইন্দ্র+ঈ; উ স্থানে ঐ—আগম, ঐ+ঈ=আয়ী) ব্য, স্ত্রী, ইন্দ্রপত্নী, শচী।

পূতক্রতু, (পূত+ক্রতু=যজ্ঞ; ৬-ষ) ব্য, পুং, ইন্দ্র।

পূততা, (পূত+তা—ভাব) ব্য, স্ত্রী, পবিত্রতা, শুদ্ধতা। [পলাশবৃক্ষ।

পূতদ্রু, (পূত+দ্রু=বৃক্ষ) ব্য, পুং,

পূতধান্য,(পূত+ধান্য=শস্য)ব্য,ন,তিল।

পূতনা, (পূতি=পবিত্রকরা+অন) ব্য, স্ত্রী, হরীতকী, দানবীবিশেষ, রোগবিশেষ, অহিপূতনা নামক বালকদিগের রোগ, পেঁচোপাওয়া, কংসাসুরের ভগিনী,বালকমাতৃকাবিশেষ।

পূতনারি, (পূতনা+অরি=শত্রু, ৬-ষ) ব্য, পুং, কৃষ্ণ।

পূতনাসূদন, পূতনাঘ্ন, (পূতনা+সূদন=যে বধ করে, ২-ষ; পূতনা+হন্=যে বধকরে,২-ষ)ব্য,পুং, কৃষ্ণ।

পূতফল, ব্য, পুং, কাঁঠাল গাছ।

পূতা, (পূত+আ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, দূর্ব্বা, পবিত্রা।

পূতি, (পূ+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, পবিত্রতা, দুর্গন্ধ, পচাগন্ধ, পূঁজ। (পূতিক, দুর্গন্ধযুক্ত+ক্তি—অর্থে ...)

চতুর্বিংশতি ঋষিবিশেষ।

পূর্ব্বতন, (পূর্ব্ব+তন—ভবার্থে) ণ, ত্রি, প্রথম, পুরাকালীন, পূর্ব্বকার, প্রাক্তন, আদ্য।

পূর্ব্বদিক্‌পতি, (পূর্ব্ব+দিশ্‌=দেশ+পতি=প্রভু, ৬-ষ) ব্য, পুং, ইন্দ্র।

পূর্ব্বদেব, (পূর্ব্ব+দেব) ব্য, পুং, অসুর, দৈত্য, পিতৃলোক।

পূর্ব্বপক্ষ, (পূর্ব্ব=প্রথম+পক্ষ=বিতর্কাদি) ব্য, পুং; শাস্ত্রীয় প্রশ্ন, সিদ্ধান্তবিরুদ্ধকোটি, অভিযোগ, শুক্লপক্ষ, ফক্কিকা, শাস্ত্রীয় ফঁকি।

পূর্ব্বপর্ব্বত, (পূর্ব্ব=প্রাচ্যদেশীয়+পর্ব্বত, কর্ম্মধা) ব্য, পুং, উদয়াচল, উদয়গিরি।

[illegible]রুষ ব্য, পুং, পিতৃ পিতামহাদি।

[illegible] (পূর্ব্ব=প্রথম+ফল্গুনী= [illegible] স্ত্রী, নক্ষত্রবিশেষ।

[illegible] ফল্গুনী+ভব= [illegible] পুং, বৃহস্পতি।

[illegible] (পূর্ব্ব=প্রথম+ভাদ্র- [illegible] নক্ষত্রবিশেষ) ব্য, পুং, দা— [illegible], নক্ষত্রবিশেষ।

পূর্ব্বরঙ্গ, (পূর্ব্ব+রঙ্গ=নাট্যাদি) ব্য, পুং, নাট্যক্রিয়ার উপক্রম, প্রাক্‌সঙ্গীত, নান্দীপাঠাদি, প্রস্তাবনা, গুণনিকা, নাট্যশালা।

পূর্ব্বরাগ, (পূর্ব্ব=প্রথম+রাগ=অনুরাগ) ব্য, পুং, প্রথমানুরাগ, পরস্পর দর্শন বা লোকমুখে গুণাদি শ্রবণ দ্বারা অনুরক্ত নায়ক নায়িকার বিরহনিবন্ধন শোচনীয় অবস্থাবিশেষ; সেই অবস্থা দশবিধ; অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, রোগ, মূর্চ্ছা ও মরণ।

পূর্ব্বরাত্র, (পূর্ব্ব+রাত্রি, ১-ষ) ব্য, পুং, রাত্রির প্রথম ভাগ।

পূর্ব্বরূপ, (পূর্ব্ব+রূপ=গঠন) ব্য, ন, পূর্ব্বলক্ষণ, বৈদ্যমতে ভাবী ব্যাধিবোধকলক্ষণ, ভাবিচিহ্ন।

পূর্ব্বলক্ষণ, (পূর্ব্ব+লক্ষণ=চিহ্ন) ব্য, ন, ভাবি পদার্থের প্রথম চিহ্ন।

পূর্ব্ববৎ, (পূর্ব্ব+বৎ—তুল্যার্থে) ব্য, পূর্ব্বের সদৃশ। [কার্য্যাবধারণ।

পূর্ব্ববৎসাধন, ব্য, ন, কারণ দেখিয়া

পূর্ব্ববাদ, (পূর্ব্ব=প্রথম+বাদ=কথন) ব্য, পুং, প্রথম আবেদন, প্রথম অভিযোগ, পূর্ব্বপক্ষ।

পূর্ব্ববাদী, (পূর্ব্ব=প্রথম+বদ্‌=বলা+ণিন্—ঘ) ব্য, পুং, প্রাগভিযোক্তা, যে ব্যক্তি প্রথমে নালিশ করে, প্রথমবাদী, অগ্রবক্তা।

পূর্ব্বশৈল, (পূর্ব্ব=প্রাচ্যদেশীয়+শৈল=পর্ব্বত, কর্ম্মধা) ব্য, পুং, উদয় পর্ব্বত।

পূর্ব্বসর, (পূর্ব্ব=প্রথম+সৃ=গমনকরা+অল্) ণ, ত্রি, অগ্রসর, অগ্রগামী।

পূর্ব্বসার, ব্য, ত্রি, অগ্রগামী।

পূর্ব্বাদ্রি, (পূর্ব্ব=প্রাচ্যদেশীয়+অদ্রি=পর্ব্বত, কর্ম্মধা) ব্য, পুং, উদয়াচল।

পূর্ব্বাপর, (পূর্ব্ব+অপর) ণ, ত্রি, অগ্রপশ্চাৎ। ব্য, ন, নিষ্পত্তি।

পূর্ব্বাষাঢ়া, (পূর্ব্ব=প্রথম+আষাঢ়া=নক্ষত্রবিশেষ) ব্য, স্ত্রী, অশ্বিন্যাদিসপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্র।

পূর্ব্বাহ্ন, (পূর্ব্ব+অহন্=দিন, ১-ষ) ব্য, পুং, ত্রিধা বিভক্ত দিনের প্রথম ভাগ, সূর্য্যোদয়াবধি ১০ দণ্ড কাল।

পূর্ব্বেণ, (তৃতীয়ান্ত পূর্ব্বশব্দ) ব্য, পূর্ব্বদিকে দেশে বা কালে, পূর্ব্বে, পুরস্তাৎ।

পূর্ব্বেদ্যুস্, (পূর্ব্ব+এদ্যুস্—দিবসার্থে) ব্য, পূর্ব্বদিনে, প্রাতঃকাল, ধর্ম্মবাসর, গতকল্য।

পূর্ব্বোক্ত, (পূর্ব্ব+উক্ত=কথিত) ণ, ত্রি, পূর্ব্বকথিত, প্রাগুক্ত, যাহা প্রথমে বলা হইয়াছে। [ব্রহ্মদারুবৃক্ষ, তুঁতগাছ।

পূষ, (পূষ্=বৃদ্ধি পাওয়া+অল্) ব্য, পুং,

পূষভাসা, (পূষন্=সূর্য্য+ভাস্=দীপ্তি)

-ব্য, স্ত্রী, ইন্দ্রনগরী, সুরপুরী, অমরাবতী। ইহা সূর্য্যের ন্যায় দীপ্তিশালিনী।
পূষসুহৃদ, (পূষন্=সূর্য্য+সুহৃদ্=বন্ধু) ব্য, পুং, শিব। [পুং, সূর্য্য।
পৃষা, (পূষ=পোষণকরা+অন্) ব্য,
পৃক্কা, (স্পৃশ্=স্পর্শকরা+ক ; নিপাতন)ব্য, স্ত্রী, শাকবিশেষ, পিড়িংশাক।
পৃক্ত, (পৃচ্=সংস্পৃষ্ট হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, সম্পর্কযুক্ত, মিশ্রিত, সংলগ্ন, স্পৃষ্ট, যুক্ত। ব্য, ন, ধন।
পৃক্তি, (পৃচ্+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, সংস্পর্শ, সম্পর্ক, মিশ্রণ।
পৃচ্ছা, (প্রচ্ছ=জিজ্ঞাসাকরা+আ—ভাব) ব্য, স্ত্রী, প্রশ্ন, জিজ্ঞাসা।
পৃতনা, (পৃ—পূর্ণকরা+তন, আ) ব্য, স্ত্রী, সেনা, সৈন্যদল, বাহিনীত্রয়, তদ্যথা, গজ ২৪৩, রথ ২৪৩, অশ্ব ৭২৯, পদাতি ১২১৫ সমুদায়ে ২৪৩০।
পৃতনাষাট্, (পৃতনা=সৈন্যদল+সহ=সহ্যকরা, সমকক্ষ হওয়া+ক্বিপ) ব্য, পুং, ইন্দ্র।
পৃথক্, (পৃথ্=ক্ষেপণকরা+অক্) ব্য, ভিন্ন, বিনা, অন্য, ইতর, বর্জ্জন, নীচ, নানা। [বর্ণান্তর স্ত্রীর গর্ভজাত পুত্র।
পৃথক্ক্ষেত্র, ব্য, পুং, এক পুরুষ হইতে
পৃথগাত্মতা, (পৃথগাত্মন্ [পৃথক্=ভিন্ন+আত্মন্=স্বভাব ; ৬-ষ]+তা—ভাবে) ব্য, স্ত্রী, বিবেক, বিজ্ঞান, বৈরাগ্য, বিরাগ, ইতরবিশেষ-বিবেচনা, বিভাবন।
পৃথগাত্মিকা, ব্য, স্ত্রী, ব্যক্তি।
পৃথগ্জন, (পৃথক্—[গুণ হইতে]ভিন্ন+জন=লোক, কর্ম্মধা) ব্য, পুং, মূর্খ, নীচলোক, পাপী, ইতরলোক।
পৃথগ্বিধ, (পৃথক্+বিধা=প্রকার) ণ, ত্রি, বিবিধ, নানারূপ, ভিন্ন ভিন্ন প্রকার।
পৃথগ্বীজ, ব্য, পুং, ভল্লাতক, ভেলা।
পৃথবী, ব্য, স্ত্রী, পৃথিবী।
পৃথা, (প্রথ্=বিখ্যাত হওয়া+অ, আ)ব্য, স্ত্রী, কুন্তী, পাণ্ডুরাজার পত্নী।
পৃথাজ, পৃথাসুত, (পৃথা+জ=জাত; সুত=পুত্র) ব্য, পুং, কুন্তীপুত্র, যুধিষ্ঠিরাদি, অর্জ্জুনবৃক্ষ।
পৃথিবী, (প্রথ্=বিখ্যাত হওয়া+ইবি ; কিম্বা প্রথ্=[বিস্তার] পাওয়া+ইবি ; প্রথ স্থানে পৃথ আদেশ) ব্য, স্ত্রী, ভূমি, ধরা, বিশ্বম্ভরা, ধরিত্রী, পৃথু রাজার কন্যা বলিয়া পৃথিবী।
পৃথিবীপতি, পৃথিবীপাল, পৃথিবীক্ষিৎ, (পৃথিবী+পতি, ৬-ষ ; পৃথিবী+পাল=যে পালন করে, ২-ষ ; পৃথিবী+ক্ষিৎ=যে আধিপত্য করে, পালন করে, ৭-ষ) ব্য, পুং, ভূপতি, রাজা, যম, ঋষভনামৌষধ।
পৃথিবীরুহ, (পৃথিবী+রুহ=যে জন্মে, ৭-স) ব্য, পুং, ভূরুহ, বৃক্ষ, গাছ।
পৃথিবীশক্র, (পৃথিবী+শক্র=ইন্দ্র) ব্য, পুং, রাজা।
পৃথু, (প্রথ্+উ) ব্য, পুং, ত্রেতাযুগে সূর্য্যবংশীয় পঞ্চম নৃপ, বেণরাজপুত্র, মহাবলপরাক্রান্ত বেণতনয় ভূমণ্ডলস্থ যাবতীয় বীরগণকে পরাভূত করিয়াছিলেন, ইহার নাম হইতে ধরিত্রীর নাম পৃথিবী হইয়াছে, অগ্নি। স্ত্রী, কৃষ্ণজীরক, হিঙের পাতা, অহিফেন। ণ, ত্রি, মহৎ, শ্রেষ্ঠ, বিস্তৃত, বিশাল, বিপুল, বৃহৎ, স্থূল।
পৃথুক, (পৃথু+ক—যোগ) ব্য, ত্রি, অর্ভক, বালক, শাবক, বাচ্চা। ব্য, পুং, ন, চিপিটক, চিড়া।
পৃথুকোল, ব্য, পুং, রাজবদর, বৃহৎ কুলবিশেষ। [রশুন।
পৃথুপত্র, ব্য, পুং, রক্তলশুন, লাল
পৃথুরোমা, (পৃথু=বৃহৎ+রোমন্=লোম [আঁইস] ; ৬-হ) ব্য, পুং, মৎস্য। ণ, ত্রি, বৃহল্লোমযুক্ত।

পৃথুল, (পৃথু+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, বৃহৎ, বড়, বিস্তৃত, স্থূল, মহৎ।

পৃথুশেখর, (পৃথু=বৃহৎ+শেখর=চূড়া) ব্য,পুং, পর্ব্বত। [পুং, শূকর, বরাহ।

পৃথুস্কন্ধ, (পৃথু=বৃহৎ+স্কন্ধ=কাঁধ) ব্য,

পৃথূদর, (পৃথু+উদর=পেট ; ৬.হ) ব্য, পুং, মেষ। ণ, ত্রি, স্থূলোদর।

পৃথ্বী, (পৃথু=রাজাবিশেষ+ঈ ; কিম্বা প্রথ্=বিস্তৃত হওয়া+বি) ব্য, স্ত্রী, পৃথুরাজার রাজ্য, পৃথিবী, ধরিত্রী, হিঙ্গুপত্রী, কৃষ্ণজীরক, পুনর্নবা, স্থূলৈলা।

পৃদাকু, (পর্দ্দ্=অপান বায়ু ত্যাগকরা+আকু) ব্য, পুং, সর্প, বৃশ্চিক, ব্যাঘ্র, চিত্রক, চিতেবাঘ, কুঞ্জর, হস্তী, বৃক্ষ।

পৃশ্নি, (স্পৃশ্=স্পর্শকরা+নি) ণ, ত্রি, খর্ব্ব, বামন, ক্ষুদ্র, সূক্ষ্ম, পাতলা, দুর্ব্বল। ব্য, স্ত্রী, রশ্মি, কিরণ, সুতপোরাজপত্নী, যিনি জন্মান্তরে দেবকী হইয়াছিলেন, রত্ন, জলের পানা, পৃথিবী। [পানা।

পৃশ্নিকা, ব্য, স্ত্রী, কুম্ভিকা, জলের

পৃশ্নিগর্ভ, পৃশ্নিভদ্র, (পৃশ্নি=দেবকীর নামান্তর+গর্ভ=গর্ভস্থিত জীব ; পৃশ্নি =দেবকী+ভদ্র=ভাগ্য,শুভচিহ্ন) ব্য, পুং, কৃষ্ণ। [ব্য, পুং, কৃষ্ণ, গণেশ।

পৃশ্নিশৃঙ্গ, (পৃশ্নি=ক্ষুদ্র+শৃঙ্গ=চূড়া)

পৃশ্নী, ব্য, স্ত্রী, বারিপর্ণী, কুম্ভিকা, জলের পানা।

পৃষৎ, (পৃষ্=সেচনকরা+শতৃ) ব্য, ন, জল বা তরল বস্তুর বিন্দু। পুং,তী—স্ত্রী, মৃগবিশেষ। ণ, ত্রি, সিক্ত, প্রোক্ষিত।

পৃষৎক, (পৃষৎ=হরিণ+ক—যোগ্য) ব্য, পুং,হরিণ সদৃশ আশুগামী,বাণ, শর,তীর। [শ্বেতবিন্দুযুক্ত মৃগবিশেষ।

পৃষত,(পৃষ্+অত)ব্য,পুং,জলাদিরবিন্দু,

পৃষতাম্পতি,পৃষতাশ্ব, (পৃষৎশব্দের দ্বিতীয়ার বহুবচনে পৃষতাম্+পতি=প্রভু ; পৃষত=মৃগবিশেষ+অশ্ব=ঘোটক)ব্য, পুং, বায়ু।

পৃষতী, (পৃষৎ+ঈপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, হরিণীবিশেষ, শ্বেতবিন্দুযুক্তা মৃগী, অঞ্জন-শলাকা। [ব্য, পুং,বায়ু।

পৃষদশ্ব,(পৃষৎ=হরিণ+অশ্ব=ঘোটক)

পৃষদাজ্য, (পৃষৎ=তরল বস্তুর বিন্দু+আজ্য=ঘৃত) ব্য, ন, দধিমিশ্রিত ঘৃত। [বায়ুর অশ্ব, পবন।

পৃষদ্বল, (পৃষৎ=হরিণ+বল) ব্য,পুং,

পৃষস্তি, (পৃষ+অস্তি) ব্য, ন, জলাদির বিন্দু, কণা। [নগরী।

পৃষভাষা, ব্য, স্ত্রী, অমরাবতী, ইন্দ্র-

পৃষাকরা,ব্য,স্ত্রী,বাটখারা, ক্ষুদ্রশিলা।

পৃষাতক,(পৃষ=তরল বস্তুর বিন্দু+অৎ =গমনকরা, বা হওয়া+অ, ক) ব্য, ন, দধিযুক্ত ঘৃত।

পৃষোদর, (পৃষৎ=বিন্দু+উদর=পেট ; ৬.হ) ণ, ত্রি, বিন্দুগর্ভিত, শ্বেতচিত্রিতোদর, যাহার উদরে গোলাকার চিহ্ন আছে।

পৃষোদ্যান,(পৃষৎ+উদ্যান=বাগান ; ৎ=লোপ) ব্য, ন, সঙ্কীর্ণ উদ্যান, ছোট বাগান, ক্ষুদ্রোপবন।

পৃষ্ট, (প্রচ্ছ্=জিজ্ঞাসাকরা+ক্ত—চ) ণ, ত্রি, জিজ্ঞাসিত।

পৃষ্ঠ, (পৃষ্=সেচনকরা+থ) ব্য, ন, শরীরপশ্চাদ্ভাগ, পিঠ, বহির্দ্দিক, পাত, পৃষ্ঠা, চরমমাত্র।

পৃষ্ঠগ্রন্থি, (পৃষ্ঠ=পশ্চাদ্ভাগ+গ্রন্থি=গাঁইট) ব্য, পুং, কুঁজ, গড়্।

পৃষ্ঠচর, (পৃষ্ঠ+চর্=গমনকরা+অল্) ণ, ত্রি, পশ্চাদ্ভাগে স্থিত।

পৃষ্ঠচক্ষুঃ, (পৃষ্ঠ+চক্ষুস্=অক্ষি ; ৬.হ) ব্য, পুং, কর্কট, কাঁকড়া।

পৃষ্ঠতঃ, (পৃষ্ঠ+তস্) ব্য, পশ্চাদ্ভাগে, পেছনে, পৃষ্ঠদেশে। [দাঁড়া।

পৃষ্ঠদণ্ড, ব্য,ন, মেরুদণ্ড, পিঠের শির-

পৃষ্ঠদৃষ্টি, (পৃষ্ঠ+দৃষ্টি—দর্শন ; ৬ ষ্) ব্য, পুং, ভল্লুক, ভাল্লুক, ইহারা যাইতে যাইতে পশ্চাদ্ভাগে দৃষ্টি নিক্ষেপ করে।

পৃষ্ঠবংশ, (পৃষ্ঠ+বংশ—বাঁশ, ৬-ষ) ব্য, পুং, পৃষ্ঠাস্থি, পিঠের ডাঁড়া, কশেরু।

পৃষ্ঠবাট্,—ড্, (পৃষ্ঠ+বাহ্—যে বাহন করে) ব্য, পুং, যুগপার্শ্বগ বৃষ, যে বৃষ পিঠে বোঝা বহন করে, (প্রষ্ঠবাহ শব্দও হয়।)

পৃষ্ঠমাংসাদ, (পৃষ্ঠ—পিঠ+মাংস+অদ —ভক্ষণকরা+অল) ণ, ত্রি, পরোক্ষে অপবাদকারী, নিন্দুক, ঠক, পৃষ্ঠ মাংসভোজী।

পৃষ্ঠমাংসাদন,(পৃষ্ঠমাংস+অদন=ভক্ষক) ণ, ত্রি, পৃষ্ঠমাংসভোজী, পরোক্ষে দোষকীর্ত্তন। [টক।

পৃষ্ঠব্রণ, ব্য,ন, পৃষ্ঠদেশে উৎপন্ন স্ফো-

পৃষ্ঠশয়, (পৃষ্ঠ+শী+অন্) ণ, ত্রি, উত্তানশয়, ঊর্দ্ধমুখ।

পৃষ্ঠশৃঙ্গ, (পৃষ্ঠ=পশ্চাদ্ভাগ+শৃঙ্গ=শিং) ব্য, পুং, বন্যছাগল, যাহার শৃঙ্গ পৃষ্ঠের দিকে অবনত থাকে।

পৃষ্ঠশৃঙ্গী, (পৃষ্ঠ—পিঠ+শৃঙ্গ—শিং+ণিন্) ব্য, পুং, ভীমসেন, নপুংসক, ক্লীব, মহিষ, মেষ।

পৃষ্ঠাস্থিত, (পৃষ্ঠ+অস্থি—হাড+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে প্রাণীর পৃষ্ঠের ডাঁড়া আছে।

পৃষ্ঠোদয়, (পৃষ্ঠ+উদয়) ব্য, পুং, মেষ, বৃষ, কর্কট ধনু মকর ও মীন লগ্ন।

পৃষ্ঠ্য,(পৃষ্ঠ+য) ব্য,পুং, পৃষ্ঠ দ্বারা ভারবাহক অশ্ব। [রশ্মি।

পৃষ্ণি, ণ, ত্রি,প্রশ্নি ক্ষুদ্র। স্ত্রী, পার্ষ্ণি,

পেঁচ, (দেশজ) ব্য, ঘূর্ণিতকল, পাক।

পেচক, (পচ্—পাক করা, ব্যক্তকরা+ণক) ব্য, পুং, উলুক, পেঁচা, মধুমক্ষিকা, হস্তীর পুচ্ছমূল, স্ত্রীযোনি আচ্ছাদক মাংসপিণ্ড বিশেষ, পর্য্যঙ্ক, মেঘ।

পেচকী, (পেচক— হস্তীর পুচ্ছমূল+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, হস্তী।

পেচিল, (পেচক—হস্তীর পুচ্ছমূল+ইল—অস্ত্যর্থে ; পেচক—পেচ) ব্য, পুং, হস্তী।

পেচু, পেচুল—পুং, পেচুলী—স্ত্রী, (পিচ্—আঘাতকরা+উ, উল) ব্য, পুং, কচুশাক।

পেট—পুং, পেটিকা, পেটী—স্ত্রী, পেটক—পুং, ন, পেডা—স্ত্রী (পিট্—সংহত হওয়া+অ, ক) ব্য, বংশবেত্রাদি নির্ম্মিত সমুদ্গক প্রায়, পেটরা ঝাঁপি প্রভৃতি, সমূহ।

পেট, (পেটক শব্দজ) ব্য, উদর, জঠর, গর্ভ।

পেটরা, ব্য, পেটিকা, পেঁটেরা, পেঁড়া।

পেটসর্ব্বস্ব, (দেশজ) ব্য, ঔদরিক, পেটুক। [পেঁডা।

পেটাক, ব্য, পুং, পেটক, পেঁটরা,

পেটার্থী, (দেশজ) ব্য, পেটুক।

পেটুক, ণ, ত্রি, উদরম্ভরি, পেটসর্ব্বস্ব।

পেয়, (পা—পানকরা+য—চ) ব্য, ন, জল, দুগ্ধ, অষ্টবিধান্নান্তর্গত অন্নবিশেষ। ণ, ত্রি, পানীয়, পানযোগ্য, পাতব্য।

পেয়ূষ, (পীয—[সৌত্রধাতু] তৃপ্তকরা +উষ) ব্য, ন, পুং, নবপ্রসূতা গাভীর দুগ্ধ, পীযূষ, অমৃত, অভিনব ঘৃত।

পেরু, (পী—পানকরা+রু—সংজ্ঞার্থে) ব্য, পুং, অগ্নি, সূর্য্য, সমুদ্র, স্বর্ণেরুপর্ব্বত, ঢকা। [তাশ্ম, পেরজ।

পেরোজ, ব্য, ন, উপরত্নবিশেষ, হরি-

পেল, (পিল্—প্রেরণকরা বা পেল্—গমনকরা+অ) ব্য, ন, মুষ্ক, অণ্ডকোষ। পুং,ক্ষুদ্রাংশ, গমন, যাপন।

পেলব, (পেল—ক্ষুদ্রাংশ+বা—গমন করা+অন্) ণ, ত্রি, কৃশ, ক্ষীণ, কোমল, নরম, মৃদু, বিরল, সূক্ষ্ম।

পেশল, পৈষল, পেসল, (পিশ্=অবয়বীভূত হওয়া, পিষ=চূর্ণকরা, পিস্=গমনকরা+অল, কিম্বা পেশ+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, দক্ষ, চতুর, নিপুণ, চারু, সুন্দর, মনোহর, মৃদু, কোমল, ধূর্ত্ত। [রকেপোকা।

পেশস্কৃৎ, ষ্য, পুং, কীটবিশেষ, কুমী-

পেশি, (পিশ্+অবয়বীভূত হওয়া+ই-ঘ) ষ্য, পুং, বজ্র, শতকোটি। স্ত্রী, ডিম্ব, খড়্গাদিকোষ, খাপ, মাংসপিণ্ড, সুপক্ক মুকুল, নদীবিশেষ, পিশাচীবিশেষ।

পেশী, (পেশি+ঈপ—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, যে যন্ত্র দ্বারা ইচ্ছামাত্র দেহের ভিন্ন ভিন্ন প্রদেশের সঞ্চালনকার্য্য সম্পন্ন হয়, পেশী কেবল মাংসসমষ্টি মাত্র, ডিম্ব, মুকুল, খড়্গকোষ, নদীবিশেষ, পিশাচীবিশেষ, রাক্ষসীবিশেষ।

পেষণ, (পিষ্=চূর্ণকরা+অনট্) ষ্য, ন, মর্দ্দন, চূর্ণন, পেষণপাত্র, খলাদি, যন্ত্রপেষণী, ভেকাটাসিজ।

পেষণি,—ণী, (পিষ্=চূর্ণকরা+আন) ষ্য, স্ত্রী, পেষণযন্ত্র, শিল নোড়া, যাঁতা, গৃহকচ্ছপ। [কর্ণ, শ্রোত্র।

পৈঙ্গূষ, (পিঙ্গূষ+ষঞ্) ষ্য, পুং,

পৈঠর, (পিঠর=স্থালী+ষঞ্—পকার্থে) ণ, ত্রি, স্থালীপক্ব (মাংসাদি)।

পৈঠীনসি, ষ্য, পুং, মুনিবিশেষ।

পৈণ্ডিন্য, (পিণ্ড=অন্নাদির ডেলা+ইন্—অস্ত্যর্থে, ষ—ভাবে) ষ্য, স্ত্রী, ভিক্ষাবৃত্তি, যাচ্ঞাকরা, ভিক্ষুকতা।

পৈতা, (উপবীত শব্দজ) ষ্য, যজ্ঞোপবীত

পৈতামহ, (পিতামহ+ষ্ণ—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পিতামহসম্বন্ধীয়।

পৈতৃক, (পিতৃ+ক—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পিতৃ-পিতামহাদিসম্বন্ধীয়।

পৈতৃষস্রীয়, পৈতৃষস্রেয়, (পিতৃষসৃ=পিসী+ষ্ণীয়, ঢেয়—অপত্যার্থে) ষ্য, পুং, য়া, য়ী—স্ত্রী, পিতার ভগিনীর বা ভাগিনেয়ী।

পৈত্ত, পৈত্তিক, (পিত্ত+ষ্ণ, ষ্ণিক—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পিত্তসম্বন্ধীয়, পিত্তজন্যরোগ।

পৈত্র, পৈত্র্য, পৈত্রিক, (পিতৃ+ষ্ণ, ষ্ণ্য, ষ্ণিক—সম্বন্ধার্থে) ণ, ত্রি, পৈতৃক, পিতৃসম্বন্ধীয়। ষ্য, ন, পিতৃতীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ।

পৈত্রাহোরাত্র, (পৈত্র=পিতৃসম্বন্ধীয়+অহন্=দিবস+রাত্রি) ষ্য, পুং, পিতৃলোকের দিবারাত্র অর্থাৎ এক সমগ্র দিন, তাহা নরলোকের এক মাস।

পৈরববল্কল, ষ্য, পেরুদেশজাত সিঙ্কোন নামক গাছের ছাল, যাহা হইতে জগদ্বিখ্যাত মহৌষধ কুইনাইন্ প্রস্তুত হয়। [ঋগ্বেদী।

পৈল, ষ্য, পুং, ঋগ্বেদজ্ঞ মুনিবিশেষ;

পৈশাচ, (পিশাচ+ষ্ণ—সম্বন্ধার্থে) ষ্য, পুং, অষ্টপ্রকার বিবাহান্তর্গত অষ্টম বিবাহ, বলপূর্ব্বক বিবাহ, ছলপূর্ব্বক কন্যার পাণিগ্রহণ। ণ, ত্রি, পিশাচসম্বন্ধীয়, আসুরিক, দৈত্যোপযুক্ত।

পৈশুন্য, (পিশুন=খল+ষ্য—ভাবে, কর্ম্মণি) ষ্য, ন, সূচনা, খলতা, ধূর্ত্ততা, দশবিধপাপান্তর্গত বাক্যজ পাপবিশেষ।

পৈষ্টিক, (পিষ্ট+ষ্ণিক) ণ, ত্রি, পিষ্টক সম্বন্ধীয়। ষ্য, ন, পিষ্টকসমূহ, মদ্যবিশেষ। [বিশেষ, ধেনো মদ।

পৈষ্টী, (পিষ্ট+ষ্ণ, ঙীপ) ষ্য, স্ত্রী, মদ্য-

পো, (পুত্রশব্দজ) ষ্য, সন্তান।

পোঁচ, (দেশজ) ষ্য, লেপ, বালিচূণ।

পোঁচা, (দেশজ) হাতের কব্জা, পাঞ্জা।

পোঁটা, (দেশজ) ষ্য, নাড়ী, অন্ত্র, অাঁত, নাসিকার মল, সিক্নি।

পোঁদ, পোন্দা, (পায়ু শব্দজ) ষ্য, গুহ্যদেশ, পাছা, মলদ্বার।

পোকা, (দেশজ) ষ্য, কীট, কৃমি।

পোক্ত, (যবন ভাষা) ণ, পরিপক্ব, পাকা, কঠিন, শক্ত, দৃঢ়।
পোগণ্ড, (অপ=না, অপকৃষ্ট+গম=গমনকরা+ড ; অপ=পো) ণ, ত্রি, বিকলাঙ্গ, অপোগণ্ড, স্বভাবতঃ ন্যূনাধিকাঙ্গ। ষ্য, পুং, ৫ অবধি ১৫ বর্ষের শিশু।
পোট, (পুট্=মিলিত হওয়া+ঘঞ্) ষ্য, পুং, সংশ্লেষ, স্পর্শ, মিলন, বেশ্মভূমি, গৃহভূমি।
পোটগল, (পোট=[বায়ুর সহিত] মিলন+গল=গমনকরা+অল) ষ্য, পুং, যে বায়ুর সহিত গমন করে, অর্থাৎ বায়ুভরে তরঙ্গিত হয়, খাগড়া, নল, কেশে, মৎস্য।
পোটা, (পুট্=সংযুক্ত হওয়া+ঘঞ্ আ) ষ্য, স্ত্রী, যে স্ত্রী পুরুষের লক্ষণ-বিশিষ্ট হয়, স্ত্রীপুংসলক্ষণা, শ্মশ্রুবিশিষ্টা স্ত্রী, যে স্ত্রীর দাড়ী আছে।
পোটিক, (পোট+ষ্ণিক) ষ্য, পুং, বিস্ফোটক, ফোড়া।
পোট্টলিকা, পোট্টলী, ষ্য, স্ত্রী, বস্ত্রবদ্ধ দ্রব্য, গাঁঠরি, পুঁটুলি।
পোড়, (দেশজ) ষ্য, দাহ।
পোড়ন, (দেশজ) ষ্য, দহন, জ্বলন।
পোড়া, (দেশজ) ণ, দগ্ধ, কৃতদাহ।
পোড়াকপালিয়া, (দেশজ) ণ, হতভাগা, মন্দভাগ্য। [ভাগ।
পোড্রু, ষ্য, পুং, ললাটাস্থির অধো-
পোত, (পূ=পবিত্রকরা+ক্ত) ষ্য, পুং, শিশু, শাবক, বহিত্র, নৌকাদিজলযান, জাহাজ, গৃহনির্ম্মাণস্থান, পোতা, বস্ত্র, কাপড়, দশমবর্ষ বয়স্ক হস্তী।
পোতকী, পোতিকা, (পূত [নামধাতুজ]=দুর্গন্ধ হওয়া+অক) ষ্য, ন, পুঁইশাক, শ্যামাপক্ষী।
পোতজ, ষ্য, পুং, হস্তী, অশ্ব।
পোতনায়ক, (পোত=নৌকাজাহাজাদিজলযান+নায়ক=চালক) ষ্য, পুং, পোতাধ্যক্ষ, জাহাজাদির কাপ্তেন।
পোতরক্ষ, (পোত=নৌকাদি+রক্ষ্=রক্ষাকরা+অণ) ষ্য, পুং, নৌকা প্রভৃতির হাইল।
পোতবণিক্, পোতবণিজ্, (পোত=নৌকা+বণিক্=বেণে, ৬-ষ) ষ্য, পুং, সাংযাত্রিক, জলপথে বাণিজ্যকারী।
পোতবাহ, (পোত+বহ্=বহনকরা +ঘঞ্—ষ, ২-ষ) ষ্য, পুং, নাবিক, দাঁড়িমাঝী, নিয়ামক।
পোতবাহক, (পোত+বহ্+ণক) ষ্য, পুং, নাবিক, নৌবাহক, দাঁড়ি।
পোতা, (পূ=পবিত্রকরা+তৃন্—ষ) ষ্য, পুং, যজ্ঞাদিকার্য্যে দীক্ষিত পুরোহিতবিশেষ, ঋত্বিক্, বিষ্ণু। (দেশজ) মুষ্ক, অণ্ডকোষ।
পোতাচ্ছাদন, (পোত=বস্ত্র+আচ্ছাদন=আবরণ) ষ্য, ন, বস্ত্রগৃহ, তাঁবু, চন্দ্রাতপ, চাঁদোয়া।
পোতাধান, (পোত+আধান=গ্রহণ) ষ্য, ন, ক্ষুদ্রমৎস্যসমূহ, পোনার ঝাঁক, মাছের ডিম।
পোতাধিষ্ঠাননগর, ষ্য, যে স্থানে জাহাজাদি নোঙর করিয়া থাকে তাহার সন্নিহিত নগর, বন্দর।
পোতিকা, ষ্য, স্ত্রী, পুতিকা শাক, পুঁইশাক, শতপুষ্পী।
পোতাশ্রয়, ষ্য, যে স্থানে জাহাজাদি নিরাপদে নোঙর করা থাকে। (Harbour.)
পোত্র, (পূ=পবিত্রকরা+ত্র) ষ্য, ন, শূকরের মুখাগ্র, শূকরের থুথনি, হলমুখ, লাঙ্গলের ফাল, ক্রোড়, বজ্র, বহিত্র। [পুং, বরাহ, শূকর।
পোত্রায়ুধ, (পোত্র+আয়ুধ=অস্ত্র) ষ্য,
পোত্রী, (পোত্র+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, শূকর, বরাহ। [বিশেষ।
পোদ, (দেশজ) ষ্য, বর্ণসঙ্কর জাতি-
পোদ্দার, (যবনভাষা) ষ্য, বণিক,

বেশে। [পাবক, মাছের ছানা।
পোনা, (দেশজ) ব্য, ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্য
পোয়া, (দেশজ)ব্য,সেরের চতুর্থাংশ।
পোয়াতি, (প্রসূতি শব্দজ) ব্য, নব-প্রসূতা স্ত্রী, গর্ভিণী, অন্তঃসত্ত্বা।
পোয়ান, (দেশজ) ব্য, ঘটা দি-দাহ-স্থান, কুম্ভকারের পোন, অগ্নি বা সূর্য্যের উত্তাপ সেবন।
পোয়াল, (পলাল শব্দজ) ব্য,বিচালি, খড়।
পোলিকা, পোলী, ব্য, স্ত্রী, পিষ্টক-বিশেষ, পূপিকা, পাতলা রুটি।
পোলিন্দ, ব্য, পুং, নৌকার অবয়ব বিশেষ।
পোলো, (দেশজ) ব্য, বড় মাছ ধরিবার টেঁটা।
পোষ-পুং, পোষণ,—ন,(পুষ্-পালন-করা+ঘঞ, অনট্—ভাব) ব্য, পালন, বর্দ্ধন।
পোষক, (পুষ+ণক—ষ) ণ, ত্রি, পালক, পোষণকারী, বাক্যের সাহায্যকারী।
পোষণপ্রবাহ,ব্য,যে শক্তি দ্বারা ভুক্ত-দ্রব্য রক্তরূপে পরিণত হইয়া শরীরের পুষ্টিসম্পাদনকরে।(Nutritive Strength.)
পোষয়িষ্ণু, (পোষি=পালনকরান+ইষ্ণু—ষ) ণ,ত্রি, পোষণকর্ত্তা। ব্য, পুং, কোকিল, ভর্ত্তা।
পোষা, (দেশজ)ণ, পালিত, বশীভূত।
পোষ্টা, (পুষ্=পালনকরা+তৃন্—ষ) ণ, ত্রি, প্রতিপালক, পোষণকর্ত্তা।
পোষ্য, (পুষ্=পালনকরা+য—চ) ণ, ত্রি,পোষণীয়,প্রতিপাল্য, ভৃত্য।
পোষ্যপুত্র, (পোষ্য+পুত্র) ব্য, পুং, দত্তকপুত্র, পুষ্যিপুত্র।
পোষ্যবর্গ, (পোষ্য+বর্গ=শ্রেণী) ব্য, পুং, প্রতিপালনীয়গণ, যাহাদিগকে প্রতিপালন করিতে হয়,পিতা মাতা সন্তান অতিথি প্রভৃতি, পরিবার, অনুচর, ভৃত্য।
পোস্ত, (যাবনিক) ব্য, আফিঙ্গের গাছ, আফিঙ্গের বীজ।
পোস্তা, (যাবনিক) দুর্গ, গড়বন্দি।
পৌংসবন,(পুংসবন+ষ্ণ—স্বার্থে) ব্য, ন, পুংসবন সংস্কার।
পৌংস্ন, (পুম্স্=পুরুষ+স্ন—ভাবে) ব্য, ন, পুংত্ব, পুরুষত্ব।
পৌগণ্ড, (পোগণ্ড+ষ্ণ) ব্য, ন, অবস্থাবিশেষ, পোগণ্ডাবস্থা।
পৌণ্ড্র, (পুণ্ড্র+ষ্ণ) ব্য, পুং, পুণ্ড্র-দেশ, চন্দেলনামে খ্যাত, তদ্দেশীয় লোক, ভীমসেনের শঙ্খ, ইক্ষুভেদ, পুঁড়ি আক।
পৌণ্ড্রক, পৌণ্ড্রুক, (পৌণ্ড্র+ক—যোগ, পুণ্ড্র+ষ্ণিক) ব্য, পুং, পুঁড়ি-আক, জাতিবিশেষ, পুঁড়ো, সেবা, মধু।
পৌতব, (পু=শুদ্ধ করা+তু, অ—যোগ) ব্য, ন, পরিমাণ।
পৌত্তলিক, (পুত্তলি+ষ্ণিক—) ণ, ত্রি, সাকারদেব দেবীপ্রতিমাপূজক, পুত্তলিপূজক।
পৌত্র, (পুত্র+ষ্ণ—অপত্যার্থে) ব্য, পুং. স্ত্রী—ত্রী, পুত্রের পুত্র বা কন্যা, নাতি বা নাতিনী।
পৌনঃপুনিক, (পুনঃপুনর্+ষ্ণিক) ণ, ত্রি, পুনঃপুনর্জাত, যাহা একরূপে বারম্বার উৎপন্ন হয়, অঙ্কশাস্ত্রে দশমিকের এক অংশ।
পৌনঃপুন্য, (পুনর্+য—বিত্ত) ব্য, ন, পুনঃ পুনঃ, বারম্বার।
পৌনরুক্ত, (পুনরুক্ত+ষ্ণ—ভাবে)ব্য, ন, পুনঃকথন, দ্বিরুক্তি, পুনরুচ্চারণ, দ্বৈগুণ্য।
পৌনর্ভব, (পুনর্ভূ+ষ্ণ—অপত্যার্থে) ব্য, পুং, দ্বাদশবিধ পুত্রান্তর্গত পুত্র-বিশেষ, পুনর্ভূ হৃত, দ্বিরূঢ়া পুত্র,

দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রীর পুত্র।

পৌর, (পুর+ষ্ণ—ভবার্থে) ব্য, পুং, পুরবাসী, নাগরিক, নাগরজন। ন, রোহিষতৃণ, নাবকর্পূর।

পৌরক, (পৌর—নাগরজন+ক—যোগ) ব্য, পুং, বাটীর বহিঃস্থিত উদ্যান, নিকুট।

পৌরব, (পুরু+ষ্ণ—অপত্যার্থে) ণ, ত্রি, পুরুবংশীয়, পুরুবংশোদ্ভূত।

পৌরস্ত্য, (পুরস্—পূর্ব্বে+ত্য—ভবার্থে) ণ, ত্রি, প্রথম, আদ্য, অগ্রেভব, পূর্ব্বদেশীয়, প্রাচ্য।

পৌরাণিক, (পুরাণ+ষ্ণিক—জ্ঞাতার্থে) ব্য, পুং, পুরাণশাস্ত্রবিদ্। ণ, ত্রি, পুরাণসম্বন্ধীয়, পূর্ব্বকালীন।

পৌরুষ, (পুরুষ+ষ্ণ—ভাবে, কর্ম্মণি) ব্য, ন, পুরুষত্ব, মনুষ্যত্ব, পরাক্রম, তেজঃ, সাহস, উদ্যম, নিজ উদ্যোগের ফল, ঊর্দ্ধ-পাণি, পুরুষপরিমাণ। ণ, ত্রি, পুরুষসম্বন্ধীয়, পুরুষপরিমিত।

পৌরুষেয়, (পুরুষ+ষ্ণেয়) ণ, ত্রি, পুরুষকৃত, মানুষিক। ব্য, পুং, পুরুষসমূহ, হত্যা।

পৌরোগব, (পুরোগু [পুরস্—অগ্রে+গো—নেত্র ; ৬.ত]—যাহার সর্ব্বাগ্রে পাচ্যদ্রব্যে দৃষ্টি+অল্) ব্য, পুং, স্ত্রী, পাকশালাধ্যক্ষ।

পৌরোভাগ্য, (পুরোভাগিন্+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, দোষমাত্র দর্শন।

পৌরোহিত্য, (পুরোহিত+ষ্ণ্য—ভাবে, কর্ম্মণি) ব্য, ন, পুরোহিতের কর্ম্ম, যাজনক্রিয়া।

পৌর্ণমাস, (পৌর্ণমাসী+ষ্ণ—ভবার্থে) ব্য, পুং, পূর্ণিমা তিথিতে কর্ত্তব্য যাগবিশেষ। [ব্য, স্ত্রী, পূর্ণিমা তিথি।

পৌর্ণমাসী, (পূর্ণমাস—পূর্ণচন্দ্র+ষ্ণ, ঈপ)

পৌর্ব্বাহ্নিক, (পূর্ব্বাহ্ণ+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, পূর্ব্বাহ্ণসম্বন্ধীয়, প্রাতঃকালীন।

পৌলস্ত্য, (পুলস্ত্য+ষ্ণ—অপত্যার্থে) ব্য, পুং, পুলস্ত্য-সন্তান—কুবের, রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ। স্ত্রী—ঈ, শূর্পণখা, রাবণভগ্নী।

পৌলি, ব্য, পুং, আয়তপাকযবতণ্ডুলাদি, যে সকল শস্য ভর্জ্জন সময়ে চুট্‌চুট্ শব্দ করিতেছে।

পৌলোমী, (পুলোমন্+ষ্ণ—অপত্যার্থে) ব্য, স্ত্রী, শচী, ইন্দ্রাণী।

পৌষ, (পৌষী+ষ্ণ—যুক্তার্থে) ব্য, পুং, যাহাতে পুষ্য-নক্ষত্রযুক্তা পূর্ণিমা আছে, দ্বাদশ মাসান্তর্গত নবম মাস। ষী—স্ত্রী পুষ্যনক্ষত্রযুক্তা পৌর্ণমাসী, পৌষী পূর্ণিমা।

পৌষ্টিক, (পুষ্টি+ষ্ণিক) ণ, ত্রি, ধাতুপোষক, পুষ্টিবর্দ্ধক। ব্য, ন, ক্ষৌরসময়ে গাত্রাবরক বস্ত্রবিশেষ, কাবাই, আহার, ভোজন।

পৌষ্প, (পুষ্প+ষ্ণ) ণ, ত্রি, পুষ্প রচিত, পুষ্পসম্বন্ধীয়।

পৌষ্পী, ব্য, স্ত্রী, পাটলিপুত্র নগর।

প্র, (প্রথ—বিখ্যাত হওয়া+ড) উপঃ, ব্য, গতি, আরম্ভ, উৎকর্ষ, সর্ব্বতোভাবে, প্রাথম্য, খ্যাতি, উৎপত্তি, ব্যবহার।

প্রকট, প্রকটিত, (প্র+কট—[গমনকরা] প্রকাশকরা+অল্, ক্ত—চ) ণ, ত্রি, প্রকাশিত, ব্যক্ত, স্পষ্ট, প্রচারিত, বিক্ষিপ্ত।

প্রকটীকৃত, (প্রকট+কৃত—করা হইয়াছে ; মধ্যে ঈ—আগম) ণ, ত্রি, ব্যক্তীকৃত, প্রকাশিত, স্পষ্টীকৃত।

প্রকম্পন, (প্র—অধিক+কম্প—কাঁপা+অনট—ভাব) ব্য, পুং, বায়ু, অনিল, নরকবিশেষ। ন, অতিশয় কম্পন। ণ, ত্রি, বেপমান।

প্রকর, (প্র+কৃ—করা+অল্) ব্য, পুং, সমূহ, পুষ্পাদির স্তবক, সহায়তা, অধিকার, আগার, অগোরু,

প্রকাণ্ডল। ন, অণ্ডজ। ণ, ত্রি, বিকীর্ণ পুষ্পাদি।

প্রকরণ, (প্র+কৃ=করা+অনট্—ভাব) ব্য, ন, অভিনেয়, প্রকার, রূপক, প্রস্তাব, প্রসঙ্গ, নাট্যগ্রন্থবিশেষ, গ্রন্থাংশ, গ্রন্থসন্ধি, অধ্যায়, পরিচ্ছেদ, পাদ, একার্থাবচ্ছিন্ন সূত্র সমূহ, বিষয়। ণী—স্ত্রী, উপরূপক।

প্রকরী, (প্রকর+ঈপ) ব্য, স্ত্রী, নাট্যাঙ্গ, চত্বর, উঠান।

প্রকশ, (প্র+কশ্=আঘাতকরা+অল) ব্য, পুং, মারণ, পীড়ন।

প্রকর্ষ, (প্র=অধিক+কৃষ্=আকর্ষণ করা+অল) ব্য, পুং, উৎকর্ষ, আধিক্য, তীব্রতা, সমগ্র, প্রাধান্য।

প্রকাণ্ড, (প্র=প্রকৃষ্ট+কাণ্ড=গুঁড়ি) ব্য, পুং—ন, বৃক্ষের মূল হইতে স্কন্ধ পর্য্যন্ত, গাছের গুঁড়ি, শাখা, ডাল। ণ, ত্রি, অত্যুত্তম, স্থূথী, বৃহৎ, বড়। ন, শব্দের পরে প্রযুক্ত হইলে প্রশস্তার্থ-বোধক।

প্রকাণ্ডর, (প্রকাণ্ড=গাছের গুঁড়ি+রা=পাওয়া+ড, অথবা প্রকাণ্ড+র—অস্ত্যর্থে) ব্য, পুং, বৃক্ষ।

প্রকাম, (প্র=অধিক+কম্=বাঞ্ছাকরা+ঘঞ) ণ, ত্রি, যথেষ্ট, পর্য্যাপ্ত, অত্যন্ত। [যথেষ্ট।

প্রকামম্, ব্য, যথেপ্সিত, স্বেচ্ছাপূর্ব্বক,

প্রকার, (প্র+কৃ=করা+ঘঞ—ভাব) ব্য, পুং, ভেদ, সাদৃশ্য। ন, ধারা, রীতি, বিধা, রকম, মত।

প্রকারান্তর, (প্রকার+অন্তর=ভিন্ন, ৫-ব) ব্য, ন, অন্য প্রকার, অন্যবিধ।

প্রকাল, (প্র—প্রকৃষ্ট+কাল, কর্ম্মধা) ব্য, পুং, বহুকাল, উত্তম সময়।

প্রকাশ, (প্র=অধিক+কাশ্=দীপ্তি পাওয়া+অল) ব্য, পুং, ন, কাংস্য, দীপ্তি, আলোক, রৌদ্র, আতপ, অনাবৃত, প্রকটন, বিস্তার, শোভা, বিকাশ, প্রস্ফুটন, জ্ঞান। ণ, ত্রি, সদৃশ, প্রস্ফুটিত, বিকসিত, প্রকট, বিখ্যাত, আবিষ্কৃত, বিস্তারিত, স্পষ্ট, ব্যক্ত, সাধারণ।

প্রকাশক, (প্র+কাশ্+ণক—ষ) ণ, ত্রি, প্রকাশকারী, যে প্রকাশ করে।

প্রকাশজ্ঞাতা, (প্রকাশ=প্রাতঃকাল+জ্ঞাতা=যে জানে) ব্য, পুং, কুক্কুট।

প্রকাশন, (প্র+কাশ্+অনট—ভাব) ব্য, ন, প্রকাশকরণ।

প্রকাশাত্মা, (প্রকাশ=দীপ্তি+আত্মন্=আপনি; ১-হ) ব্য, পুং, যিনি দীপ্তিময় তেজঃস্বরূপ, সূর্য্য, ঈশ্বর। ণ, ত্রি, ব্যক্তস্বভাব।

প্রকাশিত, (প্র+কাশ্+ক্ত—ষ) ণ, ত্রি, শোভিত, দীপিত, প্রস্ফুটিত, প্রকটিত, আবিষ্কৃত, উদ্ভাবিত, দর্শনযোগ্য।

প্রকাশ্য, (প্র+কাশ্+য—ট) ণ, ত্রি, দর্শনীয়, প্রচারের উপযুক্ত, প্রকাশ করিবার যোগ্য।

প্রকীর্ণ, (প্র+কৄ=বিক্ষেপকরা+ক্ত—ট) ব্য, ন, গ্রন্থবিচ্ছেদ, অধ্যায়, পরিচ্ছেদ, চামর, নানাবিষয়িণী সূত্রমালা। ণ, ত্রি, বিক্ষিপ্ত, ছড়ান, বিস্তৃত, প্রসারিত, প্রচারিত, প্রকটিত, অসম্বদ্ধ, মিশ্রিত, উৎসর্পিত।

প্রকীর্ণক, (প্রকীর্ণ+ক—স্বার্থে) ব্য, ন, চামর, গ্রন্থবিচ্ছেদ, বিস্তার, পাপবিশেষ। পুং, ঘোটক।

প্রকীর্ত্তিত, (প্র+কৄৎ=কীর্ত্তনকরা+ক্ত—ট) ণ, ত্রি, বর্ণিত, কথিত, বিখ্যাত, প্রসিদ্ধ।

প্রকুপিত, (প্র=অধিক+কুপ=রাগান্বিত হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, অতিশয় ক্রুদ্ধ, অতি রুষ্ট।

প্রকুল, (প্র=প্রশস্ত+কুল=দেহ) ব্য, ন, প্রশস্তবপুঃ, মনোহর দেহ।

প্রকৃত, (প্র+কৃ=[illegible]+ক্ত—ট) ণ,

ত্রি, নির্ম্মিত, রচিত, প্রস্তাবিত, অবিকৃত, যথার্থ,বাস্তবিক, প্রক্রান্ত, অধিকৃত, স্বাভাবিক, আরব্ধ, শুদ্ধ, প্রয়োজনীয়, অবশ্য, অভিপ্রেত।

প্রকৃতি,(প্র=প্রথম+কৃ=করা+ক্তি) ব্য, স্ত্রী, স্বভাব, যৌনি, স্ত্রীলিঙ্গ, সুহৃদ্, রাষ্ট্র, শিল্প, শক্তি, যোষিৎ, স্ত্রী, জীবাত্মা, পরমাত্মা, পঞ্চভূত, ঈশ্বরসৃষ্ট যাবতীয় পদার্থের সাধারণ নাম, কারণ, গুহ্য, জন্তু. একবিংশত্যক্ষরাত্মক ছন্দোবিশেষ,মাতা, ব্যাকরণে শব্দ ও ধাতু, সত্ত্বরজস্তমোগুণের সাম্যাবস্থা, মায়া শক্তি, চৈতন্য, মায়ানামক শক্তি; স্বামী মন্ত্রী সহায় ধন দেশ দুর্গ ও সৈন্য এই সাত প্রকার রাজ্যাঙ্গ।

প্রকৃতিসিদ্ধ, ণ, ত্রি, স্বভাবজাত।

প্রকৃষ্ট, (প্র+কৃষ+ক্ত)ণ, ত্রি, প্রশস্ত, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট, মুখ্য।

প্রকোষ্ঠ, (প্র+কুশ্=সংলগ্ন হওয়া+ ঠ—সংজ্ঞার্থে)ব্য,পুং,অগ্রবাহু, মণিবন্ধ,কনুইয়ের অধোদেশ হইতে মণিবন্ধ পর্য্যন্ত বাহুভাগ, দ্বারের অংশ বিশেষ, মহল।

প্রক্রমী, (প্র=অধিক,প্রথম+ক্রম= গমনকরা+ণিন—ষ)ণ,ত্রি,প্রক্রমকারী

প্রক্রম, (প্র+ক্রম্+অল—ভাব) ব্য, পুং, প্রথমারম্ভ, উপক্রম, অনুষ্ঠান, গমন, অবসর, অতিক্রমণ।

প্রক্রান্ত, (প্র+ক্রম্+ক্ত—চ) ণ,ত্রি, আরব্ধ, উৎক্রান্ত, গত, প্রকরণস্থ, অতিক্রান্ত।

প্রক্রিয়া, (প্র+কৃ=করা+য,আপ)ব্য, স্ত্রী,নৃপাদির চামর ব্যজন রাজছত্রাদিধারণাদিব্যাপার, প্রকরণ, অধিকার,নিয়তবিধি, প্রয়োগ,অনুষ্ঠান।

প্রক্লিন্ন, (প্র=আধিক্য+ক্লিদ্=আর্দ্র হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, পরিতৃপ্ত, আর্দ্র, স্নেহযুক্ত।

প্রক্কণ, প্রক্কাণ, (প্র=প্রধান+ক্কণ= শব্দকরা+অল, ঘঞ) ব্য. পুং, বীণাধ্বনি, শব্দ।

প্রক্ষালন, (প্র=সম্পূর্ণরূপে+ক্ষালি= ধৌতকরা+অনট—ভাব) ব্য, ন, ধৌতকরণ, পরিষ্করণ।

প্রক্ষালিত, (প্র+ক্ষালি+ক্ত—চ) ণ, ত্রি, ধৌত, পরিষ্কৃত।

প্রক্ষিপ্ত, (প্র+ক্ষিপ=ক্ষেপণকরা+ ক্ত—চ) ণ, ত্রি, বিন্যস্ত, নিক্ষিপ্ত।

প্রক্ষেপ—পুং, প্রক্ষেপণ—ন, (প্র+ ক্ষিপ্+ঘঞ, অনট) ব্য, নিক্ষেপ, বিন্যাস, ফেলা।

প্রক্ষেপিকা, (প্র+ক্ষিপ+ণক—আপ) ব্য, স্ত্রী, যে শক্তি দ্বারা কোন পদার্থ নিক্ষিপ্ত হয়।

প্রক্ষ্বেড়ন, প্রক্ষ্বেদন, (প্র=সর্ব্বতোভাবে+ক্ষ্বিড়, ক্ষ্বিদ্=মুক্তকরা+অনট)ব্য,ন,নারাচ অস্ত্র,লৌহময় শর।

প্রখর, (প্র=অধিক+খর=তীক্ষ্ণ) ণ, ত্রি, অত্যুষ্ণ, তীক্ষ্ণ,কটু, তীব্র, চতুর। ব্য, পুং, অশ্বসজ্জা, কুকুর, অশ্বতর।

প্রখরজ্যোতিঃ, (প্রখর+জ্যোতিস্= দীপ্তি; ৬.হ) ব্য,পুং,তিগ্মরশ্মি,সূর্য্য।

প্রখ্য, (প্র+খ্যা-বলা+ড) ণ, ত্রি, তুল্য, সদৃশ, প্রকার।

প্রখ্যা, (প্র+খ্যা=বলা+অ—ভাব) ব্য, স্ত্রী, সাদৃশ্য, খ্যাতি।

প্রখ্যাত, (প্র=অধিক+খ্যা=বলা+ ক্ত—চ) ণ, ত্রি, বিখ্যাত, প্রসিদ্ধ, যশস্বী, পরিতুষ্ট।

প্রখ্যাতবপ্তৃক,(প্রখ্যাত+বপ্তৃ=পিতা +কন্) ব্য, পুং, ভদ্রলোক, সদ্বংশসম্ভূত।

প্রগণ্ড, (প্র=প্রধান+গণ্ড=অংশ) ব্য, পুং, কনুই অবধি বগল পর্য্যন্ত বাহুভাগ, বাহুর উপরিভাগ। ডী— স্ত্রী, দুর্গভিত্তি, বাহিরের প্রাচীর, শিবির।

প্রগত, (প্র+গত=গিয়াছে) ণ, ত্রি, বহির্গত, পৃথগ্‌ভূত, প্রস্থিত, বিস্তৃত, বৃদ্ধিপ্রাপ্ত।

প্রগতজানু, প্রগতজানুক, (প্রগত=পৃথগ্‌ভূত+জানু=হাঁটু, ৬-হ; ক—স্বার্থে) ণ, ত্রি, বক্রপদবিশিষ্ট, খঞ্জপাদ, যে; ব্যক্তির পদদ্বয় অধিক বিশ্লিষ্ট।

প্রগমন, (প্র+গম্‌=গমনকরা+অনট্‌) ব্য, ন, উন্নতি, দূরে গমন, বিবাদ, কলহ।

প্রগল্‌ভ, (প্র—অধিক+গল্‌ভ্‌=অহংকারী হওয়া+অল্‌) ণ, ত্রি, উদ্ধত, প্রত্যুৎপন্নমতি, প্রতিভাবিত, দাম্ভিক, নির্লজ্জ, সাহসী, অহংকৃত, অক্ষুব্ধ, বাগ্মান্‌, সমর্থ, দৃঢ়, শ্রেষ্ঠ, প্রধান, নির্ভীক, উৎসাহী, অবিনীত। -ল্‌ভা-স্ত্রী, নায়িকাবিশেষ।

প্রগল্‌ভতা, (প্রগল্‌ভ+তা—ভাবে) ব্য, স্ত্রী, ঔদ্ধত্য, নির্লজ্জতা, প্রতিভা, উদ্যম, উৎসাহ, অধ্যবসায়, অক্ষোভ, অভিযোগ, দম্ভ, অহঙ্কার, বল, সামর্থ্য, প্রাধান্য, প্রাতিকূল্য।

প্রগাঢ়, (প্র+গাঢ়=অধিক) ণ, ত্রি, অধিক, অতিশয়, দৃঢ়, কৃচ্ছ্র, কঠিন, নিবিড়।

প্রগাতা, (প্র=অত্যুত্তম+গাতৃ=যে গান করে) ণ, ত্রি, উত্তম গায়ক।

প্রগুণ, (প্র=প্রকৃষ্ট+গুণ; ৬-হ) ণ, ত্রি, প্রকৃষ্টগুণশালী, দক্ষ, সরল, অকপট, ঋজু, অনুকূল, সাধু।

প্রগৃহ্য, (প্র+গ্রহ্‌=গ্রহণকরা+য) ব্য, ন, ব্যাকরণের পদ, সন্ধিরহিত-পদ, গ্রহণযোগ্য।

প্রগে, (প্র+গৈ=গানকরা+এ) ব্য, প্রাতঃ, প্রত্যূষ, প্রভাতকাল।

প্রগেতন, (প্রগে+তন—ভবার্থে) ণ, ত্রি, প্রাতঃকালীন, প্রাতর্ভব, প্রাভাতিক।

প্রগ্রহ, প্রগ্রাহ, (প্র+গ্রহ্‌=গ্রহণকরা+অল্‌, ঘঞ্‌) ব্য, পুং, তুলাসূত্র, নিক্তি প্রভৃতির দড়ী, অশ্বাদির লাগাম, রজ্জু, বন্ধন, বন্দী, কয়েদী, হস্ত, কিরণ, রশ্মি, কর্ণিকারবৃক্ষ, গ্রহণ, পুরস্কার।

প্রগ্রীব, (প্র=অত্যুত্তম+গ্রীবা) ব্য, পুং, ন, যাহা গৃহের গ্রীবার স্বরূপ, বাতায়ন, গবাক্ষ, বারাণ্ডা, বিশ্রামার্থ গৃহ, বৃক্ষের উপরিভাগ, অশ্বশালা। [ণ, ত্রি, শ্রান্ত, পরিশ্রমযুক্ত।

প্রগ্ন, (প্র+গ্লৈ=ক্ষয় পাওয়া+ক্ত)

প্রঘণ, প্রঘাণ, (প্র+হন—[পাদ দ্বারা] আঘাতকরা+অল্‌, ঘঞ্‌) ব্য, পুং, অলিন্দ, বাটীর সম্মুখস্থ বাঁধান উঠান, তাম্রকুণ্ড, লৌহময় মুদ্গর, বহির্দ্বার, প্রকোষ্ঠ, গাড়ীবারাণ্ডা।

প্রঘস, (প্র—অধিক+অদ্‌=ভক্ষণকরা+অল্‌; অদ স্থানে ঘস আদেশ) ব্য, পুং, অসুর, দৈত্য।

প্রঘাত, (প্র=প্রচণ্ডবেগে+ঘাত=আঘাত) ব্য, পুং, যুদ্ধ, রণ।

প্রঘূর্ণ, (প্র=প্রকৃষ্টরূপে+ঘূর্ণ=ঘোরা+অল্‌) ব্য, পুং, অতিথি, অতিশয় ঘূর্ণন।

প্রঘোষক, (প্র—অধিক+ঘোষ=শব্দ+ক) ব্য, পুং, ধ্বনি, শব্দ, নিনাদ, নির্ঘোষ।

প্রচক্র, (প্র+চক্র=সৈন্যবিভাগ) ব্য, ন, চলিত সেনা, যে সকল সৈন্য যাইতে আরম্ভ করিয়াছে।

প্রচক্ষাঃ, (প্র+চক্ষ্‌=বলা+অস্‌—সংজ্ঞার্থে) ব্য, পুং, বৃহস্পতি।

প্রচণ্ড, (প্র—অধিক+চণ্ড=উগ্র) ণ, ত্রি, অত্যুগ্র, তীব্র, প্রখর, অসহ্য, দুর্বিসহ, ভয়ঙ্কর, অতিকোপন, দুর্বহ, দুর্দ্ধর্ষ, উদ্ধত, প্রগল্‌ভ, পরাক্রান্ত, প্রবল, প্রতাপশালী। ব্য, পুং, শ্বেতকরবীর বৃক্ষ।

প্রচণ্ডা, ব্য, স্ত্রী, দুর্গার অষ্টনায়িকান্তর্গত

ঋষিবিশেষ, তাঁহার অনেক স্ত্রী, প্রেতপূর্ব্বা।
প্রচয়, (প্র+চি=একত্রকরা+অল্) ষ্য, পুং, সমূহ, জমাট, বৃদ্ধি, স্ফীতি।
প্রচর, (প্র+চর্=গমনকরা+অল্) ষ্য, পুং, বর্ত্ম, পথ, গমন, ধারা, রীতি।
প্রচরদ্রূপ, (প্রচরৎ+রূপ) ণ, ত্রি, প্রচারিত, সর্ব্বত্র চলিত, ব্যক্তরূপ, প্রচারবিশিষ্ট, প্রসিদ্ধ।
প্রচলন, (প্র+চল্=গমনকরা+অনট্—ভাব) ষ্য, ন, প্রচার, চলন, ব্যবহার।
প্রচলাক, (প্র+চল্=গমনকরা+আকন্) ষ্য, পুং, ময়ূরপুচ্ছ, শিখণ্ড, শরাঘাত, ভুজঙ্গ।
প্রচলাকী, (প্রচলাক—ময়ূরপুচ্ছ+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, ময়ূর, সর্প, ধানুক।
প্রচলায়িত, (প্র+চলায় [নাম ধাতু] =গমনকরান+ক্ত) ণ, ত্রি, নিদ্রাদি দ্বারা বিঘূর্ণিত।
প্রচলিত, (প্র+চল্=গমনকরা+ক্ত—য) ণ, ত্রি, প্রবর্ত্তিত, যাহা চলন হইয়াছে, প্রস্থিত, প্রসিদ্ধ, কম্পিত, ব্যবহার্য্য, ঘূর্ণিত।
প্রচায়, (প্র=সম্মুখে + চি=সংগ্রহ করা, জড়করা+ঘঞ্) ষ্য, পুং, হস্ত দ্বারা দ্রব্যাদি জড়করণ।
প্রচার, (প্র+চর্=গমনকরা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, চলন, প্রসিদ্ধি, গমন, প্রকাশ, আচরণ, ধারা, গবাদিপালন।
প্রচারক, প্রচারয়িতা, (প্র+চারি=গমনকরান+ণক, তৃন্—য) ণ, ত্রি, প্রকাশক, যে প্রচার করে, গবাদি পালক।
প্রচারণ, (প্র+চারি+অনট্—ভাব) ষ্য, ন, প্রকাশকরণ, চলন।
প্রচারিত, (প্র+চারি+ক্ত—চ) ণ, ত্রি, যাহার প্রচার হইয়াছে, প্রসারিত, বিজ্ঞাপিত, প্রকাশিত, ঘোষিত।
প্রচাল, (প্র=সম্মুখে+চল্=গমন করা+ঘঞ্) ষ্ণ, পুং, বীণার কাষ্ঠময় অবয়ব।
প্রচালিত, (প্র+চালি=গমনকরান +ক্ত—চ) ণ, ত্রি, যাহা প্রচলিত করা হইয়াছে, চালান।
প্রচিত, (প্র=সম্মুখে+চি=সংগ্রহকরা +ক্ত—চ) ণ, ত্রি, সংগৃহীত, রাশীকৃত, যাহা একত্রে জড় করা হইয়াছে। ষ্ণ, ন, ছন্দোবিশেষ।
প্রচীয়মান, (প্র+চি+শান—ষ) ণ, ত্রি, উপচীয়মান, বৃদ্ধিশীল।
প্রচুর, (প্র+চুর্=বৃদ্ধি পাওয়া+অল) ণ, ত্রি, প্রভূত, অনেক, বহুল, অধিক, ভূরিষ্ঠ, যথেষ্ট।
প্রচুরপুরুষ, (প্রচুর+পুরুষ—লোক) ষ্য, পুং, অনেক ব্যক্তি, তস্কর, চোর।
প্রচেতসী, ষ্ণ, স্ত্রী, মুনিকন্যা বিশেষ, কট্ফল।
প্রচেতাঃ, (প্র=উৎকৃষ্ট+চেতস্=মনঃ, ৬.হ) ষ্ণ, পুং, প্রাচীন বর্হিরাজপুত্র, বরুণ, মুনিবিশেষ। ণ, ত্রি, হৃষ্টচিত্ত, আহ্লাদিত।
প্রচেতা, (প্র+চি=[লাগান] একত্র করা+তৃন্—য) ষ্ণ, পুং, সারথি।
প্রচেয়, (প্র+চি=একত্রকরা+য—চ) ণ, ত্রি, বর্দ্ধনীয়, গ্রহণযোগ্য, গ্রাহ্য, চয়নীয়।
প্রচেলক, (প্র=উৎকৃষ্ট, দ্রুত+চেল্ =গমন করা+ণক)ষ্য, পুং, ঘোটক, অশ্ব।
প্রচোদিত, (প্র+চোদি=প্রেরণকরা +ক্ত—চ) ণ, ত্রি, প্রেরিত, নিয়োজিত।
প্রচ্ছদ, (প্র=সম্পূর্ণরূপে+ছদ্=আবরণকরা+অল—ধ) ষ্ণ, পুং, আচ্ছাদন, আবরণ, আবরণবস্ত্র, উত্তরীয় বস্ত্র।

প্রচ্ছদপট, (প্রচ্ছদ=আচ্ছাদন+পট বস্ত্র) ব্য, পুং, নিচোল, আচ্ছাদন, আবরণবস্ত্র, বিছানার চাদর, পাছুড়ী।

প্রচ্ছনা, (প্রচ্ছ=জিজ্ঞাসাকরা+অনট —ভাব) ব্য, স্ত্রী, জিজ্ঞাসা, পৃচ্ছা, আমন্ত্রণা।

প্রচ্ছন্ন, (প্র+ছদ্=আচ্ছাদনকরা+ক্ত-চ) ণ, ত্রি, আচ্ছাদিত, গুপ্ত, আচ্ছন্ন। ব্য, ন, অন্তর্দ্বার, গুপ্তদ্বার, গবাক্ষ-জাল, বাতায়ন।

প্রচ্ছর্দ্দিকা, (প্র=বেগে+ছর্দ্দ=বমন করা+ণক) ব্য, স্ত্রী, উদ্গার, বমন, বমি, ওক্কার।

প্রচ্ছাদন, (প্র=সম্পূর্ণরূপে+ছাদি =আবরণকরা+অনট—ধ) ব্য, ন, আচ্ছাদন, উত্তরীয়ক, প্রাবরণ, আবরণবস্ত্র, আবরণবস্ত্র।

প্রচ্ছাদিত, (প্র+চাদি+ক্ত—চ) ণ, ত্রি, আচ্ছাদিত, আবৃত।

প্রজ, (প্র+জ=যে জন্মে) ব্য, পুং, যে পত্নীতে প্রবেশ করিয়া পুনর্ব্বার সন্তানরূপে জন্মে, পতি, ভর্ত্তা, স্বামী।

প্রজন, (প্র+জন্=উৎপন্ন হওয়া+অল) ব্য, পুং, পশুদিগের প্রথম গর্ভ গ্রহণকাল, গবী প্রভৃতিতে বৃষাদির প্রথম সঙ্গম, গবাদির গর্ভ গ্রহণ করান। পুং, পূর্ব্বজ, পূর্ব্বপুরুষ।

প্রজনন, (প্র+জন্=উৎপন্ন হওয়া+অনট—ভাব) ব্য, ন, যোনি, জন্ম, প্রগম।

প্রজনিকা, (প্র+জনি=জন্মান+ণক —ঘ) স্ত্র, স্ত্রী, জননী, মাতা।

প্রজল্পন, (প্র+জল্প=বলা+অনট— ভাব) ব্য, ন, আলাপ, কথন।

প্রজব, (প্র=প্রকৃষ্ট+জু=বেগে চলা +অল্—ভাব) ব্য, পুং, প্রকৃষ্ট বেগ, দ্রুতগতি, আশুগমন।

প্রজবী, (প্রজব+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, অতিশয় বেগবান্, দ্রুতগামী।

প্রজা, (প্র+জন=উৎপন্ন হওয়া+ড, আপ) স্ত্র, স্ত্রী, রাজ্যাধিকারস্থ লোক, সন্তান, সন্ততি।

প্রজাগর, (প্র+জাগর=জাগরণ) ব্য, পুং, অতিশয় জাগরণ, প্রবোধন। ণ, ত্রি, জাগরূক। [উৎপন্ন।

প্রজাত, (প্র+জাত=উৎপন্ন) ণ, ত্রি,

প্রজাতন্ত্র, ব্য, ন, রাজ্যের শাসনপ্রণালী-বিশেষ, প্রজাদিগের হস্তগত রাজ্য-শাসন।

প্রজাতা, (প্র+জাত=[যাহা হইতে] উৎপন্ন হইয়াছে, আপ্) ব্য, স্ত্রী, জাতাপত্যা, প্রসূতা, যে স্ত্রীর সন্তান হইয়াছে, জননী।

প্রজাদ, (প্রজা=সন্তান+দা=দানকরা ড) ণ, ত্রি, সন্তানপ্রদ, যিনি সন্তান দান করেন, যে ঔষধ ভক্ষণ করিলে স্ত্রীলোকের সন্তান হয়।

প্রজাদান, ব্য, ন, রজত, রৌপ্য।

প্রজানন্তী, স্ত্র, স্ত্রী, পণ্ডিতা, বিজ্ঞা।

প্রজান্তক, (প্রজা+অন্তক=নাশক, ৬-ষ) স্ত্র, পুং, কাল, যম।

প্রজাপ, (প্রজা=অধিকারস্থ লোক+প=যে পালন করে) স্ত্র, পুং, রাজা, প্রজারক্ষক।

প্রজাপতি, (প্রজা+পতি, ৬-ষ) পুং, ব্রহ্মা, বিশ্বকর্ম্মা, মহীপাল, রাজা, পিতা, জামাতা, সূর্য্য, অগ্নি; মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু, নারদ—ব্রহ্মার সৃষ্ট এই দশ ব্যক্তি, স্বনামখ্যাত পতঙ্গবিশেষ।

প্রজাপাল, (প্রজা=অধিকারস্থ লোক+পাল=যে পালন করে) ব্য, পুং, রাজা, প্রজাপতি।

প্রজায়িনী, (প্র+জন্=জন্ম গ্রহণ করা+ণিন্) স্ত্র, স্ত্রী, মাতা, জননী, যিনি সন্তান প্রসব করেন।

প্রজাবতী, (প্রজা=সন্তান+বতু—অস্ত্যর্থে) স্ত্র, স্ত্রী, জ্যেষ্ঠভ্রাতার

ভার্য্যা, ভ্রাতৃজায়া, সন্তানবতী, মাতা।

প্রজাসৃক্,—ট, (প্রজা—লোক; সৃজ+ক্বিপ্—ষ] —যে সৃষ্টি করে, ২-ষ) বা, পুং, ব্রহ্মা, পিতা।

প্রজাহিত, (প্রজা=লোক+হিত= উপকারী, ৬-ষ) ব্য, ন, জল। ণ, ত্রি, প্রজার উপকারী।

প্রজিন, প্রজীন, (প্র+জি=জয়করা +ক্ত; নিপাতন) ব্য, পুং, বায়ু।

প্রজীবন, ব্য, ন, জীবিকা, জীবনোপায়।

প্রজুষ্ট, (প্র+জুষ্—সেবাকরা+ক্ত) ণ, ত্রি, আসক্ত, অত্যন্ত অনুরক্ত।

প্রজেশ, প্রজেশ্বর, (প্রজা+ঈশ, ঈশ্বর, ৬-ষ) ব্য, পুং, রাজা।

প্রজ্ঞ, (প্র+জ্ঞা=জানা+ড—ষ) ণ, ত্রি, জ্ঞানী, বিচক্ষণ, পণ্ডিত, প্রগতজানুক।

প্রজ্ঞপ্তি, (প্র+জ্ঞাপি=জানান+ক্তি —ভাব) বা, স্ত্রী, সঙ্কেত, জানান, সংবাদ, সময়।

প্রজ্ঞা, (প্র+জ্ঞা=জানা+অ—ভাব) ব্য, স্ত্রী, বুদ্ধি, জ্ঞান, সরস্বতী, মন্ত্রণা।

প্রজ্ঞাচক্ষুঃ, (প্রজ্ঞা+চক্ষুস্=নেত্র) ব্য, পুং, জ্ঞানই যাহার চক্ষুস্বরূপ, ধৃতরাষ্ট্র। ণ, ত্রি, জ্ঞানচক্ষু।

প্রজ্ঞান, (প্র=অধিক+জ্ঞান) ব্য, ন, বুদ্ধি, পরিজ্ঞান। ণ, ত্রি, পণ্ডিত, চিহ্ন, সঙ্কেত।

প্রজ্ঞাবান্, (প্রজ্ঞা+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, বুদ্ধিমান্, জ্ঞানী, ধীমান্।

প্রজ্ঞু, (প্র=পৃথগ্‌ভূত+জানু; জানু=জ্ঞু) ণ, ত্রি, প্রগতজানুক, খঞ্জপাদ।

প্রজ্বলিত, (প্র=অধিক+জ্বল্=দীপ্ত হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, অনলযুক্ত, জ্বলন্ত, জাজ্বল্যমান, উচ্ছিখ।

প্রজ্বালিত, (প্র=অধিক+জ্বালি= জ্বালান+ক্ত—চ) ণ, ত্রি, প্রদীপিত, জ্বালান, সন্ধুক্ষিত, সন্তপ্ত।

প্রডীন, (প্র+ডীন=উড়ন) ব্য, ন, পক্ষীর গতিবিশেষ, তির্য্যগ্‌গমন।

প্রণ, (পুরাণ+ন, পুরাণশব্দের স্থানে প্র আদেশ) ণ, ত্রি, প্রাচীন, পুরাতন।

প্রণত, (প্র+নম=নম্রহওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, নম্র, পাদপতিত, কৃতপ্রণাম, বক্র, পটু।

প্রণতি, (প্র+নম্=নম্রহওয়া+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, প্রণাম, নম্রভাব, অনুনয়, নম্রতা, প্রণিপাত।

প্রণয়, (প্র+নী=[পাওয়া] প্রীত-হওয়া+অল্—ভাব) বা, পুং, প্রেম, ভালবাসা, নির্ব্বাণ, প্রার্থনা, প্রশ্রয়, শ্রদ্ধা, প্রসব, পরিচয়, বিশ্বাস, সখিত্ব।

প্রণয়ন, (প্র+নী=[লওয়া] করা ইত্যাদি+অনট—ভাব) ব্য, ন, নির্ম্মাণ, নির্দ্দেশ, রচনা, অগ্নিসংস্কারক মন্ত্রাদি।

প্রণয়বিহতি, (প্রণয়=প্রার্থনা+বিহতি=পরিত্যাগ, ভঙ্গ, ৬-ষ) বা, স্ত্রী, অস্বীকার, প্রত্যাখ্যান, নিরাকৃতি।

প্রণয়ী, (প্রণয়+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, অনুরক্ত পতি বা নায়ক। য়িনী—স্ত্রী, অনুরক্তা ভার্য্যা বা নায়িকা, প্রেমাস্পদবনিতা। ণ, ত্রি, প্রেমাস্পদ, অনুরক্ত, প্রিয়তম।

প্রণব, (প্র+নু=স্তুতিকরা+অল্) ব্য, পুং, ঈশ্বরের গূঢ়নাম, বেদের আদি বীজ, ওঁকার, ক্ষুদ্র ঢক্কা।

প্রণষ্ট, ণ, ত্রি, বিনষ্ট, লুপ্ত, অপচিত, অপহৃত।

প্রণাদ, (প্র=অধিক+নাদ=শব্দ) বা, পুং, অনুরাগজ শব্দ, প্রীতিজনিত মুখকণ্ঠাদির শব্দ, তারধ্বনি, উচ্চ শব্দ, কর্ণরোগবিশেষ, কাণের তালা।

প্রণাম, (প্র+নম্=নত হওয়া+ঘঞ্—ভাব) বা, পুং, প্রণতি, ভক্তিশ্রদ্ধাতিশয়যুক্ত নমস্কার, ইহা চতুর্ব্বিধ যথা অভিবাদন, সাষ্টাঙ্গ, পঞ্চাঙ্গ,

বরণিরসংযোগ।

প্রণাম্বী,(দেশজ)ণ,প্রণামার্থ দেয় বস্তু।

প্রণায্য, (প্র=একদিকে+নী=গমন-করা+য) ণ, ত্রি, অসম্মত, অভি-লাষবিবর্জ্জিত, নিস্পৃহ, প্রিয়, সাধু।

প্রণাল, (প্র+নল্=বন্ধনকরা+ঘঞ) ব্য, পুং, লী—স্ত্রী, জলনির্গমপথ, পয়ঃপ্রণালী, নর্দ্দামা, শ্রেণী, রীতি, ধারা, যে সঙ্কীর্ণ জলভাগ দুই বৃহৎ জলভাগকে পরস্পর সংযুক্ত করে।

প্রণালিকা, ব্য, স্ত্রী, ধারা, রীতি, জলনিঃসরণ মার্গ, পয়নালা, নর্দ্দমা।

প্রণিঘাতন, প্রনিঘাতন, (প্র+নি+হন্=বধকরা+অনট—ভাব, হন্=ঘাত) ব্য, ন, মারণ, হত্যা, বধ।

প্রণিংসিত, (প্র+নিংস=চুম্বনকরা+ক্ত—চ) ণ, ত্রি, চুম্বিত।

প্রণিধান, (প্র+নি+ধা=[ধারণকরা] মনোযোগ করা ইত্যাদি+অনট—ভাব) ব্য, ন, মনোনিবেশ, মনের একাগ্রতা, সমাধি,ধ্যান, যত্ন,সমাধি দ্বারা দৃষ্টি, যোগ, উদ্যোগ।

প্রণিধি, (প্র+নি+ধা=ধারণকরা+কি) ব্য, পুং, দূত, চর, অনুচর, প্রার্থনা, মনোযোগ, অবধান।

প্রণিপাত, (প্র+নি+পত্=পতিত-হওয়া+ঘঞ—ভাব) ব্য,পুং, প্রণাম, নমস্কার, অভিবাদন।

প্রণিহিত, (প্র+নি+ধা+ক্ত—চ) ণ, ত্রি, অর্পিত, স্থাপিত, স্থিরীকৃত, প্রাপ্ত, সমাধিস্থ, সমাহিত, নিষ্পন্ন, প্রসারিত, স্বীকৃত, প্রাজ্ঞ।

প্রণীত, (প্র+নী+ক্ত—চ) ণ, ত্রি, রচিত, নির্ম্মিত,কৃত, কথিত,প্রক্ষিপ্ত, প্রবেশিত, প্রেরিত। স্ত্র, পুং,মন্ত্রাদি দ্বারা সংস্কৃত যজ্ঞীয় অগ্নি। তা—স্ত্রী, যজ্ঞপাত্রবিশেষ।

প্রণুত, (প্র+নু=স্তবকরা+ক্ত—চ) ণ, ত্রি, স্তুত, প্রশংসিত।

প্রণুন্ন, (প্র+নুদ=[প্রেরণকরা]+ক্ত—চ, ম) ণ, ত্রি, কম্পিত,নিযুক্ত, সংপ্রেরিত, প্রচলিত, প্রস্থাপিত।

প্রণেতৃ, (প্র+নী=[লওয়া] করা ইত্যাদি+তৃন্—ম) ণ, ত্রি, রচয়িতা, নির্ম্মাতা।

প্রণেয়, (প্র+নী=[লওয়া] বশী-ভূত হওয়া+য—চ) ণ, ত্রি, বশ্য, বশীভূত।

প্রণোদিত,(প্র+নোদি=প্রেরণকরান +ক্ত—চ)ণ,ত্রি,প্রেরিত,নিয়োজিত।

প্রততি, (প্র+তন=বিস্তৃতহওয়া+ক্তি) ব্য, স্ত্রী, বিস্তৃতি, ব্যাপ্তি, প্রসারণ। তি, তী—বিস্তারিত লতা।

প্রতন, (প্র=পূর্ব্ব+তন) ণ, ত্রি, পুরা-তন, পুরাণ, চিরন্তন।

প্রতনু, (প্র+তনু=পাতলা) ণ, ত্রি, সূক্ষ্ম, সরু, পাতলা, ক্ষীণ, কৃশ।

প্রতপ্ত, (প্র+তপ্=উত্তপ্তকরা+ক্ত) ণ, ত্রি, কথিত, তাপিত, উত্তপ্ত, প্রতাবান্বিত। [ব্য, পুং, সংশয়।

প্রতর্ক, (প্র+তর্ক=বিতর্ককরা+অল্)

প্রতর্কণ, (প্র+তর্ক=বিতর্ককরা+অনট—ভাব) ব্য, ন, বাদানুবাদ, বিতর্ক, সংশয়।

প্রতল, (প্র=অধিক+তল=নিম্নতা) ব্য, পুং, বিস্তৃতাঙ্গুলিহস্ত, করতল, চপেট, চাপড়। ন, পাতালবিশেষ।

প্রতান, (প্র+তন্=বিস্তৃত হওয়া+ঘঞ) ব্য, পুং, বিস্তার, লতার তন্তু, সোঁ, আঁস, বায়ুরোগবিশেষ, মূর্চ্ছা, অপস্মার।

প্রতানিনী,(প্র+তন্=বিস্তৃত হওয়া+ইন্—ম, ঙীপ্) ব্য, স্ত্রী, বল্লী, লতা।

প্রতাপ, (প্র+তপ্=উত্তপ্তকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, প্রভাব, কোষ-দণ্ডজ তেজঃ, আতপ, উষ্ণতা, সন্তাপ, অর্কবৃক্ষ।

প্রতাপন, (প্র+তাপি=উত্তপ্তকরান+

(অনট) ণ, ত্রি, তাপজনক। বা, ন, পীড়ন। পুং, কুম্ভীপাকনামক নরক।

প্রতাপস, বা, পুং, তরু অর্কবৃক্ষ, শাদা আকন্দ গাছ।

প্রতারক, (প্র+তৃ=[পারহওয়া] বঞ্চনা করা+ণক—ষ) বা, পুং, বঞ্চক, ধূর্ত্ত, শঠ। ণ, ত্রি, কপটী।

প্রতারণ, (প্র+তৃ+অনট—ভাব) বা, ন, ণা—স্ত্রী, প্রবঞ্চনা, ঠকান, কৈতব, পারগমন।

প্রতারিত, (প্র+তৃ+ক্ত—ড) ণ, ত্রি, বঞ্চিত, যাহাকে ঠকান হয়।

প্রতি, (প্রথ্=বিখ্যাত হওয়া+ডতি) উপং, বা, প্রতিনিধি, মোক্ষসদৃশ, বিপরীত, প্রত্যেক, উপরি, লক্ষণ, চিহ্ন, ইত্থম্ভূত কথন, স্তোক, অল্প মাত্রা, প্রশস্তি, ব্যাবৃত্তি, লক্ষ্য, পুনর্ব্বার, সাদৃশ্য, ব্যাপ্তি, সমাধি, সমস্ত স্বভাব, অংশ, ক্ষেপ, ভাগ, নিন্দা, প্রতিদান, প্রতিকূল, বিরোধ, পরিবর্ত্ত, অল্প, বীপ্সা, আভিমুখ্য, নিশ্চয়।

প্রতিক, (কার্ষাপণ+ইক ; কার্ষাপণ= প্রতি) ণ, ত্রি, ষোলপণ দ্বারা ক্রীত, কার্ষাপণিক।

প্রতিকর্ম্ম, (প্রতি=[শরীর] সম্বন্ধীয়+ কর্ম্মন্=কার্য্য) বা, ন, প্রসাধন, বেশভূষা, প্রতিকার।

প্রতিকায়, (প্রতি=পুনর্ব্বার+কায়= দেহ) বা, পুং, শরব্য, লক্ষ্য, প্রতিমা, প্রতিরূপ, প্রতিমূর্ত্তি, আকার।

প্রতিকার, প্রতীকার, (প্রতি=বিরুদ্ধ, পরিবর্ত্ত+কৃ=করা+ঘঞ্—ভাব) বা, পুং, বৈরনির্য্যাতন, শত্রুতাসাধন, প্রতিফল, উপায়, প্রতিহিংসা, চিকিৎসা, উপশম, পরিশোধ।

প্রতিকার্য্য, প্রতীকার্য্য, (প্রতি+কৃ+ য—ড) ণ, ত্রি, প্রতিকার করিবার উপযুক্ত।

প্রতিকাশ, প্রতীকাশ,—স, (প্রতি= পুনর্ব্বার+কাশ=যে দীপ্তি পায়) ণ, ত্রি, (শব্দের পরবর্ত্তী হইলে) সদৃশ, তুল্য।

প্রতিকুঞ্চিত, (প্রতি+কুঞ্চ্=বক্র হওয়া+ক্ত—ড) ণ, ত্রি, বক্র, বাঁকা, বক্রীকৃত, যাহাকে বাঁকান হইয়াছে।

প্রতিকূপ, (প্রতি=ক্ষুদ্র+কূপ=কুয়া) বা, পুং, পরিখা, গড়খাই, উপকূল্যা, খাত।

প্রতিকূল, (প্রতি=বিরুদ্ধ, বিপরীত+ কূল=তীর) ণ, ত্রি, অনমুকূলপক্ষ, বাম, বিরুদ্ধ, প্রতিবন্ধক।

প্রতিকৃত, (প্রতি+কৃত) ণ, ত্রি, প্রতিদত্ত, প্রতিশোধিত, উপশমিত।

প্রতিকৃতি, (প্রতি=পুনর্ব্বার+কৃ= করা+ক্তি) বা, স্ত্রী, প্রতিমা, প্রতিমূর্ত্তি প্রতিনিধি, ছায়া, প্রতীকার, সাদৃশ্য, অপকার বা উপকার পরিশোধ, নিবারণ।

প্রতিকৃষ্ট, (প্রতি=বিরুদ্ধ+কৃষ্ট=কর্ষিত) ণ, ত্রি, নিকৃষ্ট, দুইবার কৃষ্ট।

প্রতিক্রিয়া, (প্রতি+ক্রিয়া=কার্য্য) বা, স্ত্রী, প্রতীকার, প্রতিফল, প্রত্যুপকার।

প্রতিক্ষণ, (প্রতি=বীপ্সা, প্রত্যেক+ ক্ষণ, অব্যয়ী) ক্রি—ণ, ন, ক্ষণে ক্ষণে, প্রতিমুহূর্ত্তে।

প্রতিক্ষয়, (প্রতি=বিরুদ্ধ+ক্ষয়=অপচয়, হানি) বা, পুং, রক্ষক।

প্রতিক্ষিপ্ত, (প্রতি=পুনর্ব্বার, বিরুদ্ধ +ক্ষিপ্ত=নিক্ষিপ্ত, প্রেরিত) ণ, ত্রি, তিরস্কৃত, নিবারিত, নিষিদ্ধ, প্রেরিত, বাধিত, নিন্দিত, প্রতিহত।

প্রতিগত, (প্রতি=পুনঃপুনঃ+গত= গিয়াছে) বা, ন, গমন এবং আগমন, পক্ষীর গতিবিশেষ, ইতস্ততঃ বিসর্পণ।

প্রতিগর্জ্জন, (প্রতি=প্রতিকূল+গর্জ্জ= শব্দকরা+অনট—ভাব) বা, ন, প্রতিকূল গর্জ্জন।

প্রতিগিরি, (প্রতি=সদৃশ+গিরি) বা, পুং, পর্ব্বততুল্য, পর্ব্বতসদৃশ, ক্ষুদ্র

পর্ব্বত, পাহাড়।

প্রতিগৃহীত, (প্রতি+গ্রহ্+ক্ত—ট) ণ, ত্রি, গৃহীত, স্বীকৃত।

প্রতিগ্রহ, (প্রতি+গ্রহ্=গ্রহণকরা+অল—ভাব) ব্য, পুং, স্বীকার, সৈন্যপৃষ্ঠ, গ্রহণ, অনুগ্রহ, ব্রাহ্মণকে বিধিবৎ দান, সৈন্যরক্ষা, প্রতিকূল, প্রত্যভিযোগ, পিক্দান, দেয়বস্তু, গ্রহভেদ।

প্রতিগ্রহণ, (প্রতি+গ্রহ্+অনট—ভাব) ব্য, ন, স্বীকার, দানলওয়া।

প্রতিগ্রাহ, (প্রতি+গ্রহ+ঘঞ) ব্য, পুং, স্বীকার, নিষ্ঠীবনপাত্র, পিক্দান

প্রতিগ্রাহিত, (প্রতি+গ্রাহি=গ্রহণ করান+ক্ত) ণ, ত্রি, স্বীকারিত, গ্রহণ করান।

প্রতিঘ, (প্রতি=পুনর্ব্বার+হন=বধ করা+অল—ভাব) ব্য, পুং, প্রতিবন্ধ, ব্যাঘাত, কোপ, ক্রোধ, প্রতিঘাত, মূর্চ্ছা, শত্রু। ণ, ত্রি, প্রতিকূল

প্রতিঘাত, প্রতীঘাত, (প্রতি+হন্=বধ করা+অল—ভাব) ব্য, পুং, এক বস্তু অপর বস্তুকে আঘাত করিলে আহত বস্তু যে পুনর্ব্বার উহাকে আঘাত করে, আঘাত, ব্যাঘাত, প্রতিবন্ধ, নিরাস, নিবারণ, নিক্ষেপ।

প্রতিঘাতন, (প্রতি=পরস্পর+হন=বধকরা+অনট—ভাব) ব্য,ন, মারণ, ব্যাপাদন,হত্যা,বধ, নিহনন, বাধা।

প্রতিঘ্ন, (প্রতি=পুনর্ব্বার+ঘ্ন=যে বধ করে) ব্য,ন, অঙ্গ, শরীর, দেহ।

প্রতিচিকীর্ষু, (প্রতি+কৃ+সন্+উ) ণ, ত্রি, প্রতিকার করিতে ইচ্ছুক, প্রতিকারেচ্ছু।

প্রতিচ্ছন্দ, (প্রতি=পুনর্ব্বার+ছন্দ্=আচ্ছাদনকরা+অল্) ব্য,পুং, প্রতিরূপ, প্রতিবিম্ব, ইচ্ছানুরূপ।

প্রতিচ্ছন্ন, (প্রতি=পুনর্ব্বার+ছদ্=আচ্ছাদনকরা+ক্ত—ট) ণ, ত্রি, আচ্ছন্ন, প্রতিনিধি।

প্রতিচ্ছায়া, (প্রতি=পুনর্ব্বার, সদৃশ+ছায়া) ব্য, স্ত্রী, প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি, প্রতিরূপ, চিত্র, সাদৃশ্য।

প্রতিচ্ছেদ, (প্রতি+ছেদ=ছেদন) ব্য, পুং, বাধা, প্রতিবন্ধ, বৈপরীত্য, প্রতিক্রিয়া। [স্ত্রী,জঙ্ঘার অগ্রভাগ।

প্রতিজঙ্ঘা, (প্রতি=অগ্র+জঙ্ঘা) ব্য,

প্রতিজল্পক, (প্রতি+জল্পক=জল্পকরণ, কথোপকথন) ব্য, পুং, সম্মতিপ্রদান, অনুমোদন, অন্যের মতের সহিত স্বকীয় মতের মিলন।

প্রতিজাগর, (প্রতি=অভিমুখ+জাগর=জাগরিত, অবহিত) ব্য, পুং, প্রত্যবেক্ষণ, মনোযোগ, অবধান, সতর্কতা, রক্ষার্থ নিয়োগ, জাগরণ।

প্রতিজিহ্বা, প্রতিজিহ্বিকা, (প্রতি=সদৃশ, প্রতিরূপ+জিহ্বা ; প্রতিজিহ্বা+ক—যোগ) ব্য, স্ত্রী, তালুমূলস্থ ক্ষুদ্র জিহ্বা, আল্‌জিভ।

প্রতিজ্ঞা, (প্রতি+জ্ঞা=[জানা] স্বীকার করা+আ—ভাব) ব্য, স্ত্রী, কর্ত্তব্যরূপে অবধারণ, অঙ্গীকার, সাধ্যনির্দ্দেশ, পণ, প্রতিজ্ঞান, অভিযোগ।

প্রতিজ্ঞাত, (প্রতি+জ্ঞা+ক্ত—ট) ণ, ত্রি, অঙ্গীকৃত, স্বীকৃত, কর্ত্তব্যরূপে নির্দ্ধারিত, অভিযোগের বিষয়ীভূত।

প্রতিজ্ঞান, (প্রতি+জ্ঞা+অনট—ভাব) ব্য, ন, প্রতিজ্ঞা দেখ।

প্রতিজ্ঞেয়, (প্রতি+জ্ঞা+য—ট)ব্য,পুং, স্তুতিপাঠক। ণ,ত্রি, প্রতিজ্ঞার বিষয়, অঙ্গীকার্য্য।

প্রতিতন্ত্র, (প্রতি=প্রত্যেক+তন্ত্র=মত, স্বনামপ্রসিদ্ধ শাস্ত্র) ব্য, ন, প্রত্যেক তন্ত্রানুযায়ী,প্রত্যেক মতানুসারী।

প্রতিতাল, (প্রতি=সম্বন্ধীয়+তাল=

স্বর, কুলুপ) ব্য, পুং, স্বরবিশেষ। স্ত্রী—স্ত্রী, তালকোদ্ঘাটন যন্ত্র, চাবি।

প্রতিদশন, (প্রতি—ক্ষুদ্র+দশন—দন্ত) ব্য, ন, রাজদন্ত, প্রধান দন্তদ্বয়ের মধ্যবর্ত্তী ক্ষুদ্রদন্ত।

প্রতিদান, (প্রতি—পুনর্ব্বার, পরিবর্ত্ত +দান) ব্য, ন, পরিবর্ত্ত, বিনিময়, বদল, গচ্ছিত বা গৃহীত দ্রব্যের প্রত্যর্পণ, প্রতিফল, ফিরাইয়া দেওয়া, দানের পরিবর্ত্তে দান।

প্রতিদারণ, (প্রতি—পরস্পর+দারণ —বিদারণ) ব্য, ন, সংগ্রাম, যুদ্ধ।

প্রতিদিন, (প্রতি—বীপ্সা, প্রত্যেক+ দিন, অব্যয়ী-স) ক্রি—প, ন, প্রত্যহ, দিনদিন, অনুদিন।

প্রতিদিবা, (প্রতি+দিব্—দীপ্তি পাওয়া+অন্)ব্য,পুং,সূর্য্য, প্রতিদিন।

প্রতিদিশ, (প্রতি+দিশ—দিক্) ব্য, ন, প্রত্যেক দিক্, দিকে দিকে, সর্ব্বত্র, সর্ব্বতঃ।

প্রতিদেয়, (প্রতি—পুনর্ব্বার+দেয়— দিবার যোগ্য) প, ত্রি, প্রতিদান করিবার উপযুক্ত, ফিরিয়া দিবার যোগ্য, বন্ধক। [আজ্ঞা, আদেশ।

প্রতিদেশ, (প্রতি+দিশ্(+ঘঞ)ব্য,পুং,

প্রতিদ্বন্দ্বী,(প্রতি—বিরুদ্ধ+দ্বন্দ্বিন্—বিবাদী, অথবা প্রতিদ্বন্দ্ব+ইন্—অস্ত্যর্থে)প,ত্রি, বৈরী, প্রতিপক্ষ,শত্রু।

প্রতিধ্বনি, প্রতিধ্বান, (প্রতি—পুনরায়+ধ্বনি, ধ্বান—শব্দ) ব্য, পুং, প্রতিশব্দ।

প্রতিধ্বনিত, প্রতিধ্মাত, (প্রতি— পুনরায়+ধ্বনিত, ধ্মাত—শব্দিত) প, ত্রি, প্রতিশব্দিত।

প্রতিনন্দন, (প্রতি+নন্দ্—আনন্দকরা + অনট—ভাব) ব্য, ন, সুখ্যাতি, অভিনন্দন।

প্রতিনপ্তা, (প্রতি—পুনর্ব্বার+নপ্তৃ— পৌত্র) ব্য, পুং, প্রপৌত্র।

প্রতিনব, (প্রতি+নব—নূতন) প, ত্রি, অভিনব, নূতন।

প্রতিনাদ,(প্রতি—পুনরায়+নাদ—শব্দ) ব্য, পুং, প্রতিধ্বনি, প্রতিগর্জ্জন।

প্রতিনিধি, (প্রতি—পরিবর্ত্ত+নি+ ধা—ধারণ করা+কি) ব্য, পুং, তুল্য, সদৃশ, প্রতিকৃতি, প্রতিরূপ, তৎস্থানীয়, বদলি, প্রতিভূ, জামিন।

প্রতিনিনদ, (প্রতি+নিনদ [নি+ নদ—শব্দকরা+অল]—ধ্বনি) ব্য, পুং, প্রতিধ্বনি, প্রতিশব্দ।

প্রতিনিবৃত্ত, (প্রতি+নিবৃত্ত—বিরত) প, ত্রি, প্রত্যাগত, ফিরিয়া আসা, ফেরত, প্রত্যাবর্ত্তিত, পরাবৃত্ত।

প্রতিপ, (প্রতি—প্রত্যেক+পা—পালন করা, রক্ষাকরা+ড) ব্য, পুং, যিনি প্রত্যেক ব্যক্তিকে পালন করেন, চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ, শান্তনুর পিতা এবং ভীষ্মের পিতামহ।

প্রতিপক্ষ, (প্রতি—প্রতিকূল, বিরুদ্ধ +পক্ষ—সহায়) ব্য, পুং, বিপক্ষ, শত্রু, প্রতিবাদী, আসামী, সাদৃশ্য, প্রতিনিধি।

প্রতিপত্তি, (প্রতি+পদ্—[গমনকরা] পাওয়া ইত্যাদি+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, প্রাপ্তি, পদপ্রাপ্তি, প্রাগল্ভ্য, মান, সম্মান, গৌরব, সুখ্যাতি, প্রবৃত্তি, নিশ্চয়, অভিমান, প্রবোধ, সম্যক্‌জ্ঞান, কর্ত্তব্যজ্ঞান, স্বীকার, মীমাংসক মতে ফলশূন্য কর্ম্মাঙ্গ, শ্রাদ্ধাদিতে সর্ব্বশেষাঙ্গ কর্ম্ম।

প্রতিপত্তিপটহ, (প্রতিপত্তি—সুখ্যাতি +পটহ—ঢাক) ব্য, পুং, বাদ্যবিশেষ, নাগরাবাদ্য।

প্রতিপত্তূর্য্য, (প্রতিপদ্+তূর্য্য—বাদ্যযন্ত্র)ব্য,ন,দগড়বাদ্য। [ছোট করলা।

প্রতিপত্রফলা,ব্য, স্ত্রী, ক্ষুদ্র কারবেল্ল,

প্রতিপদ্, (প্রতি+পদ্—[গমনকরা] পাওয়া+ক্বিপ—ভে) ব্য, স্ত্রী

যাহাতে চন্দ্র ক্ষয় ও বৃদ্ধি প্রাপ্ত হয়, কৃষ্ণ বা শুক্ল পক্ষের প্রথম তিথি, বুদ্ধি, শব্দ বাক্য।

প্রতিপদ, (প্রতি=প্রত্যেক+পদ)ব্য, ন, পদে পদে, স্থানে স্থানে।

প্রতিপন্ন, (প্রতি+পদ্+ক্ত—ট)ণ, ত্রি, অবগত, সম্মানিত, জ্ঞাত, প্রত্যুক্ত, পুনরুক্ত, অবধারিত, নিশ্চিত, প্রমাণসিদ্ধ, যুক্ত্যাদি প্রদর্শন দ্বারা সমর্থিত,স্বীকৃত,গৃহীত,বিক্রান্ত,প্রাপ্ত।

প্রতিপাদক, (প্রতি+পাদি=গমন করান+ণক—ষ) ণ, ত্রি, উৎপাদক, নির্ব্বাহক, অবধারক, নির্ণায়ক, জ্ঞাপক, বোধক।

প্রতিপাদন, (প্রতি+পাদি+অনট—ভাব) ব্য, ন, দান, প্রতিপত্তি, সম্পাদন, সাধন, নির্ব্বাহ, বিজ্ঞাপন, উৎপাদন, বোধন, অবধারণ, ফলপ্রাপন।

প্রতিপাদিত,(প্রতি+পাদি+ক্ত—ট)ণ, ত্রি, নিষ্পাদিত, সম্পাদিত, কারণভূত, দত্ত, নিশ্চিত, নিরূপিত, অবধারিত, বোধিত, বিজ্ঞাপিত, অর্পিত, প্রুত।

প্রতিপাদ্য,(প্রতি+পদ্+য—ট)ণ,ত্রি, শব্দের অর্থ, জ্ঞাতব্য, নির্দ্ধারণীয়, অভিধেয়, বর্ণনীয় বিষয়।

প্রতিপাণ,(প্রতি+পণ=ব্যবহারকরা, ক্রয়বিক্রয় করা+ঘঞ) ব্য, পুং, আক্ষিপ, পণ, দ্যূতক্রীড়া করণ।

প্রতিপালক, (প্রতি+পাল্=রক্ষাকরা+ণক—ষ) ণ, ত্রি, রক্ষক, যে প্রতিপালন করে।

প্রতিপালন, (প্রতি+পাল্+অনট—ভাব) ব্য, ন, রক্ষণ, পোষণ।

প্রতিপালিত, (প্রতি+পাল্+ক্ত—ট) ণ, ত্রি, যাহাকে প্রতিপালন করা হইয়াছে।

প্রতিপুরুষ, (প্রতি+পুরুষ=লোক) ব্য, পুং, প্রতিনিধি, যে অন্যের পরিবর্ত্তে কার্য্য করে।

প্রতিপোষক, (প্রতি+পুষ্=পোষণ করা+ণক—ষ) ণ, ত্রি, সাহায্যকারী, আনুকূল্যকারী।

প্রতিপ্রয়াণ, (প্রতি+প্রয়াণ=যে গমন করে) ব্য, ন, প্রতিনিবর্ত্তন, ফিরিয়া যাওয়া, পরাবর্ত্ত, অপক্রম।

প্রতিপ্রসব, (প্রতি=পুনর্ব্বার+প্রসব =উৎপাদন)ব্য, পুং, নিষিদ্ধের পুনর্ব্বিধান, নিষেধ ব্যতিরিক্ত অনুমতি বাক্য।

প্রতিপ্রসূত, (প্রতি=পুনর্ব্বার+প্রসূত =উৎপাদিত) ণ, ত্রি, যাহার প্রতিপ্রসব করা হইয়াছে,পুনঃসম্ভাবিত।

প্রতিপ্রিয়, ব্য, ন, প্রত্যুপকার, উপকারীর উপকার।

প্রতিফল, ব্য, ন, প্রতিবিম্ব, প্রতিশোধ, সমুচিত শাস্তি, প্রত্যুপকার, প্রত্যপকার।

প্রতিফলন, (প্রতি+ফল=ফলধরা, নিষ্পন্ন হওয়া+অনট—ভাব) ব্য, ন, প্রতিবিম্বন, প্রতিবিম্ব পড়া।

প্রতিফলিত,(প্রতি+ফল্+ক্ত—ট)ণ, ত্রি, প্রতিবিম্বিত।

প্রতিফুল্লক, (প্রতি+ফুল্ল=প্রস্ফুটিত +ক—যোগ) ণ, ত্রি, প্রফুল্ল, বিকসিত, কুসুমিত।

প্রতিবধক, (প্রতি+বধ=হত্যাকরা+ণক) ব্য, পুং, অনিষ্টকারী, প্রতিদ্বন্দ্বী, বিরোধী।

প্রতিবদ্ধ,(প্রতি=বিরুদ্ধ+বদ্ধ=বাধা) ণ, ত্রি, ব্যাহত, বাধাযুক্ত।

প্রতিবন্ধ, (প্রতি=বিরুদ্ধ+বন্ধ=বন্ধন) ব্য, পুং, বাধা, বিঘ্ন, ব্যাঘাত, নিষেধ।

প্রতিবন্ধক, (প্রতি=বিরুদ্ধ+বন্ধ=বন্ধনকরা+ণক) ণ, ত্রি, বাধাজনক, প্রতিরোধক,ব্যাঘাতকারক। ব্য,পুং,

বিটপ, শাখা, ডাল। [ম, বিঘ্ন।
প্রতিবন্দি, (প্রতি—বিরুদ্ধ+বুক=বচন কথা+ই) বা, পুং, অনিষ্টাত্তর প্রসঞ্জক বাক্য, প্রতিবন্ধ, ব্যাঘাত।
প্রতিবন্ধী, (প্রতিবন্ধ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রতিবন্ধবিশিষ্ট, প্রতিবন্ধক।
প্রতিবল, (প্রতি=তুল্য, প্রতিকূল+বল) ণ, ত্রি, সমর্থ, শক্ত, সমকক্ষ, তুল্যবল। বা, ন, শত্রু, সৈন্য। পুং, শত্রু, বৈরী।
প্রতিবোধ, (প্রতি+বোধ=জ্ঞান) বা, পুং, প্রবোধ, জাগরণ, স্ফুটন, বিকাস, বিপরীত বোধ।
প্রতিবোধিত, (প্রতি+বোধি=বুঝান+ক্ত—চ) ণ, ত্রি, বোধিত, জাগরিত, প্রস্ফুটিত, বিকসিত, শিক্ষিত [বিপক্ষ।
প্রতিভট, বা, পুং, প্রতিপক্ষ যোদ্ধা, ... (প্রতি=সম্পূর্ণরূপে+ভয়=...) ... ত্রি, ভয়ঙ্কর। বা, ন ভয়।
...ভা, (প্রতি+ভা=দীপ্তি পাওয়া+...—ভাব) বা, স্ত্রী, অসাধারণ ...ক্তি, প্রত্যুৎপন্নমতি, বুদ্ধি, প্র..., দীপ্তি, তেজঃ, প্রভাব, সাদৃশ্য।
প্রতিভাগ, (প্রতি=প্রত্যেক ব্যক্তি+ভাগ=অংশ) বা, ন, প্রত্যেক-ব্যক্তি রাজার নিজ ব্যবহার নিমিত্ত যে ফলপুষ্পাদি দিয়া থাকে।
প্রতিভাত, (প্রতি+ভা+ক্ত—চ) ণ, ত্রি, প্রদীপ্ত, উদিত, প্রতিফলিত।
প্রতিভান্বিত, প্রতিভাবান্, প্রতিভা-মুখ, (প্রতিভা=প্রত্যুৎপন্নমতি+অন্বিত=যুক্ত; প্রতিভা+বৎ—অস্ত্যর্থে; প্রতিভা+মুখ=আস্য) ণ, ত্রি, অসামান্য বুদ্ধিশক্তিসম্পন্ন।
প্রতিভাসিত, (প্রতি+ভাস্=দীপ্তি পাওয়া+ক্ত—চ) ণ, ত্রি, প্রদীপ্ত, শোভিত।
প্রতিভূ, (প্রতি=প্রতিনিধি+ভূ=হওয়া+কিপ—ক) বা, পুং, ভৎ-স্থানীয়, জামিন্, দায়ক।
প্রতিম, (প্রতি=সমান+মা=পরিমাণ করা; অথবা প্রতি+মা=তুল্য করা+ড—চ) ণ, ত্রি, শব্দের পরবর্ত্তী হইলে সদৃশার্থবাচক। মা—স্ত্রী, সাদৃশ্য, প্রতিমূর্ত্তি, প্রতিবিম্ব, প্রতিকৃতি, ছবি, গজদন্তবন্ধ।
প্রতিমান, (প্রতি+মা+অনট) বা, ন, হস্তীর বৃহৎদন্তদ্বয়ের ব্যবধান স্থান, প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি, ছবি, প্রতিকৃতি, সাদৃশ্য, উপমা।
প্রতিমাননা, (প্রতি+মান্=পূজাকরা+অনট—ভাব) বা, স্ত্রী, পূজা, সম্মান।
প্রতিমার্গক, (প্রতি=বিপরীত+মার্গ=পথ+ক) বা, পুং, পুরবিশেষ, শূন্যস্থিত রাজা হরিশ্চন্দ্রের পুরী।
প্রতিমার্গণ, বা, ন, পুরপ্রবেশ।
প্রতিমালা, (প্রতি=বিপরীত+মালা) বা, স্ত্রী, পঠ্যমান কবিতাবলী, স্মরণ শক্তির পরিচয় দিবার জন্য যে সমস্ত কবিতা পাঠ করা যায়।
প্রতিমুক্ত, (প্রতি+মুচ=ত্যাগকরা+ক্ত—চ) ণ, ত্রি, পিনদ্ধ, বিমুক্ত, পরিহিত বস্ত্রাদি, ক্ষিপ্ত, পরিত্যক্ত।
প্রতিমুখ, (প্রতি=অভি+মুখ) ণ, ত্রি, অভিমুখ, অগ্রবর্ত্তী, সম্মুখ। বা, ন, নাট্যের সন্ধিবিশেষ।
প্রতিমূর্ত্তি, (প্রতি=সমান+মূর্ত্তি=আকৃতি) বা, স্ত্রী. প্রতিকৃতি, আকৃতি, ছবি, চিত্র। [নেংটে ইন্দুর।
প্রতিমূষিকা, বা, স্ত্রী, ইন্দুরবিশেষ,
প্রতিমোচন, (প্রতি+মুচ+অনট—ভাব) বা, ন, বিমোচন, বন্ধন-মোচন, পরিধান, নির্বাহন।
প্রতিযত্ন, (প্রতি=অধিক বা প্রত্যাহ+যত্ন=চেষ্টা) বা, পুং, লিপ্সা, আকাঙ্ক্ষা, লাভেচ্ছা, উপগ্রহ, বন্দী, কয়েদী, নিগ্রহাদি, গুণান্তরাধানরূপ সংস্কার,

প্রতিগ্রহ । ণ, ত্রি, যত্নবান্ ।

প্রতিযাত, (প্রতি+যা=যাওয়া+ক্ত—ম) ণ,ত্রি,প্রতিনিবৃত্ত,ফিরিয়া যাওয়া ।

প্রতিযাতনা, (প্রতি=সমান+যাতি=যন্ত্রণা দেওয়া, পরিমাণ করা+অনট্—ভাব) ব্য, স্ত্রী, প্রতিকৃতি, ছবি, তুল্যরূপ যাতনা ।

প্রতিযোগ, (প্রতি=সমান+যুজ=যোগ করা+ঘঞ—ভাব) ব্য, পুং, বিপক্ষতা, শত্রুতা, বিরোধ ।

প্রতিযোগী, (প্রতি=সমান+যুজ্=যোগকরা+ণিন—ম, শীলার্থে) ব্য, পুং, প্রতিদ্বন্দ্বী, সৎপ্রতিপক্ষে বিরোধী, তুল্য, সমকক্ষ, তুল্যবল, অনুরূপ,প্রতিকূল,এককম্মাভিলাষী ।

প্রতিযোজয়িতব্য, (প্রতি+যোজি=যুক্ত করান+তব্য—চ) ণ, ত্রি, যোজনীয়, যাহা সংলগ্ন করিতে হইবে,তন্ত্রী প্রভৃতি দ্বারা যোজনীয় ।

প্রতিযোধ, (প্রতি=সমান+যুধ=যুদ্ধকরা+ঘঞ—ম) ব্য, পুং, প্রতিপক্ষ, যোদ্ধা ।

প্রতিরব, (প্রতি=পুনরায়+রব=শব্দ) ব্য, পুং, প্রতিধ্বনি ।

প্রতিরুদ্ধ, (প্রতি+রুধ+ক্ত—চ) ণ, ত্রি, অবরুদ্ধ,আটক করা,নিবারিত ।

প্রতিরূপ, (প্রতি=সমান+রূপ=আকৃতি) ব্য, ন, প্রতিমূর্ত্তি, প্রতিনিধি প্রতিবিম্ব,সাদৃশ্য । ণ,ত্রি,সদৃশ ।

প্রতিরূপক, (প্রতিরূপ+ক—যোগ) ব্য,ন,তৎস্থানীয়,প্রতিনিধি,প্রতিবিম্ব।

প্রতিরুরুষু, (প্রতি+রু=ধ্বনিকরা শব্দকরা+সন্—ইচ্ছার্থে, উ) ণ, ত্রি, উৎক্রোশেচ্ছু,রোদনেচ্ছু, ভাষণেচ্ছু ।

প্রতিরোধ, (প্রতি+রুধ্=রুদ্ধকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, নিবারণ, নিষেধ, চৌর্য্য, প্রতিবন্ধ, অবরোধ, নগরাদিবেষ্টন, আটক, তিরস্কার, সৎপ্রতিপক্ষ ।

প্রতিরোধক, প্রতিরোধী, (প্রতি+রুধ্+ণক, ণিন্—ম) ব্য, পুং,চৌর । ণ, ত্রি, যে প্রতিরোধ করে, নিরোধক, অবরোধক, ব্যাঘাতক ।

প্রতিলম্ভ, (প্রতি+লভ্+অল্) ব্য, পুং, প্রাপ্তি, লাভ ।

প্রতিলিপি, (প্রতি=অনুরূপ+লিপি) ব্য, স্ত্রী, আদর্শ-লেখ, নকল ।

প্রতিলোম, (প্রতি=বিপরীত+লোমন্=শরীরের রোম+অন্) ণ, ত্রি, বাম, প্রতিকূল, বিপরীত, ব্যুৎক্রম, ব্যত্যয়,উল্টা ।

প্রতিলোমজ, (প্রতিলোম+জ=জাত) ণ, ত্রি, উত্তমা স্ত্রীতে অধম কর্ত্তৃক জাত অর্থাৎ ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে জাত, বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ের গর্ভজাত ইত্যাদিক্রমে উৎপন্ন ।

প্রতিবচন, প্রতিবচঃ, (প্রতি=পুনর্ব্বার পরিবর্ত্ত+বচন, বচস্=বাক্য) ব্য, ন, উত্তর প্রত্যুত্তর, প্রতিবাক্য, প্রতিকূলবাক্য, সমানার্থক বাক্য, প্রতিশব্দ, প্রতিধ্বনি ।

প্রতিবসথ, (প্রতি+বস্=বাসকরা+অথ) ব্য, পুং, গ্রাম ।

প্রতিবস্তূপমা, (প্রতি+বস্তু+উপমা) ব্য, স্ত্রী,কাব্যালঙ্কারবিশেষ,যে স্থানে পদার্থদ্বয়ে উপমান উপমেয় ভাব না থাকিলেও পরস্পর সাদৃশ্য স্বতঃই প্রতীত হয়, এবং সাধারণ ধর্ম তুল্যরূপ হইলেও স্বতন্ত্র আকারে সন্নিবিষ্ট থাকে ।

প্রতিবাক্—স্ত্রী, প্রতিবাক্য—ন,প্রতিবাণী—স্ত্রী, (প্রতি=পুনর্ব্বার, পরিবর্ত্ত+বাচ্, বাক্য, বাণী) ব্য, উত্তর, প্রত্যুত্তর, প্রতিকূলবাক্য, সমানার্থক বাক্য ।

প্রতিবাত, (প্রতি+বাত=বায়ু) ব্য, পুং, বাতাসের অভিমুখ দিক, যে দিক হইতে বায়ু আইসে ।

প্রতিবাদ, প্রতীবাদ, (প্রতি=বিরুদ্ধ+বদ্=বলা+অল্—ভাব) ব্য,পুং প্রতিকূল উক্তি, বিরুদ্ধে বলা, বিরোধ, আপত্তি।

প্রতিবাদী, (প্রতি=বিরুদ্ধ+বাদিন্[বদ্=বলা+ণিন্—য]=যে বলে) ণ,ত্রি, প্রতিপক্ষ, আসামী, উত্তরবাদী, প্রত্যর্থী।

প্রতিবাপ, (প্রতি+বপ্=বপনকরা+ঘঞ্) ব্য, পুং, মিশ্র ঔষধ, বৃক্ষমূলাদির ক্বাথ নিষ্কাশনের পর, ঐ ক্বাথের সহিত যে দ্রব্য মিশ্রিত করা যায়।

প্রতিবাসর, (প্রতি=প্রত্যেক,বীপ্সা+বাসর=দিবস) ব্য, ন, প্রতিদিন, প্রত্যহ।

প্রতিবাসী.(প্রতি=নিকট+বাসিন্=যে বাস করে) ণ, ত্রি, নিকটবর্ত্তী গৃহস্থ, পড়সী।

প্রতিবিধান, (প্রতি=পুনরায়, পরিবর্ত্ত+বি+ধা-[ধারণকরা] করা+অনট্—ভাব)ব্য,ন,প্রতিকার, প্রতিক্রিয়া, সজ্জা, উপায়।

প্রতিবিধিৎসা, (প্রতিবিধিৎস [প্রতি-বি+ধা+সন্—ইচ্ছার্থে]=প্রতিকার করিবার ইচ্ছাকরা+আ—ভাব) ব্য, স্ত্রী, প্রতিবিধানের ইচ্ছা।

প্রতিবিম্ব, (প্রতি=সমান+বিম্ব=মূর্ত্তি) ব্য, ন, প্রতিচ্ছায়া, দর্পণাদি অনুরূপ আকৃতি।

প্রতিবিম্ব,(প্রতি=সমান+বী=গমনকরা, দীপ্তিপাওয়া+ব ; ম্—আগম, ঈ—হ্রস্ব। স্বামী বলেন—শোভার্থ বিম্ব্ ধাতুতেই নিষ্পন্ন) ব্য, ন, স্বচ্ছ পদার্থে অনুরূপ আকৃতি প্রতিফলিত হওয়া। [গমন করে) ব্য,পুং, দর্পণ।

প্রতিবিম্বাত, (প্রতিবিম্ব+অত=যে

প্রতিবিম্বিত, (প্রতিবিম্ব+ইত—জাতার্থে) ণ,ত্রি, প্রতিবিম্ব প্রাপ্ত, যাহার প্রতিবিম্ব পড়িয়াছে, উপস্থিত।

প্রতিবিষ্ণু, ব্য,পুং, বিষ্ণু,মুচুকুন্দবৃক্ষ।

প্রতিবিহিত, (প্রতি+বি+ধা+ক্ত—চ) ণ, ত্রি, যাহার প্রতিবিধান করা হইয়াছে, প্রতিকৃত, অর্পিত, গ্রথিত।

প্রতিবেশ, প্রতীবেশ, (প্রতি=নিকট+বিশ্=প্রবেশকরা+ঘঞ্—ত্তে) ব্য, পুং, সমীপবর্ত্তী বাসস্থান।

প্রতিবেশবাসী, (প্রতিবেশ+বাসিন্=যে বাসকরে) ণ, ত্রি, প্রতিবাসী, নিকটবর্ত্তী গৃহী।

প্রতিবেশী, প্রতীবেশী, (প্রতিবেশ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রতিবাসী, নিকট গৃহস্থ।

প্রতিশব্দ.(প্রতি=পুনরায়, পরিবর্ত্ত+শব্দ) ব্য, পুং, প্রতিধ্বনি।

প্রতিশাসন, (প্রতি+শাসন=দমন) ব্য, ন, ভৃত্যাদিগকে কোন কার্য্যে প্রেরণ।

প্রতিশিষ্ট, (প্রতি+শাস্=শাসনকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রেরিত, নিরাকৃত, প্রত্যাখ্যাত।

প্রতিশীন, ণ, ত্রি, গলিত, দ্রবীভূত।

প্রতিশীর্ষ, ব্য, পুং, প্রতিনিধি।

প্রতিশ্যা—স্ত্রী,প্রতিশ্যায়—পুং, (প্রতি+শ্যৈ=[গমন করা] বিন্দু বিন্দু পড়ন+অ) ব্য, পীনাসরোগ।

প্রতিশ্রয়, (প্রতি=সম্পূর্ণরূপে+শ্রি=সেবা করা, আশ্রয়করা+অচ্) ব্য, পুং, যজ্ঞশালা, সভা, আশ্রয়স্থান, গৃহ, অতিথিশালা,যে স্থানে অতিথি বা ভিক্ষুকদিগকে খাদ্যদ্রব্যাদি বিতরণ করা যায়।

প্রতিশ্রব, (প্রতি+শ্রু=শ্রবণ করা+অঙ্গীকার করা+অল্—ভাব) ব্য, পুং, অঙ্গীকার, স্বীকার।

প্রতিশ্রুৎ, (প্রতি=পরিবর্ত্ত+শ্রু+ক্বিপ্) ব্য, স্ত্রী, প্রতিধ্বনি।

প্রতিশ্রুত, (প্রতি+শ্রু+ক্ত—চ) ণ,

ত্রি, অঙ্গীকৃত, স্বীকৃত।

প্রতিষিদ্ধ, (প্রতি+সিধ্=সম্পন্ন-করা, নিষিদ্ধকরা+ক্ত—চ) ণ, ত্রি, নিবারিত, নিষিদ্ধ, অপহৃত।

প্রতিষেদ্ধা, প্রতিষেধক, (প্রতি+সিধ্, তৃন্, ণক—ম) ণ, ত্রি, নিষেধক, নিবারক।

প্রতিষেধ, (প্রতি+সিধ+ঘঞ—ভাব) ব্য, পুং, নিষেধ, নিবারণ, অপহরণ, পরিহার, ত্যাগ।

প্রতিষ্ক, প্রতিষ্কস, (প্রতি+কষ=বধকরা; কস্=গমনকরা+অল; স—আগম) ব্য, পুং, চর, দূত, প্রণিধি।

প্রতিষ্কশ, (প্রতি+কশ্=শাসনকরা+অল, স—আগম) ব্য, পুং, সহায়, দূত, বার্ত্তাহার, অগ্রগামী, চর্ম্মরজ্জু, কশা, চাবুক।

প্রতিষ্কষ, (প্রতি+কষ=আঘাতকরা+অল; স—আগম) ব্য, পুং, চর্ম্মরজ্জু, চামের দড়ী, চাবুক।

প্রতিষ্টব্ধ, (প্রতি+স্তন্ভ+ক্ত—চ) ণ, ত্রি, প্রতিবদ্ধ, ব্যাহত, বারিত, রুদ্ধ।

প্রতিষ্টম্ভ, (প্রতি+স্তন্ভ=স্তব্ধকরা+অল—ভাব) ব্য, পুং, প্রতিবন্ধ, বাধা, রোধ।

প্রতিষ্ঠ, (প্রতি+স্থা=থাকা+প্রশংসা করা ইত্যাদি+ড) ণ, ত্রি, প্রতিষ্ঠান্বিত, গৌরবযুক্ত।

প্রতিষ্ঠা, (প্রতি+স্থা+আ—ভাব) ব্য, স্ত্রী, সুখ্যাতি, গৌরব, মর্য্যাদা, সংস্কারবিশেষ, পৃথিবী, পুষ্করিণ্যাদি উৎসর্গ, ব্রতাদির উদ্‌যাপন, আলম্বন, আশ্রয়, আস্পদ, স্থান, সমাপ্তি, স্থিতি, চতুরক্ষরপাদ ছন্দোবিশেষ, যৌতুকদান।

প্রতিষ্ঠান, (প্রতি+স্থান) ব্য, ন, গোদাবরী নদী-তীরস্থ নগরবিশেষ, ইহার বর্ত্তমান নাম মছলিপটন।

প্রতিষ্ঠাপিত, (প্রতি+স্থাপি=স্থাপনকরান+ক্ত—চ) ণ, ত্রি, স্থাপিত, উৎসৃষ্ট।

প্রতিষ্ঠিত, (প্রতিষ্ঠা+ইত—সংজ্ঞার্থে) ণ, ত্রি, বিখ্যাত, সম্মানিত, প্রশংসিত, স্থাপিত, সংস্কৃত, অনুকূল, সমাপিত, অবস্থিত।

প্রতিস্নাত, (প্রতি+স্না=স্নানকরা+ক্ত—ম) ণ, ত্রি, বিশুদ্ধ, পবিত্র, পূত।

প্রতিসংহার, (প্রতি+সং+হৃ=[হরণ করা] নিবৃত্তকরা ইত্যাদি+ঘঞ—ভাব) ব্য, পুং, নিবর্ত্তন, প্রত্যাকর্ষণ, সংকোচ, সমাহার।

প্রতিসংহৃত, (প্রতি+সং+হৃ+ক্ত—চ) ণ, ত্রি, সঙ্কুচিত, প্রত্যাকৃষ্ট, সম্পীড়িত, প্রত্যাবর্ত্তিত, নিবর্ত্তিত, অবরুদ্ধ, সংহৃত।

প্রতিসমাধান, (প্রতি=পুনরায়, পরিবর্ত্ত+সম্+আ+ধা=[ধারণকরা] করা+অনট—ভাব) ব্য, ন, প্রতিকার।

প্রতিসমাধেয়, (প্রতি+সম্+আ+ধা+য—চ) ণ, ত্রি, প্রতিকার্য্য।

প্রতিসর, (প্রতি+সৃ=গমনকরা+অল—সংজ্ঞার্থে) ব্য, পুং, মন্ত্রবিশেষ, হারযষ্টি, মালার ছড়া, নয়, সৈন্যপৃষ্ঠ, কঙ্কণ, মালা, প্রাতঃকাল, করসূত্র, আরক, ব্রণশোধন, ক্ষতাদি আরোগ্যকরণ। পুং, ন, ভূষণ। ণ, ত্রি, নিযোক্তা, কিঙ্কর, অধীন।

প্রতিসর্গ, (প্রতি=প্রতিরূপ বা প্রতিকূল+সর্গ=সৃষ্টি) ব্য, পুং, ব্রহ্মার সৃষ্টির পর দক্ষাদির সৃষ্টি, মরীচি প্রভৃতির সৃষ্টি।

প্রতিসব্য, (প্রতি=সম্পূর্ণ+সব্য=বাম) ণ, ত্রি, প্রতিকূল, বিপরীত।

প্রতিসান্ধানিক, (প্রতিসন্ধান=স্তুতিপাঠ+ষ্ণিক) ব্য, পুং, স্তুতিপাঠক, ভাট।

প্রতিসারিত, (প্রতি+সারি=গমন করান+ক্ত—চ) ণ, ত্রি, পরিচালিত, অপসারিত, ব্যাহত, নিরাকৃত, দূরীকৃত

দ্বারা ফেলা, প্রবর্জ্জিত, পরাহত।
প্রতিসীরা, (প্রতি+সি=বন্ধনকরা+র, আপ্; ঈ—ঈ)ব্য, স্ত্রী, তিরস্করণী, যবনিকা, পর্দা।
প্রতিসূর্য্য, প্রতিসূর্য্যক, (প্রতি=প্রতিরূপ+সূর্য্য,ক—যোগে প্রতিসূর্য্যক) স্ব, পুং, কৃকলাস, কাঁকলাস, টিক্‌টিকী, সূর্য্য-পরিবেশ।
প্রতিসৃষ্ট, (প্রতি+সৃজ্=ত্যাগ করা+ক্ত—ত) ণ, ত্রি, প্রেরিত, প্রেষিত, দত্ত, বিসৃষ্ট, প্রত্যাখ্যাত, নিরাকৃত।
প্রতিহত, (প্রতি+হন=বধকরা, আঘাত করা ইত্যাদি+ক্ত—ত) ণ, ত্রি, নিরস্ত, নিবারিত, ব্যাহত, আহত, প্রেরিত, ঘৃণিত, দ্বিষ্ট, প্রতিস্খলিত, প্রতিবদ্ধ, রুদ্ধ, নিবাশ, প্রধাবিত।
প্রতিহন্তা, প্রতিহর্ত্তা, (প্রতি=+হন্=বধকরা, হৃ=নিবারণকরা ইত্যাদি+তৃন্—হৃ)ণ, ত্রি, নিবারক, নাশক, বিপক্ষবিরোধী।
প্রতিহস্ত, (প্রতি+হস্ত=হাত)স্ব,পুং, প্রতিনিধি, অন্যের পরিবর্ত্তে যে কার্য্য করে।
প্রতিহার, প্রতীহার, (প্রতি+হৃ+ঘঞ্) স্ব, পুং, দ্বার, দৌবারিক, দ্বারপাল, পরিহার, বাজীকর, মায়া, শঠতা। স্ত্রী-স্ত্রী, দ্বারপালিকা।
প্রতিহারক, (প্রতি+হৃ+ণক) স্ব,পুং, চন্দ্রবেশী, মায়াকারী।
প্রতিহারণ, (প্রতি=সম্মুখে+হারি=গ্রহণ করান+অনট্) স্ব, ন, প্রবেশদ্বার, প্রবেশন, দ্বারে প্রবেশ করিবার অনুমতি।
প্রতিহারী, প্রতীহারী, (প্রতিহার+ইন্—স্বার্থে) স্ব, পুং, রিণী—স্ত্রী, দ্বারপাল, দ্বারপালী।
প্রতিহার্য্য, (প্রতি+হৃ+য—চ) ণ, ত্রি, পরিহার্য্য, পাবিত্যাজ্য।
প্রতিহাস, প্রতীহাস,(প্রতি=পুনরায়+হস্=হাস্তকরা+ঘঞ্)স্ব, পুং, করবী গাছ, উপহাসকারীর প্রতি হাস্য।
প্রতিহিংসা, (প্রতি=পরিবর্ত্ত+হিংসা) স্ব, স্ত্রী, বৈরশুদ্ধি, প্রতিফল, বৈরনির্য্যাতন।
প্রতীক, (প্রতি=বিরুদ্ধ+ই=গমনকরা+ইক,অথবা প্রতি+ক; নিপাতন) ণ, ত্রি, প্রতিকূল, বিপরীত। স্ব, পুং, অঙ্গ, অবয়ব।
প্রতীক্ষণ,—ন,প্রতীক্ষা,—স্ত্রী,(প্রতি+ঈক্ষ=দেখা,সমাদর করা ইত্যাদি+অনট, অ—আপ্) স্ব, অপেক্ষা, অন্বেষ, প্রত্যাশা,প্রতিপালন,পূজা।
প্রতীক্ষ্য, (প্রতি+ঈক্ষ্+য—চ) ণ, ত্রি, পূজ্য, আরাধ্য, অপেক্ষণীয়।
প্রতীচী, (প্রতি=পশ্চাৎ+অন্চ্=গমনকরা+কিপ্—ডে) স্ব,স্ত্রী, দিনাবসানে সূর্য্য যে দিকে গমন করে, পশ্চিমদিক্।
প্রতীচীন, প্রতীচ্য, (প্রতীচী+ঈন, য—ভবার্থে) ণ, ত্রি, পশ্চিমদিক্‌জাত, পশ্চিমদিকস্থ।
প্রতীত, (প্রতি+ই=গমনকরা,বোধকরা ইত্যাদি+ক্ত—ত) ণ, ত্রি, প্রসিদ্ধ, খ্যাত, জ্ঞাত, প্রীত, হৃষ্ট, বিশ্বস্ত, সম্মানিত, সত্বর, বুদ্ধিমান্, অতীত, গত।
প্রতীতি, (প্রতি+ই+ক্তি—ভাব) স্ব, স্ত্রী, খ্যাতি,প্রসিদ্ধি, আদর, সম্মান, জ্ঞান, প্রীতি, হর্ষ, বিশ্বাস।
প্রতীপ, (প্রতি=বিরুদ্ধ+অপ্=জল, অ, অপ স্থানে ঈপ) স্ব, পুং, শান্তনু রাজার পিতা, ভীষ্মের পিতামহ। ণ, ত্রি, প্রতিকূল, বিপরীত, পরাঙ্মুখ, পশ্চিম।
প্রতীপদর্শী, (প্রতীপ=বিপরীত+দর্শিন্=যে দেখে) ণ, বিপরীতদর্শী।
প্রতীপদর্শিনী, (প্রতীপ=পরাঙ্মুখ+দর্শিনী=যে দেখে) স্ব, স্ত্রী, নারী।

স্ত্রী, যোষিৎ।
প্রতীমান, (প্রতি+মা=পরিমাণ করা +অনট; ই=ঈ) স্ত্র, ন, পরিমাণ।
প্রতীয়মান, (প্রতি+ই+শান—চ, য—আগম) ণ, ত্রি, জ্ঞায়মান, যাহা জানা যাইতেছে। [কুল, তীর, তট।
প্রতীর, (প্র+তীর=তট) স্ত্র, ন,
প্রতীবাপ, (প্রতি=পুনরায়+বপ্=বপন করা+ঘঞ্; ই=ঈ) স্ত্র, পুং, গলিত স্বর্ণাদির দ্রব্যান্তরের সহিত মিশ্রণ, স্থাস, নিক্ষেপ, উপদ্রব, পানীয় ঔষধবিশেষ।
প্রতীষ্ট, (প্রতি+ইষ্ট) ণ, ত্রি, পরিগৃহীত, অঙ্গীকৃত, স্বীকৃত।
প্রতুদ, (প্র+তুদ্=চঞ্চু দ্বারা ব্যথিতকরা +অল্) স্ত্র, পুং, গৃধ্র, কাক, শ্যেন, ময়ূর, পেচক প্রভৃতি। [বাহুল্য।
প্রতুল, (দেশজ) স্ত্র, মঙ্গল, বৃদ্ধি,
প্রতুণী, স্ত্র, স্ত্রী, উদরের যাতনাবিশেষ।
প্রতূষঃ, স্ত্র, ন, প্রভাত, প্রাতঃকাল।
প্রতোদ, (প্র+তুদ্=পীড়া দেওয়া+ঘঞ—ধ) স্ত্র, পুং, অশ্বাদির তাড়নদণ্ড, চাবুক, পাঁচন বাড়ী।
প্রতোলী, (প্র+তুল্=ওজনকরা, গমনকরা+ঘঞ, ঈপ) স্ত্র, স্ত্রী, রথ্যা, রাস্তা, দুর্গ বা নগরের দ্বার।
প্রত্ত, (প্র+দা=দানকরা+ক্ত—চ) ণ, ত্রি, দত্ত, ত্যক্ত। [পাত্রস্থা কন্যা।
প্রত্তা, (উপরে দেখ) ণ, স্ত্রী, দত্তা,
প্রত্ন, (প্রগে=পুরাতন+ত্ন; গে=লোপ) ণ, ত্রি, পুরাতন, পুরাণ।
প্রত্যক্, (প্রতি+অন্চ্=গমনকরা+ক্বিপ্) বা, পশ্চাৎ, পশ্চিমদিক্, পূর্ব্ব।
প্রত্যক্ষ, (প্রতি=লক্ষ্য+অক্ষ=ইন্দ্রিয়, অথবা প্রতি+অক্ষি=চক্ষুঃ, অব্যয়ী, অ; কিম্বা প্রতি+অক্ষ=ইন্দ্রিয়; ৭.ছ) ণ, ত্রি, ইন্দ্রিয়গ্রাহ্য, দৃষ্ট, সাক্ষাৎ, ইন্দ্রিয়ের বিষয়, ব্যক্ত। স্ত্র, ন, ইন্দ্রিয়-জন্য জ্ঞান, ইহা বড়বিধ, যথা ঘ্রাণজ, রাসন, শ্রাবণ, চাক্ষুষ, স্পার্শন, মানস।
প্রত্যক্ষদর্শন, (প্রত্যক্ষ+দৃশ্=দেখা+অন) স্ত্র, পুং, সাক্ষী, যে স্বয়ং দেখে।
প্রত্যক্ষবাদী, (প্রত্যক্ষ+বাদিন্=যে বলে) স্ত্র, পুং, যাহারা প্রত্যক্ষ ভিন্ন অন্য প্রমাণ গ্রহণ করে না, বৌদ্ধ।
প্রত্যক্ষীকৃত, (প্রত্যক্ষ+কৃত=করা-হইয়াছে; মধ্যে ঈ—আগম) ণ, ত্রি, যাহা প্রত্যক্ষ করা হইয়াছে।
প্রত্যগাশাপতি, (প্রত্যক্=পশ্চিম+আশা=দিক, দেশ+পতি=প্রভু) স্ত্র, পুং, পশ্চিমদিকের অধিপতি, বরুণ।
প্রত্যগ্র, (প্রতি+অগ্র=প্রথম) ণ, ত্রি, নূতন, টাটকা, অপরিষ্কৃত।
প্রত্যগ্রথ, স্ত্র, পুং, অহিচ্ছত্র নগর।
প্রত্যঙ্গ, (প্রতি=সম্বন্ধীয়+অঙ্গ) স্ত্র, ন, অঙ্গাবয়ব, অঙ্গাংশ, অঙ্গের অঙ্গ, হস্ত পদ কর্ণ নাসিকা লিঙ্গাদি অবয়ব, উপকরণ।
প্রত্যঙ্গিরা, স্ত্র, স্ত্রী, দেবীবিশেষ।
প্রত্যঞ্চ, প্রত্যচ, (প্রতি+অন্চ্=গমনকরা+কিপ্—য) ণ, স্ত্র, ত্রি, পশ্চাৎ, পূর্ব্ব, পশ্চিমদেশীয়, পশ্চিমদিক্, পশ্চিমদেশ, পশ্চিমকাল।
প্রত্যনীক, (প্রতি=বিরুদ্ধ, প্রতিকূল +অনীক=সৈন্য) স্ত্র, পুং, প্রতিপক্ষ, বৈরী, ব্যাঘাত, কাব্যালঙ্কারবিশেষ।
প্রত্যন্ত, (প্রতি=প্রায়+অন্ত=শেষ) স্ত্র, পুং, ম্লেচ্ছদেশ। ণ, ত্রি, সমীপবর্ত্তী, সন্নিহিত, নিকটস্থ, অন্তের সমীপস্থ, অন্তিক।
প্রত্যন্তপর্ব্বত, স্ত্র, পুং, বৃহৎ পর্ব্বতের সমীপবর্ত্তী ক্ষুদ্র পর্ব্বত।
প্রত্যভিজ্ঞা, (প্রতি=পুনর্ব্বার+অভি+জ্ঞা=জানা+অ—ভাব) স্ত্র, স্ত্রী, স্মরণবিশেষ, অনুস্মৃতি, 'ইহা সেই' এবম্বিধ অনুভব।
প্রত্যভিযোগ, (প্রতি=পুনর্ব্বার+অভি

+যোগ=নালিস) স্ব, পুং, অভিযোক্তার অভিযোগ, অভিযুক্ত ব্যক্তি নিজ দোষ ক্ষালন করিয়া অভিযোক্তার বিরুদ্ধে যে অভিযোগ করে। (Appeal.)

প্রত্যভিবাদ,—পুং, প্রত্যভিবাদন,—ন, (প্রতি=পুনরায় + অভিবাদ, অভিবাদন=বন্দনা, প্রণাম) স্ব, পূজ্য ব্যক্তিকে প্রণাম করিলে তিনি যে আশীর্ব্বাদ করেন, গুরু প্রভৃতির আশীর্ব্বাদ বচন, জ্যেষ্ঠের কনিষ্ঠের নমস্কারানন্তর পুনর্নমস্কার।

প্রত্যভিলাষ, (প্রতি+অভি+লষ+ঘঞ) স্ব, পুং, পুনঃ অভিলাষ।

প্রত্যয়, (প্রতি+ই=গমনকরা, জানা ইত্যাদি+অল্—ভাব) স্ব,পুং, অধীন, শপথ, নিশ্চয়, জ্ঞান, বিশ্বাস, হেতু, রন্ধ্র, ছিদ্র, আচার, প্রসিদ্ধি, খ্যাতি, ব্যাকরণে—শব্দ বা ধাতুর উত্তর ক্রিয়মাণ বিভক্ত্যাদি, যাহা প্রকৃতির পর প্রযুক্ত হইয়া থাকে।

প্রত্যয়কারিণী, (প্রত্যয়=বিশ্বাস+কারিণী=যে করায়, ঘটায়) স্ব, স্ত্রী, মোহর, মুদ্রা, ছাপদেওয়া, বিশ্বাসজনিকা।

প্রত্যয়িত, (প্রত্যয়+ইত) ণ, ত্রি, বিশ্বস্ত, বিশ্বাসপাত্র, আপ্ত, প্রতিগত, প্রতীত।

প্রত্যয়ী, (প্রত্যয়+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিশ্বাসী, বিশ্বাসকারী।

প্রত্যর্থী, (প্রতি=প্রতিকূল+অর্থ=বিষয়, প্রয়োজন+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিপক্ষ, শত্রু, প্রতিকূল, প্রতিবাদী, আসামী. প্রতিপক্ষ।

প্রত্যর্পণ, (প্রতি=পুনর্ব্বার+অর্পণ=দান) স্ব, ন, প্রতিদান, ফিরিয়া দেওয়া।

প্রত্যর্পিত, (প্রতি=পুনর্ব্বার+অর্পিত=দত্ত) ণ, ত্রি, প্রতিদত্ত, যাহা ফিরিয়া দেওয়া হইয়াছে।

প্রত্যবসান, (প্রতি+অব+সো=শেষ করা, ভোজন করা+অনট্—ভাব) স্ব, ন, ভোজন, ভক্ষণ।

প্রত্যবসিত, (প্রতি+অব+সো+ক্ত—চ) ণ, ত্রি, ভুক্ত, ভক্ষিত, জগ্ধ।

প্রত্যবস্কন্দ,—পুং, প্রত্যবস্কন্দন,—ন, (প্রতি=পুনর্ব্বার+অব+স্কন্দ্=গমনকরা+অল্, অনট্—ভাব) ব্য, চতুর্ব্বিধ উত্তরান্তর্গত প্রত্যুত্তরবিশেষ, বাদীর প্রদর্শিত দোষ ক্ষালনার্থ প্রতিবাদী যে সকল কারণ দেখায়, আপত্তি।

প্রত্যবস্থাতা, (প্রতি+অব+স্থা=থাকা বাধা দেওয়া+তৃন্—য)ণ,ত্রি, প্রতিপক্ষ, শত্রু।

প্রত্যবহার,(প্রতি+অব+হৃ=হরণকরা, নষ্টকরা+ঘঞ—ভাব) স্ব,পুং, প্রলয়, ধ্বংস, বিনাশ।

প্রত্যবায়,(প্রতি+অব+ই=গমনকরা+ঘঞ) স্ব,পুং, পাপ, অনিষ্ট, ক্ষতি, ব্যাঘাত।

প্রত্যবেক্ষা,—স্ত্রী, প্রত্যবেক্ষণ,—ন, (প্রতি+অব+ঈক্ষ+আ, অনট্—ভাব) স্ব, সূক্ষ্মরূপে দর্শন, পর্য্যবেক্ষণ, তত্ত্বাবধান, অনুসন্ধান, সূক্ষ্ম বিচার।

প্রত্যবেক্ষ্য, (প্রতি=পুনর্ব্বার+অব+ঈক্ষ=দর্শনকরা+য—চ) ণ, ত্রি, প্রত্যবেক্ষণযোগ্য, অনুসন্ধেয়, বিচার্য্য।

প্রত্যশ্ম, (প্রতি=তুল্য+অশ্মন্=প্রস্তর) স্ব, ন, গৈরিক, গিরিমাটী।

প্রত্যহ, (প্রতি=বীপ্সা+অহন্=দিন) ব্য, প্রতিদিন।

প্রত্যাকার, (প্রতি=তুল্য+আকার=আকৃতি) স্ব, পুং, খড়্গের খাপ, কোষ।

প্রত্যাখ্যাত, (প্রতি+আ+খ্যা=বলা, নিরাকরণ করা+ক্ত—চ) ণ, ত্রি, নিরাকৃত, অস্বীকৃত, দূরীকৃত, নিষিদ্ধ।

প্রত্যাখ্যান, (প্রতি+আ+খ্যা+অনট্

—ভাব) স্ত্র, ন, নিরাকরণ, অস্বীকার, দূরীকরণ, নিরসন, তাড়াইয়া দেওয়া, প্রত্যাদেশ।

প্রত্যাগত, (প্রতি=পুনর্ব্বার+আগত =আসিয়াছে) প, ত্রি, প্রত্যাবৃত্ত, ফিরিয়া আসা, পুনরাগত।

প্রত্যাদিষ্ট, (প্রতি+আ+দিশ্—বলা, জানান ইত্যাদি+ক্ত—ট) প, ত্রি, প্রত্যাখ্যাত, নিরাকৃত, ত্যক্ত, জ্ঞাপিত।

প্রত্যাদেশ, (প্রতি+আ+দিশ+ঘঞ—ভাব) স্ত্র, পুং, প্রত্যাখ্যান, নিরাকরণ, খণ্ডন, প্রতিবন্ধ, পরিত্যাগ, জ্ঞাপন, ভক্তের প্রতি দেবাদির আদেশ, দৈববাণী, পরামর্শ।

প্রত্যাধ্মান, (প্রতি+আধ্মান=স্ফীতি) স্ত্র, পুং, বাতব্যাধিবিশেষ।

প্রত্যানয়ন, (প্রতি=পুনর্ব্বার+আ+নী =লইয়া যাওয়া+অনট্—ভাব) স্ত্র, ন, পুনরুদ্ধার, পুনরানয়ন, ফিরিয়া আনা।

প্রত্যারম্ভ, (প্রতি+আরম্ভ) স্ত্র, পুং, পুনরারম্ভ, পুনঃসূচনা।

প্রত্যালীঢ়, (প্রতি+আ+লিহ্=চাটা, উপবেশন করা+ক্ত—ভাব) স্ত্র, ন, ধন্বীদিগের পাদসংস্থান, বাণ নিক্ষেপ সময়ে উপবেশন বিশেষ, বাম পাদ বিস্তৃত করিয়া দক্ষিণ পাদ সঙ্কুচিত করিয়া উপবেশন। প, ত্রি, আস্বাদিত, ভুক্ত, ভক্ষিত।

প্রত্যাবৃত্ত, (প্রতি=পুনর্ব্বার+আ+বৃৎ =বর্ত্তমান থাকা, আগমনকরা+ক্ত—য) প, ত্রি, প্রত্যাগত, পুনরাবৃত্ত।

প্রত্যাশা, (প্রতি=পুনর্ব্বার+আশা= অভিলাষ) স্ত্র, স্ত্রী, আকাঙ্ক্ষা, ভরসা, প্রত্যয়, অপেক্ষা।

প্রত্যাশী, (প্রত্যাশা+ইন্—অস্ত্যর্থে) প, ত্রি, যে প্রত্যাশা করে।

প্রত্যাশ্বাস, (প্রতি=পুনর্ব্বার+আশ্বাস =আকাঙ্ক্ষা) স্ত্র, পুং, পুনর্জীবন, প্রত্যাশা, বাঞ্ছা।

প্রত্যাসঙ্কলিত, (প্রতি+আ+সঙ্কলিত =যুক্ত) প, ত্রি, পরিসংখ্যাত, নির্দ্ধারিত, নির্ণীত, সংযুক্ত।

প্রত্যাসন্ন, (প্রতি+আসন্ন) প, ত্রি, সন্নিহিত, সমীপবর্ত্তী, অন্তিক।

প্রত্যাসর, প্রত্যাসার, (প্রতি=সম্মুখ+ আ+সৃ=গমনকরা+অল্, ঘঞ) স্ত্র, পুং, সৈন্যপৃষ্ঠ, বূহপার্ষ্ণি, সৈন্যবূহের পশ্চাদ্ভাগ।

প্রত্যাহত, (প্রতি+আ+হন্=বধকরা+ ক্ত—ট) প, ত্রি, প্রতিবদ্ধ, ব্যাহত, পরাহত, সঙ্কুচিত, কুণ্ঠিত, প্রতিহত।

প্রত্যাহরণ,—ন, প্রত্যাহার,—পুং, (প্রতি=পুনর্ব্বার+আ+হৃ=লওয়া+ অনট, ঘঞ—ভাব) স্ত্র, ফিরিয়া লওন, যোগের অঙ্গবিশেষ, ঈশ্বরে মনোনিবেশার্থ পার্থিব সুখ পরিত্যাগ, ইন্দ্রিয়নিগ্রহ, আকলন, ব্যাকরণে—অচ্, হল্ প্রভৃতি সংজ্ঞা, এক দ্রব্যের সহিত অপর দ্রব্যের পরিবর্ত্ত।

প্রত্যাহৃত, (প্রতি+আ+হৃ+ক্ত—ট) প, ত্রি, প্রত্যানীত, প্রত্যাকৃষ্ট, সংযমিত, আকলিত।

প্রত্যুক্ত,—ন, প্রত্যুক্তি,—স্ত্রী, (প্রতি =পুনর্ব্বার+উক্ত, উক্তি=কথন) স্ত্র, প্রতিবচন, প্রত্যুত্তর। (প্রতি=পুনর্ব্বার+উক্ত=কথিত) প, ত্রি, প্রতিভাষিত, পুনরুক্ত।

প্রত্যুত, (প্রতি+উত=সন্দেহ) ব্য, উক্তির বৈপরীত্য, বরং, অন্যপক্ষে।

প্রত্যুৎক্রম, (প্রতি+উৎ+ক্রম=গমনকরা+অল্) স্ত্র, পুং, যুদ্ধোদ্যোগ, প্রধান উদ্দেশ্যের সহকারী অপ্রধান কার্য্য। [স্ত্র, ন, উত্তরের উত্তর।

প্রত্যুত্তর, (প্রতি=পুনর্ব্বার+উত্তর)

প্রত্যুত্থান, (প্রতি=সম্মুখ+উৎ=ঊর্দ্ধ+ স্থা=থাকা+অনট্—ভাব) স্ত্র, ন, অ-

ত্থান, প্রত্যুদ্গমন, অভ্যর্থনা, আগত ব্যক্তির সম্মানার্থ আসন হইতে উত্থান, পূজ্য ব্যক্তি আসিলে উঠিয়া তাঁহাকে অভ্যর্থনা করা।

প্রত্যুৎপন্ন, (প্রতি=পুনর্ব্বার+উৎপন্ন=জাত) ণ, ত্রি, পুনরুৎপন্ন, পুনর্ব্বারজাত, সত্বর, হঠাৎ, প্রস্তুত, উদ্যত, গুণিত। স্থ,ন, গুণন, উৎপাদন।

প্রত্যুৎপন্নমতি,(প্রত্যুৎপন্ন+মতি=বুদ্ধি, তৎসময়োচিত বুদ্ধি; ৬.হ) ণ, ত্রি, প্রতিভান্বিত,অসামান্য ধীশক্তিসম্পন্ন, সূক্ষ্মদর্শী, হঠাৎ কোন বিষয়ের নির্ণেতা, উপস্থিত বিষয়ে যাহার বুদ্ধি স্ফূর্ত্তি পায়, বিপদের সময়েও যে হতবুদ্ধি না হয়। স্থ, স্ত্রী, উপস্থিত বুদ্ধি।

প্রত্যুৎপন্নমতিত্ব, (প্রত্যুৎপন্নমতি+ত্ব—ভাবে) স্থ, ন, কার্য্যকালে বুদ্ধির উদ্রেক, বিপৎকালে বুদ্ধি যোগান।

প্রত্যুদ্গত, প্রত্যুদ্যাত, (প্রতি=সম্মুখ+উৎ=ঊর্দ্ধ+গম=গমনকরা, যা=যাওয়া+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে প্রত্যুদ্গমন করা হইয়াছে।

প্রত্যুদ্গম,—পুং, প্রত্যুদ্গমন,—ন, (প্রতি=সম্মুখ+উৎ=ঊর্দ্ধ+গম=গমনকরা+অল্, অনট্—ভাব) স্থ, প্রত্যুত্থান, পূজ্যব্যক্তি আসিলে অগ্রে গিয়া তাঁহাকে সম্বর্দ্ধনা করিয়া আনয়ন।

প্রত্যুদ্গমনীয়, (প্রতি+উৎ=ঊর্দ্ধ+গম=গমনকরা+অনীয়—চ) স্থ, ন ,ধৌত বস্ত্রযুগল, জোড়। ণ, ত্রি, সমুপস্থানযোগ্য, প্রত্যুদ্গমনের উপযুক্ত, পূজনীয়।

প্রত্যুদ্ধরণ,—ন,প্রত্যুদ্ধার,—পুং,(প্রতি=পুনর্ব্বার+উৎ=উপরি+হৃ=লওয়া+অনট্, ঘঞ—ভাব) স্থ, পুনরুদ্ধার, পুনঃসংস্থাপন, প্রতিগ্রহণ।

প্রত্যুপকার, (প্রতি=পুনর্ব্বার+উপকার=আনুকূল্য) স্থ, পুং, কৃতজ্ঞতা, কোন ব্যক্তির উপকার করিলে সেই উপকার স্মরণ করিয়া তাঁহার উপকার করা।

প্রত্যুপ্ত, (প্রতি+বপ=বপনকরা+ক্ত—চ) ণ, ত্রি, খচিত, গ্রথিত, বদ্ধমূল, প্রোত, উপ্ত, প্রতিবদ্ধ।

প্রত্যুষ, প্রত্যূষ,—পুং,প্রত্যুষঃ,প্রত্যূষঃ,—ন,(প্রতি+উষ=বধকরা, উষ=দগ্ধ হওয়া+অল্, অস্) স্থ. প্রভাত, প্রাতঃকাল, বসুভেদ, সূর্য্য।

প্রত্যূহ, (প্রতি+উহ=তর্ককরা, বাধা দেওয়া+ক—ভাব) স্থ, পুং, বিঘ্ন, বাধা, ব্যাঘাত, প্রতিবন্ধক।

প্রত্যেক,(প্রতি=বীপ্সা+এক,অব্যয়ী) ক্রিং—ণ, ন, একবচনান্ত, এক২ সমুদায়, পৃথক্ পৃথক্।

প্রত্যেতা, (প্রতি+ই=গমনকরা, জানা ইত্যাদি+তৃন্—ঘ) ণ, ত্রি, প্রত্যয়কারী, বিশ্বাসী। [বিক্ষেপণ,পাতন।

প্রথন, (প্রথ+অনট্—ভাব) স্থ, ন,

প্রথম, (প্রথ=খ্যাত হওয়া+অম) ণ, ত্রি, আদ্য, আদিম, প্রাক্তন, মুখ্য, প্রধান, অগ্রিম, শ্রেষ্ঠ।

প্রথমজ, (প্রথম+জন=যে জন্মে, ণ-র) ণ, ত্রি, অগ্রজ, প্রথমোৎপন্ন, পূর্ব্বজ।

প্রথমতঃ, (প্রথম+তস) বা, প্রথমে, অগ্রে। [পুং, অর্থদণ্ড, সামান্যদণ্ড।

প্রথমসাহস, (প্রথম+সাহস=শাস্তি)স্থ,

প্রথা, (প্রথ্=খ্যাত হওয়া+অঙ্, আপ্) স্থ, স্ত্রী. রীতি, ধারা. ব্যবহার, নিয়ম, খ্যাতি, প্রসিদ্ধি, বিস্তার।

প্রথিত,(প্রথ্+ক্ত—ঘ) ণ, ত্রি, প্রসিদ্ধ, খ্যাত, ব্যক্ত, প্রকট, বিস্তৃত, ব্যাপ্ত।

প্রথিমা,(পৃথু=বৃহৎ+ইমন্—ভাবে) স্থ, পুং,পৃথুত্ব,স্থূলত্ব,বিশালতা,বিপুলতা।

প্রথিষ্ঠ, প্রথীয়ান্, (পৃথু=বৃহৎ+ইষ্ঠ—অতিশয়ার্থে; পৃথু+ঈয়সু—অতিশয়ার্থে) ণ,ত্রি, অতি বৃহৎ, অতিশয়

স্থূল, বিশাল, প্রশস্ত।

প্রথিমী, (প্রথিমন্=স্থূলত্ব+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, পৃথুল, স্থূল, মোটা।

প্রথুক, (প্রথ্=খ্যাত হওয়া+উক) ষ্য, পুং, অর্ভক, শাবক, শিশু, চিপিটক।

প্রদ, (প্র+দা=দানকরা+ড—ঘ) ণ, ত্রি, প্রদাতা, দানকারী, যে প্রদান করে।

প্রদক্ষিণ, (প্র+দক্ষিণ=ডাইন; অব্যয়ী) ষ্য, ন, পূজনীয় দেবাদির বা প্রিয় ব্যক্তির চতুর্দ্দিকে দক্ষিণাবর্ত্তে ভ্রমণ, চতুর্দ্দিক বেষ্টন, বন্দনা, আরাধনা।

প্রদত্ত, (প্র+দা+ক্ত—ঢ) ণ, ত্রি, সমর্পিত, যাহা দেওয়া হইয়াছে, নিহিত।

প্রদর, (প্র+দৃ=বিদারণ করা+অল—ভাব) ষ্য, পুং, ভঙ্গ, বিদারণ, বাণ, স্ত্রীলোকের রোগবিশেষ, ঋতু সময়ে অধিক পরিমাণে রক্তক্ষরণ। (Mænorrhagia)

প্রদর্শক, (প্র+দর্শি—দেখান+ণক ঘ) ণ, ত্রি, যে দেখায়, প্রদর্শনকারী। [ষ্য, ন, উল্লেখ, দেখান।

প্রদর্শন, (প্র+দর্শি+অনট—ভাব)

প্রদর্শনী, (প্রদর্শন+ঈ) ষ্য, স্ত্রী, মেলা, যেখানে প্রাকৃতিক ও শিল্পজাত বিবিধ উৎকৃষ্ট ও আশ্চর্য্য বস্তু সাধারণের দর্শনার্থ স্থাপিত হয়।

প্রদর্শিত, (প্র+দর্শি+ক্ত—ঢ) ণ, ত্রি, উল্লিখিত, যাহা দেখান হইয়াছে।

প্রদল, (প্র+দল=ভেদকরা+অল্) ষ্য, পুং, শর, বাণ, প্রদর রোগ।

প্রদান, (প্র+দা=দানকরা+অনট্—ভাব) ষ্য, ন, দান, উৎসর্গ, ত্যাগ, বিতরণ, অর্পণ, দেওয়া।

প্রদিক্, (প্র=প্রভেদ+দিশ্) ষ্য, স্ত্রী, যে দুই দিক্‌কে প্রভেদ করে, বিদিক্, দুই দিকের মধ্যভাগ।

প্রদিগ্ধ, (প্র+দিহ্=লেপনকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, প্রলিপ্ত, মাখান। ষ্য, ন, মাংসব্যঞ্জনবিশেষ।

প্রদিষ্ট, (প্র+দিশ্=[বলা] নির্দ্দেশকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, উপদিষ্ট, নির্দ্দিষ্ট, দত্ত।

প্রদীপ, (প্র+দীপ্=দীপ্তিপাওয়া+অল্) ষ্য, পুং, দীপ, বর্ত্তিস্থ জ্বলন্ত অগ্নিশিখা, প্রকাশক।

প্রদীপন, (প্র+দীপ্+অনট—ভাব) ষ্য, ন, প্রকাশন, উদ্দীপন, উজ্জ্বলকরণ। পুং, বিষবিশেষ। ণ, ত্রি, উদ্দীপক, প্রকাশক।

প্রদীপ্ত, (প্র+দীপ্+ক্ত—ঘ) ণ, ত্রি, প্রকাশিত, উজ্জ্বল, দ্যোতিত।

প্রদেয়, (প্র+দেয়=দানের যোগ্য) ণ, ত্রি, প্রদানযোগ্য। ষ্য, ন, সম্প্রদান, বিতরণ, দান।

প্রদেশ, (প্র+দেশ=স্থান) ষ্য, পুং, স্থান, দেশ, একদেশ, জেলা, প্রাদেশ, বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র হইতে তর্জ্জনীর অগ্র পর্য্যন্ত পরিমাণ, ভিত্তি, দেয়াল।

প্রদেশন, (প্র+দিশ্=[বলা] অনুমতি করা ইত্যাদি+অনট্—ভাব) ষ্য, ন, আদেশ, দান, উপহার, নৃপাদির উপঢৌকন, উৎকোচ, ঘুষ। নী, শিনী—স্ত্রী, তর্জ্জনী, অঙ্গুষ্ঠের পরস্থ অঙ্গুলি।

প্রদেহ, (প্র+দিহ্=লেপনকরা+ঘঞ) ষ্য, পুং, প্রলেপ, বিলেপন।

প্রদোষ, (প্র=আরম্ভ+দোষ=রাত্রি) ষ্য, পুং, রজনীমুখ, সায়ংকাল, দোষ, অপরাধ। (প্র=প্রকৃষ্ট+দোষ; ৬.হ) ণ, ত্রি, দুষ্ট, অতিশয় দোষ বিশিষ্ট।

প্রদ্যুম্ন, (প্র=প্রসিদ্ধ+দ্যুম্ন=শক্তি; ৬.হ) ষ্য, পুং, কন্দর্প, কামদেব।

প্রদ্যোত, (প্র=অধিক+দ্যোত=দীপ্তি) ষ্য, পুং, আলোক, কিরণ, রশ্মি, দীপ্তি, নৃপবিশেষ।

প্রদ্যোতন, (প্র=অধিক+দ্যুৎ=দীপ্তি পাওয়া+অনট্—ভাব) ষ্য, ন, দ্যুতি, দীপ্তি, পুং, সূর্য্য।

প্রদ্যোতিত, (প্র=দ্যুৎ+ক্ত—চ; প্রদ্যুতিত শব্দও হয়) ণ, ত্রি, প্রদীপ্ত, প্রকাশিত, উদ্ভাসিত।

প্রদ্রব, প্রদ্রাব, (প্র+দ্রু=গমনকরা, পলায়ন করা+অল; ঘঞ—ভাব) ষ্য, পুং, প্রস্থান, পলায়ন, ধাবন, অপগম।

প্রদ্রুত, (প্র+দ্রু+ক্ত—ঘ) ণ, ত্রি, ধাবিত, প্রস্থিত, পলায়িত।

প্রধন, (প্র+ধন্=প্রাপ্তহওয়া+অল্—ভে, ভাব) ষ্য, ন, যাহাতে শত্রুরা বিনাশ প্রাপ্ত হয়, যুদ্ধ, বিদারণ, মারণ, নিধন, বিনাশ।

প্রধান, (প্র+ধা=ধারণকরা+অনট) ষ্য, ন, ত্রিগুণময়ী প্রকৃতি, জগতের মূলকারণ, পরমাত্মা, স্থূল জগতের আদিকারণ, বুদ্ধি, হস্তিচালক, মাহুত, অমাত্য। (একবচনান্ত, ক্লীবলিঙ্গ) শ্রেষ্ঠ। ণ, ত্রি, শ্রেষ্ঠ, মুখ্য।

প্রধি, (প্র=প্রকৃষ্ট+ধা=ধারণকরা+কি) ষ্য, পুং, চক্রের পরিধি, চক্রের প্রান্তভাগ, নেমি।

প্রধী, (প্র=প্রকৃষ্ট+ধী=বুদ্ধি; ৬.হ) ণ, ত্রি, প্রকৃষ্ট বুদ্ধিশালী। ষ্য, স্ত্রী, প্রকৃষ্টা বুদ্ধি।

প্রধূপিত, (প্র+ধূপ্=সন্তপ্তকরা+ক্ত—চ, ঘ) ণ, ত্রি, সন্তাপিত, সন্ধুক্ষিত, প্রদীপ্ত, দ্যোতিত, উত্তেজিত। তা—স্ত্রী, ক্লেশিতা, সূর্য্যের গন্তব্য দিক্।

প্রধূমিত, (প্র=প্রকৃষ্ট+ধূম=ধূঁয়া+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, জলনোন্মুখ, অতিশয় ধূমযুক্ত।

প্রধ্মাত, (প্র+ধ্মা=শব্দকরা+ক্ত) ণ, ত্রি, প্রপূরিত, শব্দিত, ধ্বনিত, বায়ুপূরণ দ্বারা শব্দিত।

প্রপঞ্চ, (প্র+পনচ্=বিস্তৃতহওয়া+অল্) ষ্য, পুং, বিস্তার, বিস্তৃতি, বহুসংখ্যক সমূহ, ভ্রম, ভ্রান্তি, অজ্ঞান, মায়া, সংসার, প্রতারণা, বৈপরীত্য, বিপর্য্যয়, উল্টা।

প্রপঞ্চিত, (প্রপঞ্চ=বিস্তার+ইত) ণ, ত্রি, বিস্তৃত, ভ্রমযুক্ত, ভ্রান্তিসঙ্কুল।

প্রপতন, (প্র+পৎ=পড়া+অনট্—ভাব) ষ্য, ন, ভ্রংশ, পতন, পড়া, মৃত্যু, ভঙ্গ, নাশ।

প্রপথ, (প্র+পথ=গমনকরা+অল্) ণ, ত্রি, শিথিল, আলগা, ক্লান্ত, অলস।

প্রপথ্যা, ষ্য, স্ত্রী, হরীতকী।

প্রপদ, (প্র=অগ্র+পদ=পায়) ষ্য, ন, পাদাগ্র, চরণপ্রান্ত।

প্রপন্ন, (প্র+পদ্=গমনকরা, পাওয়া+ক্ত—চ) ণ, ত্রি, প্রাপ্ত, শরণাগত, আশ্রিত, স্বীকৃত, দরিদ্র, অন্বেষী।

প্রপন্নাড়, ষ্য, পুং, চক্রমর্দ্দক, চাকুন্দে গাছ।

প্রপা, (প্র+পা=পানকরা+ড—ভে) ষ্য, স্ত্রী, পানীয়শালা, জলছত্র।

প্রপাঠক, ষ্য, পুং, বেদাংশবিশেষ। ণ, ত্রি, পাঠক।

প্রপাণি, (প্র+পাণি=হস্ত) ষ্য, পুং, করতল, হাতের তেলো।

প্রপাত, (প্র+পৎ=পতিত হওয়া+ঘঞ—ভে, ভাব) ষ্য, পুং, পর্ব্বতাদির নিরবলম্ব অত্যুচ্চ স্থান, ভৃগুদেশ, পতন, নির্ঝর, অত্যুচ্চ তীর, কুল।

প্রপাবন, (প্রপা=বিশ্রামস্থান+বন) ষ্য, ন, অরণ্যবিশেষ।

প্রপায়ী, (প্র+পা=পানকরা, রক্ষাকরা ইত্যাদি+ণিন্—ঘ; আয়্—আগম) ণ, ত্রি, পানকর্ত্তা, রক্ষাকর্ত্তা।

প্রপিতামহ, (প্র=অগ্রগামী+পিতামহ) ষ্য, পুং, পিতামহের পিতা। হী—স্ত্রী, পিতামহের মাতা।

প্রপুন্নাট, প্রপুন্নাড়, ষ্য, পুং, চক্রমর্দ্দ

চাকুন্দে গাছ।

প্রপূরিত, (প্র+পূর্=পরিপূর্ণ হওয়া+ক্ত—চ) ণ, ত্রি, যাহা পরিপূর্ণ করা হইয়াছে।

প্রপৌত্র, (প্র=পশ্চাদ্গামী+পৌত্র) স্ত্র, পুং, স্ত্রী—ত্রী, পৌত্রের সন্তান।

প্রফুল্ল, (প্র+ফুল্ল=বিকসিত হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, প্রস্ফুটিত, উন্মীলিত, বিকসিত, প্রবুদ্ধ, হাস্যযুক্ত, প্রসন্ন, উল্লাসিত।

প্রবন্ধ, (প্র+বন্ধ্=বন্ধনকরা+অল্) স্ত্র, পুং, কাব্যাদি রচনা, সন্দর্ভ, আনুপূর্ব্বিক বাক্যবিন্যাস, অবিচ্ছেদ, বন্ধন, পূর্ব্বাপর মিলন, পরস্পর সম্বন্ধ বাক্যসমূহ।

প্রবল, (প্র=অধিক+বল; ৬-হ) ণ, ত্রি, সাতিশয় বলশালী।

প্রবাল, (প্র+বল্=বলবান্ হওয়া+ঘঞ্) স্ত্র, পুং, সমুদ্রজাত রক্তবর্ণ বর্ত্তুলাকার রত্নবিশেষ, বিদ্রুম, পলা, কিশলয়, নবপল্লব, বীণাদণ্ড।

প্রবালকীট, স্ত্র, পুং, সমুদ্রসম্ভূত লোহিতবর্ণ কীটবিশেষ।

প্রবালফল, স্ত্র, ন, রক্তচন্দন।

প্রবাহু, স্ত্র, পুং, কনুইয়ের অধোভাগ।

প্রবুদ্ধ, (প্র+বুধ্=বোধকরা+ক্ত—ম) ণ, ত্রি, পণ্ডিত, প্রফুল্ল, জাগরিত।

প্রবোধ, (প্র+বুধ্=বোধকরা+ঘঞ্—ভাব) স্ত্র,জাগরণ, উন্মেষ, জ্ঞান।

প্রবোধন, (প্র+বোধি=বোধকরান+অনট—ভাব) স্ত্র, ন, জাগরিতকরণ, বিজ্ঞাপন, সান্ত্বনা, বোঝান, উপদেশ, উত্তেজন, পুনরুজ্জীবিত করণ, মর্দ্দন দ্বারা সুগন্ধদ্রব্যের পূর্ব্বগন্ধ পুনরুৎপাদন।

প্রবোধনী, প্রবোধিনী, (প্র+বোধি+অন, ইন্) স্ত্র, স্ত্রী, উত্থানৈকাদশী, কার্ত্তিকী শুক্লা একাদশী।

প্রবোধিত, (প্র+বোধি+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে জাগরিত হইয়াছে, জাগরিত, জ্ঞাপিত, উত্তেজিত, শিক্ষিত, যাহাকে প্রবোধ দেওয়া হইয়াছে।

প্রভঞ্জন, (প্র+ভন্জ্=ভাঙ্গা+অন) স্ত্র, পুং, বায়ু। ণ, ত্রি, ভঞ্জনকারী।

প্রভব, (প্র+ভূ=হওয়া+অল্) স্ত্র, পুং, উৎপত্তি, জন্ম, উৎপত্তিস্থান, উৎপত্তিকারণ, উৎপাদক, পিত্রাদি, প্রভাব, বল, পরাক্রম, মুনিবিশেষ, বৎসরবিশেষ,প্রাধান্য। ণ, ত্রি,জাত, বলশালী।

প্রভবন্, (প্র=প্রধান+ভূ=হওয়া+শতৃ—ম) ণ, ত্রি, প্রভু, স্বামী, সমর্থ।

প্রভবিষ্ণু, ণ, ত্রি, প্রভুশব্দ দেখ।

প্রভবিষ্ণুতা, (প্রভবিষ্ণু [প্র+ভূ=প্রধান হওয়া+ইষ্ণু—ম]=স্বামী+তা—ভাবে) স্ত্র,প্রভুতা, সামর্থ্য,প্রতাপ, প্রাবল্য, শক্তি।

প্রভা, (প্র=অধিক+ভা=দীপ্তি পাওয়া+আ—ভাব) স্ত্র,স্ত্রী, দীপ্তি, তেজঃ, প্রকাশ, সূর্য্যপত্নী, গোপীবিশেষ, দুর্গা, কুবেরপুরী।

প্রভাকর, (প্রভা=দীপ্তি+কর=যে করে, ২-ষ) স্ত্র, পুং, সূর্য্য, অগ্নি, চন্দ্র, সমুদ্র। ণ, ত্রি, তেজস্কর।

প্রভাকীট, (প্রভা=দীপ্তি+কীট=পোকা)স্ত্র, খদ্যোত,জোনাক্‌পোকা।

প্রভাত, (প্র+ভা=দীপ্তিপাওয়া+ক্ত—আরম্ভার্থে) স্ত্র, ন, প্রাতঃকাল, প্রত্যূষ। ণ, ত্রি, প্রভাবিশিষ্ট।

প্রভাব, (প্র+ভাব=গুণ, অথবা প্র+ভূ+ঘঞ্) স্ত্র, পুং, প্রতাপ, বল ও রণজনিত তেজঃ, শক্তি, প্রভুশক্তি, মহিমা, শক্তি, সামর্থ্য, উদ্ভব।

প্রভাবজ, (প্রভাব+জ=জাত) স্ত্র, পুং, প্রভুশক্তি।

প্রভাবান্, (প্রভা=দীপ্তি+বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, দীপ্তিমান, প্রভা-

বিশিষ্ট, জ্যোৎস্নাময়। স্ত্রী—স্ত্রী. ছন্দোবিশেষ, "নগৌনায়ক উনবিংশাক্ষর জৈনের মাতা।

প্রভাব,(প্র—প্রকৃষ্টরূপে+ভাষ—কথন) স্ক, পুং, প্রকৃষ্টরূপে কথন, অষ্টবসু-মধ্যে অন্যতম বসু।

প্রভাব, (প্র+ভাস্—দীপ্তিপাওয়া+অন্) স্ক, পুং, ভারতবর্ষের পশ্চিমস্থ তীর্থবিশেষ, সোমতীর্থ, পৌরাণিকেরা বলেন যে চন্দ্র যক্ষ্মারোগাক্রান্ত হইয়াছিলেন, এবং পরিশেষে এই তীর্থে স্নান করিয়া রোগ হইতে মুক্তিলাভ করেন এবং তদবধি প্রতি অমাবস্যায় এই তীর্থে অবগাহন করিয়া শরীর বর্দ্ধিত করেন, এই তীর্থ চন্দ্রদেবকে প্রভাসিত অর্থাৎ পুনরুজ্জীবিত করে বলিয়া ইহাকে প্রভাসতীর্থ কহে, বসুবিশেষ, জৈনগণাধিপবিশেষ।

প্রভিন্ন, (প্র—অধিক+ভিন্ন—বিদীর্ণ ইত্যাদি) স্ক,পুং, মদজলস্রাবী হস্তী। ণ,ত্রি,বিদলিত, প্রস্ফুটিত, প্রকাশিত, বিভক্ত, ভিন্ন, বিদীর্ণ, মত্ত।

প্রভু, প্রভবিষ্ণু, (প্র—প্রধান+ভূ—হওয়া+উ, ইষ্ণু—ষ) য্য, পুং, নিগ্রহানুগ্রহসমর্থ রাজা, স্বামী, বিষ্ণু, পারদ, শব্দ। ণ, ত্রি, সমর্থ, শক্ত, শ্রেষ্ঠ।

প্রভুতা,—স্ত্রী. প্রভুত্ব,—ন, (প্রভু+তা, ত্ব—ভাবে) স্ক, আধিপত্য, কর্তৃত্ব, স্বামিত্ব, প্রাধান্য, ঐশ্বর্য্য, প্রভাব, সামর্থ্য।

প্রভুভক্ত,(প্রভু—স্বামী+ভক্ত—অনুরক্ত, ৭-ষ) ণ. ত্রি. প্রভুর প্রতি অনুরক্ত, আজ্ঞাবহ। স্ক পুং, উত্তম ঘোটক। [ভক্তি, স্বামিভক্তি।

প্রভুভক্তি, স্ক, স্ত্রী, বিষ্ণুভক্তি, ঈশ্বর

প্রভুশক্তি, (প্রভু+শক্তি, ৬-ষ) স্ক, স্ত্রী, প্রভাব, প্রতাপ।

প্রভূত, (প্র—অধিক+ভূত—হে: হইয়াছে) ণ, ত্রি, প্রচুর, বহু, উদ্গত, উন্নত, অতীত, ভুক্ত, পালিত।

প্রভূষ্ণু, (প্র+ভূ=হওয়া+স্নু—ষ) ণ, ত্রি, সমর্থ, শক্ত, সক্ষম, দক্ষ।

প্রভৃতি, (প্র+ভৃ—পোষণকরা+ক্তি) ণ, ত্রি, (শব্দের পরবর্তী হইলে) তদাদি, ইত্যাদি, আদি, গণবোধক। বা, অবধি।

প্রভেদ, (প্র+ভিদ্—ভেদকরা+ঘঞ্—ভাব) স্ক, পুং, প্রকার, বৈলক্ষণ্য, বিভিন্নতা, অন্তর, ভেদ, বিশেষ, প্রস্ফুটন, বিকাশ, পদবী।

প্রভেদক, (প্র+ভিদ+ণক—ষ) স্ক, পুং, প্রভেদকর্ত্তা, ভিন্নতাকারক।

প্রভেদনী, প্রভেদিকা, (প্র+ভিদ্+অন, ণক—ষ)স্ক,স্ত্রী, ভেদকারিণী, বেধনাস্ত্র।

প্রভ্রংশ, (প্র+ভ্রন্‌শ্—পতিত হওয়া+অল্—ভাব)স্ক,পতন,স্খলন,নাশ।

প্রভ্রষ্ট, (প্র+ভ্রন্‌শ্—পতিত হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, পতিত, নষ্ট।

প্রভ্রষ্টক, (প্রভ্রষ্ট+ক—যোগ) স্ক, ন, শিখালম্বি মাল্য, চূড়াতে লম্বমান মালা।

প্রমত্ত, (প্র+মত্ত—উন্মত্ত) ণ, ত্রি, প্রমাদযুক্ত, পাগল, ভ্রান্ত, অনবহিত, অসাবধান, অত্যাসক্ত, অভিরত, মদবিহ্বল।

প্রমথ, (প্র—অধিক+মথ্—[শিবশত্রুকে] মন্থনকরা+অল) স্ক, পুং, শিবের পারিষদ, প্রমথন, ঘোটক। থা—স্ত্রী, হরীতকী।

প্রমথন, (প্র+মথ্—মন্থনকরা+অনট্—ভাব) স্ক, ন, হত্যা, বধ, হিংসা, বিলোড়ন,উন্মথন,অবমর্দ্দন, যন্ত্রণা দেওয়া, মন্থনকরা, [illegible], ঘোল মওয়া।

প্রমথাধিপ, (প্রমথ+অধিপ, ৬-ষ)

স্ত্র, পুং, শিব, মহাদেব।
প্রমথিত, (প্র+মথ্+ক্ত—ট) ণ, ত্রি, বিলোড়িত, অবমর্দ্দিত, ক্লেশিত। স্ত্র, ন, নির্জ্জল তক্র, খাঁটি ঘোল।
প্রমদ, (প্র+মদ্=হৃষ্টহওয়া, মত্ত-হওয়া+অল) ণ, ত্রি, মদমত্ত, প্রমত্ত, উন্মত্ত। স্ত্র, পুং, আনন্দ, হর্ষ, আহ্লাদ, ধত্তূর ফল।
প্রমদকানন, প্রমদবন, (প্রমদ=আনন্দ+কানন, বন, ৬-ব) স্ত্র, ন, রাজকীয় উপবন, আনন্দ-স্থান, বিহার-ভূমি
প্রমদা, (প্র=উৎকৃষ্ট+মদ=সৌন্দর্য্য-জনিত অহঙ্কার ; ৬.হ) স্ত্র, স্ত্রী, সুন্দরী নারী।
প্রমনাঃ, প্রমণাঃ, (প্র=প্রকৃষ্ট, আনন্দিত+মনস্=মনঃ; ৬.হ) ণ, ত্রি, হৃষ্টচিত্ত, সন্তুষ্টচিত্ত।
প্রময়, (প্র+মী=বধকরা+অল্) স্ত্র, পুং, হত্যা, বধ, হনন, বিনাশ।
প্রমা, (প্র+মা=পরিমাণকরা+আ—ভাব) স্ত্র, স্ত্রী, যাহার দ্বারা সকল বস্তু পরিমাণ করা যায়, যথার্থ জ্ঞান, প্রমিতি, ভ্রম ভিন্নজ্ঞান।
প্রমাণ, (প্র+মা+অন) স্ত্র, ন, নিশ্চয়ের হেতু; প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ—এই চারি; এতদ্ভিন্ন বেদান্ত-মতে অর্থাপত্তি ও অনুপলব্ধি নামে দুইটী অতিরিক্ত প্রমাণ আছে, নিত্য, মর্য্যাদা, সাক্ষী, লেখা, শাস্ত্র, প্রধান, ইয়ত্তা, পরিমাণ, প্রমাতা, সত্যবাদী, যথার্থজ্ঞান, নিশ্চয়, জ্ঞানসাধন ইন্দ্রিয়, হেতু, উদাহরণ। (প্রমাণ-শব্দ অজহল্লিঙ্গ দেখা যায়।)
প্রমাণপত্র, স্ত্র, ন, নিদর্শনপত্র, দৃষ্টান্তলিপি, লেখ্যাদি। [প্রমাণকারক।
প্রমাতা, (প্র+মা+তৃন্—ষ) ণ, ত্রি,
প্রমাতামহ, (প্র=অগ্রগামী+মাতামহ) স্ত্র, পুং, মাতামহের পিতা। হী—স্ত্রী, মাতামহের মাতা।
প্রমাথ, (প্র+মথ্=মন্থনকরা, বধকরা+ঘঞ) স্ত্র, পুং, প্রমথন, মর্দ্দন, পীড়ন, বধ, বলপূর্ব্বক গ্রহণ।
প্রমাথী, (প্র+মথ্=বধকরা, পীড়ন-করা+ণিন্—ষ) ণ, ত্রি, পীড়াদায়ক, ক্লেশকর, ধ্বংসকরী।
প্রমাদ, (প্র+মদ্=মত্তহওয়া, অসাবধান হওয়া+ঘঞ—ভাব) স্ত্র, পুং, অনবধানতা, অসাবধানতা, ভ্রান্তি, অন্তঃকরণের দুর্ব্বলতা।
প্রমাদবান্, প্রমাদী, (প্রমাদ=অসাবধানতা+বতু, ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, অনবধানতাবিশিষ্ট, অসাবধান, অনবহিত।
প্রমাদবধ, স্ত্র, পুং, কোন প্রকার বিদ্বেষ না থাকিলেও ঘটনাক্রমে অনিচ্ছাকৃত হত্যা।
প্রমাদাভিধান, (প্রমাদ+অভিধান) স্ত্র, ন, ভ্রমের হেতুবাদ, অমনোযোগে বক্তৃতা।
প্রমাদিকা, (প্র+মদ্=মত্তহওয়া, অনবহিত হওয়া, ভোলা+ণক) স্ত্র, স্ত্রী, দূষিতা, কন্যা, কতযোনি নারী।
প্রমাপণ, (প্র+মা=পরিমাণকরা+ণিচ+অনট্, প—আগম) স্ত্র, ন, বধ, বিনাশ, হত্যা, মারণ।
প্রমায়ক, (প্র+মা+ণক-ষ) ণ, ত্রি, প্রমাণকারক, জ্ঞাতা।
প্রমিত, (প্র+মা+ক্ত—ট) ণ, ত্রি, জ্ঞাত, বিদিত, অবগত, পরিমিত, নিশ্চিত, প্রমাণসিদ্ধ।
প্রমিতি, (প্র+মা+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, প্রমা, সত্যজ্ঞান, প্রমাণ, পরিমাণ, মাপকরণ।
প্রমীঢ়, (প্র+মিহ্=সিক্তকরা+ক্ত-ষ) ণ, ত্রি, ঘন, নিবিড়, প্রমেহবিশিষ্ট, যাহার মূত্রদোষ আছে।
প্রমীত, (প্র+মী=বধকরা+ক্ত-ট) ণ, ত্রি,

.মৃত,হত, নিহত, যজ্ঞার্থে হত (পশু)।

প্রমীলন, (প্র+মীল্=চক্ষু মুদ্রিত হওয়া +অনট্—ভাব) ষ্ণ, ন, নিমীলন, মুদ্রণ, সঙ্কোচ।

প্রমীলা, (প্র+মীল্+অ, আপ্) ষ্ণ,স্ত্রী, তন্দ্রা, খিন্নতা,অবসন্নতা,অঙ্গশৈথিল্য, মুদ্রণ,ইন্দ্রজিতের পত্নী।

প্রমুখ, (প্র+মুখ=আদি,প্রধান) ণ,ত্রি, (শব্দের পরবর্ত্তী হইলে)প্রথম,প্রধান, শ্রেষ্ঠ, মান্য, প্রভৃতি। ষ্ণ, ন, আরম্ভ, তৎকাল। পুং, সমূহ, পুন্নাগবৃক্ষ।

প্রমুখাৎ, ব্য, মুখ হইতে, কথায়।

প্রমুদ্, (প্র=অধিক+হৃষ্টহওয়া+কিপ —ঘ) ষ্ণ, স্ত্রী, অতিশয় হর্ষ। ণ, ত্রি, প্রহৃষ্ট, আহ্লাদিত,তুষ্ট, প্রফুল্ল, বিকসিত।

প্রমুদিত,(প্র+মুদ্+ক্ত—ঘ)ণ,ত্রি, হৃষ্টচিত্ত, প্রফুল্ল, আহ্লাদিত, প্রসাদিত, বিকসিত।

প্রমৃষ্ট, (প্র+মৃজ্=পরিষ্কার করা+ক্ত—ঢ) ণ, ত্রি, পরিষ্কৃত, নির্ধৌত, মার্জ্জিত, উজ্জ্বল, নিরস্ত।

প্রমেয়, (প্র+মা=পরিমাণকরা+য—ঢ) ণ, ত্রি,সাধনীয়, প্রতিপাদনীয়,প্রমিতির বিষয়, পরিমেয়, উপপাদ্য।

প্রমেহ, (প্র+মিহ্=বীজসেককরা+ঘঞ—ঘ) ষ্ণ, পুং, মূত্রদোষ রোগবিশেষ, বহুমূত্রতা, সতত মূত্রস্রাবাদি।

প্রমোক,—পুং, প্রমোচন,—ন, (প্র+মুচ্=মোচনকরা+ঘঞ, অনট্—ভাব) ষ্ণ, পরিমোক্ষণ, মুক্তকরণ, উদ্ধরণ, নিষ্কৃতিকরণ।

প্রমোচনী, ষ্ণ, স্ত্রী, গবাক্ষী, গোড়ুম্বা, ছোটকরকা। ণ, ত্রি, প্রকৃষ্ট মোচন কর্ত্রী।

প্রমোদ, (প্র+মুদ্=হৃষ্টহওয়া+ঘঞ—ভাব) ষ্ণ, পুং, আমোদ, আনন্দ, হর্ষ, উল্লাস।

প্রমোদিত, (প্র+মুদ্+ক্ত—ঢ) ণ,ত্রি, আমোদিত, আহ্লাদিত, আনন্দিত। ষ্ণ, পুং, কুবের।

প্রম্লোচা, ষ্ণ, স্ত্রী, অপ্সরাবিশেষ।

প্রযত, (প্র+যম্=বিরতবিরতহওয়া+ক্ত) ণ, ত্রি, পবিত্র, পূত, শুদ্ধ, সংযত, নিয়মবিশিষ্ট।

প্রযত্ন,(প্র=অধিক+যত্ন=উদ্যোগ) ষ্ণ, পুং, অধ্যবসায়, চেষ্টা, প্রয়াস, প্রকৃষ্ট যত্ন।

প্রযস্ত, (প্র+যস্=যত্নকরা,ক্লিষ্ট হওয়া+ক্ত) ণ, ত্রি, সুসংস্কৃত, ঘৃতাদি দ্বারা উত্তমরূপে প্রস্তুত।

প্রয়াগ, (প্র=সম্যক্+যজ্=দেবপূজা করা+ঘঞ—ভে ; অথবা প্র=প্রকৃষ্ট +যাগ=যজ্ঞ) ষ্ণ, পুং, গঙ্গা, যমুনা সরস্বতী—এই তিন নদীর সঙ্গম স্থান, তীর্থস্থান বিশেষ, এলাহাবাদ, শতক্রতু, ইন্দ্র, অশ্ব, যজ্ঞ।

প্রয়াগভব, ষ্ণ,পুং ইন্দ্র,শক্র,দেবরাজ।

প্রয়াণ, (প্র+যা=গমনকরা+অনট্—ভাব) ষ্ণ,ন, যুদ্ধযাত্রা, প্রস্থান, গমন, মৃত্যু, মরণ, নিধন।

প্রয়াত, (প্র+যা=গমনকরা+ক্ত—ঘ) ণ, ত্রি,গত প্রস্থিত।

প্রযাম,(প্র+যম্-নিবৃত্তকরা+ঘঞ)ষ্ণ, পুং, দুষ্প্রাপ্যতা, মহার্ঘতা, যাহা কদাচিৎ পাওয়া যায়, আয়াম।

প্রয়াস, (প্র+যস্=যত্নকরা+ঘঞ-ভাব) ষ্ণ, পুং, আয়াস, শ্রম, যত্ন, চেষ্টা।

প্রয়াসী, (প্র+যস+ণিন্) ণ, ত্রি, যত্নবান, সচেষ্ট, প্রত্যাশাপন্ন।

প্রযুক্ত, (প্র+যুজ=যোগকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, রচিত, উৎপন্ন, অনুষ্ঠিত অর্পিত, যাহা প্রয়োগ করা হইয়াছে, খাটান,সমাধিযুক্ত, উদাহৃত,প্রেরিত, উল্লিখিত, উচ্চারিত, সংযোগবিশিষ্ট, যাহা ধার দেওয়া হইয়াছে। ষ্ণ, ন, হেতু, কারণ। [প্রয়োগ, প্রয়োজন।

প্রযুক্তি, (প্র+যুজ+ক্তি—ভাব)ষ্ণ, স্ত্রী,

প্রবৃত, (প্র+বৃ=বৃতকরা+ক্ত) স্ত্র, ন, যজ্ঞাদিক, নিবৃত। গ, ত্রি, সংবৃত, সংযোজিত, সমাযুক্ত।

প্রযোক্তা, (প্র+যুজ=যোগকরা+তৃন্—য) গ, ত্রি, প্রয়োগকর্ত্তা, প্রবর্ত্তক, অনুষ্ঠাতা, ঋণদাতা, উত্তমর্ণ।

প্রযোজক,(প্র+যুজ+ণক—য) গ, ত্রি, প্রযোজনকারী, অনুষ্ঠানকারী, কর্ত্তা, প্রেরক, প্রবর্ত্তক।

প্রযোজ্য, (প্র+যুজ+য—চ) গ, ত্রি, যাহাকে প্রয়োগ করা যায়, কর্ত্তব্য। স্ত্র, পুং, ভৃত্য, প্রেষ্য। ন, মূলধন।

প্রয়োগ, (প্র+যুজ+ঘঞ—ভাব)স্ত্র, পুং, বিষয়, অর্থ, দৃষ্টান্ত, ইন্দ্রিয়ার্থ, ফল, প্রবর্ত্তন, অনুষ্ঠান, খাটান, অবসর, অবকাশ, অভিনয়, যত্ন, অর্পণ, ঋণদান, নিদর্শন, উল্লেখ, ঘোটক।

প্রয়োজন, (প্র+যুজ=যোগকরা+অনট) স্ত্র, ন, কার্য্য, হেতু, নিমিত্ত। উদ্দেশ্য, অভিপ্রায়, আবশ্যকতা, প্রয়োগকরণ, ফল, বিষয়।

প্রয়োজনার্হ, গ, ত্রি, কার্য্যোপযুক্ত।

প্রয়োজনীয়, (প্র+যুজ+অনীয়—চ) গ, ত্রি, কার্য্যোপযোগী, আবশ্যক, উপযুক্ত, উচিত।

প্ররূঢ়,(প্র+রুহ্=উৎপন্ন হওয়া+ক্ত—য) গ, ত্রি, জাত, প্রবৃদ্ধ, বর্দ্ধনশীল, বদ্ধমূল, অঙ্কুরিত। স্ত্র,ন, উদর, জঠর।

প্ররোচন,(প্র+রোচি=দীপ্তি পাওয়ান+অনট্—ভাব) স্ত্র, ন, না—স্ত্রী, উত্তেজনা, উদ্দীপন, উসকে দেওয়া, প্রোৎসাহ, প্রবর্দ্ধন।

প্ররোহ, (প্র+রুহ=উৎপন্ন হওয়া+ঘঞ—য) স্ত্র, পুং, অঙ্কুর, পল্লব, মূল, বট প্রভৃতি বৃক্ষের শাখোৎপন্ন নামনা, ঝুরি, উৎপত্তি, আরোহণ, মুহুর্মুহু।

প্ররোহিত, প্ররোহী, (প্ররোহ+ইত, ইন্—অস্ত্যর্থে) গ, ত্রি, প্ররোহবিশিষ্ট, অঙ্কুরিত, প্রস্ফুটিত।

প্রলপিত, (প্র+লপ্=বলা+ক্ত—চ) গ, ত্রি, কথিত, প্রকাশিত; বৃথা উক্ত। স্ত্র, ন, প্রলাপ, অনর্থকবাক্য।

প্রলম্ব, (প্র+লম্ব্=লম্বিত হওয়া+অল—য) স্ত্র, পুং, দৈত্যবিশেষ, ত্রিপুর, পয়োধর, মেঘ, উদ্ভিদের অঙ্কুর, শাখা, নামনা, ঝুরি, হারবিশেষ, প্রলম্বন, ঝোলা, লতার শেঁা। গ, ত্রি, লম্বমান, মন্থর, মন্দগতি।

প্রলম্বঘ্ন, (প্রলম্ব=অসুরবিশেষ+হন=যে নাশ করে, ২-য) স্ত্র, পুং, বলরাম, কৃষ্ণের জ্যেষ্ঠ।

প্রলম্বভিদ্, (প্রলম্ব=অসুরবিশেষ+ভিদ্=যে ভেদ অর্থাৎ নাশ করে, ২-য) স্ত্র, পুং, বলরাম, হলধর।

প্রলম্বাণ্ড, (প্রলম্ব+অণ্ড) স্ত্র, পুং, দীর্ঘ অণ্ডকোষ বিশিষ্ট, কুরণ্ড।

প্রলম্বিত, (প্র+লম্ব+ক্ত—চ)গ ত্রি, যাহা ঝুলিয়া পড়িয়াছে।

প্রলয়, (প্র+লী=লীনহওয়া+অল্—ভাব, অথবা প্র+লী [জগৎ]=কয় পাওয়া+অল্—ডে) স্ত্র, পুং, কল্পক্ষয়, সৃষ্টি বিনাশ; প্রলয় চারি প্রকার,—নিত্য নৈমিত্তিক প্রাকৃত ও আত্যন্তিক; মৃত্যু, ধ্বংস, নাশ, ক্ষয়, মূর্চ্ছা।

প্রলাপ,(প্র+লপ=বলা+ঘঞ্—ভাব) স্ত্র, পু, অনর্থক বাক্য, উন্মত্ত প্রভৃতির ন্যায় কথা বলা, রোগাদির উপসর্গ। [পুং, কুলথাঞ্জন

প্রলাপহা, (প্রলাপ+হন্+আ) স্ত্র

প্রলাপী, (প্রলাপ+ইন্) গ, ত্রি, অনর্থক বাক্যকারী, অপ্রয়োজনে উক্তিকারী।

প্রলীনতা,(প্র+লী=লীনহওয়া+ক্ত)

হ=ন]+ক্ত—ভাবে) স্ত্র,স্ত্রী,প্রলয়, মূর্চ্ছা।
প্রলেপ, (প্র+লিপ্=লেপনকরা+ ঘঞ্—ভাব) স্ত্র, পুং, লেপন, ম্রক্ষণ, মাখান, লেপনদ্রব্য।
প্রলেপন, (প্র+লিপ্+অনট—ভাব) স্ত্র, ন, ম্রক্ষণ, লেপন, মাখান।
প্রলোভ, (প্র=অধিক+লোভ) স্ত্র, পুং, অতিলোভ, লালসা, লাভেচ্ছা।
প্রলোভন, (প্র=অধিক+লোভি=লাভাকাঙ্ক্ষী হওয়ান+অনট্—ভাব ঘ) স্ত্র, ন, লোভ দেখান। ণ, ত্রি, লোভপ্রদর্শক।
প্রবক্তা, (প্র=প্রকৃষ্ট+বচ্=বলা+তৃন্—ম) ণ, ত্রি, সবক্তা, উত্তম কথক, বাগ্মী।
প্রবচন, (প্র=উৎকৃষ্ট+বচন=বাক্য; ৭.ত; কর্ম্মধা) স্ত্র, ন, বেদ, বেদার্থ জ্ঞান, উত্তম বাক্য।
প্রবচনীয়, (প্র+বচ্+অনীয়—চ) ণ, ত্রি,প্রকৃষ্টরূপ বাচ্য, উত্তমবক্তা।
প্রবঞ্চক, (প্র+বঞ্চি=বঞ্চনাকরান+ণক—ম) স্ত্র, পুং, প্রতারক, ধূর্ত্ত,শঠ।
প্রবঞ্চন (প্র+বঞ্চন=প্রতারণ) স্ত্র, ন,মা—স্ত্রী, প্রতারণা,ঠকান,শঠতা।
প্রবঞ্চিত, (প্র+বঞ্চিত=প্রতারিত) ণ, ত্রি, বিপ্রলব্ধ, প্রতারিত, যে ঠকে।
প্রবণ, (প্র+বন্=[শব্দকরা] নতহওয়া ইত্যাদি+অল্) ণ, ত্রি, নত, ক্রমনিম্ন, গড়ানে,ঢালু, উন্মুখ,অভিমুখ,আয়ত, অনুকূল, ক্ষীণ, সিদ্ধ, আয়ত্ত ত্বরিত, বিনীত,আসক্ত,বক্র, কুটিল। স্ত্র, পুং, চতুষ্পথ, চৌমাথা, উদর।
প্রবয়ণ, (প্র+অজ=গমনকরা+অনট্—ণ; অজ=বি) স্ত্র, ন, প্রতোদ, অশ্বাদির তাড়নদণ্ড,চাবুকাদি।
প্রবয়াঃ, (প্র=গত+বয়স্=জীবিত কাল; ৬.হ) স্ত্র, পুং, স্থবির, বৃদ্ধ, প্রাচীন।
প্রবর, (প্র+বৃ+অল্) স্ত্র, ন, গোত্র, সন্ততি, আচ্ছাদন। (প্র=উৎকৃষ্ট+বর=শ্রেষ্ঠ) ণ, ত্রি, অত্যুত্তম। স্ত্র, পুং, সন্ততি, গোত্রপ্রবর্ত্তক মুনি, ব্যাবর্ত্তক মুনিগণ। [স্ত্র, পুং, হোমাগ্নিবিশেষ।
প্রবর্গ, (প্র+বৃজ=ত্যাগকরা+ঘঞ)
প্রবর্ত্তক, (প্র+বৃৎ=[থাকা] লওয়ান ইত্যাদি+ণিচ+ণক—ম) ণ, ত্রি, প্রবৃত্তিদায়ক, অনিবর্ত্তক, প্রণেতা, অবিচ্ছেদকারী, প্রদর্শক। স্ত্র, পুং, অধ্যক্ষ, বিচারপতি। স্ত্র, ন, অভিনয়কালে নান্দী অন্তে রঙ্গস্থলে প্রথম অভিনেতার প্রবেশ।
প্রবর্ত্তন, (প্র+বৃৎ+অনট্—ভাব) স্ত্র, ন, প্রবৃত্তি, আরম্ভ, উপক্রম। ণ, ত্রি, প্রবৃত্তিজনক, উত্তেজক। না—স্ত্রী,উত্তেজনা, নিয়োজন, প্রেরণা।
প্রবর্ত্তমান, (প্র+বৃৎ+শান—ম)ণ,ত্রি, যে ব্যক্তি কোন কার্য্যে প্রবৃত্ত হইতেছে।
প্রবর্ত্তয়িতা, (প্র+বৃৎ+ণিচ+তৃন্—ম) ণ,ত্রি, প্রবর্ত্তক, অনিবর্ত্তক, অবিচ্ছেদকারী।
প্রবর্ত্তিত, (প্র+বৃৎ+ণিচ+ক্ত—চ) ণ, ত্রি, চালিত, যাহাকে প্রবৃত্তি দেওয়া যায়, বুর্ণিত, উৎপাদিত, আরব্ধ, উপচিত, প্রত্যাবর্ত্তিত, ফেরান, উত্তেজিত, প্রেরিত; সমেধিত।
প্রবর্ত্তী, (প্রবর্ত্ত+ইন—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রবৃত্তিযুক্ত, প্রবাহবিশিষ্ট।
প্রবর্দ্ধন,(প্র+বৃধ=বৃদ্ধিপাওয়া+অনট্—ভাব) স্ত্র, ন, বিবর্দ্ধন, উপচয়, বাড়ান, সমুন্নতি। ণ, ত্রি, প্রবর্দ্ধক।
প্রবর্হ, (প্র+বৃহ=বৃদ্ধিপাওয়া+অল্) ণ, ত্রি, প্রধান, শ্রেষ্ঠ।
প্রবলাকী (প্রবল+অকিন্) স্ত্র, পুং, ভুজঙ্গ, সর্প, চিত্রমেখলক।
প্রবহ, (প্র+বহ্+অল্) স্ত্র, পুং, গৃহ নগরাদির বহির্গমন, নিষ্ক্রমণ, বায়ু,

সপ্তবিধ বায়ুর অন্তর্গত দ্বিতীয় বায়ু, প্রবাহ।

প্রবহণ, (প্র+বহ্=বহনকরা+অনট) ব্য, ন, আচ্ছাদিত শকট বা ডুলি, স্ত্রীলোকবহনার্থ উপরি বস্ত্রাবৃত মনুষ্যবাহ্য যানবিশেষ, প্রবাহ।

প্রবহ্লি, প্রবহ্লিকা, প্রবহ্লী, (প্র+বল্হ্=বলা+ই, বল্হ্=বহ্ল, ক-যোগে—প্রবহ্লিকা) ব্য, স্ত্রী, প্রহেলিকা, হেঁয়ালি।

প্রবাক্, প্রবাচক, (প্র=প্রকৃষ্ট+বচ্=বলা+ক্বিপ্, ণক-ম) ণ,ত্রি,প্রকৃষ্ট বক্তা, বাগ্মী, পারভাবিক।

প্রবাচ্য, (প্র+বচ্+ য—চ) ণ, ত্রি, উত্তমবক্তব্য।

প্রবাণি, প্রবাণী, (প্র+বে=বস্ত্রাদি বোনা; অথবা অজ=গমনকরা+অন—ভাব; অজ=বি) ব্য,স্ত্রী, তন্ত্রশলাকা, তুরী, মাকু।

প্রবাদ, (প্র=বিস্তৃত, নিন্দিত+বদ+ঘঞ) ব্য, পুং, জনরব, জনশ্রুতি, পরম্পরাগত বাক্য, অপবাদ।

প্রবার, (প্র+বৃ=আবরণকরা+ঘঞ) ব্য, পুং, প্রাবার, উত্তরীয়বস্ত্র।

প্রবারণ, (প্র+বৃ=বরণকরা, বারণ করা+অনট—ভাব) ব্য, ন, কাম্য দান,অভীষ্টদান,নিষেধ, প্রতিবন্ধক।

প্রবাস, (প্র+বস্=বাসকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, বিদেশে স্থিতি, দেশান্তরে বাস।

প্রবাসন, (প্র+বাসি=বাসকরান+অনট্—ভাব)ব্য,ন,বিদেশে পাঠান, নির্ব্বাসন, হত্যা, বধ।

প্রবাসাসেধ,ব্য,পুং,দেশান্তরে কয়েদ।

প্রবাসিত, (প্র+বস্+ণি+ক্ত—চ) ণ, ত্রি, নির্ব্বাসিত, যাহাকে বিদেশে পাঠান গিয়াছে।

প্রবাসী, (প্রবাস+ইন্—অস্ত্যর্থে, অথবা প্র=স্থানান্তর+বস্=বাস-করা+ণিন—ষ) ণ, ত্রি, বিদেশস্থ, বিদেশবাসী, প্রোষিত, নিঃসারিত।

প্রবাহ, (প্র=ক্রমাগত+বহ্=বহা+ঘঞ—ঘ, ভাব) ব্য, পুং, প্রবৃত্তি, জলস্রোত,ক্রমাগত চলন, অবিচ্ছেদ, অবিচ্ছেদে কার্য্যকরণ, পুষ্করিণী, জলাশয়, প্রসার, বিস্তার, গবাদির শ্রেণী, উত্তম ঘোটক।

প্রবাহক, (প্র+বহ্=বহন করা+ণক—ঘ) ব্য, পুং, রাক্ষস। ণ, ত্রি, বহনকারী।

প্রবাহিকা, (প্র+বাহি=বহান+ণক—ঘ, আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, গ্রহণী, উদরভঙ্গরোগ, অতিসার।

প্রবাহিত, প্রবাহী, (প্রবাহ+ইত, ণিন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রবাহবিশিষ্ট।

প্রবাহী, (প্র+বহ+ঘঞ, ঈপ্,—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, বালুকা, বালি।

প্রবিতত, (প্র=অধিক+বিতত=বিস্তৃত) ণ, ত্রি, অতিশয় বিস্তৃত।

প্রবিদারণ, (প্র=প্রকৃষ্টরূপে+বি+দারি=বিদারণকরা+অনট—ভাব) ব্য, ন, সংগ্রাম, যুদ্ধ, প্রকৃষ্টরূপে বিদারণ, প্রস্ফুটন, বিস্তার, বিশৃঙ্খলা।

প্রবিশ্লেষ, (প্র=অধিক+বি=না+শ্লিষ্=সংযুক্ত হওয়া+ঘঞ—ভাব) ব্য, পুং, অতিশয় ব্যবধান, বিযোগ, বিশ্লেষ, পৃথক্করণ। [ইষ গাছ।

প্রবিষা, ব্য, স্ত্রী, অতিবিষা, আতা-

প্রবিষ্ট, (প্র+বিশ=প্রবেশকরা+ক্ত—চ)ণ,ত্রি, যাহা প্রবেশ করিয়াছে

প্রবীণ, (প্র=উৎকৃষ্ট+বীণা=বাদ্যযন্ত্র বিশেষ কিম্বা বীণি=[নামধাতু বীণা বাজান+অল্) ণ, ত্রি, বিজ্ঞ বহুদর্শী, নিপুণ, অভিজ্ঞ, দক্ষ পণ্ডিত।

প্রবীর,(প্র=ধাতু+বীর=শূর, কর্ম্মধা ব্য,পুং, উত্তমযোদ্ধা। ণ, ত্রি,প্রধান

শ্রেষ্ঠ, বিক্রান্ত।

প্রবৃত্ত, (প্র+বৃৎ—[থাকা] আসক্ত হওয়া ইত্যাদি+ক্ত) ণ, ত্রি, রত, প্রবিষ্ট, প্রবৃত্তিবিশিষ্ট,উৎপন্ন,চলিত, আরব্ধ, নিযুক্ত, উদ্যত।

প্রবৃত্তি, (প্র+বৃৎ+ক্তি—ভাব) স্ব, স্ত্রী, ইচ্ছা, যত্ন, অধ্যবসায়, বার্ত্তা, বৃত্তান্ত, সংবাদ, আসক্তি, প্রবাহ, স্রোতঃ, স্বভাবগতি, ব্যাপার, অঙ্কশাস্ত্রে গুণক, হস্তীমদ, উৎপত্তি, তীর্থস্থান বৈখরী মধ্যমা পশ্যন্তী সূক্ষ্মা—এই চতুর্ব্বিধ শব্দপ্রবৃত্তি, ন্যায়মতে প্রবৃত্তি পঞ্চবিধ, কারণ, চিকীর্ষা, কৃতিসাধ্যতাজ্ঞান, ইষ্টসাধনতাজ্ঞান, এবং উপাদান প্রত্যক্ষ।

প্রবৃত্তিজ্ঞ, (প্রবৃত্তি=সংবাদ, বার্ত্তা+জ্ঞ =যে জানে) স্ব, পুং, বার্ত্তাবহ, চর।

প্রবৃত্তিনিমিত্ত, (প্রবৃত্তি+নিমিত্ত=কারণ, ৬ য) স্ব, ন, অভিধেয়ার্থ, বাচ্যার্থ, শক্যতাবচ্ছেদক ধর্ম্ম, গোত্ব প্রভৃতি।

প্রবৃদ্ধ, (প্র=অধিক+বৃধ্=বাড়া+ক্ত) ণ, ত্রি, অতিশয়বৃদ্ধিযুক্ত, প্রসারিত, অগাধ, স্ফীত।

প্রবেক, (প্র+বিচ=পৃথক্ করা+ঘঞ) ণ, ত্রি, মুখ্য, প্রধান, উত্তম।

প্রবেট, (প্র+বিট্=শব্দকরা+ঘঞ) স্ব, পুং, শস্যবিশেষ, যব।

প্রবেণি, প্রবেণী, (প্র+বেণ=গমনকরা ইত্যাদি+অল্, ই) স্ব,স্ত্রী, কেশবিন্যাস, বিউনী, প্রোষিতভর্তৃকা স্ত্রীর কেশগুচ্ছ, হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত বস্ত্র বা কম্বল।

প্রবেল, (প্র+বেল্=চঞ্চল হওয়া+অল্) স্ব,পুং, পীতমুদ্গ, সোণামুগ।

প্রবেশ, (প্র+বিশ্=ভিতরে যাওয়া +ঘঞ-ভাব) স্ব, পুং, অন্তর্নিবেশ, ভিতরে যাওয়া।

প্রবেশন, (প্র+বিশ+অনট্—ভাব) স্ব, ন, সিংহদ্বার, প্রধান দ্বার, প্রবেশকরণ।

প্রবেশিকা, (প্র+বিশ+ণক—ক, আপ্) স্ব, স্ত্রী, যাহা দ্বারা প্রবেশ লাভ করা যায়, টিকিট্।

প্রবেশিত, (প্র+বেশি=ভিতরে যাওয়ান+ক্ত—ক) ণ, ত্রি, যাহাকে প্রবেশ করান হইয়াছে।

প্রবেষ্টা, প্রবেশক, (প্র+বিশ+তৃন্, ণক—ঘ) ণ, ত্রি, প্রবেশকারী, যে প্রবেশ করে। [ত্রি, প্রবেশযোগ্য।

প্রবেশ্য, (প্র+বিশ্+য—ক) ণ,

প্রবেষ্ট, প্রবেষ্টক, (প্র+বেষ্ট্=বেষ্টনকরা+অন, ণক) স্ব, পুং, বাহু, অগ্রবাহু, হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত কম্বল বা আস্তরণ, হস্তিদন্তমাংস।

প্রব্যক্ত, (প্র+বি+অন্জ=বিস্তৃত হওয়া+ক্ত—ক) ণ, ত্রি, স্ফুট, স্পষ্ট।

প্রব্রজিত, (প্র+ব্রজ=গমন করা+ক্ত—ক) ণ, ত্রি, প্রবাসিত, ভিক্ষু, যে সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিয়াছে, সন্ন্যাসী, জৈন অথবা বুদ্ধ সন্ন্যাসীর শিষ্য, তাপসী, মুণ্ডীরীবৃক্ষ।

প্রব্রজ্যা, (প্র+ব্রজ+য—ভাব, আ) স্ব, স্ত্রী, প্রবাস, সন্ন্যাসধর্ম্ম, সংসার পরিত্যাগ।

প্রব্রজ্যাবসিত, (প্রব্রজ্যা+অবসিত=সমাপ্ত, ৫ য) স্ব, পুং, যে সন্ন্যাসধর্ম্ম হইতে স্খলিত হইয়াছে, সন্ন্যাসভ্রষ্ট।

প্রব্রাজন, (প্র+ব্রজ=গমনকরা+ণিচ +অনট্) স্ব, ন, নির্ব্বাসন।

প্রশংসন,—ন, প্রশংসা,—স্ত্রী, (প্র+শন্স্=গুণকীর্ত্তনকরা+অনট, আ—ভাব) স্ব, স্ত্রী, স্তুতি, স্তব, গুণানুবাদ, গুণকীর্ত্তন।

প্রশংসনীয়, (প্র+শন্স+অনীয়—ক) ণ, ত্রি, প্রশংসাভাজন, সুখ্যাতির পাত্র।

প্রশংসিত, (প্র+শন্স+ক্ত—চ) ণ, ত্রি, যাহাকে প্রশংসা করা হইয়াছে।

প্রশত্বা, (প্র+শদ্=যাওয়া+কনিপ্, স্ত্রীলিঙ্গে ঈপ্ করিলে তদুত্তরে র আগম হয়) ষ্য, পুং, সমুদ্র। ত্বরী—স্ত্রী, নদী।

প্রশম, (প্র+শম্=শান্তহওয়া+অল্—ভাব) ষ্য, পুং, শান্তি, উপশম, বৈরাগ্য, নির্ব্বাণ।

প্রশমন, (প্র+শম্=[শান্ত হওয়া] বধকরা ইত্যাদি+অনট—ভাব) ষ্য, ন, হনন, বধ, শান্তি, নিবারণ, নিবৃত্তকরণ, সান্ত্বনাদি দ্বারা স্থিরীকরণ।

প্রশমিত, (প্র+শমি=শান্তহওয়ান+ক্ত—চ) ণ, ত্রি, নিবারিত, থামান, নিবৃত্ত, সুস্থ, প্রশান্ত।

প্রশস্ত, (প্র+শন্স্=গুণকীর্ত্তনকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রশংসনীয়, শ্রেষ্ঠ, সুখী, উত্তম।

প্রশস্তি, (প্র+শন্স্+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, শ্লাঘা, প্রশংসা, উৎকৃষ্টতা, শ্রেষ্ঠতা; স্মরণ, কীর্ত্তন, কেলি, প্রেক্ষণ, গুহ্যভাষণ, সঙ্কল্প, অধ্যবসায়, ক্রিয়া নিবৃত্তি, এই অষ্টাঙ্গ মৈথুন।

প্রশান্ত, (প্র+শম্+ক্ত—ষ) ণ, ত্রি, শমতাপ্রাপ্ত, নিবৃত্ত, উপশমিত।

প্রশাসিতা, প্রশাস্তা, (প্র+শাস্=শাসনকরা+তৃন্—ষ) ণ, ত্রি, শাসনকর্ত্তা। [ষ্য, পুং, পৃচ্ছা, জিজ্ঞাসা।

প্রশ্ন, (প্রচ্ছ=জিজ্ঞাসাকরা+ন—ভাব)

প্রশ্নদূতী, (প্রশ্ন+দূতী=ক্রীড়ন) ষ্য, স্ত্রী, প্রহেলিকা, হেঁয়ালি।

প্রশ্নী, (প্রচ্ছ+নি, ঈপ্—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, কুম্ভিকা, জলের পানা।

প্রশ্রয়, (প্র+শ্রি=সেবাকরা+অচ—ভাব) ষ্য, পুং, স্নেহ, স্নেহযুক্ত সম্মান, বিনয়, কোমলতা, আবদার, আস্কারা।

প্রশ্রিত, (প্র+শ্রি+ক্ত—চ) ণ, ত্রি, বিনীত, আবৃত।

প্রশ্লথ, (প্র+শ্লথ=বিযুক্তহওয়া+অল্—ষ) ণ, ত্রি, শিথিল, ঢিলা, বিশ্লিষ্ট।

প্রশ্বাস, (প্র+শ্বস্=নিশ্বাস ফেলা+ঘঞ্) ষ্য, পুং, নাসিকাগত বায়ুর বহির্গমন।

প্রষ্টব্য, (প্রচ্ছ্=জিজ্ঞাসাকরা+তব্য—ট) ণ, ত্রি, জিজ্ঞাস্য, প্রশ্নযোগ্য।

প্রষ্টা, (প্রচ্ছ্=জিজ্ঞাসাকরা+তৃন্—ষ) ণ, ত্রি, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসু।

প্রষ্ঠ, (প্র=প্রধান+স্থা=থাকা+ড—ষ) ণ, ত্রি, অগ্রসর, অগ্রগামী, অধ্যক্ষ, শ্রেষ্ঠ, প্রধান, প্রথম, পক্ষপাতী।

প্রষ্ঠবাট্, (প্রষ্ঠ=অগ্রগামী+বহ্=বহনকরা+ক্বিপ) ষ্য, পুং, যুগপার্শ্বস্থ বাহক (বৃষাদি), যে বৃষকে লাঙ্গল বহনের জন্য দোঁয়ান হইতেছে।

প্রষ্ঠৌহী, (প্রষ্ঠ=প্রথম গর্ভ+বহ্=বহনকরা+বিচ; ঈপ্—স্ত্রীলিঙ্গে; ব=উ, অ+উ=ঔ) ষ্য, স্ত্রী, প্রথমগর্ভবতী গাভী।

প্রসক্ত, (প্র+সন্জ্=আসক্ত হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, অনবরত, অবিচ্ছিন্ন, বিস্তৃত, আসক্ত, প্রাপ্ত, সংসৃষ্ট, নিযুক্ত, প্রস্তাবিত। ক্রিং, ণ, সর্ব্বদা।

প্রসক্তি, (প্র+সন্জ+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, সংশ্লেষ, মিলন, আসক্তি, প্রণয়, প্রবৃত্তি, অধ্যবসায়, উৎসাহ, প্রাপ্তি, প্রসঙ্গ, আপত্তি, অনুমিতি (Inference.)

প্রসঙ্খ্যান, (প্র+সম্+খ্যা=[বলা] গণনা করা ইত্যাদি+অনট—ভাব) ষ্য, ন, আত্মানুসন্ধান, ধ্যান।

প্রসঙ্গ, (প্র+সন্জ=আসক্তহওয়া+অল্—ভাব) ষ্য, পুং, সম্পর্ক, সংযোগ, সম্বন্ধ, সঙ্গতি বিশেষ, মৈথুন, আপত্তি, প্রসক্তি, প্রস্তাব, বৃত্তান্ত, পূর্ব্বাপর সম্বন্ধ বাক্য।

প্রসঙ্গপ্রতিষেধ, (প্রসঙ্গ=প্রসক্তি-

যোগা+প্রতিষেধ=নিষেধ, ৬-ষ) ষ্য, পুং, প্রাণের নিষেধ।

প্রসঞ্জন,(প্র+সন্‌জ্=আসক্ত হওয়া+অনট্—ভাব) ষ্য, ন, প্রসঙ্গকরণ, অবসরদান।

প্রসত্তি, (প্র+সদ্+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, প্রসন্নতা, নির্ম্মলতা।

প্রসদ্মা, (প্র+সদ্+কনিপ্) ষ্য, পুং, ধর্ম্ম, ব্রহ্মা। দ্বরী—স্ত্রী, প্রতিপত্তি, খ্যাতি।

প্রসন্ন,(প্র+সদ্=[গমনকরা] হৃষ্টহওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, সন্তুষ্ট, প্রফুল্ল, অনুকূল, স্বচ্ছ, নির্ম্মল। ন্না—স্ত্রী, সুরা, মদিরা।

প্রসন্নতা, (প্রসন্ন+তা—ভাবে) ষ্য, স্ত্রী, প্রসাদ, অনুগ্রহ, সন্তোষ, প্রফুল্লতা, হর্ষ, নির্ম্মলতা, স্বচ্ছতা, উজ্জ্বলতা।

প্রসন্নেরা,(প্রসন্ন+ঈরা) ষ্য, স্ত্রী, মদ্য।

প্রসভ,(প্র=অতীত+সভা=[সমাজ] সভ্যগণের বিচার; ৬.ত; অথবা প্র=প্রকৃষ্টরূপে অতিক্রান্ত+সভা অর্থাৎ সভার অধিকার; ৫.ত) ষ্য, ন, বলাৎকার, হঠাৎ।

প্রসভহরণ, ষ্য, বলপূর্ব্বক হরণ, ডাকাইতি।

প্রসর, (প্র+সৃ=[গমকরা] ব্যাপা ইত্যাদি+অল-ভাব) ষ্য, পুং, বিস্তার, ব্যাপ্তি, স্বার্থপ্রবৃত্তি, প্রকর্ষ, উৎপত্তি, চলন, গমন, বেগ, যুদ্ধ, সমূহ, প্রণয়, স্নেহ।

প্রসরণ, (প্র+সৃ+অনট্—ভাব) ষ্য, ন, বিপক্ষের চতুর্দ্দিকে বেষ্টন, ইতস্ততো ভ্রমণ, ব্যাপ্তি, বিস্তার, উৎপত্তি, স্বার্থপ্রবৃত্তি।

প্রসর্পণ, (প্র+সৃপ=গমনকরা+অনট—ভাব) ষ্য, ন, গমন, প্রসরণ, ব্যাপ্তি, বিস্তার, সন্তরণ।

প্রসব, (প্র+সূ=প্রসবকরা+অল) ষ্য, পুং, সন্তানোৎপাদন, গর্ভমোচন, উৎপত্তি, জন্ম, সন্তান, ফল, বিস্তার, পুষ্প, কুসুম।

প্রসববন্ধন, (প্রসব=পুষ্প+বন্ধন, ৬-ষ) ষ্য, ন, বৃন্ত, বোঁটা।

প্রসবস্থলী, (প্রসব+স্থল=স্থান+ঈপ্—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, মাতা, জননী।

প্রসবিতা, প্রসবী, (প্র+সূ+তৃন্, ইন্—ঘ) ণ, ত্রি, জনক, পিতা। ত্রী, বিণী—স্ত্রী, প্রসবকারিণী, জননী।

প্রসব্য, (প্র+সব্য=বাম) ণ, ত্রি, প্রতিকূল, বিপরীত।

প্রসহ, (প্র+সহ্=[সহ্যকরা] পারগ হওয়া+অল) ষ্য, পুং, শিকারী পক্ষী, শ্যেনপ্রভৃতি।

প্রসহন,(প্র+সহ্=সহ্যকরা+অনট্—ভাব) ষ্য, ন, পরাভব, ক্ষমা, সহিষ্ণুতা, আলিঙ্গন। পুং, শিকারী জন্তু, সিংহ, ভল্লুক, ব্যাঘ্র প্রভৃতি।

প্রসহ্য, (প্র+সহ=সহ্যকরা+য) ষ্য, বলাৎকার, হঠাৎ।

প্রসহ্যচৌর,(প্রসহ্য=বলাৎকার+চৌর=চোর) ষ্য, পুং, দস্যু, ডাকাইত।

প্রসাতিকা, ষ্য, স্ত্রী, সূক্ষ্মধান্য, সরুধান।

প্রসাদ,(প্র+সদ্=[গমনকরা] হৃষ্টহওয়া+ঘঞ—ভাব) ষ্য, পুং, হৃষ্টতা, প্রসন্নতা, অনুগ্রহ, নির্ম্মলতা, স্বচ্ছতা, কাব্যের গুণবিশেষ, সৌম্যতা, স্বাস্থ্য, দেবনিবেদিত বা গুরুজনের ভুক্তাবশিষ্ট দ্রব্য।

প্রসাদন, (প্র+সাদি=[গমনকরান] হৃষ্ট হওয়ান+অনট—ভাব) ষ্য, ন, প্রসন্নতা সম্পাদন, হৃষ্টকরণ, অন্ন। না-স্ত্রী, শুশ্রূষা, সেবা, পরিচর্য্যা।

প্রসাধক,(প্র+সাধ্=[সিদ্ধকরা] ভূষিত করা ইত্যাদি+ণক) ষ্য, পুং, অলঙ্কারক, প্রসাধনকর্ত্তা, সম্পাদক, নির্ব্বাহকারী।—ধিকা, স্ত্রী, অলঙ্কর্ত্রী, সজ্জাবিধায়িনী, যে স্ত্রীলোক বেশভূষা করিয়া দেয়, নিবাড়, [illegible]।

প্রসাধন, (প্র+সাধ্+অনট্) ব্য, ন, অলঙ্করণ, সাজান, সজ্জার দ্রব্য, অলঙ্কার, সাধন, সম্পাদন, কণ্টক-শোধন। ধনী—স্ত্রী, কঙ্কতিকা, কাঁকুই, চিরুণী।

প্রসাধিত, (প্র+সাধ+ক্ত—ঢ) ণ, ত্রি, অলঙ্কৃত, ভূষিত, সজ্জিত, নির্ব্বাহিত, সম্পাদিত।

প্রসার, (প্র+সৃ=গমনকরা+ঘঞ—ভাব) ব্য, পুং, তৃণকাষ্ঠাদির প্রবেশ, বিস্তার, প্রসরণ, ইতস্ততোগমন, গমন, নির্গম, ভক্ষ্যদ্রব্যাদি লুণ্ঠন।

প্রসারণ, (প্র+সৃ+ণিচ্+অনট-ভাব) ব্য, ন, বিস্তারকরণ, বিছান, পঞ্চবিধ কর্ম্মান্তর্গত কর্ম্মবিশেষ।

প্রসারিত, (প্র+সারি=গমনকরান+ক্ত) ণ, ত্রি, বিস্তারিত, ব্যাপ্ত, নির্গত।

প্রসারী, (প্র+সৃ+ণিন্—ঘ) ণ, ত্রি, প্রসরণশীল, বিসারী, ব্যাপী, বিস্মর।

প্রসিত, (প্র+সি=বন্ধনকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, ব্যাপৃত, নিযুক্ত, আসক্ত। ব্য, ন, পূয, পূঁজ।

প্রসিতি, (প্র+সি+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, বন্ধনসাধন, রজ্জু শৃঙ্খল প্রভৃতি, নিগড়।

প্রসিদ্ধ, (প্র+সিধ=[সম্পন্নকরা] খ্যাত হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, প্রখ্যাত, ভূষিত, উন্নত।

প্রসিদ্ধি, (প্র+সিধ্+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, টঙ্কার, খ্যাতি, প্রতিপত্তি, ভূষা, অলঙ্কার।

প্রসুপ্ত, (প্র+স্বপ+ক্ত) ণ, ত্রি, নিদ্রিত।

প্রসূ, (প্র+সূ=প্রসবকরা+ক্বিপ—ঘ) ব্য, স্ত্রী, মাতা, লতা, কদলীবৃক্ষ, ঘোটকী। [বাজিনী, ঘোটকী।

প্রসূকা, (প্রসূ+ক—যোগ) ব্য, স্ত্রী,

প্রসূত, (প্র+সূ+ক্ত—ঢ) ণ, ত্রি, উৎপাদিত, উৎপন্ন, সংজাত। ব্য, ন, কুসুম, ফুল।

প্রসূতা, প্রসূতিকা, (প্রসূত+আপ, প্রসূতা+কণ, আপ) ব্য, স্ত্রী, জাতাপত্যা, যে স্ত্রীর সন্তান হইয়াছে।

প্রসূতি, (প্র+সূ+ক্তি) ব্য, স্ত্রী, অপত্য, সন্তান, প্রসব, উৎপত্তি, গর্ভ, কারণ, মাতা, জননী।

প্রসূতিজ, (প্রসূতি=প্রসব+জন=উৎপন্ন) ব্য, ন, প্রসবজন্য দুঃখ, দুঃখ, ক্লেশ, যাতনা।

প্রসূন, (প্র+সূ+ক্ত—ঢ) ব্য, ন, মুকুল, পুষ্প, ফল। ণ, ত্রি, উৎপন্ন, জাত, সূত।

প্রসূনেষু, (প্রসূন=পুষ্প+ইষু=বাণ; ৬.হ) ব্য, পুং, কুসুমশর, কন্দর্প, মদন।

প্রসৃত, (প্র+সৃ=[গমনকরা] বিস্তার করা ইত্যাদি+ক্ত—ঘ) ণ, ত্রি, ব্যাপ্ত, বিসৃত, নির্গত, প্রবৃদ্ধ, নিযুক্ত, বেগবান্, বিনীত, গত। ব্য, পুং, করকোষ, অর্দ্ধাঞ্জলি, নিকুব্জ পাণি, হাতের খোড়ল। ন, পলদ্বয়, দুই-পল পরিমাণ। তা—স্ত্রী, জঙ্ঘা।

প্রসৃতি, (প্র+সৃ+ক্তি) ব্য, স্ত্রী, হস্তকোষ, হাতের খোড়ল।

প্রসেক, (প্র+সিচ্=সেচনকরা+ঘঞ-ভাব) ব্য, পুং, ক্ষরণ, নিষেক, সিঞ্চন, শনৈঃ শনৈঃ স্রবণ।

প্রসেদিকা, (প্র=অত্যন্তম+সদ্=গমন করা+ণক) ব্য, স্ত্রী, ক্ষুদ্র আরাম, উপবন।

প্রসেদিবান্, (প্র+সদ্=[গমনকরা] হৃষ্টহওয়া+বস্) ণ, ত্রি, প্রসন্ন, প্রসাদিত।—ভূষী, স্ত্রী, প্রসন্না, প্রসাদিতা।

প্রসেব, (প্র+সিব্=সেলাইকরা+ঘঞ) ব্য, পুং, বীণার অঙ্গ, গোণী, থলিয়া, প্রকৃষ্ট তন্তু।

প্রসেবক, (প্র+সিব+ণক) ব্য, পুং, বীণার প্রান্তস্থ লাউ প্রভৃতি। বিকা—স্ত্রী,

সূত্ররচিত ভাণ্ড, থলিয়া, পাত্রবিশেষ

প্রস্কন্দন, (প্র+স্কন্দ্=গমনকরা+অনট—ভাব) ব্য, ন, বিরেচন, উদরভঙ্গ, অতিসার।

প্রস্কন্ন, (প্র+স্কন্দ্=গমনকরা, কোঁটা কোঁটা পড়া, শোষণকরা+ক্ত; নিপাতন) ণ, ত্রি, পাপাত্মা, ক্ষরিত, পতিত, শুষ্ক, গত। ব্য, পুং, স্বনামপ্রসিদ্ধ ঋষিবিশেষ।

প্রস্তর (প্র+স্তৃ=আচ্ছাদনকরা+অল—ঘ) ব্য, পুং, পাথর, পাষাণ, মণি, পল্লবাদিরচিত শয্যা।

প্রস্তরফলক, ব্য, ন, শ্লেট।

প্রস্তার, (প্র+স্তৃ=আস্তরণকরা, বিস্তার করা+ঘঞ) ব্য, পুং, পল্লবাদি বিরচিত শয়নীয়, শয্যা, তৃণবন, বিস্তার, ছন্দঃপ্রভৃতির প্রভেদ জ্ঞাপক প্রক্রিয়াবিশেষ।

প্রস্তাব, (প্র+স্তু=[স্তবকরা] কথারম্ভ করা+ঘঞ—ভাব) ব্য, পুং, প্রকরণ, প্রসঙ্গ, কথানুষ্ঠান, অবসর, সুযোগ, উপন্যাস, পদ।

প্রস্তাবনা, (প্র+স্তু+অনট, আপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, আরম্ভ, নাটকাদি গ্রন্থে অভিনয়ারম্ভ বিষয়ক কথা।

প্রস্তাবিত, (প্রস্তাব+ইত) ণ, ত্রি, যাহার প্রস্তাব করা হইয়াছে, কৃতপ্রস্তাব, উল্লিখিত, কথিত, বর্ণিত।

প্রস্তীত, প্রস্তীম, (প্র+স্ত্যৈ=সংহতহওয়া, শব্দকরা+ক্ত; নিপাতন) ণ, ত্রি, সংহত, ধ্বনিত, স্তবকারিত।

প্রস্তুত, (প্র+স্তু=[স্তবকরা] নিষ্পন্নকরা ইত্যাদি+ক্ত—ঢ) ণ, ত্রি, প্রকৃত, প্রক্রান্ত, নিষ্পন্ন, উল্লিখিত, উদ্যুক্ত, প্রকাশিত, প্রশংসিত, প্রাসঙ্গিক, উপস্থিত, প্রকরণ প্রাপ্ত।

প্রস্তৃত, (প্র+স্তৃ=আচ্ছাদন করা+ক্ত—ঢ) ণ, ত্রি অন্তরিত, বিস্তৃত, ব্যাপ্ত, আচ্ছন্ন।

প্রস্থ, (প্র+স্থা=থাকা+ড) ব্য, পুং, পরিমাণবিশেষ, পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি ভাগ, সানু, আঢ়কের চতুর্থাংশ, চারি কুড়ো, পরিসর, বিস্তার।

প্রস্থান, (প্র=অন্তরে+স্থা=থাকা+অনট—ভাব) ব্য, ন, যাত্রা, প্রয়াণ, গমন, বিজিগীষু প্রয়াণ, শত্রুর অভিমুখে বিজিগীষুর যাত্রা।

প্রস্থাপিত, (প্র+স্থাপি=স্থাপনকরান+ক্ত—ঢ) ণ, ত্রি, প্রেরিত, যাহা বা যাহাকে পাঠান গিয়াছে।

প্রস্থিত, (প্র+স্থা+ক্ত—ঘ) ণ, ত্রি, গমনোদ্যুক্ত, গত, যে প্রস্থান করিয়াছে।

প্রস্নব, (প্র+স্নু=ক্ষরিত হওয়া+অল—ভাব) ব্য, পুং, ক্ষীরাভিষ্যন্দ, দুগ্ধক্ষরণ, ক্ষরণ।

প্রস্ফুট, প্রস্ফুটিত, (প্র+স্ফুট্=বিকসিত হওয়া+অল, ক্ত—ঘ) ণ, ত্রি, প্রকাশিত, বিকসিত, বিকচ, প্রফুল্ল, স্ফুট, বিকশিত।

প্রস্ফোটন, (প্র+স্ফুট+অনট্—ভাব) ব্য, ন, প্রস্ফুটিত হওয়া, বিকাসন, প্রকাশিত হওয়া, পক্ক হওয়া, সূর্প, কুলা, বিদারণ, তাড়ন, পচন।

প্রস্রব, (প্র+স্রু=ক্ষরিতহওয়া+অল—ভাব) ব্য, পুং, ক্ষরণ, গলন, দ্রবদ্রব্যের শনৈঃ শনৈঃ পতন।

প্রস্রবণ, (প্র+স্রু+অনট্) ব্য, ন, উৎস, উনুই, জল, নির্ঝর, ঝরণা, ক্ষরণ, স্বেদন। পুং, মাল্যবান্ পর্ব্বত, স্বেদ, ঘর্ম্ম, মূত্রকরণ।

প্রস্রাব, (প্র+স্রু=ক্ষরিত হওয়া+অ—ঘ) ব্য, পুং, মূত্র, প্রবাহ, ক্ষরণ।

প্রস্রুত, (প্র+স্রু+ক্ত—ঘ) ণ, ত্রি, ক্ষরিত, গলিত।

প্রস্বান, (প্র=অধিক+স্বন্=শব্দকরা+

ঘঞ্) স্ত্র, পুং, উচ্চ শব্দ।
প্রস্বাপন, (প্র+স্বাপি=নিদ্রাকরান+অনট্—ষ) ণ, ত্রি, নিদ্রাজনক। স্ত্র, ন, নিদ্রাকর্ষক অস্ত্রবিশেষ।
প্রস্বিন্ন, (প্র=অধিক+স্বিদ=ঘর্ম্ম নিঃসৃত হওয়া+ক্ত) ণ, ত্রি, ঘর্ম্মাক্ত, উত্তপ্ত। [পুং, অতিশয় ঘর্ম্ম।
প্রস্বেদ (প্র=অধিক+স্বেদ=ঘর্ম্ম) স্ত্র,
প্রহংশেমি, স্ত্র, পুং, চন্দ্র।
প্রহত, (প্র+হন্=[বধকরা]বিস্তারকরা ইত্যাদি+ক্ত—ষ) ণ, ত্রি, বিদ্বান্, গুণবান্, বিস্তৃত, নিকটস্থ, আহত, আঘাতপ্রাপ্ত, মৃত,তাড়িত, বাদিত, ধ্বনিত,পরাজিত,ক্ষুণ্ণ,মাড়ান,বিস্তৃত।
প্রহর, (প্র+হৃ=[হরণকরা] আঘাত করা+ঘঞ্—ডে) স্ত্র, পুং, যাহাতে ঢক্কাদি আহত হয়, দিবারাত্রের অষ্টম ভাগ, যাম।
প্রহরণ, (প্র+হৃ+অনট্—ধ, ডে) স্ত্র, ন, অস্ত্র, যুদ্ধ, প্রহার, প্রাঘাত, স্ত্রীলোকাদির বাহনজন্ম আচ্ছাদিত শকট।
প্রহরী, (প্রহর+ইন্—অস্ত্যর্থে) স্ত্র,পুং, যামিক,কোটাল,চৌকীদার, যে ঘণ্টা বাজায়।
প্রহর্ত্তা, (প্র+হৃ+তৃন্—ষ) ণ, ত্রি, প্রহারকর্ত্তা, যোদ্ধা।
প্রহর্ষণ, (প্র+হৃষ্=হৃষ্ট হওয়া+অনট—ষ) ণ, ত্রি, সুখোৎপাদক, হর্ষকারক, আহ্লাদজনক। স্ত্র, পুং, বুধগ্রহ। (Mercury)
প্রহর্ষণী, প্রহর্ষিণী, (প্র+হৃষ=হৃষ্ট-হওয়া+অন, ইন্) স্ত্র, স্ত্রী, ছন্দোবিশেষ, ত্রয়োদশাক্ষরা বৃত্তি, হরিদ্রা, হলুদ।
প্রহসন, (প্র=অধিক+হস্=হাস্যকরা+অনট্—ভাব) স্ত্র, ন, অতিশয় হাস্য, ব্যঙ্গোক্তি, পরিহাস, কৌতুক, হাস্যরসপ্রধান নাট্যপ্রস্থবিশেষ।
প্রহসন্তী, স্ত্র, স্ত্রী, যূথী, যুঁই, বাসন্তী, মাধবীলতা, প্রকৃষ্ট অঙ্গারধানী, আঁঙটা, সাঁজাল।
প্রহস্ত, (প্র=পরিবর্ত্তন+হস্ত=হাত) স্ত্র, পুং, বিস্তৃতাঙ্গুলি হস্ত, চপেট, চাপড়, রাবণের সেনাপতিবিশেষ।
প্রহার, (প্র+হৃ+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, আঘাত, বধ, নিগ্রহ, যুদ্ধ।
প্রহারক, (প্র+হৃ+ণক) ণ, ত্রি, আঘাতকারী, আঘাতী, আঘাতক।
প্রহারণ, (প্র=অধিক+হৃ=লওয়া+অল্) স্ত্র, ন, প্রার্থনীয় দান।
প্রহাস, (প্র+হস্+ঘঞ) স্ত্র, পুং, অভিনেতা, নট, নর্ত্তক, উচ্চহাস্য, শিরঃপ্রস্ফুটন,সোমতীর্থ, তীর্থস্থান।
প্রহাসী, (প্রহাস+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, যে ব্যক্তি অতিশয় হাসায়, ভাঁড়, চাবা।
প্রহি, (প্র+হৃ=লওয়া+ই—সংজ্ঞার্থে, —লোপ) ষ্য,পুং, কূপ, কূয়া।
প্রহিত, (প্র+ধা=[ধারণকরা] ক্ষেপণ করা ইত্যাদি+ক্ত) ণ, ত্রি, প্রেরিত, নিযুক্ত, দত্ত, বিস্তৃত, প্রক্ষিপ্ত, নিক্ষিপ্ত, বিদ্বান্, নিরস্ত, প্রযুক্ত,উপযুক্ত। ষ্য,ন,চা নি,মশলা।
প্রহীণ, (প্র+হা=ত্যাগ করা+ক্ত) ণ, ত্রি, পরিত্যক্ত, রহিত। ষ্য, পুং, বিনাশ, স্থানান্তরীকরণ।
প্রহৃত, (প্র+হৃ=[হরণকরা] আঘাতকরা+ক্ত—ভাব, ঢ) ষ্য,ন, প্রহার। ণ, ত্রি, নিগৃহীত, আহত, আঘাতপ্রাপ্ত, আক্রান্ত।
প্রহৃষ্ট, (প্র=অধিক+হৃষ্=হৃষ্ট হওয়া+ক্ত) ণ, ত্রি, অতিশয় আনন্দিত।
প্রহৃষ্টমনাঃ ণ, ত্রি, সন্তুষ্টচিত্ত।
প্রহেণক, ষ্য, ন, পিষ্টকবিশেষ।
প্রহেলিকা, প্রহেলী, (প্র+হিল্=[কটাক্ষাদি ভঙ্গীকরা] জিজ্ঞাসা

করা+অক, অ) ব্য, স্ত্রী, কূটপ্রশ্ন, হেঁয়ালি।

প্রহ্লত্তি, ব্য, স্ত্রী, আনন্দ, প্রীতি।

প্রহ্লাদ, (প্র+হ্লাদ্=আহ্লাদিত হওয়া+ঘঞ্) ব্য, পুং, হিরণ্যকশিপু রাজার পুত্র, শব্দ, ধ্বনি, আহ্লাদ, আনন্দ, সন্তোষ।

প্রহ্লাদন, (প্র+হ্লাদ+অনট্—ভাব) ব্য, ন, আহ্লাদকরণ, আনন্দোৎপাদন।

প্রহ্ব, (প্র+হ্বে=আহ্বানকরা+অ—ঘ; নিপাতন) ণ, ত্রি, নম্র, বিনীত,প্রবণ,আসক্ত,নিযুক্ত,নিরত।

প্রহ্বাঞ্জলি, (প্রহ্ব+অঞ্জলি—অভ্যর্থনা) ণ,ত্রি,কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান।

প্রহ্বায়, (প্র+হ্বে=আহ্বান করা+ঘঞ্) ব্য, পুং, আহ্বান, স্তব।

প্রাংশু, (প্র+অংশু=কিরণ) ণ, ত্রি, উচ্চ, উন্নত, ঢেঙ্গা।

প্রাক্, (প্র+অনচ্=গমনকরা+কিপ্) ব্য, পূর্ব্ব, প্রথম, পূর্ব্বদেশী, পূর্ব্বকাল, অতীত, মধ্যে, প্রাতঃকালে।

প্রাকষিক, (প্র+আকষিক) ব্য, পুং, বিজ্ঞা, লম্পট, কামুক, মায়ানর্ত্তক।

প্রাকাম্য, (প্র+আ+কম্=ইচ্ছাকরা+য) ব্য, ন, শিবের অষ্টবিধ ঐশ্বর্য্যের অন্তর্গত ঐশ্বর্য্যবিশেষ, স্বচ্ছন্দানুবর্ত্তন, ভোগেচ্ছা পূর্ণ করিবার ক্ষমতা, যথেচ্ছাচারিত্ব।

প্রাকার, (প্র+আ+কৃ=[করা] বেষ্টনকরা+ঘঞ্) ব্য, পুং, প্রাচীর, বেষ্টন, বেড়া।

প্রাকৃত, (প্রকৃতি=স্বভাব+ষ্ণ—ভবার্থে, কিম্বা প্র+অকৃত=যাহা কৃতনহে, অপকার্য্য) ণ, ত্রি, নীচ, অধম, অপভাষা, চলিতভাষা, স্বাভাবিক, নৈসর্গিক, সাধারণ, সামান্য, প্রজাসম্বন্ধীয়। ব্য, পুং, প্রাকৃতজন, অধমাচার, দুরাচার। ন, বিভিন্নভাষা, প্রদেশীয় ভাষা, পূর্ব্বকালে অর্থাৎ যখন ভারতবর্ষে সংস্কৃত ভাষাই চলিত ভাষা ছিল তখন স্ত্রীলোক ও মূর্খ লোকে যে সংস্কৃত কহিত।

প্রাকৃতইতিবৃত্ত, ষ্য, প্রকৃতিবিষয়ক বৃত্তান্ত অর্থাৎ পৃথিবী ও তজ্জাত পদার্থ নিচয়ের বিবরণ, প্রাণিবিদ্যা, ধাতুবিদ্যা, উদ্ভিদ্‌বিদ্যা প্রভৃতি বিদ্যা সকল প্রাকৃত ইতিবৃত্তের মধ্যগত। (Natural History)

প্রাকৃত জ্বর, ষ্য, পুং, বর্ষা, শরৎ, বসন্ত ঋতুতে ক্রমে বাত পিত্ত, কফজ্বর।

প্রাকৃততত্ত্ববিবেক, ষ্য, যে শাস্ত্র দ্বারা প্রকৃতির যাবতীয় বিষয় পর্য্যালোচন করিলে তত্ত্বজ্ঞান জন্মে। (Natural Theology)

প্রাকৃততন্ত্র, ষ্য, প্রজাদের হস্তগত রাজ্যশাসন,প্রজাতন্ত্র। (Democracy)

প্রাকৃতদোষ, ষ্য, পুং, বর্ষা, শরৎ, বসন্ত ঋতুতে কুপিত বাত পিত্ত কফ।

প্রাকৃতপ্রলয়, ষ্য, পুং, ব্রহ্মার লয়বশতঃ যাবতীয় সৃষ্ট পদার্থের বিনাশ।

প্রাকৃতভূগোল, ষ্য, যে শাস্ত্র দ্বারা পৃথিবীর জল স্থলবিভাগ, পর্ব্বতাদির সন্নিবেশ, ভিন্ন ভিন্ন প্রদেশের জলবায়ুর অবস্থা ও বিভিন্নদেশোৎপন্ন দ্রব্যজাতের বিবরণ জানা যায়। (Physical Geography)

প্রাকৃতমিত্র, ষ্য, ন,স্বদেশের ব্যবহিত দেশাবস্থিত রাজাদি।

প্রাকৃতশত্রু, ষ্য, ন, এক বিষয়ে অভিলাষী রাজাদি।

প্রাকৃতসমাজ, ষ্য, ইংলণ্ডদেশের রাজকীয় সভাসংক্রান্ত সাধারণ ব্যক্তিগণের সভা। (House of Commons)

প্রাকৃতিক, (প্রকৃতি+ক—ইদমর্থে) ণ, ত্রি, স্বাভাবিক, নৈসর্গিক, প্রকৃতি সম্বন্ধীয়।

প্রাকৃতিকইতিবৃত্ত, ষ্য, যে শাস্ত্রদ্বারা সৃষ্ট পদার্থের স্বরূপ ও অবস্থা অবগত হওয়া যায়। (Natural History)

প্রাকৃতিককার্য্য, ষ্য, সৃষ্ট পদার্থ, যে সকল পদার্থ কেবল একমাত্র ইন্দ্রিয়গ্রাহ্য, যেমন আলোক, শব্দ, তাপ ইত্যাদি।

প্রাকৃতিকবিজ্ঞান, ষ্য, ন, যে শাস্ত্র দ্বারা প্রাকৃতিক কার্য্যবিষয়ক জ্ঞান জন্মে।

প্রাক্তন, (প্রাক্=পূর্ব্ব+তন—ভবার্থে) ণ, ত্রি, পূর্ব্বকালীন, পূর্ব্বজন্মোদ্ভূত, জন্মান্তরীণ, পূর্ব্বজন্মার্জ্জিত।

প্রাক্তনকর্ম্ম, (প্রাক্তন=পূর্ব্ব+কর্ম্মন্—কার্য্য) ষ্য, ন, অদৃষ্ট, ভাগ্য, পূর্ব্বকৃত কর্ম্ম।

প্রাক্‌ফল্‌গুণী, (প্রাক্=অগ্রগামী+ফল্‌গুণী—নক্ষত্রবিশেষ) ষ্য, স্ত্রী, পূর্ব্বফল্‌গুনী নক্ষত্র।

প্রাক্‌ফাল্গুণ, (প্রাক্‌ফাল্‌গুণী+অন্) ষ্য, পুং, বৃহস্পতি।

প্রাখর্য্য, (প্রখর+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, প্রখরতা, তীক্ষ্ণতা।

প্রাগভাব, (প্রাক্=পূর্ব্ব+অভাব) ষ্য, পুং, প্রাগ্বর্ত্তী অভাব, বস্তুৎপত্তির পূর্ব্বাবস্থা, উৎপত্তির পূর্ব্বে যে অভাব তাহাকে প্রাগভাব কহে।

প্রাগল্‌ভ্য, (প্রগল্‌ভ+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, প্রগলভতা, ঔদ্ধত্য।

প্রাগুক্ত, (প্রাক্=পূর্ব্ব+উক্ত=কথিত) ণ, ত্রি, পূর্ব্বোক্ত, পূর্ব্বে উল্লিখিত, যাহা পূর্ব্বে বলা হইয়াছে।

প্রাগুদীচী, (প্রাক্=পূর্ব্ব+উদীচী=উত্তর) ষ্য, স্ত্রী, পূর্ব্বোত্তরকোণ, পূর্ব্বোত্তর বিদিক্, ঈশানকোণ।

প্রাগ্‌জ্যোতিষ, (প্রাক্=পূর্ব্ব+জ্যোতিষ=দীপ্তি) ষ্য, পুং, আসামের অন্তঃপাতী দেশবিশেষ, কামরূপ।

প্রাগ্‌ভার, (প্রাক্=প্রথম+ভার) ষ্য, পুং, উৎকর্ষ, উচ্চ পর্ব্বতের অগ্রভাগ, অঙ্কলক্ষণ।

প্রাগ্রহর, প্রাগ্র্য, (প্র+অগ্র=প্রথম +হৃ=হরণকরা+অল্; প্র=অগ্র+ষ্ণ্য ভবার্থে) ণ, ত্রি, শ্রেষ্ঠ, প্রধান, অতিশয় উৎকৃষ্ট।

প্রাগ্রাট, (প্র+অগ্র=উপরিভাগ+অট=যে গমন করে) ষ্য, ন, অঘনদধি, পাতলা দই।

প্রাগ্বংশ, (প্রাক্=পূর্ব্ব+বংশ=কুল, বাঁশ) ষ্য, পুং, পূর্ব্বকুল, প্রাচীন স্থূণ যজ্ঞগৃহবিশেষ, যজ্ঞীয় গৃহের সম্মুখস্থিত গৃহ, যজ্ঞশালার কাষ্ঠবিশেষ।

প্রাঘাত, (প্র=প্রচণ্ডবেগে+আঘাত=প্রহার) ষ্য, পুং, যুদ্ধ, বিগ্রহ, লড়াই।

প্রাঘার, (প্র+আ+ঘৃ=সেচনকরা, ক্ষতিহওয়া+ঘঞ্) ষ্য, পুং, গলন, ক্ষরণ, ঘৃতাদি ক্ষরণ, স্রাব, সেক।

প্রাঘুণ, (প্র+আ+ঘুণ্=ভ্রমণ করা+অল্) ষ্য, পুং, অতিথি, অভ্যাগত, আগন্তু, ভ্রমণ, পর্য্যটন।

প্রাঘুণিক, (প্রাঘুণ=ভ্রমণ+ইক) ষ্য, পুং, অতিথি, অভ্যাগত, আগন্তু।

প্রাঙ্, (প্র+অনচ্=গমনকরা+ক্বিপ্) ণ, ত্রি, পূর্ব্বদেশ, পূর্ব্বদিক্, অতীত কাল, পূর্ব্বসময়, পূর্ব্বতন, পুরাতন, প্রাচীন।

প্রাঙ্গ, (প্র+অঙ্গ=গমনকরা, হওয়া +গ) ষ্য, পুং, পণববাদ্য, পটহ।

প্রাঙ্গণ, (প্র+অনগ্=গমনকরা+অনট্—ভে) ষ্য, ন, অঙ্গন, অজির গৃহভূমি, উঠান, পণববাদ্য।

প্রাঙ্মুখ, (প্রাক্=পূর্ব্ব+মুখ) ণ, ত্রি

পূর্ব্বমুখ, পূর্ব্বাগ্র।

প্রাচিকা, ষ্য, স্ত্রী, বন-মক্ষিকা, ডাঁশ।

প্রাচী, (প্র+অন্‌চ+ক্বিপ, ঈপ্—স্ত্রী-লিঙ্গে) ষ্য, স্ত্রী, পূর্ব্বদিক্ পূজক, পূজনীয়ের অগ্র।

প্রাচীন, (প্রাচ্—পূর্ব্ব+ঈন—ভবার্থে) ণ, ত্রি, পূর্ব্ব, পূর্ব্বকালীন, পুরাতন, বৃদ্ধ, প্রাচ্য, পূর্ব্বদেশীয়, পূর্ব্বদিগ্‌ভব, ষ্য, ন, প্রাচীর।

প্রাচীনপনস, (প্রাচীন—পূর্ব্ব+পনস—কাঁঠালগাছ) ষ্য, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।

প্রাচীনবর্হিঃ, (প্রাচীন—পূর্ব্বদেশীয়+বর্হিস্=দীপ্তি) ষ্য, পুং, যিনি পূর্ব্বদিকের অধিপতি, ইন্দ্র, নৃপবিশেষ।

প্রাচীনাবীত, (প্রাচীন—পূর্ব্ব+আবীত—লম্বিত) ষ্য, ন, শ্রাদ্ধাদিতে বামকরে বহিষ্কৃত দক্ষিণস্কন্ধার্পিত যজ্ঞসূত্র।

প্রাচীপতি, (প্রাচী=পূর্ব্বদিক্+পতি, ৬-ষ) ষ্য, পুং, পূর্ব্বদিকের অধিপতি, ইন্দ্র, দেবরাজ।

প্রাচীর, (প্র+আ+চী=[একত্রকরা] আবরণকরা+র) ষ্য, ন, গৃহাদির প্রান্তদেশ, বেষ্টন, আবৃতি, বেড়া, ভিত্তি, দেওয়াল, পাঁচিল।

প্রাচুর্য্য, (প্রচুর+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, প্রচুরতা, আধিক্য, বাহুল্য।

প্রাচেতস, (প্রচেতস্—বরুণ+ষ্ণ—অপত্যার্থে) ষ্য, পুং, বরুণপুত্র, বাল্মীকি, বহুং, প্রাচীনবর্হিরাজার তনয়।

প্রাচ্য, (প্রাচ্—পূর্ব্ব+ষ্ণ্য—ভবার্থে) ণ, ত্রি, পূর্ব্বদেশীয়, পূর্ব্বদিকস্থ, পূর্ব্বদিগ্‌ভব। ষ্য, পুং, পূর্ব্বদেশ।

প্রাজক, প্রাজিতা, (প্র+অজি—গমনকরান+অক, তৃন্—ঘ) ষ্য, পুং, রথাদি চালক, সারথি। ণ, ত্রি, চালক।

প্রাজন, (প্র+অজি+অনট্—ভাব) ষ্য, ন, চালনদণ্ড, তোদন, পাঁচন্‌বাড়ী, চালন।

প্রাজাপত্য, (প্রজাপতি—ব্রহ্মা+ষ্ণ্য-তদ্দেবতার্থে) ষ্য, পুং, বিবাহবিশেষ, প্রয়াগ, এলাহাবাদ, স্বনামপ্রসিদ্ধ জৈনরাজ। ন, দ্বাদশ-দিবস-সাধ্য ব্রতবিশেষ, রোহিণীনক্ষত্র। ত্যা—স্ত্রী, যজ্ঞবিশেষ, প্রব্রজ্যা আশ্রমে প্রবিষ্ট হইবার পূর্ব্বে সর্ব্বস্ব দক্ষিণা দিয়া যজ্ঞকরণ। ণ, ত্রি, প্রজাপতিসম্বন্ধীয়।

প্রাজিতা, ষ্য, পুং, সারথি, প্রকৃষ্ট গন্তা।

প্রাজ্ঞ, (প্র+আ—সম্যক্+জ্ঞা—জানা+ঘ) ণ, ত্রি, বিজ্ঞ, পণ্ডিত, দক্ষ, নিপুণ। জ্ঞা, জ্ঞী—স্ত্রী, বুদ্ধিমতী, ধীমতী।

প্রাজ্য, (প্র+অন্‌জ্—[গমনকরা] প্রবৃদ্ধহওয়া+য—ঘ) ণ, ত্রি, প্রভূত, বহু, প্রচুর। (প্র—প্রকৃষ্ট+আজ্য—ঘৃত) ষ্য, ন, উৎকৃষ্ট ঘৃত, ভাল ঘী।

প্রাঞ্চ, (প্র+অন্‌চ্—গমনকরা+ক্বিপ্) ণ, ত্রি, প্রাচীন।

প্রাঞ্জল, (প্র+অন্‌জ্—গমনকরা+অল) ণ, ত্রি, সহজ, সরল, সোজা, অনায়াসে যাহার অর্থবোধ হয়, সুখবোধ্য, নির্ম্মল, উজ্জ্বল, শুদ্ধমতি।

প্রাঞ্জলি, (প্র+অঞ্জলি) ণ, ত্রি, বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি।

প্রাড়্বিবাক, (প্রাট্ [প্রচ্ছ—জিজ্ঞাসাকরা+ক্বিপ্-ঘ]—যে বাদী প্রতিবাদীর বাক্য জিজ্ঞাসা করে+বিবাক্ [বি+বচ্—বলা+ক্বিপ—ঘ]—যে বিবেচনা করিয়া বলে, কর্ম্মধা; প্রাড়্বিবেকও হয়) ষ্য, পুং, যে বিবাদানুগত পূর্ব্ব বাক্য জিজ্ঞাসা করিয়া বিচার করে, বিচারক, ব্যবহারদর্শী।

প্রাণ, (প্র+অন্—বাঁচা+অল্) ষ্য, পুং হৃদয়স্থ বায়ু, বল, জীবন, ব্রহ্মা, বহুং প্রাণ, অপান, সমান, উদান ব্যান—দেহস্থ এই পঞ্চ বায়ু।

প্রাণক, (প্র+অন্ + ণক—ব, অথবা প্রাণ+ক) ষ্য, পুং, প্রাণী, জীব, বস্ত্র, বৃক্ষবিশেষ, জীবকক্রম।

প্রাণচ্ছিদ্, (প্রাণ+ছিদ্=ছেদনকরা+ ক্বিপ্—ব) ণ, ত্রি, প্রাণবিনাশক।

প্রাণথ, (প্র+অন্=বাঁচা+অথ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, বলবান্ ব্যক্তি, প্রজাপতি, তীর্থ, বায়ু।

প্রাণদ, (প্রাণ=জীবন+দ=যে দানকরে) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, জীবকবৃক্ষ। ন, রক্ত, জল। ণ, ত্রি, জীবনদাতা, যে প্রাণ দান করে। দা—স্ত্রী, হরীতকী,বৃক্ষবিশেষ,ঋদ্ধি বৃক্ষ।

প্রাণন, (প্র+অন্+অনট—ভাব) ষ্য, ন, প্রাণ, জীবন, জীবিত থাকা। পুং, গলদেশ।

প্রাণনাথ, (প্রাণ=জীবন+নাথ=স্বামী, ৬-ষ) ষ্য, পুং, পতি, স্বামী, ভর্ত্তা।

প্রাণপ্রদা, ষ্য, স্ত্রী, ঋদ্ধি নামক ওষধি, প্রাণদায়িনী, জীবদাত্রী।

প্রাণভাস্বান্, (প্রাণ=জীবন+ভাস্বৎ=সূর্য্য) ষ্য, পুং, সমুদ্র, সূর্য্যদেব সমুদ্র হইতে উত্থিত বা উৎপন্ন হইয়াছিলেন।

প্রাণভৃৎ, (প্রাণ+ভৃৎ=যে ধারণকরে) ষ্য, পুং, প্রাণী, জন্তু, জীব, যাহাদিগের চেতনাশক্তি আছে।

প্রাণময়কোষ, ষ্য, পুং, পঞ্চপ্রাণ ও পঞ্চকর্ম্মেন্দ্রিয়।

প্রাণযাত্রা, (প্রাণ+যাত্রা=অগ্রগমন) ষ্য,স্ত্রী,প্রাণধারণ, জীবিকানির্ব্বাহ।

প্রাণসংযম, (প্রাণ=নিশ্বাস প্রশ্বাস+ সম্+যম্=নিবৃত্তকরা+অল্—ভাব) ষ্য, পুং, প্রাণায়াম, প্রাণবায়ুর অবরোধ, ত্যাগ।

প্রাণসদ্ম,(প্রাণ=হৃদয়স্থ বায়ু+সদ্মন্= অবস্থিতিস্থান) ষ্য, ন, শরীর, কায়, দেহ।

প্রাণসমা,(প্রাণ=জীবন+সমা=তুল্যা) ষ্য, স্ত্রী, প্রিয়তমা, পত্নী, প্রাণতুল্যা জায়া।

প্রাণাধিক, (প্রাণ+অধিক=প্রিয়তর, ৫-ষ) ণ, ত্রি, প্রাণ অপেক্ষা প্রিয়তর, অতি স্নিগ্ধ, পুত্রাদি।

প্রাণাধিনাথ, (প্রাণ=জীবন+অধি =উপরি+নাথ=প্রভু) ষ্য, পুং, স্বামী, পতি।

প্রাণান্ত, (প্রাণ+অন্ত=শেষ, ৬-ষ) ষ্য, পুং, প্রাণাবসান, প্রাণশেষ, মৃত্যু, মরণ।

প্রাণায়াম, (প্রাণ+আ+যম=সংযতকরা+ঘঞ্—ভাব) ষ্য,পুং, যোগাঙ্গবিশেষ, দেবতার নাম বা কোন মন্ত্র উচ্চারণ পূর্ব্বক নাসিকার এক ছিদ্র অঙ্গুলি দ্বারা বন্ধ করিয়া অন্য ছিদ্র দ্বারা নিশ্বাস বায়ু গ্রহণ ও উভয় ছিদ্র বন্ধ করিয়া অন্তরে বায়ুরোধ, পরে অপর ছিদ্রদ্বারা বায়ু পরিত্যাগ এবং একারম্ভেই পুনর্ব্বার ইহার বিপরীত দ্বার দ্বারা ঐরূপ পূরক কুম্ভক ও রেচক।

প্রাণিতত্ত্ব, প্রাণিবিদ্যা, ষ্য, ন, স্ত্রী, প্রাণিগণের আকার প্রকার ও স্বভাবাদি নির্ণায়ক বিদ্যা। (Zoology)

প্রাণিদ্যূত, (প্রাণিন্+দ্যূত=ক্রীড়া, ৩—ষ) ষ্য, ন, বাজি রাখিয়া মেষ ও কুক্কুটাদির যুদ্ধ করান।

প্রাণিপ্রদেশ, ষ্য, পুং, যে প্রদেশে জীবজন্তু বাস করে।

প্রাণিহিতা, (প্রাণী=জীব, মনুষ্য +হিত=যোগ্য) ষ্য, স্ত্রী, পাদুকা, জুতা, লোকহিতকারিণী।

প্রাণী, (প্রাণ+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, প্রাণবিশিষ্ট, জীব, জন্তু, চেতন, শরীরী, জীবন্ত।

প্রাণীতা, (প্রণীত=যাহা লওয়া হইয়াছে+ষ্য—ভাবে) ষ্য, ন, ঋণ, ধার, কর্জ।

প্রাণেশ, প্রাণেশ্বর, (প্রাণ+ঈশ, ঈশ্বর =প্রভু, ৬.ষ) স্ত্র, পুং, পতি, ভর্ত্তা, স্বামী সম্বোধক শব্দ। শা,শ্বরী—স্ত্রী, ভার্য্যা,প্রিয়তমা।

প্রাতঃকৃত্য,(প্রাতর্+কৃত্য=কর্ত্তব্য-কর্ম্ম) স্তু, ন, প্রাতঃকালীন কর্ত্তব্য কর্ম্ম, মুখ-প্রক্ষালনাদি।

প্রাতঃসন্ধ্যা, স্থ, স্ত্রী, দিবামুখ, উষা, প্রাতঃকালীন ব্রাহ্মণের কর্ত্তব্য বৈদিক উপাসনা।

প্রাতর্, (প্র=আরম্ভ+অৎ=গমনকরা +অর্) ব্য, প্রাতঃকাল, দিনাদি।

প্রাতরাশ, (প্রাতর্+আশ [অশ্ =খাওয়া+ঘঞ্—ভাব]=ভোজন, ৬.ষ) স্তু.পুং, প্রাতঃকালীন ভোজন, প্রাতর্ভোজন।

প্রাতর্গেয়, (প্রাতর্=প্রভাবে+গেয় =গীতযোগ্য) স্থ, পুং, বন্দী, স্তুতি-পাঠক। ণ,ত্রি,প্রাতঃকালে গাতব্য।

প্রাতর্ভোক্তা, (প্রাতর্=প্রাতঃকাল +ভোক্তৃ=যে ভোজন করে) স্থ, পুং, কাক, বায়স্। ণ,ত্রি, যে প্রাতঃ-কালে ভোজন করে।

প্রাতিকা, (প্র+অৎ=গমনকরা+ ণক) ব্য, স্ত্রী, জবাপুষ্প।

প্রাতিকূল্য, (প্রতিকূল+ষ্ণ্য—ভাবে) স্তু,ন,প্রতিকূলতা,বৈপরীত্য,শত্রুতা।

প্রাতিপদিক, (প্রতিপদ=প্রত্যেক শব্দ+ষ্ণিক—ভবার্থে) স্থ. ন. ব্যক্তি-বাচক কিম্বা বিশেষণবাচক শব্দ, পদ। পুং, অগ্নি। ণ, ত্রি, প্রতিপদ-সম্বন্ধীয়।

প্রাতিফলিকদূরবীক্ষণ, ব্য, আলো-কের কিরণ সকল যে দূরবীক্ষণের মুকুরে প্রতিফলিত হইয়া সরল রেখায় গমনান্তর প্রতিবিম্বরূপে পরিণত হয়। (Reflecting Teles-cope.)

প্রাতিভাব্য, (প্রতিভূ=জামিন+ষ্ণ্য —ভাবে) স্তু,ন, প্রতিভূকর্ম্ম, জামিন লওয়া।

প্রাতিলোম্য, (প্রতিলোম+ষ্ণ্য—ভাবে) ব্য, ন, বৈপরীত্য, ব্যতিক্রম, প্রাতিকূল্য।

প্রাতিস্বিক, (প্রতিস্ব=নিজের প্রতি+ ষ্ণিক—ইদমর্থে) ণ, ত্রি, স্বকীয়, অসাধারণ।

প্রাতিহার, প্রাতিহারক,প্রাতিহারিক, (প্রতিহার=বাজীকর অথবা প্রতি-হার=মায়া, কপটতা+ষ্ণ,—ষ্ণক, —স্বার্থে, বা ইদমর্থে) স্তু, পুং, বাজীকর, কুহক, ইন্দ্রজালী, ভেল্কী-কারক। ন. মায়াজাল, ভেল্কী, বাজী, প্রতিহারির কর্ম্ম। ণ, ত্রি, মায়াবী।

প্রাতীপ, (প্রতীপ=স্বনামপ্রসিদ্ধ রাজা+ষ্ণ—অপত্যার্থে) স্তু, পুং, প্রতীপ রাজার তনয়, শান্তনু, ভীষ্মের পিতা।

প্রাত্যয়িক, (প্রত্যয়+ষ্ণিক) ণ, ত্রি, বিশ্বাসী, প্রত্যয়ী, বিশ্বাসের যোগ্য। স্থ, পুং, প্রতিভূ, জামিন।

প্রাথমকল্পিক, (প্রথমকল্প=প্রথম শিক্ষণীয় শাস্ত্র+ষ্ণিক-অধ্যয়নার্থে, সম্বন্ধার্থে) স্থ.পুং, বেদাধ্যয়নারম্ভ-কারী ছাত্র, যে ছাত্র বেদ অধ্যয়ন করিতে আরম্ভ করিয়াছে। ণ, ত্রি, প্রথমকল্পসম্বন্ধীয়।

প্রাথমিক, (প্রথম+ষ্ণিক—জাতার্থে) ণ, ত্রি, অগ্রগণ্য, প্রথমভব, আদ্য, প্রথমকৃত, যাহা প্রথমে করা হয়।

প্রাথমিকদ্রাঘিমা, ব্য, কোন নির্দ্দিষ্ট স্থানের দ্রাঘিমা, যে স্থানের দ্রাঘিমা হইতে ভূগোলবেত্তারা পৃথিবীর অন্যান্য স্থানের দ্রাঘিমান্তর নির্দ্দেশ করেন। (First Meridian.)

প্রাথম্য, ষ্য, ন, (প্রথম+ষ্য) প্রথমতা।

প্রাদুর্ভাব, (প্রাদুস্+ভূ=হওয়া+ঘঞ্ —ভাব) ব্য, পুং, প্রকটিত হওয়া

উদয়, জন্ম, আবির্ভাব, রহিয়া, প্রভাব।
প্রাদুর্ভূত, (প্রাদুস্+ভূ—ক্ত) ণ, ত্রি, আবির্ভূত, প্রকাশিত, ব্যক্ত, উৎপন্ন, জাত।
প্রাদুঃ, (প্র+অদ্=ভক্ষণকরা+উস্) ব্য, প্রকাশ, ব্যক্ত, নাম, প্রত্যক্ষ, সম্ভাবনা, বৃদ্ধি।
প্রাদেশ, (প্র+আ+দিশ্=বলা+ঘঞ) স্ত্র, পুং, পরিমাণবিশেষ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী বিস্তার করিলে একের অগ্র হইতে অপরের অগ্র পর্য্যন্ত পরিমাণ। (প্রদেশ+ষ্ণ) দেশ। ন, দান, অর্পণ।
প্রাদেশন, (প্র+আ+দিশ্=দানকরা+অনট্—ভাব) ব্য, ন, বিতরণ, দান, অর্পণ।
প্রাধান্য, (প্রধান+ষ্ণ্য—ভাবে) স্ত্র, ন, উৎকর্ষ, শ্রেষ্ঠত্ব, প্রধানত্ব, প্রভুত্ব, প্রাবল্য, আধিক্য।
প্রাধ্ব, (প্র=প্রকৃষ্ট+অধ্বন্=পথ+অল্) স্ত্র, পুং, দূরপথ, প্রকৃষ্টপথ, রথাদি। ণ, ত্রি, নম্র, বদ্ধ।
প্রাধ্বম্, (প্র+আ+ধ্বন্=শব্দকরা+অম্) ব্য, নম্রতা, বন্ধন, আনুকূল্যার্থ।
প্রান্ত, (প্র+অন্ত=শেষ) স্ত্র, পুং, প্রান্তদেশ, শেষভাগ।
প্রান্তর, (প্র=প্রকৃষ্ট+অন্তর=ব্যবধান বা অবকাশ; ৭.হ) স্ত্র, ন, ছায়া জলাদিশূন্য বহুদূরব্যাপী পথ, জনশূন্য দেশ, মাঠ, কোটর, বিপিন, বন, অম্বর। [ছায়াদি রহিত পথ।
প্রান্তশূন্য, স্ত্র, ন, দূর বিস্তৃত শূন্য পথ,
প্রাপণ, (প্র+আপ্=পাওয়া+অনট্—ভাব) স্ত্র, ন, নয়ন, প্রাপ্তি। (প্র+আপি=পাওয়ান+অনট্—ভাব) নয়ন, পাওয়ান, প্রকৃষ্টরূপে ব্যাপন।
প্রাপণিক, (প্র+আপণ=দোকান+ষ্ণিক) ণ, ত্রি, পণ্যবিক্রয়ী, বণিক, বাণিজ্যকারী, বিক্রয়িক।
প্রাপিত, (প্র+আপি=পাওয়ান+ক্ত—চ) ণ, ত্রি, নীত, পাওয়ান, অবাপ্ত, অধিগত।
প্রাপের, স্ত্র, পুং, গন্ধর্ব্বগণ বিশেষ।
প্রাপ্ত, (প্র+আপ্=পাওয়া+ক্ত—চ) ণ, ত্রি, উপস্থিত, লব্ধ, আসাদিত, অধিগত।
প্রাপ্তপঞ্চত্ব, (প্রাপ্ত=লব্ধ+পঞ্চত্ব=মৃত্যু; ৩.হ) ণ, ত্রি, মৃত, গতায়ু।
প্রাপ্তযৌবন, (প্রাপ্ত+যৌবন, ৩-হ) ণ, ত্রি, তরুণ, ষোড়শবর্ষবয়স্ক।
প্রাপ্তরূপ, (প্রাপ্ত=লব্ধ+রূপ=আকৃতি; ৩.হ) ণ, ত্রি, সুধী, পণ্ডিত, মনোজ্ঞ, রম্য, সুন্দর।
প্রাপ্তব্যবহার, (প্রাপ্ত=লব্ধ+ব্যবহার; ৩.হ) ণ, ত্রি, বয়ঃপ্রাপ্ত, সাবালক।
প্রাপ্তি, (প্র+আপ্+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, লাভ, অধিগম, পাওয়া, উপার্জ্জন, সমৃদ্ধি, উন্নতি, বৃদ্ধি, উদয়, উপস্থিতি, ঐশ্বর্য্যবিশেষ, সর্ব্বত্র গমন করিবার ক্ষমতা।
প্রাপ্য, (প্র+আপ্+য—চ) ণ, ত্রি, প্রাপ্তিযোগ্য, লভ্য, উপগম্য।
প্রাবল্য, (প্রবল+ষ্ণ্য—ভাবে) স্ত্র, ন, প্রবলতা, প্রাধান্য, আধিক্য, তেজঃ, ক্ষমতা।
প্রাবোধিক, (প্রবোধ=জাগরণ+ষ্ণিক) স্ত্র, পুং, প্রাতঃকাল, প্রত্যূষ, প্রভাত।
প্রাভব, (প্রভু+ষ্ণ—ভাবে) স্ত্র, ন, প্রভুত্ব, প্রাধান্য, কর্ত্তৃত্ব।
প্রাভাকর, স্ত্র, পু, মীমাংসক বিশেষ।
প্রাভাতিক, (প্রভাত+ষ্ণিক) ণ, ত্রি, প্রাতঃকালীন, প্রভাতকালীন।
প্রাভৃত, (প্র+আ+ভৃ=পোষণকরা+ক্ত) স্ত্র, ন, উপঢৌকন, উপহার, ভেট, নজর, নৈবেদ্য।
প্রামাণিক, (প্রমাণ+ষ্ণিক) স্ত্র, পুং, অধ্যক্ষ, কর্ত্তা, পণ্ডিত। ণ, ত্রি, প্রমাণসিদ্ধ, বিশ্বাসযোগ্য।

প্রামাণ্য, (প্রমাণ+ষ্ণ্য—ভাবে) স্ত্র, স্ত্রী, প্রমাণত্ব, বিশ্বাস্যতা।

প্রামাদিক, (প্রমাদ+ষ্ণিক) ণ, ত্রি, অনবধানতাজাত।

প্রামাদ্য, (প্রমাদ+ষ্ণ্য—ভাবে) স্ত্র, ন, অনবধানতা, প্রমাদ, মত্ততা, পাগলামী।

প্রামীত্য, (প্র+আ+মা=পরিমাণ করা+ক্যপ্; ৎ—আগম; প্রাণীত্য শব্দও হয়) স্ত্র, ন, ঋণ, ধার, কর্জ্জ।

প্রায়, (প্র+ই—গমনকরা, মরা ইত্যাদি+ঘঞ্—ভাব) ব্য, পুং, অভিসন্ধি পূর্ব্বক অনশন-মৃত্যু, মৃত্যু, মরণ, আধিক্য, বাহুল্য, বয়স্, বয়োবস্থা। ন, পাপ। ণ, ত্রি, (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ, বহুল।

প্রায়শঃ, (প্রায়+চশস্) ব্য, বাহুল্যরূপে।

প্রায়শ্চিত্ত,—পুং, প্রায়শ্চিত্তি,—স্ত্রী, (প্রায়স্=তপস্যা+চিত্ত, চিত্তি=নিশ্চয়) স্ত্র, শুদ্ধিজাত, পাপনাশক কর্ম্ম।

প্রায়শ্চিত্তী, (প্রায়শ্চিত্ত+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রায়শ্চিত্ত করণযোগ্য ব্যক্তি।

প্রায়ঃ, (প্র+অয়্—গমনকরা+অস্) ব্য, বাহুল্যরূপে, তপস্যা।

প্রায়িক, (প্রায়+ষ্ণিক—ভবার্থে) ণ, ত্রি, যাহা বাহুল্যরূপে হইয়া থাকে।

প্রায়ুবেধী, স্ত্র, পুং, ঘোটক, অশ্ব।

প্রায়োজ্য, (প্রয়োজ+ষ্ণ্য) ণ, ত্রি, প্রয়োজনার্হ।

প্রায়োদ্বীপ, (প্রায়স্=বাহুল্যরূপে+দ্বীপ) স্ত্র, পুং, যে ভূমির প্রায় চতুর্দ্দিকে জল। (Peninsula.)

প্রায়োপবিষ্ট, (প্রায়=মৃত্যুপর্য্যন্ত অনশন+উপবিষ্ট, ৭-ষ) ণ, ত্রি, প্রায়োপবেশনযুক্ত।

প্রায়োপবেশ,—পুং, প্রায়োপবেশন,—ন, (প্রায়=অভিসন্ধি পূর্ব্বক অনশন মৃত্যু+উপবেশ, উপবেশন=অবস্থিতি, বসা, ৬-ষ) স্ত্র, অভিসন্ধি পূর্ব্বক অনশনে প্রাণত্যাগার্থ উপবেশন।

প্রারব্ধ (প্র—সম্পূর্ণরূপে+আরব্ধ) ণ, ত্রি, যাহা আরব্ধ হইয়াছে, উপক্রান্ত। স্ত্র, ন, অদৃষ্ট।

প্রারব্ধকর্ম্ম, (প্রারব্ধ+কর্ম্মন্—কার্য্য) স্ত্র, ন, পূর্ব্ব জন্মে আরব্ধ কর্ম্ম, যে কর্ম্ম দ্বারা শরীর হয়, ভোগ না হইলে কোন মতে পূর্ব্বজন্মকৃত কার্য্যের ক্ষয় হয় না, এ জন্য জীবন্মুক্ত ব্যক্তিকেও পূর্ব্বকৃত কর্ম্মফল ভোগ করিবার জন্য পুনঃ দেহ পরিগ্রহ করিতে হয়।

প্রারব্ধি, (প্র+আ+রভ্—বেগে গমনকরা+ক্তি) স্ত্র, স্ত্রী, গজবন্ধন রজ্জু, আরম্ভ, উপক্রম।

প্রারম্ভ, (প্র—প্রকর্ষ+আরম্ভ) স্ত্র, পুং, প্রথমোদ্যোগ, আরম্ভ, উপক্রম, অনুষ্ঠান।

প্রার্থন, (প্র=প্রকর্ষ+অর্থি—যাচ্ঞা করা+অনট্—ভাব) স্ত্র, ন, না—স্ত্রী, যাচ্ঞা, নিবেদন, আক্রমণ, হিংসা।

প্রার্থনীয়, প্রার্থয়িতব্য, (প্র+অর্থ্+অনীয়, তব্য—চ) ণ, ত্রি, প্রার্থনা করিবার যোগ্য, যাচিতব্য। ন, দ্বাপর যুগ।

প্রার্থয়িতা, (প্র+অর্থ+তৃন্—র্ত্ত) ণ, ত্রি, নিবেদয়িতা, প্রার্থনাকারী, অর্থী।

প্রার্থিত, (প্র+অর্থ+ক্ত—চ) ণ, ত্রি, যাচিত, অভিলষিত, যাহার নিকট প্রার্থনা করা যায়, অভিহিত, অভিঘাত, আক্রান্ত, হত, শত্রুসংরুদ্ধ।

প্রালব্ধ, ব্য, ন, অদৃষ্ট, প্রাক্তন কর্ম্মফল।

প্রালম্ব, (প্র+আ+লম্ব্—লম্বিত হওয়া+অল্—র্ত্ত) স্ত্র, ন, হারবিশেষ, কণ্ঠাবধি ঋজুভাবে লম্বমান মাল্য।

প্রালম্বিকা, (প্রলম্ব—হার+ষ্ণিক) স্ত্রী

সুবর্ণহার, সোণার হার, কণ্ঠমালা।

প্রালেয়, (প্রলয়=পর্ব্বত+ষ্ণ ; ষ= লে) স্থ,ন,হিম,শিশির,বরফ,নীহার।

প্রালেয়াংশু, (প্রালেয়=হিম+অংশু= কিরণ ; ৬,হ) ণ, পু, চিমাংশু, চন্দ্র।

প্রাবট, (প্র+আ+বট=বেষ্টনকরা+ অল্) ষ্য, পুং, যব।

প্রাবর, (প্র+আ+বৃ=আবরণ করা+ অল)ষ্য, পুং, প্রাচীর, ভিত্তি, বেষ্টন, বেড়া, উত্তরীয় বস্ত্র।

প্রাবরণ,—ন, প্রাবার,—পুং,ন, (প্র+ আ+ বৃ=অনট্, ঘঞ্—ধ) স্থ, উত্ত- রীয় বস্ত্র, উড়ানি, আবরণ বস্ত্র, আচ্ছাদন, আড়াল।

প্রাবীণ্য, (প্রবীণ+ষ্ণ্য—ভাবে) স্থ, ন, নৈপুণ্য, চতুরতা, দক্ষতা, প্রবী- ণতা, বিচক্ষণতা।

প্রাবৃত, (প্র+আ+বৃ+ক্ত—চ) ণ, ত্রি, আচ্ছাদিত, বেষ্টিত।

প্রাবৃতি, (প্র+আ+বৃ+ক্তি—ধ) স্থ, স্ত্রী, প্রাচীর, বেড়া।

প্রাবৃষ্, প্রাবৃষা,(প্র+আ+বৃষ্=বর্ষণ- হওয়া+ কিপ্, অল্ ; আপ্) স্থ,স্ত্রী, বর্ষাকাল।

প্রাবৃষিক, (প্রাবৃষ্=বর্ষা ইত্যাদি+ ষ্ণিক—ভবার্থে) স্থ,পুং, ময়ূর। ণ, ত্রি, প্রাবৃট্কালভব।

প্রাবৃষেণ্য, (প্রাবৃষ্+এন্য—ভবার্থে) ণ, ত্রি, প্রচুর বর্ষাকালিক। স্থ, পুং, কাদম্বক।

প্রাবৃষ্য, (প্রাবৃষ=বর্ষা+ষ্য—ভবা- র্থে) ণ, ত্রি, বর্ষাকালীন। স্থ, ন, বৈদূর্য্য মণি।

প্রাবেশন, (প্র+আবেশন=প্রবেশ; ৭,হ) স্থ, ন, শিল্পশালা।

প্রাশন, (প্র+অশ্=ভোজনকরা+ অনট্—ভাব) স্থ,ন, ভোজন, ভক্ষণ, আহার।

প্রাশস্ত্য, (প্রশস্ত+ষ্ণ্য—ভাবে) স্থ, ন,প্রশস্ততা,বিস্তার,পরিসর,উৎকর্ষ।

প্রাশিত, (প্র+অশ্+ক্ত—চ) ণ, ত্রি,ভক্ষিত,ভুক্ত,প্রস্থ। ষ্য,ন,পিতৃযজ্ঞ।

প্রাশ্নিক, (প্রশ্ন+ষ্ণিক) ণ, ত্রি, প্রশ্নকর্ত্তা। ষ্য, পুং, সভ্য।

প্রাস, (প্র+অস্=ক্ষেপণকরা+ঘঞ্) স্থ, পুং, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ, কুন্ত, কোঁচ।

প্রাসক, (প্রাস+ক, অথবা প্র+ অস্+ণক)স্থ,পু,প্রাস,পাশক,অক্ষ।

প্রাসঙ্গ, (প্র+আ+সন্জ্=আসক্ত হওয়া+ঘঞ্) স্থ,পুং, শিক্ষণীয় বৎ- সাদির স্কন্ধস্থ যুগ কাষ্ঠবিশেষ, জো- য়াল।

প্রাসঙ্গিক, (প্রসঙ্গ+ষ্ণিক) ণ, ত্রি, প্রসঙ্গক্রমে উত্থিত, আনুষঙ্গিক।

প্রাসঙ্গ্য, (প্রসঙ্গ+ষ্ণ্য) ষ্য, পুং, যুগ- বাহক বৃষাদি।

প্রাসাদ, (প্র+আ+সদ্=গমনকরা+ ঘঞ্) ষ্য, পুং, বৃহৎ অট্টালিকা, সৌধ, ইষ্টকনির্ম্মিত দেবালয়।

প্রাসাদকুক্কুট, (প্রাসাদ=অট্টালিকা+ কুক্কুট=কুঁকড়া) ষ্য, পুং, পারাবত, পায়রা।

প্রাসিক, (প্রাস=কুন্ত+ষ্ণিক) ষ্য, পুং, প্রাস অস্ত্রধারী, প্রাসপ্রহারী।

প্রাস্ত, (প্র+অস্=ক্ষেপণকরা+ক্ত) ণ, ত্রি, প্রক্ষিপ্ত, নিরস্ত, পাতিত, অস্ত। [প্রস্থানকালোচিত।

প্রাস্থানিক, (প্রস্থান+ষ্ণিক) ণ,ত্রি,

প্রাস্থিক, ষ্য, ত্রি, তৈলাদি পাকপাত্র, কটাহ, খুলি।

প্রাহঃ, স্থ,পুং, নৃত্যবিষয়ক উপদেশ

প্রাহ্ণ, (প্র=পূর্ব্ব+অহ [অহন্]= দিন, কর্ম্মধা) স্থ,পুং, পূর্ব্বাহ্ণ, দিনের প্রথমভাগ।

প্রাহ্ণে, (প্রাহ্ণ+ই—সপ্তমীর এক বচন) ষ্য, প্রভাতে, প্রাতঃকালে প্রত্যূষে।

প্রিয়, (প্রী=তুষ্টকরা+ক—ক) বা, পুং, ভর্তা, মৃগবিশেষ, ঋদ্ধিনামৌষধ। ণ, ত্রি, স্নেহপাত্র, প্রীতিভাজন, রম্য, হৃদ্য।

প্রিয়ক, (প্রিয়+ক) বা, পুং, মৃদু উচ্চ মসৃণ ও ঘন লোমবিশিষ্ট মৃগ, প্রিয়ঙ্গুবৃক্ষ, ভ্রমর, কুঙ্কুম, কদম্ব বৃক্ষ, ধারাকদম্ব, অশনবৃক্ষ।

প্রিয়ঙ্কর, (প্রিয়+কৃ=করা+খ) ণ, ত্রি, প্রিয়কারক। রী,স্ত্রী, বৃহজ্জীবন্তী বৃক্ষ, শ্বেত কণ্টকারী, অশ্বগন্ধা বৃক্ষ, প্রিয়কারিণী স্ত্রী।

প্রিয়ঙ্গু, (প্রিয়+অন্‌গ=গমনকরা+উ—সংজ্ঞার্থে) বা, স্ত্রী, স্বনামখ্যাত সুগন্ধি লতাবিশেষ, শ্যামলতা, কলিনী লতা, পিপুল।

প্রিয়তর, প্রিয়তম, (প্রিয়+তর, তম—অতিশয়ার্থে) ণ, ত্রি, অধিক প্রিয়, স্ব, পুং, ময়ূরশিখাবৃক্ষ।

প্রিয়তা, (প্রিয়+তা—ভাবে) বা, স্ত্রী, স্নেহ, হৃদ্যতা।

প্রিয়তোষণ, স্ব, ন, রতিবন্ধবিশেষ।

প্রিয়দর্শন, (প্রিয়+দর্শন; ৬.হ) ণ, ত্রি, যাহাকে দেখিতে অত্যন্ত সুন্দর, সুদৃশ্য, দর্শনীয়। স্ব, পুং, শুকপক্ষী, ক্ষীরিকাবৃক্ষ। [বাদ।

প্রিয়প্রায়, স্ব, ন, প্রিয়বাক্য, চাটু-

প্রিয়ভাষণ, (প্রিয়+ভাষণ=কথন) বা, ন, প্রিয় কথা বলা, প্রিয়ালাপন।

প্রিয়ভাষী, (প্রিয়+ভ বিন্—যে বলে) ণ, ত্রি, যে প্রিয় কথা কহে, মনোজ্ঞ বক্তা। [পুং, বলরাম।

প্রিয়মধু, (প্রিয়+মধু—মদ্য; ৬.হ) স্ব,

প্রিয়ম্বদ, (প্রিয়+বদ্‌=বলা+খ) ণ, ত্রি, প্রিয়ভাষী। স্ব.পুং, গন্ধর্ব্ববিশেষ, খেচর। দা—স্ত্রী, প্রিয়ভাষিণী, শকুন্তলার সখী।

প্রিয়বাদী, (প্রিয়+বদ্‌—বলা+ণিন—ষ, শীলার্থে) ণ, ত্রি, যে প্রিয় কথা বলে, প্রিয়ভাষী। [জ্যেষ্ঠ পুত্র।

প্রিয়ব্রত, বা, পুং, স্বায়ম্ভুব মনুর

প্রিয়সখ, (প্রিয়+সখি=বন্ধু+অ) স্ব, পুং, প্রিয়বন্ধু, খদির বৃক্ষ, খয়েরের গাছ।

প্রিয়সংদেশ, (প্রিয়+সন্দেশ=সংবাদ) স্ব, পুং, সুসংবাদ, চম্পকবৃক্ষ।

প্রিয়সালক, স্ব, পুং, অশনবৃক্ষ, পিয়াসাল গাছ।

প্রিয়া, (প্রি=তুষ্টকরা+ক—ষ, আপ্‌—স্ত্রীলিঙ্গে) স্ব, স্ত্রী, নারী, ভার্য্যা, এলা, মল্লিকা, মদিরা, বার্ত্তা।

প্রিয়াম্বু, স্ব, পুং, আম্রবৃক্ষ, আম্র। স্ব, ন, স্নিগ্ধ জল, আম্র ফল।

প্রিয়াল, (পৃ=প্রীতকরা+কলন্‌, ঋ—রি, ক—যোগে প্রিয়ালক শব্দও হয়। ই—দীর্ঘে প্রীয়ালও হয়। অথবা প্রিয়+অল্‌=ভূষিতকরা+অল) স্ব, পুং, পিয়াল বৃক্ষ। লা—স্ত্রী, দ্রাক্ষা।

প্রীণ, (প্রী=তুষ্টহওয়া+ক্ত; নিপাতন) ণ, ত্রি, পুরাতন, প্রীত, সন্তুষ্ট।

প্রীণন, (প্রী=তুষ্টকরা+অনট্—ভাব) স্ব, ন, তর্পণ, তৃপ্তিকরণ, প্রীতিজনন।

প্রীণস, স্ব, পুং, গণ্ডার, খড়্গী।

প্রীত, (প্রী=তুষ্টহওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, তৃপ্ত, হৃষ্ট, সন্তুষ্ট, আহ্লাদিত। ন, হর্ষ, আনন্দ, আহ্লাদ।

প্রীতি, (প্রী+তুষ্টহওয়া+ক্তি—ভাব) স্ব, স্ত্রী, তৃপ্তি, হর্ষ, সন্তোষ, প্রেম, অনুরাগ, প্রমোদ, বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত দ্বিতীয়যোগ, কন্দর্পপত্নী।

প্রীতিজুষা, (প্রীতি=কন্দর্পপত্নী+জুষ=সেবাকরা+ক; আপ্‌) স্ব, স্ত্রী, অনিরুদ্ধপত্নী, ঊষা।

প্রীতিদ, (প্রীতি+দ [দা+ড]—যে দান করে) স্ব, পুং, বিদূষক, ভাঁড় ণ, ত্রি, যে প্রীতিদান করে, প্রীতিদাতা সুখদ।

প্রীতমান্,(প্রীতি+মতুপ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রীতিযুক্ত, প্রণয়ী, বৎসল।
প্রীয়মাণ, (প্রী—তুষ্টহওয়া+শান-চ) ণ, ত্রি, প্রীতাত্মা, তৃপ্যমান, সন্তুষ্ট, হৃষ্টচিত্ত। [ত্রি,দক্ষ,গোড়া,কল,সাম।
প্রুষ্ট, (প্রুষ্—দগ্ধকরা+ক্ত—চ) ণ,
প্রুষ, (প্রুষ্+ব—সংজ্ঞার্থে) ষ্ণ, পুং, গ্রীষ্ম, সূর্য্য, ঋতু। ষ্ণা,স্ত্রী, জলবিন্দু।
প্রেক্ষক, (প্র+ঈক্ষ্—দর্শনকরা+ণক) ণ, ত্রি, যে দেখে, দ্রষ্টা, দর্শী।
প্রেক্ষণ, (প্র+ঈক্ষ্—দর্শনকরা+অনট—ধ, ভাব) ষ্ণ, ন, চক্ষুঃ, দর্শন, অবলোকন।
প্রেক্ষণকূট, ষ্ণ, পুং, চক্ষুর্গোলক।
প্রেক্ষণিক, (প্রেক্ষণ—দেখা+ষ্ণিক) ণ, ত্রি, প্রেক্ষক, ঈক্ষণকারী, দর্শক। কা—স্ত্রী, প্রিয়দর্শনা স্ত্রী, মনোহারিণী নারী। [ণ,ত্রি, দ্রষ্টব্য,দর্শনীয়।
প্রেক্ষণীয়, (প্র+ঈক্ষ্+অনীয—চ)
প্রেক্ষা, (প্র+ঈক্ষ+অল, আপ্) ষ্ণ, স্ত্রী, বুদ্ধি, প্রজ্ঞা, দর্শন, ঈক্ষণ, দৃষ্টি, নৃত্য বা নৃত্য দর্শন, শাখা, পর্য্যালোচনা।
প্রেক্ষাগৃহ, (প্রেক্ষা—দর্শন+গৃহ) ষ্ণ, ন, দর্শনগৃহ, দর্শনার্থ উপর্য্যুপরি রচিত কাষ্ঠাসনবিশেষ, গ্যালারি।
প্রেক্ষাবান্,(প্রেক্ষা+মতুপ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বুদ্ধিমান্, বিবেচক।
প্রেক্ষিত, (প্র+ঈক্ষ্—দর্শনকরা+ক্ত-চ) ণ, ত্রি, অবলোকিত, আলোচিত।
প্রেঙ্খন, প্রেঙ্খোলন, (প্র+ইন্খ—গমনকরা+অনট—ভাব। প্রেঙ্খোল—চঞ্চল হওয়া+অনট—ভাব) ষ্ণ, ন, দোলন, চলন, আবর্ত্তন।
প্রেঙ্খা, (প্র+ইন্খ+ঘঞ—ধ, ভাব) ষ্ণ, স্ত্রী, দোলা, আন্দোলন, পর্য্যটন, চলন, প্রেঙ্খন, অশ্বগতি, গতি, গৃহবিশেষ, নৃত্য, নাচ।
প্রেঙ্খিত, প্রেঙ্খোলিত, (প্র+ইন্খ+ক্ত—চ। প্রেঙ্খোল-চঞ্চল হওয়া+ক্ত—চ) ণ, ত্রি, দোলিত, চলিত, কম্পিত, সংযুক্ত।
প্রেত, (প্র+ইত—গত) ষ্ণ, পুং, নরকস্থ প্রাণী, পিশাচ, শ্রাদ্ধাদির পূর্ব্বে মৃতব্যক্তির আত্মা। ণ, ত্রি, মৃত, উপরত। তা—স্ত্রী, বৈতরণী নদী।
প্রেতকর্ম্ম, প্রেতকার্য্য, প্রেতকৃত্য, (প্রেত+কর্ম্ম,কার্য্য,কৃত্য—ক্রিয়া,৬-ষ) ষ্ণ, ন, মৃতের কার্য্য, ঔর্দ্ধদেহিকাদি ক্রিয়া, অন্ত্যেষ্টিক্রিয়া, মৃতব্যক্তির দাহ হইতে আরম্ভ করিয়া সপিণ্ডীকরণ পর্য্যন্ত কার্য্য।
প্রেতগৃহ, প্রেতবন, (প্রেত+গৃহ, বন, ৬-ষ) ষ্য, ন, শ্মশান, শবদাহ স্থান।
প্রেততর্পণ, (প্রেত+তর্পণ—প্রীণন) ষ্য, ন, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত প্রেতশব্দ উল্লেখ পূর্ব্বক জলদান।
প্রেতনদী, (প্রেত+নদী, ৬-ষ) ষ্য, স্ত্রী, বৈতরণী নদী।
প্রেতনির্হারক, (প্রেত+নি+হৃ—গ্রহণ করা+ণক) ষ্য, পুং, শববাহক, জ্ঞাতি।
প্রেতপক্ষ, (প্রেত+পক্ষ—মাসার্দ্ধ) ষ্য, পুং, গৌণচান্দ্রাশ্বিন কৃষ্ণপক্ষ।
প্রেতপটহ,(প্রেত—মৃত+পটহ—ঢাক) ষ্য, পুং, মৃত্যুকালে বাদনীয় বাদ্যবিশেষ। [রাজ, ৬ষ) ষ্য, পুং, যম।
প্রেতপতি,প্রেতরাজ, (প্রেত+পতি,
প্রেতপিণ্ড ষ্য,পুং, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত মৃত ব্যক্তির উদ্দেশে প্রদত্ত পিণ্ড।
প্রেতপুর, ষ্য, ন, যমালয়।
প্রেতরাক্ষসী, ষ্য, স্ত্রী, তুলসী বৃক্ষ।
প্রেতবাহিত,(প্রেত—পিশাচ+বাহিত—প্রাপিত, ৩য) ণ, ত্রি, ভূতাবিষ্ট, যাহাকে ভূতে পাইয়াছে।
প্রেতশিলা, ষ্য, স্ত্রী, পিণ্ডদানার্থ গয়াস্থিত প্রস্তরবিশেষ।

প্রেতশৌচ, ব্য, ন, মৃতব্যক্তির সংস্কারাদি। [ব্য, ন, পিণ্ড।
প্রেতান্ন,(প্রেত+অন্ন=আহার্য্যপদার্থ)
প্রেত্য, (প্র+ই=গমনকরা+ক্যপ) ব্য, লোকান্তরে, অমুত্র, পরকালে।
প্রেপ্সু, (প্রেপ্স [প্র+আপ্=পাওয়া +সন্—ইচ্ছার্থে]=পাইতে ইচ্ছাকরা+উ—ষ)ণ,ত্রি, পাইতে অভিলাষুক।
প্রেম, (প্রিয়+ইমন্—ভাবে; প্রিয় =প্র) ব্য,পুং—ন,অনুরাগ, সৌহৃদ্য, প্রণয়, প্রীতি, স্নেহ, নর্ম্ম, পরিহাস। পুং, ইন্দ্র, বায়ু।
প্রেমপাতন, (প্রেম=প্রণয়+পাতন) ব্য,ন,রোদন,অশ্রুবিসর্জ্জন,নেত্রজল।
প্রেমী, (প্রেমন্+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, প্রণয়ী, অনুরক্ত, স্নেহবিশিষ্ট।
প্রেয়ান, (প্রিয়+ঈয়স্—অতিশয়ার্থে) ণ, ত্রি,প্রিয়তম। যসী-স্ত্রী, প্রিয়তমা, প্রিয়া। ব্য,পুং, পতি, কান্ত, বল্লভ।
প্রেরণ, প্রেষণ, (প্র+ঈর্=প্রেরণকরা, ইষ্=ইচ্ছাকরা, প্রেরণকরা+ অনট—ভাব) ব্য, ন, ণা—স্ত্রী, পাঠান, আজ্ঞাকরণ, নিয়োগ, আদেশ, প্রবৃত্তির উদ্দীপন।
প্রেরিত, প্রেষিত, (প্র+ঈর, ইষ+ ক্ত—চ) ণ, ত্রি, প্রহিত, আজ্ঞপ্ত, আদিষ্ট, নিয়োজিত, বিসর্জ্জিত, যাহাকে পাঠান হইয়াছে।
প্রের্ব্ব, (প্র+ঈর=গমনকরা+বন্— সংজ্ঞার্থে, ৎ—আগম) ব্য, পুং, সমুদ্র। র্ব্বী—স্ত্রী, নদী।
প্রেষ, প্রৈষ, (প্র+ইষ্=গমনকরা, প্রেরণকরা+অল) ব্য, পুং, প্রেরণ, পীড়া, ক্লেশ।
প্রেষ্ঠ, (প্রিয+ইষ্ঠ—অতিশয়ার্থে) ণ, ত্রি, প্রিয়তম, অতিশয় স্নেহপাত্র। ষ্ঠা—স্ত্রী, প্রিয়তমা, জন্মা।
প্রেষ্য, প্রৈষ্য, (প্র+ইষ্=গমনকরা, প্রেরণকরা+য—ক) ব্য, পুং, দাস, ভৃত্য, দূত। ণ, ত্রি, প্রেরণীয়। ষ্যা, স্ত্রী, দাসী, জন্মা।
প্রোক্ত, (প্র=প্রকর্ষ+উক্ত=কথিত) ণ, ত্রি, প্রকৃষ্টরূপে কথিত,উল্লিখিত, উদাহৃত। ব্য, ন, কথন।
প্রোক্ষণ, (প্র+উক্ষ=সেচনকরা+ অনট—ভাব) ব্য, ন, শুদ্ধির জন্য জল প্রক্ষেপণ, যজ্ঞার্থ পশুহনন, হত্যা, বধ, সেচন, জলসেচন।
প্রোক্ষিত, (প্র+উক্ষ+ক্ত—চ) ণ, ত্রি, নিহত, অভিষিক্ত, সিক্ত, যজ্ঞাদিতে হত, যজ্ঞে সংস্কৃত, যজ্ঞার্থে মন্ত্রপূত মাংসাদি।
প্রোজ্জাসন, (প্র+উৎ+জাসি=বধকরা+অনট—ভাব) ব্য, ন, হত্যা, বধ, মারণ।
প্রোজ্ঝিত, (প্র+উদ্ঝ=ত্যাগকরা+ ক্ত—চ) ণ, ত্রি, পরিত্যক্ত, উৎসৃষ্ট, বর্জ্জিত।
প্রোঞ্ছন, (প্র+উন্ছ=খুঁটিয়া লওয়া+ অনট—ভাব)ব্য,ন,মার্জ্জন, পোঁছন, মোছা, প্রবর্জ্জন। [দান।
প্রোথ, ব্য, পুং, নিষ্ঠীবন পাত্র, পিক্-
প্রোত, (প্র+বে=সিলাইকরা+ক্ত— চ) ণ, ত্রি, খচিত, স্যূত, সেলাই করা, গুম্ফিত, গ্রথিত, বদ্ধ, একত্রিত, ভূগর্ভনিহিত, পোঁতা। ব্য,ন, বস্ত্র।
প্রোতোৎসাদন, (প্রোত=বস্ত্র+ উৎ=উপরি+সাদন=গৃহ) ব্য, ন, আতপত্র, ছত্র।
প্রোৎফুল্ল, (প্র+উৎ+ফুল্ল্=বিকসিত হওয়া+অল্—ষ) ন, ত্রি, বিকসিত, প্রস্ফুটিত।
প্রোৎসাহ, (প্র=অধিক+উৎসাহ)ব্য, পুং, সাতিশয় যত্ন, প্রযত্ন, অধ্যবসায়, উত্তেজন।
প্রোৎসাহিত, (প্রোৎসাহ+ইত—

আত্মার্থে) ণ, ত্রি, উত্তেজিত, উৎসাহযুক্ত, প্রবর্ত্তিত, প্রেরিত।

প্রোথ, (প্র=গমনকরা+থন্) ষ্য, পুং—ন, অশ্বনাসিকার অগ্র। পুং, কটিদেশ, শাড়ী, স্ত্রীগর্ভ, গর্ত্ত, অশ্বমুখ, ভ্রূণ, গর্ভস্থ শিশু। ণ, ত্রি, প্রোথিত, স্থাপিত, পথিস্থিত।

প্রোথিত, (প্রোথ্=পর্য্যাপ্ত হওয়া+ক্ত) ণ, ত্রি, গর্ত্তনিহিত, পোঁতা, নিখাত

প্রোষ, (প্রুষ্ বা প্র+উষ্=দগ্ধকরা+ঘঞ্) ষ্য, পুং, সন্তাপ, ক্লেশ, দুঃখ, দহন।

প্রোষিত, (প্র+বস্=প্রবাসকরা+ক্ত—ম) ণ, ত্রি, বিদেশস্থ, প্রবাসগত, নিবৃত্ত, অপগত।

প্রোষিতভর্ত্তৃকা, (প্রোষিত+ভর্ত্তা=স্বামী; ৬.হ) ষ্য, স্ত্রী, যে নায়িকার স্বামী বিদেশস্থ, প্রোষিতপতিকা।

প্রোষ্ঠ, ষ্য, পুং, প্রোষ্ঠীমৎস্য, পুঁটীমাছ, বলীবর্দ্দ।

প্রোষ্ঠপদ, (প্রোষ্ঠপদী=প্রোষ্ঠপদা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+ষ্ণ—তদ্যুক্তকালার্থে) ষ্য, পুং, ভাদ্রমাস। (প্রোষ্ঠ=গো+পদ=পা ; যাহার গোরুর ন্যায় পা ; ৬.হ) দা—স্ত্রী, পূর্ব্ব ভাদ্রপদা নক্ষত্র। দী—স্ত্রী, ভাদ্রমাসের পৌর্ণমাসী।

প্রোষ্ঠী, প্র+উষ্=দাহকরা+ঠ—সং-, জ্ঞার্থে) ষ্য, স্ত্রী, যাহা অধিক পরিমাণে ভক্ষণ করিলে বুক জ্বালা করে, শফরী, পুঁঠিমাছ।

প্রোহ, (প্র+বহ্=বহনকরা বা উহ্=তর্ককরা+অল্) ষ্য, পুং, হস্তীর চরণ, হস্তীর পাদগ্রন্থি, পর্ব্ব, তর্ক। ণ, ত্রি, পটু, দক্ষ, নিপুণ, চতুর।

প্রৌঢ়, (প্র+বহ্=বহনকরা, প্রবৃদ্ধ হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, প্রবৃদ্ধ, প্রগল্ভ, প্রবীণ, প্রচুর, বিবাহিত, বয়ঃপ্রাপ্ত, দক্ষ, নিপুণ, অঙ্গীকৃত, বাদগ্রস্ত, যৌবনের পর বার্দ্ধক্যের পূর্ব্বাবস্থা, যুবা। ঢ়া—স্ত্রী, ৩০ অবধি ৫৫ বৎসর পর্য্যন্ত বয়স্কা নায়িকা, গৃহিণী।

প্রৌঢ়পদ, ণ, ত্রি, আসনোপরি পাদতলদ্বয় সংযোজন পূর্ব্বক উপবেশনকারী।

প্রৌঢ়ি, (প্র+বহ্+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, সামর্থ্য, ঔৎসুক্য, উৎসাহ, অধ্যবসায়, উদ্যম, উদ্যোগ, প্রগল্ভতা, অভিযোগ।

প্রৌঢ়িবাদ, ষ্য, পুং, বাদানুবাদ।

প্রৌষ্ঠপদ, (প্রোষ্ঠপদা+ষ্ণ) ষ্য, পুং, ভাদ্রমাস। দী—স্ত্রী, ভাদ্রমাসের পূর্ণিমা তিথি।

প্লক্ষ, (প্লুষ্=দাহকরা+স; উ—অ) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, অশ্বত্থবৃক্ষ, পাকুড়গাছ। ষ্য, স্ত্রী, সপ্তদ্বীপের অন্তর্গত একটী দ্বীপ, খিড়্কী দ্বার, পকটী, কন্দরালবৃক্ষ।

প্লব, (প্লু=লাফিয়া লাফিয়া যাওয়া, জলে ভাসিয়া যাওয়া + অল্—ভাব,ম) ষ্য, লাফিয়া লাফিয়া চলন, সন্তরণ, প্রেরণ, শত্রু, ভেলা, ভেক, মেষ, কপি, জলকুক্কুটাদি পক্ষী, কুলক, চণ্ডাল, মাছধরা পলো, প্লক্ষ, প্রতিগতি, শব্দ।

প্লবক, (প্লব+ক) ষ্য, পুং, নর্ত্তক, চাণ্ডাল, ভেক, প্লক্ষ।

প্লবগ, প্লবঙ্গ, প্লবঙ্গম, (প্লব=লম্ফন+গ, গম=যে গমন করে) ষ্য, পুং, বানর, ভেক, হরিণ, সূর্য্যের সারথি।

প্লবগতি, (প্লব=লম্ফন+গতি=গমন) ষ্য, পুং, ভেক, যে লাফিয়া লাফিয়া চলে, মণ্ডুক, ব্যাঙ।

প্লবন, (প্লু+অনট্—ভাব) ষ্য, ন, লম্ফন, সন্তরণ, অবগাহন, জলপ্লাবন।

প্লবমান, (প্লু+শান) ণ, ত্রি, ভাসমান, ভাসিয়া পড়া।

প্লবাকা, ষ্য, স্ত্রী, নৌকা, ভেলা।

প্লাশিনা, স্ত্র, ত্রৈপ্যাবৎ ধাতুবিশেষ।

প্লাবন, (প্লু+ণিচ্‌+অনট—ভাব) স্ত্র, ন, অভিষেক, সেক, জলাদি তরল দ্রব্য দ্বারা ব্যাপ্তি, জলে ভাসিয়া যাওয়া, উথলিয়া যাওয়া।

প্লাবিত, (প্লু+ক্ত—চ) ণ, ত্রি, জলাদি দ্বারা ব্যাপ্ত, যাহা জলে মগ্ন হইয়াছে, যাহা জলে ভাসিয়া গিয়াছে, সিক্ত, পরিপ্লুত, জলময়।

প্লাবী, স্ত্র, পুং, পক্ষী।

প্লিহা, প্লীহা,—পুং, প্লীহা—স্ত্রী, (প্লিহ=গমনকরা, বৃদ্ধ হওয়া+ অন) স্ত্র, যে অন্তরে বৃদ্ধি পায়, পিলা, কুক্ষিবামপার্শ্বস্থমাংসখণ্ড, গুল্ম।

প্লীহারি, স্ত্র, পুং, অশ্বত্থ বৃক্ষ, প্লীহারোগনাশক, রোহড়া গাছ।

প্লুত, (প্লু+ক্ত—ভাব) স্ত্র, ন, লম্ফ, অশ্বের গতিবিশেষ, তির্যগ্‌গতি। পুং, তৃতীয় স্বর, ত্রিমাত্র বর্ণ।

প্লুষ্ট, (প্লুষ=দাহকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রুষ্ট, দগ্ধ, ঝল্‌সান।

প্লোষ, (প্লুষ+ঘঞ—ভাব) স্ত্র, পুং, দহন, পোড়ান।

প্সাত, (প্সা=ভক্ষণকরা+ক্ত—চ) ণ, ত্রি, ভক্ষিত, ভুক্ত। [ভক্ষণ, ভোজন।

প্সান, (প্সা+অনট—ভাব) স্ত্র, ন,

ফ

ফ, ব্যঞ্জনের দ্বাবিংশতিতমবর্ণ; ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ এই জন্য ইহাকে ওষ্ঠ্য বর্ণ বলে। (ফল্‌=ফলধরা+ড) স্ত্র, ন, রূক্ষ উক্তি, নিষ্ফলভাষণ, ফুৎকৃতি। পুং, ঝঞ্ঝাবাত, স্ফীতি, ফললাভ, যজ্ঞসাধনবিশেষ, সংজ্ঞাবিশেষ, (যথা হসের অন্ত) ব্যঞ্জন বর্ণ ও বর্ণাভাব। [ভিক্ষুক।

ফকীর, (যবনভাষা) স্ত্র, দরিদ্র, যবন

ফক্কিকা, (ফক্ক=কাঁকিদেওয়া+অক, আ) স্ত্র, স্ত্রী, পূর্ব্বপক্ষ, কূট প্রশ্ন, ফাঁকি, অসদ্ব্যবহার, ছলবাক্য, ফক্কিঃ, ধূর্ত্ততা, আশাতন। [অসদ্ব্যবহার।

ফক্কবাদি, (দেশজ) ণ, অসার, অল্প,

ফঞ্জিকা, স্ত্র, স্ত্রী, ব্রাহ্মণ যষ্টিকাবৃক্ষ, বামনহাটীগাছ, দেবতাড় বৃক্ষ, ক্ষুদ্রলতা।

ফঞ্জী, স্ত্র, স্ত্রী, ভার্গীলতা, ভারঙ্গিয়া।

ফট, (স্ফুট্‌=বিকসিত হওয়া, ভেদন করা+অল্‌, নিপাতন) স্ত্র, পুং, স্ত্রী, সর্পের ফণা, টা—স্ত্রী, দন্ত, ধূর্ত্ত, কিতব, প্রবঞ্চনা, শঠতা।

ফট্‌, (স্ফুট্‌=ভেদকরা+ক্বিপ্‌) অ, মন্ত্রাংশবিশেষ, অনুকরণশব্দ, অস্ত্রক্ষেপণশব্দ, যোগবিশেষ, অস্ত্রবীজ।

ফট্‌কিরী, (ফটিকারী শব্দজ) স্ত্র, বণিক্‌দ্রব্যবিশেষ, লবণবিশেষ। [বিশেষ।

ফড়িঙ্গা, স্ত্র, স্ত্রী, ঝিল্লিকা, পতঙ্গ-

ফণ, (ফণ্‌=গমনকরা+অল্‌) স্ত্র, পুং, ণা—স্ত্রী, সর্পের বিস্তৃত মস্তক।

ফণকর, ফণধর, ফণভৃৎ, ফণাকর, ফণাধর, ফণাভৃৎ, (ফণ, ফণা+কর=যে করে; ধর=যে ধরে; ভৃৎ=যে ধারণকরে; ২-য) স্ত্র, পুং, সর্প, ভুজঙ্গ।

ফণবান্‌, ফণাবান্‌, ফণী, (ফণ, ফণা+বতু, ইন্‌—অস্ত্যর্থে) স্ত্র, পুং, সর্প, ফণাধর, ভুজঙ্গ। [বা, পুং, সর্প।

ফণাভর, (ফণা+ভৃ=ধারণকরা+অচ)

ফণিখেল, স্ত্র, পুং, ভারত পক্ষী, ভারুই পাখী।

ফণিচক্র, স্ত্র, ন, বিবাহাদি কর্ম্মের শুভাশুভজ্ঞানার্থ সপ্তবিংশতি নক্ষত্র ঘটিত সর্পাকৃতি ত্রিনাড়িক চিহ্ন।

ফণিজ্ঝক, (ফণী—সর্প+উজ্ঝ=ত্যাগকরা+ণক; নিপাতন) স্ত্র, পুং, জামীর, লেবু, বোধ হয় ইহার গন্ধ পুষ্প ফণা সদৃশ বলিয়া ইহাকে ফণিজ্ঝক কহে; ক্ষুদ্রপত্র তুলসী, মরুবক

ফণিপ্রিয়, (ফণিন্‌=সর্প+প্রিয়) স্ত্র, পুং, বায়ু, অনিল।

কফিফেন, স্ত্র. পুং, অহিফেন, আফিং।
কণীন্দ্র, (ফণিন্—সর্প+ইন্দ্র—শ্রেষ্ঠ) স্ত্র, পুং, সর্পরাজ, অনন্তদেব।
ফণীশ্বর, (ফণিন্—সর্প+ঈশ্বর—স্বামী, ৬-ষ) স্ত্র, পুং, সর্পরাজ, অনন্তদেব।
ফতুর, (যবনভাষা) ণ, নির্ধন, দরিদ্র, নিঃস্ব, কপর্দকশূন্য।
ফণ্ড, (ফণ্—গমনকরা+ড—সংজ্ঞার্থে) স্ত্র, পুং, জঠর, উদর।
ফৎকারী, (ফং=অনুকরণ শব্দ+কারী—যে করে) স্ত্র, পুং, পক্ষী।
ফন্দী, (দেশজ) ছল, ছুতা, প্রবঞ্চনা।
ফরদশালা, (যবনভাষা) স্ত্র, মোকর্দ্দমার নিষ্পত্তিপত্র। [স্ত্র, ন, ফলক, ঢাল।
ফর, (ফল্—নিষ্পন্ন হওয়া+অল্, ল—র)
ফরসা, (দেশজ) ণ, নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কৃত, শেষ, নিষ্পন্ন।
ফল, (ফল্+অল্) স্ত্র, ন, বৃক্ষলতাদিজাত শস্য, উৎপন্নবস্তু, লাভ, নিষ্পত্তি, কার্য্যসিদ্ধি, ধন, প্রয়োজন, দান, স্বর্গাদি সুখ, জীবের কর্ম্মফলভোগ, সুখ, ফলক, তক্তা, পাটা, ঢাল, খড়্গাদির পাতা, মুষ্ক, বাণের অগ্রলৌহ, ফলা, ফাল, উত্তর, ত্রিফলা, পুং, কুটজবৃক্ষ।
ফলক, (ফল্=বিদীর্ণকরা+অক) স্ত্র, পুং—ন, চর্ম্ম, ঢাল, অস্ত্রের ফলা, নিতম্ব। পুং, অস্থিখণ্ড, কপালের অস্থি, তক্তা, পাটা, নাগকেশর।
ফলকপাণি, (ফলক+পাণি=হস্ত) স্ত্র, পুং, ফলকধারী, ঢালী, চর্ম্মী।
ফলকী, (ফলক+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ঢালী। স্ত্র, পুং, ফলুইমাছ।
ফলকোষক, স্ত্র, পুং, মুষ্ক, অণ্ডকোষ।
ফলগ্রাহী, (ফল+গ্রহ=গ্রহণ করা+ইন্—ষ) স্ত্র, পুং, বৃক্ষ। ণ, ত্রি, ফলগ্রহণকর্ত্তা।
ফলতঃ, (ফল+তস্) বা, ক্রিং—ণ, বস্তুতঃ, বাস্তবিক, অর্থতঃ, যথার্থতঃ।
ফলত্রয়, ফলত্রিক, (ফল+ত্রয়=তিন এবং ত্রিক=তিনগুণ) স্ত্র, ন, ত্রিফলা, শুঁঠ পিঁপুল মরীচ।
ফলদ, (ফল+দ=যে দান করে) স্ত্র, পুং, বৃক্ষ। ণ, ত্রি, ফলদাতা, প্রয়োজক।
ফলপাকান্তা, (ফল+পাক=পক্কতা+অন্ত=শেষ) স্ত্র, স্ত্রী, ফল পক্ক হইলেই যে সকল বৃক্ষ লতাদি মরিয়া যায়, ওষধি, ধান্য কদলী প্রভৃতি।
ফলপূর, (ফল+পূর=পরিপূর্ণকরা+অণ্) স্ত্র, পুং, বীজপূর, দাড়িম্ব, লেবু।
ফলপ্রদ, (ফল+প্রদ—যে দান করে) ণ, ত্রি, যে ফল দান করে।
ফলভূমি, (ফল—[কর্ম্মের] ফল+ভূমি=স্থান) স্ত্র, স্ত্রী, কর্ম্মের ফলভোগস্থান, স্বর্গ এবং নরক।
ফলবান্, ফলিত, ফলিন, ফলী, (ফল+বৎ—অস্ত্যর্থে, ফল++ইত, ইন) ণ, ত্রি, ফলযুক্ত; স্ত্র, পুং, ফলবানবৃক্ষ।
ফলবৃক্ষক, স্ত্র, পুং, কাঁঠাল গাছ।
ফলশালী, (ফল+শাল+ণিন্—ষ) ণ, ত্রি, ফলবিশিষ্ট।
ফলশ্রুতি, (ফল=কর্ম্মের ফল+শ্রুতি=শ্রবণ) ষ্য, স্ত্রী, কর্ম্মের ফল শ্রবণ, কর্ম্মে প্রবৃত্তি নিমিত্ত প্রলোভনজনক বাক্য। [রোট গাছ।
ফলস্নেহ, ষ্য, পুং, বৃক্ষবিশেষ, আখ-
ফলাদান, ফলাশন, (ফল+অদন, অশন=যে ভক্ষণ করে) ষ্য, পুং, শুকপক্ষী। ণ, ত্রি, ফলভক্ষক।
ফলান্ত, (ফল+অন্ত=শেষ) ষ্য, পুং, বংশ, বাঁশ।
ফলার, (ফলাহার শব্দজ) ষ্য, ফলাদি ভোজন, সুমিষ্ট খাদ্যভোজন।
ফলাহারী, ষ্য, স্ত্রী, কালীমূর্ত্তিবিশেষ।
ফলোদয়, (ফল+উদয়) ষ্য, পুং, ফলোৎপত্তি, লাভ, স্বর্গ, আনন্দ, হর্ষ, কর্ম্মবিপাক, প্রতিফল, প্রাপ্তি, কার্য্যসিদ্ধি।

ফলোপধায়ক, ফলোপধায়ী, (ফল+উপ+ধা=ধারণকরা+ণক, ণিন্—ষ) ণ, ত্রি, ফলজনক, ফলদ।

ফল্গু, (ফল্—ফলধারণকরা+গু) ব্য, স্ত্রী, গয়াস্থ নদীবিশেষ। পুং, অনর্থক বাক্য, লোহিতবর্ণ চূর্ণ, আবীর, ফাগ, বসন্ত ঋতু। ণ, ত্রি, তুচ্ছ, অসার, মনোহর, নিরর্থক।

ফল্গুন, ফাল্গুন, (ফল+উন,গ—আগম) ব্য, পুং, অর্জ্জুন। (ফল্গুনী=ফল্গুনী নক্ষত্রযুক্ত। পূর্ণিমা+ষ্ণ—তদ্যুক্তমাসার্থে) ফাল্গুন মাস। নী—স্ত্রী, নক্ষত্রবিশেষ। [ফাল্গুন মাস।

ফল্গুনাল, (ফল্গুন+অল=তুল্য) ব্য, পুং,

ফল্গূৎসব, (ফল্গু+উৎসব) ব্য, পুং, দোলযাত্রা, হোলাকা উৎসব, হোলি।

ফলকী, (ফলক+ইন্) ব্য, পুং, মৎস্যবিশেষ, ফলুইমাছ। [বাতাস।

ফলফল, ব্য, পুং, শূর্পবাত, কুলার

ফসল, (যবনভাষা) ব্য, শস্য।

ফস্কা, (দেশজ) ণ, শ্লথ, অসক্ত, ঢিলা, আল্গা, ব্যর্থ, নিরর্থক।

ফাও, (বৃদ্ধ্যর্থ স্ফায় ধাতুজ) ণ, পরিমাণের কিঞ্চিৎ অধিক, উপরি, অতিরিক্ত।

ফাঁক, (দেশজ) ব্য, ছিদ্র, অন্তর, বৃন্ত।

ফাঁদ, (দেশজ) ব্য, পক্ষ্যাদির ধারণ যন্ত্র, ফাঁশ, পাশ, জাল, কল।

ফাঁপা, (দেশজ) ণ, অসার, স্ফীত, ফুলা, অন্তঃশূন্য।

ফাঁসী, (দেশজ) ব্য, উদ্বন্ধন, ফাঁশ।

ফাঁকী, (ফক্কিকা শব্দজ) ব্য, প্রতারণা, চাতুরী, ছলনা, পূর্ব্বপক্ষ, উপায়।

ফাটন, (বিদারণার্থ স্ফুট্ ধাতুজ) ব্য, বিদারণ, ভাঙ্গন।

ফাণি, (স্ফায়্=বৃদ্ধিপাওয়া+ণি—সংজ্ঞার্থে, নিপাতন) ব্য, স্ত্রী, গুড়, করম্ভ, দধিশক্তু, দই-ছাতু।

ফাণিত, (ফাণি+গমনকরান+ক্ত—চ) ব্য, ন, গুড়বিকার, ঘনীভূত ইক্ষুরস, সারগুড়, খাঁড়, ফেণিবাতাসা।

ফাণ্ট, (ফণ্—অক্লেশে উৎপন্ন হওয়া+ক্ত, নিপাতন) ণ, ত্রি, অনায়াসকৃত। ব্য, ন, কাথবিশেষ, ক্কাথবিশেষ।

ফাতনা, ফাতা, (দেশজ) ব্য, ছিপের সূত্রলগ্ন সোলা, তরণ্ডিকা। [দেখ।

ফানস, (যবন ভাষা) ব্য, লাণ্ঠন,

ফাল, (ফল্=বিদীর্ণকরা+ঘঞ—ভ) ব্য, ন, যাহার দ্বারা ভূমি খনন করা যায়, ভূবিদারক লৌহ, লাঙ্গলের অগ্র লৌহ। (ফাল+অ—অস্ত্যর্থে) পুং, মহাদেব, বলদেব, বলরাম। (ফল+অ) ণ, ত্রি, তুলা নির্ম্মিত বস্ত্রাদি, কার্পাসবস্ত্র, নববিধ দিব্যান্তর্গত অষ্টম দিব্য।

ফাল্গুন, (ফল্গুন+অ) ব্য, পুং, অর্জ্জুন। নদীজবৃক্ষ, ফাল্গুন মাস। নী—স্ত্রী, ফাল্গুনমাসের পূর্ণিমা, পূর্ব্বফল্গুনী উত্তর ফল্গুনী নক্ষত্র।

ফাল্গুনানুজ, (ফাল্গুন+অনু—অনুযায়ী+জ=জাত) ব্য, পুং, বসন্তকাল, অর্জ্জুনের কনিষ্ঠ ভ্রাতা।

ফাল্গুনিক, (ফাল্গুন+ষ্ণিক) ব্য, পুং, ফাল্গুন মাস, তপস্যা।

ফিক, (দেশজ) পার্শ্ব, পাশ।

ফিকা, (দেশজ) পাণ্ডুবর্ণ, অনুজ্জ্বল।

ফিকির, (যবন ভাষা) ব্য, কল্পনা, চিন্তা।

ফিঙ্গক, (ফিঙ্গ=অনুকরণ শব্দ+ক [কৈ শব্দকরা+ড—ষ]=যে শব্দ করে) ব্য, পুং, ফিঙ্গাপাখী।

ফিঙ্গা, (ফিঙ্গক শব্দজ) ব্য, পক্ষিবিশেষ।

ফিচাল, (দেশজ) ণ, ধূর্ত্ত, শঠ।

ফিরঙ্গ, ব্য, পুং, যবনাধ্যাসিত দেশ, রোগবিশেষ।

ফিরঙ্গী, (ফিরঙ্গ+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, ফিরঙ্গ দেশোদ্ভব পুরুষ।

ফরণ, (দেশজ) ব্য, ঘুরণ, ভ্রমণ, ঘোরা, প্রত্যাবর্ত্তন।

ফরৎ, (দেশজ) পুনরাবৃত্ত, পাল্টা।

ফুট, (স্ফুট—বিকসিত হওয়া, ব্যক্ত-হওয়া, ভেদকরা+অল; নিপাতন) ণ, ত্রি, বিদীর্ণ, প্রস্ফুটিত। ব্য, পুং, সর্পের ফণা। [ব্যক্তকরণ।

ফুটন, (স্ফুট্ধাতুজ) ব্য, ছিদ্রকরণ,

ফুটি, (স্ফুটীশব্দজ) ব্য, পক্ব কাঁকুড়।

ফুৎ,ফূৎ,(স্ফুর্—স্ফূর্ত্তি পাওয়া+ক্বিপ; নিপাতন) ব্য, অনুকরণ শব্দ, তুচ্ছ ভাবণ, ফুঁ। [করে] ব্য,পুং, অগ্নি।

ফুৎকর, (ফুৎ=সিদ্ধকরণ+কর=যে

ফুৎকার,—পুং, ফুৎকৃতি,—স্ত্রী,(ফুৎ+কার, কৃতি—করণ) ব্য, পুং, ফুঁ দেওয়া, মুখ হইতে বায়ুত্যাগ, ফুস্‌ফুস্ শব্দ।

ফুপ্‌ফুস, (ফুৎ দেখ) ব্য, পুং, শরীরস্থ মাংসপেশীবিশেষ, হৃদয় নাভিকা-সংলগ্ন পদার্থবিশেষ, ফুস্‌ফুস্, কাপাসে। [সমাপন, চুক্তি করণ।

ফুরণ, (দেশজ) ব্য, শেষঃওন, কর্ম্ম-

ফুল, (ফুল্ল শব্দজ) ব্য, পুষ্প, কুসুম, মুকুল, কুঁড়ি। লা,—ণ, স্ফীত।

ফুল্‌কা, (.দশজ) ব্য, হৃদয়, মৎস্যদি-গের শ্বাসেন্দ্রিয়।

ফুলশয্যা, (ফুল=পুষ্পময়+শয্যা=বিছানা) ব্য, স্ত্রী, নববিবাহিতার শয়নার্থ পুষ্পরচিত শয্যা, পুষ্পতল্প।

ফুল্ল, (ফুল্ল=বিকসিত হওয়া+ক্ত; নিপাতন) ণ, ত্রি, বিকসিত, প্রস্ফুটিত। (ফুল্ল—বিকসিত হওয়া+অল) ব্য, ন, পুষ্প, ফুল। [বিশেষ।

ফুলদাম, (ফুলদামন্) ব্য, ন, ছন্দো-

ফুল্লকাল, ব্য, পুং, কুলার বাতাস।

ফুল্লরীক, ব্য,পুং, দেশ, সর্প, ভুজঙ্গ।

ফুস্‌ফুস্, ব্য, ফুলকা, কাপাসে।

ফেন,(স্ফায়=বৃদ্ধিপাওয়া+ন; নিপাতন) ব্য, পুং, তরল দ্রব্যোপরি উত্থিত বুদ্বুদাকার বস্তু, ফেণা,গাঁজলা।

ফেনিকা, ফেনী (ফেন+ইক, ঈ) ব্য, স্ত্রী, মিষ্টান্ন দ্রব্যবিশেষ, বাতাসা।

ফেনিল, (ফেন+ইল—অস্ত্যর্থে) ণ, ত্রি, ফেনবিশিষ্ট.সফেন। ন, কোলী ফল। পুং, অরিষ্টক বৃক্ষ।

ফের, ফেরণ্ড, ফেরু, (ফে=অনুকরণ শব্দ+রু=শব্দকরা+অ, অণ্ড, ক্বিপ—ঘ) ব্য, পুং, যে "ফে ফে" এই শব্দ করে, শৃগাল, শিয়াল।

ফেরব, (ফে=অনুকরণশব্দ+রু=শব্দকরা+অল্-ঘ) ব্য, পুং, যে "ফেফে" এই শব্দ করে, শৃগাল, জম্বুক, রাক্ষস। ণ,ত্রি, ধূর্ত্ত, হিংস্র।

ফেল,—ন, ফেলক,—পুং, ফেলা, ফেলিকা, ফেলি, ফেলী,—স্ত্রী, (ফেল্=গমন করা, ত্যাগকরা+অল্, ণক, আপ্, ইক, ঈ) ব্য, উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট, এঁটো, ত্যক্ত।

ফৈজৎ, (যাবনিক) ব্য, অপমান,লজ্জা, কলঙ্ক, তিরস্কার।

ফোটা, (দেশজ) ব্য, তিলক, টীকা।

ফোড়া, (স্ফোটক শব্দজ) ব্য, ব্রণ-বিশেষ।

ফোস্কা, (দেশজ) ব্য, অগ্নিদাহ জন্য ক্ষত, জলপূর্ণ স্ফীত চর্ম্ম।

ফোজ, (যবনভাষা) ব্য,সেনা, সৈন্য।

ফৌত, (যবন ভাষা) ব্য, মৃত্যু, মরণ।

ব

ব, ব্যঞ্জনের ত্রয়োবিংশ বর্ণ; ইহার উচ্চারণ ওষ্ঠ হইতে হয় এই জন্য ইহাকে ওষ্ঠ্যবর্ণ বলে। (বল্=শব্দ-করা+ড) ব্য, পুং, বরুণ,কুম্ভ, সিন্ধু তোয়, গমন, বন্ধন, বপন, তন্তু-সন্তান, যোনি। [বধূ।

বউ, বৌ, (বধূশব্দজ) ব্য, ভার্য্যা, পুত্র-

বংহিষ্ঠ, বংহীয়ান্, (বহুল+ইষ্ঠ ঈয়স্—অতিশয়ার্থে)ণ,ত্রি,অতিবহুল,ভূরিষ্ঠ,

ভূরি।
বড়বা, (বল=শক্তি+বা=গমনকরা+ড, আপ্; ল=ড) ব্য, স্ত্রী, ঘোটকী, কুম্ভদাসী, দ্বিজযোষিৎ, অশ্বিনী-নক্ষত্র, অশ্বমুখী, সমুদ্রস্থা দেবীবিশেষ, স্বর্বৈদ্যদ্বয়ের মাতা, দাসী।
বড়বাকৃত, ব্য, পুং, পঞ্চদশদাসান্ত-র্গত দাস বিশেষ।
বড়বাগ্নি, (বড়বা=ঘোটকী+অগ্নি) ব্য, পুং, সমুদ্রের জলমধ্যগত অগ্নি, বড়বানল।
বড়বানল, (বড়বা=ঘোটকী+অনল=অগ্নি) ব্য, পুং, জলমধ্যস্থ অগ্নি, সমুদ্রস্থ ঘোটকীর মুখাগ্নি; ভৃগুনন্দন ঔর্ব্বের ক্রোধাগ্নি, ঘোটকের মস্তক-রূপে পরিণত হইয়া সমুদ্রজল পান করিয়াছিল, এই জন্য তাহাকে বড়-বানল কহে।
বড়বামুখ, (বড়বা=ঘোটকী+মুখ=প্রধান) ব্য, পুং, বড়বানল।
বড়বাসুত, (বড়বা=অশ্বিনী+সুত=পুত্র) ব্য, পুং, দ্বি, অশ্বিনীকুমারদ্বয়।
বণিক, (পণ্=ক্রয়বিক্রয়করা+ইজ্; প=ব]) ব্য, পুং, ক্রয়বিক্রয়কারী, বণিক্, বেণে, করণবিশেষ, পণ্যাজীব, বৈশ্য।—স্ত্রী, বাণিজ্য।
বণিক্‌পথ, (বণিজ্+পথ=পথিন্ শব্দজ, ৬.-ষ বা ৭.হ) ব্য, পুং, আ-পণ, বাজার, বিপণি, হট্ট, বাণিজ্য।
বণিগ্বন্ধু, (বণিজ্=বাণিজ্যব্যবসায়ী+বন্ধু=মিত্র) ব্য, পুং, নীলীবৃক্ষ, নীলের গাছ।
বণিগ্বহ, (বণিজ্=বাণিজ্য ব্যবসায়ী+বহ্=যে বহন করে) ব্য, পুং, উষ্ট্র, উট।
বণিগ্‌ভাব, (বণিজ্=বাণিজ্য ব্যব-সায়ী+ভাব) ব্য, পুং, বণিগ্‌বৃত্তি, বাণিজ্য।
বণিজ্য, বাণিজ্য, (বণিজ্+ষ্য—ভাবে) ব্য, ন, ষ্যা—স্ত্রী, ক্রয়বিক্রয়।
বদর, (বদ্=স্থিরথাকা+অর) ব্য, পুং, রি, রিকা, রী—স্ত্রী, যে ছিন্ন হইলেও অক্ষুণ্ণ থাকে অর্থাৎ পুন-র্ব্বার নবীভূত হয়, কুলগাছ। ব্য, ন, কুল, কার্পাসফল, সেঁকুল। রী—স্ত্রী, কার্পাসী। পুং, কার্পাসবীজ, সর্ষপবৃক্ষ।
বদরিকাশ্রম, (বদরিকা=বদরী+আশ্রম: ৩-ষ), ব্য, পুং, বদরিকা দ্বারা আচ্ছাদিত আশ্রম, ব্যাসদেবের আশ্রম, তীর্থবিশেষ, নারায়ণাশ্রম, ইহা কাশ্মীরের অন্তর্গত শ্রীনগর নামক নগরে অলকনন্দানদীর পশ্চিম তীরে অবস্থিত।
বদরীশৈল, ব্য, পুং, হিমালয় পর্ব্বতৈক-দেশ, বদরিকাশ্রম।
বদ্ধ, (বন্ধ্=বন্ধনকরা+ক্ত—ট) ণ, ত্রি, বন্ধনযুক্ত, সংযত, বাঁধা, নিবদ্ধ, গ্রথিত, সংসক্ত, উৎপন্ন, সংযোজিত, বিহিত।
বদ্ধপরিকর, (বদ্ধ=বাঁধা+পরিকর=কোমরবন্ধ; ৩.হ) ণ, ত্রি, দৃঢ়ীকৃত-কটিবন্ধ, যে ব্যক্তি কঠিনরূপে কোমর বাঁধিয়াছে।
বদ্ধমুষ্টি, (বদ্ধ+মুষ্টি; ৩.হ) ণ, ত্রি, দৃঢ়মুষ্টি, কৃপণ।
বদ্ধমূল, ণ, ত্রি, দৃঢ়মূল, যাহার মূল উৎপাটনযোগ্য নহে, যাহা উপড়া-ইতে পারা যায় না।
বদ্ধশিখ, (বদ্ধ=বাঁধা+শিখা=চূড়া; ৩.হ) ব্য, পুং, শিশু। ণ, ত্রি, যে শিখা বন্ধন করিয়াছে, শিষ্য।
বদ্ধাঙ্গুলি, (বদ্ধ+অঙ্গুলি) ণ, ত্রি, কৃতাঞ্জলি, জোড়হাত।
বদ্বীপ, স্থ, নদীর মোহানাস্থিত ত্রাস্র-শূন্য বকারের আকৃতি বিশিষ্ট দ্বীপ। (Delta.)
বধ, (হন্=বধকরা+অল্—ভাব; হন

স্থানে বধ (আদেশ) ষ্য, পুং, বিনাশকরা, হনন, হত্যা, সংহার।

বধক, (হন্+ণক—ঘ) ণ, ত্রি, হত্যাকারী, যে বধ করে, হিংস্র।

বধত্র, (বধ্=হত্যাকরা+অত্র) ষ্য, ন, আয়ুধ, অস্ত্র।

বধস্থলী, (বধ=সংহার+স্থলী=স্থান, ৬-ষ) ষ্য, স্ত্রী, প্রাণবধস্থল, মশান।

বধাঙ্গক, (বধ=হত্যা+অঙ্গ=শরীর+ক) ষ্য, ন, বিষ, কারাগৃহ, বন্ধনালয়, জেল।

বধার্হ, (বধ+অর্হ=যোগ্য) ণ, ত্রি, বিনাশের উপযুক্ত, বধযোগ্য।

বধির, (বন্ধ=বন্ধনকরা+ইর) ণ, ত্রি, শ্রবণেন্দ্রিয়রহিত, কালা।

বধূ, (বন্ধ্=বন্ধনকরা; কিম্বা বহ্=বহনকরা+উ) ষ্য, স্ত্রী, যোষিৎ, নবোঢ়া, নূতনবিবাহিতা, ভার্য্যা, পুত্রবধূ, বৌ, স্নুষা।

বধূজন, (বধূ+জন=লোক, কর্ম্মধা) ষ্য, পুং, বধূ, বৌ, যুবতী স্ত্রী।

বধূটী, (বধূ+টী—অল্পার্থে) ষ্য, টী, টিকা—স্ত্রী, পুত্রভার্য্যা, ক্ষুদ্রবধূ, বালিকা বৌ।

বধোদর্ক, (বধ+উদর্ক=ভবিষ্যৎ ফল) ণ, ত্রি, মৃত্যুই যাহার চরম ও অবশ্যম্ভাবি ফল, বধজনক।

বধোদ্যত, (বধ=হনন+উদ্যত=উদ্যুক্ত) ণ, ত্রি, বধের নিমিত্ত উদ্যুক্ত, আততায়ী, শত্রুবৈধেষী।

বধ্য, (হন্=বধকরা+য—চ; হন্ স্থানে বধ আদেশ; অথবা বধ+ষ্য—অর্হার্থে) ণ, ত্রি, বধার্হ, বিনাশের উপযুক্ত।

বধ্যপাল, (বধ্য+পাল্=রক্ষা করা+অল্) ষ্য, পুং, কারাগৃহরক্ষক, জেলদারোগা।

বধ্যভূমি, (বধ্য+ভূমি=স্থান) ষ্য, স্ত্রী, বধস্থান, যে স্থানে সর্ব্বজনসমক্ষে কোন ব্যক্তির প্রাণদণ্ড করা হয়।

বধ্র, (বন্ধ=বন্ধন করা+র, ন—লোপ) ষ্য, ন, সীসক, সীসা। ত্রী—স্ত্রী, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।

বন্ধ, (বন্ধ্=বন্ধনকরা+অল্—চ; ধ, ভাব) ষ্য, পুং, গচ্ছিত দ্রব্য, উৎপত্তি, ধারা, গ্রহন, রোধ, যোগ, বন্ধন, বাঁধা, বোঁটা, বৃন্ত, গ্রন্থি, গাঁইট, দেহ, গৃহাদি বেষ্টন।

বন্ধক, (বন্ধ্+ণক—চ, ঘ) ষ্য, ন, ঋণার্থ স্থাপিত বস্তু, বাঁধা, বিনিময়, গচ্ছিত বস্তু, আধি। কী—স্ত্রী, যে পরপুরুষে মন বন্ধন করে, পুংশ্চলী, অসতী। [সৈন্য।

বন্ধতন্ত্র, ষ্য, ন, অক্ষৌহিণী, চতুরঙ্গ-

বন্ধন, (বন্ধ্+অনট—ভাব, ধ) ষ্য, ন, সংযমন, বাঁধন, রোধকরণ, অবরোধ, আটক, বধ, হিংসা, বাঁধ, বোঁটা, বৃন্ত, সায়ক, পুঙ্খ, বন্ধনসাধন রজ্জু, শৃঙ্খলাদি।

বন্ধনী, (বন্ধ+অন—ধ, ঈপ) ষ্য, স্ত্রী, ভেদাবরোধক সূত্রস্বরূপ ও স্থিতিস্থাপক পদার্থবিশেষ; তদ্দারা দেহস্থ অস্থি সকল পরস্পর সংশ্লিষ্ট থাকে, (Ligament.). যে চিহ্নের মধ্যভাগে অনেক গুলি রাশি স্থাপিত হইলেও তাহা এক রাশি বলিয়া বিবেচিত হয়,—{ } ( ) এই রূপ চিহ্ন,(Bracket.) রজ্জু, দাম, পটী।

বন্ধু, (বন্ধ্+উ) ষ্য,পুং, যে স্নেহ দ্বারা হৃদয়কে বন্ধন করে, সগোত্র, জ্ঞাতি, আত্মীয়, কুটুম্ব, স্বজন, ভ্রাতা, মিত্র, মাতুল পুত্র, পিতৃব্য পুত্র, মাতৃস্বসৃ পুত্র, বন্ধুক বৃক্ষ।

বন্ধুক, বন্ধূক, বন্ধুজীবক, (বন্ধ্+উক, ঊক; বন্ধু+জীব্=বাঁচা+অল্, ক—যোগ) ষ্য, পুং,স্বনাম প্রসিদ্ধ লোহিতবর্ণ ফুলের গাছ, বাঁধুলি ফুলের গাছ। ন, বাঁধুলি ফুল।

বন্ধুতা, (বন্ধু+তা—ভাবে,সমূহার্থে) স্ত্র, স্ত্রী, মিত্রতা, আত্মীয়তা, মিত্রসমূহ।

বন্ধুর, বন্ধুর, (বন্ধ্+উর, উর) ণ, ত্রি, রম্য, মনোহর, উন্নতানত, উচ্চনীচ, কালা, বধির, হানিজনক, নম্র, বিনীত। স্ত্র, পুং, বিহঙ্গ, হংস, বক, স্ত্রীচিহ্ন, তিলকক, বিড়ঙ্গ। ন, মুকুট। রা-স্ত্রী, অসতী, বেশ্যা, কুলটা। পুং, —বহুং, শক্র।

বন্ধুল, (বন্ধ্+উল) স্ত্র, পুং, অসতী-পুত্র, জারজসন্তান, বন্ধুকবৃক্ষ। ণ, ত্রি, সুন্দর, নম্র, বিনীত।

বন্ধূলি, (বন্ধ্+উলি) স্ত্র, পুং, বাঁধুলি ফুলের গাছ।

বন্ধ্য,(বন্ধ্=বন্ধনকরা+য—চ) ণ, ত্রি, বিফল, নিষ্ফল,বন্ধনযোগ্য, বন্ধনীয়।

বন্ধ্যা, (বন্ধ্য+আ) স্ত্র, স্ত্রী, যে স্ত্রীর সন্তান হয় না, বাঁঝা।

বভ্রু, (বন্ধ্+রু)স্ত্র, পুং, কুক্ষি, উদর।

বভ্রবী,(বভ্রু=শিব+ঈপ) স্ত্র, স্ত্রী, দুর্গা।

বভ্রু, (ভৃ=পালনকরা+উ) স্ত্র, পুং, অগ্নি, শিব, বিষ্ণু, নকুল, মুনিবিশেষ, বভ্রুবংশীয় ব্যক্তিবিশেষ, দেশবিশেষ, পিত্তাবরশাক। ণ, ত্রি, পিঙ্গলবর্ণ, বিপুল, বিশাল, বৃহৎ।

বম্ভর, (বম্ভ=অনুকরণ শব্দ+রা=করা উ+—ঘ) স্ত্র, পুং, মধুমক্ষিকা, ভ্রমর।

বম্ভরালী, (বম্ভ=অনুকরণ শব্দ+রা= করা+ল, ঈপ ; ভম্ভরালীও হয়) স্ত্র, স্ত্রী, মক্ষিকা।

বর্বট, (বর্ব্=গমনকরা+অট) স্ত্র, পুং, টী—স্ত্রী, কলাইবিশেষ, বর্বটী কলাই। টী—স্ত্রী, বেশ্যা, বারাঙ্গনা, পণ্যযোষা।

বর্বণা, (বর্ব্=গমনকরা+অন, অথবা বন্=অনুকরণ শব্দ+বন্=শব্দকরা+ অন্) স্ত্র, স্ত্রী. নীলমক্ষিকা।

বর্হ, (বর্হ্=বৃদ্ধি পাওয়া+অন্) স্ত্র,ন, ময়ূরপিচ্ছ। পুং—ন, পত্র। পুং, সঙ্গী, পরিবার।

বল, (বল্=বলিষ্ঠহওয়া+অন্) স্ত্র, ন, সৈন্য—মৌল, ভৃত্য, সুহৃদ, শ্রেণী, দ্বিষৎ, আটবিক এই ষড়্বিধ; স্থৌল্য, সামর্থ্য, শক্তি, দ্রবিণ, স্বর্ণ, শৌর্য্য, পরাক্রম, সার, রূপ, শুক্র, বপু, শরীর, পল্লব, রক্ত,ভার। পুং, কাক, বায়স, বলদেব, বরুণবৃক্ষ, দৈত্য-বিশেষ। ণ, ত্রি, বলযুক্ত, সবল। লা-স্ত্রী, অস্ত্রবিদ্যাবিশেষ,তারকানি-ধনকালে ভগবান্ বিশ্বামিত্র রামচ-ন্দ্রকে এই বিদ্যা প্রদান করিয়া-ছিলেন।

বলক্ষ, (বল=শক্তি+ক্ষৈ=ক্ষীণ হওয়া +ড) স্ত্র,পুং, শুভ্রবর্ণ। ণ, ত্রি, শ্বেত-বর্ণবিশিষ্ট।

বলজ, (বল=শক্তি+জ=উৎপন্ন) স্ত্র, পুং, ধান্যরাশি। ন, শস্য, ক্ষেত্র, পুরদ্বার, যুদ্ধ, সারাংশ। ণ,ত্রি, বল-জাত, সামর্থ্যসম্ভূত। জা-স্ত্রী, বার-যোষা, উত্তমা স্ত্রী, জুঁইফুল,পৃথিবী।

বলদেব, (বল+দেব=দেবতা, কর্ম্মধা) স্ত্র, পুং, কৃষ্ণের জ্যেষ্ঠ, বলরাম, বায়ু।

বলদ্বিট্, (বল=দৈত্যবিশেষ+দ্বিষ্= শত্রু) স্ত্র, পুং, ইন্দ্র।

বলনিসূদন, বলভিদ্, বলারাতি, (বল =দৈত্যবিশেষ+নিসূদন=যে বধকরে, ভিদ্=যে বিদীর্ণ করে, ২-ষ। অরাতি =শত্রু, ৬-ষ) স্ত্র, পুং, ইন্দ্র।

বলপ্রসূ, (বল=বলরাম+প্রসূ=জননী) স্ত্র, স্ত্রী, বলরামের মাতা, রোহিণী।

বলভদ্র, (বল=শক্তি+ভদ্র=শ্রেষ্ঠ, অথবা বল=বলবান্ হইয়াও+ভদ্র= সৌম্য) স্ত্র, পুং, বলরাম, অনন্ত, বলবান্ ব্যক্তি। দ্রা—স্ত্রী, কুমারী।

বলরাম,বলল, (বল=শক্তি+রম=ক্রীড়া করা+ঘঞ; বল=শক্তি+লা=যে দান) স্ত্র, পুং,বলদেব, কৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা।

বলবৎ, (বল+বতু) ণ, ত্রি, বলবিশিষ্ট।

ব্য, অতিশয়।

বলবান্, (বল+বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, শক্তিমান্, বলবিশিষ্ট, বীর্য্যবান্, মহাবল।

বলবিনাশন, (বল=দৈত্যবিশেষ+বিনাশন=যে বিনাশ করে, ২-ষ) ষ্য, পুং, ইন্দ্র।

বলবিন্যাস, ষ্য, পুং, ব্যূহরচনা, সৈন্যসন্নিবেশ, সৈন্যদিগকে শ্রেণীবদ্ধ করা।

বলশালী, (বল+শালিন্=বিশিষ্ট) ণ, ত্রি, বলবান্, বলিষ্ঠ।

বলসূদন, (বল=দৈত্যবিশেষ+সূদন=যে বধকরে, ২-ষ) ষ্য, পুং, ইন্দ্র।

বলস্থিতি, (বল=সৈন্য+স্থিতি) ষ্য, স্ত্রী, শিবির, ছাউনি, কটক।

বলহা, (বল=শক্তি+হন্=বধ করা+ক্বিপ) ষ্য, পুং, শ্লেষ্ম।

বলাকা, (বল=শক্তি+অক্=গমনকরা+অল, যে বলদ্বারা শূন্যমার্গে গমন করে, কিম্বা বল=আচ্ছাদনকরা+অক+আপ, গমন করিবার সময় যাহারা শ্রেণীবদ্ধ হইয়া আকাশমার্গ আচ্ছাদন করিয়া যায়) ষ্য, স্ত্রী, ক্ষুদ্র জাতীয় বকশ্রেণী।

বলাৎ, (বল=শক্তি+অৎ=গমনকরা+ক্বিপ) ব্য, বলপূর্ব্বক, হঠাৎ, অকস্মাৎ।

বলাৎকার, (বলাৎ+কার=করণ) ষ্য, পুং, জোরকরা, দণ্ডদান, প্রসভ, দৌরাত্ম্য, অত্যাচার, বলপূর্ব্বক স্ত্রীলোকের সতীত্বহরণ।

বলাৎকারাভিগম, ষ্য, পুং, বলাৎকার পূর্ব্বক স্ত্রীলোকের সতীত্ব বিনাশন।

বলানুজ, (বল=বলরাম+অনু=পশ্চাৎ+জ=যে জন্মে) ষ্য, পুং, কৃষ্ণ।

বলাশ, বলাস, (বল=শক্তি+অশ=নাশকরা+ঘঞ; ক—যোগে বলাশক ও হয়) ষ্য, পুং, শ্লেষ্মা।

বলাহক, (বল=শক্তি+অ=না+হা=ত্যাগকরা+ণক) ষ্য, পুং, মেঘ, মুস্তক, পর্ব্বত, দৈত্যবিশেষ, সর্পবিশেষ, দ্রাবাগর্ভোদ্ভব কদ্রুপুত্র।

বলি, (বল্=দানকরা, বধকরা+ই) ষ্য, পুং, রাজগ্রাহ্যভাগ, রাজস্ব, কর, উপহার, পূজার সামগ্রী, চামরদণ্ড, পঞ্চমহাযজ্ঞান্তর্গত ভূতযজ্ঞ, দৈত্যবিশেষ, বিরোচন পুত্র, বলিবৈশ্বনামক পঞ্চযজ্ঞান্তর্গত যজ্ঞবিশেষ, দেবোদ্দেশে ছেদনার্থ উপকল্পিত ছাগ মহিষাদি। লি, লী—স্ত্রী, জরা দ্বারা লুলিত অর্থাৎ বিশ্লথ গাত্রচর্ম্ম, জঠরাবয়ব, গৃহদারুবিশেষ, গুদাঙ্কুর, গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংসপিণ্ড। [বলিযুক্ত।

বলিত, (বলি=শ্লথচর্ম্ম+ইত) ণ, ত্রি,

বলিদান, ষ্য, ন, দেবোদ্দেশে যথাবিধি পূজোপহার দান, দুর্গাদি দেবতোদ্দেশে সঙ্কল্প পূর্ব্বক পশুঘাতন।

বলিধ্বংসী, (বলি=অসুররাজ+ধ্বংস্=যে বিনাশ করে, ২-ষ) ষ্য, পুং, বিষ্ণু, নারায়ণ।

বলিন, (বলি=জরাবিশ্লথচর্ম্ম+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বলিযুক্ত; জরালুলিত চর্ম্ম বিশিষ্ট।

বলিনন্দন, (বলি+নন্দন=পুত্র) ষ্য, পুং, বাণাসুর, বাণরাজা, বলির চারি পুত্র ছিল, তন্মধ্যে বাণা-সুরই কেবল বলিনন্দন শব্দে অভিহিত হইতেন।

বলিন্দম, (বলি=দৈত্যবিশেষ+দম্=দমনকরা+খ, ২-ষ) ষ্য, পুং, বলিধ্বংসী, বিষ্ণু। [৩-ষ) ষ্য, পুং, কাক, বায়স।

বলিপুষ্ট, (বলি=খাদ্যাংশ+পুষ্ট=তৃপ্ত,

বলিভ, (বলি=শ্লথচর্ম্ম+ভ—অস্ত্যর্থে) ণ, ত্রি, বলিযুক্ত, বলিন।

বলিভুক্, (বলি=খাদ্যাংশ+ভুজ্=যে ভোজন করে, ২-ষ) ষ্য, পুং, চটকিকা, চড়ুই পাখী, কাক, বায়স।

বলিমান্, (বলি=শ্লথচর্ম্ম+মতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, বলিবিশিষ্ট, বলিন,

জরাজন্য শ্লথ চর্ম্মযুক্ত।
বলিমন্দির, (বলি=দৈত্যবিশেষ+মন্দির=আলয়) স্ত্র, ন, পাতাল, অধোভুবন।
বলিমুখ, বলীমুখ, (বলি=শ্লথচর্ম্ম+মুখ; ৬.হ) স্ত্র, পুং, বানর, কপি।
বলিসদ্ম, (বলি=অসুররাজ+সদ্মন্=গৃহ, ৬-ষ) স্ত্র, ন, পাতাল, রসাতল, অধোভুবন।
বলিহা,(বলি=দৈত্যবিশেষ+হন্=যে বধ করে) স্ত্র, পুং, বলিধ্বংসী, বিষ্ণু।
বলিষ্ঠ, বলীয়ান্, (বলবৎ+ইষ্ঠ—অতিশয়ার্থে, বৎ—লোপ। বলবৎ+ঈয়স্—অতিশয়ার্থে, বৎ—লোপ) ণ, ত্রি, অতিশয় বলবান্; বায়ু, বিষ্ণু, গরুড়, হনুমান্, যম, মহাবরাহ, সরভ, সৎপ্রতিজ্ঞ, গজ, পৃথুরাজ, বলরাম, বালি, বলি, ভীম, সতী, শেষ এবং পুরাকৃত এই কয়েকটি মহাবলশালী। স্ত্র, পুং, উষ্ট্র, উট।
বলী, (বল+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বলবান্, অংশল, উপচিত। স্ত্র, পুং, বলরাম, উষ্ট্র, মহিষ, বৃষভ, শূকর, কফ, কুন্দবৃক্ষ, মাষ।
বলীক, (বল্=অবরণকরা+ঈক) স্ত্র, ন, পটলপ্রান্ত, ছাঁচ্, নীধ্র।
বলীবর্দ্দ, (বল=শক্তি+বর্দ্ধ=বর্দ্ধন; ল=লী, ধ=দ) স্ত্র, পুং,বৃষ, বলদ, ষাঁড়, দামড়া। [বলবান্।
বলূল, (বল+উল—অস্ত্যর্থে) ণ, ত্রি,
বল্য, (বল=শক্তি+য) স্ত্র, ন, প্রধান-ধাতু, শুক্র। পুং,বুদ্ধভিক্ষুক। ণ, ত্রি, বলকারক।
বহল, (বন্হ=বৃদ্ধিপাওয়া+অলন্) ণ, ত্রি, অনেক, অধিক, দৃঢ়, কঠিন। স্ত্র, পুং, পোত, নৌকা।
বহু, (বন্হ=বৃদ্ধিপাওয়া+উ) ণ, ত্রি, অনেক, অধিক, প্রচুর, তিন ও ততোধিক সংখ্যা।
বহুক, (বহু=অধিক+ক) স্ত্র, পুং, কর্কট, কাঁকড়া, জলখাতক, খননকারী, সূর্য্য।
বহুকণ্টক, স্ত্র, পুং, হিন্তালবৃক্ষ, হেন্তাল গাছ, ক্ষুদ্র গোক্ষুরীলতা।
বহুকন্দ, স্ত্র, পুং, শূরণ, ওল।
বহুকর, (বহু=অধিক+কৃ=করা+অল্) স্ত্র, পুং, মার্জ্জনকারী, ভূমিসম্মার্জ্জক, ফরাস, উষ্ট্র, বহুকার্য্যকর্ত্তা, যে অনেক কার্য্য করে, নিরলস, কর্ম্মশীল, কর্ম্মঠ। রী-স্ত্রী, সম্মার্জ্জনী, খেঙ্রা।
বহুক্ষম, (বহু=অধিক+ক্ষম্=সহ্যকরা+অণ্) স্ত্র, পুং, জৈনদিগের উপাস্য মুনিবিশেষ। ণ, ত্রি, সহিষ্ণু, সহনশীল, যে ক্লেশাদি সহ্য করিতে পারে। [কৃষ্ণজীরক।
বহুগন্ধা, স্ত্র, স্ত্রী, চম্পককলি, যূথিকা,
বহুগর্হ্যবাক্, (বহু—অধিক+গর্হ্য=দূষ্য+বাক্য) ণ, ত্রি, যে ব্যক্তি অনেক নিন্দনীয় বাক্য প্রয়োগ করে।
বহুজ্ঞ, (বহু+জ্ঞ=যে জানে, ২-ষ) ণ, ত্রি, বহুদর্শী, যাহার অনেক দেখা শুনা আছে।
বহুতঃ, (বহু=অধিক+তস্—সপ্তমী স্থানে) ব্য, বহুপ্রকারে, বিস্তরতঃ।
বহুতিথ, (বহু=অনেক+তিথট্) ণ, ত্রি, বহুসংখ্যক, অধিক পরিমাণ।
বহুতৃণ, (বহু+তৃণ) স্ত্র, ন, তৃণতুল্য, তৃণবৎ। ণ, ত্রি, তৃণবহুল প্রদেশ।
বহুত্র, (বহু+ত্র, সপ্তমী স্থানে) ব অনেকস্থানে, বহুস্থলে, অনেকধা, বহুধা।
বহুত্বক, বহুত্বক্, (বহু=অনেক+ত্বচ=বল্কল+ক, বহু+ত্বচ্=গাছের ছাল, যাহার ছালের অনেক স্তর আছে; ৬.হ) স্ত্র, পুং, ভূর্জ্জপত্রের গাছ।
বহুদর্শী, (বহু+দর্শিন্=যে দেখে, ২-ষ) ণ, ত্রি, বহুজ্ঞ, প্রাজ্ঞ, সমীক্ষ-

কারী, পরিণামদর্শী।
বহুদুগ্ধ, (বহু=অনেক+দুগ্ধ) স্ত, পুং, গোধূম, গম। গ্ধা—স্ত্রী, যে গাভী অনেক দুগ্ধ দেয়।
বহুধা, (বহু=অধিক+ধাচ্=প্রকারার্থে) ব্য, বহুপ্রকারে, বহুবার, বিবিধ।
বহুধার, (বহু=অনেক+ধারা=অস্ত্রাদির তীক্ষ্ণ প্রান্তভাগ; ৬.হ) স্ত, অশনি, বজ্র, কুলিশ।
বহুনাদ, (বহু=অধিক+নাদ=শব্দ) স্ত, পুং, শঙ্খ, শাঁখ।
বহুপটু, (বহু=অধিক+পটু=নিপুণ) ণ, ত্রি, ঈষদূন পটু, পটুকল্প, বহুকর্মদক্ষ।
বহুপত্র, (বহু=অনেক+পত্র=পাতা ইত্যাদি) স্ত, পুং, পলাণ্ডু। ন, অভ্রক ধাতু। ণ, ত্রি, অনেক পত্রযুক্ত।
বহুপত্রী, স্ত, স্ত্রী, ঘৃতকুমারী, তুলসী।
বহুপর্ণী, (বহু=অনেক+পর্ণ=পত্র) স্ত, স্ত্রী, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিমাছ। ণ, ত্রি, অনেক পত্রযুক্ত।
বহুপাদ, বহুপাদ, (বহু=অনেক+পাদ্, =পাদ) স্ত, পুং, বটবৃক্ষ, এই বৃক্ষের শাখা হইতে ঝুরি নামে, ঐ ঝুরিগুলি পুনরায় শিকড়রূপে পরিণত হয়।
বহুপ্রজ, (বহু=অধিক+প্রজা=সন্তান) স্ত, পুং, শূকর, মুঞ্জতৃণ। ণ, ত্রি, বহুপ্রজাবিশিষ্ট, যাহার অনেক পুত্র।
বহুপ্রদ, (বহু=অনেক+প্রদ=যে দান করে) ণ, ত্রি, বদান্য, অতিশয় দাতা, দানবীর।
বহুপ্রসূ, (বহু=অনেক+প্রসূ=যে সন্তান প্রসব করে) স্ত, স্ত্রী, যে স্ত্রী অনেক প্রসব করিয়াছে, কুমিলা।
বহুফল, (বহু=অধিক+ফল; ৬.হ) স্ত, পুং, কদম্বৃক্ষ। লী—স্ত্রী, আমলকী বৃক্ষ। ণ, ত্রি, বহুফলবিশিষ্ট, উর্ব্বর।
বহুভাষী, (বহু=অধিক+ভাষী=যে বলে) ণ, ত্রি, বাচাল, যে অনেক কথা বলে, বাবদূক।
বহুমঞ্জরী, স্ত, স্ত্রী, তুলসী।
বহুমত, (বহু+মন্=বোধকরা+ক্ত) ণ, ত্রি, অতিশয় আদৃত, সম্মানিত।
বহুমল, (বল=অধিক+মল=ময়লা) স্ত, পুং, সীসক, সীসা। ণ, ত্রি, অনেক মলযুক্ত।
বহুমান, (বহু+মান=আদর, সম্মান) স্ত, পুং, অতিশয় সম্মান, অতিশয় মর্য্যাদা। [বৃদ্ধির পীড়া।
বহুমূত্র, স্ত, ন, রোগবিশেষ, প্রস্রাব-
বহুমূর্দ্ধা, (বহু=অনেক+মূর্দ্ধন্=মস্তক) ণ, ত্রি, যাহার অনেক মস্তক। স্ত, পুং, বিষ্ণু, রাক্ষস শরীর, রাবণ।
বহুমূল, (বহু=অধিক+মূল; ৬.হ) স্ত, পুং, তৃণবিশেষ, ইকট তৃণ। ণ, ত্রি, বহুমূলবিশিষ্ট বৃক্ষলতাদি।
বহুমূল্য, (বহু=অধিক+মূল্য=দাম) ণ, ত্রি, মহার্ঘ, যাহার অনেক দাম।
বহুরূপ, (বহু=অনেক+রূপ=মূর্ত্তি) স্ত, পুং, সর্জ্জরস, ধূনা, শিব, বিষ্ণু, ব্রহ্মা, কামদেব, শরট, কৃকলাস, কেশ, বুদ্ধবিশেষ। ণ, ত্রি, নানারূপধারী। —পা, স্ত্রী, দুর্গা।—পী, ণ, ত্রি, নানা বেশধারী। [স্ত, পুং, ব্রহ্মা।
বহুরেতাঃ, (বহু=অধিক+রেতস্=শুক্র)
বহুরোমা, (বহু=অধিক+রোমন্=লোম) স্ত, পুং, মেষ, ভেড়া। ণ, ত্রি, অনেক লোমযুক্ত, লোমশ।
বহুল, (বহু+লা=দানকরা+ড) ণ, ত্রি, অনেক, অধিক, প্রচুর, কৃষ্ণবর্ণবিশিষ্ট। স্ত, পুং, অগ্নি, কৃষ্ণপক্ষ, কৃষ্ণবর্ণ। ন, আকাশ। লা—স্ত্রী, গাভী, এলালতা, নীলীবৃক্ষ।
বহুলীকৃত, (বহুল=অধিক+কৃত=করা-হইয়াছে+চ্বি; ল=লী) ণ, ত্রি, বিপুলীকৃত, বিস্তারিত, অপনীত তুষ, পূত।

বহুবচন, (বহু+বচন=কথন) স্তু, ন, যাহাদ্বারা অনেক বস্তু বুঝায়, অনেক বাক্য।

বহুবল, (বহু+বল=শক্তি; ৬.হ) স্তু, পুং, সিংহ। ণ, ত্রি, অতিশয় বলযুক্ত।

বহুবিধ, (বহু=নানা+বিধ=প্রকার) ণ, ত্রি, নানারূপ, বিবিধ।

বহুবীজ, (বহু=অনেক+বীজ) স্তু, ন, আতৃপ্য, গণ্ডগাত্র, আতাফল।

বহুব্রীহি, (বহু+ব্রীহি=শস্য) স্তু, পুং, সমাসবিশেষ, যে যে পদে সমাস করা যায় সেই সেই পদের অর্থ না বুঝাইয়া যাহাতে অন্য বস্তু বা ব্যক্তি বুঝায়। ণ, ত্রি, বহুধান্যবিশিষ্ট।

বহুশঃ, (বহু+শস্—বারার্থে) ক্রি-ণ, বা, বাহুল্যরূপে, বহুবার, অনেকশঃ।

বহুশত্রু, (বহু=অনেক+শত্রু=অরি, ৬.হ) স্তু, পুং, চটক, চড়ুই পাখী। ণ, ত্রি, অনেক শত্রুবিশিষ্ট।

বহুশল্য, স্তু, পুং, রক্তখদির।

বহুশল, স্তু, পুং, স্নুহী, সিজগাছ।

বহুশ্রুত, (বহু=অনেক+শ্রুত=যিনি অনেক বার বেদাদি শ্রবণ করিয়াছেন, ৬.হ) ণ, ত্রি, সুশিক্ষিত, সুপণ্ডিত, বেদাদি শাস্ত্রজ্ঞ।

বহুসন্ততি, (বহু=অধিক+সন্ততি=বিস্তার, সন্তান) স্তু, পুং, ব্রহ্মযষ্টি, বেউড বাঁশ, অনেক সন্তানবিশিষ্ট।

বহুসার, (বহু+সার=সারভাগ) স্তু, পুং, খদিরবৃক্ষ।

বহুসূ, (বহু=অনেক+সূ=প্রসব) স্তু, স্ত্রী, শূকরী, বহুপ্রসবা।

বহুসূতি, (বহু=অনেক+সূ=প্রসব করা+ক্তি—ভাব) স্তু, স্ত্রী, বহ্বপত্যা গো, বহুবৎসপ্রসবিনী গাভী।

বহুস্বন, বহুস্বর, (বহু+স্বন, স্বর=শব্দ ; ৬.হ) স্তু, পুং, পেচক, পাঁচা। ণ, ত্রি, বহুশব্দ বিশিষ্ট, অনেকশব্দ যুক্ত।

বহ্বপত্য, (বহু=অনেক+অপত্য=সন্তান ;৬.হ) স্তু, পুং, শূকর, মূষিক। ণ, ত্রি, বহুসন্তানযুক্ত।

বহ্বাশী, (বহু=অধিক+আশিন্=যে ভোজনকরে) ণ, ত্রি, বহুভোজনশীল, বহু আকাঙ্ক্ষাবিশিষ্ট, অতৃপ্ত।

বহ্বৃচ, (বহু=অনেক+ঋচ্=বেদমন্ত্র) ণ, ত্রি, বহুমন্ত্রযুক্ত।

বহ্বৃচ, (বহু=অনেক+ঋচ্=বেদমন্ত্র+ষ্ণ) স্তু, পুং, ঋগ্বেদ, ঋগ্বেদের চরণ। ন, সূক্ত, উত্তমবাক্য। ণ, ত্রি, ঋগ্বেদবেত্তা।

বহ্বৃচী, (বহু=অনেক+ঋচ্=বেদমন্ত্র+ষ্ণ, ঈপ্)স্তু, স্ত্রী, ঋগ্বেদবেত্তার ভার্য্যা।

বা, ব্য, উপমা, বিকল্পবোধকশব্দ, কিম্বা, অন্তঃস্থ "বা" দেখ।

বাডব, (বড়বা=ঘোটকী+ষ্ণ—বিদ্যমানার্থে) স্তু, বড়বামুখোদ্ভূত অগ্নি, সমুদ্রীয় অগ্নি, বাড়বানল, ব্রাহ্মণ। ন, বড়বাসমূহ,করণবিশেষ। পুং,—ন, পাতাল। ণ, ত্রি, বড়বাসম্বন্ধীয়।

বাডবাগ্নি, বাড়বানল, (বড়বাগ্নি, বডবানল+ষ্ণ—স্বার্থে, বিদ্যমানার্থে) স্তু, পুং, বডবানল, সমুদ্রীয় অগ্নি, নরকবিশেষ।

বাডবেয, (বড়বা=অশ্বমুখী সমুদ্রজা দেবী বিশেষ, অশ্বিনীকুমারের মাতা +ঢেয়—অপত্যার্থে) স্তু, পুং, দ্বি, অশ্বিনীকুমার। পুং, সমুদ্রীয় অগ্নি। ণ, ত্রি, বড়বাসম্বন্ধীয়।

বাডব্য, (বাড়ব=ব্রাহ্মণ+ষ্য—সমূহার্থে) স্তু, ন, ব্রাহ্মণসমূহ। (বড়বা+ষ্য—ইদমর্থে) ণ, ত্রি, বড়বাসম্বন্ধীয়।

বাণ, (বণ্=শব্দকরা, গমনকরা+ঘঞ্) স্ব, পুং, শর, তীর, অগ্নি, বলিরাজার জ্যেষ্ঠ পুত্র, বাণরাজা, শব্দ, কবিবিশেষ, গোস্তন। পুং, ণী—স্ত্রী, নীলঝিণ্টী বৃক্ষ। ন, নীলঝিণ্টী পুষ্প। ণি, ণী—স্ত্রী, সরস্বতী, বয়ন।

বাণগঙ্গা, স্ব, স্ত্রী, রাবণবাণনির্ভিন্ন সোমেশ্বরগিরিভব নদীবিশেষ।

বাণদণ্ড, স্ব, পুং, বাণদণ্ড, নরাজ, তন্তুবায়ের তন্ত্রস্থ বস্ত্র বয়নার্থ দণ্ডবিশেষ, বেমা, বেউ।

বাণবার, স্ব, পুং, বর্ম্ম, সাঁজোয়া।

বাণভট্ট, স্ব, পুং, কাদম্বরী গ্রন্থকর্ত্তা।

বাণলিঙ্গ, স্ব, পুং, নর্ম্মদানদীজাত শিবলিঙ্গবিশেষ।

বাণিজ, (বণিজ্+ষ্ণ) স্ব, পুং, বণিক্, ক্রয়বিক্রয়কারী, বাড়বানল।

বাণিজিক, (বণিজ্+ষ্ণিক) স্ব, পুং, বণিক্, ক্রয়বিক্রয়কারী, বাড়বানল, প্রতারক, শঠ, ধূর্ত্ত। ন, ক্রয়বিক্রয়।

বাণিজ্য, (বণিজ্+ষ্ণ্য—ভাবে) স্ব, ন, বণিক্‌বৃত্তি, ক্রয়বিক্রয়।

বাণিজ্যবায়ু, ঈশানকোণ ও অগ্নিকোণ হইতে যে বায়ু নিয়ত প্রবাহিত হয়। (Trade-wind.)

বাদর,(বদর=কার্পাস+ষ্ণ—কৃতার্থে) ণ, ত্রি, কার্পাসনির্ম্মিত বস্ত্রাদি। স্ব, পুং, কুলগাছ। ন, কুলফল, কার্পাসসূত্র। পুং, রা—স্ত্রী, কার্পাসবৃক্ষ, কাবাসগাছ।

বাদরায়ণ, (বাদর=তীর্থস্থান+অয়ন=গমন ; ৬.ই) স্ব, পুং, বেদব্যাস, ব্যাসদেব, বদরিকাশ্রমে নিত্যাবস্থিতি বশতঃ বেদব্যাস এইনামে অভিহিত হইয়া থাকেন।

বাদরায়ণি, (বাদরায়ণ+ষ্ণি—স্বার্থে, অপত্যার্থে) স্ব, পুং, ব্যাসদেব, শুকদেব।

বাধ, (বাধ্=পীড়নকরা, ব্যাঘাতকরা+ঘঞ্—ভাব) স্ব, পুং, প্রতিবন্ধ, ব্যাঘাত, বারণ, রোধ, উপদ্রব, পীড়া, কণ্টক, ন্যায়মতে সাধ্যাভাববৎপক্ষ। ণ, ত্রি, বাধক।

বাধক, (বাধ্+ণক—ষ) ণ, ত্রি, বাধাজনক, প্রতিবন্ধক, নিবারক, নিষেধক, বিরোধী। স্ব, পুং, স্ত্রীলোকের সন্তানজনন-প্রতিবন্ধক রোগবিশেষ।

বাধন, (বাধ্+অনট্—ভাব) স্ব,পুং, পীড়া, ক্লেশ,প্রতিবন্ধ, নিষেধ, উপদ্রব।

বাধা, (বাধ্+আ—ভাব) স্ব, স্ত্রী, ব্যথা, দুঃখ, ভয়, প্রতিবন্ধ, নিষেধ, উপদ্রব।

বাধিত, (বাধ্+ক্ত—চ) ণ, ত্রি, বাধাযুক্ত, পীড়িত, ব্যথিত,প্রতিবন্ধ, ব্যাহত, নিবারিত, নিরুদ্ধ, বশীভূত, অধীন, বশ।

বাধির্য্য,(বধির+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, শ্রবণশক্তিরাহিত্য, বধিরতা।

বাধূক্য, স্ব, ন, বিবাহ।

বাধ্ স্ব, পুং, নৌকার দাঁড়, বহিত্র।

বাধ্য, (বাধ্+য—চ) ণ, ত্রি, বারণযোগ্য, নিবার্য্য, নিষিদ্ধ, পীড়নীয়, বশীভূত, বিনয়ী।

বাধ্রীনস, ষ্য, পুং, খড়্গী, গণ্ডার।

বান্ধকিনেয়, (বন্ধকী=অসতী+ঢেয়—অপত্যার্থে, ন—আগম) ষ্য,পুং, অসতীপুত্র, জারজ সন্তান।

বান্ধব, (বন্ধু+ষ্ণ—স্বার্থে) ষ্য, পুং, বন্ধু, জ্ঞাতি, মিত্র, সুহৃদ্, আত্মীয় বন্ধু, স্বজন, ভ্রাতা। [স্ত্রী, দুর্গা।

বাভ্রবী, (বভ্রু=শিব+ষ্ণ, ঈপ) স্ব,

বার্ব্বটীর, (বর্ব্বটী=বেশ্যা+র—অপত্যার্থে) স্ব,পুং, অসতীপুত্র, জারজ, আম্রপল্লব, চূতাঙ্কুর, দস্তা, টিন্।

বাল, (বল্=বৃদ্ধিপাওয়া+ঘঞ্—ষ

স্ত, পুং, ১৬ বৎসর পর্য্যন্ত বয়স্ক, লাঙ্গুল, বালধি, কেশ, ঘোটকশিশু, ঘোড়ার বাচ্ছা, পঞ্চবর্ষীয় হস্তী, নারিকেল বৃক্ষ, মৎস্তবিশেষ। পুং, —ন, গন্ধদ্রব্যবিশেষ, বালা। ণ, ত্রি, অজ্ঞান, মূর্খ, নূতন, বালক। লা—স্ত্রী, যুবতী নারী, ষোড়শবর্ষীয়া কামিনী, মুক্তকুমারী, হ্রীবের, শৈবাল, অম্বষ্ঠা, নীলঝিণ্টী, একবর্ষবয়স্কা বৎসতরী। লা, লী-স্ত্রী, বলয়ভূষণ।

বালক, (বাল+ক) স্ত, পুং, শিশু, অজ্ঞ, ঘোটকপুচ্ছ, হস্তিবালধি, বলয়, বালা, অঙ্গুরীয়ক, আঙটী, লাঙ্গুল, গন্ধদ্রব্যবিশেষ। ন, অঙ্গুরীয়ক। লিকা—স্ত্রী, বালা, কঙ্কণ, বালুকা, কর্ণভূষণ, এলাচ।

বালকপ্রিয়া, স্ত, স্ত্রী, কদলী, রম্ভা।

বালকৃমি, (বাল—কেশ+কৃমি—কীট) স্ত, পুং, কেশকীট, উকুণ।

বালক্রীড়নক, স্ত, পুং, বালকের ক্রীড়াদ্রব্য, কপর্দ্দক, কড়ি।

বালখিল্য, বালিখিল্য, স্ত, পুং, বৃদ্ধাঙ্গুষ্ঠ পরিমাণ মুনিবিশেষ. ব্রহ্মার শরীরস্থ লোম হইতে ষষ্টি সহস্র বালখিল্য প্রাদুর্ভূত হয়েন।

বালগর্ভিণী, (বাল—শাবক+গর্ভিণী —গর্ভবতী) ষ্য, স্ত্রী, প্রথম গর্ভবতী গাভি, পলিক্লি।

বালগ্রহ, (বাল—বালক+গ্রহ) ষ্য, পুং, বালকের ক্লেশদায়ক গ্রহবিশেষ।

বালচর্য্য, (বাল—সন্তান+চর্য্য—আচরণ) ষ্য, পুং, কার্ত্তিকেয়। ন, বালকের চরিত্র। [বৃক্ষ।

বালতনয়, ষ্য, পুং, বালকপুত্র, খদির

বালতনক, ষ্য, পুং, খদির বৃক্ষ।

বালতন্ত্র, (বাল—শিশু+তন্ত্র—নিয়ম, কার্য্যপ্রণালী) ষ্য, ন, গর্ভিণীচর্য্যা, গর্ভিণীসেবা, কুমারভৃত্যা, বালচিকিৎসা। (Midwifery.)

বালধন, (বাল—বালক+ধন—সম্পত্তি, ৬-ষ) ষ্য, ন, নাবালকের ধন, অপ্রাপ্তবয়স্ক বালকের সম্পত্তি।

বালধি, (বাল—কেশ+ধা—ধারণকরা +কি) স্ত, পুং, কেশযুক্তলাঙ্গুল, পুচ্ছ, চামর।

বালপত্র, (বাল—ক্ষুদ্র+পত্র—পাতা; ৬-হ) ষ্য, পুং, খদির, খয়ের।

বালপাশ্যা, (বাল—কেশ+পাশ—বন্ধনী কিম্বা গোছা+য্য) ষ্য, স্ত্রী, স্ত্রীলোকদিগের ললাটভূষণ, সিঁতি, বালপাশস্থিত মণি।

বালপুষ্পী, (বাল—কেশ+পুষ্প—ফুল; ৬-হ) ষ্য, স্ত্রী, যে বৃক্ষের পুষ্প রমণীগণ কেশপাশে ধারণ করেন, যূথিকা, যুঁই ফুলের গাছ। [ভেদ।

বালভদ্রক, ষ্য, পুং, বিষবিশেষ, শা-

বালমূষিকা, (বাল—ক্ষুদ্র+মূষিক—ইন্দুর) ষ্য, স্ত্রী, ক্ষুদ্র মূষিক, নেঙটে ইঁদুর।

বালরাজ, (বাল—বালক+রাজ—যে দীপ্তি পায়) ষ্য, ন, বৈদুর্য্যমণি। পুং, বালকশ্রেষ্ঠ।

বালবৎস, (বাল—সন্তান+বৎস—প্রিয়) ষ্য, পুং, কপোত, পায়রা।

বালবায়জ, (বালবায়—দেশবিশেষ+জ—উৎপন্ন) ষ্য, ন, বৈদূর্য্যমণি।

বালসা, (দেশজ) বালকের অররোগ।

বালবাহ্য, (বাল—কেশ+বহ—পাওয়া, বহা+ঘঞ) ষ্য, পুং, বন্য ছাগল। ণ, ত্রি, বালকবহনীয়।

বালব্যজন, (বাল—কেশ+ব্যজন —পাখা) ষ্য, ন, চামর, প্রকীর্ণক, চমর প্রভৃতি পশুবিশেষের পুচ্ছে ইহা প্রস্তুত হয়।

বালব্রত, ষ্য, পুং, স্বনামপ্রসিদ্ধ বৌদ্ধ মুনি, মঞ্জু ঘোষ।

বালসূর্য্য, ষ্য, পুং, প্রাতঃকালীন সূর্য্য, বালার্ক। ণ, বৈদূর্য্যমণি।

বালহস্ত, (বাল=কেশ+হস্ত ; বালই হস্তস্বরূপ) ব্য, পুং, বালধি, লোমযুক্ত লাঙ্গুল, কেশগুচ্ছ।

বালার্ক, (বাল+অর্ক=সূর্য্য) ব্য, পুং, প্রাতঃকালীন সূর্য্য, নবোদিত সূর্য্য।

বালি, বালী, (বাল=কেশ+ই, ইন্) ব্য, পুং, ইন্দ্রপুত্র বানররাজবিশেষ, কিষ্কিন্ধ্যাধিপতি, প্রথিত আছে যে বালী জননীর কেশ হইতে উৎপন্ন হইয়াছিলেন।

বালিন, (বাল=কেশ+ইন) ব্য, পুং, ইন্দ্রপুত্র, বানররাজ। নী—স্ত্রী, অশ্বিনী নক্ষত্র।

বালিশ, (বাড়ি [বাড়্=বৃদ্ধি পাওয়া +ণিন্]=বৃদ্ধি+শো=নাশকরা + ড অথবা বলি+শী=শয়নকরা+ড) ণ, ত্রি, শিশু, মূর্খ, অজ্ঞান। ব্য,স্ত্রী, উপাধান।

বালিহন্তা, বালিহা, (বালি=বানররাজাবিশেষ+হন্, হন্=যে বধ করে, ২-য) ব্য, পুং, রামচন্দ্র, ওড়ুদেশান্তর্গত স্থানবিশেষ।

বালীশ, ব্য, পুং, মূত্রকৃচ্ছ্র রোগ।

বালুকা, (বল্=বৃদ্ধিপাওয়া+উণ্, ক—যোগ) ব্য, স্ত্রী, সিকতা, বালি, কর্পূর, শাখা, হস্তপদাদি, কর্কটী, ঘটিকাযন্ত্রবিশেষ।

বালুকাগড়, (বালুকা=বালি+গড়=ক্ষরিত হওয়া,গড়িয়া যাওয়া+অল) ব্য, পুং, মৎস্যবিশেষ, বেলেমাছ, গিরাক।

বালুকাত্মিকা, (বালুকা+আত্মন্=স্বরূপ+ক) ব্য, স্ত্রী, শর্করা, চিনি। ণ, ত্রি, বালুকাময়।

বালুকাপ্রভা, ব্য, স্ত্রী, নরকবিশেষ।

বালুকী, ব্য, স্ত্রী, কর্কটী, কাঁকুড়।

বালূক, ব্য, পুং, বিষবিশেষ।

বালেয়, (বাল+ঢেয়) ব্য, পুং, গর্দ্দভ, দৈত্যবিশেষ, অঙ্গারবল্লরী, চাণক্যমূলক,ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ,বারনহাটী। ণ, ত্রি, পূজার যোগ্য, মৃদু, কোমল। (বাল+ঢেয়) বালকের উপযুক্ত, বালকের মঙ্গলকর।

বালোপবীত, (বাল=বালক+উপবীত=যজ্ঞসূত্র, পৈতা) ব্য, ন, দ্বিজ বালকের যজ্ঞসূত্র, বালকের পরিধেয় বস্ত্র, পঞ্চাবট।

বাল্য, (বাল+ষ্য-ভাবে) ব্য, ন, শৈশব, বাল্যাবস্থা, ১৬ বর্ষ পর্য্যন্ত।

বাষ্প, বাস্প, (বাধ্=ব্যাঘাতকরা+প—সংজ্ঞার্থে; ধ=ষ; অন্ত্যঃস্থ বও হয়) ব্য, পুং, নেত্রজল, উষ্মা, স্বেদ, সূক্ষ্ম সূক্ষ্ম জলকণা, ধূম, কণ্ঠবারি, লোহ।

বাষ্পপোত, বাষ্পীয়পোত, বাষ্পীয়তরণী,বাষ্পীয়নৌকা,কলের জাহাজ। (Steam Ship, Steam boat.)

বাষ্পমানযন্ত্র, যে যন্ত্রে বায়ুস্থিত বাষ্পের পরিমাণ অবধারণ করা যায়। (Hygrometer.)

বাষ্পশকট, বাষ্পীয়রথ, কলের গাড়ি। (Steam Carriage.)

বাষ্পীয়যন্ত্র, যে যন্ত্র বাষ্প দ্বারা চালিত হয়। (Steam Engine)

বাহু, (বাধ্=ব্যাঘাতকরা+উঃ ধ স্থানে হ) ব্য, পুং, ভুজ, প্রবেষ্ট, কক্ষ হইতে অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব, ত্রিকোণ ক্ষেত্রের ভুজ।

বাহুক, (বাহু=ভুজ+ক, অথবা—কৃ=করা+ড) স্ত্র, পুং, কর্কোটক নাগ কর্ত্তৃক দষ্ট হইয়া রূপান্তর প্রাপ্ত সারথিবেশধারী নলরাজা, নৈষধ, কপি। ণ, ত্রি, দাস, অধীন, সেবক।

বাহুকুণ্ঠ, ণ, ত্রি, কুণ্ঠিত বাহুযুক্ত, রোগক, হুলো।

বাহুকুৎস, (বাহু=ভুজ+কুৎস=যে ক্লিষ্ট হয়) স্ত্র, পুং, পক্ষ, পাখা, গরুৎ।

বাহুজ, (বাহু=ভুজ+জন=যে জন্মে, ড—ব) ষ্য, পুং, ক্ষত্রিয়, ব্রহ্মার বাহু হইতে উৎপন্ন হইয়াছিল, স্বয়ং জাত তিল, শুকপক্ষী।

বাহুত্রাণ, (বাহু=ভুজ+ত্রাণ=রক্ষণ) ষ্য, ন, অস্ত্রাঘাতনিবারণার্থ বাহুবদ্ধ লৌহময় প্রাবরক, বাহুল।

বাহুদন্তী, (বাহু=ভুজ+দন্ত=দাঁত+ ইন্) ষ্য, পুং, ইন্দ্র।

বাহুদা, (বাহু=ভুজ+দা=দাতা) ষ্য, স্ত্রী, নদীবিশেষ, (Hydaspes) ইহা হিমালয় হইতে নিঃসৃত হইয়া সিন্ধুনদের সহিত মিলিত হইয়াছে, প্রসিদ্ধি আছে যে, লিখিত নামে এক মুনি এই নদীতে স্নান করিয়া ছিন্ন হস্ত পুনঃ প্রাপ্ত হন, এই জন্য ইহার নাম বাহুদা হইয়াছে। ণ,ত্রি, বাহুদাত্রী।

বাহুভূষা, (বাহু=ভুজ+ভূষা=ভূষণ) ষ্য, স্ত্রী, কেয়ূর, বাজু, হস্তালঙ্কার-মাত্র।

বাহুভেদী, ষ্য, পুং, বিষ্ণু।

বাহুমূল,(বাহু=ভুজ+মূল=অগ্রভাগ, ড-ব) ষ্য, ন, কক্ষ, দোর্মূল, বগল।

বাহুযুদ্ধ, (বাহু=ভুজ+যুদ্ধ=লড়াই) ষ্য, ন, মল্লযুদ্ধ, হাতাহাতি যুদ্ধ।

বাহুল, (বাহুলী=কৃত্তিকা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+ষ্ণ—তদ্‌যুক্ত মাসার্থে) ষ্য, পুং, কার্ত্তিকমাস। (বহুল=অগ্নি +ষ্ণ—স্বার্থে; ক—যোগে বাহুল-কও হয়) অগ্নি, অগ্নির অধিষ্ঠাত্রী দেবতা। (বাহু+ল=যে লয়) ন, বাহুত্রাণ। (বহুল=অনেক+অন্— ভাবে) বহুলত্ব।

বাহুলেয়, (বহুলা=কৃত্তিকা+ঢেয়—অপত্যার্থে) ষ্য, পুং, কার্ত্তিকেয়, ষড়ানন, ইনি কৃত্তিকাকর্তৃক প্রতি-পালিত হইয়াছিলেন।

বাহুল্য, (বহুল+ষ্য—ভাবে) ষ্য, ন, আধিক্য, প্রাচুর্য্য, আতিশয্য।

বাহুবার, ষ্য, পুং, বৃক্ষবিশেষ, শ্লেষ্মা-নাশক বৃক্ষ।

বাহুসহস্রভৃৎ, (বাহু=ভুজ+সহস্র= হাজার+ভৃৎ=যে ধারণ করে) ষ্য, পুং, কার্ত্তবীর্য্যার্জ্জুন, বাণরাজা।

বাহুবাহবি, (বাহু, দ্বিত্ব+ই) ব্য, বাহু-যুদ্ধ, হাতাহাতি, মল্লযুদ্ধ।

বিন্দু, (বিন্দ্=অবয়বীভূত হওয়া+ উ—সংজ্ঞার্থে) ষ্য, পুং, তরল দ্রব্যের কণা, ক্ষুদ্রচিহ্ন, অনুস্বার, ভ্রূমধ্য, জ্যামিতিতে যাহার অবস্থিতি আছে কিন্তু বিস্তৃতি নাই। (Point.)

বিভ্রৎ, (ভৃ=ধারণকরা+শতৃ-ব) ণ, ত্রি, ধারণকারী।

বীভৎস, (বীভৎসা [বধ্=নিন্দা-করা+সন্-স্বার্থে, বিভৎ=নিন্দা+অল্-অস্ত্যর্থে) ণ, ত্রি, ঘৃণাস্পদ, অত্যন্ত ঘৃণাকর, অতিশয় অবজ্ঞ, জুগুপ্সিত, ক্রূর, পাপিষ্ঠ। ষ্য, পুং, বিকৃত, শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত ষষ্ঠ রস, জুগুপ্সা যে রসের স্থায়িভাব, অর্জ্জুন।

বীভৎসু, ষ্য,পুং,অর্জ্জুন, পাণ্ডুরাজার তৃতীয় পুত্র, তিনি যুদ্ধক্ষেত্রে কদাপি কাহারও সহিত অন্যায় যুদ্ধে প্রবৃত্ত হন নাই, এই নিমিত্ত তাঁহার নাম বীভৎসু হইয়াছে।

বুক, (বুক্=শব্দকরা+অল্) ষ্য, ত্রি, বক্ষোভ্যন্তরস্থ মাংসবিশেষ, অগ্র-মাংস, বক্ষঃস্থল, বুক। পুং, ছাগ।

বুকন, (বুক্=কুক্কুরাদির ন্যায় শব্দ-করা+অনট্—ভাব) ষ্য, ন, কুক্কু-রাদির শব্দ।

বুকাগ্রমাংস, (বুক=বুক+অগ্র= প্রধান+মাংস) ষ্য, ন, বক্ষঃস্থল, হৃদয়।

বুকার, (বুক্=কুক্কুরাদির ন্যায় শব্দকরা+আর) ষ্য, পুং, সিংহের গর্জ্জন, সিংহধ্বনি, এ দেশের সিং-

হের গর্জ্জন প্রায় অনেকাংশে কুকুর-ধ্বনিতুল্য।

বুদ্ধ, (বুধ্=জানা+ক্ত) ষ্য, পুং, ভগবানের অবতারবিশেষ, দশ অবতার মধ্যে নবম অবতার, বৌদ্ধমত-প্রবর্ত্তক, পণ্ডিত, বিদ্বান্। ণ, ত্রি, বিদিত, জ্ঞাত, জাগরিত।

বুদ্ধি, (বুধ্=জানা+ক্তি) ষ্য, স্ত্রী, জ্ঞানশক্তি, বোধ, নিশ্চয়াত্মিকা অন্তঃকরণবৃত্তি, সবিকল্পকজ্ঞান, মহত্তত্ত্ব, অন্তঃকরণ।

বুদ্ধিজীবী, (বুদ্ধি+জীব্=বাঁচা+ণিন্—ষ) ণ, ত্রি, বুদ্ধিমান্, জ্ঞানী।

বুদ্ধিমত্তা, (বুদ্ধিমৎ+ত্বা) ষ্য, স্ত্রী, বুদ্ধিবিশিষ্টতা, জ্ঞান।

বুদ্ধিমান্, (বুদ্ধি+মতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, বুদ্ধিবিশিষ্ট, জ্ঞানী, বিখ্যাত, বিনীত,নম্র,শিক্ষণীয়। ষ্য,পুং,মনুষ্য।

বুদ্ধিবৃত্তি, ষ্য, স্ত্রী, বুদ্ধির ধর্ম্ম, জ্ঞান, কার্য্যভাবনাশক্তি, উপলব্ধি,অনুভব।

বুদ্ধিসহায়,(বুদ্ধি=জ্ঞান+সহায়=সহচর) ষ্য, পুং, মন্ত্রী, পরামর্শদাতা।

বুদ্ধীন্দ্রিয়, (বুদ্ধি+ইন্দ্রীয়, ৬-ষ) ষ্য, ন, জ্ঞানেন্দ্রিয়, মনঃ, চক্ষুঃ, শ্রোত্র, নাসিকা, জিহ্বা এবং ত্বক্।

বুদ্বুদ, (বুদ্=অনুকরণশব্দ+বুদ্=আলোচনাকরা+ক) ষ্য, পুং, বর্ত্তুলাকার জলবিকার, জলবিম্ব, জলের ভুড়্‌ভুড়ি।

বুধ, (বুধ্=জানা+ক—ষ) ষ্য, পুং, পণ্ডিত, বিদ্বান্, চন্দ্রের পুত্র, বুধগ্রহ, চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ।

বুধতাত, (বুধ=স্বনাম প্রসিদ্ধ চন্দ্রবংশীয় রাজা+তাত=পিতা, ৬-ষ) ষ্য, পুং, রাজা বুধের পিতা, চন্দ্র।

বুধরত্ন, (বুধ+রত্ন=মণি) ষ্য, ন, মরকতমণি। [সপ্তাহের চতুর্থ দিবস।

বুধবার, ষ্য, পুং, বুধগ্রহের বাসর,

বুধসুত, (বুধ=চন্দ্রের পুত্র+সুত=পুত্র) ষ্য, পুং, পুরুরবা রাজা।

বুধা, ষ্য, স্ত্রী,ঔষধিবিশেষ,জটামাংসী।

বুধান, (বুধ্=জানা+শান) ষ্য, পুং, গুরু, বিজ্ঞ, জ্ঞানীব্যক্তি, ব্রহ্মবাদী, কবি, প্রিয়বাদী।

বুধাষ্টমী, ষ্য, স্ত্রী, ব্রতবিশেষ, চৈত্র পৌষ এবং হরিশয়নভিন্ন সময়ে বুধবারযুক্তা শুক্লাষ্টমী। [জ্ঞাত, বুদ্ধ।

বুধিত, (বুধ্+ক্ত—চ) ণ, ত্রি, অবগত,

বুধিল, (বুধ্+ইল, ক—শীলার্থে) ণ, ত্রি, জ্ঞানী, বিদ্বান্, পণ্ডিত।

বুধ্ন, (বুধ্=বুঝা+ন—সংজ্ঞার্থে) ষ্য, পুং, বৃক্ষমূল, মহাদেব।

বুবুধান, (বুধ্=জানা+কান) ষ্য, পুং, আচার্য্য, দেবতা, পণ্ডিত।

বুভুক্ষা, (ভুজ্=ভোজনকরা+সন্—ইচ্ছার্থে, আপ্) ষ্য, স্ত্রী, ভোজনেচ্ছা, ক্ষুধা। [ণ, ত্রি, ক্ষুধিত।

বুভুক্ষিত, (বুভুক্ষা+ইত—জাতার্থে)

বুভুৎসা, (বুধ্=জানা+সন্—ইচ্ছার্থে, আপ্) ষ্য, স্ত্রী, জানিতে ইচ্ছা, জিজ্ঞাসা।

বুভূষা, (ভূ=হওয়া+সন্—ইচ্ছার্থে; আপ্—স্ত্রীলিঙ্গে) ষ্য, স্ত্রী, সম্ভবেচ্ছা, হইবার ইচ্ছা।

বুলি, (বুল্=ডুবিয়া ভাসিয়া উঠা+ই) ষ্য, স্ত্রী, ভগ, স্ত্রীচিহ্ন, যোনি।

বুষ, বুস, (বুস্=ত্যাগকরা+ক) ষ্য, ন, কড়ঙ্গর, কুঁড়া, ভুষি, তুচ্ছধান্য, আগড়া, ধন, অথ,শুষ্কগোময়, ঘুঁটে, ঘনাম্লদধি।

বুসা, (বুস+আপ—স্ত্রীলিঙ্গে)ষ্য, স্ত্রী, (নাট্যোক্তিতে) কনিষ্ঠাভগ্নী।

বুস্ত, (বুস্ত্=অনাদরকরা+অল্) ষ্য, ন, মাংসপিণ্ডক বিশেষ, স্থালীভূষ্ট মাংস, পনসাদিফলের অসার ভাগ, কাঁটালের ভোঁতা প্রভৃতি। [বক।

বেরুট, ষ্য,পুং,মৎস্যবিশেষ,যুবা, বিদু-

বোদ্ধা, (বুধ্=জানা+তৃন্—ঘ) ণ

জ্ঞি, জ্ঞাতা, যে জানে, বুদ্ধিমান্।
বোধ, (বুধ্=বুঝা+ঘঞ্—ভাব)ব্য, পুং, জ্ঞান, বুদ্ধি, জাগরণ, উপলব্ধি, অনুমান, প্রবোধন।
বোধক, (বোধি=জানান+ণক—ঘ) ণ, ত্রি, জ্ঞাপক, সূচক। ব্য, পুং, প্রণিধি, চর, শিক্ষক।
বোধকর, (বোধ=জানান+কর=যে করে)ব্য, পুং, নিশান্তে যে জাগরিত করাইয়া দেয়, স্তুতিপাঠক।
বোধন, (বুধ=বুঝা, বিজ্ঞাপন করা+অনট্—ভাব) ব্য, স্ত্রী, ন, জ্ঞান, জ্ঞাপন, জাগরণ, উদ্দীপন। ব্য, পুং, বুধগ্রহ। নী—স্ত্রী, কার্ত্তিকী শুক্লা একাদশী, উত্থানৈকাদশী, পিপ্পলী। ব্য,ন,ধুনাদি গন্ধদ্রব্য দাহন।
বোধনীয়, বোধ্য. (বুধ্=জানা+অনীয়, য-চ)ণ, জানিবার যোগ্য, জ্ঞেয়।
বোধপ্রবাহ, ব্য, যেশক্তিপ্রভাবে শ্রবণ, চিন্তা,ও দর্শনাদি কার্য্য করা যায়।
বোধি, (বুধ্=জানা+ইন্) ব্য, পুং, যজ্ঞডুম্বরবৃক্ষ, অশ্বত্থবৃক্ষ, সমাধিবিশেষ. বোধ,বুদ্ধি। ণ,ত্রি, জ্ঞাতা, বিদ্বান্।
বোধিত, (বোধি=জানান+ক্ত—চ) ণ,ত্রি,জ্ঞাপিত,জাগরিত, প্রকাশিত।
বোধিতরু, বোধিদ্রুম, (বোধি=জ্ঞান+তরু,দ্রুম=বৃক্ষ)ব্য,পুং,অশ্বত্থবৃক্ষ।
বোধিতব্য,(বোধি=জানান+তব্য চ) ণ, ত্রি,জ্ঞাপনার,জানাইবার যোগ্য।
বৌদ্ধ, (বুদ্ধ+ষ্ণ—ইদমর্থে) ব্য, পুং, বুদ্ধশাস্ত্রাবলম্বী, নাস্তিক। ন, বুদ্ধকৃত নিরীশ্বর শাস্ত্র। [বুধের পুত্র,পুরূরবা।
বৌধ, (বুধ+ষ্ণ-অপত্যার্থে) ব্য, পুং,
বৌধায়ন, ব্য, পুং, ঋষিবিশেষ।
ব্রততি,—তী,(প্র+তন=বিস্তৃত হওয়া+ক্তি ; প=ব) ব্য,স্ত্রী,লতা,বিস্তার।
ব্রধ্ন, (বন্ধ=বন্ধনকরা+ন—সংজ্ঞার্থে; বন্ধ্=ব্রধ্). ব্য, পুং, বৃক্ষমূল, শিকড়, অর্কবৃক্ষ, শিব, সূর্য্য, ব্রহ্মা, রোগবিশেষ, পুত্র, শরীর।
ব্রহ্ম, (বৃহ্=বৃদ্ধিকরা+মনিন্) ব্য, হ্মা—পুং, জগতের সৃষ্টিস্থিতিলয়-কারণ, বিধাতা, ব্রাহ্মণ, পুরোহিত-বিশেষ, যোগবিশেষ। ন, পরমেশ্বর, বেদ, বেদমন্ত্র, তপ,ব্রহ্মতেজঃ, তত্ত্ব।
ব্রহ্মকণ্ঠকা, (ব্রহ্মন্=ব্রহ্মা+কণ্ঠকা=কন্যা) ব্য, স্ত্রী, বাগ্দেবী, সরস্বতী।
ব্রহ্মকূর্চ্চ, ব্য, ন, ব্রতবিশেষ, দিবা-রাত্র উপবাসের পর পঞ্চগব্যভক্ষণ-রূপ ব্রত। [ধানি।
ব্রহ্মকোশী, ব্য. স্ত্রী, অজমোদা, খো-
ব্রহ্মঘ্নী, ব্য, স্ত্রী, ঘৃতকুমারী।
ব্রহ্মচর্য্য, (ব্রহ্ম=বেদ+চর্য্য=আচরণ) ব্য. ন, ব্রহ্মচারীর ধর্ম্ম, চতুরাশ্রমের প্রথমাশ্রম,বৈরাগ্য ব্রতবিশেষ
ব্রহ্মচারী, (ব্রহ্ম=বেদ+চর্=গমন করা+ণিন—ঘ) ব্য, পুং, প্রথমাশ্রমী,উপনয়নের পর যে ব্রাহ্মণতনয় গুরুগৃহে বাস করিয়া বেদাধ্যয়ন করে, বর্ণী, তপস্বী, বেদবিদ্। রিণী—স্ত্রী, ব্রহ্মচর্য্যব্রতচারিণী স্ত্রী,দুর্গা।
ব্রহ্মজন্ম,ব্য, ন,২য় সংস্কার, উপনয়ন।
ব্রহ্মজীবী, (ব্রহ্মন=বেদ+জীবিন্ যে বাঁচে, ৩-ষ) ব্য, পুং, অপবিত্র ব্রাহ্মণ, বেদজীবী।
ব্রহ্মজ্ঞ, (ব্রহ্মন্+জ্ঞ=যে জানে)ণ, ত্রি, বেদজ্ঞ,ব্রহ্মবেত্তা,তত্ত্বজ্ঞানী [বোধ।
ব্রহ্মজ্ঞান,ব্য,ন,আত্মতত্ত্ববোধ, একাত্ম-
ব্রহ্মণ্য, (ব্রহ্মন্+ষ্ণ্য—ইদমর্থে, ভাবে) ণ, ত্রি, ব্রহ্ম বা ব্রাহ্মণ-সম্বন্ধীয়। ব্য,ন,ব্রহ্মতেজঃ, ব্রহ্মত্ব। পুং, বিষ্ণু, ব্রহ্মদারু বৃক্ষ, তুঁতগাছ, শনিগ্রহ।
ব্রহ্ম-তীর্থ, ব্য, ন, পুষ্করমূল, অঙ্গুষ্ঠমূল-ভাগ, পুষ্কর তীর্থ।
ব্রহ্মত্ব, (ব্রহ্মন্+ত্ব—ভাবে) ব্য, ন, ব্রহ্মভাব, ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মপদ।
ব্রহ্মদণ্ড, (ব্রহ্ম=ব্রাহ্মণ+দণ্ড=যষ্টি) ব্য, পুং. ব্রাহ্মণের যষ্টি, ঋষিমুনির

সিদ্ধ বৰ্হি, ব্রাহ্মণের অভিশাপ।
ব্রহ্মদায়, ষ্য, পুং, বেদাধ্যয়নানন্তর প্রাপ্ত ব্রাহ্মণধন, বেদবিদ্যাদান।
ব্রহ্মদৈত্য, ষ্য, পুং, প্রেতযোনি প্রাপ্ত ব্রাহ্মণ, অনূঢ় ব্রাহ্মণের ভূত।
ব্রহ্মনাভ, (ব্রহ্মন্=ব্রহ্মা+নাভি; ৬-হ) ষ্য, পুং, যাঁহার নাভিতে ব্রহ্মা হই-য়াছেন, বিষ্ণু।
ব্রহ্মপুত্র, (ব্রহ্মন্=ব্রহ্মা+পুত্র) ষ্য, পুং, [illegible]বিশেষ, স্বনামখ্যাত নদ, তীর্থ-স্থান বিশেষ। ত্রী-স্ত্রী, সরস্বতীনদী, বাগ্‌দেবী, সরস্বতী, শূকরকন্দ।
ব্রহ্মবন্ধু, (ব্রহ্মন্=ব্রহ্মা+বন্ধু=মিত্র) ষ্য, পুং, কুৎসিত ব্রাহ্মণ,নিন্দিত ব্রাহ্মণ।
ব্রহ্মভূতি, ষ্য, স্ত্রী, সন্ধ্যাকাল।
ব্রহ্মভূয়, (ব্রহ্মন্+ভূয়=হওন, প্রাপণ, ৬-ষ) ষ্য, ন,ব্রহ্মসাযুজ্য,ঈশ্বর স্বরূপ।
ব্রহ্মযোনি, (ব্রহ্মন্+যোনি=উৎপত্তি-স্থান) ষ্য, পুং, পর্ব্বতবিশেষ, ব্রহ্ম-গিরি, কুরুক্ষেত্রে সরস্বতী নদী তীরে পৃথূদক নিকটস্থ তীর্থবিশেষ।[তালু।
ব্রহ্মরন্ধ্র, ষ্য,ন,মস্তকের মধ্যস্থান,ব্রহ্ম-
ব্রহ্মরাক্ষস, ষ্য, পুং, ভূতবিশেষ, ব্রহ্ম-দৈত্য, মহাদেবের গণবিশেষ।
ব্রহ্মরাত্রি, (ব্রহ্মন্+রা=দানকরা+ত্রি) ষ্য, পুং, যাজ্ঞবল্ক্য মুনি। (ব্রহ্মন্+রাত্রি) স্ত্রী,ব্রহ্মার নিশা, দেবতাদের দুইসহস্র যুগ।
ব্রহ্মর্ষি, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+ঋষি, কর্ম্মধা) ষ্য, পুং, বশিষ্ঠাদি মুনিগণ।
ব্রহ্মর্ষিদেশ, (ব্রহ্মর্ষি+দেশ, ৬-ষ) ষ্য, পুং, কুরুক্ষেত্র মৎস্য পঞ্চাল শূর-সেন—এই দেশ চতুষ্টয়।
ব্রহ্মলোক, (ব্রহ্ম+লোক=জগৎ) ষ্য, পুং,ব্রহ্মার ভুবন।[ব]ষ্য,ন,ব্রহ্মবাক্য।
ব্রহ্মবধ্য, (ব্রহ্মন্=ব্রহ্মা+বদ্=বলা+
ব্রহ্মবর্চ্চস, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+বর্চ্চস্=তেজঃ, ৬-ষ, অ)ষ্য, ন, ব্রাহ্মণের তপোঽনুষ্ঠান ও বেদাধ্যয়নজনিত সম্পত্তি, ব্রহ্মতেজঃ।
ব্রহ্মবর্ত্ত, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+বৃৎ=বিদ্য-মান থাকা, বাসকরা+অল্) ষ্য, পুং, ব্রহ্মাবর্ত্তদেশ।
ব্রহ্মবর্দ্ধন, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+বর্দ্ধন) ষ্য, ন, তাম্র, তাঁবা।
ব্রহ্মবাদী, (ব্রহ্মন্=পরমেশ্বর+বাদিন্=যে বলে, ২-ষ) ণ, ত্রি, বেদবক্তা, বেদান্তমতাবলম্বী,বেদাধ্যায়ী, ব্রহ্মো-পাসক,ব্রহ্মা। দিনী—স্ত্রী, বেদমাতা, গায়ত্রী, বেদান্তবিদ্যা।
ব্রহ্মবিদ্যা,—স্ত্রী,ব্রহ্মবেদ,—পুং,(ব্রহ্মন্=ব্রহ্ম+বিদ্যা=শাস্ত্র, বেদ=জ্ঞান) ষ্য, ব্রহ্মজ্ঞান,তত্ত্বজ্ঞান, বেদান্ত শাস্ত্র।
ব্রহ্মবিন্দু, (ব্রহ্ম=বেদ+বিন্দু=ফোঁটা) ষ্য, পুং, বেদপাঠকালে মুখনির্গত নিষ্ঠীবন বিন্দু।
ব্রহ্মবৃত্তি,(ব্রহ্মন্=ব্রাহ্মণ+বৃত্তি=জীবি-কা) ষ্য,স্ত্রী, ব্রাহ্মণের জীবনোপায়।
ব্রহ্মবেদি, (ব্রহ্মন্+বেদি= দেশ) ষ্য, স্ত্রী,কুরুক্ষেত্রের অন্তর্গত দেশবিশেষ
ব্রহ্মবৈবর্ত্ত, ষ্য, ন, অষ্টাদশ মহাপুরা-ণের অন্তর্গত দশম পুরাণ।
ব্রহ্মশাসন, (ব্রহ্মন্+শাসন=আজ্ঞা) ষ্য, পুং, ব্রহ্মার বিচারগৃহ, ধর্ম্ম-কীলক, ব্রহ্মার আজ্ঞা, নবদ্বীপের পূর্ব্বদক্ষিণ দিকস্থ জনপদ বিশেষ।
ব্রহ্মশিরঃ, ষ্য, ন, ব্রহ্মতেজোময় অস্ত্র-বিশেষ। [ন, ব্রহ্মযজ্ঞ, বেদাধ্যয়ন।
ব্রহ্মসত্র, (ব্রহ্মন্+ সত্র=যজ্ঞ) ষ্য,
ব্রহ্মসাযুজ্য, (ব্রহ্মন্=ঈশ্বর+সাযুজ্য [সযুজ্=যোগের সহিত+য—ভাবে] =যুক্তত্ব, ৬-ষ) ষ্য, ন, ব্রহ্মত্ব, ব্রহ্মভূয়,ব্রহ্মভাব, ঈশ্বরস্বরূপ।[মনু
ব্রহ্মসাবর্ণি, ষ্য, পুং, মনুবিশেষ, দশম
ব্রহ্মসার্ষ্টিতা, (ব্রহ্ম+সার্ষ্টিতা=তুল্যতা) ষ্য, স্ত্রী, ব্রহ্মের সহিত সাদৃশ্য।
ব্রহ্মসূ, (ব্রহ্মন্=ব্রহ্মা+সূ=পুত্র) ষ্য পুং, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, কামদেব।

ব্রহ্মসূত্র, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+সূত্র=সূতা, ৬-ষ) ব্য, ন, যজ্ঞোপবীত, পৈতা, সাবিত্রীসূত্র, শারীরিক সূত্র।

ব্রহ্মহা, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+হন্-বধকরা+কিপ্—ষ, ভূতকাল) ণ, ত্রি ব্রাহ্মণবিনাশকারী, ব্রহ্মহত্যাকারী।

ব্রহ্মহুত, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+হুত=অর্পিত) ব্য, ন, পঞ্চমহাযজ্ঞান্তর্গত যজ্ঞ বিশেষ, নৃযজ্ঞ, অতিথিপরিচর্য্যা।

ব্রহ্মাঞ্জলি, (ব্রহ্ম=বেদ+অঞ্জলি=করপুট) ব্য, পুং, সামবেদ পাঠকালীন স্বর বিভাগার্থ কৃত অঞ্জলি, অধ্যয়নের পূর্ব্বে ও পশ্চাতে প্রণবোচ্চারণ পূর্ব্বক গুরুর নিকট কৃতাঞ্জলি, গুরুসম্মান।

ব্রহ্মাণী, (ব্রহ্মন্+ঈপ্) ব্য, স্ত্রী, ব্রহ্মার পত্নী, মাতৃগণের প্রথমা, দুর্গা, শক্তি, দেবীবিশেষ, রেণুকা নামক গন্ধদ্রব্য, রাজরীতি।

ব্রহ্মাণ্ড, (ব্রহ্মন্=বিধাতা+অণ্ড=ডিম্ব;৬-ষ)ব্য, পুং, জগৎ, ব্রহ্মগোলক।

ব্রহ্মাভ্যাস, (ব্রহ্ম=বেদ+অভ্যাস=আলোচনা, ৬-ষ)ব্য, পুং, বেদপাঠ।

ব্রহ্মাম্বুঃ, (ব্রহ্ম=ব্রাহ্মণ+অম্বুস্=জল) ব্য, ন, গোমূত্র, গোরুর চোনা।

ব্রহ্মারণ্য, (ব্রহ্ম=বেদ+অরণ্য=বন) ব্য, ন, বেদাধ্যয়ন-ভূমি।

ব্রহ্মাবর্ত্ত, (ব্রহ্মন্=ব্রাহ্মণ+আবর্ত্ত=বাসস্থান) ব্য, পুং, দিল্লির উত্তর-পশ্চিমস্থ কুরুক্ষেত্রের সন্নিহিত এবং সরস্বতী ও দৃষদ্বতী এই উভয় নদীর অন্তর্ব্বর্ত্তী ভূভাগ।

ব্রহ্মাসন, (ব্রহ্মন্=ব্রহ্মা+আসন, ৬-ষ) ব্য, ন, ধ্যান বা যোগাসন।

ব্রহ্মাস্ত্র, ব্য, ন, ব্রহ্মস্বরূপ অস্ত্র।

ব্রহ্মিষ্ঠ, (ব্রহ্মন্=ঈশ্বর+স্থা+ড) ণ, ত্রি, ব্রহ্মজ্ঞানী, ব্রহ্মনিষ্ঠ। স্ত্রী, দুর্গা।

ব্রহ্মী, (বৃহ্—বৃদ্ধি পাওয়া+মন, ঈ) ব্য, স্ত্রী, পাঁকাল মাছ, শাকবিশেষ।

ব্রহ্মোত্তর, (ব্রহ্মন্+উত্তর) ণ, স্ত্রী, ব্রাহ্মণ-ধার্ম্মিক ভূম্যাদি, ব্রাহ্মণকে যে জমি নিষ্কর দেওয়া যায়।

ব্রহ্মোদ্য, (ব্রহ্মন্+বদ্=বলা+য) ব্য, ন, ব্রহ্মবাক্য, বেদবাক্য।

ব্রাহ্ম, (ব্রহ্মন্+অ—ইদমর্থে, সম্বন্ধার্থে, জানার্থে)ব্য, ন, হস্তের বৃদ্ধাঙ্গুলির মূলদেশ, বিবাহবিশেষ। পুং, কন্যাকর্ত্তা কর্ত্তৃক সালঙ্কৃতা কন্যাকে গুণবান্ পাত্রে সম্প্রদান, ব্রহ্মপুরাণ, বেদাধ্যয়নানন্তর গুরুকুল হইতে সমাগত বিপ্রের পুত্রাদি রূপ ব্রাহ্মধর্ম্ম, নারদ, ব্রহ্মার পুত্র, বেদ। ঈ—স্ত্রী, ব্রাহ্মণপত্নী, ব্রহ্মার শক্তি বিশেষ, মাতৃবিশেষ, মৎস্যবিশেষ, ব্রাহ্মি ব্যাঙ, রোহিণীনক্ষত্র। ণ, ত্রি, ব্রহ্মসম্বন্ধীয়, ব্রহ্মজ্ঞ।

ব্রাহ্মণ, (ব্রহ্মন্=বিপ্র বা প্রজাপতি+অণ্—অপত্যার্থে, কিম্বা ব্রহ্মন্=বেদ+অণ্—অধ্যয়নার্থে) ব্য, পুং, শ্রেষ্ঠ বর্ণ, দ্বিজোত্তমসমূহ। ন, বেদের অংশবিশেষ, ব্রাহ্মণসমূহ। ণী—স্ত্রী, ব্রাহ্মণপত্নী, ঐ জাতীয়া স্ত্রী, বোল্তা, ক্ষুদ্র পিপীলিকা, ফড়িঙ্গ। ণ, ত্রি, ব্রহ্মজ্ঞ।

ব্রাহ্মণচাণ্ডাল, (ব্রাহ্মণ+চাণ্ডাল=জাতিচ্যুত;ব্য, পুং, জাতিভ্রষ্ট ব্রাহ্মণ, ব্রাহ্মণেতর স্ত্রীতে রত ব্রাহ্মণ, ব্রাহ্মণীর গর্ভে শূদ্রের ঔরসজাত সন্তান।

ব্রাহ্মণব্রুব, (ব্রাহ্মণ+ব্রুব=যে বলে) ব্য, পুং, নীচব্যবসায়ী ব্রাহ্মণ, অপকৃষ্ট ব্রাহ্মণ। [ব্য, পুং, বামনহাটী ব্রাহ্ম

ব্রাহ্মণযষ্টিকা, (ব্রাহ্মণ+যষ্টি+ক)

ব্রাহ্মণায়ন, (ব্রাহ্মণ+ফায়ন—অপত্যার্থে) ব্য, পুং, বিশুদ্ধ বংশোদ্ভব ব্রাহ্মণ।

ব্রাহ্মণ্য, (ব্রাহ্মণ+ষ্য—ভাবে, সমূহার্থে) ব্য, ন, ব্রাহ্মণসমূহ, ব্রাহ্মণত্ব, বিপ্রজাতির ধর্ম্ম। পুং, শনিগ্রহ।

ব্রাহ্মমুহূর্ত্ত, ব্য, পুং, অরুণোদয়ের প্রথম

মণ্ডলস্থ, সূর্য্যোদয়ের প্রাক্কাল।
ব্রাহ্মিকা, (ব্রাহ্মী+ক) স্ত্র, ন, বামনহাটীর গাছ, ব্রহ্মধর্ম্মাবলম্বিনী স্ত্রী।
ব্রাহ্ম্য, (ব্রহ্মন্+য) স্ত্র, ন, বিস্ময়। ণ, ত্রি, ব্রহ্মসম্বন্ধীয়। [যে বলিতেছে, বক্তা।
ব্রুবৎ, (ব্রূ=বলা+শতৃ—ষ) ণ, ত্রি,
ব্রুবাণ, (ব্রূ=বলা+ শান—ষ) ণ, ত্রি, যে বলিতেছে, বক্তা, কথক।

ভ।

ভ, ব্যঞ্জনের চতুর্ব্বিংশ বর্ণ; ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, এজন্য ইহাকে ওষ্ঠ্য-বর্ণ বলে। (ভা=দীপ্তিপাওয়া+অথবা ভী=ভয়করা+ড) স্ত্র, ন, নক্ষত্র, গ্রহ। পুং, শুক্রাচার্য্য, রাশি, ভ্রান্তি। (ভণ্=শব্দকরা+ড) ভ্রমর।
ভকার, (ভ+কার) স্ত্র, পুং, ভ বর্ণ।
ভক্কিকা, স্ত্র, স্ত্রী, ঝিল্লী, ঝিঁঝিঁপোকা।
ভক্ত, (ভজ্=সেবাকরা ইত্যাদি+ক্ত) স্ত্র, ন, ভাত। ণ, ত্রি, তৎপর, অনুরক্ত, বিভক্ত।
ভক্তকর, (ভক্ত [ভজ্=পাককরা, ভাজা+ক্ত—চ]=পক+কর=করণ) স্ত্র, পুং, কৃত্রিম ধূপ। ণ, ত্রি, পাচক।
ভক্তজা, স্ত্র, স্ত্রী, অমৃত, সুধা, সুরা।
ভক্তদাস, (ভক্ত=অন্ন+দাস) স্ত্র, পুং, অন্নদাস, ভাতুড়ে।
ভক্তবৎসল, (ভক্ত+বৎসল, ৭-ষ) ণ, ত্রি, ভক্তের প্রতি অনুগ্রহকারক।
ভক্তবিটল, ণ, কপটভক্ত, শঠ, ধূর্ত্ত।
ভক্তি, (ভজ্=সেবাকরা বা ভনজ=ভাঙ্গা+ক্তি) স্ত্র, স্ত্রী, পূজ্য ব্যক্তির প্রতি অনুরাগ, শ্রদ্ধা, সেবা, বিভাগ, ভঙ্গী, রচনা, গৌণীবৃত্তি, উপচার, আসক্তি, অবয়ব।
ভক্তিমান্, (ভক্তি+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, ভক্তিবিশিষ্ট যাহার ভক্তি আছে।
ভক্তিল, (ভক্তি=সেবা ইত্যাদি+ল=যে রায়) ণ, ত্রি, ভক্তিবিশিষ্ট, ধর্ম্মপর।

স্ত্র, পুং, কুলীনাশ্ব, উত্তম ঘোটক।
ভক্ষক, (ভক্ষ্=খাওয়া+ণক—ষ) ণ, ত্রি, ভক্ষণকারক, ভোক্তা, খাদক।
ভক্ষকার, ভক্ষ্যকার, (ভক্ষ=খাদ্যদ্রব্য+কৃ=করা+ষঞ, অ—ষ) স্ত্র, পুং, খাদ্যদ্রব্যকারক বা বিক্রেতা, ময়রা।
ভক্ষণ, (ভক্ষ্+অনট—ভাব) স্ত্র, ন, ভোজন, খাদন, খাওয়া, আহার।
ভক্ষণীয়, ভক্ষ্য, (ভক্ষ্+অনীয়, য—চ) ণ, ত্রি, ভোজ্য, ভোজনীয়, ভক্ষণ-যোগ্য, আহার্য্য। [ভুক্ত, অশিত।
ভক্ষিত, (ভক্ষ+ক্ত—চ) ণ, ত্রি, খাদিত,
ভগ, (ভজ্=সেবাকরা+ষঞ) স্ত্র, ন, ঐশ্বর্য্য, অভ্যুদয়, সৌভাগ্য, অদৃষ্ট, সৌন্দর্য্য, উৎকর্ষ, মাহাত্ম্য, ইচ্ছা, অভিলাষ, অনুরাগ, শক্তি, উৎসাহ, যত্ন, চেষ্টা, অধ্যবসায়, কীর্ত্তি, যশঃ, জ্ঞান, বৈরাগ্য, সংসারে বীতস্পৃহতা, শান্তি, ঐশ্বরিকশক্তি, ধর্ম্ম, মানসিক সদ্গুণ, পুরুষের মুষ্কমধ্যভাগ, মুক্তি, মোক্ষ, যোনি, স্ত্রীচিহ্ন, পূর্ব্বফল্গুনীনক্ষত্র। স্ত্র, পুং, সূর্য্য, দ্বাদশাদিত্যের অন্যতম আদিত্য, চন্দ্র, শিবের মূর্ত্তিবিশেষ।
ভগদত্ত, স্ত্র, পুং, নরকরাজার জ্যেষ্ঠপুত্র, কামরূপেশ্বর নৃপবিশেষ, প্রাগ্জ্যোতিষপুরাধিপ।
ভগন্দর, (ভগ=শিশ্ন, যোনি+দৃ=বিদীর্ণ করা+খশ—ষ) স্ত্র, পুং, গুহ্যদ্বারে ব্রণরোগ।
ভগভক্ষক, ণ, ত্রি, কুট্টনী, কোটনা।
ভগবদ্গীতা, স্ত্র, স্ত্রী, শ্রীকৃষ্ণ কথিত জ্ঞানসংহিতাবিশেষ।
ভগবান্, (ভগ=ঐশ্বর্য্য ইত্যাদি +মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, ভগযুক্ত, ঐশ্বর্য্যাদি ষড্গুণবিশিষ্ট, পূজ্য, মান্য, শোভান্বিত। স্ত্র, পুং, পরমেশ্বর, শ্রীকৃষ্ণ, বুদ্ধ। বতী—স্ত্রী, দুর্গা, পূজ্যা, আরাধ্যা।

ভগাঙ্কুর, (ভগ=যোনি+অঙ্কুর) স্ব, পুং, যোনিদ্বারের উপরিস্থিত সূক্ষ্মাগ্র ক্ষুদ্র মাংসপিণ্ডবিশেষ, চিরু। (Clitoris.)

ভগাল, (ভগ=শিব+অল্=ভূষিতকরা +অল্) স্ব, ন, নৃকরোটি, নরমস্তক, মানুষের মাথার খুলি।

ভগালী, (ভগাল=মাথার খুলি+ইন্ —অস্ত্যর্থে) স্ব, পুং, শিব।

ভগিনী, ভগ্নী, (ভগ=যত্ন+ইন্, ঈপ) ব্য, স্ত্রী, যাহার পিতৃকুল হইতে দ্রব্যাদি সংগ্রহ করিতে যত্ন আছে, সহোদরা, স্বসা, স্ত্রীলোকমাত্র।

ভগীরথ, ব্য, স্ত্রী, সূর্য্যবংশীয় দিলীপ রাজার পুত্র, যিনি পূর্ব্বপুরুষ উদ্ধারার্থ ভূতলে গঙ্গাকে আনয়ন করেন।

ভগোস্, (ভগবৎ=মান্য+ওস্) ব্য, সম্ভ্রমসূচক সম্বোধন পদ।

ভগ্ন, (ভন্জ=ভগ্নকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, পরাজিত, চূর্ণিত, বিদীর্ণ, বিঘট্টিত, রুগ্ন, নিরস্ত, অপমানিত, ছিন্ন, খণ্ডিত, ভাঙ্গা, চেরা, বিনষ্ট।

ভগ্নপাইক, (দেশজ) ব্য, দূতবিশেষ।

ভগ্নপৃষ্ঠ, (ভগ্ন=অপমানিত+পৃষ্ঠ) ব্য, পুং, পশ্চাৎস্থিত বিষয়ে অমনোযোগী, পশ্চাদ্ভাগ, সম্মুখভাগ। ণ, ত্রি, যাহার পৃষ্ঠদেশ ভাঙ্গিয়াছে, পশ্চাৎবর্ত্তী।

ভগ্নপ্রক্রমতা, ব্য, স্ত্রী, কাব্যের দোষবিশেষ, ক্রমভঙ্গ।

ভগ্নসন্ধিক, (ভগ্ন+সন্ধি=মিলন+কপ্) স্ব, ন, তক্র, ঘোল।

ভগ্নাংশ, স্ব, যে রাশি দ্বারা একের অংশ ব্যক্ত করা যায়। (Fraction.)

ভগ্নাত্মা, (ভগ্ন=খণ্ডিত+আত্মন্=দেহ) স্ব, পুং, চন্দ্র, নিশাকর।

ভঙ্কারী, ভঙ্গারী, ব্য, স্ত্রী, চর্ম্মচটি, বাদুড়, দংশ, ডাঁশ।

ভঙ্গ, (ভন্জ+ঘঞ—ভাব) ব্য, পুং, তরঙ্গ, ঢেউ, পরাজয়, রোগবিশেষ, কৌটিল্য, প্রতিবন্ধ, ভগ্নহওয়া, [illegible] নাশ, হানি, জলনির্গম, নিরাশ, ভেদ, বিদারণ, ছিদ্র, খণ্ড, ব্যসন, রোগমাত্র, ভঙ্গী, ভয়, বিচ্ছিত্তি।

ভঙ্গনয়, (ভঙ্গ+নয়) ব্য, পুং, তর্কখণ্ডন, তর্কসিদ্ধি।

ভঙ্গপ্রবণ, ণ, ত্রি, ভঙ্গুর, যাহা সহজেই ভাঙ্গিয়া যায়, নশ্বর। (Brittle.)

ভঙ্গা, (ভন্জ=বিদারণকরা+ঘঞ— ভাব; আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, ভাঙ, সিদ্ধি, বৃক্ষবিশেষ, মাতুলানী বৃক্ষ।

ভঙ্গি, ভঙ্গী, (ভন্জ+ই) স্ব, স্ত্রী, বিচ্ছেদ, কৌটিল্য, ভেদ, ভঙ্গ, চাতুরী, ব্যঙ্গ, সোৎপ্রাসোক্তি, তরঙ্গ, ভঙ্গিমা, শোভা, রচনা, বিন্যাস।

ভঙ্গিমা, (ভঙ্গ+ইমন্—ভাবে) ব্য, পুং, ভঙ্গি, লীলা, ইঙ্গিত।

ভঙ্গিমান্, (ভঙ্গি=তরঙ্গ+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, ঢেউখেলানে।

ভঙ্গুর, (ভন্জ্+ঘুর—ঘ, শীলার্থে) ণ, ত্রি, বক্র, বিনশ্বর, ক্রূর, শঠ, অসৎ, ভঙ্গপ্রবণ। স্ব, পুং, নদীর বাঁক।

ভজন, (ভজ্=সেবাকরা+অনট্) ব্য, ন, না—স্ত্রী, ভাগ, সেবা, পূজা, আশ্রয়গ্রহণ। ব্য, পুং, শঙ্খধ্বনি।

ভজমান, (ভজ্+শান—ঘ) ণ, ত্রি, ভার্য্যা, উপযুক্ত, উপাসনাকারী, বিভাজক।

ভজ্যমান, (ভজ্ বা ভন্জ্+শান—ঘ; য, ম, আগম) ণ, ত্রি, বিভাজ্যমান, সেব্যমান, খণ্ড্যমান, ছিদ্যমান।

ভঞ্জন, (ভন্জ্+অনট্—ভাব) স্ব, ন, ভঙ্গ, খণ্ডন, ভগ্নকরণ। ণ, ত্রি, ভঞ্জক।

ভঞ্জনক, (ভঞ্জন+ক, যোগ) ব্য, পুং, মুখরোগবিশেষ, যাহাতে দন্তাদি পড়িয়া যায়।

ভঞ্জা, ব্য, স্ত্রী, অন্নপূর্ণা, দুর্গা।

ভট, (ভট্=পোষণকরা ইত্যাদি +অল্) ব্য, পুং, যোদ্ধা, পামর

বিশেষ, রজনীচর ম্লেচ্ছবিশেষ, বীর, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
ভটিত্র, (ভট্+ইত্র) ণ, ত্রি, শলাকা-বিদ্ধ সিদ্ধ মাংসাদি, সিক্কাবাব।
ভট্ট, ষ্য, পুং, সুপণ্ডিত, মীমাংসক, দর্শনশাস্ত্রজ্ঞ, শ্রেষ্ঠতা, অধ্যাপক, জাতিবিশেষ, ভাট, স্বামিত্ব, শত্রু।
ভট্টা, ষ্য, স্ত্রী, বেদোজ্জ্বলা বুদ্ধি।
ভট্টাচার্য্য, (ভট্টা+আচার্য্য) ষ্য, পুং, দর্শনশাস্ত্রজ্ঞ, জ্ঞানী, অধ্যাপক, গৌড়ীয় পণ্ডিত, ব্রাহ্মণের উপাধি।
ভট্টার, (ভট্ট=প্রভু+ঋ=গমনকরা বা পাওয়া+অণ্)ণ,ত্রি,মান্য,সম্ভ্রান্ত।
ভট্টারক, (ভট্ট=ক্ষমতা+ঋ=গমন করা বা পাওয়া+অণ্, ক—যোগ) ষ্য, পুং, নাট্যোক্তিতে—রাজা, দেবতা, মুনি, সূর্য্য। ণ, ত্রি,পূজ্য।
ভাট্টি, ষ্য, পুং, ভর্তৃহরিপ্রণীত স্বনাম-খ্যাত রামকথাশ্রয় মহাকাব্য।
ভট্টিনী, (ভট্ট=প্রভু+ইন্, ঈপ্) ষ্য, স্ত্রী, কৃতাভিষেকা রাজপত্নী, ব্রাহ্মণভার্য্যা।বৃহৎভার নৌকাবিশেষ
ভড়, ষ্য, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ,
ভড়ক, ষ্য, গর্ব্ব, চাতুরী, ফাঁকী।
ভড়কান, (দেশজ) ষ্য, ভয়ে পলায়ন।
ভড়কাল, ণ, জমকাল, ভয়ঙ্কর।
ভড়িল, (ভড়্=সুখীহওয়া+ইল) ষ্য, পুং, সেবক, ভৃত্য, শূর, বীর।
ভণিত, (ভণ্=বলা+ক্ত—চ) ণ, ত্রি, ভাষিত, কথিত, উচ্চারিত। ষ্য, ন, কথিত।কবির নাম প্রকাশকরণ।
ভণিতা, ষ্য, স্ত্রী, গ্রন্থকর্ত্তা বা রচয়ি-
ভণিতি, (ভণ+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, বাক্য, কথন।
ভণ্টাকী, (ভট্=পোষণ করা+আক, ম—আগম)ষ্য,স্ত্রী, বার্ত্তাকী, বেগুণ।
ভণ্ড, (ভন্ড্=ভাঁড়ামকরা+অ) ষ্য, পুং, নর্ম্মসচিব, কৌতুকী, ভাঁড়, প্রতারক।
ভণ্ডক, (ভণ্ড+ক—যোগ) ষ্য, পুং, খঞ্জনপক্ষী।
ভণ্ডতপস্বী, (ভণ্ড=প্রতারক+তপস্বী) ষ্য, পুং, ভক্তবিটেল, কপটতপস্বী।
ভণ্ডন, (ভন্ড্=প্রতারণাকরা ইত্যাদি +অনট—ভাব) ষ্য,ন,বঞ্চনা,ভাঁড়ান, বর্ম্ম, সাঁজোয়া, যুদ্ধ। [ছল।
ভণ্ডামী, (দেশজ) ষ্য, ভণ্ডতা, চাতুরী,
ভণ্ডি, (ভন্ড্=মাঙ্গলিক হওয়া+ই) ষ্য, স্ত্রী, তরঙ্গ, মঞ্জিষ্ঠারক্ষ, মঞ্জিষ্ঠা।
ভণ্ডিকা, ভণ্ডী, ভণ্ডীতকী, ভণ্ডীরী, ষ্য, স্ত্রী, মঞ্জিষ্ঠা লতা।
ভণ্ডির, ভণ্ডীর, ভণ্ডিল,ভণ্ডীল,(ভন্ড্ =মাঙ্গলিক হওয়া, সুখী হওয়া ইত্যাদি+ইর, ঈর; র=ল) ষ্য, পুং, শিরীষবৃক্ষ, তণ্ডুলীশাক।
ভণ্ডুক, (ভন্ড্=মাঙ্গলিক হওয়া+উক) ষ্য,পুং, ভাঙ্গন মাছ, সোঁদাল গাছ।
ভণ্ডুল,(দেশজ)ষ্য,বাধা,বিঘ্ন,প্রবঞ্চনা।
ভদন্ত, (ভন্দ্=প্রীতহওয়া+অন্ত) ণ, ত্রি, মান্য, পূজ্য, সম্ভ্রান্ত। ষ্য, পুং, সৌগতাদিবৌদ্ধ, মায়াদেবীসুত।
ভদাক, (ভন্দ=শুভহওয়া+আক—সংজ্ঞার্থে) ষ্য,পুং—ন,মঙ্গল,কল্যাণ।
ভদ্র, (ভন্দ্=প্রীতহওয়া+র) ষ্য, ন, সৌভাগ্য, মঙ্গল, মুস্তক, স্বর্ণ, কাঞ্চন, ভাল। পুং, শিব, বৃষভ, গজবিশেষ, সমুদ্র, খঞ্জনপক্ষী, কদম্ব বৃক্ষ, স্নুহীবৃক্ষ, মনসা গাছ, রামের চরবিশেষ,নবগুল্মলান্তর্গত বলদেব, রামভদ্র, সুমেরু। ণ, ত্রি, ভাগ্যবান্, কুশলী, শ্রেষ্ঠ, উত্তম, সাধু। ন, স্ত্রী, করণ বিশেষ। দ্রা—স্ত্রী, দ্বিতীয়া সপ্তমী ও দ্বাদশী তিথি, স্বর্গগঙ্গা, সুভদ্রা, কৃষ্ণের ভগিনী, কটফল নামক বৃক্ষ, শ্বেতদূর্ব্বা,হরিদ্রা, রাস্না, জৈনদিগের উপাস্য শক্তিবিশেষ, গাভী,ছায়াগর্ভজাত সূর্য্যকন্যাবীক।
ভদ্রক,(ভদ্র+ক—যোগ)ষ্য,ন, মুস্তক

. বি'শষ,ভদ্রমুস্তা। পুং,দেবদারু বৃক্ষ। ণ, ত্রি, সুন্দর, মঙ্গলময়।

ভদ্রকালী, (ভদ্র=শিব+কল্=প্রেরণ করা, নিকটবর্ত্তী হওয়া+অঞ, ঈপ) ষ্য, স্ত্র, দুর্গা, কাত্যায়নী।

ভদ্রকুম্ভ, (ভদ্র=কুশলী+কুম্ভ=কলস) ষ্য,পুং, মঙ্গলার্থ পূর্ণকুম্ভ,জলপূর্ণ ঘট।

ভদ্রগন্ধিকা, (ভদ্র=শুভ+গন্ধ+কন্, আপ্-স্ত্রীলিঙ্গে)ষ্য, স্ত্রী, মুস্তক, মুথা।

ভদ্রঙ্কর, (ভদ্র=মঙ্গল+কৃ=করা+খশ—ষ) ণ, ত্রি, মঙ্গলকারক, ক্ষেমঙ্কর, মাঙ্গলিক, ভদ্র, শুভ।

ভদ্রচূড, ষ্য,পুং,বৃক্ষবিশেষ, লঙ্কাসিজ।

ভদ্রতুরগ, ষ্য, ন, জম্বুদ্বীপের নববর্ষা-ন্তর্গত বর্ষবিশেষ।

ভদ্রবলন, (ভদ্র+বল্=বলিষ্ঠ হওয়া+অন) ষ্য, পুং, বলরাম।

ভদ্রমুখ, ণ, ত্রি, সৌম্যদর্শন, যাহার মুখ দেখিলে ভদ্রলোক বোধ হয়।

ভদ্রমুস্তক,—পুং,ভদ্রমুস্তা,—স্ত্রী,(ভদ্র =সৌভাগ্যশালী+মুস্তক, মুস্তা= মুতা)ষ্য, নাগর মুস্তক, নাগর মুতা।

ভদ্ররেণু, (ভদ্র=কুশলী+রেণু= ধূলি) বা, পুং, ইন্দ্রহস্তী, ঐরাবত।

ভদ্রশ্রয়, (ভদ্র=কুশলী+শ্রয়=আশ্রয়, উৎপত্তি-স্থান) বা, ন, চন্দন।

ভদ্রশ্রী,(ভদ্র=অত্যুত্তম+শ্রী=শোভা) বা, পুং, চন্দনবৃক্ষ।

ভদ্রসোমা, (ভদ্র=শিব+স=সহিত] তুল্য+উমা=শিবপত্নী) বা, স্ত্রী, গঙ্গা। [কামান।

ভদ্রাকরণ, বা, ন, মুণ্ডন, ক্ষৌরকরণ,

ভদ্রায়ুধ, (ভদ্র=গৌড়+আয়ুধ= অস্ত্র) ষ্য, পুং, খড়্গ, অসি।

ভদ্রাশ্ব, (ভদ্র=কুশলী+অশ্ব=ঘোটক) ষ্য, পুং, পৃথিবীর নববর্ষান্তর্গত চতুর্থ বর্ষ।

ভদ্রাসন, (ভদ্র=শ্রেষ্ঠ+আসন=বসিবার স্থান, কর্ম্মধা) ষ্য, ন, রাজার বসিবার সিংহাসন, স্থান,যোগাসন। (দেশজ) বসতিবাটী।

ভদ্রেশ্বর, (ভদ্র+ঈশ্বর) বা, পুং, কলগ্রামস্থ শিব, গঙ্গার পশ্চিমতীরে গরুটি নামক গ্রামের উত্তরস্থ গ্রামে প্রতিষ্ঠিত পাষাণময় শিবলিঙ্গ, স্বনামপ্রসিদ্ধ গ্রাম।

ভন্দিল, (ভন্দ্=শুভ হওয়া+ইল— সংজ্ঞার্থে) বা, পুং, মঙ্গল, দূত।

ভপঞ্জর, (ভ=নক্ষত্র+পঞ্জর) ষ্য, ন, নক্ষত্র চক্র।

ভম্ভ, (ভম=অনুকরণশব্দ+ভা= শব্দকরা, দীপ্তি পাওয়া ইত্যাদি+ ড)বা,পুং, ধূম,ধূঁয়া, মক্ষিকা, মাছি।

ভম্ভরালিকা, (ভম্ভরালী=মক্ষিকা+ ক)বা, স্ত্রী, ভঙ্কারী, দংশ, ডাঁশ।

ভম্ভরালী, (ভম্=অনুকরণ শব্দ (বিম্ব) +রা=করা+ল) বা, স্ত্রী,যে "ভম্ভম" এই শব্দ করে, বৃহৎ মক্ষিকা।

ভয়, (ভী=ভীতহওয়া+অল্—ভে, ভাব) বা, ন, ত্রাস,আশঙ্কা, আতঙ্ক, ভয়হেতু, উদ্বেগ। ণ, ত্রি, ভয়ঙ্কর।

ভয়ঙ্কর, ভয়াবহ, (ভয়+কৃ=করা+ খচ্—ষ; ভয়+আ+বহ=বহন-করা+অল্—ষ) ণ, ত্রি, ভয়জনক, দারুণ, ভীষণ। [গ্রামপটহ।

ভয়ডিণ্ডিম, বা, পুং, রণবাদ্য, সং-

ভয়ানক, (ভী=ভীতহওয়া+আনক) ষ্য, পুং, ব্যাঘ্র, রাহু, শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত ষষ্ঠ রসবিশেষ, ভয় যে রসের স্থায়িভাব। ণ,ত্রি,ভয়ঙ্কর।

ভয়াপহ, (ভয়=শঙ্কা+অপ+হা= ত্যাগ করা+ড) ণ, ত্রি, ভয়নাশক, ষ্য, পুং, রাজা।

ভর, (ভৃ=পোষণকরা+অপ্) বা, পুং, আধিক্য, সমূহ, ভার, ভরণ, গৌরব, বিংশতিসহস্রপল পরিমাণ। ণ, ত্রি ভরণকর্ত্তা। [পুং,কুম্ভকার,ভৃত্য।

ভরট, (ভৃ+অট—সংজ্ঞার্থে) ষ্য,

ভরণ, (ভৃ+অনট—ভাব) ষ্য,ন,পূরণ, পোষণ,প্রতিপালন, বেতন, ধারণ। ণী—স্ত্রী, ২য় নক্ষত্র, ঘোষকীলতা।
ভরণীভূ, (ভরণী=নক্ষত্রবিশেষ+ভূ=জাত) ষ্য, পুং, রাহুগ্রহ।
ভরণীয়,(ভৃ+অনীয়—চ)ণ,ত্রি,পোষ্য।
ভরণ্ড, (ভৃ+অণ্ড—সংজ্ঞার্থে) ষ্য, পুং,প্রভু,স্বামী,রাজা, বৃষ, ভূ, কৃমি।
ভরণ্য, (ভরণ=পোষণ+য—ভাব) ণ, ত্রি, ভরণীয়। ষ্য, ন, ণ্যা—স্ত্রী, ভৃতি, বেতন, মূল্য, পোষণ।
ভরণ্যভুক্, (ভরণ্য=বেতন+ভুজ্=ভোজনকরা+কিপ্) ণ,ত্রি, বেতনগ্রাহী, মূল্যগ্রহণপূর্ব্বক কর্ম্মকারক।
ভরণ্যু, (ভৃ+অন্যু) ষ্য, পুং, স্বামী, প্রতিপালক, মিত্র, বন্ধু, সূর্য্য।
ভরত, (ভৃ=পালনকরা+অতচ্) ষ্য, পুং, দশরথ রাজার মধ্যম পুত্র, শকুন্তলাগর্ভজাত দুষ্মন্ত রাজার তনয়, সর্ব্বদমন, নাট্যশাস্ত্র প্রবর্ত্তকমুনি, নাট্যশাস্ত্র, নট, নায়ক, শবর, ব্যাধ, তন্তুবায়। [কুমারিকাখণ্ড।
ভরতখণ্ড, ষ্য, ন, ভারতবর্ষান্তর্গত
ভরতপুত্রক, (ভরত=নাট্যশাস্ত্রপ্রণেতা+পুত্র+ক—তুল্যার্থে) ষ্য, পুং, অভিনেতা, নট। [পুং, রাজা।
ভরথ, (ভৃ=পোষণকরা+অথ) ষ্য,
ভরদ্বাজ,(ভর+দ্বা+জ=জাত)ষ্য,পুং, উতথ্যপত্নী মমতার গর্ভে বৃহস্পতির ঔরসজাত মুনিবিশেষ, বৃহস্পতি মমতার গর্ভে পুত্র উৎপাদন করিয়া তাহাকে কহিলেন আমাদের উভয় ত্রাতা কর্ত্তৃক উৎপন্ন (দ্বাজ) এই শিশুকে (ভর) প্রতিপালন কর, এই জন্য পুত্রের নাম ভরদ্বাজ হইয়াছে, পক্ষিবিশেষ, ভারুইপাখী।
ভরসা, (দেশজ) ষ্য, আশা, সাহস।
ভরি, ষ্য, স্ত্রী, একতোলা।
ভরিণী, (ভরিত=হরিদ্বর্ণ+ঈ) ষ্য, স্ত্রী, হরিদ্বর্ণ, সবুজ রঙ।
ভরিত, (ভৃ=পালনকরা+ইত) ণ, ত্রি,পালিত,পূরিত, ভারযুক্ত,হরিদ্বর্ণ।
ভরিমা, (ভৃ=পোষণ করা+ইমন্—ভাবে)ষ্য, পুং, পোষণ, প্রতিপালন।
ভরু, (ভৃ=পোষণকরা+উ, সংজ্ঞার্থে) ষ্য, পুং, বিষ্ণু, শিব, স্বামী, সমুদ্র, স্বর্ণ।
ভরুজ, ষ্য, পুং, ক্ষুদ্র শৃগাল।
ভরুটক,ষ্য,ন, ভৃষ্ট আমিষ বা মৎস্য।
ভর্গ, (ভ্রস্জ্—ভর্জ্জন করা+ঘঞ্) ষ্য, পুং, শিব, ব্রহ্মা, জ্যোতিঃ, সূর্য্যস্থ ঐশ তেজঃ, ভর্জ্জন, ভাজা।
ভর্জ্জন, (ভৃজ্+অনট্—ভাব) ষ্য, ন, ভৃষ্টকরণ, ভাজনা, ভাজা।
ভর্ত্তব্য, (ভৃ=পোষণকরা+তব্য—চ) ণ, ত্রি, ভরণীয়, প্রতিপাল্য।
ভর্ত্তা, (ভৃ=পালনকরা+তৃন্—ঘ) ষ্য, পুং, পতি, স্বামী, প্রভু, রক্ষক, অধিপতি, রাজা। ণ,ত্রি,ধারণ কর্ত্তা, পালনকর্ত্তা। [বোঝাই, নিয়োগ।
ভর্ত্তি,(দেশজ) ষ্য, পরিপূর্ণতা,
ভর্ত্তৃদারক, (ভর্ত্তৃ=প্রভু+দারক=পুত্র, ৬-ষ) ষ্য, পুং, নাট্যোক্তিতে যুবরাজ। রিকা—স্ত্রী, রাজকন্যা।
ভর্ত্তৃহরি, (ভর্ত্তৃ=রাজা, প্রধান+হরি=বিষ্ণু) ষ্য,পুং, বিক্রমাদিত্য রাজার জ্যেষ্ঠভ্রাতা, ভট্টিকাব্যপ্রণেতা।
ভর্ৎসন, (ভর্ৎস্=ভর্ৎসনাকরা+অনট্—ভাব) ষ্য, ন, না—স্ত্রী, কুৎসা, নিন্দা, পরুষোক্তি, তর্জ্জন, তিরস্কার, আক্রোশ। [তিরস্কৃত।
ভর্ৎসিত,(ভর্ৎস+ক্ত-চ)ণ,ত্রি,নিন্দিত,
ভর্ম্ম, ভর্ম্মন্, (ভৃ=পালনকরা+ম, মন্) ষ্য,ন, ভৃতি, বেতন, ভরণ, পোষণ, স্বর্ণ, মুদ্রাবিশেষ, নাভি।
ভর্ম্মণ্যা, (ভর্ম্মন্=ভৃতি+যৎ) ষ্য, স্ত্রী, ভৃতি, বেতন।
ভল্ল, (ভল্ল্=বধকরা+অচ্) ষ্য, পুং,

ভালুক। পুং—ন, শস্ত্রবিশেষ, ভালা, তৃতীয়লতুল্য কনক অস্ত্র।
ভল্লক, ভল্লূক, ভল্লুক, (ভল্ল+ক—যোগ; ভল্ল=হানিকরা+উক,উক) ষ্য, পুং, হিংস্রজন্তুবিশেষ, ঋক্ষ, ভালুক। কা, কী,—স্ত্রী, স্ত্রীভালুক।
ভল্লাত, ভল্লাতক,(ভল্ল—বাণবিশেষ+অৎ=গমনকরা+ঘঞ, ক-যোগে ভল্লাতক)ষ্য,পুং, বৃক্ষবিশেষ, ভেলাগাছ। (ভল্লীও হয়)।[ভেলাগাছ।
ভল্লিকা,(ভল্লী+ক—স্বার্থে) ষ্য, স্ত্রী,
ভব, (ভূ=হওয়া+অল্) ষ্য, পুং, স্থিতি, জন্ম, উৎপত্তি, বৃদ্ধি, প্রাপ্তি, জগৎ, সংসার, শিব, জলমূর্ত্তি শিব, পরমেশ্বর,উৎকর্ষ, প্রাধান্য, মঙ্গল। ন, চালিতা ফল। ণ, ত্রি, উৎপত্তি, (শব্দের পরবর্ত্তী হইলে) উৎপত্তিজনক। [পুং, দাবানল, বনাগ্নি।
ভবঘস্মর, (ভব+ঘস্মর=ভক্ষক) ষ্য
ভবৎ, (ভা=দীপ্তি পাওয়া+বৎ) ণ, ত্রি, বান—বতী, বৎ, যুষ্মদর্থ, আপনি, পূজ্য, মান্য।
ভবৎ, (ভূ=হওয়া+শতৃ—ঘ)ণ, ত্রি, বন্, বন্তী, বৎ, উৎপদ্যমান, বিদ্যমান, বর্ত্তমানার্থ। তী—স্ত্রী, বিবাক্ত শর, দীপ্তিমতী।
ভবদীয়, (ভবৎ=আপনি+ঈয়—ইদমর্থে)ণ,ত্রি,যুষ্মৎসম্বন্ধীয়, আপনার।
ভবন, (ভূ=হওয়া+অনট্—ভে) ষ্য, ন, গৃহ, বাসস্থান,ভাব, জন্ম, স্থিতি।
ভবনাশিনী, (ভব+নাশিনী=নাশকর্ত্রী) ষ্য,স্ত্রী,সরযূ নদী।
ভবন্তি, (ভূ=হওয়া+ঝচ্) ষ্য, পুং, কাল, সময়, বর্ত্তমান কাল। ন্তী—স্ত্রী; পতিব্রতা স্ত্রী।
ভবভূতি, (ভব=জগৎ+ভূতি=উন্নতি) ষ্য, পুং, পদ্মনগর নিবাসী কশ্যপবংশীয় ভট্টগোপালনামক ব্রাহ্মণের পৌত্র, নীলকণ্ঠের পুত্র, বীরচরিত মালতীমাধব উত্তরচরিত প্রভৃতি নাটকপ্রণেতা স্বনামপ্রসিদ্ধ কবি, ইঁহার উপাধি শ্রীকণ্ঠ, জ্ঞোনরাশির পণ্ডিত, মহাদেবের ঐশ্বর্য্য।
ভবরুদ্,(ভব+রুদ্=রোদনকরা+ক্বিপ্) ষ্য, স্ত্রী, প্রেতপটহ, অন্ত্যেষ্টিক্রিয়াকালে বাদনীয় বাদ্যবিশেষ।
ভবাত্মজা, ষ্য, স্ত্রী, মনসা দেবী।
ভবাদৃশ্, ভবাদৃশ, ভবাদৃক্,(ভবৎ=আপনি+দৃশ্=দেখা+ক্বিপ্; অ, স—চ) ণ, ত্রি, যে আপনকার ন্যায় দৃষ্ট হয়, আপনকার মত, আপনকার সদৃশ। [ষ্য, স্ত্রী, দুর্গা।
ভবানী,(ভব=শিব+ঈপ্;আন্-আগম)
ভবানীগুরু, (ভবানী=শিবপত্নী+গুরু=পিতা) ষ্য, পুং, হিমালয় পর্ব্বত।
ভবাভীষ্ট, ষ্য, পুং, গুগ্গুলু।
ভবায়না,(ভব=জগৎ+অয়ন=গমন; ৬,হ) ষ্য, স্ত্রী, জাহ্নবী, গঙ্গা।
ভবিক, (ভব=মঙ্গল+ঠিক) ণ, ত্রি, শুভজনক। ষ্য, ন,মঙ্গল।
ভবিতব্য, (ভূ=হওয়া+তব্য—ভবিষ্যৎকালে-শক্যার্থে) ণ, ত্রি, অবশ্যম্ভাবী, বিধাতার নিরূপিত।
ভবিতব্যতা, (ভবিতব্য+তা—ভাবে) ষ্য, স্ত্রী, অবশ্যম্ভাবিতা, অদৃষ্ট, ভাগ্য, নিয়তি, বিধাতৃনির্ব্বন্ধ।
ভবিতা, ভবিষ্ণু, (ভূ=হওয়া+তৃন্, ইষ্ণু-ষ) ণ, ত্রি,ভাবী,উৎপত্তিশীল।
ভবিন, (ভব=জগৎ+ইন্) ষ্য, পুং, পদ্যরচক,কাব্যপ্রণেতা, কবি,রসজ্ঞ।
ভবিল, (ভূ=হওয়া+ইল) ষ্য, পুং, কামুক, লম্পট, জার, উপপতি। ণ, ত্রি, ভাবী, যাহা বর্ত্তমান আছে।
ভবিষ্যৎ, ভবিষ্য, (ভূ=হওয়া+শতৃ—ঘ;স্য—আগম,ৎ-লোপ)ণ, ত্রি, অনাগত,ভাবী,বর্ত্তমান, প্রাক্তার,প্রতিযোগিত্ব। ষ্য, ন,পুরাণবিশেষ।
ভবিষ্যবাণী, ষ্য, স্ত্রী, যাহা পরে ঘটিবে

তাহা পূর্ব্বে বলা, দৈববাণী।
ভবিষ্যসূচনা, ষ্য, স্ত্রী, অনাগত বিষয়ের প্রস্তাব, যাহা পরে ঘটিবে তাহার পূর্ব্বেই প্রস্তাব করা।
ভব্য, (ভূ=হওয়া+য) ণ, ত্রি, শুভজনক, শিষ্ট, সাধু, ভাগ্যবান, সমীচীন, যোগ্য, সত্য, অনাগত, ভাবী। ষ্য, ন, শুভ, অস্থি, চালীতা ফল, কারণ, সত্তা। পুং, কামরাঙ্গাগাছ। পুং—ন, রসবিশেষ, ব্যা—স্ত্রী, দুর্গা।
ভষণ, (ভষ্+অনট—ভাব) ষ্য, ন, কুকুরের ডাক।
ভসদ্, (ভস্=দীপ্তিপাওয়া+অদ্—সংজ্ঞার্থে) ষ্য, স্ত্রী, কাষ্ঠ, সূর্য্য, সময়, জঘন, যোনি, অশ্বমাংস, কারণ্ডবপক্ষী। [পুং, ভ্রমর।
ভসন, (ভস্=শব্দকরা+অন) ষ্য,
ভসন্ত, (ভস্=দীপ্তিপাওয়া+অন্ত) ষ্য, পুং, কাল, সময়। [ন, ভস্ম, ছাই।
ভসিত, (ভস্=দীপ্তিপাওয়া+ক্ত) ষ্য,
ভস্কা, (দেশজ) ণ, বিস্বাদু, অলবণ, অলবৎ, পান্‌সিয়া, সারহীন।
ভস্ত্রা, ভস্ত্রকা, ভস্ত্রিকা, ভস্ত্রী, (ভস্=দীপ্তি পাওয়া+ত্র, আ, ক, ঈ—যোগ) ষ্য, স্ত্রী, অগ্ন্যুদ্দীপক চর্ম্মনির্ম্মিত বায়ুযন্ত্রবিশেষ, জাঁতা, চর্ম্মপ্রসেবিকা, চর্ম্মস্থালী, ভিস্তী। [পাংশু, ছাই, পাঁশ।
ভস্ম, (ভস্=দীপ্তিপাওয়া+মন্) ষ্য, ন,
ভস্মক, (ভস্মন্+ক, অথবা ক—করণার্থ কৃধাতুজ) ষ্য, ন, চক্ষুরোগবিশেষ, বিড়ঙ্গ, সুবর্ণ, রৌপ্য।
ভস্মকার, (ভস্মন্+কার=কর্ম্মকারী, ও-র) ষ্য, পুং, রজক, ধোপা।
ভস্মকূট, ষ্য, পুং, কামরূপস্থ পয়াশিরস্থিত পর্ব্বতবিশেষ।
ভস্মতূল, (ভস্মন্+তূল্=ওজন করা+অল্) ষ্য, ন, গ্রামসমূহ, ধূলিবর্ষণ, হিম, তুষার।
ভস্মরেচক, ভস্মাহ্বয়, (ভস্মন্+রেচক=ক্লেশনাশক; ভস্মন্+আহ্বয়=নাম) ষ্য, পুং, কর্পূর।
ভস্মসাৎ, (ভস্মন্+সাৎ-কাৎর্স্ন্যার্থে) ষ্য, ছাই হওয়া, ছাই করিয়া ফেলা।
ভা, (ভা=দীপ্তিপাওয়া+অ, আ) ষ্য, স্ত্রী, প্রভা, দীপ্তি, কিরণ, শোভা। ষ্য, পুং, সূর্য্য, প্রতিবিম্ব।
ভাই, (ভ্রাতৃশব্দজ) ষ্য, ভ্রাতা।
ভাইঝী, ষ্য, ভ্রাতার কন্যা। [ভ্রাতুষ্পুত্র।
ভাইপো, (ভ্রাতৃপুত্রশব্দজ) ষ্য,
ভাঁজন, (দেশজ) ষ্য, পাটকরণ, দোমডান, স্বরভেদে গানকরণ।
ভাঁটা, (দেশজ) ষ্য, বর্ত্তুল, বাঁটুল, নদ্যাদি গন্তব্য দেশে বেগে গমন।
ভাঁড়, (ভণ্ড এবং ভাণ্ড শব্দজ) ষ্য, কৌতুকী, পরিহাসক, নর্ত্তক, প্রবঞ্চক, ক্ষুদ্র মৃণ্ময় পাত্রবিশেষ।
ভাঁড়ামি, ভাঁড়াম, (ভাঁড় শব্দজ) ষ্য, ভণ্ডতা, পরিহাস, প্রবঞ্চনা, ফাঁকি।
ভাঁড়ার, ষ্য, ধনাগার, কোষ।
ভাঁড়ারী, (দেশজ) ষ্য, কোষাধ্যক্ষ।
ভাঃ, (ভাস্=দীপ্তিপাওয়া+ক্বিপ্) ষ্য, স্ত্রী, প্রভা, আলোক, দীপ্তি। পুং, সূর্য্য।
ভাক্, (ভাজ্=পৃথক্ করা+ক্বিপ্) ণ, ত্রি, ভাগী, শালী, যুক্ত, অংশী।
ভাকট, ষ্য, পুং, ভেটকীমাছ।
ভাকুট, ষ্য, পুং, ভেটকীমাছ।
ভাকূট, (ভা=দীপ্তি+কূট=শৃঙ্গ বা পরিমাণ) ষ্য, পুং, পর্ব্বতবিশেষ, ভেটকীমাছ। [আধার) ষ্য, পুং, সূর্য্য।
ভাকোষ, (ভা=দীপ্তি+কোষ=
ভাক্ত, (ভক্ত=অন্ন+ষ্ণ) ণ, ত্রি, ভক্তসম্বন্ধীয়। (ভক্তি=গৌণীবৃত্তি+অণ্) ঔপচারিক, গৌণীবৃত্তিবোধিত পারিভাষিক, গৌণ। [৪ দণ্ড।
ভাক্তদিন, ষ্য, পুং, সূর্য্যোদয়ের পূর্ব্ব-
ভাগ, (ভজ্=ভাগকরা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, অংশ, একদেশ, স্থান, অর্দ্ধ, এক আধুলি, রাশির ত্রিশ ভাগের

এক ভাগ, বৃত্তের পরিধির ৩৬০ ভাগের এক ভাগ, অংশাংশ।
ভাগধেয়, (ভাগ+ধেয়—স্বার্থে) স্ত্র, পুং, অংশ, ভাগ, রাজকর। ন, ভাগ্য। ণ, ত্রি, দায়াদ।
ভাগবত, (ভগবৎ—ঈশ্বর+ষ্ণ—কৃতার্থে) স্ত্র,ন, ব্যাসপ্রণীত ভগবদ্বিষয়ক গ্রন্থবিশেষ, অষ্টাদশ পুরাণান্তর্গত মহাপুরাণ। পুং,ভগবদ্ভক্ত, বৈষ্ণব।
ভাগহর,(ভাগ+হর—হরণকারী) ণ, ত্রি, অংশগ্রাহী। পুং, দায়াদ, অংশ।
ভাগহার, (ভাগ+হার=যে হরণ করে) স্ত্র, পুং, যে উপায়ে কোন এক নির্দ্দিষ্ট রাশিকে কোন নির্দ্দিষ্ট-সংখ্যক সমান অংশে বিভাগ করিতে পারা যায়। (Division.)
ভাগিক, (ভাগ=অংশ+ষ্ণিক) ণ, ত্রি, বৃদ্ধিসহিত মুদ্রাদি, সুদী টাকা, ভাগী, ভাগসম্বন্ধীয়। [ভগিনীপুত্র।
ভাগিনা, (ভাগিনেয়শব্দজ) স্ত্র,
ভাগিনেয়,(ভগিনী+ষ্ণেয়-অপত্যার্থে) স্ত্র, পুং, স্ত্রী, স্ত্রী, ভগিনী পুত্র।
ভাগী, (ভাগ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি,অংশী, ভাগাধিকারী। (ভাগ+ইন্—ষ) গ্রহণকারী।
ভাগীরথী, (ভগীরথ+অণ্, ঈপ) ভগীরথখাত, গঙ্গানদী; ভগীরথ কপিল শাপে ভস্মীভূত পিতৃলোকের উদ্ধারণার্থ বহুকাল কঠোর তপস্যা করিয়া পরিশেষে মহাদেবের প্রসাদে গঙ্গাকে মর্ত্যলোকে আনয়ন করেন, ভগীরথ কর্ত্তৃক আনীত হইয়াছিলেন বলিয়া গঙ্গার নাম ভাগীরথী হইয়াছে। [পণ্ডিত।
ভাগুরি, স্ত্র, পুং, প্রসিদ্ধ বৈয়াকরণ-
ভাগ্য, (ভজ—ভাগ করা+য, কিম্বা ভাগ+য) স্ত্র, ন, অদৃষ্ট। ণ, ত্রি, ভাগযোগ্য,ভাগবিশিষ্ট, সুদী টাকা।
ভাগ্যবান্, (ভাগ্য+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, সৌভাগ্যশালী, ধন্যবান্।
ভাগ্যবিপর্য্যয়, স্ত্র, পুং, দুর্ভাগ্য।
ভাজন, (ভজশব্দজ) স্ত্র,ভাজনক্রিয়া,ভাজা, মৎস্যবিশেষ। ণ, চূর্ণীকৃত।
ভাজীন, (ভাজা—ভাণ্ড+ঈন—তজ্জ ক্ষেত্রার্থে) ণ, ত্রি, ভাণ্ডের ক্ষেত্র।
ভাজক,(ভজ্ বা ভাজ্—ভাগকরা+ণক—ষ) ণ, ত্রি, যাহা দ্বারা ভাগ দেওয়া যায়, অংশকারক, হারক।
ভাজকাংশ, স্ত্র, পুং, গুণনীয়ক।
ভাজন, (ভজ্—সেবাকরা কিম্বা ভাগ করা+অনট) স্ত্র, ন, পাত্র, আধার, উপযুক্ত, চতুর ব্যক্তি, বিভাগকরণ। [ভর্জ্জনশব্দজ] স্ত্র, ভৃষ্টকরণ, ভাজা।
ভাজী,(ভজ—পাক করা,ভাজা+ঘঞ, ঈ) স্ত্র, স্ত্রী, ভৃষ্ট ব্যঞ্জনবিশেষ।
ভাজ্য, (ভাজ+য—চ) ণ,ত্রি, ভাগার্হ, যাহা অংশ করা যায়।
ভাট, (ভট্টশব্দের অপভ্রংশ) স্ত্র, বর্ণসঙ্কর জাতিবিশেষ,স্তুতিপাঠক, বন্দী, রাজদূত। [স্ত্র, পুং, মূল্য, ভাড়া।
ভাটক, (ভট্=ভাড়া করা+অক)
ভাটা, (দেশজ) নদ্যাদির স্বাভাবিক স্রোতঃ, নদ্যাদির সাময়িক জলহ্রাস।
ভাড়া, (ভাটক শব্দজ) স্ত্র, কেরায়া।
ভাণ, (ভণ্—বলা+ঘঞ্) স্ত্র, পুং, নাট্যগ্রন্থবিশেষ, তাহাতে কেবল একটীমাত্র অঙ্ক থাকে, নাটকাদিদশরূপকান্তর্গতরূপকবিশেষ, ধূর্ত্তচরিত, কাচ,ব্যাজ। ন,ছল,কপট,জ্ঞান,বোধ।
ভাণিকা,(ভাণ্+কন্—অল্পার্থে)স্ত্র,স্ত্রী, এক অঙ্কে হাস্যরসপ্রধান নাটক।
ভাণ্ড, (ভণ্—শব্দকরা+ড, কিম্বা ভণ্ড—ভাঁড়+ষ্ণ) স্ত্র, ন, পাত্র, ভাঁড়, মূলধন, পুঁজি, নদীকূলদ্বয়ের মধ্যভাগ, অলঙ্কার, অশ্বভূষণ, ভাঁড়ামি। স্ত্র, পুং, গর্দ্দভাণ্ডবৃক্ষ।
ভাণ্ডপুট, (ভাণ্ড—পাত্রবিশেষ, ভাঁড়+পুট—সংবৃত হওয়া, খর্ব্ব করা+অল)

য্য,পুং, নাপিত। [বাটাকলার নিয়ম।
ভাণ্ডপ্রতিভাণ্ডক, ষ্য, পুং, অঙ্কবিশেষ,
ভাণ্ডার, (ভাণ্ড+ঋ=গমনকরা+ঘঞ)
য্য, ন, ধনাগার, ভাঁড়ার।
ভাণ্ডারী, (ভাণ্ডার+ইন্—অস্ত্যর্থে)
য্য, পুং, কোষাধ্যক্ষ, ভাঁড়ারী।
ভাণ্ডি, (ভণ্ড=মাঙ্গলিকহওয়া+ই) য্য,
পুং,নাপিতের ক্ষুরাদির আধার,ভাঁড়।
ভাণ্ডিক,(ভাণ্ড+ইক) য্য, পুং, গায়ক।
ভাণ্ডিবাহ, ভাণ্ডিল, (ভাণ্ডি=ভাঁড়ি+
বহ্=বহনকরা+ঘঞ—ধ ; ভাণ্ড+ইল
—অস্ত্যর্থে) য্য, পুং, নাপিত।
ভাণ্ডীর, (ভাণ্ড=পাত্র+ঈর্=গমনকরা
+অল্) য্য, পুং, বটবৃক্ষ, ভাঁইটগাছ।
ভাত, (ভা=দীপ্তিপাওয়া+ক্ত—ঘ) ণ,
ত্রি, দীপ্তিমান্। ষ্য, ন, প্রভাত,
দীপ্তি। (ভক্তশব্দজ) য্য, অন্ন।
ভাতার, (ভর্ত্তৃশব্দজ) য্য, ভর্ত্তা, স্বামী।
ভাতি, (ভা+ক্তি—ভাব) য্য, স্ত্রী,
শোভা, দীপ্তি, কান্তি। [সূর্য্য,দীপ্তি।
ভাতু, (ভা+তু-সংজ্ঞার্থে) য্য, পুং,
ভাতুড়িয়া, (দেশজ) ণ, অন্নদাস।
ভাদুই, (দেশজ)ষ্য, আশুধান্যবিশেষ।
ভাদ্র,(ভাদ্র=ভাদ্রপদনক্ষত্রযুক্তা পৌর্ণ
মাসী+ষ্ণ, তদ্যুক্তমাসার্থে) য্য, পুং,
বৈশাখাদি মাসের পঞ্চম মাস।
ভাদ্রপদ, (ভাদ্র+পদ=পা) য্য, পুং,
ভাদ্রমাস। দা—স্ত্রী, পূর্ব্বভাদ্রপদ
ও উত্তরভাদ্রপদনক্ষত্র।[ভ্রাতার পত্নী।
ভাদ্রবধূ, (ভ্রাতৃবধূ শব্দজ) য্য, কনিষ্ঠ
ভাদ্রমাতুর, (ভদ্র=ভাগ্যবন্ত, সাধু+
মাতৃ=মাতা+ষ্ণ—অপত্যার্থে) য্য,
পুং, সাধ্বী স্ত্রীর পুত্র, সতীতনয়।
ভান, (ভা=দীপ্তিপাওয়া+অনট্=
ভাব) য্য, ন, প্রকাশ, শোভা।
(দেশজ) ছলনা, শঠতা। [কাঁড়ন।
ভানন, (দেশজ) য্য, ত্বক্ নির্ম্মোচন,
ভানু, (ভা=দীপ্তিপাওয়া+নু) য্য,
পুং, সূর্য্য, কিরণ, কান্তি, শোভা,
শিব,প্রভু রাজা,অর্কবৃক্ষ, আকন্দগাছ,
ভানুফলা, (ভানু=সূর্য্য+ফল) য্য,
ন, যে ফল সূর্য্যের পূজায় সর্ব্বদা
প্রদত্ত হয়, কদলীফল, কলা।
ভানুমান্, (ভানু=কিরণ+মৎ—
অস্ত্যর্থে) য্য, পুং, সূর্য্য। ণ, ত্রি,
কান্তিবিশিষ্ট,দীপ্তিমান্। মতী—স্ত্রী,
বিক্রমাদিত্যের পত্নী,দুর্য্যোধনের স্ত্রী।
ভাপ, (বাষ্পশব্দের অপভ্রংশ) য্য,
বাষ্প, উত্তাপ, উষ্ণতা।
ভাম, (ভা=দীপ্তিপাওয়া+ম, অথবা
ভাম্=ক্রুদ্ধহওয়া+অল্) য্য, পুং,
সূর্য্য, ক্রোধ, ভগিনীপতি, প্রভা।
—মা,স্ত্রী,কোপনা স্ত্রী।[ভগিনীপতি।
ভামক, (ভাম+ক—যোগ) য্য, পুং,
ভামিনী, (ভাম=ক্রোধ+ইন্, ঈপ্)
য্য, স্ত্রী, অতিকোপনা স্ত্রী।
ভামিনীবিলাস, য্য, পুং, জগন্নাথমিশ্র
কবিরাজকৃত কাব্যগ্রন্থবিশেষ।
ভামী, (ভাম=ক্রোধ+ইন্—অস্ত্যর্থে)
ণ, ত্রি,ক্রুদ্ধ, কোপান্বিত,দীপ্তিমান্।
ভার, (ভৃ=পালনকরা+ঘঞ্) য্য, পুং,
বিষ্ণুর নামান্তর, গুরুত্ব, রাশি, সমূহ,
বোঝা, বিংশতিতুলাপরিমাণ স্বর্ণ।
ভারণ, (দেশজ) য্য, ক্ষতাদিতে বাণ
মারণ, মন্ত্রাদি দ্বারা অগ্ন্যাদি বোধ
ভারণ্ড, য্য, পুং, শকুন পক্ষিবিশেষ
ভারত, (ভরত+ষ্ণ, রাজা দুষ্মন্ত স্বীয়
তনয় ভরতকে ইহা প্রদান করিয়া
ছিলেন বলিয়া তাহার নাম হইতে
ভারত নাম হইয়াছে। কিম্বা ভরত+
অ—কৃতার্থে, ভরতকে অধিকার
করিয়া যে গ্রন্থ রচিত হইয়াছে) য্য
ন, ভারতবর্ষ, গ্রন্থবিশেষ, ব্যাসদেব
প্রণীত লক্ষশ্লোকাত্মক মহাভারত
নামক ইতিহাস, চতুর্ব্বেদ অপেক্ষা
ইহার ভার অধিক বলিয়া ভারত
নাম হইয়াছে। পুং, নট, অগ্নি, ভরতের সন্তান। ণ, ত্রি, ভরতবংশীয়

ভারতী—স্ত্রী, সরস্বতী, বাক্য, বচন, বাণী, বৃত্তিবিশেষ, পক্ষিবিশেষ।

ভারতবর্ষ, (ভারত=ভরতসম্বন্ধীয়+বর্ষ—অংশ, কর্ম্মধা) স্ত্র, ন, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ, হিমালয় পর্ব্বতের দক্ষিণস্থ দেশ।

ভারদ্বাজ, (ভরদ্বাজ—মুনিবিশেষ, পক্ষিবিশেষ+ষ্ণ—নিগ্রহার্থে, অথবা অপত্যার্থে) স্ত্র, পুং, দ্রোণ চার্য্য, অগস্ত্যমুনি, বৃহস্পতি পুত্র মঙ্গলগ্রহ, ভারুইপাখী। ন, অস্থি, হাড়।

ভারমধ্য, স্ত্র, বস্তুর যে স্থানে ভারের সমতা হয়। (Centre of Gravity)

ভারযষ্টি, (ভার+যষ্টি=লাঠি, ৬-ষ) স্ত্র, স্ত্রী, ভারবহনদণ্ড, বাঁক।

ভারব, (ভার+বা—লওয়া+ক) স্ত্র, ন, ধনুর্গুণ, ধনুকের ছিলা।

ভারবাহ, ভারবাহ, ভারবাহক, ভারবাহী, (ভার+বাহ, বাহ, বাহক=যে বহন করে, ২-ষ; ভার+বাহিন্=যে বহন করে, ২-ষ;) ণ, ত্রি, ভারবহনকারী, মুটিয়া, ভারী। [কর্ত্তা।

ভারবি, স্ত্র, পুং, কিরাতার্জ্জুনীয় গ্রন্থ-

ভারসহ, (ভার+সহ=যে বহন করিতে পারে) ণ, ত্রি, যাহা ভারে ছিঁড়িয়া পড়ে না, ভারসহন সমর্থ।

ভারা, (দেশজ) স্ত্র, বংশ নির্ম্মিত উচ্চ স্থান, মাচা। [পুং, সিংহ।

ভারি, (ভৃ=ভয় প্রদর্শন কর+ই) স্ত্র,

ভারোঢ়ী, (ভারবাহ+ঈপ্) স্ত্র, স্ত্রী, ভারবহনকারিণী।

ভার্গব, (ভৃগু—মুনিবিশেষ+ষ্ণ—অপত্যার্থে) স্ত্র, ন, পরশুরাম, শুক্র চার্য্য, ধনুর্দ্ধারী, হস্তী, ভারতবর্ষমধ্যস্থ দেশবিশেষ। বী, স্ত্রী. লক্ষ্মী, দুর্ব্বা।

ভার্গবপ্রিয়, (ভার্গব—শুক্র+প্রিয়=স্নেহাস্পদ) স্ত্র, পুং, হীরক।

ভার্য্যা, (ভৃ—পোষণ করা+য—ট, আ) স্ত্র, স্ত্রী, পত্নী, স্ত্রী।

ভার্য্যাট, (ভার্য্যা—পত্নী+অট—গমন করা+অণ্) স্ত্র, পুং, যে, ভার্য্যা দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করে, যে ব্যক্তি আপন ভার্য্যাকে পরপুরুষের নিকট প্রেরণ করিয়া অর্থোপার্জ্জন করেন।

ভার্য্যাটিক, (ভার্য্যাট+ইক) স্ত্র, পুং, স্ত্রৈণ ব্যক্তি, হরিণবিশেষ।

ভার্য্যাপতী, (ভার্য্যা+পতি, দ্ব—স) স্ত্র, পুং, দ্বি, স্ত্রী-পুরুষ, দম্পতী।

ভার্য্যারু, (ভার্য্যা+ঋ=গমন করা+উ) স্ত্র, পুং, পর্ব্বতবিশেষ, মৃগবিশেষ, পরস্ত্রীতে সন্তানোৎপাদক।

ভাল, (ভা=দীপ্তি পাওয়া+ল) স্ত্র, পুং, ললাট, তেজঃ। (তদ্ভবশব্দ) ণ, উত্তম, মঙ্গল।

ভালদৃক্, ভাললোচন, (ভাল+দৃশ্, লোচন=নেত্র; ৭-হ) স্ত্র, পুং, যাহার ললাটে তিন নেত্র আছে, শিব।

ভালাই, (দেশজ) স্ত্র, উৎকৃষ্টতা।

ভালাঙ্ক, (ভাল=ললাট+অঙ্ক=চিহ্ন) স্ত্র, পুং, ললাটচিহ্ন, করপত্র, করাত, রোহিতমৎস্য, শিব, মহালক্ষণসম্পন্ন পুরুষ, কচ্ছপ।

ভালুক, ভালূক, (ভল্=বধকরা+উক, উক) স্ত্র, পুং, ঋক্ষ, ভল্লুক।

ভাব, (ভূ=হওয়া+ঘঞ্) স্ত্র, পুং, স্বভাব, মনঃ, আশয়, আত্মা, মনোবিকারবিশেষ, রত্যাদি এবং নির্ব্বেদাদি ক্রিয়া, ধাত্বর্থ, বাক্যের অর্থ, অভিপ্রায়, বিজ্ঞ, জগৎ, সংসার, চেষ্টা, শরীরের ভঙ্গী, সম্ভাবনা, স্থিতি, পদার্থ, বিলাস, চিত্ত, বিভূতি, চেতন পদার্থ, জন্ম, উৎপত্তি, স্থিতি, সত্তা, উপদেশ, যোদ্ধা, নাট্যোক্তিতে—প্রাজ্ঞ, পূজ্য, বিদ্বান্।

ভাবত্, ভাবত্ক, (ভবৎ—ভুবিষ্যৎ+ক, ইবৰ্থে—ক) ণ, ত্রি, ভবদীয়।

ভাবক, (ভাবি=চিন্তাকরা, মিশ্রিতকরা

+অনট্—ভাব) ষ্য, ন, যু—স্ত্রী, ধ্যান, পর্য্যালোচনা, সাধান, অলকরণ, অভিষেক, নিশ্রণ, বিষাদ, বৈষম্য সংস্কারবিশেষ, ভাবনা। ম, চালুতা।

ভাবমিশ্র, ষ্য, পুং, পণ্ডিত শ্রেষ্ঠ।

ভাবাট, (ভাব+অট্=গমন করা+অল্) ষ্য, পুং, সাধু, লম্পট, নিবেশ, নট, ভাবক। [অভিপ্রায়, তাৎপর্য্য।

ভাবার্থ, (ভাব+অর্থ=বোধ) ষ্য, পুং,

ভাবিত্র, (ভাবি=বিদ্যমান থাকা+ইত্র) ষ্য, ন, ত্রৈলোক্য, স্বর্গ মর্ত্ত্য পাতাল।

ভাবী, (ভূ=হওয়া+ণিন্—ষ, ভবিষ্যৎ-কালে) ণ, ত্রি, ভবিষ্যৎ, আগামী। ভাবিনী-স্ত্রী, কামুকী নারী, কামিনী।

ভাবুক, (ভূ=হওয়া+উক-ষ, শীলার্থে) ষ্য, ন, মঙ্গল। পুং, নাট্যোক্তিতে ভগিনীপতি। ণ, ত্রি, হওনশীল, ভাবগ্রাহক। [অবশ্যহইবে।

ভাব্য, (ভূ=হওয়া+য) ণ, ত্রি, যাহা

ভাশুর, ষ্য, পতির জ্যেষ্ঠ ভ্রাতা।

ভাষা, (ভাষ্=বলা+অল্, আ) ষ্য, স্ত্রী, যদ্দ্বারা লোকে কথাবার্ত্তা কয়, অর্থযুক্ত উচ্চারিত শব্দ, কথা, কথন, রাগেদেবতা, রাগিণী বিশেষ।

ভাষান্তরিত, (ভাষা+অন্তরিত্র) ণ, ত্রি, এক ভাষান্তরে অনুবাদিত।

ভাষাপাদ, (ভাষা=বাক্য+পাদ=ভাগ, অংশ, ৬-ষ) ষ্য, ন, পূর্ব্বপক্ষ, অভিযোগ, পূর্ব্ববাদ। [কথক, যে বলে।

ভাষী, (ভাষ্=বলা+ণিন্—ষ) ণ, ত্রি,

ভাষ্য, (ভাষ্+য) ষ্য, ন, বিবরণগ্রন্থ, গ্রন্থবিশেষ, সূত্র। ণ, ত্রি, কথনীয়।

ভাষ্যকর, (ভাষ্য+কৃ+অল) ষ্য, পুং, টীকালেখক, পতঞ্জলিমুনি।

ভাস্, ভাসা,—স্ত্রী, ভাস,—পুং, ভাসস্, —ন, (ভাস্=দীপ্তি পাওয়া+কিপ, অল, অল্) ষ্য, দীপ্তি, প্রভা, আলোক, ইচ্ছা।

ভাস, (ভাস্+অল্) ষ্য, পুং, দীপ্তি, ইচ্ছা, গোষ্ঠ, গৃধ্র, কুক্কুট, বন্যকুক্কুট পক্ষিবিশেষ, শকুনপক্ষী।

ভাসন্ত, (ভাস্+অন্ত) ষ্য, পুং, সূর্য্য, চন্দ্র, নক্ষত্র, ভাসপক্ষী। ণ, ত্রি, সুন্দর, মনোহর। ন্তী—স্ত্রী, নক্ষত্র।

ভাসমান, ভাসী, (ভাস্=দীপ্তিপাওয়া +শান, ণিন্—ষ) ণ, ত্রি, দীপ্যমান, জলে সন্তরণকারী।

ভাসু, (ভাস্+উ, সংজ্ঞার্থে, ষ্য, পুং, সূর্য্য।

ভাসুর, (ভাস্=দীপ্তিপাওয়া+উর—ষ, শীলাদ্যর্থে) ণ, ত্রি, দীপ্যমান, দীপ্তিবিশিষ্ট। ষ্য, পুং, বীর, স্ফটিক। ষ্য, কুষ্ঠরোগের ঔষধবিশেষ।

ভাস্করতাপাদন, ষ্য, যে প্রক্রিয়াদ্বারা জল দ্রবলৌহ প্রভৃতি শীতল হইয়া কঠিন হইবার সময় মনোহর আকৃতি ধারণ করে। (Crystalisation.)

ভাস্করপুষ্পী, ষ্য, বৃশ্চিকালীলতা, বিছুটী।

ভাস্কর, (ভাস্=দীপ্তি+কর—যে করে, ২-ষ) ষ্য, পুং, সূর্য্য, অগ্নি, পণ্ডিতবিশেষ, ভাস্করাচার্য্য, সিদ্ধান্ত, শিরোমণি প্রভৃতি জ্যোতিষগ্রন্থকারক, অর্কবৃক্ষ, বীর, প্রস্তরাদিতে মূর্ত্তি ও অক্ষরাদি ক্ষোদিতকারক। ন, সুবর্ণ। ণ, ত্রি, দীপ্তিকর।

ভাস্করপ্রিয়, ষ্য, পুং, মণিবিশেষ, চুণি।

ভাস্বর, (ভাস্+বর—ষ, শীলাদ্যর্থে) ণ, ত্রি, দীপ্তিবিশিষ্ট, দীপ্তিশীল।

ভাস্বান্, (ভাস্=দীপ্তি+বতু-অস্ত্যর্থে) ষ্য, পুং, সূর্য্য, দীপ্তি, দিন। ন, কুষ্ঠরোগের ঔষধ। ণ, ত্রি, দীপ্তিবিশিষ্ট।

ভিক্ষা, (ভিক্ষ্=যাচ্ঞা করা+অ—ভাব) ষ্য, স্ত্রী, যাচ্ঞা, যাচিত বস্তু, ভৃতি।

ভিক্ষাক, ভিক্ষাচর, (ভিক্ষ্+আক, ভিক্ষা=যাচঞা+চর্=গমনকরা+অল্) ণ, ত্রি, যাচক, ভিক্ষুক।

ভিক্ষাশী, (ভিক্ষা+আশিন্—যে ভোজন করে, ৬-ষ) ণ, ত্রি, ভৈক্ষাশী।

ভিক্ষু, (ভিক্ষ্+উ) ষ্য, পুং, ভিক্ষো-

পঞ্জীবী, বৃক্ষবিশেষ, কোকিলাক্ষ।

ভিক্ষুক, (ভিক্ষু—ভিক্ষোপজীবী+ক—যোগ) ণ, ত্রি, ভিক্ষোপজীবী।

ভিজন, (দেশজ) ষ্য, আর্দ্রকরণ, জলযুক্তকরণ। [জলমিশ্রিত।

ভিজা, (দেশজ) ণ, আর্দ্র, জলযুক্ত,

ভিটা, (দেশজ) ষ্য, বাস্তুভূমি।

ভিড, (দেশজ) ষ্য, লোকসমূহ, জনতা।

ভিড়ন, (দেশজ) ষ্য, কিনারায় লাগান।

ভিত, ষ্য ভিত্তি, দেওয়াল, বুনিয়াদ।

ভিতর, (অভ্যন্তর শব্দজ) ণ, মধ্যস্থল, অভ্যন্তর।—রে, ক্রিং—ণ, মধ্যে, অভ্যন্তরে, অন্তঃপুরে।

ভিত্ত, (ভিদ্—ভেদ করা+ক্ত) ষ্য, ন, বস্ত্রাদির খণ্ড।

ভিত্তি, (ভিদ+ক্তি) ষ্য, স্ত্রী দেওয়াল, বিভাগ, প্রদেশ। (গণ্ডাদি শব্দের পরবর্ত্তী হইলে) প্রশস্ত।

ভিত্তিচৌর, (ভিত্তি—দেওয়াল+চৌর) ষ্য পুং, চৌরবিশেষ সিঁদালচোর।

ভিত্তিপাতন, (ভিত্তি—দেওয়াল+পাতি—ফেলা+অন—ণ) ষ্য, পুং, মহামূষিক, বৃহৎ উন্দুর।

ভিদ, (ভিদ্+ক্বিপ—ভাব) ষ্য, স্ত্রী, বিদারণ, ছেদন, ভেদকরণ, প্রভেদ। ণ, ত্রি, ভেদকারক। [পুং, খড়্গ।

ভিদক, (ভিদ+ণক) ষ্য, ন, বজ্র।

ভিদানবরোধকতা, (ভিদা+অবরোধকতা) ষ্য স্ত্রী, যে বস্তুর যোগাকর্ষণ সহজে ভেদ করা যায় না।

ভিদি, ভিদু—পুং, ভিদির—ন, (ভিদ্+ই, উ, ইর) ষ্য, অশনি, বজ্র।

ভিদুর, (ভিদ্+কুর—ণ, শীলাদ্যর্থে) ষ্য, ন, বজ্র। ণ, ত্রি, মিশ্র, ভঙ্গুর।

ভিদ্য, (ভিদ্+য) ষ্য, পুং, কূলভেদকারী নদ।

ভিদ্র, (ভিদ্+র) ষ্য, পুং, ন, অশনি, বজ্র।

ভিন্দপাল, ভিন্দিপাল, (ভিন্দি=ভেদন+পাল্—রক্ষা করা+অণ্) ষ্য পুং, ক্ষেপণীয় অস্ত্রবিশেষ।

ভিন্ন, (ভিদ্+ক্ত—চ) ণ, ত্রি, খণ্ডিত, শিথিলিত, বিদীর্ণ, বিকশিত, মিলিত, অন্য, প্রতিফলিত, মথিত, বিরত, মদস্রাবী, লুণ্ঠিত, খলিত, [illegible], বিকসিত, বিগলিত, বহুলীভূত, স্পষ্ট, ত্যক্ত। [কণক, বৌদ্ধ।

ভিন্নক, (ভিন্ন+ক—যোগ) ষ্য, পুং,

ভিন্নগুণন, (ভিন্ন—ভগ্নাংশ+গুণন—পূরণ করা) ষ্য, ন, ভগ্নাংশের গুণীকরণ।

ভিন্নঘন, (ভিন্ন—ভগ্নাংশ+ঘন) ষ্য, ন, ভগ্নাংশের ঘন। (cube of a fraction.

ভিন্নভাগহর, (ভিন্ন—ভগ্নাংশ+ভাগহর—ভাগকরণ) ষ্য, পুং, ভগ্নাংশের ভাগহার। [পুং, ভগ্নাংশের বর্গ।

ভিন্নবর্গ, (ভিন্ন—ভগ্নাংশ+বর্গ) ষ্য,

ভিয়া, (ভী—ভয় করা+আ; ঈ=ইয) ষ্য, স্ত্রী, ভয়, শঙ্কা। [ক্রুত।

ভিরিণ্টিকা, ষ্য, স্ত্রী, শ্বেতগুঞ্জা, শাখা-

ভিল, ষ্য, পুং,—স্ত্রী, জাতিবিশেষ, ভীল।—ল্লী, স্ত্রী, লোধ্রবৃক্ষ।

ভিল্লগবী, ষ্য, স্ত্রী, চমরী গাভী।

ভিষক, (ভিষ্—রোগপ্রতীকার করা+অক) ষ্য, পুং, চিকিৎসক, বৈদ্য।

ভিষক্প্রিয়া, ষ্য, স্ত্রী, গুলঞ্চ।

ভিস্সটা, ভিস্স, ভিস্সিকা, ভিস্সিটা, (ভিস্সা—অন্ন+টীক্—গমন করা, তুল্য হওয়া+অ) ষ্য, স্ত্রী, দগ্ধ অন্ন।

ভিস্সা, (ভিদ্—ভেদকরা+ক্বিপ,—সো—নাশকরা+ড; দ্—স, নিপাতন) ষ্য, স্ত্রী, ভক্ত, অন্ন, ভাত।

ভিস্তি, (ভস্ত্রাশব্দজ) ষ্য, চর্ম্ম নির্ম্মিত বৃহৎজলপাত্র বিশেষ।

ভী, ভীতি, (ভী—ভয় পাওয়া+ক্বিপ, ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, ভয়, ভয়জনিত কম্প।

ভীত, (ভী+ক্ত) ণ, ত্রি, ভয়যুক্ত, শঙ্কিত, ত্রস্ত। ষ্য, ন, ভয়।

ভীম, (ভী+ম) ষ্য, পুং, মধ্যম পাণ্ডব, বৃকোদর, মহাদেব, দময়ন্তীর পিতা,

স্বনামপ্রসিদ্ধ নৃপবিশেষ, ভয়ানক রস। ণ,ত্রি,ভয়ানক, ঘোর, ভীষণ। মা—স্ত্রী, দুর্গা, চাবুক, কশা।

ভীমরথী,(ভীম—ভয়ানক+রথ,ঈ)ষ্য,স্ত্রী, প্রাচীন অবস্থা বিশেষ, ৭৭ বৎসর ৭ মাসের পর যে অবস্থা হয়,নদীবিশেষ।

ভীমরুল, (দেশজ) ষ্য,বোল্‌তা বিশেষ।

ভীমশাসন, (ভীম—ভয়ানক+শাসন=আজ্ঞা) ষ্য, পুং, কৃতান্ত, যম।

ভীমসেন,(ভীম—ভয়ানক+সেনা ; ৬.হ কিম্বা কর্মধা) ষ্য, পুং, মধ্যম পাণ্ডব, বৃকোদর, কর্পূরবিশেষ।

ভীমহাস, ষ্য, পুং, ইন্দ্রতুল, আকাশবৃ ভীর সূতা। [একাদশী।

ভীমৈকাদশী, ষ্য, স্ত্রী, মাঘমাসের শুক্ল

ভীরু, (ভী+রু)ণ, ত্রি, চকিত, ত্রস্ত, ভীতস্বভাব, ভয়ানক। ষ্য, পুং, ইক্ষুবিশেষ, শৃগাল, ব্যাঘ্র। রু, রু—স্ত্রী, স্ত্রী বিশেষ।

ভীরুরন্ধ্র,(ভীরু—ভয়ানক+রন্ধ্র=গুহা গহ্বর) ষ্য পুং, অগ্নিকুণ্ড, হাপর।

ভীরুহৃদয়,(ভীরু—ত্রস্ত+হৃদয়=চিত্ত, ৬.হ) ষ্য, পুং, মৃগ, হরিণ।

ভীলভূষণা, ষ্য, স্ত্রী, গুঞ্জা, কুঁচ।

ভীলু, (ভী+রু ; র=ল) ণ, ত্রি, ভীরু, ভয়শীল। ষ্য, পুং শৃগাল, ভল্লুক।

ভীষণ, (ভী+ণি+অন—ষ) ণ, ত্রি ভয়ঙ্কর, ভয়ানক, দারুণ, কঠিন, দৃঢ় ষ্য, পুং, শিব, বৃক্ষবিশেষ, হিন্তালবৃক্ষ, কপোত, ভয়ানক রস। ন, ভয়।

ভীষ্ম,(ভী—ভয় পাওয়া+ম ; ষ-আগম) ষ্য, পুং, পাণ্ডুরাজার পিতামহের ভ্রাতা, শান্তনুরাজার পুত্র, গঙ্গাসুত, গাঙ্গেয়, শিব, রাক্ষস, রসবিশেষ, ভয়ানক রস। ণ,ত্রি,ভয়ানক,ভয়ঙ্কর

ভীষ্মপঞ্চক, ষ্য ন, কার্ত্তিকী শুক্লা একাদশী অবধি পূর্ণিমা পর্য্যন্ত এই পঞ্চতিথিতে কর্ত্তব্য ব্রতবিশেষ, ঐ পাঁচ তিথি।

ভীষ্মসূ, ভীষ্মজননী,(ভীষ্ম+সূ—যাহা, ৬-হ; কিম্বা সূ—প্রসব করা+কিপ—ষ, ২-হ; ভীষ্ম+জননী—মাতা, ৬-হ) ষ্য,স্ত্রী,ভীষ্মের মাতা,গঙ্গা। [অষ্টমী।

ভীষ্মাষ্টমী, ষ্য স্ত্রী, মাঘ মাসের শুক্লা

ভুঁড়ি,(দেশজ ষ্য,বৃহৎউদর,বড পেট।

ভুক্,(ভুজ=ভোজন করা+কিপ—ষ) ণ, ত্রি, ভোক্তা, যে ভোজন করে। স্ত্রী, ক্ষুধ।

ভুক্ত, (ভুজ—ভোজন করা+ক্ত—ট, ভাব) ণ, ত্রি, ভক্ষিত, উপভুক্ত, অনুষ্ঠিত। ষ্য,ন,ভুক্তি,ভোজন।

ভুক্তন, (দেশজ, ষ্য, মিশ্রণ, পূরণ।

ভুক্তি, (ভুজ্+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, ভোজন, উপভোগ।

ভুক্তিপ্রদ, ষ্য পুং, মুদ্গ মুগকলাই।

ভুগ্ন, (ভুজ—কুটিল হওয়া+ক্ত) ণ,ত্রি, বক্র, নত, বিকলাঙ্গ।

ভুজ, (ভুজ=ভোজনকরা+অল্—ষ) ষ্য,পুং,জ—স্ত্রী,হস্ত,ভূর্জ্জপত্র,ধনুকের আকৃতি, ত্রিকোণাদিক্ষেত্রের রেখা-বিশেষ, গোলাকার দ্রব্য, বক্রতা।

ভুজগ, (ভুজ—বক্রাকৃতি+গ=যে গমন করে) ষ্য, পুং, সর্প, ফণী।

ভুজগদারণ, (ভুজগ=সর্প+দারণ—যে বিদারণ করে) ষ্য, পুং, গরুড়।

ভুজগান্তক, ভুজগাশন, (ভুজগ—সর্প+অন্তক—বিনাশক, ৬ হ,+ অশন=খাদা ; ৬ হ) ষ্য, পুং, গরুড়, ময়ূর।

ভুজঙ্গ, (ভুজ=বক্রাকৃতি+গ=যে গমন করে)ষ্য,পুং,সর্প,বিট,বিজ্ঞা, উপপতি।

ভুজঙ্গপ্রয়াত, ষ্য, ন, দ্বাদশাক্ষর পাদছন্দ, যাহার ১ম,৪র্থ,৭ম ও ১০ম বর্ণ লঘু। [করে,২-হ ষ্য,পুং,গরুড়,ময়ূর।

ভুজঙ্গভুক্, (ভুজঙ্গ+ভুজ—যে ভোজন

ভুজঙ্গম, (ভুজ=বক্রাকৃতি+গম—গমনকরা+খচ্) ষ্য, পুং, সর্প,ফণী, বিড্ঙ্গা, বিট। ন, সীসক, সীসা।

ভুজঙ্গলতা, ষ্য স্ত্রী, তাম্বূলী, পান।

ভুজবিস্ফুর্জিত, স্ত, ন, হস্তবিশেষ।

ভুজশিরঃ,(ভুজ=বাহু+শিরস্=মস্তক), স্ত, ন, স্কন্ধ, কাঁধ।

ভুজসহা, স্ত,পুং, নকুল, নেউল,বেঁজী।

ভুজাকণ্টক, (ভুজা=হস্ত+কণ্টক=কাঁটা) স্ত, পুং,হাতের নখ। [স্ত, পুং, হস্ত।

ভুজাদল, (ভুজা=বাহু+দল=পত্র)

ভুজান্তর, (ভুজ=বাহু+অন্তর=মধ্য, ষ-ষ) স্ত, ন, ক্রোড়, বক্ষঃস্থল, অন্য হস্ত। [ভাবে) স্ত,পুং, অগ্নি।

ভুজি, (ভুজ্=ভোজনকরা+ই-সং-

ভুজিষ্য, (ভুজ্=ভোজনকরা+ইষ্য) স্ত, পুং, স্ত্রী, দাস, ভৃত্য। পুং, স্বাধীন ব্যক্তি,হস্তসূত্র। স্ত। স্ত্রী, দাসী, বেশ্যা। [ভোগকারী।

ভুঞ্জান, (ভুজ+শান—ষ) ণ, ত্রি,

ভুট, (দেশজ) স্ত, বিনাশ, ধ্বংস।

ভুতি, (দেশজ) স্ত, অসার, কাঁটালের মধ্যস্থ অসার দণ্ড। [স্ত,স্ত্রী,পৃথিবী।

ভুরিক্, (ভূ=পোষণকরা+ইজ্=উর)

ভুল, (দেশজ) স্ত, বিস্মর, ভ্রান্তি, ভ্রম।

ভুবন, (ভূ=হওয়া+কন—উ, নিপাতন) স্ত, ন, জগৎ, চতুর্দ্দশ ভুবন, যথা—ভূ, ভুব, স্বর, মহ, জন, তপ, সত্য, অতল, সুতল, বিতল, গভস্তিমৎ, মহাতল, রসাতল, পাতাল; জল, আকাশ, মনুষ্য, মানবজাতি।

ভুবন্যু,(ভূ=হওয়া+কন্যু—উ; নিপাতন)স্ত, পুং, চন্দ্র, সূর্য্য, প্রভু,অগ্নি।

ভুবঃ, (ভূ=হওয়া+অকক, অসুন্) ব্য, আকাশ, অন্তরীক্ষ।

ভুবর্লোক, (ভুবস্=আকাশ+লোক=ভুবন) স্ত, পুং, পৃথিবী ও সূর্য্যের মধ্যপ্রদেশ, ভূরাদি সপ্তলোকান্তর্গত দ্বিতীয় লোক।

ভুবিঃ, (ভূ=হওয়া+ইস্—সংজ্ঞার্থে; উ—উ)স্ত,ন,সমুদ্র।

ভুশুণ্ডি, স্ত, স্ত্রী, আগ্নেয়াস্ত্রবিশেষ।

ভুষী, ভুসী, (দেশজ) স্ত, যবগোধূমাদির তুষ, খোসা।

ভূ, (ভূ=হওয়া+ক্বিপ্) স্ত, স্ত্রী,স্থান, প্রদেশ, যজ্ঞাগ্নি, পৃথিবী, আশ্রয়। ব্য, পাতাল, রসাতল। [ভূতল।

ভুঁই, (ভূমিশব্দজ) স্ত, ক্ষেত্র, প্রদেশ,

ভূক, (ভূ=হওয়া+কক্) স্ত,ন, ছিদ্র,গর্ত্ত,কাল,সময়। পুং,অন্ধকার।

ভূকন্দরা,স্ত,স্ত্রী, যোজক। (Isthmus)

ভূকম্প, (ভূ=পৃথিবী+কম্প=কম্পন) স্ত, পুং, ভূমিকম্প, পৃথিবীর কম্পন।

ভূকর্ণ,(ভূ=পৃথিবী+কর্ণ)স্ত,পুং,জ্যোতিঃশাস্ত্রে নিরক্ষমণ্ডলের ব্যাসার্দ্ধ।

ভূকল,স্ত,পুং,দুষ্ট অশ্ব, অদম্য ঘোটক।

ভূকশ্যপ, (ভূ=পৃথিবী+কশ্যপ স্ত, পুং, বসুদেব, কৃষ্ণের পিতা।

ভূকাক, (ভূ=পৃথিবী+কাক) স্ত, পুং, কোঁচবক, নীলবর্ণ কপোত।

ভূকেশ, (ভূ+কেশ=চুল) স্ত, পুং, শৈবাল, বটবৃক্ষ। স্ত-স্ত্রী, রাক্ষসী।

ভূক্ষিৎ, (ভূ=পৃথিবী+ক্ষি=ক্ষয়করা+ক্বিপ্) স্ত, পুং, শূকর।

ভূগর, (ভূ+গর=বিষ) স্ত, ন, বিষ।

ভূগর্ভ, (ভূ=পৃথিবী+গর্ভ) স্ত, পুং, মালতীমাধবাদি নাটক প্রণেতা ভবভূতি কবি, ভূমির অভ্যন্তরভাগ।

ভূগোল, (ভূ=পৃথিবী+গোল=মণ্ডল) স্ত, পুং, ভূমণ্ডল, পৃথিবীমণ্ডল।

ভূগোলবিদ্যা, যে বিদ্যা দ্বারা পৃথিবীর আকৃতি, বিভাগ, গতি ও কোন্ স্থানে কি আছে তৎসমুদায়ের বিবরণ জ্ঞাত হওয়া যায়।

ভূচর, (ভূ+চর=যে চরে, ণ ষ) ণ, ত্রি, যাহারা ভূমিতে বাস করে, স্থলচর, মনুষ্য গো অশ্ব ইত্যাদি।

ভূচণ, স্ত, পুং, ভূমিকম্প। [ব্যাস।

ভূচিত্র, (ভূ=পৃথিবী+চিত্র) স্ত, ন,

ভূজম্বু, (ভূ=পৃথিবী+জম্বু=জাম) স্ত, স্ত্রী, গম, গোধূম,বিকঙ্কত ফল,বঁইচ।

ভূত, (ভূ=হওয়া ইত্যাদি+ক্ত—ভূত-

ভূতগর্ভ, ষ্য, পুং, ভবভূতি।
ভূতনিধান, (ভূতি=সিদ্ধি+নিধান=আধার) ষ্য, ন. ধনিষ্ঠা নক্ষত্র।
ভূতেশ, (ভূত=পিশাচ+ঈশ=প্রভু) ষ্য, পুং, ভূতনাথ, মহাদেব।
ভূতোপহত, (ভূত+উপহত=আক্রান্ত) ণ, ত্রি, ভূতাক্রান্ত। [স্বর্ণ।
ভূত্তম, (ভূ=পৃথিবী+উত্তম) ষ্য, ন,
ভূদার, (ভূ=পৃথিবী+দৃ=বিদারণ করা+অন্) ষ্য, পুং, বরাহ, শূকর।
ভূদেব, ভূসুর, (ভূ=পৃথিবী+দেব, সুর=দেবতা, ৬-ষ) ষ্য, পুং, ব্রাহ্মণ।
ভূদোষ, ষ্য. পুং, পরদারাভিগমন প্রভৃতি দোষ।
ভূধন, ষ্য, পুং, রাজা।
ভূধর, (ভূ=পৃথিবী+ধর=যে ধরে, ২-ষ) ষ্য, পুং, অনন্তদেব, যন্ত্রবিশেষ, পর্ব্বত। [অপ্; —) ষ্য, পুং, পর্ব্বত।
ভূধ্র, (ভূ=পৃথিবী+ধৃ=ধারণ করা+
ভূনিম্ব, ষ্য, পুং, চিরাতা।
ভূপ, ভূপতি, ভূপাল, ভূভুক্, (ভূ=পৃথিবী+প=যে পালন করে, ২-ষ; +পতি, ৬-ষ; +পাল=যে পালন করে, ২-ষ; +ভুজ্=যে ভোগ করে, ২-ষ) ষ্য, পুং, রাজা, মহীপাল।
ভূপদ, (ভূ+পদ=পা; ৭-হ) ষ্য, পুং বৃক্ষ। দী—স্ত্রী, মল্লিকা।
ভূপুত্রী, (ভূ=পৃথিবী+পুত্রী=কন্যা) ষ্য, স্ত্রী, সীতা।
ভূভৃৎ, ভূমিভৃৎ, (ভূ, ভূমি+ভৃ=ধারণ-করা, পোষণ করা+ক্বিপ্—ষ; ৎ—আগম) ষ্য, পুং, পর্ব্বত, ভূপতি।
ভূময়, (ভূ+ময়) ণ, ত্রি, মৃত্তিকানির্ম্মিত। য়ী, স্ত্রী, ছায়া, সূর্য্যপত্নী।
ভূমা, (ভূ=বহুশব্দজ+মন্) ণ, ত্রি, ভূয়িষ্ঠ, বহুল। ষ্য, পুং, সর্ব্বব্যাপী পুরুষ। [বহু+ইমন্—ভাবে; নিপাতন) বহুত্ব।
ভূমি, (ভূ=হওয়া+মি) ষ্য, পুং,—স্ত্রী, পৃথিবী, স্থান, মাত্র, ক্ষেত্র, আধার, আকর, জিহ্বা, যোগিদিগের অবস্থাবিশেষ, ক্ষেত্রজ্ঞ কোন ক্ষেত্রের নিরবয়ব। (Basin)
ভূমিকা, (ভূমি=স্থান+কন্—স্বার্থে, আ) ষ্য, স্ত্রী, রূপান্তর পরিগ্রহ, সাজান, প্রস্তাবনা, কক্ষা, ব্যাখ্যেয় চিত্তের অবস্থাবিশেষ।
ভূমিচম্পক, (ভূমি=পৃথিবী+চম্পক=চাঁপাগাছ) ষ্য, পুং, ভুঁইচাঁপার গাছ।
ভূমিজ, (ভূমি=পৃথিবী+জ=জাত) ষ্য, পুং, মঙ্গলগ্রহ, নরকরাজা, নরকাসুর, ভূমিকদম্ব। ণ, ত্রি, পৃথিবীজাত। আ—স্ত্রী, সীতা।
ভূমিজীবী, (ভূমি=পৃথিবী+জীবিন্=যে জীবনযাত্রা নির্ব্বাহ করে) ষ্য, পুং, বৈশ্য, কৃষিজীবী।
ভূমিদেব, (ভূমি=পৃথিবী+দেব=দেবতা, ৬-ষ) ষ্য, পুং, ভূদেব, ব্রাহ্মণ।
ভূমিপ, ভূমিপতি, ভূমিপাল, (ভূমি+প=যে পালন করে, ২-ষ; +পতি, ৬-ষ; +পাল, ৬-ষ) ষ্য, পুং, ভূপতি, রাজা।
ভূমিভুজ, (ভূমি=পৃথিবী+ভুজ্=যে উপভোগ করে, ২-ষ) ষ্য, পুং, রাজা, ভূপতি।
ভূমিরুহ, (ভূমি=পৃথিবী+রুহ=যে জন্মে, ৭-ষ) ষ্য, পুং, বৃক্ষ, গাছ।
ভূমিবর্দ্ধন, (ভূমি+বর্দ্ধন=বৃদ্ধি; ৬-ষ) ষ্য, পুং,—ন, মৃতশরীর, শব, মড়া।
ভূমিষ্ঠ, (ভূমি+স্থা [স্থা ধাতুজ]—যে থাকে, ৭-ষ) ণ, ত্রি, ভূমিতে স্থিত, প্রণত, জাত। [কন্যা) ষ্য, স্ত্রী, সীতা।
ভূমিসম্ভবা, (ভূমি=পৃথিবী+সম্ভবা=
ভূমিস্পৃক, (ভূমি=পৃথিবী, মাটী+স্পৃশ [স্পৃশ্=স্পর্শকরা+ক্বিপ্—য] যে স্পর্শ করে) ষ্য, পুং, মনুষ্যজাতি, বৈশ্য, চোরবিশেষ, অন্ধ, খঞ্জ, ত্রি, ভূমিস্পর্শকারী।
ভূমীন্দ্র, (ভূমি=পৃথিবী+ইন্দ্র=প্রভু) ষ্য, পুং, ভূপতি।

ভূয়ঃ, (বহু+ঈয়স্—অত্যর্থে, বহু স্থানে ভূ; ঈ—লোপ) ণ, ত্রি, প্রচুর, অধিক। স্ত্র, ন, প্রাচুর্য্য, আধিক্য। ব্য, পুনঃ পুনঃ, প্রতিনিয়ত, বারবার।

ভূয়িষ্ঠ, (বহু+ইষ্ঠ—অত্যর্থে) ণ, ত্রি, প্রচুর, বহুল, অধিক, অনেক।

ভূর, (দেশজ) স্ত্র, অহঙ্কার, গর্ব্ব।

ভূরি, (ভূ—হওয়া+রি) ণ, ত্রি, ব্য, বহু, অধিক, অনেক। পুং, শিব, বিষ্ণু, ব্রহ্মা। স্ত্র, ন, সুবর্ণ।

ভূরিগম, (রিতু+গম্=গমন করা+ অল্) স্ত্র, পুং, রাসভ, গর্দ্দভ।

ভূরিপ্রেম, স্ত্র, পুং, চক্রবাকপক্ষী।

ভূরিমায়, (ভূরি=প্রচুর+মায়া=কাপট্য, শঠতা; ৬.হ) স্ত্র, পুং, শৃগাল।

ভূরিশঃ, (ভূরি+শস্—বারার্থে) ক্রিং—ণ, ভূরিং, বহুশঃ, অনেকবার।

ভূরিশ্রবাঃ, স্ত্র, পুং, চন্দ্রবংশীয় সোমদত্ত রাজার পুত্র।

ভূরুহ, (ভূ—ভূমি+রুহ—যে জন্মে; ৬.হ) স্ত্র, পুং, বৃক্ষ, গাছ।

ভূর্জ্জ, ভূর্জ্জপত্র, (ভূ—পৃথিবী+উর্জ্জ্—জীবিত হওয়া ইত্যাদি+অল্) স্ত্র, পুং, ভূর্জ্জপত্রের গাছ, এই বৃক্ষের ত্বক্।

ভূর্ণি, (ভৃ—পোষণ করা+নি :নিপাতন) স্ত্র, স্ত্রী, পৃথিবী, মরুভূমি।

ভূর্, (ভূ—হওয়া+র্) ব্য, পৃথিবী।

ভূলেখী (ভূ—পৃথিবী+উৎ+লিখ= লেখা, আঁচড়ান+নিন্—ষ) ণ, ত্রি, যে সকল পক্ষী মৃত্তিকা আঁচড়াইয়া খাদ্য দ্রব্য অনুসন্ধান করে। [রাজা।

ভূশক্র, (ভূ—পৃথিবী+শক্র—ইন্দ্র) স্ত্র, পুং,

ভূষণ,—ন, ভূষা,—স্ত্রী, (ভূষ্=ভূষিত করা+অনট্, আপ্-ধ) স্ত্র, অলঙ্কার, আভরণ, সজ্জা, শোভা।

ভূষ্ণু, (ভূ=হওয়া+স্নু—ষ, শীলার্থে) ণ, ত্রি, উৎপত্তিশীল।

ভূসুত, (ভূ—পৃথিবী+সুত—পুত্র, ৬-ষ) স্ত্র, পুং, মঙ্গলগ্রহ, নরকাসুর। [ভূসুতা-স্ত্রী, সীতা, জানকী।

ভূস্পৃক্, (ভূ—পৃথিবী+স্পৃশ—যে স্পর্শ করে) স্ত্র, পুং, মনুষ্য, মানুষ। ণ, ত্রি, ভূমিস্পর্শকারী।

ভূস্বর্গ, (ভূ—পৃথিবী+স্বর্গ) স্ত্র, পুং, সুমেরু পর্ব্বত, ইহা পৃথিবীতে স্বর্গস্বরূপ।

ভূস্বামী, (ভূ—পৃথিবী+স্বামিন্—পতি ৬-ষ) স্ত্র, পুং, রাজা, ভূম্যধিকারী।

ভৃকুংস,—শ, (ভ্রূ+কুনস্ [শ.]= বলা, দীপ্তি পাওয়া+অল্; ভ্রূ—ভৃ) স্ত্র, পুং, স্ত্রীবেশধারী নট।

ভৃকুটি, (ভ্রূ+কুট্—কুটিল হওয়া+কি; ভ্রূ—ভৃ) স্ত্র, স্ত্রী, ভ্রূভঙ্গি, ভ্রূকুটি।

ভৃগু, (ভ্রস্জ্=ভর্জ্জনকরা+কু) স্ত্র, পুং, মুনিবিশেষ, শুক্রাচার্য্য, শুক্রগ্রহ, শিব, বংশবিশেষ, অত্যুচ্চস্থান, পর্ব্বতের উচ্চসানু।

ভৃগুপতি, (ভৃগু—ভৃগুবংশ বা জমদগ্নবংশ+পতি—প্রভু, প্রধান) স্ত্র, পুং, পরশুরাম।

ভৃগুসুত, (ভৃগু—ভৃগুবংশীয়+সুত= পুত্র) স্ত্র, পু, শুক্রাচার্য্য, পরশুরাম।

ভৃঙ্গ, (ভৃ=পোষণকরা+গ ; ন্—আগম) স্ত্র, পু, ভ্রমর, ফিঙ্গাপাখী, লম্পট, স্বর্ণপাত্র, বৃক্ষবিশেষ, ভৃঙ্গরাজ বৃক্ষ। স্ত্র, ন, ত্বক্, গুড়ত্বক্, অভ্রক।

ভৃঙ্গজ, স্ত্র, পুং, অগুরু, সুগন্ধ কাষ্ঠবিং।

ভৃঙ্গরজঃ, স্ত্র, পুং, কেশুরিয়া গাছ।

ভৃঙ্গরাজ, (ভৃঙ্গ—ভ্রমর+রাজ্=দীপ্তি পাওয়া+অল্) স্ত্র, পুং, ভ্রমর, পক্ষীবিশেষ, যন্ত্রবিশেষ।

ভৃঙ্গরিট, ভৃঙ্গরীট, ভৃঙ্গরিটি, ভৃঙ্গরীটি, (ভৃঙ্গ=ভ্রমর+রট্=শব্দকরা+অ, ই; অ—ই বা ঈ) স্ত্র, পুং, শিবানুচর।

ভৃঙ্গরোল, (ভৃঙ্গ—ভ্রমর+রু—শব্দকরা +ল) স্ত্র, পুং, ভীমরুল, বোল্‌তা।

ভৃঙ্গার, (ভৃ—ধারণকরা+আর) স্ত্র, পুং, স্বর্ণনির্ম্মিত জলপাত্রবিশেষ। ন, লবঙ্গ, সুবর্ণ।

ভৃঙ্গারিকা, ভৃঙ্গারী, (ভৃঙ্গ=ভ্রমর+অরি=শত্রু+ক) স্ত্র,স্ত্রী,ঝিল্লি, ঝিঁঝি পোকা। [অনুচর।
ভৃঙ্গী,(ভৃঙ্গ=ভ্রমর+ইন্) স্ত্র,পুং,শিবের
ভৃঙ্গীশ, (ভৃঙ্গী=শিবানুচর+ঈশ=প্রভু, ৬-ষ) স্ত্র. পুং, শিব, মহাদেব
ভৃজ্জন, (ভ্রস্জ্=ভর্জ্জন করা+অনট্) স্ত্র, পুং, ভাজনা খোলা।
ভৃৎ, (ভৃ=পোষণ করা+ক্বিপ্, ৎ—আগম) ণ, ত্রি. পালনকর্ত্তা, ধারণকর্ত্তা,বাহক।
ভৃত, (ভৃ=পালনকরা+ক্ত—চ) ণ, ত্রি, পালিত, পুষ্ট। ষ্য, পুং, ভৃত্য।
ভৃতক,(ভৃত+ক)ণ,ত্রি, বেতনগ্রাহী, ভৃত্য। ষ্য, ন, বেতন। পুং, দাস।
ভৃতি, (ভৃ=পোষণকরা+ক্তি) ষ্য, ন, বেতন, মূলধন, পালন, মূল্য।
ভৃতিজীবী, ভৃতিভুক্,(ভৃতি=বেতন+জীব=বাঁচা+ণিন্—ষ)ণ, ত্রি,বেতনভোগী, বেতনগ্রাহী, দাস, সেবক।
ভৃত্য, (ভৃ=পোষণকরা+ক্যপ্—চ) স্ত্র, পুং, দাস, অধীনস্থ ব্যক্তি। ত্যা—স্ত্রী, দাসী, বেতন, ভাড়া, চিকিৎসা। ণ, ত্রি, পাল্য।
ভৃত্যাধ্যাপন, (ভৃতি=বেতন+অধ্যাপন=শিক্ষাদেওয়া) ষ্য, ন, অর্থগ্রহণপূর্ব্বক বেদাদি শিক্ষাদান।
ভৃমি, (ভ্রম্=ভ্রমণকরা, ঘোরা+ই—ই ; র—ঋ)স্ত্র, পুং, বায়ুবিশেষ, ঘূর্ণাবাতাস, আবর্ত্ত, জলের পাক, ভ্রমণ।
ভৃশ, (ভৃশ্=পতিত হওয়া+ক) ণ, ত্রি, প্রচুর। ন. বা,অত্যর্থ, বারবার, প্রধানরূপে, উৎকৃষ্টরূপে।
ভৃষদ্, স্ত্র, পুং,পাষাণ, প্রস্তর। [ভাজা।
ভৃষ্ট, (ভ্রস্জ্=ভাজা+ক্ত—চ) ণ, ত্রি,
ভৃষ্টান্ন, (ভৃষ্ট=ভর্জ্জিত+অন্ন=তণ্ডুল) স্ত্র, ন, চালভাজা, মুড়ি।
ভৃষ্টি, (ভ্রস্জ+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, ভর্জ্জন, ভাজা, জনশূন্য উদ্যান।
ভেঁপু, (দেশজ) স্ত্র, বংশীবিশেষ।
ভেক, (ভী—ভীতহওয়া+ক) স্ত্র, পুং, কী-স্ত্রী, মণ্ডূক, ব্যাঙ। পুং, মেঘ।
ভেকট, স্ত্র, পুং, ভেকটীমাছ।
ভেকভুক্, (ভেক+ভুজ্—যে ভোজন করে, ২-ষ) স্ত্র, পুং সর্প, ভুজঙ্গ।
ভেট, ভেটী, (দেশজ) স্ত্র, উপহার।
ভেড়, (ভিদ্ [সৌত্রধাতু]—পৃথক্ করা+ঘঞ্, দ—ড) স্ত্র, পুং, ড়ী—স্ত্রী, মেষ, ভেড়া।
ভেত্তা, (ভিদ্=বিদীর্ণকরা+তৃন্—ষ) ণ, ত্রি, ভেদকর্ত্তা, বেধক, বিরোধী, বিবাদজনক, বিশ্বাসঘাতক।
ভেদ, (ভিদ্+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, শত্রুবশীকরণোপায় চতুষ্টয়ান্তর্গত তৃতীয় উপায়,বিচ্ছেদ,অনৈক্য, বেধন, ভঙ্গ, বিদারণ,বিশেষ,ভিন্নতা, মনোভঙ্গ, বিভাগ, ছেদন,উপাধি, জাতি, প্রকাশ,অন্যোন্য,ভাব,রেচন,উন্মেষ।
ভেদক,(ভিদ্+ণক—ষ)ণ,ত্রি, বিদারক,বিশেষকারক,বিরেচক ঔষধাদি।
ভেদপ্রত্যয়, স্ত্র, পুং, জগতের সকল পদার্থকে ঈশ্বর ভিন্ন জ্ঞানকরণ।
ভেদুর, ভেদির, (ভিদ্=ভেদকরা +ঘুর, ইর) স্ত্র, ন, ভিদুর, বজ্র।
ভেদ্য, (ভিদ্+য—চ) ণ, ত্রি, বিদার্য্য, বিভাজ্য, বিশেষ্য।
ভেরি, (ভী=ভীতহওয়া+ই) স্ত্র, পুং, রী—স্ত্রী,বাদ্যযন্ত্রবিশেষ,ঢকা,দুন্দুভি।
ভেরুণ্ড, (ভী=ভয়পাওয়া; নিপাতন) ণ, ত্রি, ভয়াবহ। স্ত্র, ন, গর্ভধারণ। ণ্ডা-স্ত্রী, দেবীবিশেষ,বক্ষিণীবিশেষ। স্ত্র, পুং, তন্ত্রমতে শিবের মূর্ত্তিবিশেষ।
ভেল, (ভী—ভীতহওয়া+র; র—ল) স্ত্র,পুং,উড়ুপ, ভেলা, মুনিবিশেষ। ণ, ত্রি, ভীরু, নির্ব্বোধ, চঞ্চল, চপল। (দেশজ) ণ, কৃত্রিম, নকল।
ভেল্কী, (দেশজ) স্ত্র, ইন্দ্রজাল, বাজি।
ভেষজ, (ভেষ=পীড়া+জি=জয়করা

+ষ্য) স্ত্র, ন, ঔষধ।
ভেষজাঙ্গ, (ভেষজ—ঔষধ + অঙ্গ—অবয়ব, অংশ) স্ত্র, ন, অনুপান, ঔষধের সহিত পানীয় রসাদি।
ভৈক্ষ, (ভিক্ষা + ষ্ণ—কৃতার্থে) স্ত্র, ন, ভিক্ষালব্ধ বস্তু, ভিক্ষা, যাচ্ঞা।
ভৈক্ষজীবী, ভৈক্ষভুক্, ভৈক্ষাশী, (ভৈক্ষ—ভিক্ষালব্ধ বস্তু + জীবিন্—যে জীবনযাত্রা নির্ব্বাহ করে, ২-ষ ; + ভুজ্, আশিন্—যে ভোজন করে, ২-ষ) ণ, ত্রি, ভিক্ষাজীবী, ভিক্ষালব্ধ বস্তু দ্বারা যে জীবিকা নির্ব্বাহ করে।
ভৈমী, (ভীম+ষ্ণ, ঈপ্) স্ত্র, স্ত্রী, ভীমরাজার কন্যা, দময়ন্তী, ভীমএকাদশী।
ভৈরব, (ভীরু + ষ্ণ) স্ত্র, পুং, শিব, মহাদেব, মহাদেবের ভয়ঙ্কর মূর্ত্তি—অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রোধ, উন্মত্ত, কুপিত, ভীষণ, সংহার এই অষ্টমূর্ত্তি; ভয়ানকরস, রাগবিশেষ, নদবিশেষ। বী—স্ত্রী, দুর্গা, রাগিণীবিশেষ, শৈবস্ত্রীবিশেষ। ণ, ত্রি, ভয়ঙ্কর, দারুণ।
ভৈরবীচক্র, স্ত্র, ন, তান্ত্রিক মতাবলম্বী মদ্যপায়ীদিগের চক্রবিশেষ, অবধূতা স্ত্রীগণের সম্প্রদায়।
ভৈষজ, ভৈষজ্য, (ভেষজ = ঔষধ + ষ্ণ, ষ্য) স্ত্র, ন, ঔষধ, লাবকপক্ষী।
ভো, ভোঃ, (ভা—দীপ্তিপাওয়া + ডো, ডোস) বা, সম্বোধনসূচকশব্দ।
ভোঁতা, (দেশজ) ণ, অতীক্ষ্ণ, ধাররহিত, স্থূলাগ্র। [ধেড়িয়া।
ভোঁদড়, (দেশজ) স্ত্র, উদ্বিড়াল,
ভোক্তা, (ভুজ্ = ভোজনকরা + তৃন্—ষ) ণ, ত্রি, ভোজনকর্ত্তা, ভোগী, স্বামী, পতি।
ভোগ, (ভুজ্ + ঘঞ্—ভাব) স্ত্র, পুং, দেবোদ্দেশে দেয় অন্ন ব্যঞ্জনাদি, সুখ, সুখদুঃখানুভব, উপভোগ, ধন, ভোজন, সর্প, সর্পের শরীর, ফণা (অশ্বশক্তির Nonmator); পণ্যস্ত্রীর বেতন বা মূল্য, পালন, দেহ।
ভোগগুচ্ছ, স্ত্র, ন, উপভোগার্থ বেশ্যাকে দেয় অর্থ। [বাসগৃহ, অন্তঃপুর।
ভোগগৃহ, (ভোগ + গৃহ = ঘর) স্ত্র, ন,
ভোগপাল, (ভোগ + পাল—যে রক্ষা করে) স্ত্র, পুং, অশ্বরক্ষক, সহিস্।
ভোগপিশাচিকা, (ভোগ—ভোজন + পিশাচিকা—পিশাচী) স্ত্র, স্ত্রী, বুভুক্ষা, ক্ষুধা।
ভোগবান্, (ভোগ + বতু—অস্ত্যর্থে) স্ত্র, পুং, সর্প, নৃত্য, গীত। বতী—স্ত্রী, পাতাল গঙ্গা, নাগপুরী। ণ, ত্রি, ভোগবিশিষ্ট, সুখজনক, মনোহর।
ভোগা, (দেশজ) স্ত্র, প্রতারণা, ফাঁকি।
ভোগাবলী, স্ত্র, স্ত্রী, স্তুতি, নাগপুরী।
ভোগার্হ, (ভোগ + অর্হ = যোগ্য) স্ত্র, ন, ধন, ধান্য। [সহিস্।
ভোগিক, (ভোগ + ইক) স্ত্র, পুং,
ভোগিকান্ত, (ভোগিন্—সর্প + কান্ত বন্ধু) স্ত্র, পুং, সমীরণ, বায়ু।
ভোগী (ভোগ + ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, রাজা, গ্রামাধ্যক্ষ, মণ্ডল, সর্প, নাপিত। ণ, ত্রি, ভোগবিশিষ্ট, সুখী। গিনী—স্ত্রী, নাগপুরী, মহিষী ব্যতীত রাজার অন্যান্য স্ত্রী।
ভোগীন্দ্র, ভোগীশ, (ভোগিন্—সর্প + ইন্দ্র, ঈশ = রাজা) স্ত্র, পুং, সর্পরাজ।
ভোগ্য, (ভুজ্ = ভোগকরা + ঘ্যণ্—চ) ণ, ত্রি, ভোগের যোগ্য বস্তু। স্ত্র, ন, ধন, ধান্য। গ্যা—স্ত্রী, বেশ্যা।
ভোজ, (ভুজ্ + অল্) স্ত্র, পুং, ভোজপুর, অথবা অধুনাতন পাটনা ও ভাগলপুরের অন্তর্বর্ত্তী ভূভাগ, ধার নগরের রাজাবিশেষ, যদুবংশ।
ভোজন, (ভুজ্ = ভোজনকরা + অনট্—ভাব, চায়), ন, ভক্ষণ, ভক্ষ্যদ্রব্য।
ভোজবিদ্যা, স্ত্র, স্ত্রী, ঐন্দ্রজালিক বিদ্যা, ভেল্কী।

ভোজ্য, (ভুজ্+য—ক) ণ, ত্রি, ভক্ষ্য ভোজবংশীয়।

ভোজ্যসম্ভব, (ভোজ্য=ভক্ষ্য বস্তু+সম্ভব-উৎপত্তি) স্ব, পুং, শরীরস্থ রসধাতু প্রভৃতি।

ভোটাঙ্গ, স্ব, পুং, দেশবিশেষ, ভুটান।

ভোভো, বা, সম্বোধনসূচক বাক্য।

ভোর, (দেশজ) স্ব, প্রাতঃকাল, নিশাবসান, প্রত্যূষ।

ভোলি, (ভা=দীপ্তিপাওয়া+উলিচ্) স্ব, পুং, উষ্ট্র।

ভৌত, (ভূত—পিশাচাদি ইত্যাদি+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, ভূতসম্বন্ধীয়, আসুর, পৈশাচ। তী—স্ত্রী, রাত্রি।

ভৌতিক, (ভূত+ষ্ণিক-সম্বন্ধার্থে) ণ, ত্রি,ভূতসম্বন্ধীয়। স্ব,পুং,মহাদেব।

ভৌতিকনিয়ম,স্ব, যে নিয়মে ভৌতিক পদার্থের কার্য্য নির্ব্বাহ হয়।

ভৌতিকপদার্থ,স্ব, অচেতনপদার্থ যে, সকল বস্তু এক প্রাকৃতিক পরমাণুর যোগে উৎপন্ন হয়।

ভৌম, (ভূমি+ষ্ণ—অপত্যার্থে,জাতার্থে) স্ব, পুং, মঙ্গলগ্রহ, নরকাসুর। ণ, ত্রি, ভূমিসম্পর্কীয়, ভূমিজাত। মী—স্ত্রী, সীতা, জানকী।

ভৌমন, স্ব,পুং,দেব শিল্পী, বিশ্বকর্ম্মা।

ভৌমরত্ন, (ভৌম+রত্ন=মণি) স্ব, ন, প্রবাল, পলা। [ভূম্যধিকারী,

ভৌমিক, (ভূমি+ষ্ণিক) ণ, ত্রি,

ভ্রংশ, (ভ্রন্শ্—পতিতহওয়া+অল্—ভাব) স্ব,পুং,পতন,স্খলন,পলায়ন।

ভ্রকুংস,—শ, (ভ্র+কুন্স্,—শ্=দীপ্তি পাওয়া+অল্; ভ্রূ—র) স্ব, পুং, স্ত্রী-বেশধারী নট।

ভ্রকুটি,—টী, (ভ্র+কুট্=কুটিল হওয়া+ই, ভ্রূ—র) স্ব,স্ত্রী,ভ্রূকুটি, ভ্রূভঙ্গী।

ভ্রম, (ভ্রম্—ভ্রমণকরা+অল্—ভাব) স্ব, পুং, মিথ্যা জ্ঞান, ভ্রান্তি,অনবধানতা, ভ্রমণ, ঘূর্ণি,নর্দ্দমা,কুম্ভকারের চক্র, ঘুর।

ভ্রমণ, (ভ্রম্+অনট্—ভাব) স্ব, ন, পর্য্যটন, বেড়ান, ঘোরা।

ভ্রমৎকুটি, (ভ্রমৎ+কুটী—গৃহ) স্ব, স্ত্রী, তৃণাদি নির্ম্মিত ছত্র।

ভ্রমর, (ভ্রম+অর) স্ব, পুং. রী—স্ত্রী, মধুকর, কামুক। ন,অপস্মার রোগ। ণ, ত্রি, যাহা ঘুরে।

ভ্রমরক, (ভ্রমর=মধুকর+ক) স্ব, পুং, ললাটলম্বিত চূর্ণকুন্তল, ভৃঙ্গ, বেঁটে ইন্দুর, শৃঙ্গ, জলাবর্ত্ত,খেলাবার বল।

ভ্রমরকীট, (ভ্রমর=মধুকর+কীট=পোকা) স্ব, পুং, কুমিরে পোকা।

ভ্রমরবিলাসত, স্ব, স্ত্রী, একাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ, অলিক্রীড়া।

ভ্রমরাতিথি, স্ব, পুং, চম্পক, চাঁপা।

ভ্রমরালক, (ভ্রমর=মধুকর+অলক—চূর্ণকুন্তল) স্ব, পুং, ভ্রমরক, ললাটলম্বিত চূর্ণকুন্তল।

ভ্রমাসক্ত, (ভ্রম—কুন্দযন্ত্র+আসক্ত—অনুরক্ত) স্ব, পুং, অস্ত্রপরিষ্কারক।

ভ্রমি, (ভ্রম্+ই) স্ব, স্ত্রী, ঘূর্ণজল, জলাবর্ত্ত, ভ্রমণ, ভ্রান্তি, ঘূর্ণন।

ভ্রষ্ট, (ভ্রন্শ্=পতিতহওয়া+ক্ত—ক) ণ, ত্রি,চ্যুত,অধার্ম্মিক, দোষবিশিষ্ট। ষ্টা—স্ত্রী, ব্যভিচারিণী নারী।

ভ্রাজক, (ভ্রাজ্=দীপ্তিপাওয়া+ণক—ক) স্ব, ন, দেহান্তর্গত ধাতুবিশেষ, পিত্ত। ণ, ত্রি, দীপ্তিকারক।

ভ্রাজথু, স্ব, স্ত্রী, শোভা।

ভ্রাজিষ্ণু, (ভ্রাজ্=দীপ্তিপাওয়া+ইষ্ণু—ক, শীলার্থে) ণ, ত্রি, দীপ্তিশীল, উজ্জ্বল, শোভাযুক্ত।

ভ্রাজী,(ভ্রাজ্+ণিন্—ক; শীলার্থে) ণ, ত্রি, দীপ্তিশীল, শোভাবিশিষ্ট।

ভ্রাতা, (ভ্রাজ্=দীপ্তিপাওয়া+তৃন্) স্ব, পুং, সহোদর, বৈমাত্রেয়, ভাই। দ্বিং, ভ্রাতা ও ভগিনী, দুই ভাই।

ভ্রাতুষ্পুত্র, (ভ্রাতুঃ—ভ্রাতার আত্মজ+

পুত্র) স্ব, পুং, ভ্রাতার সন্তান।

ভ্রাতৃজ, (ভ্রাতৃ—ভাই+জ—জাত) স্ব, পুং, ভ্রাতার পুত্র, ভাইপো। জা—স্ত্রী, ভ্রাতৃকন্যা, ভাইঝি।

ভ্রাতৃদ্বিতীয়া, স্ব, স্ত্রী, ভাইদ্বিতীয়া, কার্ত্তিকী শুক্লাদ্বিতীয়া।

ভ্রাতৃব্য, (ভ্রাতৃ—ভাই+ব্য—অপত্যার্থে) স্ব, পুং, ভাইপো, শত্রু।

ভ্রাতৃশ্বশুর, স্ব, পুং, পতির জ্যেষ্ঠ ভ্রাতা।

ভ্রাত্রীয়, (ভ্রাতৃ—ভাই+ঈয়) ণ, ত্রি, ভ্রাতৃসম্বন্ধীয়। স্ব, পুং, ভ্রাতুষ্পুত্র। য়া—স্ত্রী, ভ্রাতৃকন্যা।

ভ্রান্ত, (ভ্রম্—ভ্রমণকরা+ক্ত—ম) ণ, ত্রি, ঘূর্ণায়মান, ভ্রমণযুক্ত, ভ্রান্তিযুক্ত, স্ব, ন, ভ্রমণ। পুং, রাজধুস্তূর, মত্তহস্তী।

ভ্রান্তি, (ভ্রম্+ক্তি—ভাব) স্ব, স্ত্রী, অনবস্থিত ভ্রমণ ভ্রম, ভুল।

ভ্রান্তিমান, (ভ্রান্তি + মতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, ভ্রান্তিবিশিষ্ট। স্ব, পুং, কাব্যালঙ্কারবিশেষ, সাদৃশ্য নিবন্ধক প্রকৃত বিষয়ে কবিকল্পনাকৃত অন্য বস্তুর যে ভ্রম।

ভ্রান্তিহর, (ভ্রান্তি=ভ্রম+হর—য হরণ করে) ণ, ত্রি, ভ্রমবিনাশক। স্ব, পুং, মন্ত্রী।

ভ্রাম, (ভ্রম্+ঘঞ্) স্ব, পুং, ভ্রমণ।

ভ্রামক, (ভ্রম্+ণক—ব) স্ব, পুং, ধূর্ত্ত, শৃগাল, চুম্বকপাথর, সূর্য্যাবর্ত্ত। ণ, ত্রি, ভ্রমজনক।

ভ্রামর, (ভ্রমর—মধুকর ইত্যাদি+ষ্ণ) স্ব, ন, ভ্রমরজ মধু, নৃত্যবিশেষ। পুং, অশ্ম, চুম্বক পাথর। ণ, ত্রি, ভ্রমরসম্বন্ধীয়। রী—স্ত্রী, পার্ব্বতী, দুর্গা।

ভ্রাষ্ট্র, (ভ্রস্জ্—ভাজা+ত্র) স্ব, পুং, ন, ভাজনাখোলা। ন, আকাশ।

ভ্রূ, (ভ্রম—ভ্রমণকরা+ডূ) স্ব, স্ত্রী, চক্ষুর ঊর্দ্ধ ও ললাটের নিম্নস্থিত রোমরাজী, নয়নের ঊর্দ্ধভাগ।

ভ্রূকুংস,—শ, ভ্রূকুংস,—শ, (ভ্রূ+কুংস্—শ্—দীপ্তিপাওয়া+অল্) স্ব, পুং, স্ত্রীবেশধারী নর্ত্তকপুরুষ।

ভ্রূকুটি, ভ্রুকুটি, (ভ্রূ+কুট্—কুটিলহওয়া+ই) স্ব, স্ত্রী, ক্রোধাদিবশতঃ ভ্রূর বক্রতা, ভ্রূভঙ্গ।

ভ্রূক্ষেপ, (ভ্রূ+ক্ষেপ—ক্ষেপ) স্ব, পুং, ভ্রূচালন, ভ্রূভঙ্গ, ভ্রূবিলাস, বিকট দৃষ্টিপাত।

ভ্রূণ, (ভ্রূণ্—আকাঙ্ক্ষা করা+অল্) স্ব, পুং, বালক, গর্ভস্থ সন্তান।

ভ্রূণহত্যা, (ভ্রূণ+হত্যা—বধ) স্ব, স্ত্রী, গর্ভস্থ সন্তানের বিনাশ, গর্ভনাশ করণ।

ভ্রূণহা, (ভ্রূণ=গর্ভস্থবালক+হন্—বধকরা+কিপ্—ম, ভূতকাল) ণ, ত্রি, ভ্রূণ হত্যাকারক, গর্ভস্থবালক হন্তা।

ভ্রূভঙ্গ, (ভ্রূ+ভঙ্গ—ভাঙা, ৬-ষ) স্ব, পুং, ভ্রূকুটি।

ভ্রেষ, ভ্রেষণ, (ভ্রেষ্=গমনকরা+ঘঞ্, অনট্—ভাব) স্ব, ন, চলন, গমন।

ম

ম, ব্যঞ্জনের পঞ্চবিংশবর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, এইজন্য উহাকে ওষ্ঠ্য বর্ণ বলে। (মা—পরিমাণকরা+ড) স্ব, পুং, শিব, ব্রহ্মা, সময়, বিষ্ণু, বিষ, মনুষ্য, যম, চন্দ্র, চতুর্থ রাগ, মায়া। ন, ভাগ্য, সলিল।

মই, (দেশজ) স্ব, বাঁশের সিঁড়ি।

মউ, (মধুশব্দজ) স্ব, মধু।

মউচাক, (মধুচক্রশব্দজ) স্ব, মধুক্রম

মৌমাছি, (মধুমক্ষিকা শব্দজ) স্ব, মধুমক্ষিকা, সরঘা।

মকর, (ম—মুখশব্দজ+কৃ—করা+অল্ অথবা ম=মনুষ্য+কৃ=হিংসা করা+অল্) স্ব, পুং, শুণ্ডবিশিষ্ট মৎস্য বিশেষ, কামদেবের ধ্বজ, মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত দশমরাশি। (মক=ভূষণ+রা+ড) কুবেরের নিধিবিশেষ।

মকরকুণ্ডল, ব্য, ন, মকরাকৃতি কর্ণভূষণ।

মকরকেতন, (মকর—মকরচিহ্ন+কেতন—ধ্বজ ; ৬.ত) ব্য, পুং, মীনকেতন, কন্দর্প, সমুদ্র।

মকরক্রান্তি.ব্য,স্ত্রী; নিরক্ষরেখা হইতে ২৩½ অংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে ; (Tropic of Capricorn)

মকরকেতু, (মকর+কেতু=ধ্বজ ৬ হ) ব্য, পুং, মীনকেতন. কন্দর্প।;

মকরধ্বজ,(মকর+ধ্বজ=পতাকা ;৬.ত) ব্য, পুং, মীনকেতন, মদন, কন্দর্প, ঔষধবিশেষ।

মকরন্দ, (মকর+দো—ছেদনকরা+ড) ব্য, পুং, পুষ্পরস, পুষ্পের মধু, কুঁদকুলের গাছ। ন, কিঞ্জল্ক, পুষ্পরেণু।

মকরন্দবতী, (মকরন্দ+বৎ+ঈ)ব্য, স্ত্রী, পুষ্পবিশেষ, পাটলাপুষ্প, পারুল ফুল। [রচনাবিশেষ।

মকরব্যূহ, ব্য, পুং, মকরাকার সৈন্য-

মকরাকর, মকরালয়, (মকর+আকর =আধার, আলয়=গৃহ) ব্য, পুং, সমুদ্র।[পুং, মকরধ্বজ, মদন, সমুদ্র।

মকরাঙ্ক, (মকর+অঙ্ক=চিহ্ন) ব্য,

মকরাশ্ব, (মকর=জলজন্তুবিশেষ+অশ্ব=ঘোটক) ব্য, পুং, বরুণ।

মকরিকা, (মকর+ইক) ব্য, স্ত্রী, মকরাকার পত্রাবলী। [পুং. সমুদ্র।

মকরী, (মকর+ইন্—অস্ত্যার্থে) ব্য,

মকার, ('ম' এই অক্ষর+কার-স্বার্থে) ব্য, পুং, ম অক্ষর, মৎস্য মাংস মদ্য মুদ্রা মৈথুন এই মকরাদি পঞ্চ।

মকুট, (মন্‌ক্=ভূষিতকরা+উট ; নিপাতন) ব্য, ন, কিরিট, মুকুট, শিরোভূষণ।

মকুতি, ব্য, স্ত্রী, শূদ্রশাসন।

মকুর, (মন্‌ক্+উর—সংজ্ঞার্থে ; নিপাতন) ব্য, পুং, কুম্ভকারের দণ্ড, আদর্শ, দর্পণ, মুকুল, যূথি, বকুল বৃক্ষ।[পুং, মুকুল, কলিকা, বকুল।

মকুল, (মন্‌ক্+উল : নিপাতন) ব্য,

মকুষ্টক, ব্য, পুং, বনমুদ্গ, মুগানি।

মকুষ্ঠ, (মকু [মন্‌ক্=ভূষিতকরা+উ]+স্থা —থাকা+ড, অথবা ম [মা= পরিমাণকরা+ড]+কুষ্ঠ [কু+স্থা= থাকা+ড) ণ, ত্রি, মন্থর, মন্দগামী। ব্য. পুং, শস্যবিশেষ।

মক্কা, (যবনভাষা) ব্য, দেশবিশেষ, মহম্মদের জন্মস্থান, জনার।

মক্কূল, (মক্—গমনকরা, হওয়া+ঊলচ্)ব্য, ন, খনিজ পদার্থ বিশেষ, শিলাজতু। [পুং, খড়ী।

মক্কোল, (মক্—গমনকরা+ওল) ব্য.

মক্ষ, (মক্ষ্—রাশিকরা ইত্যাদি+অল্) ব্য, পুং, ক্রোধ, সমূহ, স্বীয়দোষ গোপনকরা।

মক্ষিকা, মক্ষীকা, (মক্ষ্—ক্রুদ্ধহওয়া, রাশিকরা+ণক. আপ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, কীটবিশেষ, মাছি।

মক্ষিকামল, ব্য, ন, সিক্থক. মোম।

মখ. (মখ=গমনকরা+অল্) ব্য. পুং, যাগ, যজ্ঞ।

মখত্রাতা, (মখ—যজ্ঞ+ত্রাতৃ=যে রক্ষা করে) ব্য, পুং, দশরথ তনয় রামচন্দ্র. রাক্ষসগণ বিশ্বামিত্রের যজ্ঞের অত্যন্ত বিঘ্ন করিয়াছিল, অবশেষে রামচন্দ্র তাহাদিগকে পরাজিত করিয়া যজ্ঞের প্রত্যূহ নিরাকরণ করেন বলিয়া এই নামে আখ্যাত হইতেন।

মখাসুহৃদ, (মখ—[দক্ষ]যজ্ঞ+অসুহৃদ্—শত্রু) ব্য, পুং, ক্রতুধ্বংসী, শিব, মহাদেব। [মজ্জা।

মগজ, (যবনভাষা) ব্য, পুং, মস্তিষ্ক,

মগধ, (মগ [মন্‌গ=গমন করা+অল্]=দোষ বা পাপ+ধা, ধারণা-ভূজ) ব্য, পুং, বন্দী, স্তুতিপাঠক,

দক্ষিণ বেহারদেশ। বহুং,মগধদেশীয় লোক। ধা—স্ত্রী, পিপ্পলী।
মগধেশ্বর, (মগধ+ঈশ্বর=স্বামী, ৬-ষ) ষ্য, পুং, মগধদেশের অধিপতি,রাজা, জরাসন্ধ। [অন্তঃপ্রবিষ্ট, ডোবা।
মগ্ন, (মস্‌জ=ডুবা+ক্ত) ণ, ত্রি.
মগ্নগিরি, পুং, যে পর্ব্বত সমুদ্রগর্ভে মগ্ন থাকে ; (Submarine Rock.)
মঘ, (মহ্=পূজাকরা+অল ; হ=ঘ) ষ্য, পুং, দ্বীপবিশেষ, মগনামক ম্লেচ্ছদের দেশ, আধুনিক বর্ম্মা, সুখ, পূজা। ন, পুষ্পবিশেষ।
মঘবা, (মহ=পূজাকরা+অন্ ; ব—আগম) ষ্য, পুং, ইন্দ্র। ঘোনী—স্ত্রী, শচী, ইন্দ্রাণী।
মঘবান্, (মঘ=[স্বর্গের] সুখ+বৎ—অস্ত্যর্থে) ষ্য, পুং, ইন্দ্র। বতী—স্ত্রী, ইন্দ্রাণী। [বিশেষ।
মঘা, (মঘ+আ) ষ্য, স্ত্রী, নক্ষত্র-
মঘাভূ, (মঘা+ভূ=জাত) ষ্য, শুক্রগ্রহ।
মঘী, ষ্য, স্ত্রী, ধান্যবিশেষ, আশুধান্য।
মঙ্কিল, (মন্‌ক্=শোভিতকরা+ইলচ) ষ্য, পুং, দাবানল, বনাগ্নি।
মঙ্কুর, (মন্‌ক্=ভূষিতকরা+উর) ষ্য, পুং, মুকুর, দর্পণ।
মঙ্খ, (মনখ=গমনকরা+অচ) ষ্য,পুং, সন্ন্যাসীবিশেষ, পরিব্রাজক।
মঙ্গ, (মন্‌গ=গমনকরা+অল) ষ্য,পুং, নৌকার গলুই।
মঙ্গল, (মন্‌গ=গমনকরা+অলচ) ষ্য, ন, কুশল, ক্ষেম, শুভ। পুং,কুজগ্রহ। লা—স্ত্রী, উমা, পার্ব্বতী, দুর্গা, শুক্লদূর্ব্বা, হরিদ্রা, পতিব্রতা স্ত্রী। ণ,ত্রি, শুভদায়ক।
মঙ্গলচণ্ডিকা, মঙ্গলচণ্ডী, ষ্য, স্ত্রী, মঙ্গলবারে অর্চনীয়া চণ্ডিকা, দুর্গা, ভগবতী।
মঙ্গলচ্ছায়, (মঙ্গল=শুভকর+ছায়া ; ৬-ষ) ষ্য, পুং, প্লক্ষবৃক্ষ, অশ্বত্থগাছ।
মঙ্গলপাঠক, (মঙ্গল=কুশল+পাঠক=যে পাঠ করে, ৬-ষ) ষ্য, পুং, স্তুতিপাঠক, বন্দী, মাগধী।
মঙ্গলপ্রদা, ষ্য, স্ত্রী, হরিদ্রা।
মঙ্গলসন্নিধান, ন, স্বস্তিক শ্রী প্রভৃতি, যাহা বরণডালায় দেয়।
মঙ্গলাচরণ, (মঙ্গল+আচরণ, কর্ম্মধা) ষ্য,ন, কর্ম্মারম্ভে শুভজনক অনুষ্ঠান।
মঙ্গল্য, (মঙ্গল+য) ণ, ত্রি, শুভকর, শুভজনক, রুচির, সাধু, সুখদ, সুন্দর। ষ্য, ন, চন্দন, দধি, বিল্ববৃক্ষ, অশ্বত্থবৃক্ষ,নারিকেলবৃক্ষ, রীঠাকরঞ্জ, স্বর্ণ, সিন্দূর। ল্যা—স্ত্রী, মল্লিকার গন্ধযুক্ত অগরু, শমীধান্য, মিসী, শুক্লবচা, রোচনা, প্রিয়ঙ্গু, শঙ্খপুষ্পী, মাষপর্ণী,জীবন্তী, বচা, চীড়া, হরিদ্রা, দূর্ব্বা, দুর্গা।
মঙ্গল্যক, (মঙ্গল্য+ক—যোগ) ষ্য, পুং, মসূর, মসূরি কড়াই।
মঙ্গিনী, (মঙ্গ=নৌকার শিরোভাগ +ইন্-অস্ত্যর্থে)ষ্য স্ত্রী, তরি,নৌকা।
মচকান, (দেশজ) ণ, মোচড়ান, ঈষৎ ভগ্ন।
মচর্চ্চিকা, (ম=শিব+চর্চ্চ্=অনুশীলন করা+ণক) ষ্য, স্ত্রী, (শব্দের পরবর্ত্তী হইলে) প্রশস্ত, উত্তম।
মচ্ছ, (মদ্=[জলে] হৃষ্টহওয়া ইত্যাদি +শ) ষ্য, পুং, মৎস্য, মাছ।
মজন, (মজ্জন শব্দজ) ষ্য, মগ্নহওন, আসক্ত হওন।
মজা, (মগ্নার্থ মস্‌জ্ ধাতুজ) ণ,মগ্ন, গলিত। ষ্য, সুখ। [বিশেষ।
মজুমদার, (মজুম্+দার) উপাধি-
মজ্জকৃৎ, (মজ্জন্=অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহ বিশেষ+কৃৎ=যে করে) ষ্য, ন, অস্থি, হাড়। [মজ্জন।
মজ্জথু, (মস্‌জ্=মগ্নহওয়া+অথু) ষ্য, পুং,
মজ্জন, (মস্‌জ্+অনট্) ষ্য, ন,

মগ্ন হওয়া, স্নান, অবগাহন, মজ্জা, অস্থিসার।
মজ্জসমুদ্ভব, (মজ্জন্=মজ্জা+সমুদ্ভব=উৎপত্তি ; ৬-ষ্ঠ) ব্য, ন, শুক্র, রেতঃ।
মজ্জন্-পুং, মজ্জা—স্ত্রী, (মস্জ্ [অস্থি প্রভৃতির মধ্যে]=ডুবা+কনিন, অ, আপ্) ব্য, অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহবিশেষ, বৃক্ষসার।
মজ্জারজঃ, (মজ্জা+রজস্) ব্য, ন, নরকবিশেষ, গুগ্গুল।
মজ্জারস, ব্য, পুং, শুক্র, রেতঃ।
মজ্জাসার, ব্য, পুং, জাতীফল, জায়ফল
মজ্জিকা, ব্য, স্ত্রী, পক্ষিবিশেষ, সারসী।

মঞ্চ, মঞ্চক, (মন্চ্=উচ্চহওয়া ইত্যাদি +অল্, ক—যোগে মঞ্চক) ব্য, পুং, পর্য্যঙ্ক, খট্টা, খাট, মাচা, বেদি, উন্নত স্থান।
মঞ্চকাশ্রয়, (মঞ্চক=পর্য্যঙ্ক, শয্যা+আশ্রয়=বাসস্থান) ব্য, পুং, মৎকুণ, ছারপোকা।
মঞ্চমণ্ডপ, (মঞ্চ=মাচা+মণ্ডপ=গৃহ) ব্য, পুং, শস্য রাখিবার স্থান, গোলা। [বিশেষ, মনঃশিলা।
মঞ্জাল, (দেশজ) ব্য, বক্তবর্ণ, হরিদ্রা
মঞ্জন, ব্য, ন, মার্জ্জন, মুখপ্রক্ষালক দ্রব্য, মাজন, মিসি।
মঞ্জর, (মঞ্জু=মনোজ্ঞতা+রা=দানকরা+ড ; উ=অ, ২-য়) ব্য, ন, রি, রী—স্ত্রী, মুকুল, অঙ্কুর, বৃন্ত, বোঁটা, ঝাড়, শীষ, মুক্তা, তিলকবৃক্ষ। [রিত, মুকুলিত।
মঞ্জরিত, (মঞ্জর+ইত) ণ, ত্রি, অঙ্কুমঞ্জরী, (মন্জ্=শব্দকরা+অল) ব্য, স্ত্রী, মঞ্জরী, ছাগী। [ব্য, স্ত্রী, মঞ্জরী।
মঞ্জি, মঞ্জী, (মন্জ=মার্জ্জনকরা+ই)
মঞ্জিকা, ব্য, স্ত্রী, গণিকা, বেশ্যা।
মঞ্জিফলা, ব্য, স্ত্রী, কদলীবৃক্ষ, কলা।
মঞ্জিমন্, (মঞ্জু=সুন্দর+ইমন্) ব্য, পুং, সৌন্দর্য্য, শোভা, চারুতা।
মঞ্জিষ্ঠা, (মঞ্জু=মনোহর+স্থা=থাকা+ড, আপ) ব্য, স্ত্রী, স্বনামখ্যাত রক্তবর্ণ লতাবিশেষ।
মঞ্জীর, (মন্জ=শব্দকরা+ঈর) ব্য, পুং—ন, চরণাভরণবিশেষ, নূপুর। পুং, মন্থনদণ্ডবন্ধন স্তম্ভ।
মঞ্জীল, (মঞ্জু=শব্দকরা+ঈরন্, র=ল) ব্য, পুং, যে স্থানে সর্ব্বদা অপরিষ্কৃত বস্ত্র পরিষ্করণ জন্য শব্দ উত্থিত হয়, রজকদিগের কার্য্যস্থান, গ্রাম।
মঞ্জু, (মন্জ=মার্জ্জনকরা+উ) ণ, ত্রি, মনোহর, সুন্দর, মধুর।
মঞ্জুকেশী, (মঞ্জু=মনোহর+কেশ=চুল +ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, শ্রীকৃষ্ণ। ণ, ত্রি, মনোহর কেশবিশিষ্ট।
মঞ্জুগমনা, (মঞ্জু=মনোহর+গমন=চলন) ব্য, স্ত্রী, সুন্দরগামিনী, হংসী।
মঞ্জুঘোষ, (মঞ্জু=মনোহর+ঘোষ=শব্দ) ণ, ত্রি, সুস্বরশালী। ব্য, পুং বুদ্ধজিনবিশেষ, মঞ্জুভদ্র। ষা—স্ত্রী, অপ্সরাবিশেষ।
মঞ্জুপাঠক, ব্য, পুং, শুকপক্ষী।
মঞ্জুপ্রাণ, (মঞ্জু=মনোজ্ঞ+প্রাণ=জীবন) ব্য, পুং, ব্রহ্মা, স্বয়ম্ভু।
মঞ্জুর, (যাবনিক) ব্য, স্বীকার।
মঞ্জুল, (মন্জ+উল, অথবা মঞ্জু=মনোহর+লা=হওয়া+ড, কিম্বা মঞ্জু+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, মনোহর, সুন্দর, সমীচীন, মধুর। ব্য, ন, নিকুঞ্জ। পুং, শৈবাল, জলকুক্কুট।
মঞ্জুষা, (মন্জ=পরিষ্কার করা+উষ) ব্য, স্ত্রী, পেটরা, সিন্দুক, মঞ্জিষ্ঠা, পাষাণ, প্রস্তর।

মটতী, ব্য, স্ত্রী, তুষারবৃষ্টি।
মটর, (দেশজ) ব্য, কলাই-বিশেষ, মটর কলাই। [প্রকাশ।
মটস্ফটি, ব্য, পুং, দর্পারম্ভ, দম্ভ-
মটুক, (মুকুট শব্দজ) ব্য, কিরীট, শিরোভূষণ। তৃণময় গৃহের অগ্রভাগ।
মট্কা, (মুকুট বা মটুক শব্দজ) ব্য,
মট্কি, (দেশজ) ব্য, ঘৃতাদিরক্ষণার্থ নির্ম্মিত মৃণ্ময় পাত্রবিশেষ।
মট্টক, ব্য, ন, গৃহের শিরোভাগ, মট্কা।
মঠ, (মঠ্—বাসকরা+অল—ডে) ব্য, পুং, যেখানে ছাত্রেরা বাস করে, টোল, পাঠশালা, মন্দির, দেবালয়, গন্ত্রীরথ, গাড়ি, আখড়া, সন্ন্যাসী-দিগের বাসভবন।
মঠর, (মন্—মান্যকরা+অর—সংজ্ঞা-র্থে, ন্—ঠ) ব্য, পুং, মুনিবিশেষ, মত্ত।
মড়ক, (মরক শব্দজ) ব্য, মারীভয়। বহুং, মনুষ্যের মৃত্যুসময়।
মড়কচা, (দেশজ) ব্য, তৃণগৃহের পৃষ্ঠদণ্ড। [প্রধান ব্যক্তি।
মড়ল, (মণ্ডল শব্দজ) ব্য, গ্রামের
মড়া, (বাঙ্গালা মরা শব্দজ) ব্য, মৃত-দেহ, শব। [স্ত্রী।
মড়াঞ্চিয়া, (দেশজ) স্ত্রী, মৃতবৎসা
মড্ডু, (মসজ্—[ডুবা] পবিত্র হওয়া +উ) ব্য, পুং, বাদ্যযন্ত্র-বিশেষ।
মণ, (দেশজ) ব্য, ৪০ সের পরিমিত ওজন।
মণি, (মণ্—শব্দকরা+ই) ব্য, পুং, স্ত্রী, রত্নবিশেষ, বহুমূল্য প্রস্তরবিশেষ, মুক্তা প্রভৃতি, অলিঞ্জর, জালা, মণিবন্ধ, কব্জি, অজাগলস্তন। পুং, নাগবিশেষ, লিঙ্গের অগ্রভাগ, যোনির অগ্রভাগ।
মণিক, (মণি+ক—যোগ) ব্য, ন, অলিঞ্জর, মাটীরজালা, কলসী ইত্যাদি
মণিকর্ণিকা, (মণিকর্ণ—মণিময় কর্ণভূ-ষণ+টিক, আ) ব্য, স্ত্রী, কাশীস্থ তীর্থবিশেষ, বিষ্ণুর তপস্যা দর্শনে বিস্মিত হওয়াতে শিবের কর্ণভূষণ এই স্থানে পতিত হইয়াছিল।
মণিকানন, (মণি—বহুমূল্যরত্ন+কানন —বন) ব্য, ন, কণ্ঠ, গলা, গলদেশে বহুমূল্য রত্নালঙ্কার ধারণ করা যায় বলিয়া ইহাকে মণিকানন বলা যায়।
মণিকার, (মণি+কার—যে করে, ২ য) ব্য, পুং, মণিপরিষ্কারক, মণিপরীক্ষক, জহরী, স্মার গ্রন্থকার-বিশেষ।
মণিকূট, ব্য, পুং, পর্ব্বতবিশেষ।
মণিক্রেতা, ব্য, পুং, মণির আকর বা খনি।
মণিগ্রীব, (মণি—রত্ন+গ্রীবা) ব্য, পুং, কুবের পুত্র।
মণিত, (মণ্—শব্দকরা+ক্ত) ব্য, ন, চুম্বনাদি ধ্বনি, রতিকূজিত, স্ত্রীসং-সর্গকালীন শীৎকারবিশিষ্ট বাক্য।
মণিদ্বীপ, ব্য, পুং, অনন্তনাগের ফণা।
মণিধনুঃ, (মণি+ধনুষ্—ধনুক) ব্য, ন, শক্রধনু, রামধনু।
মণিপুর, (মণি—রত্ন+পুর—পূর্ণ) ব্য, পুং, নাভিস্থল। ন, ষট্চক্রের অন্ত-র্গত নাভির মধ্যস্থিত তৃতীয় চক্র, নাভিপদ্ম, বাঙ্গালার পূর্ব্বস্থিত স্বনাম প্রসিদ্ধ দেশ।
মণিবন্ধ, (মণি—কব্জি+বন্ধ, কর্ম্মধা) ব্য, পুং, করগ্রন্থি, হাতের কব্জি, পর্ব্বতবিশেষ।
মণিভদ্র, ব্য, পুং, যক্ষবিশেষ।
মণিভিত্তি, (মণি+ভিত্তি—দেওয়াল) ব্য, স্ত্রী, সর্পরাজ শেষ নাগের প্রাসাদ।
মণিমণ্ডপ, (মণি+মণ্ডপ—প্রাসাদ) ব্য, পুং, শেষ নাগের পুরী, নৈঋতের বাসস্থান।
মণিমন্থ, (মণি—রত্ন+মন্থ—যে মন্থন করে) ব্য, ন, সৈন্ধবলবণ, স্বনাম প্রসিদ্ধ পর্ব্বতবিশেষ।

মণিমধ্য, ব্য, ন, বৃহতীছন্দের জাতি-বিশেষ।

মণিমান, (মণি=রত্নবিশেষ+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, মণিবিশিষ্ট, রত্নভূষিত। ব্য, পুং, সূর্য্য।

মণিমালা, (মণি=রত্ন+মালা=হার ইত্যাদি) ব্য, স্ত্রী, মণিময় হার, লক্ষী, দন্তক্ষতবিশেষ, দীপ্তি, প্রভা।

মণিয়া, (দেশজ) ব্য, ক্ষুদ্রপক্ষিবিশেষ।

মণিরাগ, ব্য, পুং, হিঙ্গুল।

মণিবীজ, (মণি=রত্ন+বীজ=বিচি) ব্য, পুং, দাড়িম্ব বৃক্ষ।

মণিসর, (মণি+সর=যে গমন করে) ব্য, পুং, মণিময়হার, মুক্তাহার, মুক্তার মালা।

মণিহারী, (দেশজ) ত্রি, ব্যবসায়ী-বিশেষ, বিবিধ বিলাসদ্রব্যবিক্রয়-কারী। [মাছরাঙ্গা পাখী।

মণীচক, ব্য, ন, চন্দ্রকান্তমণি। পুং,

মণীবক, (মন্=শব্দকরা, নিপাতন) ব্য, ন, স্বনামখ্যাত পুষ্প।

মণ্ড, (মণ্ড=ভূষিতকরা+অল্) ব্য, পুং—ন, গাদ, অন্নাদিভব রস, মাড়, ফেন, পিচ্ছ, সার, শাকবিশেষ। পুং, ভূষণ, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ, মধির মাত। ণ্ডা—স্ত্রী, সুরা, মদিরা, মিষ্টান্নবিশেষ, সন্দেশ।

মণ্ডক, ব্য, পুং, পিষ্টকবিশেষ, বড়া, গীতের অঙ্গবিশেষ।

মণ্ডন, (মণ্ড+অনট—ধ, ঘ) ব্য, ন, অলঙ্করণ, ভূষণ। ণ, ত্রি, সাজান, অলঙ্কারক। ব্য, পুং, পণ্ডিতবিশেষ।

মণ্ডপ, (মণ্ড=ভূষণ+পা=পালনকরা, +ড) ব্য, পুং, ন, গৃহ, দালান, দেবাদির বাসভবন। (মণ্ড+প =যে পান করে) ণ, ত্রি, মণ্ডপায়ী।

মণ্ডয়ন্ত, (মণ্ডি=ভূষিতকরা+অন্ত) ব্য, পুং, নট, ভূষণ, অন্ন। ন্তী—স্ত্রী, যোষিৎ, নারী।

মণ্ডরী, ব্য, স্ত্রী, ঝুমঝুমে পোকা।

মণ্ডল, (মণ্ড+অল, কিম্বা মণ্ড+ল—স্বার্থে) ব্য, ত্রি, চন্দ্রসূর্য্যাদির বেষ্টন, পরিধি। ন, সূর্য্যাদির বিম্ব, বিভাগ, দেশ, গ্রাম-সমূহ, গোল, প্রদেশ, রাজ্য, অরি-মিত্রাদি দ্বাদশবিধ রাজা, ধনুর্দ্ধর-দিগের স্থানবিশেষ, কৃত্রিম রেখাদি দ্বারা নির্ম্মিত আসনবিশেষ, ব্যূহ-বিশেষ। পুং, কুক্কুর, সর্পবিশেষ। (দেশজ) গ্রামের প্রধান ব্যক্তি, মড়ল।

মণ্ডলক, (মণ্ডল+ক—যোগ) ব্য, ন, চন্দ্র ও সূর্য্যের মণ্ডল, বিম্ব, দর্পণ, আয়না, আর্শি, কুষ্ঠরোগভেদ, মণ্ডলাকার ব্যূহ। পুং, কুক্কুর।

মণ্ডলনৃত্য, ব্য, ন, মণ্ডলাকারে নৃত্য, পূর্ব্বকালে গোপীগণ রাধিকা ও শ্রীকৃষ্ণের চতুঃপার্শ্বে যেরূপ মণ্ডলা-কারে নৃত্য করিত সেইরূপ নৃত্য।

মণ্ডলপত্রিকা, ব্য, স্ত্রী, রক্তবর্ণ পুনর্ন্নবা শাক।

মণ্ডলাগ্র, (মণ্ডল=গোল+অগ্র=অগ্র-ভাগ) ব্য, পুং, অসি, খড়্গ, তরবার।

মণ্ডলাধীশ, (মণ্ডল=সাম্রাজ্য+অধীশ =অধিপতি) ব্য, পুং, মণ্ডলেশ্বর, চতুঃশতযোজন পরিমিত দেশের অধীশ্বর। [ণ, ত্রি, বর্ত্তুল, গোলাকার।

মণ্ডলায়িত, (মণ্ডলায়, নামধাতু+ক্ত)

মণ্ডলী, (মণ্ডল+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, বিড়াল, গোনাস সর্প, গন্ধাশ, বটবৃক্ষ। ণ, ত্রি, মণ্ডলবিশিষ্ট, চক্রা-কারে সঙ্কুচিত। স্ত্রী, দূর্ব্বা, সমাজ।

মণ্ডলেশ, মণ্ডলেশ্বর, (মণ্ডল=দেশ+ ঈশ, ঈশ্বর=প্রভু, ৬ৎ) ব্য, পুং, রাজা, সম্রাট।

মণ্ডহারক, (মণ্ড—অন্নাদির অগ্ররস+হৃ—লওয়া+ণক) ষ্য, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

মণ্ডিত, (মণ্ড+ক্ত—ট)ণ, ত্রি, সুশোভিত, ভূষিত, সজ্জিত, মোড়া, বেষ্টিত। [ধরিবার স্থান।

মণ্ডুক, (মণ্ড+উক) ষ্য, ন, ঢালের মণ্ডুকবাদ্য, ষ্য, ন. বাদ্যবিশেষ।

মণ্ডূক, (মণ্ড্+ঊক) ষ্য, পুং, ন, ভেক, ব্যাঙ। কী—স্ত্রী, ভেকী, প্রগল্ভা স্ত্রী, ব্যাপিকা, মঞ্জিষ্ঠা, থুলকুড়ী শাক। পুং, মুনিবিশেষ।

মণ্ডূকপর্ণ, ষ্য, পুং, শ্যোনাকবৃক্ষ, শোনাগাছ। র্ণী—স্ত্রী, মঞ্জিষ্ঠালতা, ওষধিবিশেষ, থুলকুড়ি।

মণ্ডূকপ্লুতন্যায়—

(মণ্ডূক ভেক। প্লুত লাফিয়া লাফিয়া গমন) মণ্ডূক যেরূপ লাফিয়া লাফিয়া গমন করে, সেইরূপ।

মণ্ডূর, (মণ্ড্+ঊর) ষ্য, পুং, ন, লৌহমল, লোহার মরিচা।

মণ্ডোদক, (মণ্ড+উদক—জল) ষ্য, ন, আলিপনা, পিষ্টতণ্ডুলমিশ্রজল, নানাবর্ণ।

মত, (মন্—বোধকরা+ক্ত) ণ, ত্রি, অভিপ্রেত, সম্মত, সম্মানিত, জ্ঞাত। ষ্য, ন, মনস্থ, অভিপ্রায়, সম্মতি, বাঞ্ছা।

মতঙ্গ, (মদ্—প্রীতহওয়া+অঙ্গ; নিপাতন)ষ্য, পুং, মুনিবিশেষ, মেঘ, হস্তী।

মতঙ্গজ, (মতঙ্গ—মুনিবিশেষ+জ—যে জন্মে, ৫-ষ) ষ্য, পুং, হস্তী, মাতঙ্গ, কুঞ্জর, গজ, করী।

মতল্লিকা, ষ্য, স্ত্রী, প্রশস্ত, উত্তম, এই শব্দটী সচরাচর অন্য শব্দের পর প্রযুক্ত হইয়া থাকে; যথা—গোমতল্লিকা ইত্যাদি।

মতি, (মন্—বোধকরা+ক্তি) ষ্য, স্ত্রী, বুদ্ধি, জ্ঞান, মনঃ, অন্তঃকরণ, ইচ্ছা, স্মৃতি, প্রবৃত্তি। (দেশজ) মুক্তা।

মতিভ্রংশ, মতিভ্রম—পুং, মতিভ্রান্তি—স্ত্রী, (মতি—বুদ্ধি+ভ্রংশ, ভ্রম, ভ্রান্তি) ষ্য, বুদ্ধিভ্রংশ, ভুল।

মতিমান্, (মতি+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, বুদ্ধিমান্, সুধী।

মতিষ্ঠ, (মতিমৎ+ইষ্ঠ—অত্যর্থে)ণ, ত্রি, অতিশয় বুদ্ধিমান্ ধীমান্, বিবেকী।

মৎ, (ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দজ) বা, মদীয়, আমার, এই শব্দটী অন্যশব্দের সহিত প্রযুক্ত হইয়া থাকে, যথা—মৎপুত্র, মদগ্রজ ইত্যাদি।

মৎক, (মৎ+ক—যোগ) ণ, ত্রি, মদীয়, মৎসম্বন্ধীয়। (মদ্—সন্তুষ্ট+ক—যোগ) ষ্য, পুং, মৎকুণ।

মৎকুণ, (মদ্—সন্তুষ্ট+কণ্—শব্দকরা+অ; নিপাতন) ষ্য, পুং, ছারপোকা, শ্মশ্রুবিহীন, খোসা, নির্বিষাণ, হস্তী, নারিকেল, জঙ্ঘাত্রাণ। ণা—স্ত্রী, অজাতকেশ যোনি।

মৎকুণারি, ষ্য, পুং, সিদ্ধি, ভাঙ্গ।

মত্ত, (মদ্—মত্তহওয়া ইত্যাদি+ক্ত) ষ্য, পুং, ক্রোধান্ধ হস্তী। ণ, ত্রি, আহ্লাদিত, আনন্দিত, বিহ্বল, মাতাল, উন্মত্ত, ক্রুদ্ধ। ত্তা—স্ত্রী, মদিরা, মদ্য।

মত্তকাশিনী—ষ, স, (মত্ত—উন্মত্ত+কাশ—দীপ্তিপাওয়া+ইন, ঈপ)ষ্য, স্ত্রী, উত্তমা স্ত্রী, সুন্দরীরমণী, সুভগা।

মত্তকীশ, (মত্তক [মত্ত—ক্রুদ্ধ+ক—যোগ]+ঈশ—প্রভু) ষ্য, পুং, হস্তী, করী, গজ।

মত্তময়ূর, (মত্ত+ময়ূর, কর্ম্মধা) ষ্য, পুং, উন্মত্ত ময়ূর, মেঘ, ত্রয়োদশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ; যাহার ৬ষ্ঠ, ৭ম, ১০ম ও ১১শ বর্ণ লঘু,

অবশিষ্ট গুরু।

মত্তর, (মৎ—আমার+তর-প্রত্যয়, অপেক্ষাকৃত উৎকৃষ্টার্থে) ণ, ত্রি, আমা হইতে অপেক্ষাকৃত উৎকৃষ্ট বা অধিক।

মত্তবারণ, (মত্ত+বারণ—হস্তী) ষ্য, পুং, মত্তহস্তী। ন, গৃহের বারাণ্ডা, পূগচূর্ণ,ঘেরা জায়গা,গৃহপ্রাঙ্গণাদি।

মত্তাক্রীড়, ষ্য, ন, বিকৃতিচ্ছন্দের জাতিবিশেষ।

মত্তালম্ব, (মত্ত=উন্মত্ত [শক্র ইত্যাদি] +আলম্ব=বিলম্ব) ষ্য, পুং, অপাশ্রয়, ঘেরা জায়গা।

মত্য, (মতি+য) ষ্য, ন, কাটারি প্রভৃতির বাঁট, জ্ঞানানুশীলন।

মৎলব, (যাবনিক) ষ্য, অভিপ্রায়, মানস, ইচ্ছা।[ষ্য, পুং, মৎস্য, মাছ।

মৎস, (মদ্=[জলে] হৃষ্টহওয়া+স—

মৎসর, (মদ্=হৃষ্টহওয়া, দ্বেষ করা ইত্যাদি+সর) ষ্য, পুং, বৈর, শত্রুতা, হিংসা, দ্বেষ, অসূয়া, পরশ্রীকাতরতা, ক্রোধ। ণ, ত্রি, ক্রুদ্ধ, কৃপণ, পরশ্রীকাতর। রা—স্ত্রী, মক্ষিকা।

মৎসরী, (মৎসর+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, পরশ্রীকাতর, দ্বেষকারী, দুর্জ্জন, খল, ক্রোধী।

মৎস্য, (মদ=[জলে] হৃষ্টহওয়া+স্য) ষ্য, পুং, স্যী—স্ত্রী, মীন, মাছ। পুং, অবতারবিশেষ, বিষ্ণুর প্রথম অবতার, পুরাণবিশেষ, দেশবিশেষ, বিরাটদেশ, আধুনিক জয়পুর; বঙ্গদেশের অন্তর্গত রঙ্গপুর, দিনাজপুর, এবং কুচবেহারকেও মৎস্য দেশ বলা যায়, দ্বাদশ রাশি।

মৎস্যকরণ্ডিকা, (মৎস্য=মাছ+করণ্ড—চুপড়ী+ক—যোগ) ষ্য, স্ত্রী, মৎস্যধানী, মাছ রাখা খালুই।

মৎস্যগন্ধা, (মৎস্য+গন্ধ; ৬-হ) ষ্য, স্ত্রী, ব্যাসদেবের জননী, সত্যবতী, ইনি মৎস্যের উদরে জন্মগ্রহণ করাতে ইঁহার নাম মৎস্যগন্ধা হইয়াছে; পরে পরাশরমুনি মৎস্যগন্ধার অলৌকিক রূপলাবণ্যে বিমুগ্ধ হইয়া, সংসর্গ লালসায়, স্বকীয় যোগ প্রভাবে ইঁহার গাত্রের মৎস্যগন্ধ পদ্মের সুগন্ধে পরিণত করেন, এইজন্য সত্যবতী কখন কখন পদ্মগন্ধা নামেও অভিহিত হইয়া থাকেন; জলপিপ্পলী, লাকুলীবৃক্ষ।

মৎস্যজীবী, (মৎস্য=মাছ+জীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) ষ্য, পুং, ধীবর, জেলে।

মৎস্যণ্ডী, মৎস্যণ্ডিকা, (মন্দ—মৃদু+স্যন্দ=ক্ষরা+অল; নিপাতন; ক—যোগে মৎস্যণ্ডিকা) ষ্য, স্ত্রী, খণ্ডবিকার, মিছরি নবাত মঠ প্রভৃতি।

মৎস্যধানী, (মৎস্য=মাছ+ধা=ধারণ করা+অন—ঙে) ষ্য, স্ত্রী, মাছরাখা খালুই। [কুরর পক্ষী।

মৎস্যনাশক,ষ্য, পুং, ধীবর, জেলিয়া,

মৎস্যবন্ধী, (মৎস্য=মাছ+বন্ধ—বন্ধন +ইন—অস্ত্যর্থে) ষ্য, পুং, ধীবর, জেলে। ন্ধিনী—স্ত্রী, মৎস্যধানী, খালুই। [ষ্য,পুং, মাছরাঙ্গা পাখী।

মৎস্যরঙ্গ, (মৎস্য+রঙ্গ—অনুরাগ; ৬-হ)

মৎস্যরাজ, (মৎস্য=মাছ+রাজ—শ্রেষ্ঠ) ষ্য, পুং, রোহিত মৎস্য, রুইমাছ। (মৎস্য=দেশবিশেষ+রাজন্=রাজা, ৬-ষ) বিরাটরাজা, কর্ণরাজা।

মৎস্যবেধন, (মৎস্য+বিধ্=বিদ্ধকরা+অনট্) ষ্য, ন,নী—স্ত্রী, বড়িশ, বঁড়শী। নী—স্ত্রী, পক্ষিবিশেষ, মদ্গু পক্ষী।

মৎস্যসন্তানিক, (মৎস্য=মাছ+সন্তান—কল+ষ্ণিক) ষ্য, পুং, মৎস্যের ব্যঞ্জন বিশেষ।

মৎস্যাক্ষী, ষ্য,স্ত্রী, হিলমোচিকা, হিংচাশাক, ব্রাহ্মী,গণ্ডদূর্ব্বা, সোমলতা।

মৎস্যাক্ষী, ষ্য, স্ত্রী, জলজশাকবিশেষ, হিলমোচিক, হিংচাশাক।

মৎস্যাশন, (মৎস্য=মাছ+অশন—ভোজন) ষ্য, পুং, মাছরাঙ্গা পাখী। ণ, ত্রি, মৎস্যভক্ষক।

মৎস্যোদরী, (মৎস্য—মাছ+উদর; ৭.হ) ষ্য, স্ত্রী, সত্যবতী, ব্যাসদেবের মাতা, কাশীস্থ তীর্থ বিশেষ।

মথন, (মথ্—মন্থনকরা+অনট্—ভাব.) ষ্য, ন, মন্থন, বিলোড়ন, মওয়া, বিনাশ, ক্লেশ।

মথিত, (মথ্+ক্ত—চ) ণ, ত্রি, বিলোড়িত, ঘোঁটা, নাড়াচাড়া, পীড়িত, বিনাশিত, হত। ষ্য, ন, তক্র, নির্জ্জল ঘোল।

মথী, (মথ্+ণিন্) ষ্য, পুং, মন্থন-দণ্ড।

মথুরা, মথূরা, মধুরা, (মথ্=বধ করা+উর, ঊর) ষ্য, স্ত্রী, আগরা প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ নগরী, কৃষ্ণের রাজধানী, এই স্থানে শত্রুঘ্ন মধু নামক অসুরকে বধ করেন।

মথুরেশ, (মথুরা=নগরীবিশেষ+ঈশ=অধিপতি) ষ্য, পুং, কৃষ্ণ।

মদ, (মদ্—হৃষ্ট হওয়া, মত্ত হওয়া+অল্) ষ্য, পুং, আনন্দজনিত সম্মোহ, আনন্দ, মদিরাকৃত মনোবিকার, মত্ততা, উন্মাদ, মদরাগ, রেতঃ, বীর্য্য, অহঙ্কার, গর্ব্ব, হস্তীর গণ্ডস্থলাদি হইতে ক্ষরিত দ্রব পদার্থ বিশেষ, মদ্য, কস্তুরী।

মদকট, (মদ+কট=বর্ষণ হওয়া+অল্) ষ্য, পুং, ষণ্ড, ষাঁড়, মত্তহস্তী। ণ, ত্রি, মদোৎকট।

মদকল, (মদ=মত্ততা+কল্=শব্দকরা+অল্—ম) ণ, ত্রি, মত্ততা জন্য মধুরাস্ফুটবাদী। ষ্য, পুং, মত্তহস্তী।

মদকোহল, (মদ=ইচ্ছাক্রমে+কুহ=শব্দ করা+অলচ্) ষ্য, পুং, বৃষোৎসর্গের ষাড়, ধর্ম্মের ষাঁড়।

মদগন্ধ, (মদ=মত্ততা+গন্ধ=ঘ্রাণ) ষ্য, পুং, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ। —স্ত্রী, সুরা, মদিরা, অতসী পুষ্প বৃক্ষ।

মদঘ্নী, ষ্য, স্ত্রী, পূতিকা, পুঁইশাক।

মদন, (মদ্=মত্ত হওয়া+অন—ম) ষ্য, পুং, কামদেব, বসন্তকাল, ধুতুরা গাছ, বৃক্ষবিশেষ, ময়নাগাছ, খদির বৃক্ষ, বকুল বৃক্ষ, আলিঙ্গন বিশেষ, ভ্রমর। না, নী—স্ত্রী, সুরা, মদিরা। ণ, ত্রি, মত্ততাজনক।

মদনচতুর্দ্দশী, ষ্য, স্ত্রী, চৈত্রশুক্লাচতুর্দ্দশী।

মদনত্রয়োদশী, ষ্য, স্ত্রী, চৈত্র শুক্লাত্রয়োদশী।

মদনদ্বাদশী, ষ্য, স্ত্রী, চৈত্রশুক্লাদ্বাদশী।

মদনপাঠক, (মদন=বসন্তকাল+পাঠক=যে পাঠ করে) ষ্য, পুং, কোকিল, ইহা এইকালে রবকরে।

মদনমোহন, (মদন+মোহন, ৬-ষ) ষ্য, পুং, শ্রীকৃষ্ণ। ণ, ত্রি, অতি সুন্দর।

মদনলেখ, ষ্য, পুং, প্রণয়সূচক পত্রিকা।

মদনশলাকা, (মদন+শলাকা=শারিকা বা শল্য ইত্যাদি) ষ্য, স্ত্রী, কামোদ্দীপক ঔষধ, সারিকাপক্ষী, কোকিল।

মদনসারিকা, (মদন+সারিকা=শারিকা) ষ্য, স্ত্রী, শারিকাপক্ষী।

মদনাঙ্কুশ, (মদন=কাম+অঙ্কুশ=তাড়ন) ষ্য, পুং, লিঙ্গ, পুংচিহ্ন, নখর।

মদনায়ুধ, (মদন=কাম+আয়ুধ=অস্ত্র) ষ্য, পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

মদনা, (দেশজ) ষ্য, শুকপক্ষী বিশেষ।

মদনালয়, (মদন=কাম+আলয়=আধার, বাসস্থান) ষ্য, পুং, যোনি, স্ত্রীচিহ্ন, রাজা, পদ্ম, জন্মের লগ্ন হইতে সপ্তমস্থান, জায়াস্থান।

মদনাবস্থা, (মদন=কাম+অবস্থা=দশা) ষ্য, স্ত্রী, কামদশা, বিরহ।

মদনোৎসব, (মদন=কাম, বসন্ত+উৎসব, ৬-ষ) ষ্য, পুং, বসন্তোৎসব, হো-

দাকা, হোলী। রা—স্ত্রী, স্বর্গবেশ্যা।

মদপ্রয়োগ, (মদ=মত্ততা, হস্তীর গণ্ড-স্থলাদিজনিত দ্রবপদার্থ+প্রয়োগ=যোগ, মিলন) ব্য, পুং, করিদিগের মদ জল ক্ষরণ।

মদভঞ্জিনী, ব্য, স্ত্রী, শতমূলীলতা।

মদয়ন্তী, (মদি=হৃষ্ট হওয়ান+অন্ত) ব্য, স্ত্রী, বনমল্লিকা।

মদয়িতা, (মদি=মত্ত হওয়ান+তৃন্—ষ) ণ, ত্রি, মদজনক, মাদক, কামোদ্দীপক।

মদয়িত্নু, (মদি+ইত্নু) ব্য, পুং, কামদেব, শুঁড়ি, মত্তব্যক্তি, মেঘ। ন, মদ্য। ণ, ত্রি, মদযুক্ত, মাদক।

মদরাগ, (মদ=রমণ, রতি+রাগ=অভিলাষ) ব্য, পুং, কাম, অনুরাগ, ভোগাভিলাষ, সম্ভোগেচ্ছা, কুক্কুট, মোরগ। [মত্ত, ৩-ষ।ব্য,পুং,মত্তহস্তী।

মদবিক্ষিপ্ত, (মদ=মত্ততা+বিক্ষিপ্ত=

মদসার, ব্য, পুং,মদ্যের সার, তূলবৃক্ষ।

মদস্রাবী, (মদ+স্রু=ক্ষরিত হওয়া+ণিন্—ষ) ণ, ত্রি, মদবর্ষী, মদক্ষরণ বিশিষ্ট।

মদাতঙ্ক, (মদ+আতঙ্ক=ভয়) ব্য, পুং, মদ্যপানজনিত পীড়াবিশেষ, উৎক্লেদ।

মদাত্যয়,(মদ=মত্ততা+অত্যয়=নাশ) ব্য, পুং,মদ্যপানজনিত রোগবিশেষ, উৎক্লেদ।

মদাম্নাত,(মদ=গর্ব্ব+আম্নাত [আ+ম্না=অভ্যাস করা+ক্ত]=অভ্যস্ত, সম্মানিত) ব্য, পুং, গজঢক্কা, হস্তীর উপরিস্থিত ডঙ্কা।

মদাম্বর, (মদ+অম্বর=বস্ত্র) ব্য, পুং, মত্তহস্তী, ঐরাবত।

মদার, (মদ=মত্ত হওয়া+আর) ব্য, পুং, হস্তী, মত্তহস্তী, ধূর্ত্ত, শঠ, শূকর, কামুক, লম্পট, স্বনামখ্যাত নৃপতি।

মদালাপী, (মদ=আনন্দ+আ+লপ্=বলা+ণিন্-ষ) ব্য, পুং, কোকিল, পিক, বসন্তকালে এই পক্ষীর গান সর্ব্বদা শুনা যায়।

মদাহ্ব, (মদ=কস্তূরী+আহ্বা=নাম; ৬-হ।ব্য, পুং, মৃগনাভি, কস্তূরী।

মদির, (মদ=মত্তহওয়া+ইর) ব্য, পুং, রক্ত খদির। ণ, ত্রি, মত্ততাজনক। রা—স্ত্রী, খঞ্জনপক্ষী, সুরা।

মদিরাসখ, (মদিরা=মদ্য+সখা=বন্ধু)ব্য, পুং, আম্র, যাহা অপক অবস্থায় মদ্যপায়ীদিগের অত্যন্ত প্রিয়।

মদিষ্ঠা, (মদ=যে হৃষ্ট বা মত্ত করে+ইষ্ঠ—অত্যর্থে) ব্য,স্ত্রী, সুরা, মদিরা, মদ। [ত্রি, মৎসম্বন্ধীয়, আমার।

মদীয়, (অস্মদ্+ঈয়—ইদমর্থে) ণ,

মদোৎকট, (মদ+উৎকট=যে মত্ত বা ক্রুদ্ধ হয়) ব্য, পুং, মত্তহস্তী, কপোত, পায়রা। ণ, ত্রি, মত্ত, গর্ব্বিত, বাতুল, পাগল।

মদোদগ্র,মদোদ্ধত,(মদ+উদগ্র=উন্নত, মদ=মত্ততা+উদ্ধত=আঘাতপ্রাপ্ত,পরাভূত) ণ, ত্রি,মদমত্ত,প্রগল্ভ, ধৃষ্ট।

মদ্গু, (মদ্=[জলে] হৃষ্টহওয়া+গু) ব্য, পুং, জলচর পক্ষিবিশেষ, পাণকৌড়ী, নীচজাতি, ধীবর, অর্ণব, জাহাজ।

মদ্গুর, মদ্গুরক, (মদ্=হৃষ্টহওয়া+উর; গ—আগম,মদ্গুর+ক—যোগ) ব্য, পুং, মৎস্যবিশেষ, মাগুরমাছ।

মদ্গুরসী, ব্য, স্ত্রী, শৃঙ্গীমৎস্য, শিঙ্গীমাছ। [ন, সুরা, মদিরা।

মদ্য, (মদ্=মত্ত হওয়া+য—য) ব্য,

মদ্যপ, (মদ্য+প=যে পান করে) ণ, ত্রি, সুরাপায়ী, যে মদ্য পান করে,মাতাল।

মদ্যপুষ্পা,ব্য,স্ত্রী,ধাতকীপুষ্প,ধাইফুল।

মদ্র, (মদ্=হৃষ্টহওয়া+র) ব্য, পুং, পঞ্জাবের অন্তর্গত স্বনাম প্রসিদ্ধ

দেশবিশেষ, আহ্লাদ, হর্ষ, ভদ্র, মঙ্গল।
মদ্রক, (মদ্র=দেশবিশেষ+কৈ=শব্দকরা+ড) ণ, ত্রি, মদ্রদেশোৎপন্ন, মদ্র দেশে জাত।
মদ্রঙ্কর, মদ্রকার, (মদ্র=হর্ষ, মঙ্গল+কর, কার=যে করে) ণ, ত্রি, ক্ষেমঙ্কর, শুভকর, মঙ্গলকারক।
মদ্রসুতা, (মদ্র=দেশবিশেষ+সুতা=কন্যা, ৬-ষ) ষ্য, স্ত্রী, মদ্ররাজতনয়া, মাদ্রী, পাণ্ডুপত্নী, নকুল এবং সহদেবের মাতা।
মদ্বা, (মদ+বন) ষ্য, পুং, শিব।
মধু, (মন্=বোধকরা+উ; ন=ধ) ষ্য, পুং, ন, মদ্য, সুরা, পুষ্পরস, মকরন্দ; পৌত্তিক, ভ্রামর, ক্ষৌদ্র, মাক্ষিক, ছাত্র, অর্ঘ্য, ঔদ্দালক এবং দাল—এই অষ্টবিধ মধু; রসভেদ, মধুর-রস, জল। পুং, চৈত্রমাস, বসন্ত, দৈত্যবিশেষ, প্রথিত আছে যে বিষ্ণুর কর্ণমল হইতে এই দৈত্যের জন্ম হয়, মউল গাছ, অশোকবৃক্ষ, যষ্টিমধু। ণ, ত্রি, স্বাদু, মিষ্ট।
মধুকণ্ঠ, (মধু=মিষ্ট+কণ্ঠ=কণ্ঠধ্বনি; ৬ হ) ষ্য, পুং, কোকিল।
মধুকর, (মধু+কর=যে করে, ২-ষ) ষ্য, পুং, ভ্রমর, ভৃঙ্গরাজ বৃক্ষ, ভিক্ষুক, প্রণয়ী, কামী, বল্লভ।
মধুকর্কটিকা, ষ্য, স্ত্রী, কমলালেবু, টী—স্ত্রী, দাড়িম্ববিশেষ।
মধুকৃৎ, (মধু=মিষ্ট+কৃৎ=যে করে, ২-ষ) ষ্য, পুং, ভ্রমর, মধুমক্ষিকা।
মধুকেশট, (মধুকে=মধুতে+শট্=গমনকরা+অল—ষ) ষ্য, পুং, ভ্রমর।
মধুকোষ—পুং, (মধু+কোষ=ভাণ্ডার, ৬-ষ; কিম্বা মধুমক্ষিকাকৃত কোষ) ষ্য, পুং, মাক্ষিকাশ্রয়, মৌচাক, ছাগ মুক। [মৌচাক, মধুকোষ।
মধুক্রম, (মধু+ক্রম, ৭ হ) ষ্য, পুং,
মধুক্ষীর, (মধু+ক্ষীর=দুগ্ধ) ষ্য, পুং, খর্জ্জুরবৃক্ষ, খেজুরগাছ।
মধুগায়ন, মধুঘোষ, (মধু=মিষ্ট+গায়ন=গায়ক, ঘোষ+রব; ৬.হ) ষ্য, পুং, কোকিল।
মধুচক্র, ষ্য, ন, মৌচাক।
মধুচ্ছদা, ষ্য, স্ত্রী, ময়ূর শিখা।
মধুজ, (মধু=মৌ+জ=জাত) ষ্য, ন, শিক্থক, মোম।
মধুজা, (মধু=দৈত্যবিশেষ+জ=উৎপন্ন) ষ্য, স্ত্রী, পৃথিবী, পৌরাণিকেরা বলেন যে মধুদৈত্যের মেদ হইতে পৃথিবী উৎপন্ন হইয়াছে, মহাশ্বেতা।
মধুজিৎ, মধুভিদ্, মধুদ্বিষ্, মধুমথন, (মধু=দৈত্যবিশেষ+জিৎ=যে জয় করে, ভিদ্=যে ভেদ করে, দ্বিষ=যে হিংসা করে, মথন=যে বধ করে, ২-ষ) ষ্য, পুং, বিষ্ণু, নারায়ণ।
মধুতৃণ, (মধু=মিষ্ট+তৃণ) ষ্য, ন, ইক্ষু, আক। [ঘৃত মধু এবং শর্করা।
মধুত্রয়, (মধু+ত্রয়=তিন) ষ্য, ন,
মধুদীপ, (মধু=বসন্ত+দীপ=প্রজ্বলন) ষ্য, পুং, মদন, কামদেব।
মধুদূত, (মধু=বসন্ত+দূত=বার্ত্তাবহ) ষ্য, পুং, আম্রবৃক্ষ, ইহা বসন্তকালে মুকুলিত হয়। তী-স্ত্রী, পাটলাপুষ্প।
মধুদ্রু, (মধু=মৌ+দ্রু=লওয়া+ড) ষ্য, পুং, মধুকর, ভ্রমর। [বৃক্ষবিশেষ, মৌলগাছ।
মধুদ্রুম, (মধু+দ্রুম=বৃক্ষ) ষ্য, পুং,
মধুধূলি, (মধু=মিষ্ট+ধূলি) ষ্য, স্ত্রী, খণ্ড, খাঁড় গুড়।
মধুধেনু, ষ্য, স্ত্রী, দানার্থ মধ্বাদিনির্ম্মিত সবৎসা ধেনু। [ময়রা।
মধুনাপিত, (দেশজ) ষ্য, মোদক,
মধুনেতা, (মধু=মৌ+নী=পাওয়া+তৃন্—ষ) ষ্য, পুং, মধুকর, ভ্রমর।
মধুপ, (মধু+পা=যে পান করে, ২-ষ) ষ্য, পুং, মধুকর, ভ্রমর। ণ, ত্রি, মধুপায়ী।
মধুপর্ক, (মধু+পৃচ=সম্পৃক্তকরা+

মক্র্) ব্য, ন, ঘৃতসংযুক্ত মধু। পুং, ষোড়শোপচার পূজার অন্তর্গত ষষ্ঠ উপচার,ঘৃত,শর্করা,মধু,দধি এবংদুগ্ধ।
মধুপর্ণিকা, মধুপর্ণী, (মধু+পর্ণ; ক আগম; স্ত্রীলিঙ্গে; মধুপর্ণ=পত্র +ঈপ্) ব্য, স্ত্রী, নীলীবৃক্ষ, নীলের গাছ, গম্ভারী, গুড়চি।
মধুপায়ী, (মধু+পা=পানকরা+ণিন্ —ঘ, য—আগম) ব্য, পুং, ভ্রমর। ণ, ত্রি, মধুপানকর্ত্তা।
মধুপুরী, (মধু=অসুরবিশেষ+পুরী =নগরী, ৬ষ) ব্য, স্ত্রী, মথুরা নগরী, মধু নামক দৈত্য কর্ত্তৃক এই পুরী নির্ম্মিত হইয়াছিল।
মধুপ্রিয়, (মধু=মদ্য ইত্যাদি+প্রিয়) ব্য,পুং,বলরাম,বৃক্ষবিশেষ, ভূমিজম্বু।
মধুফল, ব্য, পুং, নারিকেলবিশেষ, বিকঙ্কত বৃক্ষ।
মধুভিদ্, (মধু=অসুরবিশেষ+ভিদ্= যে নাশ করে) ব্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু।
মধুভৃৎ, (মধু+ভৃৎ=যে ধারণকরে) ব্য, পুং, ভ্রমর। [ব্য, স্ত্রী, মৌমাছি।
মধুমক্ষিকা, (মধু+মক্ষিকা=মাছি)
মধুমথন, (মধু=স্বনামখ্যাত অসুর+ মথন=নাশক) ব্য, পুং, বিষ্ণু।
মধুমস্তক, (মধু+মস্তক=মাথা) ব্য, ন, ময়দা, ঘৃত, মধু প্রভৃতিতে প্রস্তুত পিষ্টকবিশেষ।
মধুমান, (মধু+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি,মাধুর্য্যবিশিষ্ট। মতী—স্ত্রী, নদীবিশেষ, সপ্তাক্ষর পাদছন্দো বিশেষ, যাহার প্রথম ছয় অক্ষর লঘু ও শেষ অক্ষর গুরু, দেবীবিশেষ।
মধুমাধ্বীক,(মধু=সুরা+মাধ্বীক=মধুজাত সুরা) ব্য, ন, পুষ্পাসব, সুরা, মদ্য।
মধুমারক, (মধু+মারি=প্রাণত্যাগ করান+ণক—ঘ) ব্য, পুং, ভ্রমর।
মধুমূল,ব্য,পুং,আলুবিশেষ, মৌআলু।
মধুযষ্টি, (মধু=মিষ্ট+যষ্টি=লাঠি) ব্য, স্ত্রী, ইক্ষু, আক, যষ্টিমধু। [যষ্টিমধু।
মধুযষ্টিকা, (মধুযষ্টি+ক) ব্য, স্ত্রী,
মধুর,(মধু+রা=গ্রহণকরা+ড, কিম্বা মধু+র—অস্ত্যর্থে) ব্য, পুং, মিষ্টরস, রক্তবর্ণ ইক্ষু,বোম্বাইআক, গুড়। ন, রক্ত, রাং, টিন। ণ, ত্রি, মিষ্টরসযুক্ত, প্রীতিপ্রদ, মনোহর, সুন্দর, সৌম্য, শান্ত। রা—স্ত্রী, মথুরানগরী।
মধুরিপু,মধুমথ,(মধু+রিপু=শত্রু,৬-ষ; +মথ্=যে বধ করে, ২—ষ) ব্য, পুং, বিষ্ণু।
মধুরোদক, (মধুর=মিষ্ট+উদক=জল) ব্য,পুং,জলসমুদ্র, স্বাদু জলপূর্ণ পুষ্করদ্বীপবেষ্টিত সপ্তসমুদ্রান্তর্গত শেষসমুদ্র।
মধুল, (মধু=মদ্য+লা=পাওয়া+ড) ব্য, ন, দ্রাক্ষাফলোদ্ভব মদ্য।
মধুলিট্, মধুলেহী, মধুব্রত, (মধু+ লিট্=যে আস্বাদন করে; ২ ষ; মধু+ লেহিন্=যে আস্বাদন করে, ২-ষ; মধু+ব্রত=আসক্তি, নিয়ম, ৬,হ) ব্য, পুং, মধুকর, ভ্রমর।
মধুবন, (মধু=মিষ্ট+বন=যে শব্দ করে) ব্য, ন, বৃন্দাবনস্থ বনবিশেষ, মথুরার অন্তর্গত বনবিশেষ, লঙ্কাস্থ বনবিশেষ, কিষ্কিন্ধ্যাস্থ সুগ্রীবের বন বিশেষ। ব্য, পুং, কোকিল।
মধুবল্লী, ব্য, স্ত্রী, যষ্টিমধু।
মধুবার, (মধু=মদ্য+বার=রাশি) ব্য, পুং, অবিশ্রান্ত মদ্যপান।
মধুবীজ, (মধু=মিষ্ট+বীজ=বিচি) ব্য, পুং, দাড়িম্ব বৃক্ষ।
মধুব্রত, ব্য, পুং, ভ্রমর।
মধুসখ, মধুসহায়, মধুসারথি, মধুসুহৃদ্, (মধু=বসন্ত+সখ=[সখিশব্দজ] =বন্ধু; ৬ হ; মধু+সহায়; ৬,হ; মধু+সারথি; ৬,হ; মধু+সুহৃদ্= বন্ধু; ৬ হ) ব্য, পুং, কামদেব,মদন, রতিপতি।

মধুশিগ্রু, ব্য, পুং, রক্তশোভাঞ্জন বৃক্ষ।
মধুসিক্থক, (মধু+সিক্থক=মোম) ব্য, পুং, স্থাবর বিষভেদ।
মধুসূদন, মধুহা, (মধু=দৈত্যবিশেষ+সূদন=যে বধ করে, মধু+হন্=যে বধ করে, ২-ষ) ব্য, পুং, বিষ্ণু।
মধুসূদনী, ব্য, পুং, পালঙ্কীশাক, পালম শাক।
মধুস্বর, (মধু=মিষ্ট+স্বর=কণ্ঠধ্বনি, গান) ব্য, পুং, কোকিল।
মধূক,—ধু, (মন্=বোধকরা+উক ; ন=ধ)ব্য, পুং, মধুক্রম, মহুয়াগাছ। ন, যষ্টিমধু।
মধূচ্ছিষ্ট, (মধু+উচ্ছিষ্ট=ভুক্তাবশিষ্ট, ৬-ষ) ব্য, ন, মধূত্থ, মোম।
মধূত্থ,(মধু+উৎ=উপরি+স্থা=থাকা+ড—ষ)ব্য, ন, সিক্থক, মোম।
মধূত্থবর্ত্তিকা, (মধূত্থ=মোম+বর্ত্তিকা =বাতি) ব্য, স্ত্রী, মোমবাতি।
মধূৎসব, (মধু=বসন্ত+উৎসব, ৬-ষ) ব্য, পুং, বসন্তোৎসব, চৈত্রপূর্ণিমা।
মধূপঘ্ন, (মধু=দৈত্যবিশেষ+উপঘ্ন=বিনাশ, আশ্রয়, ৬-ষ) ব্য, ন, লবণরাক্ষসের নগরী, মথুরা।
মধূলী, ব্য, স্ত্রী, মধূকযষ্টি, আম্র।
মধ্য, (ম্না=সৌন্দর্য+ধা=ধারণ করা+য ; নিপাতন) ণ, ত্রি, মধ্যম, মধ্যবর্ত্তী, উপযুক্ত, যোগ্য, ন্যায্য। পুং,—ন, পশ্চিমদিক্, কটিদেশ, মাজা, লয়বিশেষ, অভ্যন্তর, মধ্যস্থান। ন, সংখ্যাবিশেষ, নৃত্যবিশেষ, অবসান, বিরাম। ধ্যা—স্ত্রী, নবযৌবনা রমণী, মধ্যবর্ত্তী অঙ্গুলি, কটিদেশ, ছন্দোবিশেষ, অ্যাক্ষরাবৃত্তি, গ্রহের গতিবিশেষ [৭.হ)ব্য, পুং, আম্রবৃক্ষ।
মধ্যগন্ধ, (মধ্য=[কল] মধ্যে+গন্ধ :
মধ্যতঃ, (মধ্য+তস্ পঞ্চমী বা সপ্তমী স্থানে) ব্য, মধ্যস্থান হইতে, মধ্যে।
মধ্যদেশ, (মধ্য+দেশ) ব্য, পুং, দেশবিশেষ, ইহার উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্য পর্ব্বত, পশ্চিমে কুরুক্ষেত্র এবং পূর্ব্বদিকে প্রয়াগ।
মধ্যন্দিন, (মধ্যং, দিনস্য) ব্য, ন, দিনের মধ্যভাগ, মধ্যাহ্ন, দুইপ্রহর বেলা।
মধ্যপঞ্চক, ব্য, পঞ্চমূল পাচনবিশেষ।
মধ্যম, (মধ্য+ম—ভবার্থে) ব্য, পুং, ন, শরীরের মধ্যভাগ, কটিদেশ। পুং, নিষাদ ঋষভ গন্ধার প্রভৃতি সপ্তস্বরান্তর্গত চতুর্থ স্বর, মৃগভেদ, রাগভেদ, গ্রহদিগের সার্ব্বিক সংজ্ঞাবিশেষ। মা—স্ত্রী, নবযুবতী, দৃষ্টরজস্কানারী, মধ্যবর্ত্তী অঙ্গুলি, বাগুলিপন্ডিভেদ, ছন্দোবিশেষ। ণ, ত্রি, মধ্যস্থিত, মাঝারি, মেঝো।
মধ্যমপাণ্ডব, (মধ্যম=মেঝো+পাণ্ডব =পাণ্ডুপুত্র) ব্য, পুং, অর্জ্জুন।
মধ্যমভৃতক, (মধ্যম+ভৃতক=পরিশ্রমী)ব্য, পুং, যে স্বীয় ও ভূস্বামীর লাভের জন্য কর্ম্ম করে, কৃষীবল, ভৃত্য, কৃষাণ।
মধ্যমলোক, মধ্যলোক, (মধ্যম,মধ্য+লোক=ভুবন, কর্ম্মধা) ব্য, পুং, পৃথিবী, মর্ত্ত্যলোক।
মধ্যমসংগ্রহ, (মধ্যম+সংগ্রহ=সম্পর্ক) ব্য, পুং, অন্যের স্ত্রীর সহিত গোপনে প্রণয়, গন্ধদ্রব্য অলঙ্কার ও বস্ত্রাদি দ্বারা অন্যের স্ত্রীকে প্রলোভিত করা।
মধ্যমসাহস, ব্য, ন, বলদর্পে অন্যের দ্রব্যাদি ভাঙ্গিয়া দেওন রূপ অপরাধ। পুং, দণ্ডবিশেষ [তাম্রবিশেষ।
মধ্যমান, (দেশজ) ব্য, বাদ্যের
মধ্যমিকা, (মধ্যমা+ক—যোগ) ব্য, স্ত্রী, নবযৌবনা কামিনী।
মধ্যমীয়, (মধ্যম+ঈয়) ণ, ত্রি, মধ্যম, মাঝারি। [কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।
মধ্যমেশ্বর, (মধ্যম+ঈশ্বর) ব্য, পুং,

মধ্যারক, (মধ্য+বর্ণ=শস্যবিশেষ) ব্য, পুং, ছয়টী শ্বেত সর্ষপ পরিমাণ, ওজনবিশেষ।

মধ্যরাত্র, (মধ্য+রাত্রি, ১-ব, প্রাগ্ভাব) ব্য, পুং, অর্দ্ধরাত্র, নিশীথ।

মধ্যবর্ত্তী, (মধ্য+বর্ত্তী=যে বিদ্যমান থাকে, ৭-ব) ণ, ত্রি, মধ্যে স্থিত।

মধ্যস্থ, (মধ্য+স্থ=যে থাকে, ৭-ব) ণ, ত্রি, মধ্যবর্ত্তী, মধ্যে স্থিত, উদাসীন, যে কোন পক্ষেই লিপ্ত নয়।

মধ্যাহ্ন, (মধ্য+অহ্ন, [দিবসার্থ অহন্ শব্দজ] ৬ষ-ব, প্রাগ্ভাব) ব্য, পুং, দিনের মধ্যভাগ। [পর ভোজন।

মধ্যাহ্নভোজন, ব্য, ন, দিবা দশদণ্ডের

মধ্বালুক, (মধু=মিষ্ট+আলু=মূলবিশেষ, ক—যোগ) ব্য, ন, মৌআলু, মিষ্ট আলু।

মধ্বাসব, (মধু+আসব=মদ্য) ব্য, পুং, মধুজনিত মদ্য।

মধ্বাসবনিক, (মধ্বাসব=মদ্য+নী=প্রস্তুত করা+ক, নিপাতন) ব্য, পুং, শৌণ্ডিক, শুঁড়ী।

মধ্বিকা, ব্য, স্ত্রী, সুরা, মদ্য, মদ।

মনঃ, (মন্=বুঝা+অস্) ব্য, ন, চিত্ত, অন্তঃকরণ। ব্য, তৃপ্তি।

মনঃশিল, মনঃসিল, (মনস্=মন+শিলা=পাতর) ব্য, পুং, আ-স্ত্রী, কৃষ্ণবর্ণ পর্ব্বতময় ধাতুবিশেষ, নেপালিকা, ইহা অতি মনোহর।

মনন, (মন্=বুঝা+অন—ভাব) ব্য, ন, বুদ্ধি, চিন্তন, ধ্যান, মাননকরা, স্বীকরণ, অনুমান।

মনসা, ব্য, স্ত্রী, সর্পবংশীয় বিষহরী দেবীবিশেষ, জরৎকারু মুনির পত্নী, কশ্যপের মানসী কন্যা বা যিনি মনোমধ্যে পরমাত্মাকে ধ্যান করেন, মনসা।

মনসিজ, (মনসি=মনেতে+জ=যে জন্মে) ব্য, পুং, কামদেব, কন্দর্প।

ণ, ত্রি, মনোজাত।

মনসিশয়, (মনসি=মনে+শী=শয়ন করে) ব্য, পুং, মনোভব, মদন, কন্দর্প।

মনস্কাম, (মনস্+কাম=ইচ্ছা, ৬ষ) ব্য, পুং, মনের অভিলাষ, বাঞ্ছা।

মনস্কার, (মনস্=মনের+কার=কার্য্য, করণ) ব্য, পুং, মনের মধ্যে সুখদুঃখাদিবোধ, চিত্তভোগ, মনের সুখদুঃখাদি অনুভব।

মনস্তাপ, (মনস্+তাপ=ক্লেশ) ব্য, পুং, মনঃপীড়া, মানসিক যাতনা।

মনস্তাল, (মনস্=মন+তল=উৎসাহ ভগ্ন করা+ঘঞ্) ব্য, পুং, দুর্গার বাহন সিংহ।

মনস্থ, (মনস্+স্থ=যে থাকে) ণ, ত্রি, মনঃস্থিত, অন্তঃকরণস্থ। (দেশজ) মানস, অভিপ্রায়, ইচ্ছা, বাঞ্ছা।

মনস্বিতা, (মনস্বিন্+তা ভাবে) ব্য, স্ত্রী, আশা, অধীনতা, সংবাদ, সমাচার।

মনস্বী, (মনস্+বিন্—প্রশংসার্থে) ণ, ত্রি, মহামনাঃ, উদারচিত্ত, যাহার অন্তঃকরণ প্রশস্ত, মানী, ধীর, স্থিরচিত্ত, বীর। ব্য, পুং, শূরক।

মনাক্, (মন্=জানা+আক্) ব্য, একবিন্দু, ঈষৎ, অল্প, আস্তে আস্তে, মন্দ মন্দ।

মনাকা, (মন্=জানা+আক) ব্য, স্ত্রী, করিণী, হস্তিনী। [অগরু।

মনাকর, ব্য, পুং, মল্লিকার গন্ধযুক্ত

মনায়ী, (মনু=মুনিবিশেষ+ঈ—স্ত্রীলিঙ্গে; উ=এ; মনাবীও হয়) ব্য, স্ত্রী, মনুপত্নী।

মনিত, (মন্=জানা+ক্ত—ত) ণ, ত্রি, বিদিত, জ্ঞাত, অবগত।

মনাসিব, (যাবনিক) ণ, ইচ্ছামত, যোগ্য, যথার্থ, ঠিক।

মনীক, (মন্=জানা, উপযুক্ত হওয়া+

ষ্ণক—সংজ্ঞার্থে) ব্য, ন, অঞ্জন, কজ্জল, কাজল।

মনীব, (যবনভাষা) ব্য, প্রভু, কর্ত্তা।

মনীষা, (মনস্+ঈষা—গমন; নিপাতন) ব্য, স্ত্রী, বুদ্ধি, প্রজ্ঞা, পাণ্ডিত্য।

মনীষিত, (মনীষা+ইত—সংজাতার্থে) ণ, ত্রি, প্রীত, মনোভিলষিত, বাঞ্ছিত।

মনীষী, (মনীষা+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধীর, বুদ্ধিমান্। ব্য, পুং, পণ্ডিত, বিদ্বান্।

মনু, (মন—[বেদসকল] জানা+উ) ব্য, পুং, ব্রহ্মার পুত্র, মনুষ্য জাতির আদি পুরুষ, ধর্ম্মশাস্ত্র-প্রণেতা মুনিবিশেষ; প্রতি কল্পে স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি, রুদ্রসাবর্ণি, ও ইন্দ্রসাবর্ণি, এই চতুর্দশ মনু হইয়া থাকেন, এক্ষণে বৈবস্বতমনু; সূর্য্যপুত্র, পৃথিবীর প্রথম রাজা, নর।

মনুজ, (মনু—ব্রহ্মার পুত্র+জ—যে জন্মে, ৫মী—) ব্য, পুং, মনুর অপত্য, মানুষ, মানব।

মনুজেন্দ্র, (মনুজ+ইন্দ্র—শ্রেষ্ঠ) ব্য, পুং, নরপতি, রাজা।

মনুভূ, (মনু—মুনিবিশেষ+ভূ—জাত) ব্য, পুং, মনুষ্য, মানব।

মনুরাট্, (মনু—মনুষ্য+রাজ—দীপ্তি পাওয়া+ক্বিপ) ব্য, পুং, কুবের।

মনুষী, (মনুষ্য—মানুষ+ঙীষ্—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, মানুষী, নারী।

মনুষ্য, (মনু+য—অপত্যার্থে; ষ আগম) ব্য, পুং, মনুর অপত্য, মানব।

মনুষ্যত্ব, (মনুষ্য+ত্ব—ভাবে) ব্য, ন, মনুষ্যের অবস্থা, দয়া, বদান্যতা।

মনুষ্যধর্ম্মা, (মনুষ্য+ধর্ম্মন্: ৬-হ) ব্য, পুং, কুবের, ধনাধিপ, নরবাহন-প্রযুক্ত কুবেরকে মনুষ্যধর্ম্মা বলে।

মনুষ্যযজ্ঞ, (মনুষ্য—মানুষ+যজ্ঞ—যাগ)

ব্য, পুং, নৃযজ্ঞ, অতিথিপূজন, অতিথিসৎকার।

মনোগত, (মনস্—মনে+গত) ণ, ত্রি, মনস্থ, যাহা মনে রহিয়াছে, হৃদ্গত। ব্য, ন, চিন্তা, অনুভব।

মনোগবী, (মনস্+গবী—স্ত্রীগো) ব্য, স্ত্রী, ইচ্ছা, অভিলাষ।

মনোগুপ্তা, (মনস্+গুপ্ত—রক্ষিত, পালিত) ব্য, স্ত্রী, মনঃশিলা।

মনোজ, (মনস্+জ—জাত) ব্য, পুং, কন্দর্প, মদন, মনসিজ।

মনোজন্মা, মনোভব, মনোভূ, মনোযোনি, (মনস্+জন্মন্—উৎপত্তি; ৬-হ; +ভব, +ভূ—উৎপত্তি; ৬-হ; +যোনি—উৎপত্তিস্থান; ৬-হ) ব্য, পুং, কামদেব।

মনোজব, (মনস্+জু—বেগে চলা+অল্; অথবা মনস্+জব—বেগ) ণ, ত্রি, অতিশয় বেগবান, পিতৃতুল্য। ব্য, পুং, বিষ্ণু, নারায়ণ, মনের বেগ।

মনোজবস, ণ, ত্রি, পিতৃতুল্য, পিতৃসদৃশ।

মনোজ্ঞ, (মনস্—মন+জ্ঞ—যে জানে, ২-ষ) ণ, ত্রি, সুন্দর, রমণীয়। জ্ঞা—স্ত্রী, মনঃশিলা, স্থূলজিরক, রাজপুত্রী, মদিরা।

মনোনীত, (মনস্+নীত—লব্ধ, ৩-ষ) ণ, ত্রি, মনোমত, মনের ঈপ্সিত, অভিলষিত, পছন্দ।

মনোবৃত্তি, (মনস্+বৃত্তি—ব্যাপার, ৬-ষ) ব্য, স্ত্রী, চিত্তবৃত্তি, ইচ্ছা, কল্পনাশক্তি, বুদ্ধি, সঙ্কল্প।

মনোরঞ্জন, (মনস্+রঞ্জন—সন্তুষ্টকরণ, ৬-ষ) ব্য, ন, মনের প্রফুল্লতাকরণ, মানসিক তুষ্টিসম্পাদন।

মনোরথ, (মনস্+রথ—যান, ৬-ষ) ব্য, পুং, ইচ্ছা, মনের বাসনা।

মনোরম, (মনস্—মন+রম্—আনন্দিত করা+অল্) ণ, ত্রি, সুন্দর, সন্তোষকারক। মা—স্ত্রী, বৌদ্ধদিগের উপাস্য

দেবতাবিশেষ, বৈদিক ছন্দোবিশেষ, কার্ত্তবীর্য্য রাজপত্নী, গোরোচনা।

মনোলৌল্য, (মনস্+লৌল্য—চঞ্চলতা) ব্য, ন, মনের অস্থিরতা, স্বেচ্ছাচারিতা, খেয়াল।

মনোহত, (মনস্+হত—আঘাতপ্রাপ্ত) ণ, ত্রি, প্রতিহত, ভগ্নমনোরথ।

মনোহর, (মনস্+হৃ—যে হরণকরে, ২-ব) ণ, ত্রি, মনোজ্ঞ। ব্য, পুং, কুন্দবৃক্ষ, কুঁদফুলের গাছ। ন, সুবর্ণ। —রা, স্ত্রী, জাতীপুষ্প, স্বর্ণ যূথিকা, মিষ্টান্নবিশেষ।

মনোহারী, (মনস্+হারিন্, ২-ব) ণ, ত্রি, মনোজ্ঞ, মনোহর।

মনোহ্বা, (মনস্+হ্বে=আহ্বান করা +ড, আপ—স্ত্রীলিঙ্গে) ব্য, স্ত্রী, মনঃশিলা।

মন্তব্য, (মন্—জানা+তব্য—চ) ণ, ত্রি, মননীয়, চিন্তনীয়, বিচার্য্য, বিবেচ্য, জ্ঞেয়, গ্রাহ্য।

মন্তা, (মন্—জানা+তৃন্) ব্য, পুং, পরামর্শদাতা, মন্ত্রী, মুনি।

মন্তু, (মন্—জানা+তু—সংজ্ঞার্থে) ব্য, পুং, মনুষ্য, অপরাধ, প্রজাপতি, বুদ্ধি, মেধা, প্রজ্ঞা।

মন্ত্র, (মন্ত্র—মন্ত্রণাকরা+অল্) ব্য, পুং, বেদের অংশবিশেষ, ঋক্, যজু আদি; গুরুপ্রণীত জপোদ্দেশ্য বাক্য, দেবতাবিশেষের উপাসনার উপযোগী বাক্য, শ্লোক, বা পদ; যে কোন জীবের বশীকরণ সাধন বাক্য, কুহক, যাদু, মন্ত্রণা, পরামর্শ, সন্ধিবিগ্রহাদি ষাড়্গুণ্যচিন্তা, গুপ্তিবাদ, বিচার।

মন্ত্রকৃৎ, (মন্ত্র—মন্ত্রণা+কৃৎ—যে করে, ২-ব) ব্য, পুং, মন্ত্রী, মন্ত্রণাকারক।

মন্ত্রগণ্ডক, স্ত্র, পুং, জ্ঞান, বিজ্ঞানশাস্ত্র।

মন্ত্রগূঢ়, (মন্ত্র—মন্ত্রণা+গূঢ়—গুপ্ত) ব্য, পুং, চর, গুপ্তচর।

মন্ত্রগৃহ, মন্ত্রভবন, (মন্ত্র—মন্ত্রণা+গৃহ, ভবন, ৬-ষ) ব্য, ন, পরামর্শ করিবার গৃহ, মন্ত্রণাগার।

মন্ত্রজিহ্ব, (মন্ত্র+জিহ্বা—সাধন; ৬-ষ) ব্য, পুং, অগ্নি, বহ্নি।

মন্ত্রজ্ঞ, (মন্ত্র—মন্ত্রণা+জ্ঞ—যে জানে) ব্য, পুং, চর, গুপ্তদূত, পরামর্শদাতা, মন্ত্রী, মন্ত্রজ্ঞাতা, কুহকী।

মন্ত্রণা, (মন্ত্র—মন্ত্রণাকরা+অন, আপ্) স্ত্র, স্ত্রী, গোপনে পরামর্শ, বিচার, মন্ত্র, যুক্তি।

মন্ত্রদাতা, (মন্ত্র+দাতৃ—যে দান করে) ণ, ত্রি, মন্ত্রদানকর্ত্তা, গুরু, পরামর্শদায়ক, উপদেষ্টা।

মন্ত্রদীধিতি, (মন্ত্র—দেবাদির উপাসনার উপযোগী বাক্য, শ্লোক বা পদ +দীধিতি—আলোক) ব্য, পুং, অগ্নি, বহ্নি। [দেহ) ব্য, পুং, গরুড়।

মন্ত্রপূতাত্মা, (মন্ত্র+পূতাত্মন্—পবিত্র-

মন্ত্রবিৎ, (মন্ত্র—মন্ত্রণা, ঋক্+বিদ্—যে জানে, ২-ব) ব্য, পুং, মন্ত্রী, চর, মন্ত্রজ্ঞ, ঐন্দ্রজালিক।

মন্ত্রিত, (মন্ত্র+ক্ত—চ) ণ, ত্রি, যাহা মন্ত্রণা করা হইয়াছে, পরামৃষ্ট, মন্ত্রপূত।

মন্ত্রী, (মন্ত্র—মন্ত্রণা+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, পরামর্শদাতা, অমাত্য, সচিব।

মন্থ, (মন্থ—মন্থনকরা+অল্—ধ, ভাব) স্ত্র, পুং, মন্থন, সঞ্চালন, বিলোড়ন, মন্থনদণ্ড, বিনাশ, সূর্য্য, [illegible], নেত্রমল, পিঁচুটি, নেত্ররোগ, শক্তুমিশ্র পেয়বিশেষ। [ন, নবনীত, মাখন।

মন্থজ, (মন্থ—মন্থন+জন—উৎপন্ন) ব্য,

মন্থদণ্ডক, (মন্থ—মন্থন+দণ্ডক—যষ্টি) ব্য, পুং, মন্থনদণ্ড, ডঙ্কাটি, ঘুটনি।

মন্থন, (মন্থ+অনট্—ভাব) স্ত্র, ন, বিলোড়ন, মওয়া, [illegible], বিনাশ। পুং, মন্থনদণ্ড। [—[illegible] হাঁড়ি।

মন্থনঘটী, স্ত্র, স্ত্রী, দধিমন্থনপাত্র, ঘোল

মন্থর, (মন্থ—[illegible]) ণ,

ত্র, মন্দগামী, মৃদু, অধীর, অলস, নিরুৎসাহ, জড়, মূর্খ, প্রকাণ্ড, মহৎ, ভারি, নত, বক্র, নীচ, বিনীত। ব্য, পুং, মন্দগামী ঘোড়া, ঘোড়া, কোষ, ধনাগার, ফল, বাধ, প্রতিবন্ধক, মন্থনদণ্ড, বৈশাখ মাস, সদ্যোজাত নবনীত, কোপ, মৃগ, দুর্গ, পর্ব্বতবিশেষ। ব্য—স্ত্রী, কেকয়ীর দাসী। ন, কুসুম্ভী। [রের বাতাস।

মন্থক, (মন্থ্+অকন্) ব্য, পুং, চাম-

মন্থশৈল, (মন্থ=মন্থনদণ্ড+শৈল=পর্ব্বত) ব্য, পুং, যে পর্ব্বত দ্বারা সমুদ্র মন্থন হইয়াছিল, মন্দর পর্ব্বত।

মন্থাঃ, (মন্থ+ইন্) ব্য, পুং, মন্থনদণ্ড।

মন্থান, (মন্থ+আনচ্) ব্য, পুং, মন্থানদণ্ড, ঘোলমৌনী, আরগ্বধ, সোঁদালি।

মন্থানক, ব্য, পুং, তৃণবিশেষ।

মন্থিনী, ব্য, স্ত্রী, দধিমন্থন পাত্র।

মন্থোদধি, ব্য, পুং, ক্ষীরোদ সাগর।

মন্দ, (মন্দ্=জড়ীভূতহওয়া+অল্—ঘ) হতভাগ্য। ণ, ত্রি, জড, নিরুৎসাহ, অলস, ধীর, মৃদু, নির্ব্বোধ, মূর্খ, দুর্ভাগ্য, অসুস্থ, রোগাক্রান্ত, অল্প, মত্ত, উন্মত্ত, আত্মম্ভরি, নীচ, অধম, পাপিষ্ঠ, যথেচ্ছাচারী, অতীক্ষ্ণ, ভোঁতা, খল, ক্রূর, অপটু, নির্লজ্জ, দুর্ব্বল, কদর্য্য, অপকৃষ্ট, স্বাধীন, নির্দ্দয়। পুং, শনিগ্রহ, হস্তিবিশেষ, যম, প্রলয়, কাক।

মন্দগ, মন্দগামী, (মন্দ=মৃদু+গ. গামিন্=যে গমন করে) ণ, ত্রি, মৃদুগামী, মৃদুগমনশীল, মন্থর, অদ্রুত। ব্য, পুং, মৃদুগামী সৈনিক পুরুষ, হস্তী, হংস।

মন্দজননী, (মন্দ=শনি+জননী=মাতা) ব্য, স্ত্রী, শনৈশ্চর মাতা, সূর্য্যপত্নী, ছায়া।

মন্দট, (মন্দ=প্রীত হওয়া+অটচ্) ব্য, পুং, প্রবালবৃক্ষ, পারিভদ্রবৃক্ষ, নিম্বগাছ।

মন্দন, (মন্দ্=প্রীত হওয়া, স্তবকরা+অনট্) ব্য, ন, স্তব, স্তোত্র, গুণকীর্ত্তন, প্রশংসা।

মন্দতা—স্ত্রী, মন্দত্ব—ন, (মন্দ+তা, ত্ব—ভাব) ব্য, আলস্য, মান্দ্য, জড়তা, মূর্খতা।

মন্দফল, (মন্দ=অসৎ, অশুভ+ফল) ব্য, ন, অসৎফল, গ্রহফল, জ্যোতিঃশাস্ত্র প্রসিদ্ধ অঙ্কবিশেষ। (The anomatistic equation of a planet.)

মন্দবুদ্ধি, (মন্দ=অপকৃষ্ট+বুদ্ধি ; ৬.হ) ণ, ত্রি, জড়বুদ্ধি, স্থূলধী, নির্ব্বোধ।

মন্দর, (মন্দ্+অরন্) ব্য, পুং, পর্ব্বতবিশেষ ; এই পর্ব্বতকে মন্থনদণ্ড করিয়া দেবাসুরেরা প্রলয়াবসানে সমুদ্র মন্থন করিয়াছিলেন, মন্দারবৃক্ষ, দর্পণ, মুকুর, আর্শি, স্বর্গ, হারবিশেষ। ণ, ত্রি, বহুল, মৃদু, মন্দ, জড়, অলস, স্থূলাকার। [বক্ষঃস্থলের অধোদেশ।

মন্দরস্থান, ব্য, ন, নাভির উপর এবং

মন্দসান, (মন্দ+অসানচ্) ব্য, পুং, অগ্নি, প্রাণ, জীবন, নিদ্রা।

মন্দসানু, ব্য, পুং, জীব, প্রাণ, নিদ্রা।

মন্দা, ব্য, স্ত্রী, সংক্রান্তিবিশেষ, অযথামূল্যে দ্রব্যাদি বিক্রয়ের সময়।

মন্দাক, (মন্দ=স্তবকরা+আকন্) ব্য, স্ত্রী, স্তুতি, গুণানুবাদ, স্তব, প্রশংসা।

মন্দাকিনী, (মন্দ=মৃদু+অক্=গমনকরা +ণিন্, ঙীপ্) ব্য, স্ত্রী, স্বর্গগঙ্গা, সুরনদী, সংক্রান্তিবিশেষ, জগতীচ্ছন্দের জাতিবিশেষ।

মন্দাক্রান্তা, (মন্দ+আক্রান্ত) ব্য, স্ত্রী, সপ্তদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ, যাহার প্রথম চারিটী বর্ণ ও ১০ম, ১১শ, ১৩শ, ১৪শ, ১৬শ, ১৭শ বর্ণ গুরু, এতদ্ব্যতিরিক্ত যাবতীয় বর্ণ লঘু।

মন্দাক্ষ, (মন্দ+অক্ষ=ইন্দ্রিয় ; ৫.হ) ব্য, ন, লজ্জা, ত্রপা, ব্রীড়া।

মন্দাগ্নি, (মন্দ+অগ্নি) ব্য, পুং, কফাদি

নিপীড়া দ্বারা জঠরাগ্নির হ্রাস, ক্ষুধা-মান্দ্য, অপাক, অজীর্ণ।

মন্দার, (মন্দ=প্রীত হওয়া+আরন্) ব্য, পুং, স্বর্গীয় দেবতরুবিশেষ, পালতে মাদারগাছ, অর্কবৃক্ষ, আকন্দ গাছ, হস্ত, ধূর্ত্ত, তীর্থবিশেষ। [লজ্জা।

মন্দাস্ত, (মন্দ+আস্ত=মুখ) ব্য, ন, ত্রপা,

মন্দির, (মন্দ=নিদ্রিত হওয়া+কিরচ্) ব্য, ন, যেখানে নিদ্রা করা যায়, গৃহ, ভবন, দেবালয়, নগর। স্ত্রী, ন, ভবন, গৃহ। পুং, সমুদ্র, জানুর পশ্চাদ্ভাগ, গন্ধর্ববিশেষ। রা—স্ত্রী, পশুশালা।

মন্দিরপক্ষী, (মন্দির=গৃহ+পক্ষী) ব্য, পুং, চটক, চড়ুই, পারাবত, পায়রা।

মন্দিরপশু, (মন্দির=গৃহ+পশু) ব্য, পুং, বিড়াল, মার্জ্জার।

মন্দীভূত, (মন্দ+চ্বি+ভূ+ক্ত; অ=ঈ) ণ, ত্রি, অল্পীভূত, কম হইয়া আসা, জড়ীভূত, শিথিলীকৃত, মৃদু।

মন্দুরা, (মন্দ+উরচ্, আপ্) স্ত্র, স্ত্রী, অশ্বশালা, মাদুর।

মন্দোদরী, (মন্দ=অল্প+উদর=পেট; ৬.হ) ব্য, স্ত্রী, রাবণমহিষী, ময়দানবের কন্যা, ইন্দ্রজিতের জননী, কৃশোদরী কামিনী, মাদুর।

মন্দোষ্ণ, (মন্দ=ঈষৎ+উষ্ণ=উত্তপ্ত) ণ, ত্রি, ঈষৎ উষ্ণ, অল্প গরম। ন, ঈষদুষ্ণতা।

মন্দ্র, (মন্দ=প্রীত হওয়া+রক্) ণ, ত্রি, গম্ভীর। পুং, বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গক, গম্ভীরধ্বনি।

মন্মথ, (মনস্+মথ্=মন্থনকরা+অল্—ষ) ব্য, পুং, কামদেব, কন্দর্প, মদন, কপিত্থবৃক্ষ, কামচিন্তা।

মন্মথালয়, ব্য, ন, আম্র, যোনি।

মন্মন, (মৎ=মন, হৃদয়+মন্=বোধকরা প্রকাশ করা+অল্) ব্য, পুং, গদগদ ধ্বনি, অস্ফুটবাক্য।

মন্যা, মন্যকা, (মন্=বোধকরা, প্রকাশ করা+য+আপ্, আপ্; মন্যা+ক+আপ্) ব্য, স্ত্রি, গ্রীবাদেশের পশ্চাদ্ভাগস্থ শিরাসমূহ, গাড়ের শির, ঘাড়।

মন্যু, (মন্=জানা+যুচ্) ব্য, পুং, দুঃখ, শোক, দরিদ্রতা, দৈন্য, যজ্ঞ, ক্রোধ, অহঙ্কার।

মন্বন্তর, (মনু=ব্রহ্মার পুত্র+অন্তর=অবকাশ, মধ্যবর্ত্তী সময়; ৬.হ) স্ত্রী, ন, মনুর রাজ্যশাসন কাল, দেবতাদের পরিমাণে একাত্তর যুগ।

মপষ্ট, মপষ্টক, মপুষ্টক, ব্য, পুং, বনমুগ, বনমুগ, মুগানি।

মম, (ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দ) ব্য, অব্য, আমার, মমতা, মায়া।

মমতা,—স্ত্রী, মমত্ব—ন, (মম+তা, ত্ব—ভাব) ব্য, আমার বলিয়া জ্ঞান, মায়া, অত্যন্ত প্রণয়, দয়া, স্নেহ, অহঙ্কার, দর্প, অভিমান।

মমতাযুক্ত, (মমতা=আত্মতা, পাণ্ডিত্য+যুক্ত) ণ, ত্রি, আত্মম্ভরি, অভিমানাদিবিশিষ্ট। স্ত্র, পুং, কৃপণ।

মম্লাপতাল, (মব্য=বদ্ধকরা, সংশ্লিষ্ট রাখা+আল্; ব লোপ; ব=ম; আপত্ত—আগম) স্ত্র, পুং, ইন্দ্রিয়বিষয়।

ময়, (ময়=গমনকরা, অথবা মি, মী=ছড়ান+অল্) ব্য, পুং, উষ্ট্র, অশ্বতর, দৈত্যবিশেষ, দানবগণের সূত্রধর বা শিল্পী। য়া—স্ত্রী, চিকিৎসা, প্রতীকার, শব্দের শেষে থাকিলে পূর্ণ, বিশিষ্ট, তদাত্মক; যথা মৃণ্ময়, হিরণ্ময়।

ময়ট, (ময়=গমনকরা+অটচ্) ব্য, পুং, তৃণনির্ম্মিত কুটীর, পর্ণশালা।

ময়দা, (যবনভাষা) ব্য, গোধূমচূর্ণ, আটা। [মাঠ।

ময়দান, (যবনভাষা) ব্য, ক্ষেত্র,

ময়না, (দেশজ) ব্য, পক্ষিবিশেষ।

ময়রা, (মোদক শব্দের অপভ্রংশ) ব্য,

বর্ণসঙ্কর জাতিবিশেষ, যোদক, মিষ্টান্নকার। [বিক্রত, মলিন।
ময়লা, (মলশব্দজ) ণ; মলাযুক্ত, অপ-
ময়ষ্টক, ব্য, পুং, বনমুদগ।
ময়া, ব্য, স্ত্রী, চিকিৎসা।
ময়ান, (দেশজ) লুচি কিম্বা রুটী প্রস্তুত করিবার পূর্ব্বে ময়দার সহিত ঘৃতমিশ্রণ। [সর্পবিশেষ।
ময়াল, ব্য, পুং, বৃহৎ গোক্ষুর জাতীয়
ময়ী, ব্য, স্ত্রী, উষ্ট্র, উটের গাই।
ময়ু, (মি—[সুমিষ্ট স্বর ইত্যাদি] ক্ষেপণ করা + উ) ব্য, পুং, কিন্নর, কিম্পুরুষ, মৃগ, হরিণ।
ময়ুরাজ, (ময়ু—কিন্নর + রাজ—প্রধান) ব্য, পুং, কুবের, ধনাধিপ।
ময়ূখ, (মা—[সময়] পরিমাণকরা + উখ ; মা—ময়) ব্য, পুং, কিরণ, দীপ্তি, আলোক, জ্বালা, শোভা, কীলক, গোঁজ, পিন্।
ময়ূর, (মহী—পৃথিবী + রু—রবকরা +

ড ; নিপাতন, যে পৃথিবীতে রব করে ; অথবা মী—ক্ষেপণকরা + উরন্)ব্য, পুং, রী—স্ত্রী, স্বনামখ্যাত পক্ষিবিশেষ, বর্হী।
ময়ূরক, (ময়ূর + ক—যোগ) ব্য, পুং, ময়ূর, অপামার্গ। ন, অঞ্জনবিশেষ, তুঁতে।
ময়ূরগ্রীবক, ব্য, ন, তুথ, তুঁতিয়া।
ময়ূরচটক, ব্য, পুং, গৃহকুক্কুটী।
ময়ূরজঙ্ঘ, ব্য, পুং, শোনাকবৃক্ষ, শোণালি গাছ।
ময়ূরপদক, (ময়ূর + পদ + ক—সাদৃশ্যার্থে) ব্য, ন, নখাঘাত, নখের আঁচড়। [গাছ।
ময়ূরবিদলা, ব্য, স্ত্রী, অম্বষ্ঠা, অম্বাড়া
ময়ূরারি, ব্য,পুং, ক্রকলাস, গিরগিটী।
মরক, (মৃ—মরা + ণক) ব্য,পুং, মারী, মড়ক, স্পর্শাক্রামক রোগনিবন্ধন মৃত্যু।
মরকত, মরক্ত (মরক—মারিভয় + তৃ—পারহওয়া + ড) ব্য, পুং, হরিদ্বর্ণ মণিবিশেষ, পান্না।
মরণ, (মৃ—মরা + অনট—ভাব) ব্য, ন, মৃত্যু, বিনাশ, লোকান্তরপ্রাপ্তি।
মরত, ব্য, পুং, মৃত্যু, দেহ বিনাশ, মরণ, মরা।
মরন্দ, মরন্দক, (মকরন্দ শব্দের দ্বিতীয়বর্ণ লোপ, ক—যোগে মকরন্দক, অথবা মর—[ভ্রমরাদির] মরণ + দো—খণ্ডন করা + ড) ব্য, পুং, মকরন্দ, পুষ্পরস, মধু।
মরা, (মরণার্থ মৃ ধাতুজ) ণ, মৃত, গতাসু, মড়া, শুষ্ক।
মরাই, (দেশজ) ব্য,ধান্যাদির গোলা।
মরাকালী, ব্য, স্ত্রী, বৃশ্চিকালী, বিছুটী
মরার, ব্য, পুং, শস্যরক্ষণস্থান, মরাই।
মরাল, (মৃ—মরা + আল) ব্য, পুং,

লোহিত রাজহংস, পাতিহাঁস, তুরঙ্গম, অশ্ব, ডালিমগাছের বন, মেঘ,

খল, দুষ্ট, পাপাত্মা। ৭, ত্রি, নষ্ট, মিছু। [হাঁস।

মরালক, ব্য, পুং, কলহংস, রাজি-

মরিচ, মরীচ, (মৃ—[বিষ] নাশকরা +ইচ, ঈচ) ব্য,ন, স্বনামখ্যাত বর্ত্ত-লাকার কটু দ্রব্যবিশেষ, গোল-মরিচ। পুং, মরুবকবৃক্ষ।

মরীচি, (মৃ—[অন্ধকার] এখানে নাশকরা+ঈচি)ব্য, পুং—স্ত্রী,প্রভা, কিরণ, রশ্মি, ষট্ত্রাসরেণুপরিমাণ। পুং, ব্রহ্মার জ্যেষ্ঠ মানসপুত্র, সৃজন-কর্ত্তা প্রজাপতিবিশেষ, কৃপণ।

মরীচিকা, (মরীচি=কিরণ+ক—স্বার্থে,আপ ; অথবা—ক=জল; ৭.ত) ব্য,স্ত্রী,মৃগতৃষ্ণা,সূর্য্য কিরণে জলভ্রম।

মরীচিপ, (মরীচি=কিরণ+প=যে পান করে) ব্য, পুং, যে মুনিগণ কেবল সূর্য্যকিরণ সেবন করিয়া জীবন ধারণ করেন, বালখিল্য মুনিগণ।

মরীচিমালী, (মরীচিমালা+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, সূর্য্য। ৭, ত্রি, কিরণজালবিশিষ্ট, তেজোময়, জ্যো তিষ্মান।

মরু, (মৃ—[এখানে তৃণাদি] মরা+উ) ব্য, পুং, জল ও বৃক্ষাদিবির-হিত প্রদেশ, অনুর্ব্বর দেশ, পর্ব্বত, মারওয়ার দেশ।

মরুক্ক, ব্য, পুং, নখী নামে গন্ধদ্রব্য। জা, স্ত্রী, শ্বেত ইন্দ্রবারুণী।

মরুণ্টা, মরুণ্ডা, (মৃ—মরা অর্থাৎ বি-নষ্ট হওয়া+উন্ট, উণ্ড) ব্য, স্ত্রী, উচ্চ ললাটযুক্তা কামিনী, যে স্ত্রীর কপাল অতিশয় উচ্চ।

মরুৎ, মরুত, (মৃ—মরা+উৎ, উত) ব্য, পুং, বায়ু, দেবতা। ব্য, ন, গন্ধ দ্রব্যবিশেষ। [বরবটী।

মরুৎকর, ব্য, পুং, কলায় বিশেষ,

মরুৎক্রিয়া, ব্য, স্ত্রী, অপানোৎসর্গ, বাতকর্ম্ম।

মরুত্ত, (মরুৎ+ত—যোগ) ব্য, পুং, বায়ু,অবীক্ষিৎ,চন্দ্রবংশীয় রাজাবিশেষ।

মরুৎপথ, (মরুৎ=বায়ু+পথ [পথিন শব্দজ]=রাস্তা,৬-ষ)ব্য,পুং, আকাশ।

মরুৎপাল,ব্য,পুং,ইন্দ্র,শক্র, শচীপতি।

মরুৎপুত্র, (মরুৎ=বায়ু+পুত্র) ব্য, পুং, ভীমসেন, পাণ্ডুরাজার দ্বিতীয় পুত্র, পবননন্দন, হনুমান।

মরুৎপ্লব, (মরুৎ=বায়ু+প্লব=যে লাফিয়া যায়) ব্য, পুং, সিংহ।

মরুৎফল, (মরুৎ=বায়ু+ফল) ব্য, ন, করকা, শিল, ঘনোপল।

মরুত্বান্, (মরুৎ=বায়ু+মতু) ব্য, পুং, ইন্দ্র, হনুমান্, মেঘ।

মরুৎসখ, (মরুৎ=বায়ু+সখি=বন্ধু, ৬-ষ, অ) ব্য, পুং, বায়ুসখা, অগ্নি, ইন্দ্র, মঘবা।

মরুদান্দোল, (মরুৎ=বায়ু+আন্দোল =কম্পন) ব্য, পুং, তালবৃন্ত, ব্যজন, পাখা।

মরুদিষ্ট, ব্য, পুং, গুগগুল।

মরুদ্ধ্বজ, স্ত্র, ন, বাততূল, আকাশ-বুড়ীর সুতা।

মরুদ্রথ, (মরুৎ=বায়ু+রথ) ব্য,পুং, অশ্ব, ঘোটক, দেবরথ, বিমান।

মরুদ্বর্ত্ম, (মরুৎ=বায়ু+বর্ত্মন্=পথ, ৬ষ) ব্য, পুং, আকাশ, অন্তরীক্ষ।

মরুদ্বাহ, (মরুৎ=বায়ু+বাহ=যান ; ৬.ত) ব্য,পুং,অগ্নি, ধূম, ধুঁয়া, অনল।

মরুদ্বিপ, মরুপ্রিয়, (মরু=জল ও বৃক্ষাদি বিরহিত দেশ+দ্বিপ=হস্তী) ব্য, পুং, উষ্ট্র, উট।

মরুন্মালা, ব্য,স্ত্রী, পুক্কাশাক, পিড়িং-শাক।

মরুভূ,মরুভূমি,(মরু=বালুকাময়+ভূ, ভূমি) ব্য, স্ত্রী, রুক্ষ, জল ও তৃণাদিরহিত বালুকাময় ভূমি, অনু-র্ব্বর ক্ষেত্র, মারওয়ার দেশ।

মরুল, (মৃ=মরা+উলচ্) ষ্য, পুং, কারণ্ডব, হংসবিশেষ। [গাছ।
মরুব, ষ্য, পুং, বৃক্ষবিশেষ, নাগদানা-
মরুবক, (মরু=বালুকাপূর্ণ বা জলশূন্য ভূমি+বা=[গমন করা] জন্মহওয়া +ড, ক—যোগ) ষ্য, পুং, কণ্টক বৃক্ষবিশেষ, ময়না গাছ, ব্যাঘ্র, রাহু, জম্বীরভেদ, খরপত্র তুলসী বৃক্ষ, সারসপক্ষী। [ষ্য, পুং, মৃগবিশেষ।
মরূক, (মৃ=মরা+উক—সংজ্ঞার্থে)
মরূদ্ভবা, ষ্য, স্ত্রী, কার্পাসী, কাপাস
মরোলি, (মৃ=মরা+ওলি, ক—যোগে মরোলিকও হয়) ষ্য, পুং, জলজন্তু-বিশেষ, মকর।
মর্ক, (মর্চ্ =শব্দকরা অথবা মর্ক [সৌত্রধাতু]=গমনকরা+কন্) ষ্য, পুং, বায়ু, দেহ, শরীর, বানর।
মর্কক, (মর্ক=গমন+ক) ষ্য, পুং, গলগণ্ডপক্ষী, হাড়গিলা, লূতা, মাকড়সা।
মর্কট, (মর্ক [সৌত্রধাতু]=গমনকরা +অট) ষ্য, পুং, বানর, ঊর্ণনাভ, মাকড়সা, বিষবিশেষ, হাড়গিল পক্ষী।
মর্কটপিপ্পলী, ষ্য, স্ত্রী, অপামার্গ, আপাং গাছ।
মর্কটবাস, মর্কটবাসাঃ, (মর্কট=মাকড়সা+বাস=বাসস্থান,+বাসস্=বস্ত্র) ষ্য, পুং, লূতাতন্তু, মাকড়সার জাল।
মর্কটশীর্ষ, ষ্য, ন, হিঙ্গুল।
মর্কটাস্য, (মর্কট=বানর+আস্য=বদন) ষ্য, ন, তাম্র, তাঁবা, বানরের মুখ।
মর্কর, ষ্য, পুং, ভৃঙ্গরাজ বৃক্ষ, কেশুর।
মর্করা, ষ্য, স্ত্রী, দরী, কন্দর, গুহা, ভাণ্ড, ভাঁড়, পাত্র, বন্ধ্যা স্ত্রী।
মর্চে, (দেশজ) ষ্য, মরিচা, লৌহ-মল, কলঙ্ক, মলা, খিট।
মর্জ্জি, (যাবনিক) ষ্য, ইচ্ছা।
মর্জ্, (মৃজ=শুদ্ধকরা, মার্জনকরা+উ) ষ্য, স্ত্রী, শুদ্ধি, মার্জ্জনা, শোধন। পুং, রজক, নায়কবিশেষ, পীঠমর্দ্দ।
মর্ত্ত্য, মর্ত্ত, (মর্ত্ত [মৃ=মরা+ক]=মনুষ্য ষ্য—স্বার্থে) ষ্য, পুং, মনুষ্য, পঞ্চ-ভূতাত্মা, মধ্যমলোক, পৃথিবী।
মর্ত্ত্যমুখ, ষ্য, পুং, যক্ষ।
মর্ত্ত্যলোক, (মর্ত্ত্য+লোক=ভুবন, ৬-ষ) ষ্য, পুং, পৃথিবী, মনুষ্যলোক।
মর্দ্দ, (মৃদ্=মর্দ্দনকরা+অল) ষ্য, পুং, মর্দ্দন, পেষণ।
মর্দ্দন, (মৃদ্+অনট—ভাব) ষ্য, ন, পেষণ, দলন, চূর্ণন, পরাভূতকরণ, অঙ্গমর্দ্দন, গা-টেপা, মাখান।
মর্দ্দল, (মর্দ্দ=মর্দ্দন+লা=গ্রহণকরা+ড) ষ্য, পুং, বাদ্যযন্ত্রবিশেষ, মাদল।
মর্দ্দিত, (মৃদ্+ক্ত—চ) ণ, ত্রি, চূর্ণিত, দলিত, পিষ্ট।
মর্ম্ম, (মৃ=মরা+মন্) ষ্য, ন, স্বরূপ, তত্ত্ব, তাৎপর্য্য, শরীরের সন্ধিস্থান, হৃদয়, অন্তঃকরণ, সারভাগ, গুপ্তকথা, অর্থ, বিষয়, অভিপ্রায়, প্রয়োগ, হেতু, প্রয়োজন।
মর্ম্মকীল, ষ্য, পুং, ভর্ত্তা, পতি।
মর্ম্মজ্ঞ, মর্ম্মবিদ্, মর্ম্মবেদী, (মর্ম্মন্=স্বরূপ (শাস্ত্রার্থ)+জ্ঞ, বিদ্, বেদিন্=যিনি জানেন, ২-য) ণ, ত্রি, স্বরূপ-গ্রাহী, নিগূঢ় তত্ত্বজ্ঞ, পণ্ডিত।
মর্ম্মভেদী, (মর্ম্মন্+ভেদিন্=যে ভেদ করে) ণ, ত্রি, মর্ম্মপীড়ক, অন্তঃক-রণে ব্যথাদায়ক, হৃদয়ভেদী।
মর্ম্মর, (মৃ=মরা+অর ; ম—আগম) ষ্য, পুং, নূতন বস্ত্র ও শুষ্কপত্রাদির ধ্বনি, মরমর্ শব্দ, প্রস্তরবিশেষ, মার্ব্বেল পাথর। ণ, ত্রি, মর্ম্মর শব্দ-কারী।
মর্ম্মরী, ষ্য, স্ত্রী, দারুহরিদ্রা।
মর্ম্মরীক, ণ, ত্রি, দীন, নিঃস্ব।
মর্ম্মস্পৃক, (মর্ম্মন্=অন্তর+স্পর্শ=যে স্পর্শ করে, ২-য) ণ, ত্রি, আন্তরিক পীড়াদায়ক, অরুন্তুদ।

মর্ম্মান্তিক, (মর্ম্মন্—অন্তর+অন্তিক—সমীপস্থ, ৬-ষ) ণ, ত্রি, হৃদয়ভেদী, আন্তরিক, নিদারুণ।

মর্ম্মাবিদ্, (মর্ম্মন্—সন্ধিস্থান+ব্যধ—বিদ্ধকরা, পীড়নকরা+ক্বিপ) ণ,ত্রি, মর্ম্মভেদী, হৃদয়-পীড়া দায়ক।

মর্ম্মিক, (মর্ম্মন্+ষ্ণিক—জাতার্থে) ণ, ত্রি, মর্ম্মজ্ঞ, তত্ত্ববিদ্, প্রাজ্ঞ, তাৎপর্য্যগ্রাহক।

মর্য্যা, ব্য, স্ত্রী, ব্য, সীমা, পর্য্যন্ত।

মর্য্যাদক,(মর্য্যাদা+ক—করোত্যর্থে; আ—অ) ণ, ত্রি, মর্য্যাদাকর্ত্তা, সমাদরকারী।

মর্য্যাদা, (পরি+আ+দা—দানকরা+অঙ-ভাব; প স্থানে ম; কিম্বা মর্য্যা—সীমা+দা—দানকরা+অঙ্—ভাব) ব্য, স্ত্রী, ন্যায়পথে স্থিতি, ধারণা, ধৈর্য্য, স্থিরতা, মান, সম্ভ্রম, গৌরব, সমাদর, সম্মাননা, নিয়ম, সীমা, প্রান্ত, কূল, তীর, তট।

মর্শ, (মৃশ্—পরামর্শকরা+অল্) ব্য, পুং, পরামর্শ, যুক্তি, মন্ত্রণা।

মর্শন, (মৃশ্+অনট—ভাব) ব্য, ন, পরামর্শ দান, উপদেশ দেওয়া, মন্ত্রণা করা।

মর্ষ—পুং, মর্ষণ—ন, (মৃষ্—ক্ষমাকরা +অল্, অনট্—ভাব) ব্য, ক্ষান্তি, ক্ষমা, সহিষ্ণুতা, সহন।

মর্ষিত, (মৃষ্+ক্ত—ম) ণ, ত্রি, ক্ষান্ত, ক্ষান্তিবিশিষ্ট, ক্ষমাশীল। ব্য, ন, মর্ষণ, ক্ষমা।

মল, (মল্=(ধারণকরা+অল্) ব্য, পুং,- ন বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা, রক্ত, পূঁজ ইত্যাদি শরীরের ময়লা; বাত, পিত্ত এবং কফ; খাদ, কিট্ট, কাট, পচাবস্তু প্রভৃতি, দূষিত, পাপ,কলঙ্ক, কর্পূর, মৎস্যবিশেষের অস্থি। ণ, ত্রি, মলযুক্ত, কৃপণ। (দেশজ) ব্য, স্ত্রীলোকের পাদাভরণ বিশেষ।

মলঙ্গী, (দেশজ)ব্য,লবণ প্রস্তুতকর্ত্তা।

মলজ, (মল+জ—জাত) ব্য, ন, পূয, পূঁজ। ণ, ত্রি, মলসম্ভূত, মল হইতে জাত, কৃমি পোকা প্রভৃতি।

মলন, (মল্—ধারণকরা+অনট্—ভাব) ব্য, ন, পেষণ, মর্দ্দন, ঘর্ষণ, মোচড়ান। পুং, পটবাস, শিবির, তাঁবু। [বীজ, বিরেচক ঔষধ।

মলদ্রাবী,—বিন্, ব্য, পুং, জয়পালের

মলভেদিনী, ব্য, স্ত্রী, কটুকারুক, কটকী। [ব্য, পুং, বায়স, কাক।

মলভুক্, (মল+ভুজ্—যে ভোজন করে)

মলম, (যবনভাষা) ব্য, ক্ষতাদি রোগে ব্যবহার্য্য লেপনীয় ঔষধ।

মলমাস, (মল+মাস) ব্য, পুং, অধিমাস, অমাবস্যাদ্বয়যুক্ত রবিসংক্রান্তি রহিত মাস, মাসবৃদ্ধি, অসংক্রান্ত মাস, অধিমাস শেষ।

মলম্বা, (দেশজ)ব্য,স্বর্ণপত্র, সোণালী।

মলয়, (মল্—ধারণকরা+কয়ন্) ব্য, পুং, স্বনামখ্যাত পর্ব্বতবিশেষ, চন্দনাদ্রি,পশ্চিমঘাট পর্ব্বত, দেশবিশেষ, মলবার, অষ্টাদশ দ্বীপান্তর্গত দ্বীপবিশেষ, আরাম, নন্দনবন, ইন্দ্রের উদ্যান, ঋষভদেবের পঞ্চম পুত্র। —য়া,স্ত্রী,লতাবিশেষ,ত্রিবৃৎ,তেউড়ী।

মলয়জ, (মলয়+জ—যে জন্মে, ৫-ষ) ব্য, পুং,—ন, গন্ধসার, চন্দনকাষ্ঠ। ণ, ত্রি, মলয়পর্ব্বতসম্ভূত।

মলয়ানিল, (মলয়—পর্ব্বতবিশেষ+অনিল—বায়ু)ব্য, পুং, বসন্তকালীন বায়ু, দক্ষিণদিকের বায়ু।

মলয়োদ্ভব, (মলয়+উদ্ভব—যে জন্মে, ৫-ষ) ব্য, ন, চন্দন।

মলাকর্ষী,(মল—ময়লা,বিষ্ঠা ইত্যাদি+আ+কৃষ্=আকর্ষণকরা+ণিন্—ষ) ব্য, পুং, মলপরিষ্কারক, সম্মার্জ্জক, হাড়ি,মেতর। [অথবা স্ত্রী,দূতী,হস্তিনী।

মলাকা, ব্য, স্ত্রী, কামিনী, বেশ্যা,

মলাপহা, (মল+অপ+হন্—বধকরা+ড, আ) ব্য, স্ত্রী, নদীবিশেষ।

মলিন, (মল+ইনচ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, মলযুক্ত, দূষিত, পঙ্কিল, কৃষ্ণবর্ণ, অপরিষ্কৃত, পাপযুক্ত, পাপিষ্ঠ, ম্লান, বিবর্ণ, দুঃখিত। ন, তক্র, ঘোল, দোষ, টঙ্কণ, সোহাগা।

মলিনতা,—স্ত্রী, মলিনত্ব,—ন, (মলিন+তা, ত্ব—ভাবে) ব্য, মালিন্য, অপ্রফুল্লতা, কৃষ্ণত্ব।

মলিনমুখ, (মলিন=কৃষ্ণবর্ণ+মুখ=আস্য) ণ, ত্রি, ক্রূর, খল, অসভ্য, ভয়ঙ্কর, ম্লান-বদন। ব্য পুং, অগ্নি, কৃষ্ণমুখ বানর, হনূমান্, ভূত, প্রেত।

মলিনাম্বু, (মলিন=মলযুক্ত+অম্বু=জল) ব্য, ন, মসী, কালি, সমল জল।

মলিনিমা, (মলিন+ইমন্—ভাবে) ব্য, পুং, মলিনতা, অপ্রফুল্লতা, মালিন্য, বিবর্ণতা।

মলিনী, মলিষ্ঠা, (মল—অপরিষ্কার+ইনচ্—অস্ত্যর্থে, মল+ইষ্ঠ—অস্ত্যর্থে) ব্য, স্ত্রী, ঋতুমতী নারী, রজস্বলা স্ত্রী।

মলিম্লুচ, (মলী=মলযুক্ত অর্থাৎ পাপযুক্ত হইয়া+ম্লুচ্=গমনকরা+অন্, অথবা মলি=অধিকার+ম্লুচ্=অপহরণকরা+ক) ব্য, পুং, চোর, তস্কর, অগ্নি, বায়ু, মলমাস, তুষার, মশক, মশা। [মলিন শব্দ দেখ।

মলী, (মল+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি,

মলীমস, (মল=ময়লা+ঈমস্ ; নিপাতনে) ণ, ত্রি, মলিন, অপরিষ্কৃত, পাপপঙ্কিল, পাপিষ্ঠ, খল, ক্রূর। ব্য, ন, লৌহ, লোহা।

মল্ল, (মল্ল=ধারণকরা+অল্) ণ, ত্রি, বলিষ্ঠ, অতিশয় বলবান্, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। ব্য, পুং, বাহুযোদ্ধা, মাল, জাতিভ্রষ্ট ক্ষত্রিয়সন্তান, পাত্রবিশেষ, কপোলদেশ, গণ্ডস্থল, দেশবিশেষ, বৃক্ষবিশেষ। ল্লা—স্ত্রী, স্ত্রী, নারী, পত্রবল্লী, মল্লিকা।

মল্লক, (মল্ল+ণক) ব্য, পুং, কা—স্ত্রী, তৈলাধার পাত্রবিশেষ, মালা, দীপাধার, প্রদীপ। পুং, দন্ত।

মল্লজ, (মল্ল=দেশবিশেষ+জ=উৎপন্ন) ব্য, ন, গোলমরিচ।

মল্লনাগ, (মল্ল=অতিশয় বলবান্+নাগ=হস্তী) ব্য, পুং, ঐরাবতহস্তী, পত্রবাহক, বাৎস্যায়নমুনি, বাৎস্যায়নপ্রণীত অনুরাগগর্ভ প্রবন্ধবিশেষ।

মল্লভূ, মল্লভূমি, (মল্ল=বাহুযোদ্ধা+ভূ, ভূমি=স্থান) ব্য, স্ত্রী, মল্লদিগের ক্রীড়াস্থান, ব্যায়ামশালা, কুস্তির আকড়া, রঙ্গভূমি।

মল্লযুদ্ধ, (মল্ল+যুদ্ধ, ৬-ষ) ব্য, ন, মল্লদিগের সংগ্রাম, বাহুযুদ্ধ, হাতাহাতি।

মল্লার, (মল্ল+ঋ—গমনকরা+ঘঞ্)ব্য, পুং, দ্বিতীয় রাগ। রী—স্ত্রী, রাগিণীবিশেষ, মেঘরাগের রাগিণী।

মল্লি, মল্লী, (মল্ল্—ধারণকরা+কি—সংজ্ঞার্থে) ব্য, স্ত্রী, মল্লিকা, বেলফুল। ব্য, পুং, উনবিংশ জিন।

মল্লিক, (মল্লি=মল্লিকা পুষ্পবৃক্ষ+কন্ যোগ) ব্য, পুং, হংসবিশেষ, যে হংসের চঞ্চুপুট ও চরণদ্বয় ঈষৎ ধূসর ও লোহিত বর্ণ, উপাধিবিশেষ, মাঘমাস, শুক্লবেঞ্জন। কা—স্ত্রী, বেলফুল, মৎস্যবিশেষ, তৈলাধার মৃণ্ময় পাত্রবিশেষ, পানপাত্র, ঘটী, গ্লাস ইত্যাদি, নদীবিশেষ।

মল্লিকাক্ষ, মল্লিকাখ্য, (মল্লিকা=বেলফুল+অক্ষ=চক্ষুঃ ; ৬-হ ; মল্লিক+আখ্যা=নাম ; ৬-হ) ব্য, পুং, হংসবিশেষ, ঈষৎ ধূসর ও রক্তবর্ণ চঞ্চু ও পাদদ্বয়বিশিষ্ট হংস।

মল্লিগন্ধি, (মল্লি=মল্লিকা+গন্ধি=আঘাণ) ব্য, ন, অগুরু, অগুরুকাষ্ঠবিশেষ।

মল্লীকর, ব্য, পুং, চোর, তস্কর। [ভালুক।

মল্লু, (মল্ল্=ধারণকরা+উ) ব্য, ভল্লুক,

মশ, মশক, (মশ্=শব্দকরা, ক্রুদ্ধহওয়া+অল, শক) বা, পুং, কীটবিশেষ, মশা, ডিম্বী, রোগবিশেষ, আঁচিল। [ডুমুরের গাছ।
মশকী, বা, স্ত্রী, উড়ুম্বরবৃক্ষ, যজ্ঞমশহরী, (মশ=মশক+হৃ=হরণকরা+অন্, ঈপ্) বা, স্ত্রী, মশারি, মশকনিবারক প্রাবরণবিশেষ। [বিশেষ।
মশা, (মশকশব্দজ) বা, দংশক কীটমশান, (শ্মশান শব্দজ) বা, সমাধিস্থান, প্রেতভূমি, শবদাহস্থল।
মশারি, (মশহরী শব্দজ) বা, মশক নিবারণার্থ বস্ত্রনির্ম্মিত চতুষ্কোণ প্রাবরণবিশেষ। [দীপ।
মশাল, (যবনভাষা) স্ত্র, আলোক, মশুন, বা, পুং, কুক্কুর, কুকুর।
মস, (মস্=পরিমাণকরা+অল্) বা, পুং, পরিমাণ, ওজন, ভার।
মসন, বা, পুং, সোমরাজীবৃক্ষ।
মসার, (মস [মস্=পরিমাণকরা+অল্]=পরিমাণ+ঋ=গমনকরা, পাওয়া+ঘঞ্; ক—যোগে মসারক শব্দও হয়) বা, পুং, ইন্দ্রনীলমণি।
মসাহরা, (যবনভাষা) বা, মাসিক বেতন, মাহিনা।
মসি—সী, শি, শী, (মস্=পরিমাণকরা+ইন্) বা, পুং,—স্ত্রী, লিখিবার কালি, শেফালিকা বৃক্ষ।
মসিক, বা, পুং, ব্যালবিবর, সাপের গর্ত্ত, লিখিবার কালি।
মসিকূপী, মসিকূপিকা, (মসি+কূপ=কূপকরা, ক—যোগে মসিকূপিকা) বা, স্ত্রী, দোয়াত, মস্যাধার।
মসিদ, মসজিদ, (যাবনিক) বা, মুসলমানদিগের ধর্ম্মমন্দির।
মসিধান, (মসি+ধান=যে ধারণ করে, ব-স) বা, ন, নী—স্ত্রী, মস্যাধার, দোয়াত।
মসিপথ, (মসি+পথ) বা, পুং, লেখকোপজীবী, মসীজীবী, কেরাণী।
মসীপথ, বা, পুং, লেখনী, কলম।
মসিপ্রসূ, মসিমণি, (মসি+প্রসূ=পিতা বা মাতা +মণি=রত্ন) বা, স্ত্রী, মস্যাধার, দোয়াত, লেখনী।
মসীজীবী, (মসী+জীবী=যে প্রাণধারণ করে, ৩-স) বা, পুং, লেখক, লিপিকর, লেখোপজীবী।
মসীনা, (মস্+ঈন, আপ্) বা, স্ত্রী, শস্যবিশেষ, তিসী।
মসুর, মসূর, (মস্+উরচ্, উরন্) বা, পুং, রা—স্ত্রী, মসুরি কড়াই। রা—স্ত্রী, বেশ্যা। [গোল বালিশ।
মসূরক, (মসূর+ক—যোগ) বা, পুং,
মসূরি, মসূরী, (মসূর+ই, ঈ) বা, স্ত্রী, ইচ্ছাবসন্ত, কুষ্ঠিনী, বালিশ।
মসূরিকা, (মসূরা=বেশ্যা+ক) বা, স্ত্রী, কুট্টিনী, মশহরী, মশারি, ইচ্ছাবসন্ত।
মসূরিদলা, বা, স্ত্রী, কৃষ্ণত্রিবৃৎ, শ্যামালতা
মসৃণ, (মস্=ওজনকরা+ঋণ; নিপাতন; অথবা সম=সমানরূপে+ঋণ্=গমন করা, হওয়া+ক, সম=মস) ণ, ত্রি, কোমল, মৃদু, নরম, স্নিগ্ধ, উজ্জ্বল, চক্চকে, যাহার উপরিভাগ এরূপ সমতল যে কিছুমাত্র উচ্চনীচ বলিয়া বোধ হয় না। ণা—স্ত্রী, মসীনা, তিসী।
মস্কর, (মস্ক=গমন করা, অথবা মন্ক=অলঙ্কৃত করা+অর; ন—লোপ, স—আগম) বা, পুং, বংশ, বাঁশ, বংশযষ্টি, রন্ধ্রযুক্ত বংশ।
মস্করা, (দেশজ) কৌতুক, পরিহাস।
মস্করী, (মস্কর=বংশ, দণ্ড+ইন্—অস্ত্যর্থে) বা, পুং, ভিক্ষু, চতুর্থাশ্রমী, চন্দ্র।
মস্ত, (মস্=পরিমাণ করা+ক্ত) বা, ন, মস্তক, মাথা, শিরোভাগ, উপরিভাগ, অগ্রভাগ। ণ, ত্রি, উচ্চ, উন্নত।
মস্তক, (মস্ত+ক—যোগ) বা, পুং, —ন, শিরঃ, মস্তক, মাথা, শিরো-

দেশ, অগ্রভাগ। ণ, ত্রি,উচ্চ,উন্নত।

মস্তকস্নেহ, (মস্তক+স্নেহ=তরল পদার্থ) ব্য, পুং, শিরোমজ্জা, মাথার ঘি, মস্তিষ্ক।

মস্তকাখ্য, (মস্তক+আখ্যা=নাম) ব্য, পুং, বৃক্ষশিরঃ, গাছের আগা।

মস্তদারু, ব্য, পুং, দেবদারু বৃক্ষ।

মস্তমূলক, (মস্ত=মস্তক+মূল, ক—যোগ) ব্য, ন, মস্তকের অধঃপ্রদেশ, গ্রীবা, ঘাড়। [ওজন, পরিমাণ।

মস্তি, (মস্=ওজনকরা+ক্তি) ব্য.স্ত্রী,

মস্তিষ্ক, (মস্ক্=গমনকরা, পাওয়া+অল্; নিপাতন) ব্য, ন, মস্তকের অভ্যন্তরস্থ ঘৃতবৎ কোমল পদার্থ, মাথার ঘি, মগজ, অধুনাতন ইউরোপীয় বৈজ্ঞানিকগণের মতে মস্তিষ্কই বুদ্ধির স্থান।

মস্তু, (মস্=ওজনকরা+তু) ব্য, ন, দধি প্রভৃতির জলীয়াংশ, ঘোল বা দধির মাৎ।

মস্তুলুঙ্গ, ব্য, পুং, মস্তিষ্ক।

মস্যাধার, (মসী=কালি+আধার=পাত্র, ৬-ষ) ব্য, ন, দোয়াত।

মহ, (মহ্=পূজাকরা+অল) ব্য, পুং, উৎসব,দীপ্তি,আলোক,মহিষ, যজ্ঞ।

মহক, (মহ্=পূজাকরা+ণক) ব্য,পুং, মহৎব্যক্তি, কূর্ম, কচ্ছপ, বিষ্ণু।

মহক্ক, ব্য, পুং, বহুস্থান ব্যাপী আমোদ, বহুদূর বিস্তৃত গন্ধ।

মহতীদ্বাদশী, ব্য, স্ত্রী, শ্রাবণ দ্বাদশী।

মহৎ, (মহ+শতৃ) ণ, ত্রি, বৃহৎ, স্থূল, বিশাল, বড়, পরাক্রান্ত, প্রবল, ভয়ানক, অধিক, বহুল, অনেক, বিস্তীর্ণ, প্রধান,উৎকৃষ্ট, শ্রেষ্ঠ, উদার, মনস্বী। ব্য, ন, রাজত্ব, সাম্রাজ্য। তী—স্ত্রী, নারদের সপ্তগুণময়ী বীণাযন্ত্র।

মহত্তত্ত্ব, (মহৎ=উৎকৃষ্ট+তত্ত্ব) ব্য,ন, সাংখ্যমতোক্ত চতুর্বিংশতি তত্ত্বান্তর্ভূত দ্বিতীয় তত্ত্ব।

মহত্তর, (মহৎ+তর=দুয়ের মধ্যে একের আতিশয্যার্থে) ব্য, পুং—স্ত্রী, শূদ্র। ণ,ত্রি, দুইয়ের মধ্যে অপেক্ষাকৃত মহৎ।

মহত্ত্ব, (মহৎ+ত্ব—ভাবে) ব্য, ন, বৃহত্ত্ব, বিশালতা, প্রাধান্য, উৎকর্ষ, মহিমা, আধিক্য, উদারতা।

মহত্ত্রাণ, (দেশজ) ব্য, বিনাকরে শূদ্রের ভোগ্য ভূমি।

মহৎশল্ক, ব্য, পুং, চিঙ্গড়ী মাছ।

মহনীয়, (মহ্+অনীয়—ঢ) ণ, ত্রি, পূজনীয়, মান্য, মহৎ। [র্লোক।

মহর্, (মহ্+অর্) ব্য, ঊর্দ্ধস্থ মহ-

মহর্লোক, (মহস্=যজ্ঞ+লোক=ভুবন) ব্য, পুং, ভূলোকাদি সপ্তলোকান্তর্গত চতুর্থলোক, পারত্রিক সুখস্থান।

মহর্ষি, (মহৎ+ঋষি,কর্ম্মধা) ব্য, পুং, প্রধান ঋষি, ব্যাসাদি মুনি।

মহল্লক, মহল্লিক, (মহল্ল [আরবীয় ভাষা]=অন্তঃপুর+ক—যোগ, দ্বিতীয় পক্ষে—ষিক—রক্ষার্থে) ব্য,পুং, কঞ্চুকী, অন্তঃপুররক্ষক, খোজা।

মহস্, (মহ্+অস্) ব্য, ন, তেজঃ, আভা,দীপ্তি, উৎসব,যজ্ঞ, উৎসাহ।

মহস, (মহ্=পূজাকরা+অসচ্) ব্য, ন, জ্ঞান, প্রকার, প্রভেদ।

মহা, (মহ্=পূজাকরা+অল, আপ্) ব্য, স্ত্রী, স্ত্রীগবী, গাভি।

মহাকচ্ছ, (মহৎ+কচ্ছ=উপকূল) ব্য, পুং, মহাসাগর, সমুদ্র, জলাধিপ, বরুণ, পর্ব্বত।

মহাকণ্টকিনী, ব্য,স্ত্রী, বিষসারকবৃক্ষ, ফণিমনসার গাছ।

মহাকন্দ, ব্য, পুং, লশুন, পলাণ্ডু, মূলক, মূলা, রক্তলশুন।

মহাকপিত্থ, (মহৎ+কপিত্থ=কৎবেল) ব্য,পুং,বিল্ববৃক্ষ, বেলগাছ।

মহাকর্ণিকার, ষ্য, পুং, আরগ্বধ বৃক্ষ, সোঁদালীগাছ।

মহাকায়, (মহৎ+কায়=শরীর) ষ্য, পুং, নন্দী, শিবের দ্বারপাল, হস্তী। ণ,ত্রি, প্রকাণ্ড শরীরবিশিষ্ট।

মহাকাল, (মহৎ+কাল=সময়) ষ্য, পুং, রুদ্র, শিব, শিব প্রলয়কালে জগৎ ভক্ষণ করেন অর্থাৎ সকল সৃষ্টবস্তুই সময়ে কালের উদরে নিহিত হয়, শিবের সংহার মূর্ত্তি, প্রমথগণবিশেষ, আম্রবৃক্ষ, অনবচ্ছিন্ন অনন্তকাল। ন, স্থানবিশেষ। লী—স্ত্রী,মহাকালপত্নী, ভৈরবী, রুদ্রাণী, দুর্গা, জৈনদেবতা-বিশেষ।

মহাকাব্য, (মহৎ+কাব্য=কবিতা, কর্ম্মধা) ষ্য, ন, দেবতাবিশেষের অথবা সৎকুলপ্রসূত বহুগুণযুক্ত ক্ষত্রিয়বিশেষের কিম্বা এক বংশোদ্ভব বহু নৃপতিগণের ইতিবৃত্ত লইয়া যে কাব্য রচিত হয়; মহাকাব্য নানা সর্গে বিভক্ত, তাহাতে অষ্টাধিক সর্গ থাকা আবশ্যক;মহামুনি বাল্মীকি কৃত রামায়ণ আদি মহাকাব্য, তৎপরে কালিদাসকৃত রঘুবংশ, ভারবিকৃত কিরতার্জ্জুনীয়, শ্রীহর্ষপ্রণীত নৈষধচরিত, মাঘরচিত শিশুপালবধ এবং ভর্ত্তৃহরি প্রণীত ভট্টিকাব্য এই কয়খনি কাব্যও সচরাচর মহাকাব্য নামে অভিহিত হইয়া থাকে।

মহাকুমুদা, ষ্য, স্ত্রী, দুর্গা।

মহাকুল, (মহৎ+কুল=বংশ) ণ, ত্রি, কুলীন, উত্তম কুলজাত, অভিজাত। ষ্য, ন, মহৎ বংশ।

মহাগব, (মহৎ+গো=গোরু) ষ্য পুং, গোসদৃশ পশু, গবয়, চমর।

মহাগুরু, (মহৎ+গুরু) ষ্য, পুং, শ্রেষ্ঠ-গুরু; পুরুষের পিতা,মাতা,আচার্য্য; স্ত্রীলোকের পতি; অদত্তা কন্যার পিতা এবং মাতা।

মহাগ্রীব, (মহৎ+গ্রীবা; ৬.হু) ষ্য, পুং, উষ্ট্র,উট। ণ,ত্রি, বৃহৎ গ্রীবাবিশিষ্ট।

মহাঘূর্ণা,(মহৎ=অধিক+ঘূর্ণ=ঘোরা+অঙ্) ষ্য, স্ত্রী, সুরা, মদিরা।

মহাঘোষ, (মহৎ+ঘোষ—শব্দ) ষ্য, ন, হট্ট, হাট, বাজার ইত্যাদি। পুং, উচ্চশব্দ। ষ্য, স্ত্রী, কর্কটশৃঙ্গীবৃক্ষ, কুম্ভকীগাছ। [ষ্য,পুং,উষ্ট্র,উট।

মহাঙ্গ, (মহৎ+অঙ্গ—শরীর; ৬.হু)

মহাচণ্ড, (মহৎ=অতিশয়+চণ্ড=উগ্র, ক্রুদ্ধ)ষ্য,পুং,যমভৃত্য,যমদূত। ণ, ত্রি, প্রচণ্ড, উগ্রস্বভাব। [তেড়েলগাছ।

মহাচ্ছদ, ষ্য, পুং, দেবতাড়বৃক্ষ,

মহাজন, (মহৎ+জন, কর্ম্মধা) ষ্য, পুং, সাধু, ধার্ম্মিক ব্যক্তি, মন্বাদি, উত্তমলোক, ব্যবসায়ী,বাণিজ্যকারী, উত্তমর্ণ।

মহাজব, ষ্য, পুং, গবয়, চমর মৃগ।

মহাজ্বাল,(মহৎ+জ্বালা=অগ্নির শিখা) ষ্য, পুং, হোমাগ্নি, যজ্ঞাগ্নি, বিদ্যা-দেবীবিশেষ, জৈনদেবতা।

মহাজ্যৈষ্ঠী, ষ্য, স্ত্রী, নক্ষত্রবিশেষ যুক্ত জ্যৈষ্ঠী পূর্ণিমা।

মহাতমঃপ্রভা, (মহা+তমঃ=অন্ধকার+প্রভা=আলোক) ষ্য, স্ত্রী, নরকের নিম্নভাগ।

মহাতরু, ষ্য,পুং, সুহীবৃক্ষ,মনসাগাছ।

মহাতল,(মহৎ+তল=নিম্নভাগ,কর্ম্মধা) ষ্য, ন, সপ্ত পাতালান্তর্গত পঞ্চম পাতাল, নাগলোক। [গাছ।

মহাতীক্ষ্ণা, ষ্য,স্ত্রী,ভল্লাতকবৃক্ষ,ভেলা-

মহাতেজাঃ, (মহৎ+তেজস্=দীপ্তি, বিক্রম ইত্যাদি; ৬.হু) ষ্য, কার্ত্তিকেয়, অগ্নি, পরাক্রান্ত যোদ্ধা। ন, পারদ, পারা। ণ, ত্রি, অতিশয় তেজস্বী, ভাস্বর।

মহাত্মা,(মহৎ+আত্মন্=মন, বুদ্ধি; ৬.হু) ণ, ত্রি, উদার, মহামনাঃ, মনস্বী, মহাশয়, দানশীল, বদান্য।

মহাদেব, (মহৎ+দেব, ৬-ষ) ব্য, পুং, শিব। বী—স্ত্রী,দুর্গা,প্রধানা মহিষী, রাজ্ঞী, পাটরাণী।

মহাদেশ, ব্য, পুং, এক অতি বিস্তীর্ণ ভূভাগ, যাহাতে নানাজাতীয় লোক বাস করে।

মহাদ্রাবক, ব্য, পুং, দ্রাবক বিশেষ।

মহাদ্বন্দ্ব, ব্য, পুং, যুদ্ধবাদ্য, রণঢক্কা, অতিশয় কলহ।[অশ্বত্থ বৃক্ষ,বৃহৎবৃক্ষ।

মহাদ্রুম, (মহৎ+দ্রুম=বৃক্ষ) ব্য, পুং,

মহাধন, (মহৎ+ধন ; ৬.ত) ণ, ত্রি, ধনসম্পন্ন, ধনাঢ্য, ধনশালী, বহুমূল্য। ব্য, ন, বহুমূল্য বস্ত্র, মনোহর বস্ত্র, সুগন্ধদ্রব্য, সুবর্ণ, কৃষিকার্য্য।

মহাধাতু, (মহৎ=প্রধান+ধাতু=খনিজ) ব্য, পুং, সুবর্ণ, কাঞ্চন।

মহাধ্বনিক, ব্য, পুং, পুণ্য নিমিত্ত হিমালয় পর্ব্বতে গমন দ্বারা মৃত্যু।

মহানট, (মহৎ+নট=নর্ত্তক) ব্য,পুং, শিব, মহাদেব।

মহানদী, ব্য, স্ত্রী, উড়িষ্যাদেশান্তর্গত কটকের উত্তরদিক দিয়া বহমান নদীবিশেষ, বৃহৎ নদী, গঙ্গা।

মহানন্দ, (মহৎ+আনন্দ=সুখ) ব্য, পুং, মোক্ষ, মুক্তি, নির্ব্বাণ, অতিশয় আহ্লাদ। ণ,ত্রি,অতিশয় আনন্দিত। ন্দা—স্ত্রী, সুরা, মদিরা, মাঘ মাসের শুক্লানবমী, নদীবিশেষ।

মহানবমী, ব্য, স্ত্রী, আশ্বিন মাসের শুক্লানবমী।

মহানস, (মহৎ+অনস=অন্ন ; ৭.হ ; টচ্) ব্য, পুং—ন, পাকস্থান, রন্ধনগৃহ, রান্নাঘর।

মহানাটক, ব্য, ন, দশ অঙ্কযুক্ত নাটকবিশেষ, যথা বালরামায়ণ প্রভৃতি; স্বনামপ্রসিদ্ধ হনুমদ্রচিত রামচরিতজ্ঞাপক নাটকবিশেষ।

মহানাদ, (মহৎ+নাদ=শব্দ) ব্য,পুং, মহা শব্দ, উচ্চধ্বনি,বর্ষণকারী কৃষ্ণবর্ণ মেঘ, কর্ণ, সিংহ, উষ্ট্র, শঙ্খ, হস্তী। ন, বাদ্যযন্ত্রবিশেষ।

মহানিদ্রা, (মহৎ+নিদ্রা, কর্ম্মধা) ব্য, স্ত্রী, মৃত্যু, মরণ, অনন্তনিদ্রা, প্রাণবিয়োগ।

মহানিশা, (মহৎ+নিশা=রাত্রি, কর্ম্মধা) ব্য, স্ত্রী, মধ্যরাত্র, নিশীথ সময়, নিশামধ্যভাগ।

মহানীচ, (মহৎ=অধিক+নীচ=অধম) ব্য, পুং, রজক, ধোপা, অতিশয় হীন জাতি।

মহানীল,(মহৎ+নীল=নীলবর্ণ ; ৬.ত) ব্য, পুং, নীলকান্ত মণি, নাগবিশেষ, ভৃঙ্গরাজ।

মহানীলসরস্বতী, ব্য, স্ত্রী, দশ মহাবিদ্যার অন্তর্গত দ্বিতীয়া বিদ্যা, তারা মূর্ত্তি।

মহানীলী, ব্য, স্ত্রী,নীল অপরাজিতা।

মহানুভব, মহানুভাব, (মহৎ+অনুভব, অনুভাব=প্রভাব,মহত্ত্ব ; ৬.ত) ণ, ত্রি, উদারস্বভাব, মহাত্মা, মহাপ্রকৃতি।

মহানেমি, ব্য, পুং, কাক, বায়স।

মহাপক্ষ, (মহা=বৃহৎ+পক্ষ=ডানা; ৬.ত) ব্য, পুং, রাজহংসবিশেষ। ক্ষী—স্ত্রী, পেচক, পেঁচা।

মহাপঞ্চবিষ,ব্য,ন,বৃহৎবিষপঞ্চক :— শৃঙ্গী, কালকূট, মুস্তক, বৎসনাভ ও শঙ্খপর্ণী।

মহাপঞ্চমূল, ব্য, ন, পাঁচনবিশেষ ;— বিল্ব, অগ্নিমন্থ, শ্যোণাক, কাশ্মরী ও পাটলা।

মহাপথ, (মহৎ=প্রধান+পথ=পথিন্ শব্দজ) ব্য, পুং, প্রধানপথ, রাজবর্ত্ম, রাজপথ, হিমালয়োত্তরদিগস্থ স্বর্গারোহণ পথ, মহাপ্রস্থান, মরণ, মৃত্যু।

মহাপদ্ম, (মহৎ+পদ্ম=পঙ্কজ) ব্য, পুং, নাগবিশেষ, কুবেরের নিধি-

বিশেষ, কুবেরের অনুচর, সন্ধ্যা-বিশেষ, লক্ষকোটি। ন, শ্বেতপদ্ম।

মহাপাতক,মহাপাপ, (মহৎ+পাতক, পাপ, কর্ম্মধা) ব্য, ন, মহৎপাপ; ব্রহ্মহত্যা, ব্রাহ্মণের স্বর্ণাপহরণ, সুরাপান ও গুরুপত্নীগমন এই চতুর্ব্বিধ পাপের অন্যতম পাপাসক্ত ব্যক্তির সহিত সহবাস, এই পঞ্চবিধ পাপ।

মহাপাসক, ব্য,পুং, বুদ্ধভিক্ষুক, বৌদ্ধ ধর্ম্মাবলম্বী সন্ন্যাসী, চেলুক, শ্রামনের, প্রব্রজিত, গোমীন।

মহাপুরাণ, ব্য, ন, একাদশ লক্ষণযুক্ত ব্যাসদেবকৃত অষ্টাদশ সংখ্যক-পুরাণ।

মহাপুরুষ, (মহৎ+পুরুষ=ব্যক্তি) ব্য, পুং,সাধু পুরুষ,শ্রেষ্ঠব্যক্তি,নারায়ণ।

মহাপ্রভু, (মহৎ=প্রধান+প্রভু) ব্য, পুং, পরমেশ্বর, মহাদেব, শিব. ইন্দ্র. রাজা, মুনি, বৈষ্ণব ধর্ম্মপ্রবর্ত্তক, চৈতন্য।

মহাপ্রলয়, (মহৎ+প্রলয়=নাশ, কর্ম্মধা) ব্য, পুং, ত্রিলোকনাশ, ব্রহ্মার সহিত ব্রহ্মাণ্ডের ধ্বংস, কল্পান্ত।

মহাপ্রসাদ, (মহৎ+প্রসাদ=প্রসন্নতা) ব্য, পুং, দেবোদ্দেশে প্রদত্ত নৈবেদ্যাদি, অতি প্রসন্নতা; পাদোদক, নির্ম্মাল্য, নৈবেদ্য—এই ত্রিবিধ।

মহাপ্রস্থান, ব্য, ন, প্রাণত্যাগার্থ যাত্রা, মৃত্যুপথ।

মহাপ্রাণ, ব্য, পুং, দ্রোণকাক, দাঁড়কাক, বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ ষ স হ। [কেণা।

মহাফেণা, ব্য, স্ত্রী, হিণ্ডীর, সমুদ্রের

মহাবল, (মহৎ=অধিক+বল; ৬.হ) ণ, ত্রি,অতিশয় বলশালী। ব্য, পুং, বাতাস,বায়ু, বুদ্ধ। ন,সীসক,সীসা।

মহাবোধি, (মহৎ+বোধি=শিক্ষক) ব্য, পুং, বুদ্ধ।

মহাব্রাহ্মণ, (মহৎ+ব্রাহ্মণ, কর্ম্মধা) ব্য, পুং, নিন্দিত ব্রাহ্মণ, শবদাহকালে যে ব্রাহ্মণ মন্ত্র পাঠ করে, অগ্রদানী, মোড়িপড়া ব্রাহ্মণ,ভাট।

মহাভদ্রা, (মহৎ=অধিক+ভদ্রা) স্ব, স্ত্রী, গঙ্গা, ভাগীরথী।

মহাভাগ, (মহৎ+ভাগ=ভাগ্য; ৬.হ) ব্য, পুং, অতিশয় সৌভাগ্যশালী, মহাশয়, সাধু,ধার্ম্মিক, নিপুণ,শ্রেষ্ঠ।

মহাভারত, (মহৎ+ভারত, কর্ম্মধা) ব্য, ন, ব্যাসদেব রচিত ইতিহাস শাস্ত্র,মহত্ত্ব এবং ভারতবংশের ইতিবৃত্ত বর্ণন নিবন্ধন ইহার নাম মহাভারত।

মহাভীম, (মহৎ=অধিক+ভীম=ভয়ঙ্কর) ব্য, পুং, শান্তনুরাজা, ভৃঙ্গি নামে শিবের দ্বারপাল। ণ, ত্রি, ভয়ানক। [কর)ব্য,পুং,শান্তনুরাজা।

মহাভীষ্ম, (মহৎ=অধিক+ভীষ্ম=ভয়-

মহাভূত, (মহৎ+ভূত=পৃথিব্যাদি, কর্ম্মধা) ব্য,ন, প্রধান ভূত; ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম—এই পঞ্চবিধ; প্রধান জীব। [গাছ

মহাভৃঙ্গ, ব্য, পুং, নীলবর্ণ ভীমরাজ

মহাভোগা, ব্য, স্ত্রী, দুর্গা।

মহামণ্ডূক, ব্য, পুং, পীতবর্ণ মণ্ডূক সোণাব্যাঙ।

মহামতি, (মহা+মতি=বুদ্ধি; ৬.হ) ণ, ত্রি, অতিশয় বুদ্ধিমান্, উদারবুদ্ধি, সুধীর।

মহামদ,(মহৎ+মদ=মত্ততা বা হস্তিগণ্ডনির্গত জল) ব্য, পুং, মত্তহস্তী অতিশয় মত্ততা, সাতিশয় হর্ষ।

মহামনাঃ,(মহৎ=উদার+মনস্=মনঃ ৬.হ)ণ, ত্রি, মহাত্মা, মনস্বী, উদার স্বভাব, মহাশয়।

মহামহিম, (মহৎ+মহিমন্=মহিমা মাহাত্ম্য; ৬.হ) ণ, ত্রি, অতিশয়

মহিমান্বিত, প্রতাপশালী।
মহামাংস, ষ্য, ন, নরমাংস।
মহামাত্র, (মহৎ+মাত্রা=ধন, বা হস্ত্যাদি বাহন ; ৬.হ) ষ্য, পুং, রাজার অমাত্য, রাজ্যের প্রধান ২ কর্ম্মচারী,প্রধান কর্ম্মকর্ত্তা, হস্তিপক, মাহুত, সমৃদ্ধ, ধনাঢ্যব্যক্তি। স্ত্রী—স্ত্রী, আচার্য্য পত্নী।
মহামায়া, (মহৎ+মায়া, কর্ম্মধা) ষ্য, স্ত্রী,দুর্গা,অবিদ্যা, সংসারের মমতা।
মহামারী, (মহৎ+মারী) ষ্য, স্ত্রী, মহাকালী,অতিশয় মারিভয়,মড়ক।
মহামুখ, (মহৎ=বৃহৎ+মুখ=বদন) ষ্য, পুং, কুম্ভীর, কুমীর।
মহামুনি, (মহৎ+মুনি) ষ্য, পুং, অগস্ত্য, বুদ্ধদেব, কৃপাচার্য্য, মহর্ষি।
মহামৃগ, (মহৎ+মৃগ=পশু) ষ্য, পুং, হস্তী, গজ, শরভ। [অজ্ঞানতা।
মহামোহ, ষ্য, পুং, ভোগেচ্ছারূপ
মহাম্ল, (মহৎ=অধিক+অম্ল=টক্) ষ্য, ন, তিন্তিড়ীক, তেঁতুল।
মহাযজ্ঞ, (মহৎ+যজ্ঞ=যাগ) ষ্য, পুং, বেদাধ্যয়ন, হোম, অতিথি-পরিচর্য্যা, তর্পণ ও জীবগণ দেবতাকে ও ভূতাদিকে আহার দান এই পঞ্চবিধ যজ্ঞ।
মহারজত, (মহৎ+রজত=রৌপা, কর্ম্মধা) ষ্য, ন, স্বর্ণ, ধুস্তূর, ধুতুরা
মহারজন, (মহৎ+রন্জ=রংকরা+অনট—ভাব) ষ্য, ন, স্বর্ণ, কুসুমফুল।
মহারথ, (মহৎ+রথ ; ৬.হ) ষ্য, পুং, দশসহস্র ধনুর্ধারিদের সহিত যুদ্ধ করিতে সক্ষম যোদ্ধা। [লবণ।
মহারস্ত, ষ্য, পুং, লবণবিশেষ, গড়-
মহারস,ষ্য, পুং, খর্জ্জুর, ইক্ষু, পারদ। ন, কাঞ্জিক, কাঁজী, আমানী।
মহারাজ,(মহৎ+রাজন্=রাজা,কর্ম্মধা) ষ্য, পুং, সম্রাট, প্রধান রাজা, চক্রবর্ত্তী, পূর্ব্বজিনবিশেষ, নখ, করকণ্টু।
মহারাজক্রম, ষ্য, পুং, আরগ্বধ, সোঁদাল গাছ।
মহারাজাধিরাজ, (মহারাজ+অধিরাজ=প্রধান রাজা) ষ্য, পুং, সর্ব্বপ্রধান রাজা, সার্ব্বভৌম, চক্রবর্ত্তী।
মহারাজিক, (মহারাজ+ইক)ষ্য, পুং, ২২৬ প্রকার গণদেবতাবিশেষ।
মহারাত্রি, ষ্য, স্ত্রী, মহাপ্রলয় রাত্রি, অর্দ্ধরাত্রের পর মুহূর্ত্তদ্বয়, আশ্বিন-শুক্লাষ্টমী, নবরাত্রি।
মহারাষ্ট্র, (মহৎ+রাষ্ট্র=রাজ্য) ষ্য, পুং, মারহাট্টা দেশ। স্ত্রী—স্ত্রী, মহারাষ্ট্রদেশীয় ভাষা।
মহারূপক, (মহৎ=প্রধান+রূপক=নাট্যগ্রন্থের অলঙ্কারবিশেষ) ষ্য, ন, নাট্যগ্রন্থবিশেষ।
মহারোগ, (মহৎ+রোগ=পীড়া) ষ্য, পুং, রাজযক্ষ্মা প্রভৃতি দুশ্চিকিৎস্য রোগ।
মহারৌরব,(মহৎ+রুরু=দৈত্যবিশেষ+অণ্) ষ্য,পুং, নরকবিশেষ।
মহার্ঘ, মহার্হ, (মহৎ+অর্ঘ, অর্হ=মূল্য ; ৬.হ) ণ, ত্রি, মহামূল্য, অতিশয় মূল্যবান্। ষ্য,পুং,লাবক পক্ষী।
মহার্দ্রক,ষ্য, পুং, বন আদা।
মহালক্ষ্মী,(মহৎ+লক্ষ্মী=দেবীবিশেষ) ষ্য, স্ত্রী, দেবীবিশেষ, ব্রহ্মার কন্যা, সরস্বতী।
মহালয়, (মহৎ+আলয়=আশ্রয়) ষ্য, পুং, পরমেশ্বর, পরমাত্মা, তীর্থ, বৃক্ষবিশেষ, ব্রহ্মলোক, আশ্বিন মাসের কৃষ্ণপক্ষ, অপর পক্ষ, মন্দির, পান্থনিবাস,বৃহদালয়,ধর্ম্মশালা। ষ্য—স্ত্রী, আশ্বিন কৃষ্ণপক্ষের অমাবস্যা।
মহালোল, (মহৎ+লোল=চঞ্চল) ষ্য, পুং, বায়স, কাক। ণ, ত্রি, অতিশয় চঞ্চল, অস্থির। [ন, চুম্বক পাথর।
মহালোহ, (মহৎ+লোহ=লৌহ) ষ্য,

মহাবরা, (মহৎ+বর=শ্রেষ্ঠ) ব্য,স্ত্রী, দূর্ব্বা, তৃণবিশেষ।

মহাবরাহ, (মহৎ+বরাহ=শূকর) ব্য, পুং, বিষ্ণুর অবতার বিশেষ, বিষ্ণু বরাহমূর্ত্তি পরিগ্রহ করিয়া জলমগ্ন পৃথিবীকে দন্ত দ্বারা উত্তোলন করেন

মহাবরোহ, (মহৎ+অবরোহ) ব্য, পুং, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

মহাবস, (মহৎ+বস=যে বাস করে, অথবা মহৎ+বসা=মেদঃ ; ৬.হ) ব্য, পুং, শিশুমার, শুশুক।

মহাবাক্য, (মহৎ+বাক্য) ব্য, ন, যোগ্যতা, আকাঙ্ক্ষা, আসক্তিযুক্ত বাক্যসমূহ; প্রণব,ওঙ্কার, মন্ত্রবিশেষ, প্রতিষ্ঠাদিতে উৎসর্গবাক্য, ব্রহ্ম-প্রতিপাদক বাক্য।

মহাবিদ্যা, (মহৎ+বিদ্যা=দুর্গা)ব্য, স্ত্রী,দেবীবিশেষ : কালী,তারা, যোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা— এই দশ মহাবিদ্যা।

মহাবিল, (মহৎ+বিল=ছিদ্র) ব্য, ন, আকাশ, মহৎ ছিদ্র, গহ্বর, অন্তঃ-করণ, মনঃ, জলের জালা। [সর্প।

মহাবিষ, (মহৎ+বিষ) ব্য, পুং, দ্বিমুখ

মহাবিষুব, (মহৎ+বিষুব=মেষসংক্রান্তি, কর্ম্মধা) ব্য, ন, সূর্য্যের মেষ-রাশিতে সংক্রমণ।

মহাবিষ্ণু, ব্য, পুং, শ্রীকৃষ্ণের অংশ বিশেষ, মহাবিরাট।

মহাবীচি,(মহৎ+বীচি=তরঙ্গ ; ৬.হ) ব্য, পুং, নরকবিশেষ।

মহাবীজ্য, (মহৎ=প্রধান+বীজ+ যৎ)ব্য, ন,মুষ্ক ও বঙ্ক্ষণের মধ্যভাগ।

মহাবীর, (মহৎ+বীর=শূর) ব্য,পুং, মহাবল পরাক্রান্ত ব্যক্তি, যোদ্ধা, গরুড়,বিষ্ণুর রথ,বিষ্ণু,সিংহ,শ্বেতাশ্ব, হনুমান, যজ্ঞাগ্নি, বজ্র, পক্ষিবিশেষ, কোকিল, খৃঃ যোড়শ শতাব্দীতে প্রাদুর্ভূত জৈনাচার্য্য, যজ্ঞীয় পাত্র, অগ্নি।

মহাবীর্য্য, (মহৎ+বীর্য্য=সারাংশ) ণ, ত্রি, অতিশয় বলবান্। ব্য, পুং, জৈনসন্ন্যাসী। র্য্যা—স্ত্রী, সূর্য্যপত্নী, সংজ্ঞা, বনকাপাস, মহাশতাবরী, শিমুলতুলা।

মহাব্যাধি, (মহৎ+ব্যাধি=রোগ) ব্য, পুং, কুষ্ঠ প্রভৃতি রোগ।

মহাব্যাহৃতি, (মহৎ+ব্যাহৃতি=উক্তি, কর্ম্মধা) ব্য, স্ত্রী, ওঁ ভূঃ, ওঁ ভুবঃ, ও স্বঃ, এই তিনটী বাক্য।

মহাব্রণ, (মহৎ+ব্রণ=স্ফোটক) ব্য, ন, দুষ্ট ক্ষত,নালী ঘা।

মহাব্রতী, (মহৎ+ব্রত+ইন্—অস্ত্যর্থে) ব্য, পুং, শিব, মহাদেব। ণ, ত্রি, মহৎ ব্রত বিশিষ্ট।

মহাশক্তি, (মহৎ+শক্তি=ক্ষমতা)ণ, ত্রি,অতিশয় পরাক্রম সম্পন্ন। ব্য,পুং, কার্ত্তিকেয়।

মহাশঙ্খ, (মহৎ+শঙ্খ=শাঁখ, সংখ্যা ইত্যাদি) ব্য, পুং, মনুষ্যাস্থি, মানুষের হাড়, ললাটদেশ, সংখ্যাবিশেষ, কুবেরের নিধিবিশেষ।

মহাশয়,(মহৎ+আশয়=মন বা অভি-প্রায় ; ৬.হ) ণ্য, ত্রি, মনস্বী,মহাত্মা, উদারচেতা, বদান্য, দাতা, গৌরবান্বিত, ভদ্রলোক। ব্য, পুং, সমুদ্র।

মহাশয্যা, (মহৎ+শয্যা=শয়নীয়, খট্টা) ব্য, স্ত্রী, সিংহাসন, রাজাসন।

মহাশল্ক, (মহৎ+শল্ক=আঁইস) ব্য, পুং, চিঙ্গড়ীমাছ।

মহাশুক্তি, (মহৎ=প্রধান+শুক্তি=ঝিনুক)ব্য,স্ত্রী, যে শুক্তিতে মুক্তা জন্মে।

মহাশুক্ল,(মহৎ=অধিক, অত্যন্ত+শুক্ল =শুভ্রবর্ণ) ণ, ত্রি, অতিশয় শ্বেত-বর্ণ। ক্লা—স্ত্রী, সরস্বতী।

মহাশুভ্র, (মহৎ=অধিক+শুভ্র=শ্বেত-বর্ণ) ব্য, ন, রজত, রৌপ্য।

মহাশূদ্র, (মহৎ+শূদ্র=চতুর্থবর্ণ) ব্য, পুং, আভীর, গোপ, গোয়ালা। স্ত্রী—স্ত্রী, আভীরী, গোয়ালিনী।

মহাশ্রমণ, (মহৎ=অধিক+শ্রমণ=[জগদীশ্বরের উপাসনায়] শ্রম) ব্য, পুং, বুদ্ধবিশেষ, শাক্যমুনি।

মহাশ্রাবণিকা, ব্য, স্ত্রী, লতাবিশেষ, বড় থুলকুড়ী।

মহাশ্বেতা, (মহৎ=অধিক+শ্বেত=শুক্লবর্ণ, কর্ম্মধা) ব্য, স্ত্রী, সরস্বতী।

মহাশ্মশান, (মহৎ+শ্মশান=প্রেতভূমি) ব্য, ন, যে স্থলে লোকেরা মরিবার জন্য যায়, বারাণসী, কাশী।

মহাষ্টমী, (মহৎ+অষ্টমী) ব্য, স্ত্রী, আশ্বিনী শুক্লাষ্টমী। [শয় বলিষ্ঠ।

মহাসত্ত্ব, ণ, ত্রি, সত্ত্বগুণ প্রধান, অতি-

মহাসন, ব্য, পুং, কুবের।

মহাসাগর—যে অতি বিস্তীর্ণ লবণময় জলভাগ পৃথিবীকে বেষ্টন করিয়া আছে।

মহাসান্তপন, (মহৎ+সান্তপন=ব্রত-বিশেষ) ব্য, ন, ছয় দিবস কৃচ্ছ্রসাধ্য ব্রতবিশেষ। [দুঃসাহসিক, চোর।

মহাসাহসিক, ণ, ত্রি, অতিশয় সাহসী,

মহাসুখ, (মহৎ+সুখ=আনন্দ) ব্য, ন, অতিশয় আহ্লাদ, শৃঙ্গার, মৈথুন। পুং, বুদ্ধ।

মহাসূক্ষ্মা, (মহৎ=অত্যন্ত+সূক্ষ্ম=সরু) ব্য, স্ত্রী, বালুকা, বালি।

মহাসেন, (মহৎ+সেনা ; ৬,হ) ব্য, পুং, কার্ত্তিকেয়, শিব। ণ, ত্রি, প্রধান সেনাপতি। [বৃক্ষ, জামগাছ।

মহাস্কন্দ, ব্য, পুং, উষ্ট্র। স্কা,—স্ত্রী, জম্-

মহাস্থলী, (মহৎ+স্থলী=বিশি, স্থান) ব্য, স্ত্রী, পৃথিবী, শ্রেষ্ঠ স্থান।

মহাস্থান—বগুড়ার তিন ক্রোশ উত্তর-স্থিত প্রদেশ, অনেকে বলেন এই স্থানে পরশুরাম বাস করিতেন।

মহাস্বন, (মহৎ+স্বন=শব্দ) ব্য, পুং, রণবাদ্য, মল্লভূর্য্য, মহৎশব্দ।

মহাহংস, ব্য, পুং, মহাদেব।

মহিকা, (মহ=পূজাকরা+কন্) ব্য, স্ত্রী, তুষার, হিম, নীহার।

মহিত, (মহ্+ক্ত—ঢ) ণ, ত্রি, পূজিত, সম্মানিত, আদৃত। ব্য, ন, মহাদেবের ত্রিশূল।

মহিন, (মহ্+পূজাকরা বা পূজিত হওয়া+ইন—সংজ্ঞার্থে) ব্য, ন, রাজ্য।

মহিমা, (মহৎ=বৃহৎ+ইমন্—ভাবে) ব্য, পুং, শিবের বিভূতি বিশেষ, স্বেচ্ছাক্রমে স্বীয় শরীর পরিবর্ত্তন করিবার ক্ষমতা, উৎকর্ষ, শক্তি, মাহাত্ম্য, গৌরব, ঐশ্বর্য্য।

মহির, (মহ্+ইর) ব্য, পুং, সূর্য্য।

মহিলা, (মহ্+ইল) ব্য, স্ত্রী, নারী, যোষিৎ, স্ত্রী, মদমত্তা কামিনী, প্রিয়ঙ্গুলতা, রেণুকা নামক গন্ধদ্রব্য।

মহিষ, (মহ্+ইষ) ব্য, পুং, পশুবিশেষ, লুলাপ, অসুরবিশেষ, মহিষাসুর, যমের বাহন, শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতিবিশেষ। ষী—স্ত্রী, স্ত্রীমহিষ, ব্যভিচারিণী নারী, কৃতাভিষেকা রাজ্ঞী।

মহিষঘ্নী, (মহিষ=তন্নামধারী অসুর+ঘ্নী=যিনি বিনাশ করেন) ব্য, স্ত্রী, মহিষমর্দ্দিনী, দুর্গা।

মহিষধ্বজ, মহিষবাহন, (মহিষ+ধ্বজ=চিহ্ন, পতাকা ; ৬,হ; মহিষ+বাহন=যান ; ৬,হ) ব্য, পুং, অন্তক, যম

মহিষমর্দ্দিনী, (মহিষ=অসুরবিশেষ+মর্দ্দিনী=বিনাশকর্ত্রী) ব্য, স্ত্রী, মহিষাসুর বিনাশিনী, দুর্গা।

মহিষ্ঠ, (মহৎ+ইষ্ঠ—অত্যর্থে) ণ, ত্রি, অত্যন্ত মহৎ।

মহী, মহি, (মহ্=পূজাকরা+অ,ঈপ্) ব্য, স্ত্রী, পৃথিবী। হী-নদীবিশেষ, গো, হিঙ্গুমাটিকা, হিঙ্গা।

মহীক্ষিৎ, (মহী+ক্ষি=প্রভুত্বকরা+ক্বিপ্—ষ) বা, পুং, নৃপতি, রাজা।
মহীজ, (মহী=পৃথিবী+জ=জাত) ব্য,পুং,ভৌম, মঙ্গলগ্রহ, নরকাসুর। ন, আর্দ্রক, আদা। ণ, ত্রি, ভূমিজাত।
মহীধর, মহীধ্র, (মহী=পৃথিবী+ধর, ধ্র=যে ধারণ করে, ২-ষ) বা, পুং, পর্ব্বত, পৃথিবীধর।
মহীপ, মহীপাল, (মহী+প, পাল=যে রক্ষা করে) ব্য, পুং, নৃপতি, ভূস্বামী,রাজা। [রাজা, নৃপ।
মহীপতি, (মহী+পতি, ৬-ষ) ব্য, পুং,
মহীপ্রাচীর, (মহী+প্রাচীর=প্রান্তভাগে আবৃত্তি) ষা,ন, জলধি, সমুদ্র, ইহা পৃথিবীকে সম্পূর্ণরূপে বেষ্টন করিয়া আছে।
মহীভুক, মহীভুজ, (মহী+ভুজ্, ভুজ=যে ভোগ করে) ব্য, পুং, ভূভুজ্, রাজা।
মহীভৃৎ, (মহী+ভৃ=ধারণকরা, পোষণকরা+ক্বিপ্—ষ, ৎ—আগম) ব্য, পুং, পর্ব্বত, রাজা।
মহীময়, (মহী+ময়) ণ, ত্রি, মৃণ্ময়, মৃত্তিকানির্ম্মিত।
মহীয়ান্, (মহৎ+ঈয়স্—অতিশয়ার্থে) ণ, ত্রি, অতি বৃহৎ, অত্যন্ত মহৎ, উত্তম, মহাত্মা। য়সী—স্ত্রী, অতিমহতী।
মহীয়মান, (মহ=পূজাকরা+শান য, ম—আগম) ণ, ত্রি, পূজ্যমান।
মহীরুহ, মহীরুহ্, (মহী+রুহ, রুহ=যে জন্মে, ৭-ষ) বা, পুং, বৃক্ষ, গাছ।
মহীলতা, (মহী+লতা, ৬-ষ) ব্য,স্ত্রী, কিঞ্চুলুক, কেঁচো।
মহীসুত, (মহী+সুত=পুত্র, ৬-ষ) ব্য, পুং, মঙ্গলগ্রহ, নরকাসুর। তা—স্ত্রী, সীতা, জনককন্যা। [যৌরী।
মহুরী, (মহুরী শব্দজ) ব্য, মহুরী,

মহেচ্ছ, (মহৎ+ইচ্ছা; ৬-হ) ণ,ত্রি, মহাশয়, উন্নতেচ্ছ, উদারপ্রকৃতি, প্রতাপশালী, দাতা।
মহেন্দ্র, (মহৎ+ইন্দ্র, কর্ম্মধা) ব্য, পুং, ইন্দ্র, স্বর্গের অধীশ্বর, বিষ্ণু, পর্ব্বত বিশেষ, উড়িষ্যা ও উত্তর সরকার অবধি গণ্ডোয়ানা পর্য্যন্ত বিস্তৃত পর্ব্বত শ্রেণী।
মহেন্দ্রবারুণী, ষ্য, স্ত্রী, লতাবিশেষ, বড় মাকাল।
মহেন্দ্রাণী, (মহেন্দ্র+ঈ, আন—আগম) বা, স্ত্রী, ইন্দ্রপত্নী, শচী।
মহেলা, মহেলিকা, (মহ=উৎসব+ইলা=পৃথিবী, স্থান; অথবা মহ=পূজাকরা+ইল, ক—যোগে মহেলিকা) বা, স্ত্রী, নারী, রমণী, স্ত্রী।
মহেশ, মহেশ্বর, (মহৎ+ঈশ, ঈশ্বর, কর্ম্মধা) ষ্য, পুং, মহাদেব, শিব।
মহেশবন্ধু, (মহেশ+বন্ধু, ৬-ষ) ব্য,পুং, শ্রীকৃষ্ণবৃক্ষ, বেলগাছ।
মহেশ্বরকরচ্যুতা, ষ্য, স্ত্রী, করতোয়া নদী, কথিত আছে গৌরীর বিবাহ সময়ে শঙ্করের কর বিগলিত সম্প্রদান জল হইতে ইহার উৎপত্তি হইয়াছিল।
মহেশ্বরী, (মহেশ্বর+ঈপ) ষ্য, স্ত্রী, মহেশের পত্নী, পার্ব্বতী, অপরাজিতা লতা, রাজনীতি, কাংস্য, কাঁসা।
মহেষ্বাস, (মহেষু [মহৎ+ইষু=বাণ] =বৃহৎবাণ+আস=যে নিক্ষেপ করে, ২-ষ; অথবা মহৎ+ইষ্বাস—ধনুর্দ্ধর; ৬-হ) বা, পুং, মহাধনুর্দ্ধর, উৎকৃষ্ট যোদ্ধা।
মহোক্ষ, (মহৎ+উক্ষন্=বৃষ, কর্ম্মধা, অ) বা, পুং, বৃহৎ বৃষ, মহাবৃষভ, গোপতি।
মহোটিকা, মহোটী, ষ্য, স্ত্রী, বৃহতী, ক্ষুদ্রবার্ত্তাকু, বৃহৎ উৎপল, বড় পদ্ম।
মহোৎকা, (মহৎ=বৃহৎ, পুনঃ পুনঃ

+উৎক=সুযোগ,অভ্যন্তর কাল)ষ্য, স্ত্রী, বিদ্যুৎ।

মহোৎপল,(মহৎ+উৎপল=জলপুষ্প, কর্ম্মধা) ষ্য, ন, বৃহৎ পদ্ম, পক্ষি-বিশেষ, সারসপক্ষী।

মহোৎসব, (মহৎ+উৎসব, কর্ম্মধা) ষ্য, পুং, অতিশয় সুখজনক কর্ম্ম, বৈষ্ণবদিগের উৎসব।

মহোৎসাহ, (মহৎ+উৎসাহ=উদ্‌যোগ;৬.হ)ণ,ত্রি,মহাউদ্‌যোগসম্পন্ন। ষ্য, পুং, রাজ্যাঙ্গ প্রাপ্ত রাজপুরুষ।

মহোদধি,-ধী, (মহৎ+উদধি=সমুদ্র, কর্ম্মধা) ষ্য, পুং, সমুদ্র, মহাসমুদ্র, ভারতবর্ষ।

মহোদয়, (মহৎ+উদয়=উত্থান) ষ্য, পুং,কান্যকুব্জদেশ,স্বনামখ্যাত কান্য-কুব্জ দেশস্থ প্রধান নগর,আধিপত্য, কর্তৃত্ব, মুক্তি, অপবর্গ, স্বামী, অহ-ঙ্কার। ষা,—স্ত্রী, নাগবলা। ণ, ত্রি, অতিসমৃদ্ধ, অত্যুন্নত।

মহোদরী,ষ্য,স্ত্রী, মহা শতাবরী লতা।

মহোন্মদ, (মহৎ+উন্মদ=উন্মত্ত) ষ্য, পুং,মৎস্যবিশেষ, ফলুই মাছ। ণ,ত্রি, অতিশয় উন্মত্ত, অহঙ্কারী।

মহোরগ, (মহৎ+উরগ=সর্প) য্য,পুং, বৃহৎ সর্প, সর্পগণবিশেষ। ন, তগর-মূল। [কর্ম্মধা) ষা, স্ত্রী, বিদ্যুৎ।

মহোল্কা,(মহৎ+উল্কা=আকাশাগ্নি,

মহৌষধ, (মহৎ+ঔষধ) স্থ, ন, উত্তম ঔষধ, রসুন, শুঁঠ, পিপ্পলী, পিপুল, অতিবিষ।

মহৌষধি,—ধী, (মহৎ+ওষধি=ফল পাকান্ত লতা,কর্ম্মধা) স্থ, স্ত্রী, দুর্ব্বা, মহাসানীয় দ্রব্যবিশেষ, রাত্রিকালে দীপ্তিশীল তৃণলতাদি।

মা, (মা=পরিমাণকরা+ক্বিপ) ষ্য, বিকল্প, নিন্দা, নিষেধ, (নিষেধার্থ মা শব্দ ক্রিয়া যোগেই প্রয়োগ হয়)। -স্ত্রী, কমলা, লক্ষ্মী, মাতা, দীপ্তি, জ্ঞান, পরিমাণ। (মাতৃশব্দজ) মাতা, জননী।

মাই, (দেশজ) স্থ, স্তন, পয়োধর।

মাইজ, (মজ্জাশব্দজ) স্থ, বৃক্ষের সারাংশ, মজ্জা।

মাংস, (মন্‌=বোধকরা+স) ষ্য, ন, শরীরাংশবিশেষ,পিশিত। পুং,কাল, কীট।

মাংসকারি, স্থ, ন, রক্ত, শোণিত।

মাংসজ, মাংসতেজঃ, (মাংস+জ=উৎপন্ন ; মাংস+তেজস্‌=দীপ্তি) স্থ, ন, মেদ, ভুঁড়ি।

মাংসপেশী, স্থ, স্ত্রী, যদ্দ্বারা শরীরের ভিন্ন ভিন্ন অবয়ব সমূহ ইচ্ছানুসারে সঞ্চালন করা যায়। (Muscle.)

মাংসফলা, স্থ, স্ত্রী, বার্ত্তাকু, বেগুন।

মাংসভক্ষ, (মাংস+ভক্ষ=যে ভক্ষণ করে, ২-ব) ণ, ত্রি, যে মাংস ভক্ষণ করে, মাংসাশী, মাংসভক্ষণকারী।

মাংসরোহিণী, স্থ, স্ত্রী, সুগন্ধি দ্রব্য-বিশেষ।

মাংসল, (মাংস+ল—অস্ত্যর্থে) ণ, ত্রি, স্থূল, মোটা, বলবান্‌, কাব্যের গৌড়ীরীত্যন্তর্গতের ওজোগুণের অঙ্গবিশেষ।

মাংসসার, মাংসস্নেহ, (মাংস+সার=সারাংশ; মাংস+স্নেহ=তৈলাদি দ্রব-বস্তু) স্থ, পুং, মেদ, ভুঁড়ি।

মাংসহাসা, (মাংস=হাস=হাস্য) স্থ, স্ত্রী, চর্ম্ম, চামড়া।

মাংসাদ, (মাংস+অদ=যে খায়, ২-ব) ণ, ত্রি, মাংসভক্ষক, মাংসাশী।

মাংসাশী, (মাংস+আশিন=যে খায়, ২-ব) ণ, ত্রি, মাংসভক্ষক, যে মাংস-ভক্ষণ করে। [অষ্টমী।

মাংসাষ্টকা, স্থ, স্ত্রী, গৌণচান্দ্র মাঘের

মাংসিক, (মাংস+ইক—জীবিকার্থে) ণ, ত্রি, মাংসবিক্রয়ী, কসাই।

মাংসিনী,মাংসী, স্থ, স্ত্রী, জটামাংসী।

মাঁজন, (মার্জ্জনশব্দজ) স্ত্র, রগড়ান, ঘর্ষণ। [লূতা, ঊর্ণনাভ।
মাঁকড়, মাকড়সা, (মর্কট শব্দজ) স্ত্র,
মাকন্দ, (মা=সৌন্দর্য্য, পরিমিত+কন্দ্=মূল) স্ত্র, পুং, আম্রবৃক্ষ, চন্দনবৃক্ষ। ন্দী—স্ত্রী, আমলকী, নগরীবিশেষ, পীতচন্দন (দেশজ) মাত্রাণী, মাজিনী।
মাকরী, (মকর=দশমরাশি+ষ্ণ, ঈ) স্ত্র, স্ত্রী, মাঘমাসের শুক্ল সপ্তমী, মকররাশিসম্বন্ধীয়। [চন্দ্র।
মাকলি, স্ত্র, পুং, ইন্দ্রের সারথি,
মাকাটিয়া, (দেশজ) ণ, কৃপণ, খল, শঠ।
মাকানি. (দেশজ) স্ত্র, কার্পাসের বীজ।
মাকাল, (মহাকালশব্দজ) স্ত্র, মৎস্যের দেবতা, মহাকাল বৃক্ষ।
মাকু, (দেশজ) স্ত্র, তন্তুবায়ের বস্ত্রবয়নের যন্ত্রবিশেষ, ছুরী। [খোসা।
মাকুন্দিয়া, (দেশজ) ণ, শ্মশ্রুহীন,
মাক্ষিক, (মক্ষিকা=মাছি+অণ-কৃতার্থে) স্ত্র, ন, মধু, খনিজধাতুবিশেষ, স্বর্ণ, রৌপ্য। [স্ত্র,ন, শিক্থক, মোম।
মাক্ষিকজ, (মাক্ষিক=মধু+জ=জাত)
মাক্ষিকাশ্রয়, (মাক্ষিক=মধু+আশ্রয়=আধার) স্ত্র, ন, মধুচক্র, মৌচাক, শিক্থক, মোম। [লেপন, মর্দ্দন।
মাখন, (দেশজ) স্ত্র, নবনীত, ননী,
মাগধ, (মগধ=[কণ্ড্বাদি) যাচ্ঞাকরা+অণ; কিম্বা মগধ=দেশবিশেষ +অণ—আত্মার্থে) স্ত্র, পুং, রাজা কিম্বা বংশমর্য্যাদাসম্পন্ন ব্যক্তিগণের অগ্রে স্তুতিপাঠকারী, বন্দী, সঙ্করজাতিবিশেষ, বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়াগর্ভসম্ভূত জাতি, ভাট। ণ, ত্রি, মগধদেশোদ্ভব। ধী—স্ত্রী, মগধদেশজাতা বেশ্যা, যূথিকাপুষ্প, জুঁইফুল, পরিষ্কৃত শর্করা, পিপ্পলী, ভাষাবিশেষ, মগধদেশের ভাষা, গুজরাটী এলাইচ, শুক্লজীরক।
মাগী, (দেশজ) স্ত্র, অধিক বয়স্কা স্ত্রী, বৃদ্ধা স্ত্রী, বুড়ী।
মাগ, মাগু, (দেশজ) স্ত্র, স্ত্রী, ভার্য্যা।
মাগুর, (মদ্গুরশব্দজ) স্ত্র, মৎস্যবিশেষ।
মাগ্রাম, (দেশজ বা, আত্মশ্লাঘা, অহঙ্কার
মাঘ, (মাঘী=মঘানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী+অণ্—তদ্যুক্ত কালার্থে) স্ত্র, পুং, দশম মাস, শ্রীদত্তপুত্র শিশুপালবধকাব্যপ্রণেতা নৃপ-বিশেষ, শিশুপালবধ কাব্য। ঘী-স্ত্রী, মাঘমাসসম্বন্ধীয়া, মঘা নক্ষত্রযুক্ত পৌর্ণমাসী।
মাঘবতী, মাঘোনী, (মঘবৎ+অ, ঈপ্; দ্বিতীয়পক্ষে, ব=উ এবং অ+উ=ও) স্ত্র, স্ত্রী, পূর্ব্বদিক্, প্রাচী।
মাঘবন, (মঘবৎ=ইন্দ্র+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, ইন্দ্রসম্বন্ধীয়।
মাঘ্য, (মাঘ=দশমমাস+ষ্য—জাতার্থে, মাঘমাসে যাহা জন্মে) স্ত্র, ন, কুন্দপুষ্প, কুঁদফুল। [ভিক্ষাকরণ।
মাঙন, (দেশজ) স্ত্র, যাচন, চাওয়া,
মাঙনী, (দেশজ) ণ, ভিক্ষালব্ধ, দাতব্য।
মাঙ্গল, মাঙ্গলিক, মাঙ্গল্য, (মঙ্গল+ষ্ণ, ষ্ণিক, ষ্ণ্য) ণ, ত্রি, শুভকর, কল্যাণজনক।
মাচ, স্ত্র, পুং, বর্ত্ম, পথ, রাস্তা।
মাচল, (মা=অদৃষ্ট, ধন+চল্=গমনকরা+অল) স্ত্র, পুং, চৌর, তস্কর, বন্দী, কয়েদী, রোগ, পীড়া, গ্রহ, জলজন্তুবিশেষ, কুম্ভীর।
মাচা, (মঞ্চশব্দজ) স্ত্র, কাষ্ঠাদিরচিত উচ্চ স্থান, টং।
মাচিকা, (মচ্=কল্কনকরা+ণক) স্ত্র, স্ত্রী, মক্ষিকা, মাছি। [মৎস্য।
মাছ, মাচ, (মৎস্যশব্দজ) স্ত্র, মীন,
মাছি, মাচি, (মাচিকা শব্দজ) স্ত্র, কীটবিশেষ, মাচি। [অতি কৃপণ।
মাছিটেপা, (দেশজ) ণ, ব্যয়কুণ্ঠ,
মাজ, (মধ্যশব্দজ স্ত্র, অভ্যন্তর, ভিতর, সার।

মাজন, (দেশজ) স্ত্র, মাদকতাজনক-দ্রব্যবিশেষ।
মাজল, স্ত্র.পুং.পক্ষিবিশেষ,চাসপক্ষী।
মাজা, (দেশজ) স্ত্র, মধ্যভাগ, কটি-দেশ। প, মার্জ্জিত, পরিষ্কার করা।
মাজী, (দেশজ) স্ত্র. নাবিক.কর্ণধার।
মাঝ. (মধ্যশব্দজ)স্ত্র. মধ্যস্থল.ভিতর।
মাঝার, (দেশজ) স্ত্র, মধ্যস্থল।
মাঝারী, (দেশজ) প, মধ্যবিত্ত, নাতিন্যূন, নাতিরিক্ত।
মাঝী, (দেশজ) স্ত্র, নাবিক.কর্ণধার।
মাঞ্জিষ্ঠ.(মঞ্জিষ্ঠা=রক্তবর্ণ লতা+ষ্ণ—রক্তার্থে) প. ত্রি, লোহিতবর্ণ.রাঙ্গা। স্ত্র, ন, রাঙ্গা রঙ্। [ভূমি।
মাটি, (মৃত্তিকা শব্দজ) স্ত্র, মৃত্তিকা,
মাটো, (দেশজ) প, অলস, মৃদু,ধীর, মন্দ, কর্ম্মে শিথিল, ঢিলা।
মাঠ. স্ত্র, পুং, পথ, বর্ম্ম। (দেশজ) প্রান্তর, ময়দান, গোচরণভূমি।
মাঠর, (মন্=পূজাকরা+অরন্ ; ন=ঠ, অ=আ। কিম্বা মঠর+ষ্ণ—অপত্যার্থে) স্ত্র, পুং, সূর্য্যের পার্শ্বপরিবর্ত্তীবিশেষ, ব্যাসদেব, মুনিবিশেষ, শৌণ্ডিক, শুঁড়ী। স্ত্র, পুং, সূর্য্যের কিরণ। [ঘোল।
মাঠা, (দেশজ) স্ত্র. নবনীত, তক্র,
মাড়. (মণ্ডশব্দজ) তণ্ডুলাদির কাথ,ফেণ। [পেষণ, দলন।
মাড়ন, (মর্দ্দন শব্দজ) স্ত্র, শস্য মর্দ্দন,
মাড়ব, স্ত্র, পুং,বর্ণ সঙ্কর জাতিবিশেষ, মাল।
মাঢ়ি, (মহ্=পূজাকরা+ক্তি ; হ, ত=ঢ়, অ=আ)স্ত্র,স্ত্রী, পত্রশিরা, পাতার শির, পত্রভঙ্গ, দৈন্য, দারিদ্র্য, ক্লেশ, শোকোক্তি, দন্তবিশেষ, পরিচ্ছদের প্রান্তভাগ, কাপড়ের পাড়, ক্রোধ, রাগ। [দন্তমূল, দাঁতের মেড়ে।
মাঢ়ী, (মহ্=পূজাকরা+তি) স্ত্র,স্ত্রী,
মাণক, স্ত্র, ন, মূলবিশেষ, মাণকচু। পুং, মাণকচুর গাছ।
মাণব. মাণবক, (মনু=মনুষ্য+ষ্ণ—অ-রার্থে, ণত্ব ; পক্ষে ক—যোগ) স্ত্র, পুং, উপনয়নযোগ্য মনুষ্য, বালক, শিশু, ব্রাহ্মণজনয়, ষোল নর হার। —ক, বিংশতি নর হার, অনুষ্টুভ্ ছন্দোবিশেষ। [ত্রি.মনুষ্য সম্বন্ধীয়।
মাণবীন, (মানব+ঈন—ইদমর্থে) প,
মাণব্য, (মাণব=বালক+ষ্য—ভাবে, সমূহার্থে) স্ত্র, ন, শিশু সমূহ, বাল্যাবস্থা।
মাণিকা, স্ত্র, স্ত্রী, অষ্টপল পরিমাণ।
মাণিক, (মণি=রত্ন+কৈ=শব্দকরা+ষ) স্ত্র, ন. রত্নবিশেষ. মণি, মাণিক্য। ক্যা—স্ত্রী, গৃহগোধিকা, জেঠী, টিক্‌টিকী।
মাণিবন্ধ, (মণিবন্ধ=পর্ব্বতবিশেষ+ষ্ণ)স্ত্র, ন, যাহা এই স্থানে পাওয়া যায়, সৈন্ধব-লবণ।
মাণিমন্থ. (মণিমন্থ=পর্ব্বতবিশেষ+ষ্ণ—উৎপন্নার্থে) স্ত্র, ন, সৈন্ধব-লবণ, সিন্ধুজ-লবণ।
মাণ্ডবী, স্ত্র. স্ত্রী, কুশধ্বজ-তনয়া, দশরথপুত্র ভরতের ভার্য্যা।
মাণ্ডব্য, ব্য, পুং, ঋষিবিশেষ।
মাত্ত, মাথ. (মস্ত শব্দজ) স্ত্র,পুং কোন বস্তুর অসার ভাগ, অসার গুড়, পাতলা গুড়।
মাতঙ্গ, (মতঙ্গ=মুনিবিশেষ, হস্তী+ষ্ণ) স্ত্র, পুং, হস্তী, অশ্বত্থবৃক্ষ, কিরাত চণ্ডাল। ঙ্গী—স্ত্রী, দশ মহাবিদ্যার অন্তর্গত নবমবিদ্যা.পার্ব্বতী,রজকিনী
মাতঙ্গনক্র, (মাতঙ্গ=হস্তী+নক্র=কুম্ভীর) স্ত্র. পুং, মাতঙ্গাকৃতি জলজন্তুবিশেষ, জলহস্তী।
মাতন, (মত্তহওনশব্দজ)স্ত্র,মাতওয়াল হওয়া, মত্তহওয়া।
মাতরপিতৃ, (মাতৃ=মাতা+ পিতৃ=পিতা) স্ত্র, পুং, দ্বিং, মাতাপিতাদ্বয়

জনক-জননী।

মাতরিশ্বা, (মাতরি=আকাশেতে+শ্বি =বৃদ্ধিপাওয়া+অন্) স্ত্র, পুং, বায়ু, পবন, অনিল।

মাতলি, মাতুলি, (মতল+ষ্ণি—অপত্যার্থে) স্ত্র, পুং, ইন্দ্রের সারথি।

মাতা, (মান্=পূজাকরা+তৃন্) স্ত্র, স্ত্রী, যিনি পূজিত হন, জননী, মা, সপ্তমাতা ; যথা—জননী, গুরুপত্নী, ব্রাহ্মণী, রাজপত্নী, গাভি, ধাত্রী, পৃথিবী, ব্রাহ্মী, মাহেশ্বরী, ঐন্দ্রী, বারাহী, বৈষ্ণবী, কৌমারী, চামুণ্ডা, চর্চ্চিকা—এই অষ্ট শক্তি ; বিভূতি, ভূমি, গো, লক্ষ্মী, রেবতী, ধাত্রী, ইন্দ্রবারুণী, জটামাংসী। পুং, জীব, আকাশ। ণ, ত্রি, প্রমাণকর্ত্তা, পরিমাণকর্ত্তা।

মাতামহ, (মাতৃ=মাতা+ডামহ—তৎপিতার্থে) স্ত্র, পুং, মাতার পিতা। হী—স্ত্রী, মাতার মাতা।

মাতাল, (মত্তশব্দজ) ণ, সুরাপায়ী, মত্ত, মত্ততাবিশিষ্ট, মদবিহ্বল।

মাতি, মাথি, (মস্তকশব্দজ) স্ত্র, মস্তক, মুড়ি, খর্জ্জুরাদি বৃক্ষের মস্তিষ্ক।

মাতুল, (মাতৃ=মাতা+ডুল—তদ্ভ্রাত্রর্থে) স্ত্র, পুং, পিতৃশ্যালক মাতার ভ্রাতা, মামা, শস্যবিশেষ, ধুস্তুর, সর্পবিশেষ। লানী, লী, লা—স্ত্রী, মাতুলের ভার্য্যা, মামী। শণ, প্রিয়ঙ্গু বৃক্ষ, ভঙ্গা, তণ্ডু, সিদ্ধি।

মাতুলাহি, (মাতুল+অহি=সর্প) স্ত্র, পুং, সর্পবিশেষ, মালুয়াসাপ।

মাতুলুঙ্গ, (মা=নিষেধ+তুলা=নিক্তি+গম্=গমনকরা+অ, কযোগে মাতুলাঙ্গকও হয়) স্ত্র, পুং, বীজপূর, দাড়িম্ব। ঙ্গা—স্ত্রী, উত্তম চূণ।

মাতৃক, (মাতৃ+ক—যোগ) ণ, ত্রি, মাতৃসম্বন্ধীয়, মাতা হইতে আগত।

মাতৃকা, (মাতৃক+আ) স্ত্র, স্ত্রী, উপমাতা, ধাত্রী, মাতা, বর্ণমালা অ আ ক খ প্রভৃতি, স্বর, করণ ; গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা—এই ষোড়শ দেবী।

মাতৃকাঘাতুক, স্ত্র, পুং ইন্দ্র।

মাতৃকাচ্ছিদ, (মাতৃকা=মাতা+ছিদ্=ছেদনকরা+অ) স্ত্র, পুং, পরশুরাম।

মাতৃকেশট, (মাতৃ=মাতা+কেশট=ভ্রাতা) স্ত্র, পুং, মাতুল, মামা।

মাতৃনন্দন, স্ত্র, পুং, কার্ত্তিকের।

মাতৃবন্ধু, মাতৃবান্ধব, (মাতৃ=মাতা+বন্ধু, বান্ধব=জ্ঞাতি, ৬-ষ) ষ্য, পুং, মাতার মামাতো ভাই, মাতার মাস্তুতো ভাই এবং মাতার পিস্তুতো ভাই।

মাতৃমুখ, মাতৃশাসিত, (মাতৃ=মাতা+মুখ=প্রধান; মাতৃ+শাসিত=দমিত) ষ্য, পুং, মূর্খ, জড়, স্থূলবুদ্ধি, অজ্ঞব্যক্তি।

মাতৃষ্বসা, মাতুঃষসা, মাতুঃস্বসা, (মাতৃ=মাতা+স্বসৃ=ভগিনী, ৬-ষ) ষ্য, স্ত্রী, মাতার ভগিনী, মাসী।

মাতৃস্বস্রীয়, মাতৃষ্বস্রেয়, (মাতৃস্বসৃ=মাতার ভগিনী+ঈয়, ষ্ণেয়—অপত্যার্থে) ষ্য, পুং, য়ী—স্ত্রী, মাতার ভগিনীর পুত্র বা কন্যা, মাসতুতো ভাই বা ভগ্নী।

মাত্র, (মা=পরিমাণকরা+ত্র) ষা.ন, কাৎস্ন্য, কেবল, অল্প, কিঞ্চিৎ, নির্দ্দেষ, ক্ষণ, তৎক্ষণাৎ, অবধারণ, সাকল্য।

মাত্রা, (মাত্র+আ) ষ্য, স্ত্রী, পরিচ্ছদ, অশ্বযানাদি, অল্প পরিমাণ, কর্ণভূষণ, অক্ষরাবয়ব, অক্ষরের উপরস্থিত রেখা, বর্ণের উচ্চারণ কালবিশেষ, ইন্দ্রিয়বৃত্তি, ছন্দের উচ্চারিত ধ্বনি।

মাত্রাপান, (মাত্রা=অল্প পরিমাণ+পান) স্ত্র, ন, অল্পপান, পরিমিত পান। [বিশেষ।

মাত্রাবৃত্ত, ষ্য, ন, আর্য্যাদি ছন্দো-

মাত্রাসংজ্ঞক,ষ্য, ন, ছন্দের উপলক্ষণ।

মাত্রিক, (মাত্রা + ষ্ণিক) ণ, ত্রি, প্রাকৃতিক, ভূতাত্মক।

মাৎসর্য্য, (মৎসর=শুভদ্বেষী+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, পরশুভদ্বেষ, পরশ্রী-কাতরতা, অসূয়া, ঈর্ষা।

মাৎসিক, (মৎস্য + ষ্ণিক—জীবত্যর্থে) ণ, ত্রি, জালোপজীবী,ধীবর,জেলে।

মাথ, (মথ=বধকরা বা মথ=মন্থন-করা+ঘঞ) ষ্য, পুং, বর্ত্ম, রাস্তা, পথ, মন্থন, বিনাশ, হত্যা, বধ।

মাথট, (দেশজ) ষ্য, বহুলোকের দান দ্বারা অর্থসংগ্রহ, চাঁদা।

মাথা, (মস্তক শব্দজ) ষ্য, মস্তক, শিরঃ-

মাথাটানা, (দেশজ) ণ, অবাধ্য, ঠেঁটা

মাথানাড়া, (দেশজ) ষ্য, শিরঃ-কম্পন, তর্জ্জন গর্জ্জন।

মাথুর, (মথুরা+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, মথুরা সম্বন্ধীয়, মথুরা হইতে আগত সঙ্কীর্ত্তনবিশেষ।

মাদ, (মদ্=হৃষ্টহওয়া, গর্ব্বিত হওয়া, মত্ত হওয়া+ঘঞ) স্ত্র, পুং, হর্ষ, দর্প, অহঙ্কার, মত্ততা।

মাদক, (মদ্=মত্ত হওয়া+ণক) ণ,ত্রি, মত্ততাজনক,বিহ্বলকারী। পুং,দাত্যূহপক্ষী।

মাদন, (মদ্=মত্ত হওয়া+ণি+অনট্) স্ত্র, ন, লবঙ্গ। ণ, ত্রি, হর্ষোৎপাদক। স্ত্র, পুং, কামদেব, মদনবৃক্ষ, ময়না গাছ, ধুস্তূর। ন, লবঙ্গ। নী,-স্ত্রী, মাদকদ্রব্য, সিদ্ধি।

মাদল, (মর্দ্দল শব্দজ) স্ত্র, মৃদঙ্গ, খঞ্জরী, মুরজ।

মাদা, (দেশজ) ণ, জড়, অলস। স্ত্র, পক্ষ্যাদির স্ত্রী। (মাদী শব্দও হয়)।

মাদার, (মন্দার শব্দজ) স্ত্র, বৃক্ষ-বিশেষ, আসন-বিশেষ, পাটী। [তরণবিশেষ।

মাদুলী, (মর্দ্দল শব্দজ) স্ত্র,কবচ, কণ্ঠা-

মাদৃক, মাদৃশ, (অস্মৎ+দৃশ্=দেখা +কিপ্, অ—চ) ণ, ত্রি, যে আমার মত দৃষ্ট হয় অর্থাৎ যাহাকে আমার মত দেখ যায়, মৎসদৃশ, আমার তুল্য।

মাদ্রী, (মদ্র=দেশবিশেষ+ষ্ণ—নিবাসার্থে, ঈপ্) স্ত্র,স্ত্রী, পাণ্ডুরাজপত্নী, নকুল সহদেবের জননী, অতিবিষা।

মাধব, (মা=লক্ষ্মী + ধব=পতি ; ৬.হ) স্ত্র, পুং, বিষ্ণু। (মধু+ষ্ণ) বৈশাখ মাস,বসন্তকাল,মধুকবৃক্ষ, কৃষ্ণমুদ্গ। ণ, ত্রি, মধুসম্বন্ধীয়। বী,বিকা—স্ত্রী, স্বনামখ্যাত লতাবিশেষ, অতিমুক্তা লতা, মিসি, মধুশর্করা, কুষ্ঠ, মদিরা, তুলসী, দুর্গা, মাধবের পত্নী।

রুদ্রাবাস, (রুদ্র=শিব+আবাস=বাসস্থান, ৬-ষ) স্ত্র, পুং, কাশী, বারাণসী, শ্মশান, কৈলাস।

রুধির, (রুধ্=আবরণ করা+কিব) স্ত্র. ন, রক্ত, শোণিত, কুঙ্কুম। পুং, রক্তবর্ণ, মঙ্গলগ্রহ। ণ, ত্রি, রক্তবর্ণ-বিশিষ্ট।

রুমা, (রু=রবকরা+ম; নিপাতন) স্ত্র, স্ত্রী. সুগ্রীবের ভার্য্যা, রাজপুতানার অন্তর্গত সাম্বর প্রদেশের লবণের খনি। [গামছা।

রুমাল, (যাবনিক) স্ত্র. গাত্রমার্জ্জনী,

রুম্র, (রুম্=ক্রীড়া করা+রক্; ম=রু) স্ত্র, পুং, অরুণ, সূর্য্যসারথি।

রুরু, (রু=শব্দকরা+ক্রু) স্ত্র, পুং. মৃগবিশেষ, মহাকৃষ্ণসার, দৈত্যবিশেষ।

রুরুদিষু, (রুদ্=ক্রন্দন করা+সন—ইচ্ছার্থে, উ) ণ, ত্রি, রোদন করিতে অভিলাষী। [শব্দায়মান, শব্দকারী।

রুবৎ, (রু=শব্দকরা+শতৃ—ম)ণ,ত্রি,

রুবথু, স্ত্র, পুং, শব্দকরা, কুক্কুট।

রুবু, রুবুক, রুবূক, রূবুক, (রু+শব্দকরা+উ; উ=উবু;কণযোগে রুবুক; ১ম ও ২য় বর্ণের স্বর দীর্ঘ হয়, যথা—রূবুক, রুবূক) স্ত্র, পুং, ভেরেণ্ডা গাছ, এরণ্ড বৃক্ষ।

রুষ, রুষা, (রুষ্=ক্রুদ্ধ হওয়া+ক্বিপ, আপ্) স্ত্র, স্ত্রী, রোষ, ক্রোধ, রাগ,

রুষিত, রুষ্ট, (রুষ্+ক্ত—ষ) ণ, ত্রি, কুপিত, ক্রুদ্ধ।

রুষ্ট, (রুষ্+ক্ত—ষ) ণ, ত্রি, ক্রুদ্ধ, কুপিত। [রোষ।

রুষ্টি, (রুষ+ক্তি—ভাব) ষ্য,স্ত্রী, ক্রোধ,

রুহ, (রুহ্=উৎপন্ন হওয়া+ক) ণ, ত্রি, জাত, শব্দের পরে থাকিলে তদুৎপন্ন, যথা—মহীরুহ, ভূরুহ, ইত্যাদি; আরূঢ়। হা—স্ত্রী, দূর্ব্বা।

রুহক, (রুহ্=গমনকরা বা উপরে উঠা+ণ্বুল্) ষ্য, ন, গহ্বর, ছিদ্র।

রুহিরুহিকা, ষ্য,স্ত্রী,উৎকণ্ঠা,ঔৎসুক্য।

রুহ্বা, (রুহ্=উৎপন্ন হওয়া+বন্) ষ্য, পুং, বৃক্ষ, গাছ।

রূংষিত, (রূষ্=ভূষিত করা+ক্ত—ঢ, ং—আগম)ণ, ত্রি, রঞ্জিত, রংকরা, চর্চ্চিত, ছুরিত, মাখানা।

রূক্ষ, (রূক্ষ=কর্কশ হওয়া+অন)ণ, ত্রি, কঠিন, কর্কশ, নির্দ্দয়, অচিক্কণ, কঠোর ব্রতধারী, বন্ধুর, অনণুকূল। ষ্য, পুং, বৃক্ষ। [গাছ।

রূক্ষপত্র, ষ্য,পুং, শাখোটবৃক্ষ, শেওড়া

রূঢ়, (রুহ্=উৎপন্ন হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, জাত, উৎপন্ন, খ্যাত, প্রসিদ্ধ, ব্যুৎপত্তিলব্ধ অর্থের অর্থাৎ প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া প্রসিদ্ধ অন্যার্থপ্রকাশক শব্দ, যথা—গো বৃক্ষাদি। (দেশজ) ন, পরুষ, অপ্রিয়।

রূঢ়পদার্থ, ষ্য, যে সকল বস্তু অন্য পদার্থের পরমাণু যোগে উৎপন্ন না হয়, যথা—স্বর্ণ রৌপ্য গন্ধক প্রভৃতি।

রূঢ়মূল, ণ, ত্রি, যাহার মূল বদ্ধ হইয়াছে, বদ্ধমূল।

রূঢ়ি, (রুহ্+ক্তি)ষ্য, স্ত্রী, প্রসিদ্ধি. উৎপত্তি, প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া শব্দের অর্থবোধনশক্তি।

রূপ, (রূপ্=রূপযুক্ত করা+অল্) ষ্য, ন, স্বরূপ, যাথার্থ্য, স্বভাব, স্নেহ, আকৃতি, প্রকার, সৌন্দর্য্য, বর্ণ, রঙ, আবৃত্তি, বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু, পাঠাভ্যাস, নাম, পশু, শ্লোক, দৃশ্যকাব্য। ণ,ত্রি,(শব্দের পরে থাকিলে) সদৃশ, তুল্য। ন, একসংখ্যান্বিত।

রূপক, (রূপ+ণি+ণক—যোগ) ষ্য, ন,আকৃতি, গঠন, নাট্য গ্রন্থের অলঙ্কারবিশেষ,কাব্যের অলঙ্কারবিশেষ, উপমানের সহিত উপমেয়ের অভেদজ্ঞান, সংখ্যাবিশেষ, রৌপ্য। (রূপ্+কণ) ণ, ত্রি, মূর্ত্ত।

রূপতত্ত্ব,ষ্য,ন, স্বভাব, স্বাভাবিক ধর্ম্ম।

রূপনাশন, (রূপ=আকৃতি+নাশন=বিনাশন) ষ্য,পুং, পেচক, পেঁচা। ণ, ত্রি, সৌন্দর্য্যের নাশক।

রূপভাগ,—লঘূকরণ দেখ।

রূপরাশি, ষ্য, যে রাশির ঠিক মূল বাহির হইতে পারে।

রূপবান্, (রূপ+বতুপ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, সৌন্দর্য্যশালী, সুন্দর আকারবিশিষ্ট, সাকার, শুক্লাদিবর্ণযুক্ত।

রূপসী, (দেশজ)ণ, রূপবতী, সুন্দরী।

রূপা, (রৌপ্যশব্দজ)ষ্য,রৌপ্য, রজত।

রূপাজীবা, (রূপ=সৌন্দর্য্য+আজীব=জীবিকা; ৬.হ) ষ্য, স্ত্রী, বেশ্যা।

রূপান্তর, (রূপ+অন্তর) ষ্য, ন, ভিন্নরূপ, বিভিন্ন আকার, অবস্থান্তর।

রূপাস্ত্র, (রূপ=সৌন্দর্য্য+অস্ত্র) ষ্য, পুং, কন্দর্প, মদন, কামদেব।

রূপিকা, ষ্য, স্ত্রী, শ্বেতার্ক, সাদা আকন্দ বৃক্ষ।

রূপী, (রূপ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, সাকার, রূপবিশিষ্ট, সৌন্দর্য্যশালী, সুশ্রী। (দেশজ) লালমুখ ক্ষুদ্রাকার বানরবিশেষ।

রূপ্য, (রূপ+ক্য—তাড়নঅর্থে)ষ্য, ন, বিবিধ রূপ প্রকাশ করিবার জন্য যাহা তাড়িত হয়; রজত, রৌপ্য,

সুবর্ণ, অলঙ্কারাদি নির্ম্মাণার্থ আহত স্বর্ণ বা রৌপ্য। ণ, ত্রি, সুন্দর।
রূপ্যশালা, স্ত্র, ন, টাকশাল।
রূপ্যাধ্যক্ষ, (রূপ্য=রৌপা+অধ্যক্ষ =তত্ত্বাবধারক) স্ত্র, পুং, টাকশালের অধ্যক্ষ।
রূষিত, (রূষ্=ভূষিত করা ইত্যাদি +ক্ত—ট)ণ, ত্রি, ভূষিত, অচিক্কণীকৃত,বন্ধুরীকৃত,চুর্ব্বিত,ম্রক্ষিত,চূর্ণিত।
রে, ব্য, নীচ সম্বোধন।
রেঁদা, (দেশজ) স্ত্র, কাষ্ঠ পরিষ্কার করণার্থ ব্যবহৃত অস্ত্রবিশেষ।
রেউড়ী, (দেশজ) স্ত্র, মিষ্টান্নবিশেষ।
রেক, (রেক্=শঙ্কাকরা+অল্) স্ত্র, পুং,—স্ত্রী, সন্দেহ, সংশয়। পুং, শঙ্কা, নীচ, ইতর, ভেক। (রিচ্+ঘঞ্) বিরেচন, ভেদ। (দেশজ) স্ত্র, তণ্ডুলাদি মাপিবার পাত্রবিশেষ।
রেখা, (লিখ্=লেখা+অল, আপ, ল স্থানে র) স্ত্র, স্ত্রী, বিস্তৃতিহীন দৈর্ঘ্য, লম্বাকৃতি চিহ্ন—দাড়ী কসী, প্রভৃতি,শ্রেণী,সারি,অল্পমাত্র,সন্তোষ, সম্পূর্ণতা, কপট, ছল।
রেখাগণিত স্ত্র, ক্ষেত্রতত্ত্ব, জ্যামিতি।
রেখাভূমি, স্ত্র, ন, লঙ্কাদ্বীপ ও সুমেরু পর্ব্বতের সমসূত্রপাতদেশ।
রেচক, (রিচ=নিঃসরণ করা+ক) ণ, ত্রি, ভেদকারক, জোলাপ। পুং, প্রাণায়ামকালে অন্তর হইতে প্রাণবায়ু নিঃসরণ, যবক্ষার, জয়পালের গাছ, তিলকাক্ষ, পিচকারী। স্ত্র, ন, কঙ্করযুক্ত মৃত্তিকা।[বিরেচন, ভেদ।
রেচন, (রিচ+অনট—ভাব) স্ত্র, ন,
রেচিত, (রিচ্=বিক্রয় করা+ক্ত—ট)ণ,ত্রি,ত্যক্ত, বিক্রীকৃত, বর্জ্জিত।
রেণু, (রী=বধ করা+নু) স্ত্র, পুং, —স্ত্রী, ধূলি, পাংশু, গুঁড়া, পরাগ।
রেণুকা, (রেণু+কৈ+ড,আপ) স্ত্র, স্ত্রী, পরশুরামের মাতা।
রেণুবাস,(রেণু=পুষ্পরেণু+বাস=বাসস্থান) স্ত্র, পুং, মধুমক্ষিকা, ভ্রমর।
রেণুরূষিত, (রেণু=ধূলি+রূষিত=অচিক্কণীকৃত) ণ, ত্রি, ধূলিরূষিত, ধূলামাখা। স্ত্র,পুং,গর্দ্দভ।[পুং,কর্পূর
রেণুসার,(রেণু=ধূলি+সার=সারাংশ)স্ত্র,
রেতঃ, (রী=ক্ষরিতহওয়া+অস্; ত—আগম)স্ত্র,ন,বীর্য্য,শুক্র,পারদ,পারা।
রেতজা, স্ত্র, ন, বালুকা, বালি।
রেতন, স্ত্র, ন, রেতঃ, বীর্য্য, শুক্র।
রেত্য, (রী=গমন করা+ণ্যৎ, ত—আগম) স্ত্র, ন, পিত্তল, পিতল।
রেত্র, (রী=গমন করা+র, ত—আগম) স্ত্র, ন, রেতঃ বীর্য্য, শুক্র, সুধা, অমৃত, পটবাস, পারদ।
রেপ, (রেপ+অল)ণ,ত্রি,নীচ,অপকৃষ্ট, নিন্দিত, অসভ্য, নির্দ্দয়, কৃপণ।
রেফ, (র+ইফ) স্ত্র,পুং, র। (রিফ=নিন্দাকরা+অল্)ণ,ত্রি, নীচ,ক্রূর, কৃপণ,কুৎসিত, নিন্দিত, অধম,ঘৃণ্য। পুং, স্নেহ, রাগ, সমাজ পরিত্যাগ।
রেফাঃ, (রিফ্=নিন্দা করা+অস্) ণ, ত্রি, অধম, নীচ, কৃপণ, ক্রূর,দুষ্ট, দুঃস্থ, নিরবলম্ব।
রেভণ, (রেভৃ=শব্দকরা+অনট—ভাব) স্ত্র, ন, গোধ্বনি, গোরুর শব্দ। [রাক্ষস, চোর, অধিনায়ক।
রেরিহাণ, স্ত্র, পুং, শিব, অসুর,
রেবট,(রেব=গমন করা+অট) স্ত্র, ন, দক্ষিণাবর্ত্ত শঙ্খ। পুং, শূকর, মোরঙ্গতৈল, কদলীবৃক্ষ, কদলী ফল, ধূলি, বাতুল, ঐন্দ্রজালিক, বিষবৈদ্য, সর্পক্রীড়ক, মাল, বাতুল।
রেবত, স্ত্র, পুং, রেবতীর পিতা, বলরামের শ্বশুর।
রেবতি, স্ত্র, স্ত্রী, রতি, কামপত্নী।
রেবতী,(রেবত+অ,ঈপ্) স্ত্র,বলরামের সহধর্ম্মিণী, নক্ষত্রবিশেষ, দুর্গা, মাতৃকাবিশেষ, গাভী, নদীবিশেষ।

রেবতীভব, (রেবতী=নক্ষত্রবিশেষ+ভব=জাত) ষ্য, পুং, শনিগ্রহ, শনৈশ্চর।
রেবতীরমণ, রেবতীশ, (রেবতী=বলরামপত্নী+রমণ=পতি,+ঈশ=প্রভু বা স্বামী) ষ্য, পুং, বলরাম, রেবতীজানি। [মনু, রৈবত মনু।
রেবত, ষ্য, পুং, বর্ত্তমান কল্পের পঞ্চম
রেবা, (রেব=গমনকরা+অন, আপ) ষ্য, স্ত্রী, নর্ম্মদানদী, রতি, কামপত্নী, দুর্গা, নীলগাছ।
রেষণ, (রেষ্=অশ্ব বা বৃকের শব্দ করা+অনট—ভাব) ষ্য, ন, হ্রেষারব, গর্জ্জন, ব্যাঘ্র।
রেসম, (যাবনিক) ষ্য, ঊর্ণা, পশম।
রৈ, (রা=দানকরা+ডৈ) ষ্য, পুং, ধন, স্বর্ণ, ধ্বনি।
রৈত্য, (রীতি=পিত্তল+ষ্ণ্য) ণ, ত্রি, পিত্তলনির্ম্মিত, রীতি হইতে উৎপন্ন।
রৈবত, (রেবতী+ষ্ণ) ষ্য, পুং, বিন্ধ্যের পশ্চিমভাগস্থ পর্ব্বতবিশেষ, বৃক্ষবিশেষ, দৈত্যবিশেষ, শিব, বর্ত্তমান কল্পের পঞ্চম মনু। [লোম।
রোঁয়া, (রোম শব্দজ) ষ্য, রোম,
রোক, (রুচ্=দীপ্তিপাওয়া+ঘঞ—ভাব) ষ্য, পুং, প্রকাশ, নগদ ক্রয়। (রুচ্+কণ্) ন, গহ্বর, ছিদ্র, নৌকা, কম্প। [বহি, হিসাবের খাতা।
রোকড়, (দেশজ) ষ্য, আয়ব্যয়ের
রোখ, (দেশজ) ষ্য, তেজ, সাহস।
রোগ, (রুজ্=রুগ্নহওয়া+ঘঞ—ভাব) ষ্য, পুং, ব্যাধি, পীড়া, অসুস্থতা।
রোগঘ্ন, রোগহ, (রোগ+ঘ্ন=যে নাশ করে,+হ=যে ত্যাগকরে) ণ, ত্রি, রোগনাশক। ষ্য, ন, ঔষধ।
রোগভূ, (রোগ+ভূ=ভূমি) ষ্য, স্ত্রী, দেহ, শরীর। [ষ্য, পুং, ক্ষয়রোগ, রাজযক্ষ্মা।
রোগরাজ, (রোগ+রাজ=প্রধান)
রোগশিলা, ষ্য, স্ত্রী, মনঃশিলা, মন্থাল।
রোগশান্তক, রোগহারী, (রোগ+শান্তক=যে উপশম করে,+হারিন্=যে হরণ করে) ণ, ত্রি, রোগনাশক, চিকিৎসক, বৈদ্য, ঔষধ।
রোগহা, (রোগ+হন=যে নাশ করে) ষ্য, পুং, চিকিৎসক, বৈদ্য। ণ, ত্রি, রোগনাশক।
রোগিতরু, ষ্য, পু, অশোকবৃক্ষ।
রোগী, (রোগ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, রুগ্ন, পীড়িত।
রোগ্য, (রুজ্+ঘ্যণ্) ণ, ত্রি, রোগসম্বন্ধীয়, কুপথ্য, অহিত।
রোচক, (রুচ্=রোচক হওয়া+ণিচ+ণক—ঘ) ণ, ত্রি, রুচিকারক, বলকারক, দীপ্তিপ্রদ। ষ্য, পুং, ক্ষুধা, কদলী, পলাণ্ডুবিশেষ, রাজপলাণ্ডু।
রোচন, (রোচি=দীপ্তি পাওয়া, রোচকহওয়া+অনট) ণ, ত্রি, রোচক, রুচিকারক, দীপ্তিপ্রদ, বলকারক। পুং, কার্পাস বৃক্ষবিশেষ, পলাণ্ডুবৃক্ষবিশেষ দাড়িম্ব, কলম্বলেবু, বায়ুরেচক ঔষধ।
রোচনা, (রুচ্=দীপ্তি পাওয়া+অন, আপ) ষ্য, স্ত্রী, গোরোচনা, বর্ণ দ্রব্যবিশেষ, গন্ধদ্রব্য, রক্তকহ্লার, উত্তমা স্ত্রী।
রোচমান, (রুচ্=দীপ্তিপাওয়া+শান—ঘ, ম—আগম) ষ্য, পুং, অশ্বের কণ্ঠস্থ আবর্ত্তবিশেষ। ণ, ত্রি, দীপ্যমান।
রোচিঃ, (রুচ্=দীপ্তিপাওয়া+ইস্) ষ্য, ন, কান্তি, দীপ্তি, ছবি।
রোচিষ্ণু, রোচী, (রুচ্+ইষ্ণু, ইন্—ঘ, শীলার্থে) ণ, ত্রি, ভূষাদি দ্বারা দীপ্তিশীল, কান্তিযুক্ত, শোভিত।
রোচ্য, (রুচ্+ঘ্যণ—ঢ) ণ, ত্রি, প্রীতিকর বিষয়, রুচিকর, দীপ্তিযোগ্য।
রোজ, (যাবনিক) ষ্য, দিবস, তারিখ।
রোট, ণ, ত্রি, হিংস্রক, মারাত্মক।
রোটি, রোটিকা, (রুট্=দীপ্তিপাওয়া+ই, কণ্—যোগ) ষ্য, স্ত্রী, গোধূমচূ

দ্বারা প্রস্তুত পিষ্টকবিশেষ, রুটী।

রোদ, (রুদ্+ঘঞ্) স্ত্র, রোদন, ক্রন্দন। [ন, স্বর্গ, পৃথিবী।

রোদঃ, (রুদ্=রোদন করা+অস্) স্ত্র,

রোদন, (রুদ্=রোদনকরা+অনট—ভাব) স্ত্র, ন, ক্রন্দন, মৃতব্যক্তিকে উদ্দেশ করিয়া ক্রন্দন করিতে শাস্ত্রে নিষেধ আছে।-নী,স্ত্রী,দুরালভালতা।

রোদসী,(রুদ্+অস্,ঈপ)স্ত্র,স্ত্রী,পৃথিবী, স্বর্গ। দ্বিং, স্বর্গ ও পৃথিবী উভয়।

রোদ্ধা, (রুধ্+তৃণ) স্ত্র, ত্রি, রোধকর্ত্তা

রোধ, (রুধ=আবরণকরা+ঘঞ্) স্ত্র, পুং,কূল, তীর, তট, বাধা, অবরোধ।

রোধঃ, (রুধ্=আবরণকরা+অস্) স্ত্র, ন,তীর, কূল, রোধ। [নিবারণকর্ত্তা।

রোধক, (রুধ্+ণক—ঘ) ণ, ত্রি,

রোধন, (রুধ্+অনট—ভাব) স্ত্র, ন, অবরোধ, বাধা, আটক। (রুধ্+অন) ণ, ত্রি, রোধকর্ত্তা।

রোধবক্রা, রোধোবক্রা, রোধবতী, (রোধ, রোধস্=তীর+বক্র=নদীর বাঁক; রোধ=তীর+বতু—অস্ত্যর্থে) স্ত্র, স্ত্রী, তটিনী, নদী, স্রোতস্বতী।

রোধী, (রুধ্+ণিন্-ঘ) ণ, ত্রি, রোদ্ধা, রোধকর্ত্তা। [পুং, লোধ্রবৃক্ষ।

রোধ্র, (রুধ্+র) স্ত্র,ন, অপরাধ, পাপ।

রোধ্রপুষ্পী, স্ত্র, স্ত্রী, ধাতকী বৃক্ষ, ধাইফুলের গাছ।

রোপ, (রুপ্=মূর্চ্ছাপন্ন হওয়া+ণি +অল্) স্ত্র, পুং, শর, বাণ, রোপণ। ন, ছিদ্র, গর্ত্ত।

রোপণ, (রুহ্+ণি+অনট্—ভাব) স্ত্র,ন, বীজাদিবপন, বুনন, উৎপাদন, জনন, স্থাপন, অর্পণ। (রুপ্=মুগ্ধ হওয়া+অনট্)মুগ্ধকরণ, বিমোহন।

রোপিত, (রুহ্+ণি+ক্ত—ট) ণ, ত্রি, অর্পিত, দত্ত, প্রোত, নিহিত, উপ্ত, প্রোথিত, মোহিত।

রোম,(রু=শব্দকরা+মন্) স্ত্র, ন, লোম, রোঁয়া, তনুরুহ, জল।

রোমক, (রোমন্+কৈ+ড) স্ত্র, ন, রুমনগর,কনস্টান্টিনোপল্, পাংশু-লবণ,পাঙ্গালুণ,অয়স্কান্ত মণিবিশেষ। পুং, বহু, রুমনগরবাসী। [আলু।

রোমকন্দ, স্ত্র, পুং, পিণ্ডালু, চুপড়ী-

রোমকপত্তন, স্ত্র, ন, রুমরাজ্য, রুম-দেশ। [বিবর) স্ত্র,পুং, রোমবিবর।

রোমকূপ, (রোমন্=লোম+কূপ=গর্ত্ত,

রোমকেশর, রোমগুচ্ছ, (রোমন্+ কেশর=তন্তু সদৃশ পদার্থ,+গুচ্ছ= গোছা) স্ত্র, ন, বালব্যজন, চামর।

রোমজ, (রোমন্=লোম+জ=উৎপন্ন) ণ, ত্রি, রোমদ্বারা প্রস্তুত, পশমি।

রোমন্থ, (রোম+মন্থ্=বধকরা+অন্, নিপাতন) স্ত্র, পুং, উদ্গীরণ করিয়া চর্ব্বণ, চর্ব্বিত চর্ব্বণ, জাওর কাটা।

রোমন্থক, রোমন্থিক, (রোমন্থ+ক, ইক) স্ত্র, পুং, যে সকল পশু ভুক্ত বস্তু উদ্গীরণ করিয়া তাহা পুন-র্ব্বার চর্ব্বণ করে; যথা—উষ্ট্র, গো, ইত্যাদি।

রোমভূমি, স্ত্র, স্ত্রী, চর্ম্ম।

রোমরাজি,রোমলতা, (রো[মন্]+রাজি =রেখা, শ্রেণী, +লতা=লতাসদৃশ বিস্তৃত রেখা) স্ত্র, স্ত্রী, রোমাবলী।

রোমবান্, (রোমন্=লোম+বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, লোমযুক্ত, রোম-বিশিষ্ট।

রোমবিকার,—পুং,রোমবিক্রিয়া,-স্ত্রী, (রোমন্+বিকার, বিক্রিয়া=বিকৃতি) স্ত্র, রোমভঙ্গ, রোমাঞ্চ।

রোমবিধ্বংস, স্ত্র,পুং, গাত্র উকুণবিশেষ

রোমশ,(রোমন্=লোম+শ—অস্ত্যর্থে) ণ, ত্রি, অধিক রোমযুক্ত। স্ত্র, পুং, শূকর, মেষ।

রোমহর্ষ,-পুং,রোমহর্ষণ,—ন,রোমাঞ্চ, রোমোদ্গম,রোমোদ্ভেদ-পুং, (রোমন্ =লোম+হৃষ্,হর্ষণ,দণ্ড; +অন্=

গমনকরা+অল্—ভাব,+উদগম,উ-
দ্ভেদ—উর্দ্ধগতি, ৬-ষ) ষ্য, লোম-
স্ফুরণ, গায়ে কাঁটা দেওয়া।
রোমহর্ষণ, (রোম+হর্ষণ)ষ্য, পুং,
সূত, মুনিবিশেষ। [আলু।
রোমালু, ষ্য, পুং, রোমকন্দ, চুপড়ী
রোমাঞ্চিত,(রোমাঞ্চ+ইত-জাতার্থে)
ণ, ত্রি, পুলকিত, রোমাঞ্চযুক্ত।
রোমাবলী,রোমালী,(রোমন্+আবলী,
আলী=শ্রেণী, ৬-ষ) ষ্য, স্ত্রী, নাভির
উর্দ্ধভাগে উদরমধ্যস্থ রোমশ্রেণী,
রোমীয়সম্প্রদায়। ষ্য, গুরু পোপের
মতানুযায়ী খৃষ্টধর্ম্মাবলম্বী কাথলিক
নামকখৃষ্টীয় সম্প্রদায়।[রোপিত ধান্য।
রোয়ালী, (দেশজ) ষ্য, ধানের চাস,
রোরুদা,([রুদ্+যঙ্]=পুনঃপুনঃ রোদন
করা+অ, আপ্) ষ্য, স্ত্রী, অতিশয়
রোদন।
রোরুদ্যমান, ([রুদ্+যঙ] +শান
—ষ) ণ, ত্রি, অতিশয় রোদনশীল।
রোল্, ষ্য,পুং,ফলবিশেষ, পানি আম-
লক, পেনালা, আর্দ্রক।
রোলম্ব, (রোড্=উন্মত্ত হওয়া+অম্ব;
ড=ল। অথবা রো=শব্দকারী+লম্-
ব=গমন করা+অচ্) ষ্য, পুং, যে
শব্দ করিতে করিতে গমন করে,
ভ্রমর, শুষ্কভূমি, টানজমি। ণ, ত্রি,
অবিশ্বাসী, যে বিশ্বাস করে না।
রোশনচৌকী, (যাবনিক) ষ্য, বাদ্য-
বিশেষ, শানাইবাদ্য।
রোষংসা, ষ্য, স্ত্রী, ইচ্ছা, বাসনা।
রোষ, (রুষ্—ক্রোধকরা+ঘঞ্—ভাব)
ষ্য, পুং, ক্রোধ, রাগ।
রোষণ, (রুষ্+অন—ষ) ণ, ত্রি,
ক্রোধশীল, রাগী, ক্রোধন। ষ্য, পুং,
পারদ, কষণপ্রস্তর, কষ্টিপাথর, স্পর্শ-
মণি, চুম্বকপাথর, ঊষর ভূমি।
রোষিত,(রুষ্+ণিচ্+ক্ত—সংজাতার্থে)
ণ, ত্রি, ক্রোধিত, কোপিত, রাগান।

রোশনাই, (যাবনিক) ষ্য, আলো,
দীপ্তি, প্রভা।
রোহ, (রুহ্—উৎপন্ন হওয়া ইত্যাদি
+অল্) ষ্য, পুং, প্ররোহ, অঙ্কুর,
আরোহণ। ণ, ত্রি, আরোহী।
রোহক, (রুহ্=উঠা+ণক—ষ) ণ,
ত্রি, আরোহণকর্ত্তা। ষ্য, পুং, প্রেত-
বিশেষ।
রোহণ, (রুহ্=উৎপন্ন হওয়া ইত্যাদি
+অনট্—ভাব) ষ্য, ন, আরোহণ,
উৎপত্তি, উদ্ভব, জন্ম, প্রাদুর্ভাব,
শুক্র, রেতঃ। পুং,বিদুর পর্ব্বত।
রোহন্ত, (রুহ্+অন্ত) ষ্য, পুং, বৃক্ষ।
ন্তী—স্ত্রী, লতা।
রোহিণ, রৌহিণ, (রোহিণী+ষ্ণ—
দেবতার্থে)ষ্য, পুং, ন্যগ্রোধ, বটবৃক্ষ।
(রুহ্+ইন+ষ্ণ) ন, দিবসের
নবম মুহূর্ত্ত।
রোহিণিকা, রোহিতিকা, (রোহিত=
রক্তবর্ণ+কণ—যোগ;রোহিত শব্দের
স্ত্রীলিঙ্গে রোহিণী হয়) ষ্য, স্ত্রী,
ক্রোধাদি হেতুক যে স্ত্রীর শরীর
লোহিত বর্ণ হয়।
রোহিণী, (রুহ=উৎপন্ন হওয়া+ইন,
ঈপ) ষ্য, স্ত্রী, নক্ষত্রবিশেষ, চন্দ্রের
পত্নী, দক্ষ প্রজাপতির এক কন্যা,
বলরামের মাতা, বিদ্যাধরীবিশেষ,
নববর্ষবয়স্কা কন্যা, গাভি, বিদ্যুৎ।
রোহিণীপতি, রোহিণীবল্লভ, (রো-
হিণী+পতি=স্বামী, বল্লভ=প্রিয়)
ষ্য, পুং, চন্দ্র, বসুদেব।
রোহিত, (রুহ্+ইত) ষ্য, পুং, রুই-
মাছ, হরিণবিশেষ, রক্তবর্ণ, পদ্ম-
রাগমণি। ন, কুঙ্কুম, ইন্দ্রধনুঃ,
শোণিত। ণ, ত্রি, রক্তবর্ণবিশিষ্ট।
রোহিতাশ্ব,(রোহিত=রক্তবর্ণ+অশ্ব;
৬-ষ) ষ্য, পুং, অগ্নি, হরিশ্চন্দ্র পুত্র।
রোহিৎ, (রুহ্=গমনকরা বা উৎপন্ন
হওয়া+ইৎ) ষ্য, পুং, সূর্য্য, বর্ণ-

বিশেষ, রুইমাছ। স্ত্রী, মৃগীবিশেষ, লতাবিশেষ।

রোহী, (রুহ্=উৎপন্নহওয়া ইত্যাদি +ণিন্—ষ) ণ, ত্রি, উৎপত্তিশীল, আরোহী।

রৌক্ম, (রুক্ম=স্বর্ণ+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, সুবর্ণময়, স্বর্ণনির্ম্মিত।

রৌক্ষ্য, (রুক্ষ+ষ্য—ভাবে) ষ্য, ন, কার্কশ্য, রুক্ষতা, কাঠিন্য। [বিশেষ।

রৌচ্য, ষ্য, পুং, বিল্বদণ্ডধারী ব্রতি-

রৌদ্র, (রুদ্র=শিব ইত্যাদি+ষ্ণ) ষ্য, পুং,—ন, ক্রোধ,শৃঙ্গারাদির নব রসের মধ্যে এক রস, ক্রোধ এই রসের স্থায়ীভাব, শত্রু আলম্বন বিভাব, ও শত্রুর চেষ্টা এবং প্রহারাদি উদ্দীপন বিভাব, সূর্য্যরশ্মি। পুং, ক্রোধ, সূর্য্যতেজঃ, আতপ, উত্তাপ, যম, হেমন্ত ঋতু। ণ, ত্রি, প্রচণ্ড, উগ্র, ভয়ানক, রুদ্রসম্বন্ধীয়। স্ত্রী—স্ত্রী, চণ্ডী, দুর্গা।

রৌপ্য, (রূপ্য+ষ্ণ—স্বার্থে) ষ্য, ন, রূপা, রজত। [লবণ।

রৌম, ষ্য,ন, খনিজলবণ বিশেষ, শম্বর

রৌরব, (রুদ=রোদনকরা, নিপাতন, বা রোরু+ষ্ণ) ষ্য,পুং নরকবিশেষ। ণ, ত্রি, ভয়ঙ্কর, চঞ্চল, ধূর্ত্ত। (রুরু +ষ্ণ) রুরুসম্বন্ধীয়।

রৌহিণ, (রোহিণী+ষ্ণ, রুহ+ইন, ষ্ণ) ষ্য, পুং, চন্দনবৃক্ষ। ন, দিবসের নবম মুহূর্ত্ত।

রৌহিণেয়, (রোহিণী+এয়—অপত্যার্থে) ষ্য, পুং, রোহিণীনন্দন, বলরাম, বুধগ্রহ। ন, মরকতমণি। পুং—স্ত্রী, গোবৎস।

রৌহিষ, (রুহ=উৎপন্ন হওয়া+ইষ; উ=ঔ,) ষ্য, পুং, রুইমাছ, মৃগবিশেষ, তৃণবিশেষ।

ল

ল, ব্যঞ্জনের অষ্টাবিংশ বর্ণ; ইহার উচ্চারণ স্থান দন্ত, এইজন্য ইহাকে দন্ত্যবর্ণ বলে। (লা—দান করা+ড) ষ্য, পুং, ইন্দ্র। ন, পৃথ্বীবীজ। লা—স্ত্রী, দান, গ্রহণ। লী—স্ত্রী, আশ্লেষ।

লওন, (নয়ন শব্দজ) ষ্য, লওয়া, গ্রহণ, ধারণ। [ধানের শিষ।

লক, ষ্য, পুং, ললাট, ধান্যশীর্ষক,

লকচ, লকুচ, (লক্=আস্বাদন করা +অচ, উচ) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, মাদার গাছ। [সূত্রবিশেষ।

লক্, (দেশজ) মাঞ্জাকরা রেশমের

লক্কা, (দেশ) ষ্য, পারাবতবিশেষ।

লক্তক, (লক্=আস্বাদনকরা+ক্ত—ণ চ; কণ—স্বার্থে) ষ্য, পুং, জীর্ণ বস্ত্র খণ্ড, নেকড়া, অলক্তক, আলতা।

লক্তকর্ম্মা, ষ্য,পুং, রক্তবর্ণ লোধ্রবৃক্ষ।

লক্ষ, (লক্ষ্=দর্শনকরা, চিহ্নকরা+ অল) ষ্য, ন, ক্ষা—স্ত্রী, শতসহস্র সংখ্যা। ন, প্রবঞ্চনা, চাতুরী, লক্ষ্য, শরব্য, দৃষ্টি।

লক্ষক, (লক্ষ+ণিচ্+ণক) ণ, ত্রি, লক্ষণা দ্বারা অর্থবোধক

লক্ষণ, (লক্ষ্+অনট) ষ্য, পুং, রামের ভ্রাতা, লক্ষ্মণ,সারসপক্ষী। ন, স্বরূপ, চিহ্ন, নাম, দর্শন, ব্যাকরণ সূত্র, নিয়ম। ণ, ত্রি, শ্রীমান।

লক্ষণা, (লক্ষ+অনট, আপ) ষ্য, স্ত্রী, সারসী, হংসী, শক্যসম্বন্ধ, অধ্যাহার, শব্দের শক্তিবিশেষ, রূঢ়ি বা যৌগিক শক্তি দ্বারা প্রকৃত অর্থের বোধ হইলে পর যে শক্তি দ্বারা প্রয়োজন বা বহু প্রয়োগবশতঃ প্রকৃত অর্থসম্বন্ধীয় অন্য অর্থের বোধ হয়, যথা—"গঙ্গায় গোপগণ বাস করিয়া আছে" এস্থলে গঙ্গা শব্দের খাতাবচ্ছিন্ন জল রূপ প্রকৃত অর্থ

না বুঝাইয়া গঙ্গার বা গঙ্গাসম্বন্ধীয় তীর অর্থ বুঝাইতেছে।

লক্ষণীয়, (লক্ষ্+অনীয়—চ) ণ, ত্রি, দর্শনীয়, অনুভবযোগ্য, অনুভবনীয়

লক্ষিত, (লক্ষ্+ক্ত—চ) ণ, ত্রি, দৃষ্ট, জ্ঞাত, উদ্দিষ্ট, লক্ষণাবৃত্তি দ্বারা জ্ঞাত, অনুভূত, অনুমিত, লক্ষ্যীকৃত।

লক্ষ্ম, (লক্ষ্—চিহ্নকরা + মন্) ষ্য, ন, চিহ্ন, বেধনার্থ চিহ্ন, প্রধান।

লক্ষ্মণ, (লক্ষ্মন্+অ) ষ্য, পুং, রামের ভ্রাতা, সুমিত্রার পুত্র, সারসপক্ষী। ন, চিহ্ন, স্বরূপ, নাম। ণ, ত্রি, সৌভাগ্যশালী। ণা—স্ত্রী, সারসী, হংসী, দুর্য্যোধনের কন্যা, কৃষ্ণপুত্র শাম্বের ভার্য্যা।

লক্ষ্মণপ্রসূ, (লক্ষ্মণ+প্রসূ=জননী) ষ্য, স্ত্রী, লক্ষ্মণের মাতা, সুমিত্রা, ঔষধ বিশেষ।

লক্ষণ্য, ষ্য, পুং, শ্বেতকণ্টকারী বৃক্ষ।

লক্ষ্মী, (লক্ষ্=দর্শনকরা ইত্যাদি + মী) ষ্য, স্ত্রী, কমলা, পদ্মা, রামজায়া, সীতা, রোগঘ্নমূলবিশেষ, প্রিয়ঙ্গুবৃক্ষ, বীরপত্নী, হরিদ্রা, বিষ্ণুপত্নী, রাজশ্রী, সম্পত্তি, শ্রী, শোভা, সৌন্দর্য্য, মুক্তা।

লক্ষ্মীকান্ত, (লক্ষ্মী + কান্ত=স্বামী) ষ্য, পুং, বিষ্ণু, নারায়ণ, রাজা।

লক্ষ্মীগৃহ, ষ্য, ন, রক্তোৎপল।

লক্ষ্মীপতি, (লক্ষ্মী + পতি=প্রভু, স্বামী, ৬-ষ) ষ্য, পুং, বিষ্ণু, নরপতি, লবঙ্গলতা, গুবাকবৃক্ষ।

লক্ষ্মীপুত্র, (লক্ষ্মী=দেবীবিশেষ বা সীতা + পুত্র, ৬-ষ) ষ্য, পুং, কামদেব, রাম বা সীতারপুত্র—কুশ ও লব, অশ্ব। [পদ্মরাগমণি।

লক্ষ্মীপুষ্প, (লক্ষ্মী+পুষ্প) ষ্য, পুং, লক্ষ্মীফল, ষ্য, পুং, বিল্ববৃক্ষ। [ধনী।

লক্ষ্মীবন্ত,-মন্ত, (দেশজ) ণ, সম্পত্তিশালী,

লক্ষ্মীবান্, (লক্ষ্মী + বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, শ্রীমান্, সম্পত্তিশালী।

লক্ষ্মীশ, (লক্ষ্মী + ঈশ=প্রভু, পতি, ৬-ষ) ষ্য, পুং, রমাপতি, বিষ্ণু, আম্রবৃক্ষ, সহকার, সৌভাগ্যশালী ব্যক্তি।

লক্ষ্মীসমাহ্বয়া, ষ্য, স্ত্রী, জানকী, সীতা।

লক্ষ্মীসহজ, (লক্ষ্মী + সহ=সহিত+জ =জাত) ষ্য, পুং, চন্দ্র, দেবতা ও অসুর কর্ত্তৃক সমুদ্র মথিত হইবার সময়, সমুদ্র হইতে লক্ষ্মীর সহিত চন্দ্র উত্থিত হইয়াছিলেন।

লক্ষ্য, (লক্ষ্+ষ্যণ) ষ্য, ন, শরব্য, বেধ্য, বেধনার্থ লক্ষিত, চিহ্ন, চাতুরী, শতসহস্র সংখ্যা। ণ, ত্রি, দ্রষ্টব্য, দর্শনযোগ্য, উদ্দেশ্য, লক্ষণাশক্তি দ্বারা বোধ্য, জ্ঞেয়, অনুমেয়।

লগড়, ণ, ত্রি, মনোহর, সুন্দর।

লগিত, (লগ্=লাগিয়া যাওয়া+ক্ত —চ) ণ, ত্রি, যুক্ত, সংলগ্ন, লাগা।

লগুড়, লগুর, (লগ + উল, ল=ড) ষ্য, পুং, যষ্টি, লাঠি, গদা, লৌহমুদ্গর।

লগ্ন, (লস্জ=লজ্জিত হওয়া+ক্ত) ণ, ত্রি, যুক্ত, আসক্ত, সংলগ্ন, লজ্জিত। ষ্য, ন, মেষাদি রাশির উদয়কাল, সূর্য্যের রাশি সংক্রমণ মুহূর্ত্ত। পুং, স্তুতিপাঠক।

লগ্নক, (লগ্ন+কণ—যোগ) ষ্য, পুং, প্রতিভূ, জামিন।

লগ্নিকা, (লগ্ন+কণ, নিপাতন) ষ্য, স্ত্রী, অপ্রাপ্তবয়স্কা, নগ্নিকা, দশবর্ষদেশীয়া, কন্যকা।

লঘট, (লন্ঘ্=গমন করা+অট, ন—লোপ) ষ্য, পুং, বায়ু, অনিল।

লঘিমা, (লঘু=হালকা+ইমন্—ভাবে) ষ্য, পুং, ভারহীনতা, লঘুত্ব, অগৌরব, সারহীনতা, ঐশ্বর্য্যবিশেষ, স্বীয় শরীরকে লঘু করিবার ক্ষমতা।

লঘিষ্ঠ, লঘীয়ান, (লঘু=হাল্কা+ ইষ্ঠ—অত্যর্থে ; লঘু=হাল্কা+ঈয়স্—অত্যর্থে) ণ, ত্রি, অতি লঘু।

লঘু, (লন্ঘ্=উপবাস করা, শুষ্ক

হওয়া+কু) ণ, ত্রি, ভারহীন,হাল্কা, অসার, নিস্তেজঃ, নিষ্পোকর, অল্প, শুক, বিশুদ্ধ, পরিষ্কৃত, শীঘ্র, ক্ষুদ্র, হ্রস্ব, সক্ষেপ্ত, সুন্দর, ইষ্ট, বাঞ্ছিত, সূক্ষ্ম। স্ব্য, পুং, কৃষ্ণ অগুরু,পুষ্যাদি নক্ষত্র, ব্যাকরণে—হ্রস্ববর্ণ।

লঘুকায়, (লঘু—ক্ষুদ্র+কায়=দেহ) স্ব্য,পুং,অজ,ছাগল। ণ,ত্রি, ক্ষুদ্রদেহ।

লঘুগর্গ, স্ব্য, পুং, ত্রিকণ্টক মৎস্য, টেঙ্গরামাছ।

লঘুতা,—স্ত্রী, লঘুত্ব —ন, (লঘু+তা, ত্ব—ভাবে)স্ব্য, ন, ভারহীনতা,লাঘব।

লঘুনাম, স্ব্য, ন, অগুরু।

লঘুলয়, (লঘু=হালকা+লয়—সংশ্লেষ) স্ব্য, ন,উষীর,বেণার মূল খশখশিয়া।

লঘুহস্ত, (লঘু—শীঘ্র+হস্ত=হাত; ৬.হ) ণ, ত্রি, ক্ষিপ্রহস্ত, শীঘ্রকারী, পটু, দক্ষ, শীঘ্রবাণত্যাগী।

লঘুকরণ, স্ব্য, যে উপায়ে নিম্ন শ্রেণীস্থ রাশিকে উচ্চশ্রেণীতে ও উচ্চ শ্রেণীস্থ রাশিকে নিম্ন শ্রেণীতে পরি বর্ত্তন করা যায়, হ্রাসকরণ, কমান।

লঘুকৃত, (লঘু+চ্বি+কৃত=করা হই-য়াছে) ণ, ত্রি, যাহা লঘু করা গিয়াছে, যাহা কমান গিয়াছে।

লঘ্বী, (লঘু+ঈ) স্ব্য, স্ত্রী, লাঘবযুক্তা, অতি কোমলপ্রকৃতি কৃশাঙ্গী কামিনী,রথবিশেষ,স্ত্রীবাহন শকটবিশেষ।

লঙ্কা, (লক্=পাওয়া+অন—ডে,আ) স্ব্য, স্ত্রী, রাবণের পুরী, সিংহলদ্বীপ, কুলটা, শাখা, শাকিনী, স্ত্রীভূত। (দেশজ) কটুরসযুক্ত প্রসিদ্ধ ফল বিশেষ।

লঙ্কাদাহী, (লঙ্কা=নগরীবিশেষ+দাহিন্=যে দগ্ধ করে) স্ব্য, পুং, লঙ্কা দাহকারী, হনুমান, ইনি স্বলস্ত লেজ দ্বারা এই নগরী দগ্ধ করিয়াছিলেন।

লঙ্কাধিপতি, লঙ্কাপতি, (লঙ্কা+অধি-পতি, পতি=প্রভু,শাসনকর্তা, ৬-ষ) স্ব্য, পুং, রাবণ, দশানন।

লঙ্কাপিকা, লঙ্কায়িকা, লঙ্কারিকা, স্ব্য, স্ত্রী, পৃক্কা, পিড়িংশাক। [রাবণ।

লঙ্কেশ, (লঙ্কা+ঈশ, ৬-ষ) স্ব্য, পুং,

লঙ্গ, (লনগ্=লাগিয়া যাওয়া+অচ্) স্ব্য, পুং, সঙ্গ, মিলন, উপপতি, খঞ্জতা, লবঙ্গ। [ন, লাঙ্গুল, লেজ।

লঙ্গুল, (লনগ=গমনকরা+উল) স্ব্য,

লঙ্ঘন, (লনঘ্=উপবাসকরা, গমন করা+অনট্—ভাব)স্ব্য, ন, উপবাস, অতিক্রম, অতিবাহন, যাপন, অভি-ঘাত, আক্রমণ, লাফান, ডিঙ্গান।

লজ্জমান, (লসজ+শান—ষ) ণ, ত্রি, লজ্জাশীল, লাজুক।

লজ্জা, (লসজ্=লজ্জিত হওয়া+অ—ভাবে,আপ)স্ব্য,স্ত্রী,ব্রীড়া,অন্তঃকরণের আবৃত্তিবিশেষ, লাজ, ত্রপা।

লজ্জালু, (লসজ+আলু—অস্ত্যর্থে) ণ, ত্রি, লজ্জাশীল। স্ব্য, স্ত্রী, লতা-বিশেষ, লজ্জাবতী গাছ।

লজ্জাবান্, (লজ্জা+বতু—অস্ত্যর্থে) ণ, ত্রি, লজ্জাশীল, লজ্জাযুক্ত।

লজ্জিত, (লসজ্+ক্ত—ষ) ণ, ত্রি, লজ্জাযুক্ত, লজ্জাশীল। -তা, স্ত্রী, লজ্জালু লতা।

লজ্জ্যা, (লসজ=লজ্জিত হওয়া+যৎ, আপ্) স্ব্য, স্ত্রী, লজ্জা, ত্রপা, ব্রীড়া

লঞ্জ, (লনজ্=বলিষ্ঠ হওয়া+অচ্)স্ব্য, পুং, চরণ, পাদ, কচ্ছ, কাছা, পুচ্ছ, লেজ, অনিদ্রা,লাম্পট্য, লক্ষ্মী, স্রোত।

লঞ্জিকা, (লনজ্=ভর্ৎসনা করা+ণক্) স্ব্য, স্ত্রী, বেশ্যা, গণিকা।

লট, (লট্=চপলাদি বালভাব প্রকাশ করা, বলা+অচ) স্ব্য, পুং, প্রমাদ-বাচী, অনবহিত, পাগল, নির্ব্বোধ, চোর, দোষ।

লটক, লট্ট, লড্ড, (লট্+ণক)স্ব্য, পুং, দুর্জ্জন, অসাধু ব্যক্তি, ঘৃণিত ব্যক্তি

লটপর্ণ, স্ব্য, ন, ত্বক্, চর্ম্ম, ছাল

লট্‌কান, (দেশজ)ণ, লম্বমান, ঝোলান।
লট্‌খট্‌, (দেশজ) স্ত্র, খপ্পাট, উৎপাত।
লট্ব, (লট্+ব) স্ত্র, পুং, বর্ণসঙ্করজাতিবিশেষ, অশ্ব, রাগবিশেষ। ট্বা—স্ত্রী, নাটাকরঞ্জা, গ্রাম্যচটকপক্ষী, দুশ্চরিত্রা স্ত্রী, চূর্ণকুন্তল, কুসুম্বফুল, মিষ্টখাদ্যদ্রব্য বিশেষ।
লটুয়া, (দেশজ) ণ, লম্পট, লোচ্চা।
লড়ন, (স্পন্দনার্থ লড় ধাতুজ) স্ত্র, ন, স্পন্দন, দোলন, কম্পন, চালন।
লড়হ, ণ, ত্রি, সুন্দর, মনোজ্ঞ।
লড়াই, (দেশজ)স্ত্র, যুদ্ধ, রণ, সংগ্রাম।
লড্ডু, স্ত্র, পুং, হতভাগ্য, দুশ্চরিত্র, নীচব্যক্তি, লাড়ু।
লড্ডুক, স্ত্র, ন, মোদকবিশেষ, লাড়ু।
লণ্ড, স্ত্র, ন, বিষ্ঠা, ল্যাড়। [ব্যতিব্যস্ত।
লণ্ডভণ্ড, (দেশজ)স্ত্র, উচ্ছিন্ন, প্রচ্ছিন্ন,
লতা, লতিকা, (লৎ—বেষ্টন করা+অল; লতা+কণ—স্বার্থে, আকারের পূর্ব্বে ইক, আপ্) স্ত্র, স্ত্রী, ব্রততী, লতাযিস্রা গাছ, শাখা, প্রিয়ঙ্গুলতা, পৃক্কা, পিড়িংশাক, দূর্ব্বা, মাধবী, তৃণময় গুল্ম, সূত্র।
লতাজিহ্ব, লতারসন, (লতা+জিহ্বা, রসনা=জিব) স্ত্র, পুং, ভুজগ, সর্প, সাপ, ভোগী। [তালাদিবৃক্ষ।
লতাতরু, স্ত্র, পুং, কমলালেবুর গাছ,
লতাম্বু, স্ত্র, ন, পুষ্প।
লতাপনস, (লতা+পনস=কাঁটাল) স্ত্র, পুং, তরমুজ গাছ, ইহার সহিত কাঁটালের তুলনা করা যাইতে পারে।
লতাপ্রতানিনী, (লতা+প্রতানিনী=বিস্তৃতা) স্ত্র, স্ত্রী, গুল্মিনী, শাখাদি দ্বারা বিস্তৃত লতা।
লতামণি,—পুং, লতাযাবক,—স্ত্রী, (লতা+মণি=রত্ন, +যাবক=যব বা তত্তুল্য শস্য) স্ত্র, প্রবাল, পলা।
লতামরুৎ, স্ত্র, স্ত্রী, পৃক্কা, পিড়িংশাক।
লতামৃগ, স্ত্র, পুং, বানর।
লতাযষ্টি, স্ত্র, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
লতার্ক, (লতা+অর্ক—উপতপ্ত করা+অচ্) স্ত্র, পুং, হরিদ্বর্ণ পলাণ্ডু।
লতালক, (লতা+অলক—চূর্ণকুন্তল) স্ত্র, পুং, হস্তী, গজ, দ্বিরদ।
লতাশঙ্খ, স্ত্র, পুং, শালবৃক্ষ, শালগাছ।
লতিকা, স্ত্র, স্ত্রী, জ্যেষ্ঠী, টিকটিকী, গিরগিটী।
লপন, (লপ্—বলা+অনট—ণ, ভাব) স্ত্র, ন, বদন, মুখ, ভাষণ, কথন।
লপিত, (লপ+ক্ত—ভাব, চ) ণ, ত্রি, কথিত। স্ত্র, ন, বাক্য, কথন, বচন।
লপেটা, (দেশজ)স্ত্র, বিনামা বা জুতা বিশেষ।
লপ্টন, (দেশজ) ন, বেষ্টন।
লব্ধ, (লভ্—পাওয়া+ক্ত—চ) ণ, ত্রি, উপার্জ্জিত, প্রাপ্ত, গৃহীত।
লব্ধবর্ণ, (লব্ধ—প্রাপ্ত+বর্ণ—যশঃ, প্রশংসা; ৩.হ) ণ, ত্রি, বিচক্ষণ, পণ্ডিত, জ্ঞানী। [লাভ, প্রাপ্তি, গ্রহণ।
লব্ধি, (লভ্+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী,
লব্ধোদয়, (লব্ধ+উদয়—উৎপত্তি; ৩.হ) ণ, ত্রি, জাত, উৎপন্ন।
লমক, স্ত্র, পুং, জার, উপপতি।
লভস, (লভ্—পাওয়া+অস) স্ত্র, পুং, যাচক, ধন, অশ্বের পাদবন্ধন রজ্জু।
লভ্য, (লভ্+ণ্যপ—চ) ণ, ত্রি, প্রাপ্য, লাভযোগ্য, ন্যায্য, উপযুক্ত।
লম্পট, (রম্—অনুরক্ত হওয়া+অটন্; প—আগম, র স্থানে ল) স্ত্র, পুং, কামুক, লোচ্চা, আসক্ত, লোলুপ, বকুলবৃক্ষ। [গত দেশবিশেষ।
লম্পাক, স্ত্র, পুং, লম্পট, কাবুলের অন্ত-
লম্ফ, (রম্ফ্=লাফ দেওয়া+ঘঞ্; র স্থানে ল) স্ত্র, পুং, উল্লম্ফন, লাফান।
লম্ফঝম্প, (দেশজ) স্ত্র, উৎপ্লব, লাফালাফি, আস্ফালন, দর্প।
লম্ব, (লম্ব্—লম্বিত হওয়া+অচ্) ণ,

ত্রি, দোলায়মান, লম্ব, ঝোলান, বিস্তৃত, দীর্ঘ, প্রসারিত, লম্বা। স্ব, পুং, অবলম্ব, কান্ত, নর্ত্তক, উৎকোচ, ঘুস, ঊর্দ্ধ রেখা, ত্রিভুজ ক্ষেত্রের লম্বমান রেখা, সরল রেখার উপরে ঠিক খাড়া হইয়া যে সরল রেখা থাকে।

লম্বকর্ণ, (লম্ব=দীর্ঘ, দোলায়মান+কর্ণ ; ৬.হ) স্ব,পুং,ছাগ, হস্তী, রাক্ষস, বৃক্ষবিশেষ, শশক, গণেশ।

লম্বন, (লম্ব্+অনট্—ভাব) স্ব, ন, অবলম্বন, আশ্রয়, দোলন, ঝোলান, মাল্যবিশেষ, নাভিলম্বিত হার, আশ্রয়গ্রহণ। পুং, সর্দ্দি, কফ।

লম্বমান, (লম্ব্+শান—ম,ম—আগম) ণ, ত্রি, দোলায়মান, ঝোলান।

লম্বা, (লম্ব—লম্বিত হওয়া, শব্দকরা+অ, আ)স্ব, স্ত্রী, লক্ষ্মী, দুর্গা, গৌরী, তিক্ত অলাবু। [জিহ্বা, আলজিভ।

লম্বিকা, (লম্ব+ণক) স্ব, স্ত্রী, অলি-

লম্বিত, (লম্ব+ক্ত—ত) ণ, ত্রি, অবলম্বিত, আশ্রিত, লম্বমান, দোলিত, স্রস্ত, ঝুলিত, পতমান।

লম্বোদর, (লম্ব—বিস্তৃত+উদর . ৬.হ) স্ব, পুং,গণেশ, ঔদরিক, পেটুক। ণ, ত্রি,দীর্ঘোদর। [উষ্ট্র,উত,দাসেরক।

লম্বোষ্ঠ, (লম্ব—দীর্ঘ+ওষ্ঠ , ৬.হ,)স্ব,পুং,

লম্ভন, (লম্ভ্=শব্দকরা ইত্যাদি+অনট—ভাব) স্ব, ন, ধ্বনি, প্রাপণ, লাঞ্ছনা, তিরস্কার, নিন্দা।

লম্ভিত, (লভি=পাওয়া বা লম্ভ্=শব্দকরা+ক্ত)ণ, ত্রি, প্রাপিত, শব্দিত, নিযুক্ত, বঞ্চিত, তিরস্কৃত, নিন্দিত, উচ্চীকৃত, যোগাকৃত।

লয়, (লী=সংশ্লিষ্ট হওয়া+অল্-ম, কিম্বা লী—গমনকরা+অ—ভে) স্ব, পুং, যেখানে গীতাদি সমতা পায়, গীতবাদ্যাদির তাল বা সমান সময়, লীনহওয়া, মিশিয়া যাওয়া, প্রলয়, বিনাশ, গৃহ, আবাস, ক্রীড়া, ক্ষয় ও

লয়ন,(লী+অনট্—ভাব)স্ব,ন,শয়ন।

লয়পুত্রী, (লয়—গীতবাদ্যাদির তাল বা সমান সময়+পুত্রী—কন্যা) স্ব, স্ত্রী, নটী, নর্ত্তকী।

লয়ারম্ভ, লয়ালম্ভ, (লয়—সমান সময় আরম্ভ, আলম্ভ—যে গমন করে) স্ব, পুং, নট, নর্ত্তক।

ললজিহ্ব, (ললৎ—দোলায়মান, লেহনকারী+জিহ্বা ; ৬ হ) স্ব, পুং, উষ্ট্র, কুক্কুর। ণ, ত্রি, হিংস্র।

ললৎ, (লড়্—উৎকণ্ঠিত হওয়া+শতৃ—ম)ণ, ত্রি, লেহনকারী, কম্পমান, দোলায়মান, বিলাসযুক্ত।

ললন, (লল্ বা লড়্=কটাক্ষাদি ভঙ্গী প্রদর্শনকরা+অনট্—ভাব; ড—ল)স্ব ন,ক্রীড়া,কেলি,চালন,কম্পন।

ললনা, (লল্+অনট্, আপ) স্ব, স্ত্রী, পত্নী. স্ত্রী, কামিনী, দুশ্চরিত্রা স্ত্রী, জিহ্বা। [ছাগের বালা।

ললনাপ্রিয়, স্ব, পুং, কদম্ব। ন,

ললন্তিকা, (লল্+অন্ত+কণ, আপ) স্ব, স্ত্রী, নাভিলম্বিত হার, গোধা, গিরগিটি, গোসাপ।

ললাক, স্ব, পুং, মেহন, বিষ্ঠাদি ত্যাগ।

ললাট, (লল [লল্+অী—ইচ্ছা+অট্=গমনকরা+অল্) স্ব, ন, কপাল, ভাল [ন,প্রশস্ত ললাট,ললাট,ভাল।

ললাটক,(ললাট+কণ—প্রশস্তার্থে)স্ব,

ললাটন্তপ, (ললাট+তপ=উত্তপ্ত করা, দাহকরা+খ) স্ব, পুং, সূর্য্য। ণ, ত্রি, ললাটতাপকারী।

ললাটিকা, (ললাট+কণ, আপ) স্ব, স্ত্রী.ললাটের ভূষণবিশেষ।—টিকা,চন্দনাদি রচিত তিলক।

ললাম —পুং, ন, ললামন.—ন, (লল্.ক্রীড়্+অম্=গমনকরা+অল্, অন্) স্ব, ভূষণ, ললাটের ভূষণ, চিহ্ন, ঘোড়, ললাটস্থ চিহ্ন, শৃঙ্গ, পুচ্ছ,

গুণ্ড, শ্রেষ্ঠ, প্রধান, ধ্বজ, পুণ্ড্র, তিলক, প্রভাব, অশ্ব, অশ্বভূষণ, অশ্ব বা বৃষের ললাটস্থ রঞ্জিত চিহ্ন, নাম, শ্রেণী।
ললামক, (ললাম=ললাট বা চিহ্ন+কণ্—তুল্যার্থে) স্ব,ন, ললাটোপরি লম্বমান মাল্য, ললাম।
ললিত, (লল্=ইচ্ছাকরা ইত্যাদি, কিম্বা লড=বিলাসকরা+ক্ত) স্ব, ন, বিলাস, স্ত্রীজাতির শৃঙ্গার-ভাবজন্ত চেষ্টাবিশেষ, স্ত্রীনৃত্য, চলন, ক্রীড়া। পুং, রাগবিশেষ, আমোদ, ইচ্ছা। ণ,ত্রি, কোমল, সুন্দর, প্রিয়, ক্রীড়াশীল, চঞ্চল, অভিলষিত, বাঞ্ছিত। তা—স্ত্রী, গোপীবিশেষ, নদীবিশেষ, কস্তুরী, নারী, কুলটা।
ললিতাসপ্তমী, স্ব, স্ত্রী, ভাদ্র মাসের শুক্লা সপ্তমী।
লব, (লূ=ছেদনকরা+অল্—ভাব) স্ব, পুং, বিনাশ, রেণু, পুষ্পরেণু, গোপুচ্ছের লোম, কণা, চূর্ণ, ছেদন, লেশ, কিঞ্চিৎ মাত্র, সময়ের সূক্ষ্মাংশ, বিলাস, রামচন্দ্রের দ্বিতীয় পুত্র, পক্ষ, লবণ, বিভাজ্য রাশি, ভগ্নাংশের সমান অংশে বিভক্ত রাশির যে কয় অংশ লওয়া যায়। ন, জায়ফল, লবঙ্গ।
লবঙ্গ, (লূ+অঙ্গ)স্ব, পুং, বৃক্ষবিশেষ, উপপতি। ন, দেবপুষ্প, লঙ্গ।
লবণ, (লূ=ছেদনকরা+অনট্) স্ব, ন, ক্ষার দ্রব্যবিশেষ, নুণ; নুণ পাঁচ প্রকার, সৌবর্চ্চল, সৈন্ধব, বিট, ঔদ্ভিদ, সামুদ্র। (লূ+অন) পুং, ক্ষাররস, লবণসমুদ্র, ইহা জম্বুদ্বীপ বেষ্টন করিয়া আছে; কুম্ভীনসী রাক্ষসীর পুত্র, যাহাকে শত্রুঘ্ন বিনাশ করেন। ণ, ত্রি, ক্ষাররসযুক্ত, লোণা, লাবণ্যযুক্ত। ণা—স্ত্রী, নদীবিশেষ, উজ্জ্বলতা, দীপ্তি, মহা জ্যোতিষ্মতীলতা।
লবণত্রয়, স্ব, ন, সৈন্ধব বিড্ ও রুচক এই তিন লবণ।
লবণোত্তম, (লবণ+উত্তম=শ্রেষ্ঠ)স্ব,ন, সৈন্ধবলবণ, সিন্ধুদেশজাত খনিজ লবণ।
লবণোদ, (লবণ+উদক=জল; ৬,হ; উদক স্থানে উদ) স্ব, পুং, লবণসমুদ্র, লবণসাগর।
লবন, (লূ=ছেদনকরা+অনট্—ভাব) স্ব, ন, কর্ত্তন, ছেদন, কাটা।
লবলী, (লব=লেশ+লা=পাওয়া+ড, ঈপ্) স্ব, স্ত্রী, বৃক্ষবিশেষ, নোয়াড়গাছ।
লবাণক, (লূ=ছেদন করা+আণক) স্ব,পুং, ছেদন করিবার অস্ত্র, ছুরিকা, দাত্র প্রভৃতি। [ছিন্ন,ছেঁড়া।
লবি, (লূ=ছেদন করা+ই) ণ, ত্রি,
লবিত্র, (লূ=ছেদনকরা+ইত্র—ধ) স্ব, ন, কাটিবার অস্ত্রবিশেষ, দাত্র, দা।
লশুন, (অশ্=ভোজনকরা+উন; অ=ল) স্ব, পুং, রশুন, মূলবিশেষ।
লষিত, (লষ্=অভিলাষকরা+ক্ত—ঢ) ণ, ত্রি, অভিলষিত, প্রার্থিত, বাঞ্ছিত।
লষ, (লষ্=নৃত্যবিষয়ে পটুতা প্রদর্শন করা+ব)স্ব, পুং, নর্ত্তক, নৃত্যজীবী।
লসৎ, (লস্=ক্রীড়াকরা+শতৃ—ঘ) ণ, ত্রি, শোভমান, উল্লসমান, বিকাশমান, উজ্জ্বল, চেষ্টমান।
লসা, (লস্=ক্রীড়াকরা+অ, আ) স্ব, স্ত্রী, হরিদ্রা, হলুদ।
লসিকা, (রস্=আস্বাদন করা ইত্যাদি +ইক; র=ল) স্ব, স্ত্রী, লালা, মুখ হইতে যে ক্লেদ জল নির্গত হয়।
লসিত, (লস্+ক্ত) স্ব, ন, বিলাস, উল্লাস, স্ফূর্ত্তি, চেষ্টা। ণ, ত্রি, শোভিত, চেষ্টিত।
লসীকা, (লস+ঈক) স্ব, স্ত্রী, ইহা জলের ন্যায় এক প্রকার তরল পদার্থ বর্ণবিহীন ও সর্ব্বশরীরব্যাপী, দুষ্ট রক্ত শিরামার্গে হৃদয় মধ্যে প্রবেশ করিবার পূর্ব্বে এই পদার্থের সহিত

মিলিত হয়, ইক্ষুরস।

লঙ্কর, (ম্লেচ্ছভাষা) স্ত্র, সৈন্য, ফৌজ।

লগু, (লন্‌গ=আলিঙ্গন করা+ক্ত) ণ, ত্রি, আলিঙ্গিত, ক্রীড়িত, যাহাতে শিল্পনৈপুণ্য দেখান গিয়াছে।

লগুক, (লগু—আলিঙ্গিত+কণ্‌) স্ত্র, পুং, ধনুকের মধ্যভাগ।

লগুকী, (লগুক+ইন্‌—অস্ত্যর্থে) স্ত্র, পুং, ধনুক, শরাসন।

লহরি,—রী, স্ত্র, স্ত্রী, ঊর্ম্মি, তরঙ্গ, ঢেউ, ভঙ্গী, চুনাট। [জতু।

লা, লাহা, (লাক্ষাশব্দজ) স্ত্র, লাক্ষা,

লাউ, (অলাবুশব্দজ) স্ত্র, তুম্বী, অলাবু, কদুফল।

লাক, (লক্ষশব্দজ) ণ, শতসহস্র সংখ্যা, দশ অযুত, একশত হাজার।

লাক্ষকী, স্ত্র, স্ত্রী, মৈথিলী, সীতা, জানকী।

লাক্ষণিক, (লক্ষণ+ষ্ণিক—জ্ঞানার্থে) ণ, ত্রি, লক্ষণজ্ঞ, দৈবজ্ঞ, লক্ষণযুক্ত। (লক্ষণা+ষ্ণিক) লক্ষণা দ্বারা অর্থ-প্রতিপাদক।

লাক্ষণ্য, (লক্ষণ+ষ্ণ্য—জ্ঞানার্থে) ণ, ত্রি, লক্ষণজ্ঞ, লক্ষণযুক্ত।

লাক্ষা, (লক্ষ=চিহ্নকরা+অ, আপ্‌) স্ত্র, স্ত্রী, লোহিতবর্ণক, জৌ, লা, গালা।

লাক্ষারস, স্ত্র, পুং, অলক্তকরস, আল্‌তা।

লাক্ষিক, (লক্ষ বা লাক্ষা+ইক) ণ, ত্রি, লক্ষসংখ্যা পরিমিত, লাক্ষা-নির্ম্মিত।

লাখরাজ, (যাবনিক) স্ত্র, নিষ্করভূমি।

লাগন, (লগ্‌ধাতুজ) স্ত্র, সংযোগ হওয়া, ক্লেশন, বেদনা পাওয়া।

লাঘব, (লঘু+ষ্ণ—ভাবে) স্ত্র, ন, লঘুত্ব, ভাররাহিত্য, হাল্‌কা, অগৌ-রব, ক্লৈব্য, আরোগ্য, স্বাস্থ্য, শীঘ্রতা।

লাঙ্গল, (লন্‌গ=গমন করা+কল) স্ত্র, ন, ভূমিকর্ষণযন্ত্রবিশেষ, হল, লিঙ্গ, পুষ্পবিশেষ, তালবৃক্ষ, গৃহদারু।

লাঙ্গলগ্রহ, (লাঙ্গল+গ্রহ=যে গ্রহণ করে) স্ত্র, পুং, লাঙ্গলধারী, কৃষক।

লাঙ্গলদণ্ড, স্ত্র, পুং, লাঙ্গলের মধ্যস্থ কাষ্ঠ, লাঙ্গলের ঈশ।

লাঙ্গলপদ্ধতি, (লাঙ্গল+পদ্ধতি=রেখা) স্ত্র, স্ত্রী, লাঙ্গলের রেখা, সিরাল।

লাঙ্গলিক, (লাঙ্গল+ষ্ণিক; অথবা লাঙ্গলী—কতকগুলি বৃক্ষের মধ্যে একটা+ক) স্ত্র, পুং, বিষবিশেষ, লাঙ্গলধারী, লাঙ্গলা।—কা, স্ত্রী, বৃক্ষ-বিশেষ, বিষলাঙ্গলা গাছ।

লাঙ্গলী, (লাঙ্গল+ইন্‌—অস্ত্যর্থে) স্ত্র, পুং, বলরাম, সর্প, নারিকেল বৃক্ষ, বিষলাঙ্গলা গাছ।

লাঙ্গুল, লাঙ্গূল, (লন্‌গ+উল, ঊল) স্ত্র, ন, বালধি, পুচ্ছ, লেজ।

লাঙ্গূলী, (লাঙ্গূল+ইন্‌—অস্ত্যর্থে) স্ত্র, পুং, বানর। ণ, ত্রি, পুচ্ছবিশিষ্ট, লেজ-ওয়ালা।

লাজ, (লাজ=ভর্জনকরা+ঘঞ্‌) স্ত্র, পুং, বহুবচনান্ত। জা—স্ত্রী, শস্য, আতপতণ্ডুল, আর্দ্রতণ্ডুল, ভিজা-চাউল, ভৃষ্টধান্য, খৈ। ন, উশীর, বেণারমূল। (লজ্জা শব্দজ) স্ত্র, লজ্জা।

লাজুক, (লাজশব্দজ) ণ, লজ্জাশীল, লজ্জাযুক্ত, মুখচোরা।

লাঞ্ছন, (লান্‌ছ=চিহ্নকরা+অনট) স্ত্র, ন, চিহ্ন, ধ্বজ, কলঙ্ক, নাম, অঙ্কন।

লাঞ্ছিত, (লান্‌ছ+ক্ত—ত) ণ, ত্রি, চিহ্নিত, কলঙ্কিত, ধ্বজযুক্ত, নামযুক্ত।

লাট, (লট্‌—বলা ইত্যাদি+ঘঞ্‌) স্ত্র, পুং, দেশবিশেষ, দোষ, বৃথাবাক্য, বস্ত্র, জীর্ণবস্ত্রাদি, রসিক ব্যক্তি। ণ, ত্রি, ব্যবহৃত, পুরাতন, জীর্ণ, মলিন, বিশ্রী।

লাটানুপ্রাস, (লাট+অনুপ্রাস—তুল্য-বর্ণবিন্যাস) স্ত্র, পুং, শব্দালঙ্কার-বিশেষ, একার্থ একশব্দের পৌন-রুক্তি, এই অলঙ্কারে কেবল অন্বয় ব্যতিরেক দ্বারা তাৎপর্য্যার্থের বিভি-ন্নতা হইয়া থাকে, যথা;—"যস্য ন

সবিধে বরিতা ববহনস্তহিনদীধিতি-স্তম্ভ। যস্তু চ সবিধে বরিতা বব-বহনস্তহিনদীধিতিস্তম্ভ।"
লাটিম, (দেশজ) স্ত্র. স্বনামখ্যাত বর্ত্তুলাকার খেলিবার বস্তু। [দণ্ড, বাড়ি।
লাঠি, লাঠী, (লগুড় শব্দজ) স্ত্র. যষ্টি,
লাঠিয়াল, (দেশজ) ষ্য, যষ্টিযোদ্ধা, দস্যু। [স্থানান্তরকরণ, চঞ্চলকরণ।
লাড়ন, (ক্ষেপণার্থ লাড় ধাতুজ) ষ্য,
লাড়ু, (লড্ডুক শব্দজ) ষ্য, মিষ্ট-গোলাকার খাদ্যদ্রব্যবিশেষ।
লাথী, (দেশজ) ষ্য, পদাঘাত, পদ-প্রহার। [ভাষণ, কথন, বাক্য।
লাপ, (লপ্=বলা+ঘঞ্) ষ্য, পুং,
লাফ, (লম্ফশব্দজ) ষ্য, উৎপ্লব, লম্ফ।
লাফভিংরা, (দেশজ) ণ, অবাধ্য, দুর্দ্দান্ত, দুষ্ট। [দান, উৎপ্লবন।
লাফান, (লাফশব্দজ) ষ্য, লম্ফপ্র-
লাভ, (লভ্=পাওয়া+ঘঞ্—ভাব) ষ্য, পুং, প্রাপ্তি, পাওয়া, উপার্জ্জন, উপস্বত্ব।
লামজ্জক, (লা=যে গ্রহণ করে বা সরাইয়া দেয়+মজ্জা=সার+কণ্—যোগ) ষ্য, ন, বেণার মূল, উশীর, খস্খসিয়া।
লাম্পট্য, (লম্পট+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, লম্পটতা, কামুকতা, পরস্ত্রীপ্রবৃত্তি।
লাল, (লালাশব্দজ) ষ্য, থুথু, মুখামৃত
লালন, (লাড়ি=যত্নে পালনকরা+অনট্—ভাব; ড=ল) ষ্য, ন, স্নেহের সহিত পালন করা, অতিশয় যত্নের সহিত পালন।
লালপ্যমান, (লপ্=পুনঃ পুনঃ বলা +শান—চ) ণ, ত্রি, বার বার উল্লিখিত, যাহা পুনঃ পুনঃ কহা যায়।
লালস, (লালি=ইচ্ছাকরা+অস) ষ্য, ত্রি, ইচ্ছুক, লোলুপ, লোভী, কামুক। সা—স্ত্রী, (লস্+ঘঞ্+অ, আপ্) লিপ্সা, আশা, ঔৎসুক্য, স্পৃহা, চঞ্চলতা।
লালা, (লল্+ণিচ্+অ, আপ্) ষ্য, স্ত্রী, মুখজাত ক্লেদ জল, লাল।
লালাটিক, (ললাট+ষ্ণিক—সম্বন্ধার্থে) ণ, ত্রি, ললাটসম্বন্ধীয়, ভাগ্যাধক, ললাটভূষণ, কার্য্যাক্ষম, অলস, কুঁড়ে, ভাগ্যাপেক্ষী, অদৃষ্টসাপেক্ষ, দৈষ্টিক।
লালাবিষ, লালাস্রাব, (লালা=লাল+বিষ; লালা+স্রু=ক্ষরিত হওয়া+ঘঞ্) ষ্য, পুং, লূতা, মাকড়সা প্রভৃতি। [লুলাপ, মহিষ।
লালিক, (লালা+ষ্ণিক) ষ্য, পুং,
লালিত, (লল+ক্ত—চ) ণ, ত্রি, প্রতি-পালিত, পুষ্ট, বর্দ্ধিত।
লালিত্য, (ললিত=কোমল+ষ্ণ্য—ভাবে) ষ্য, ন, কমনীয়তা, সৌন্দর্য্য, কোমলতা, মধুরতা, সুরসতা।
লাব, (লাবি=ছেদনকরা, ভক্ষণকরা +ঘঞ্; কণ—যোগে লাবকও হয়) ষ্য, পুং,—স্ত্রী, পক্ষিবিশেষ। পুং, কর্ত্তন, ছেদন।
লাবণ, (লবণ+ষ্ণ—ইদমর্থে) ণ, ত্রি, লবণসংস্কৃত, লবণমিশ্রিত, লবণযুক্ত, লোণা, লবণসম্বন্ধীয়। স্ত্র. ন, নস্ত। ণ, নক—পুং, লঙ্কাদি দেশ।
লাবণিক, (লবণ+ষ্ণিক—ইদমর্থে) স্ত্র. পুং, লবণবিক্রেতা। ণ, ত্রি, লবণসংস্কৃত, লবণমিশ্রিত, লোণা, লবণসম্বন্ধীয়।
লাবণ্য, (লবণ+ষ্ণ্য) স্ত্র, ন, লবণত্ব, দীপ্তি, সৌন্দর্য্য, দেহকান্তি, চাকচিক্য।
লাবণ্যার্জ্জিত, (লাবণ্য=সৌন্দর্য্য+অর্জ্জিত=উপার্জিত, লব্ধ) স্ত্র, ন, বিবাহকালীন শ্বশুর ও শাশুড়ী প্রীত হইয়া বধূকে যে ধন দান করেন।
লাবিক, (লব=ছেদন+ষ্ণিক) স্ত্র, পুং, মহিষ, লুলাপ। [লাউ, তুম্বী, কদ্দু।
লাবু, লাবূ, (লূ=ছেদন করা+উ) স্ত্র, ন,
লাব্য, (লূ=ছেদন করা+ঘ্যণ্) ণ, ত্রি, ছেদনযোগ্য, কাটিবার উপযুক্ত।
লাস, (লস্=ক্রীড়াকরা+ঘঞ্) স্ত্র,

পুং, নৃত্য, স্ত্রীলোকের নৃত্য।

লাসক, (লস্+ণক) স্ব, পুং, নৃত্যকারী, নর্ত্তক, নট, ময়ূর, শিখী। ন, ঘরের মটকা।

লাসিকা, (লাসি=নৃত্যে পটুতা প্রদর্শন করা+ণক, আপ) স্ব, স্ত্রী, লাস্যকারিণী, নর্ত্তকী, নটী।

লাস্ফোটনী, (লসন=গমন+আস্ফোটন=ভেদন; নিপাতন) স্ব, স্ত্রী, বেধনী, সূচাদি বিঁধিবার যন্ত্র।

লাস্য, (লস্+ঘ্যণ) স্ব, ন, নৃত্য, নাচ, স্ত্রীলোকের নৃত্য, তৌর্য্যত্রিক। পুং, নর্ত্তক, নট। স্বা—স্ত্রী, নর্ত্তকী, নটী।

লাহা, (লাক্ষাশব্দজ) স্ব, লাক্ষা, জতু, জৌ।

লিকুচ, (লক্=আস্বাদনকরা+উচ; নিপাতন) স্ব, পুং, বৃক্ষবিশেষ, লকুচবৃক্ষ, ডেহুয়া গাছ, মান্দার গাছ।

লিক্ষা, লিক্ষা, (লক্ষ্=চিহ্নকরা+অল; অ=ই, নিপাতন; ক্ষ=ক্ষও হয়) স্ব, স্ত্রী, ক্ষুদ্র উকুণ, নিকি।

লিখন, (লিখ্=লেখা+অনট—ভাব) স্ব, ন, লেখন, অক্ষরবিন্যাস, চিত্রকরণ, লিপি, পত্র, চিঠি।

লিখিত, (লিখ্+ক্ত—চ) ণ, ত্রি, পত্রাদি, যাহা লেখা হইয়াছে, চিত্রিত, অঙ্কিত। স্ব, পুং, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ, শঙ্খনামক ধর্ম্মশাস্ত্রকার ও লিখিত, উভয়েই একমত, উভয়েই এক বচন প্রণয়ন করিয়াছেন। ন, লিখন, লেখ্যপত্রাদি, চিঠি। [মূর্খ, মৃগ, পৃথিবীর একদেশ।

লিগু, স্ব, পুং, অন্তঃকরণ, মন। পুং,

লিঙ্গ, (লিনগ্=গমনকরা+অল) স্ব, ন, চিহ্ন, হেতু, কারণ, শিশ্ন, উপস্থ, শিবের মূর্ত্তিবিশেষ, অনুমান, অনুমানসাধন, প্রকৃতি, সামর্থ্য, অর্থপ্রকাশক শক্তি।

লিঙ্গবৃত্তি, (লিঙ্গ=সন্ন্যাসী প্রভৃতির বেশধারণ+বৃত্তি=জীবিকা; ৬-ষ) স্ব, পুং, জীবিকার জন্য জটাদি-চিহ্নধারী, ধর্ম্মধ্বজী, কপটসন্ন্যাসী, পাষণ্ডী।

লিঙ্গালিকা, স্ব, স্ত্রী, ক্ষুদ্র মূষিক, নেংটিয়া ইঁদুর।

লিঙ্গী, (লিঙ্গ=চিহ্ন+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, জীবিকার্থ জটাদিধারী, লিঙ্গবৃত্তি, পাষণ্ডী। স্ব, পুং, হস্তী।

লিপি, লিপী, লিবি, লিবী, (লিপি=লেপনকরা+ই) স্ব, স্ত্রী, পঞ্চাশদ্বর্ণাত্মিকা মাতৃকা, লিখিত পত্রাদি, লেখন, অক্ষরবিন্যাস, চিত্রকরণ, চিঠি, পত্র।

লিপিকর, লিবিকর, (লিপি+কর=যে করে, ২-ষ) স্ব, পুং, লেখক, চিত্রকর।

লিপিবদ্ধ, (লিপি+বদ্ধ, ৩-য) ণ, ত্রি, অক্ষরদ্বারা বিন্যস্ত, লিখিত, লেখা।

লিপ্ত, (লিপ্=লেপনকরা+ক্ত—ত) ণ, ত্রি, চর্চ্চিত, চন্দনাদি অক্ষিত, বিষাক্ত, মিলিত। স্ব, পুং, সূক্ষ্মকালাংশবিশেষ।

লিপ্তক, (লিপ্ত=বিষাক্ত+কণ—কুৎসিতার্থে) স্ব, পুং, বিষাক্ত বাণ।

লিপ্তপাদ, ণ, ত্রি, যে সকল জীবের অঙ্গুলি চর্ম্ম দ্বারা লিপ্ত, হংসাদি।

লিপ্সা, (লভ্=পাওয়া+সন্—ইচ্ছার্থে +অ—ভাব, আপ; লভ্=লিপ) স্ব, স্ত্রী, লাভেচ্ছা, স্পৃহা, বাঞ্ছা, কামনা, বাসনা, লোভ।

লিপ্সু, (লভ+সন+উ—ষ) ণ, ত্রি, লাভেচ্ছু, গৃধ্নু, লোভী, কামী।

লিম্পট, (লিপ=প্রলেপ দ্বারা লেপন করা+অট) স্ব, পুং, লম্পট, কামুক।

লিম্পাক, (লিপ্=লেপনকরা+আক, স্ব, পুং, লেবু গাছ, গর্দ্দভ।

লিষ, (লষ=নৃত্যবিষয়ে পটুত্ব প্রদর্শন করা+ব; অ=ই) স্ব, পুং, নট, নর্ত্তক, নৃত্যব্যবসায়ী, নৃত্যকারী।

লীক্ষা, লীক্ষা, (লক্ষ্=চিহ্নকরা+অল;

অ=ঈ, নিপাতন ; ক=ক্ত ও হয়) স্থ, স্ত্রী, লিক্ষা, লিকি।

লীঢ়, (লিহ=আস্বাদনকরা+ক্ত—চ) ণ, ত্রি, লেহনকরা, চাটা, ভক্ষিত, আস্বাদিত, স্পৃষ্ট।

লীন, (লী=লীন হওয়া+ক্ত : ত=ন) ণ, ত্রি, নিমজ্জিত, লয়প্রাপ্ত, মিলিত, মগ্ন, সংসক্ত।

লীলা, (লী=ক্ষিপ+ড, আপ্) স্থ, স্ত্রী, ভঙ্গী, বিলাস, শোভা, ক্রীড়া, কেলি, শৃঙ্গার ভাবজাত চেষ্টাবিশেষ, অঙ্গবেশ, অলঙ্কার ও প্রীতি বাক্যাদি দ্বারা প্রিয়তমের অনুকরণ।

লীলাখেল, ণ, ত্রি, বিলাসসুভগ, ক্রীড়াশীল।

লীলাবতী, (লীলা+বতু—অস্ত্যর্থে, ঈপ) স্থ, স্ত্রী, বিলাসবতী স্ত্রী, ভাস্করাচার্য্যের কন্যা, ঐ আচার্য্যকৃত অঙ্ক গ্রন্থবিশেষ, ন্যায়শাস্ত্রের গ্রন্থবিশেষ।

লীলাসম্বরণ, (লীলা+সম্+বৃ+অন) স্থ, ন, কেলিনিবৃত্তি, উপরতি।

লুই, (লোমন্ শব্দজ) স্থ, পশুলোম নির্ম্মিত শীত বস্ত্রবিশেষ।

লুকন, (লুক্কায়ন্ শব্দজ) স্থ, প্রচ্ছন্ন ভাবে থাকন, লুকাইয়া থাকা।

লুক্কায়িত, (লুক+কায়+ক্ত—চ) ণ, ত্রি, গুপ্ত, অন্তর্হিত, অদৃষ্ট, প্রচ্ছন্ন।

লুগুষ, স্থ, পুং, ঢোলক, টবালেবু।

লুচি, (দেশজ) স্থ, ঘৃতপক্ব গোধূমচূর্ণের পিষ্টকবিশেষ।

লুঞ্চিত, (লুন্চ্=ছিঁড়িয়া ফেলা, ত্যাগ করা, দূরীকরণ করা+ক্ত—চ) ণ, ত্রি, ছিন্ন, ছিঁড়িয়া ফেলা, পরিত্যক্ত, দূরীকৃত, নম, ভিন্ন।

লুট, (চৌর্য্যার্থ লুট ধাতুজ) স্থ, বলপূর্ব্বক অপহরণ করা বা কাড়িয়া লওয়া।

লুটন, (লুট্=গড়াগড়ি দেওয়া+অনট ভাব) স্থ, ন, ভূমিতে লোটা, গড়াগড়ি দেওয়া, লুটপাটি খাওয়া।

লুটিত, লুণ্ঠিত, (লুঠ্, লুণ্ঠ্=গড়াগড়ি দেওয়া+ক্ত—ম) ণ, ত্রি, ভূমিতে, ঘূর্ণিত, গড়াগড়ি দেওয়া, পৃথিবীতে পরিলুষ্ঠ।

লুণ্টক, (লুন্ট্+গড়াগড়ি দেওয়া ইত্যাদি+ণক) স্থ, পুং, শাকবিশেষ, নটিয়া শাক।

লুণ্টাক, (লুন্ট্=লুটিয়া লওয়া, হরণকরা+ষাক) স্থ, পুং,—স্ত্রী, চৌর, তস্কর, চোর।

লুণ্ঠক, (লুন্ঠ্=চোরি করা, লুটিয়া লওয়া+ণক—ম) ণ, ত্রি, অপহারক, স্তেয়কারক, লুঠকারী, ডাকাইত, দস্যু, চোর।

লুণ্ঠন, (লুণ্ঠ+অনট—ভাব) স্থ, ন, অপহরণ, লুঠ। (লুন্ঠ্=গড়াগড়ি দেওয়া+অনট—ভাব) ভূমিতে লোটা, লুঠন।

লুণ্ঠাক, (লুন্ঠ=গড়াগড়ি দেওয়া+ণক) স্থ, পুং, বায়স, কাক, বলিভুক।

লুণ্ঠিত, (লুন্ঠ=চোরি করা, গড়াগড়ি দেওয়া+ক্ত) ণ, ত্রি, অপহৃত, লুঠিত, বলাৎগৃহীত।

লুণ্ঠী, (লুণ্ঠ=গড়াগড়ি দেওয়া+অ, ঈপ) স্থ, স্ত্রী, লুঠন, গড়াগড়ি দেওয়া।

লুণ্ডিকা, লুণ্ডী, স্থ, স্ত্রী, একত্র বেষ্টিত সূত্রাদি, লুডী, লুটি।

লুপ, (লুপ্=লোপ পাওয়া+কিপ্) স্থ, পুং, লোপ, অভাব, নাশ, তিরোভাব।

লুপ্ত, (লুপ্+ক্ত—চ) ণ, ত্রি, অন্তর্হিত, নষ্ট, লোপপ্রাপ্ত, তিরোভূত, ছিন্ন, আচ্ছিন্ন, অপহৃত। ন, অপহৃত ধন, চুরিকরা বস্তু, লোপ্ত্র।

লুব্ধন, (দেশজ) স্থ, উৎক্ষিপ্ত বস্তু হস্ত দ্বারা ধারণ।

লুব্ধ,—ত্রি, লুব্ধক,—পুং, (লুভ্=লোভাকাঙ্ক্ষী হওয়া+ক্ত—ম) ণ, লোভী,

কামুক। স্ত্র,ব্যাধ,মৃগয়াধন,"ম্ভূছপিকৃষ্ণমুকচর্ম্মবসনৈনীতাঃ ক্ষয়ং লুব্ধকৈঃ" উং। লম্পট,নক্ষত্রবিশেষ।

লুলাপ, (লুল=বিলোড়ন+আপ্=পাওয়া+অল্) স্ত্র, পুং, যে পঙ্কের বিলোড়নকে পায়, কাসর, মহিষ।

লুলিত, (লুল্=পীড়নকরা+ক্ত) ণ, ঘ্ন, বিচলিত, আন্দোলিত, কম্পিত, দোলিত, মর্দ্দিত, রম্য।

লূষভ, (রুষ=ক্রুদ্ধ হওয়া+অভ ; রুষ=লুষ)স্ত্র,পুং,মত্তহস্তী, মদস্রাবী গজ।

লূতা, লূতিকা, (লূ=ছেদনকরা+তক্, আপ ; লূতা+কণ, আপ) স্ত্র, স্ত্রী, মাকড়সা, পিপীলিকা।

লূতাতন্তু, য্য, পুং, মাকড়সার জাল।

লূন, (লূ=ছেদনকরা+ক্ত—চ ; ত=ন) ণ, ত্রি, কর্ত্তিত, ছিন্ন, ত্রুটিত।

লূনক, (লূন=কর্ত্তিত+কণ্—যোগ) স্ত্র, পুং, পশু, চতুষ্পদ জন্তু। ণ, ত্রি, ছেদিত, ত্রুটিত, কর্ত্তিত, ভিন্ন।

লূনি, (লূ+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, ছেদ, কর্ত্তন,কাটা। [পুচ্ছ, লেজ।

লূম, (লূ+মক্) স্ত্র, পুং, লাঙ্গূল,

লূমবিষ, (লূম=লাঙ্গূল+বিষ ; ৬-হ) স্ত্র, পুং, যে সকল জীবের লাঙ্গূলে বিষ আছে, বৃশ্চিক প্রভৃতি।

লেউ, (দেশি) স্ত্র, নও, কাই, বাড়।

লেখ, (লিখ্=লেখা+ঘঞ—ভে, চ) স্ত্র, পুং, লিপি, পত্র, চিঠি, লিখন, দেবতা। ণ, ত্রি,লেখনীয়। খা—স্ত্রী, চিহ্ন, রেখা, লিখন, চিত্রকরণ,লিপি, শ্রেণী, স্থলী, কলা।

লেখক, (লিখ্+ণক—ম) স্ত্র, পুং, লিপিকর, চিত্রকারক, পটুয়া।

লেখন, (লিখ্+অনট—ভাব, ধ)স্ত্র, ন,লিখন, লেখা, অক্ষরবিন্যাস, চিত্রকরণ, অঙ্কন, ভূর্জ্জত্বক্, জিভ আঁচড়ান। নী—স্ত্রী, কলম, তুলি।

লেখনিক, (লেখন+ষ্ণিক) স্ত্র, পুং, পত্রবাহক, লেখহারক, যে স্বহস্তে লেখে, যে পরহস্তে লেখাইয়া স্বয়ং কোন চিহ্ন দ্বারা তাহাতে স্বাক্ষর করে। ণ, ত্রি, লিপিকর, চিত্রকর।

লেখনীয়, (লিখ+অনীয়—চ) ণ, ত্রি, লিখিতব্য, লিখনযোগ্য, লিখিবার উপযুক্ত।

লেখর্ষভ, (লেখ=দেবতা+ঋষভ=শ্রেষ্ঠ, ৭-ষ)স্ত্র,পুং,ইন্দ্র,দেবরাজ,শক্র।

লেখহার, লেখহারক, (লেখ=পত্র+হৃ=হরণ করা, লইয়া যাওয়া+অ, অক) য্য, পুং, পত্রবাহক।

লেখিত, (লেখি=লেখান+ক্ত—চ ণ,ত্রি, যাহা লেখান হইয়াছে,লিপিবদ্ধ করান, চিত্রিত, অঙ্কিত।

লেখ্য, (লিখ্+ঘ্যণ—চ) য্য, ন, অক্ষর, লিখিত, পত্রাদি বা চিত্রাদি, পট, দলিল দস্তাবেজ। ণ,ত্রি, লেখনীয়, লিখন-যোগ্য।

লেখ্যচূর্ণিকা, (লেখ্য=লিখিত চিত্রাদি +চূর্ণ্=পেষণকরা, গুঁড়াকরা+অক) স্ত্র, স্ত্রী, তূলিকা, তূলি।

লেখ্যপত্র, (লেখ্য+পত্র=পাতা) স্ত্র, ন, লিখিত, পত্রাদি লিখিবার উপযুক্ত তাল পত্রাদি, দলিল দস্তাবেজ।

লেখ্যস্থান, (লেখ্য=লেখন বা লেখনীয়+স্থান)স্ত্র,ন,আফিস,দপ্তরখানা

লেজ,(লাঙ্গূল শব্দজ)স্ত্র,লাঙ্গূল, পুচ্ছ

লেঠা, (দেশজ) স্ত্র, উৎপাত, শঙ্কট গোলযোগ, ঝঞ্ঝাট, মুস্কিল।

লেণ্ড, স্ত্র, ন, বিষ্ঠা, ঝাড়।

লেপ, (লিপ্=লেপন করা+ঘঞ—ভাব, ধ) স্ত্র, পুং, লেপন, লেপা প্রলেপ, লেপন সামগ্রী, ভক্ষ্যদ্রব্য বিলেপন, চূর্ণ, চূণ, ভোজন।

লেপক, লেপী,(লিপ্+ণক, ইন্—ম ণ, ত্রি, লেপকর্ত্তা, লেপনকারক স্ত্র,পুং,জাতিবিশেষ,রাজমিস্ত্রী,স্থপতি

লেপন, (লিপ্+অনট—ভাব, ধ)স্ত্র

ন, বিলেপন, লেপা, ম্রক্ষণ, ম্রক্ষণসাধন বস্তু, মাখিবার দ্রব্য।

লেপ্য, (লিপ+ষ্যণ—ট) ণ, ত্রি, লেপনযোগ্য।

লেপ্যময়ী, (লেপ্য=লেপন+ময়ট) স্ত্র, স্ত্রী, কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলিকা, কাষ্ঠাদিতে নির্ম্মিত হইয়া যাহা লেপিত হয়, কাঠের পুতুল প্রভৃতি, বিগ্রহ।

লেপ্যস্ত্রী, (লেপ্য=লেপন+স্ত্রী=স্ত্রীলোক) স্ত্র, স্ত্রী, যে স্ত্রীর গাত্র সুগন্ধি দ্রব্য দ্বারা সুবাসিত।

লেফাফা, (যবনভাষা) স্ত্র, পত্রাদির আবরক কাগজবিশেষ, মোড়ক, খাম।

লেয়, (লী=গমনকরা+ণ্যৎ) স্ত্র, পুং, সিংহরাশি।

লেলিহান, (লিহ্+যঙ্=পুনঃপুনঃ আস্বাদনকরা+শাণ—ষ) স্ত্র, পুং, শিব, সর্প। ণ, ত্রি, বারম্বার, লেহনকারী। না—স্ত্রী, অঙ্গুল্যাদি মুদ্রাবিশেষ।

লেশ, (লিশ্=অল্পহওয়া+ঘঞ) স্ত্র, পুং, কণা, বিন্দু, অল্প, কিঞ্চিৎ, শ্লেষ।

লেষ্টু, (লিশ্+তু) স্ত্র, পুং, লোষ্ট্র, ঢিল, ঢেলা।

লেষ্টুঘ্ন, লেষ্টুভেদন, (লেষ্টু=লোষ্ট্র+ঘ্ন=নাশকারক, ভেদন, ভঙ্গকারক) স্ত্র, পুং, লোষ্ট্র-ভঙ্গসাধন মুদ্গর, ডেলা ভাঙ্গা মুগুর, মই।

লেসিক, স্ত্র, পুং, হস্ত্যারোহী।

লেহ, (লিহ্=আস্বাদনকরা+ঘঞ—ভাব, ট) স্ত্র, পুং, লেহন, আস্বাদন, চাটা, ভক্ষণ। ণ, ত্রি, আস্বাদ্য, ভক্ষ্য, খাদ্য।

লেহন, (লিহ্+অনট—ভাব) স্ত্র, ন, জিহ্বাদ্বারা রসগ্রহণ, আস্বাদন, চাটন, ভক্ষণ।

লেহী, (লিহ+ইন্—ষ) ণ, ত্রি, লেহনকারী, আস্বাদনকারী। [সোহাগা।

লেহিন্, (লিহ্+ইন্) স্ত্র, পুং, টঙ্কণ,

লেহ্য, (লিহ্+ঘ্যণ—ট) ণ, ত্রি, জিহ্বা দ্বারা আস্বাদ্য, লেহনীয়। স্ত্র, ন, অমৃত।

লৈঙ্গ, (লিঙ্গ+ষ্ণ—ইদমর্থে) স্ত্র, ন, লিঙ্গপুরাণ। ণ, ত্রি, লিঙ্গসম্পর্কীয়।

লোক, (লোক্=দেখা+ঘঞ—ট, ভাব) স্ত্র, পুং, মনুষ্য, ভুবন, জগৎ, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল—ভূঃ, ভুবঃ, স্ব, মহঃ, জনঃ, তপঃ, সত্য, দৃষ্টি, সমূহ।

লোকচক্ষুঃ, লোকলোচন, (লোক=জগৎ+চক্ষুস্, লোচন=নেত্র) স্ত্র, পুং, দিবাকর, সূর্য্য।

লোকজিৎ, (লোক=জগৎ+জিৎ=জয় করে) স্ত্র, পুং, বুদ্ধদেব।

লোকন, (লোক্=দেখা+অনট—ভাব) স্ত্র, ন, অবলোকন, দর্শন, দেখা, দৃষ্টি করা।

লোকনাথ, (লোক=জগৎ+নাথ=প্রভু) স্ত্র, পুং, ব্রহ্মা, বিষ্ণু, শিব, রাজা।

লোকপাল, (লোক+পাল=যে পালন করে, ২-য) স্ত্র, পুং, নৃপ, রাজা, অষ্টদিক্পাল, ইন্দ্র, অগ্নি, যম, বরুণ, নৈর্ঋত, বায়ু, কুবের, শিব।

লোকপ্রবাদ, লোকবাদ, (লোক+প্রবাদ=সম্বাদ,+বাদ=কথন) স্ত্র, পুং, কিংবদন্তী, জনশ্রুতি, যাহা সচরাচর লোকে বলিয়া থাকে।

লোকবান্ধব, (লোক=জগৎ+বান্ধব=বন্ধু) স্ত্র, পুং, সূর্য্য, দিবাকর।

লোকমাতা, (লোক=জগৎ+মাতৃ=মা) স্ত্র, স্ত্রী, লক্ষ্মী, কমলা।

লোকযাত্রা, (লোক=ভুবন+যাত্রা=গমন, ৬-ষ) স্ত্র, স্ত্রী, সংসারযাত্রা, জীবন।

লোকযাত্রাবিধান, স্ত্র, নীতিশাস্ত্রবিশেষ, যদ্দ্বারা সংসারযাত্রা নির্ব্বাহের উপায় শিক্ষা হয়।

লোকরঞ্জন, (লোক+রঞ্জন=প্রীতিসম্পাদন) স্ত্র, ন, লোকের প্রীতি সম্পাদন, লোককে সন্তুষ্ট করা।

লোকবাহ্য, (লোক=মনুষ্য+বাহ্য=

বহির্ভূত)ণ, ত্রি, আচারভ্রষ্ট, লোক-বহির্ভূত, সমাজচ্যুত, লোকবর্হনীয়।
লোকস্থিতি, স্ত্র, স্ত্রী, জনসমাজ, লোক-মর্য্যাদা।
লোকান্তর, (লোক+অন্তর=অন্য)স্ত্র, ন, পরলোক, অন্যলোক, স্বর্গ।
লোকান্তরিত, (লোকান্তর+ইত=গত) ণ, ত্রি, পরলোকগত, মৃত।
লোকায়ত, (লোক=ভুবন+আ+যৎ=যত্নকরা+অচ্; অথবা লোক+আয়ত=বিস্তীর্ণ, ৭-স) স্ত্র, ন, নাস্তিকদর্শন শাস্ত্র, চার্ব্বাক মত, নাস্তিকতা।
লোকায়তিক, (লোকায়ত+ষ্ণিক)ণ, ত্রি, চার্ব্বাকমতাবলম্বী, নাস্তিক।
লোকারণ্য, (লোক+অরণ্য=বন, ৬-ষ) স্ত্র, ন, লোকসমূহ, জনতা, ভিড়।
লোকালোক, (লোক+আলোক) স্ত্র, পুং, ব্রহ্মাণ্ড-বেষ্টন পর্ব্বতবিশেষ, সূর্য্য কিরণ থাকাতে ইহার একদিকে আলোক ও তদভাবে অন্যদিকে অন্ধকার। (৬-ষ) স্ত্র, পুং, ব্রহ্মা, রাজা।
লোকেশ, (লোক=ভুবন+ঈশ=ঈশ্বর,
লোকোত্তর, (লোক+উত্তর) ণ, ত্রি, অলৌকিক, লোকাতীত, অসামান্য, অসাধারণ। [ন, অশ্রু, রোদন বারি।
লোচ, (লোচ্=দীপ্তিপাওয়া+অচ্)স্ত্র,
লোচক, (লোচ্+ণক)স্ত্র, পুং, নয়নগোলক, চক্ষুর তারা, কজ্জল, মাংসপিণ্ড, ভ্রূভঙ্গ, স্ত্রীলোকের ললাটভূষণ, নির্ম্মোক, নীলবস্ত্র, নির্ব্বুদ্ধিতা, কর্ণভূষণ, ধনুর্জ্যা, কদলী, ভ্রূলগ্নচর্ম্ম, নির্ম্মোক, খোলোশ।
লোচন, (লোচ্=দর্শনকরা+অনট—থ, ভাব) স্ত্র, ন, অক্ষি, চক্ষুঃ, নয়ন, দৃষ্টি, দর্শন, আলোচনা।
লোচিকা, স্ত্র, স্ত্রী, লুচি, পুরী।
লোচ্চা, (দেশজ) স্ত্র, লম্পট, কামুক, পরস্ত্রীপরায়ণ, বেশ্যাসক্ত। [শিলা।
লোড়া, (দেশজ)স্ত্র, শিলাপুত্র, পেষণ-

লোণা, (সংস্কৃতশব্দজ) ণ, লবণাক্ত ক-
লোত, লোত্র, (লূ=ছেদন করা+ক্ত, ত্র) স্ত্র, ন, লোপ্তু, স্তেয়ধন, অপহৃত বস্তু, চোরাই জিনিষ, লুঠ। পুং,—ন, অশ্রু, নেত্রজল, চিহ্ন।
লোধ, লোধ্র, (রুধ্=আবরণ করা+অল্, রণ; র=ল) স্ত্র, পুং, শ্বেতবর্ণ বৃক্ষবিশেষ, লোধগাছ।
লোপ, (লুপ্+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, অপচয়, ভ্রংশ, নাশ, অভাব, তিরোভাব, অন্তর্দ্ধান, অদর্শন, গুপ্তি।
লোপা, লোপামুদ্রা, (লোপ+অমুদ্রা [অ+মুদ্=হর্ষ+রা=দান বা গ্রহণ-করা+অ, আপ্] স্ত্র, স্ত্রী, নিরানন্দা, অগস্ত্য-পত্নী, যিনি পতি শুশ্রুষার লোপে অমুদ্রা, অর্থাৎ পতির সেবা না করেলে যাঁহার আনন্দ জন্মে না।
লোপাক, লোপাপক, লোপাশক, (লুপ্=ছেদন করা+আক; লোপ=নষ্ট মাংস বা খাদ্য+আপ্=পাওয়া+ণক; লোপ+অশ্=ভক্ষণ করা+ণক) স্ত্র, পুং, শৃগাল।—পিকা, শিকা—স্ত্রী, শৃগালী, খেঁকশিয়ালী।
লোপ্তু, (লুপ্=লোপকরা+ত্র) স্ত্র, ন, প্তী—স্ত্রী, অপহৃত দ্রব্য, স্তেয়-ধন, চোরা বস্তু।
লোভ, (লুভ্=লাভাকাঙ্ক্ষী হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, লিপ্সা, আকাঙ্ক্ষা, পরদ্রব্যগ্রহণে অভিলাষ।
লোভা, (দেশজ)ণ, লোলুপ, ইচ্ছুক।
লোভনীয়, (লুভ্+অনীয়—ট)ণ, ত্রি, লোভজনক, স্পৃহনীয়, কাম্য।
লোভী, (লোভ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, লোলুপ, লুব্ধ, লোভবিশিষ্ট।
লোভ্যমান, (লুভ্+শানচ—ট; য, ম—আগম) ণ, ত্রি, আকৃষ্যমাণ, যে লুব্ধ হয়, বা যাহাকে লুব্ধ করিতে পারা যায়।
লোম, (লূ=ছেদনকরা+মন্) স্ত্র, পুং,

শরীরজাত কেশ, রোঁয়া। ন, পুচ্ছ, লাঙ্গুল, লেজ।
লোমকর্ণ, (লোমন্=লোমবহুল+কর্ণ, ৬-হ) স্ত্য, পুং, শল্লকী, শজারু।
লোমঘ্ন, (লোমন্=কেশ+ঘ্ন=নাশক) স্ত্য, ন, ইন্দ্রলুপ্তক, টাক। ণ, ত্রি, লোমনাশক।
লোমজ,(লোমন্=লোম+জ=উৎপন্ন)ণ, ত্রি,পশমি কাপড় প্রভৃতি। [বিশেষ।
লোমপাদ, স্ত্য, পুং, অঙ্গদেশীয় রাজা-
লোমবিষ, (লোমন্=লোম+বিষ) স্ত্য, পুং, যে জন্তুর লোম বিষাক্ত,বিড়াল ব্যাঘ্র প্রভৃতি।
লোমশ, (লোমন্+শ—অস্ত্যর্থে) ণ, ত্রি, লোমবিশিষ্ট। স্ত্য, পুং, মুনি-বিশেষ, মেষ।
লোমশমার্জ্জার, (লোমশ=অতিশয় লোমযুক্ত+মার্জ্জার=বিড়াল)স্ত্য,পুং, গন্ধবিড়াল, গন্ধগোকুলা।
লোমহর্ষণ,—ন, (লোম+হর্ষণ=হৃষ্ট-হওয়া, ৬-ষ)স্ত্য, পুং, রোমাঞ্চ। পুং, পুরাণবক্তা মুনিবিশেষ, সূত। ণ, ত্রি, রোমাঞ্চকারক।
লোমহৃৎ, (লোম+হৃৎ=হরণকারী) স্ত্য, পুং, হরিতাল।
লোমাঞ্চ, (লোমন+অঞ্চ্=উদ্গত হওয়া+অ—ভাব) স্ত্য, পুং, লোম-হর্ষণ, রোমোদ্গমন,লোম শিহরণ।
লোমালিকা, (লোমন্=লোম+আলী =শ্রেণী+কণ—যোগ) স্ত্য, স্ত্রী, জম্বুকী, শৃগালী, খেঁকশিয়ালী।
লোল, (লোড্=উন্মত্তহওয়া+অল) ণ, ত্রি, চঞ্চল, চালিত। ইচ্ছুক, অভিলাষী। লা—স্ত্রী,জিহ্বা, লক্ষ্মী।
লোলায়মান, (লোল+আয়, শান—ষ; ম—আগম) ণ, ত্রি, দোলায়-মান, দোদুল্যমান, আন্দোলিত।
লোলিত, (লুল্+ণিচ্+ক্ত) ণ, ত্রি, চালিত, চঞ্চল, কম্পমান, বেপমান, আলগা, শ্লথ, ঝোলা।
লোলুপ, লোলুভ, (লুভ+যঙ+অপ্) স্ত্য, পুং, অভিলাষী, অতিলোভী, আসক্ত।
লোষ্ট, লোষ্ট্র—পুং, ন, লোষ্টু—পুং, (লোষ্ট্=রাশিকরা+ঘঞ—র, উ) স্ত্য, মৃৎখণ্ড, ডেলা, ঢিল, পাটখেল। ন, লৌহমল, মরিচা।
লোহ, (লূ=ছেদনকরা+বিচ্+ড) স্ত্য, পুং—ন, লৌহ, লোহা, ধাতু, অস্ত্র-বিশেষ, রুধির, রক্ত। ন, অগুরু চন্দন, কৃষ্ণচন্দন। [গাছ।
লোহকণ্টক, স্ত্য,পুং,মদনবৃক্ষ, ময়না
লোহকান্ত, (লোহ=লোহা+কান্ত =প্রিয়, আকর্ষক) স্ত্য, ন, অয়স্কান্ত মণি, চুম্বক পাথর।
লোহকার, (লোহ+কার=যে করে, ২-ষ) স্ত্য, পুং, কর্ম্মকার, কামার।
লোহকিট্ট, লোহচূর্ণ, (লোহ=লোহা +কিট্ট=কাইট বা মল+চূর্ণ=গুঁড়া) স্ত্য, ন, লৌহমল, লোহার মরিচা।
লোহজ, (লোহ=লোহা+জ=উৎ-পন্ন) স্ত্য, ন, কাংস্য, কাঁসা।
লোহজিৎ, (লোহ=লৌহ+জিৎ= যে জয় করে) স্ত্য, পুং, হীরক, লৌহাস্ত্র দ্বারা হীরক কর্ত্তন করা দুঃসাধ্য।
লোহজীবী, স্ত্য,পুং, টঙ্কণ, সোহাগা।
লোহদ্রাবী, লোহশ্লেষণ, (লোহ= ধাতু+দ্রাবিন্=যে দ্রব করে; লোহ শ্লিষ্=সংযুক্ত হওয়া,দগ্ধকরা ইত্যাদি +অনট) স্ত্য, পুং, টঙ্কণ, সোহাগা।
লোহনাল, (লোহ=লোহা+নাল) স্ত্য, পুং, লৌহময় বাণ, নারাচ।
লোহপৃষ্ঠ, (লোহ=লৌহবৎ কঠিন+ পৃষ্ঠ=পিঠ; ৬-হ)স্ত্য, পুং, পক্ষিবিশেষ, কঙ্কপক্ষী, কাঁকপাখী।
লোহময়, (লোহ+ময়ট—বিকারার্থে) ণ,ত্রি,লৌহনির্ম্মিত,লৌহদ্বারা প্রস্তুত।

লোহমারক, স্ত্র, পুং, শালিঞ্চা শাক।
লোহরাজক, স্ত্র,পুং, রৌপ্য, রূপা।
লোহল,(লোহ—লোহা+লা—পাওয়া ড) ণ, ত্রি, যে ব্যক্তির কথা স্পষ্ট বুঝা যায় না,অস্ফুটভাষী,অব্যক্তবাক্।
লোহবর, (লোহ—ধাতু+বর—শ্রেষ্ঠ) স্ত্র, ন, স্বর্ণ, সোণা, সুবর্ণ।
লোহশ্লেষণ, (লোহ+শ্লিষ—বিশ্লিষ্ট করা+ণক—ষ) স্ত্র, পুং, টঙ্কণ, সোহাগা।
লোহাভিসার, লোহাভিহার, (লোহ শস্ত্র+অভি—চতুর্দ্দিকে+সৃ = গমন করা,+হৃ—লওয়া+ড) স্ত্র, পুং, যুদ্ধগমন করিবার পূর্ব্বে শস্ত্রধারী রাজগণকে দীপাদি দান দ্বারা অভ্যর্থনা করা, অস্ত্রশস্ত্র মার্জ্জনা করা।
লোহামিষ, স্ত্র, ন, ছাগ মাংস।
লোহিকা, (লোহ—লোহা+কণ) স্ত্র, স্ত্রী, কটাহ প্রভৃতি লৌহপাত্র।
লোহি, স্ত্র, ন, শ্বেত টঙ্কণ।
লোহিত,(রুহ্—উৎপন্ন হওয়া+ইত; র—ল) ণ, ত্রি, রক্তবর্ণযুক্ত। স্ত্র, পুং, রক্তবর্ণ, রাঙা, রং, বর্ণ, রোহিত মৎস্য, রুইমাছ, মৃগবিশেষ, সর্প, মঙ্গলগ্রহ। ন, শোণিত, রুধির, কুঙ্কুম, রক্তচন্দন, সংগ্রাম, যুদ্ধ।
লোহিতক, (লোহিত+কণ—যোগ) স্ত্র, পুং, পদ্মরাগমণি, মঙ্গলগ্রহ। ন, পিত্তল, পিতল।
লোহিতচন্দন, (লোহিত—রক্তবর্ণ+চন্দন) স্ত্র, ন, রক্তচন্দন, কুঙ্কুম।
লোহিতাক্ষ,(লোহিত—রক্তবর্ণ+অক্ষি—চক্ষুঃ; ৬.হ) স্ত্র, পুং, বিষ্ণু, কোকিল। ণ, ত্রি, যাহার রক্তবর্ণ চক্ষুঃ। [৬.হ) স্ত্র, পুং, মঙ্গলগ্রহ।
লোহিতাঙ্গ, (লোহিত—রক্তবর্ণ+অঙ্গ;
লোহিতায়স্, লোহিতায়স, (লোহিত—রক্তবর্ণ+অয়স্—লৌহ; লোহিত+অয়স্+অ) স্ত্র, ন, তাম্র, তাঁবা।
লোহিনী, (লোহিত—রক্তবর্ণ+ঈপ্; ত—ন) স্ত্র, স্ত্রী, রক্তাঙ্গী কামিনী, রক্তবর্ণা স্ত্রী।
লোহোত্তম, (লোহ—ধাতু+উত্তম—শ্রেষ্ঠ) স্ত্র, ন, কাঞ্চন, সুবর্ণ, সোণা।
লৌ, (লোহিত শব্দজ) স্ত্র, লৌহ, লোহা, ওষধিবিশেষ।
লৌকায়তিক, (লোকায়ত+ষ্ণিক) স্ত্র, পুং,নাস্তিক,চার্ব্বাক মতাবলম্বী।
লৌকিক, (লোক+ষ্ণিক—হওয়া অর্থে, জাতার্থে) ণ, ত্রি, লোকপ্রসিদ্ধ, লোকসম্বন্ধীয়, মানুষিক, সাংসারিক, পার্থিব, লোকব্যবহারসিদ্ধ। [সমূহ।
লৌতেয়, স্ত্র, ন, লূতাবর্গ, মাকড়সা
লৌল্য, (লোল+ষ্ণ্য—ভাবে) স্ত্র, ন, চাঞ্চল্য,স্পৃহা,লোভ, ইচ্ছা, কামনা, বাসনা, চাপল্য।
লৌহ, (লোহ+ষ্ণ—স্বার্থে) স্ত্র, পুং, —ন, ধাতুবিশেষ, লোহা, অয়ঃ।
লৌহবর্ত্ম, (লৌহ—লোহা+বর্ত্মন্—পথ) স্ত্র, ন, লৌহনির্ম্মিত পথ, রেলওয়ে, কলের গাড়ীর রাস্তা।
লৌহভাণ্ড, (লৌহ+ভাণ্ড—পাত্র) স্ত্র, পুং, অশ্মভাল, হামামদিস্তা।
লৌহিত্য, (লোহিত+ষ্ণ্য—ভাবে) স্ত্র,ন,রক্তবর্ণ। পুং, নদবিশেষ,সমুদ্র।
লৌহিত্যা, (লোহিত+ষ্ণ্য, আপ্) স্ত্র, স্ত্রী, কামরূপদেশের উত্তরদিক্প্রবাহিনী নদীবিশেষ।

ব

ব, ব্যঞ্জনের ঊনত্রিংশ অক্ষর; ইহার উচ্চারণ স্থান দন্ত ও ওষ্ঠ, এইজন্য ইহার নাম দন্তোষ্ঠ বর্ণ। (বা—বধ করা+ড) স্ত্র, পুং, পবন, বায়ু, বরুণ, রাহু, বরুণালয়, সান্ত্বনা করা। ন, মন্ত্রবিশেষ, বস্ত্র। ণ, ত্রি, সাদৃশ্য।

।উনি,(বহন শব্দজ)স্ত্র,বহনের বেতন, ব্যবসায়ী লোকে সর্ব্বপ্রথমে বিক্রেয় দ্রব্য বিক্রয় করিয়া যে মূল্য পায়।

বংশ, (বম=বমনকরা+শ—নামার্থে) স্ত্র, পুং, যে পূর্ব্বপুরুষদিগকে বমন করে, অন্বয়, কুল, গোত্র, সমান গোত্রোৎপন্ন, পূর্ব্বপুরুষ বা সন্ততি। (বম=উদ্গীরণকরা বা বন্=শব্দকরা+শ—নামার্থে; যে বমন করে বা যে বায়ুদ্বারা শব্দ করে, কিম্বা বন+শী=শয়নকরা+ড, যে বনে বাস করে) বাঁশ, বাঁশী, ইক্ষু, স্বরবিশেষ,সমূহ ঝাড, বর্গ, গৃহের উর্দ্ধ কাষ্ঠ,মেরুদণ্ড,পৃষ্ঠদণ্ড,পিঠের দাঁড়া।

বংশক, (বংশ+কণ—যোগ) য্য, পুং, মৎস্যবিশেষ, বাঁশপাতা মাছ, ইক্ষুবিশেষ। ন, অগুরু চন্দন।

বংশকফ, (বংশ=বাঁশ+কফ) য্য, ন, আকাশে উড্ডীয়মানসূত্র,ঘুড়ীর সূতা

বংশকর্পূর, স্ত্র, পুং, ন, বংশলোচনা।

বংশক্ষীরী, (বংশ=বাঁশ+ক্ষীর=গাঢ দুগ্ধ+ইন্) স্ত্র. স্ত্রী, বংশলোচনা।

বংশজ, (বংশ+জ=যে জন্মে, ৫-ব) ণ,ত্রি, সৎকুলোৎপন্ন, সৎবংশজাত। জা—স্ত্রী,বংশলোচনা,বংশী, কুলীন, সৎকুলজাতা।

বংশধর, (বংশ+ধর=যে ধারণ করে) ণ,ত্রি,সন্তান,কুলরক্ষক, বংশপ্রবর্ত্তক, কুলবর্দ্ধন,কুলোদ্বহ,বংশের স্থাপয়িতা।

বংশনালিকা, (বংশ=বাঁশী+নাল=চোঙ্গা+কণ্) স্ত্র.স্ত্রী, বংশী, বাঁশী।

বংশনেত্র স্ত্র,ন,ইক্ষুমূল, বংশলোচনা

বংশপত্রক,(বংশ=বাঁশ+পত্র=পাতা) স্ত্র, পুং, বাঁশপাতা মাছ, ইহার আকার বাঁশের পাতার ন্যায়, নল, খাগড়া, সাদা ইক্ষু, পুঁড়ি আক্। ন, হরিতাল।

বংশপত্রপতিত, স্ত্র, ন, ছন্দোবিশেষ।

বংশমর্য্যাদা, স্ত্র, স্ত্রী, বংশপরম্পরায় প্রাপ্ত গৌরব, কুলক্রমাগত মর্য্যাদা, রাজদত্ত উপাধি, খেতাব।

বংশরোচনা,বংশলোচনা,বংশশর্করা, (বংশ+রুচ্=দীপ্তি পাওয়া+অনট্, আপ, ৭ ব) স্ত্র. স্ত্রী, বাঁশের পর্ব্বের অভ্যন্তরে উৎপন্ন শ্বেতবর্ণ ঔষধবিশেষ, ইহা ঔষধে ব্যবহার হয়।

বংশস্থ, (বংশ+স্থ=যে থাকে) স্ত্র, ন, ছন্দোবিশেষ। ণ, ত্রি, বংশে স্থিত।

বংশস্থবিল স্ত্র, ন, দ্বাদশাক্ষরছন্দোবিশেষ, যাহার ১ম ৩য় ৬ষ্ঠ ৭ম ৯ম ১১শ বর্ণ লঘু, অবশিষ্ট গুরু।

বংশাগ্র,—ন,বংশাঙ্কুর—পুং,(বংশ+অগ্র অঙ্কুর, ৬-ষ) স্ত্র, বংশপ্ররোহ, বাঁশের কোঁড়া।

বংশানুচরিত, (বংশ+অনু=অনুক্রম+চরিত=কৃতব্যবহার)স্ত্র, ন, বংশের চরিত্র বর্ণনা।

বংশাবলী, (বংশ+আবলী=শ্রেণী)স্ত্র, স্ত্রী পূর্ব্বপুরুষদের নামাবলী,কুলজী।

বংশিক, (বংশ+ষ্ণিক—সংজ্ঞার্থে) য্য,ন—স্ত্রী, অগুরুচন্দন, কৃষ্ণচন্দন। ণ,ত্রি,বংশোৎপন্ন।কা—স্ত্রী, মুরলী, বংশী, বেণু বাঁশী। [মুরলী, বাঁশী।

বংশী, (বংশ+ঙীপ্) য্য, স্ত্রী, বেণু,

বংশীধর, (বংশী+ধর=যে ধরে, ২-ষ) য্য, পুং, কৃষ্ণ, বংশীধারী।

বংশীয়, বংশ্য, (বংশ+অনীয়, ষ্য—ভবার্থে)ণ,ত্রি,বংশোদ্ভব,সবংশজাত, সৎকুলোৎপন্ন, সন্তান, ছত্রবেশী।

বঁইচ, (দেশজ) য্য, ফলবিশেষ।

বঁধু, (বন্ধু শব্দজ) য্য, বন্ধু, মিত্র।

বক, (বচ্=বলা+অল্—চ) স্ত্র, পুং, স্বনামপ্রসিদ্ধ জলচর পক্ষিবিশেষ, পুষ্পবৃক্ষবিশেষ,বকফুলের গাছ, বাক্‌সানা গাছ, দৈত্যবিশেষ, বকাসুর, রাক্ষসবিশেষ, যন্ত্রবিশেষ, কুবের।

বকচিঙ্কিকা, স্ত্র, স্ত্রী, মৎস্যবিশেষ, গাংদাড়া মাছ।

বকজিৎ, বকনিসূদন, বকবৈরী, (বক =দৈত্যবিশেষ+জিৎ=যে জয় করে, +নিসূদন=যে বধ করে, ২-য; বক+বৈরিন্=শত্রু, ৬ য) স্ন, পুং, ভীম. কৃষ্ণ, ভীম বক নামক রাক্ষসকে এবং শ্রীকৃষ্ণ বক নামক দৈত্যকে সংহার করিয়াছিলেন।

বকন, (অনুকরণজ) স্ন, অনর্থক ভাষণ, জল্পন, বক্ বক করা, নিষ্প্রয়োজনে অধিক কথা কওয়া।

বকনা, (দেশজ) স্ন, অল্পবয়স্কা গবী, যে বাছুরের এখনও গর্ভ হয় নাই বা বাছুর হয় নাই।

বকপঞ্চক, স্ন, ন, কার্ত্তিক শুক্লপক্ষের একাদশী অবধি পূর্ণিমা পর্য্যন্ত পাঁচ তিথি।

বকম, (দেশজ) স্ন, রক্তবর্ণ কাষ্ঠ বিশেষ, যাহাতে লাল রং করা যায়।

বকবৃত্তি, বকব্রতী, (বক+বৃত্তি=জীবিকা; বক+ব্রত+ইন—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে বকের ন্যায় গাম্ভীর্য্যাদি ভাণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে, বঞ্চক, শঠ, প্রতারক, বকধার্ম্মিক। স্ন, পুং ভণ্ড ধূর্ত্ত ও স্বার্থপর ব্যক্তি, ছদ্মবেশী।

বকরী, (বর্করী শব্দজ) স্ন, ছাগী, স্ত্রীছাগ, ধাড়ীছাগল। [মৃগতৃষ্ণিকা।

বকাণ্ডপ্রত্যাশা, স্ন, স্ত্রী, বৃথা আশা.

বকুল, বকুল, (বচ্=বলা+উল, উল—সংজ্ঞার্থে) স্ন, পুং, কবিগণ যাহা বর্ণনা করিয়াছেন, পুষ্পবৃক্ষবিশেষ, বকুল গাছ। ন, বকুল পুষ্প।

বকেয়া, (যবনভাষা) স্ন অবশেষ, বাকি, বক্রী, পুরাতন, আদিম।

বকেরুকা, (বক+পক্ষিবিশেষ বা বক্র+ঈর্=গমন করা বা হওয়া+উক) স্ন, স্ত্রী, বলাকা, বকশ্রেণী, বকপঙ্ক্তি, বায়ুদ্বারা নত শাখা।

বকোট, (বক্=বক্র হওয়া+ওট) স্ন, পুং, বকপক্ষী, ক্রোঞ্চ।

বক্তব্য, (বচ্=বলা+তব্য—চ) ণ, ত্রি, বচনীয়, কথনীয়, নিন্দনীয়, বলিবার উপযুক্ত। স্ন, ন, কথন, নিন্দা।

বক্তা, (বচ+তৃ—ক) ণ ত্রি, কথক, বাক্পটু, বক্তৃতাশক্তিযুক্ত।

বক্তৃতা, (বক্তৃ+তা—ভাবে) স্ন, স্ত্রী, বাগ্মিতা বাকপটুতা, বলিবার শক্তি, বাগ্‌বিন্যাস। [বিশেষ।

বক্ত্র, (বচ+ত্র) স্ন, ন, মুখ, ছন্দো-

বক্ত্রখুর, (বক্ত্র=মুখ+খুর) স্ন, পুং, দন্ত দাঁত, রদন।

বক্ত্রজ, (বক্ত্র=মুখ+জ=জাত) স্ন, পুং, ব্রাহ্মণ ব্রাহ্মণ ব্রহ্মার মুখ হইতে জন্মিয়াছিলেন। ণ, ত্রি, মুখজাত।

বক্ত্রতাল, স্ন, পুং, গালবাদ্য।

বক্ত্রপট্ট, (বক্ত্র=মুখ+পট্ট=বস্ত্র) স্ন, পুং, মুখবদ্ধ থলি, অশ্বাদির মুখবদ্ধ শস্যপূর্ণ থলিয়া, তোবড়া।

বক্ত্রভেদী, (বক্ত্র=মুখ+ভেদিন্=যে ভেদ করে) স্ন পুং, তিক্তরস। ণ, ত্রি, মুখদাহক।

বক্ত্রাসব, (বক্ত্র=মুখ+আসব=মদ্য, মধু) স্ন পুং, মুখামৃত, লালা।

বক্র, (বন্ক=কুটিল হওয়া+রক) স্ন, ন, নদীর বাঁক, টেক। পুং, শনিগ্রহ, মঙ্গলগ্রহ। ণ, ত্রি, অনৃজু, কুটিল, ক্রূর, বাঁকা, টেরা।

বক্রকণ্ট, (বক্র=বাঁকা+কণ্ট=কাঁটা; ৬-হ) স্ন পুং, বদরবৃক্ষ, কুলগাছ।

বক্রকণ্টক, স্ন, পুং খদিরবৃক্ষ।

বক্রগ্রীব, (বক্র=বাঁকা+গ্রীবা; ৬ হ) স্ন, পুং, উষ্ট্র, উট। ণ, ত্রি, যাহার গলা বাঁকা।

বক্রচঞ্চু, বক্রতুণ্ড, (বক্র=বাঁকা+চঞ্চু=ঠোঁট, তুণ্ড+মুখ; ৬ হ) স্ন, পুং, শুকপক্ষী।

বক্রতাল, স্ন, পুং, মুখবাদ্য, গালবাদ্য,

বক্রদংষ্ট্র, (বক্র=বাঁকা+দংষ্ট্রা=বক্র দাঁত ; ৬.হ) স্ত্র, পুং, শূকর, বরাহ।

বক্রনক্র, (বক্র=বাঁকা+নক্র=নাসিকা ইত্যাদি) স্ত্র,পুং, ধূর্ত্ত, খল,শুকপক্ষী।

বক্রনাল, স্ত্র, ন, মুখবাদ্য।

বক্রনাসিক, (বক্র=বাঁকা+নাসিকা ; ৬.হ) স্ত্র, পুং, পেচক, উলূক। ণ, ত্রি, যাহার নাসিকা বাঁকা।

বক্রপুচ্ছ, বক্রবালধি, (বক্র=বাঁকা+ পুচ্ছ, বালধি=লেজ ; ৬.হ) স্ত্র, পুং, কুকুর, সারমেয়, বক্রলাঙ্গূল, বাঁকা লেজ।

বক্রভণিত, (বক্র=বাঁকা+ভণিত= কথিত) স্ত্র, ন, শব্দালঙ্কার বিশেষ, বক্রোক্তি, শ্লেষবাক্য।

বক্রম, (অব=বিপরীত+ক্রম্=গমন করা+অল্, অ—লোপ) স্ত্র, পুং, পলায়ন, প্রস্থান।

বক্রলাঙ্গূল, (বক্র=বাঁকা+লাঙ্গূল= লেজ) স্ত্র, পুং, কুকুর, শ্বা। ন, বক্র পুচ্ছ।

বক্রবক্তু, (বক্র=বাঁকা+বক্তু=মুখ ; ৬.হ) স্ত্র, পুং, শূকর। ণ, ত্রি, যাহার মুখ বাঁকা।

বক্রাঙ্গ, (বক্র=বাঁকা+অঙ্গ=অবয়ব) স্ত্র, পুং, হংস। ন, বাঁকা অঙ্গ।

বক্রি, (বচ্=বলা+ক্রি) ণ, ত্রি, মিথ্যাবাদী, অনৃতভাষী।

বক্রিম, বক্রিমন্, (বক্র=কুটিল+ইমন্ —ভাবে) স্ত্র,পুং, বক্রতা, কৌটিল্য, শঠতা, অসারল্য।

বক্রোক্তি,(বক্র=বাঁকা+উক্তি, কর্ম্মধা) স্ত্র, স্ত্রী, ব্যর্থ উক্তি, শব্দের অলঙ্কার-বিশেষ, শ্লেষবাক্য, ব্যঙ্গোক্তি।

বক্রোষ্ঠিকা,(বক্র=বাঁকা+ওষ্ঠ=ঠোঁট +কণ) স্ত্র, স্ত্রী, মৃদু মৃদু হাসি, স্মের, মুচকি হাসি,স্মিত,ঈষৎ হাস্য।

বক্ষঃ, (বক্ষ্=সংহত হওয়া+অস্) স্ত্র, ন, উরঃস্থল, হৃদয়, বুক।

বক্ষপর্দ্দিনী, স্ত্র,স্ত্রী, অতিপ্রিয়া পত্নী।

বক্ষণ,(বক্ষ্+অন)স্ত্র,ন,বক্ষঃ,বুক,উরঃ।

বক্ষোজ, বক্ষোরুহ, (বক্ষস্+জ, রুহ্= যে জন্মে,৫-ম) স্ত্র, পুং, পয়োধর, স্তন, কুচ।

বক্ষ্যমাণ, (বচ্=বলা+স্যমান—চ) ণ, ণ, যাহা বলা যাইবে, বক্তব্য, বাচ্য। [বাহুমূল।

বগল, (ম্লেচ্ছভাষা) স্ত্র, কক্ষদেশ,

বগাহ, (অব+গাহ্=স্নানকরা+ঘঞ্ —ভাব, অ—লোপ) স্ত্র, পুং, স্নান, অবগাহন, মজ্জন, জলাবতরণ।

বগী, (যাবনিক) স্ত্র, খড়্গবিশেষ, দুইচাকার শকট বিশেষ।

বগ্নু, (বচ্=বলা+নু ; চ=গ) স্ত্র, পুং, বক্তা, কথক, বাগ্মী।

বঙ্ক, (বন্ক্+ঘঞ্.) স্ত্র, পুং, নদীর বাঁক, টেঁক্। ণ, ত্রি,বক্র, বাঁকা। স্ত্র —স্ত্রী, অশ্বাদির পৃষ্ঠাসন, পালান, পালানের প্রান্ত। [কণ্টক, কাঁটা।

বঙ্কিল, (বঙ্ক=বক্রতা+ইল) স্ত্র, পুং,

বঙ্ক্য, (বঙ্ক্=কুটিল হওয়া+যৎ—চ) ণ,ত্রি, বক্র, বাঁকা, টেড়া, বাঁকান।

বঙ্ক্রি, (বঙ্ক্+ক্রি) স্ত্র, ন, পাঁজরা, পার্শাস্থি, গৃহদারু, মুচুনি, বাদ্যযন্ত্র বিশেষ।

বঙ্ক্ষণ, (বান্ছ=আকাঙ্ক্ষাকরা+অন নিপাতন; কিম্বা বক্ষঃ+অন ; ন— আগম) স্ত্র, ন, কুঁচকি, উরুসন্ধি।

বঙ্ক্ষু, (বঙ্ক্ষ্=সংহত হওয়া+উ) স্ত্র, স্ত্রী, গঙ্গার শাখাবিশেষ।

বঙ্গ, (বন্গ=খঞ্জ হওয়া+অল্—সং-জ্ঞার্থে) স্ত্র, পুং, বাঙ্গালাদেশ "রত্নাকরং সমারভ্য ব্রহ্মপুত্রান্তগং শিবে, বঙ্গদেশো ময়া প্রোক্তঃ সর্ব্বসিদ্ধি-প্রদর্শকঃ"। চন্দ্রবংশীয় বলিরাজার পুত্র, বেগুণ, কার্পাস ; বহুবচনান্ত হইলে,-বঙ্গদেশবাসী লোকসমূহ। ন, সীসক, সীসা, রঙ্গ, রাং।

বঙ্গজ, (বঙ্গ+জ=জাত) স্ত্র, ন, সিন্দুর। ণ, ত্রি, বঙ্গদেশোৎপন্ন, বাঙ্গালী। [বার্ত্তাকু।

বঙ্গন, (বঙ্গ+অন) স্ত্র, পুং, বেগুণ,

বঙ্গশুল্বজ, (বঙ্গ=রাং+শুল্ব=তাম্র+জ =উৎপন্ন)স্ত্র,ন,পিত্তল,কাংস্য,কাঁসা।

বঙ্গসেন, (বঙ্গ=বাঙ্গালাদেশ+সি= বন্ধন করা+ন) স্ত্র, বকফুলের গাছ, মুনিপুষ্প। [স্ত্র, পুং, হরিতাল।

বঙ্গারি, (বঙ্গ=সীসক+অরি=শত্রু)

বচ (বচ্=বলা+অ) স্ত্র, পুং, শুক-পক্ষী। চা—স্ত্রী, শারিকা, ঔষধ-বিশেষ, বচ।

বচক্নু, (বচ্=বলা+অক্নু) ণ, ত্রি, বহুভাষী, বাচাল, বৃথাজল্পনকারী, সদ্বক্তা, বাগ্মী। স্ত্র, পুং, ব্রাহ্মণ।

বচণ্ডী, স্ত্র, স্ত্রী, শারিকা, বর্ত্তি,বাতি, শস্ত্রবিশেষ।

বচন, (বচ্+অনট—ভাব, চ) স্ত্র, ন, বাক্য, উক্তি, কথন, ঋষি প্রণীত ব্যবস্থাপ্রতিপাদক ধর্ম্মশাস্ত্রাদির পদ্যসূত্রকারিকা,ব্যাকরণে—সুপ্তি-ঙাদি বিভক্তি, পদের সংখ্যা, বিভ-ক্তির একত্বাদি, একবচন দ্বিবচন ও বহুবচন।

বচনগ্রাহী, (বচন=বাক্য+গ্রাহিন্= গ্রাহ্য, বাধ্য) ণ, ত্রি, বচনেস্থিত, কথার বাধ্য, যে কথা শুনে।

বচনবদ্ধ, (বচন+বদ্ধ, ৭-য) ণ, ত্রি, সত্যবদ্ধ, প্রতিশ্রুত, প্রতিজ্ঞাবদ্ধ।

বচনীয়, (বচ্=বলা+অনীয়) স্ত্র, ন, নিন্দা। ণ,ত্রি,নিন্দনীয়,কথনীয়,বাচ্য।

বচনীয়তা, (বচনীয়+তা—ভাবে)স্ত্র, স্ত্রী, অপবাদ, নিন্দা, কুৎসা।

বচনেস্থিত, (বচনে=বাক্যে+স্থিত=যে থাকে)ণ,ত্রি,কথার বাধ্য,বশ্য,সমঞ্জস।

বচর, স্ত্র, পুং, কুক্কুট, ধূর্ত্ত,শঠ, ঠক্।

বচস্নু,(বচ্=বলা+অস্নু)স্ত্র, পুং, অরি, শত্রু, রিপু, অপরাধ, আগঃ, দোষ।

বচঃ, (বচ্=বলা+অস্—ভাব)স্ত্র, ন, বচন, বাক্য, উক্তি, কথা।

বচসা, (বচস্ শব্দজ) স্ত্র, বাক্যব্যয়, বকাবকি, বাক্‌যুদ্ধ, বাগ্‌বিতণ্ডা।

বচসাম্পতি,স্ত্র,পুং,দেবগুরু,বৃহস্পতি।

বচোগ্রহ, (বচস্=বাক্য+গ্রহ=যে গ্রহণ করে) স্ত্র, পুং, শ্রোত্র, কর্ণ।

বজরা, (প্রাকৃত)স্ত্র, আরোহী নৌকা বিশেষ। [মেরামত করণ।

বজরাটি, (দেশজ) স্ত্র, পুরাতন ছাদ

বজ্জাত, (বদ্=মন্দ+জাত=উৎপত্তি, স্বভাব) ণ, দুষ্টস্বভাব, শঠ, পাজী।

বজ্র, (বজ্=গমনকরা+রক্—সংজ্ঞার্থে) স্ত্র, পুং,—ন, ইন্দ্রের অস্ত্রবিশেষ, কুলিশ, বাজ, হীরক, অস্ত্র, বজ্রাকৃ-তিকচিহ্ন, শিশু, শিষ্য, ছাত্র, অভ্র অলাবু, তিলকোরক, কটূক্তি। পুং, যোগবিশেষ, বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের একযোগ,যদুবংশীয় নৃপবি-শেষ,কৃষ্ণের প্রপৌত্র, কুশ। ণ, ত্রি, কঠিন, কঠোর, অশ্মসার, বজ্রাকৃতি, হৃদ্বিদারক, অসহ্য।

বজ্রক, স্ত্র, ন, বজ্রাকার, সর্ব্বতোভদ্র চক্রান্তর্গত সূর্য্যভোগ্য নক্ষত্র হইতে ত্রয়োবিংশ নক্ষত্র স্বরূপ উপগ্রহ।

বজ্রকঙ্কট, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন+ কঙ্কট=বর্ম্ম) স্ত্র, পুং, হনূমান।

বজ্রচর্ম্মা, স্ত্র, পুং, খড়্গী, গণ্ডার।

বজ্রজিৎ, (বজ্র+জিৎ=যে জয় করে) স্ত্র, পুং, গরুড়, মুহুর্মুহুঃ বজ্রাঘাতেও ইহার শরীর ক্ষত বিক্ষত হয় নাই।

বজ্রজ্বালা, (বজ্র+জ্বালা=অগ্নিশিখা) স্ত্র, স্ত্রী, বিদ্যুৎ, বজ্রাগ্নি, বৈদ্যুতাগ্নি।

বজ্রতুণ্ড, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন+তুণ্ড =মুখ, ওষ্ঠাধর) স্ত্র, পুং, গরুড়, গৃধ্র, গণেশ, মশক, মৎকুণ, আরশোলা।

বজ্রদন্ত, বজ্রদশন, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন+দন্ত, দশন=দাঁত) স্ত্র, পুং, শূকর, মূষিক।

বজ্রদ্রু, বজ্রদ্রুম,স্ত্র,পুং,স্নুহীবৃক্ষ, সিজ-গাছ, মনসাগাছ।

বজ্রধর, বজ্রপাণি, বজ্রী, (বজ্র+ধর—যে ধরে,২-ষ ; বজ্র+পাণি=হস্ত ; ৬.হ ; বজ্র+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, ইন্দ্র, দেবরাজ, শক্র।

বজ্রনির্ঘোষ,বজ্রনিষ্পেষ,(বজ্র+নির্ঘোষ =শব্দ,+নিষ্পেষ=পেষণ বা দুই বস্তুর পরস্পর প্রচণ্ড আঘাতের শব্দ) স্ত্র, পুং, বজ্রধ্বনি, বজ্রোৎপন্ন শব্দ।

বজ্রপুষ্প, (বজ্র—হীরক+পুষ্প) স্ত্র, ন, তিলপুষ্প, তিলফুল।

বজ্ররথ, স্ত্র,পুং, ক্ষত্রিয় জাতি, রাজন্য।

বজ্ররদ, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন+ রদ=দন্ত) স্ত্র, পুং, শূকর, মূষিক।

বজ্রবল্লী, স্ত্র, স্ত্রী, সূর্য্যমুখী ফুল।

বজ্রবরাহী,স্ত্র,স্ত্রী,মায়া।

বজ্রবল্লী, স্ত্র, স্ত্রী, অস্থি সংহারক লতা, হাড়ভাঙ্গার গাছ।

বজ্রাঙ্গ, (বজ্র=বজ্রের ন্যায় কঠিন+ অঙ্গ=দেহ বা বস্তু) স্ত্র, পুং, ভুজঙ্গ, ভোগী, সর্প। ঙ্গী—স্ত্রী,শস্ত্রবিশেষ। ণ, ত্রি, যাহার অঙ্গ বজ্রতুল্য কঠিন।

বজ্রী, (বজ্র+ইন্—অস্ত্যর্থে) স্ত্র,পুং, বজ্রধারী, ইন্দ্র, জৈনমুনি, মহিষ।

বঞ্চক, (বন্চ্=বঞ্চনাকরা+ণিচ+ণক —ঘ) স্ত্র, পুং, শৃগাল, জম্বুক। ণ, ত্রি, ধূর্ত্ত, শঠ, প্রতারক।

বঞ্চন, (বন্চ +অনট—ভাব)স্ত্র, ন,না —স্ত্রী,প্রতারণা,ছলনা, ঠকান,ঠকা।

বঞ্চিত, (বন্চ+ণিচ+ক্ত—ঢ) ণ,ত্রি, প্রতারিত, যে ঠকিয়াছে, বর্জ্জিত, ত্যক্ত। [প্রতারক।

বঞ্চুক, (বন্চ+উক—ঘ) ণ, ত্রি,বঞ্চক,

বঞ্জুল, (বন্চ=গমনকরা+উল—সং-জ্ঞার্থে ; চ=জ)স্ত্র, পুং, অশোকবৃক্ষ, বেতসবৃক্ষ, বেতগাছ, পক্ষিবিশেষ। লা—স্ত্রী,পয়স্বিনী, দুগ্ধবতী গাভি। ণ, ত্রি, বক্র, বাঁকা।

বট, (বট্=বেষ্টনকরা+অল—ষ,ঢ) স্ত্র,পুং, বৃক্ষবিশেষ,বড়গাছ, ন্যগ্রোধ, কপর্দ্দক, কড়ি, পিষ্টকবিশেষ, বড়া, বর্ত্তুলাকার বস্তু, গোল, সাদৃশ্য। ত্রি, বৃহৎরজ্জু, গুণ, বেটে, দড়ী। টী-স্ত্রী, বড়ী।

বটক, (বট+কণ্) স্ত্র, পুং, পিষ্ট-কবিশেষ, বড়া, অষ্ট মাস পরিমাণ। টিকা—স্ত্রী, গুটিকা, বড়ী।

বটর, (বট্+অর) স্ত্র, পুং, কুক্কুট, ধূর্ত্ত, শঠ, চোর, তস্কর, উষ্ণীষ, পাগ্ড়ি, মাদুরি, তৃণ বিং। ণ, ত্রি, চঞ্চল।

বটবাসী, (বট=বড়গাছ+বাসিন্=যে বাস করে, ৭-ষ) স্ত্র, পুং, সিনী— স্ত্রী, উপদেবতাবিশেষ, যক্ষ, যক্ষিণী। ণ, ত্রি, যে বটবৃক্ষে বাস করে।

বটাকর, (বট=বেষ্টন+আকর=যে করে)স্ত্র,পুং,—স্ত্রী,রজ্জু,দড়ী,গুণ।

বটাবীক, স্ত্র, পুং, প্রসিদ্ধ চোর।

বটি, বটী, (বট+ই ,ঈপ) স্ত্র, স্ত্রী, উপজিহ্বিকা, আলজিভ।

বটু, বটুক, (বট্=বেষ্টনকরা+উ— সংজ্ঞার্থে, কণ—স্বার্থে)স্ত্র,পুং,বালক, বালকব্রহ্মচারী,অজ্ঞাননির্ব্বোধব্যক্তি ব্রাহ্মণকুমার, ব্রহ্মচারী ছাত্র।

বটুকরণ, (বটু=ব্রহ্মচারী ছাত্র+কৃ= করা+অনট—ভাব, ঈ—আগম) স্ত্র, ন,যজ্ঞোপবীত,উপনয়নসংস্কার।

বঠর, (বঠ্=বলা+অর ; চ=ঠ)ণ, ত্রি, শঠ, ধূর্ত্ত, বঞ্চক, মন্দ, জড়। স্ত্র, পুং, অম্বষ্ঠ, খচর, বৈদ্য, মূর্খ, অজ্ঞ।

বড়, (বড়্শব্দজ) ণ, বৃহৎ, শ্রেষ্ঠ।

বড়ভি,—ভী, (বল্=আচ্ছাদনকরা+ অভি+ই, ঈপ ; ল্=ড) স্ত্র, স্ত্রী, তৃণনির্ম্মিত গৃহের পাইড় প্রভৃতি, ছাদের উপরি কিছু দিনের জন্য গৃহ, চন্দ্রশালা। [সমুদ্রস্থ ঘোটকী,অশ্বিনী।

বড়বা, (বর্গীয় ব দেখ)স্ত্র,স্ত্রী,ঘোটকী,

বড়বাহৃত, স্ত্র, পুং, দাসীর ভাব হইয়া দাস ভাবাপন্ন ব্যক্তি।

বড়বামুখ, স্ত্র, পুং, বড়বাগ্নি, বড়বানল।

বড়বাসুত, স্ত্র, পুং, অশ্বিনী কুমার, দাসীপুত্র। [অপবাদ।

বড়মা, (দেশজ) স্ত্র, অলক্ষ্মী, বিপদ,

বড়শা, ([illegible]শজ) স্ত্র, শস্ত্রবিশেষ, বল্লম।

বড়া, (বল্—আচ্ছাদনকরা+অল্— সংজ্ঞার্থে; ল—ড) স্ত্র, স্ত্রী, গোলাকার পিষ্টকবিশেষ, বটক [অহঙ্কার।

বড়াই, (বড় শব্দজ) স্ত্র, গৌরব, গর্ব্ব,

বড়িশ, (বলি—মৎস্তথাদ্য+শো= গ্রন্থন করা+ড—ঘ) স্ত্র, ন, শী—স্ত্রী, মৎস্তবেধনী যন্ত্র বিশেষ, বড়শী

বড়ী, (বটিকা শব্দজ) স্ত্র, বটী, গুলি

বড়, (বল্—আচ্ছাদনকরা+রক্, ল স্থানে ড) ণ, ত্রি, বিপুল, বৃহৎ, মস্ত, প্রকাণ্ড।

বণ্ট, (বন্ট্—বাঁটা+অল—ভাব) স্ত্র, পুং, ভাগ, অংশ, বণ্টন, দাত্রাদির মুষ্টি, বাঁট। ণ, ত্রি, অবিবাহিত, অনূঢ়।

বণ্টক, (বন্ট্+ণক—ঘ, ভাব) ণ, ত্রি, বিভাজক, ভাগকর্ত্তা। স্ত্র, পুং, বিভাগ, অংশ।

বণ্টন, (বন্ট+অনট—ভাব) স্ত্র, ন, বিভাগকরণ, বাঁটন, অংশীকরণ।

বণ্ঠ, (বন্ঠ—একাকী হু বয়া বেড়ান+ ঠ) ণ, ত্রি, অবিবাহিত, অনূঢ়, অকৃতদার, খর্ব্ব, বামন, বেঁটে। স্ত্র, পুং, কুন্ত, প্রাস অস্ত্র।

বণ্ঠর, (বণ্ঠ্+অর)স্ত্র, পুং, তালগাছের নূতন পাতা, কুকুরের লেজ, শ্বপুচ্ছ, বাঁশের কোঁড়, আচ্ছাদক, কাচুলি অশ্বাবন্ধন রজ্জু, বক্ষঃস্থল, কুকুর, মেঘ।

বণ্ড, (বনড্+অল)ণ, ত্রি, হস্তাদি রহিত, বেঁড়ে, অবিবাহিত। স্ত্র, পুং, অনাবৃতমেঢ্র, ধ্বজভঙ্গ, পুরুষত্বহীন, বৃষ। ণ্ডা—স্ত্রী, অসতী, পাংশুলা, পুংশ্চলী।

বণ্ডাল, (বন্ড্—ভাগ করা+আল) স্ত্র, পুং, শূরযুদ্ধ, কোদালি, খনিত্র, খন্তা, নৌকা, তরী।

বৎ, (বা—বায়ুচলা+ডৎ) বা, সদৃশ, তুল্য, (এই শব্দ অন্য শব্দের পরেই প্রয়োগ হয়, ইহার স্বতন্ত্র প্রয়োগ প্রায় নাই, যথা—মৃতবৎ, জলবৎ, তদ্বৎ ইত্যাদি।)

বত, (বন—যাচ্ঞা করা ইত্যাদি+ক্ত) বা, সম্বোধন, খেদ, দুঃখ, হর্ষ, করুণা, বিস্ময়।

বতোকা, স্ত্র, স্ত্রী, যে গাভীর দৈববশতঃ গর্ভস্রাব হইয়াছে।

বতংস,—পুং, বতংসক,—ন, (অব+ তনস=ভূষিতকরা+ঘঞ—ধ, কণ—স্বার্থে, অ—লোপ) স্ত্র, কর্ণভূষণ, শিরোভূষণ, ভূষণ।

বত্রিশ, (দ্বাত্রিংশৎ শব্দজ) ণ, সংখ্যাবিশেষ দ্ব্যধিকত্রিংশৎ সংখ্যা, ৩২ বত্রিশ।

বৎস, (বদ=প্রকাশকরা+স) স্ত্র, ন, যে বল প্রকাশ করে, বক্ষঃস্থল। (বদ্ =বলা, স্নেহ পূর্ব্বক বলা+স) পুং, সা—স্ত্রী, স্নেহব্যঞ্জক সম্বোধন, বাছা। (বস্—বাসকরা+স) স্ত্র, পুং, যাহাতে ঋতু সকল বাস করে, সংবৎসর, গো-শিশু, বাছুর, পশুমাত্রের শিশু।

বৎসকামা, (বৎস+কাম=ইচ্ছাকরা অ, আপ) স্ত্র স্ত্রী, বৎসাভিলাষিণী, যে স্ত্রী সন্তান কামনা করে।

বৎসতন্ত্রী, স্ত্র, স্ত্রী, বৎসবন্ধন রজ্জু।

বৎসতর, (বৎস+তর—হ্রস্বার্থে) স্ত্র, পুং, রী—স্ত্রী, দম্য, বাছুর।

বৎসনাভ, (বৎস+নভ্—হিংসাকরা+ ণ—য, ১-ম) স্ত্র, পুং, যে প্রায় বৎসদিগকে নষ্ট করে, স্থাবরবিষবিশেষ।

বৎসপত্তন, (বৎস=বৎসরাজ+পত্তন —নগর) স্ত্র ন, কোশাম্বী, বৎসরাজনগরী।

বৎসপাল, ষ্য, পুং, শ্রীকৃষ্ণ, বলদেব।
বৎসর, (বস্=বাসকরা+সরন্) ষ্য, পুং, যাহাতে ঋতু সকল বাস করে,দ্বাদশ মাস পরিমিত কাল, হায়ন, বছর।
বৎসরাজ,ষ্য,পুং,চন্দ্রবংশীয় নৃপবিশেষ।
বৎসরান্তক, ষ্য, পুং, ফাল্গুন মাস।
বৎসল, (বৎস=বৎসস্থস্নেহ+লা+ড) ণ, ত্রি, স্নেহযুক্ত, অনুরক্ত, ভক্ত, অভিরত। ষ্য, ন, বাৎসল্য, স্নেহ, অনুরাগ। পুং,রসবিশেষ। লা—স্ত্রী, বৎসাভিলাষিণী।
বৎসলতা, (বৎসল+তা—ভাবে) ষ্য, স্ত্রী, স্নেহ ,বাৎসল্য, অনুরাগ।
বৎসাদন, (বৎস—গবাদি শিশু+অদন —ভক্ষণীয়) ষ্য, পুং, বৃক, নেকৃড়িয়া বাঘ, তরক্ষু। না—স্ত্রী, বৃক্ষবিশেষ।
বদ, (বদ্=বলা+অল—ঘ) ণ, ত্রি, বক্তা,বাগ্মী। [আস্য, আসন, কথন।
বদন, (বদ্+অনট—ধ) ষ্য, ন, মুখ,
বদনামৃত, (বদন+অমৃত—সুধা, ৬-ষ) ষ্য, ন, মুখামৃত, অধরমধু, থুথু।
বদনাসব, (বদন+আসব=মধু, ৬-ষ) ষ্য, পুং, মুখামৃত, অধরমধু, থুথু।
বদন্ত, বদান্য,(বদ্=বলা+অন্ত) ণ,ত্রি দাতা, দানশীল, সদ্বক্তা, মিষ্টভাষী।
বদমান, (বদ্+শানচ—ঘ) ণ, ত্রি, কথনশীল, যে বলিতেছে, বক্তা।
বদর, ষ্য, পুং, রিকা, রী—স্ত্রী, বর্গ্য ব দেখ।
বদরামলক, ষ্য,ন, পুরাতন আমলকী।
বদরিকাশ্রম, ষ্য, পুং, হিমালয় পৃষ্ঠস্থ তীর্থ স্থান বিশেষ, ব্যাসদেবের তপস্যাস্থান। [দ্রব্য বিশেষ।
বদরীপত্র, ষ্য, পুং, নখীনামক গন্ধ
বদল,(যবনভাষা)ষ্য,বিনিময়,প্রতিদান।
বদাম, ষ্য, ন, ফলবিশেষ, বাদাম।
বদাল, (বদ্=বলা+আল) ষ্য, পুং, পাঠীন মৎস্য, বোয়াল মাছ।
বদাবদ, (বদ্=বলা+অল্, দ্বিত্ব, আ —আগম) ণ, ত্রি, বাগ্মী, বহুবক্তা, অল্পনকারী। [নিন্দা।
বদ্‌নাম, (যবনভাষা)ষ্য,কুনাম,কুযশঃ,
বধ্, ষ্য, স্ত্রী, (বর্গীয় ব দেখ।)
বধূজন, (বধূ=স্ত্রী+জন—লোক) ষ্য, স্ত্রী, যুবতী স্ত্রীলোক, বৌ।
বধূটশয়ন, ষ্য, ন, গবাক্ষ, বাতায়ন।
বধূটী, (বধূ+টী—অল্পার্থে) ষ্য, স্ত্রী, ক্ষুদ্র বধূ, বালিকা বৌ, যুবতী স্ত্রী।
বন, (বন্=ব্যাপা, শব্দকরা, সেবা-করা ইত্যাদি+অল্—ঘ) ষ্য, ন, নী —স্ত্রী, বহুবৃক্ষাদিযুক্ত স্থান, অটবী, অরণ্য। ন, প্রস্রবণ, জল, নিবাস, আলয়, কানন, বিপিন, কুঞ্জ।
বনগহন, ন, নিবিড় বন।
বনগুপ্ত, ষ্য, পুং, চর।
বনগো, (বন+গো=গোরু)ষ্য, স্ত্রী, গবয়, গোসদৃশ পশু, কেবল গল-দেশে গলকম্বল নাই, চমরী।
বনগোচর, ষ্য, ত্রি, যে সর্ব্বদা বনে গমন করে। পুং,—ব্যাধ, অসভ্য জাতীয় বন্য মনুষ্য। ন, বন,কানন।
বনচন্দন, ষ্য ন, দেবদারু, অগুরু।
বনচন্দ্রিকা, ষ্য, স্ত্রী, মল্লিকাপুষ্প।
বনচর, বনচারী,(বন+চর, চারিন্= যে গমন করে, ৭-ষ) ণ, ত্রি, যে বনে বাস করে, বনবাসী, কিরাত।
বনচাঁড়াল, (দেশজ) ষ্য, বৃক্ষ বিশেষ, ইহার নিকটে তুড়ি দিলে ইহার পা-তা সকল নড়িয়া উঠে।
বনজ, (বন=জল, অরণ্য+জ=যে জন্মে, ৫-ষ)ষ্য, ন, পদ্ম, কমল, গন্ধ-তৃণ বিশেষ। পুং, হস্তী। ণ, ত্রি,বন-জাত। [২-ষ) ষ্য, পুং, মেঘ, জলদ।
বনদ,(বন=জল+দ=যে দান করে,
বনদীপ, ষ্য, পুং, চম্পক।
বনদেবতা, (বন+দেবতা, ৬-ষ)ষ্য, স্ত্রী,বনের অধিষ্ঠাত্রী দেবতা। [গাছ।
বনপল্লব,ষ্য,পুং,শোভাঞ্জনবৃক্ষ,শজিনা-

বনপাংশুল, (বন+পাংশুল=নীচ লোক) স্ব, পুং, ব্যাধ, কিরাত।
বনপুষ্পা, স্ব, স্ত্রী, শতপুষ্পা, মৌরি।
বনপ্রিয়, (বন+প্রিয় ; ৬-হ) স্ব,পুং, কোকিল। ন, ত্বক্‌, দারুচিনি।
বনভুক্‌, স্ব, পুং, ঔষধ মূল বিশেষ, ঋষভ। [স্ব, স্ত্রী, দংশ, ডাঁশ।
বনমক্ষিকা,(বন+মক্ষিকা=মাছী,৬-ষ)
বনমানুষ, স্ব, পুং, বানরজাতীয় পশুবিশেষ, মানুষের সহিত ইহার অনেক সাদৃশ্য আছে।
বনমালা, (বন+মালা, ৬-ষ) স্ব, স্ত্রী, মালা বিশেষ, কৃষ্ণের মালা।
বনমালী,(বনমালা+ইন্‌—অস্ত্যর্থে) স্ব, পুং, কৃষ্ণ। লিনী—স্ত্রী,দ্বারকাপুরী।
বনমুক্‌, (বন=জল+মুচ্‌=মোচন করা+কিপ্‌) স্ব, পুং, মেঘ, জলদ।
বনরাজ, (বন+রাজন্‌=রাজা) স্ব, পুং, মৃগরাজ, সিংহ, কেশরী।
বনলক্ষ্মী, স্ব, স্ত্রী,রম্ভা, কদলী।
বনবর্ব্বর, স্ব, পুং, কৃষ্ণতুলসী।
বনবহ্নি, (বন+বহ্নি=আগুন) স্ব, পুং, বনাগ্নি, দাবানল, দাবদাহন।
বনবাসন, (বন+বস্‌=বাস করা+অন) স্ব, পুং,গন্ধগোকুলা, খট্টাশ।
বনবৃন্তাকী, স্ব, স্ত্রী, বৃহতী কণ্ঠকারী।
বনশৃঙ্গাট, স্ব, পুং, গোক্ষুর।
বনশোভন, (বন=জল+শোভন=মনোহর) স্ব, ন, পদ্ম। ণ, ত্রি,বনের শোভাকারক।[মার্জ্জার,শৃগাল,ব্যাঘ্র।
বনশ্বা,(বন+শ্বন্‌=কুকুর) স্ব,পুং,গন্ধ-
বনস্পতি, (বন+পতি, ৬-ষ ; স্‌—আগম) স্ব, পুং, পুষ্প ব্যতিরেকে ফলজনকবৃক্ষ, অশ্বথাদি বৃক্ষ।
বনাখু, (বন+আখু=ইঁদুর) স্ব, পুং, শশক, খরগোশ।
বনাখুক, স্ব, পুং, শিম্বী বিশেষ।
বনাজ, স্ব, পুং, বনছাগল।
বনাটু,স্ব,পুং,নীলবর্ণ মক্ষিকা বিশেষ।
বনাত, (যবন ভাষা) স্ব, ঊর্ণা নির্ম্মিত স্থূল বস্ত্রবিশেষ।
বনান,(দেশজ) স্ব,নির্ম্মাণ,গঠন,বুনন।
বনান্ত, (বন+অন্ত=শেষ, ৬-ষ) স্ব, পুং, বনভূমি, বনপ্রান্ত, বনপ্রদেশ।
বনায়ু,স্ব,পুং, দেশবিশেষ,পারস্যদেশ।
বনায়ুজ, (বনায়ু=দেশবিশেষ+জ=যে জন্মে, ৫-ষ) স্ব, পুং, বনায়ু দেশজাত অশ্ব।
বনার্চ্চক, (বন+অর্চ্চ্‌=গমনকরা+ণক) স্ব, পুং, মালাকার, মালী।
বনাশ্রয়, (বন+আশ্রয়=বাসস্থান)স্ব, পুং, দাঁড়কাক। ণ, ত্রি, বনবাসী।
বনিত, (বন্‌=যাচ্‌ঞা করা+ক্ত—চ) ণ, ত্রি, প্রার্থিত, যাচিত, সেবিত।
বনিতা, (বন্‌=যাচ্‌ঞা করা+ক্ত) স্ব,স্ত্রী, স্ত্রী, নারী, অনুরক্তা ভার্য্যা।
বনীক, বনীয়ক, (বন্‌=যাচ্‌ঞা করা+ই,ণক ; বিকল্পে য—লোপ) স্ব, পুং, যাচক, যাচ্ঞাকারী, ভিক্ষুক।
বনেচর, (বনে=বনেতে+চর=যে চরে)স্ব, পুং, ব্যাধ, বনচর,কিরাত।
বনৌকাঃ, (বন+ওকস্‌=বাসস্থান ; ৬-হ) স্ব, পুং, বানর, কপি। ণ,ত্রি, বনবাসী।[স্তুতিপাঠক, বন্দনকারী।
বন্দক, (বন্দ=স্তবকরা+ণক—ঘ)ণ,ত্রি,
বন্দন, (বন্দ=স্তবকরা+অনট্‌—ভাব) স্ব,ন,না—স্ত্রী,প্রণাম,অভিবাদন,স্তব।
বন্দনমালা, বন্দনমালিকা, (বন্দন=স্তব+মালা, পক্ষে কণ্‌—যোগ) স্ব, স্ত্রী, বহির্দ্বারোপরিস্থ মঙ্গলসূচক-মালা।[ণ,ত্রি,নমস্য,পূজনীয়,স্তবনীয়।
বন্দনীয়, বন্দ্য, (বন্দ্‌+অনীয়, য—চ)
বন্দর, স্ব, সমুদ্র প্রভৃতির কূলে জাহাজাদি দ্বারা বাণিজ্য করিবার স্থান।
বন্দা, বন্দাকা,—স্ত্রী, বন্দাক,—পুং, (বন্দ্‌+অ,আ;কণ্‌—যোগে বন্দাক, বন্দাকা) স্ব, বৃক্ষোপরিজাত বৃক্ষ, পরগাছা।

বন্দারু, (বন্দ্+আরু) ণ, ত্রি, বন্দনশীল, অভিবাদক, স্তুতিপাঠক।

বন্দি,—ন্দী, (বন্দ=স্তবকরা+ই, ষ্য, স্ত্রী, কারারুদ্ধ, কয়েদী, মই, সিঁড়ী, বন্দনা।

বন্দিগ্রাহ, বন্দিচোর, (বন্দি=যে রুদ্ধ বা বদ্ধ থাকে, কয়েদী+গ্রাহ=যে গ্রহণ করে; বন্দি+চোর=চোর) ষ্য, পুং, সিঁদেল চোর।

বন্দী, (বন্দ্+ইন্—ঘ) ষ্য, পুং, স্তুতিপাঠক। ণ, ত্রি, বন্দনাকারী।

বন্দীকার, ষ্য, পুং, সিঁদেল চোর, বন্দিগ্রাহ। [পূজক, স্তাবক।

বভ্রু, ষ্য, ন, কল্যাণ, মঙ্গল। ণ, ত্রি,

বন্য, (বন+যৎ—সম্বন্ধার্থে, জাতার্থে) ণ, ত্রি, বনসম্বন্ধীয়, বনোৎপন্ন।

বন্যা, (বন=জল, অরণ্য+যৎ—সমূহার্থে) ষ্য, স্ত্রী, জলপ্লাবন, বান, অরণ্যসমূহ।

বপ,—পুং, বপন,—ন, (বপ্=বীজবুনা, মুণ্ডন করা+অচ, অনট—ভাব) ষ্য, বীজরোপণ, তন্তু বয়ন, ক্ষৌর, কামান, অস্থি মজ্জা, শুক্র।

বপনী, (বপ্+অন, ঈপ্) ষ্য, স্ত্রী, তাঁতঘর, মাকু, নাপিতাস্ত্রবিশেষ।

বপা, (বপ্+অ, আপ) ষ্য, স্ত্রী, রন্ধ্র, ছিদ্র, মেদঃ, চর্ব্বি।

বপিল, (বপ্=বীজবুনা+ইল—সংজ্ঞার্থে) ষ্য, পুং, জনক, পিতা।

বপুঃ, (বপ্+উস্) ষ্য, ন, শরীর, দেহ, প্রশস্ত আকৃতি।

বপুন, (বপ্=বপনকরা+উন) ষ্য, পুং, সুর, দেবতা। ন, জ্ঞান।

বপ্তা, (বপ্+তৃচ—ঘ) ণ, ত্রি, বপনকারী। ষ্য, পুং; পিতা, বাপ, কবি।

বপ্র, (বপ্+র) ষ্য, পুং, যাহাতে বীজ বুনে, ক্ষেত্র, কেদার, ক্ষেত্রের আলি, তীর, তট, মৃৎস্তূপ, প্রাচীর, রেণু, সানু। পুং, পিতা, বাপ, প্রজাপতি। ন, সীসক।

বপ্রক্রিয়া, বপ্রক্রীড়া, (বপ্র=ক্ষেত্র+ক্রিয়া, ক্রীড়া, ৭-ষ) ষ্য, স্ত্রী, শৃঙ্গদন্তাদি দ্বারা খনন, উৎখাতকেলি।

বপ্রি, ষ্য, পুং, ক্ষেত্র, সমুদ্র।

বপ্রী, ষ্য, স্ত্রী, বল্মীক, উইয়ের টিপি।

বম, (বম্=উদ্গারকরা+অচ—ভাব) ষ্য, পুং, বমন, উদ্গীরণ, নিঃসারণ।

বমথু, (বম্+অথু—ভাব) ষ্য, পুং, বমন, নিঃসারণ, হস্তিশুণ্ডনির্গত জলকণা, করশীকর।

বমন, (বম্+অনট—ভাব) ষ্য, ন, উদ্গীরণ, নেকার, পীড়া, ক্লেশ, আহুতি। নী—স্ত্রী, জলৌকা, জোঁক।

বমনীয়, (বম্+অনীয়—ট) ণ, ত্রি, বমনযোগ্য। য়া—স্ত্রী, মক্ষিকা, মাছি।

বমি, (বম্+ই—ভাব) ষ্য, স্ত্রী, বমন। পুং, অগ্নি, ধূর্ত্ত।

বমিত, (বমি=নেকার করান+ক্ত—ট) ণ, ত্রি, উদ্গীর্ণ, বান্ত, বমি।

বম্ভ, ষ্য, পুং, বংশ, বাঁশ।

বম্রীকূট, (বম্রী=পিপীলিকাবিশেষ+কূট=রাশি) ষ্য, পুং, বল্মীক, উইয়ের টিপি।

বয়ঃসন্ধি, ষ্য, পুং, যৌবনাবস্থা, যৌবন।

বয়ঃস্থ, বয়স্থ, (বয়স্+স্থ=যে থাকে, ৭-ষ) ণ, ত্রি, যুবা, মধ্যবয়স্ক। স্থা—স্ত্রী, বয়ড়া, আমলকী, হরিতকী, গুড়ূচী, সূক্ষ্মৈলা, ছোট এলাচ।

বয়ঃ, (অজ=গমনকরা+অস্) ষ্য, ন, পক্ষী, আয়ুঃ, বাল্যাদি জীবনকাল, যৌবন।

বয়স্য, (বয়স্+য—তুল্যার্থে) ষ্য, পুং, সখা, সমানবয়স্ক। স্যা—স্ত্রী, সখী।

বর, (বৃ=প্রার্থনা করা, বরণকরা+অল্—ট, ভাব) ষ্য, পুং, আশীর্ব্বাদ, প্রার্থনা, ইচ্ছা, কোন কর্ম্ম নির্ব্বাহার্থ নিয়োগ বা প্রার্থনাকরা, আবরণ, জামাতা, বিবাহকর্ত্তা, পতি, বিড়ঙ্গ, লম্পট। ণ, ত্রি, শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ,

উৎকৃষ্ট, অভীষ্ট। ন, কুঙ্কুম, গন্ধদ্রব্যবিশেষ, বেণুক, অপেক্ষাকৃত উত্তম, (বর্গা বও হয়)।

বরক, (বৃ=আবরণকরা+ণক) স্থ, ন, বস্ত্র, পোতাচ্ছাদন। [পেয়ালা।

বরকন্দাজ, (যবনভাষা) স্থ, চাপরাশী,

বরক্রতু, (বর=শ্রেষ্ঠ+ক্রতু=যজ্ঞ) স্থ, পুং, ইন্দ্র, বাসব।

বরগা, (দেশজ) স্থ, ইষ্টকময় গৃহের আচ্ছাদনার্থ ক্ষুদ্র কাষ্ঠবিশেষ।

বরচন্দন, স্থ, ন, অগুরু, দেবদারু।

বরট, (বৃ=সেবা করা+অট; অথবা বর=উৎকৃষ্ট+অট=গমন; ৬.হ) স্থ, ন, কুন্দপুষ্প পুং,টা, টী—স্ত্রী, রাজহংস, রাজহংসী, বোল্‌তা।

বরণ, (বৃ=বরণ করা, আবরণ করা+অনট্—ভাব, ধ) স্থ,ন, নিযুক্তকরণ, বেষ্টন, সেবণ করা, আচ্ছাদন, প্রার্থনা, ইচ্ছা। পুং প্রাচীর, বৃক্ষবিশেষ, সেতু, বরুণবৃক্ষ, পূজনাদি, বৃক্ষমাত্র, উষ্ট্র, সংক্রম, সাঁকো। ণা—স্ত্রী, বারাণসীর উত্তরে স্থিত নদীবিশেষ।

বরণসী, বরাণসী, (বরণা+অসী=কাশীর উত্তরস্থ ও দক্ষিণস্থ নদীদ্বয়, নিপাতন; অথবা বর=অত্যুত্তম+অনস্=জল+অ, ঈ। স্থ,স্ত্রী, বারাণসী, কাশী।

বরণীয়, (বৃ=প্রার্থনা করা, বরণ করা+অনীয়—চ) ণ, ত্রি, প্রার্থনীয়, বরণযোগ্য, শ্রেষ্ঠ।

বরণ্ড, (বৃ=আবরণ করা ইত্যাদি+অণ্ড) স্থ, পুং, বারাণ্ডা, ব্রণ, বরসকোড়া, সমূহ, বড়িশ সূত্র, গাঁঠরী।

বরণ্ডক, (বরণ্ড+কণ্—যোগ) স্থ, পুং, ব্রণ, বরণ্ড, হাতীর হাওদা, ভিত্তি, দেওয়াল, বর্ত্তুল, গোলা। ণ, ত্রি, ভীত, কৃপণ, বিশাল, বড়।

বরণ্ডালু, স্থ, পুং, এরণ্ডবৃক্ষ।

বরত্রা, (বৃ=আবরণ করা+অত্র) স্থ, স্ত্রী, হস্তীর কক্ষরজ্জু, কাছাদি।

বরদচ, স্থ, পুং, নিমবৃক্ষ।

বরদ, (বর+দা=যে দান করে, ২-য়) ণ,ত্রি, অভীষ্টদাতা, প্রসন্ন। দা—স্ত্রী, কন্যা, দুর্গা, অভীষ্টদাত্রী, মাঘ-শুক্ল-চতুর্থী। [সন্ধি।

বরদাস্ত, (যাবনিক) স্থ, সহিষ্ণুতা,

বরপ্রদ, (বর+প্রদ=যে প্রদান করে, ২-য়) ণ, ত্রি, অভীষ্টদাতা। দা—স্ত্রী, অগস্ত্যপত্নী, লোপামুদ্রা।

বরফ, (যবনভাষা) স্থ, হিমানী, তুষার।

বরফল, স্থ, পুং, নারিকেল বৃক্ষ।

বরম্, (বৃ+অম্) ব্য, অপেক্ষাকৃত উৎকৃষ্ট।

বরয়িতা, (বরি=বরণ করান+তৃচ্—য) স্থ, পুং, স্বামী, পাণিগ্রাহক, যাহারা প্রতিনিধি বাছিয়া লয়। ত্রী—স্ত্রী, পত্নী, স্বয়ংবরা।

বররুচি, (বর=উৎকৃষ্ট+রুচি=দীপ্তি, স্পৃহা; ৬.হ) স্থ, পুং, কবিবিশেষ, বিক্রমাদিত্যের সভায় নবরত্নের একরত্ন, কাত্যায়ন মুনি।

বরল, (বর+লা=গ্রহণকরা+ক; অথবা বরট দেখ; ট স্থানে ল) স্থ, পুং, —স্ত্রী, বোল্‌তা। লা—স্ত্রী, রাজহংসী।

বরবৎসলা, (বর=বিবাহকর্ত্তা+বৎসল=স্নেহবিশিষ্ট, ৭-য) স্থ, স্ত্রী, শাশুড়ী, শ্বশ্রূ।

বরবর্ণিনী, (বর=স্বামী+বর্ণ=স্তবকরা+ইন্—য; কিম্বা বর=উৎকৃষ্ট+বর্ণ=রং+ইন্—অস্ত্যর্থে) স্থ, স্ত্রী, অত্যুত্তমা স্ত্রী, গৌরী, সাধ্বী স্ত্রী, জায়া, লক্ষ্মী সরস্বতী, লাক্ষা, হরিদ্রা, গোরোচনা, প্রিয়ঙ্গু বৃক্ষ।

বরবাহ্লীক, (বর+বাহ্লীক, এই দুই শব্দের একই অর্থ) স্থ, ন, কুঙ্কুম।

বরবৃদ্ধ, (বর=শ্রেষ্ঠ+বৃদ্ধ=বুড়া) স্থ, পুং, শিব।

বরাক, (বৃ=আচ্ছাদন করা ইত্যাদি +বাকণ্)ণ, ত্রি, নীচ, অবক্ত ব্যক্তি, দীন, শোচনীয়। স্ত্র, পুং, শিব।

বরাঙ্গ, (বর=শ্রেষ্ঠ+অঙ্গ, কর্ম্মধা) স্ত্র, ন, মস্তক, স্ত্রীপুংচিহ্ন, গুহ্যদেশ। পুং, হস্তী, বিষ্ণু, কন্দর্প। ণ, ত্রি, উত্তম অঙ্গযুক্ত।-ঙ্গী,স্ত্রী, অম্লবেতস।

বরাঙ্গনা, (বর=শ্রেষ্ঠ+অঙ্গনা=স্ত্রী) স্ত্র, স্ত্রী, উত্তমা স্ত্রী।

বরাট, (বৃ=আবরণ করা+আট— সংজ্ঞার্থে; অথবা বর=অর+অট্= গমন করা+অ) স্ত্র, পুং, টী—স্ত্রী, কপর্দ্দক, কড়ি। (দেশজ) রাগিণী-বিশেষ।

বরাটক, (বর+অট্=গমন করা+ অ) স্ত্র, পুং, পদ্মবীজকোষ, রজ্জু। (বরাট+কণ্—স্বার্থে) পুং, টিকা —স্ত্রী, কপর্দ্দক, কড়ি।

বরাণ, (বর=শ্রেষ্ঠ+আ+নী=পাওয়া +ড) স্ত্র, পুং, বরুণবৃক্ষ, ইন্দ্র।

বরারক, (বর=শ্রেষ্ঠ+ঋ=গমন করা বা হওয়া+অক)স্ত্র, ন,হীরক,হীরা।

বরারি, (দেশজ) স্ত্র, রাগিণীবিশেষ।

বরারোহ, (বর=শ্রেষ্ঠ+আরোহ=যে আরোহণ করে,কর্ম্মধা)স্ত্র,পুং,হস্তি-পক, হস্ত্যারোহ। (অতি গুরুত্ব হেতু শ্রেষ্ঠ আরোহ অর্থাৎ শ্রোণি যাহার; ৬.হু) হা—স্ত্রী, পরম সুন্দরী স্ত্রী, কটিদেশ।

বরালিকা, (বর=শ্রেষ্ঠ, অত্যুত্তম= আলি=সখী, সহচরী)স্ত্র, স্ত্রী, দুর্গা।

বরাবর, (যবনভাষা) ক্রিং—ণ, সম্মুখ, সমীপ।

বরাশি,—সি, (বর=আবরণ+অশ্= ব্যাপ্যা,+অস্=হওয়া+ই) স্ত্র, পুং, স্থূলবস্ত্র, মোটা কাপড়।

বরাসন, (বর=শ্রেষ্ঠ ইত্যাদি+আসন =বসিবার স্থান) স্ত্র, ন, উত্তম আসন। (বর=পতি, শ্রেষ্ঠব্যক্তি+ অস্+অন) স্ত্র, পুং, বিড়, লম্পট, দ্বারপাল।

বরাহ, (বর=শ্রেষ্ঠ, কিম্বা অভীষ্ট অর্থাৎ মুস্তাদিলাভ+আহ [আ+ হন্=আঘাত করা+ড—ষ]=যে ভূমিতে পোত্র আঘাত করে) স্ত্র, পুং, শূকর, বিষ্ণুর অবতারবিশেষ। যিনি বরাহরূপে জলমগ্ন পৃথিবীকে উদ্ধার করিয়াছিলেন, অথবা যিনি বর নামক অসুরকে নষ্ট করিয়া-ছিলেন, দ্বীপবিশেষ, পর্ব্বতবিশেষ, পরিমাণবিশেষ। [সূর্য্যমণি ফুল।

বরাহকালী, স্ত্র, স্ত্রী, পুষ্প বৃক্ষবিশেষ,

বরিবস্, (বৃ=সেবা করা ইত্যাদি+ ইবস্) স্ত্র, ন, পূজা, সেবা, অর্চ্চনা।

বরিবসিত,বরিবস্থিত, (বরিবস্যা=পরি-চর্য্যা+ইত ; বিকল্পে য—লোপ) ণ, ত্রি, সেবিত, পুজিত, অর্চ্চিত।

বরিবস্যা, (বরিবস্=পরিচর্য্যা+ক্য+ অ, আপ্; আ—ভাবে) স্ত্র, স্ত্রী, শুশ্রূষা, সেবা, পূজা, অর্চ্চনা।

বরিশী, (বড়িশী দেখ ; ড=র) স্ত্র, স্ত্রী, বড়িশ, বড়শী।

বরিষ, বরিষা, (বৃষ্=বর্ষণ করা+ইষন্) স্ত্র, ন, বর্ষ,সংবৎসর। পুং, বহু,বর্ষা, প্রাবৃটকাল, বৃষ্টি।

বরিষাপ্রিয়,(বরিষা=বর্ষাকাল+প্রিয়) স্ত্র, পুং, চাতকপক্ষী, ইহা কেবল বৃষ্টির জল পান করে।

বরিষণ, (বর্ষণ শব্দজ)স্ত্র, বৃষ্টি পতন।

বরিষ্ঠ, বরীয়ান্, (উরু=মহৎ+ইষ্ঠ— অত্যর্থে ; উরু=মহৎ+ঈয়স্—অ-ত্যর্থে)ণ, ত্রি, শ্রেষ্ঠতম, প্রধানতম। ন, তাম্র, মরিচ। স্ত্র, পুং, যোগ-বিশেষ, তিত্তিরি।

বরী, স্ত্র, স্ত্রী সূর্য্যপত্নী, শতাবরীলতা।

বরীবর্দ্দ, (বল=শক্তি+বর্দ্দ=বর্দ্ধন ; ল—রী,ধ স্থানে দ)স্ত্র,পুং,বৃষভ,বৃষ।

বরীষু, (বৃ=বরণ করা+ঈষু)স্ত্র, পুং,

কন্দর্প, মদন, কামদেব।
বরুট, ষ্য, পুং, ম্লেচ্ছ জাতিবিশেষ।
বরুড, ষ্য, পুং, নীচজাতিবিশেষ।
বরুণ, (বৃ=বেষ্টনকরা+উন—সংজ্ঞার্থে) ষ্য, পুং, জলাধিপতি, পশ্চিম দিক্‌পাল, সূর্য্য, বৃক্ষবিশেষ, জল, সমুদ্র।
বরুণাত্মজা, (বরুণ=সমুদ্র+আত্মজা=কন্যা) ষ্য, স্ত্রী, সুরা, সমুদ্র-মন্থনকালে ইহাও উৎপন্ন হইয়াছিল, মদিরা। [পদ্ম)ষ্য,স্ত্রী, বরুণের পত্নী।
বরুণানী, (বরুণ+ঈপ্; আন—আ-
বরুত্র, (বৃ=আবরণ করা+উত্র—সংজ্ঞার্থে) ষ্য, ন,উত্তরীয় বস্ত্র, চাদর।
বরূথ,(বৃ=আবরণ করা+উথ—সংজ্ঞার্থে) ষ্য,পুং রথস্থ গুপ্তস্থানবিশেষ, রথগুপ্তি। ন, বর্ম্ম, তনুত্রাণ, সাঁজোয়া, গৃহ, চর্ম্ম।
বরূথী, (বরূথ=রথগুপ্তি+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, রথ। থিনী—স্ত্রী, সেনা, বরূথবিশিষ্ট।
বরেণ, ষ্য, পুং, বোলতা।
বরেণ্য, (বৃ=বরণ করা+এন্য) প,ত্রি, প্রধান, শ্রেষ্ঠ, প্রার্থনীয়, বরণীয়, উৎকৃষ্ট। ষ্য, ন, কুঙ্কুম।
বরেন্দ্র, (বর=শ্রেষ্ঠ+ইন্দ্র, কর্ম্মধা) ষ্য,পুং,রাজা,ইন্দ্র। ন্দ্রী—স্ত্রী, গৌড়দেশের রাজধানী, প্রাচীন গৌড়।
বরেশ্বর, (বর=শ্রেষ্ঠ, প্রধান+ঈশ্বর=প্রভু) ষ্য, পুং, শিব, ধূর্জ্জটি।
বরোল, (বৃ=আচ্ছাদন করা+ওল) ষ্য, পুং—স্ত্রী, বোলতা, রাজহংস।
বর্ক্কর, (বৃক্=গ্রহণ করা+অরন্) ষ্য,পুং, ছাগল, যুবপশু, মেষশাবক, পরিহাস, ক্রীড়া।
বর্ক্করাট, (বর্ক্কর=যুবাপশু+অট্=তুল্য হওয়া+অচ্) ষ্য, পুং,কটাক্ষ, অপাঙ্গদর্শন, বালার্কতেজঃ, নায়িকার স্তনে নায়ককৃত নখক্ষত।
বর্কুট, ষ্য, পুং, অর্গল, খিল, আড়্‌গিন্, পিন্।
বর্গ, (বৃজ্=বর্জ্জন করা+ঘঞ্—চ) ষ্য, পুং, যে বিজাতীয়দের হইতে পৃথক্‌কৃত হয়, সজাতীয়সমূহ, শ্রেণী, দল, বর্জ্জন, ত্যাগ, পক্ষ, গ্রন্থের পরিচ্ছেদ, সমান অঙ্কদ্বয়ের পূরণ।
বর্গক্ষেত্র, ষ্য, ন, যে ভূমির দৈর্ঘ্য প্রস্থ পরস্পর সমান।
বর্গমূল, ষ্য, ন, যে রাশি আপনার দ্বারা গুণিত হয় তাহা সেই গুণনফলের বর্গমূল; পাঁচ পাঁচের দ্বারা গুণিত হইয়া ২৫ হয়, অতএব ৫ পঁচিশের বর্গমূল।
বর্গীয়, বর্গ্য, (বর্গ+ঈয়, য্য—সম্বন্ধার্থে,স্থিতার্থে) প, ত্রি,বর্গ সম্বন্ধীয়।
বর্চ্চঃ, (বর্চ্চ=দীপ্তি পাওয়া+অস্) ষ্য,ন, রূপ, আকার, তেজঃ, কান্তি, শুক্র, পুরীষ। [ন, বিষ্ঠা, পুরীষ।
বর্চ্চস্ক, (বর্চ্চস্+ক—হ্রস্বার্থে) ষ্য, পুং,
বর্চ্চস্বী, (বর্চ্চস্+বিন্—অস্ত্যর্থে) প, ত্রি,রূপবান্,তেজস্বী। ষ্য, পুং, চন্দ্র।
বর্জ্জন, (বৃজ্=ত্যাগকরা+অনট্—ভাব)ষ্য,ন, পরিত্যাগ,রহিতকরণ,বধ।
বর্জ্জনীয়, (বৃজ্+অনীয়—চ, প, ত্রি, বর্জ্জনের যোগ্য, ত্যাজ্য, মারণীয়।
বর্জ্জিত, (বৃজ্+ক্ত-চ) প, ত্রি, পরিত্যক্ত, নিরাকৃত, রহিত, হত।
বর্ণ, (বর্ণ=প্রেরণ করা+ঘঞ্—চ) ষ্য,পুং, যে বেদবাক্য দ্বারা আচারাদিতে প্রেরিত হয়,ব্রাহ্মণাদি জাতি। (বর্ণ=বিস্তার করা,স্তব করা,রংকরা, বাড়াইয়া বলা, দীপ্তি করা, উদ্যোগ করা+অ) শুক্লাদি রং, হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত কম্বলাদি, গুণ, স্তব, প্রশংসা, কীর্ত্তি, ব্রত, সুবর্ণ, বর্ণনা, রূপ,অঙ্গরাগ,উৎকর্ষ, প্রসিদ্ধি,খ্যাতি, যশঃ, নাট্যবেশ, সৌন্দর্য্য। পুং, ন, অ আ ক খ প্রভৃতি অক্ষর,ভেদ,

আকৃতি, জাতি, কষ্টি পাথরে স্বর্ণ রেখা, বিলেপন, প্রশস্তি, অষ্টবিধ মৈথুনাভাব-রূপ-ব্রত। ন, কুঙ্কুম।
বর্ণক, (বর্ণ=রং করা ইত্যাদি+ণক; অথবা=বর্ণ+কণ্—যোগ) ষ্য, পুং, —ন, বিলেপনদ্রব্য, অঙ্গরাগ,চন্দন, গাত্রানুলেপনী, যে দ্রব্য দ্বারা কাচ বা মৃৎপাত্রের উজ্জ্বলতা উৎপন্ন হয়, হরিতাল। ন, ভূষণ, ব্যাখ্যান গ্রন্থবিশেষ। পুং,স্তুতিপাঠক, গুণকীর্ত্তনকারী। পুং, র্ণিকা—স্ত্রী, নীলী প্রভৃতি রং, বেশবিন্যাস।
বর্ণকবি, (বর্ণ=স্তুতি+কবি=কাব্যকর্ত্তা) ষ্য,পুং, কুবের-পুত্র,নলকুবর।
বর্ণকূপিকা, (বর্ণ=অক্ষর+কূপ=কুয়া+কণ্—তুল্যার্থে) ষ্য, স্ত্রী, মস্যাধার, দোয়াত।
বর্ণচারক, (বর্ণ=রং+চর্=গমন করা+ণ্বুল) ষ্য, পুং, চিত্রকর, পটুয়া।
বর্ণজ্যেষ্ঠ, (বর্ণ=ব্রাহ্মণাদিজাতি+জ্যেষ্ঠ =অগ্রজ; ৭-ষ) ষ্য. পুং, ব্রাহ্মণ।
বর্ণতূলি,—লী, বর্ণতূলিকা, (বর্ণ=অক্ষর+তূলি, তূলী; কণ—যোগে বর্ণতূলিকা) ষ্য, স্ত্রী, লেখনী, কলম।
বর্ণদ, ষ্য, পুং, কালীয়কসর্প, কৃষ্ণসর্প।
বর্ণদাতা, (বর্ণ+দাতৃ=যে দান করে) ষ্য, পুং, ত্রী—স্ত্রী, হরিদ্রা।
বর্ণদারু,(বর্ণ=রং+দারু=কাষ্ঠবিশেষ) ষ্য,ন,যে সকল কাষ্ঠে রঙ প্রস্তুত হয়।
বর্ণদূত, (বর্ণ=বর্ণমালার অক্ষর ইত্যাদি+দূত=প্রেরিত) ষ্য, পুং, লিপি, লিখিত পত্রাদি।
বর্ণধর্ম্ম, (বর্ণ=ব্রাহ্মণাদি জাতি+ধর্ম্ম) ষ্য,পুং,ব্রাহ্মণক্ষত্রিয়াদির কর্ত্তব্যকর্ম্ম।
বর্ণন,(বর্ণ=স্তব করা+অনট—ভাব) ষ্য, ন, না—স্ত্রী, গুণকথন, স্তুতি, বিবরণ, প্রশস্তি,রঞ্জন।[বর্ণনযোগ্য।
বর্ণনীয়, (বর্ণ+অনীয়—চ) প. ত্রি,
বর্ণপ্রসাদন, ষ্য, ন, স্নান, বর্ণপরিকারক দ্রব্য, অগুরু।
বর্ণমাতা, (বর্ণ=অক্ষর+মাতৃ=মা) ষ্য, স্ত্রী, লেখনী, কলম।
বর্ণমাতৃকা, (বর্ণ=অক্ষর+মাতৃকা=স্বর্গীয় মাতা) ষ্য, স্ত্রী, সরস্বতী, বাগ্দেবী। [ষ্য, স্ত্রী, বর্ণাবলী।
বর্ণমালা, (বর্ণ+মালা=শ্রেণী; ৬-ষ)
বর্ণরেখা, বর্ণলেখা, (বর্ণ=রং+রেখা, লেখা=শ্রেণী) ষ্য, স্ত্রী, কঠিনী, খড়ী।
বর্ণবতী, (বর্ণ=রং+বৎ—অস্ত্যর্থে) ষ্য, স্ত্রী, হরিদ্রা।
বর্ণবিলোড়ক, (বর্ণ=স্তুতি+বি+লোড়্ =উন্মত্ত হওয়া+ণ্বুল) ষ্য, পুং, যে ব্যক্তি অন্যের লিখিত বিষয়কে স্বকৃত বলিয়া পরিচয় দেয়, সিঁদেল চোর।
বর্ণসঙ্কর, (বর্ণ+সঙ্কর=মিশ্রণ) ষ্য, পুং, সঙ্কীর্ণজাতি, মিশ্রজাতি, ব্রাহ্মণাদি জাতির অনুলোম বা প্রতিলোম জাত বর্ণ।
বর্ণাঙ্কা, (বর্ণ=অক্ষর+অন্‌ক্=গমন করা, আঁকা+অচ্—ধ) ষ্য, স্ত্রী, লেখনী, কলম।
বর্ণাট, (বর্ণ=রং ইত্যাদি+অট্=গমন করা বা হওয়া+অচ্) ষ্য,পুং,গায়ক, চিত্রকর, নট।
বর্ণাত্মা, (বর্ণ=অক্ষর+আত্মন্=স্বরূপ; ৬-ষ) ষ্য, পুং, শব্দ, বাচকবর্ণ।
বর্ণানুভাবকতা, (বর্ণ+অনুভাবকতা) ষ্য, স্ত্রী, যে বৃত্তি দ্বারা শুক্লপীতাদি বর্ণের উপলব্ধি হয়।
বর্ণার্হ, ষ্য, পুং, মুদ্গ, মুগ।
বর্ণি, (বর্ণ=রংকরা+ইন্) ষ্য,ন, স্বর্ণ।
বর্ণিক, (বর্ণ=অক্ষর+ঠক্) ষ্য, পুং, লেখক,লিপিকর। কা—স্ত্রী, কঠিনী, খড়ী, লেখনী, কলম, মসি, লিখিবার কালি, তূলি, স্বর্ণোৎকর্ষ।
বর্ণিত, (বর্ণ+ক্ত—চ) প,ত্রি,ব্যাখ্যাত, প্রশংসিত, স্তুত, বিবৃত, রঞ্জিত।
বর্ণিনী, ষ্য, স্ত্রী, হরিদ্রা।

বর্ণী, (বর্ণ—বং ইত্যাদি+ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং লেখক, চিত্রকর, ব্রহ্মচারী, বর্ণাশ্রমবাসী। র্ণিনী—স্ত্রী, নারী, যোষিৎ, হরিদ্রা।

বর্ণিলিঙ্গী, ষ্য, পুং, ব্রহ্মচারী, যতি।

বর্ণ্য, (বর্ণ=স্তবকরা+যৎ—চ) ণ, ত্রি, বর্ণনযোগ্য, বর্ণনীয়।

বর্ত্তক,(বৃৎ=বিদ্যমান থাকা+ণক)ষ্য, পুং, র্ত্তিকা—স্ত্রী, পক্ষিবিশেষ,ভাবই পক্ষী। পুং, অশ্বের খুর। ন, লৌহ-বিশেষ। [জন্ম। ষ্য, পুং, মেঘ।

বর্ত্তজন্মা, (বর্ত্ত=অবস্থান+জন্মন্=

বর্ত্তন,(বৃৎ=বিদ্যমান থাকা+অনট্—ণ, ভাব) ষ্য, ন, জীবিকা, বৃত্তি, যাপন,স্থিতি,অবস্থিতি বেতন, তুলার পাঁইজ, বর্ত্তুল, নিষ্পেষণ। ন, স্ত্রী, চরকার টেকো, পেষণকরা। পুং, বায়স কাক, বামন, খর্ব্ব। ণ, ত্রি, বর্ত্তিষ্ণু,স্থায়ীশীল, বৃত্তিযুক্ত,বর্ত্তমান।

বর্ত্তনি,(বৃৎ+অনি—সংজ্ঞার্থে ষ্য পুং পূর্ব্বদেশ। নী—স্ত্রী, বর্ত্ম,পথ,পন্থা।

বর্ত্তমান, (বৃৎ+শানচ্ ষ, ম-আগম) ষ্য, পুং, প্রারব্ধ ও অসমাপ্ত-কাল। ণ, ত্রি উপস্থিত, বিদ্যমান, যাহা চলিতেছে,সাক্ষাৎ স্থিতিশীল।

বর্ত্তরুক, ষ্য পুং, নদ বিশেষ, আবিল জলাশয়, কাকের বাসা দ্বারপাল।

বর্ত্তলোহ, ষ্য,পুং,লৌহবিশেষ বিদনী।

বর্ত্তি—ত্তী, (বর্ত্তি=দীপ্তি পাওয়া+ই—ষ) ষ্য, স্ত্রী, প্রদীপ, দীপের দশা, প্রদীপের শলিতা, বাতি, তুলি, বনপ্রান্ত, পক্ষিবিশেষ।

বর্ত্তিকা, (বর্ত্তি+কন্, আপ) ষ্য, স্ত্রী, দীপদশা,বাতি, পক্ষিণীবিশেষ।

বর্ত্তিত, (বর্ত্তি=বর্ত্তান+ক্ত—চ) ণ, ত্রি, সম্পাদিত, নিষ্পাদিত, কৃত, সম্পন্ন। [স্থাতব্য, স্থিতিশীল।

বর্ত্তিতব্য, (বৃৎ+তব্য—চ) ণ, ত্রি,

বর্ত্তিষ্যমাণ, (বৃৎ+স্যমান—চ) ণ, ত্রি, ভাবী। ষ্য, পুং, ভবিষ্যৎকাল।

বর্ত্তী বর্ত্তিষ্ণু, (বৃৎ=বিদ্যমান থাকা+ইন ইষ্ণু—ষ, শীলার্থে) ণ, ত্রি, স্থিতিশীল, বর্ত্তনশীল।

বর্ত্তুল, (বৃৎ+উল) ণ ত্রি, গোলা-কার বৃত্ত, স্থূল। ষ্য, পুং, কলায়বি-শেষ, বাঁটুলা কলাই। লা—স্ত্রী,তর্ক-পাঠী, টেকোর বাঁটুল।

বর্ত্ম, (বৃৎ=থাকা+মন্ ষ্য, ন পন্থা, পথ, রাস্তা, রথ্যা আচার, নেত্র-চ্ছদ, চক্ষুর পাতা।

বর্ত্মনি, (বৃৎ+অনি ; ম—আগম) ষ্য স্ত্রী বর্ত্ম পথ, রথ্যা।

বর্দ্ধ, বৃধ=বৃদ্ধি পাওয়া বা বর্দ্ধ=ছেদ করা পূরণ করা+অচ্) ষ্য, পুং, পূরণ, বৃদ্ধি বর্দ্ধন,ছেদন বামনহাটির গাছ। ন, সীসক, সীসা।

বর্দ্ধক, (বর্দ্ধ+ণক—ষ) ণ ত্রি বৃদ্ধি-কারক, পূরক, ছেদক, ছেদনকারী।

বর্দ্ধকি (বর্দ্ধ [বর্দ্ধ=ছেদনকরা+অ] +কি [কৃ=বধকরা+ই]) ষ্য,পুং, সূত্রধর, ছুতার। [সূত্রধর, ছুতার।

বর্দ্ধকী, (বর্দ্ধক=ছেদক+ইন)ষ্য, পুং,

বর্দ্ধন (বৃধ=বৃদ্ধি পাওয়া+অনট—ভাব) ষ্য, ন, বৃদ্ধি, উন্নতি, বৃদ্ধি, বাড়ান, ছেদন পূরণ। ণ, ত্রি, বৃদ্ধি-কারক। নী—স্ত্রী ক্ষুদ্র জলপাত্র,ঘটী, সম্মার্জ্জনী, ঝাঁটা।

বর্দ্ধমান (বৃধ=বৃদ্ধিপাওয়া+শানচ—ষ) ষ্য পুং, শরাব, শরা নগরবিশেষ, পক্ষিবিশেষ, ধনীদিগের গৃহ-বিশেষ, বিষ্ণু, এরণ্ডবৃক্ষ। ণ, ত্রি, বৃদ্ধিশীল।

বর্দ্ধমানক, (বর্দ্ধমান+কন্—যোগ) ষ্য,পুং, শরাব, শরা। ণ,ত্রি,বৃদ্ধিশীল।

বর্দ্ধাপন, (বর্দ্ধ=ছেদন করান+ল্যুট—ভাব ষ্য,ন নাড়ীচ্ছেদনসংস্কারবিশেষ।

বর্দ্ধিত, (বৃধ=বৃদ্ধিপাওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, পূর্ণ, পূরিত, পোষিত, বৃদ্ধি

প্রাপিত, বাড়ান, ছেদিত, ছিন্ন।

বর্দ্ধিষ্ণু, (বৃধ্+ইষ্ণু—য, শীলার্থে) ণ, ত্রি, বর্দ্ধনশীল, বৃদ্ধিযুক্ত।

বর্দ্ধ, (বৃধ্+রক্) স্ন, ন, দ্ধ্রী—স্ত্রী, চর্ম্মরজ্জু।

বর্ম্ম, (বৃ=আবরণ করা+মন্)স্ন, ন, তনুত্রাণ, কবচ, সাঁজোয়া। পুং, ক্ষত্রিয়ের উপাধি।

বর্ম্মহর, (বর্ম্মন্+হর=যে হরণ করে, ২-ষ) ণ, ত্রি,কবচধারী। পুং, তরুণ।

বর্ম্মিত, বর্ম্মী, (বর্ম্মন্+ইত, ইন—অস্ত্যর্থে) ণ, ত্রি,বর্ম্মযুক্ত, কবচধারী, সাঁজোয়া পরা।

বর্য্য, (বৃ=প্রার্থনা করা+য—ট)ণ, ত্রি, প্রধান, শ্রেষ্ঠ। স্ন, পুং, মদন, কন্দর্প। র্য্যা—স্ত্রী,পতিম্বরা, কন্যা।

বর্ব্বণা, (বর্=অনুকরণ শব্দ+বন্=শব্দ করা+অচ্, আপ্; বর্গীয়ও হয়) স্ন, স্ত্রী, নীলমক্ষিকা।

বর্ব্বর,(বর্ব্=পুনঃপুনঃ প্রার্থনা করা+অচ্) ষ্য, পুং, নীচজাতি, পামর, দেশবিশেষ, মূর্খ, "ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ"। বাউরিচুল, কীটবিশেষ, অস্ত্রের শব্দ, নৃত্যপ্রকার বিশেষ। রা, রী—ক্ষুদ্রজাতীয় মধুমক্ষিকা। ন, সিন্দূর, হিঙ্গুল, পীতচন্দন।

বর্ব্বরীক, (বৃ=বরণকরা, দ্বিত্ব+ঈক) স্ন, পুং, বাউরিচুল, বাবুই তুলসী, বামনহাটী, শিব।

বর্ষ, (বৃষ্=বর্ষণ করা+অণ্) স্ন, পুং,—ন, বৃষ্টি, সেচন, বৎসর, মেঘ, জম্বুদ্বীপ,জম্বুদ্বীপের নয় অংশ—কুরু, হিরণ্ময়, রম্যক, ইলাবৃত,হরি,কেতুমান, ভদ্রাশ্ব, কিন্নর, ভারত। র্ষা—স্ত্রী, বহুং, প্রাবৃট্কাল।

বর্ষকরী,(বর্ষ=বৃষ্টি+কৃ=চিহ্ন করা+অপ্, ঈ) স্ন, স্ত্রী, ঝিল্লিকা, উইচিংড়া,ইহারা বর্ষাকালে শব্দ করে।

বর্ষকেতু, স্ন, পুং, রক্তপুনর্নবা।

বর্ষকোষ,(বর্ষ=বৎসর+কোষ=শব্দাদি সংগ্রহ)স্ন,পুং, দৈবজ্ঞ, গণক, মাস।

বর্ষজ, (বর্ষ=বৃষ্টি+জ=জাত) ণ, ত্রি, বৃষ্টিজাত, মেঘোৎপন্ন, বৎসর জাত। [স্ন, ন, বৃষ্টি।

বর্ষণ, (বৃষ্=বর্ষণকরা+অনট্—ভাব)

বর্ষধর, বর্ষবর, (বর্ষ=রেতঃ, সেক+ধর=যে ধারণ করে,+বর=যে নিরাকরণ করে, ২-ষ) স্ন, পুং, নপুংসক, খোজা। [অন্তঃপুররক্ষক।

বর্ষধর্ষ, ষ্য, পুং, নপুংসক, খোজা,

বর্ষপর্ব্বত, (বর্ষ=জম্বুদ্বীপের নয় অংশ+পর্ব্বত, ৬-ষ) ষ্য, পুং, হেমকূটাদি সপ্ত কুলাচল, "হিমবান্ হেমকূটশ্চ নিষধো মেরুরেব চ,চৈত্রঃ কর্ণীচ শৃঙ্গীচ সপ্তৈতে বর্ষপর্ব্বতাঃ"।

বর্ষপাকী, (বর্ষ=বৃষ্টি+পাক=পক+ইন্) ষ্য, পুং, আমড়াগাছ।[চাতকপক্ষী।

বর্ষপ্রিয়, (বর্ষ=বৃষ্টি+প্রিয়) ষ্য, পুং,

বর্ষবর, ষ্য, পুং, নপুংসক, খোজা।

বর্ষবৃদ্ধি, (বর্ষ+বৃদ্ধি)স্ন, স্ত্রী,জন্মতিথি।

বর্ষাংশ, বর্ষাঙ্গ, (বর্ষ=বৎসর+অংশ=ভাগ,+অঙ্গ=অবয়ব) ষ্য, পুং, মাস।

বর্ষাঙ্গী,ষ্য,স্ত্রী, পুনর্নবা, শুশুনি শাক।

বর্ষাঘোষ, (বর্ষা+ঘোষ=শব্দ) ষ্য, পুং, মণ্ডূক, ভেক।

বর্ষাত্যয়, বর্ষাবসান, (বর্ষ+অত্যয়=নাশ,+অবসান=শেষ, ৬-ষ)ষ্য,পুং, শরৎকাল।

বর্ষাভূ, (বর্ষা+ভূ=যে হয়,৭-ষ) ষ্য পুং, ভ্বী—স্ত্রী, মণ্ডূক,ভেক,ব্যাঙ্, পুং, ইন্দ্রগোপকীট, কিঞ্চুলুক। ণ, ত্রি, বর্ষাজাত।

বর্ষামদ, (বর্ষ=বৃষ্টি+আমদ=যে আমোদ করে; অথবা বর্ষা+মদ=যে উন্মত্ত হয়) ষ্য, পুং, ময়ূর, শিখী

বর্ষারাত্র, (বর্ষা+রাত্রি) স্ন, পুং, বর্ষাকালীন রাত্রি।

বর্ষার্চ্চিঃ, (বর্ষা+অর্চ্চিস্=দীপ্তি)স্ন,পুং

মঙ্গলগ্রহ, যে বর্ষাকালে দৃশ্য হয়।
বর্ষালঙ্কারিকা, স্ত্য, স্ত্রী, গুকা, পিড়িং শাক। [ণ,ত্রি,বর্ষসম্বন্ধীয়,বর্ষাসম্বন্ধীয়।
বার্ষিক, (বর্ষ বা বর্ষা+ইক—ইদমর্থে)
বর্ষিষ্ঠ, বর্ষীয়ান্, (বৃদ্ধ+ইষ্ঠ—অতিশয়ার্থে; বৃদ্ধ+ঈয়স্—অতিশয়ার্থে; বৃদ্ধ স্থানে বর্ষ) ণ. ত্রি, অতিশয় বৃদ্ধ, সর্ব্বজ্যেষ্ঠ।
বর্ষিন্, বর্ষুক, (বৃষ =বর্ষণকরা+ইন্, উক—ণ, শীলার্থে)ণ. ত্রি, বর্ষণশীল, বর্ষণকারী।
বর্ষুকাব্দ, (বর্ষুক=বর্ষণশীল+অব্দ= মেঘ)স্ত্য, পুং, বর্ষণশীল মেঘ, যে মেঘ হইতে বারি পতিত হইতেছে।
বর্ষোপল, (বর্ষ=বৃষ্টি+উপল=প্রস্তর, ৬-ষ)স্ত্য,পুং.মেঘভবশিলা,শিল,করকা
বর্ষ্ম, (বৃষ +মন্) স্ত্য, ন, শরীর,পরিমাণ, উচ্চতা, সুন্দর আকৃতি।
বর্হ, (বৃহ্=বৃদ্ধি পাওয়া, কিম্বা বর্হ্= দীপ্তি পাওয়া+অচ্) স্ত্য, ন, ময়ূরপুচ্ছ। পুং—ন, পত্র। পুং, সঙ্গী, অনুচর। [পাতা, দল।
বর্হণ, (বৃহ্+ল্যুট্) স্ত্য, ন, পত্র,
বর্হি, (বৃহ্+ই)স্ত্য, পুং, অগ্নি,কৃশানু, অনল, দব, দাহ, দহন।
বর্হিণ, বর্হী, (বর্হ=ময়ূরপুচ্ছ+ইন-অস্ত্যর্থে; বর্হ+ইন্—অস্ত্যর্থে) স্ত্য, পুং, ময়ূর, শিখী, বর্হবিশিষ্ট।
বর্হিণবাহন, বর্হিবাহন,(বর্হিণ,বর্হি =ময়ূর+বাহন ; ৬.হ) স্ত্য, পুং, ময়ূরবাহন, কার্ত্তিকের, স্কন্দ।
বর্হিধ্বজা, (বর্হিন্=ময়ূর+ধ্বজ= পতাকা) স্ত্য, স্ত্রী, দুর্গা, চণ্ডী।
বর্হিপত্র, স্ত্য, ন, ময়ূরপুচ্ছ।
বর্হির্জ্যোতিঃ, (বর্হিস্=কুশ+জ্যোতিস্=দীপ্তি ; ২.হ) স্ত্য, পুং,অনল, অগ্নি, জ্বলন। [দেবতা।
বর্হির্মুখ,(বর্হিস্=অগ্নি+মুখ) স্ত্য.পুং,
বর্হিষদ, (বর্হিস্=কুশ বা অগ্নিতে +অদ্=ভক্ষণকরা+ক্বিপ্) স্ত্য, পুং, পিতৃপুরুষ বিশেষ।
বর্হিঃ, (বৃহ্+ইস্)স্ত্য,পুং, অগ্নি, যজ্ঞ, দীপ্তি। পুং, ন, কুশ।
বর্হিঃশুষ্মা, (বর্হিস্=যজ্ঞ+শুষ্মন্= যে শুষ্ক করে, ২.ষ ; অথবা বর্হিস=কুশ+শুষ্মন্=বলঃ ৬.হ) স্ত্য, পুং, অগ্নি, অনল, দহন।
বল, (বল্=বেষ্টনকরা+অচ্) স্ত্য, ন, সৈন্য, সেনা, বর্গ্য ব দেখ।
বলক্ষ,(অব+লক্ষ্=দর্শন করা+অচ্) ণ, ত্রি, শুক্লবর্ণ, শাদা। পুং— শ্বেতবর্ণ, শাদা রঙ।
বলক্ষগু, স্ত্য, পুং, চন্দ্র। [রাশি।
বলজ, (বর্গ্য ব দেখ) স্ত্য, পুং, ধান্য-
বলদ, (বল+দ=যে দান করে, ২-ষ) ণ, ত্রি, বলদাতা। (বলীবর্দ্দ শব্দজ) স্ত্য. বৃষ, ষাঁড়, দামড়া।
বলন,(দেশজ)স্ত্য, কথন,বাক্যপ্রয়োগ।
বলভি,—ভী,(বল্=আচ্ছাদন করা+ অভচ্, ঈ) স্ত্য, পুং—স্ত্রী, গৃহের কাঠাম, ছাদের উপরিস্থ গৃহ, ছাদ, গৃহচূড়া,মটুনি,চাল ও ছাদের পাইড়।
বলয়, (বল্=বেষ্টন করা+কয়ন্) স্ত্য, পুং—ন, করভূষণ, বালা, মণ্ডল, বেষ্টন। পুং, গলরোগবিশেষ।
বলয়িত, (বলয়+ইত—সংজাতার্থে) ণ, ত্রি, বেষ্টিত, ঘেরা, পরিবৃত।
বলাকা,(বল+অক্=গমন করা+অচ্, যে বলদ্বারা অতি উর্দ্ধে গমন করে ; কিম্বা বল্=আচ্ছাদন করা+আকন্, আপ্) স্ত্য, স্ত্রী, ক্ষুদ্রজাতীয় বকশ্রেণী
বলাসক, স্ত্য, পুং, কোকিল, ভেক।
বলাহক,(বারি+বাহক=যে বহনকরে; নিপাতন) স্ত্য. পুং.মেঘ, সর্পবিশেষ, পর্ব্বত,দৈত্য। (বর্গ্য বও হয়)।
বলি, স্ত্য, ন, বর্গ্য ব দেখ।
বলির, ণ, ত্রি, কেকরাক্ষ, টেরা।
বলিশ, (বল=মৎস্যখাদ্য+শো=প্রহন

করা+ড—ষ)স্ত্র, ন,শি,শী—স্ত্রী, যে টোপ গাঁথে, বড়িশ, বঁড়্শী।

বলীক, (বল্=আবরণ করা+ঈক) স্ত্র, ন, নীধ্র, ঘরের চালের ছাঁইচ।

বল্ক, (বল্=বেষ্টন করা+উক) স্ত্র, ন, পদ্মমূল। পুং, পক্ষিবিশেষ।

বল্ক,—ল, বল্কল,—পুং, ন, (বল্=আবরণ করা+কক, কলচ্) স্ত্র, বৃক্ষত্বক্, গাছের ছাল, শল্ক, মাছের আঁশ। ন, বল্কল শব্দে দারুচিনি।

বল্কবান্, (বল্ক=আঁস+বৎ—অস্ত্যর্থে) স্ত্র, পুং, মৎস্য। ণ, ত্রি, বল্কবিশিষ্ট।

বল্কা, (দেশজ) ণ, ঈষদুষ্ণ, অল্পতপ্ত।

বল্কান, (দেশজ) স্ত্র, ফুটিয়া উঠন।

বল্কিল, (বল্ক=বৃক্ষত্বক্+ইল) স্ত্র, পুং, কণ্টক, কাঁটা।

বল্কুত, (বল্=আচ্ছাদনকরা+কুত) স্ত্র, ন, বল্কল, গাছের ছাল।

বল্গ, (বল্গ=গমন করা+অচ্) স্ত্র, ন, গতি, ভোজন।

বল্গা, (বল্গ=দৌড়িয়া যাওয়া,লাফমারা+অচ্—ধ, আপ্) স্ত্র,স্ত্রী, রশ্মি, মুখরজ্জু, লাগাম।

বল্গাহরিণ,স্ত্র,সুমেরু সন্নিহিত দেশস্থ হরিণবিশেষ, ঐ দেশের লোক ঐ হরিণ জাতির মুখে লাগাম দিয়া শকটাদি টানায়।

বল্গিত, বল্গন, (বল্গ=দৌড়িয়া যাওয়া+ক্ত, অনট্—ভাব) স্ত্র, ন, অশ্বের গতিবিশেষ, প্লুত গতি, হস্তপদাদির আস্ফালন,গমন,লম্ফন, বল্গুভাষণ, জল্পন।

বল্গু, (বল্—আবরণ করা+গুক্) স্ত্র, পুং, ছাগল। ণ, ত্রি, মধুর, সুন্দর, মনোহর।

বল্গুক, (বল্গু+কন্ যোগ)ণ,ত্রি, রুচির, মনোহর। স্ত্র,ন,চন্দন,বন,পণ,বাজি।

বল্গুপত্র, স্ত্র,পুং, বনমুদ্গ, বনমুগ।

বল্গুলা, স্ত্র, স্ত্রী, বাকুচী, হাকুচ,পক্ষিবিশেষ। [তেলাপোকা,আরশোলা।

বল্গুলিকা, স্ত্র, স্ত্রী, তৈলপায়িকা,

বল্ভন, (বল্ভ=ভোজন করা+অনট্—ভাব) স্ত্র,ন, ভোজন, ভক্ষণ, আহার।

বল্মিক, বল্মিকি, বল্মীক, বল্মীকি,(বল্=আচ্ছাদন করা,বৃদ্ধি পাওয়া+ইক, ইকি, ঈক, ঈকি ; ম—আগম) স্ত্র, পুং,—ন, উইয়ের ঢিপি। পুং, বাল্মীকি মুনি, গোদ, গলগণ্ড, শোথরোগ।

বল্মীকূট,স্ত্র,ন,বল্মীক, উইয়ের ঢিপি।

বল্ল, (বল্ল—আচ্ছাদন করা, সঙ্কলন করা+অচ্) স্ত্র, পুং, ধান্যাদি শস্য পাছড়ান, গুঞ্জাত্রয় পরিমাণ, ৩কুঁচ পরিমাণ। ন,ভক্ষ্যবস্তু, সংবরণ।

বল্লকী,(বল্ল—আচ্ছাদন করা+কন্)স্ত্র, স্ত্রী,বাদ্যযন্ত্রবিশেষ,বীণা,শল্লকীবৃক্ষ।

বল্লভ, (বল্ল=আচ্ছাদন করা+অভচ্) ণ, ত্রি, প্রিয়, দয়িত, কান্ত, প্রণয়ী, পতি, অধ্যক্ষ। পুং, প্রশস্তকুলোৎপন্ন লক্ষণাক্রান্ত অশ্ব, নায়ক, পতি, বন্ধু। ভা,—স্ত্রী,দয়িতা, প্রিয়া,প্রণয়িনী, গোপরাজ্ঞ।

বল্লভপালক, (বল্লভ=অশ্ব+পালক=যে পালন করে) ণ, ত্রি, অশ্বরক্ষক।

বল্লর,(বল্ল=আচ্ছাদন করা+অরন্) স্ত্র, ন, বন, কুঞ্জ, মঞ্জরী, কৃষ্ণাগুরু।

বল্লরি,—রী, (বল্ল+অরন্, ই) স্ত্র, স্ত্রী, ব্রততী, লতা, মঞ্জরী।

বল্লব,(বল্ল=ভক্ষ্যদ্রব্য+ব—অস্ত্যর্থে) ণ, ত্রি,পাচক। স্ত্র,পুং,সূপকার,ভীমসেন। (বল্ল=আচ্ছাদন+ব)গোপ। বী—স্ত্রী, গোপী।

বল্লি,বল্লী,(বল্ল—আচ্ছাদন করা+ইন্, ঈপ্)স্ত্র, স্ত্রী, লতা, পৃথিবী। [দুর্বা।

বল্লিদুর্বা, স্ত্র, স্ত্রী, মালাদুর্বা, মালাই

বল্লীগড়, স্ত্র, পুং, মৎস্য বিশেষ, বাজি গড়া মাছ, ভোলা মাছ।

নী=পাওয়া+ক্বিপ; বষ্কয়—বাছুর+ইন্—অস্ত্যর্থে, ঈপ্) স্ত্য, স্ত্রী, চির প্রসূতা গবী, যে গাভীর অনেক বাছুর হইয়াছে।

বসতি,—তী, (বস্=বাসকরা+অতি, ঈপ্) স্ত্য,স্ত্রী,বাসস্থান,বাস,স্থিতি,রাত্রি।

বসন্, (বস্—বাসকরা+অৎ—ঘ) ণ, ত্রি, বাসকারী, স্থিতিকারী, বাসিন্দা।

বসন, (বস্—আচ্ছাদন করা+ল্যুট্—ধ) স্ত্য, ন, বস্ত্র, কাপড়, বাস, বাসস্থান, আচ্ছাদন, স্ত্রীলোকের কটিভূষণ।

বসন্ত, (বস্=বাসকরা+অন্ত) স্ত্য, পুং, ঋতুবিশেষ, ফাল্গুন চৈত্রমাস, স্বনাম প্রসিদ্ধ রোগ, রোগবিশেষ, অতিসাররোগ।

বসন্তঘোষী, (বসন্ত+ঘোষিন্—যে গান করে) স্ত্য, পুং, কোকিল।

বসন্তজা, (বসন্ত—বসন্তকাল+জা=যে জন্মায়) স্ত্য, স্ত্রী, মাধবীলতা।

বসন্ততিলক,-ন, কা—স্ত্রী, চতুর্দ্দশাক্ষরপাদচ্ছন্দোবিশেষ, যাহার ৩য় ৫ম ৬ষ্ঠ ৭ম ৯ম ১০ম ১২শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

বসন্তদূত, (বসন্ত+দূত=বার্ত্তাবহ) স্ত্য, পুং, কোকিল, পঞ্চমস্বর, আম্রবৃক্ষ। তী—স্ত্রী, কোকিলা, মাধবীলতা, গণিকারী লতা। [পূজা।

বসন্তপঞ্চমী, স্ত্য, স্ত্রী, শ্রীপঞ্চমী, সরস্বতী

বসন্তসখ, (বসন্ত+সখি=বন্ধু : ৬-ষ ; অ) স্ত্য, পুং, কন্দর্প, কামদেব, মদন।

বসন্তোৎসব, স্ত্য, ন, দোলযাত্রা।

বসা, (বস=বাসকরা+অঙ্, আপ্) স্ত্য, স্ত্রী, মজ্জা, মেদঃ, চর্ব্বি।

বসাঢ্য, (বসা+আঢ্য) স্ত্য, পুং, শিশুমার, শুশুক।

বসান, (বস্—আচ্ছাদন করা+শান্) ণ, ত্রি, পরিধানকর্ত্তা, আচ্ছাদয়িতা।

বসাপায়ী, (বসা+পায়িন্=যে পান করে) স্ত্য, পুং, কুক্কুর, সারমেয়।

বসায়, স্ত্য, ন, ইচ্ছা, অভিপ্রায়।

বসাস্তর, (বসা+আস্তর=আস্তরণ) স্ত্য, পুং, চর্ব্বির আচ্ছাদন।

বসি, স্ত্য, পুং, গৃহ, আবাস। [নিবাসী।

বসিন্দা, (দেশজ) ণ, বসতিকারী,

বসির, স্ত্য, ন, সাগরলবণ।

বসু, (বস্=বাসকরা+উ) ণ, ত্রি, মধুর, শুষ্ক। স্ত্য, পুং, গণদেবতাবিশেষ; ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, প্রত্যূষ, প্রভব, এই অষ্ট; কুবের, রশ্মি, কিরণ, সূর্য্য, অগ্নি, দীপ্তি, রাজা, চেদিরাজ, ধনিষ্ঠা নক্ষত্র, বৃক্ষ, হ্রদ, জলাশয়, বিল, বল্গা, মৎস্যবিশেষ, যোক্ত্র, বকবৃক্ষ, কায়স্থের পদবীবিশেষ, অষ্টসংখ্যা। ন, লবণ, ধন, রত্ন, স্বর্ণ, জল। স্ত্রী, দীপ্তি।

বসুকীট, (বসু=ধন+কীট=পোকা) স্ত্য, পুং, যাচক, ভিক্ষু, অর্থী।

বসুদ, (বসু=ধন+দা=যে দান করে) ণ, ত্রি, ধনদাতা। স্ত্য, পুং, কুবের, ধনদ। দা—স্ত্রী, পৃথিবী।

বসুদেব, (বসু=রত্ন+দেব=যে দীপ্তি পায়, ৩-ষ) স্ত্য, পুং, কৃষ্ণের পিতা।

বসুদেবতা, (বসু+দেবতা) স্ত্য, স্ত্রী, ধনিষ্ঠা নক্ষত্র। [পুং, কৃষ্ণ, বাসুদেব।

বসুদেবভূ, (বসুদেব+ভূ=জাত) স্ত্য,

বসুধা, বসুন্ধরা, বসুমতী, (বসু=ধন+ধা=যে ধারণ করে, ২-ষ ; বসু=ধন+ধর=যে ধারণ করে ; বসু=ধন+মৎ—অস্ত্যর্থে) স্ত্য, স্ত্রী, পৃথিবী।

বসুধাধর, (বসুধা+ধর=যে ধরে, ২-ষ) স্ত্য, পুং, ভূধর, পর্ব্বত, অচল।

বসুধাধিপ, (বসুধা+অধিপ=রাজা, ৬ ষ) স্ত্য, পুং, ভূপতি, রাজা, নৃপতি

বসুধারা, (বসু=ধন+ধৃ=ধারণ করা+

ষ্ঠ্র) স্ব, স্ত্রী, আভ্যুদয়িক শ্রাদ্ধের পূর্ব্বে ভিত্তিতে দত্ত ঘৃতধারা, কুবের-পুরী, জৈন শক্তিগণের মধ্যে এক শক্তি। [অগ্নি, অনল।

বসুপ্রাণ, (বসু+প্রাণ=জীবন) ষ্য, পুং,

বসুদ, (বসু=ধন+দা=পাওয়া+ক) ষ্য, পুং, দেবতা, অমর।

বসুশ্রেষ্ঠ, ষ্য, পুং, রৌপ্য, রজত, রূপা।

বসুষেণ, (বসু=ধন+সেনা=সৈন্য ; ৬.ত) ষ্য, পুং, অঙ্গরাজ কর্ণ, কুন্তীর জাবজ পুত্র, যিনি দরিদ্রদিগকে দান করিতেন। [স্ত্রী, কুবেরপুরী।

বসুস্থলী, (বসু=ধন+স্থল=স্থান) ষ্য,

বসুহট্ট, বসুহট্টক, ষ্য, পুং, বকবৃক্ষ, বককুলের গাছ।

বসুরা, ষ্য, স্ত্রী, বেশ্যা।

বস্করাটিকা, ষ্য, স্ত্রী, বৃশ্চিক, বিছা।

বস্ত, (বস্ত=বধকরা+অচ্) ষ্য, পুং, ছাগ, ছাগল, অজা।

বস্তব্য, (বস্=বাস করা+তব্য—চ) ণ, ত্রি, বাসযোগ্য।

বস্তি,—স্তী, (বস্=আচ্ছাদনকরা+ক্তি) ষ্য, স্ত্রী, যে মূত্রাশয় পুটকে আচ্ছাদনকরে, নাভির অধোভাগ, তলপেট, বাস। বহু, বস্ত্রের দশী।

বস্তিমল, (বস্তি=তলপেট+মল) ষ্য, ন, মূত্র, প্রস্রাব।

বস্তু, (বস্=বাসকরা+তু—সংজ্ঞার্থে) ষ্য, ন, পদার্থ, দ্রব্য, সামগ্রী, বৃত্তান্ত।

বস্তুক, (বস্=বাসকরা+উক ; ত—আগম) ষ্য, ন, বেতোশাক।

বস্তুতঃ, (বস্তু+তস্) ব্য, বাস্তবিক, ফলতঃ, যথার্থতঃ, সত্যতঃ।

বস্ত্য, (বস্=বাসকরা+ক্তি, যং, যাহাতে বাস করে ; অথবা অব+স্ত্যৈ=মিলিত হওয়া+ড—ডে) ষ্য, ন, গৃহ, সদন, আলয়, আবাস।

বস্ত্র, (বস=আচ্ছাদনকরা+ষ্ট্রন্) ষ্য, ন, আচ্ছাদন, বসন, কাপড়, বাস।

বস্ত্রকুট্টিম, (বস্ত্র=কাপড়+কুট্টিম=কুট্টিম ঘর) ষ্য, ন, আতপত্র, ছত্র, বস্ত্রগৃহ, বস্ত্রাবাস, তাম্বু। [ন, পটগৃহ, তাঁবু।

বস্ত্রগৃহ, (বস্ত্র=কাপড+গৃহ=ঘর) ষ্য,

বস্ত্রগ্রন্থি, (বস্ত্র=কাপড়+গ্রন্থি=গাঁইট) ষ্য, পুং, পরিধান বস্ত্রের গ্রন্থি, নীবী।

বস্ত্রনির্ণেজক, ষ্য, পুং, রজক, ধোপা।

বস্ত্রপুত্রিকা, (বস্ত্র=কাপড়+পুত্রী=পুত্তলি+কন্) ষ্য, স্ত্রী, বস্ত্রনির্ম্মিত পুতুল।

বস্ত্রভেদক, ষ্য, পুং, সূচিজীবী, দরজি।

বস্থা, (অব+স্থা=থাকা+অচ্, আপ্) ষ্য, স্ত্রী, অবস্থা, দশা।

বস্ন, (বস্ বাসকরা+ন) ষ্য, পুং, মূল্য, দাম, ক্রয়। ন, বেতন, ভাড়া, ত্বক্, ধন, মৃত্যু, বস্ত্র, বস্ন, বাসকরণ।

বস্নন, ষ্য, ন, স্ত্রীলোকের কটিভূষণ।

বস্নসা, (বস্ন=ত্বক্+সো=নাশকরা+ক) ষ্য, স্ত্রী, স্নায়ু, শরীরান্তর্গত সূত্রবৎ সূক্ষ্মনাড়ী।

বস্বোকসারা, (বসু=ধন+ওকস্=স্থান +আ+রা+কন্) ষ্য, স্ত্রী, ইন্দ্রের রাজধানী, অলকাপুরী, ইহা দেবতাদিগের আবাসস্থান, অমরাবতী, ইন্দ্রনদী, অযোধ্যা।

বহ, (বহ্=বহা+ঘ-ধ, ন, ডে) ষ্য, পুং, ঘোটক, বায়ু, যান, বাহন, বৃষের স্কন্ধদেশ, পথ, পরিমাণবিশেষ, চারিদ্রোণ পরিমাণ, নদ, বাহু। ণ, ত্রি, বহনকারী, যথা—আজ্ঞাবহ ইত্যাদি। হা—স্ত্রী, নদী।

বহতী, ষ্য, স্ত্রী, নদী, সরিৎ।

বহতু, (বহ্=বহনকরা+অতু) ষ্য, পুং, বৃষভ, পথিক।

বহন, (বহ্+অনট্—ভাব) ষ্য, ন, ধারণ, বহিয়া যাওয়া, লইয়া যাওন, তরণী, নৌকা, জলযান।

বহন্ত, ষ্য, পুং, বায়ু, শিশু। [বেতন।

বহনি, (বহন শব্দজ) ষ্য, বহনের

বহনীয়, (বহ্=বহন করা+অনীয় চ)

প. ত্রি, বহনযোগ্য, ধারণযোগ্য।
বহমান, (বহ্=বহনকরা+শানচ্) প. ত্রি, বহনশীল, যাহা প্রবাহিত হইতেছে।
বহর, (দেশজ) স্ত্র, নৌকাসমূহ।
বহল, (বহ্=বহনকরা+কলচ্) প, ত্রি, কঠিন, দৃঢ়, বহুল, অনেক। স্ত্র, পুং, পোত, নৌকা। ন, উড়ুপ, ভেলা।
বহি, (যাবনিক) স্ত্র, ক্ষুদ্র পুস্তক, পুঁথি।
বহিত্র, (বহ্=বহনকরা+ইত্র—ধ) স্ত্র, ন, নৌকা, জলযান, দাঁড়।
বহিঃ, (বহ্=বহা+ইস) স্ত্র, ব্য, বাহ্যদেশ, বাহির, সীমার শেষ।
বহিঃকুটীচর, (বহিস্=বাহির+কুটী=বক্র+চর=যে গমন করে) স্ত্র, পুং, কর্কট, কুলীর, কাঁকড়া।
বহিঃস্থ, (বহিস্=বাহির+স্থা=থাকা+ড) প, ত্রি, বাহিরে স্থিত, বাহ্য।
বহিরঙ্গ, (বহিস্=বাহির+অঙ্গ) স্ত্র, পুং, অনাত্মীয়, অন্য, পর, বাহ্য অঙ্গ, ব্যাকরণে—প্রত্যয়ঘটিত কার্য্য।
বহিরিন্দ্রিয়, (বহিস্+ইন্দ্রিয়) স্ত্র, ন, জ্ঞানেন্দ্রিয়, চক্ষুকর্ণাদি পাঁচ, কর্ম্মেন্দ্রিয়, হস্তপদাদি পাঁচ। [বিক্রয়।
বহির্বাণিজ্য, স্ত্র, ন, ভিন্নদেশে ক্রয়
বহির্বাহ, স্ত্র, পুং, যে প্রবাহ দ্বারা কোন বস্তুর অভ্যন্তরস্থ জল বাহিরে আইসে
বহির্ভূত, (বহিস্=বাহির+ভূ=পাওয়া ক্ত—ম্ব) প, ত্রি, বহির্গত, নিষ্ক্রান্ত।
বহির্মুখ, (বহিস্+মুখ) প, ত্রি, বিমুখ, পরাঙ্মুখ, বাহ্যবিষয়াসক্ত, দেবতা।
বহির্বাস, স্ত্র, পুং, কৌপীনবসন।
বহিশ্চর, (বহিস্=বাহির+চর=যে গমন করে) স্ত্র, পুং, কুলীর, কর্কট।
বহিষ্করণ, (বহিস্=বাহির+করণ) স্ত্র, ন, দূরীকরণ, বাহির করিয়া দেওয়া
বহিষ্কৃত, (বহিস্=বাহির+কৃত) প, ত্রি, যাহাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে।
বহিস্তন, (বহিস্+তন) প, ত্রি, বাহ্য, বহির্দ্দেশস্থ।
বহীরু, স্ত্র, পুং, শিরা, ধমনী, মাংসপেশী।
বহুতৃণ, (তৃণ+বহু) স্ত্র, ন, তৃণতুল্য।
বহেড়ুক, (বহ্=বহনকরা+এড়ুক) স্ত্র, পুং, বহেড়াগাছ।
বহ্নি, (বহ্=বহন করা+নি-সংজ্ঞার্থে) স্ত্র, পুং, যিনি দেবতাদের জন্যে হবনীয় বহন করেন, অগ্নি।
বহ্নিকারী, স্ত্র, স্ত্রী, ধাত্রীখরী, ধাইফুল।
বহ্নিগন্ধ, স্ত্র, পুং, ধুনা।
বহ্নিগর্ভ, (বহ্নি=অগ্নি+গর্ভ=ভ্রূণ) স্ত্র, পুং, বংশ, বাঁশ, ঘর্ষণ দ্বারা অগ্নি উৎপন্ন হয় বলিয়া, বেণু, কীচক। ভা—স্ত্রী, শমীবৃক্ষ, শাঁই গাছ।
বহ্নিদীপক, স্ত্র, পুং, কুসুম্ভপুষ্প।
বহ্নিদীপিকা, স্ত্র, স্ত্রী, অজমোদা, যমানী।
বহ্নিনামা, (নামন্) স্ত্র, পুং চিত্রকবৃক্ষ, চিতাগাছ, ভল্লাতক, ভেলা। [মাংসী।
বহ্নিনী, স্ত্র, স্ত্রী, ওষধিবিশেষ, জটা-
বহ্নিমারক, (বহ্নি=অগ্নি+মারক=নাশক) স্ত্র, ন, জল, বারি।
বহ্নিমিত্র, বহ্নিসখ, (বহ্নি=অগ্নি+মিত্র=বন্ধু; বহ্নি+সখ=বশিশব্দজ) স্ত্র, পুং, বায়ু, পবন।
বহ্নিমুখ, (বহ্নি=অগ্নি+মুখ) স্ত্র, পুং, অগ্নিমুখ, দেবতা।
বহ্নিরেতাঃ, (বহ্নি=অগ্নিতে নিষিক্ত+রেতস্=শুক্র; ৬.হ) স্ত্র, পুং, শিব, মহাদেব, রুদ্র। [শুঁদি।
বহ্নিবর্ণ, স্ত্র, পুং, রক্তোৎপল, রাঙ্গা-
বহ্নিশিখ, (বহ্নি=অগ্নি+শিখা=কেশর; ৬.হ) স্ত্র, ন, কুসুম্ভপুষ্প, কুঙ্কুম।
বহ্য, (বহ=বহনকরা+যৎ) স্ত্র, ন, যান, বাহন, শকট, গাড়ি। স্ত্রা—মুনিপত্নী।
বা, (বা=গমনকরা+কিপ্) বা, বিতর্ক, নিশ্চয়, বিকল্প, সমুচ্চয়, উপমা, সাদৃশ্য, নানার্থ, বিশ্বাস, অতীত,

বাক্য গোভার্থক ও পাদপূরণার্থক শব্দ। [নর্ত্তকীবিশেষ।
বাই, (বায়ুশব্দজ) ষ্য, বায়ুরোগ, উন্মাদ,
বাইন, (দেশজ) ষ্য. মৎস্যবিশেষ।

বাইশ

বাইশ, (বাশিশব্দজ) ষ্য. কুঠার বিশেষ। (দেশজ) দ্বাবিংশতি, ২২।
বাউড়া, (দেশজ) ণ, বাতুল, পাগল।
বাউল, (বাতুলশব্দজ) ষ্য, ক্ষিপ্ত, পাগল, গৌরাঙ্গভক্ত বৈষ্ণব সম্প্রদায় বিশেষ।
বাংশ, (বংশ—বাঁশ+অণ্—ইদমর্থে) ণ, ত্রি, বংশসম্বন্ধীয়। শী—স্ত্রী, বংশলোচন। [বাদক, যে বাঁশী বাজায়।
বাংশিক, (বংশ+ঠক্) ষ্য, পুং, বংশী-
বাঁ, (বামশব্দজ) ণ, বাম, সব্য।
বাঁও, (ব্যামশব্দজ) ষ্য, ব্যাম, বাহুপরিমাণ। [আশয়।
বাঁওড়, (দেশজ) ষ্য, বাঁক, বৃহৎ জ-
বাঁক, (বক্রশব্দজ) ষ্য, বক্রতা, বহনদণ্ড।
বাঁকড়া, (দেশজ) ণ, দুরন্ত, দুষ্ট, নির্লজ্জ।
বাঁকা, (বক্র শব্দজ) ণ, বক্র।
বাঁচন, (দেশজ) ষ্য, জীবনধারণ, প্রাণরক্ষাকরণ।
বাঁঝা, (বন্ধ্যাশব্দজ) ণ, বন্ধ্যা, অফলা।
বাঁট, (দেশজ) ষ্য, পশুবন্তন, খড়্গাদিরমুষ্টি,
বাঁটন, (বণ্টন শব্দজ) ষ্য, বিভাগকরণ।
বাঁটুল, (বর্ত্তুল শব্দজ) সং গুলি।
বাঁদর, (বানরশব্দজ) ষ্য, কপি, মর্কট।
বাঁধ, (বন্ধনশব্দজ) ষ্য, সেতু, আলি, আলবাল, ভেড়ী। [রোধন।
বাঁধন, (বন্ধন শব্দজ) ষ্য, বাঁধা, অব-
বাঁশ, (বংশশব্দজ) ষ্য, বেণু, বংশ।
বাঁশপাতা, (দেশজ) ষ্য, বাঁশের পাতা, তদাকার মৎস্যবিশেষ। [বেণু।
বাঁশী, (বংশশব্দজ) ষ্য, বংশী, মুরলী,
বাক্, বাচা, (বচ্—বলা+ক্বিপ্; আপ্—ভাব) সং, স্ত্রী, বাগিন্দ্রিয়, বাক্য, কথা, উক্তি, বচন, শব্দ, বিদ্যা।
বাক, (বচ্—বলা+অল্) ষ্য, পুং, বাক্য, বচন। (বক+ষ্ণ্—ইদমর্থে) ণ, ত্রি, বকসম্বন্ধীয়। [ছাল।
বাকল, (বল্কলশব্দজ) ষ্য, বল্কল, বৃক্ষ ত্বক্,
বাকস, (দেশজ) ষ্য, বৃক্ষবিশেষ।
বাকী, (যবন ভাষা কিম্বা বক্রীশব্দজ) ষ্য, অবশেষ, বকেয়া।
বাকুচী, ষ্য, স্ত্রী, হাকুচ্, সোমরাজ।
বাকোবাক্য, (বাকঃ—বাক্যের+বাক্য—উক্তি,) ষ্য. ন, উত্তর প্রত্যুক্তি, কথা কাটাকাটি, সওয়াল জবাব।
বাক্কলহ, (বাচ্+কলহ=ঝকড়া) ষ্য, পুং, বাক্যদ্বারা বিবাদ, কথায় ঝকড়া-করা, বাগ্ বিতণ্ডা, বাগ্ যুদ্ধ।
বাক্কীর, (বাচ্—বাক্য+কীর=শুক পক্ষী) ষ্য, পুং, শ্যালক, পত্নীর ভ্রাতা।
বাক্পটু, (বাচ্+পটু=নিপুণ) ণ, ত্রি, উত্তমবক্তা, বাগ্মী।
বাক্পতি, (বাক্=বাক্য+পতি=প্রভু, ৬-ষ) ষ্য, পুং, বৃহস্পতি, উত্তম বক্তা।
বাক্পথ, (বাচ্+পথ=পথিন্শব্দজ) ষ্য, পুং, বাক্যের বিষয়, কথন যোগ্য।
বাক্পারুষ্য, (বাচ্=বাক্য+পারুষ্য=কটুতা) ষ্য, ন, অপ্রিয় বাক্যের উচ্চারণ, কুৎসিত বাক্যপ্রয়োগ, রূঢ় কথা, গালাগালি, তিরস্কার।
বাক্প্রণালী, ষ্য, স্ত্রী, কথা কহিবার রীতি। [কায় চর্ম্ম।
বাক্সূত্র, ষ্য, ন, স্বরোৎপাদক সূত্রা-
বাক্য, (বচ্=বলা+ণ্যৎ) ষ্য, ন, কথা, বচন; বিভক্ত্যন্ত পদসমূহ, ক্রিয়াপদ সমূহ, কারকযুক্ত ক্রিয়াপদসমূহ, এই তিন প্রকার; সূত্র।
বাক্যস্থ, (বাক্য+স্থ=যে থাকে) ণ, ত্রি, বাক্যেতে স্থিত, কথার বাধ্য।
বাখারী, (দেশজ) ষ্য, বংশোদ্ভব শলাকা।
বাগ, ষ্য, দিক্, নিকট, আয়ত্তা।

বাগর, (বাচ=বাক্য+গ্ব=গমনকরা +অর) ষ্য, পুং, প্রতিবন্ধ, বাধা, শাণ,নিশ্চয়,বৃক, বাড়বাগ্নি, পণ্ডিত, মুমুক্ষু, সাহসিক, বীর।

বাগান,(দেশজ)ষ্য, উদ্যান, আরাম।

বাগাক, (বাচ্=বাক্য+গ্ব=গমনকরা +উণ্) ণ, ত্রি, যে ব্যক্তি আশা দিয়া হতাশ করে, আশাহন্তা।

বাগাল (দেশজ) ষ্য, পশুপালক, রাখাল। [উদ্যান, বাগান।

বাগিচা, (যবনভাষা) ষ্য, আরাম,

বাগী, (দেশজ) ষ্য, কুচকী, বেত্র-নির্ম্মিত পাত্রবিশেষ, ধামা।

বাগীশ, বাগীশ্বর, (বাক্=বাক্য+ঈশ, ঈশ্বর, ৬-ষ) ষ্য, পুং, বৃহস্পতি, ব্রহ্মা, বাক্‌পতি, উত্তম বক্তা। শী, রী—স্ত্রী, বাগ্দেবী, সরস্বতী।

বাগুজী, ষ্য, স্ত্রী, সোমরাজ।

বাগুরা, (বা=হিংসাকরা+উর ; গ-আগম) ষ্য, স্ত্রী, পাশ, মৃগবন্ধনী, জাল, ফাঁদ।

বাগুরিক,(বাগুরা+ঠক্—জীবত্যর্থে) ষ্য, পুং, ব্যাধ, জালিক।

বাগ্গুলি, বাগ্গুলিক, (বাচ্=আজ্ঞা+গুর্=গাধ্যহওয়া+কি ; র=ল ; অথবা গৃ=গ্রাস করা ; নিপাতন ; বাগ্গুলি+কণ্—স্বার্থে) ষ্য, পুং, রাজাদের তাম্বুলবাহক।

বাগ্জাল,—ন, বাগড়ম্বর,—পুং, ষ্য, বাগাড়ম্বর, কথায় জাঁকজমক করা।

বাগ্ড়া, (দেশজ) ষ্য, প্রতিবন্ধক, বাধা, ব্যাঘাত।

বাগ্দণ্ড, (বাক্+দণ্ড=শাসন) ষ্য, পুং, বাক্যসংযম, তিরস্কার, ভর্ৎসনা।

বাগ্দত্তা, (বাক্+দত্ত, ৩-ষ) ষ্য, স্ত্রী, বিবাহের পূর্ব্বে যে কন্যাকে বাক্যে দান করা হইয়াছে।

বাগ্দরিদ্র, (বাক্=বাক্য+দরিদ্র,৩-ষ) ণ, ত্রি, মিতভাষী, যে অল্প কথা কয়, যে বিনীত ভাবে কথা কয়, যে বিবেচনা করিয়া কথা কয়।

বাগ্দল, (বাক্=বাক্য+দল=পত্র) ষ্য, ন, ওষ্ঠাধর। [দানকরা।

বাগ্দান, (বাক্+দান) ষ্য, ন, বাক্যে

বাগ্দেবী, বাগ্দেবতা, (বাক্=বাক্য+দেবী, দেবতা, ৬-ষ) ষ্য, স্ত্রী, সরস্বতী, বাগীশ্বরী।

বাগ্বৈদগ্ধ্য, (বাক্+বৈদগ্ধ্য=দক্ষতা) ষ্য, ন, বাক্‌চাতুর্য্য, বাক্যবিষয়ে পাণ্ডিত্য।

বাগ্মী, (বাক্=বাক্য+মিন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বক্তা, বাক্‌পটু, বাচাল। ষ্য, পুং, বৃহস্পতি, সুরাচার্য্য।

বাগ্য, (বাক্=বাক্য+যৎ) ণ, ত্রি, মিতভাষী, বাগ্দরিদ্র।

বাগ্যত (বাক্+যত=যে সংযম করে) ণ, ত্রি, মৌনী, সংযত বাক্য।

বাগ্যুদ্ধ, (বাক্+যুদ্ধ, ৩ষ) ষ্য, ন, বাক্যদ্বারা যুদ্ধ, কলহ, ঝকড়া, বাগ্বজ্র,ষ্য,ন,অভিশাপ। পুং,ব্রাহ্মণ।

বাঘ, (ব্যাঘ্রশব্দজ) ষ্য, শার্দ্দূল।

বাঙ্ক, (বক্+অল্) ষ্য, পুং, সমুদ্র, সাগর, রত্নাকর।

বাঙ্মতী,(বাক্=বাক্য+মৎ—অস্ত্যর্থে) ষ্য, স্ত্রী, নদীবিশেষ।

বাঙ্ময়, (বাক্+ময়ট—অপৃথগ্ভাবার্থে) ণ, ত্রি, বাক্যাত্মক, বাক্যময়, শব্দজাত, বক্তৃতা, অলঙ্কার শাস্ত্র, সাহিত্য,কাব্যশাস্ত্র। য়ী—স্ত্রী, সরস্বতী।

বাঙ্মুখ, (বাক্=বাক্য+মুখ=আরম্ভ) ষ্য,ন, উপন্যাস, বাক্যারম্ভ, মুখবন্ধ।

বাচংযম, (বাচং=বাক্যকে+যম্=যে সংযম করে, অথবা বাচং=বাক্যকে +যম্=সংযমকরা+খচ্—ষ, ব্রতার্থে) ষ্য, পুং, মৌনব্রতাবলম্বী মুনি। ণ, ত্রি, মিতভাষী।

বাচক, (বচ্=বলা+ণক—ষ) ণ, ত্রি,

অর্থপ্রকাশক, বোধক, কথক, পুরাণাদি পাঠক। স্ব, পুং, অভিধাশক্তি দ্বারা অর্থপ্রকাশক শব্দ।

বাচড়া, (দেশজ) স্ব, পতিতভূমি, অশ্বশাবক, ঘোড়ার বাচ্চা।

বাচন, (বাচি=বলা+অনট—ভাব) স্ব,ন,না—স্ত্রী,কথন,পঠন,ব্যাখ্যান।

বাচনক, (বাচন+কণ—যোগ) স্ব, ন, প্রহেলিকা, হিঁয়ালী।

বাচনিক, (বচন+ঠক্) ণ, ত্রি, মৌখিক, বচননিষ্পন্ন, যাহা বাক্যে বলিয়া দেওয়া যায়।

বাচঃপতি,বাচস্পতি,(বাচস=বাক্যের +পতি, ৬-ষ) স্ব, পুং, দেবগুরু, বৃহস্পতি, বাগ্মী, বাক্‌পটু, সদ্বক্তা, বিদ্বান্।

বাচস্পত্য, (বাচস্পতি=বাগ্মী+ষ্য—ভাবে) স্ব,ন,বাগ্মিতা, উত্তমবক্তৃতা।

বাচাট, বাচাল,(বাচ্+আটচ্, আলচ্) ণ, ত্রি, বহুকুৎসিত ভাষী, অসম্বন্ধ প্রলাপী।

বাচিক, (বাচ্—বাক্য+ষ্ণিক-কৃতার্থে) স্ব, ন, সংবাদ, সন্দেশবাক্য, খবর। ণ,ত্রি,বাক্যদ্বারা কৃত,বাক্যনিষ্পাদিত।

বাচিকপত্র, (বাচিক=সংবাদ+পত্র) স্ব,ন,লিপি,চিঠি, লিখন,সংবাদপত্র।

বাচিকহারক, (বাচিক=সংবাদ+হৃ= লইয়া যাওয়া+ণক—ঘ) স্ব, পুং, দূত, সন্দেশহারক, যে সংবাদ লইয়া যায়।

বাচোযুক্তি, বাচোযুক্তিপটু, (বাচস্= বাক্যের+যুক্তি=মিলন, ন্যায়; বাচোযুক্তি+পটু=নিপুণ) ণ,ত্রি, বক্তা, বাগ্মী।

বাচ্য, (বচ্=বলা+ঘ্যণ—ত, ভাব) স্ব, ন, নিন্দা, ধাতুর উত্তর যে বিশেষ বিশেষ অর্থে বিশেষ বিশেষ প্রত্যয় হয়, বাচ্য আট প্রকার—কর্ত্তৃ, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ, ভাব ও কর্ম্মকর্ত্তৃ। ণ, ত্রি, নিন্দনীয়, বচনীয়, কুৎসিত, ঘৃণিত, জাতিভ্রষ্ট, দুষ্ট, বক্তব্য, কথনীয়, অভিধেয়, অর্থ, বোধ্য, প্রতিপাদ্য।

বাচ্যতা, (বাচ্য+তা—ভাবে) স্ব, স্ত্রী, নিন্দা, বচনীয়তা।

বাচ্যমান, (বাচি=বলা+শানচ্) ণ, ত্রি, উচ্চার্য্যমাণ, পঠ্যমান। [চন।

বাছন, (দেশজ)স্ব, পৃথক্‌করণ, নির্ব্বাবাছা, (বৎসশব্দজ) স্ব, স্নেহপাত্র, শিশু। ণ, পৃথক্‌করা।

বাচ্চা, (বৎসশব্দজ) শিশু, শাবক।

বাছুর, (বৎসশব্দজ) স্ব, গোবৎস।

বাজ, (বজ্=গমনকরা+ঘঞ্) স্ব, ন, ঘৃত,জল, পূজা বা যপাদির সমাপক মন্ত্র, শ্রাদ্ধান্ন, অন্ন, মদ্যবিশেষ। পুং, বাণের পক্ষ, শব্দ, বেগ, মুনিবিশেষ, পক্ষিবিশেষ। পুং, ন, পক্ষ, ডানা। (বজ্র শব্দজ) বজ্র, অশনি, পক্ষীবিশেষ, শ্যেন পক্ষী। [কথন।

বাজন, (বাদ্যশব্দজ) স্ব, শব্দ হওন, বাজনা, (বাদ্যশব্দজ)স্ব, বাদ্যযন্ত্র,বাদ্য।

বাজন্দর, (দেশজ) স্ব, বাদ্যকর।

বাজপেয়, (বাজ=মদ্যবিশেষ, কিম্বা অন্ন বা ঘৃত+পেয়=যাহা পান করা যায়; ৭-ত) স্ব, পুং, যজ্ঞবিশেষ।

বাজপেয়ী, (বাজপেয়+ইন্) স্ব, পুং, বাজপেয় যাগকর্ত্তা।

বাজরা, (দেশজ) স্ব, বংশাদি নির্ম্মিত বৃহৎ পাত্রবিশেষ, বড় চেঙ্গারী।

বাজবহরী, (দেশজ) স্ব, পক্ষীবিশেষ, শ্যেন, বাজ বৌরী।

বাজসনেয়ী, (বাজসনেয়+ইন্) স্ব,পুং, যজুর্ব্বেদশাখাধ্যেতা।

বাজান, (বাদনশব্দজ) স্ব,বাদ্য-বাদন, শব্দকরণ।

বাজিতা, (বাজিন্=অশ্ব+তা—ভাবে) স্ব, স্ত্রী, অশ্বত্ব, পক্ষসত্তা, শব্দবত্তা।

বাজিদন্ত, স্ব, পুং, বাসকবৃক্ষ।

বাজিন, (বজ্—তৈয়ারকরা+ইনন্, অথবা বাজিন্+ক—দেয়ার্থে) স্ত্র, ন, ছানার জল।

বাজিভোজন, স্ত্র, পুং, মুদগ,মুগকলাই।

বাজিমান্, স্ত্র, পুং, পটোল।

বাজিমেধ, স্ত্র, পুং, অশ্বমেধযজ্ঞ।

বাজী, (বাজ=বে গমন করায়, পক্ষ+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, পক্ষী, বাণ, অশ্ব, প্রবাদ আছে, যে পূর্ব্বে অশ্বগণের পক্ষ ছিল, পরে ইন্দ্র তাহাদিগের পক্ষ ছেদন করেন, গুল্মবিশেষ, অশ্বগন্ধা। ণ, ত্রি, বেগবান্। জিনী—স্ত্রী, ঘোটকী। কুহক, ভেল্কী।

বাজীকরণ, (বাজিন্=অশ্ব+করণ, ঈ—আগম) স্ত্র,ন, বাজিবৎ সুরত শক্তিকারী ঔষধাদি।

বাজু, (দেশজ) স্ত্র, হস্তালঙ্কারবিশেষ।

বাঞ্ছন,—ন, বাঞ্ছা,—স্ত্রী (বান্ছ্=অভিলাষকরা+অনট্, আপ্—ভাব) স্ত্র, স্ত্রী, ইচ্ছা, স্পৃহা, কামনা, অভিলাষ। [ত্রি, অভিলষণীয়।

বাঞ্ছনীয়, (বাঞ্ছ+অনীয়—চ) ণ,

বাঞ্ছিত, (বাঞ্ছ+ক্ত—চ) ণ, ত্রি, অভীষ্ট, অভিলষিত, কাঙ্ক্ষিত, মৃগ্য।

বাট, (বট্=বেষ্টনকরা+ঘঞ্—চ) স্ত্র, পুং, পথ, রাস্তা, আবৃতস্থান, বাড়ী। টিকা, টী—স্ত্রী, বাড়ী, গৃহ, বাস্তু, আবৃতস্থান।

বাটন, (দেশজ) স্ত্র, মর্দ্দন, পেষণ।

বাটশৃঙ্খলা, স্ত্র, স্ত্রী, পথরোধক শিকলী।

বাটা, বাট্টা, (দেশজ) স্ত্র, তাম্বূলপাত্র, দর কসুরী।

বাটালী, বাট্টালী, (দেশজ) স্ত্র, কাষ্ঠছেদনার্থ অস্ত্রবিশেষ, রাস্তা, বাড়ী।

বাটপাড়, (দেশজ) স্ত্র,ডাকাইত, বম্বেটিয়া, নাবিক তস্কর, জুয়াচোর।

বাটীদীর্ঘ, স্ত্র, পুং, ইৎকটবৃক্ষ, ইকড়গাছ।

বাট্টক, স্ত্র, ন, ভৃষ্টযব, ভাজাযব।

বাট্যপুষ্প, স্ত্র, ন, চন্দন, কুঙ্কুম।

বাট্যাল, বাট্যালক, (বাটী=উদ্যান+অল্=অলঙ্কৃতকরা+অন্, কণ্;—স্ব) স্ত্র, পুং, বাটী উদ্যানের আভরণ, বৃক্ষবিশেষ, বেড়েলা।

বাড়ন্ত, (দেশজ) ণ,বৃদ্ধিশীল, বর্দ্ধমান।

বাড়ব, বাড়বেয়,বাড়বা,(বর্গ্য ব দেখ)

বাড়া, (দেশজ) ণ, অধিক, উদ্বৃত্ত।

বাড়ী, (বাটীশব্দজ) স্ত্র,গৃহ,বসতিস্থান।

বাড়তি, (দেশজ) স্ত্র, বৃদ্ধি, উন্নতি।

বাডিঙ্গন, স্ত্র, পুং, বার্ত্তাকু, বেগুন।

বাড়ুন,(দেশজ) স্ত্র,সম্মার্জ্জনী,খেঙ্গরা।

বাঢ, (বহ্=বহনকরা, পাওয়া+ক্ত) ক্রি—ণ, ন, সত্য, যথার্থ, অতিশয়, স্বীকার, হাঁ। ণ, ত্রি, অধিক, অতিশয়, দৃঢ়, কঠিন।

বাণ, (বণ্=শব্দকরা,গমনকরা+ঘঞ্) স্ত্র, পুং, শর, তীর, শব্দ, বলিরাজার জ্যেষ্ঠ পুত্র,বাণরাজা, গোস্তন, অগ্নি, কবিবিশেষ। ণা—স্ত্রী, বাণমূল। পুং, ণ'—স্ত্রী, নীলঝিন্টী বৃক্ষ। ন, নীলঝিন্টী পুষ্প। [বাণদণ্ড,বেমা।

বাণদণ্ড, (বাণ+দণ্ড=যষ্টি) স্ত্র, পুং,

বাণভট্ট, স্ত্র, পুং, কাদম্বরী গ্রন্থকার।

বাণলিঙ্গ, স্ত্র, ন, নর্ম্মদা-নদী-সম্ভূত শিবলিঙ্গবিশেষ।

বাণবার, (বাণ+বৃ=আবরণকরা+ঘঞ্) স্ত্র,পুং,বর্ম্ম,বারবাণ, সাঁজোয়া।

বাণসুতা, (বাণ+সুতা=কন্যা) স্ত্র,স্ত্রী, উষা, অনিরুদ্ধ-পত্নী।

বাণহা,বাণারি, (বাণ=বাণরাজা+হন্=যে বধ করে,২-ব; বান-বাণরাজা+অরি=শত্রু, ৬-ব) স্ত্র,পুং,বিষ্ণু, কৃষ্ণ।

বাণাশ্রয়,—পুং, বাণাসন,—ন,(বাণ=শর+আশ্রয়=আধার; বাণ=শর+অস্=নিক্ষেপ কর+অন্—ধ) স্ত্র, শরাসন, ধনুক।

বাণি, (বণ্=শব্দকরা+ইনি) স্ত্র, স্ত্রী,

বস্ত্রাদি বপন, বোনা, বাপদণ্ড, ছন্দোবিশেষ।

বাণিজ্য, (বণিজ+ষ্য-ভাবে, কর্ম্মণি) স্ত্য, ন, বণিগবৃত্তি, ক্রয়বিক্রয়, ব্যবসায়, সওদাগরি, কারবার।

বাণিনী, (বাণ=শর কিম্বা বাণি=বাক্য+ণিন্, ঈপ্) স্ত্য, স্ত্রী, মত্তা-স্ত্রী, নর্ত্তকী, বিদগ্ধা নায়িকা।

বাণী, (বণ্=শব্দকরা+ইঙ্, ঈপ্) স্ত্য, স্ত্রী, বাক্য, শব্দ, বাগ্দেবী, সরস্বতী।

বাত, (বা-বহা+ক্ত) স্ত্য, পুং, বায়ু, বাতাস, রোগবিশেষ, জার। ণ, ত্রি, গত, অতীত।

বাতকী, (বাত+ইনি—রোগার্থে; ক—আগম) ণ, ত্রি, বাতরোগযুক্ত, বেতোরোগী।

বাতকুম্ভ, (বাত=বায়ু+কুম্ভ=আধার) স্ত্য, পুং, গজকুম্ভের অধোভাগ।

বাতকেতু, (বাত=বায়ু+কেতু=চিহ্ন) স্ত্য, পুং, ধূলি, ধূলা, রেণু।

বাতকেলি, (বাত=বায়ু+কেলি=ক্রীড়া) স্ত্য, পুং, মধুরালাপ, ইষ্টালাপ, প্রেমালাপ, নায়কের নখক্ষত চিহ্ন।

বাতগামী, (বাত=বায়ু+গামিন্=যে গমন করে) স্ত্য, পুং, পক্ষী।

বাতগুল্ম, (বাত=বায়ু+গুল্ম=গুচ্ছ, পরিমাণ) স্ত্য, পুং, প্রচণ্ড বাত্যা, ঝড়, বাতুল, রোগবিশেষ।

বাততূল, (বাত=বায়ু+তূল=তুলা) স্ত্য, ন, আকাশে উড্ডীয়মান সূত্র, আকাশবুড়ীর সুতা।

বাতথুড়া, (বাত+থুড়+ক+আপ্) প্রচণ্ড বাত্যা, বাতরোগ, সুন্দরী ললনা, বসন্ত রোগবিশেষ।

বাতধ্বজ, (বাত=বায়ু+ধ্বজা=পতাকা) স্ত্য, পুং, মেঘ।

বাতপুত্র, (বাত=বায়ু+পুত্র) স্ত্য, পুং, ভীমসেন, পবননন্দন, হনুমান্, অতিশয় ধূর্ত্ত।

বাতপোথ, (বাত=বাতরোগ+পুথ্=বধ করা+অণ্) স্ত্য, পুং, পলাশবৃক্ষ।

বাতপ্রমী, বাতমজ, বাতমৃগ, (বাত=বায়ু+প্র+মা+ঈপ্-স্ব; যে অভিমুখে গমনকরে, যে বাতাসের আগে দৌড়ে; বাতং=বায়ুকে+অজ্=গমনকরা, ক্ষেপণকরা+অল্—স্ব; যে বায়ুকে ক্ষেপণ করে; বাত+মৃগ=হরিণ) স্ত্য, পুং, বেগগামী মৃগবিশেষ, বাওটা হরিণ।

বাতফুল্লান্ত্র, স্ত্য, ন, বামপার্শ্বস্থ মলাশয়, ফুপ্ফুস।

বাতমণ্ডলী, (বাত=বায়ু+মণ্ডল=দেশ) স্ত্য, স্ত্রী, বাত্যা, ঘূর্ণাবাতাস।

বাতরক্ত, (বাত=বায়ু+রক্ত) স্ত্য, ন, রোগবিশেষ। [মূড়ার গাছ।

বাতরকুম্ব, স্ত্য, পুং, কুক্কুর বৃক্ষ, কুকুর-

বাতরঙ্গ, স্ত্য, পুং, অশ্বত্থবৃক্ষ, পিপ্পল, চলদল।

বাতরথ, (বাত=বায়ু+রথ) স্ত্য, পুং, মেঘ।

বাতরায়ণ, (বাতর=বায়ুর ন্যায় বেগগামী, বাতযুক্ত+অয়ন=গমন) স্ত্য, পুং, উন্মত্ত ব্যক্তি, অলস ব্যক্তি, বাণ, বাণনিক্ষেপ, ক্রকচ, করাত, পর্ব্বত শৃঙ্গ, বাতুল, উন্মত্তভাষণকারী, দেবদারুবৃক্ষবিশেষ, সরলগাছ।

বাতরূষ, (বাত=বায়ু+রূষ=ক্রুদ্ধ হওয়া+ক) স্ত্য, পুং, বাতুল, উৎকোচ, ঘুষ, শক্রধনু।

বাতরোগী, (বাতরোগ+ইন্-অস্ত্যর্থে) ণ, ত্রি, বাতরোগযুক্ত।

বাতর্দ্ধি, (বাত=বায়ু+ঋদ্ধি=বৃদ্ধি) স্ত্য, পুং, কাষ্ঠ ও লৌহনির্ম্মিত পাত্র।

বাতল, স্ত্য, পুং, চণক, ছোলা। ণ, ত্রি, বায়ুকারক।

বাতবস্তি, স্ত্য, স্ত্রী, মূত্রকৃচ্ছ্ররোগ।

বাতবৈরী, স্ত্য, পুং, এরণ্ড বৃক্ষ।

বাতশীর্ষ, (বাত=বায়ু+শীর্ষ=মস্তক বা উৎপত্তি) স্ত্য, ন, বস্তি, নাভির অধোভাগ, তলপেট।

বাতশোণিত, (বাত=বায়ু+শোণিত=রক্ত) স্ত্র, ন, বাতরক্তরোগ।

বাতসহ, (বাত=রোগবিশেষ+সহ=সহন) গ, ত্রি, বাতরোগী, উন্মত্ত, বায়ুগ্রস্ত।

বাতাট, (বাত=বায়ু+অট=যে গমন করে) স্ত্র, পুং, সূর্য্যের অশ্ব, বাতমৃগ, বাতপ্রমী।

বাতাদ, (বাত+অদ=ভোজন করা+অচ) স্ত্র, পুং, বাদামগাছ, মুষ্করোগবিশেষ, ধ্বজভঙ্গ।

বাতাপি, (বাত=বায়ু+আ+পা=পান করা+কি) স্ত্র, পুং, অসুরবিশেষ, যাহাকে অগস্ত্যমুনি ভক্ষণ করিয়াছিলেন।

বাতাপিদ্বিট্, বাতাপিসূদন, (বাতাপি+দ্বিষ্=যে দ্বেষ করে; সূদন=যে বধ করে,২-য) স্ত্র,পুং,অগস্ত্য মুনি।

বাতামোদা, (বাত=বায়ু+আমোদ=দূরগামী সুগন্ধি) স্ত্র, ন, কস্তূরী, মৃগনাভি।

বাতায়ন, (বাত=বায়ু+অয়ন=গমন, পথ, ৬-য) স্ত্র, ন, যাহার দ্বারা বায়ুর গমন হয়, গবাক্ষ, জানালা। (বাত=বায়ুর ন্যায়+অয়ন=গমন; ৬.ত) পুং,অশ্ব,ঘোটক,বাজী,তুরঙ্গ।

বাতায়ু,(বাত=বায়ুর ন্যায়+অয়্=গমনকরা+উ, অথবা বাত+অয়=গতি+উণ্) স্ত্র, পুং, হরিণ, মৃগ।

বাতারি, স্ত্র,পুং, এরণ্ড, ভেরেণ্ডাগাছ, শতমূলী, শেফালিকা, শিউলী, জোয়ানি, বামনহাটি, শিজ, মনসাগাছ, বিড়ঙ্গ, শূরণ, ওল, ভল্লাতক, ভেলা, কটুকা, কট।

বাতালী, (বাত=বায়ু+আলী=শ্রেণী) স্ত্র, স্ত্রী, বাত্যা, প্রবলবায়ু।

বাতাশ্ব, (বাত=বায়ুর ন্যায় শীঘ্রগামী+অশ্ব=ঘোটক) স্ত্র, পুং, উত্তম ঘোটক, কুলীনাশ্ব।

বাতাস, (দেশজ) স্ত্র, বাত, বায়ু।

বাতাসা, (দেশজ) স্ত্র, গুড়বিকার বিশেষ, ফেণী।

বাতি, (বা=বহা, গমনকরা+অতি) স্ত্র, পুং, বায়ু, সূর্য্য, চন্দ্র, দশা, শলিতা, বর্ত্তিকা।

বাতিক, (বাত=বায়ু+ঠক্—কোপনার্থে) গ, ত্রি, বাতোৎপন্ন, বায়ুজনিত (ব্যাধি)। স্ত্র,পুং, রোগবিশেষ।

বাতিগ, বাতিঙ্গণ, (বাতি=বায়ু+গণ=গণনাকরা+ড—ম; বাতি=বায়ু+গণ=গণনাকরা+খচ্; যে বাতরোগ উপশম করে) স্ত্র, পুং, বার্ত্তাকু, বেগুণ। [রন্দ, ঝুঁটা।

বাতিল, (যবনভাষা) গ.মিথ্যা,নিষ্ফল,

বাতূল, বাতুল, (বাত=বায়ু+উলচ্) গ, ত্রি, বাতরোগী, বায়ুগ্রস্ত, উন্মত্ত, পাগল। স্ত্র, পুং, বাত্যা, বাতসমূহ।

বাতুলি, (বাত=বায়ু+উলি, নিপাতন) স্ত্র, স্ত্রী, তরুতুলিকা, বাদুড়।

বাত্যা, (বাত+ষ্য,আপ্-সমূহার্থে) স্ত্র, স্ত্রী, বলবান বায়ু, বাতসমূহ।

বাৎসল্য, (বৎসল+ষ্য—ভাবে) স্ত্র, পুং, স্নেহ, রসাবশেষ, কারুণ্য।

বাৎসীপুত্র, (বাৎসী=ব্রাহ্মণের ঔরসে শূদ্রাণীর গর্ভজাত বালিকা+পুত্র, ৬-ত) স্ত্র,পুং,নাপিত। [মুনিবিশেষ।

বাৎস্য,(বৎস+ষ্য—অপত্যার্থে) স্ত্র,পুং,

বাৎস্যায়ন, (বাৎস্য=মুনিবিশেষ+আয়ন—অপত্যার্থে) স্ত্র, পুং, বাৎস্যমুনির পুত্র, বাৎস্যগোত্র।

বাথান, (দেশজ) স্ত্র, গোষ্ঠ, ব্রজ, গোপদিগের বাসস্থান।

বাদ, (বদ্=বলা+ঘঞ্-ভাব) স্ত্র,পুং, যথার্থ বিচার, পরস্পর জিগীষু না হইয়া কেবল প্রকৃত বিষয়ের তত্ত্ব নির্ণয়ার্থ বাদীপ্রতিবাদীর যে বিচার, বাক্য, উক্তি, কথন, বিতর্ক, বাদ্য, প্রবাদ।

বাদক, (বাদি=বাজান বা বদ্‌—বলা+ণক—ক) ণ, ত্রি, বাদ্যকর, বক্তা।

বাদন, (বাদি=বাজান+অনট্‌—ভাব) স্ত্র, ন, বাদ্য, বাজান। [বাদ হয়।

বাদভূমি, স্ত্র, স্ত্রী, যেখানে বাদানু

বাদরঙ্গ, স্ত্র, পুং, অশ্বথ বৃক্ষ,ন্যগ্রোধ।

বাদরা, স্ত্র, স্ত্রী, কার্পাসবৃক্ষ।

বাদরায়ণ, বাদরায়ণি, (বাদর—তীর্থস্থান+অয়ন=গমন; ৬.হ. বাদরায়ণ+ই—স্বার্থে) স্ত্র, পুং দ্বৈপায়ন,বেদব্যাস,ব্যাসদেব, বদরিকাশ্রমে নিত্যবাসপ্রযুক্ত এই নামে অভিহিত হইয়া থাকেন।

বাদল, (বা=বায়ু+দল্‌=ছিন্নভিন্ন করা+অচ্‌; ত—লোপ) স্ত্র, ন. যষ্টিমধু। (বাদ্দা শব্দজ) স্ত্র, দুর্দ্দিন, বর্ষা, বাদলা, মেঘলা।—লা, বর্ষা, জলী ভার।

বাদবাদী, (বাদ=যথার্থ বিচার+বাদিন্‌=যে বলে) স্ত্র, পুং, জৈন, আর্হত। [জলা।

বাদা, (যবনভাষা) স্ত্র, জলময় স্থান,

বাদানুবাদ, (বাদ—বিতর্ক+অনুবাদ=পশ্চাৎতর্ক) স্ত্র, পুং, বাকবিতণ্ডা, উক্তি প্রত্যুক্তি, বাক্য,কলহ,ঝকড়া, তর্কবিতর্ক।

বাদাম, বদাম, স্ত্র, পুং, স্বনামখ্যাত বৃক্ষ। ন, তৎফল। (দেশজ) স্ত্র, নৌকার পাইল।

বাদামিয়া, (দেশজ) ণ, বাদামের আকৃতিবিশিষ্ট,অণ্ডাকার, বাদামেরবর্ণবিশিষ্ট, পিঙ্গল, পাটপিলা।

বাদাল, (বদাল+অল্‌-স্বার্থে) স্ত্র, পুং, বোয়ালমৎস্য। [ত্রি,বিদ্বান্‌,পণ্ডিত।

বাদি, (বদ=বলা+ইঞ) ণ,

বাদিত, (বাদি—বাজান+ক্ত—ট) ণ, ত্রি, শব্দিত, ধ্বনিত, বাজান।

বাদিত্র, (বাদি=বাজান্‌+ইত্র) স্ত্র,ন, বাদ্যযন্ত্র, বাজনা।

বাদী, (বদ্‌—বলা+ইন্‌—ক) ণ, ত্রি, বক্তা,বলে যে,অর্থপ্রকাশকারী, অর্থী ফরিয়াদী। [বাজনা, বাজনার যন্ত্র।

বাদ্য, (বাদি=বাজান+ণ্যৎ) স্ত্র, ন,

বাদ্যভাণ্ড, (বাদ্য=বাজনার যন্ত্র+ভাণ্ড=পাত্র, সমূহ) স্ত্র, ন, মৃদঙ্গাদি বাদ্যযন্ত্র। [সম্রাট।

বাদশা, (যাবনিকা) স্ত্র, ভূপতি, রাজা,

বাধ,-পুং, বাধন,-ন, (বর্গ্য ব দেখ)।

বাধাই, (দেশজ)স্ত্র,আনন্দোৎসব গীতবিশেষ,-ন্দোৎসবের গীত। [শেষ।

বাধাড়ি,(দেশজ) স্ত্র,চর্ম্মকারের অস্ত্রবি-

বাধু স্ত্র, পুং, বহিত্র, নৌকার হাইল।

বান, (বন্‌=শব্দকরা, উপতপ্তকরা+ঘঞ) স্ত্র, ন, শুষ্কফল। ণ, ত্রি, শুষ্ক, জীবিত, জঙ্গম। (বা=গমনকরা+অনট—ভাব) স্ত্র, ন, গমন, ভিত্তির গর্ত্ত,পৌঁছলা,সুগন্ধ। (বন=অরণ্য, জল+ষ্ণ—সমূহার্থে) বনসমূহ, বন্য, বৃহৎ প্রবাহ, মাহুরী। ণ, ত্রি, বন্য।

বানক, (দেশজ) স্ত্র, রেশম প্রস্তুত করিবার স্থান।

বানপ্রস্থ, (বান [বন=অরণ্য+ষ্ণ] =বনৈক দেশ+প্রস্থ=যে প্রস্থান করে) স্ত্র, পুং, তৃতীয় আশ্রমী ব্রহ্মচর্য্য ও গার্হস্থ্যাশ্রমের পর বনবাসী, তৃতীয় আশ্রম, পলাশবৃক্ষ।

বানর।

বানর, (বন+রম্‌=ক্রীড়া করা+ড—ক=যে বনে ক্রীড়া করে+অণ

স্বার্থে; ভরতমুকুট বলেন, বনের অপত্য বলিয়া বানর; অথবা বা=তুল্য+নর=মনুষ্য, যে নর তুল্য; কিম্বা বান=বনভব ফল+রা=গ্রহণ করা+ড-ষ, ২-ষ) স্ক্র, পুং, রী—স্ত্রী, জন্তুবিশেষ, প্লবঙ্গ, শাখামৃগ, কপি, বাঁদর।

বানরেন্দ্র, (বানর+ইন্দ্র=প্রধান) স্ক্র, পুং, সুগ্রীব, বানরশ্রেষ্ঠ।

বানল, স্ক্র, পুং, কৃষ্ণতুলসী।

বানস্পত্য, (বনস্পতি=পুষ্পবিনা ফলধারিবৃক্ষ+ণ্যং) স্ক্র, পুং, যে সকল বৃক্ষে পুষ্প না হইয়া অর্থাৎ মুকুল হইতেই ফল হয়, আম্রবৃক্ষ প্রভৃতি।

বানান, (দেশজ) স্ক্র, ব্যঞ্জন এবং স্বরবর্ণে সংযোগ করিয়া উচ্চারণ।

বানায়, স্ক্র, পুং, ভারতবর্ষের উত্তর-পশ্চিমস্থ দেশবিশেষ।

বানায়ুজ, (বানায়ু=দেশবিশেষ+জ=যে জন্মে, ৭-ষ) স্ক্র, পুং, বানায়ুদেশীয় অশ্ব

বানীর, (বন=জল+ঈর) স্ক্র, পুং, বেতসলতা, বেতগাছ, বঞ্জুল।

বানীরক, (বানীর+কণ্) স্ক্র, পুং, মুঞ্জ-তৃণ, শর।

বান্ত, (বম্=বমনকরা+ক্ত—চ) ণ, ত্রি, বমিকরা বস্তু, যাহা বমিকরা হইয়াছে, উদ্গীর্ণ।

বান্তাদ, (বান্ত=বমিকরা বস্তু+অদ=যে ভোজন করে, ২-ষ) স্ক্র, পুং, কুকুর, যে বমিকরা বস্তু ভোজন করে

বান্তি, (বম্=বমনকরা+ক্তিন্—ভাব) স্ক্র, স্ত্রী, বমন, উদ্গীরণ।

বান্যা, (বন+যঞ—সমূহার্থে, আপ্) স্ক্র, স্ত্রী, বনসমূহ।

বাপ, (বপ্=ক্ষৌরী করা বা বপনকরা+ঘঞ্—ভাব, ডে) স্ক্র, পুং, ক্ষৌর, কামান, ক্ষেত্র, বপন, বয়ন, বীজ-রোপণ।

বাপদণ্ড, (বাপ=বয়ন+দণ্ড=যষ্টি) স্ক্র, পুং, বেমা, কাপড় বুনবার তাঁত।

বাপন, (বাপি=রোপণ করান+অনট্—ভাব) স্ক্র, ন, রোপণাদি করান।

বাপি, বাপী, (বপ্=বপনকরা+ইঞ্) স্ক্র, স্ত্রী, যাহাতে পদ্মাদি বপন করা যায়, বৃহৎ পুষ্করিণী, দীর্ঘী।

বাপিত, (বাপ+ইত ; অথবা বাপি=রোপণ করান+ক্ত-চ) ণ, ত্রি, মুণ্ডিত, রোপিত, যাহা বোনা হইয়াছে।

বাপীহ, (বাপী=জলাশয়+হা=ত্যাগ-করা+ক—ষ) স্ক্র, পুং, যে কেবল বৃষ্টির জল পান করে, চাতকপক্ষী।

বাপু, (বপি শব্দজ) স্ক্র, বাছা, স্নেহ-প্রকাশক সম্বোধন।

বাপ্য, (বপ্=বপনকরা+ণ্যং—চ) ণ, ত্রি, বপনীয়। স্ক্র, ন, কুষ্ঠ, কুড়।

বাবই, (বাবয় শব্দজ) স্ক্র, বৃক্ষবিশেষ, বাবুই তুলসী। [জনক, তাত।

বাবা, (বপি বা বপ্রশব্দজ) স্ক্র, পিতা,

বাবু, (দেশজ) ণ, ধনী ব্যক্তিদিগের উপাধি, সুখভোগী।

বাম, (বম্=বমনকরা+অল্ ; কিম্বা বা=গমনকরা+মন্) ণ, ত্রি, বিমুখ, প্রতিকূল, বিপরীত, দক্ষিণেতর, বাঁ, বামদিকস্থ, সুন্দর, মনোহর, বক্র, অধম, নীচ, কুব্জ, শ্রেষ্ঠ। স্ক্র, পুং, শিব, কামদেব, বক্ষ: জীব। ন, ধন। (বাম=সুন্দর+আপ্) মা—স্ত্রী, নারী, যোষিৎ, লক্ষ্মী, দুর্গা। মী—স্ত্রী, ঘোটকী, করিণী, গর্দ্দভী, শৃগালী।

বামণ, (ব্রাহ্মণ শব্দজ, স্ক্র, দ্বিজ, বিপ্র।

বামদৃক্, (বাম=সুন্দর+দৃশ=দৃষ্টি; ৬-হ) স্ক্র, স্ত্রী, নারী, স্ত্রীলোক।

বামদেব, (বাম=বিরুদ্ধরূপ, বিপরীত+দেব=দেবতা, কর্ম্মধা) স্ক্র, পুং, শিব, মহাদেব, মুনিবিশেষ।

বামন, (বামি=বিপরীত বলা+অন, কণ্) ণ, ত্রি, অঙ্গাঙ্গ প্রাণীর প্রমাণ হইতে বিপরীত, খর্ব্ব, হ্রস্ব, ক্ষুদ্র, অল্প, নীচ। (বাম=বিপত্তি+ন=ছেদক)

স্ত্র, পুং, বিষ্ণুর অবতারবিশেষ, বিষ্ণুর পঞ্চম অবতার, দক্ষিণদিকের হস্তী, পণ্ডিতবিশেষ।

বামলূর, (বাম=বিপরীত+লূ=ছেদনকরা+র) স্ত্র, পুং, বল্মীক, উইয়ের ঢিপি।

বামলোচনা, বামাক্ষী, (বাম=সুন্দর+লোচন=চক্ষুঃ,+অক্ষ = অক্ষি শব্দজ, ৬হ) স্ত্র, স্ত্রী, চারুনেত্রা, সুন্দরী স্ত্রী।

বামাচার, (বাম=বাঁ+আচার=আচরণ) স্ত্র, পুং, বাম হস্ত দ্বারা মদ্যমাংসাদ সেবন বিধেয় বলিয়া তন্ত্রশাস্ত্রোক্ত মদ্যমাংসাদি সেবনরূপ আচার বিশেষ।

বামিল, (বম=বমনকরা+ইল) ণ, ত্রি, অহঙ্কারী, দাম্ভিক, বাম, প্রতিকূল।

বামোরু, (বাম=সুন্দর+উরু, ৬হ, ঊ) স্ত্র, স্ত্রী, সুন্দর উরুযুক্তা স্ত্রী।

বায়, (বে=বস্ত্রাদি বুনা+ঘঞ্) স্ত্র, পুং, বপন।

বায়ক, (বয়=গমনকরা, অথবা বে—বুনা+ণ্বুল্—ক) ণ, ত্রি, বপনকারী। স্ত্র, পুং, সমূহ, রাশি।

বায়দণ্ড, (বায=বপন+দণ্ড=যষ্টি) স্ত্র, পুং, বাপদণ্ড, বেমা, তাঁত।

বায়ন, (বায়ি=সেবাকরা+অনট্-ভাব) স্ত্র, ন, পূজন, পিষ্টকবিশেষ।

বায়না, (যাবনিক) স্ত্র, দ্রব্যের নির্দ্দিষ্ট মূল্যের কিঞ্চিৎ অগ্রিমদান।

বায়বী, (বায়ু+অণ, ঈপ) স্ত্র, স্ত্রী, বায়ুকোণ, উত্তর পশ্চিমদিক্।

বায়ব্য, বায়বীয়, (বায়ু+ষ্য, ঈয়-সম্বন্ধার্থে, তদ্দেবতার্থে) ণ, ত্রি, বায়ু-সম্বন্ধীয়, বায়ুদৈবত, বায়ুকোণ।

বায়বাবায়ু, স্ত্র, যে বায়ু ছয়মাস নৈঋতকোণ ও ছয়মাস ঈশানকোণ হইতে ভারতসমুদ্রে বহমান হয়।

বায়লেট, স্ত্র, বর্ণবিশেষ, ঈষৎ লালের আভাযুক্ত গাঢ় নীল।

বায়স, (বয়=গমনকরা+অস—সংজ্ঞার্থে, কিম্বা বয়স্+অ) স্ত্র, পুং, সী—স্ত্রী, কাক।

বায়সারাতি, বায়সারি, (বায়স=কাক+অরাতি, অরি=শত্রু, ৬-ত) স্ত্র, পুং, উলূক, পেচক, পেঁচা।

বায়সাহ্বা, স্ত্র, স্ত্রী, কাকমাচীবৃক্ষ।

বায়সেক্ষু, স্ত্র, পুং কাশতৃণ।

বায়সোলিকা, স্ত্র, স্ত্রী, কাক ও উলূক অর্থাৎ পেচকবৎ নিত্য বিবাদ, কাকোলী।

বায়ু, (বা=বায়ুচলা+উ) স্ত্র, পুং, যে বহে, পবন, বাতাস, সমীর, সমীরণ।

বায়ুকেতু (বায়ু+কেতু=ধ্বজা, চিহ্ন) স্ত্র, পুং, ধূলি, ধূলা।

বায়ুকোণ, স্ত্র, পুং, উত্তরপশ্চিমকোণ।

বায়ুকোষ, স্ত্র, শরীরান্তর্গত যে চর্ম্মময় কোষে বায়ু থাকে, যেমন মাছের পটকা।

বায়ুগণ্ড, (বায়ু+গন্ড্=বদনৈক দেশ হওয়া+অচ) স্ত্র, পুং, অজীর্ণ রোগ।

বায়ুগুল্ম (বায়ু+গুল্ম=গুচ্ছ) স্ত্র, পুং, জলের পাক, ঘূর্ণাজল।

বায়ুযন্ত্র স্ত্র, বায়ু দ্বারা যে যন্ত্রের কার্য্য সম্পাদিত হয়।

বায়ুদারু, (বায়ু+দৃ=বিস্তৃত হওয়া+উ) স্ত্র, পুং, মেঘ, জলধর।

বায়ুনিষ্কাশনযন্ত্র, স্ত্র যে যন্ত্র দ্বারা কোন বস্তুর অভ্যন্তরস্থ বায়ু বাহির করা যায়

বায়ুপরিণাম, স্ত্র, যে দ্রব্য অনায়াসে বায়ুরূপে পরিণত হইয়া উড়িয়া যায় যেমন কর্পূর। [ভীম, হনুমান।

বায়ুপুত্র, (বায়ু+পুত্র, ৬-ত) স্ত্র, পুং,

বায়ুফল, (বায়ু+ফল) স্ত্র, ন, শক্রধনু, রামধনুক, করকা, শিল।

বায়ুভক্ষ, বায়ুভক্ষা, (বায়ু+ভক্ষ্=ভক্ষণকরা+অল—ক, বায়ু+ভক্ষা=ভক্ষণীয়; ৬-ত) ণ, ত্রি, বায়ুভক্ষণকারী। স্ত্র, পুং, সর্প।

বায়ুমানযন্ত্র, স্ম, যে যন্ত্রে বায়ুর পরিমাণ নিরূপিত হয়।

বায়ুরুন্ধা, (বায়ু+রুধ্=রুদ্ধ হওয়া+অচ, আপ) স্ম, স্ত্রী, রাত্রি।

বায়ুবর্ত্ম, (বায়ু+বর্ত্মন=পথ) স্ম, ন, আকাশ, ব্যোম, নভঃ।

বায়ুবাহ, (বায়ু+বাহ=বাহন) স্ম, পুং, ধূম, বাষ্প।

বায়ুবাহিনী, (বায়ু+বাহি=বহন করান+ইন ঈপ) স্ম, স্ত্রী বায়ুসঞ্চারিণী শিরা। [পোনা।

বায়ুষ, স্ম পুং মৎস্যবিশেষ, কালবাউস

বায়ুসখ, বায়ুসখি, (বায়ু+সখি=বন্ধু, ৬হ) স্ম পুং, অগ্নি, বহ্নি।

বায়ুসম্ভব, (বায়ু+সম্ভব=জাত) স্ম পুং, বায়ুপুত্র—হনুমান, ভীম।

বায়্বাস্পদ, (বায়ু+আস্পদ=স্থান) স্ম, ন, আকাশ, নভস্তল।

বার্, (বারি=আবরণকরা+ক্বিপ্, কর্) স্ম, ন, যে নিম্নোন্নত আবরণ করে, জল, নীর, জীবন, নার।

বার, (বৃ+ঘঞ) স্ম, পুং, বাসর, রবি সোম প্রভৃতি, সময় অবসর, জল, পর্য্যায়, পালা, নিবারণ, দ্বার, শিব, ক্ষণ, মুহূর্ত্ত। ন, মদিরাপাত্র। ণ, ত্রি, নিবারণীয়।

বারক, (বারি—নিবারণকরা+ণক-ক) ন, ক্লেশের স্থান। ণ, ত্রি নিবারক, নিষেধক, প্রতিরোধক, প্রতিবন্ধক স্ম, পুং, অশ্ববিশেষ, অশ্ব। প্রতিবিশ্ব।

বারকী, বারক প্রতিবন্ধক +আদি +ইন) স্ম, পুং সমর উপলক্ষ্য, শত্রু, তাম্বূল বিক্রয়ী, বারুই, শত্রু।

বারকীর, (বার=প্রতিবন্ধক কি=ক্ষেপণ-করা+অচ্) স্ম, পুং, শ্যালক, পত্নীর ভ্রাতা, বাড়বানল, উকুণ, ক্ষুদ্র চিরণী, ঘোটক, ভারবাহক মহিষা।

বারকোল, (দেশজ) স্ম কূর্ম্ম, কচ্ছপ।

বারকোষ, (দেশজ) স্ম, কাষ্ঠময় গোলাকার বৃহৎ পাত্রবিশেষ।

বারঙ্ক, (বার=জল+অন্ক্=গমনকরা+অচ) স্ম, পুং, পক্ষী, বিহঙ্গ।

বারঙ্গ, (বৃ=আবরণ করা+অঙ্গ, স্বরের বৃদ্ধি) স্ম, পুং, খড়্গাদির মুষ্টি, খড়্গা প্রভৃতির বাঁট।

বারট, (বার=জল+অট্=গমনকরা+অচ্) স্ম, ন, ক্ষেত্র, ক্ষেত্রসমূহ। টা—স্ত্রী, রাজহংসী।

বারণ, (বারি=নিবারণকরা+অনট—ভাব,ঘ) স্ম ন, নিবারণ, নিষেধ। পুং, হস্তী। পুং ন, বর্ম্ম সাঁজোয়া, তনুত্রাণ।

বারণীয়, (বারি=নিবারণকরা+অনীয়—ট) ণ, ত্রি, নিবারণযোগ্য।

বারণবল্লভা, বারণবুষা,—সা, (বারণ—হস্তী+বল্লভা=প্রিয়া,+বুষ্, বুস্=ত্যাগকরা+অচ্, আপ্) স্ম, স্ত্রী, কদলীবৃক্ষ, কলাগাছ।

বারনারী, বারমুখ্যা, বারবধূ, বারবনিতা, বারবাণী, বারবিলাসিনী, বারযোষা, বারযোষিৎ, বারসুন্দরী, বারস্ত্রী, (বার—অনেক+নারী, যে অনেকের নারী, ৬-স, অথবা বার=বেশ্যা+নারী, কর্ম্মধা, বার=বেশ্যা+মুখ্যা=প্রধানা; বারবধূ, বারস্ত্রী ইত্যাদি বারনারীবৎ) স্ম, স্ত্রী, বেশ্যা, গণিকা।

বারনিধি, (বার—জল+নিধি=আধার; ৬-ত) স্ম, পুং, সমুদ্র।

বারম্বার, (বার=সময়, দ্বিত্ব) অ, পুনঃপুনঃ, মুহুর্মুহুঃ, বার বার।

বারয়িতা, (বারি=নিবারণকরা+তৃণ-ঘ) ণ, ত্রি, বারণকারী, নিবারক।

বারলা, (বার=জল+অল্=ভূষিতকরা+অচ্, অথবা বার=ঝাঁক+লা=পাওয়া+ক) স্ম, স্ত্রী, রাজহংসী, বোল্তা।

বারবাণ, (বার=যে বারণ করে+বাণ

স্ত্র, পুং,—ন, যে বাণ বারণ করে, কঙ্কট, সাঁজোয়া, বর্ম্ম।

বারবাণি, (বার=সমূহ+বাণি=বাক্য) স্ত্র, পুং, বংশীবাদক, উত্তম গায়ক, সম্বৎসর, বিচারক, জজ। স্ত্রী, বেশ্যা।

বারবেলা, (বার=নিবারণ+বেলা=সময়) স্ত্র, স্ত্রী, সর্ব্বকর্ম্ম-বারণকাল, যে সময় কোন কর্ম্ম করা বিহিত নয়।

বারসেবা, স্ত্র, স্ত্রী, বেশ্যাসমূহ, বারাঙ্গনাগণ।

বারাংনিধি, (বারাম্=জলের+নিধি=আধার) স্ত্র, পুং, সমুদ্র, বারিধি।

বারাঙ্গনা, (বার=জনসমূহ+অঙ্গনা=স্ত্রী, ৬-ষ) স্ত্র, স্ত্রী, বেশ্যা, গণিকা।

বারাণসী, (বার=যে বারণকরে+অনস্=জন্ম, যে পুনর্জ্জন্ম বারণ করে; কিম্বা বর=শ্রেষ্ঠ+অনস্=জল+অণ্, ঈপ্, যে গঙ্গার উপর আছে) স্ত্র, স্ত্রী, কাশী, শিবপুরী।

বারাণ্ডা, (দ্বারপিণ্ডার্থ বারুণ্ডী শব্দজ) স্ত্র, উপরিস্থ গৃহের বহিঃপ্রকোষ্ঠ।

বারান্তর, (বার=সময়+অন্তর=অন্য, কর্ম্মধা) স্ত্র, ন, অন্য সময়, আর একবার।

বারাসন, (বার=জল+আসন=থাকিবার স্থান) স্ত্র, ন, জলাধার, জলপাত্র।

বারাহ, (বরাহ=শূকর বা বিষ্ণু ইত্যাদি+অণ্) ণ, ত্রি, বরাহসম্বন্ধীয়, শূকরসম্পর্কীয়।

বারাহী, (বরাহ=শূকর, কিম্বা, বিষ্ণু+অণ্, ঈপ্) স্ত্র, স্ত্রী, বরাহরূপিণী মাতৃকাবিশেষ, যোগিনীবিশেষ, তীর্থবিশেষ, পরিমাণবিশেষ, পৃথিবী, শূকরী।

বারি, (বৃ=আবরণকরা+ইঞ্) স্ত্র, ন, জল, গন্ধদ্রব্য, বালা। রি, রী—স্ত্রী, সরস্বতী, হস্তিরজ্জু, হস্তিবন্ধন স্থান, জলপাত্র, কলসী, বন্দী, কয়েদী, হস্তী ধরিবার ফাঁদ।

বারিক, (বারনিক) স্ত্র, সৈন্যের বাসস্থান, শ্রেণীবদ্ধ সৈন্যসমূহ।

বারিকণিকা, স্ত্র, স্ত্রী, কুম্ভী, পানা।

বারিকপূর, (বারি=জল+কপূর) স্ত্র, পুং, কপূরের সহিত যাহার বর্ণের তুলনা করা যায়, ইলিশমাছ।

বারিকুব্জ, স্ত্র, পুং, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানিফল।

বারিক্রমি, স্ত্র, পুং, জলৌকা, জোঁক।

বারিবরষ্ট, স্ত্র, বারি দ্বারা যে বর্ষ্টের কার্য্য সম্পাদিত হয়।

বারিচর, (বারি+চর=যে চরে, ৫-ষ) স্ত্র, পুং, মৎস্য, মীন। ণ, ত্রি, জলচর।

বারিচামর, (বারি=জল+চামর=চমরীপুচ্ছ) স্ত্র, ন, শৈবাল, শেওলা।

বারিজ, (বারি+জ=যে জন্মে, ৫—ষ) স্ত্র, পুং, শঙ্খ, শম্বুক প্রভৃতি জলজাত বস্তু। ন, পদ্মপুষ্প, জলজ, লবঙ্গ। ণ, ত্রি, যাহা বারিতে জন্মায়।

বারিত, (বারি=নিবারণকরা+ক্ত—চ) ণ, ত্রি, নিষিদ্ধ, নিবারিত।

বারিতস্কর, (বারি=জল+তস্কর=চোর) স্ত্র, পুং, মেঘ, সূর্য্য।

বারিত্রা, (বারি=জল+ত্রৈ=রক্ষাকরা+ক, আপ্) স্ত্র, স্ত্রী, আতপত্র, ছত্র, ছাতা।

বারিদ, বারিমুচ, বারিবাহ, বারিবাহন, (বারি=জল+দ=যে দান করে; +মুচ্=যে ত্যাগ করে; +বাহ=যে বহন করে, ২-ষ; +বাহন=যান, ৬-ষ) স্ত্র, পুং, মেঘ, জলদ, অম্বুদ।

বারিধি, বারিনিধি, বারিরাশি, বার্দ্ধি, (বারি+ধি=যে ধারণ করে, ২—ষ; +নিধি=আধার, ৬—ষ; অথবা বারি+ধা=ধারণ করা, নি+ধা=ধারণ করা+ই—ডে; +রাশি=সমূহ, ৬—ষ; কিংবা ৭.হ; বার্=জল+ধি=যে ধারণ করে, ২-ষ; অথবা বার্+ধা=ধারণ করা+ই—ডে) স্ত্র, পুং, সমুদ্র, জলধি, সাগর,

পারাবার। [স্ত্র,পুং,বরুণ,মেঘ, সমুদ্র।
বারিনাথ, (বারি=জল+নাথ=প্রভু)
বারিপর্ণী, বারিপৃশ্নী, (বারি+পর্ণ=পাতা; বারি+পৃশ্নী=পানা, ৬—ব) স্ত্র, স্ত্রী, কুম্ভিকা, জলের পানা।
বারিপালিকা, স্ত্র, স্ত্রী, কুম্ভী, পানা।
বারিপ্রবাহ, (বারি=জল+প্রবাহ=ক্রমাগত চলন) স্ত্র, পুং, জলপ্রবাহ, নির্ঝর, ঝরণা, স্রোত।
বারিমসি, (বারি=জল+মসি; ৬.ত) স্ত্র,পুং,মসীর ন্যায় বর্ণ বলিয়া, মেঘ, জলদ।
বারিমূলী, (বারি=জল+মূল=গোড়া; ৬.হ)স্ত্র,স্ত্রী,কুম্ভিকা, পানা।
বারিরথ,(বারি=জল+রথ=শকটাদি) স্ত্র, পুং, ভেলা, মাড, উড়ূপ।
বারিরুহ, (বারি+রুহ—যে জন্মে, ৭-ব)স্ত্র,ন,পদ্ম। ণ, ত্রি,জলজাত।
বারিলোম, (বারি=জল+লোমন্=লোম) স্ত্র, পুং,বরুণ, জলাধিপতি।
বারিবাস, (বারি=জল+বাস=বাসস্থান) স্ত্র, পুং, শৌণ্ডিক, শুঁড়ী।
বারিবাহ, স্ত্র, পুং, মেঘ।
বারিশ, (বারি=জল+শী=শয়নকরা+ড) স্ত্র, পুং, জলশায়ী, বিষ্ণু।
বারীট,(বারি=হস্তিবন্ধনস্থান+অট্=গমন করা+অচ্; নিপাতন) স্ত্র, পুং, হস্তী, গজ, দ্বিরদ, দন্তী।
বারীন্দ্র, বারীশ, (বারি=জল+ইন্দ্র=প্রধান+ঈশ=প্রভু) স্ত্র, পুং, সমুদ্র।
বারু, (বৃ=আবরণ করা+উণ্) স্ত্র, পুং, বিজয়কুঞ্জর, বিজয়ী হস্তী।
বারুঠ, স্ত্র, পুং, শব বহিবার খট্টা।
বারুণ,(বরুণ+অণ্) ণ, ত্রি, বরুণসম্বন্ধীয়। স্ত্র, ন, জল।
বারুণকর্ম্ম, (বারুণ+কর্ম্মন্=কার্য্য) স্ত্র, ন, জলাশয় পুষ্করিণী খননাদি।
বারুণি, (বরুণ+ইঞ্—অপত্যার্থে) স্ত্র, পুং, অগস্ত্যমুনি।
বারুণী, (বরুণ+অণ্, ঈপ্—অপত্যার্থে, ইদমর্থে) স্ত্র, স্ত্রী, মদ্যবিশেষ,পশ্চিমদিক্, শতভিষা নক্ষত্র, ঐ নক্ষত্রযুক্তা চৈত্রকৃষ্ণত্রয়োদশী, দূর্ব্বা, বরুণের স্ত্রী।
বারুণীবল্লভ, (বারুণী=শতভিষানক্ষত্র+বল্লভ=প্রিয়) স্ত্র, পুং, বরুণ, পাশী, পাশহস্ত।
বারুণ্ড, (বৃ=আবরণকরা+উণ্ড) স্ত্র, পুং, সর্পরাজ, অনন্ত। পুং—ন, নৌকার জলসেচন-পাত্র, কর্ণমল, কাণের খইল,নেত্রমল,চক্ষুর পিচুটী।
বারুদ,(দেশজ) স্ত্র, সোরা গন্ধকাদি মিশ্রিত চূর্ণবিশেষ।
বারেন্দ্র, (বরেন্দ্র+অণ্) স্ত্র, পুং, বরেন্দ্রদেশীয় ব্রাহ্মণ।
বারেন্দ্রী,(বরেন্দ্র=এক রাজার নাম+অণ্, ঈপ্) স্ত্র, স্ত্রী, বঙ্গদেশের অন্তঃপাতী দেশবিশেষ, রাজশাহী দেশের একদেশ। [বিশেষ, ১২।
বারো, (দেশজ) ণ, দ্বাদশ, সঙ্খ্যাবারোআরি, (দেশজ) সাধারণ, সামান্য, বারজনের।
বার্ক্ষ,(বৃক্ষ=গাছ+অণ্) স্ত্র, ন, বন, অরণ্য,অটবী। ণ,ত্রি, বৃক্ষসম্বন্ধীয়।
বার্চ্চ, (বার্=জল+চর্=গমনকরা+অচ্) স্ত্র,পুং,বারিচর, হংসপ্রভৃতি।
বার্ণিক, (বর্ণ=অক্ষর+ষ্ণিক) স্ত্র, পুং, লিপিকর, লেখক।
বার্ত্ত, (বৃত্তি=জীবন ইত্যাদি+অণ্) স্ত্র, ন, আরোগ্য, স্বাস্থ্য,কুশল,মঙ্গল, পাটব, পটুতা, ভূসি। ণ, ত্রি, নিরাময়,নীরোগ, সুস্থ, মনোহর, পটু, বৃত্তিশালী।
বার্ত্তা, (বৃত্ত=লোকবৃত্ত অর্থাৎ লোকচরিত্র+অণ্—অস্ত্যর্থে) স্ত্র, স্ত্রী, বৃত্তান্ত, সংবাদ, জনশ্রুতি। (বৃত্তি=প্রাণধারণ+ঘঞ্—অস্ত্যর্থে) বৃত্তি, দুর্গা, কৃষিগোরক্ষণাদি, বেগুণ।

বার্ত্তাক, বার্ত্তাকিন্—পুং, বার্ত্তাকি, বার্ত্তাকু-পুং,স্ত্রী, (বার্ত্তাকু, উ=ম, বৃং=বর্ত্তন+আকিন্, আকি, আকু) স্য, ফলবিশেষ, বেগুণ।

বার্ত্তাবহ, বার্ত্তায়ন, (বার্ত্তা+বহ=যে বহন করে, ২-য ; বার্ত্তা+অয়ন) স্য, পুং, দূত, চর, সন্দেশবাহক, বার্ত্তাশাস্ত্র, আয় ব্যয় বিষয়ক বিধি-দর্শক নীতিশাস্ত্রবিশেষ।

বার্ত্তিক, (বার্ত্তা=সংবাদ+ষ্ণিক) স্য, পুং, চর, দূত। (বৃত্তি+ঠক্) বৈশ্যজাতি। ন,গ্রন্থের টীকাবিশেষ। —কা,স্ত্রী, পক্ষীবিশেষ, বটেরপাখী।

বার্ত্রঘ্ন, (বৃত্রঘ্ন+ষ্ণ) স্য, পুং, অর্জ্জুন, জয়ন্ত। ণ, ত্রি, বৃত্রঘ্নসম্বন্ধীয়।

বার্দর, (বার্=জল+দৄ-বিদারণকরা+ক),স্য,ন,দক্ষিণাবর্ত্ত শঙ্খ,রেশম,জল।

বার্দ্দল, (বার্দ [বার্=জল+দ=যে দান করে]=মেঘ+লা-গ্রহণকরা+ক) স্য, ন, দুর্দ্দিন, বাদল। পুং, মস্যাধার, দোয়াত।

বার্দ্ধক, (বৃদ্ধ+বুঞ্) স্য, ন, বৃদ্ধাবস্থা, বৃদ্ধসমূহ, বৃদ্ধের কর্ম্ম।[বৃদ্ধত্ব।

বার্দ্ধক্য, (বৃদ্ধ+ষ্য) স্য, ন, বৃদ্ধাবস্থা,

বার্দ্ধুষি, বার্দ্ধুষিক, (বৃদ্ধি+ই, ঠক্—তেন জীবত্যর্থে ; ই=উষ্) স্য, পুং, যে বৃদ্ধি দ্বারা বাঁচে, বৃদ্ধিজীবী, সুদখোর।

বার্দ্ধুষ্য, (বার্দ্ধুষি+ষ্যঞ্; নিপাতন) স্য,ন, সুদ লইয়া টাকা কর্জ্জ দেওয়া, ধান্যাদি বাড়ী দেওয়া।

বার্দ্ধ্র, (বৃধ্=বৃদ্ধিপাওয়া+র, অঞ্) স্য, স্ত্রী, ধ্রী—স্ত্রী, চামড়ার দড়ি।

বার্দ্ধ্রীণস (বার্দ্ধ্রী=চর্ম্মরজ্জু+নাসিকা; নাসিকা-স্থানে নস) স্য, পুং, লম্বকর্ণবিশিষ্ট ও শ্বেতবর্ণযুক্ত বৃদ্ধছাগ, গণ্ডার, নাসিকা প্রোতরজ্জু পশু।

বার্ভট, (বার্=জল+ভট্=পোষণকরা +অচ্) স্য,পুং, কুম্ভীর, নক্র, গ্রাহ।

বার্ম্মণ, (বর্ম্মন্+অণ্) স্য,ন, বর্ম্মসমূহ কবচসমূহ।

বার্ম্মুচ, (বার্=জল+মুচ্=ত্যাগকরা +ক্বিপ্—ষ) স্য, পুং,মেঘ, জলমুচ্, বারিবাহ, বারিদ, জীমূত, ঘন।

বার্য্য, (বারি=নিবারণ করা+ণ্যৎ—চ) ণ, ত্রি, বারণযোগ্য, বারণীয়, বারি সম্বন্ধীয়।

বার্য্যমাণ,(বারি=নিবারণকরা+শানচ—চ) ণ, ত্রি, যাহা নিবারণ করা যাইতেছে, প্রতিবধ্যমান।

বার্য্যুদ্ভব, (বারি=জল+উদ্ভব=জাত) স্য, ন, পদ্ম, কমল।

বার্রাশি, (বার্=জল+রাশি) স্য, পুং, সমুদ্র, বারিরাশি, পারাবার, সাগর।

বার্বট, (বার্=জল+বট্=বেষ্টন করা +অচ্) স্য, পুং, নৌকা প্রভৃতি জলযান,বহিত্র,তরণী,তরী,পোত।

বার্ষভানবী,(বৃষভানু+ষ্ণ-অপত্যার্থে) স্য,স্ত্রী,বৃষভানুর কন্যা,রাধিকা, কৃষ্ণপ্রিয়া, রাধা।

বার্ষিক,(বর্ষ=বৎসর,বৃষ্টি+ঠক্-ভবার্থে, দেয়ার্থে, নিবৃত্তার্থে)ণ, ত্রি, বৎসর সম্বন্ধীয়, সাংবৎসরিক, প্রতিবর্ষে দেয়, বর্ষাকালীন।

বার্ষিলা, (বার্ষ,[বর্ষা+ষঞ্—ইদমর্থে] =বর্ষাসম্বন্ধীয়+ইল-যোগ) স্য,স্ত্রী, করকা, শিল।

বর্ষুক, (বৃষ=বর্ষণ করা+উকঞ্) ণ, ত্রি, বর্ষুক, বর্ষণশীল।

বার্হদ্রথ, বার্হদ্রথি, (বৃহদ্রথ=ইঁহার পিতা+ষ্ণ, ই—অপত্যার্থে) স্য, পুং, বৃহদ্রথের পুত্র, জরাসন্ধ।

বার্হস্পত্য, (বৃহস্পতি+ণ্য—উক্তার্থে) স্য, ন, বৃহস্পতিপ্রণীত শাস্ত্র, নীতিশাস্ত্র, বৌদ্ধশাস্ত্র। পুং,চার্ব্বাক। ণ, ত্রি, বৃহস্পতিসম্বন্ধীয়।

বালক, (বল্=বেষ্টন করা+ণ্বুল্) স্য, পুং, বলয়, বালা, অঙ্গুরীয়ক।

বালব, (বল্=সঞ্চালন করা+ঘঞ্; বাল+ব-অস্ত্যর্থে) স্থ, পুং, একাদশ করণের অন্তর্গত করণবিশেষ।

বালবায়জ, (বালবায়=দেশবিশেষ+জ =উৎপন্ন) স্থ, পুং, বৈদূর্য্য মণি, বালবায় দেশোৎপন্ন মণি।

বালাই, (দেশজ) স্থ, বিপত্তি, আপদ।

বালাম, (দেশজ) স্থ, তণ্ডুলবিশেষ।

বাল্ক,বাল্কল,(বল্ক,বল্কল+অণ্-ইদমর্থে) ণ, ত্রি, বল্কলনির্ম্মিত, বৃক্ষত্বক্ দ্বারা নির্ম্মিত। স্থ, পুং, দৈত্যবিশেষ।

বাল্কলী, (বল্কল+অণ্, ঈপ্) স্থ, স্ত্রী, মদিরা, মদ্য।

বাল্ভী, (দেশজ) স্থ,দুঃখিনী, অনাথা, জলবহন পাত্রবিশেষ, নীচজাতি বিশেষ।

বাল্মিক, বাল্মিকি, বাল্মীক, বাল্মীকি, (বল্মিক, বল্মীক=উইয়ের ঢিপি+ অণ্, ই, অণ্, ই) স্থ, পুং, রামায়ণ গ্রন্থকার মুনি, আদ্যকবি, রত্নাকর।

বাবদূক, (বদ্+যঙ; বদ্=অতিশয় বলা +উক—ষ, শীলার্থে)ণ, ত্রি, বাচাল, যে অধিক কথা কয়।

বাবয়, (বাবয়্ [যঙ্লুগন্ত]=অতিশয় গমন করা+অচ্) স্থ, পুং, বাবুই তুলসী।

বাবুট, স্থ, পুং, বহিত্র, নৌকা প্রভৃতি

বাবৃত্ত, (বাবৃৎ=সেবাকরা, বারণকরা +ক্ত—চ) ণ, ত্রি, সেবিত, কর্ম্ম করণার্থ নিযুক্ত, বরণকরা।

বাশি,(বাশ্=শব্দকরা+ই—সংজ্ঞার্থে) স্থ, পুং, অগ্নি, অনল, পাবক, দহন, জ্বলন, হবির্ভুক্, কৃশাণু।

বাশিত, বাশন,(বাশ্=শব্দকরা+ক্ত, অনট্—ভাব) স্থ,ন, আহ্বান, পশু পক্ষ্যাদির শব্দ।

বাশিতা,—স, (বাশ্=শব্দকরা+ক্ত, আপ্) স্থ, স্ত্রী, করিণী, হস্তিনী, করেণু, স্ত্রী, নারী।

বাশিষ্ঠ, বাসিষ্ঠ, (বশিষ্ঠ=মুনিবিশেষ+ অণ্-কৃতার্থে) ণ,ত্রি, বশিষ্ঠসম্বন্ধীয়। স্থ, ন, বশিষ্ঠপ্রণীত যোগশাস্ত্র। ষ্ঠী —স্ত্রী, গোমতী নদী।

বাশুরা, (বাশ্=শব্দকরা+উর-সংজ্ঞার্থে) স্থ, স্ত্রী, রজনী, রাত্রি, নিশা।

বাশ্র, (বাশ্=শব্দকরা+র) স্থ, ন, গৃহ, ভবন, চতুষ্পথ, চৌরাস্তা। পুং, দিবস, দিবা, দিন।

বাষ্কল, স্থ, পুং, যোদ্ধা, বীর, শূর, অসুরবিশেষ। ণ, ত্রি, বৃহৎ, বড়।

বাষ্প, বাস্প, (বা=গমনকরা+প; নিপাতন) স্থ, পুং, নেত্রজল, অশ্রু, কণ্ঠবারি, উষ্মা, সূক্ষ্মজল বিন্দু, ধূম, লৌহ। ষ্পী—ঔষধ।

বাস, (বস্=বাসকরা+ঘঞ্—ডে) স্থ, পুং, বাসস্থান, মন্দির, ভবন, গৃহ, স্থিতি, বস্ত্র। (বাস্=বাসিত করা+ অচ্—ভাব) সুগন্ধ।

বাসক, (বাস্=বাসিতকরা+ণ্বুল—ষ) স্থ, পুং—স্ত্রী,বৃক্ষবিশেষ,বাকস্ গাছ। ণ, ত্রি, সুগন্ধকারক।

বাসকর্ণী, (বাস=গৃহ+কর্ণ=কাণ+ ঈপ্) স্থ, স্ত্রী, যজ্ঞশালা।

বাসকসজ্জা, বাসসজ্জা, (বাসক, বাস= বস্ত্র+সজ্জা; ৬-ষ) স্থ, পুং, বেশভূষা যুক্তা হইয়া নায়কাকাঙ্ক্ষিণী স্ত্রী, যে নায়িকা বেশভূষা করিয়া ও আবাসগৃহ সাজাইয়া নায়কের আগমন প্রতীক্ষা করিয়া থাকে।

বাসগৃহ, (বাস+গৃহ=ঘর, ৬-ষ; কিম্বা ৪-ষ) স্থ, ন, শয্যাগৃহ, শয়নাগার, মধ্যগৃহ, অন্তঃপুর গৃহ।

বাসত, স্থ,পুং, গর্দ্দভ, গাধা, রাসভ।

বাসতেয়, (বসতি=বাসস্থান বা রাত্রি+ এয়) ণ, ত্রি, বাসযোগ্য। য়ী—স্ত্রী, রাত্রি, রজনী, নিশা, যামিনী।

বাসন, (বাসি=বাসিতকরা+অনট্; বা বসন+অণ্) স্থ,স্ত্রী, বসন বা বাসের

যোগ্য। ন, বসন, বস্ত্র, পরিচ্ছদ, স্থান, গৃহ, জলাদির পাত্র, বাস, বসতি, কলসী, জালা পাত্র, বাস্ত্র, যোড়ক, মিশ্রকরণ। না-স্ত্রী, মনোবৃত্তি সংস্কারবিশেষ, স্মারক শক্তিবিশেষ, কল্পনা, বিশ্বাস, অজ্ঞান, দুর্গা।

বাসন্ত, (বসন্ত+অণ্—সম্বন্ধার্থে) ণ, ত্রি, বসন্ত ঋতুসম্বন্ধীয়। স্ম, পুং, উষ্ট্র, কোকিল, মলয়বায়ু, মুগকলাই, কৃষ্ণ মুগ, মদনকবৃক্ষ, ময়না গাছ।

বাসন্তিক, (বসন্ত+ষ্ণিক; বসন্ত কালই এই উৎসবের সময়) স্ম, পুং, নট, নর্ত্তক, বিদূষক, ভাঁড়, মস্করা।

বাসন্তী, (বাসন্ত+ঈ) স্ম, স্ত্রী, নবমল্লিকা, মাধবীলতা, মদনোৎসব, বনদেবতাবিশেষ, দুর্গা।

বাসযোগ, (বাস=সুগন্ধ+যোগ) স্ম, পুং, গন্ধদ্রব্য চূর্ণ।

বাসর, (বাসি=বাসকরান+অর—সংজ্ঞার্থে) স্ম, পুং—ন, দিবস। পুং, নাগবিশেষ।

বাসব, (বসু=ধন+অণ্; অথবা বস=বাসকরা+অব—সংজ্ঞার্থে। স্ম, পুং ইন্দ্র। যিনিস্বর্গে বাস করেন। বী—স্ত্রী, ব্যাসের মাতা, সত্যবতী, মৎস্যগন্ধা।

বাসবদত্তা, স্ম, স্ত্রী, কথা গ্রন্থবিশেষ।

বাসঃ, (বস্=আচ্ছাদন করা+অস্—সংজ্ঞার্থে) স্ম, ন, বস্ত্র।

বাসসন্নিধান—বাসস্থাননির্মাণ।

বাসি,—পুং, বাসী-স্ত্রী, (বস্-বাসকরা+ইঞ্) স্ম, কুঠারবিশেষ, বাইস।

বাসিত, (বাসি=বাসিত করা+ক্ত-ট) ণ, ত্রি, সুগন্ধীকৃত, সুরভিত, বিখ্যাত। (বস্=আচ্ছাদন করা+ক্ত) কাপড়পরা, বস্ত্রাচ্ছাদিত, বসনপিহিত, পুরাতন, পুরাণ, আর্দ্রীকৃত, পর্য্যুষিত। (বাস=শব্দ করা+ক্ত—ভাব) স্ম, ন, পক্ষীর শব্দ। তা—স্ত্রী, করিণী, করেণু, নারী।

বাসিষ্ঠ, স্ম, ন, রুধির, রক্ত।

বাসী, (বস্=বাসকরা+ইন্—ষ) ণ, ত্রি, বাসকারী, বাসিন্দা।

বাসু, (বস্=বাসকরা+উণ্) স্ম, পুং, বিষ্ণু, নারায়ণ, পুনর্বসুনক্ষত্র, পরমাত্মা।

বাসুকি, বাসুকের, (বসু+ক+ইঞ, বাসুকি+ঠক্)স্ম, পুং, সর্পরাজ, অনন্ত

বাসুকেরস্বসা, (বাসুকি=সর্পরাজ+স্বসৃ=ভগিনী) স্ম, স্ত্রী, মনসাদেবী জরৎকারু।

বাসুদেব, (বসুদেব+ষ্ণ—অপত্যার্থে) স্ম, পুং, বসুদেবসুত, কৃষ্ণ।

বাসুভদ্র, (বাসু=পরমাত্মা+ভদ্র=শ্রেষ্ঠ) স্ম, ন, কৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

বাসুরা, (বাসি=বাসিত করান বা বাস করান+উর) স্ম, স্ত্রী, রাত্রি, হস্তিনী, স্ত্রী, পৃথিবী।

বাসূ, (বাসি=বাস করান+উ—সংজ্ঞার্থে; স্ম, স্ত্রী, নাট্যোক্তিতে—বালিকা। [ন, শয়নাগার, বাসগৃহ।

বাসৌকঃ, (বাস+ওকস্=গৃহ) স্ম,

বাস্তব, বাস্তবিক, (বস্তু+অণ্—ইদমর্থে; বাস্তব+ঠক্—স্বার্থে) ণ, ত্রি, যথার্থ, প্রকৃত, পরমার্থভূত বস্তু।

বাস্তবোষা, (বাস্তব=সঙ্কেত স্থান+উষা=কামুকা স্ত্রী) স্ম, স্ত্রী, যে সময়ে নায়িকা সঙ্কেত স্থানে নায়ক আগমন প্রতীক্ষা করিয়া থাকে, রজনী, রাত্রি, যামিনী, ক্ষপা, নিশা, ত্রিযামা।

বাস্তব্য, (বস্=বাসকর+তব্য—ভে, ঘ) ণ, ত্রি, বাস্তযোগ্য, বাসযোগ্য, বাসকারী, বাসকর্ত্তা, প্রতিবাসী। স্ম, পুং, বসতি।

বাস্তু, (বস্=বাসকরা+তু) স্ম, পুং, ন, বসতি বাটী, ভবন, গৃহ, আবাস, আবসথ, নিবাস, বেশ্ম। ন, বেতুয়াশাক।

বাস্তুক, বাস্তূক, (বাস্তু+কণ্—স্ব-ার্থে; অথবা বস্=বাসকরা+তুক) স্য, ন, বেতুয়াশাক।
বাস্তুদেব, স্য, পুং, গৃহদেবতা।
বাস্তোষ্পতি, বাস্তোষ্পতি, (বাস্তোস=বসতিবাটীর+পতি=স্বামী) স্য, পুং, সুরপতি, ইন্দ্র, শতক্রতু, শক্র, সহস্রলোচন, বজ্রী, হরি।
বাস্ত্র, (বস্ত্র=কাপড়+অণ্—ইদমর্থে) ণ, ত্রি, বস্ত্রাবৃত, বস্ত্র-সম্বন্ধীয়। স্য, পুং, বস্ত্রাবৃত রথ।
বাহ, (বহ্=বহন করা, বায়ুতুল্য+ঘঞ—ঘ) স্য, পুং, অশ্ব, বাজী, ঘোটক, বৃষ, বায়ু, বাহু, পরিমাণ-বিশেষ। ণ, ত্রি, বাহক।
বাহক, (বাহি=বহন করান কিম্বা বহ্=বহন করা+ণুল—ঘ) স্য, পুং, সারথি, যন্তা, সূত। ণ, ত্রি, বহন-কর্ত্তা। [৩-ষ) স্য, পুং, মহিষ।
বাহদ্বিষৎ, (বাহ=অশ্ব+দ্বিষৎ=শত্রু,
বাহন, (বাহি=পাওয়ান+অনট্—ধ) স্য, ন, যান, যদ্দ্বারা বহন হয়, হস্ত্যশ্ব নৌকা শিবিকা প্রভৃতি যাহার দ্বারা দ্রব্যাদি দেশান্তরে পাওয়া যায়।
বাহশ্রেষ্ঠ, স্য, পুং, অশ্ব, ঘোটক, বাজী, তুরঙ্গ, হয়।
বাহস, (বাহি=বহন করান+অস) স্য, পুং, বৃহৎসর্প, অজগর, বারি-নির্গম। [সৌষ্ঠব।
বাহার, (যাবনিক) স্য, সৌন্দর্য্য,
বাহাবাহবি, (বাহু+বাহু, সমাসে ই প্রত্যয়) ব্য, বাহুযুদ্ধ, হাতাহাতি।
বাহিক, (বাহি=বহনীয়+ঠক্) স্য, পুং, ঢক্কা, গোবাহ্য শকটাদি। ণ, ত্রি, ভারবাহক।
বাহিত, (বাহি=বহান+ক্ত—চ) ণ, ত্রি, চালিত, প্রেরিত, প্রবাহিত, প্রতারিত, বঞ্চিত।
বাহিত্থ, (বাহিন্+স্থা=থাকা+ক; স্—৮) স্য, ন, গজকুম্ভের অধোভাগ।
বাহিনী, (বাহ+ইন্—অস্ত্যর্থে) স্য, স্ত্রী, সেনাবিশেষ; ৮১ হস্তী, ৮১ শকট, ২৪৩ অশ্ব এবং ৪০৫ পদাতি—এতা-বৎসংখ্যক সৈন্য। (বহ্=বহা+ইন্—ক, ঈপ্) নদী। (অক্ষৌহিণী দেখ)
বাহিনীপতি, (বাহিনী=সেনা বা নদী+পতি=প্রভু) স্য, পুং, সেনা-পতি, সেনানী, সরিৎপতি, সমুদ্র, সাগর, রত্নাকর।
বাহির, (বহিস্ শব্দজ) স্য, বহির্ভাগ, বহির্দেশ। [ত্রি, বহনকারী।
বাহী, (বহ্=বহনকরা+ইন্—ঘ) ণ,
বাহীক, (বাহ=বহন+ঈক) স্য, পুং, শকট, জাতিবিশেষ, দেশবিশেষ, পঞ্জাব। ণ, ত্রি, বাহক, ভারী। (বহিস্+ঠক্) বহিঃস্থিত।
বাহু, (বহ্=বহনকরা+উ) স্য, পুং, ভুজ, কক্ষ অবধি অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব, অঙ্কশাস্ত্রে—রেখা-বিশেষ। [রাজা।
বাহুক, (বাহু+ক) স্য, পুং, নল-বাহুকুণ্ঠ, ণ, ত্রি, কুণ্ঠিত বাহুযুক্ত, নুলা। [শক্র, সুরপতি।
বাহুদন্তী, স্য, পুং, ইন্দ্র, দেবরাজ,
বাহুল, স্য, পুং, বক্ষত্রাণ, অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুরক্ষক লোহাদি, কা-র্ত্তিক মাস, শাকামুনিসুত, অগ্নি, অনল।
বাহুল্য, (বহুল+ষ্যঞ—ভাবার্থে) স্য, ন, বহুত্ব, আতিশয্য, প্রাচুর্য্য।
বাহ্য, বহ্=বহনকরা+ণ্যৎ—চ; কিম্বা বহিস্=বাহিরে+যঞ্—ভাবার্থে) ণ, ত্রি, বহনীয়, বহিঃস্থ স্য, ন, যান, বাহন।
বাহ্যজ্ঞান, স্য, ন, বহিরিন্দ্রিয় জন্য বোধ, স্থূলজ্ঞান, সামান্য জ্ঞান।
বাহ্যমান, (বাহি=বহান+শানচ্—চ) ণ, ত্রি, প্রাপ্যমান, যাহা বাহিত হই-তেছে। [বের সঙ্গে বাহিরে থাকে।
বাহ্যসন্থিত, যে সকল জীবের অস্থি-

বাহ্যেন্দ্রিয়, (বাহ্য—বাহির+ইন্দ্রিয়) স্ত, ন, বহিরিন্দ্রিয়, চক্ষুঃ কর্ণ নাসিকা প্রভৃতি।

বাহ্লিক,—কী, (বল্হ—দীপ্তি পাওয়া+ইক, ঈক) স্ত, পুং, দেশবিশেষ, তাহার দেশের অন্তঃপাতী বল্খ, তদ্দেশজ অশ্ব, গন্ধর্ব্ববিশেষ। ন, কুঙ্কুম। হিঙ্গু, হিং।

বি; (বে—বিস্তার করা+ই—সংজ্ঞার্থে; যে পক্ষদ্বয় বিস্তার করে) স্ত, পুং—স্ত্রী, পক্ষী। পুং, চক্ষুঃ, আকাশ, স্বর্গ।

বি, (বা—গমনকরা+ই) ব্য, উপ, বিপরীত, বিরুদ্ধ, বিষম, বিরক্তি, নিশ্চয়, নিন্দা, অসম্মতি, অসহন, প্রভেদ, পরিভব, কারণ, হেতু, অভাব, গতি, আলম্বন, অবলম্বন, বিশেষ, নিগ্রহ, অব্যাপ্তি, ঈষৎ, শুদ্ধি, জ্ঞান, নিষেধ, দান, পাদপূরণ, নিয়োগ, বৈপরীত্য, বিরোধ।

বিউনী,(বেণীশব্দজ) স্ত, বেণী, কেশবন্ধনবিশেষ।

বিংশ, (বিংশতি+ডট্—পূরণার্থে) ণ, ত্রি, বিংশতির পূরণ।

বিংশক,(বিংশতি+ড্বুণ্—অবয়বার্থে) ণ,ত্রি,বিংশতি, কুড়ি, ২০। [সংখ্যা।

বিংশতি, স্ত, স্ত্রী, একবং, কুড়ি, বিশ-

বিংশতিতম, (বিংশতি+তম—পূরণার্থে) ণ, ত্রি, বিংশতির পূরণ।

বিধ; (বিধ্ধাতুজ)স্ত,ছিদ্রকরণ,বেধন।

বিক, স্ত, ন, সদ্যঃপ্রসূতা গাভীর দুগ্ধ। [লতা।

বিক..., স্ত, পুং, গোক্ষুর, গোক্ষুরী

বিকঙ্কত, (বি+কঙ্ক্—গমনকরা+অতচ্+সংজ্ঞার্থে) স্ত, পুং, বঁইচগাছ, স্রুবাবৃক্ষ।

বিকচ, (বি—না+কচ—বন্ধনকরা+অচ্—ভাব ; ৬.হ) ণ,ত্রি, বিকসিত, প্রস্ফুটিত, উন্মীলিত, কেশরহিত, মেস্থা। স্ত, পুং, কেতুগ্রহ, ক্ষপণক, উলঙ্গ।

বিকঞ্চ, (বি—না+কঞ্চ—কাঞ্চা ; ৬.হ) ণ, ত্রি, কঞ্চরহিত, কাছাহীন।

বিকট, (বি+কট—বক্রহওয়া ইত্যাদি+অচ্—ষ) ণ, ত্রি, বৃহৎ, বিশাল, বিপুল, বড়, ভয়ঙ্কর, ভয়ানক,দন্তী, দন্তুর, বিকৃত। স্ত, পুং,বিস্ফোটক।

বিকত্থন, (বি—বিপরীত+কত্থন—প্রশংসা) স্ত, ন, আত্মশ্লাঘা, মিথ্যাশ্লাঘা, বৃথা স্তুতি। ণ,ত্রি,আত্মশ্লাঘী।

বিকম্পিত, (বি—বিশেষরূপে+কম্প্—কাঁপা+ক্ত—ষ) ণ, ত্রি, বিশেষরূপে কম্পিত, অতিশয় চঞ্চল।

বিকর, (বি—প্রভেদ+কর—করণ) স্ত, পুং, রোগ, পীড়া, আময়, গদ, অস্বাস্থ্য। [ত্রি,ভয়ানক,অতি ভয়ঙ্কর।

বিকরাল, (বি+করাল—ভয়ানক) ণ,

বিকর্ণ, (বি—না+কর্ণ—কাণ) স্ত, পুং, দুর্য্যোধনের ভ্রাতা। ণ, ত্রি, কর্ণরহিত।

বিকর্ণিক, (বি—অভাব, না+কর্ণ+ঠক্) স্ত, পুং, পঞ্জাবের অন্তর্গত সারস্বত দেশ, যে দেশ হইতে কর্ণ নির্ব্বাসিত হইয়াছিলেন।

বিকর্ত্তন, (বি+কৃৎ—ছেদন করা+অন) স্ত, পুং, সূর্য্য, পৌরাণিকেরা বলেন, সূর্য্যপত্নী সংজ্ঞা সূর্য্যের তেজ সহ্য করিতে না পারাতে বিশ্বকর্ম্মা কুন্দ দ্বারা তাঁহার তেজ খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন করেন, অর্কবৃক্ষ। ণ, ত্রি, ছেদনকারী, বিনাশক।

বিকর্ম্মকৃৎ, বিকর্ম্মস্থ, (বিকর্ম্মন্—নিষিদ্ধকর্ম্ম+কৃৎ—যে করে,+স্থ—যে থাকে) ণ, ত্রি, নিষিদ্ধকর্ম্মকারী।

বিকর্ষ, (বি—প্রভিন্ন+কৃষ্—আকর্ষণ করা+অচ্) স্ত, পুং, শর, বাণ, শিলীমুখ, মার্গণ।

বিকর্ষণ, (বি+কৃষ্—আকর্ষণ করা+

অনট্-ভাব) স্ত্র, ন, আকর্ষণ, টানা।
বিকল, (বি=না+কলা=চন্দ্রের ষোড়শাংশ ইত্যাদি; ৬.হ) ণ, ত্রি, অসম্পূর্ণ, অসমগ্র, হ্রাসপ্রাপ্ত, কলা-হীন, অপ্রস্তুত, বিহ্বল, অবশ, অস্বা-ভাবিক, অনৈসর্গিক, অসমর্থ, রহিত। লা, লী—স্ত্রী, ঋতুহীনা, নিবৃত্তরজস্কা স্ত্রী। ন, কলার ষোড়শাংশ।
বিকলপাণিক, স্ত্র, পুং, অপ্রকৃতিস্থ হস্তযুক্ত, বিকৃতহস্ত, হুলা।
বিকলাঙ্গ, (বিকল-অবশ + অঙ্গ; ৬.হ) ণ, ত্রি, হীনাঙ্গ, খঞ্জপ্রভৃতি।
বিকলেন্দ্রিয়, (বিকল-অবশ+ইন্দ্রিয়; ৬.হ) ণ, ত্রি, যাহার ইন্দ্রিয় অবশ, যাহার হস্ত পদাদি ইন্দ্রিয়ের ন্যূনতা আছে।
বিকল্প, (বি=প্রভিন্ন+কল্প=বিধান ইত্যাদি) স্ত্র.পুং, সন্দেহ, ভ্রান্তি, ভ্রম, সংশয়, বিপরীত কল্প, বিবিধ কল্পনা, বিভিন্ন কল্পনা, ইচ্ছানুযায়ী কল্পনা, বিশেষ।
বিকল্পিত, (বিকল্প+ইত) ণ, ত্রি, অনিয়মিত, বিবিধরূপে কল্পিত, সন্দিগ্ধ, বিভাবিত। [প্রস্ফুটিত।
বিকশ্বর, (বি+কশ্+বরচ্) স্ত্র. ত্রি,
বিকস, (বি+কস্=গমনকরা+অচ্) স্ত্র, পুং, চন্দ্র। সা—স্ত্রী, মঞ্জিষ্ঠা।
বিকসিত, বিকশিত, (বি+কস্=বিক-সিত হওয়া+ক্ত—য) ণ, ত্রি, প্রফুল্ল, প্রস্ফুটিত, প্রকাশিত।
বিকস্বর,—শ, র, (বি+কস্+বরচ্, কর্ত্—শীলার্থে) ণ, ত্রি, বিকাসশীল, প্রকাশশীল, বিসরণশীল।
বিকষরা, স্ত্র, স্ত্রী, রক্তপুনর্ণবা।
বিকার,(বি=বিরুদ্ধ+কৃ=করা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, প্রকৃতির অন্যথাভাব, বিকৃতি, অস্বাস্থ্য, রোগ, স্খলন।
বিকার্য্য, (বি=বিরুদ্ধ+কৃ=করা+ণ্যৎ —চ) ণ, ত্রি, বিক্রিয়ার যোগ্য, বিকারযোগ্য।
বিকাল, বিকালক, (বি=বিরুদ্ধ+কাল =সময়) স্ত্র, পুং, বৈকাল, অপরাহ্ন।
বিকালিকা, (বিকাল+ঠক্) স্ত্র, স্ত্রী, জলঘড়ী, তাম্রী, তাঁবী।
বিকাশ, বিকাস, বীকাশ, (বি+কাশ্ =দীপ্তি পাওয়া+অচ্-ভাব) স্ত্র, পুং, প্রকাশ, উল্লাস, প্রসার, বিস্তার, আকাশ, গোপন, বিজন, বিষমগতি।
বিকাশন, বিকাসন, (বি+কাশ্, স্+ অনট্—ভাব) স্ত্র, ন, প্রকাশ, প্রস্ফুটন।
বিকাশী, বিকাসী, (বিকাশ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিকস্বর, বিকাশ-শীল, প্রসরণশীল, হৃষ্ট, হর্ষযুক্ত, প্রফুল্ল।
বিকির, (বি=প্রভিন্ন+কৃ=বিক্ষেপ-করা+ক) স্ত্র, পুং, পক্ষী, বিহঙ্গ, খগ, খেচর, কুপ, পূজাকালীন বিঘ্ন নিবা-রণার্থ ক্ষেপণীয় তণ্ডুলাদি, বিকীরণ।
বিকিরণ, (বি+কৃ=বিক্ষেপ করা+ অনট্—ভাব) স্ত্র, ন, বিক্ষেপণ, জ্ঞান, হিংসন। ণ, ত্রি, কিরণ-রহিত।
বিকীর্ণ, (বি+কৃ=বিক্ষেপ করা+ক্ত—চ) ণ, ত্রি, বিক্ষিপ্ত, বিস্তৃত, বিস্তা-রিত, ছড়ান, বিখ্যাত। [রাজার পুত্র।
বিকুক্ষি, স্ত্র, পুং, সূর্য্যবংশীয় ইক্ষ্বাকু
বিকুণ্ঠ, স্ত্র, ন, বৈকুণ্ঠ দেখ।
বিকুণ্ঠিত, (বি+কুন্ঠ=খোঁড়ান, বিকল হওয়া+ক্ত—চ) ণ, ত্রি, কুণ্ঠীকৃত, আবৃত, খাবড়া, ভোঁতা।
বিকুর্ব্বাণ, (বি+কৃ=করা+শানচ্) ণ, ত্রি, সুখী, হৃষ্ট, সন্তুষ্ট, বিকৃতিপ্রাপ্ত।
বিকুস্র, (বি+কস্=বিকসিত হওয়া+ র; অ=উ) স্ত্র, পুং, চন্দ্র, নিশা-কর, নিশানাথ, শশী, মৃগাঙ্ক, হিমাংশু।
বিকূণিকা, (বি+কূণ্=শব্দ করা+ণ্বুল্) স্ত্র, স্ত্রী, নাসিকা, নাক।
বিকূণিত, (বি+কূণ্=সঙ্কুচিত হওয়া+ ক্ত—ভাব) স্ত্র, ন, মুদ্রা, সঙ্কোচ। ণ, ত্রি, সঙ্কুচিত, মুদ্রিত।

বিকৃত, (বি+কৃ+ক্ত—চ) ণ, ত্রি, বিকারপ্রাপ্ত, বিরূপকৃত, অন্যথাকৃত, ঘৃণিত, রুগ্ন, পীড়িত, মায়াবী, বিকট, অসম্পূর্ণ, বিকল, বীভৎস। স্ত্র, ন, বিকার।

বিকৃতি, (বি+কৃ+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, বিকার, প্রকৃতির অন্যথাভাব, রোগ, পীড়া, আময়, আর্ত্তি, আধি, ব্যাধি। [চ) ণ, ত্রি, আকৃষ্ট, উদ্ধৃত।

বিকৃষ্ট, (বি+কৃষ্—আকর্ষণকরা+ক্ত—

বিকৃষ্টকাল, স্ত্র, পুং, চিরকাল, সতত।

বিকেশী, (বিকেশ+ঈ) স্ত্র, স্ত্রী, পট-বর্ত্তি, কেশবর্জ্জিতা স্ত্রী, মহীরুহ, শিবপত্নী।

বিকোষ, বিকোষিত, (বি—না+কোষ—খাপ, আবরণ) ণ ত্রি, কোষ হইতে নিষ্কাশিত, খাপ হইতে বাহির করা।

বিক্ক, (বিক্—অনুকরণ শব্দ+ক—যে শব্দ করে) স্ত্র, পুং, হস্তিশাবক, করভ

বিক্রম, (বি+ক্রম্—বলবান্ হওয়া ইত্যাদি+অচ্—ভাব) স্ত্র, পুং, পরাক্রম, শৌর্য্য, বীরত্ব, সামর্থ্য, শক্তি, সাহস, চরণ, চলন, আক্রমণ, বিক্রমাদিত্য রাজা, ত্রিবিক্রম, বিষ্ণু, বৎসরবিশেষ, পক্ষীর গতি।

বিক্রমাদিত্য, বিক্রমার্ক, (বিক্রম—সামর্থ্য +আদিত্য, অর্ক=সূর্য্য, ৭-ব) স্ত্র, পুং, উজ্জয়িনীর রাজা, সংবৎনামে বর্ষগণনার প্রবর্ত্তক।

বিক্রমী, (বিক্রম—শক্তি, সাহস+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, সিংহ, কেশরী, মৃগরাজ, বীর, শূর, বিষ্ণু। ণ, ত্রি, পরাক্রমশালী, বিক্রান্ত, পরাক্রান্ত, প্রভাবশালী।

বিক্রয়, (বি+ক্রী—দ্রব্যবদল করা+অল্-ভাব) স্ত্র, পুং, মূল্য গ্রহণ করিয়া কোন বস্তু অর্পণ করা, বেচা।

বিক্রয়ী, বিক্রয়িক, (বিক্রয়+ইন্, ঠক্—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে বিক্রয় করে, বিক্রয়কারী, বিক্রেতা।

বিক্রান্ত, (বি+ক্রম্+ক্ত—ম্) ণ, ত্রি, পরাক্রান্ত, বিক্রমশালী, বীর, শূর। স্ত্র, পুং, সিংহ। ন, বিক্রম, বৈক্রান্তমণি।

বিক্রান্তি, (বি+ক্রম+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, বিক্রম, প্রভা, অশ্বের গতি-বিশেষ। [বিকার, বিকৃতি।

বিক্রিয়া, (বি+কৃ+য, আপ্) স্ত্র, স্ত্রী,

বিক্রীড়িত, (বি—নানাবিধ+ক্রীড়্=খেলা করা+ক্ত—ভাব) স্ত্র, ন, নানাপ্রকার খেলা, বিবিধ ক্রীড়া।

বিক্রীত, (বি+ক্রী+ক্ত—চ) ণ, ত্রি, বিক্রয়করা বস্তু, যাহা বিক্রয় করা হইয়াছে, যাহা বেচা হইয়াছে।

বিক্রুষ্ট, (বি+ক্রুশ্=রোদন করা, কঠিন হওয়া ইত্যাদি+ক্ত—ম) ণ, ত্রি, নির্দয়, কঠিন, নিষ্ঠুর, আহূত, আক্রোশকারী, আক্রোশবিশিষ্ট।

বিক্রেতা, (বি+ক্রী+তৃণ-ম) স্ত্র, পুং, যে বেচে, বিক্রয়কারক, বিক্রি-ওয়ালা, দোকানদার, ব্যাপারী।

বিক্রেয়, (বি+ক্রী+যৎ—চ) ণ, ত্রি, পণ্য, বিক্রয়যোগ্য, যাহা বিক্রয় করা যাইতে পারে।

বিক্লব, (বি+ক্লব্=ভীতহওয়া+অল্—ম) ণ, ত্রি, বিহ্বল, বিবশ, চঞ্চলচিত্ত, উদ্ভ্রান্ত, কাতর, ভীত, ভীরু, উপহত, অবধারণাসমর্থ, ইতিকর্ত্তব্যতাবিমূঢ়। স্ত্র, পুং, ব্যাকুলতা, জড়তা, ওদাস্য, ভ্রান্তি।

বিক্লিত্তি, (বি+ক্লিদ্+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, অন্নাদির পাক, আর্দ্রতা, দ্রবীভাব।

বিক্লিন্ন, (বি+ক্লিদ্—আর্দ্র হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, জীর্ণ, দ্রবীভূত, আর্দ্র।

বিক্ষত, (বি+ক্ষত—আহত, বিদারিত) ণ, ত্রি, আঘাতপ্রাপ্ত, আহত, ক্ষতপ্রাপ্ত।

বিক্ষাব, (বি+ক্ষু=হাঁচা, শব্দ করা+ঘঞ্) স্ত্র, পুং, শব্দ, ধ্বনি, কাশী, কাশ রোগ।

বিক্ষিপ্ত, (বি=বিশেষরূপে, অধিকরূপে+ক্ষিপ্ত=নিক্ষিপ্ত) ণ, ত্রি, ত্যক্ত, বিস্তারিত, যাহার প্রতি ক্ষেপণ করা যায়, প্রেরিত।

বিক্ষিপ্তগতি, স্ত্র, স্ত্রী, কোন বস্তু নিক্ষেপ করিলে সেই বস্তুর যে গতি জন্মে, বিক্ষিপ্ত দ্রব্যের গতি।

বিক্ষেপ, (বি+ক্ষিপ+অল্) স্ত্র, পুং, ক্ষেপণ, ত্যাগ, নিক্ষেপ, প্রসারণ, সঞ্চালন, ভয়, প্রেরণ।

বিক্ষেপশক্তি, স্ত্র, স্ত্রী, মায়ার শক্তিবিশেষ, যদ্দ্বারা বিশ্ব প্রকাশ হয়, লৌকিক দৃষ্টান্ত—যথা, রজ্জুতে সর্প ভ্রম, এস্থলে আবরণ শক্তি রজ্জুকে রজ্জু বলিয়া জানিতে দিলনা, আর বিক্ষেপ শক্তি উহাতে সর্পবুদ্ধি উৎপাদন করিল।

বিক্ষোভ, (বি+ক্ষুভ্=চঞ্চল হওয়া, কাতর হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, ক্ষোভ, দুঃখ, বিদারণ, সংঘট্টন, কম্প, চাঞ্চল্য, ভয়, চিত্তোদ্ভ্রান্তি, উদ্রেক, ঔদাস্য, ঔৎকণ্ঠ্য।

বিখ, বিখু, বিখ্য, (বি=না+খ, খু, খ্য=নস বা নাসিকা শব্দজ; ৬.হ) ণ, ত্রি, খাঁদা, যাহার নাসিকা নাই।

বিখনাঃ, স্ত্র, পুং, ব্রহ্মা।

বিখণ্ডিত, (বি+খণ্ডিত=কর্ত্তিত) ণ, ত্রি, বিদীর্ণ, ভগ্ন, অংশীকৃত, কর্ত্তিত, ছেদিত। [অনন্বিত।

বিখারা, স্ত্র, স্ত্রী, স্বরের অমিলন,

বিখানা, (বিখাস=আ) স্ত্র, স্ত্রী, জিহ্বা।

বিখুর, (বি+খুর্=ছেদ করা+অচ্) স্ত্র, পুং, রাক্ষস, নিশাচর, চোর, তস্কর।

বিখ্যাত, (বি=বিশেষরূপে+খ্যা=বলা+ক্ত—চ) ণ, খ্যাতাপন্ন, প্রসিদ্ধ, যশস্বী। [পুং, যশঃ, প্রসিদ্ধি, সুখ্যাতি।

বিখ্যাতি, (বি+খ্যা+ক্তি—ভাব) স্ত্র,

বিখ্যাপন, (বি+খ্যাপি=বলান+অনট্—ভাব) স্ত্র, ন, প্রশংসা, কীর্ত্তি, ব্যাখ্যা, বিবরণ, বিজ্ঞাপন।

বিগ্র, বিগ্রু, (বি=না+গ্র, গ্রু=নাসিকাশব্দজ; ৬.হ) ণ, ত্রি, খাঁদা, ছিন্ননাসিক, নাসিকাহীন, চক্র। [হওন।

বিগড়ন, (দেশজ) বিকৃতি হওন, মন্দ-

বিগণন, (বি+গণ্=সংখ্যাকরা+অনট্—ভাব) স্ত্র, ন, না—স্ত্রী, ঋণমোচন, ঋণাদি পরিশোধ, গণনা, সংখ্যাকরণ, অবজ্ঞা।

বিগণিত, (বি+গণ্+ক্ত—চ) ণ, ত্রি, ঋণমুক্ত, সংখ্যাত, গণিত, মত, মান্য।

বিগত, (বি+গম্=গমনকরা+ক্ত—ঘ) ণ, ত্রি, অতীত, সম্পাদিত, ভুক্ত, নষ্ট, প্রস্থিত, নিষ্প্রভ, মলিন।

বিগতশ্রীক, ণ, ত্রি, শ্রীরহিত, শ্রীহীন।

বিগতার্ত্তবা, (বিগত+আর্ত্তব=স্ত্রীরজঃ; ৬.হ) স্ত্র, স্ত্রী, নিবৃত্তরজস্কা স্ত্রী, যে স্ত্রীর রজোনিবৃত্তি হইয়াছে, বৃদ্ধা।

বিগম, (বি+গম্=গমনকরা+অচ্ ভাব) স্ত্র, পুং, নাশ, অপগম, নিবৃত্তি, প্রস্থিতি, নিষ্পত্তি, ক্ষান্তি।

বিগর্হণ, (বি+গর্হি=নিন্দাকরা+অনট্—ভাব) স্ত্র, ন, ণা—স্ত্রী, নিন্দা, ভৎর্সনা, তিরস্কার, কুৎসা, অপবাদ, কলঙ্ক।

বিগর্হিত, (বি+গর্হ্+ক্ত—চ) ণ, ত্রি, নিন্দিত, ভর্ৎসিত, নিষিদ্ধ, দূষিত। স্ত্র, ন, নিন্দা।

বিগলিত, (বি+গল্=ক্ষরিত হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, পতিত, স্খলিত, ক্ষরিত, ভ্রষ্ট, স্থানচলিত।

বিগাঢ়, (বি+গাহ্=বিলোড়ন করা, অবগাহন করা+ক্ত—ঘ) ণ, ত্রি, মগ্ন, স্নাত, প্রৌঢ়, প্রবৃদ্ধ, কঠিন, ঘন।

বিগান, (বি=বিরুদ্ধ+গৈ=গানকরা+অনট্—ভাব) স্ত্র, স্ত্রী, অপযশ, নিন্দা।

বিগাহ, (বি+গাহ্+অচ্—ভাব)

স্ব, পুং, স্নান, অবগাহন, বিলোড়ন।
বিগাহমান, (বি+গাহ্+শানচ্—ষ) ণ, ত্রি, অবগাহনকারী, বিলোড়নকারী।
বিগীত, (বি=বিরুদ্ধ+গৈ+ক্ত) ণ, ত্রি, নিন্দিত, ভর্ৎসিত, গর্হিত, অপবাদিত।
বিগুণ, (বি=বিরুদ্ধ+গুণ=উৎকর্ষ; ৬,হ) ণ, ত্রি, গুণরহিত, বিকৃত।
বিগূঢ, (বি+গুহ্=গোপনকরা+ক্ত) ণ, ত্রি. গুপ্ত, গর্হিত, নিন্দিত।
বিগ্ন, (বিজ=ভীত বা কম্পিতহওয়া +ক্ত—ষ) ণ. ত্রি, উদ্বিগ্ন, ভীত।
বিগ্র, (বি=না+গ্র=নাসিকাশব্দজ; ৬.হ) ণ, ত্রি, খাঁদা, ছিন্ননাসিক, নাসিকাবিকল।
বিগ্রহ, (বি=নানাবিধ সুখাদি+গ্রহ্ =গ্রহণকরা+অল্) স্ব, পুং, দেহ, মূর্ত্তি,শরীর, সমাসের বাক্য. বিস্তার, বিভাগ, বিশেষজ্ঞান। পুং,—ন, যুদ্ধ, বিবাদ, কলহ।
বিগ্রহাবর, (বিগ্রহ=শরীর+অবর =পশ্চাদ্ভাগ) স্ব, ন, পৃষ্ঠ, পিঠ।
বিঘটন, (বি+ঘট=বিভিন্ন হওয়া ইত্যাদি+অনট্—ভাব) স্ব, ন, বিশ্লেষ, অসংযোগ, ভাগকরণ, বিয়োগ, ব্যাঘাত, বিরোধ।
বিঘটিকা, (বি=বিভাগ+ঘটিকা= ঘড়ী) স্ব. স্ত্রী, পল, ২৪ সেকেণ্ড।
বিঘটিত, (বি+ঘট+ক্ত) ণ, ত্রি বিশ্লিষ্ট, বিচ্ছিন্ন, অংশীকৃত, পৃথক্‌কৃত, ব্যাহত, বিশেষরূপে রচিত।
বিঘট্টন, (বি+ঘট্ট=অভিহত হওয়া+ অনট্—ভাব)স্ব, ন, বিশ্লেষ, বিস্রংসন, অভিঘাত, আঘাত, সঞ্চালন, নাড়াচাড়া।
বিঘট্টিত, (বি + ঘট্ট+ক্ত—ট) ণ, ত্রি, সঞ্চালিত, নাড়াচাড়া, বিশ্লেষিত মথিত, অভিহত।
বিঘস, (বি=বিশেষরূপে+অদ্= ভোজন করা+অল্—চ; অদ্ স্থানে ঘস্) স্ব, পুং, ভোজন, আহার, ভোজনাবশিষ্ট। ন, মোম।
বিঘা, (দেশজ) স্ব, ভূমির পরিমাণবিশেষ, কুড়ি. ২০ কাঠা।
বিঘাত, (বি+হন্=নাশকরা ইত্যাদি +ঘঞ্—ভাব) স্ব, পুং, বাধা, বিঘ্ন, ব্যাঘাত,বারণ,আঘাত,বিনাশ,ধ্বংস।
বিঘাতক, (বি+হন্ + ণক—ষ) ণ, ত্রি, বিনাশক, ব্যাঘাতক, প্রতিবন্ধক, আঘাতকারী।
বিঘাতী, (বি+হন+ণিন্) ণ, ত্রি, বাধাদায়ক, ব্যাঘাতক, বিনাশকারী, ঘাতক, নিবারক, নষ্ট,ব্যাহত, ধ্বস্ত। [প্রচারিত।
বিঘুষ্ট, (বি+ঘুষ্+ক্ত) ণ,ত্রি, ঘোষিত,
বিঘোষণ, (বি+ঘুষ্=ঘোষণা করা+ অনট্ — ভাব) স্ব, ন, ইতস্ততঃ জানান, ঘোষণা করা।
বিঘ্ন, (বি+হন্=বধকরা+টক্—ধ) স্ব, পুং, যাহার দ্বারা কার্য্য সিদ্ধির নাশ হয়, প্রতিবন্ধ, বাধা, ব্যাঘাত, প্রত্যূহ।
বিঘ্ননায়ক, বিঘ্নবিনায়ক, বিঘ্ননাশক, বিঘ্ননাশন, বিঘ্নরাজ, বিঘ্নেশ, বিঘ্নহারী, (বিঘ্ন+নী=লওয়া+অকক্—যে লয়, ২—ব; বিঘ্ন+বি+নী= অশুদ্ধ শোধন করা + ণক—ষ ৬—ব; বিঘ্ন + নাশক, নাশন =যে নাশ করে, ২—ব; বিঘ্ন+রাজ =রাজন্‌শব্দজ, যিনি বিঘ্নের রাজা অর্থাৎ শাস্তা, ৬—ব; বিঘ্ন+ঈশ যিনি বিঘ্ন সকলের ঈশ অর্থাৎ শাস্তা, ৬—ব; বিঘ্ন+হারিন্ = যে হরণ করে, ২—ব) স্ব, পুং গণেশ। [ত্রি, ব্যাহত, প্রতিহত
বিঘ্নিত, (বিঘ্ন+ইত—জাতার্থে)
বিঘ্ন, স্ব, পুং, অশ্বের খুর।

বিচক্ষণ, (বি+চক্ষ্=বলা+অনট্—ক) ণ, ত্রি, বিদ্বান্, জ্ঞানী, পণ্ডিত, বুদ্ধিমান্,বক্তা,দক্ষ,নিপুণ,কুশল,পটু।

বিচক্ষুঃ, (বি=না+চক্ষুস্=নেত্র ; ৬.হ) ণ, ত্রি, চক্ষুহীন, উদ্বিগ্ন, বিমনাঃ।

বিচয়,—পুং, বিচয়ন,—ন, (বি+চি =একত্রকরা+অল্, অনট্—ভাব) স্থ, চয়ন,অন্বেষণ,অনুসন্ধান, মার্গণ, তল্লাস।

বিচর্চ্চিকা, (বি+চর্চ্চ্=বলা+ণক, আপ্) স্থ, স্ত্রী, কচ্ছুরোগ, পাঁচড়া প্রভৃতি।

বিচল, বিচলিত, (বি+চল্=গমনকরা +অল্, ক্ত—ঘ) ণ, ত্রি, চ্যুত, ভ্রষ্ট, স্থান বহির্গত, স্খলিত, চঞ্চল,অস্থির, কম্পিত, চলিত।

বিচার, (বি+চর্=নির্ণয়করা+ঘঞ্—ভাব) স্থ, পুং, বিবেচনা, তত্ত্বনির্ণয়, যাথার্থ্যনির্ণয়, নিষ্পত্তি, মীমাংসা।

বিচারক, (বি+চর্+ণক—ঘ) স্থ, পুং, নিষ্পত্তিকারক, মীমাংসাকারক, বিচারকর্ত্তা; প্রাড়্বিবাক, জজ্, মাজিষ্ট্রেট্, প্রভৃতি।

বিচারণ, (বি+চারি=বিবেচনাকরা +অনট্—ভাব) স্থ, ন, ণা—স্ত্রী, বিচার, বিবেচনা। ণা—স্ত্রী, মীমাংসা শাস্ত্র।

বিচারণীয়, (বি+চর+ণি+অনীয়—চ)ণ,ত্রি,বিচারযোগ্য,বিচার্য্য, শাস্য।

বিচারিত, (বি+চর্+ণি+ক্ত) ণ, ত্রি, বিবেচিত,মীমাংসিত,নির্ণীত,কল্পিত।

বিচারী, (বি+চর্+ইন্—ঘ) ণ, ত্রি, বিচারকারক, বিচারকর্ত্তা,বিবেচক, হিতাহিত বা কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণ কর্ত্তা।

বিচার্য্য, (বি+চর্+ণি+ণ্যণ্—চ) ণ,ত্রি,বিবেচ্য,বিচার করিবার যোগ্য

বিচাল, (বি+চল্=গমন করা+অণ্) ণ, ত্রি, মধ্যবর্ত্তী, অভ্যন্তরস্থ।

বিচালী, (দেশজ) শুষ্কধান্য, তৃণ, নাড়া, খড়।

বিচিকিৎসা, (বি+কিৎ=সংশয়করা +স-স্বার্থে, আপ্) স্থ, স্ত্রী, সংশয়, সন্দেহ।

বিচিত, (বি+চি+ক্ত—চ) ণ, ত্রি, অন্বিষ্ট,যাহা অন্বেষণ করা যায়,মৃগ্য।

বিচিত্র, (বি + চিত্র্ = বিচিত্রকরা, বিস্ময়াপন্ন করা + অচ্)স্থ,ন, নানা বর্ণ। ণ, ত্রি, আশ্চর্য্য, বিস্ময়কর, নানাবর্ণবিশিষ্ট, রম্য, সুন্দর।

বিচিত্রদেহ, (বিচিত্র=চিত্রিত, সুন্দর +দেহ=শরীর ; ৬.হ) ণ, ত্রি, নানাবর্ণ বা সুন্দর দেহবিশিষ্ট। স্থ, পুং, মেঘ, বারিবাহ, ঘন।

বিচিত্রবীর্য্য, (বিচিত্র = বিস্ময়কর+ বীর্য্য=শৌর্য্য ; ৬.হ) স্থ,পুং, শান্তনুরাজারপুত্র,ধৃতরাষ্ট্র ও পাণ্ডুর পিতা।

বিচিত্রবীর্য্যসূ, (বিচিত্রবীর্য্য=শান্তনুরাজপুত্র+সূ=জননী, ৬-ষ) স্থ, স্ত্রী, বিচিত্রবীর্য্যের মাতা, সত্যবতী।

বিচিত্রাঙ্গ, (বিচিত্র=চিত্রিত, সুন্দর +অঙ্গ=দেহ ; ৬.হ) স্থ, পুং, ময়ূর, ব্যাঘ্র, শার্দ্দূল। ণ,ত্রি,মনোহরদেহ।

বিচিত্রিত, (বিচিত্র+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, নানাবর্ণবিশিষ্ট।

বিচিন্ত্যমান, (বি+চিন্তি=ভাবনা করা+শানচ্—চ) ণ, ত্রি, যাহা চিন্তিত হইতেছে।

বিচেতন, (বি=না+চেতনা=জ্ঞান ; ৬.হ) ণ, ত্রি, চৈতন্যশূন্য, অচেতন, অবিবেকী, অবিমৃশ্যকারী, অজ্ঞান।

বিচেতাঃ, (বি=বিপরীত, বিরক্ত+ চেতস্=মনঃ ; ৬.হ) ণ, ত্রি, উদ্বিগ্নচিত্ত, বিমনাঃ, অসুখী, উদ্‌ভ্রান্ত, উন্মনা, চিন্তাকুল।

বিচেয়, (বি+চি=একত্র করা+য—চ) ণ,ত্রি,অন্বেষণযোগ্য,অন্বেষণীয়,অন্ন।

বিচেষ্টিত, (বি+চেষ্টিত=অন্বেষিত)

ষ্য,ন, বিশেষ চেষ্টা, ব্যাপার, ক্রিয়া, বিবর্ত্তন, অঙ্গপরিবর্ত্তন, লুণ্ঠন। ণ,ত্রি, অম্বেষিত, চেষ্টারহিত।

বিচ্ছন্দক, বিচ্ছর্দক, (বি+ছন্দ=অভিলাষ+কণ্—যোগ; বি+ছৃদ=দীপ্তিপাওয়া+ণক) ষ্য, পুং, দেবালয় বিশেষ, উপরি উপরি নির্ম্মিত দেবগৃহ।

বিচ্ছায়, (বি=পক্ষী, অভাব+ছায়া, ৬-ষ; বা—স) ষ্য,পুং,ন, পক্ষিচ্ছায়া, ছায়াভাব। পুং, মণি। ণ, ত্রি, ছায়ারহিত।

বিচ্ছিত্তি, (বি+ছিদ=ছেদনকরা+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, অঙ্গরাগ, বিচ্ছেদ, বৈশিষ্ট্য, চমৎকার, বিনাশ, বৈচিত্র্য, বিচিত্রতা, স্ত্রীলোকের হাববিশেষ, স্ত্রীলোকের শোভাজনক অঙ্গভূষণরচনা।

বিচ্ছিন্ন, (বি+ছিদ=ছেদনকরা+ক্ত—চ) ণ, ত্রি, বিভিন্ন, বিভক্ত, বিযুক্ত, ছিন্নভিন্ন, বিনষ্ট, সমালব্ধ।

বিচ্ছুরিত, (বি+ছুর=রঞ্জিতকরা+ক্ত—চ) ণ, ত্রি, অনুরঞ্জিত, প্রক্ষিত, অনুলিপ্ত।

বিচ্ছেদ, (বি+ছিদ=ছেদকরা+ঘঞ—ভাব) ষ্য, পুং, বিভিন্নতা, পার্থক্য, বিরহ, বিয়োগ, বিভাগ, খণ্ড, অভাব, সন্ততিরাহিত্য।

বিচ্যুত, (বি+চ্যুৎ=পতিত হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, পতিত, স্খলিত, ভ্রষ্ট, বিশ্লিষ্ট, ক্ষরিত।

বিচ্যুতি, (বি+চ্যুৎ+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, পতন, স্খলন, ভ্রংশ, বিশ্লেষ, ক্ষরণ। [কীটবিশেষ।

বিছা, (বৃশ্চিক শব্দজ) ষ্য, অলি,

বিছানা, (দেশজ) ষ্য, শয্যা, আস্তরণ।

বিছুটী, (বৃশ্চিকালী শব্দজ) ষ্য, বৃশ্চিকালী লতা, প্রসিদ্ধ লতাবিশেষ।

বিজন, (বি=না+জন; ৭.হ) ণ, ত্রি, নির্জ্জন, বিবিক্ত, গুপ্ত, নিভৃত, রহঃ।

বিজনন, (বি+জন=জন্মান+অনট—ভাব) ষ্য, ন, জন্ম, উৎপত্তি, উদ্ভব, প্রসব।

বিজন্মা, (বি=বিরুদ্ধ+জন্মন; ৬.হ) ণ, ত্রি, জারজ, অন্যজাত, বিজাত।

বিজপিল, ষ্য, ন, কর্দম, পঙ্ক।

বিজয়, (বি+জি=জয়করা+অল—ভাব) ষ্য, পুং, জয়, জিৎ, যম, অর্জ্জুন, বিমান, কল্কিপুত্র। য়া—স্ত্রী, দুর্গা, দুর্গার সখীবিশেষ, তিথিবিশেষ, শ্রবণা নক্ষত্রযুক্তা শুক্লাদ্বাদশী, বিজয়া দশমী, বিশ্বামিত্র মুনির বিদ্যাবিশেষ, যমের ভার্য্যা, হরিতকী, সিদ্ধি, ভাঙ, বচা, জয়ন্তীবৃক্ষ, শেফালিকা, মঞ্জিষ্ঠা, অগ্নিমন্থবৃক্ষ।

বিজয়কুঞ্জর, (বিজয়=জয়+কুঞ্জর=হস্তী, ৪-ষ) ষ্য, পুং, রাজবাহ্য হস্তী।

বিজয়মর্দ্দল, (বিজয়=জয়+মর্দ্দল=ঢক্কা) ষ্য, পুং, জয়ঢাক।

বিজয়াধূম, ষ্য, পুং, গাঁজা।

বিজয়াবহ, (বিজয়=জয়+আবহ [আ+বহ=বহা, অপ্যান+অচ—ম] =উৎপাদক) ণ, ত্রি, জয়সূচক।

বিজয়াসপ্তমী, ষ্য, স্ত্রী, শুক্লপক্ষের সপ্তমীতে যদি রবিবার হয়।

বিজয়ী, (বিজয়+ইন—অস্ত্যর্থে) ণ, ত্রি, জয়যুক্ত, জয়প্রাপ্ত।

বিজর, (বি=না+জরা; ৬.হ) ণ,ত্রি, জরারহিত। [সৌদামিনী।

বিজলী, (বিদ্যুৎ শব্দজ) ষ্য, তড়িৎ,

বিজাত, (বি=বিরুদ্ধ+জাত=[অপর কর্ত্তৃক] উৎপন্ন) ণ, ত্রি, জারজ, বিরুদ্ধজন্মা, বিজন্মা, অন্যজাত। তা—স্ত্রী, যে স্ত্রীর সন্তান হইয়াছে, প্রসূতা।

বিজাতীয়, (বি=ভিন্ন+জাতি+ঈয়) ণ, ত্রি, বিভিন্ন ধর্ম্মাক্রান্ত, বেদল।

বিজিগীষা, (বি+জি=জয়করা+সন—ইচ্ছার্থে, আপ—ভাব) ষ্য, স্ত্রী,

জয়েচ্ছা।
বিজিগীষু, (বি + জি+সন্, উ—ষ) ণ,ত্রি, জয়েচ্ছু,যে ব্যক্তি জয় করিতে ইচ্ছা করে।
বিজিঘৃক্ষু, (বিজিঘৃক্ষ [বি+গ্রহ= গ্রহণ করা+সন্—ইচ্ছার্থে, অ]= বিগ্রহ করিতে ইচ্ছাকরা+উ—ষ) ণ, ত্রি, বিগ্রহ করিতে ইচ্ছুক, যুদ্ধ করিতে অভিলাষী।
বিজিত, (বি+জি=জয়করা+ক্ত—চ) ণ, ত্রি, পরাভূত, যাহাকে জয় করা হইয়াছে, পরাজিত।
বিজিন, বিজিল, বিজিবিল, (বিজ্= কম্পিত হওয়া+ইন, ইল) ণ, ত্রি, রসযুক্ত ব্যঞ্জনাদি।
বিজিহীর্ষা, (বি+হৃ=হরণ করা, বিহার করা ইত্যাদি+সন্—ইচ্ছার্থে, আপ্—ভাব) স্ত্র, স্ত্রী, বিহার করিবার ইচ্ছা।
বিজিহীর্ষু, (বি+হৃ+সন্, উ—ষ) ণ, ত্রি, বিহার করিতে ইচ্ছুক।
বিজিহ্ম, (বি+জিহ্ম=বক্র) ণ, ত্রি, বক্র, কুটিল, বাঁকা, শূন্য, অপ্রসন্ন।
বিজৃম্ভণ,(বি+জৃম্ভ্=হাইতোলা+অনট্—ভাব) স্ত্র, ন, হাইতোলা, বাসনা, ইচ্ছা, বিকাশ, বিস্তার।
বিজৃম্ভমাণ, (বি+জৃম্ভ্+শানচ্) ণ, ত্রি. প্রকাশশীল, বিকাশমান।
বিজৃম্ভিত.(বি+জৃম্ভ্+ক্ত—চ, ভাব) ণ, ত্রি, বিকসিত, বিকাশিত, বিস্তারিত, ব্যাপ্ত। স্ত্র, ন, বিজৃম্ভণ।
বিজেতা, (বি+জি=জয়করা+তৃণ—ষ) স্ত্র, পুং, জয়ী, জয়কর্ত্তা।
বিজেয়, (বি+জি+য—চ) ণ, ত্রি, জয়করিবার যোগ্য।
বিজ্জল, বিজ্জল, স্ত্র, ন, শর, বাণ, শাবক। ণ,ত্রি,সরস-ব্যঞ্জনাদি [গাদা।
বিজ্জলিকা, স্ত্র. স্ত্রী, লাক্ষা, জতু, লা,
বিজ্ঞ, (বি=বিশেষরূপে+জ্ঞা=জানা +ক—ষ) ণ, ত্রি, বিচক্ষণ, পণ্ডিত, জ্ঞানী, নিপুণ, প্রবীণ।
বিজ্ঞপ্তি, বিজ্ঞাপ্তি, (বি=বিশেষরূপে +জ্ঞাপি=জানান+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, নিবেদন,বিশেষজ্ঞাপন,বৃত্তান্তকথন
বিজ্ঞব্রুব, (বিজ্ঞ+ব্রূ=বলা + অচ্) ণ, ত্রি, যে ব্যক্তি বিজ্ঞ না হইয়াও বিজ্ঞ বলিয়া আপনার পরিচয় দেয়।
বিজ্ঞাত, (বি+জ্ঞা=জানা+ক্ত—চ) ণ, ত্রি, জানিত, পরিচিত, খ্যাত, বিখ্যাত, বিদিত, অবগত।
বিজ্ঞান, (বি=বিশেষ, সামান্য, কিম্বা বিবাধ, বিরূপ+জ্ঞান=অবরোধ) স্ত্র, ন, পদার্থের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র, যথা—জ্যোতির্বিদ্যা ঃ জ্ঞান, তত্ত্বজ্ঞান, শিল্পাদি জ্ঞান, চিত্রাদি এবং ব্যাকরণাদি জ্ঞান, ঘটপটাদি জ্ঞান, মায়াবৃত্তিবিশেষ। (Science.)
বিজ্ঞানময়কোষ, স্ত্র, পুং, পঞ্চজ্ঞানেন্দ্রিয়সহিত বুদ্ধি।
বিজ্ঞানিক;(বিজ্ঞান+ঠক্—জ্ঞানার্থে) ণ, ত্রি, বিজ্ঞানশাস্ত্রে নিপুণ, বিজ্ঞ, বিচক্ষণ. পণ্ডিত, বিদ্বান্।
বিজ্ঞাপন, (বি+জ্ঞাপি=জানান+ অনট্—ভাব) স্ত্র.ন,না—স্ত্রী,জানান, নিবেদন, দরখাস্ত।
বিজ্ঞাপনী, স্ত্র, স্ত্রী, বাচিক অথবা লিপিদ্বারা কোন বিষয় আবেদন করা.রিপোর্ট,দরখাস্ত, জ্ঞাপনপত্রী।
বিজ্ঞাপিত. (বি+জ্ঞাপি+ক্ত-চ) ণ, ত্রি.নিবেদিত,যাহা জানান হইয়াছে।
বিজ্ঞেয়, (বি+জ্ঞা=জানা+যৎ—চ) ণ, ত্রি, জানিবার যোগ্য, জ্ঞাতব্য।
বিজ্ঞামর,স্ত্র,ন,চক্ষুর্গোলকের শুক্লভাগ
বিঞ্চোলী, স্ত্র,স্ত্রী,শ্রেণী,পঙ্ক্তি,সারি
বিট, (বিট্=গালি দেওয়া, শব্দকরা +ক) স্ত্র, পুং, ধূর্ত্ত, কামুক, লম্পট, লবণবিশেষ, পর্ব্বতবিশেষ, খদির বিশেষ, আখু, মূষিক, বিস্তার।

বিটঙ্ক, (বিঙ্ক=পক্ষী বা বিশেষরূপে+ টঙ্ক্=বন্ধনকরা+অল্—ব, ভে) স্ত্র, পুং, ন, কপোতপালিকা, পায়রার খোপ, পক্ষীর উপবেশনযোগ্য স্থান।

বিটপ, (বিট্=শব্দকরা+অপ— সংজ্ঞার্থে) স্ব, পুং, ন, শাখা, ডাল, পল্লব, ছোট ডাল, কেঁকড়ি, বিস্তার, স্তম্ব, গুচ্ছ। পুং, বিড়ঙ্গ, অতিশয় জম্পট। ণ, ত্রি, বিটপালক।

বিটপী, (বিটপ=শাখা+ইন্—অস্ত্যর্থে) স্ব, পুং, বৃক্ষ, বটবৃক্ষ।

বিটল, (বিট শব্দজ)ণ, দুষ্ট, প্রতারক।

বিটি, স্ব, স্ত্রী, পীতবর্ণ চন্দন।

বিট্কারিকা, স্ব, স্ত্রী, পক্ষীবিশেষ, গোরাটি পাখী।

বিট্খদির, (বিষ্=বিষ্ঠা+খদির= খয়েরগাছ)স্ব,পুং,গুয়েবাবলারগাছ।

বিট্চর, (বিষ্=বিষ্ঠা+চর=যে চরে) স্ব, পুং, গ্রাম্যশূকর।

বিট্পতি, (বিশ্=কন্যা, বৈশ্য+পতি= প্রভু; ৬.হ) স্ব, পুং, জামাতা, জামাই, প্রধান বাণিজ্য ব্যবসায়ী।

বিট্সারিকা, (বিষ্=বিষ্ঠা+সারিকা= পক্ষিণীবিশেষ) স্ব, স্ত্রী, গুয়েশালিক। [লবণবিশেষ, বিট্লবণ।

বিড়, (বিড়্=ভেদ করা+ক) স্ব, ন,

বিড়ঙ্গ, (বিড়্=ভেদকরা+অঙ্গ— সংজ্ঞার্থে) স্ব,পুং,—ন, ঔষধিবিশেষ। ণ, ত্রি, অভিজ্ঞ, বিজ্ঞ।

বিড়ম্বন, (বি+ডম্বি=ক্লেশ দেওয়া ইত্যাদি+অনট্—ভাব) স্ব, ন,না— স্ত্রী, অনুকরণ, সদৃশীকরণ, বঞ্চনা, প্রতারণা, যন্ত্রণা, ক্লেশ।

বিড়ম্বিত, (বি+ডম্বি+ক্ত—ব) ণ.ত্রি, অনুকৃত, সদৃশীকৃত, দুঃখিত, ক্লেশিত, বঞ্চিত, প্রতারিত।

বিড়াল, বিড়ালক, (বিড়্=ভেদকরা +কালন; কণ্—যোগে বিড়ালক) স্ব, পুং, লী—স্ত্রী, মার্জ্জার, বিড়াল, নেত্রপিণ্ড,নেত্রৌষধিবিশেষ। [বাঘ।

বিড়ালপদ, স্ব, পুং, দুই তোলা পরি-

বিডীন, (বি+ডীন=উড্ডন) স্ব, ন, পক্ষির গতিবিশেষ। [গাছ।

বিডুল, স্ব, পুং, বেতসলতা, বেত-

বিড়োজাঃ, বিড়ৌজাঃ, (বিড়= [বজ্রদ্বারা বিদীর্ণ পর্ব্বতের] খণ্ড+ ওজস্=তেজঃ) স্ব, পুং, ইন্দ্র।

বিড্ভ, (বিষ্=বিষ্ঠা+জ=জাত) ণ, ত্রি, বিষ্ঠাজাত।

বিড্বরাহ, (বিষ্= বিষ্ঠা+বরাহ= শূকর)স্ব,পুং,গ্রাম্যশূকর।

বিতংস, (বি+তন্স্=ভূষিত করা+ অচ্) স্ব,পুং, পক্ষিবন্ধনরজ্জু প্রভৃতি।

বিতণ্ডা, (বি+তণ্ড্=[আঘাতকরা] তর্ককরা+আ—ভাব)স্ব, স্ত্রী, কলহ, বিতর্ক, মিথ্যা বিচার, স্বমত স্থাপন হউক বা না হউক কেবল পরমত খণ্ডনার্থে যে বাগাড়ম্বর, চর্চ্চা, ছাতা। [ব্যাপ্ত, বিস্তৃত, প্রসারিত।

বিতত, (বি+তন্=বিস্তৃত) ণ, ত্রি,

বিততি, (বি+তন্=বিস্তৃতহওয়া+ক্তি —ভাব) স্ব, বিস্তার, ব্যাপ্তি।

বিতথ, (বি=গত+তথা=সত্য; ৬. হ ; য—লোপ) ণ, ত্রি, বিফল, মিথ্যা, অসত্য, অলীক।

বিতদ্রু, (বি+তন্=ইচ্ছাকরা+রু ; দ—আগম) স্ব, স্ত্রী, পঞ্জাব দেশীয় নদীবিশেষ।

বিতন্বৎ, (বি+তন্=বিস্তারকরা+অং ৎ—ব)ণ, ত্রি, বিস্তারক, উৎপাদক।

বিতরণ, (বি+তৄ=পারহওয়া,দানকরা +অনট্—ভাব) স্ব,ন, দান, অর্পণ, বন্টন, বাঁটিয়া দেওন।

বিতর্ক, (বি+তর্ক্=তর্ককরা+অল্— ভাব) স্ব, পুং, বাদানুবাদ, বিচার, আলোচনা, সন্দেহ, ঊহ, অনুমান।

বিতর্দ্দি, বিতর্দ্দী, (... করা, ... ।

অগো আছে বলিয়া সমস্ত দেশকে বিদর্ভ বলে।

বিদর্ভজা, (বিদর্ভ+জা—বৈ জন্মে,ড-ষ) স্ত্র, স্ত্রী, দময়ন্তী, নলরাজার পত্নী, অগস্ত্যমুনির পত্নী,লোপামুদ্রা,রুক্মিণী

বিদল, (বি+দল=বিদারণ, খণ্ডন) স্ত্র, ন, দ্বিধাকৃত কলায় প্রভৃতি, ডালি, বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ, ডালিমের ছাল। পুং, কলায়, রুটি। ণ, ত্রি, বিকসিত, দলহীন, দলশূন্য, পত্রশূন্য।—লা, স্ত্রী, ত্রিবৃৎ,তেউড়ী।

বিদলিত, (বি+দল্=বাড়া, ছিন্নভিন্ন করা, ভেদকরা+ক্ত—ট) ণ, ত্রি, মর্দ্দিত,চূর্ণীকৃত,বিদারিত,বিকসিত।

বিদা, (বিদ্—জানা+আপ্—ভাব) স্ত্র, স্ত্রী, জ্ঞান, বুদ্ধি। (দেশজ) ক্ষেত্রের ঘাস আদি উৎপাটনের জন্য কাষ্ঠকনক বা মইবিশেষ।

বিদায়, (বি+দা—ত্যাগকরা ইত্যাদি+অচ্; য—আগম) স্ত্র, পুং, গমনানুমতি, বিসর্জ্জন, দান।

বিদার, (বি+দৃ—বিদারণকরা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, বিদারণ, ভেদকরণ, জলোচ্ছ্বাস। রী—স্ত্রী, ভূমিকুষ্মাণ্ড, শালপর্ণী।

বিদারক, (বি+দৃ—বিদারণকরা+ণক—ষ) ণ, ত্রি, বিদারণকর্ত্তা, বিদীর্ণ কারক। স্ত্র, পুং, শুষ্কনদ্যাদিস্থকূপ, জলমধ্যস্থ বৃক্ষ,বা পর্ব্বত।

বিদারণ, (বি+দারি—বিদারণকরা+অনট্—ভাব) স্ত্র, ন, বিদীর্ণকরণ, ফাড়িয়া ফেলা,ভেদন,মারণ,হনন। পুং,—স্ত্রী, সংগ্রাম, যুদ্ধ, সমর, রণ।

বিদারিকা, বিদারীগন্ধা, স্ত্র, স্ত্রী, শালপর্ণীবৃক্ষ, শালপাণী গাছ।

বিদারিত, (বি+দারি+ক্ত—ট) ণ, ত্রি, ভেদিত, যাহা বিদীর্ণ করা হইয়াছে। [কাঁকলাস।

বিদারু, (বি+দৃ+উ) স্ত্র,পুং,কৃকলাস,

বিদিক্, (বি=প্রভেদ+দিশ্) স্ত্র, স্ত্রী, যে দুই দিক্কে ভিন্ন করে,দুইদিকের মধ্যভাগ, দিকের কোণ, অগ্নি, নৈঋত, বায়ু, ঈশান—এই চারি কোণ।

বিদিত, (বিদ্—জানা+ক্ত—ট, ভাব) ণ,ত্রি, অবগত, জ্ঞাত, প্রার্থিত, জ্ঞাত। স্ত্র,ন,জ্ঞান,খ্যাতি, যশোলাভ।

বিদিশা, (বিদিশ্+আপ্) স্ত্র, স্ত্রী, মালবদেশান্তর্গত বেত্রবতী নদী তীরস্থ নগরীবিশেষ।

বিদীর্ণ, (বি+দৃ—বিদারণকরা+ক্ত—ট)ণ,ত্রি, বিভক্ত, ভিন্ন, চেরা, ফাড়া, ভগ্ন, বিদৃত, খোলা, হত।

বিদু, (বিদ্—জানা+কু) স্ত্র,পুং, হস্তীর কুম্ভদ্বয়ের মধ্য-ভাগ,নদ্যম্ব,জলহস্তী।

বিদুর, (বিদ্—জানা+কুরচ্—ষ, শীলার্থে) ণ, ত্রি, জ্ঞানী, ধীর, পণ্ডিত, বেত্তা,জ্ঞাতা ,বুদ্ধিমান,লম্পট, চক্রান্তকারী। স্ত্র, পুং, যুধিষ্ঠিরের পিতৃব্য, ধৃতরাষ্ট্রের ভ্রাতা ও মন্ত্রী।

বিদুল, (বিদ্=জানা ইত্যাদি+উলচ্) স্ত্র, পুং, বেতগাছ, বেতস, বানীর, বঞ্জুল, জলবেতস।

বিদুষী, (বিদস্+ঈপ্) স্ত্র, স্ত্রী, বিদ্যাবতী স্ত্রী, পণ্ডিতা।

বিদুষ্মতী, (বিদস্+মতুপ্—অস্ত্যার্থে, ঈপ) স্ত্র, স্ত্রী, পণ্ডিতবতী। [দুস্থ।

বিদুন, স্ত্র, ত্রি, দুঃখিত, বিপদ্গ্রস্ত,

বিদূর, (বি=অধিক+দূর) ণ, ত্রি, অতি দূরবর্ত্তী, অনেক অন্তরিত। স্ত্র, ন, অতিদূর। পুং, দেশবিশেষ, পর্ব্বতবিশেষ, মণিবিশেষ, বৈদূর্য্য মণি।

বিদূরগ, (বিদূর+গ—যে গমন করে, ড-ষ) ণ, ত্রি, অতিশয় দূরগামী।

বিদূরজ, (বিদূর+জ—জাত) বৈদূর্য্যমণি।

বিদূষক, (বি+দূষ=[illegible] ণক—ষ) স্ত্র, পুং, [illegible] কন্দর্প।

বের সহায়বিশেষ, নাট্যের নটবিশেষ, অনুতজ্ঞী প্রভৃতি যাহা যে ব্যক্তি সকলকে হাসায়, ভাঁড়, মস্করা। প, ত্রি, নিন্দক, নিন্দাকারী, কামুক, লম্পট। [দোষার্পণ, নিন্দা।

বিদূষণ, (বি+দূষ+অনট—ভাব) স্ত, ন,

বিদেশ, (বি—নানাবিধ, ভিন্ন+দেশ) স্ত, পুং, দেশান্তর, ভিন্নদেশ, স্বদেশভিন্ন দেশ।

বিদেশী, বিদেশীয়, (বিদেশ+ইনি, ঈয় —নিবাসার্থে) প, ত্রি, ভিন্নদেশবাসী।

বিদেহ, (বি—না+দেহ—শরীর) স্ত, পুং, হা—স্ত্রী, মিথিলা, ত্রিহুত। পুং, বিহার দেশ, জনকবংশীয় রাজা। প, ত্রি, দেহরহিত, অশরীরী, অনঙ্গ।

বিদেহকৈবল্য, স্ত, ন, পরমমুক্তি, ভোগদ্বারা প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলে জীবন্মুক্ত ব্যক্তির বর্ত্তমান শরীর ধ্বংসের পর যে পরব্রহ্ম লাভ হয়।

বিদ্ধ, (ব্যধ—বিদ্ধকরা+ক্ত—চ) প, ত্রি, ছিদ্রিত, সমুৎকীর্ণ, বেঁধা, আহত, নিক্ষিপ্ত, তাড়িত, সদৃশ, বাধিত। [স্ত্রী, আকনাদি লতা।

বিদ্ধকর্ণী, বিদ্ধকর্ণিকা, বিদ্ধকর্ণী, স্ত,

বিদ্যমান, (বিদ—বর্ত্তমান থাকা+শানচ—ষ) প, ত্রি, বর্ত্তমান, উপস্থিতকালীন, উপস্থিত, স্থিতিশীল।

বিদ্যা, (বিদ—জানা+ক্যপ—ধ, আপ) স্ত, স্ত্রী, যাহার দ্বারা ধর্ম্মাধর্ম্ম জানা যায়, জ্ঞান, অধ্যয়নাদি জন্য বোধ, দর্শনশাস্ত্র, তত্ত্বজ্ঞান, মন্ত্র, ৪ বেদ, ৬ বেদাঙ্গ, পুরাণ, মীমাংসা, ন্যায়, ধর্ম্মশাস্ত্র—এই চতুর্দ্দশবিধ; দুর্গা, সিদ্ধবিশেষ, ঐন্দ্রজালিক বটিকা মন্ত্র, যাহা মুখে রাখিলে মনুষ্য বিমানারোহণ করিবার ক্ষমতা যুক্ত। প, ।

বিজ্ঞলিকা, গাছুহু, (বিদ্যা—জ্ঞান

বিজ্ঞ, (বি—।—ধ্যার্তার্থে) প ত্রি,

বিদ্যা হেতুক প্রসিদ্ধ, বিদ্যাজ্ঞান খ্যাত।

বিদ্যাকল, স্ত, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ।

বিদ্যাদেবী, (বিদ্যা+দেবী, অধিষ্ঠাত্রী দেবতা, ৬-ষ) স্ত, স্ত্রী, সরস্বতী, জৈন-দেবীবিশেষ।

বিদ্যাধন, (বিদ্যা—জ্ঞান+ধন) স্ত, ন, বিদ্যা দ্বারা উপার্জ্জিত ধন, বিদ্যা ধন স্বরূপ।

বিদ্যাধর, (বিদ্যা—ইন্দ্রজাল+ধর—যে ধরে, ২-ষ) স্ত, পুং, দেবযোনিবিশেষ, গন্ধর্ব্ব, কিম্পুরুষ, কিন্নর।

বিদ্যার্থী, (বিদ্যা+অর্থিন—যে প্রার্থনা করে, ২-ষ, অথবা বিদ্যা+অর্থ—প্রয়োজন+ইনি—অস্ত্যর্থে) প, ত্রি, যে বিদ্যাশিক্ষা করিবার প্রার্থনা রাখে, ছাত্র, পড়ুয়া, শিষ্য।

বিদ্যালয়, (বিদ্যা+আলয়—গৃহ; ৬-ষ) স্ত, পুং, চতুষ্পাঠি, টোল, বিদ্যাশিক্ষার স্থান, স্কুল, কলেজ প্রভৃতি।

বিদ্যাবান্, (বিদ্যা+মতুপ—অস্ত্যর্থে) প, ত্রি, বিদ্বান্, পণ্ডিত।

বিদ্যাস্নাতক, (বিদ্যা+স্নাতক—আপ্লুতব্রতী গৃহস্থ) স্ত, পুং, অধ্যয়ন সমাপনানন্তর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট ব্যক্তি। [রাক্ষসবিশেষ।

বিদ্যুজ্জিহ্ব, (বিদ্যুৎ+জিহ্বা) স্ত, পুং,

বিদ্যুৎ, (বি—না+দ্যুৎ—দীপ্তি; ৬-ষ) স্ত, স্ত্রী, যাহার অধিকক্ষণ দীপ্তি নাই, কিম্বা যে দীপ্তি পায়, তড়িৎ, সৌদামিনী, প্রদোষ, রজনীমুখ, সন্ধ্যা, কান্তি, অর্চ্চি, উজ্জ্বলতা। প, ত্রি, নিষ্প্রভ, দ্যুতিহীন।

বিদ্যুৎকেশ, স্ত, পুং, রাক্ষসবিশেষ।

বিদ্যুৎপ্রিয়, স্ত, ন, কাংস্য, কাঁসা।

বিদ্যুত্বান্, (বিদ্যুৎ+মতুপ—অস্ত্যর্থে) স্ত, পুং, তড়িত্বান্, মেঘ।

বিদ্যুন্মালা, (বিদ্যুৎ+মালা, কর্ম্মধা) স্ত, স্ত্রী, অষ্টাক্ষর পাদছন্দোবিশেষ,

যে ছন্দে সমুদায় বর্ণ গুরু, বিদ্যুৎ-সমূহ। [পুং, রাক্ষসবিশেষ।
বিদ্যুন্মালী, (বিদ্যুন্মালা+ইনি) স্ব,
বিদ্যুল্লতা, (বিদ্যুৎ+লতা, কর্ম্মধা) স্ব, স্ত্রী, মেঘজ্যোতিঃ, তড়িৎ।
বিদ্যোত, (বি+দ্যুৎ=দীপ্তি পাওয়া+ঘঞ—ভাব) স্ব, পুং, দ্যুতি, কান্তি, অর্চ্চি, উজ্জ্বলতা, প্রভা, দীপ্তি।
বিদ্র, (বিধ=বিদ্ধ করা+রক্, অথবা বি+দ্রা=নিদ্রা যাওয়া+ক)স্ব, ন, গর্ত্ত, গহ্বর, ছিদ্র, বিবর।
বিদ্রধি, (বিদ্র=বেধন+ধা=ধারণ করা+কি) স্ব, পুং, রোগবিশেষ, ক্ষত। [স্ব, পুং,শোভাঞ্জন, শজিনা।
বিদ্রধিনাশন, (বিদ্রধি+নাশন, ২-য)
বিদ্রব,বিদ্রাব, (বি+দ্রু=পলায়নকরা ইত্যাদি+অপ্, ঘঞ—ভাব) স্ব, পুং, দ্রবীভাব, পলায়ন, গলন, ক্ষরণ, নিন্দা, বুদ্ধ, বুদ্ধি, প্রত্যাবর্ত্তন, ভয়।
বিদ্রাবিত, (বি+দ্রাবি=পলায়ন করান, দ্রব করান+ক্ত—ত) ণ, ত্রি, তাড়িত, দ্রবীকৃত, তরলীকৃত, পলান।
বিদ্রুত, (বি+দ্রু=পলায়নকরা ইত্যাদি +ক্ত—ম) ণ, ত্রি, পলায়িত, দ্রবীভূত, ভীত, প্রধাবিত, দ্রুতগামী।
বিদ্রুম,(বি=নিশ্চিত+দ্রুম=বৃক্ষ)স্ব,পুং, পদ্মরাগমণি, প্রবাল, পলা, কিশলয়, নবপল্লব, মুক্তাফল বৃক্ষ। [তামাসা।
বিদ্রূপ, (দেশজ) স্ব, ব্যঙ্গ, পরিহাস,
বিদ্রোহ,(বি+দ্রুহ=হিংসাকরা+ঘঞ্—ভাব) স্ব, পুং, অনিষ্টাচরণ, বিদ্বেষ, যুদ্ধ, কলহ, ঝগড়া।
বিদ্রোহী,(বিদ্রোহ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, অনিষ্টাচরণকারী,বিদ্রোহকারক, যোদ্ধা, রাজপ্রতিকূলে অস্ত্রধারী।
বিদ্বৎকল্প, বিদ্বদ্দেশ্য, বিদ্বদ্দেশীয়, (বিদ্বস্=জ্ঞানী+কল্প, দেশ্য, দেশীয়-প্রত্যয়ার্থ) ণ, ত্রি, পণ্ডিতসদৃশ, ঈষদূন বিদ্বান্।
বিদ্বত্তম, (বিদ্বস্+তম—বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে) ণ, ত্রি, অনেকের মধ্যে অধিক বিদ্বান্, সর্ব্বশ্রেষ্ঠ বিদ্বান্, অদ্বিতীয় পণ্ডিত।
বিদ্বত্তর, (বিদ্বস্+তর—দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) ণ, ত্রি, উভয়ের মধ্যে অধিক বিদ্বান্।
বিদ্বান্, (বিদ্=জানা+বস্—ম) ণ, ত্রি, পণ্ডিত, বিদ্যাবান্, জ্ঞানী, কৃতবিদ্য, শাস্ত্রদর্শী।
বিদ্বিট্, বিদ্বিষ, বিদ্বিষৎ, (বি+দ্বিষ্=দ্বেষকরা+ক্বিপ, ক, অৎ—ম) ণ, ত্রি, শত্রু, বৈরী, প্রতিদ্বন্দ্বী।
বিদ্বিষ্ট, (বি+দ্বিষ্=দ্বেষকরা+ক্ত-ত)ণ, ত্রি, যাহাকে বিদ্বেষ করা যায়।
বিদ্বিষ্টপূর্ব্ব, ণ, ত্রি,যাহার প্রতি পূর্ব্বে বিদ্বেষ করা হইয়াছে।
বিদ্বেষ,—পুং,বিদ্বেষণ,—ন,(বি+দ্বিষ্=দ্বেষকরা+ঘঞ্, অনট্—ভাব) স্ব, শত্রুতা, বৈর, দ্বেষ, ঈর্ষ্যা।
বিদ্বেষী,(বি+দ্বিষ্=দ্বেষকরা+ইনি-ম) ণ, ত্রি, শত্রু, দ্বেষকারী।
বিধ, (বি+ধা=করা+ক-ভাব; অথবা বিধ্=বিদ্ধকরা+ক—ভাব) স্ব, পুং, ধা-স্ত্রী, প্রকার, রীতি, ধারা, ধাঁচা, বিধান, বিধি, নিয়ম, বেতন, গজগ্রাস, গজ-ভক্ষ্য অন্ন, সমৃদ্ধি, বৃদ্ধি, কার্য্য, কর্ম্ম, বেধ, বিদ্ধকরণ, বেঁধা।
বিধন, (বেধন শব্দজ) স্ব, বেঁধা।
বিধবন, স্ব, ন, কম্প।
বিধবা, (বি=না+ধব=পতি,যস্য; ৬-ব্ৰী) স্ব,পুং,মৃতপতিকা,রণ্ডা,রাঁড়, বিবস্ত্রা।
বিধাঃ, (বি+ধা=ধারণকরা+অস্) স্ব, পুং, ব্রহ্মা, আত্মভূ, পদ্মযোনি, চতুরানন, পিতামহ, হংসবাহন, বিধাতা, ধাতা।
বিধাতা, (বি+ধা=ধারণকরা+তৃচ্—ম) স্ব, পুং, যিনি সমুদয় সৃষ্টি করেন, ব্রহ্মা,দক্ষ প্রভৃতি সৃষ্টিকর্ত্তা, কন্দর্প।

ণ, ত্রি, নির্ম্মাতা, কর্ত্তা, স্রষ্টা, বিধানকর্ত্তা।

বিধাত্রায়ুঃ, (বিধাতৃ+আয়ুস্) স্ত্র, পুং, সূর্য্যের শোভা, সূর্য্যমণি পুষ্প।

বিধাত্রী, স্ত্র, বিধানকর্ত্রী, পিপ্পলী, পিপুল।

বিধান, (বি+ধা=করা+অনট্—ভাব) স্ত্র, ন, নিয়ম, বিধি, শাস্ত্রনিয়ম, ব্যবস্থা, সৃষ্টি, নির্ম্মাণ, করণ, জনন, প্রেরণ, আজ্ঞাকরণ, উপায়, ধন, সম্পত্তি, পূজা, অর্চ্চনা, শত্রুতাচরণ, গ্রহণ, উপার্জ্জন, বিষম অনুভব, হস্তিকবল, হস্তীর গ্রাস।

বিধানক, (বিধান+কণ্—যোগ) স্ত্র, ন, ব্যথা, ক্লেশ, যাতনা।

বিধানজ্ঞ, (বিধান+জ্ঞ=যে জানে) ণ, ত্রি, বিধিজ্ঞ, বিধানবেত্তা।

বিধানশাস্ত্র,—ন, বিধানসংহিতা,—স্ত্রী, স্ত্র, ব্যবস্থাশাস্ত্র, আইন, স্মৃতিশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র।

বিধায়ক, বিধায়ী, (বি+ধা=ধারণকরা +ণক, ইন্—ষ; য—আগম) ণ, ত্রি, জনক, ব্যবস্থাপক, নিয়মকারক, কর্ম্মকারক, কর্ত্তা।

বিধি, (বি+ধা=করা+কি—ম, ভাব, ষ) স্ত্র, পুং, শাস্ত্র, শাস্ত্রবিধান, নিয়ম, কাল, ক্রম, আচার, নিয়োগ, কল্প, প্রকার, যজ্ঞ, সৃষ্টি, বিধাতা, উপায়, ব্যাপার, ব্রহ্মা, বিষ্ণু, ভাগ্য, দৈব, অপ্রাপ্তপ্রাপক বাক্যবিশেষ, অনুষ্ঠান, লক্ষণ, সূত্র।

বিধিজ্ঞ, বিধিদর্শী, (বিধি+জ্ঞ=যে জানে, ২-ষ; বিধি+দর্শিন্=যে দেখে, ২-ষ) ণ, ত্রি, শাস্ত্রজ্ঞ, নিয়মজ্ঞ, বিধানবেত্তা, সদস্য, যজ্ঞাদি কর্ম্মে কোন ব্যতিক্রম ঘটিলে যিনি কর্ম্মকরদের ভ্রম সংশোধন করেন।

বিধিৎসা, (বি+ধা+সন্+অ, অ-ইচ্ছার্থে,—ভাব) স্ত্র, স্ত্রী, বিধানকরণেচ্ছা।

বিধিৎসু, (বি+ধা+উ) ণ, ত্রি, বিধানেচ্ছুক।

বিধিদেশক, (বিধি+দেশক=যে দেখায়, ২-ষ; অথবা দেশক শব্দের অর্থ উপদেশক) স্ত্র পুং, বিধির উপদেশক, সদস্য, যজ্ঞাদি কর্ম্মে কোন ব্যতিক্রম ঘটিলে যিনি কর্ম্মকরদের ভ্রম সংশোধন করেন।

বিধিপূর্ব্বক, (বিধি+পূর্ব্বক) ক্রি—ণ, ত্রি, বিধান অনুসারে, নিয়মপূর্ব্বক।

বিধিবদ্ধ, (বিধি+বদ্ধ, ৩-ষ) ণ, ত্রি, নিয়মবদ্ধ, নিয়ম বলিয়া প্রচলিত।

বিধিবোধিত, (বিধি+বোধিত, ৩-ষ) ণ, ত্রি, শাস্ত্রসম্মত, বিধানোক্ত।

বিধিবৎ, (বিধি+বতি—তুল্যার্থে) ব্য, যথাবিধি, যথাশাস্ত্র, শাস্ত্র অনুসারে, নিয়ম অনুসারে।

বিধিবিদ্, (বিধি+বিদ্=যে জানে, ২-ষ) ণ, ত্রি, শাস্ত্রজ্ঞ, বিধিজ্ঞ, নিয়মজ্ঞ।

বিধিশাস্ত্র, স্ত্র, ন, ব্যবস্থাশাস্ত্র, আইন, স্মৃতিশাস্ত্র, আচার শাস্ত্র।

বিধু, (বি+ধে=পান করা+উ; কিম্বা ব্যধ+কু) স্ত্র, পুং, চন্দ্র, কর্পূর, ব্রহ্মা, বিষ্ণু, রাক্ষস, পাপক্ষালন জল স্নান।

বিধুত, বিধূত, বিধূনিত, (বি+ধু, ধূ কাঁপা+ক্ত) ণ, ত্রি, কম্পিত, চালিত, দূরীকৃত, অপসারিত, ত্যক্ত, প্রতিহত, নিঃসারিত।

বিধুনন, বিধূনন, বিধুবন, (বি+ধু, ধূ কাঁপা+অনট্—ভাব) স্ত্র, ন, কম্পন, কম্প, কাঁপনি, ত্যাগ।

বিধুন্তুদ, (বিধু=চন্দ্র+তুদ্=ব্যথা দেওয়া+খচ্—ষ) স্ত্র, পুং, যে বিধুকে ব্যথা দেয়, রাহুগ্রহ।

বিধুপঞ্জর, স্ত্র, পুং, খড়্গ, খাঁড়া, অসি।

বিধুর, (বি=দুঃসহ+ধুর্=কার্য্যভার; ৬-ষ; অ) ণ, ত্রি, আর্ত্ত, পীড়িত, কাতর, দুঃখিত, অসমর্থ, বিকল,

ভীত, বিযুক্ত। স্ত্র, ন, বিয়োগ, বিকলতা, বৈকল্য, কষ্ট।

বিধৃত, (বি+ধৃ=ধারণ করা+ক্ত—ট) ণ, ত্রি, ধৃত, অবলম্বিত, আক্রান্ত, আশ্রিত।

বিধেয়, (বি+ধা+যৎ—ট) ণ, ত্রি, বিধানযোগ্য, বশ্য, কথার বাধ্য, অধীন, কর্ত্তব্য, উচিত, বিধিসিদ্ধ।

বিধ্যমান, (ব্যধ=পীড়নকরা, বিদ্ধকরা +শ্যমান—ট) ণ, ত্রি, পীড্যমান, যাহাকে বিদ্ধ করা যায়।

বিধ্বংস, (বি+ধ্বনস্=বিনষ্ট হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, বিনাশ, ক্ষয়, অপচিতি, বিলোপ, উচ্ছিন্নতা, অপকার।

বিধ্বংসিত, (বি+ধ্বনসি=বিনষ্ট হওয়া +ক্ত—ট) ণ, ত্রি, বিনাশিত, অপকারিত। [বিনাশশীল, অপকারক।

বিধ্বংসী, (বিধ্বংস+ইনি—ঘ) ণ, ত্রি,

বিধ্বস্ত, (বি+ধ্বনস্+ক্ত—ট) ণ, ত্রি, বিনষ্ট, লুপ্ত, অপকৃত।

বিনত, (বি+নম্=নত হওয়া+ক্ত—ট) ণ, ত্রি, অবনত, প্রণত, বিনীত, নম্র, শিক্ষিত। তা—স্ত্রী, কশ্যপমুনি পত্নী, অরুণ ও গরুড়ের মাতা।

বিনতাসূনু, (বিনতা=কশ্যপপত্নী+সূনু =পুত্র) স্ত্র, পুং, বৈনতেয়, গরুড়, অরুণ।

বিনতি,—স্ত্রী; বিনয়,—পুং, (বি+নম্= নত হওয়া+ক্তি—ভাব ; বি+নী= [লওয়া] নতহওয়া+অচ্—ভাব) স্ত্র, শিষ্টতা, নম্রতা, নিবারণ, দমন, শাসন, দণ্ড, শিক্ষা, অনুনয়, বিনিয়োগ, পরিশোধ।

বিনয়, স্ত্র, পুং, বৃক্ষবিশেষ, ছাতিয়ানবৃক্ষ।

বিনয়গ্রাহী, বিনয়স্থ, (বিনয়+গ্রাহিন্ =যে গ্রহণ করে ; বিনয়+স্থ=যে থাকে) ণ, ত্রি, কথার বাধ্য, বিনীত, বচনেস্থিত।

বিনয়ন, (বি+নী=নত হওয়া+অনট্ —ভাব) স্ত্র, ন, শিক্ষা, অপনোদন, অপনয়ন, মোচন।

বিনয়ী, (বিনয়+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, নম্র, বিনীত, শিষ্ট, শান্ত, কথার বাধ্য, বশীভূত।

বিনশন, (বি+নশ=নষ্টহওয়া+অনট্ ডে, ভাব) স্ত্র, ন, বিনাশ, কুরুক্ষেত্র।

বিনশ্বর, (বি+নশ্=নষ্টহওয়া+করপ্ —ঘ, শীলার্থে) ণ, ত্রি, অচিরস্থায়ী, অনিত্য, ধ্বংসশীল, ক্ষণবিধ্বংসী, অস্থির, অনিশ্চিত।

বিনষ্ট, (বি+নশ্+ক্ত—ঘ) ণ, ত্রি, মৃত, গত, অতীত, ক্ষরিত, বিধ্বস্ত, নষ্ট, নাশপ্রাপ্ত, পতিত।

বিনস, (বি=না+নাসিকা ; ব,হ, নাসিকা স্থানে নস) ণ, ত্রি, বিগতনাসিক, নাসিকাহীন, খাঁদা।

বিনা, (বি+না) ব্য, ব্যতিরেকে, বর্জ্জন, অভাব।

বিনাকৃত, (বিনা+কৃ=করা+ক্ত—ট) ণ, ত্রি, ত্যক্ত, বিয়োজিত, রহিত।

বিনামা, (দেশজ) স্ত্র, জুতা, পাপোষ।

বিনায়ক, (বি+নী=লইয়া যাওয়া+ণক্—ঘ) স্ত্র, পুং, গণেশ, গরুড়, গুরু, শিক্ষক, বুদ্ধ, বিঘ্ন। য়িকা—স্ত্রী, গরুড়পত্নী।

বিনাশ, (বি+নশ্=নষ্টহওয়া+ঘঞ্— ভাব) স্ত্র, পুং, মৃত্যু, ক্ষয়, অপচয়, লোপ, অভাব, ধ্বংস, উচ্ছেদ, অদর্শন।

বিনাশক, বিনাশী, (বি+নশ্=নষ্ট হওয়া+ণক, ইনি—ঘ) ণ, ত্রি, সংহারক, ধ্বংসকারক, ঘাতক, মৃত্যুজনক, হন্তা, অপকারক, উচ্ছেদক।

বিনাশিত, (বি+নাশি=নষ্ট হওয়ান+ ক্ত—ট) ণ, ত্রি, মৃত, নিহত, নাশপ্রাপিত।

বিনাশোন্মুখ, (বিনাশ+উন্মুখ ; ৬-ষ)

ণ, ত্রি, বিনষ্টপ্রায়, গত, মৃতপ্রায়, মৃতকল্প, ম্রিয়মাণ।

বিনাহ, (বি+নহ্—বন্ধন করা+ঘঞ্) স্ত্র, পুং, কূপের মুখের আচ্ছাদন।

বিনিঃসৃত, (বি+নির্—বাহির+সৃত—গত) ণ, ত্রি, বহির্গত, বিনির্গত, নিক্রান্ত।

বিনিগমক, (বি+নি+গমি—প্রতিপাদন করা ইত্যাদি+ণ্বুল্-ক)ণ, ত্রি, প্রতিপাদক, ব্যবচ্ছেদক, সংশয়-নিবারক।

বিনিগমনা, (বি+নি+গমি+অনট, আপ্) স্ত্র, স্ত্রী, সিদ্ধান্ত, মীমাংসা, ব্যবচ্ছেদন, নিশ্চয়োপায়।

বিনিদ্র, (বি=না+নিদ্রা; ৬.হ) ণ, ত্রি, জাগরিত, নিদ্রারহিত, উন্মীলিত, বিকসিত, প্রকাশিত।

বিনিপাত, (বি+নি+পৎ—পতিতহওয়া +ঘঞ্—ভাব) স্ত্র, পুং, মৃত্যু, পতন, অপমান, ক্লেশ, দুঃখ।

বিনিময়, (বি+নি+মী—পরিবর্ত্ত করা+ অচ—ভাব) স্ত্র, পুং, পরিবর্ত্ত, বদল, প্রতিদান, বন্ধক, গচ্ছিত।

বিনিয়ত, (বি+নি+যম্—নিবৃত্তকরা +ক্ত—চ) ণ, ত্রি, নিবারিত, নিরুদ্ধ, সংযত, আটক্‌করা, বদ্ধ, শাসিত।

বিনিয়ম, (বি+নি+যম্+অচ্—ভাব) স্ত্র, পুং, নিবারণ, নিরোধ, নিষেধ, নিয়ম।

বিনিযুক্ত, (বি+নি+যুজ্—যোগকরা+ ক্ত—চ)ণ, ত্রি, নিযুক্ত, প্রেরিত, অর্পিত।

বিনিয়োগ, (বি+নি+যুজ্+ঘঞ —ভাব) স্ত্র, পুং, প্রয়োগ, কোন বিষয়ে নিয়োজিত করণ, নিয়োগ, প্রেরণ, প্রবেশন, অর্পণ।

বিনিয়োজিত, (বি+নি+যুজ+ক্ত—চ) ণ, ত্রি, নিযুক্ত, প্রেরিত, প্রবর্ত্তিত, অর্পিত, স্থাপিত।

বিনির্গত, (বি+নির্+গম্+ক্ত)ণ, ত্রি, নিঃসৃত, বহির্গত, অপসৃত, নিক্রান্ত, প্রবাহিত, অতীত।

বিনির্জ্জিত, (বি+নির্+জি—জয়করা +ক্ত—চ)ণ, ত্রি, পরাজিত, পরাভূত।

বিনির্ণয়, (বি+নির্—নিশ্চয়+নী— লওয়া+অল্—ভাব) স্ত্র, পুং, নিশ্চয়, অবধারণ, স্থিরীকরণ, নিষ্পত্তি, নির্দ্ধারণ।

বিনির্ধূত, (বি+নির্ধূত—কম্পিত) ণ, ত্রি, দুরবস্থা প্রযুক্ত ইতস্ততঃ চালিত, বিক্ষিপ্ত, বিশেষরূপে কম্পিত, চঞ্চল, অস্থির।

বিনির্ম্মুক্ত, (বি+নির্+মুচ্—মোচন করা+ক্ত—চ) ণ, ত্রি, মুক্ত, বহির্গত, পৃথগ্‌ভূত, উদ্ধারপ্রাপ্ত, উদ্ধৃত, উদ্‌ঘাটিত, অনাচ্ছন্ন।

বিনিবর্ত্তিত, (বি+নি+বর্ত্তি—বর্ত্তান +ক্ত—চ) ণ, ত্রি, প্রত্যাবর্ত্তিত, ফেরান।

বিনির্বৃত্ত, (বি+নির্+বৃৎ—সিদ্ধ হওয়া +ক্ত—ম) ণ, ত্রি, সমাপ্ত, সম্পন্ন, নিষ্পন্ন।

বিনিবৃত্ত, (বি+নি—না+বৃৎ—বর্ত্তমান থাকা+ক্ত—ম) ণ, ত্রি, নিরত, প্রত্যাগত।

বিনিবেশিত, (বি+নি+বেশি—প্রবেশ করান+ক্ত—চ) ণ, ত্রি, প্রবেশিত, অধিষ্ঠিত, প্রতিষ্ঠাপিত, সংক্রমিত।

বিনিষ্পেষ, (বি+নির্+পিষ্—চূর্ণকরা+ ঘঞ্—ভাব) স্ত্র, পুং, পেষণ, চূর্ণন, বিনাশ।

বিনিহত, (বি+নি+হন্—বধকরা+ক্ত —চ) ণ, ত্রি, মৃত, বিধ্বস্ত, লুপ্ত, তিরোহিত, নাশিত, আহত।

বিনীত, (বি+নী—নত হওয়া ইত্যাদি +ক্ত—ম) ণ, ত্রি, নম্র, শান্ত, বিনয়ান্বিত, অনুদ্ধত, ধার্ম্মিক, জিতেন্দ্রিয়, দণ্ডিত, শাসিত, শিক্ষিত, অপনীত, নিক্ষিপ্ত, উপভুক্ত, নিভৃত, গৃহীত, প্রিয়দর্শন, সুন্দর। স্ত্র, পুং, শিক্ষিত অশ্ব, বণিক্।

বিনীয়, (বি+নী+ল্যপ্) স্ত্র, পুং,

কণ্ব, খইল, পাপ, কপট।
বিনীয়মান, (বি+নী+শানচ্—চ) ণ, ত্রি, শিক্ষ্যমাণ, যাহাকে শিখান যায়।
বিনেতা, (বি+নী+তৃচ্—য) ণ, ত্রি, শিক্ষক, নিয়মকর্ত্তা, বিনয়কর্ত্তা। স্ত্র, পুং, নৃপ, রাজা।
বিনেয়, (বি+নী+যৎ—চ) ণ. ত্রি, শিক্ষণীয়, গ্রাহ্য, দম্য, প্রাপণীয়।
বিনোক্তি,(বিনা+উক্তি=কথন)স্ত্র,স্ত্রী, অর্থালঙ্কার বিশেষ,যথায় এক বিহনে আর এক সুন্দর বা অসুন্দর হয় না।
বিনোদ,—পুং, বিনোদন,—ন,(বি+ নুদ্=সন্তুষ্টকরা+ঘঞ্, অনট্—ভাব) স্ত্র.বিহার, আমোদ-প্রমোদ, আমোদিতকরণ, ঔৎসুক্য, প্রবৃত্তি, অপনোদন, সান্ত্বনা, প্রবোধ দেওয়া, আমোদ, ব্যাপার,কালযাপনোপায়।
বিন্দু, (বিন্দ্—অবয়বীভূত হওয়া+উ —সংজ্ঞার্থে) ণ, ত্রি, বেত্তা, জ্ঞাতা, দাতা। স্ত্র, পুং, দ্রবদ্রব্যের কণা, ক্ষুদ্রচিহ্ন, অনুস্বার, দন্তক্ষত চিহ্ন, হস্তীরশুণ্ডে বিরচিত রঞ্জচিহ্ন;— নাটকে,গুণীভূত কিন্তু পরস্পর সম্বন্ধকারক ঘটনা, ভ্রূমধ্য, যাহার অবস্থিতি আছে কিন্তু বোধ নাই।
বিন্দুচিত্রক. (বিন্দু=ক্ষুদ্রচিহ্ন, দশা+ চিত্রক—নানাবর্ণে চিত্রিত) স্ত্র, পুং, মৃগবিশেষ, যে মৃগের গাত্রে ক্ষুদ্র ক্ষুদ্র দাগ আছে।
বিন্দুজাল,বিন্দুজালক, (বিন্দু—ক্ষুদ্রচিহ্ন দাগ+জাল=সমূহ ; কণ্—যোগে বিন্দুজালক)স্ত্র, ন, পদ্মক, হস্তিগণ্ডাদিস্থ বিন্দু বিন্দু চিহ্ন।
বিন্দুতন্ত্র, (বিন্দু+তন্ত্র=প্রধান) স্ত্র,পুং, পাশার ছক্, অশ্ব।
বিন্দুপত্র, স্ত্র, পুং, ভূর্জ্জপত্রবৃক্ষ।
বিন্দুসরঃ, (বিন্দু+সরস্=সরোবর) স্ত্র, ন,তিব্বত দেশের অন্তর্গত সরোবরবিশেষ।
বিন্দুস, স্ত্র, পুং, চন্দ্র, শশী, বিধু, মৃগলাঞ্ছন, নিশাকর.চন্দ্রমা,সুধাংশু।
বিন্দপত্রী, স্ত্র,স্ত্রী,অরাপত্রা, বেলগুঠা।
বিন্ধ্য, (বি=বিরুদ্ধ+ধ্যৈ=চিন্তাকরা+ ক ; নিপাতন) স্ত্র, পুং, বিহার দেশ হইতে দক্ষিণ দেশগামী পর্ব্বতশ্রেণী, এই পর্ব্বত সূর্য্যের গতিবাধক,ব্যাধ।
বিন্ধ্যকূট, (বিন্ধ্য=পর্ব্বতবিশেষ+কুট্ =অপ্রসন্ন হওয়া+অচ্; অনট্— প্রত্যয়ে বিন্ধ্যকূটনও হয়) স্ত্র, পুং, অগস্ত্য মুনি।
বিন্ধ্যবাসী, (বিন্ধ্য+বাসী=যে বাস করে, ৭-ষ) স্ত্র, পুং, মুনিবিশেষ, ব্যাড়িমুনি। সিনী—স্ত্রী, দুর্গা।
বিন্ধ্যাবলী, স্ত্র,স্ত্রী, বাণরাজার মাতা।
বিন্ধ্যাবলীসুত, (বিন্ধ্যাবলী=এই নৃপের মাতা+সুত=পুত্র) স্ত্র, পুং, বাণরাজা।
বিন্ন, (বিদ্=জানা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, বিবাহিত, বিচারিত, প্রাপ্ত, জ্ঞাত, স্থিত।
বিন্যস্ত, (বি+নি+অস্=ক্ষেপণকরা +ক্ত—চ) ণ, ত্রি, স্থাপিত, যথাক্রমে অর্পিত.সাজান,রচিত,বিক্ষিপ্ত।
বিন্যাস, (বি+নি+অস্+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, স্থাপন, রচনা, সজ্জা, সাজান, স্থান, মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হৃদয়াদিতে অঙ্গুলির অর্পণ।
বিপক্তিম, (বি+পচ্=পাককরা+ক্তি +মপ্—জাতার্থে) ণ, ত্রি, পরিপক্ব, পাক দ্বারা জাত।
বিপক্ষ, (বি=বিরুদ্ধ+পক্ষ=পার্শ্ব,সহায়) স্ত্র, পুং, ভিন্নপক্ষাশ্রিত, শত্রু, অনিষ্টাচারী, বিরুদ্ধপক্ষ। ণ, ত্রি, পক্ষহীন।
বিপক্ষতা, (বিপক্ষ+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, শত্রুতা, বৈর, প্রতিকূলতা।
বিপঞ্চী, বিপঞ্চিকা, (বি+পঞ্চ্= বিস্তারকরা+অচ্, ঈপ্;বিপঞ্চী+

কণ্—যোগ) স্ত্র, স্ত্রী, বীণা, বীণ, বাঁশী।

বিপণ, (বি+পণ্=ক্রয় বিক্রয়করা+অল্—ভাব) স্ত্র, পুং, বিক্রয়, বেচা, বিক্রয়ের কুরান।

বিপণি, (বি+পণ্=ক্রয়বিক্রয়করা+ইক্) স্ত্র, পুং, স্ত্রী, বিক্রয়গৃহ, পণ্যবীথিকা, শ্রেণীবদ্ধ দোকান, হট্ট, হাট বাজার প্রভৃতি, বাজারের রাস্তা, পণ্যদ্রব্য।

বিপণী, (বিপণ=বিক্রয়+ঈপ্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, ব্যবসায়ী, বণিক।

বিপত্তি, (বি+পদ্=বিপন্ন হওয়া+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, আপদ্, বিপদ্, দুর্ভাগ্য, নাশ, মৃত্যু, ধ্বংস।

বিপথ, (বি=বিরুদ্ধ+পথ=পথিন্-শব্দজ) স্ত্র, পুং, —ন, নিন্দিত পথ, কুপথ

বিপদ্, বিপদা, (বি+পদ্=বিপন্ন হওয়া+ক্বিপ্, আপ্—ভাব) স্ত্র, স্ত্রী, আপদ্, মরণ, বিনাশ, দুর্ভাগ্য।

বিপন্ন, (বি+পদ্+ক্ত—ঘ) ণ, ত্রি, বিপদ্‌গ্রস্ত, বিনষ্ট, দুরবস্থাগ্রস্ত। স্ত্র, পুং, সর্প।

বিপরিণত, (বি+পরি+নম্=বিপরীত হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, বিপর্য্যস্ত, পরিবর্ত্তিত।

বিপরিণাম, (বি+পরি+নম্+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, বিপর্য্যাস, পরিবর্ত্তন।

বিপরিণামী, (বিপরিণাম+ইন্—ঘ) ণ, ত্রি, পরিবর্ত্তনশীল, বৈপরীত্যবিশিষ্ট। [ফিরান ঘুরান।

বিপরিবর্ত্তন, (বি+পরিবর্ত্তন) স্ত্র, ন,

বিপরীত, (বি+পরি=প্রতিকূল, উল্টা+ইত=গত) ণ, ত্রি, বিরুদ্ধ, উল্টা, প্রতিকূল। তা—স্ত্রী, কামুকী স্ত্রী।

বিপর্ণক, (বি=প্রভিন্ন+পর্ণ=পাতা+কণ্—যোগ) স্ত্র, পুং, পলাশবৃক্ষ।

বিপর্য্যয়, বিপর্য্যায়, (বি+পরি=বিপরীত+ই=গমনকরা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, বৈপরীত্য, ব্যতিক্রম।

বিপর্য্যস্ত, (বি+পরি+অস্=হওয়া+ক্ত—চ) ণ, ত্রি, বিপর্য্যয়প্রাপ্ত, ব্যতিক্রান্ত, পরাবৃত্ত, উল্টে পাল্টে যাওয়া, ছত্রভঙ্গ।

বিপর্য্যাস, (বি+পরি+অস্=হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, ব্যতিক্রম, বিপর্য্যয়, বৈপরীত্য।

বিপল, (বি+পল=সূক্ষ্ম কালবিশেষ) স্ত্র, পুং, কালের সূক্ষ্ম অংশবিশেষ, পল ষষ্টি ভাগ।

বিপশ্চিৎ, (বি+প্র=প্রকৃষ্ট+চি=সংগ্রহকরা+ক্বিপ্; নিপাতন) স্ত্র, পুং, যিনি বিপ্রকৃষ্টকে অর্থাৎ দূরবর্ত্তিকে সংগ্রহ করেন, বিদ্বান্, পণ্ডিত।

বিপাক, (বি+পচ্=পাককরা+ঘঞ্ ভাব) স্ত্র, পুং, পরিণাম, পক্কতা, পরিপাক, রন্ধন, পাক, সুস্বাদ, দুর্গতি, কর্ম্মের বিসদৃশ ফল ভোগ।

বিপাট, (বি+পট্=বিদীর্ণকরা+ঘঞ্) স্ত্র, পুং, শর, বাণ।

বিপাটন, (বি+পাটি=বিদীর্ণকরা+অনট্—ভাব) স্ত্র, ন, বিদারণ।

বিপাটিত, (বি+পাটি+ক্ত—চ) ণ, ত্রি, বিদারিত।

বিপাঠ, স্ত্র, পুং, বাণ, শর, ইষু।

বিপাণ্ডুর, (বি+পাণ্ডুর=পীতশুক্লবর্ণ) ণ, ত্রি, অতিশয় পাণ্ডুবর্ণ, ফেকাশে।

বিপাদন, (বি+পাদি=গমনকরান+অনট্—ভাব) স্ত্র, ন, ব্যাপাদন, হত্যা, বধ।

বিপাদিকা, (বি=বিরুদ্ধ+পদ্=গমন করা+ণ্বুল্—ধ) স্ত্র, স্ত্রী, পাদস্ফোট, পা ফাটা, কুষ্ঠরোগবিশেষ, প্রহেলিকা, হেঁয়ালী।

বিপাদিত, (বি+পাদি+ক্ত—চ) ণ, ত্রি, ব্যাপাদিত, বিনাশিত, হত, নিহত, ধ্বস্ত।

বিপাশ, বিপাশা, (বি=বিগত+পাশ=রজ্জু+ই—মোচনার্থে; ক্বিপ্, অচ

আগ্) স্ত্র, স্ত্রী, পঞ্জাবের নদীবিশেষ, শরেবা, মহাভারতে—ভগবান্ বশিষ্ঠ ঋষি পুত্রশোকে স্বয়ং পাশবদ্ধ হইয়া ঐ নদীতে নিমগ্ন হন, পশ্চাৎ ঐ নদী তাঁহাকে বিপাশ করেন বলিয়া বিপাসা নাম হইল।

বিপিন, (বেপ্—কাঁপা + ইনন্—না-মার্থে)স্ত্র,ন,কানন,বন,অরণ্য,অটবী।

বিপুল, (বি+পুল্=বৃহৎ হওয়া+ক-ম) প,ত্রি, বৃহৎ, মহৎ, বড, অনেক, অগাধ, গভীর, প্রশস্ত। স্ত্র, পুং, সুমেরু, হিমালয়, সম্ভ্রান্ত ব্যক্তি। লা—ন, পৃথিবী, ছন্দোবিশেষ।

বিপুলবন, স্ত্র পুং, ইক্ষু, আক।

বিপূব, (বি+পূ=পবিত্র করা+ক্যপ্, স্ত্র, পুং, মুঞ্জতৃণ, শর, পৈতা নির্ম্মাণ কালে ইহার দ্বারা পবিত্র করা যায় বলিয়া, তৃণ, শর।

বিপ্র, (বি+প্রা=পূরণকরা+ক—ঘ, যে বট্ কর্ম্ম পূরণ করে; অথবা বপ্=বপনকরা+রন্-সংজ্ঞার্থে; নি-পাতন; যেখানে ধর্ম্মবীজ বপন করা যায়) স্ত্র, পুং, দ্বিজোত্তম, ব্রাহ্মণ, দ্বিজন্মা, দ্বিজ।

বিপ্রকর্ষ,—পুং, বিপ্রকর্ষণ,—ন,(বি+প্র+কৃষ্—অন্তরস্থ হওয়া+অল্, অ-নট্—ভাব,স্ত্র,দূরস্থ দূরবর্ত্তী হওয়া।

বিপ্রকর্ষণশক্তি, স্ত্র, যে শক্তি দ্বারা পরমাণু সকল পরস্পর দূরবর্ত্তী হয়।

বিপ্রকার, (বি+প্র=হানি, হেয়+কার=করণ) স্ত্র, পুং, অপকার, অনিষ্ট, উপদ্রব, তিরস্কার, ভর্ৎসনা।

বিপ্রকীর্ণ, (বি+প্র=সম্যক্+কৃ=বিক্ষেপ করা+ক্ত—চ) প, ত্রি, ইত-স্ততো বিক্ষিপ্ত, ছড়াইয়া পড়া, বিপর্য্যস্ত, ছড়ভঙ্গ।

বিপ্রকৃত,(বি+প্র=হেয়,হানি+কৃত) প, ত্রি, তিরস্কৃত,অপকৃত, উপদ্রুত।

বিপ্রকৃষ্ট, (বি+প্র+কৃষ্=অন্তরস্থ হওয়া+ক্ত—ম)প,ত্রি, দূরস্থ, দূরবর্ত্তী, অমাসন্ন।

বিপ্রচিত্তি, (বি+প্র+চিৎ=বোধ-করা+ক্তি) স্ত্র, পুং, অসুরবিশেষ, দনুর পুত্র।

বিপ্রতিপত্তি, (বি=না,বিরুদ্ধ+প্রতি-পত্তি=জ্ঞান) স্ত্র,স্ত্রী, বিরুদ্ধ জ্ঞান, বিরোধ, অস্বীকার, সংশয়।

বিপ্রতিপন্ন, (বি=না, বিরুদ্ধ+প্রতি-পন্ন=অবধারিত ইত্যাদি) প, ত্রি, বিরুদ্ধ, অস্বীকৃত, সন্দিগ্ধ।

বিপ্রতিষিদ্ধ,(বি+প্রতিষিদ্ধ=নিষিদ্ধ) প, ত্রি, বিরুদ্ধ, নিবারিত, নিষিদ্ধ।

বিপ্রতিষেধ, (বি+প্রতিষেধ=নিষেধ) স্ত্র, পুং, তুল্যবল বিরোধ, নিষেধ।

বিপ্রতিসার,—রী, (বি=বিপরীত+প্রতি=অভিমুখে+সার=গমন)স্ত্র,পুং, অনুতাপ,পশ্চাত্তাপ, রোষ,ক্রোধ।

বিপ্রতীপ, প,ত্রি, প্রতিকূল, বিপরীত;

বিপ্রদত্ত, স্ত্র, পুং, শুক্লকন্দ মূলাদি।

বিপ্রপ্রিয়, স্ত্র, পুং, পলাশবৃক্ষ।

বিপ্রবুদ্ধ, (বি+প্রবুদ্ধ=জাগরিত) প, ত্রি, জাগরিত, উন্নিদ্র।

বিপ্রয়াণ, (বি+প্র+যা=গমনকরা+অনট্—ভাব)স্ত্র,ন,পলায়ন,প্রস্থান।

বিপ্রযুক্ত, (বি=প্রভিন্ন প্রযুক্ত=সংযুক্ত) প, ত্রি, বিযুক্ত, বিশ্লিষ্ট, পৃথককৃত, বিরহিত, বিচ্ছেদপ্রাপ্ত।

বিপ্রয়োগ, (বি=প্রভিন্ন+প্রয়োগ=সংযোগ) স্ত্র, পুং, বিরহ, পৃথক্‌ভাব, বিয়োগ, বিবাদ, বিরোধ। [বাক্য।

বিপ্রলপন,স্ত্র,ন বিরুদ্ধ উক্তি, বিতণ্ডা

বিপ্রলব্ধ, বি+প্র+লভ =বঞ্চনাকরা ইত্যাদি+ক্ত—চ) প, ত্রি, বঞ্চিত, প্রতারিত।

বিপ্রলব্ধা, স্ত্র, স্ত্রী, নায়িকাবিশেষ, যে নায়িকা সঙ্কেতস্থানে নায়ককে দেখিতে না পাইয়া হতাশ হয়।

বিপ্রলম্ভ,(বি+প্র+লভ্+ঘঞ্—ভাব)

ত, পুং, বঞ্চনা, প্রতারণা, ছলনা, কান, বিবাদ,কলহ,বিয়োগ,বিচ্ছেদ, থকভাব, বিরহ, শৃঙ্গার রসবিশেষ।

প্রলাপ, (বি+প্র=বিরুদ্ধ+লাপ=কথন) স্ত,পুং, বিরোধবচন, কলহ, বরুদ্ধ বাক্য কথন, অনর্থক বিবাদ।

প্রবাস, (বি+প্র=ভিন্ন+বাস=বাসকরা) স্ত, পুং, দেশান্তরে অবস্থিতি, দেশান্তরে বাস, বিদেশে বাস।

প্রশ্নিকা, (বি=বিবিধরূপে+পৃচ্ছ্=জিজ্ঞাসা করা+ইঞ্; ন্—আগম; ক—যোগ)স্ত,স্ত্রী, দৈবজ্ঞা, গণকের স্ত্রী, ভাগ্যকথয়িত্রী।

প্রসাৎ, (বিপ্র + সাৎ) ব্য, বিপ্রকে দেয়, বিপ্রায়ত্ত, ব্রাহ্মণাধীন, ব্রাহ্মণকে দত্ত।

প্রিয়, (বি+না+প্রিয়) ণ, ত্রি, অপ্রিয়, অবজ্ঞাত, ঘৃণিত, বিরক্তিজনক। স্ত, ন, অনিষ্ট।

প্রুষ্,বিপ্লুষ্,(বি=না+প্রুষ্=দগ্ধকরা+ক্বিপ্)স্ত, স্ত্রী, দ্রবদ্রব্যের বিন্দু, জলাদির কণা, ছিদ্র, বিন্দু।

প্রোষিত, (বি+প্র=ভিন্ন+বস্=বাস করা+ক্ত—ঘ; বস্ স্থানে উষ্) ণ, ত্রি, প্রবাসিত, বিদেশস্থ।

বপ্লব, (বি+প্লু=উপদ্রব করা ইত্যাদি +অপ্—ভাব) স্ত,পুং,বিবাদ,বিনাশ, দেশলুণ্ঠন, ভয়প্রদর্শন, ভয়প্রাপ্তি, গোলমাল, কষ্ট, বিপদ্, পাপ, বদমায়েস, দুষ্টতা,ঠযুদ্ধ, ভঙ্গি বা রব দ্বারা শত্রুকে ভয় প্রদর্শন করা।

বপ্লাব, (বি+প্লু=লাফিয়া যাওয়া, জলে ভাসিয়া যাওয়া+ঘঞ্) স্ত, পুং, জলপ্লাবন,অশ্বের প্লুতগতি,লুণ্ঠনাদি দ্বারা দেশ ধ্বংস করা,গোলমাল বা উপদ্রব দ্বারা ..ধারণের শান্তিনাশ করা।

বপ্লাবন, (বি=না+প্লাবি=ব্যাঘাতকরা +অনট—ভাব) স্ত, ন, জলপ্লাবন, ব্যাঘাত, বিঘ্ন, হানি, বিপর্য্যাস।

বিপ্লাবিত, (বি+প্লাবি+ক্ত—ঘ, ট) ণ, ত্রি, বিপর্য্যস্ত, উল্টেপাল্টে দেওয়া, ব্যাহত।

বিপ্লুত, (বি+প্লু=উপদ্রবকরা ইত্যাদি +ক্ত—ঘ, ট) ণ, ত্রি, ব্যসনার্ত্ত, দূষিত, বিগত, উপদ্রুত, বিহ্বল, ভ্রান্ত, অপরাধকারী, বিপর্য্যস্ত, প্রতিকূল, বিপরীত, বন্যায় মগ্ন।

বিফল,(বি+ফল)ণ, ত্রি, নিষ্ফল,বৃথা, নিরর্থক।—লা,স্ত্রী,কেতকী,কেয়া।

বিবন্ধ, (বি+বন্ধ=বন্ধনকরা+অচ্—ঘ)স্ত, পুং,রোগবিশেষ, মূত্রপুরীষাবরোধ, কোষ্ঠবদ্ধরোগ।

বিবুধ,(বি=বিবিধরূপে+বুধ্=জানা+ক—ঘ)স্ত, পুং, দেবতা, পণ্ডিত, চন্দ্র।

বিবুধবনিতা, স্ত, স্ত্রী, অপ্সরা।

বিবোধ, (বি+বোধ=বুদ্ধি) স্ত, পুং, জাগরণ, বিকাস জ্ঞান।

বিবোধন, (বি+বোধি=বুঝান, বিজ্ঞাপন করান+অনট্—ভাব) স্ত, ন, উদ্বোধ, বুঝান, জাগরণ, জ্ঞাপন, বিকাসিতকরা।

বিবোধিত, (বি+বোধি+ক্ত—ট) ণ, ত্রি, জাগরিত, জ্ঞাপিত, বিকাসিত।

বিব্রুবৎ, (বি=বিরুদ্ধ+ব্রূ=বলা+অৎ—ঘ) ণ, ত্রি, বিরুদ্ধবক্তা, মৌনী।

বিভক্ত, (বি+ভজ্=ভাগকরা+ক্ত—ট) ণ, ত্রি, বিভিন্ন, পৃথক্‌কৃত, সুশ্লিষ্ট, সংক্রামিত। স্ত, ন, বিভাগ।

বিভক্তকোষ্ঠী, স্ত, যাহাদের দেহের মধ্যভাগে ব্যবধান আছে। যথা—নটিলস্ জীব।

বিভক্তজ, (বিভক্ত=বিভাগকরা হইতেছে বা হইয়াছে+জ=জাত) স্ত, পুং, পৈতৃকধন বিভাগ করিয়া লইবার পর যে সন্ত জন্মিয়াছে।

বিভক্তি, (বি+ভজ্=ভাগকরা+ক্তি—ভাব, ধ) স্ত, স্ত্রী, বিভাগ, বণ্টন,

অঙ্গীকরণ, বক্রতা, রচনা, ভঙ্গী, ব্যাকরণে—শব্দ বা ধাতুর পরে যে সকল প্রত্যয় হয়, সুপাদি ও তিঙাদি।

বিভঙ্গ, (বি+ভন্জ=ভগ্ন হওয়া+ঘঞ্—ভাব) স্ব. পুং, বিন্যাস, ভঙ্গী, খণ্ড, ছেদ, সঙ্কোচ।

বিভজনীয়, (বি+ভজ্+অনীয়—চ) ণ, ত্রি, বিভাজ্য, বিভাগযোগ্য।

বিভব, (বি+প্রধান+ভূ=হওয়া+অচ—ভাব) স্ব, পুং, ধন, সম্পত্তি, মোক্ষ, মুক্তি, বিভূষ, প্রভুত্ব, বৎসর বিশেষ, ঐশ্বর্য্য, মহত্ত্ব।

বিভা, (বি=বিশেষরূপে+ভা=দীপ্তি-পাওয়া+কিপ্) স্ব, স্ত্রী, আলোক, কিরণ, প্রভা, দীপ্তি, শোভা। (বিবাহশব্দজ) বিবাহ, পরিণয়।

বিভাকর, (বিভা+কর=যে করে, ২-ষ) স্ব, পুং, সূর্য্য, প্রভাকর, অগ্নি।

বিভাগ, (বি+ভাগ=অংশ) স্ব, পুং, অংশ, ভাগ, খণ্ড, বণ্টন, দায় বা পৈতৃক সম্পত্তির অংশ বা অংশীকরণ। অঙ্কশাস্ত্রে — ভগ্নাংশের ভাজ্য। [ণ, ত্রি, বিভাগকর্ত্তা।

বিভাজক, (বি+ভাজক=যে অংশকরে)

বিভাজ্য, (বি+ভজ্+ণ্যৎ — চ) বিভাগযোগ্য।

বিভাজ্যতা, (বিভাজ্য+তা—ভাবে) স্ব, স্ত্রী, কোন প্রকার বল প্রয়োগ করিলে জড়পদার্থ যে গুণ দ্বারা নানাখণ্ডে বিভক্ত হইতে পারে, সেই গুণ। [শৃঙ্গের পিতা।

বিভাণ্ডক, স্ব, পুং, মুনিবিশেষ, ঋষ্য-

বিভাত, (বি+ভা=দীপ্তিপাওয়া+ক্ত-ঘ) স্ব, ন, প্রভাত, প্রাতঃকাল, উষা।

বিভাব, (বি=বিবিধ+ভাব=স্বভাব) স্ব, পুং, কাব্যনাটকাদিতে বর্ণিত রতি হর্ষ ক্রোধ প্রভৃতি স্থায়িভাবের কারণকে বিভাব কহে, যথা চন্দ্রনাদি রতির, পরুষ বাক্যাদি ক্রোধের, ইত্যাদি প্রকার বিভাব। বিভাব দুই প্রকার—উদ্দীপন ও আলম্বন, পরিচয়।

বিভাবন, (বি+ভাবি=বিবেচনা করা ইত্যাদি+অনট্—ভাব) স্ব, ন, আ—স্ত্রী, অবধারণ, বিবেচন, চিন্তন, অনুভব-করণ, দর্শন, কাব্যের অলঙ্কার বিশেষ, যেখানে কারণ ব্যতিরেকে কার্য্যোৎপত্তি হয়।

বিভাবনীয়, বিভাব্য, (বি+ভাবি=বিবেচনাকরা ইত্যাদি+অনীয়, ণ্যৎ—চ) ণ, ত্রি, চিন্তনীয়, অবধারণীয়, বিবেচনীয়, দর্শনীয়।

বিভাবরী, (বি+ভা=দীপ্তিপাওয়া+কনিপ্, ঙীপ্; রচ্ আগম) স্ব, স্ত্রী, রজনী, রাত্রি, কুট্টিনী, হরিদ্রা।

বিভাবসু, (বিভা=প্রভা+বসু=ধন; ৬-ব) স্ব, পুং, সূর্য্য, অগ্নি, চন্দ্র, হারবিশেষ।

বিভাবিত, (বি+ভাবি+ক্ত—চ) ণ, ত্রি, দৃষ্ট, অনুভূত, বিবেচিত, বিসৃষ্ট, বিচিন্তিত।

বিভাষা, (বি=বিভিন্ন+ভাষা=বচন) স্ব, স্ত্রী, বিকল্প, দ্বৈধভাব, ইচ্ছানুযায়ী কল্পনা।

বিভাসা, (বি+ভাস্=দীপ্তি পাওয়া+অঙ্, আপ্—ভাব) স্ব, স্ত্রী, দীপ্তি, প্রকাশ।

বিভাসিত, (বি+ভাস্=দীপ্তিপাওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, দীপিত, প্রকাশিত, জলোপরি শোভিত।

বিভিন্ন, (বি+ভিদ্=ভেদকরা+ক্ত—চ, ঘ) ণ, ত্রি, মিশ্রিত, সংগৃহীত, বিঘট্টিত, বিভক্ত, পৃথক্‌ভূত, অন্যবিধ, বিদীর্ণ, বিদারিত, বিদলিত, বিকসিত, নানাবিধ, হতাশ, হতবুদ্ধি।

বিভীতক, (বি=না, বিশেষরূপে+ভীত=ভয়, কণ্—যোগ; ৫-ব) স্ব, যাহা হইতে রোগভয় নাই, অথবা ভূতা-

প্রযুক্ত হেতু বিশেষরূপে ভয় হয় যাহা হইতে, বয়ড়াগাছ।

বিভীষণ, (বি+ভী—ভয়পাওয়া+ণিচ্+অনট্—যে) স্ত্র,পুং, যাহা হইতে ভয় পাওয়া যায়, রাবণের কনিষ্ঠ ভ্রাতা। ণ, ত্রি, ভয়ঙ্কর, দৃঢ়, ঘন, ভৃত্য, আত্মা, কাল।

বিভীষিকা, (বি+ভী+ণক, আপ্)স্ত্র, স্ত্রী, ভয়েচ্ছা,ভয়প্রদর্শন, ভয়দেখান।

বিভু, (বি=প্রধান, কারণ+ভূ=হওয়া+ডু) স্ত্র, পুং, প্রভু, ব্রহ্মা, বিষ্ণু, শিব, পরমেশ্বর। ণ, ত্রি, সর্ব্বব্যাপী, সর্ব্বমূর্ত্তসংযোগী, সমর্থ।

বিভূতি, (বি+ভূ+ক্তি—ধ) স্ত্র, স্ত্রী, সম্পত্তি, ঐশ্বর্য্য, সমৃদ্ধি; অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব,কামাবসায়িত্ব-শিবের এই অষ্টবিধ ঐশ্বর্য্য; ভস্ম, ছাই।

বিভূষণ,—ন, বিভূষা,—স্ত্রী,(বি+ভূষ্=ভূষিতকরা+অনট্) স্ত্র, আভরণ, অলঙ্কার, শোভা।

বিভূষিত, (বি+ভূষ্+ক্ত—ট) ণ, ত্রি, অলঙ্কৃত, শোভিত।

বিভৃত, (বি+ভৃ=ধারণকরা,পালনকরা+ক্ত—ট) ণ, ত্রি, প্রতিপালিত, ধৃত, পুষ্ট।

বিভেদ, (বি+ভিদ্=ভেদকরা+ঘঞ্-ভাব) স্ত্র, পুং, বিভিন্নতা, প্রভেদ, বৈলক্ষণ্য, অপগম, বিভাগ, মিশ্রণ, বিকাস, বিদলন।

বিভ্রৎ, (বি+ভৃ=পোষণকরা+অৎ-ঘ) ণ, ত্রি, ধারণকারী, পোষণকর্ত্তা।

বিভ্রম, (বি+ভ্রম্=ভ্রমণকরা ইত্যাদি+ঘঞ্—ভাব) স্ত্র. পুং, স্ত্রীদিগের শৃঙ্গারভাবজাত ক্রিয়াবিশেষ, অকারণ আসন হইতে উঠিয়া অন্যত্র গমন, নায়কবিষয়ক কথাসক্ত সখীজনের সহিত আলাপ, উচ্চহাস্য, ক্রোধপ্রকাশ, পুষ্পাদি প্রার্থনা ও সহসা বস্ত্রাদি খণ্ডন ইত্যাদি, লীলা, বিলাস, সংশয়, ভ্রম, ভ্রমণ, ত্বরা-প্রযুক্ত ভূষণাদির অস্থানে বিন্যাস, শোভা। মা—স্ত্রী,বার্দ্ধক্য,বৃদ্ধাবস্থা।

বিভ্রাট, (বি+ভ্রাজ্=দীপ্তি পাওয়া+ক্বিপ্—ঘ) ণ, ত্রি, অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, শোভমান, দীপ্তিমান্, ভ্রাজিষ্ণু।

বিভ্রান্ত, (বি+ভ্রম্+ক্ত—ঘ) ণ, ত্রি, ভ্রমযুক্ত, ভুল হওয়া, ত্বরান্বিত,দ্রুত।

বিভ্রান্তি, (বি+ভ্রম্+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, ভ্রম, ভুল, ত্বরা।

বিমত, (বি=বিপরীত, বিরুদ্ধ+মন্=বোধ করা+ক্ত) ণ, ত্রি, অসম্মত, অনভিমত, বিরুদ্ধমতিযুক্ত, অগ্রাহ্য, অপ্রিয়, অনিষ্ট।

বিমতি, (বি=বিরুদ্ধ+মতি=মনঃ) স্ত্র, স্ত্রী, অনিচ্ছা, অসম্মতি, অমত।

বিমথিত, (বি+মথ্=মন্থনকরা+ক্ত—ট) ণ, ত্রি, বিনাশিত।

বিমনাঃ, বিমনস্ক, (বি=বিচলিত+মনস্; ৬.হ) ণ, ত্রি, অন্যমনস্ক, উদ্বিগ্ন, বিষণ্ণ, দুঃখিত, ব্যাকুল।

বিময়, (বি+মি=পরিবর্ত্ত করা+অচ্—ভাব) স্ত্র, পুং, বদল, বিনিময়।

বিমর্দ্দ,—পুং, বিমর্দ্দন,—ন,(বি+মৃদ্=চূর্ণকরা+অচ্, অনট্-ভাব) স্ত্র, ঘর্ষণ, পেষণ, চূর্ণন, সম্পর্ক, মন্থন, পরিমল, বিনাশ, সম্বাধ, ঘাতক, গুল্মবিশেষ।

বিমর্দ্দিত, (বি+মৃদ্+ক্ত—ট) ণ, ত্রি, দলিত,ঘৃষ্ট, পিষ্ট, মন্থিত, বিলোড়িত, চূর্ণিত, সংঘট্টিত।

বিমর্দ্দোত্থ, (বিমর্দ্দ=মর্দ্দন+উত্থ=যে উঠে) স্ত্র, পুং, মর্দ্দন দ্বারা উৎপন্ন মনোহর গন্ধ।

বিমর্শ, বিমর্ষ,—পুং, বিমর্শন,—ন,(বি+মৃশ্=বিবেচনা করা+ঘঞ্—ভাব) স্ত্র, বিতর্ক, তর্ককরণ, তথ্যানুসন্ধান, বিচার, বিবেচনা,যুক্তি দ্বারা পরীক্ষা

করণ, অসন্তোষ, অধৈর্য্য।

বিমল, (বি=না+মল; ৬.হ) ণ, ত্রি, শুভ্র, স্বচ্ছ, নির্ম্মল, সুন্দর, মনোহর, নিষ্কলঙ্ক, নিষ্পাপ। ষ্য, পুং, পর্ব্বতবিশেষ, শক্রঞ্জয় পর্ব্বত, জৈন মুনি। ন, রূপার গিল্টি। লা—স্ত্রী, দেবীবিশেষ।

বিমলদান, ষ্য, ন, নিত্যনৈমিত্তিক কাম্য দান, ঈশ্বরপ্রীত্যর্থ দান।

বিমলমণি, (বিমল=নির্ম্মল+মণি) ষ্য, পুং, স্ফটিকমণি, বেলোয়ারি।

বিমা, (দেশজ) ষ্য, ঝুঁকি, ক্ষতির দায়।

বিমাতা, (বি=ভিন্ন+মাতৃ=মা) ষ্য, স্ত্রী, মাতৃসপত্নী, সৎ মা।

বিমাতৃজ, (বিমাতৃ+জ=জাত) ষ্য, পুং, বৈমাত্রেয় ভ্রাতা, মাতৃসপত্নীপুত্র। জা—স্ত্রী, বৈমাত্রেয় ভগিনী, মাতৃসপত্নীকন্যা।

বিমান, (বি+মন্=বোধকরা+ঘঞ; কিম্বা মা=পরিমাণ করা+ল্যুট; অথবা বি=না+মান=সম্ভ্রম) ষ্য, পুং, ন, দেবরথ, ব্যোমযান, যান, সিংহাসন, মণ্ডপ, সাততলা ঘর, রাজগৃহবিশেষ, রাজপ্রাসাদ, অশ্ব, ঘোটক, অসম্মান, পরিমাণ।

বিমাননা, (বি=না+মানি=পূজাকরা +অনট্, আপ্) ষ্য, স্ত্রী, অবমান, তিরস্কার।

বিমার, (যবনভাষা) ষ্য, রোগ, পীড়া।

বিমার্গ, (বি+মৃজ্=মার্জ্জন করা+ঘঞ্ —ণ; অথবা বি=না, বিরুদ্ধ+মার্গ= পথ) ষ্য, পুং, কুপথ, কদাচার, সম্মার্জ্জনী, খেঙরা।

বিমিশ্র, (বি+মিশ্র্=মিশ্রিত করা+ অচ্) ণ, ত্রি, মিশ্রিত, মিশান।

বিমিশ্রগণিত, ষ্য, অঙ্কশাস্ত্র, যাহাতে পদার্থ সম্বন্ধিরাশি নিরূপণকরা হয়।

বিমুক্ত, (বি+মুক্ত=মুক্তিপ্রাপ্ত) ণ, ত্রি, মুক্তিপ্রাপ্ত, পরিত্যক্ত, বন্ধন হইতে মুক্ত, স্বাধীন।

বিমুক্তি, (বি+মুক্তি=মোচন) ষ্য, স্ত্রী, বিমোচন, বন্ধন হইতে মোচন, মোক্ষ, স্বাধীন ভাব।

বিমুখ, (বি=উল্টা, বিরুদ্ধ+মুখ=বদন; ৬.হ) ণ, ত্রি, পরাঙ্মুখ, অপ্রসন্ন, নিবৃত্ত, নিস্পৃহ।

বিমুগ্ধ, (বি+মুহ্=অচৈতন্য হওয়া+ ক্ত—ঘ) ণ, ত্রি, মুগ্ধ, মোহপ্রাপ্ত, স্বাভাবিক জ্ঞানশূন্য।

বিমুদ্র, (বি=না+মুদ্রা=মোহর; ৬.হ) ণ, ত্রি, উন্মুদ্র, উন্মীলিত, অনাচ্ছন্ন, খোলা, বিকসিত, প্রফুল্ল, মুদ্রাহীন, মুদ্রারহিত, মোহর করা নয়।

বিমূঢ়, (বি+মুহ্=মুগ্ধ হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, অজ্ঞান, মূর্খ, ইতিকর্ত্তব্যতাজ্ঞানশূন্য।

বিমৃষ্যকারী, বিমৃশ্যকারী, (বিমৃষ্য+ কারিন্=যে করে) ণ, ত্রি, যে ব্যক্তি বিবেচনা করিয়া কর্ম্ম করে।

বিমৃষ্যবাদী, বিমৃশ্যবাদী, (বিমৃষ্য+ বাদিন্=যে বলে) ণ, ত্রি, যে ব্যক্তি বিবেচনা করিয়া কথা বলে।

বিমোক্ষণ, বিমোচন, (বি+মোক্ষণ= মুক্তি; বি+মুচ্=ত্যাগকরা+অনট্ —ভাব) ষ্য, ন, বিমুক্তি, উদ্ধার, পরিত্রাণ, বন্ধনমোচন।

বিমোহন, (বি+মোহি=মুগ্ধ হওয়ান+ অনট্—ভাব, ব) ষ্য, ন, মুগ্ধকরণ, মোহ জন্মান। ণ, ত্রি, মোহজনক, মায়াজনক।

বিমোহিত, (বি+মুহ্=মুগ্ধহওয়া+ক্ত —ট) ণ, ত্রি, মোহপ্রাপিত। (বি+ মোহ+ইত) মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান, মূর্চ্ছিত, হিতাহিত জ্ঞান শূন্য।

বিম্ব, (বী=গমনকরা, দীপ্তিপাওয়া +ব; ম্—আগম; ঈ—হ্রস্ব; স্বামী বলেন, শোভার্থ বিম্ব, পাচুতেই

রাজার মাতা, রাধার সখীবিশেষ, কৃষ্ণের সখী, জগন্নাথ ক্ষেত্র, নদী-বিশেষ, বৃক্ষবিশেষ, কণ্টিংধারী।

বিরজীকৃত, (বি=না+রজস্=রজো-গুণ ইত্যাদি+কৃত—করা হইয়াছে; ঈ—আগম) ণ, ত্রি, নির্ধূলীকৃত, যাহা ধূলিশূন্য করা হইয়াছে, রজো-গুণরহিত।

বিরঞ্চ, বিরঞ্চি, (বি=বিবিধ+রচ্=সৃষ্টিকরা+অচ্, ই; ন্—আগম) স্ত, পুং, ব্রহ্মা, পিতামহ, চতুরানন, কমলযোনি।

বিরণ, স্ত, ন, তৃণবিশেষ, বেণা।

বিরত, (বি=না+রত=আসক্ত) ণ, ত্রি, নিবৃত্ত, ক্ষান্ত, উপরত, বিশ্রান্ত, বিমুখ।

বিরতি, (বি=না+রতি=আসক্তি) স্ত, স্ত্রী, বিশ্রাম, নিবৃত্তি, শান্তি, বিরাগ।

বিরল, (বি=পৃথক্+রা=হওয়া+অল্) ণ, ত্রি, অনিবিড়, ফাঁক ফাঁক, ছাড়াছাড়, শিথিল, আলগা, ব্যবহিত, অল্প, স্বল্প, নির্জ্জন।

বিরস, (বি=না+রস=আস্বাদ) ণ,ত্রি, রসহীন, বিস্বাদু, বিরক্তিজনক, অতৃপ্তিকর।

বিরহ, (বি+রহ্=ত্যাগকরা+অচ—ভাব) স্ত, পুং, বিচ্ছেদ, বিয়োগ, ত্যাগ, অস্থিতি, অভাব।

বিরহিত, (বিরহ+ইত—সংজাতার্থে) ণ,ত্রি, বিহীন,ত্যক্ত, রহিত, বিযুক্ত, পৃথক্কৃত, বিশ্লিষ্ট।

বিরহী, (বিরহ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিয়োগী, বিচ্ছেদযুক্ত। হিনী—স্ত্রী, বিয়োগিনী।

বিরাগ, (বি+রন্‌জ্+ঘঞ্—ভাব) স্ত, পুং, বৈরাগ্য, বিবেক, ঔদাস্য, বিরক্তি, অননুরাগ। ণ,ত্রি,রাগহীন।

বিরাজমান, (বি+রাজ্=দীপ্তিপাওয়া +শানচ্—ষ; ম—আগম) ণ, ত্রি, দীপ্তিবিশিষ্ট, শোভমান, দীপ্তি-বিশিষ্ট।

বিরাজিত, (বি+রাজ্=দীপ্তিপাওয়া +ক্ত) ণ,ত্রি, শোভিত, প্রকাশিত।

বিরাট্, (বি=বিশেষরূপে+রাজ্=দীপ্তিপাওয়া+কিপ্—ষ) স্ত, পুং, তেজস্বিতা বা ব্যাপকতা হেতু যিনি বিশেষরূপে দীপ্তি পান, সর্ব্বব্যাপী পুরুষ, পরমেশ্বর, স্বায়ম্ভুব মনু, ছন্দোবিশেষ, ক্ষত্রিয়, কান্তি, দীপ্তি, সৌন্দর্য্য, প্রভা।

বিরাট, (বি+রট্=বলা+অচ) স্ত,পুং, মৎস্যদেশ, বগুড়ার অর্দ্ধ ক্রোশ উত্তরে স্থিত দেশবিশেষ, ঐ দেশের রাজা।

বিরাটজ, (বিরাট=দেশবিশেষ+জ=উৎপন্ন) স্ত, পুং, বিরাটদেশীয় হীরক। ণ, ত্রি, বিরাটদেশজাত।

বিরাণী, (বি+রণ=যুদ্ধ+অণ; ইন্—যোগ) স্ত, পুং, হস্তী।

বিরাদ্ধ, (বি+রাধ্=অপকারকরা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, অপকৃত, অপমানিত, উৎপীড়িত।

বিরাদ্ধা, (বি+রাধ্+তৃচ্—ষ) ণ, ত্রি, অপমানকারক,অপকারক,উৎপীড়ক।

বিরাধ, (বি=রাধ্+সিদ্ধকরা+ঘঞ্—নামার্থে) স্ত, পুং, রাক্ষসবিশেষ, অপকার, পীড়া, ব্যথা, অপরাধ, রোধ, বাধা, বিরক্তি।

বিরাধন, (বি+রাধ্=অপকার করা ইত্যাদি+অনট্—ভাব)স্ত, ন, অপকার, পীড়া, বাধা, পীড়ন।

বিরানব্বই, (দ্বিনবতি শব্দজ) ণ, সংখ্যাবিশেষ, ৯২।

বিরাম, (বি=না+রম্=অনুরক্ত হওয়া +ঘঞ্—ভাব) স্ত, পুং, শান্তি, ক্ষান্তি, বিশ্রাম, নিবৃত্তি, উপরম, অবসান, ব্যাকরণে—পরবর্ত্তীভাব।

বিরাল, (বিড়্=ভেদকরা+কালন্; ড

স্থানে র) স্ত্র, পুং, স্ত্রী—রী, মার্জ্জার, বিড়াল।

বিরাব, (বি+রু—শব্দকরা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, শব্দ, ধ্বনি, গোলমাল। ণ, ত্রি, রবহীন।

বিরাবী, (বিরাব+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, শব্দকারী।

বিরিক্ত, (বি+রিচ্—পুনঃ পুনঃ বিষ্ঠা করণ+ক্ত) ণ, ত্রি, বিরেচনবিশিষ্ট, যাহার উদর ভঙ্গ হইয়াছে।

বিরিঞ্চ, বিরিঞ্চন, বিরিঞ্চি, (বি=বিবিধ+রচ—সৃষ্টিকরা+অচ, ল্যুট, ই; ন—আগম; অ—ই) স্ত্র, পুং, ব্রহ্মা, বিষ্ণু, শিব।

বিরিব্ধ, (বি+রেভ্—শব্দকরা+ক্ত; ই আগম; নিপাতন) স্ত্র, পুং, স্বর, কণ্ঠধ্বনি।

বিরুত, (বি+রু—শব্দকরা+ক্ত—ভাব) স্ত্র, ন, পক্ষীর শব্দ, কূজিত, অব্যক্ত ধ্বনি, রব।

বিরুদ, স্ত্র, পুং, গুণোৎকর্ষবর্ণন, স্তব।

বিরুদ্ধ, (বি+রুধ্—রোধকরা+ক্ত—চ) ণ, ত্রি, বিপরীত, উল্টা, বিদ্বিষ্ট, বদ্ধ, আটক করা।

বিরূঢ়, (বি+রুহ্—উৎপন্ন হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, উৎপন্ন, জাত, অঙ্কুরিত, বদ্ধমূল, গভীর রূপে নিমগ্ন।

বিরূপ, (বি—নিন্দিত+রূপ—আকৃতি) ণ, ত্রি, কুরূপ, কুৎসিত, প্রতিকূল, বিমুখ। পা—স্ত্রী, দুরালভা লতা। ণ, ত্রি, কুরূপা, কুৎসিতা।

বিরূপাক্ষ, (বিরূপ—কুৎসিত+অক্ষ—অক্ষিশব্দজ; ৬.হ) স্ত্র, পুং, শিব, ত্রিলোচন, যেহেতু ইঁহার তিন চক্ষু, রুদ্রবিশেষ, যাহার চক্ষু বিকৃত, যাহার চক্ষু সাধারণ সংখ্যার অতীত।

বিরূপিকা, (বিরূপ+কণ—যোগ) স্ত্র, স্ত্রী, কুরূপা, কুৎসিতা।

বিরেক,—পুং, বিরেচন,—ন, (বি+রিচ্—পুনঃ পুনঃ বিষ্ঠাকরণ+ল্যুট, অনট্—ভাব) স্ত্র, ভেদ, মলচালন, উদরভঙ্গ।

বিরেচক, (বি+রেচি—নিঃসারণকরা+ণক—ম) ণ, ত্রি, ভেদকারক, জোলাপ।

বিরেফ, (বি—না+রেফ ' ' এই বর্ণ ইত্যাদি) স্ত্র, পুং, নাদ। ণ,ত্রি, রেফশূন্য।

বিরেভিত, (বি+রেভ্—শব্দকরা+ক্ত) ণ, ত্রি, ধ্বনিত, শব্দিত, মুখরিত।

বিরোক, (বি+রুচ্—দীপ্তি পাওয়া+ঘঞ্) স্ত্র, ন, গর্ত্ত, ছিদ্র, বিবর, গহ্বর। পুং, সূর্য্যকিরণ।

বিরোচন, (বি+রুচ্—দীপ্তি পাওয়া+ল্যুট—ম) স্ত্র, পুং, সূর্য্য, অগ্নি, চন্দ্র, প্রহ্লাদের পুত্র, বলিরাজার পিতা।

বিরোধ,—পুং, বিরোধন,—ন, (বি+রুধ্—রুদ্ধকরা+ঘঞ্—ভাব)স্ত্র, বিপক্ষতা, বৈর, রোধ, অবরোধ, অনৈক্য, বৈপরীত্য, বাধা, আটক, যুদ্ধ, বিপদ, দুর্দ্দৈব। ণ, ত্রি, বিরোধকারক।

বিরোধী, (বিরোধ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিরুদ্ধ, প্রতিকূল, বিপরীত, রিপু, শত্রু, বিরোধকারী, বিদ্বেষী। স্ত্র, পুং, বৎসরবিশেষ।

বিরোধোক্তি, (বিরোধ—বৈপরীত্য, বাদানুবাদ+উক্তি—কথন) স্ত্র, স্ত্রী, বিপ্রলাপ, কাব্যালঙ্কারবিশেষ, বাস্তবিক বিরুদ্ধ নহে কিন্তু বিরুদ্ধের ন্যায় বলা; বিরোধ নানা প্রকার, তন্মধ্যে যথা, "সৃজতি চ জগদিদমবতি চ সংহরতি চ হেলয়ৈব যো নিয়তং। অবসরবশতঃ শফরো জনার্দ্দনঃ সোঽপি চিত্রমিদং।"

বিল, (বিল্—ভেদকরা+অচ) স্ত্র, ন, বিবর, ছিদ্র, গর্ত্ত, গুহা। পুং,

উচ্চৈঃশ্রবা অশ্ব, বেতগাছ, বানীর, বঞ্জুল। (দেশজ) কলা।

বিলক্ষ, (বি+লক্ষ্—দর্শনকরা+অচ্) ণ, ত্রি, আশ্চর্যান্বিত, বিস্ময়াপন্ন, চমৎকৃত, লজ্জিত, অচিহ্নিত, অনুদ্দিষ্ট, প্রকৃতিবিরুদ্ধ, নির্গুণ।

বিলক্ষণ, (বি—না+লক্ষণ—চিহ্ন,স্বরূপ; ৬.হ) ণ, ত্রি, অসাধারণ, অসামান্য, ভিন্ন, পৃথক, দর্শক, পরীক্ষক।

বিলগ্ন, (বি+লগ্—লাগিয়া যাওয়া+ক্ত) স্থ, ন, কটিদেশ, জন্মলগ্ন। ণ,ত্রি, কৃশ,ক্ষীণ, সংলগ্ন, বদ্ধ, কলিত।

বিলঙ্ঘন,(বি+লন্‌ঘ্—ডিঙ্গিয়া যাওয়া+অনট্—ভাব) স্থ, ন, উল্লঙ্ঘন, অতিক্রম। [ত্রি.অতিক্রান্ত,উল্লঙ্ঘিত।

বিলঙ্ঘিত, (বি+লন্‌ঘ্+ক্ত—ট) ণ,

বিলজ্জ, (বি—না+লজ্জা; ৬.হ) ণ, ত্রি, নির্লজ্জ, লজ্জারহিত, বেহায়া।

বিলন, (দেশজ) স্থ, দামকরণ, ব্যয়করণ, বণ্টন।

বিলপন, বিলপিত, (বি+লপ্—শোক করা+অনট্, ক্ত—ভাব) স্থ, ন, বিলাপ, শোকবাক্য, মল, কাইট।

বিলম্ব,—পুং, বিলম্বন,—ন, (বি+লম্ব্—লম্বমান হওয়া+অচ—ভাব) স্থ, পুং, দোলন, ঝুলন, লম্বন, অশীঘ্রতা, গৌণ, দেরি।

বিলম্বিত, (বিলম্ব+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, লম্বমান, যাহা ঝুলান হইয়াছে, অশীঘ্র,বিলম্বযুক্ত। স্থ,ন,মধ্যম নৃত্য।

বিলম্বী, (বিলম্ব+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিলম্বকারী, অশীঘ্রকারী, অক্রত, লম্বনবিশিষ্ট, সংসক্ত,আলসে, কুঁড়ে।

বিলম্ভ,(বি—বিপরীত+লভ্—লাভকরা+অচ) স্থ, পুং, অতিদান, অতিসর্জ্জন, বিতরণ।

বিলয়,(বি+লী—লীনহওয়া+অচ্-ভাব) স্থ, পুং, বিনাশ, ধ্বংস, লয়, প্রলয়, ব্রহ্মাণ্ডের নাশ, অন্তর্দ্ধান।

বিললা, স্থ. স্ত্রী, শ্বেতবালা।

বিলশয়, (বিল—গর্ত্ত+শীঙ্—শয়নকরা+অ—য, ৭-ষ) স্থ, পুং, যে শয়ন করে, সর্প, ভুজগ, ভুজঙ্গ, ভোগী, চক্ষুঃশ্রবা, পবনাশন, সরীসৃপ, উরগ।

বিলসৎ, (বি+লস্—বিলাস করা ইত্যাদি+অৎ-য) ণ, ত্রি, শোভমান, বিলাসী, স্ফূর্ত্তিমান্, ক্রীড়াশীল।

বিলসন, বিলসিত, (বি+লস্—বিলাসকরা+অনট, ক্ত-ভাব) স্থ,ন, বিলাস, লীলা, দীপ্তি, শোভা, স্ফুরণ, ক্রীড়া, নর্ম্ম, প্রকাশ, আভা।

বিলাতী, (যাবনিক) ণ, ভিন্ন দেশীয়, ইউরোপ দেশজাত।

বিলাপ,(বি+লপ্—খেদকরা+ঘঞ্—ভাব) স্থ, পুং, খেদোক্তি, পরিদেবন।

বিলাল, (বি+লল্—পাইতে ইচ্ছাকরা+ঘঞ; অথবা বিড্—ভেদকরা+কালন্; ড—ল) স্থ, পুং, মার্জ্জার, বিড়াল, যন্ত্র, কল।

বিলাস, (বি+লস্—বিলাসকরা+ঘঞ—ভাব) স্থ, পুং, অলঙ্কারবিশেষ, স্ত্রীলোকদিগের শৃঙ্গার চেষ্টাবিশেষ, প্রিয় দর্শনাদি হইলে গমনে পবেশনাদির বৈচিত্র্য ও মুখ নেত্র-শরীরাদির ভাবভঙ্গী, নায়কের বিলাস, ধীরদর্শন বৃষভতুল্য গমন কিম্বা অদ্ভুত গমন ও সহাস্য কথন প্রভৃতি, ক্রীড়া, আমোদ প্রমোদ, শোভা, সুখভোগ।

বিলাসপরায়ণ, (বিলাস+পরায়ণ—আসক্ত; ৭-ষ) ণ, ত্রি, সৌখীন, আমোদপ্রমোদে রত।

বিলাসভবন,বিলাসমন্দির, (বিলাস—ক্রীড়া+ভবন,+মন্দির—গৃহ) স্থ, ন, ক্রীড়াগৃহ, আমোদ প্রমোদের নিমিত্ত নির্ম্মিত গৃহ, বৈঠকখানা, নাচঘর।

বিলাসী, (বিলাস + ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বিলাসপরায়ণ, বিলাসযুক্ত, ক্রীড়াকৌতুকরত, বিলাসশালী, ভোগবান্। স্ত্র, পুং, কৃষ্ণ, অগ্নি, চন্দ্র, শিব, কন্দর্প, সর্প। নী—স্ত্রী, রমণী, কামিনী, নারী, বেশ্যা।

বিলি, (যাবনিক) স্ত্র, ভাগকরণ, অংশকরণ, শ্রেণীবদ্ধকরণ।

বিলিখ,(বি+লিখ্—বিদীর্ণকরা ইত্যাদি +অনট—ভাব) স্ত্র, ন, খনন, আঁচড়ান

বিলীন, (বি+লী—লীন হওয়া+ক্ত—ক) ণ, ত্রি, মগ্ন, মিশ্রিত, লয়প্রাপ্ত, লীন হওয়া, নিবিষ্ট, দ্রবীভূত, গলিত, ক্ষরিত, বিনষ্ট, অন্তর্হিত।

বিলুপ্ত, (বি—লুপ্+লোপকরা+ক্ত—চ) ণ, ত্রি, লোপপ্রাপ্ত, নষ্ট, লুপ্তিত, ছিন্ন, আক্রান্ত, গৃহীত, তিরোভূত।

বিলুলিত, (বি+লুল্—চঞ্চল হওয়া+ক্ত ক্ষ, ণ, ত্রি, চঞ্চল, কম্পিত, দোদুল্যমান, চালিত, বিঘূর্ণিত।

বিলেখন, (বি+লিখ্—বিদীর্ণ করা ইত্যাদি+অনট্—ভাব) স্ত্র, ন, খনন, খোঁড়া, আঁচড়ান, বিদারণ, মূলোৎপাটন, কর্ষণ, বিভাগকরণ।

বিলেপ, (বি+লিপ্—লেপনকরা+ঘঞ—ধ, ভাব) স্ত্র, পুং, প্রলেপদ্রব্য, লেপন, মাখান, চন্দন। পী—ভাতের মাড়।

বিলেপন, (বি+লিপ্ +অনট—ধ, ভাব) স্ত্র, ন লেপন বস্তু, লেপনযোগ্য সুগন্ধি বস্তু, সুগন্ধি তৈলাদি মর্দন, মাখান, চন্দন কুঙ্কুমাদি লেপন। নী—স্ত্রী, সুগন্ধদ্রব্যভূষিতাঙ্গী স্ত্রী, যবাগু, যাউ, ভাতের মড়া।

বিলেবাসী, (বিলে—গর্ত্তে+বাসিন্—যে বাসকরে) স্ত্র, পুং, সর্প, ভুজঙ্গ, ভোগী, সরীসৃপ, পবনাশ। ণ, ত্রি, যে গর্ত্তে বাসকরে।

বিলেশয়, (বিলে—গর্ত্তে+শয়—যে শয়ন করে) স্ত্র, পুং, সর্প, মূষিক, গোসাপ, গোধা, শশক, শল্লকী, শর্করি, যে কোন জন্তু গর্ত্তে বাসকরে।

বিলোকন, (বি+লোক্—নিরীক্ষণকরা +অনট্-ভাব) স্ত্র, ন, দৃষ্টি, নিরীক্ষণ, অবলোকন, দর্শন, নেত্র, নয়ন, চক্ষু।

বিলোকনীয়, (বি+লোক্+অনীয় —চ) ণ, ত্রি, দেখিবার যোগ্য, দর্শনীয় সুদৃশ্য, নয়নের তৃপ্তিকর।

বিলোকিত, (বি+লোক্+ক্ত—চ) ণ, ত্রি, অবলোকিত, দৃষ্ট। স্ত্র, ন, দর্শন, দৃষ্টি, নিরীক্ষণ।

বিলোচন, (বি+লোচ্—দর্শন করা+ অনট্—ধ) স্ত্র, ন, চক্ষুঃ, লোচন।

বিলোড়ন, (বি+লুড়্—মন্থন করা+ অনট্—ভাব) স্ত্র, ন, মন্থন, আলোড়ন, ঘোঁটা।

বিলোড়িত, (বি+লুড্+ক্ত—চ) ণ, ত্রি, ঘোলান, মথিত, আলোড়িত। স্ত্র, ন, তক্র, ঘোল।

বিলোপ,—পুং, বিলোপন,—ন, (বি+ লোপি—লোপ করা, ছেদকরা+ঘঞ, অনট—ভাব) স্ত্র, ন, লোপ, বিনাশ, তিরোভাব, মৃত্যু, ধ্বংস।

বিলোভন, (বি+লোভি—লাভাকাঙ্ক্ষী হওয়ান+অনট্—ভাব) স্ত্র, ন, লোভদেখান, লোভ প্রদর্শন, লোভনীয় বস্তু।

বিলোম, (বি—ভিন্ন, উল্টা+লোম—শরীরের চুল) ণ, ত্রি, বিপরীত, প্রতিকূল, ব্যুৎক্রম, উল্টা। স্ত্র, পুং, বরুণ, সর্প, কুকুর। ন, জল তুলিবার যন্ত্র বিশেষ।

বিলোমজ, (বিলোম—ব্যুৎক্রম+জ—জাত) ণ, ত্রি, উৎকৃষ্ট বর্ণের ঔরসে ও নিকৃষ্ট বর্ণের গর্ভে জাত সন্তান, ক্ষত্রিয়ের ঔরসে ব্রাহ্মণীর গর্ভজাত বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভজাত ইত্যাদি ক্রমে উৎপন্ন সন্তান।

বিলোমজিহ্ব, (বিলোম—বিপরীত+

বিয়া। (৬-হ) স্ত্র, পুং, হস্তী।

বিলোমবর্ণ, (বিলোম—ক্রম বিপর্যায়+বর্ণ—জাতি) স্ত্র, পুং, বর্ণসঙ্কর জাতি।

বিলোল, (বি+লুল্—চঞ্চল হওয়া+ঘঞ্—ম) ণ, ত্রি, কম্পমান, চঞ্চল, চপল, অতিলোভী।

বিল্ল, (বিল—গর্ত্ত+লচ্) স্ত্র, ন, জলা, বিল, আলবাল, গর্ত্ত, ছিদ্র, হিং।

বিল্ব, (বিল্—ভেদকরা+বন্—সংজ্ঞার্থে) স্ত্র, ন, বেল, শ্রীফল, একপল পরিমাণ। পুং, বেলগাছ।

বিবক্ষা, (বচ=বলা+সন্+অ—ভাব, আপ্) স্ত্র, স্ত্রী, বলিবার ইচ্ছা, অভিলাষ, ইচ্ছা, বাসনা, কামনা।

বিবক্ষিত (বচ্+সন্—ইচ্ছার্থে+ক্ত—চ) ণ, ত্রি, যাহা বলিতে ইচ্ছা করা হইয়াছে, বলিতে ইচ্ছার বিষয়।

বিবক্ষু, (বচ্+সন্+উ—ষ) ণ, ত্রি, বলিতে ইচ্ছুক।

বিবৎসা, (বস্ = বাসকরা + সন্—ইচ্ছার্থে; আপ্—ভাব) স্ত্র,স্ত্রী, বাস করিবার ইচ্ছা, বাসেচ্ছা। (বি—না +বৎস=বাছুর) মৃতবৎসা গবী।

বিবদমান, (বি=বিরুদ্ধ+বদ্=বলা+শানচ্—চ) ণ,ত্রি, বিবাদী,বিরোধী, বিসংবাদী, মোকর্দ্দমাকারী।

বিবধ, স্ত্র, পুং, বীবধ দেখ।

বিবর, (বি+বৃ=আবরণকরা+অচ্) স্ত্র,ন, গর্ত্ত,রন্ধ্র, ছিদ্র,দোষ, বিচ্ছেদ, পৃথক্ ভাব।

বিবরণ, (বি+বৃ=অর্থ প্রকাশ করা ইত্যাদি+অনট্—ভাব) স্ত্র, ন, ব্যাখ্যা, বর্ণনা, প্রকাশ, টীকা, অর্থপ্রকাশকরণ।

বিবরনালিকা, (বিবর—গর্ত্ত, ছিদ্র+নাল—চোঙ্গা+কণ্—যোগ) স্ত্র, স্ত্রী, বংশী, বাঁশী, মুরলী, বেণু।

বিবর্জ্জন, (বি+বৃজ্=ত্যাগ করা+অনট্—ভাব) স্ত্র, ন, পরিত্যাগ, বিসর্জ্জন।

বিবর্ণ, (বি—না+বর্ণ—জাতি, ৬-হ) ণ, ত্রি, বিকৃতবর্ণ, মলিন। স্ত্র, পুং, নীচজাতি।

বিবর্ণভাব, (বিবর্ণ+ভাব—স্বরূপ, ৬-হ) স্ত্র, পুং, মালিন্য, দীপ্তিহীনতা, কান্তিশূন্যতা, নিষ্প্রভতা, বিবর্ণতা।

বিবর্ত্ত, (বি+বৃৎ—ঘোরা+অল্—ভাব) স্ত্র, পুং, ঘূর্ণন, পরিবর্ত্তন, সমূহ, ভ্রান্তি, ভ্রম, ভ্রমণ, নৃত্য, পরিবর্ত্ত, পরিণাম।

বিবর্ত্তন, (বি+বৃৎ+অনট্—ভাব) স্ত্র, ন, ভ্রমণ, পরিভ্রমণ, ঘূর্ণন, প্রত্যাবৃত্তি, প্রত্যাবর্ত্তন, পাশ ফিরিয়া শোয়া, নৃত্য, পরিবর্ত্তন, প্রদক্ষিণ করণ।

বিবর্ত্তিত, (বি+বৃৎ+ক্ত—চ) ণ, ত্রি, ঘূর্ণিত, প্রত্যাবর্ত্তিত।

বিবর্দ্ধন, (বি—বিশেষরূপে+বর্দ্ধি—বৃদ্ধি পাওয়ান,ছেদকরান+ অনট্—ভাব) স্ত্র, ন, বিশেষরূপে বাড়ান, ছেদন, খণ্ডন।

বিবশ,(বি—বিরুদ্ধ+বশ্=ইচ্ছাকরা+অচ্; অথবা বি—বিগত+বশ—অধীনতা ; ৬-হ) ণ, ত্রি, অবশ, অবশীভূত, অবাধ্য, অচেতন, নিশ্চেষ্ট, বিহ্বল, অস্বাধীন, মৃত্যুভীত, স্বাধীন, অবাধ্য, মৃত্যুপ্রার্থী, মৃত্যুকালে নির্ভীক, প্রশান্তচেতা।

বিবস্বান্, (বিবস্ [বি + বস্=আচ্ছাদন করা+কিপ্—ব]—আবরণ অর্থাৎ তেজোরূপ আবরণ +বতুপ্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, সূর্য্য, দেবতা, অরুণ, বৈবস্বত মনু। স্বতী —স্ত্রী, সূর্য্যনগরী।

বিবাক,ণ,ত্রি, বিবেচনাকর্ত্তা,বিচারক।

বেত্রী, (বেত্র+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, দ্বারপাল, বেত্রধারী।

বেদ, (বিদ্=জানা+ঘঞ্—ধ) স্ত্র,পুং, ধর্ম্ম ও ব্রহ্মপ্রতিপাদক অপৌরুষেয় বাক্য, ব্রহ্ম-মুখ নির্গত ধর্ম্মজ্ঞাপক শাস্ত্র, শ্রুতি : ঋক, যজুঃ, সাম,অথর্ব্ব—এই চারি বেদ; জ্ঞান, শাস্ত্র, শাস্ত্রজ্ঞান, ছন্দঃ, টিপ্পনী, ব্যাখ্যা, বিষ্ণু, সৎচরিত্র, চারি সংখ্যা, ৪।

বেদগর্ভ, স্ত্র, পুং, ব্রহ্মা, ব্রাহ্মণ।

বেদণ্ড, স্ত্র,পুং, হস্তী।

বেদন,—ন, বেদনা,—স্ত্রী, (বিদ্=জানা ইত্যাদি+অনট্—ভাব) স্ত্র, অনুভব,বোধ, জ্ঞান, যাতনা, ব্যথা, ক্লেশ, দুঃখানুভব, পরিণয়, বিবাহ, দান, উপঢৌকন, শূদ্রকামিনী উৎকৃষ্ট বর্ণকে বিবাহ করিতে হইলে বরের উত্তরীয় প্রান্ত ধারণ করিবে, এই আচার।

বেদনীয়, (বিদ্=জানা+অনীয়র্—চ) ণ, ত্রি, অনুভবনীয়, জ্ঞেয়।

বেদপারগ, বেদবিদ্, (বেদ+পারগ=যে পারে গমন করে, ৬-ষ ; বেদ+বিদ্—যে জানে, ২-ব)স্ত্র,পুং, বেদজ্ঞ ব্রাহ্মণ। [গায়ত্রী।

বেদমাতা, (বেদ+মাতৃ=মা) স্ত্র,স্ত্রী,

বেদবদন, স্ত্র, ন, ব্যাকরণশাস্ত্র।

বেদবাস, (বেদ+বাস=বাসস্থান) স্ত্র, পুং, বিপ্র, ব্রাহ্মণ।

বেদবিদ্, (বেদ+বিদ্—যে জানে, ২-ব) ণ, ত্রি, বেদজ্ঞ, বেদবেত্তা।

বেদব্যাস, (বেদ+বি+আ—বিশেষরূপে+অস্=স্থাপন করা+ঘঞ্; ২-ব) স্ত্র, পুং, বেদবিভাগকর্ত্তা মুনি, ব্যাসদেব, সত্যবতীতনয়, দ্বৈপায়ন।

বেদঃ, (বিদ্=জানা+অস্) স্ত্র, ন, বেদ সমূহ, হিরণ্য, সোণা, কাঞ্চন। ণ, ত্রি, বেত্তা। [সরস্বতী।

বেদাগ্রণী, (বেদ+অগ্রণী) স্ত্র, স্ত্রী,

বেদাঙ্গ, (বেদ+অঙ্গ=অবয়ব, ৬-ষ) স্ত্র, ন, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—এই ছয় প্রকার বেদের অবয়ব গ্রন্থ।

বেদাদি, (বেদ+আদি—প্রথম) স্ত্র, পুং, প্রণব, ওঁকার।

বেদাধিপ,স্ত্র,পুং,বেদাধিষ্ঠাত্রী দেবতা, বৃহস্পতি, শুক্র, মঙ্গল, শনি।

বেদান্ত, (বেদ+অন্ত=শেষ) স্ত্র,পুং, ব্যাসপ্রণীত দর্শনশাস্ত্র, তাহাতে ব্রহ্মের স্বরূপাদি নিরূপিত আছে।

বেদান্তী, (বেদান্ত+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, বেদান্তমতাবলম্বী, বেদান্তবেত্তা।

বেদাভ্যাস, (বেদ+অভ্যাস) স্ত্র, পুং, অধ্যয়ন, বিচার, অনুশীলন,

জপ, অধ্যাপন—এই পাঁচ।

বেদার, স্ত, পুং, কৃকলাস, কাঁকলাস।

বেদি, বেদিকা, বেদী, (বিদ্=বিদ্যমান থাকা ইত্যাদি+ই—ডে; পক্ষে কন্—স্বার্থে) স্ত, স্ত্রী, যজ্ঞাদিকরণজন্য পরিষ্কৃত ভূমি, চতুরস্র ডমরু সদৃশাকৃতি প্রভৃতি, মঞ্চ, অঙ্গনাদির মধ্যবর্ত্তী চতুরস্র ভিত্তি, বেদির সদৃশ ভিত্তি, মৃত্তিকা স্তূপাকৃতি ভিত্তি, নামাঙ্কিত অঙ্গুরীয়ক, সিল আঙ্গটি, বোলতা।

বেদিজা, (বেদি=হোমবেদি হইতে +জন—জাত; ৫.হ) স্ত, স্ত্রী, দ্রোপদী, কৃষ্ণা, যাজ্ঞসেনী, পাঞ্চালী, পাণ্ডবমহিষী, কৃষ্ণপ্রিয়া।

বেদিত, (বেদি=জানান+ক্ত—চ) ণ, ত্রি, জ্ঞাপিত, জানান, নিবেদিত, সাক্ষাৎকৃত, দর্শিত।

বেদিতব্য, (বিদ্=জানা+তব্য—চ) ণ, ত্রি, জ্ঞাতব্য, জানিবার যোগ্য।

বেদিতা, (বিদ্=জানা+তৃণ্—ষ; ই—আগম) ণ, ত্রি, জ্ঞাতা, যে জানে, সাক্ষাৎকর্ত্তা।

বেদী, (বিদ্=জানা+ইন্—ষ) স্ত, পুং, পণ্ডিত, ব্রহ্মা, পরিবেত্তা। ণ, ত্রি, বেত্তা, জ্ঞাতা।

বেদীশ, (বেদী=সরস্বতী+ঈশ=প্রভু) স্ত, পুং, ব্রহ্মা, চতুরানন, পিতামহ, কমলযোনি, স্রষ্টা।

বেদোক্ত, (বেদ+উক্ত=কথিত) ণ, ত্রি, শ্রুতিকথিত, বেদবাক্য।

বেদোদয়, (বেদ=সামবেদ+উদয়=উত্থান) স্ত, পুং, সূর্য্য, সবিতা, দিনমণি, দিবাকর, প্রভাকর, উষ্ণরশ্মি; প্রসিদ্ধি আছে যে, সূর্য্য হইতে এই বেদ উদয় হইয়াছে।

বেদ্য, (বিদ্=জানা+ণ্যৎ—চ) ণ, ত্রি, বোধ্য, জ্ঞেয়, সাক্ষাৎকার্য্য।

বেধ,—পুং, বেধন,—ন, (ব্যধ্=বিদ্ধ করা+ঘঞ, অনট্) স্ত, ছিদ্রকরণ, বেঁধা, গভীরতা, বস্তুর ভূগর্ভস্থ পরিমাণ, বিবাহাদি নিষেধক গ্রহসংস্থাপন বিশেষ।

বেধক, (ব্যধ্=বিদ্ধ করা+ণক—ষ) ণ, ত্রি, বিদ্ধকারক, যে বেঁধে। স্ত, ন, কর্পূর, ধন্যাক। [ভেদন।

বেধন, স্ত, ন, ছিদ্রকরণ, বিদ্ধন,

বেধনী, বেধনিকা, (ব্যধ+অনট্—ণ, ঈপ্; বেধনী+কণ্—যোগ) স্ত,স্ত্রী, বেধনের অস্ত্র, সূচ্যাদি। [মূল।

বেধস, (বেধস্+অণ্) স্ত, ন, অঙ্গুষ্ঠ

বেধাঃ, (বিধ্=বিধানকরা+অসি) স্ত, পুং, ব্রহ্মা, বিষ্ণু, সূর্য্য, পণ্ডিত, দক্ষ প্রভৃতি স্রষ্টা।

বেধিত, (ব্যধ্=বিদ্ধকরা+ক্ত—চ; অথবা বেধ+ইত)ণ,ত্রি,বিদ্ধ,ছিদ্রিত।

বেধী, (ব্যধ্=বিদ্ধকরা+ইন্—ষ) ণ, ত্রি,বেধক, ছিদ্রকারক।—ধিনী, স্ত্রী, জোঁক, জলৌকা।

বেধ্য, (ব্যধ্=বিদ্ধকরা+ণ্যৎ—চ) স্ত, ন, বেধ করিবার বিষয়, শরব্য, লক্ষ্য। ণ, ত্রি, বেধনীয়, বিঁধিবার যোগ্য। [পঙ্ক্তি।

বেন, (বী+ন) স্ত,পুং, ব্রহ্মা, প্রজা-

বেন্না,(বন্=শব্দকরা+ন) স্ত,স্ত্রী, নদী।

বেপথু,—পুং, বেপন,—ন, (বেপ্=কম্পিত হওয়া+অথুচ্, অনট্—ভাব) স্ত, কম্প, কাঁপনি।

বেপন, (বেপ্=কম্পিত হওয়া+লুট্) স্ত, ন, কম্প।

বেপমান, (বেপ্=কাঁপা+শানচ্—ষ) ণ, ত্রি, কম্পমান, যে কাঁপিতেছে। [রী, ব্যবসায়ী।

বেপার, (দেশজ) ক্রয়বিক্রয়লতা।—

বেম, (বে=বোনা+মন্) স্ত, পুং, বস্ত্রাদিবয়নের যন্ত্রবিশেষ, মাকু, তাঁত। মা—পুং, ন, বাপদণ্ড, তন্তুবায়ের বস্ত্র বপনীয় দণ্ড, মকো।

বেল্ল, (বী বা অজ্—গমনকরা+রক্) স্তু,ন,দেহ,কায়,শরীর,বার্ত্তাকু,কুঙ্কুম।
বেরক, স্তু, ন, কর্পূর।
বেরট, স্তু, পুং, নীচজাতি, বর্ণসঙ্কর।
বেল, (বল্—চঞ্চল হওয়া+অচ্) স্তু, ন,আরাম,বৃক্ষবাটিকা,উপবন,উদ্যান।
বেলা,(বেল্—চঞ্চলহওয়া+অচ্, আপ্) স্তু, স্ত্রী, কাল, সময়, অবসর, স্রোত, সীমা, তীর, তট, হঠাৎ মৃত্যু, অম্বু, জল, জোয়ার, মর্য্যাদা, পীড়া, শিবের বাদ্য, বিষ, বাক্য, সুযোগ, বুধের পত্নী, মেড়ে।
বেলাকূল, (বেলা—জোয়ার+কূল—তট) স্তু, ন,তাম্রলিপ্ত দেশ, তমলুক।
বেলামূল, স্তু, ন, সমুদ্রতট।
বেলাবোধন, (বেলা—সময়+বোধি—জানান+অনট্—ষ) ণ, ত্রি, সময়-জ্ঞাপক, সময়নিরূপক।
বেল্ল, (বেল্ল—চঞ্চল হওয়া+অচ) স্তু, পুং—ন, বিড়ঙ্গ। পুং, গমন, কম্পন, চলন। [স্তু, ন, মরিচ।
বেল্লজ, (বেল্ল—সঞ্চালন+জ—জাত)
বেল্লন, (বেল্ল্—চঞ্চল হওয়া+অনট্—ভাব) স্তু, ন, চলন,দোলন, সঞ্চালন, লুণ্ঠন, গড়াগড়ি, রোটিকাদি নির্ম্মাণার্থ স্থূল বর্ত্তুল, কাষ্ঠবিশেষ, বেলন্।
বেল্লহল, স্তু, পুং, লম্পট, লোচ্চা।
বেল্লি, (বেল্ল্+ই) স্তু, স্ত্রী,বল্লী, লতা, বল্লরী
বেল্লিত, (বেল্ল্+ক্ত—ষ) ণ, ত্রি, কম্পিত, দোলিত, লুণ্ঠিত, বক্র, কুটিল। স্তু,ন, চলন, দোলন, লুণ্ঠন।
বেল্যা, বেলে, (বাঙ্গালা বালি শব্দজ) ণ, বালিযুক্ত। স্তু, মৎস্যবিশেষ।
বেশ,বেষ,(বিশ্—প্রবেশকরা,—বিষ্—ব্যাপা+ঘঞ্) স্তু, পুং, সজ্জা, বস্ত্র অলঙ্কারাদি পরিধান,বেশ্যাপল্লী, বেশ্যালয়, গৃহ, প্রবেশ।
বেশক, (বিশ্—প্রবেশকরা+ণক) স্তু, পুং, গৃহ। ণ, ত্রি, প্রবেশকারক।
বেশন্ত, (বিশ্—প্রবেশ করা+অন্ত) স্তু, পুং, ক্ষুদ্র সরোবর, অগ্নি।
বেশর,—স, স্তু, পুং, অশ্বতর, ঘোটকীতে গর্দ্দভজাত বা গর্দ্দভীতে ঘোটকজাত অশ্ব, খচর।
বেশবার,—স, (বেশ [বিশ্—প্রবেশকরা+ঘঞ্]—প্রবেশ+বৃ—প্রার্থনা করা+অণ্) স্তু, পুং, হিঙ্গু, আর্দ্রক, মরীচ, জীরক, হরিদ্রা ও ধন্যাক এই সমস্ত দ্রব্যের ক্রমেতে দ্বিগুণ পরিমাণ একত্রকৃত পাক, বাটনা, ব্যঞ্জনবিশেষ।
বেশী, (বেশ=সজ্জা+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, বেশকারক, পরিচ্ছদযুক্ত। (দেশজ) ণ, অধিক, অতিরিক্ত।
বেশ্ম, (বিশ্—প্রবেশ করা+মন্) স্তু, ন, আলয়, আবাস, আবসথ, ভবন, গৃহ, বাটী।
বেশ্মনকুল, (বেশ্মন্=গৃহ+নকুল=বেঁজী) স্তু, পুং, গন্ধমূষিক, ছুঁচা।
বেশ্মভূ, (বেশ্মন্=গৃহ+ভূ—ভূমি) স্তু, স্ত্রী, বাস্তুভূমি,বাসোপযুক্ত স্থান।
বেশ্য, (বিশ্—প্রবেশ করা, বা বেশ—সজ্জা+ণ্যৎ) স্তু, ন, বেশ্যালয়।
বেশ্যা, (বিশ্—প্রবেশ করা+ণ্যৎ—ভাবার্থে; আপ্; বেশ—সজ্জা+যৎ, আপ্) স্তু,স্ত্রী,সাধারণ স্ত্রী,বারনারী। সাধারণ স্ত্রী, বারনারী।
বেশ্যাচার্য্য, (বেশ্যা—গণিকা+আচার্য্য—শিক্ষাগুরু) স্তু, পুং, পীঠমর্দ্দ, নায়কের সহায়বিশেষ, বেশ্যা প্রভৃতির নৃত্য শিক্ষাগুরু।
বেশ্যাবার, (বেশ্যা+বার—সমূহ) স্তু, পুং, বেশ্যাসমূহ।
বেষ্ট, (বেষ্ট্+ঘঞ্) স্তু, পুং, বেষ্টন, বেড়া, নির্য্যাস, আঠা, টার্পিন্।
বেষ্টক, (বেষ্ট্+কন্—যোগ; অথবা বেষ্টন বেশ+ণক) স্তু, ন, উষ্ণীষ,

পাকড়ি, নির্যাস, চাঁদিনি। পুং, কুষ্মাণ্ড,প্রাচীর। ণ,ত্রি,বেষ্টনকারক।
বেষ্টন, (বেষ্ট্—বেষ্টন করা+অনট্—ভাবে) ষ্য, ন, বৃতি, বেড়া, চতুর্দ্দিকে আবরণ, পরিধি, বেড়, প্রদক্ষিণ, উষ্ণীষ, পাকড়ি, মুকুট, কর্ণ, নৃত্যকালীন হস্তচালন প্রকার, কর্ণকুহর। [ষ্য, পুং, বেউড় বাঁশ।
বেষ্টবংশ, (বেষ্ট—বেষ্টন+বংশ=বাঁশ)
বেষ্টিত, (বেষ্ট+ক্ত-ডাণ, ত্রি, আবৃত, ঘেরা, বেড়াদেওয়া। ষ্য, ন, বেষ্টন।
বেষ্প,(বিষ্+প) ষ্য,ন, পানীয় জল।
বেষা, (বিষ্—ব্যাপা+শাং) ষ্য, ন, পানীয় জল, কমল, নীর, অম্বু।
বেসন, (বেস্=গমনকরা+অনট্) ষ্য, পুং, গুঁড়করা ডাইল, বেসন।
বেসেড়া, (দেশজ) ণ,বাসি, পর্য্যুসিত।
বেহৎ, (বি+হন্=বধকরা+অতি) ষ্য, স্ত্রী, গর্ভোপঘাতিনী গো।
বেহাই, (বিবাহ শব্দজ) ষ্য, বৈবাহিক,কন্যা বা পুত্রের শ্বশুর। [হীন।
বেহায়া, (যবনভাষা)ণ,নির্লজ্জ, লজ্জা-
বেহার, ষ্য, পুং, স্বনামপ্রসিদ্ধ দেশ।
বেহারা, (বাহক শব্দজ) ষ্য, যানবাহক, কাহার।
বেহালা, (দেশজ) বাদ্যযন্ত্রবিশেষ।
বৈ, (বা—গমনকরা+ডে) বা, পাদপূরণার্থ, অনুনয়, সম্বোধন
বৈকক্ষ, বৈকক্ষক, (বি-কক্ষ=পার্শ্ব+অণ্; কন্—যোগ) ষ্য,ন, বক্ষঃস্থলে বক্রভাবে স্থাপিত মাল্য।
বৈকঙ্কত, (বিকঙ্কত+অণ্—স্বার্থে) ষ্য, পুং, বৃক্ষবিশেষ, বঁইচ গাছ।
বৈকক্ষিক, ষ্য, পুং, মণিকার, জহুরী।
বৈকর্ত্তন, (বিকর্ত্তন+ষ্ণ) ণ, ত্রি, সূর্য্যসম্বন্ধীয়, সূর্য্যবংশীয়।
বৈকল্পিক, (বিকল্প+ঠক্) ণ, ত্রি, যাহা বিকল্পে হয়, সন্দেহযোগ্য।
বৈকল্য, (বিকল+ষ্যঞ্—ভাবে) ষ্য, ন, বিকলতা, কাতরতা, বিরুদ্ধভাব, খঞ্জতা, অঙ্গহীনতা, ন্যূনতা, অভাব, অসম্পূর্ণতা।
বৈকাল, (বিকাল+অণ্) ষ্য, পুং, বিকাল, অপরাহ্ণ, শেষবেলা।
বৈকুণ্ঠ, (বিকুণ্ঠা=ইহার মাতা+ষ্ণ—অপত্যার্থে; কিম্বা বি—বিবিধ+কুণ্ঠা—[কুণ্ঠতনয়া] মায়া, যাহার বিবিধ মায়া বিদ্যমান আছে ; অ,ত; অস্ত্যর্থে) ষ্য, পুং, বিষ্ণু, ইন্দ্র। ন, বিষ্ণুর পুরী।
বৈকৃত, (বিকৃত=বিকারপ্রাপ্ত+অণ্—ভাবে) ষ্য, ন, মানসিক বা কায়িক বিকার, বিকৃতত্ব, বিকার, বিরক্তি, ঘৃণা।
বৈক্রান্ত, (বিক্রান্ত+অণ্) ষ্য, ন, হীরকসদৃশ মণিবিশেষ, স্পর্শমণি, চুম্বকপাথর।
বৈক্লব্য,(বিক্লব—বিহ্বল+ষ্যঞ্—ভাবে) ষ্য, ন, কাতরতা, বিহ্বলতা, অধীরতা, চিত্তচাঞ্চল্য।
বৈখরী, (বি+খন্=খোঁড়া ; নিপাতন ; অথবা বি—বিশেষরূপে+খ=আকাশ+র = রাধাতুজ + অচ্—স্বার্থে ; ঙীপ্) ষ্য, স্ত্রী, কণ্ঠ হইতে শব্দোৎপত্তির ব্যাপার বিশেষ।
বৈখানস, (বিখ[বি+খন্+ড]+অন+অস্+ষ্ণ) ষ্য,পুং, যাহাদের মূলাদি দ্বারা জীবিকা নির্ব্বাহ হয়,বানপ্রস্থ, বনবাসী। ণ, ত্রি, বানপ্রস্থসম্বন্ধীয়।
বৈগুণ্য, (বিগুণ—গুণরহিত+ষ্যঞ্—ভাবে) ষ্য, ন, গুণরাহিত্য, বিরুদ্ধতা, অপরাধ, দোষ, গুণবিসম্বাদ, নিকৃষ্টতা, নীচতা।
বৈচক্ষণ্য, (বিচক্ষণ=দক্ষ+ষ্যঞ্—ভাবে) ষ্য, ন, বিচক্ষণতা, নৈপুণ্য, দক্ষতা, পটুতা।
বৈচিত্ত্য, (বিচিত্তি—ভ্রমণ করা+ষ্যঞ্) ষ্য,ন, চিত্তভ্রান্তি, বৈক্লব্য।

বৈচিত্র্য, (বিচিত্র+ষ্যঞ্—ভাবে) ষ্য, ন, বিচিত্রতা, চমৎকারিত্ব, বিক্রিয়তা, নানারূপতা, সৌন্দর্য্য।
বৈজনন, (বিজনন+ল্যুট্) ষ্য, পুং, প্রসববাস,যে মাসে সন্তান ভূমিষ্ঠ হয়।
বৈজয়ন্ত, (বি+জি—জয়করা+ঝঞ্) ষ্য, পুং, ইন্দ্রপুরী, ইন্দ্রধ্বজ। ন্তী, ন্তিকা,—স্ত্রী, পতাকা, জানুপর্য্যন্ত লম্বিত পঞ্চবর্ণময়ী মালা, অধিরোহিণী,সিঁড়ি,জয়ন্তীবৃক্ষ,অগ্নিমন্থ বৃক্ষ।
বৈজয়ন্তিক, (বৈজয়ন্তী—পতাকা+ঠক্) ণ, ত্রি, পতাকাধারী।
বৈজয়িক, (বিজয়+ঠক্—ইদমর্থে) ণ, ত্রি, বিজয়সম্বন্ধীয়, জয়সূচক।
বৈজাত্য, (বিজাত+ষ্যঞ্—ভাবে) ষ্য, ন, বিজাতীয়তা, বৈলক্ষণ্য, স্বভাবের প্রভেদ, লম্পটতা।
বৈজিক, (বীজ+ঠক্—ইদমর্থে) ণ, ত্রি, বীজসম্বন্ধীয়। ষ্য, ন, পরমাত্মা, হেতু, তৈলবিশেষ, মোহন্দ তৈল। পুং, সদ্যোজাত অঙ্কুর।
বৈজ্ঞানিক, (বিজ্ঞান+ঠক্—ইদমর্থে) ণ, ত্রি, নিপুণ, দক্ষ, বিজ্ঞানসম্বন্ধীয়।
বৈড়ালব্রত, (বৈড়াল[বিড়াল+অণ্]—বিড়ালবৎ+ব্রত) ষ্য, ন, পাপকর্ম্ম গোপন করিয়া আপনাকে ধার্ম্মিক বলিয়া পরিচয় দেওয়া।
বৈড়ালব্রতিক, বৈড়ালব্রতী, (বৈড়ালব্রত+ঠক্, ইন্—অস্ত্যর্থে) ষ্য, পুং, ভণ্ডতাপস, বিড়ালতপস্বী।
বৈঠক, (দেশজ) ষ্য, সভা, সমাজ, অধিবেশন।
বৈণ, (বেণু+অণ্—জীবিতার্থে; উ—লোপ) ণ, ত্রি, বেণুজীবী, যে বাঁশ কাটে, বা বাঁশের দ্রব্যাদি নির্ম্মাণ করে, ডোম।
বৈণব, (বেণু—বংশ+অণ্—কৃতার্থে) ণ, ত্রি, বংশনির্ম্মিত, বেণুসম্বন্ধীয়, বাঁশের দ্রব্য প্রস্তুতকারী, ডোম। ষ্য,ন,বেণুফল। বী—স্ত্রী,বংশলোচন।
বৈণবিক, (বেণু+ঠক্—বাদনার্থে) ণ, ত্রি, বেণুবাদক, বংশীবাদক।
বৈণিক, (বীণা+ঠক্—বাদনার্থে) ণ, ত্রি, বীণাবাদক,যে বীণা বাজায়।
বৈণুক, (বেণু+কঞ্) ষ্য, ন, হস্তীতাড়নার্থ লৌহময়াগ্রভাগ বংশদণ্ড। ণ, ত্রি, বেণুবাদক।
বৈণ্য, (বেণ—এই নৃপের পিতা+ষঞ্—অপত্যার্থে) ষ্য, পুং, বেণভূপতির পুত্র, পৃথুরাজা।
বৈতংসিক, (বীতংস—ফাঁদ বা জাল+ঠক্—জীবত্যর্থে) ণ, ত্রি, মাংসবিক্রয়ী, যে পশু পক্ষ্যাদির মাংস বিক্রয় করে।
বৈতথ্য,(বিতথ—মিথ্যা+ষ্যঞ্) ষ্য,ন, মিথ্যা, অলীকতা, অসত্যতা।
বৈতনিক, (বেতন+ঠঞ্—জীবত্যর্থে) ণ, ত্রি, বেতনভুক্, কর্ম্মকর, চাকর।
বৈতরণি,—ণী, (বিতরণ—দান+অণ্—ই, যাহা দান দ্বারা পার হওয়া যায়; কিম্বা বি—বিরুদ্ধ+তরণ+অণ্ অস্ত্যর্থে; কিম্বা বিতরণ [বি—না+তরণি—সূর্য্য]—পাতাল+অণ্—ভবার্থে; কিম্বা বিতরণি—বিনৌকা অর্থাৎ তরণশূন্যা+অণ্—স্বার্থে) ষ্য, স্ত্রী, রাক্ষসমাতা, প্রেতনদী, "নদী বৈতরণী নাম দুর্গন্ধা রুধিরাবহা, উষ্ণতোয়া মহাবেগা অস্থিকেশতরঙ্গিণী" কটকের অন্তর্গত নদীবিশেষ, উৎকলদেশীয় রাজগণের পূর্ব্বতন রাজধানী যাজপুর এই নদী তীরে অবস্থিত।
বৈতস, (বেতস+অণ্—সম্বন্ধার্থে) ণ, ত্রি, বেতসসম্বন্ধীয় (নম্রতাদি) ষ্য, পুং, অম্লবেতস বৃক্ষ।
বৈতানিক, (বিতান—উনান, যজ্ঞ+ঠক্—ইদমর্থে) ষ্য, ন, হোমাগ্নি নৈবেদ্য, বেদবিহিত হোম; অগ্নি

ণ, ত্রি, বিজ্ঞানসম্বন্ধীয়, যন্ত্রীয়।

বৈতালিক, (বি—বিবিধ+তাল+ঠক্—তদ্দ্বারা ব্যবহারার্থে) স্ত, পুং, স্তুতিপাঠক, বোধকর। (বেতাল+ঠক্—ইদমর্থে) ণ, ত্রি, বেতালসম্বন্ধীয়। —কী, স্ত্রী, ভোজবিদ্যা, জাদু।

বৈতালীয়, (বিতাল+ঈয়) স্ত, ন, ছন্দোবিশেষ।

বৈতৃষ্ণ্য, (বিতৃষ্ণ=তৃষ্ণাহীন+ষ্যঞ্) স্ত, ন, তৃষ্ণারাহিত্য, অনিচ্ছা, অপ্রবৃত্তি

বৈত্রক, বৈত্রকেয়, (বেত্র—বেত+ছণ্; কুক্ আগম; এয়—ইদমর্থে) ণ, ত্রি, বেত্রসম্বন্ধীয়।

বৈদগ্ধ, বৈদগ্ধ্য, (বিদগ্ধ—দক্ষ+অণ্, ষ্যঞ্—ভাবে) স্ত, ন, ধী—স্ত্রী, পটুতা, চতুরতা, দক্ষতা, নিপুণতা, রসিকতা, শোভা, পাণ্ডিত্য, ভঙ্গী।

বৈদর্ভ, (বিদর্ভ—দেশবিশেষ+অণ্—সম্বন্ধার্থে, ভাবার্থে) ণ, ত্রি, বিদর্ভদেশসম্বন্ধী, বিদর্ভদেশজাত, দন্তশূল, দাঁতের গোড়া ফোলা। স্ত, পুং, বিদর্ভরাজ। ন, বাক্‌চাতুর্য্য।

বৈদর্ভী, (বিদর্ভ—দেশবিশেষ+অণ্, ঙীপ্—স্ত্রীলিঙ্গে) স্ত, স্ত্রী, কাব্যের রীতিবিশেষ, রচনা মধুর এবং সমাসহীন বা স্বল্পসমাসযুক্ত হইলে তাহাকে বৈদর্ভী রীতি কহে, অগস্ত্যপত্নী, দময়ন্তী, রুক্মিণী।

বৈদল, (বিদল+অচ্) স্ত, ন, ভিক্ষুকের মৃণ্ময়াদি পাত্র। পুং, পিষ্টক।

বৈদান্তিক, (বেদান্ত+ঠক্—জ্ঞাতার্থে, ইদমর্থে) স্ত, পুং, যে ব্যক্তি বেদান্ত শাস্ত্র জানে। ণ, ত্রি, বেদান্তসম্বন্ধীয়।

বৈদিক, (বেদ+ঠক্—জ্ঞানার্থে বা উক্তার্থে) স্ত, পুং, বেদজ্ঞ ব্রাহ্মণ। ণ, ত্রি, বেদবিহিত, বেদোক্ত।

বৈদুষ্য, (বিদস্=পণ্ডিত+ষ্যঞ্—ভাবে) স্ত, ন, পাণ্ডিত্য, বিচক্ষণতা।

বৈদূর্য্য, (বিদূর—পর্ব্বতবিশেষ+ষ্যঞ্—প্রভবার্থে) স্ত, ন, কৃষ্ণপীতবর্ণ মণিবিশেষ, নীলকান্তমণি।

বৈদেশিক, (বিদেশ+ঠক্—সম্বন্ধার্থে) ণ, ত্রি, বিদেশাগত, বিদেশ হইতে আগত, অন্যদেশীয়, ভিন্নদেশীয়।

বৈদেহ, (বিদেহ—নগরবিশেষ+অণ্—ভবার্থে) স্ত, পুং, মিথিলার রাজা, সঙ্করজাতিবিশেষ, বণিক্। হী—স্ত্রী, জনকনন্দিনী, জানকী, সীতা, বণিক্‌পত্নী, গোরোচনা, পিপ্পলী, হরিদ্রা।

বৈদেহক, (বৈদেহ+কণ্, অথবা বিদেহক [বি—নানাবিধ+দিহ্—সংগ্রহ করা+ণ্বুল্—]+অণ—যোগে) স্ত, পুং, বণিক্, বাণিজ্য ব্যবসায়ী, শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভজাত সন্তান।

বৈদ্য, (বেদ—আয়ুর্ব্বেদ, বা বিদ্যা+ষ্যঞ্—কুশলার্থে) স্ত, পুং, আয়ুর্ব্বেদবেত্তা, ভিষক্, চিকিৎসক, ডাক্তার, হাকিম, বিদ্বান্, পণ্ডিত। ণ, ত্রি, বেদসম্বন্ধীয়। —দ্যা, স্ত্রী, ঔষধিবিশেষ, কাকোলী।

বৈদ্যক, (বৈদ্য+কণ্—স্বার্থে) স্ত, ন, আয়ুর্ব্বেদ চিকিৎসাশাস্ত্র।

বৈদ্যনাথ, (বৈদ্য—চিকিৎসক+নাথ=প্রভু, ৬-ষ) স্ত, পুং, দেশবিশেষ, ঐ দেশ প্রতিষ্ঠিত শিবলিঙ্গ।

বৈদ্যবন্ধু, (বৈদ্য—চিকিৎসক+বন্ধু—মিত্র) স্ত, পুং, আরগ্বধ বৃক্ষ, সোঁদাল গাছ, বৈদ্যের মিত্র।

বৈদ্যমাতা, স্ত, স্ত্রী, চিকিৎসকের জননী, বাসকগাছ।

বৈদ্যসিংহী, স্ত, স্ত্রী, বাসকগাছ।

বৈদ্যুত, (বিদ্যুৎ+অণ্—ইদমর্থে) ণ, ত্রি, বিদ্যুৎসম্বন্ধীয়, তড়িন্ময়।

বৈধ, (বিধি+অণ্—অনপেতার্থে) ণ, ত্রি, বিধিসিদ্ধ, বিধিবোধিত।

বৈধব্য, (বিধবা+ষ্যঞ্—ভাবে) স্ত, ন, পতিহীনতা, বিধবাত্ব, রণ্ডাবস্থা।

বৈধর্ম্য, (বিধর্ম+ষ্যঞ্—ভাবে) স্ত্র, ন, নাস্তিকতা, বিভিন্নধর্মবেত্তা।

বৈধাত্র, (বিধাতৃ—ব্রহ্মা+অণ্—অপত্যার্থে) স্ত্র, পুং, বিধাতার পুত্র, সনৎকুমার প্রভৃতি। ণ, ত্রি, বিধাতৃসম্বন্ধী।

বৈধৃতি,(বি+ধৃতি : ৬.ষ ; নিপাতন) স্ত্র, পুং, বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ।

বৈধেয়, (বিধেয়=কর্তব্য+অণ্) ণ, ত্রি,মূর্খ,অজ্ঞান। (বিধি+এয়) বিধিসম্বন্ধীয়, বিধেয়সম্বন্ধীয়।

বৈধোত, স্ত্র. পুং, যমের দ্বারপাল।

বৈনতেয়, (বিনতা=ইহার মাতা+ঢেয়—অপত্যার্থে) স্ত্র, পুং, বিনতার পুত্র, গরুড়, পক্ষিরাজ, অরুণ।

বৈনয়িক, (বিনয়+ঠক—ইদমর্থে) স্ত্র.পুং,যুদ্ধরথ। ণ,ত্রি, বিনয়সম্বন্ধীয়।

বৈনায়ক, (বিনায়ক=গণেশ+অণ্—সম্বন্ধার্থে) ণ,ত্রি,বিনায়কসম্বন্ধীয়।

বৈনায়িক, (বিনায়=খণ্ডন+ঠক্) স্ত্র, পুং, বৌদ্ধ, বুদ্ধমতাবলম্বী।

বৈনাশিক, (বিনাশ+ঠঞ্) ণ, ত্রি, ক্ষণিক, ক্ষণমাত্রস্থায়ী, পরতন্ত্র। স্ত্র, পুং, লূতা, মাকড়সা। ন, নক্ষত্রবিশেষ, নিধনতারা।

বৈনীতক, (বিনীত+কণ্—যোগ) স্ত্র, পুং,—ন, পরম্পরাবাহন, যথা—শকটাকর্ষণকারী অশ্ব শকটারূঢ় ব্যক্তির বাহন।

বৈপরীত্য, (বিপরীত+ষ্যঞ্—ভাবে) স্ত্র. ন, বিপর্যয়, উল্টা।

বৈভব, (বিভব+অণ্—ভাবে) স্ত্র. পুং, বিভুতা,সামর্থ্য, বিভব, সম্পত্তি, ঐশ্বর্য্য, মহিমা। [বৈকল্পিক।

বৈভাষিক, (বিভাষা+ঠক্) ণ, ত্রি,

বৈভ্রাজ, (বিভ্রাজ [বি=বিবিধরূপে+ভ্রাজ্—দীপ্তি পাওয়া+অচ্]+অণ্) স্ত্র, ন, কুবেরের উদ্যান।

বৈমাত্র, বৈমাত্রেয়, (বিমাতৃ+অণ্, ঢক্—অপত্যার্থে) স্ত্র, পুং,—ত্রী, ত্রী—স্ত্রী, বিমাতার পুত্রকন্যা।

বৈমানিক, (বিমান=আকাশ+ঠক্—গমনার্থে) ণ. ত্রি. বিমানচারী, খেচর,উড্ডয়ন সমর্থ,আকাশবিহারী।

বৈমুখ্য, (বিমুখ+ষ্যঞ্—ভাবে) স্ত্র, ন, বিমুখতা,পরাঙ্মুখতা, অপ্রসন্নতা, নিরনুকূলতা, পলায়ন, হটিয়া আসা।

বৈয়র্থ্য, (ব্যর্থ+ষ্যঞ্—ভাবে) স্ত্র, ন,বৃথাত্ব,বিফলতা, নিষ্প্রয়োজনতা, লাভশূন্যতা।

বৈয়াকরণ, (ব্যাকরণ+অণ্—জ্ঞানার্থে বা অধ্যয়নার্থে ; য—ঐয়) ণ, ত্রি, ব্যাকরণবেত্তা, ব্যাকরণাধ্যয়নকারী, ব্যাকরণ-অধ্যেতা, ব্যাকরণসম্বন্ধীয়।

বৈয়াঘ্র, (ব্যাঘ্র+অঞ্—ইদমর্থে) ণ, ত্রি, ব্যাঘ্রের চর্ম্মে আচ্ছাদিত।

বৈয়াঘ্রপদ্য, (ব্যাঘ্রপদ+ষ্যঞ্) স্ত্র, পুং. গোত্রকারক মুনিবিশেষ।

বৈয়াত্য,(বিয়াত=ধৃষ্ট+ষ্যঞ্—ভাবে) স্ত্র, ন, ধৃষ্টতা, অবিনীতভাব, প্রাগল্ভতা, নির্লজ্জতা, ঔদ্ধত্য।

বৈয়াসকি, (ব্যাস+ই—অপত্যার্থে) স্ত্র, পুং, ব্যাসের অপত্য, শুকদেব।

বৈয়াসিক, বৈয়াসক, (ব্যাস+ঠক্—ঘ—কৃতার্থে ; অণ্, ক) ণ, ত্রি, ব্যাসদেব প্রণীত,ব্যাসসম্বন্ধীয়। সিকী, সকী—স্ত্রী, ব্যাসপ্রণীত সংহিতা।

বৈয়ুষ্ট, (ব্যুষ্ট=প্রাতঃকাল+অণ্—ভবার্থে) ণ,ত্রি, প্রাতঃকালীন।

বৈর, (বীর=শূর+অণ্—ইদমর্থে) স্ত্র, ন, বিরোধ, দ্বেষ, শত্রুতা।

বৈরক্ত, (বিরক্তি+অঞ্) স্ত্র, ন, বিরক্তি, বৈরক্ত্য।

বৈরক্ত্য, (বিরক্তি+ষ্যঞ্—ভাবে) স্ত্র,ন, বিরক্তি,ঘৃণা,বিরাগ, বৈরাগ্য।

বৈরঙ্গ, (বহিরঙ্গ শব্দজ) স্ত্র, অনাত্মীয়,

শত্রু, অহিতকারী।

বৈরজিক, (বি—না+রজ—রাগ+ঠঞ্ স্বার্থে) ণ, ত্রি, বিরাগগ্রস্ত, বিবেকী, মুনি,তপস্বী,সংসারত্যাগী, জিতেন্দ্রিয়।

বৈরনির্যাতন, (বৈর—শত্রুতা+নির্যাতন—প্রত্যর্পণ, ৬-ষ) স্ত্র, ন, প্রতিফল,শত্রুতার প্রতিক্রিয়া, অপকারীর প্রত্যপকার করা, দাদতোলা।

বৈরপ্রতিক্রিয়া,—স্ত্রী, বৈরপ্রতীকার, —পুং, (বৈর—শত্রুতা+প্রতিক্রিয়া, প্রতীকার, ৬-ষ) স্ত্র, বৈরশোধন, অপকারীর প্রত্যপকারকরণ।

বৈরশুদ্ধি, (বৈর—শত্রুতা+শুদ্ধি—শোধন, ৬-ষ) স্ত্র, স্ত্রী, প্রতীকার, শত্রুতার প্রতিক্রিয়া, দাদতোলা।

বৈরাগী, (বিরাগ+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং বিবেকী, সংসারবাসনাশূন্য, বৈষ্ণব।

বৈরাগ্য, (বিরাগ+ষ্যণ্—স্বার্থে) স্ত্র, ন, বিবেক, সংসারে ঔদাস্য, অনমুরাগ, বিরাগ, বৈষ্ণবধর্ম।

বৈরাট, (বিরাট+অণ্—ইদমর্থে) স্ত্র, পুং, ইন্দ্রগোপ কীট। ণ, ত্রি, বিরাটসম্বন্ধীয়।

বৈরাতঙ্ক, স্ত্র, পুং, অর্জ্জুন বৃক্ষ।

বৈরিতা, (বৈরী—শত্রু+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, শত্রুতা, বিপক্ষতা, অহিতাচরণ, অনিষ্টকরণ।

বৈরী, (বৈর—শত্রুতা+ইনি—অস্ত্যর্থে) ণ,ত্রি, বৈরযুক্ত, শত্রু, বিদ্বেষী, অরাতি, বিদ্বিট্, অরি।

বৈরূপ্য, (বিরূপ+ষ্যঞ্—ভাবে) স্ত্র, ন, বিরূপতা,কদর্য্যতা, বিকৃতি।

বৈরস্য, (বিরস+ষ্যঞ্) স্ত্র, ন, বিরসতা, বিস্বাদ।

বৈরোচন, বৈরোচনি, (বিরোচন—ইহাঁর পিতা+অণ্, অনি—অপত্যার্থে) স্ত্র, পুং, বলিরাজা, বুদ্ধ, সৌরি, সূর্য্যপুত্র।

বৈরোচননিকেতন, (বৈরোচন—বলিরাজা+নিকেতন—আলয়) স্ত্র, ন, বলিসদ্ম, পাতাল।

বৈরোদ্ধার, (বৈর—শত্রুতা+উদ্ধার—ঘঞ্)ষ্য,পুং, বৈরনির্যাতন;বৈরশুদ্ধি।

বৈলক্ষণ্য, (বিলক্ষণ—ভিন্ন+ষ্যঞ্—ভাবে) ষ্য, ন, প্রভেদ, বিশেষ, বিভিন্নতা, পৃথক্‌ভাব, অন্যপ্রকার।

বৈলক্ষ্য, (বিলক্ষ—লজ্জিত+ষ্যঞ্—ভাবে)ষ্য,ন, লজ্জা, বিস্ময়, আশ্চর্য্য, বৈলক্ষণ্য, প্রভেদ।

বৈল্ব, (বিল্ব—বেলগাছ+অণ্—সম্বন্ধার্থে) ষ্য, ন, বেল। ণ, ত্রি, বিল্বসম্বন্ধীয়।

বৈবধিক, (বিবধ—ধান্যাদি প্রাপ্তি, বার্ত্তা ইত্যাদি+ঠক্‌-জীবত্যর্থে) ণ, ত্রি, ধান্য তণ্ডুলাদি ব্যবসায়ী, পশারী, মুদী, দূত।

বৈবর্ণ্য, (বিবর্ণ—বিকৃতবর্ণ+ষ্যঞ্—ভাবে) ষ্য,ন, বিবর্ণতা, মালিন্য, কালিমা, লাবণ্যহীনতা।

বৈবস্বত, (বিবস্বৎ—সূর্য্য+অণ্—অপত্যার্থে) ষ্য, পুং, বিবস্বতের পুত্র, সপ্তম মনু, বর্ত্তমান কল্পের মনু, শনি, যম, রুদ্রবিশেষ। তী—স্ত্রী, দক্ষিণদিক্।

বৈবাহিক, (বিবাহ+ঠক্—সম্বন্ধার্থে) ণ, ত্রি,বিবাহসম্বন্ধীয়, বিবাহযোগ্য। স্ত্র,পুং,কন্যা বা পুত্রের শ্বশুর,বেহাই।

বৈশদ্য, (বিশদ—শুভ্র ইত্যাদি+ষ্যঞ্—ভাবে) স্ত্র,ন, শুভ্রতা,নির্ম্মলতা, স্পষ্টতা, প্রসন্নতা।

বৈশম্পায়ন,স্ত্র,পুং, ভারতবক্তা ব্যাসশিষ্য মুনিবিশেষ।

বৈশস, (বিশস—বধ+অণ্) স্ত্র, ন, বিশসন, হত্যা, বধ, ঘাতন, হনন, বাধা, প্রতিরোধ।

বৈশস্ত্র,(বিশস্তৃ—শাসন+অণ্—ভাবে; কিম্বা বি—না+শস্ত্র—অস্ত্র; ৬,ষ;অণ্

—ভাবে) স্ত্র, ন, শাসন, ক্ষমতা, প্রভাব, অধিকার, শত্রুরাহিত্য।

বৈশাখ, (বৈশাখী—বিশাখানক্ষত্রযুক্তা-পৌর্ণমাসী+অণ্—তদ্যুক্তকালার্থে) স্ত্র, পুং, প্রথম মাস, মন্থন দণ্ড। ন, ধনুর্দ্ধারীদিগের উপবেশনবিশেষ। খী—স্ত্রী, বৈশাখমাসের পূর্ণিমা।

বৈশিক, (বেশ বা বেশ্যা+ঠক্) স্ত্র,পুং, নায়কবিশেষ। ন, বেশ্যাদিগের ছল, বেশ্যার কাম।

বৈশিষ্ট্য, (বিশিষ্ট+ষ্ণ্য—ভাবে) স্ত্র, ন, বিশিষ্টত্ব, তদ্যুক্ত হওয়া, বৈলক্ষণ্য, প্রভেদ।

বৈশেষিক, (বিশেষ—বিশেষ পদার্থ+ঠক্—নিরূপণার্থে) স্ত্র, ন, কণাদমুনি প্রণীত দর্শনশাস্ত্র, ইহাঁর মত ন্যায় দর্শন মতের ন্যায়। ণ, ত্রি,তৎশাস্ত্রজ্ঞ।

বৈশ্য, (বিশ্—প্রবেশ করা + ক্বিপ্, ষ্ণ্য) স্ত্র, পুং, তৃতীয় বর্ণ, বণিক্। শ্যা—স্ত্রী, বৈশ্যজাতির স্ত্রী।

বৈশ্রবণ, (বিশ্রবস্—ইহাঁর পিতা+অণ; নিপাতন ঃ বিশ্রবণাদেশ) স্ত্র,পুং, বিশ্রবার পুত্র, কুবের, রাবণ, লঙ্কেশ্বর, দশকন্ধর।

বৈশ্রবণালয়, বৈশ্রবণাবাস, বৈশ্রবণোদয়, (বৈশ্রবণ—কুবের+আলয়, আবাস, ৬-ষ ; বৈশ্রবণ—কুবের+উদয়—ফল, সিদ্ধি) স্ত্র, পুং, বটবৃক্ষ, কুবেরপুরী।

বৈশ্বদেব, (বিশ্বদেব+অণ—সম্বন্ধার্থে) ণ, ত্রি, বিশ্বদেব সম্বন্ধীয়, বিশ্বদেবের উদ্দেশে দত্ত।

বৈশ্বানর, (বিশ্বানর—মুনিবিশেষ;কিম্বা বিশ্ব—সমূহ+নর—মনুষ্য জাতি+অণ্) স্ত্র, পুং, অগ্নি, সমস্ত নরের কুক্ষিতে অবস্থান হেতুক অগ্নির নাম বৈশ্বানর হইল, বেদাংশবিশেষ।

বৈশ্বী, (বিশ্ব—বিশ্বদেব+ অণ্, ঈপ) স্ত্র,স্ত্রী, ঐ সকল দেবতারা যে নক্ষত্রের উপর আধিপত্য করে, উত্তরাষাঢ়া নক্ষত্র।

বৈষম্য, (বিষম—অসমান+ষ্ণ্য—ভাবে) স্ত্র, ন, বিরুদ্ধভাব, সঙ্কট, সাম্যাভাব, বিষমত্ব, অসমতা, বিসদৃশতা। [ণ, ত্রি, বিষমসম্বন্ধীয়।

বৈষয়িক, (বিষয়+ঠক্—সম্বন্ধার্থে)

বৈষ্টুত, (বিষ্টুত, [বি+স্তু—স্তুতিকরা+ক্ত]+অণ্—যোগ) স্ত্র, ন, হোম ভস্ম, হোমের ছাই।

বৈষ্টু, (বিশ্—প্রবেশকরা+ট্নন্—সংজ্ঞার্থে) স্ত্র,ন, পৃথিবী, ভুবন, জগৎ।

বৈষ্ণব, (বিষ্ণু+অণ্—তদ্দেবতার্থে) ণ, ত্রি, বিষ্ণুসম্বন্ধীয়, বিষ্ণুভক্ত, বিষ্ণুর উপাসক। স্ত্র, ন, হোমভস্ম। বী—স্ত্রী, বিষ্ণুশক্তি, তুলসী, দুর্গা, গঙ্গা। [মৎস্য, মীন।

বৈসারিণ, (বিসারিন্+অণ্) স্ত্র, পুং,

বৈসাদৃশ্য, (বিসদৃশ+ষ্ণ্য—ভাবে) স্ত্র, ন, বিসদৃশতা, বৈষম্য।

বৈসূচন, (বিসূচন [বি+সূচি—জ্ঞাপন+অনট্]+অণ্—যোগ) স্ত্র, ন, নাটকাদিতে পুরুষের স্ত্রীবেশধারণ।

বৈহার্য্য, (বিহার+ষ্ণ্য) স্ত্র, পুং, পরিহাসযোগ্য ব্যক্তি, শ্যালকাদি।

বৈহাসিক, (বি+হাস—মধুর হাস্য+ঠক্) স্ত্র, পুং, নট, ভাঁড়, মস্করাকারক। [বেহায়া, নির্লজ্জ।

বোঁচা, (দেশজ) ণ, নাককাটা,

বোঁট,—টা, (বোণ্টশব্দজ) স্ত্র, বৃন্ত, ডাঁটা, চুচুক।

বোকা, (ছাগার্থ বর্কর শব্দজ) ণ,ত্রি, ছাগ, অজ্ঞ, নির্ব্বোধ, নির্বুদ্ধি, মূঢ়, জ্ঞানহীন। [জ্ঞান, বোধ।

বোঝা, (দেশজ) স্ত্র, ভার, মোট,

বোটা, (পুট—সংলগ্ন হওয়া+অচ্ ; প—ব) স্ত্র, স্ত্রী, চেটী, দাসী।

বোড়, স্ত্র, পুং, গোনস সর্প, বোড়া-

দাগ, বৃহৎ, হীন, কম। স্ত্রী,—স্ত্রী, পঞ্চচতুর্থাংশ, বুড়ি, পাঁচগণ্ডা।

বোড়া, (বোড়শব্দ) স্ত্র, সর্পবিশেষ।

বোঢ়ব্য, (বহ=বহনকরা+তব্য—চ) ণ, ত্রি, বহনীয়, বহনযোগ্য।

বোঢ়া, (বহ্+তৃচ—ম) স্ত্র.পুং, বহনকর্ত্তা, মুটিয়া, সারথি, বৃষভ, পথদর্শক, বিবাহকর্ত্তা।

বোঢ়ু, (বহ+তৃ) স্ত্র,পুং, মুনিবিশেষ।

বোণ্ট, (বা=গমন করা+উণ্ট) স্ত্র, পুং, বৃন্ত. বোঁটা, কন্দ.শুঁড়ি, ডাঁটা।

বোদ, ণ,ত্রি. আর্দ্র, ভিজা, সিক্ত, সেঁতা।

বোদা, (দেশজ) ণ, বিরস, কষায়, কষা।

বোদাল, স্ত্র,পুং,মৎস্যবিশেষ,বোয়ালী মাছ। [হীন, মৌনী।

বোবা, (দেশজ) ণ, মূক, হাবা, বাক্য-

বোরক, বোলক. (বা=গমনকরা+উলচ; কণ—যোগ ; ল=র ; বিকল্পে) স্ত্র, পুং, লিপিকর, লেখক, কেরাণী।

বোরট. স্ত্র, পুং, কুন্দপুষ্প, কুঁদফুল।

বোরপট্টী. (বোর=শস্যবিশেষ+পট্টী=মোটা আচ্ছাদন) স্ত্র, স্ত্রী, বোরতৃণে নির্ম্মিত মাদুর, পাটী।

বোরব. (বোর [বা=গমনকরা+উর] +ব=বা ধাতুজ) স্ত্র,পুং, ধান্যবিশেষ, বোরধান। [ছালা।

বোরা, (দেশজ) স্ত্র, গুণ. থলিয়া,

বোরুখান, স্ত্র, পুং, পাটলবর্ণ অশ্ব।

বোল, (বা=গমন করা+উলচ্) স্ত্র, পুং, গন্ধরস, ক্ষারজল। (দেশজ) বাক্য, কথা, উক্তি, বুলি। [কীটবিশেষ।

বোলতা, (বরলাশব্দজ) স্ত্র, দংশক,

বোল্লাহ, স্ত্র, পুং, অশ্ববিশেষ।

বোহিত্থ, স্ত্র, ন, অর্ণবপোত, জাহাজ।

বৌ, (বধূ শব্দজ) স্ত্র, বধূ।

বৌষট্, (বহ=বহনকরা+ডৌষট্) অ, ঘৃতাদির নিবেদনের মন্ত্র।

ব্যংশক, (বি=নানাবিধ+অংশ=ভাগ +কন্—যোগ) স্ত্র, পুং, পর্ব্বত।

ব্যংসক, (বি+অংস্=ভাগকরা+ণক) স্ত্র, পুং, ধূর্ত্ত, প্রতারক, বঞ্চক, ঐন্দ্রজালিক, বাজিকর।

ব্যংসিত, (বি+অংস্+ক্ত—চ) ণ, ত্রি, প্রতারিত, প্রবঞ্চিত।

ব্যক্ত, (বি+অন্জ=প্রকাশিত হওয়া +ক্ত—ম) ণ, ত্রি, প্রকাশিত, বিকসিত, স্ফুট, স্পষ্ট, প্রকট, স্থূল, কার্য্য, দৃষ্ট, অনুমতি, ব্যক্তিবিশেষ, মনুষ্য, প্রাজ্ঞ। স্ত্র, পুং, বিষ্ণু।

ব্যক্তদৃষ্টার্থ, (ব্যক্ত=প্রকাশিত+দৃষ্ট=অবলোকিত+অর্থ=বর্ণনীয় বিষয়) স্ত্র, পুং. সাক্ষী, প্রত্যক্ষদর্শী, স্বচক্ষে দর্শনকারী।

ব্যক্তি, (বি+অন্জ=প্রকাশ পাওয়া+ক্তি) স্ত্র, স্ত্রী, লোক, জন, জীব, শরীরী, বস্তু, প্রকাশ।

ব্যক্তিগ্রাহিতা, স্ত্র, স্ত্রী, যে বৃত্তি দ্বারা এক একটী বস্তুর সত্তা উপলব্ধ হয়।

ব্যক্তীকৃত, (ব্যক্ত+কৃত) ণ, ত্রি, প্রকাশিত, প্রকটিত, উদ্ঘাটিত, স্পষ্টীকৃত।

ব্যগ্র, (বি+অগ্র=প্রধান) ণ, ত্রি, ব্যাকুল, ব্যস্ত, ত্রস্ত, চকিত, ভীত, ত্বরিত, উৎসাহী, উদ্যমশীল, আগ্রহী, আসক্ত।

ব্যঙ্গ, (বি=হীন+অঙ্গ; ৬.হ) ণ, ত্রি, অঙ্গহীন, বিকলাঙ্গ, শরীরহীন, অশরীরী, অনঙ্গ। স্ত্র, পুং, ভেক, বেঙ, রোগবিশেষ. মুখ বিবর্ণহওয়া, মুখে বড় বড় কাল কাল দাগ হওয়া। [ভাগ।

ব্যঙ্গুল, স্ত্র, ন, কলার ষষ্টিভাগের এক

ব্যঙ্গ্য, (বি+অন্জ=ব্যক্তকরা+ঘ্যণ্, বৎ) স্ত্র, পুং, ব্যঞ্জনাবৃত্তিবোধ্য অর্থ, তাৎপর্য্যার্থ, নিগূঢ়ভাব।

ব্যঙ্গ্যোক্তি, (ব্যঙ্গ্য+উক্তি=বাক্য) স্ত্র, স্ত্রী, বক্রোক্তি, শ্লেষবাক্য।

ব্যজ,—পুং, ব্যজন,—ন, (বি+অজ=ক্ষেপণকরা, গমনকরা+অ, অনট্)

স্ত্র, বায়ুসঞ্চালন, বাতাসকরণ, তাল-বৃন্ত, পাখা।

ব্যঞ্জক, (বি+অন্জ=প্রকাশকরা+ণক—ষ) ণ, ত্রি, প্রকাশক। স্ত্র, পুং, অভিনয়, ব্যঞ্জনাদ্বারা বোধক শব্দ।

ব্যঞ্জন, (বি+অন্জ+অনট) স্ত্র, ন, চিহ্ন, শ্মশ্রু প্রভৃতি চিহ্ন, স্ত্রীপুং-চিহ্ন, ক খ ইত্যাদি হলবর্ণ, সূপশাকাদি, তরকারী। না-স্ত্রী, কাব্যের ব্যঙ্গ্যার্থবোধক শক্তি, যে শক্তি দ্বারা তাৎপর্য্যার্থের বোধ হয়।

ব্যঞ্জিত, (বি+অন্জ+ক্ত—চ) ণ,ত্রি, প্রকটিত, ব্যক্তীকৃত, প্রকাশিত, ব্যঞ্জনাবোধিত।

ব্যড্ডক, (ব্যড় [বি+অড়্=উদ্যত হওয়া+অচ্—ভাব]—এখানে বিরেচন+ডন্ব্=গমন করা, ঘটাইয়া দেওয়া, উৎপন্ন হওয়া+ণক) স্ত্র, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

ব্যতিকর, (বি+অতি+কৃ=ব্যাপা ইত্যাদি+অপ্) স্ত্র, পুং, ব্যসন, বিপদ্, ব্যাপ্তি, সম্পর্ক, সম্বন্ধ, মিশ্রণ, পরস্পর কর্ম্মকরণ, সমূহ।

ব্যতিক্রম, (বি+অতি=বিরুদ্ধ+ক্রম=গতি, অনুক্রম) স্ত্র, পুং, ক্রমবিপর্য্যয়, বৈপরীত্য, উল্লঙ্ঘন, উল্টান, বিপরীতকরণ।

ব্যতিক্রান্ত, (বি+অতি=বিরুদ্ধ+ক্রম্=গমন করা+ক্ত—চ) ণ, ত্রি, বিপর্য্যয়-প্রাপ্ত, ব্যত্যস্ত, ক্রমবহির্ভূত।

ব্যতিরিক্ত, (বি+অতি+রিচ=বিযুক্ত করা+ক্ত) ণ, ত্রি, বিভিন্ন, অতিরিক্ত, বর্দ্ধিত, আকৃষ্ট, পৃথক্কৃত।

ব্যতিরেক, (বি+অতি+রিচ্+ঘঞ—ভাব) স্ত্র, পুং, প্রভেদ, বিভিন্নতা, বিনা, অভাব, বৃদ্ধি, অতিক্রম, বাক্যের অলঙ্কারবিশেষ, উপমান অপেক্ষা উপমেয়ের আধিক্য বা ন্যূনতা হইলে ব্যতিরেক অলঙ্কার হয়।

ব্যতিরেকী, (ব্যতিরেক+ইন্-অস্ত্যর্থে) ণ, ত্রি, অভাববিশিষ্ট, প্রভেদক।

ব্যতিব্যস্ত, (বি+অতি+বি+অস্=ক্ষেপণকরা+ক্ত) ণ, ত্রি, ব্যাকুল, ব্যস্তসমস্ত।

ব্যতিষিক্ত, (বি+অতি+সন্জ=আসক্ত হওয়া+ক্ত—ম)ণ, ত্রি আসক্ত, পরস্পর মিলিত, গ্রথিত।

ব্যতিষঙ্গ, (বি+অতি+সন্জ+ড-ভাব) স্ত্র, পুং, আসক্তি, পরস্পর মিলন, একত্রে বন্ধন।

ব্যতিহার,—ত্তী, (বি+অতি+হৃ[হরণ করা]=পরস্পরকরা ইত্যাদি+ঘঞ্—ভাব) স্ত্র,পুং,পরস্পর একরূপ ক্রিয়া-করণ, পর্য্যায়করণ, পরিবর্ত্ত, বিনিময়, বদল, গালাগালি, মারামারি।

ব্যতীত, (বি+অতীত=গত) ণ, ত্রি, অতিক্রান্ত, বিগত, লুপ্ত, সম্পন্ন, মৃত।

ব্যতীপাত, (বি+অতি+পত্=পড়া+ঘঞ্)স্ত্র, পুং, অমঙ্গল, অমঙ্গলজনক উৎপাত, ধূমকেতু ভূকম্প ইত্যাদি, অসম্মান, অশ্রদ্ধা, সপ্তদশ যোগ।

ব্যত্যয়, ব্যত্যাস, (বি+অতি+ই=গমনকরা+অচ্ ; বি+অতি+অস=ক্ষেপণ করা+ঘ) স্ত্র, পুং, ব্যতিক্রম, বিপর্য্যয়, বৈপরীত্য।

ব্যত্যস্ত, (বি+অতি+অস্=ক্ষেপণ-করা+ক্ত) ণ, ত্রি, বিপরীতভাবে অবস্থিত, বিপর্য্যয়প্রাপ্ত, উল্টা-পাল্টা, এলাগোছা।

ব্যথা, (ব্যথ্=ব্যথিত হওয়া ইত্যাদি +আপ্—ভাব) স্ত্র, স্ত্রী, যাতনা, যন্ত্রণা, কষ্ট, পীড়া, দুঃখ, ক্লেশ, বেদনা, শোক, ভয়।

ব্যথিত, (ব্যথ্+ক্ত—ম) ণ, ত্রি, শোকপ্রাপ্ত, দুঃখিত, পীড়িত,ভীত।

ব্যধ, (ব্যধ্=বিদ্ধকরা, পীড়নকরা+অপ্) স্ত্র, পুং, বিদ্ধকরণ, বেঁধা, ভেদন, ব্যথা।

ব্যধ, (ব্যধ্ + অৎ) স্ত্র, পুং, ধনুর্ব্বেধ, ধনুকের ছিলা। ণ, ত্রি, বেধনার্হ, বিঁধিবার যোগ্য।

ব্যধ্ব, (বি—কুৎসিত, ঈষৎ+অধ্বন্—পথ+অচ্) স্ত্র, পুং, কুপথ, কুৎসিত বর্ত্ম।

ব্যনুনাদ, স্ত্র, পুং, প্রতিধ্বনি।

ব্যপগত, ণ, ত্রি, গত, চলিত।

ব্যপদিষ্ট, (বি+অপ+দিশ+ক্ত) ণ, ত্রি, কথিত।

ব্যপদেশ, (বি+অপ+দিশ্—বলা ইত্যাদি+ঘঞ্) স্ত্র, পুং, ছল, ব্যাজ, নাম, নামোল্লেখ, কুল, বংশ, কথন, বাক্যবিশেষ।

ব্যপদেষ্টা, (বি+অপ+দিশ্+তৃচ্—ম) ণ, ত্রি, কপটী, ছলকারক, নামোল্লেখকারী।

ব্যপনয়ন, (বি+অপ—একস্থান হইতে +নী—লওয়া+অনট্—ভাব) স্ত্র, ন, প্রত্যাখ্যান।

ব্যপনীত, (বি+অপ+নী+ক্ত—ত) ণ, ত্রি, অপসারিত, দূরীকৃত, তাড়িত, স্থানান্তরীকৃত।

ব্যপরোপণ, (বি+অপ+রোহি—আরোহণ করান+অনট্—ভাব) স্ত্র, ন, অবতারণ, নামান, ছেদন, মূলোচ্ছেদন, দূরীকরণ, অপসারণ।

ব্যপরোপিত, (বি+অপ+রোহি+ক্ত—ত) ণ, ত্রি, অবতারিত, ছেদিত, মূলোৎপাটিত, দূরীকৃত, অপসারিত।

ব্যপবর্জ্জন, (বি+অপ+বৃজ্—ত্যাগকরা+অনট্—ভাব) স্ত্র, ন, ত্যাগ, দান, নিবারণ।

ব্যপবর্জ্জিত, (বি+অপ+বৃজ্+ক্ত—ত) ণ, ত্রি, পরিত্যক্ত, বর্জ্জিত, দত্ত, নিরাকৃত, নিষিদ্ধ।

ব্যপাকৃত, (বি+অপ—বিরুদ্ধ+আ+কৃ—করা+ক্ত—ত) ণ, ত্রি, অস্বীকৃত, নিরস্ত, নিহ্নুত, দূরীকৃত, উৎসারিত

ব্যপাকৃতি, (বি+অপ+আ+কৃ+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, অপহ্নব, অস্বীকার, নিহ্নব, নিবারণ, নিরাকরণ।

ব্যপায়, (বি+অপ+ই—গমনকরা, নাশকরা ইত্যাদি+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, অপগমন, বিনাশ, ব্যপায়রূপ ধর্ম্ম, সমবাতীয় ধর্ম্ম।

ব্যপাশ্রয়, (বি+অপ+আ+শ্রি—সেবাকরা, অবলম্বন করা ইত্যাদি+অচ্) স্ত্র, পুং, আশ্রয়, অবলম্বন।

ব্যপেক্ষ, ণ, ত্রি, প্রতীক্ষক, আকাঙ্ক্ষী।

ব্যপেক্ষা, (বি+অপ+ঈক্ষ্—দেখা+আপ্) স্ত্র, স্ত্রী, আকাঙ্ক্ষা, স্পৃহা, বিশেষ অনুরোধ, অপেক্ষা।

ব্যপেত, (বি+অপ—স্থানান্তর+ই—গমনকরা+ক্ত—ম) ণ, ত্রি, অপগত, দূরীভূত, প্রতিরুদ্ধ, বিরুদ্ধ।

ব্যপোঢ়, (বি+অপ+বহ্—[বহন করা] বোয়া ইত্যাদি+ক্ত) ণ, ত্রি, বিপরীত, ঘূর্ণিত, তাড়িত।

ব্যভিচার, (বি+অভি+চর্—[গমন করা] বিরুদ্ধাচরণ করা ইত্যাদি+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, কুক্রিয়া, কদাচার, অন্যথাচরণ, স্খলন, অতিব্যাপ্তি, অব্যাপ্তি। [শৃঙ্গার ভাববিশেষ।

ব্যভিচারি, স্ত্র, ন, চতুস্ত্রিংশৎ প্রকার

ব্যভিচারিণী, (বি+অভি+চর+ইন্ +ঈ) স্ত্র, স্ত্রী, পরপুরুষগামিনী, ভ্রষ্টা, পুংশ্চলী, অসতী, নষ্টা।

ব্যভিচারী, (ব্যভিচার+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, কুক্রিয়াসক্ত, অন্যথাচারী, অব্যাপ্ত, অতিব্যাপ্ত। স্ত্র, পুং, সঞ্চারী ভাব, নির্ব্বেদ, গ্লানি প্রভৃতি ৩৪ প্রকার শৃঙ্গারাদি রসের ভাববিশেষ। ণী—স্ত্রী, অসতী, ভ্রষ্টা।

ব্যয়, (ব্যয়্—খরচকরা+অচ্—ভাব) স্ত্র, পুং, অর্থের অপগম, অপচয়, খরচ, ক্ষয়, নাশ। ন, লগ্ন হইতে দ্বাদশ স্থান।

ব্যয়কাতর, (দেশজ) অদাতা, ব্যয়-

কুণ্ঠ, কৃপণ। [হুব।
ব্যয়কুণ্ঠ, (ঐ) কৃপণ, অদাতা,
ব্যয়সাধ্য, (ঐ) অধিকব্যয়সাপেক্ষ, প্রচুর ব্যয়ে নিষ্পাদ্য।
ব্যয়ার্হ, (ব্যয়+অর্হ) ণ, ত্রি, ব্যয়যোগ্য, খরচোপযুক্ত।
ব্যয়িত, (ব্যয়+ক্ত—ট) ণ, ত্রি, যাহা ব্যয় করা হইয়াছে, অপচিত, বিগত, বিনষ্ট, ক্ষয়িত।
ব্যয়ী, (ব্যয়+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, ব্যয়শীল, যে ব্যয় করে। [হওয়া।
ব্যয়ীকৃত, ণ, ত্রি, খরচ করা, ব্যয়
ব্যর্থ, (বি—না, বিগত+অর্থ—বিষয়, প্রয়োজন, ৬.হ ; অথবা বি—বিগত +অর্থ ; ৫.হ) ণ, ত্রি, নিরর্থক, বৃথা, বিফল, নিষ্প্রয়োজন, অর্থশূন্য, লাভশূন্য।
ব্যর্থতা, (ব্যর্থ+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, নিরর্থকতা, নিষ্ফলতা।
ব্যলীক, (বি+অল্ = নিবারণকরা ইত্যাদি+ঈকন্) স্ত্র, ন, পীড়া, গতিবিপর্যায়, কামজাপরাধ, মনোদুঃখ, লজ্জা, অপরাধ, প্রতারণা। পুং, লম্পট। ণ, ত্রি, অপ্রিয়, অনৃত, মিথ্যা, অযুক্ত, অকর্ত্তব্য, কষ্টদায়ক, পীড়াদায়ক, অপরিচিত, আশ্চর্য্য, অদ্ভুত।
ব্যবকলন, (বি+অব+কল্—গণনা করা ইত্যাদি+অনট্—ভাব) স্ত্র, ন, বিয়োগ, অন্তরকরণ, বাকিকাটা, বিয়োজন।
ব্যবকলিত, (বি+অব+কল্+ক্ত—ট, ভাব) ণ, ত্রি, বিযোজিত, অন্তরিত, বাকি। স্ত্র, ন, ব্যবকলন, জমাখরচ।
ব্যবক্রোশন, স্ত্র, ন, তিরস্করণ, পরিত্যাগ।
ব্যবচ্ছিন্ন, (বি+অব+ছিদ্—ছেদনকরা +ক্ত) ণ, ত্রি, বিভিন্ন, বিভক্ত, বিশেষিত, মোচিত, নির্দ্ধারিত।
ব্যবচ্ছেদ, (বি+অব+ছিদ্+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, বিচ্ছেদ, বিশেষকরণ, ভেদ, বিভাগ, খণ্ড, মোচন, বাণমোচন, শরবর্ষণ, নির্দ্ধারণ।
ব্যবধা,—স্ত্রী, ব্যবধান,—ন, ব্যবধি,—পুং, (বি+অব+ধা—[ধারণকরা] আবরণকরা+অঙ্, আপ্—ভাব; ২য়—পক্ষে, অনট্—ভাব; ৩য় পক্ষে কি—ভাব) স্ত্র, আচ্ছাদন, তিরোধান, অন্তর, অন্তরাল, আড়াল।
ব্যবধায়ক, (বি+অব+ধা+ণক—ষ; য—আগম) ণ, ত্রি, ব্যবধানকর্ত্তা, তিরোধায়ক, আচ্ছাদনকারক।
ব্যবসা, (দেশজ) জীবিকাবৃত্তি, বাণিজ্য, অনুষ্ঠান।
ব্যবসায়, (বি+অব+সো—উদ্যোগ করা ইত্যাদি+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, বস্তু, উদ্যোগ, উদ্যম, অভিপ্রায়, অভিসন্ধি, কল্পনা, ইচ্ছা, বৃত্তি, জীবিকা, ব্যাপার, কার্য্য, নিশ্চয়, অনুষ্ঠান। [হাট, বাজার।
ব্যবসায়স্থান, স্ত্র, ন, বাণিজ্যস্থল,
ব্যবসায়ী, (ব্যবসায়+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, বাণিজ্যকারী, উদ্যোগী, অনুষ্ঠানকারী, আরম্ভক।
ব্যবসিত, (বি+অব+সো+ক্ত) ণ, ত্রি, চেষ্টিত, অনুষ্ঠিত, উদ্যত, অভিপ্রেত, প্রতারিত, স্থিরীকৃত, নিশ্চিত। স্ত্র, ন, অবধারণ, নিশ্চয়।
ব্যবস্থা, (বি+অব+স্থা—স্থিরকরা ইত্যাদি+অঙ্, আপ্—ভাব) স্ত্র, স্ত্রী পৃথক্ পৃথক্ স্থাপন, স্থিতি, স্থিরতা শাস্ত্রীয় বিধি, নিয়ম, আইন।
ব্যবস্থান, (বি+অব+স্থা+অনট্, স্ত্র, ন, স্থাপন, রাখন।
ব্যবস্থানীয়, ণ, ত্রি, বিধিপ্রতিপাদ্য
ব্যবস্থাপক, (বি+অব+স্থাপি—স্থাপনকরান+ণক—ষ) ণ, ত্রি, বিধায়ক, নিয়ামক, সংস্থাপক।
ব্যবস্থাপদ্ধতি, স্ত্র, স্ত্রী, নিয়মপ্রণালী

ব্যবস্থাপন, (বি+অব+স্থাপি+অনট্ —ভাব) স্ক, ন, ব্যবস্থা প্রণয়ন, আ- ইন প্রস্তুত করণ, নির্দ্ধারণ, নিরু- পণ, নিশ্চিত করণ।

ব্যবস্থাপত্র, স্ক, ন, বিধানলিপি, শাস্ত্রে নিরূপিত বিধি, ব্রিপি।

ব্যবস্থাপয়িতব্য, (বি+অব+স্থা+ণি +তব্য) ণ, ত্রি, ব্যবস্থাপনীয়,বিধি- স্থাপন যোগ্য। [বিধানদায়ক।

ব্যবস্থাপয়িতা, ণ, ত্রি, ব্যবস্থাকর্ত্তা,

ব্যবস্থাপিত,(বি+অব+স্থাপি+ক্ত-চ) ণ, ত্রি, স্থিরীকৃত,নির্দ্ধারিত, প্রকৃতি- প্রাপিত, নিয়মিত, নিয়ম পূর্ব্বক স্থাপিত। [আইন।

ব্যবস্থাসংহিতা, স্ক, স্ত্রী, ব্যবস্থাশাস্ত্র,

ব্যবস্থিত, (বি+অব+স্থা—স্থিতিকরা +ক্ত—চ)ণ, ত্রি, স্থিরীকৃত,নিয়মিত, নির্দ্ধারিত, স্থিত, পৃথক্‌কৃত, নিযুক্ত, প্রচারিত।

ব্যবস্থেয়,(বি+অব+স্থা+ণ্যৎ—চ)ণ, ত্রি, বিধান যোগ্য, ব্যবস্থাপ্য।

ব্যবহর্ত্তব্য, (বি+অব+হৃ+তব্য) ণ, ত্রি, বিবাদাস্পদীকৃত, ব্যবহার- যোগ্য।

ব্যবহর্ত্তা, (বি+অব+হৃ—হরণকরা, বিচারকরা ইত্যাদি+তৃচ্—ষ) স্ক, পুং, ব্যবহারকর্ত্তা, প্রাড়্‌বিবাক, বিচারকর্ত্তা, জজ, হাকিম।

ব্যবহার, (বি—নানা+অব—সন্দেহ +হৃ—হরণকরা+ঘঞ্—ষ) স্ক, পুং, ঋণদানাদি ১৮ বিবাদ, মোকর্দ্দমা, আচরণ, আচার, ব্যবসায়, চুক্তি, প্রথা, রীতি, কার্য্য।

ব্যবহারক, (বি+অব+হৃ+ণক) ণ, ত্রি, ব্যবহারী, বিবাদী, ভাগী।

ব্যবহারজ্ঞ, (ব্যবহার—মোকর্দ্দমা+ জ্ঞা—যে জানে) স্ক, পুং, প্রাপ্তব্যব- হার, যাহার নাবালগতা গিয়াছে। ণ, ত্রি, ব্যবহারবেত্তা।

ব্যবহারদর্শন, (ব্যবহার+দৃশ্—দেখা +অনট্—ভাব) স্ক, ন, মোকর্দ্দমা সংক্রান্ত বিধিজ্ঞান, বিচারকরণ।

ব্যবহারদর্শক, ব্যবহারদর্শী, (ব্যবহার +দৃশ্—দেখা+ণক,ইন্—ষ) স্ক,পুং, বিচারক, জুরি। [রাজাকে নিবেদন।

ব্যবহারপদ, স্ক, পুং, বাদী কর্ত্তৃক

ব্যবহারপাদ, স্ক, পুং, ব্যবহারাংশ, মোকর্দ্দমার ভাগ। [প্রাপ্ত।

ব্যবহারপ্রাপ্ত, স্ক, পুং, বয়ঃক্রম-

ব্যবহারমাতৃকা, (ব্যবহার—ঋণ দা- নাদি বিবাদ+মাতৃকা—মাতা) স্ক, স্ত্রী, ব্যবহারোপযোগিনী ক্রিয়া, মোকর্দ্দমা সংক্রান্ত যাবদীয় কার্য্য।

ব্যবহারমার্গ, ব্যবহারবিষয়, (ব্যবহার —ঋণ দানাদি বিবাদ+মার্গ—পথ) স্ক, পুং, ঋণদান প্রভৃতি অষ্টাদশবিধ বিবাদের স্থান। [ল্যর রিপোর্ট।

ব্যবহারবিজ্ঞাপনী, স্ক, স্ত্রী, মোকর্দ্দ-

ব্যবহারবিধি, (ব্যবহার—ঋণদানাদি বিবাদ+বিধি—শাস্ত্রবিধান) স্ক, পুং, ধর্ম্মশাস্ত্র, ব্যবস্থাশাস্ত্র, আইন।

ব্যবহারবিষয়, স্ক, পুং, ব্যবহারপদ, বাদী কর্ত্তৃক রাজাকে নিবেদন।

ব্যবহারশাস্ত্র,-ন,ব্যবহারসংহিতা,-স্ত্রী, স্ক, ব্যবস্থাশাস্ত্র, আইন (Law).

ব্যবহারস্থান, স্ক, ন, ব্যবহারপদ।

ব্যবহারাজীব, (ব্যবহার—মোকর্দ্দমা+ আজীব—জীবিকা ; ৬.ষ) স্ক, পুং, যাহারা বাদী প্রতিবাদীর প্রতি- নিধিস্বরূপ হইয়া মোকর্দ্দমা সংক্রান্ত যাবদীয় কার্য্য নির্ব্বাহ করিয়া জীবিকা উপার্জ্জন করে, উকীল্ প্রভৃতি, (Lawyer.)

ব্যবহারাযোগ্য, ণ, ত্রি, ব্যবহারের অনুপযুক্ত। স্ক,পুং, অপ্রাপ্তব্যবহার।

ব্যবহারিক, (ব্যবহার+ঠক্) ণ, ত্রি, ব্যবহারসিদ্ধ। কা—স্ত্রী, লোকযাত্রা, সম্মার্জ্জনী।

ব্যবহারী, (বি+অব+হৃ+ইন্) স্ত্র, স্ত্রী, পরস্পর ব্যবহরণমিত্যর্থ। ণ, ত্রি, ব্যবহার বিশিষ্ট।

ব্যবহার্য্য, (বি+অব+হৃ=হরণকরা+ণ্যৎ—চ) ণ, ত্রি, ব্যবহারযোগ্য, অনুষ্ঠেয়।

ব্যবহিত, (বি+অব+ধা=ধারণকরা, আচ্ছাদন করা+ক্ত—চ) ণ, ত্রি, আচ্ছাদিত, অন্তরিত. দূরীকৃত, অন্তর্হিত, পরস্পর অসংযুক্তভাবে অবস্থাপিত, অধঃকৃত, ধিক্কৃত।

ব্যবহৃত, (বি+অব+হৃ+ক্ত—চ) ণ, ত্রি, আচরিত, অনুষ্ঠিত, বিচারিত, উপভুক্ত।

ব্যবায়, (বি+অব+ই=গমনকরা+ণ্যৎ) স্ত্র, পুং, স্ত্রীসঙ্গ, মৈথুন, আচ্ছাদন, অন্তর্ধান, পবিত্রতা। ন, তেজঃ।

ব্যবায়ী, (ব্যবায়=স্ত্রীসঙ্গ+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, কামুক, লম্পট।

ব্যষ্টি, (বি+অশ্=ব্যাপা+ক্তি) স্ত্র, স্ত্রী, পৃথক্, ভিন্ন ভিন্ন, অসত্তাব।

ব্যসন, (বি+অস্=ক্ষিপ্ত হওয়া+অনট্—ঘ, ভাব) স্ত্র, ন, বিপদ, দুর্ভাগ্য, অদৃষ্ট, দুরদৃষ্ট, অযোগ্যতা, অক্ষমতা, বায়ু, বাত, ব্যক্তিত্ব, পতন, ভ্রংশ, বিনাশ, দুঃখ, পাপ, অমঙ্গল, অশুভ, বৃথা চেষ্টা, বিষয়াসক্তি, নেসা, কাম ও কোপজনিত দোষ, মৃগয়া, দ্যূত, দিবানিদ্রা, পরনিন্দা, বেশ্যাসক্তি, নৃত্য, গীত, ক্রীড়া, বৃথা ভ্রমণ, মদ্যপান—এই দশ প্রকার কামজ দোষ এবং দুষ্টতা, দৌরাত্ম্য, ক্ষতি, দ্বেষ, ঈর্ষা, প্রতারণা, কটূক্তি, নিষ্ঠুরাচরণ—এই আট প্রকার কোপজ দোষ।

ব্যসনার্ত্ত, (ব্যসন+আর্ত্ত) ণ, ত্রি, দৈবী মানুষী পীড়ায় আর্ত্ত, বিপন্ন।

ব্যসনী, (ব্যসন+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, ব্যসনযুক্ত, বিপদ্গ্রস্ত, দুর্গত, দুষ্ক্রিয়াসক্ত, আসক্ত।

ব্যসু, (বি=গত+অসু=প্রাণ; ৬-ষ্ঠ) ণ, ত্রি, মৃত, পরলোকগত, উপরত, গতপ্রাণ, অচেতন, জীবনশূন্য।

ব্যস্ত, (বি+অস্=হওয়া, উৎকণ্ঠিত হওয়া ইত্যাদি+ক্ত—ধ) ণ, ত্রি, ব্যাকুল, ব্যতিব্যস্ত, বিভক্ত, পৃথক্ পৃথক্, অসমস্ত, একটা, কোনটা, বিস্তৃত, ব্যাপ্ত, বিপরীত, উৎক্ষিপ্ত, বিপর্য্যস্ত।

ব্যস্ততা, (ব্যস্ত+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, সত্বরতা, শীঘ্রতা, ব্যাকুলতা।

ব্যস্তত্রৈরাশিক, স্ত্র, ন, অঙ্কবিদ্যাবিশেষ, বিলোমত্রৈরাশিক।

ব্যস্তপদ, স্ত্র, ন, ঋণদানাভিযোগ বিষয়ে অপর পক্ষ কর্ত্তৃক দত্ত উত্তর, টাকার মোকর্দ্দমায় প্রতিবাদীর উত্তর, ব্যাকরণ মতে অযৌগিক শব্দ।

ব্যস্তার, স্ত্র, ন, হস্তিমদপ্রয়োগ।

ব্যস্তবিধি, স্ত্র, স্ত্রী, বিলোমক্রিয়া।

ব্যাহ্ন, স্ত্র, ত্রি, দুই দিবস মধ্যে যে ক্রিয়ার নিষ্পত্তি হয়। [রল।

ব্যাঁকা, (দেশজ) বক্র, বাঁকা, অসরল।

ব্যাকরণ, (বি+আ+কৃ=ব্যুৎপন্ন হওয়া+অনট্—ধ, কিংবা ভে) স্ত্র, ন, যাহার দ্বারা বা যাহাতে সাধু শব্দ সকল ব্যুৎপত্তি-যুক্ত হয়, শব্দব্যুৎপাদক শাস্ত্র, যাহা দ্বারা কর্ত্তৃ কর্ম্ম-ক্রিয়া সমাসাদি নিরূপণ হয়, ব্যাখ্যান, বিকাসন। [ব্যাখ্যা।

ব্যাকার, স্ত্র, পুং, বক্রতা, বৈকুল্য,

ব্যাকীর্ণ, (বি+আ+কৄ=বিক্ষেপকরা+ক্ত—ধ; ত=ণ) ণ, ত্রি, বিক্ষিপ্ত, ছড়ান, উৎক্ষিপ্ত, আছড়ান।

ব্যাকুল, (বি+আকুল) ণ, ত্রি, ব্যস্ত, উৎকণ্ঠিত, কাতর, ইতিকর্ত্তব্যতাজ্ঞানশূন্য, ব্যাপৃত, ভয়বিধুর।

ব্যাকুলাত্মা, (ব্যাকুল+আত্মন্) ণ, ত্রি, শোকাভিহতচিত্ত, উদ্বিগ্নমনাঃ,

উৎকণ্ঠিত অন্তঃকরণ।

ব্যাকুতি,(বি+আ+কু—শব্দকরা+ক্তিন্) স্ত্র, স্ত্রী, ছল, বঞ্চনা।

ব্যাকৃত, (বি+আ+কৃ—ব্যক্ত করা ক্ত) ণ, ত্রি, প্রকাশিত, ব্যাখ্যাত, পরিবর্ত্তিত, রূপান্তরীকৃত।

ব্যাকৃতি, (বি+আ+কৃ+ক্তি) স্ত্র, স্ত্রী, প্রকাশন, ব্যাখ্যান, ভঙ্গী, ব্যাকরণ, পরিবর্ত্তন, রূপান্তরীকরণ।

ব্যাকোষ,—শ, (বি+আ—প্রভিন্ন+কোষ=কুঁড়ি, খাপ; ৬.হ) ণ, ত্রি, মুকুলিত, প্রফুল্ল, প্রস্ফুটিত, বিকশিত, উন্মিষিত।

ব্যাক্রোশ, (বি+আক্রোশ) স্ত্র,পুং, তিরস্কার, কটূক্তি, দুর্ব্বাক্য, গালাগালি।

ব্যাক্রোশী, (বি—পরস্পর+আ+ক্রুশ্ =ক্রোধ করা ইত্যাদি+ঘঞ্, ঈপ্) স্ত্র, স্ত্রী, পরস্পর কটূক্তি।

ব্যাক্ষেপ, (বি+আক্ষেপ) স্ত্র, পুং, বিলম্ব, অন্যাসঙ্গ।

ব্যাখ্যা,—স্ত্রী, ব্যাখ্যান,—ন, (বি—আ+খ্যা—বর্ণনকরা+অঙ্,আপ্,অনট্—ভাব) স্ত্র, বর্ণন, কথন, ব্যাখ্যাকরণ, বিবরণ, টীকা, অর্থপ্রকাশন।

ব্যাখ্যাগম্য, স্ত্র, ন, উত্তরাভাস বিশেষ, অর্থ বিবরণ বিনা যাহার বোধগম্য হয় না। [প্রকাশন।

ব্যাখ্যান, স্ত্র, ন, অর্থবিবরণ, অর্থ

ব্যাখ্যাত, (বি+আ+খ্যা+ক্ত—চ) ণ, ত্রি, বর্ণিত, কথিত, বিবৃত, যাহা ব্যাখ্যা করা হইয়াছে।

ব্যাখ্যেয়,(বি+আ+খ্যা+ণ্যৎ—চ) ণ, ত্রি,বর্ণনীয়,ব্যাখ্যা করিবার যোগ্য।

ব্যাঘট্টন,(বি+আ+ঘট্ট=চঞ্চল হওয়া+অনট—ভাব) স্ত্র, ন, সঙ্ঘর্ষণ,সঙ্ঘট্টন, আলোড়ন, মন্থন।

ব্যাঘাত, (বি+আ+হন্=বধকরা, আঘাত করা+ঘঞ্—ভাব) স্ত্র,পুং, বিঘ্ন, অন্তরায়, প্রহার, আঘাত, যোগবিশেষ, কাব্যের অলঙ্কারবিশেষ, যেখানে এক ব্যক্তি এক উপায় দ্বারা একবার এক কার্য্য করিল, আবার অন্য ব্যক্তি সেই উপায় দ্বারাই সেই কার্য্য অসাধ্য করিল।

ব্যাঘাতক, (বি+আ+হন্+ণক—ক) ণ, ত্রি, বিঘ্নকারী, প্রতিবন্ধক,প্রতিরোধক।

ব্যাঘাতী, (বি+আ+হন্+ইন্) ণ, ত্রি, প্রতিবন্ধকতাকারী, বিঘ্নকারক।

ব্যাঘ্র, (বি+আ+ঘ্রা—গন্ধগ্রহণকরা+ক—সংজ্ঞার্থে) স্ত্র, পুং, স্ত্রী—স্ত্রী, শ্বাপদবিশেষ, বাঘ, শার্দ্দূল, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডাগাছ, করঞ্জ বৃক্ষ, করমচা গাছ। (কোন শব্দের অন্তে থাকিলে) শ্রেষ্ঠ; যথা—পুরুষব্যাঘ্র ইত্যাদি।

ব্যাঘ্রাদন, স্ত্র,পুং, রক্ত এরণ্ডবৃক্ষ।

ব্যাঘ্রনখ, স্ত্র, ন, নখীনামে গন্ধদ্রব্য, কন্দবিশেষ, নখক্ষত বিশেষ। পুং, স্নুহীবৃক্ষ, ব্যালনখ, ব্যাঘ্রের নখ।

ব্যাঘ্রনখক, (ব্যাঘ্র—বাঘ+নখ+কণ্-যোগ) স্ত্র, ন,নখক্ষত,নখের আঁচড়।

ব্যাঘ্রনায়ক, (ব্যাঘ্র—বাঘ+নায়ক—যে লইয়া যায়) স্ত্র, পুং, শৃগাল, জম্বুক, শিয়াল, শিব, বাঘকুত, বাঘঘোষ।

ব্যাঘ্রপাৎ, স্ত্র, পুং, বিকঙ্কত বৃক্ষ, বঁইচী গাছ, বিকণ্টক বৃক্ষ।

ব্যাঘ্রপাদ, স্ত্র, পুং, স্মৃতিশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ, তাঁহার পাদ ব্যাঘ্রের ন্যায় ছিল।

ব্যাঘ্রপুচ্ছ, স্ত্র, পুং, এরণ্ডবৃক্ষ।

ব্যাঘ্রাট, (ব্যাঘ্র—বাঘ+অট্—যে গমন করে) স্ত্র,পুং,ভরদ্বাজ পক্ষী,ভারুইপাখী

ব্যাঘ্রাদনী, স্ত্র, স্ত্রী, ত্রিবৃতা।

ব্যাঘ্রাস্য, (ব্যাঘ্র—বাঘ+আস্য—মুখ; ৬.হ) স্ত্র,পুং,মার্জ্জার,বিড়াল। ণ,ত্রি, ব্যাঘ্রমুখ, যাহার ব্যাঘ্রের ন্যায় মুখ।

ব্যাঘ্রী, (ব্যাঘ্র+ঈ) স্ত্রী, কণ্ট-কারী বৃক্ষ, ব্যাঘ্রপত্নী, বাঘিনী।

ব্যাজ, (বি+অজ্=প্রতারণা করা ইত্যাদি+ঘঞ্) স্ত, পুং, ছল, কপট, চাতুরী, ছদ্ম, ছুইতা, ছলনাপরতা, বাধা, ব্যাঘাত, বিঘ্ন, বিলম্ব।

ব্যাজনিন্দা, স্ত, স্ত্রী, কপট, কুৎসা, ছল দ্বারা নিন্দন, অলঙ্কার বিশেষ।

ব্যাজস্তুতি, (ব্যাজ=কপট+স্তুতি=প্রশংসা) স্ত, স্ত্রী, কপট স্তব, কপট-প্রশংসা, অলঙ্কারবিশেষ, নিন্দা দ্বারা স্তুতি ও স্তুতি দ্বারা নিন্দা করা।

ব্যাজে, (দেশজ) ক্রি, ণ, বিলম্বে, পরে।

ব্যাজোক্তি, (ব্যাজ=ছল+উক্তি=কথন) স্ত, স্ত্রী, ছলে উক্তি, কাব্যা-লঙ্কারবিশেষ, স্ফুটরূপে প্রকাশিত বিষয়ের ছল দ্বারা গোপন।

ব্যাড়, (বি+অড্=উদ্যত হওয়া+অণ্) স্ত, পুং, ইন্দ্র, সর্প, মাংসাহারী পশু, শ্বাপদ, প্রতারক। [দ্রব্য বিং।

ব্যাড়ায়ুধ, স্ত, ন, ব্যাঘ্রনখ নামে গন্ধ

ব্যাড়ি, স্ত, পুং, প্রসিদ্ধ ব্যাকরণকর্ত্তা ও কোষকর্ত্তা মুনিবিশেষ।

ব্যাত্ত, (বি+আ+অৎ=গমন করা, বিস্তৃত করা+ক্ত; কিম্বা বি+আ+দা=দানকরা+ক্ত) ণ, ত্রি, প্রসা-রিত, বিস্তৃত, মহান্, প্রশস্ত, বিপুল, লম্বাচৌড়া।

ব্যাত্যুক্ষী, (বি+আ+অতি+উক্ষ্=সেচনকরা+অচ্+ঈ) স্ত, স্ত্রী, জল-ক্রীড়া, কৌতুকার্থ স্নান।

ব্যাদান, (বি+আ+দা=দানকরা, বিস্তৃতকরা+অনট্—ভাব) স্ত, ন, প্রসারণ, বিস্তার, উদ্ঘাটন, খোলা।

ব্যাদিশ, স্ত পুং, বিষ্ণু, নারায়ণ।

ব্যাধ, (ব্যধ=বিদ্ধ করা, পীড়ন করা+ণ—ক) স্ত, পুং, মৃগবধব্যবসায়ী জাতি, মৃগবধাজীব, শবর, নীচজাতি।

ব্যাধভীত, স্ত, পুং হরিণ। ণ, ত্রি, ব্যাধ হইতে ভয় প্রাপ্ত।

ব্যাধাম, ব্যাধাধ, (বি+আ+ধা=ধারণ করা+মন্) স্ত, পুং, বজ্র, অশনি।

ব্যাধি, (বি+আ+ধা=ধারণ করা, পীড়িত হওয়া+কি) স্ত, পুং, রোগ, পীড়া, ব্যারাম, অস্বাস্থ্য, কুষ্ঠরোগ।

ব্যাধিঘাত, স্ত, পুং, আরগ্বধ বৃক্ষ, সোঁদালিগাছ। [কুষ্ঠী।

ব্যাধিগ্রস্ত, ণ, ত্রি, কুষ্ঠরোগাক্রান্ত,

ব্যাধিত, (ব্যাধি+ইতচ্—সংজাতার্থে) ণ, ত্রি, পীড়িত, আতুর, রোগী।

ব্যাধিহন্তা, স্ত, পুং, বারাহীকন্দ, শূকরকন্দ বৃক্ষ। ণ, ত্রি, ব্যাধিঘাতক, রোগনাশক বৈদ্য।

ব্যাধুত, ব্যাধূত, (বি+আ+ধু, ধূ=কম্পিত হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, কম্পিত, চালিত, ধুনিত, আন্দোলিত।

ব্যান, (বি+অন্=শ্বাসলওয়া+ঘঞ্—ঘ) স্ত, পুং, সর্ব্বশরীর-ব্যাপী বায়ু।

ব্যাপক, (বি=বিশেষরূপে+আপ্=পাওয়া+ণক—ঘ) ণ, ত্রি, বিস্তারিত, ব্যাপ্তিশীল, দীর্ঘ, আচ্ছাদক, প্রগল্ভ, বাচাল।—পিকা, স্ত্রী, প্রগল্ভা, প্রবলা

ব্যাপকতা, স্ত, স্ত্রী প্রাগল্ভ্য, প্রাবল্য।

ব্যাপকত্ব, স্ত, ন, ব্যাপকতা, প্রবলতা।

ব্যাপদ্, স্ত, স্ত্রী মৃত্যু, আপদ, বিপদ্।

ব্যাপত্তি, ব্যাপদ্, (বি+আ+পদ্=গমনকরা+ক্তি, কিপ্—ভাব) স্ত, স্ত্রী, মৃত্যু, উপরতি, বিনাশ, ধ্বংস, জীবন-ক্ষয়, বিপদ্।

ব্যাপন, (বি+আপ্+অনট্—ভাব) স্ত, ন, ব্যাপ্তি, বিস্তার, আচ্ছাদন।

ব্যাপন্ন, (বি+আ+পদ্+ক্ত—ঘ) ণ, ত্রি, মৃত, উপরত, বিপন্ন, বিপদ্-গ্রস্ত, সংসারে জড়িত।

ব্যাপাদ, (বি+আ+পাদি=গমন করান+ঘঞ্—ভাব) স্ত, পুং, পরের অনিষ্ট চিন্তা, বধ, হত্যা, মারণ, ঘাতন, শাতন।

ব্যাপাদন, (বি+আ+পাদি+অনট্—ভাব) স্ত্র, ন, মারণ, ঘাতন, পাতন, বিনাশ, বধ, পরের অনিষ্ট চিন্তনকরা।

ব্যাপাদিত, (বি+আ+পাদি+ক্ত—চ) ণ, ত্রি, মারিত, বিনাশিত, হত, ঘাতিত, পাতিত।

ব্যাপার, (বি+আ+পৃ—পরিশ্রমকরা +ঘঞ্—ভাব) স্ত্র, পুং, ক্রিয়া, কর্ম্ম, ব্যবসায়, নিয়োগ, অভ্যাস, অনুশীলন।

ব্যাপারী, (ব্যাপার+ইনি—অস্ত্যার্থে; অথবা বি+আ+পৃ+ইনি—ক) ণ, ত্রি, ক্রিয়াসক্ত, কার্য্যাসক্ত, ব্যবসায়ী, ক্রয়বিক্রয়াজীব।

ব্যাপারোপযুক্ত, (ব্যাপার+উপযুক্ত) ণ, ত্রি, কর্ম্মোপযুক্ত, ব্যবসায়যোগ্য।

ব্যাপিকা, (বি+আপ্+অক, আ) স্ত্র, স্ত্রী, প্রগল্ভা স্ত্রী, প্রবলা, অবলা।

ব্যাপী, (বি+আপ্—প্রাপ্ত হওয়া+ইনি—ক; শীলার্থে) ণ, ত্রি, আচ্ছাদক, ব্যাপক, ব্যাপনশীল, বিসরণশীল।

ব্যাপৃত, ব্যাপারিত, (বি+আ+পৃ—পূর্ণকরা, কর্ম্মযুক্ত হওয়া+ক্ত—ক; ব্যাপার—কর্ম্ম+ইত—সংজ্ঞাতার্থে) ণ, ত্রি, ব্যাপারযুক্ত, কার্য্যেনিযুক্ত, কার্য্যাসক্ত, কার্য্যে ব্যস্ত, নিযুক্ত, নিয়োজিত। পুং,—সচিব, মন্ত্রী, রাজকর্ম্মচারী।

ব্যাপ্ত, (বি+আপ্+ক্ত—চ) ণ, ত্রি, বিস্তারিত, আচ্ছন্ন, আচ্ছাদিত, বেষ্টিত, পরিপূরিত, যোড়া, ঘেরা, পূর্ণ, ব্যাপ্তিযুক্ত।

ব্যাপ্তি, (বি+আপ্+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, ব্যাপন, সর্ব্বত্র অবস্থান, ঐশ্বর্য্যবিশেষ, সাধ্যবহির্ভূতে অসম্বন্ধ, সহজগুণ বা ধর্ম্ম; যেমন অগ্নিতে উষ্ণতা, সর্ষপে স্নেহ ইত্যাদি; লাভ, প্রাপ্তি, শিবের অণিমাদি বিভূতির মধ্যে এক বিভূতি।

ব্যাপ্তিজ্ঞান, স্ত্র, ন, অন্তর্বর্ত্তী করণ, কর্ম্মের বস্তুসকলের স্থায়িত্ব জ্ঞান।

ব্যাপ্য, (বি+আপ্+যৎ—চ) ণ, ত্রি, ব্যাপ্তিযোগ্য, ব্যাপনীয়, যাহাকে ব্যাপ্ত করা যায়, অল্পদেশবৃত্তি। স্ত্র, ন, সাধন, হেতু, অনুমান, সাধ্য; যেমন ধূম হইতে বহ্নি; কুটৌষধ, কুড়।

ব্যাপ্যবৃত্তি, ণ, ত্রি, অল্পদেশবৃত্তি, পদার্থে বিদ্যমান।

ব্যাপ্রিয়মাণ, (বি+আ+পৃ—পরিশ্রমকরা+শানচ্—ক) ণ, ত্রি, ব্যাপৃত, নিযুক্ত, কার্য্যে ব্যাপৃত, যোড়াগাঁথা।

ব্যাভুক্ষী, (বি+অভি+উক্ষ্—সিঞ্চনকরা+অচ্, ঈপ্) স্ত্র, স্ত্রী, জলবিহার।

ব্যাম,—পুং, ব্যামন,—ন, (বি+আ+মা—পরিমাণকরা+অচ্, অনট্—ণ) স্ত্র, দুইবাহু উভয়পার্শ্বে সম্পূর্ণ প্রসরণ করিলে এক বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত দীর্ঘপরিমাণ, বাঁও।

ব্যামন, স্ত্র, ন, ব্যাম, প্রসারিত বাহুদ্বয়।

ব্যামর্দ, (বি+আ+মৃদ্—মর্দনকরা+ঘঞ্) স্ত্র, পুং, ঘষিয়া তুলিয়া ফেলা, অধৈর্য্য, ব্যাকুলতা।

ব্যামিশ্র, স্ত্র, ন, সংমিলিত, ভিন্ন বিষয়ের একভাব করণ। [ক্লিষ্ট।

ব্যামৃষ্ট, স্ত্র, ন, দুঃখিত, পীড়িত,

ব্যামোহ, (বি+আ+মুহ্—মুগ্ধ হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, অজ্ঞান, ভ্রম, মোহ।

ব্যামোহক, ণ, ত্রি, পীড়াজনক, রোগকর। [জনক।

ব্যামোহকর, ণ, ত্রি, রোগকর, পীড়া-

ব্যায়ত, (বি+আ+যম্—দীর্ঘ হওয়া ইত্যাদি+ক্ত—ক) ণ, ত্রি, বিস্তৃত, লম্বা, দীর্ঘ, ব্যাপৃত, দৃঢ়, অতিশয়, দূর। স্ত্র, ন, দৈর্ঘ্য, আয়াম, প্রসার, বিস্তার।

ব্যায়াম, (বি+আ+যম্+ঘঞ্) স্ত্র, পুং, শ্রমসাধন ব্যাপার, মল্লক্রীড়া, কুস্তী,

শারীরিক শ্রম, পরিশ্রমাদি, ব্যায়, তাঁও, শকট, দুর্গম, দুরারোহ স্থান, দুর্গম স্থানে ভ্রমণ, পৌরুষ, ব্যাপার, ধৈর্য্য।

ব্যায়ামশীল, ণ, ত্রি, বলিষ্ঠ, দৃঢ়াঙ্গ।

ব্যাযোগ, (বি+আ+যুজ্—যোগকরা+ঘঞ্) স্ত্র, পুং, নাট্যগ্রন্থবিশেষ, রূপবিধরূপকান্তর্গত রূপক বিশেষ।

ব্যাল, (বি+আ+অল্—ভূষিতকরা+অচ্) স্ত্র, পুং, লী—স্ত্রী, সর্প, সর্পী, "ব্যালী তীক্ষ্ণবিষা যথা" রাং। শ্বাপদ, হিংস্র জন্তু, দুষ্টহস্তী। ণ, ত্রি, ক্রূর, বঞ্চক, প্রতারক, দুঃশীল, পাজি, রাজা, ছন্দোবিশেষ, অপকারী, হিংস্র।

ব্যালক, স্ত্র, পুং দুষ্ট গজ, গজীরবেদী, অঙ্কুশদুর্দ্ধর, চালক। [নখ।

ব্যালখড়্গ, ব্যালবল, স্ত্র, পুং, ব্যাল-

ব্যালগন্ধা, স্ত্র, স্ত্রী, নাকুলী নামে গন্ধ দ্রব্য। [ড়িয়া।

ব্যালগ্রহ, স্ত্র, পুং, সর্পগ্রাহী, সাপু-

ব্যালগ্রাহ, ব্যালগ্রাহী, (ব্যাল—সর্প +গ্রাহ—যে গ্রহণ করে, ২-য; ব্যাল +গ্রাহিন্—যে গ্রহণ করে, ২-য) স্ত্র, পুং, আহিতুণ্ডিক, সাপুড়ে, মাল।

ব্যালজিহ্বা, স্ত্র, স্ত্রী, সমদালতা, বড় খদির, খদির। [লতা।

ব্যালদংষ্ট্র, স্ত্র, পুং, গোক্ষুর, গোক্ষুরী

ব্যালনখ, স্ত্র, পুং, গন্ধদ্রব্য বিশেষ, খিয়হা, ব্যালবল।

ব্যালপত্রা, স্ত্র, স্ত্রী, এর্ব্বারু, কাঁকুড়।

ব্যালমৃগ, (ব্যাল+মৃগ—হরিণ) স্ত্র, পুং, চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।

ব্যালম্ব, স্ত্র, পুং, রক্ত এরণ্ডবৃক্ষ, রাঙ্গা ভেরেণ্ডা বৃক্ষ। [বাদ্যযন্ত্র বিশেষ।

ব্যালা, (হিন্দী) বেহালা, বেয়ালা,

ব্যালায়ুধ, ন, বিশেষ, নখী।

ব্যাবক্রোশ, স্ত্র, পুং, পরস্পর আক্রোশন, পরস্পর ক্রোধকরণ।

ব্যাবক্রোশী, ব্যাবক্তাবী, (বি—পরস্পর+অব+ক্রুশ্—রোদনকরা, ক্রোধ করা ইত্যাদি+ঘঞ্, ঈপ্; বি—পরস্পর+অব—বিরুদ্ধ+ভাব্—বলা +অচ্, ঈপ্) স্ত্র, স্ত্রী, পরস্পর আক্রোশন, পরস্পর ক্রোধ প্রকাশ করণ।

ব্যাবর্ত্ত, (বি+আ+বৃৎ+অ) স্ত্র, পুং, নাভিকণ্টক, বেষ্টন, ঘূরণ, নিয়োগ।

ব্যাবর্ত্তন, (বি+আ+বৃৎ—থাকা+অনট্—ভাব) স্ত্র, ন, পরাঙ্মুখ হওয়া, ফেরা। (বি+আ+বর্ত্তি—বর্ত্তান, নিষেধ করান ইত্যাদি+অনট্—ভাব) পরাঙ্মুখীকরণ, ফেরান।

ব্যাবর্ত্তিত, (বি+আ+বর্ত্তি—নিষেধ করান ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, পরাঙ্মুখীকৃত।

ব্যাবহারিক, ণ, ত্রি, ব্যাবহারোপযুক্ত, ক্রিয়াবিচারযোগ্য। স্ত্র, পুং, পরামর্শক

ব্যাবহারী, (বি—পরস্পর+অব—সন্দেহ+হৃ—হরণ করা+ঘঞ্, ইন্) স্ত্র, স্ত্রী, পরস্পরব্যবহার, পরস্পর হরণ।

ব্যবহাসী, (বি—পরস্পর+অব+হস্—হাস্যকরা+অচ্, ঈপ্) স্ত্র, স্ত্রী, পরস্পর হাস্যকরণ। [আবৃত।

ব্যাবৃত, ণ, ত্রি, বিশেষে বেষ্টিত,

ব্যাবৃত্ত, (বি+আ+বৃৎ—থাকা, নিষেধ করা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, নিবৃত্ত, নিষিদ্ধ; খণ্ডিত, পৃথক্কৃত, মনোনীত, বেষ্টিত, অংশীকৃত, স্তুত।

ব্যাবৃত্তি, (বি+আ+বৃৎ+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, খণ্ডন, মনোনয়ন, বেষ্টন, স্তুতি, নিরাকরণ, নিষেধ, বাধা, নিবৃত্তি, নিয়োগ, বিপর্য্যাস।

ব্যাস, (বি+আ+অস্—হওয়া, বিভাগকরা ইত্যাদি+ঘঞ্) স্ত্র, পুং, বেদবিভাগকর্ত্তা মুনিবিশেষ, সত্যবতী তনয়, বিভাগ, বিস্তার, গোলবস্তুর মধ্যরেখা, পরিমাণবিশেষ, সমাসবিগ্রহ বাক্য, পুরাণ-পাঠক

ব্রাহ্মণ। [বৃহৎ লোক সমূহ।
ব্যাসকূট, স্ত্র, পুং, মহাভারতীয়
ব্যাসক্ত, (বি+আসক্ত=রত) ণ, ত্রি, অতি আসক্ত, সংলগ্ন, উদ্ভ্রান্ত, অভিভূত, পৃথক্‌কৃত।
ব্যাসঙ্গ, (বি+আসঙ্গ=সংযোগ) স্ত্র, পুং, বিশেষ মনোযোগ, অতি আসক্তি,বিশেষ সংযোগ। [কের বেদী।
ব্যাসপিঁড়ী, (দেশজ) পুরাণকথ-
ব্যাসপীঠ, স্ত্র, পুং, পুরাণাদি পাঠের বেদী, কথকের বেদী, ব্যাসপিঁড়ী।
ব্যাসমাতা, (ব্যাস+মাতৃ) স্ত্র, স্ত্রী, বেদব্যাসজননী,সত্যবতী,মৎস্যগন্ধা।
ব্যাসাসন, (ব্যাস+আসন) স্ত্র, ন, পুরাণাদি পাঠের আসন,ব্যাসপীঠ।
ব্যাসিদ্ধ, (বি=না+আসিদ্ধ=সম্পন্ন) ণ, ত্রি, নিষিদ্ধ, নিবারিত, অবরুদ্ধ, বিশেষ স্থানে বা বিশেষ ব্যক্তিকে ভিন্ন অন্য স্থানে বা অন্য ব্যক্তিকে বিক্রয় করিতে নিষিদ্ধ।
ব্যাহত, (বি+আ+হন্+ক্ত—চ) ণ, ত্রি, প্রতিবদ্ধ, নিষিদ্ধ, প্রতিবিদ্ধ, নিবারিত, ত্রস্ত, ভীত, অভিভূত, উদ্ভ্রান্ত, প্রতিহত, তাড়িত, দূরীকৃত, হতাশ,বিফলীকৃত। [পরাজয়।
ব্যাহতি, স্ত্র, স্ত্রী, ব্যাঘাত, বিঘ্ন,
ব্যাহন্যমান, (বি+আ+হন্=বধকরা, নিষেধ করা+শানচ্—চ; য, ম—আগম) ণ, ত্রি, প্রতিষিধ্যমান।
ব্যাহার,-পুং, ব্যাহরণ,—ন, (বি+আ +হৃ=হরণকরা, বলা+ঘঞ্, অনট্ ভাব)স্ত্র, কথন,উক্তি,ভাষণ, জল্পন।
ব্যাহৃতি, (বি+আ+হৃ+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, উক্তি, কথন, ভাষণ, জল্পন, মন্ত্রাঙ্গবিশেষ,ভূঃ ভুবঃ স্বঃ প্রভৃতি মন্ত্র
ব্যুৎক্রম, (বি+উৎ=উলটা+ক্রম=নিয়ম) স্ত্র, পুং, ব্যতিক্রম, ক্রমবিপর্য্যয়, অনিয়ম।
ব্যুত্থান, (বি=বিশেষরূপে+উৎ=উপরি+স্থা=থাকা+অনট্—ভাব ; স্—লোপ) স্ত্র, ন, উদয়, বিশেষরূপে উত্থান, উন্নতি, প্রতিরোধ, বিরোধাচরণ, স্বাধীন হইয়া কার্য্যকরণ, সমাধি ভঙ্গের অবসর।
ব্যুৎপত্তি, (বি+উৎ+পদ্=গমনকরা, বোধকরা+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, শাস্ত্রে বিশেষ সংস্কার, জ্ঞানবিশেষ উৎপত্তি, শব্দের প্রকৃতি প্রত্যয়াদি বিভজন।
ব্যুৎপন্ন, (বি+উৎ+পদ্+ক্ত—ম) ণ, ত্রি, পণ্ডিত, কৃতবিদ্য, বিপশ্চিৎ, শাস্ত্র-জ্ঞানবান, ব্যুৎপত্তিযুক্ত, প্রকৃতি প্রত্যয় সাহায্যে-উৎপন্ন।
ব্যুৎপাদক, (বি+উৎ+পাদি=গমন করান, বোধ করান+ণক—ম) ণ, ত্রি, ব্যুৎপত্তিজনক, সংস্কারজনক।
ব্যুৎপাদকতা, (ব্যুৎপাদক+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, ব্যুৎপাদকত্ব, ব্যুৎপত্তিজনকত্ব।
ব্যুৎপাদকশাস্ত্র, স্ত্র, ন, ব্যাকরণ ও সাহিত্যাদি শাস্ত্র, যে শাস্ত্র পাঠে সংস্কার দৃঢ় হয়।
ব্যুৎপাদিত, (বি+উৎ+পাদি+ক্ত—চ) ণ, ত্রি, প্রকৃতি প্রত্যয় সাহায্যে সাধিত। [চ) ণ,ত্রি, ব্যুৎপত্তি লব্ধ।
ব্যুৎপাদ্য, (বি+উৎ+পাদি+ণ্যৎ—
ব্যুত, (বি+উত) ণ, ত্রি, স্যূত।
ব্যুতি, স্ত্র, স্ত্রী, উতি, তন্তুসন্ততি, কাপড় বোনা।
ব্যুদস্ত, (বি+উৎ+অস্=ক্ষেপণকরা, নিবারণকরা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, নিরস্ত, নিবারিত, মর্দ্দিত,নিরাকৃত, পরিত্যক্ত, পরিক্ষিপ্ত,অর্দ্দিত।
ব্যুদাস,(বি+উৎ+অস্+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, নিরাস, নিবারণ, মর্দ্দন, নিরাকরণ, ঔদাস্য, অবজ্ঞা, পরিত্যাগ, যথা "তদৈবেবেজ্ঞোব কার শ্রবণাত্তিথি বৈষেধ বস্ত বিশেষো

নিয়মানুতে কর্ম্মণি ধঞাত্তর বুবাহার"। কোন বস্তুর সমুচিত ব্যবহার না করা। [ব্যাজ, ছল।

ব্যুপদেশ, (বি+উপদেশ) স্ত, পুং,

ব্যুষ্ট, (ব্যুষ্‌=দগ্ধকরা কিম্বা বি+বস্‌ =বাসকরা+ক্ত—চ) ণ, ত্রি, দগ্ধ, অবসান, পর্য্যুষিত, বাসি। স্ত, ন, প্রাতঃকাল, দিন, ফল।

ব্যুষ্টি, (বি+বস্‌=থাকা+ক্তিন্‌; ব=উ) স্ত, স্ত্রী, ফল, পরিণাম, বৃদ্ধি, উন্নতি, প্রশংসা, স্তুতি।

ব্যূঢ়, (বি+বহ্‌=বহনকরা, বড় হওয়া ইত্যাদি+ক্ত—ষ) ণ, ত্রি, প্রশস্ত, চৌড়া, বিস্তৃত, প্রসারিত, বিপুল, পৃথুল, সংহত, স্থূল, স্ফীত, বিন্যস্ত, তুল্য, উত্তম, অত্যুত্তম, বিরোহিত, পরিহিত, দৃঢ়, সুসনদ্ধ, ঠাস।

ব্যূঢ়কঙ্কট, (ব্যূঢ়=বিন্যস্ত+কঙ্কট=সাঁজোয়া) ণ, ত্রি, সন্নদ্ধ, সন্নাহবিশিষ্ট, বর্ম্মিত, কবচিত, সাঁজোয়াপরা।

ব্যূঢ়ি, (বি+ঊহ+ক্তিন্‌—ভাব) স্ত, স্ত্রী, বিন্যাস, সাজান, স্থূলতা।

ব্যূত, (বি+বে=বস্ত্রাদি বোনা+ক্ত —চ; ব=উ) ণ, ত্রি, বোনা, তন্তুদ্বারা নির্ম্মিত, তন্তুসম্ভূত।

ব্যূতি, (বি+বে+ক্তিন্‌—ভাব; ব=উ) স্ত, স্ত্রী, বস্ত্রাদি বয়ন।

ব্যূহ, (বি+ঊহ্‌=তর্ককরা, বিন্যাসকরা, বিস্তারকরা ইত্যাদি+ঘঞ্‌—ভাব) স্ত, পুং, সৈন্যরচনা, বলবিন্যাস, সৈন্যসমূহ, সমূহ, বিস্তার, তর্ক, নির্ম্মাণ, গঠন, দেহ।

ব্যূহতন্তু, স্ত, যে সকল মূল বস্তুতে যে অংশ বিরচিত, তাহা সেই অংশের ব্যূহতন্তু, (Tissue.)

ব্যূহন, স্ত, ন, সৈন্য স্থাপন, সেনাদের শ্রেণীবদ্ধ করণ।

ব্যূহপার্ষ্ণি, (ব্যূহ=সৈন্যসমূহ+পার্ষ্ণি =গুল্ফ বা পশ্চাৎ ভাগ) স্ত, পুং, সৈন্যসমূহের পশ্চাৎভাগ বা পার্শ্ব।

ব্যূহভেদ, স্ত, পুং, সৈন্যদিগের শ্রেণী মধ্যে প্রবেশ করণ।

ব্যূহরচনা, স্ত, স্ত্রী, সৈন্যদিগের শ্রেণীবদ্ধ করণ, যুদ্ধার্থ বিশেষ বিশেষ আকারে সেনা সংস্থাপন।

ব্যোকার, (ব্যো=শব্দকরণ শব্দ, লৌহ +কার=যে করে) স্ত, পুং, লৌহকার লোহার, কর্ম্মকার, কামার।

ব্যোম, (ব্যে=আচ্ছাদন করা+মনঃ নিপাতন) স্ত, ন, শূন্য, গগণ, আকাশ, নভোমণ্ডল, জল, অভ্রক, সূর্য্যদেবের উপাসনার্থ মন্দির।

ব্যোমকেশ, (ব্যোমন্‌=আকাশ+কেশ =চুল ; ৬-হ) স্ত, পুং, গঙ্গাধারণকালে ব্যোমব্যাপী কেশ যাঁহার, শিব।

ব্যোমকেশী, স্ত, পুং, মহাদেব, শঙ্কর।

ব্যোমচারিপুর, স্ত, ন, সৌভপুর।

ব্যোমচারী, (ব্যোমন্‌=আকাশ+চারিন্‌=যে গমন করে, ২-ত) ণ, ত্রি, পক্ষী, দেবতা, গ্রহনক্ষত্রাদি।

ব্যোমধূম, (ব্যোমন্‌=আকাশ+ধূম= ধূঁয়া) স্ত, পুং, মেঘ, জলধর, জীমূত

ব্যোমনাশিকা, স্ত, স্ত্রী, ভারতী পক্ষী, ভাকই পক্ষী।

ব্যোমমঞ্জর, (ব্যোমন্‌=আকাশ+মঞ্জর =ডাঁটা) স্ত, ন, ধ্বজা, পতাকা, কেতু।

ব্যোমমণ্ডল, (ব্যোমন্‌=আকাশ+ মণ্ডল=স্থান) স্ত, ন, পতাকা, ধ্বজা, আকাশমণ্ডল, নভস্থল, গগন।

ব্যোমমুদ্গর, (ব্যোমন্‌=আকাশ+ মুদ্গর=গদা) স্ত, পুং, বায়ুরশব্দ, নির্ঘাত।

ব্যোমযান, (ব্যোমন্‌=আকাশ+ যান=রথাদি, ৬-ত) স্ত, ন, বিমান, দেবযান, বেলুন। [নভস্থল।

ব্যোমস্থলী, স্ত, স্ত্রী, পৃথিবী, ধরণী,

ব্যোমাভ, স্ত, পুং, বুদ্ধদেব।

ব্যোমোদক, স্ত, ন, দিব্যোদক, আকাশ, জল, শিশির।

ব্যোষ, (বি=নানা প্রকার+উষ্=দগ্ধকরা+অচ্) স্ত, ন, ত্রিকটু-শুঁঠ, পিপুল, মরিচ।

শাখী, (শাখা+ইনি—অস্ত্যর্থে) ষ্ণ, পুং, বিটপী, বৃক্ষ, গাছ, বেদ, নৃপবিশেষ, তুরুষ্কদেশীয় লোক। ণ, ত্রি,শাখাযুক্ত। [বিশেষ,শেওড়াগাছ।

শাখোট, (শাখা+ওট) ষ্ণ, পুং, বৃক্ষ

শাঙ্কর, (শঙ্কর=শিব+অণ্ ; শাক্কর শব্দও হয়) ষ্ণ, পুং, বৃষভ, ষাঁড়। ন, ছন্দোবিশেষ। ণ.ত্রি, শঙ্করসম্বন্ধীয়।

শাঙ্করি, (শঙ্কর=শিব+ইঞ—অপত্যার্থে)ষ্ণ.পুং,কার্ত্তিকেয়,স্কন্দ, গণেশ, লম্বোদর। [পুং, শঙ্খবণিক্.শাঁখারি।

শাঙ্খিক, (শঙ্খ+ঠক্—জীবত্যর্থে) ষ্ণ,

শাঙ্গুষ্ঠা, ষ্ণ, স্ত্রী, গুঞ্জা, কুঁচ।

শাট, (শট্=অঙ্গে গমনকরা+অণ্) ষ্ণ,পুং, টী—স্ত্রী, পরিধেয় বস্ত্র,শাড়ী, ধুতি, "লম্বশাটপটাবৃতঃ"।

শাটক, (শট্=[অঙ্গের চারিদিকে] গমন করা+ণক)ষ্ণ, পুং,—ন, টিকা—স্ত্রী, পরিধেয় বস্ত্র, ধুতি, শাড়ী। পুং,—ন. নাটকবিশেষ।

শাঠ্য, (শঠ=ধূর্ত্ত+ষ্যঞ্—ভাবে) ষ্ণ, ন,শঠতা,ধূর্ত্ততা,খলতা,প্রতারকতা।

শাড়, শাডা, (দেশজ)ষ্ণ, শষ্প, শস্য।

শাড়ী, (শাটী শব্দজ) ষ্ণ. স্ত্রীলোকের পরিধেয় বসন।

শাণ, শান, (শো=তীক্ষ্ণকরা+ণ) ষ্ণ, পুং, ণী—স্ত্রী,কষণ প্রস্তর, কষ্টিপাথর, ঘর্ষণপ্রস্তর,শাণপাথর,ক্রকচ,করাত। (শণ+অণ্, বা শণ্+ঘঞ্) ন, শণসূত্র-নির্ম্মিত বস্ত্র।

শাণি, স্ত্র, পুং, পট্টবৃক্ষ, পাটের গাছ।

শাণিত, (শাণ+ইত—সংজ্ঞাতার্থে) ণ, ত্রি, তীক্ষ্ণীকৃত, ধারাল।

শাণী, (শণ=দানকরা+ই) স্ত্র, স্ত্রী, তাম্বু, পটবাস, ছেঁড়া কাপড়, ইঙ্গিত, ইসারা।

শাণ্ডিল্য, (শণ্ডিল=মুনিবিশেষ+যঞ—অপত্যার্থে) স্ত্র, পুং, গোত্রকারক মুনিবিশেষ, বৃক্ষবিশেষ, বিল্ববৃক্ষ, অগ্নির মূর্ত্তিবিশেষ।

শাত, (শো=তীক্ষ্ণকরা+ক্ত—ট) ণ, ত্রি, দুর্ব্বল, কৃশ, সরু, ক্ষীণ, শাণিত, সুখী, সুন্দর, দীপ্তিমান্, প্রভাশালী। স্ত্র, ন, সুখ। (শাদি=পতিত হওয়ান, শদ্‌+অ)পুং, পাতন, পতন।

শাতকর্ণি, স্ত্র, পুং, মুনিবিশেষ।

শাতকুম্ভ, (শতকুম্ভ=পর্ব্বতবিশেষ+অণ্—ভবার্থে) স্ত্র, ন, স্বর্ণ, সুবর্ণ, সোণা। পুং, করবীর বৃক্ষ।

শাতন, (শো=নাশকরা+অনট্=ভাব; নিপাতন)স্ত্র, ন, কৃশকরণ, চাঁচা, তক্ষণ, ছোলা, পতন, পাতন, ছেদন, বিনাশন।

শাতমন্যব, (শতমন্যু+অণ্) ণ, ত্রি, শতমন্যুসম্বন্ধীয়, ইন্দ্রসম্বন্ধীয়।

শাত্রব, (শত্রু+অণ্—স্বার্থে, ভাবে) স্ত্র, পুং, শত্রু। ন, শত্রুতা, দ্বেষ, শত্রুসমূহ।

শাদ, (শো=তীক্ষ্ণকরা+দ) স্ত্র, পুং, পঙ্ক, কর্দ্দম, কাদা, নূতন ঘাস, নবতৃণ। [শ্বেতবর্ণ।

শাদা, (শ্বেতশব্দজ) ণ, শুক্ল, শুভ্র,

শাদ্বল, শাদহরিত, (শাদ=নবতৃণ+বলচ্—অস্ত্যর্থে; শাদ+হরিত=হরিবর্ণ)ণ,ত্রি,নবতৃণ দ্বারা হরিদ্বর্ণ স্থান।

শান, (শো=তীক্ষ্ণকরা+অনট্) স্ত্র, ন, তীক্ষ্ণীকরণ। পুং, ঘর্ষণবস্তু, কর্ষণ প্রস্তর। [চন্দন পিঁড়ি।

শানপাদ, স্ত্র, পুং, পারিযাত্র পর্ব্বত,

শান্ত, (শম্=শান্তহওয়া+ক্ত—ই) ণ, ত্রি, শমগুণবিশিষ্ট, সৌম্য, জিতেন্দ্রিয়, শিষ্ট, বিনীত, পরিষ্কৃত, বিহতীকৃত, মলযুক্ত, শমতাপ্রাপ্ত, নিবৃত্ত, মৃত, বিনষ্ট, উপরত, বিগত, গতজীবন, শান্তিপ্রাপিত, দমিত, দান্ত, বশীভূত। স্ত্র, পুং, কাব্যের নবরসের এক রস, যেখানে সুখদুঃখ রাগ দ্বেষ প্রভৃতি কোন ইচ্ছা না থাকে এবং শম প্রধান হয়, তাহাকে শান্তরস বলে।

শান্তনব, (শান্তনু+অণ্—অপত্যার্থে) স্ত্র, পুং, শান্তনুর পুত্র, ভীষ্ম, কৌরবপিতামহ, গাঙ্গেয়।

শান্তনু, (শং=মঙ্গল+তনু=শরীর; ৬,হ; অ স্থানে আ, কিংবা শান্তি শব্দজ) স্ত্র, পুং, চন্দ্রবংশীয় নৃপবিশেষ, প্রতীপের পুত্র, ভীষ্মের পিতা।

শান্তম্, (শান্ত+অম্) ব্য, নিবৃত্ত, শমতাপ্রাপ্ত, বারণ।

শান্তা, (শান্ত+আপ্)স্ত্র, স্ত্রী, লোমপাদ রাজার কন্যা, কিম্বা দশরথ রাজার কন্যা, ঋষ্যশৃঙ্গ মুনির পত্নী।

শান্তি, (শম্—শান্ত হওয়া+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, চিত্তের স্থিরতা, শমগুণ, "যৎকিঞ্চিৎ বস্তু সম্প্রাপ্য স্বল্পং বা যদি বা বহু, যা তুষ্টির্জায়তে চিত্তে শান্তিঃ সা গদ্যতে বুধৈঃ"। নিরুপদ্রব, সৌভাগ্য, মুক্তি, শুভাকর, বিশ্রাম, নিবৃত্তি, বিষয়াদি হইতে ইন্দ্রিয়ের নিবৃত্তি, বিঘ্নাদি নিরাকরণ, মঙ্গল, বিঘ্ননাশ, বিধ্বংস, বিনাশ।

শান্ত্যুদকুম্ভ, (শান্ত্যুদ [শান্তি+উদ=জল]=শান্তিজল+কুম্ভ=কলস) স্ত্র, পুং, শান্তিজলের কলস।

শাপ, (শপ্=দিব্যকরা, শাপদেওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, অভিসম্পাত, শাপ দেওয়া, দিব্য, শপথ, নিন্দা।

শাপটিক, স্ত্র, পুং, শিখী, ময়ূর।

শাপাস্ত্র, (শাপ=অভিসম্পাত+অস্ত্র; ৬,হ) স্ত্র, পুং, ঋষি, মুনি, এইরূপ

ব্যক্তি দ্বারা শাপ উচ্চারিত হইলে, দেবতাদের পক্ষেও ভয়কর হইয়া উঠে। [শব্দ।
শাবল, (শর্ব্বল শব্দজ) স্ত্র, খনিত্র,
শাবান, (যাবনিক) বা, বস্ত্রাদি ক্ষালনার্থ চূর্ণ, চর্ব্বি বা তৈল, সাজিমাটী ও জল মিশ্রণ দ্বারা প্রস্তুত পদার্থবিশেষ।
শাবুদ, (যাবনিক)স্ত্র.সাক্ষ্য, প্রমাণ।
শাব্দ, (শব্দ+অ—সম্বন্ধার্থে) ণ, ত্রি, শব্দ সম্বন্ধীয়, শব্দজাত।[জ্ঞান,পদার্থ।
শাব্দবোধ, স্ত্র, পুং, শব্দার্থ প্রতিপাদ্য
শাব্দিক, (শব্দ+ষ্ণিক—জাতার্থে)স্ত্র, পুং, শব্দশাস্ত্রবেত্তা, ব্যাকরণবিৎ পণ্ডিত। [সন্ধি,মিল,সদ্‌ভাব,কুশল।
শাম্, (শম—শান্ত হওয়া+অন্)স্ত্র.ন,
শামন, (শমি—শান্ত হওয়া + অন—ভাব)স্ত্র, ন, বধ, হত্যা, মারণ। পুং, প্রেতরাজ,যম। নী,—স্ত্রী,দক্ষিণদিক্
শামলা, (শ্যামল শব্দজ) ণ, শ্যামবর্ণ, কৃষ্ণবর্ণ। স্ত্র, শালের পাকড়ী।
শামিত্র, (শমি—শান্ত হওয়া + ইত্র) স্ত্র, ন, যজ্ঞ, যজ্ঞপাত্র, পশুবন্ধন।
শামিয়ানা, (যাবনিক)স্ত্র, আচ্ছাদন, আবরণ,ছাদ,চাঁদনি [শুক্তি,ঝিনুক।
শামুক, (শম্বুক শব্দজ) স্ত্র, শম্বুক,
শাম্বিক, (শম্বু—শামুক+ইক—জীবিতার্থে) স্ত্র, পুং, শঙ্খকার, শাঁখারি।
শাম্বরী, (শম্বর—অসুরবিশেষ+অ; —ঈ) স্ত্র,স্ত্রী, শম্বরাসুর কৃত মায়াবিদ্যা, ইন্দ্রজাল, ভেলকী, কুহক।
শাম্বুক, শাম্বূক, (শম্বুক, শম্বূক+অণ্) স্ত্র, পুং, শম্বুক, শামুক।
শাম্ভব, (শম্ভু—শিব+অ) স্ত্র, পুং, শিবভক্ত, শৈব, শম্ভুপুত্র, দেবদারু বৃক্ষ, বিষবিশেষ। বী—স্ত্রী, দুর্গা।
শায়ক, (শো—তীক্ষ্ণকরা+ণক) স্ত্র,পুং, বাণ, শর, তীর, খড়্গ।
শায়িত, (শায়ি—শোয়ান+ক্ত—ত) ণ, ত্রি, শয়িত, যাহাকে শোয়ান হইয়াছে।
শার, (শৄ—হিংসাকরা+অণ্) ণ, ত্রি, শুক্ল, রক্ত ও কৃষ্ণ এই তিন বর্ণ মিশ্রিত নামা বর্ণ, কর্ব্বুর। স্ত্র, পুং, উক্ত প্রকার বর্ণ, পাশক, পাশা, দ্যুত, হিংসা, বায়ু।
শারঙ্গ, (শার—হিংসন + গম্ — গমনকরা+ড ; অথবা শার—বর্ণত্রয় মিশ্রিত+অঙ্গ—দেহ ; ৬.হ)স্ত্র.পুং,মৃগ, হরিণ.হস্তী,ভ্রমর,চাতক পক্ষী,ময়ূর।
শারদ, (শরদ—বৎসর, শরৎকাল+অণ, অ)স্ত্র, পুং, অব্দ, বৎসর, শস্য, শ্বেত পদ্ম। ণ, ত্রি. শরৎকালীন, নূতন, অপ্রতিভ, বিনীত। দা—স্ত্রী, দুর্গা,বাগ্দেবী, সরস্বতী, বীণাবিশেষ।
শারদীয়, (শরদ্ + ঈয়—উৎপন্নার্থে) ণ, ত্রি, শরৎকালসম্বন্ধীয়, শরৎকাল জাত, শরৎকালীন।
শারি, (শৄ—হিংসা করা + ই)স্ত্র, পুং, পাশা ক্রীড়ার ঘুঁটি।—রী,রিকা,স্ত্রী, পক্ষিণীবিশেষ,শালিক পাখী,ময়নাপাখী, বীণাদি বাজাইবার যষ্টি, ছল, প্রতারণা, ছল, অক্ষ গুটিকা, পাশার গুটি, ব্যবহার বিশেষ, যুদ্ধার্থীয় পালান।
শারিফল, শারিফলক, (শারি—পাশক্রীড়াদির বল+ফল, ফলক) স্ত্র, ন, পাশক্রীড়ার ঘর বা ছক্।
শারীর, (শরীর+অ) ণ, ত্রি, শরীর হইতে জাত, শরীর সম্বন্ধীয়। স্ত্র,ন, বেদান্ত সূত্র। পুং, জীবাত্মা।
শারীরক, (শারীর+ক)স্ত্র, ন, শঙ্করাচার্য্যকৃত বেদান্ত মীমাংসাভাষ্য।
শারীরবিধান, স্ত্র, যাবতীয় সজীব পদার্থ যে যে নিয়মে অবস্থিতি করে, উৎপন্ন ও বৃদ্ধিপ্রাপ্ত হয়; সেই নিয়ম বিধায়ক শাস্ত্র। (Physiology.)
শারীরতত্ত্ব, শারীরস্থান, স্ত্র, শরীরের

তত্ত্বনির্ণায়ক শাস্ত্র (Anatomy.)

শারীরশাস্ত্র, স্ক, সজীব পদার্থ সমূহের শরীরগত রাসায়নিক কার্য্য যে শাস্ত্র দ্বারা জ্ঞাত হওয়া যায়।

শারীরিক, (শরীর+ঠক্—ইদমর্থে) ণ, ত্রি, শরীরসম্বন্ধীয়, কায়িক, দৈহিক। স্ক, পুং, জীবাত্মা। ন, বেদান্ত সূত্র।

শারুক, (শৃ—হিংসা করা+উকণ্—ক, শীলার্থে) ণ, ত্রি, হিংসক, হিংস্র

শার্ক, (শৃ+ক) ব্য, পুং, শর্করা, চিনি, দলো, খাঁড়, মিছরী।

শার্কক, (শার্ক+কণ্—যোগ) ব্য, পুং, দুগ্ধফেন দুধের ফেনা, চিনির ডাল, শর্করাপিণ্ড।

শার্কর, (শর্করা=চিনি, কাঁকর+অণ্—যুক্তার্থে) ণ, ত্রি, শর্করাযুক্ত, শর্করাসম্বন্ধীয়, কাঁকর মিশ্রিত, কাঁকুরে, দানাদার। ব্য, পুং, দুগ্ধফেন।

শার্ঙ্গ, (শৃঙ্গ—শিং+অণ্—সম্বন্ধার্থে) ণ, ত্রি, শৃঙ্গনির্ম্মিত, শৃঙ্গসম্বন্ধীয়। স্ক, ন, ধনুক, শরাসন, চাপ, বিষ্ণুর ধনুক।

শার্ঙ্গী, শার্ঙ্গপাণি, (শার্ঙ্গ=ধনুক+ইনি—অস্ত্যর্থে; শার্ঙ্গ+পাণি ; ৬.ষ) স্ক, পুং, বিষ্ণু, ধনুর্দ্ধারী।

শার্দ্দূল, (শৃ—হিংসাকরা+দূলচ্) স্ক, পুং, ব্যাঘ্র, তরক্ষু, রাক্ষস, পক্ষীবিশেষ। (কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ। [পাদচ্ছন্দোবিশেষ।

শার্দ্দূলললিত, স্ক, ন, অষ্টাদশাক্ষর-

শার্দ্দূলবিক্রীড়িত, স্ক, ন, ঊনবিংশত্যক্ষর-পাদচ্ছন্দোবিশেষ, যাহার ৪র্থ, ৫ম, ৭ম, ৯ম, ১০ম, ১১শ, ১৫শ, ও ১৮শ বর্ণ লঘু, অবশিষ্ট সমুদায় গুরু।

শার্ব্বর, (শর্ব্বরী—রাত্রি+অণ্—ইদমর্থে) স্ক, ন, অন্ধতমঃ, নিবিড় অন্ধকার, গাঢ় অন্ধকার। ণ, ত্রি, রাত্রিকালীন, শর্ব্বরীসম্বন্ধীয়, ঘাতুক। স্ত্রী—স্ত্রী, রাত্রি, নিশা, রজনী।

শাল, সাল, (শল্—গমনকরা, কিম্বা শাল্—প্রশংসা করা+অচ) স্ক, পুং, মৎস্যবিশেষ, নৃপবিশেষ, শালিবাহন রাজা, প্রাচীর, প্রাকার, বৃক্ষ, সর্জ্জবৃক্ষ, নদবিশেষ।

শালগ্রাম,—সা, (স—সহিত+অর—চক্র+গ্রাম—সমূহ; ১.ষ, স্—শ। অথবা শাল—বৃক্ষ+গ্রাম—সমূহ; ৬ ষ; কিম্বা শালগ্রাম—দেশবিশেষ+ক) স্ক, পুং, কীটচ্ছিদ্রিত চক্রযুক্ত গণ্ডকীস্থিত শিলাখণ্ডবিশেষ, বিষ্ণুর মূর্ত্তিবিশেষ, দেশবিশেষ। (স কারাদিও হয়।)

শালঙ্কায়ন, স্ক, পুং, মুনিবিশেষ, শিবের প্রধান অনুচর, নন্দী।

শালজ, স্ক, পুং, শালমাছ

শালনির্য্যাস, শালবেষ্ট, (শাল+নির্য্যাস, বেষ্ট—আটা, ৬-ষ) স্ক, পুং, সর্জ্জরস, ধুনা।

শালভঞ্জী, শালভঞ্জি, শালভঞ্জিকা, (শাল—বৃক্ষবিশেষ+ভন্জ—ভাঙ্গা, বেঁদা করা+অচ, ঙীপ ; +ই, কণ—যোগে শালভঞ্জিকা) স্ক, স্ত্রী, যাহার জন্যে শাল কাষ্ঠকে চাঁচে, কাঠের পুতুল, কাষ্ঠপুত্তলিকা, বারাঙ্গনা, বেশ্যা।

শালব, স্ক, পুং, লোধ্র, লোধবৃক্ষ।

শালসার, স্ক, পুং, বৃক্ষশ্রেষ্ঠ, হিঙ্গু, হিং।

শালা, (শল্—গমনকরা+অচ, আপ্) স্ক স্ত্রী, গৃহ, ভবন, গৃহের একদেশ, বড় ডাল।

শালাকী, (শলাক, [শলাকা+অণ্—সম্বন্ধার্থে]+ইনি—অস্ত্যর্থে) স্ক, পুং, অস্ত্রচিকিৎসক, নাপিত, শেলধারী।

শালাঙ্কী, (শালা—গৃহ+অন্ক—গমন করা+অচ্, ঙীপ্) স্ক, স্ত্রী, শালভঞ্জিকা, কাঠের পুতুল [শ্যালকপত্নী।

শালাজ, (দেশজ) স্ক, শ্যালকের জায়া,

শালাজির, (শালা—গৃহ+জৄ—জীর্ণ হওয়া+অচ্) স্ক, পুং, ন, শরা, সরাব।

শালামৃগ, (শালা—গৃহ+মৃগ—হরিণ, পশু) স্ক, পুং, শৃগাল, শিয়াল।

শালার, (শালা—গৃহ+ঋ—গমন করা +অচ্) ষ্য, পুং, হস্তীর নখ, ঝিঁঝি, পাখীর খাঁচা, পিঞ্জর, পিঁজরা।

শালানী, স্ত্র, স্ত্রী, শালপর্ণী, ভূমি কুষ্মাণ্ড।

শালাবৃক, (শালা—গৃহ+বৃক—নেকড়িয়া বাঘ) ষ্য, পুং, বানর, কুকুর, শৃগাল, হরিণ, বিড়াল, গন্ধগোকুলা।

শালি, (শাড়্—ভাসা+ইন্, ড স্থানে ল) স্ত্র, পুং, ধান্য, গন্ধ-মার্জ্জার।

শালিক, স্ত্র, পুং, তন্তুবায়, তাঁতি, গ্রামশিল্পী, কর, শুল্ক। (দেশজ) পক্ষি বিশেষ। [ণ, বাৎসরিক, বার্ষিক।

শালিআনা, শালিয়ানা, (যবনভাষা)

শালিনী, (শালিন্+ঈপ্) স্ত্র, স্ত্রী, একাদশাক্ষর-পাদছন্দোবিশেষ, যাহার ৬ষ্ঠ ও ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট সমুদায় গুরু। [সলা।

শালিনীকরণ, স্ত্র, ন, তিরস্কার, ভর্ৎ-

শালিপিষ্ট, (শালি—ধান্য+পিষ্ট—চূর্ণ) স্ত্র, ন, স্ফটিক মণি।

শালিবাহন, (শালি—সিংহরূপী যক্ষ +বাহন ; ৬. ত) স্ত্র, পুং, শাকপ্রবর্ত্তক নৃপবিশেষ, এই রাজা শৈশবকালে যক্ষের উপরে আরোহণ করিয়া বেড়াইতেন।

শালিহোত্র, (শালি—ধান্য, শস্য+ হোত্র—হোম) স্ত্র, পুং, অশ্ব, ঘোটক, বাজী, তুরঙ্গ, হয়।

শালী, (শালা—গৃহ+ইন্—অস্ত্যর্থে, কিম্বা শীল—এ গাত্র প্রবৃত্তহওয়া+ ইন্ ; ঈ স্থানে আ) ণ, ত্রি, বিশিষ্ট, যুক্ত, শোভমান। [ভার্য্যার ভগিনী।

শালী, (স্যালী বা স্যালিকা শব্দজ) স্ত্র,

শালীন, (শালা—গৃহ+খ, যে গৃহ প্রবেশের যোগ্য) ণ, ত্রি, শালা সম্বন্ধীয়, বিনীত, অপ্রগল্‌ভ, সলজ্জ, লাজুক, মসৃণ, তুল্য।

শালু, (শৃ—হিংসা করা+উ ; র—ল) স্ত্র, পুং, কষায় দ্রব্য, ভেক, মণ্ডূক, ব্যাঙ, গন্ধদ্রব্যবিশেষ। ন, শালুকের গেঁড়ো।

শালুক, শালূক, (শল্—গমনকরা+ ঊক ; পক্ষে ঊকারের হ্রস্ব) স্ত্র, ন, পদ্মাদির মূল।

শালূর, (শল্—গমন করা+ঊরচ্ ; শালুর শব্দও হয়) স্ত্র, পুং, মণ্ডূক, ভেক, ব্যাঙ।

শালেয়, (শালি—ধান্য+ঢক্—তৎ-ক্ষেত্রার্থে) ণ, ত্রি, শালি জন্মিবার উপযুক্ত ক্ষেত্র। স্ত্র, পুং, মধুরিকা, মৌরি। [নিশ্রেণী, তক্তা।

শালেয়া, (শালেয়+আ) স্ত্র, স্ত্রী,

শালোত্তর, (শাল+উত্তর) স্ত্র, ন, পাণিনি মুনির আশ্রম।

শালোত্তরীয়, (শালা—গৃহ+উত্তরীয়) স্ত্র, পুং, পাণিনি, প্রসিদ্ধ বৈয়াকরণ, ইনি নির্বুদ্ধিতাহেতু গুরুগৃহ হইতে তাড়িত হইয়া শিবোপাসনায় এই বিদ্যা উপার্জ্জন করিয়াছিলেন।

শালতী, (শাল শব্দজ) স্ত্র, শালবৃক্ষ-নির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা।

শাল্মল,—পুং, শাল্মলি, পুং—স্ত্রী, (শল্ —গমন করা+মল, মলি) স্ত্র, শিমুল-গাছ, সপ্তদ্বীপের এক দ্বীপ।

শাল্মলী, স্ত্র, পুং, পক্ষীন্দ্র, গরুড়, বৈনতেয়, সুপর্ণ। লিনী—স্ত্রী, শিমুল গাছ।

শাল্মলীবেষ্ট, (শাল্মলী—শিমুলগাছ+ বেষ্ট—নির্যাস) স্ত্র, পুং, শিমুল গাছের আটা। [রাজাবিশেষ।

শাব, স্ত্র, পুং, দেশবিশেষ, মরুদেশ,

শাব, শাবক, (শব্—গমনকরা+ণ, ক্রণ্—যোগ) স্ত্র, পুং, শিশু, বৎস, ছানা। ণ, ত্রি, শবসম্বন্ধীয়।

শাবর, (শবর—নীচ জাতি বা নীচ লোক+অণ্) স্ত্র, পুং, লোধ, পাপ, অপরাধ, লোধবৃক্ষ। ন, শবরকৃত ভাষ্যগ্রন্থ, চর্ম্ম। ণ, ত্রি, শবর-

সম্বন্ধীয়। [স্ত্রী।
শাশুড়ী, (শ্বশ্রূ শব্দজ) স্ত্রী, শ্বশুরের
শাশ্বত, (শশ্বৎ=সর্ব্বদা+অণ্—ভবার্থে)ণ, ত্রি, অবিনশ্বর, নিত্য। স্থ, পুং, বেদব্যাস।
শাষ্কুল, (শষ্কুলী=মাংস+অণ্—ভক্ষণার্থে; নিপাতন) ণ, ত্রি, মাংসভোজী, মাংসাহারী।
শাসক, (শাস্+ণক—ষ) ণ, ত্রি, শাসনকারী, শাসনকর্ত্তা।
শাসন, (শাস্=শাসন করা+অনট্—ভাব) স্থ, ন, আদেশ, আজ্ঞা, উপদেশ, আজ্ঞাপত্র, সনন্দ, লিখিতপত্র, কূটলিখিতাদি, শাস্ত্র, দেবতা বা মুনিপ্রণীত গ্রন্থ, বেদাদি, দণ্ড, দমন, প্রতিপালন, পরিপোষণ, ভরণ।
শাসনতন্ত্র, স্থ, ন, রাজ্যশাসনপ্রণালী।
শাসনপত্র, স্থ, ন, পরওয়ানা।
শাসনহর, শাসনহারী, (শাসন=আজ্ঞা+হর—যে গ্রহণ করে, শাসন=আজ্ঞা+হারিন্=যে গ্রহণ করে, ২-ষ) স্থ, পুং, আজ্ঞাবাহক, সন্দেশহারক, দূত, রাজদূত, পেয়াদা।
শাসনীয়, (শাস্+অনীয়র্—চ) ণ, ত্রি, শিক্ষণীয়, শাসনের যোগ্য, দম্য।
শাসিত, (শাস্+ক্ত—চ) ণ, ত্রি, শিক্ষিত, দণ্ডিত, প্রতিপালিত।
শাসিতা, (শাস্=শাসনকরা+তৃচ্—ষ) ণ, ত্রি, শিক্ষক, শাসনকর্ত্তা, উপদেশক, গুরু।
শাস্তা, (শাস্+তৃচ্—ষ) ণ, ত্রি, শিক্ষয়িতা, শাসনকর্ত্তা, উপদেষ্টা।
শাস্তি, (শাস্+ক্তি—ভাব) স্থ, স্ত্রী, শাসন, দণ্ড, নিয়ম, নিগ্রহ।
শাস্ত্র, (শাস্=শাসনকরা, শিক্ষা দেওয়া+ত্রন্—ভাব, ষ) স্থ, ন, গ্রন্থ, পুস্তক, শাসন, আজ্ঞা, দেবতা বা মুনিপ্রণীত গ্রন্থ, বেদ তন্ত্র পুরাণ দর্শনাদি।
শাস্ত্রকৃৎ, (শাস্ত্র+কৃৎ—যে করে, ২-ষ) স্থ, পুং, শাস্ত্রকর্ত্তা ঋষ্যাদি।
শাস্ত্রগণ্ড, স্থ, পুং, যে সকল শাস্ত্রই কিছু কিছু জানে।
শাস্ত্রজ্ঞ, শাস্ত্রতত্ত্বজ্ঞ, শাস্ত্রদর্শী, শাস্ত্রবিদ্, (শাস্ত্র+জ্ঞ—যে জানে, ২-ষ; শাস্ত্র+তত্ত্ব=যাথার্থ্য+জ্ঞ—যে জানে, ৬-ষ+২-ষ; শাস্ত্র+দর্শিন্—যে দেখে, +বিদ্—যে জানে, ২-ষ)ণ, ত্রি, শাস্ত্রে পারদর্শী।
শাস্ত্রশিল্পী, (শাস্ত্র+শিল্পী—শিল্পকর্ম্মকারী) স্থ, পুং, কাশ্মীর দেশ। বহুং, তদ্দেশীয় লোক।
শাস্ত্রসিদ্ধ, (শাস্ত্র+সিদ্ধ) ণ, ত্রি, বিধিপ্রতিপাদিত, শাস্ত্রপ্রমাণ।
শাস্ত্রাচরণ, (শাস্ত্র+আচরণ=যে শিক্ষা জন্য গমন করে)ণ, ত্রি, শাস্ত্র পারদর্শী, যে শাস্ত্র জানে, বিদ্বান্, বিপশ্চিৎ।
শাস্ত্রী, (শাস্ত্র+ইন্—জ্ঞানার্থে) স্থ, পুং, বিদ্বান্, বিপশ্চিৎ, পণ্ডিত, শাস্ত্রদর্শী।
শাস্ত্রীয়, (শাস্ত্র+ছ—অনপেতার্থে) ণ, ত্রি, শাস্ত্রসম্মত, শাস্ত্রসিদ্ধ, শাস্ত্রসম্বন্ধীয়। [সম্মত, শাস্ত্রবিহিত।
শাস্ত্রোক্ত, (শাস্ত্র+উক্ত)ণ, ত্রি, শাস্ত্র-
শাস্য, (শাস্=শাসন করা+যৎ—চ) ণ, ত্রি, শাসনযোগ্য, শাসনীয়, উপদেষ্টব্য, শিক্ষণীয়। [ধারণ বা গা ভূষণ।
শিঁথী, (সীমন্ত শব্দজ) স্থ, সীমন্তে
শিংশপা, (শীঘ্র বা শীর্ষ+পা—পালন করা+ড, আপ্; নিপাতন) স্থ, স্ত্রী, শিশুগাছ, বৃক্ষবিশেষ। [বৃক্ষবিশেষ।
শিউলি, (শেফালিকা শব্দজ) স্থ, পুষ্প-
শিকড়, (দেশজ) স্থ, শিফা, বৃক্ষাদির মূল।
শিকল, (শৃঙ্খল শব্দজ) স্থ, জিঞ্জির, নিগড়। [পার্শ্ব রজ্জুময় আধারবিশেষ।
শিকা, (শিক্যশব্দজ) স্থ, দ্রব্যাদি রক্ষ-
শিক্, (দেশজ) স্থ, দীর্ঘলৌহশলাকা।
শিকু, ত্রি, অলস, নিকর্ম্মা।

শিক্থ, শিক্থক, স্ত্র, ন, মোম। পুং, একগ্রাস অন্ন।

শিক্য, (শক্=পারকহওয়া+যৎ ; শক্ স্থানে শিক্) স্ত্র, ন, ক্যা—স্ত্রী, শিকা, রজ্জুবিকার।

শিক্যিত, (শিক্য=শিকা+ইত) ণ, ত্রি, শিকো স্থাপিত, শিকায় ঝুলান।

শিক্ষক, (শিক্ষ্=উপদেশদেওয়া+ণক—ষ, অথবা শিক্ষা+ক—জ্ঞাতার্থে) ণ, ত্রি, শিক্ষাদায়ক, অধ্যাপক, গুরু, শাসনকর্ত্তা।

শিক্ষণ, (শিক্ষ্ + অনট্—ভাব) স্ত্র,ন, শিক্ষা, অভ্যাস, অধ্যয়ন।

শিক্ষণীয়, (শিক্ষ্+অনীয়র্—ট) ণ, ত্রি, শিক্ষা করিবার যোগ্য, উপদেষ্টব্য।

শিক্ষয়িতা, (শিক্ষ্+তৃচ্—ষ) ণ,ত্রি, শিক্ষক, অধ্যাপক, যে শিক্ষা দেয়।

শিক্ষা, (শিক্ষ্+আপ্—ভাব) স্ত্র, স্ত্রী, অভ্যাস, বিনয়, উপদেশ, অধ্যয়ন, দমন, উচ্চারণ-বোধক বেদাঙ্গ গ্রন্থবিশেষ।

শিক্ষাকর, (শিক্ষা=উচ্চারণ নিয়মবোধক শাস্ত্র+কর=করণ) ণ, ত্রি, শিক্ষাকারক, যে শিখে। স্ত্র, পুং, বেদব্যাস। [গুরু।

শিক্ষাগুরু, স্ত্র,পুং, শিক্ষক, বিদ্যাদাতা

শিক্ষিত, (শিক্ষ্+ক্ত—ট) ণ, ত্রি, শিক্ষাপ্রাপ্ত, কৃতবিদ্য, উপদিষ্ট।

শিক্ষিতাক্ষর, (শিক্ষিত=শিক্ষাপ্রাপ্ত +অক্ষর=বর্ণ, ৩-ব) স্ত্র, পুং, ছাত্র, শিষ্য, অন্তেবাসী, পড়ুয়া।

শিখণ্ড, শিখণ্ডক, (শিখণ্ডিন্=ময়ূর+অন্=গমনকরা+ড ; নিপাতন) স্ত্র, পুং, ময়ূরপুচ্ছ, বর্হ, কাকপক্ষ, জুল্পী, শিখা, চূড়া।

শিখণ্ডিক, (শিখণ্ড=শিখা, চূড়া+ঠক বা কন্) স্ত্র,পুং, কুকুট, কুঁকড়া। কা—স্ত্রী, শিখা, চূড়া।

শিখণ্ডী, (শিখণ্ড+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, ময়ূর, শিখী, বর্হী, ময়ূরপুচ্ছ, বর্হ, দ্রুপদ রাজার পুত্র, কুক্কুট, সপ্তর্ষিমণ্ডলের যে কোন ঋষি, বাণ, শর, ইষু, সায়ক। ণ, ত্রি, শিখণ্ডযুক্ত। নী—স্ত্রী, দ্রুপদকন্যা, ময়ূরী, মল্লিকাবিশেষ। [উপদেশ।

শিখন, (শিক্ষণ শব্দজ) স্ত্র, অভ্যাস,

শিখর, (শিখা=চূড়া+রচ্) স্ত্র, পুং—ন, পর্ব্বতের শৃঙ্গ, অগ্রভাগ, বৃক্ষাগ্র, রোমাঞ্চ, পুলক, কোটি, কক্ষ, বগল, শুকতৃণ, রত্নবিশেষ, যাহার বর্ণ দাড়িমীবীজের বর্ণসদৃশ, খড়্গের অগ্রভাগ।

শিখরবাসিনী, (শিখর=হিমালয় পর্ব্বতের শৃঙ্গ+বাসিনী=বাসকারিণী) স্ত্র, স্ত্রী, পার্ব্বতী, দুর্গা, গৌরী, ভবানী, অম্বিকা, শিবা।

শিখরা, (শিখর+আ) স্ত্র, স্ত্রী, নবমালিকা, দ্রাক্ষাবিশেষ, মূর্ব্বালতা, ছন্দোবিশেষ।

শিখরী, (শিখর+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, পর্ব্বত, অচল, নগ, মহীধর, বৃক্ষ, তরু, পাদপ, শাখী, বিটপী, মহীরুহ। ণ, ত্রি, অগ্রভাগবিশিষ্ট, পর্ব্বতদুর্গ, টিট্টিভ পক্ষী, টিটির পাখী। রিণী-স্ত্রী, উত্তমা স্ত্রী, দুগ্ধের সর ও চিনি দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিশেষ, রোমাবলী, মল্লিকা, সপ্তদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ, যাহার ২য় অবধি ৬ষ্ঠ পর্য্যন্ত এবং ১২শ ১৩শ ১৭শ বর্ণ গুরু, অবশিষ্ট সমুদায় লঘু।

শিখা, (শী=শয়নকরা+খ, আপ্) স্ত্র, স্ত্রী, চূড়া, কিরীট, অগ্রভাগ, মস্তকস্থ কেশগুচ্ছ, টিকী, অর্চ্চিঃ, জ্বালা, আগুনের শীষ, শাখা, কামজ্বর, প্রধান, লাঙ্গলিয়া গাছ।

শিখাণ্ডক, (শিখা+অণ্ডক) স্ত্র, পুং, কাকপক্ষ, ঝুঁটি।

শিখাতরু, (শিখা—আগুণের শীষ+তরু—বৃক্ষ) স্ত্র, ন, পিলসুজ।

শিখাধর,শিখাধার,শিখাধারক, (শিখা+ধর, ধার, ধারক—যে ধারণ করে) স্ত্র,পুং, ময়ূর, শিখী, বর্হী।

শিখামূল, ন, মূলী, গাজর এবং তৎসদৃশ অন্যান্য মূল।

শিখাবর, স্ত্র, পুং, কাঁটালগাছ।

শিখাবল, (শিখা+বল—অস্ত্যর্থে) স্ত্র, পুং, ময়ূর, শিখী।

শিখাবান্, (শিখা+বৎ—অস্ত্যর্থে) স্ত্র, পুং, অগ্নি, কৃশানু, অনল, দহন, জাতবেদা, হুতভুক্, কেতু গ্রহ। ণ, ত্রি, শিখাবিশিষ্ট।

শিখাবৃক্ষ, (শিখা—অগ্নিশিখা+বৃক্ষ—গাছ) স্ত্র, পুং, দীপাধার, পিলসুজ, শামাদান।

শিখাবৃদ্ধি,(শিখা—টিকী+বৃদ্ধি[বর্দ্ধন]—সুদ, যাহা সর্ব্বদাই বৃদ্ধি হয়) স্ত্র, স্ত্রী, মূলধন নষ্ট না করিয়া প্রত্যহ সুদ লওয়া।

শিখিকণ্ঠ, শিখিগ্রীব, (শিখিন্—ময়ূর+কণ্ঠ, গ্রীবা+অচ্—তদ্বর্ণার্থে) স্ত্র, ন, তুথ, তুঁতিয়া।

শিখিধ্বজ,(শিখিন্—অগ্নি, ময়ূর+ধ্বজ—চিহ্ন) স্ত্র, পুং, ধূম, ধূঁয়া, কার্ত্তিকেয়,কুমার,সেনানী,স্কন্দ, ষড়ানন।

শিখিবর্দ্ধক, স্ত্র, পুং, কুষ্মাণ্ড, কুমড়া।

শিখিবাহন, (শিখিন্—ময়ূর+বাহন; ৬.হ)স্ত্র,পুং,কার্ত্তিকেয়,স্কন্দ, সেনানী, ষড়ানন, শরজন্মা।

শিখিশিখা, স্ত্র, স্ত্রী, অগ্নিশিখা, ময়ূরচূড়া, শিখিশেখর।

শিখী, (শিখা+ইন্— অস্ত্যর্থে) স্ত্র,পুং, অগ্নি, ময়ূর, পর্ব্বত, শর, বাণ, বৃষ, কেতুগ্রহ, কুক্কুট, ঘোটক, ব্রাহ্মণ, বৃক্ষ। ণ, ত্রি, শিখাযুক্ত।

শিগ্রু, (শি—তীক্ষ্ণকরা+রক্; গ—আগম) স্ত্র, পুং, সজিনাগাছ, শাক, মোরঙ্গ বৃক্ষ।

শিঙ্গা, (শৃঙ্গশব্দজ) স্ত্র,বাদ্যযন্ত্রবিশেষ।

শিঙ্গাড়া,(শৃঙ্গাটক শব্দজ)স্ত্র,পাণীফল।

শিঙ্গী, (দেশজ) স্ত্র, মৎস্যবিশেষ।

শিঙ্ঘাণ,(শিন্‌ঘ্—আঘ্রাণকরা+আণক্) স্ত্র, ন, লৌহমল, লোহার মরিচা, কাচপাত্র, নাসিকামল, শিক্‌নি।

শিঙ্ঘাণক, (শিন্‌ঘ্—আঘ্রাণকরা+আণক্) স্ত্র, পুং, শ্লেষ্মা। পুং, ন, নাসিকামল, শিক্‌নি, কফ, সর্দ্দি, পোঁটা।

শিঙ্ঘিত, (শিন্‌ঘ্—আঘ্রাণকরা+ক্ত—ট) ণ, ত্রি, ঘ্রাত, যাহা ঘ্রাণকরা হইয়াছে।

শিঞ্জ,—পুং,শিঞ্জা,—স্ত্রী,শিঞ্জিত,—ন, (শিন্‌জ্—অব্যক্ত শব্দকরা+অণ্, আপ্—ভাব, পক্ষে ক্ত—ভাবে) স্ত্র, ভূষণ-ধ্বনি, অব্যক্ত ধ্বনি, জ্যা, ধনুকের ছিলা। ণ,ত্রি, মুখর, শব্দায়মান, শব্দকারী।

শিঞ্জী, (শিঞ্জ+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, অব্যক্তধ্বনিকারক, ভূষণধ্বনিবিশিষ্ট।

শিঞ্জিনী, (শিঞ্জিন্+ঙীপ্) স্ত্র, স্ত্রী, নূপুর, ধনুর্গুণ, ধনুকের ছিলা, জ্যা।

শিটা, (দেশজ)স্ত্র,মলা, গাদ, কাইট।

শিত, (শি কিংবা শো—তীক্ষ্ণকরা+ক্ত—ট) ণ, ত্রি, ক্ষীণ, কৃশ, দুর্ব্বল, ক্ষয়প্রাপ্ত, তক্ষিত, শাণিত, তীক্ষ্ণ, ধারাল।

শিতদ্রু,(শিত—ক্ষীণ+দ্রু—বেগে গমনকরা+কু)স্ত্র,স্ত্রী,শতদ্রুনদী,শতলজ।

শিতশূক,(শিত—তীক্ষ্ণ+শূক—শস্যাদির সূক্ষ্মাগ্রভাগ) স্ত্র, পুং, যব, গোধূম, গম।

[বালিশ।

শিতাণ, (শিরস্ত্রাণ শব্দজ)স্ত্র,উপাধান,

শিতি, (শি—তীক্ষ্ণকরা+ক্তি, কিংবা শিত্—গমনকরা+ই) স্ত্র, পুং, কৃষ্ণবর্ণ, কাল, শুক্লবর্ণ, সাদা, ভূর্জ্জ-

পত্র, বৃক্ষ। ণ, ত্রি, ঐ ঐ বর্ণবিশিষ্ট।

শিতিকণ্ঠ, (শিতি=কৃষ্ণবর্ণ+কণ্ঠ=গলা ; ৬.হ) স্তু, পুং, ময়ূর, দাত্যূহ পক্ষী। [শাক।

শিতিচার, স্তু, পুং, সুনিষণ্ণক, সুষুনী-

শিতিচ্ছদ, শিতিপক্ষ, (শিতি=শুক্লবর্ণ+ছদ, পক্ষ=পাখ্না, ডানা) স্তু, পুং, হংস, মরাল।

শিতিবাসাঃ, (শিতি=কৃষ্ণবর্ণ+বাসস্=বস্ত্র ; ৬.হ) স্তু, পুং, নীলাম্বর, বলদেব।

শিথিল, (শ্রথ্=মোচনকরা+কিলচ্, নিপাতন) ণ, ত্রি, শ্লথ, আল্গা, ঢিলা, অলস, জড়, ক্লান্ত, দুর্ব্বল, ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত, পরিত্যক্ত, যাহা ঝাড়িয়া ফেলা গিয়াছে।

শিনি, (শি=তীক্ষ্ণকরা, অস্ত্রে ধারদেওয়া +নি) স্তু, পুং, যদুবংশীয় ক্ষত্রিয় বিশেষ।

শিনের্নপ্তা, (শিনেঃ=শিনির+নপ্তৃ=পৌত্র) স্তু, পুং, সাত্যকি। [চামড়া।

শিপি, স্তু, পুং, রশ্মি, কিরণ। স্ত্রী, চর্ম্ম,

শিপিবিষ্ট, (শিপি=রশ্মি+বিষ্ট=প্রবিষ্ট, ৭-ব) স্তু, পুং, বিষ্ণু, শিব, দুশ্চর্ম্ম, অনাবৃত-মেঢ়, টাক, ইন্দ্রলুপ্ত, কুষ্ঠরোগী।

শিপ্রা,—স, স্তু. স্ত্রী, মহাকাল নগরীয় নদীবিশেষ, যে নদী উজ্জয়িনী দিয়া প্রবাহিত হইয়া গিয়াছে।

শিফা, (শী=শয়নকরা+ফ ; নিপাতন) স্তু; স্ত্রী, তন্তুবিশিষ্ট শিকড়, নামনা, ঝুরি, ক্ষুদ্র ক্ষুদ্র শিকড়, নদী, মাতা, মাংসপেশী, জটামাংসী, হরিদ্রা, পদ্মের মূল।

শিফাকন্দ, শিফাক, (শিফা=তন্তুবিশিষ্ট শিকড়+কন্দ=মূল; কণ্ যোগে শিফাক) স্তু, পুং, পদ্মমূল, পদ্মের গেঁড়ো।

শিফাধর, (শিফা+ধর=যে ধরে, ২-ব) স্তু, পুং, শাখা, ডাল, বিটপ, শঙ্কু।

শিফারুহ, (শিফা+রুহ=যে জন্মে) স্তু, পুং, বটবৃক্ষ।

শিম, (শিম্বা শব্দজ) স্তু, শিমগাছ।

শিমুল, (শাল্মলী শব্দজ) স্তু, বৃক্ষবিশেষ।

শিম্ব,—পুং, শিম্বা, শিম্বি, শিম্বিকা, শিম্বী—স্ত্রী, (শি=তীক্ষ্ণকরা, নিপাতন) স্তু, শিমগাছ, শিম।

শিয়র, (শীর্ষশব্দজ) স্তু, যে দিকে শয়নকারীর মস্তক থাকে।

শিয়াল, শেয়াল, (শৃগালশব্দজ) স্তু, ফেরু, শিবা, গোমায়ু।

শির, (শ্রি=সেবাকরা, মান্যকরা+ক ; নিপাতন) স্তু, ন, মস্তক, মাথা।

শিরঃ (শ্রি=সেবা বা মান্যকরা+অস্ ; নিপাতন) স্তু, ন, মস্তক, উত্তমাঙ্গ, মাথা, অগ্রভাগ, সৈন্যের অগ্রবর্ত্তী দল, প্রধান অধ্যক্ষ, শয্যা, বিছানা।

শিরঃপদী, স্তু, যে সকল জীবের পদ মস্তকের নিকট সংলগ্ন ; যথা—কটল্ফিস্ নামক সমুদ্রজ জীব। (Cephalopoda.) [নারিকেল বৃক্ষ।

শিরঃফল, (শিরস্=মস্তক+ফল) স্তু, পুং,

শিরজ, (শির=মস্তক+জ=যে জন্মে) স্তু, পুং, কেশ, মাথার চুল।

শিরনামা, (শিরোনামন্ শব্দজ) স্তু, পত্রের উপরিলিখিত নাম।

শিরপা, (শিরঃপদশব্দজ) স্তু, পারিতোষিক, বক্শিস্, অশ্বের অগ্রপদ উত্তোলন।

শিরসিজ, শিরসিরুট্, শিরসিরুহ, (শিরসি=মস্তকে+জ, রুহ্, রুহ=যে জন্মে) স্তু, পুং, মূর্দ্ধজ, কেশ, মাথার চুল।

শিরস্ত্র, শিরস্ত্রাণ, শিরস্ক, (শিরস্+ত্রৈ=রক্ষাকরা+অনট—ষ, ২-ব ; পক্ষে কণ্ যোগ ; কিম্বা প্রকাশার্থে ক প্রত্যয়) স্তু, ন, উষ্ণীষ, পাগড়ি, টুপি।

শিরস্ক, (শিরস্=মস্তক+য—সম্বন্ধার্থে) ণ, ত্রি, শিরঃসম্বন্ধীয়, শিরোজ।

ষ্য, পুং, নির্ম্মলকেশ, পরিষ্কৃত চুল।

শিরা, (শ্রি—বিস্তারকরা+অচ্, আপ্) ষ্য, স্ত্রী, শরীরমধ্যস্থ রক্ত গমনাগমনের পথ, শির, নাড়ী, ধমনী, যে সকল নাড়ী দ্বারা সঞ্চালিত রক্ত পুনর্ব্বার হৃদয়ে আনীত হয়। (Vein.)

শিরাপত্র, ষ্য, পুং, শ্রীফল, বিল্ব, বেল, কপিত্থ, কয়েত বেল।

শিরাল, (শিরা+লচ্-অস্ত্যর্থে) ণ, ত্রি, শিরাযুক্ত। ষ্য, পুং, কর্ম্মরঙ্গ ফল, কামরাঙ্গা।

শিরালক, (শিরাল+কণ্—যোগ) ষ্য, পুং, অস্থিভঙ্গ বৃক্ষ, হাড়ভাঙ্গার গাছ।

শিরাবৃত্ত, ষ্য, ন, সীসক, সীসা।

শিরি, (শৄ—হিংসাকরা বা বধকরা+ই ; ঋ—ইর্)ষ্য, পুং, খড়্গ, বাণ, হিংস্রব্যক্তি, পতঙ্গ, পঙ্গপাল।

শিরীষ, (শৄ—হিংসাকরা+ঈষন্)ষ্য.পুং, বৃক্ষবিশেষ। ন,কোমল পুষ্পবিশেষ।

শিরোগৃহ, (শিরস্—অগ্রভাগ+গৃহ, ৬-ষ) ষ্য, ন, অট্টালিকার সর্ব্বোপরিস্থ গৃহ, চন্দ্রশালা, চিলেঘর।

শিরোধরা, শিরোধি,(শিরস্—মস্তক+ধরা, ধি—যে ধরে, ২-য) ষ্য, স্ত্রী, গ্রীবা, গলদেশ।

শিরোধার্য্য, (শিরস্—মস্তক+ধার্য্য, ৭-য) ণ, ত্রি, মস্তকে ধারণীয়, অতিশয় মান্য।

শিরোমণি, (শিরস্—মস্তক+মণি—রত্ন, ৬-ষ বা ৭-য) ষ্য, পুং,—স্ত্রী, শিরোরত্ন, মস্তকস্থ রত্নভূষণ, কিরীটস্থিত রত্ন, পণ্ডিতের উপাধিবিশেষ,বাক্যের শেষে থাকিলে শ্রেষ্ঠ, প্রধান; যথা, শঠশিরোমণি, রমণীশিরোমণি।

শিরোমর্ম্মা, (শিরস্—মস্তক+মর্ম্মন্—সন্ধীবন্ধ) ষ্য, পুং, শূকর।

শিরোরত্ন, (শিরস্—মস্তক+রত্ন—মণি, ৬-ষ বা ৭-য) ষ্য, ন, কিরীটস্থিত রত্ন, শিরোমণি, অধ্যাপকের উপাধিবিশেষ, বাক্যের শেষে থাকিলে প্রধান, শ্রেষ্ঠ।

শিরোরুহ, শিরোরুহ, (শিরস্—মস্তক+রুহ্, রুহ—যে জন্মে, ৫-য) ষ্য, পুং, কেশ, মাথার চুল।

শিরোবল্লী,(শিরস্—মস্তক+বল্লী—লতা) ষ্য, স্ত্রী, ময়ূরের শিখা।

শিরোবৃত্ত, ষ্য, ন, গোলমরিচ।

শিরোবৃত্তফল, ষ্য, পুং, রক্ত অপামার্গ, রাঙ্গা আপাং।

শিরোবেষ্ট,—পুং, শিরোবেষ্টন,—ন, (শিরস্—মস্তক+বেষ্ট, বেষ্টন—যে বেষ্টনকরে, ২-য)ষ্য,উষ্ণীষ,পাকড়ী।

শিরোস্থি, (শিরস্+অস্থি—হাড়) ষ্য,ন, মাথার খুলি, করোটি।

শিল, (শিল্—গৃহীতশস্যশেষ আহরণকরা+ক) ষ্য, ন, উঞ্ছবৃত্তি, ক্ষেত্র হইতে শস্য লইয়া গেলে পর অবশিষ্ট পতিত ধান্যাদি খুঁটিয়া লওয়া। (এক একটী ধান্যাদি খুঁটিয়া লওয়াকে উঞ্ছ এবং ধান্যাদির শীষ খুঁটিয়া লওয়াকে শিল কহে)।

শিলা, (শিল+আপ্) ষ্য, স্ত্রী, প্রস্তর, পাষাণ, পাথর, দ্বারের অধঃস্থিত কাষ্ঠাদি, গোবরাট, দেহলী, স্তম্ভশীর্ষ, খুঁটী বা থামের মাথা, দুই থামের উপর স্থাপিত দীর্ঘ কাষ্ঠ, পাড়, মনঃশিলা।

শিলাকর্ণী, ষ্য, স্ত্রী, শল্লকীবৃক্ষ, বাবলা [গাছ।

শিলাকুট্টক, (শিলা—প্রস্তর+কুট্ট—ছেদনকরা+ণক) ষ্য, পুং, টঙ্ক, পাষাণভেদনাস্ত্র।

শিলাজ, শিলাজতু, (শিলা—পর্ব্বত+জ—জাত;শিলা—পাষাণ+জতু—লাক্ষা) ষ্য,ন, গ্রীষ্মকালে পর্ব্বত সকল উত্তপ্ত হইলে যে স্বর্ণাদি ধাতুসার তাহা হইতে ক্ষরিত হয়, পর্ব্বতজাত উপধাতুবিশেষ, শৈলের গন্ধদ্রব্যবিশেষ।

শিলাটক, (শিলা—পাথর+অট্—গ-

(শিলকরা+বক) স্ত্র, পুং, অট্টালিকা, প্রাসাদ, বিল, বিবর, গর্ত, অট্টালিকার উপরিস্থ ক্ষুদ্রগৃহ, চিলের ছাদ, বেড়া।

শিলাত্মজ, শিলাসার, (শিলা=পাথর+আত্মন্=আপনি+জ=জাত; শিলা=পাষাণ+সার=সারাংশ) স্ত্র, ন, লৌহ, লোহা, অয়ঃ।

শিলাত্মিকা, (শিলা=প্রস্তর+আত্মন্=বস্তু+কন্) স্ত্র, পুং, স্বর্ণাদি গলাইবার পাত্র, মুচী।

শিলাদদ্রু, পুং, শৈলজ, মেট্যা তৈল।

শিলাধাতু, (শিলা=প্রস্তর বা পর্ব্বত+ধাতু=আকরজ) স্ত্র, পুং, খড়ী, সিতোপল, কঠিনী, পীতবর্ণ গিরিমাটী।

শিলাপট্ট, (শিলা=প্রস্তর+পট্ট=সমতল) স্ত্র, পুং, পেষণার্থ শিলা, শিল।

শিলাপুত্র, (শিলা=সমতল প্রস্তর+পুত্র) স্ত্র, পুং, লোড়া, বর্ষোপল।

শিলাময়, (শিলা+ময়ট্—বিকারার্থে) প, ত্রি, প্রস্তরনির্ম্মিত।

শিলাস্থি, স্ত্র, যে অস্থিখণ্ডের উপরিভাগে মস্তিষ্ক অবস্থিত। (Petrous bone.)

শিলাসন, শিলাহ্ব, (শিলা=প্রস্তর বা পর্ব্বত+অসন=বাসস্থান. কিম্বা আসন=বসিবার স্থান,+আহ্বা=নাম) স্ত্র, ন, শৈলেয়, শিলাজতু।

শিলি, (শিল্—গৃহীত শস্যশেষ আহরণ করা+ইন্) স্ত্র, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ। লি, লী—স্ত্রী, দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট, দেহলী, ছত্রাকপুষ্প, ভেকী।

শিলিন্দ, স্ত্র, পুং, মৎস্যবিশেষ, ধাঁইমাছ, ছত্র।

শিলিন্ধ্র, স্ত্র, পুং, মৎস্যবিশেষ, কদলী বৃক্ষ। ন, কদলীপুষ্প, মোচা, ছত্রাক, বেঙের ছাতি, করকা, শিল।

শিলীন্ধ্রক, (শিলীন্ধ্র+কণ্-যোগ) স্ত্র, স্ত্রী, ছত্রাক, গোময়চ্ছত্রিকা, গোবরেছাত।

শিলীপদী, স্ত্র, স্ত্রী, পক্ষিণীবিশেষ, কেঁচো, ভূমিলতা, কেকী, মৃত্তিকা, মাটি।

শিলীপদ, স্ত্র, পুং, পাদরোগবিশেষ, গোদরোগ।

শিলীমুখ, (শিলী=হুল+মুখ। ৬-হ) স্ত্র, পুং, ভ্রমর, বাণ, শর, যুদ্ধ।

শিলেয়, (শিলা=পর্ব্বত+ঢক্) স্ত্র, ন, শৈলজ, শিলাজতু। প, ত্রি, শিলাসম্বন্ধীয়, পার্ব্বত্য।

শিলোচ্চয়, (শিলা+উৎ=উপরি+চি=একত্রকরা+অচ্; অথবা শিলা+উচ্চয়=রাশি) স্ত্র, পুং, পর্ব্বত, উচ্চ পর্ব্বত, পর্ব্বতশৃঙ্গ।

শিলোঞ্ছ, (শিল=গৃহীতশস্যশেষ আহরণ+উঞ্ছ=জীবিকার্থ ত্যক্ত ধান্যাদি খুঁটিয়া লওয়া+অচ্) স্ত্র, পুং, উঞ্ছবৃত্তি. ক্ষেত্র হইতে শস্যাদি লইয়া গেলে পর অবশিষ্ট পতিত ধান্যাদি খুঁটিয়া লওয়া।

শিলোত্থ, শিলোদ্ভব, (শিলা=প্রস্তর+উত্থ=যে জন্মে, শিলা=প্রস্তর বা পর্ব্বত+উদ্ভব=উৎপন্ন) প, ত্রি, শিলা হইতে বা শিলার উপরে উৎপন্ন। স্ত্র, ন, শৈলেয়, শিলাজতু।

শিলৌকাঃ, (শিলা=পর্ব্বত+ওকস্=স্থান) স্ত্র, পুং, গরুড়।

শিল্প, (শিল্—একান্ত রতহওয়া, নিপুণ হওয়া+প) স্ত্র, ন, নির্ম্মাণাদি কর্ম্ম, কারিকুরি, বেণুবীণাদি বাদ্য, নৃত্যগীতবাদ্যাদি, স্রুব।

শিল্পকার, শিল্পকারী, (শিল্প+কার, কারিন্=যে করে, ২-ব) প, ত্রি, শিল্পী, কারিকর, মিস্ত্রী।

শিল্পযন্ত্র, কল। [অক্ষর।

শিল্পলিপি, স্ত্র, প্রস্তরাদিতে ক্ষোদিত

শিল্পশাল, শিল্পশাল, (শিল্প+শালা=গৃহ, ৬-ব) স্ত্র, ন, লা—স্ত্রী, শিল্পকর্ম্ম করিবার ঘর, কারখানা ঘর।

শিল্পিক, শিল্পী, (শিল্প+ঠক্, ইনি—অস্ত্যর্থে) প, ত্রি, শিল্পকর্ম্মকারী, কারিকর।

শিব, (শিব—কল্যাণ+অ—কর্ত্তার্থে ; কিংবা শো—নাশ করা+বন্; অথবা শী—শয়ন করা অর্থাৎ অবস্থানকরা +বন্) ষ্য, পুং, মহাদেব, শম্ভু, মহেশ, হর, ভব, ত্রিলোচন, কৈলাসপতি, পারদ, পারা, মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ, বেদ, বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ, পশুবন্ধন কাষ্ঠ বা স্তম্ভ, লিঙ্গ, মেঢ্র, শিশ্ন। পুং— চিহ্ন, শিবলিঙ্গ। ন, মঙ্গল, সুখ, ক্ষেম, কুশল, বারি, নীর, সলিল, জল। ণ, ত্রি, শুভদ, রম্য, রমণীয়, সুখদ।

শিবক, (শিব+কণ্) ষ্য, পুং, কীলক, খোঁটা, গোঁজ।

শিবঙ্কর, শিবঙ্কর, (শিব=মঙ্গল+কর= যে করে; শিব—মঙ্গল+কৃ=করা+খচ্) ণ, ত্রি, শুভদায়ক, মঙ্গলকারক, ক্ষেমঙ্কর, কুশলজনক।

শিবকীর্ত্তন, (শিব+কীর্ত্তন—গুণকথন) ষ্য, পুং, বিষ্ণু, শিবের উপাসক, শৈব। ন, শিবের স্তুতি।

শিবঘর্ম্মজ, (শিব+ঘর্ম্ম—ঘাম+জ= জাত) ষ্য, পুং, মঙ্গলগ্রহ।

শিবচতুর্দ্দশী, ষ্য, স্ত্রী, ফাল্গুন মাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

শিবজ্ঞান, (শিব=মঙ্গল+জ্ঞান) ষ্য, ন, শুভাশুভ কালবোধক শাস্ত্র।

শিবতাতি, (শিব=সুখ+তাতিল্) ণ, ত্রি, শুভজনক, ক্ষেমঙ্কর।

শিবদারু, ষ্য, পুং, দেবদারু বৃক্ষ।

শিবদূতী, (শিব+দূতী [দূত=বার্ত্তাবহ +ঈপ]=বার্ত্তাবাহিনী) ষ্য, স্ত্রী, দুর্গা, দেবীবিশেষ।

শিবদ্রুম, (শিব+দ্রুম=বৃক্ষ) ষ্য, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।

শিবপুরী, (শিব+পুরী=নগরী) ষ্য, স্ত্রী, কাশী, বারাণসী।

শিবমল্লিকা, ষ্য, স্ত্রী, বকবৃক্ষ, বকফুলের গাছ, অর্কবৃক্ষ, আকন্দগাছ।

শিবরাত্রি, (শিব+রাত্রি) ষ্য, স্ত্রী, শিবচতুর্দ্দশী। [কাৰ্ত্তিক লিঙ্গমূর্ত্তি।

শিবলিঙ্গ, ষ্য, ন, শিবের প্রস্তরমূর্ত্তি-

শিববাহন, (শিব+বাহন, ৬-ষ) ষ্য, পুং, বৃষ, ষাঁড়।

শিববীজ, (শিব+বীজ) ষ্য, ন, পারদ, পারা। [ধুতুরা।

শিবশেখর, ষ্য, পুং, বকবৃক্ষ, ধুস্তুর,

শিবসাযুজ্য, ষ্য, ন, শিবত্ব, শিবস্বরূপ।

শিবা, (শিব+আপ্) ষ্য, স্ত্রী, শৃগালী, হরীতকী, আমলকী, নদীবিশেষ, হরিদ্রা, মুক্তি, মোক্ষ, দূর্ব্বা, শমীবৃক্ষ, দুর্গা, ভবানী। [রুদ্রাক্ষবীজ।

শিবাক্ষ, (শিব+অক্ষ—চক্ষু) ষ্য, ন,

শিবানী, (শিব+ঈপ; আন্—আগম) ষ্য, স্ত্রী, শিবপত্নী, দুর্গা, পুষ্পবিশেষ।

শিবাপ্রিয়, (শিবা=দুর্গা+প্রিয়) ষ্য, পুং, ছাগল, ছাগ, অজ। [গাছ।

শিবাফলা, ষ্য, স্ত্রী, শমীবৃক্ষ, শাঁই-

শিবারাতি, (শিবা=শিয়াল+অরাতি= শত্রু) ষ্য, পুং, কুক্কুর, সারমেয়, শ্বা।

শিবালয়, (শিব+আলয়=বাসস্থান) ষ্য, ন, শিবের মন্দির, শ্মশান। পুং, রক্ততুলসী।

শিবালু, ষ্য, পুং, শৃগাল।

শিবি, ষ্য, পুং, শরণাগতরক্ষক, স্বনাম প্রসিদ্ধ নৃপবিশেষ, উশীনর রাজার পুত্র, হিংস্রজন্তু, ভূর্জ্জবৃক্ষ।

শিবিকা, (শিবি [নামধাতু]=সুখদান করা+ণক, আপ্) ষ্য, স্ত্রী, যানবিশেষ, পাল্কী, ডুলী।

শিবির, (শী=শয়নকরা বা বিশ্রামকরা +কিরক্; ব—আগম) ষ্য, ন, সেনানিবেশ, ছাউনি, পট্টাবাস, স্কন্ধাবার, রাজার বাসস্থান, শস্যবিশেষ।

শিবীরথ, (শিবী—শিবিকা শব্দজ+রথ) ষ্য, পুং, শিবিকা, পাল্কী, ডুলী।

শিবেতর, (শিব+ইতর) ণ, ত্রি, অমঙ্গল, অশিব।

শিশয়িষা, (শী=শয়নকরা+সন্-ইচ্ছার্থে, আপ্—ভাবে) ষ্য, স্ত্রী, শয়ন করিতে ইচ্ছা। [ত্রি, শয়ন করিতে ইচ্ছুক।

শিশয়িষু, (শী+সন্+উ—ষ) ণ,

শিশি, (যবনভাষা) ষ্য, কাঁচ নির্ম্মিত পাত্রবিশেষ।

শিশির, (শশ্=গমনকরা+কিরচ্; অ স্থানে ই) ষ্য, পুং, হিম, তুষার। পুং, ন, শীতকাল, মাঘ ফাল্গুন এই দুই মাস। ণ, ত্রি, শীতল, জড়।

শিশু, (শশ্=গমনকরা+উ) ষ্য, পুং, বালক, শাবক, পোত, ৮ বা ১৬ বৎসরের অনধিকবয়স্ক, ডিম্ব।

শিশুক, (শিশু+কণ—যোগ) ষ্য, পুং, জলজন্তুবিশেষ, শিশুমার, শুশুক, বৃক্ষবিশেষ, শিশু, শাবক।

শিশুচান্দ্রায়ণ, ষ্য, ন, চান্দ্রায়ণ ব্রতবিশেষ, সূর্য্যাস্ত হইলে চতুর্থ পিণ্ডাকৃতি হবিষ্যান্ন ভোজন পূর্ব্বক ব্রত ধারণ। [শৈশব, বাল্যাবস্থা।

শিশুত্ব, (শিশু+ত্ব—ভাবে) ষ্য, ন,

শিশুপাল, (শিশু+পাল=যে পালন করে) ষ্য, পুং, চেদিবংশীয় নৃপবিশেষ, দমঘোষের পুত্র।

শিশুপালক, (শিশু+পাল=যে পালন করে+কণ) ষ্য, পুং, শিশুপাল। ণ, ত্রি, শিশুরক্ষক।

শিশুপালহা, (শিশুপাল+হন্=যে বধ করে, ২-ব) ষ্য, পুং, কৃষ্ণ।

শিশুমার, (শিশু=শাবক+মার=যে মারে, ২-ব) ষ্য, পুং, জলজন্তুবিশেষ, শুশুক, তারকচক্রবিশেষ।

শিশুবাহক, (শিশু+বহ্=বহনকরা+ণক) ষ্য, পুং, বন্যছাগ। ণ, ত্রি, বালকের বহনকারী।

শিশ্ন, (শশ্=গমনকরা+নক্) ষ্য, পুং, পুরুষ চিহ্ন, মেঢ়, উপস্থ।

শিশ্নোদরপরায়ণ, ([শিশ্ন+উদর]—শিশ্নোদর+পরায়ণ—পরম গতি; ৬-হ) ণ, ত্রি, আহার ও বিহার ভিন্ন যাহার অন্য কোন কার্য্যই নাই।

শিশ্বিদান, (শ্বিৎ=শুক্লবর্ণ হওয়া, ধার্ম্মিক বা পবিত্র হওয়া+আনচ্) দ্বিত্ব; ত—দ) ণ, ত্রি, অধার্ম্মিক, নির্দ্দোষী, পাপকর্ম্মকারী।

শিষ, শীষ, (শীর্ষ শব্দজ) ষ্য, ধান্যাদির শীর্ষ, শিখা, মঞ্জরী।

শিষ্ট, (শাস্=শাসনকরা+ক্ত—চ) ণ, ত্রি, সুশীল, শান্ত, ধীর, সুবোধ, বশতাপন্ন, পোষা, শিক্ষিত, বিনীত, প্রধান, বিখ্যাত, বিবিক্ত, আজ্ঞপ্ত, নীতিজ্ঞ, অবশিষ্ট। পুং,—মন্ত্রী, সভ্য, অধিনায়ক, সর্দ্দার।

শিষ্টতা, (শিষ্ট+তা-ভাবে) ষ্য, স্ত্রী, শিষ্টের ধর্ম্ম, ধীরতা, নম্রতা, বিনয়, বশীভূততা, শেষ, অবশিষ্টতা।

শিষ্টাচার, (শিষ্ট+আচার=আচরণ) ষ্য, পুং, ভদ্রতা, সাধুব্যবহার।

শিষ্টি, (শাস্=শাসনকরা+ক্তিন্; নিপাতন) ষ্য, স্ত্রী, শাসন, আজ্ঞা, আদেশ, শোধন, বিন্যাস।

শিষ্য, (শাস+ক্যপ্—চ) ষ্য, পুং, ছাত্র, পড়ুয়া, অন্তেবাসী। ণ, ত্রি, শাসনযোগ্য, উপদেষ্টব্য, শিক্ষিতব্য, শিক্ষণীয়।

শিহ্ল, শিহ্লক, (সিহ্=দ্রবকরা+লক্; সি=শ; শিহ্ল+কণ—যোগ) ষ্য, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

শী, (শী=শয়নকরা+কিপ্) ষ্য, স্ত্রী, শয়ন, শান্তি।

শীকর,—স, (শীক্=জলাদি সেক করা+অরন্) ষ্য, পুং, জলবিন্দু, জলকণা, সূক্ষ্ম বৃষ্টি, বায়ু।

শীঘ্র, (শিন্ঘ্=আঘ্রাণকরা+রক্; নিপাতন) ক্রি,—ণ, ন, দ্রুত, ত্বরা, অবিলম্ব। ণ, ত্রি, শীঘ্রতাযুক্ত, সত্বর। —ত্রা, স্ত্রী, দন্তীবৃক্ষ।

শীঘ্রগ, (শীঘ্র+গ=যে গমন করে) ণ, ত্রি, দ্রুতগামী, ত্বরিতগতি।

শীঘ্রচেতন, (শীঘ্র+চিৎ—বোধকরা, জানা+অনট্—ষ) স্ত্র, পুং, কুকুর।

শীঘ্রতা, (শীঘ্র+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, ত্বরা, বেগ, দ্রুততা, সত্বরতা।

শীঘ্রবেধী, (শীঘ্র+বেধিন্—যে বিদ্ধ-করে)স্ত্র,পুং,লঘুহস্ত,ক্ষিপ্রবিদ্ধকারী।

শীঘ্রায়মাণ, (শীঘ্র [নামধাতুজ] =দ্রুত গমনকরা+শানচ্; য, ম—আগম) ণ, ত্রি, শীঘ্রগমনকারী।

শীত, (শ্যৈ—গমনকরা+ক্ত) স্ত্র, ন, শীতলতা, শৈত্যগুণ, জল, বহুবারক বৃক্ষ, চালতা গাছ, পর্পট, নিম্বৃক্ষ। পুং, হিমঋতু, শীতকাল, বেতসবৃক্ষ। ণ,ত্রি, শীতল, শৈত্যগুণযুক্ত, অলস, জড়, কাথিত, সিক্ত, কোটার। পুং, নিম্ববৃক্ষ, কর্পূর।

শীতক, (শীত+কণ্—যোগ) স্ত্র, পুং, শীতকাল, দীর্ঘসূত্রী, অলস, কুড়ে, বৃথাকালক্ষেপকারী, নিশ্চেষ্ট, নির্বৃত্ত, সুখীমনুষ্য, বৃশ্চিক।

শীতকর, শীতকিরণ, শীতগু, শীত-ভানু, শীতময়ূখ, শীতমরীচি, শীত রশ্মি, শীতাংশু, (শীত—শীতল+কর,কিরণ, গো, ভানু,ময়ূখ, মরীচি, রশ্মি, অংশু—কিরণ; ৬.হ) স্ত্র, পুং, চন্দ্র, হিমকর, চন্দ্রমা, নিশাকর।

শীতচম্পক, (শীত—শীতল+চম্পক=ফুল) স্ত্র, পুং, দর্পণ, মুকুর, প্রদীপ।

শীতপাকিনী, (শীত+পাক+ইনি) স্ত্র,স্ত্রী,ঔষধীর মূলবিশেষ, কাকোলী

শীতল, (শীত—শীতলতা+লা=দানকরা+ক ; কিম্বা শীত—শৈত্য +লচ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, শৈত্য-গুণযুক্ত, ঠাণ্ডা। স্ত্র, ন, চন্দন, শৈলেয়, মৌক্তিক, বেণারমূল, চম্পক, ধূনা, ব্রত বিশেষ, চালতাগাছ,পথ। পুং, চন্দ্র। লা—স্ত্রী, দেবী বিশেষ, বসন্ত, বিস্ফোটকাদির অধিষ্ঠাত্রী দেবতা।

শীতলষষ্ঠী,স্ত্র,স্ত্রী,মাঘমাসের শুক্ল ষষ্ঠী।

শীতশিব,(শীত—শীতল+শিব—মঙ্গল-কর) স্ত্র, ন, সৈন্ধবলবণ, শৈলেয় নামে গন্ধদ্রব্য। পুং, মধুরিকা, মৌরী। বা—স্ত্রী, শমী বৃক্ষ।

শীতা, (শীত+আপ্) স্ত্র, স্ত্রী, রাম-চন্দ্রের গৃহিণী, জানকী, লাঙ্গল পদ্ধতি, ঔষধিবিশেষ,অতিবলা,দূর্ব্বা।

শীতাদ্রি, (শীত+অদ্রি=পর্ব্বত, কর্ম্মধা) স্ত্র, পুং, হিমালয় পর্ব্বত, হিমবান্।

শীতাভ, শীতাভ্র, (শীত—শীতল+আভা—দীপ্তি;৬.হ)স্ত্র,পুং,চন্দ্র,কর্পূর।

শীতার্ত্ত, শীতালু,(শীত+ঋত, কিংবা আর্ত্ত—পীড়িত, ৩-য; শীত+আলু—অস্ত্যর্থে) ণ, ত্রি, শীতপীড়িত, শীতকাতর।

শীতাশ্মা, (শীত—শীতল+অশ্মন্=প্রস্তর) স্ত্র, পুং, চন্দ্রকান্তমণি।

শীতীভাব, (শীত—শীতল+ভাব—স্ব-ভাব; মধ্যে ঈ—আগম) মুক্তি, মোক্ষ, শীতলতা।

শীতোত্তম, (শীত—শীতল+উত্তম) স্ত্র, ন, বারি, জল।

শীৎকার, (শীৎ—অনুকরণ শব্দ+কার—করণ) স্ত্র, পুং, শ্রেষ্ঠ স্ত্রীদের রতিকালীন অস্ফুটধ্বনি, শিহরণ।

শীৎকৃত, (শীৎ—অনুকরণ শব্দ+কৃত—করা হইয়াছে) স্ত্র, ন, রতিকালে স্ত্রীগণের মুখের অব্যক্ত ধ্বনিবিশেষ

শীত্য, (শীত—শীতল বা শীতা—লা-ঙ্গলপদ্ধতি+যৎ) ণ, ত্রি, শীতযোগ্য, কৃষ্ট, চসা।

শীধু, সীধু, (শী—শয়নকরা+ধুক্) স্ত্র, পুং,—ন, মদ্যবিশেষ, মধু।

শীধুগন্ধ, (শীধু—মদ্যবিশেষ+গন্ধ—আঘ্রাণ) স্ত্র, পুং, বকুলগাছ।

শীন, (শ্যৈ=গমনকরা+ক্ত) ণ, ত্রি, ঘনীভূত (ঘৃতাদি), মূর্খ। স্ত্র, পুং,

অজগর, মহোরগ, বৃহৎ সর্প।
শীভর, স্ত্র, পুং, শীকর, জলকণা।
শীত্য, (শীত্—প্রশংসাকরা+য) স্ত্র, পুং, শিব, বৃষ। [অজগর, সর্প।
শীর, (শী—শয়নকরা+রক্) স্ত্র, পুং,
শীর্ণ, (শৄ—হিংসাকরা+ক্ত) ণ, ত্রি, কৃশ, ক্ষীণ, কাহিল, রোগা, শুষ্ক, ছিন্ন, পতিত।
শীর্ণপাদ, শীর্ণাঙ্ঘ্রি, (শীর্ণ—যাহা কুঁকড়িয়া গিয়াছে+পাদ, অঙ্ঘ্রি—পা) স্ত্র, পুং, যম, অন্তক, মাতার অভিশাপে ইঁহার পদ কোঁকড়াইয়া গিয়াছিল।
শীর্ণবৃন্ত, (শীর্ণ—সরু অথচ লম্বা+বৃন্ত—বোঁটা) স্ত্র, ন, তরমুজ।
শীর্ষি, (শৄ—হিংসাকরা+ক্বিন্) ণ, ত্রি, অপহারক, চোর, মলিম্লুচ, তস্কর, হিংসক, অসভ্য, বক্র, ক্ষতিকারক।
শীর্ষ, (শিরস্ স্থানে শীর্ষ) স্ত্র, ন, শিরস্, মস্তক, মাথা, উত্তমাঙ্গ।
শীর্ষক, (শীর্ষ+ক—সুখ ; ৫.হ) স্ত্র, ন, টোপর, পাগড়ী, শিরোবেষ্টন, উষ্ণীষ, শিরস্ত্রাণ, শিবোস্থি, মাথার খুলি, মস্তক, জয়পরাজয় নিদর্শন পত্র। পুং, রাহুগ্রহ।
শীর্ষচ্ছেদিক, (শীর্ষ+ছেদ—ছেদন+ঠক্) ণ, ত্রি, শিরশ্ছেদনযোগ্য, বধ্য।
শীর্ষচ্ছেদ্য, (শীর্ষ+ছেদ্য—ছেদনীয়) ণ, ত্রি, শিরশ্ছেদনযোগ্য, বধ্য।
শীর্ষণ্য, (শিরস্—মস্তক+যৎ—আরোপণার্থে; শিরস্ স্থানে শীর্ষণ্) স্ত্র, ন, শিরস্ত্রাণ, পাগড়ী। পুং, বিশদ কেশ, পরিষ্কৃত চুল। ণ, ত্রি, মস্তকস্থ, মস্তকজাত। স্ত্র, ন, শিরস্ত্রাণ, পাগড়ী।
শীর্ষরক্ষ, (শীর্ষ—মস্তক+রক্ষ—রক্ষণ)
শীল, (শীল্—একাগ্র প্রবৃত্ত হওয়া+অচ্, বা শী—নিদ্রাযাওয়া+লক্) স্ত্র, পুং—ন, স্বভাব, চরিত্র, সচ্চরিত্র। পুং, বৃহৎ সর্প। ণ, ত্রি, বিশিষ্ট, যুক্ত।
শীলন, (শীল্+অনট্—ভাবে) স্ত্র, ন, আলোচনা, অভ্যাস, পরিদর্শন, প্রবর্তন, অভিলাষন।
শীলবান্, (শীল—স্বভাব+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, সুশীল, সুস্বভাবযুক্ত, সচ্চরিত্রশালী।
শীলা, স্ত্র, স্ত্রী, কৌণ্ডিন্যমুনিপত্নী।
শীলিত, (শীল্+ক্ত) ণ, ত্রি, অভ্যস্ত, আলোচিত, শিক্ষিত।
শীবল, (শী—শয়নকরা+বলচ্) স্ত্র, ন, শৈবাল, শেওলা।
শীবা, (শী—শয়ন করা+বন্) স্ত্র, পুং, অজগর সর্প, বৃহৎ সর্প, বোড়াসাপ।
শুটী, (দেশজ) স্ত্র, কলায়শুটী, ফলত্বক্।
শুঁঠ, (শুণ্ঠী শব্দজ) স্ত্র, শুকনা আদা।
শুঁয়া, শুঙ্গা, (শূকশব্দজ) স্ত্র, ধান্যাদির অগ্রভাগ। [ভিন্ন শুঁড়।
শুঁড়, (শুণ্ডশব্দজ) স্ত্র করিকর, হা-
শুঁড়ী, (শৌণ্ডিকশব্দজ) স্ত্র, মদ্যবিক্রেতা
শুক, (শুভ্—দীপ্তিপাওয়া+কক্ ; ভ—লোপ) স্ত্র, পুং, পক্ষিবিশেষ, টিয়াপাখী, ব্যাসের পুত্র, ইনি পরীক্ষিতকে শ্রীমদ্ভাগবত শ্রবণ করাইয়াছিলেন, রাবণের মন্ত্রী, শিরীষবৃক্ষ, শিয়ালকাঁটার গাছ। ন, বস্ত্র, বসন, পরিচ্ছদ, বস্ত্রাঞ্চল, শিরস্ত্রাণ, উষ্ণীষ, পাগড়ী।
শুকচ্ছদ, স্ত্র, পুং, গ্রন্থিপর্ণ, গাঁঠিয়াল গাছ। [ঠোঁটী।
শুকজিহ্বা, স্ত্র, স্ত্রী, বৃক্ষবিশেষ, শুয়া-
শুকতরু, স্ত্র, পুং, শিরীষবৃক্ষ।
শুকনা, (শোষণার্থ শুষ্ ধাতুজ) ণ, শুষ্ক, নীরস, ম্লান, মলিন, নিষ্প্রভ।
শুকনাশন, স্ত্র, পুং, চক্রমর্দক বৃক্ষ, চাকুন্দাগাছ।
শুকনাস, (শুক+নাসা—নাক ; ৬.হ) স্ত্র, পুং, তারাপীড় রাজার মন্ত্রী, শোণাকবৃক্ষ। ণ, ত্রি, শুকের ন্যায় নাসিকা বিশিষ্ট।

শুকপুচ্ছ, (শুক—টিয়াপাখী+পুচ্ছ—লেজ) স্ত্র, পুং, গন্ধক।

শুকফল, স্ত্র, পুং, অর্কবৃক্ষ, আঁকন্দগাছ।

শুকবাহ, স্ত্র, পুং, পিঞ্জর, দাঁড়।

শুকাদন, (শুক—টিয়াপাখী+অদন—ভক্ষণীয়) স্ত্র, পুং, দাড়িম্ব, দালিম, দাড়িমী

শুক্ত, (শুচ্—শুচি হওয়া+ক্ত) স্ত্র, ন, মাংস, কাঞ্জিক, আমানী, ব্যঞ্জনবিশেষের যুষ, সির্কা, দুর্ব্বাক্য, কটূক্তি। ণ, ত্রি, অম্লযুক্ত, পবিত্র, পরিষ্কৃত, নিষ্ঠুর, নির্দ্দয়, শ্লিষ্ট, যুক্ত, নির্জ্জন

শুক্তি, (শুচ্—শোককরা ইত্যাদি+ক্তি) স্ত্র, স্ত্রী, ঝিনুক, শঙ্খ, অশ্বের বক্ষঃস্থলে লোমাবলীকৃত আবর্ত্তত্রয়, গন্ধদ্রব্যবিশেষ, শঙ্খনখ, কপালখণ্ড, মাথার খুলি, অর্শরোগ, চারিতোলা পরিমাণ। [স্ত্রী, শুক্তি, ঝিনুক।

শুক্তিকা, (শুক্তি+কণ্—যোগ) স্ত্র,

শুক্তিজ, শুক্তিবীজ, (শুক্তি+জ—জাত, শুক্তি+বীজ—বীচি) স্ত্র, ন, মৌক্তিক, মুক্তাফল।

শুক্র, (শুচ্—শুচিহওয়া ইত্যাদি+রক্) স্ত্র, পুং, দৈত্যগুরু, ভার্গব, গ্রহবিশেষ, বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগবিশেষ, অগ্নি, জ্যৈষ্ঠমাস। ন, তেজঃ, শরীরস্থ ধাতুবিশেষ, বীর্য্য, রেতঃ, চক্ষুর রোগবিশেষ।

শুক্রকর, (শুক্র—বীর্য্য+কর—যে করে) স্ত্র, পুং, মজ্জা। ণ, ত্রি, বৃষ্য, বীর্য্যকারক। [কিপ) স্ত্র, পুং, ময়ূর।

শুক্রভুক, (শুক্র+ভুজ—ভোজনকরা+

শুক্রভূ, (শুক্র+ভূ—হওন) স্ত্র, স্ত্রী, মজ্জা।

শুক্রলা, স্ত্র, স্ত্রী, তৃণবিশেষ, চেঁচুয়া।

শুক্রবার, (শুক্র—গ্রহবিশেষ+বার—দিন) স্ত্র, পুং, শুক্রগ্রহের ভোগ্যদিন, সপ্তাহের পঞ্চমদিন।

শুক্রশিষ্য, (শুক্র—শুক্রাচার্য্য+শিষ্য, ৬—স) স্ত্র, পুং, দৈত্য, অসুর, দানব।

শুক্রাঙ্গ, স্ত্র, পুং, ময়ূর, শিখী, শিখণ্ডী।

শুক্ল, (শুচ্—নির্ম্মলহওয়া+রন্; র স্থানে ল) ণ, ত্রি, শুভ্র, শ্বেতবর্ণবিশিষ্ট, শাদা, শুদ্ধ, বিশুদ্ধ, পরিষ্কৃত, নির্ম্মল। স্ত্র, পুং, শ্বেতবর্ণ, শাদা রং, শুক্লপক্ষ। ন, রজত, রৌপ্য, নবনীত, চক্ষুর রোগবিশেষ। ক্লা—স্ত্রী, সরস্বতী, স্নুহীবৃক্ষ, মনসাসিজ গাছ, কাকোলীনামক ঔষধ।

শুক্লক, (শুক্ল+কণ্—যোগ) স্ত্র, পুং, শুক্লপক্ষ, শ্বেতবর্ণ। [পাখী।

শুক্লকণ্ঠক, স্ত্র, পুং, দাত্যূহপক্ষী, ডাক-

শুক্লকর্ম্মা, (শুক্ল=শাদা, নির্ম্মল+কর্ম্মন্—কার্য্য) ণ, ত্রি, শুদ্ধচরিত্র, অকৃষ্ণকর্ম্মা, সৎকর্ম্মের অনুষ্ঠাতা।

শুক্লহৃষ্ক, স্ত্র, পুং, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পাণীফল।

শুক্লধাতু, (শুক্ল—শ্বেতবর্ণ+ধাতু—আকরীয়) স্ত্র, পুং, কঠিনী, খড়ী।

শুক্লপক্ষ, (শুক্ল—শাদা+পক্ষ—মাসার্দ্ধ) স্ত্র, পুং, শুক্লপ্রতিপৎ অবধি পূর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথি।

শুক্লপুষ্প, স্ত্র, পুং, কুন্দপুষ্পবৃক্ষ, মরুবকবৃক্ষ।—ষ্পা, স্ত্রী, নাগদন্তীবৃক্ষ, নাগদানাগাছ।

শুক্লবায়স, স্ত্র, পুং, বক।

শুক্লা, (শুক্ল+আপ্) স্ত্র, স্ত্রী, সরস্বতী, শর্করা, চিনি।

শুক্লাপাঙ্গ, (শুক্ল—শাদা+অপাঙ্গ—চক্ষুর প্রান্ত ; ৬.হ) স্ত্র, পুং, ময়ূর।

শুক্লিমা, (শুক্ল+ইমনিচ্—ভাবে) স্ত্র, পুং, শুক্লত্ব, শ্বেত রং।

শুক্লোপলা, (শুক্ল—শাদা+উপলা—প্রস্তর) স্ত্র, স্ত্রী, শর্করা, চিনি, শাদা পাথর।

শুক্ষি, (শুষ্—শুষ্ক হওয়া+ক্সি) স্ত্র, পুং, বায়ু, বাতাস, বাত, পবন।

শুঙ্গ, (শম্—শান্ত হওয়া+গচ্ ; নিপাতন) স্ত্র, পুং, বটবৃক্ষ, আমড়াগাছ। পুং, ঙ্গা—স্ত্রী, ধান্যাদির শুঁয়া।

শুঙ্গাকর্ম্মা, (শুঙ্গা+কর্ম্মন্—কার্য্য)

স্ত্র, ন, পুংসবন সংস্কার বিশেষ।
শুঙ্গী, (শুঙ্গ—ধান্যাদির শুঁয়া+ইন্— অস্ত্যর্থে) স্ত্র, পুং, বটগাছ, পাকুড়-গাছ। ণ, ত্রি, শুঙ্গবিশিষ্ট।
শুচ, শুচা, (শুচ—শোককরা+কিপ, আপ্) স্ত্র, স্ত্রী, দুঃখ,শোক,মনস্তাপ।
শুচি, (শুচ্—নির্ম্মল হওয়া+ইন্) স্ত্র,পুং,অগ্নি, রুশাণু, জ্যৈষ্ঠমাস, আ-ষাঢ়মাস,গ্রীষ্মকাল, শৃঙ্গার রস,সূর্য্য, চন্দ্র, মহাদেব, বৃহস্পতি, ব্রাহ্মণ, অন্নপ্রাশনকালীন হোম, শ্বেতবর্ণ, শুক্লবস্ত্র, সদাচার, শুদ্ধমন্ত্রী। ণ, ত্রি, নির্দ্দোষ, অনুপহত, শুদ্ধ, পবিত্র, নির্ম্মল, শ্বেতবর্ণযুক্ত, শুভ্র, অনুকূল।
শুচিতা, (শুচি+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, শুদ্ধতা, পবিত্রতা, নির্ম্মলতা।
শুচিদ্রুম, স্ত্র,পুং, অশ্বত্থ বৃক্ষ, পিপ্পল।
শুচিপ্রণী, (শুচি—শুদ্ধকরণ+প্রণী= সম্পাদন) স্ত্র, স্ত্রী, আচমন।
শুটীরতা,—স্ত্রী, শুটীর্য্য—ন, (শৌ-টীর—বীর+তা, যৎ—ভাবে ; উ-ভ) স্ত্র, বীর্য্য, পরাক্রম।
শুণ্ঠি, শুণ্ঠী, (শুণ্ঠ্—শোষণকরা+ইন্) স্ত্র, স্ত্রী, শুষ্ক আর্দ্রক, শুঁঠ।
শুণ্ড, (শুণ্—গমনকরা+ড) স্ত্র, পুং, করিহস্ত, হাতির শুঁড়, হস্তীর গণ্ডস্থল হইতে মদক্ষরণ।
শুণ্ডক, (শুণ্ড+কণ্—যোগ) স্ত্র, পুং, শৌণ্ডিক, শুঁড়ি, মদ্যবিক্রেতা বা ব্যবসায়ী, যুদ্ধবেণু, রণশিঙ্গা।
শুণ্ডপাদ, স্ত্র, যে সকল জীবের দেহ বহুখণ্ড চূর্ণময় আবরণে আচ্ছাদিত, এবং ঊর্দ্ধ্ভাগ হইতে এক শুণ্ড নির্গত হয়,যথা—বার্ণাকল্ (Barnacles. Cirrhofoda.)
শুণ্ডা, (শুণ্ড+আপ্) স্ত্র, স্ত্রী, মদ্য, মদিরা, মদ্যশালা, বেশ্যা, পদ্ম, কুট্টনী, জলহস্তিনী, হাতির শুঁড়, নলিনী।
শুণ্ডাপান,স্ত্র,ন,মদ্যপান গৃহ,মদ্য খাটী।
শুণ্ডালদেহী, স্ত্র, যাহাদের দেহে অতি সূক্ষ্ম সূক্ষ্ম শুণ্ড আছে, ইহারা দুই গণে বিভক্ত, এই গণের প্রধান জীব প্রবালকীট। (Polypi.)
শুণ্ডার, (শুণ্ডা—মদ্য+র) স্ত্র, পুং, সুরাপ্রস্তুতকারী, শুঁড়ী, হস্তী, অপকৃষ্টশুণ্ডা, দুষ্ট বা কষক মদ্য।
শুণ্ডাল, (শুণ্ডা—হাতীর শুঁড়+লচ্— অস্ত্যর্থে) স্ত্র, পুং, করী, হস্তী, মাতঙ্গ।
শুণ্ডিকা, (শুণ্ডা—হাতীর শুঁড়+কণ্, আপ) স্ত্র, স্ত্রী, আলজিভ, মদ্য।
শুণ্ডিমূষিকা, স্ত্র, স্ত্রী, ছুছুন্দরী, ছুঁচা।
শুণ্ডী, (শুণ্ডা+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, শুঁড়ী, সুরাপ্রস্তুতকারক, হস্তী। [স্ত্র, ন, শতক্রমণী।
শুতুদ্রি, শুতুদ্রু—স্ত্র, (শতুদ্রু দেখ)
শুদ্ধ, (শুধ্—শুদ্ধহওয়া+ক্ত—স্ত্র) ণ, ত্রি, পবিত্র. নির্দ্দোষ, স্বচ্ছ, নির্ম্মল, শুভ্র, উজ্জ্বল, অমিশ্রিত, উদ্ধৃত, কেবল, শাণিত, কমতাপ্রাপ্ত। স্ত্র, ন, সৈন্ধবলবণ।
শুদ্ধচারী, (শুদ্ধ+চর্—গমনকরা+ইনি —স্ব) ণ, ত্রি,নির্দ্দোষ, নির্ম্মলচরিত্র।
শুদ্ধজঙ্ঘ, (শুদ্ধ—নির্ম্মল,পবিত্র+জঙ্ঘা —ঠ্যাঙ) স্ত্র, পুং, গর্দ্দভ.গাধা, রাসভ।
শুদ্ধবল্লিকা, স্ত্র,স্ত্রী, গুড়চীলতা,গুলঞ্চ।
শুদ্ধান্ত, (শুদ্ধ=পবিত্র+অন্ত—শেষ, পর্য্যন্ত) বা,পুং, অন্তঃপুর, অন্তঃপুর-স্ত্রী, অশৌচান্ত। তা—স্ত্রী, রাজ্ঞী, রাজপত্নী, রাজার রক্ষিতা স্ত্রী।
শুদ্ধি, (শুধ্—শুদ্ধ হওয়া+ক্তি-ভাবে) স্ত্র, স্ত্রী, শোধন, শুদ্ধতা, স্বচ্ছতা, নির্ম্মলতা, পবিত্রতা, মার্জ্জনা, পরি-ষ্কার, সংস্কার বিশেষ।
শুদ্ধোদনি,(শুদ্ধোদন+ইন্-অপত্যার্থে) স্ত্র, পুং, বৌদ্ধবিশেষ, শাক্যসিংহের পিতা।

শুষরণ, (শুদ্ধার্থ শুধ্ ধাতুজ) স্ত্র, শুদ্ধকরণ, স্মরণ। [শুদ্ধ।
শুধু, (শুদ্ধ শব্দজ) ক্রি—ণ, কেবল,
শুন,—পুং, শুনি—পুং, স্ত্রী, (শুন্=গমনকরা+অচ্, ই) স্ত্র, কুকুর, সারমেয়, শ্বা।
শুনঃশেফ, স্ত্র, পুং, ঋচীক মুনিপুত্র; অম্বরীষ রাজা যজ্ঞার্থ তাঁহাকে ক্রয় করিয়াছিলেন এবং বিশ্বামিত্র মুনি রক্ষা করিয়াছিলেন।
শুনক, (শুন+কণ্—যোগ) স্ত্র, পুং, মুনিবিশেষ, কুকুর, সারমেয়, শ্বা।
শুনন, (শ্রুধাতুজ) স্ত্র, শ্রবণ, শুনা।
শুনাসীর,সুনাসীর,স্ত্র,পুং,ইন্দ্র, পুরন্দর।
শুনীর, স্ত্র, পুং, কুকুরীসমূহ।
শুষ্ম, (শুষ্=শুষ্ককরা+চুণ্) স্ত্র, পুং, অগ্নি, অনল, পাবক।
শুভ, (শুভ্=দীপ্তি পাওয়া+ক) স্ত্র, ন, মঙ্গল, কুশল, শান্তি, সুখ। পুং, যোগবিশেষ। ণ, ত্রি, সুখী, মঙ্গলদায়ক,কুশলী, সুন্দর,মনোহর।
শুভংযু, (শুভ=মঙ্গল+যুচ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, কুশলী, শুভান্বিত।
শুভকর, শুভঙ্কর, (শুভ=মঙ্গল+কর=যে করে) ণ, ত্রি, শুভজনক, মঙ্গলকর। রী—স্ত্রী, পার্ব্বতী, দুর্গা।
শুভদ, (শুভ=মঙ্গল+দ=যে দানকরে) ণ, ত্রি, শুভদায়ক, শুভজনক।
শুভদৃষ্টি, স্ত্র, স্ত্রী, স্ত্রীআচার সময়ে বরকন্যার পরস্পর প্রথম সাক্ষাৎকার।
শুভস্থলী, (শুভ=মঙ্গলদায়ক+স্থল=স্থান)স্ত্র,স্ত্রী,যজ্ঞভূমি,মঙ্গলজনক স্থান।
শুভসূচনী, স্ত্র, স্ত্রী, স্ত্রীলোকের উপাস্যদেবীবিশেষ, সুবচনী।
শুভা, (শুভ্=দীপ্তিপাওয়া+ক, আপ্) স্ত্র, স্ত্রী, শোভা, কান্তি, ইচ্ছা, পার্ব্বতীর সখীবিশেষ, দেবসভা।
শুভাঙ্গী, (শুভ=সুন্দর+অঙ্গ=অবয়ব; ৬,হ)স্ত্র,স্ত্রী, কুবের-পত্নী, কামদেব-পত্নী,রতি,সুন্দর অবয়ববিশিষ্টা স্ত্রী।
শুভাধ্যায়ী, (শুভ=মঙ্গল, হিত+আ+ধ্যৈ=চিন্তাকরা+ইনি—ষ) ণ, ত্রি, হিতৈষী, উপকারী।
শুভ্র, (শুভ্=দীপ্তিপাওয়া+রক্) স্ত্র, পুং, শুক্লবর্ণ, চন্দন। ন, অভ্রক, রৌপ্য। ণ, ত্রি, শুক্লবর্ণবিশিষ্ট, উদ্দীপ্ত।
শুভ্রদন্তী, শুভদন্তী, (শুভ্র=শাদা,শুভ, সুন্দর+দন্ত; ৬,হ) স্ত্র, স্ত্রী, বায়ুকোণের দিক্‌হস্তিনী, পুষ্পদন্তনামক দিগ্‌গজের স্ত্রী, সুদতী, উত্তম দন্তবিশিষ্টা স্ত্রী।
শুভ্রাংশু,শুভ্ররশ্মি, (শুভ্র, শুভ=শাদা+রশ্মি, অংশু=কিরণ; ৬,হ) স্ত্র, পুং, চন্দ্র, চন্দ্রমা, কর্পূর।
শুম্ভ, স্ত্র, পুং, দৈত্যবিশেষ, নিশুম্ভাসুরের জ্যেষ্ঠ ভ্রাতা।
শুম্ভঘাতিনী, শুম্ভমর্দ্দিনী, (শুম্ভ=অসুরবিশেষ+ঘাতিনী, মর্দ্দিনী=নিহন্ত্রী) স্ত্র, স্ত্রী,দুর্গা, কালী, শ্যামা, করালী।
শুল্ক, (শুল্=গমনকরা+কণ্-নামার্থে, যাহার দ্বারা প্রতিবদ্ধ যায়; অ=উ; বা শুল্ক্=পরিত্যাগ,করা+ঘঞ্) স্ত্র, পুং—ন, মূল্য, করবিশেষ, মাসুল, বিবাহের পণ, যৌতুক, পণ, বাজী।
শুল্ল, স্ত্র, ন, রজ্জু, দড়ি, তাম্র, তাঁবা।
শুল্ব, (শুল্ব্=পরিমাণকরা+ক; অথবা শুধ্=শুদ্ধহওয়া ইত্যাদি+বন্; ধ=ল) স্ত্র, ন, তাম্র, রজ্জু, যজ্ঞকর্ম্ম, আচার। [পুং, গন্ধক।
শুল্বারি, (শুল্ব=তাম্র+অরি=শত্রু) স্ত্র,
শুশ্রুবান্, (শ্রু=শুনা+বস্-ষ, ভূতকালে; দ্বিত্ব) ণ,ত্রি, যে শুনিয়াছে।
শুশ্রূ, স্ত্র,স্ত্রী, মাতা, জননী।
শুশ্রূষণ, (শ্রু=শুনা+স—উপাসনার্থে, ইচ্ছার্থে+অনট্—ভাব, দ্বিত্ব) স্ত্র, ন, উপাসনা, সেবা, শ্রবণেচ্ছা।
শুশ্রূষা, (শ্রু=শুনা+স—উপাসনার্থে, ইচ্ছার্থে, আপ্—ভাব, দ্বিত্ব) স্ত্র,স্ত্রী,

সেবা, পরিচর্য্যা, কথন, শ্রবণেচ্ছা।

শুশ্রূষু, (শ্রু+সন্—ইচ্ছার্থে, উপাসনার্থে + উ—য, দ্বিত্ব) ণ, ত্রি, সেবক, শ্রবণেচ্ছু।

শুষ,—পুং, শুষি,—স্ত্রী, (শুষ্—শুষ্ক হওয়া+ক, ই) স্ত্র, শোষণ, নীরসকরণ, বিবর, ছিদ্র, গর্ত্ত, বিল।

শুষি, (শুষ্—শুষ্ককরা+কি) স্ত্র, পুং, শুষ্ককরণ, বিবর, গর্ত্ত, ছিদ্র, সর্পের কর্ণবিবর।

শুষির, (শুষ্=শুষ্কহওয়া+কিরচ্; কিম্বা শুষি+র—অস্ত্যর্থে) স্ত্র, ন, রন্ধ্র, ছিদ্র, গর্ত্ত, অবকাশ, বংশ্যাদিবাদ্যযন্ত্র, যন্ত্র। পুং, অগ্নি, মূষিক। ণ, ত্রি, সচ্ছিদ্র, ছিদ্রীকৃত, রন্ধ্রযুক্ত। রা—স্ত্রী, নদীবিশেষ, গন্ধদ্রব্যবিশেষ।

শুষিল, (শুষ্—শুষ্ক হওয়া+কিরচ্; র=ল) স্ত্র, পুং, বায়ু, পবন, বাত।

শুষ্ক, (শুষ্—শুষ্ক হওয়া+ক্ত—য; ত স্থানে ক) ণ, ত্রি, নীরস, শুক্না, অকারণ, হেতুশূন্য, নিরর্থক, শীর্ণ।

শুষ্কল, (শুষ্—রসহীনহওয়া+কলচ্; অথবা শুষ্ক+লা—গ্রহণকরা + ক) স্ত্র, পুং—ন, মাংস, আমিষ। ণ, ত্রি, আমিষভোজী। [মাংস, মাংস।

শুষ্কলী, (শুষ্কল+ঙীপ্) স্ত্র, স্ত্রী, শুষ্ক-

শুষ্কাঙ্গী, (শুষ্ক—শুক্না+অঙ্গ=অবয়ব) স্ত্র, স্ত্রী, গোধা, গোধিকা, গোসাপ। [স্ত্র, ন, শুণ্ঠি, শুঁঠ।

শুষ্কার্দ্র, (শুষ্ক—শুক্না+আর্দ্র—আদা)

শুষ্ণ, (শুষ্—শুষ্ক হওয়া+ন) স্ত্র, পুং, সূর্য্য, অগ্নি।

শুষ্ম, (শুষ্+মন্) স্ত্র, পুং, সূর্য্য, অগ্নি, বায়ু, পক্ষী, তেজঃ, শৌর্য্য, বল, দীপ্তি, প্রভা।

শুষ্মা, (শুষ্+মনিন্) স্ত্র, পুং, অগ্নি, চিত্রকবৃক্ষ, রাঙচিতাগাছ। ন, তেজঃ, শৌর্য্য, বল, প্রভা, দীপ্তি।

শূক, (শো—তীক্ষ্ণকরা+উক; নিপাতন) স্ত্র, পুং—ন, ধান্যাদির অগ্রভাগ, শুঁয়া, দয়া, অনুকম্পা।

শূকক, (শূক+কণ্—যোগ) স্ত্র, পুং, শস্যবিশেষ, যব।

শূককীট, শূককীটক, (শূক—শুঁয়া+কীট, ৬-ষ) স্ত্র, পুং, শুঁয়াপোকা।

শূকধান্য, (শূক—শুঁয়া+ধান্য, ৬-ষ) স্ত্র, ন, সূক্ষ্মাগ্র শস্য, ধান্য যবাদি।

শূকপিণ্ডি, শূকপিণ্ডী, স্ত্র, স্ত্রী, শূকশিম্বী, আলকুশী লতা।

শূকর, সূকর, (শূক=শুঁয়া+র; কিংবা শূ—অনুকরণ শব্দ+কর=যে করে) স্ত্র, পুং, রী—স্ত্রী, বরাহ, কোল, শূয়ার। [আলকুশী লতা।

শূকরপাদিকা, স্ত্র, স্ত্রী, কোলশিম্বী,

শূকবেষ্ট, স্ত্র, পুং, কশেরু, কেশুর।

শূকল, স্ত্র, পুং, দুর্বিনীত অশ্ব, দুষ্ট ঘোড়া।

শূকশিম্বা, শূকশিম্বি, শূকশিম্বিকা, শূকশিম্বী, শূকা, স্ত্র, স্ত্রী, কপিকচ্ছু, আলকুশী লতা। [গন্ধতৃণবিশেষ।

শূকুল, স্ত্র, পুং, মৎস্য, [মৎস্যবিশেষ,

শূক্ষ্ম, (সূচ্—জ্ঞাপনকরা+মন্; স—শ) ণ, ত্রি, সরু, মিহি, অল্প, কতক, কৃত্রিম, পরমাত্মবিষয়ক।

শূতিপর্ণ, স্ত্র, পুং, আরগ্বধ বৃক্ষ।

শূদ্র, (শুচ্—পবিত্র হওয়া+রক্; উ—ঊ; চ স্থানে দ) স্ত্র, পুং, ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের অন্তর্গত চতুর্থ বর্ণ। দ্রা-দ্রাণী, দ্রী—স্ত্রী, শূদ্রজাতীয়া স্ত্রী, শূদ্রের পত্নী।

শূদ্রাবেদী, (শূদ্রা+আবেদিন্—যে বিবাহ করে) স্ত্র, পুং, যে ব্যক্তি শূদ্রজাতীয়া স্ত্রীর পাণিগ্রহণ করে।

শূন, (শ্বি—বৃদ্ধি পাওয়া+ক্ত; নিপাতন) ণ, ত্রি, বৃদ্ধিপ্রাপ্ত, স্ফীত।

শূনা, (শ্বি=বৃদ্ধি পাওয়া+ক্ত, আপ্) স্ত্র, স্ত্রী, মাংসের হাট, বধ্যভূমি, প্রাণিবধ স্থান, আলজিহ্ব।

শূনাবান্, (শূনা=মাংসবিক্রয়ের স্থান

+ষৎ—অস্ত্যার্থে) স্ত্র, পুং, কসাই।

শূন্য, (শু—অতিশয়+উন+ষৎ; স—শ; অথবা শূনা—প্রাণিবধ+ষৎ—হিতার্থে) স্ত্র, ন, আকাশ, বিন্দু, রিক্ততা সূচক '০' এই চিহ্ন, অভাব, নির্জন স্থান। ণ, ত্রি, রিক্ত, খালি, রহিত, তুচ্ছ, নির্জন।

শূন্যগর্ভ, শূন্যমধ্য, (শূন্য—খালি+গর্ভ, মধ্য) ণ, ত্রি, যাহার ভিতর খালি, ফাঁপা।

শূন্যবাদী, (শূন্য—আকাশ+বাদিন্—যে বলে, ২-ব) স্ত্র, পুং, নাস্তিক-বিশেষ, বৌদ্ধ।

শূপকার, স্ত্র. পুং, শূদ্রের পাচক।

শূয়মান, (শ্বি—বৃদ্ধিপাওয়া+শানচ্) ণ, ত্রি, যাহা স্ফীত হইতেছে।

শূয়ার,(শূকর শব্দজ)স্ত্র, বরাহ,শূকর।

শূর, (শূর্—সাহসী হওয়া+অচ্) স্ত্র, পুং, বীর, সাহসী, যাদববিশেষ, কৃষ্ণের পিতামহ, সূর্য্য, সিংহ,শূকর, শালবৃক্ষ। ণ, ত্রি, বলবান্।

শূরণ, (শূর্—বধকরা+অনট্—ষ) স্ত্র, পুং, খাদ্য মূল, ওলাদি, বৃক্ষবিশেষ, শ্যোণাক বৃক্ষ।

শূরতা,—স্ত্রী, শূরত্ব,—ন, (শূর+তা, ত্ব—ভাবে)স্ত্র,পরাক্রম,শৌর্য্য,সাহস।

শূরসেন,(শূর—সাহসী+সেনা—সৈন্য; ৬.হ) স্ত্র, পুং, যদুবংশীয় নৃপবিশেষ, দেশবিশেষ, মথুরা।

শূর্প, সূর্প, (শূ—আঘাতকরা+প ; ঋ—উ) স্ত্র, পুং—ন, তণ্ডুলাদি পরিষ্কারণার্থ বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ, কুলা, দ্রোণদ্বয় পরিমাণ।

শূর্পক, (শূর্প+কণ্) স্ত্র, পুং, অসুর বিশেষ, কন্দর্পের শত্রু।

শূর্পকর্ণ, শূর্পশ্রুতি, (শূর্প—কুলা+কর্ণ, শ্রুতি) স্ত্র, পুং, যাহার কর্ণ শূর্পের ন্যায় বৃহৎ, হস্তী, গজ, মাতঙ্গ।

শূর্পণখা, (শূর্প—কুলা+নখ; ৬.হ) স্ত্র, স্ত্রী, শূর্পের মত যাহার নখ, রাবণের ভগিনী, রাক্ষসীবিশেষ।

শূর্পী, সূর্পী, (শূর্প+ঈপ্—ক্ষুদ্রার্থে) স্ত্র,পুং,ক্ষুদ্র শূর্প,ছোট কুলা,শূর্পণখা।

শূর্ম,—পুং, শূর্ম্মি, শূর্ম্মিকা, শূর্ম্মী-স্ত্রী, (শু—সৌন্দর্য্য+ঊর্ম্মি—ঢেউ ; ই—লোপ, বিকল্পে ; কিম্বা সু—সুন্দর +ঊর্ম্মি—ঢেউ ; নিপাতন ; স—শ) স্ত্র, লৌহ প্রতিমা, কর্ণিকবিশেষ।

শূল, (শূল্—রোগগ্রস্ত হওয়া+অচ্) স্ত্র, পুং—ন, শলাকাকৃতি অস্ত্র, ত্রিশূল, উদরজাত বেদনা রোগবিশেষ, ধ্বজা। পুং, যোগবিশেষ,মৃত্যু, চিহ্ন, লা—স্ত্রী,বেশ্যা, বারাঙ্গনা, গণিকা, শঙ্কু, কীলক।

শূলদ্বিট্, শূলহৃৎ, (শূল+দ্বিষ্—দ্বেষ-করা, হৃ—হরণকরা + কিপ্) স্ত্র, পুং, হিঙ্গু,হিং। [অস্ত্র: ৬.হ) স্ত্র,পুং, শিব।

শূলধন্বা, (শূল+ধন্বন্—ধনুক, এখানে

শূলধর, (শূল+ধর—যে ধরে, ২-ব) স্ত্র, পুং, শিব। রা—স্ত্রী, দুর্গা।

শূলধৃক্, (শূল+ধৃষ্—সাহসীহওয়া+কিপ্) স্ত্র, স্ত্রী, দুর্গা, অম্বিকা, অম্বা। পুং, শিব, ত্রিশূলধারী।

শূলপাণি, শূলভৃৎ, (শূল+পাণি—হস্ত; ৬.হ ; শূল+ভৃৎ—যে ধারণ করে, ২-ব) স্ত্র, পুং, শিব।—স্ত্রী, দুর্গা।

শূলাকৃত, শূল্য, (শূল+কৃত—যাহা করা হইয়াছে; আ—আগম ; শূল+যৎ—কৃতার্থে) ণ, ত্রি, শলাকাগ্রে বিদ্ধ করিয়া পক্ক মাংস,শীক-কাবাব।

শূলিক, (শূল—লৌহশলাকা, শীক +ঠক্) স্ত্র, ন, শূলাকৃত মাংস। পুং, শশক। ণ, ত্রি, শূলযুক্ত।

শূলী, (শূল+ইনি—অস্ত্যার্থে) স্ত্র, পুং, শিব। ণ,ত্রি, শূলধারী, শূলরোগী। লিনী—স্ত্রী, দুর্গা।

শৃকাল, শৃগাল,—স্ব, (সৃজ্—সৃষ্টিকরা +কালন্ ; কিংবা সৃজ—লিং+গ—

গা+লা—গ্রহণকরা+ক ; নিপাতন) স্ত, পুং, লী—স্ত্রী, শিয়াল, গোমায়ু। পুং, দৈত্যবিশেষ, কৃষ্ণ, খিট্‌খিটে, কটুভাষী ব্যক্তি, ভীতু ব্যক্তি, এ-ভয়ানীয় দৈত্যবিশেষ। ণ, ত্রি, খল, নিষ্ঠুর, (সকারাদিও হয়।)

শৃগালকণ্টক,(শৃগাল—শিয়াল+কণ্টক—কাঁটা)স্ত,পুং,শিয়ালকাঁটা গাছ।

শৃগালকোলি,(শৃগাল—শিয়াল+কোলি—কুলগাছ)স্ত,পুং,শেয়াকুল গাছ।

শৃগালিকা, শৃগালী, (শৃগালী+কণ্—যোগ ; শৃগাল+ঈ)স্ত, স্ত্রী, ভয়ে পলায়ন,ছুটিয়া আসা, খেঁকশিয়ালী, স্ত্রীশৃগাল।

শৃঙ্খল, (শৃঙ্গ—শিং, এখানে শিকলির কড়া + খল্—সংগ্রহকরা+অচ্ ; নিপাতন) স্ত, পুং—ন, লা—স্ত্রী, পুরুষের কটিবস্ত্রবন্ধ, লৌহময় পাদ-বন্ধনী, শিকল,নিগড়, পুরুষের কটি-ভূষণ, বন্ধন, নিয়ম, রীতি, পদ্ধতি, বন্ধনী, ব্র্যাকেট চিহ্ন।

শৃঙ্খলক, (শৃঙ্খল+কণ্) স্ত, পুং, উষ্ট্র বিশেষ,শৃঙ্খল, কাষ্ঠনির্ম্মিত পাদ-বন্ধনী দ্বারা বদ্ধ হস্তিশাবক।

শৃঙ্খলিত, (শৃঙ্খল+ইতচ্-সংজাতার্থে) ণ, ত্রি, শৃঙ্খলবদ্ধ, নিগড়িত।

শৃঙ্গ, (শৄ—হিংসাকরা+গন্ ; নিপাতন) স্ত, ন, বিষাণ, শিং, শিখর, পর্ব্বতের অগ্রভাগ, ধনুকাদির অগ্র, চিহ্ন, প্রভুত্ব, প্রভাব, প্রাধান্য, উৎকর্ষ, পিচকিরী, পদ্ম, শৃঙ্গনির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ,শিঙা,তীক্ষ্ণ অগ্রভাগ, কামোদ্রেক, কৃত্রিম ফোয়ারা, অতি সূক্ষ্ম। পুং, মুনিবিশেষ, ঔষধীয় মূল-বিশেষ, জীবক।

শৃঙ্গকন্দ, স্ত, পুং, শৃঙ্গাটক, শিঙাড়া।

শৃঙ্গগ্রাহিকাভায়—

দুর্ব্বর বৃষভাদির কৌশল পূর্ব্বক প্রথমতঃ একটি শৃঙ্গ ধরিয়া পশ্চাৎ অপর শৃঙ্গ ধরিতে হয়।

শৃঙ্গজ, (শৃঙ্গ+জ—জাত) স্ত, ন, অগুরু। পুং, শর, বাণ। ণ, ত্রি, শৃঙ্গজাত।

শৃঙ্গধর, (শৃঙ্গ+ধর—যে ধরে) স্ত, পুং, পর্ব্বত, অচল, নগ, মহীধর।

শৃঙ্গমূল, স্ত, পুং, শৃঙ্গাটক, শিঙাড়া।

শৃঙ্গরোহী,-হিন্,স্ত, পুং,চম্পক,চাঁপা।

শৃঙ্গবান্, (শৃঙ্গ+বৎ—অস্ত্যর্থে) স্ত, পুং,পর্ব্বতবিশেষ। ণ,ত্রি,শৃঙ্গবিশিষ্ট।

শৃঙ্গবের, (শৃঙ্গ—শিং+বের—শরীর, আকার; ৬,ত) স্ত, ন, আর্দ্রক, আদা, শুঁঠ, নগরবিশেষ,গুহচণ্ডালের পুরী, চণ্ডালগড়।

শৃঙ্গাট, শৃঙ্গাটক,শৃঙ্গাটিক, (শৃঙ্গ—শিং+অট্—গমন করা+অচ্ ; পক্ষে কণ্—যোগ) স্ত, ন, চতুষ্পথ, চৌরাস্তা, জলকণ্টক,পাণিকল, শিঙাড়া। পুং, জলকণ্টকলতা, পাণিকলের গাছ, পর্ব্বতবিশেষ।

শৃঙ্গার, (শৃঙ্গ+আরন্ ; কিম্বা শৃঙ্গ—প্রাধান্য+ঋ—গমনকরা, পাওয়া+অচ্, অণ্) স্ত, পুং, আদ্যরস, ইহা কাব্যরসের মধ্যে প্রধান, ইহাতে রতি স্থায়ীভাব,নায়ক নায়িকা আল-ম্বন, চন্দ্র চন্দনাদি উদ্দীপন, ভ্রূবি-ক্ষেপ কটাক্ষাদি অনুভব; ইহা দ্বিবিধ—বিপ্রলম্ভ ও সম্ভোগ; সুরত, রতি-ক্রীড়া, গজভূষণ, হস্তীর মস্তকে সিন্দুরাদিকৃত সজ্জা, নাট্য,নাট্যরস। ন, সিন্দুর,লবঙ্গ, সুগন্ধিচূর্ণ,আর্দ্রক।

শৃঙ্গারক, শৃঙ্গারভূষণ, (শৃঙ্গ+আরকন্—অস্ত্যর্থে ; শৃঙ্গার+ভূষণ—আভরণ) স্ত, ন, সিন্দূর।

শৃঙ্গারযোনি,(শৃঙ্গার+যোনি—উৎপত্তি) স্ত, পুং,মদন,কন্দর্প,কাম,মকরধ্বজ।

শৃঙ্গারী, (শৃঙ্গার+ইন্—অস্ত্যর্থে) স্ত, পুং, হস্তী, সুপারি গাছ, শৃঙ্গার-বিশিষ্ট, উত্তম বেশ। [স্রাত

শৃণি,—ণী,স্ত, স্ত্রী, মৎস্যবিশেষ,শিঙ্গী

শৃণিক, (শৃণ—মৎস্য ইত্যাদি+কণ্ ;

স্ত্র, ন, বিষবিশেষ। [মেষ, ভেড়া।
শৃঙ্গিণ, (শৃঙ্গ—শিং+ইনন্) স্ত্র, পুং,
শৃঙ্গী, (শৃঙ্গ=শিং, অগ্রভাগ+ইনি
—অস্ত্যর্থে) স্ত্র, পুং, হস্তী, পর্ব্বত,
বৃক্ষ,মুনিবিশেষ। ণ, ত্রি, শৃঙ্গবিশিষ্ট।
ঙ্গিনী—স্ত্রী, গবী, গাই।
শৃঙ্গীকনক, স্ত্র,ন, অলঙ্কারার্থ স্বর্ণ।
শৃণি, সৃণি, (শৄ—হিংসাকরা+নি;
স্থানে ; সৃ=গমনকরা+নি)
স্ত্র, পুং—স্ত্রী, অঙ্কুশ, ডাঙশ।
শৃত, (শ্রা=পাককরা+ক্ত—চ) ণ, ত্রি,
পকদুগ্ধ ঘৃত বা জল, পক।
শৃধু, শৃধূ, (শৃধ্=অপান বায়ু ত্যাগ
করা ইত্যাদি+কু) স্ত্র, পুং, অপান,
অহঙ্কার, বুদ্ধি।
শেখর, (শিখ্=গমনকরা+অরন্)
স্ত্র, পুং, চূড়া, কিরীট, শিরোভূষণ,
কিরীটস্থ পুষ্প, শিখাস্থিত মাল্য। ন,
লবঙ্গ, শিগ্রুমূল, শজিনার মূল।
শেণবী, স্ত্রী, ধী, বুদ্ধি, মেধা।
শেণা, স্ত্রী, বুদ্ধি, মন।
শেপ, শেফ,—পুং, শেফঃ,—ন,(শী=
শয়নকরা+প, ফ, ফস্) স্ত্র, ন,
যে অণ্ডকপাতে শয়ন করে, শিশ্ন,
লিঙ্গ,মেঢ্র,উপস্থ। ণ,ত্রি, শয়নকর্ত্তা।
শেপাল, (শী=শয়নকরা+বাল; ব=
প) স্ত্র, পুং, শৈবাল, শেয়ালা।
শেফালি,—লী, শেফালিকা, (শেফ
[শী=শয়নকরা+ফ]=যে শয়নকরে
+অলি=ভ্রমর; ৬.ত; শেফালি+
কণ্, আপ্; ঈপ্ হ্রস্ব) স্ত্র, স্ত্রী,
শিউলিফুলের গাছ।
শেমুষী, (শে [শী=শয়নকরা+কিপ্]
=জড়তা,মোহ+মুষ্=চুরিকরা+ক,
ঈপ্; কিম্বা শম্=শান্তকরা+বস্,
ঈপ্) স্ত্র, স্ত্রী, বুদ্ধি, মতি। { ধূর্ত্ত!
শেয়ান, (দেশজ) ণ, চতুর, চালাক,
শেয়ালা, (শৈবাল শব্দজ) স্ত্র, শেওলা,
জলঘাস।
শের, (দেশজ) স্ত্র, পরিমাণবিশেষ।
শেল, (শূলশব্দজ) স্ত্র,শূল, শল্যনামক
অস্ত্রবিশেষ।
শেলু, (শিল্—গৃহীতশস্তশেষ আহরণ
করা+উ) স্ত্র, পুং, বহুবারকবৃক্ষ,
চালিতাগাছ।
শেব, (শী—শয়ন করা+বল্) স্ত্র,
পুং, উপস্থ, লিঙ্গ, উচ্চতা, সর্প।
শেবধি,—স, (শেব=সুখ+ধা=ধারণ-
করা+কি) স্ত্র, পুং, কুবেরের নিধি।
শেবল, শেবাল, (শী=শয়নকরা+
বল, বাল) স্ত্র,ন, শৈবাল, শেয়ালা।
শেবলিনী, (শেবল=শেয়ালা+ইন্
অস্ত্যর্থে; ঈপ্) স্ত্র, স্ত্রী, নদী।
শেশ্বীয়মান, (শ্বি [যঙ্লুগন্ত]=বৃদ্ধি
পাওয়া, স্ফীত হওয়া+শানচ্) ণ,ত্রি,
অতিশয় উচ্ছুন, অতিশয় স্ফীত।
শেষ, (শিষ্=বধকরা, শেষরাখা+
ঘঞ্) স্ত্র, পুং, সর্পরাজ, অনন্তদেব,
বাসুকি, বলরাম, বিনাশ, ধ্বংস,
নিষ্পত্তি, অন্ত, অবশেষ। ন, প্র-
সাদ, অনুগ্রহ। ণ, ত্রি, অবশিষ্ট,
পরিত্যক্ত,উচ্ছিষ্ট। ষা—স্ত্রী,প্রসাদ-
দত্ত মাল্য, অনুগ্রহপূর্ব্বক প্রদত্ত
মালা। [কারণের অনুমান।
শেষবৎসাধন, স্ত্র, ন, কাব্য দেখিয়া
শৈক্ষ,(শিক্ষা=বেদের উচ্চারণ নিয়ম-
বোধক শাস্ত্র+অন্—অধ্যয়নার্থে)
স্ত্র, পুং, প্রথম শিক্ষণীয় শাস্ত্রাধ্যয়ন-
কারী ছাত্র, প্রাথমকল্পিক।
শৈক্ষিক, (শিক্ষা+ঠক্—অস্ত্যর্থে)
ণ, ত্রি, শিক্ষাশাস্ত্রবেত্তা, যে শিক্ষা-
শাস্ত্র জানে।
শৈখরিক, (শিখর=চূড়া বা অগ্র-
ভাগ+ঠক্) স্ত্র, পুং, অপামার্গ,
আপাংগাছ।
শৈত্ত্যাণত্বক্, স্ত্র, নাসারন্ধ্রের অভ্য-
ন্তরস্থ সূত্রময় ত্বক্, যাহার উপরি-
ভাগ সর্ব্বদা এক প্রকার রসসংযোগে

[illegible] (Pituitary mem-
brane) [illegible]

শৈত্য, (শীত—শীতল+ষ্যঞ্—ভাবে) স্য, ন, শীতগুণ, শীতলত্ব, ঠাণ্ডা, হিম।

শৈথিল্য, (শিথিল+ষ্যঞ্—ভাবে) স্য, ন, শিথিলত্ব, অদৃঢ় সংযোগ, আলগা, ঢিলে, অমনস্কতা, অবসন্নতা, আলগা দেওয়া।

শৈনেয়, (শিনি+ঢেয়—অপত্যার্থে) স্য, পুং, সাত্যকি, কৃষ্ণের সারথি।

শৈরজ্ঞান, স্য, ন, শিরাদ্বারা যে জ্ঞান জন্মে।

শৈল, (শিলা—প্রস্তর+অন্—সমূহার্থে ইত্যাদি) স্য, পুং, পর্ব্বত। ন, শৈলেয় গন্ধদ্রব্য। ণ, ত্রি, শিলাসম্বন্ধীয়, পার্ব্বতীয়। লী—স্ত্রী, স্বভাব, কৌশল সংক্ষিপ্ত প্রণালী।

শৈলগন্ধ, স্য, পুং, চন্দন বিশেষ, সাবর চন্দন।

শৈলজ, শৈলজ, (শৈল+কন্—যোগ; শৈল—পর্ব্বত + জ—যে জন্মে, ৫—ষ) স্য, ন, পার্ব্বতীয় গন্ধদ্রব্যবিশেষ। জা—স্ত্রী পার্ব্বতী, দুর্গা, গজপিপ্পলী।

শৈলসুতা, (শৈল—পর্ব্বত, হিমালয়+সুতা—কন্যা, ৬-ষ) স্য, স্ত্রী, পার্ব্বতী, দুর্গা, নগবালা, গিরিজা, হৈমবতী।

শৈলধন্বা, (শৈল—পর্ব্বত + ধন্বন্—ধনুক) স্য, পুং, শিব, মহাদেব।

শৈলধর, (শৈল—পর্ব্বত, গোবর্দ্ধনগিরি+ধর—যে ধরে, ২-ষ) স্য, পুং, কৃষ্ণ, বিষ্ণু।

শৈলপত্র, স্য, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ

শৈলভিত্তি, (শৈল—পর্ব্বত+ভিদ্—ভেদ করা, বিদারণকরা+ক্তি) স্য, পুং, টঙ্ক, পাষাণদারণাস্ত্র, পাথরকাটা ছেনি।

শৈলরাজ, শৈলপতি, (শৈল+রাজ—রাজন্ শব্দজ+পতি—প্রভু, ৬-ষ) স্য, পুং, হিমালয় পর্ব্বত, সুমেরু।

শৈলশিবির, (শৈল—পাহাড়+শিবির—তাম্বু বা স্থান) স্য, ন, সমুদ্র।

শৈলাখ্য, শৈলজ, স্য, ন, শৈলেয়, শিলাজতু।

শৈলাট, (শৈল—পর্ব্বত+অট্—ভ্রমণ করা+অচ) স্য, পুং, সিংহ, ব্যাঘ্র, লুব্ধক, পার্ব্বতীয় জাতি, পুলিন্দ, শবর, দেবসেবক, শুক্ল কাচ, স্ফটিক।

শৈলাদি, (শিলাদ+ফি—অপত্যার্থে) স্য, পুং, নন্দী, শিবের অনুচরবিশেষ।

শৈলালী, (শিলালিন্, [শি+লাল—ইহার শাস্ত্র+ইন্—জীবিকার্থে, বা অনুশীলনার্থে]—নৃত্যাদি শাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ+অণ্) স্য, পুং, নট, নৃত্যকারক।

শৈলিকা, স্য, পুং, সর্ব্বলিঙ্গী, সর্ব্বপ্রকার বেশধারী, ধূর্ত্ত, শঠ, প্রবঞ্চক, বহুরূপী।

শৈলী, (শিল+অণ্—স্বার্থে, ঙীপ্) স্য, স্ত্রী, কৌশল, সংক্ষিপ্ত প্রণালী, ফিকির।

শৈলূষ, (শিলূষ—এক নৃত্যোপদেশক+অন্—অপত্যার্থে) স্য, পুং, নর্ত্তক, নট, ভিন্ন জাতি, ধূর্ত্ত, বিল্ববৃক্ষ। [নট।

শৈলূষিক, (শৈলূষ+ঠক্) ণ, ত্রি,

শৈলেন্দ্র, (শৈল—পর্ব্বত+ইন্দ্র—প্রধান, শ্রেষ্ঠ) স্য, পুং, পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয়, পর্ব্বত।

শৈলেন্দ্রস্থ, স্য, পুং, ভূর্জ্জপত্রবৃক্ষ।

শৈলেয়, (শৈল—পর্ব্বত+ঢক্—ভবার্থে) স্য, ন, শৈলজ গন্ধৌষধিবিশেষ, সৈন্ধব লবণ। পুং, সিংহ, ভ্রমর। ণ, ত্রি, শৈলসম্ভূত, শৈলজাত, শৈলসম্বন্ধীয়। য়ী—স্ত্রী, পার্ব্বতী, দুর্গা। [সম্বন্ধীয়।

শৈল্য, (শিলা+ষ্যঞ্) ণ, ত্রি, শিলা-

শৈব, (শিব+অণ্—অর্চ্চনার্থে) স্য, পুং, শিবের উপাসক, শিবভক্ত। ন, শৈবাল, শিবপুরাণ। ণ, ত্রি, শিবসম্বন্ধীয়।

শৈবল, শৈবাল,—ল, (শী=জলে শয়নকরা+বলচ্, বলন্) স্ত্র, পুং, জলজাত উদ্ভিজ্জবিশেষ, শেয়ালা, (সকারাদিও হয় ।)

শৈবলিনী, (শৈবল=শেয়ালা+ইন্—অস্ত্যর্থে ; ঈপ্) স্ত্র, স্ত্রী, তটিনী, নদী, স্রোতোবহা; সরিৎ, তরঙ্গিণী, কূলঙ্কষা ।

শৈবী, (শৈব+ঈ) স্ত্র, স্ত্রী, শিব-সম্বন্ধিনী, শৈব বিবাহে বিবাহিতা স্ত্রী

শৈব্য, (শিব+য) ণ, ত্রি, শিবসম্বন্ধীয় । (শিবি+ষঞ্) স্ত্র, পুং, কৃষ্ণের অশ্ববিশেষ, নৃপ এবং পাণ্ডবদিগের সেনাপতিবিশেষ । ব্যা—স্ত্রী, হরিশ্চন্দ্র রাজার পত্নী ।

শৈশব, (শিশু+অণ্—ভাবে) স্ত্র, ন, শিশুত্ব, বাল্যাবস্থা, ছেলেবেলা, বালক কাল ।

শৈশির, (শিশির+অণ্) ণ, ত্রি, শিশিরসম্বন্ধীয় । স্ত্র, পুং, শ্যামবর্ণ চটকপক্ষী ।

শৈষ্যোপাধ্যায়িকা, (শিষ্য+উপাধ্যায় =অধ্যাপক+ঠক্) স্ত্র, স্ত্রী, শিষ্যদের অধ্যাপনা; ছেলে পড়ান ।

শোওন, (শয়ন শব্দজ) স্ত্র, শয়নকরা, শয্যাগ্রহণ । [গন্ধ গ্রহণ ।

শোঁকন, (দেশজ) স্ত্র, ঘ্রাণ লওন,

শোক, (শুচ্=শোককরা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, ইষ্ট বিয়োগজ মনোদুঃখ, প্রিয় ব্যক্তির মৃত্যু অথবা দুঃখাদি জন্য চিত্তের চঞ্চলতা ।

শোকনাশ, শোকনাশন, স্ত্র, পুং, অশোক বৃক্ষ ।

শোকাকুল, (শোক+আকুল) ণ, ত্রি, শোকে কাতর, ইষ্ট বিয়োগাদি জনিত দুঃখে অস্থির ।

শোকারি, (শোক=ইষ্টবিয়োগজ মনোদুঃখ+অরি=শত্রুবৎ) স্ত্র, পুং, কদম্ব বৃক্ষ, নীপ ।

শোকার্ত্ত, (শোক+ঋত) ণ, ত্রি, শোকে পীড়িত, সন্তাপিত ।

শোচন, (শুচ্+অনট্—ভাব) স্ত্র, ন, না—স্ত্রী, শোককরা ।

শোচিঃ, (শুচ্=নির্ম্মলকরা+ইস্) স্ত্র, স্ত্রী, শিখা, প্রভা, জ্বালা, অর্চ্চি ।

শোচিকেশ, (শোচিস্=শিখা+কেশ=চুল ; ৬-হ) স্ত্র, পুং, অগ্নি, অনল, পাবক, কৃশানু, হুতবহ, জাতবেদা ।

শোচ্য, শোচনীয়, (শুচ্=শোক-করা+যৎ, অনীয়র্—চ) ণ, ত্রি, শোকের বিষয়, যাহাকে উদ্দেশ করিয়া শোক করা যায়, অনুকম্প্য ।

শোচাক, ণ, ত্রি, নীচ, ক্ষুদ্র, কনিষ্ঠ ।

শোটীর্য্য, (শুটীর=বীর+ণ্যৎ) স্ত্র, ন, পরাক্রম, বীর্য্য, গর্ব্ব, দম্ভ ।

শোঠ, (শুঠ্=আলস্য করা+অচ্) স্ত্র, পুং, অজগর, মূর্খ, কুড়ে, অলস; শঠ, ধূর্ত্ত, নীচ, অধম, পাপাত্মা, দুষ্ট ।

শোণ, (শোণ্=রক্তবর্ণকরা বা হওয়া +অচ) স্ত্র, পুং, রক্তবর্ণ, পাটনার নিকটস্থ নদবিশেষ, মঙ্গলগ্রহ, রক্তবর্ণ ঘোটক, সমুদ্র, রক্তবর্ণ ইক্ষুবিশেষ, অগ্নি । ন, রুধির, শোণিত, কুণ, সিন্দুর । ণ, ত্রি, রক্তবর্ণবিশিষ্ট, লোহিত বর্ণযুক্ত ।

শোণরত্ন, (শোণ=গাঢ় রক্তবর্ণ+রত্ন =মণি) স্ত্র, ন, পদ্মরাগমণি ।

শোণাক, শোণক, (শোণ=রক্তবর্ণ+অক্=গমনকরা বা হওয়া+অচ্ ; শোণ+কণ্—যোগ) স্ত্র, পুং, বৃক্ষবিশেষ, শোণাগাছ ।

শোণিত, (শোণ=রক্তবর্ণ+ইতচ্—জাতার্থে) স্ত্র, ন, রক্ত, রুধির, কুণ, কুঙ্কুম । ণ, ত্রি, রক্তবর্ণযুক্ত, লোহিত ।

শোণিতপুর, (শোণিত=রক্তবর্ণ+পুর =নগর) স্ত্র, ন, বাণপুর, বাণরাজার পুরী ।

শোণিতাহ্বয়, স্ত্র, ন, কুঙ্কুম ।

শোণিমা, (শোণ+ইমন্—ভাবে)

স্ত্র, পুং, রক্তিমা, রক্তত্ব।

শোথ, শোফ, শোথক, (শু [বৃদ্ধি] =গমনকরা, পাওয়া+থ, ফ; কন্—যোগে শোথক) স্থ, পুং, স্ফীততা রোগ, ফুলারোগ, গোদ।

শোধ, (শুধ+অল) স্থ, পুং, পরিষ্কার, শোধন, বৈরনির্যাতন, প্রতিক্রিয়া।

শোধক, (শুধ=নির্মল হওয়া বা করা +ণক—ম) ণ, ত্রি, শোধনকারক, পাবন।

শোধন, (শুধ=শুদ্ধকরা+অনট—ভাব, ধ, ম) স্থ, ন, শুদ্ধি, পরিষ্করণ, নির্দ্দোষকরণ, ভুল শুধরান, হরণ, ভাগকরণ, পরিশোধ, প্রতিদান, বিরেচন, অপনয়ন, মল, বিষ্ঠা, তুঁতিয়া, তুঁতে। নী—স্ত্রী, সম্মার্জ্জনী, ঝাঁটা। ণ, ত্রি, পরিষ্কারক, শুদ্ধিকারক।

শোধনীয়, শোধিতব্য, শোধ্য, (শুধ্+অনীয়র্, তব্য, যৎ—ট) ণ, ত্রি, শোধনের যোগ্য।

শোধিত, (শুধ+ক্ত—ট) ণ, ত্রি, পরিষ্কৃত, মার্জ্জিত, অপনীত, কেশকীটাদিরহিত (ব্যঞ্জনাদি)। [স্ত্রীপদ।

শোফ, পুং, শোথরোগ, ফুলা, গোদ,

শোফঘ্ন, (শোফ+হন+ক্বিপ্) স্থ, পুং, ভল্লাতক বৃক্ষ, ভেলাগাছ। ণ, ত্রি, শোথরোগনাশক।

শোভন, (শোভি—দীপ্তিপাওয়া+অনট্—ম) ণ, ত্রি, সুন্দর, মনোজ্ঞ, শোভাযুক্ত, শোভাজনক। স্থ, পুং, যোগবিশেষ, গ্রহ। ন, পদ্ম, কমল, শতপত্র। না—স্ত্রী, হরিদ্রা, গোরোচনা।

শোভনক, (শোভন+কন্-যোগ; কিম্বা প্রকাশার্থ কৈ ধাতুজ) স্থ, পুং, শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ।

শোভা, (শুভ্+আপ্—ভাব) স্থ, স্ত্রী, কান্তি, দীপ্তি, প্রভা, আভা, স্ফূর্ত্তি, সৌন্দর্য্য, হরিদ্রা, গোরোচনা, গোপীবিশেষ।

শোভাঞ্জন,—ন, শোভাঞ্জন, (শোভা=সৌন্দর্য্য+অঞ্জ—অঙ্কিত করা+অনট্) স্থ, পুং, শজিনাগাছ।

শোভানুভাবকতা,—যে বৃত্তিদ্বারা শোভার অনুভব করিতে পারা যায়।

শোভিত, (শুভ্+ক্ত) ণ, ত্রি, শোভাযুক্ত, ভূষিত, অলঙ্কৃত, সজ্জিত।

শোয়া, (শয়ন শব্দজ) স্থ, শয়ন, নিদ্রা যাওয়া। [বিশেষ।

শোরা, (যবন ভাষা) স্থ, যবক্ষার, ক্ষার-

শোলা, (দেশজ) স্থ, জলতৃণ বিশেষ।

শোশুচামান, (শুচ্ [যঙ্লুগন্ত]=শোককরা+শানচ্) ণ, ত্রি, অতিশয় শোককারী।

শোষ, (শুষ্+অচ—ভাব) স্থ, পুং, শোষণ, জলাকর্ষণ, শুষ্ক হওয়া, নীরস করণ, রসাকর্ষণ, যক্ষ্মারোগ।

শোষক, (শুষ্=শুষ্ককরা বা হওয়া+ণক—ম) ণ, ত্রি, শোষণকর্ত্তা, রসাকর্ষক।

শোষণ, (শুষ্+অনট্—ভাব) স্থ, ন, রসাকর্ষণ, শুষ্ককরা। পুং, মদনের বাণবিশেষ। ণ, ত্রি, শোষণকর্ত্তা।

শোষিত, (শুষ্+ক্ত—ট) ণ, ত্রি, নীরসকৃত, যাহা শুষ্ক করা হয়।

শৌক, (শুক=টিয়াপাখী+অঞ্—সমূহার্থে) স্থ, ন, শুকপক্ষিসমূহ।

শৌকর, (শূকর+অণ্—সম্বন্ধার্থে) স্থ, পুং, শূকরসম্বন্ধীয়। স্থ, ন, তীর্থবিশেষ।

শৌক্তিকেয়, শৌক্তেয়, (শুক্তিকা, শুক্তি+ঠক্—সম্বন্ধার্থে) স্থ, ন, মুক্তা। ণ, ত্রি, শুক্তিসম্বন্ধীয়।

শৌক্ল্য, (শুক্ল+ষ্যঞ্—ভাবে) স্থ, ন, শ্বেতগুণ, শুক্লতা, শুভ্রত্ব, শুভ্রবর্ণ।

শৌচ, (শুচি=পবিত্র+অন্—ভাবে; কর্ম্মণি) স্থ, ন, শুদ্ধি, পবিত্রতা, শুচিতা, নির্ম্মলতা।

শৌচিক, (শুচি+ঠক্) স্থ, পুং, র

শুদ্র জাতিবিশেষ, শৌণ্ডিকের ঔরসে কৈবর্ত্ত-কন্যার গর্ভজাত জাতি। [স্ত্র, পুং, রজক, ধোপা।

শৌচেয়, (শুচি—নির্ম্মলীকরণ+ঠক্)

শৌটীর, (শৌট্—অহঙ্কারকরা+ঈরন্) ণ ত্রি, অহঙ্কৃত, গর্ব্বিত। স্ত্র, পুং, প্রব্রাজক, তপস্বী, সংসারত্যাগী, বীর, শূর, দাতা, মুক্তহস্ত।

শৌটীর্য্য, (শৌটীর—বীর+যৎ—ভাবে) স্ত্র, ন, শৌর্য্য, বীর্য্য, পরাক্রম, গর্ব্ব, অহঙ্কার।

শৌণ্ড, (শুণ্ডা—মদ্য+অণ্) ণ, ত্রি, মত্ত, মাতাল, অত্যাসক্ত, খ্যাত।

শৌণ্ডিক, শৌণ্ডী, (শৌণ্ডিন্, শুণ্ডা—মদ্য +ঠক্, ইন্—জীবত্যর্থে) স্ত্র, পুং, জাতিবিশেষ, শুঁড়ি।

শৌণ্ডির, শৌণ্ডীর, (শুণ্ডা—মদ্য+ইর, ঈর) ণ, ত্রি, দর্পী, অহঙ্কারী, গর্ব্বিত।

শৌদ্ধোদনি, (শুদ্ধোদন—ইক্ষ্বাকুবংশীয় নৃপবিশেষ+ইঞ্—বংশার্থে) স্ত্র, পুং, বৌদ্ধমুনিবিশেষ, শাক্যবংশজ।

শৌদ্র, (শূদ্রা+অণ্) স্ত্র, পুং, দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্রবিশেষ, ব্রাহ্মণাদির ঔরসে শূদ্রাগর্ভজাত পুত্র (শূদ্র+অণ্—সম্বন্ধার্থে) ণ, ত্রি, শূদ্র সম্বন্ধীয়। [মাংসজীবী।

শৌন, (শূনা+অ) স্ত্র, পুং, মাংসবিক্রয়ী, শৌনক, স্ত্র, পুং, মুনিবিশেষ, পুরাণবক্তা।

শৌনিক, (শূনা—প্রাণিবধ স্থান+ঠক্) স্ত্র, পুং, মাংসবিক্রেতা, যে ব্যক্তি মাংস বিক্রয় করে, কসাই, মৃগয়া। ণ, ত্রি, মৃগয়াশীল।

শৌভ, (শুভ—মঙ্গলদায়ক+অণ্) স্ত্র, ন, হরিশ্চন্দ্র রাজার পুরী। পুং, দেবতা, গুবাকবৃক্ষ।

শৌভিক, (শোভা+ঠক) স্ত্র, পুং, ঐন্দ্রজালিক, কুহকী, মায়াবী, বাজীকর।

শৌরি,—স, (শূর—একনাম কিম্বা বীর +ইঞ্) স্ত্র, পুং, কৃষ্ণ, যাদব, বাসুদেব, শনিগ্রহ।

শৌর্পিক, শৌর্প, (শূর্প—কুলা+ঠক্, অঞ্—পরিমিতার্থে) ণ, ত্রি, শূর্প-পরিমিত, কুলাপরিমাণ।

শৌর্য্য, (শূর—বীর+ষ্যঞ্—ভাবে ; কর্ম্মণি) স্ত্র, ন, বীর্য্য, সাহস, বীরত্ব, বল, নাট্যক্রীড়াবিশেষ।

শৌল্ক, শৌল্কিক, (শুল্ক+অণ্, ঠক্) স্ত্র, পুং, শুল্কাধ্যক্ষ, টোল্‌কলেক্টর।

শৌল্বিক, (শুল্ব—তামা+ঠক্) স্ত্র, পুং, কাংস্যকার, কাঁসারি।

শৌষিক, (শুষ+ইক) স্ত্র, পুং, কাংস্যকার, কাঁসারী।

শৌবন, (শ্বন্+অণ্—অপত্যার্থে ; সম্বন্ধার্থে) স্ত্র, ন, কুকুর শাবক, কুকুর সম্বন্ধীয়।

শৌবদন্ত, যে দন্ত কুকুরের দন্তের ন্যায় সূচল, ইহা দ্বারা আহারীয় দ্রব্য ছেদন ও ধারণ করিয়া রাখা যায়।

শৌবস্তিক, (শ্বস্—কল্য+ঠক্-ভবার্থে ; ত—আগম) ণ, ত্রি, তাবদ্দিনস্থায়ী, পরদিনের, কালিকার।

শৌবাপদ, (শ্বাপদ—শিকারী জন্তু+অণ্ ; ঔ—আগম) ণ, শ্বাপদসম্বন্ধীয়, হিংস্রজন্তুসম্বন্ধীয়।

শৌষ্কল, (শুষ্কলী—শুষ্কমাংস+অণ্) ণ, ত্রি, আমিষাশী, শুষ্কমাংসভোজী। স্ত্র, পুং, শুষ্কমাংসের মূল্য।

শ্চোত, শ্চ্যোত, (শ্চুৎ, শ্চ্যুৎ—ক্ষরিত হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, চ্যুতি, ক্ষরণ, প্রোক্ষণ। [ক্ষরণশীল, গলৎ।

শ্চ্যোতৎ, (শ্চ্যুৎ+অৎ—র) ণ, ত্রি, শ্মন্, (শী—শয়নকরা+মন্) স্ত্র, ন, মুখ। পুং, শব, মৃতদেহ, মড়া।

শ্মশান, (শব—মড়া+শয়ন—স্থান, ৬-ষ; শব স্থানে শ্ম, শয়ন স্থানে শান; কিম্বা শ্মন্—শব+শী—শয়নকরা+শানচ্—ডে) স্ত্র, ন, শবদাহ স্থান, প্রেতভূমি।

শ্মশানকালী, স্ত্র্য, স্ত্রী, কালিকামূর্ত্তি বিং।
শ্মশানবাসী, শ্মশানবেশ্মা, (শ্মশান=শবদাহস্থান+বাসিন=যে বাসকরে; শ্মশান+বেশ্মন্=বাসস্থান) স্ত্র, পুং, শিব, মহাদেব, কপালী, ভূতনাথ, প্রেতবাস। ণ, ত্রি, যে শ্মশানে বাস করে।
শ্মশ্রু, (শ্মন্=মুখ+শ্রি=আশ্রয় করা+ডন্; কিম্বা উপলক্ষ্যার্থ শ্রু ধাতু) স্ত্র, ন, মুখরোম, গোঁপদাড়ী।
শ্মশ্রুল, (শ্মশ্রু+লচ্=অস্ত্যর্থে) ণ, ত্রি, শ্মশ্রুবিশিষ্ট, যাহার গোঁপদাড়ী আছে।
শ্মশ্রুবর্দ্ধক, (শ্মশ্রু+বর্দ্ধক=যে ছেদন করে) স্ত্র, পুং, নাপিত, ক্ষৌরিক।
শ্মীলন, (শ্মীল্=নয়ন মুদ্রিত করা+অনট্—ভাব) স্ত্র, ন, চক্ষুঃ মুদ্রিতকরণ, চোখবুজা।
শ্যাকুল, (শৃগালকোলি শব্দজ) স্ত্র, কণ্টকময় লতাবিশেষ।
শ্যান, (শ্যৈ=গমনকরা+ক্ত—ঘ) ণ, ত্রি, প্রাপ্ত, গত, ঘনীভূত, গাঢ়, শুষ্ক, নীরস। স্ত্র, ন, ধূম, ধূঁয়া।
শ্যাম, (শ্যৈ=গমন করা+মক্) ণ, ত্রি, কৃষ্ণবর্ণবিশিষ্ট, হরিৎবর্ণবিশিষ্ট। স্ত্র, পুং, প্রয়াগস্থ পবিত্র বটবৃক্ষবিশেষ, কোকিল, কৃষ্ণবর্ণ, হরিৎ বর্ণ, মেঘ, শ্যামাতৃণ। ন, সামুদ্রলবণ, মরিচ।
শ্যামকণ্ঠ, (শ্যাম=কৃষ্ণবর্ণ বা নীলবর্ণ+কণ্ঠ) স্ত্র, পুং, ময়ূর, শিব, পক্ষিবিশেষ।
শ্যামকাণ্ডা, স্ত্র, স্ত্রী, গণ্ডদূর্ব্বা, গেঁটেদূর্ব্বা।
শ্যামপত্র, (শ্যাম=কৃষ্ণবর্ণ+পত্র=পাতা) স্ত্র, পুং, তমালবৃক্ষ।
শ্যামল, (শ্যাম=কৃষ্ণবর্ণ+লা=গ্রহণকরা+ঘ; কিম্বা শ্যাম+লচ্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, কৃষ্ণবর্ণ, হরিৎবর্ণ। ণ, ত্রি, কৃষ্ণবর্ণবিশিষ্ট, হরিৎবর্ণবিশিষ্ট। লা—স্ত্রী, পার্ব্বতী, দুর্গা, অশ্বগন্ধা, কটভী।
শ্যামলচূড়া, (শ্যামল=কৃষ্ণবর্ণ+চূড়া=অগ্রভাগ; ৬.হ) স্ত্র, স্ত্রী, গুঞ্জা, কুঁচ।
শ্যামলতা, (শ্যাম+লতা) স্ত্র, স্ত্রী, শ্যামবর্ণ লতা। (শ্যামল+ত্ব—ভাবে) শ্যামত্ব।
শ্যামা, (শ্যাম+আপ্) স্ত্র, স্ত্রী, কালিকা, দেবীবিশেষ, প্রিয়ঙ্গুলতা, তুলসী, নীলদূর্ব্বা, সোমরাজী, হাকুচ, গুগ্‌গুলু, সোমলতা, গুড়ূচী লতা, কস্তুরী, নীলপুনর্নবা, পিপ্পলী, পদ্মবীজ, গাভী, ছায়া, সিংশপাবৃক্ষ, সারিবা নামক ঔষধ দ্রব্য বিশেষ, রাত্রি, হরিদ্রা, যমুনা নদী, কালিন্দী, পক্ষিণী বিশেষ, শ্যামাপাখী, কৃষ্ণবর্ণা স্ত্রী, গুণবিশেষবতী স্ত্রী।
শ্যামক, শ্যামাক, (শ্যামা+কণ্—যোগ) স্ত্র, পুং, ধান্যবিশেষ।
শ্যামাঙ্গ, (শ্যাম=কৃষ্ণবর্ণ+অঙ্গ=দেহ) স্ত্র, পুং, বুধগ্রহ। ণ, ত্রি, যাহার শরীর কৃষ্ণবর্ণ।
শ্যামিকা, (শ্যাম+কন্, আপ্) স্ত্র, স্ত্রী, শ্যামবর্ণ, কালিমা, মালিন্য, লৌহাস্তর সংসর্গ, খাদ।
শ্যাল, শ্যালক,—স, (শ্যৈ=গমনকরা+কালন্, পক্ষে কন্—যোগ) স্ত্র, পুং, পত্নীর ভ্রাতা। লী, লিকা—স্ত্রী, স্ত্রীর ভগ্নী, (সকারাদিও হয়।)
শ্যাব, (শ্যৈ=গমনকরা+ব) স্ত্র, পুং, পিঙ্গলবর্ণ, কপিশবর্ণ, কৃষ্ণপীতমিশ্রবর্ণ। ণ, ত্রি, তদ্বর্ণযুক্ত।
শ্যাবতৈল, স্ত্র, পুং, আম্রবৃক্ষ, আঁবগাছ
শ্যাবদন্ত, ণ, ত্রি, স্বভাবিক কৃষ্ণবর্ণ দন্তযুক্ত, প্রধান দন্তদ্বয় মধ্যবর্ত্তি ক্ষুদ্র দন্তবিশিষ্ট, প্রধান দন্তোপরি দন্তান্তরযুক্ত।
শ্বেত, (শ্বৈ্=গমনকরা+ইতচ্) স্ত্র, পুং, শুক্ল, শ্বেত, শুভ্রবর্ণ, সাদা রং। ণ, ত্রি, শ্বেতবর্ণযুক্ত, শুভ্র, সাদা।
শ্বেতকোলক, স্ত্র, পুং, মৎস্যবিশেষ,

ভকর, শ্রোত্রী, পুষ্টিমান।
শ্যেন, (শ্যৈ—গমনকরা+ইন্) স্ত,পুং, বাজপক্ষী, বক্ষবিশেষ, পাণ্ডুবর্ণ।
নী—স্ত্রী, শ্বেতবর্ণা, বাজপক্ষিণী।
শ্যৈনম্পাতা, (শ্যেন=বাজপক্ষী+পাত—পতন+অ, আপ;ম্—আগম) স্ত, স্ত্রী,মৃগয়া,শিকার,শ্যেন দ্বারা মৃগয়া।
শ্যোণাক, (শ্যৈ—গমন করা+ভুণাক) স্ত, পুং, বৃক্ষবিশেষ, শোণাগাছ।
শ্রৎ, ব্য, ভক্তি, বিশ্বাস, (এই অব্যয় শব্দ প্রায় ধা ধাতুর পূর্ব্বেই থাকে।
শ্রথন, (শ্রথ্—বন্ধন করা ইত্যাদি+অনট্—ভাব) স্ত, ন, বন্ধন, মোচন মোক্ষ,মুক্তি,শৈথিল্য,মারণ,বধ,যত্ন।
শ্রদ্দধান, (শ্রৎ=ভক্তি+ধা—ধারণকরা+শানচ—ষ, বিধ) ণ, ত্রি, ভক্তিমান্, শ্রদ্ধাযুক্ত।
শ্রদ্ধা, (শ্রৎ=ভক্তি+ধা=ধারণকরা +অঙ্, আপ্) স্ত, স্ত্রী, ভক্তি, ধর্ম্মকার্য্যে দৃঢ় বিশ্বাস, স্পৃহা, ইচ্ছা, বিশ্বাস, প্রত্যয়, আদর, চিত্তপ্রসাদ, মনের নির্ম্মলতা।
শ্রদ্ধালু, (শ্রদ্ধা+আলু, বা শ্রৎ+ধা ধারণকরা+আলু—ষ, শীলার্থে) ণ, ত্রি, ভক্তিমান্, শ্রদ্ধাবিশিষ্ট। স্ত, স্ত্রী, কোন দ্রব্যে অভিলাষকারিণী গর্ভিণী।
শ্রদ্ধাবান্, (শ্রদ্ধা+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, ভক্তিমান, আদরকারী, আদর বিশিষ্ট, শ্রদ্ধাযুক্ত।
শ্রন্থ, (শ্রন্থ্—গ্রন্থনকরা+আপ্) স্ত, পুং, বিষ্ণু, নারায়ণ, দর্ভ,কুশ, গ্রন্থন, মোচন, শিথিলীকরণ, বন্ধন।
শ্রন্থন, (শ্রন্থ্—গ্রন্থন করা বা মোচনকরা ইত্যাদি+অনট্—ভাব) স্ত, ন, গ্রন্থন, গাঁথা, হত্যা, বধ, বন্ধন, মোচন, পুনর্ব্বার দৃঢ়করণ, শিথিলীকরণ।
শ্রন্থিত, (শ্রন্থ্—বন্ধনকরা, বা শ্রন্থ—বন্ধকরা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, বদ্ধ, গ্রথিত, যুক্ত, হত, সংযুক্ত, ব্যাহত।
শ্রপিত, (শ্রপি [শ্রৈ—পাক করা+ই প্রেরণার্থে]—পাককরা+ক্ত—চ) ণ, ত্রি, দুগ্ধ যুক্ত জল ভিন্ন পক্ব অন্নের মণ্ড। তা—স্ত্রী, কাঞ্জীক, কাঁজি।
শ্রম, (শ্রম্—পরিশ্রমকরা, ক্লান্ত হওয়া+অচ্—ভাব) স্ত, পুং, পরিশ্রম,শ্রান্তি,খেদ,তপঃ, শাস্ত্রাভ্যাস।
শ্রমণ, (শ্রম্—ক্লান্ত হওয়া+অনট্—ষ) স্ত, পুং, ভিক্ষু, সন্ন্যাসী। ণ,ত্রি, নীচকর্ম্মজীবী, নীচ ব্যবসায়ী, নীচ, ঘৃণিত, অপকৃষ্ট। ণা—স্ত্রী, শবরীবিশেষ, সন্ন্যাসিনী।
শ্রমবারি, শ্রমজল, (শ্রম+বারি, জল, ৬-ষ) স্ত, ন, ঘর্ম্ম, স্বেদ, ঘাম।
শ্রমবিভাগ, স্ত, একটি কর্ম্ম সম্পাদনার্থ কেবল এক ব্যক্তি শ্রম না করিয়া ভিন্ন ভিন্ন ব্যক্তি দ্বারা তাহার এক এক অংশ সম্পাদিত হইলে তাহাকে শ্রমবিভাগ কহে। (Division of labor.)
শ্রমী, (শ্রম+ইনি—অস্ত্যর্থে, অথবা শ্রম্—পরিশ্রমকরা+ইনি—ষ, শীলার্থে) ণ, ত্রি, যাহারা পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, শ্রমশীল, পরিশ্রমকারী।
শ্রমোপজীবী, (শ্রম+উপজীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) ণ, ত্রি, পরিশ্রমকারী, যাহারা পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।
শ্রয়,—পুং, শ্রয়ণ,—ন, (শ্রি—আশ্রয়করা+অচ্, অনট্—ভাব) স্ত, অবলম্বন, আশ্রয়।
শ্রব,—পুং, শ্রবঃ,—ন, (শ্রু—শুনা+অপ্, অস্) স্ত, কর্ণ, শ্রবণেন্দ্রিয়, আকর্ণন, শ্রবণ, প্রসিদ্ধি, খ্যাতি, কীর্ত্তি, করণ, দ্যুতি।

শ্রবণ, (শ্রু=শুনা+অনট্—ণ, ভাব) ষ্ণ, ন, কর্ণ, শ্রবণেন্দ্রিয়, আকর্ণন, শুনা। পুং, ণা—স্ত্রী,দ্বাবিংশ নক্ষত্র।

শ্রবণপথ,—পুং,শ্রবণেন্দ্রিয়,—ন,(শ্রবণ +পথ [পথিন্শব্দ]-রাস্তা, শ্রবণ +ইন্দ্রিয়) ষ্ণ, কাণ, কর্ণ, শ্রোত্র।

শ্রবার্ঘ্য, (শ্রু=বিন্দু বিন্দু পড়া, করা +আয্য) ষ্ণ, পুং, বলিযোগ্য পশু, যজ্ঞীয় পশু।

শ্রবিষ্ঠা. (শ্রববৎ, [শ্রব—কর্ণ, খ্যাতি +বৎ—অস্ত্যর্থে]=খ্যাতিবিশিষ্ট+ইষ্ঠ অত্যর্থে; বৎ—লোপ) ষ্ণ, স্ত্রী, ধনিষ্ঠা নক্ষত্র।

শ্রবিষ্ঠাজ, (শ্রবিষ্ঠা=নক্ষত্রবিশেষ+জ =জাত) ষ্ণ, পুং, বুধগ্রহ।

শ্রব্য, শ্রবণীয়, (শ্রু=শুনা+যৎ, অনীয়র্—ঢ) ণ, ত্রি, শ্রোতব্য, শুনিবার যোগ্য।

শ্রব্যকাব্য, ষ্ণ, ন, যে কাব্য শ্রবণের যোগ্য, অভিনেতব্য নহে, নাটক ভিন্ন কাব্য।

শ্রাণ, (শ্রৈ=পাককরা+ক্ত—ঢ) ণ, ত্রি, পাককরা দ্রব্য, পাকবস্তু, ঘর্ম্মাক্ত, সিক্ত, ভিজা। ণা—স্ত্রী.যবাগূ,যাউ।

শ্রাণন, (শ্রাণি=দানকরা+অনট্-ভাব) ষ্ণ, ন, দান, বিতরণ।—ণা, স্ত্রী, ভাতের মণ্ড।

শ্রাদ্ধ, (শ্রদ্ধা+অণ্—দানার্থে) ষ্ণ, ন, পিতৃকৃত্য,একোদ্দিষ্ট পার্ব্বণাদি। ণ, ত্রি, শ্রদ্ধাপ্রযুক্ত, শ্রদ্ধাপ্রযুক্ত যাহা দেওয়া হয়।

শ্রাদ্ধদেব, (শ্রাদ্ধ+দেব—দেবতা, ৬-ষ) ষ্ণ, পুং, যম, পিতৃলোক, মনুবিশেষ।

শ্রাদ্ধিক, (শ্রাদ্ধ—শ্রাদ্ধে দেয়বস্তু+ঠক্ —ভোজনার্থে) ণ, ত্রি, শ্রাদ্ধভোজী, শ্রাদ্ধভোক্তা, শ্রাদ্ধসম্বন্ধীয় দ্রব্য।

শ্রান্ত, (শ্রম্—ক্লান্তহওয়া+ক্ত—ম) ণ, ত্রি, ক্লান্ত, শ্রমযুক্ত, খিন্ন, শান্ত, নিবৃত্ত, ভোগতৃপ্ত।

শ্রান্তি, (শ্রম্+ক্তি—ভাব) ষ্ণ, স্ত্রী, ক্লেশ, খেদ, শ্রম, বিশ্রাম, নিবৃত্তি।

শ্রাম, (শ্রম্+অণ্) ষ্ণ, পুং, মণ্ডপ, গৃহ, মাস, কাল, সময়।

শ্রাময়ের, ষ্ণ,পুং, বৈদভিক্ষু,প্রব্রজিত।

শ্রায়, (শ্রি=আশ্রয়করা+অণ্) ষ্ণ, পুং, অবলম্বন, আশ্রয়। (শ্রী=লক্ষ্মী +ষঞ্—সম্বন্ধার্থে; উ=অয়; অ= আ)ণ, ত্রি, শ্রীসম্বন্ধীয়,লক্ষ্মীসম্বন্ধীয়।

শ্রাব, (শ্রু=শুনা+ঘঞ্) ষ্ণ, পুং, শ্রবণ, আকর্ণন।

শ্রাবক, (শ্রু—শুনা+ণক—ম) ষ্ণ, পুং, শাক্যমুনির শিষ্যবিশেষ, কাক। ণ, ত্রি, শ্রবণকর্ত্তা, শ্রোতা, যে শ্রবণ করিতেছে।

শ্রাবণ,(শ্রাবণী—শ্রবণানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী+অণ্—তদ্যুক্তমাসার্থে) ষ্ণ,পুং, বৈশাখাদি দ্বাদশ মাসের অন্তর্গত চতুর্থমাস। ণ, ত্রি, শ্রাবক, পাষণ্ড, শ্রবণেন্দ্রিয় জন্য(জ্ঞান), শ্রবণানক্ষত্রসম্বন্ধীয়। ণী—স্ত্রী, শ্রাবণ মাসের পূর্ণিমা।

শ্রাবণিক, (শ্রাবণী=শ্রবণানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী+ঠক্-তদ্যুক্তমাসার্থে) ষ্ণ, পুং, শ্রাবণমাস।

শ্রাবস্তী, (শ্রাবি=বরা+অন্ত, বা,শ্রু= ক্ষরিত হওয়া+ঝচ্ ; নিপাতন) ষ্ণ, স্ত্রী,নগরীবিশেষ,ধর্ম্মপত্তন নামে পুরী

শ্রাবিত, (শ্রাবি=শুনান+ক্ত—ঢ) ণ, ত্রি, যাহা শ্রবণ করান হইয়াছে, আকর্ণিত।

শ্রাব্য, (শ্রু=শুনা+যৎ—ঢ) ণ, ত্রি, শ্রবণযোগ্য, শ্রোতব্য,শুনিবার উপযুক্ত, শুনাইবার যোগ্য।

শ্রিত, (শ্রি—আশ্রয়করা+ক্ত—ঢ) ণ, ত্রি, আশ্রিত, সেবিত, উপজীবিত।

শ্রিতবান্, (শ্রি+ক্তবৎ—ম) ণ, ত্রি, আশ্রয়কারী, যে আশ্রয় করিয়াছে

শ্রী, (শ্রি—সেবাকরা+কিপ্ ; ই=ঈ,ষ্ণ,

শ্রী যাঁহাকে সমস্ত লোক সেবা করে, লক্ষ্মী, নারায়ণী,সম্পত্তি, বিষয়, ধন, ঐশ্বর্য্য, শোভা, দীপ্তি, আলোক, বেশবিন্যাস, সৌন্দর্য্য, কীর্ত্তি,খ্যাতি, প্রশংসা, সরস্বতী, ত্রিবর্গ, প্রকার, উপকরণ, বিভূতি,বুদ্ধি, বৃদ্ধি, সিদ্ধি, বিল্ববৃক্ষ, সরলবৃক্ষ, লবঙ্গ, (জীবিত ব্যক্তির নামের পূর্ব্বে ইহার প্রয়োগ হয়) নামের উপাধিবিশেষ। পুং, রাগবিশেষ।

শ্রীকণ্ঠ, (শ্রী—[নীলবর্ণের] শোভা+ কণ্ঠ—গলা ; ৬-হ) য়, পুং, নীলকণ্ঠ, শিব, ভবভূতি কবির উপনাম, হস্তি-নার উত্তরপশ্চিমস্থ কুরুজাঙ্গল দেশ।

শ্রীকণ্ঠপদলাঞ্ছন,(শ্রীকণ্ঠ+পদ—উপনাম বা খেতাব+লাঞ্ছন—চিহ্ন) য়, পুং, ভবভূতি, উত্তরচরিত, বীরচরিত ও মালতীমাধব নাটককর্ত্তা।

শ্রীকণ্ঠসখ, (শ্রীকণ্ঠ—শিব+সখ [সখি শব্দজ]—বন্ধু) য়, পুং, কুবের, ধনপতি

শ্রীকর, (শ্রী—ভাগ্য + কর—যে করে) য়, পুং, বিষ্ণু, নারায়ণ, স্মৃতিগ্রন্থ-কারক পণ্ডিতবিশেষ। ন, রক্তোৎ-পল। ণ, ত্রি, শোভাকারক।

শ্রীকরণ, (শ্রী—'শ্রী' এই শব্দ+করণ= করিবার অস্ত্র শস্ত্রাদি) য়,ন,লেখনী, কলম, পেন।

শ্রীকাতর, (শ্রী—[পরের]ঐশ্বর্য্য+কাতর —দুঃখিত, ৩-য) ণ, ত্রি, শুভদ্বেষ্টা, মৎসর।

শ্রীকান্ত, শ্রীধর, শ্রীনাথ, শ্রীপতি, (শ্রী—লক্ষ্মী+কান্ত—স্বামী,৬-ষ ; শ্রী= লক্ষ্মী+ধর—যে ধারণ করে, ২-য ; শ্রী+নাথ, ৬-ষ ; শ্রী+পতি, ৬-ষ) য়, পুং, লক্ষ্মীপতি, বিষ্ণু।

শ্রীখণ্ড, (শ্রী—শোভা ইত্যাদি+খণ্ড= অংশ) য়, পুং, চন্দন কাষ্ঠ।

শ্রীগর্ভ, (শ্রী—ভাগ্য+গর্ভ—উৎপত্তি) য়, পুং, বিষ্ণু, খড়্গ।

শ্রীগ্রহ, (শ্রী+গ্রহ—গ্রহণ) য়, পুং, পক্ষীর পানীয়শালা, শকুনিপ্রপা।

শ্রীঘন, (শ্রী—সৌভাগ্য + ঘন—রাশি) য়, পুং, বুদ্ধদেব। ন, দধি, দই।

শ্রীদ, (শ্রী—ধন+দ—যে দেয়) য়, পুং, কুবের, ধনাধিপ। ণ, ত্রি, ধনদাতা, শোভাদায়ক।

শ্রীদাম,য়,পুং,কৃষ্ণসহচর গোপবিশেষ।

শ্রীনন্দন, (শ্রী—লক্ষ্মী+নন্দন—পুত্র) য়, পুং, কামদেব, কন্দর্প।

শ্রীনিকেতন, শ্রীনিবাস, (শ্রী—লক্ষ্মী+ নিকেতন,নিবাস—বাসস্থান) য়, পুং, বিষ্ণু, নারায়ণ, গোলকেশ, বৈকুণ্ঠ।

শ্রীপঞ্চমী, য়, স্ত্রী, মাঘমাসের শুক্লা পঞ্চমী, যে পঞ্চমীতে সরস্বতীপূজা হয়।

শ্রীপথ, (শ্রী—রাজকীয় যৌতুক+পথ [পথিন্‌শব্দজ]—রাস্তা) য়, পুং, রাজ-মার্গ, রাজপথ।

শ্রীপর্ণ, (শ্রী—সৌন্দর্য্য বা লক্ষ্মী+পর্ণ —পত্র) য়, ন, পদ্ম, জলজ, কমল।

শ্রীপিষ্ট,(শ্রী—সরলবৃক্ষ বা দেবদারুবৃক্ষ +পিষ্ট—চূর্ণিত) য়, পুং, সরলবৃক্ষের রস, টার্পিন্।

শ্রীপুত্র,(শ্রী—ভাগ্য বা লক্ষ্মী+পুত্র)য়, পুং, অশ্ব, ঘোটক, কন্দর্প, কামদেব

শ্রীফল, (শ্রী—লক্ষ্মী ইত্যাদি + ফল ৬-ষ) য়, পুং, বিল্ববৃক্ষ। ন, বেল ল।,—স্ত্রী, নীলীবৃক্ষ,ক্ষুদ্র কারবেল্লী ছোট করলা।

শ্রীভ্রাতা, (শ্রী—লক্ষ্মী + ভ্রাতৃ=ভাই য়, পুং, অশ্ব, চন্দ্র, সমুদ্রমন্থনকালে লক্ষ্মীর সহিত ইহারাও উত্থিত হইয়াছিল।

শ্রীমান্, (শ্রী—সম্পত্তি, সৌন্দর্য্য+ মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধনী, ঐশ্বর্য্যশালী, শ্রীযুক্ত, সুন্দর, সুশ্রী। য় পুং, তিলকবৃক্ষ, বিষ্ণু, শিব, কুবের ধনপতি। মতী—স্ত্রী, শ্রীবিশিষ্টা।

শ্রীমুখ, (শ্রী—সৌভাগ্য + মুখ—প্রধান) স্ত্র, পুং, পত্রপৃষ্ঠে শ্রীশব্দ লিখন, কাল-চক্রের সপ্তম বৎসর। ন, শোভা-যুক্ত আনন।

শ্রীযুক্ত, শ্রীযুত, (শ্রী—লক্ষ্মী ইত্যাদি+ যুক্ত, যুত, ৩-য) ণ, ত্রি, শ্রীমান্, লক্ষ্মীমান্, শোভাযুক্ত, শোভিত। (ঐশ্বর্য্যবিত্ত পুরুষের নামের পূর্ব্বে ইহা প্রযুক্ত হয়)।

শ্রীরঙ্গপত্তন, স্ত্র, ন, মান্দ্রাজের অন্ত-র্গত শৃঙ্গপত্তন দেশ, সারংপত্তন।

শ্রীরস, স্ত্র, পুং, শ্রীবেষ্ট, টার্পিন্‌তৈল।

শ্রীরাগ, (শ্রী+রাগ—স্বরের প্রকারবি-শেষ) স্ত্র, ছয় রাগের মধ্যে তৃতীয় রাগ।

শ্রীরাম, (শ্রী [যুক্ত বা যুত উহ্য করিতে হইবে]—শ্রীযুক্ত অর্থাৎ সৌভাগ্যবান্ ইত্যাদি+রাম, কর্ম্মধা) স্ত্র, পুং, দশ-রথের পুত্র, রামচন্দ্র।

শ্রীরামনবমী, স্ত্র, স্ত্রী, চৈত্রমাসের শুক্লা নবমী, এইদিনে রামচন্দ্র জন্ম-গ্রহণ করিয়াছিলেন।

শ্রীল, (শ্রী—ভাগ্য+লচ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, শ্রীযুক্ত, লক্ষ্মীমান্, সৌভাগ্যবান্, ধনী, সম্পত্তিশালী।

শ্রীবৎস, (শ্রী—লক্ষ্মী+বৎস—প্রিয়; ৬-হ) স্ত্র, পুং, বিষ্ণু, বিষ্ণুর বক্ষঃ-স্থলস্থ দক্ষিণাবর্ত্ত লোমাবলী, গৃহবি-শেষ, সুড়ঙ্গবিশেষ।

শ্রীবৎসকী, (শ্রীবৎস—বিষ্ণুর বক্ষঃস্থ চিহ্নবিশেষ+কন্—সাদৃশ্যার্থে; ইন্ —অস্ত্যর্থে) স্ত্র, পুং, যে অশ্বের বক্ষঃ-স্থলে কুটিল আবর্ত্ত আছে।

শ্রীবৎসভৃৎ, শ্রীবৎসলাঞ্ছন, শ্রীবৎসাঙ্ক, শ্রীবরাহ, (শ্রীবৎস+ভৃৎ—যে ধারণ করে, ২-য; শ্রীবৎস+লাঞ্ছন, অঙ্ক —চিহ্ন; ৬-য; শ্রী—শ্রীযুক্ত+বরাহ— অবতারবিশেষ) স্ত্র, পুং, বিষ্ণু, নারায়ণ।

শ্রীবাস, (শ্রী—সরল বা দেবদারুবৃক্ষ, কিম্বা লক্ষ্মী+বাস—বাসস্থান) স্ত্র, পুং, সরলবৃক্ষের নির্য্যাস, টার্পিন্, পদ্ম, শিব। [স্ত্র, পুং, অশ্বত্থ বৃক্ষ।

শ্রীবৃক্ষ, (শ্রী—মঙ্গলদায়ক+বৃক্ষ—গাছ)

শ্রীবৃক্ষ, শ্রীবৃক্ষক, স্ত্র, পুং, অশ্বের হৃদ-য়াদিস্থিত শ্বেতরোমাবর্ত্ত।

শ্রীবৃক্ষকী, (শ্রীবৎস—বিষ্ণুর বক্ষঃস্থলস্থ-চিহ্ন+কন্, ইন্; শ্রীবৎস স্থানে শ্রীবৃক্ষ) স্ত্র, পুং, বক্ষঃস্থল গলদেশ ও মুখে আবর্ত্তবিশিষ্ট অশ্ব।

শ্রীবেষ্ট, (শ্রী—সরল বা দেবদারু বৃক্ষ+ বেষ্ট—নির্য্যাস) স্ত্র, পুং, সরলবৃক্ষরস, টার্পিন্।

শ্রীশ, (শ্রী—লক্ষ্মী+ঈশ—ঈশ্বর, পতি, ৬-য) স্ত্র, পুং, লক্ষ্মীপতি, বিষ্ণু।

শ্রীসংজ্ঞ, (শ্রী—লক্ষ্মী+সংজ্ঞা—নাম) স্ত্র, ন, লবঙ্গ, প্রায় সমুদায় লক্ষ্মী অর্থবোধক শব্দ এই বণিক্‌দ্রব্যে প্রযুক্ত হইয়া থাকে।

শ্রীহস্তিনী, স্ত্র, স্ত্রী, বৃক্ষবিশেষ, নাগ-দন্তী বৃক্ষ, হাতিশুঁড়ার গাছ।

শ্রুক্, (শ্রু+চিক্) স্ত্র, ন, যজ্ঞপাত্র-বিশেষ। [গাছ।

শ্রুগ্দারু, স্ত্র, পুং, বিকঙ্কত বৃক্ষ, বঁইচ-

শ্রুত, (শ্রু—শুনা+ক্ত—চ) ণ, ত্রি, আকর্ণিত, যাহা শ্রবণ করা গিয়াছে, প্রসিদ্ধ, জ্ঞাত। স্ত্র, ন, বেদ, নিগম। (গুরু হইতে যাহা শুনা যায়) শাস্ত্র, শাস্ত্রজ্ঞান, অধ্যয়ন, পাঠ।

শ্রুতকীর্ত্তি, (শ্রুত—আকর্ণিত+কীর্ত্তি —যশঃ; ৬-হ) স্ত্র, স্ত্রী, কুশধ্বজ রাজকন্যা, শত্রুঘ্নের পত্নী। পুং, দেবর্ষি-বিশেষ। ;ণ, ত্রি, বিখ্যাত, যশস্বী।

শ্রুতদেবী, (শ্রুত—[শাস্ত্র ইত্যাদি] যাহা শ্রবণ করা গিয়াছে+দেবী) স্ত্র, স্ত্রী, সরস্বতী, বাগ্দেবী, বাণী।

শ্রুতবান্, (শ্রু—শ্রবণ করা+ক্তবৎ—র্ত্ত্‌, কিম্বা শ্রুত—শাস্ত্র+মৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে শ্রবণ করিয়াছে, শাস্ত্রজ্ঞ,

বিদ্বান্, জ্ঞানী, বিচক্ষণ।
শ্রুতবোধ, স্ত্র, পুং, কালিদাসকৃত ছন্দোগ্রন্থবিশেষ।
শ্রুতশালী, (শ্রুত=শাস্ত্র+শাল্=প্রশংসা করা+ইনি—ষ) ণ, ত্রি, বিদ্বান্, শাস্ত্রজ্ঞ।
শ্রুতশ্রবাঃ, (শ্রুত+শ্রবস্=কীর্ত্তি; ৬.হ) স্ত্র, পুং, শিশুপালের পিতা, সূর্য্যের এক পুত্র, শনির অগ্রজ। স্ত্রী, চেদিরাজ শিশুপালের মাতা।
শ্রুতশ্রোণী, স্ত্র, স্ত্রী, নদী। [বিশেষ।
শ্রুতায়ু, স্ত্র, পুং, সূর্য্যবংশীয় নৃপতি-
শ্রুতি, (শ্রু=ধর্ম্মাধর্ম্ম শ্রবণকরা+ক্তি—ধ, ভাব) স্ত্র, স্ত্রী, বেদ, নিগম, শ্রোত্র, কর্ণ, কিম্বদন্তী, জনশ্রুতি, বাচক শব্দ, সূক্ষ্ম স্বরবিশেষ, স্বরের অবয়ব।
শ্রুতিকট, (শ্রুতি=বেদ, কর্ণ ইত্যাদি+কট্=গমনকরা+অচ্) স্ত্র, পুং, প্রায়শ্চিত্ত, পাপশোধন, সর্প।
শ্রুতিকটু, স্ত্র, পুং, দুঃশ্রাব্যতা দোষ।
শ্রুতিজীবিকা, (শ্রুতি=বেদ+জীবিকা=জীবন) স্ত্র, স্ত্রী, যাহা বেদে বিদ্যমান আছে, ধর্ম্মশাস্ত্র।
শ্রুতিধর, (শ্রুতি=শ্রবণমাত্র+ধর=যে ধারণ করে) ণ, ত্রি, যে ব্যক্তি কোন বিষয় শুনিবামাত্র অভ্যাস করিতে সমর্থ হয়।
শ্রুতিবেধ, (শ্রুতি=কর্ণ+বেধ=বিদ্ধকরণ; ৬.ষ) স্ত্র, পুং, সংস্কারবিশেষ, কর্ণবেধ।
শ্রুব, (শ্রু=ক্ষরিতহওয়া+ক্ত) স্ত্র, পুং, যজ্ঞ, যাগ। ন, যজ্ঞে ব্যবহার্য্য পাত্রবিশেষ, ঘৃতক্ষেপপাত্র। [চমাছ।
শ্রুবাবৃক্ষ, স্ত্র, পুং, বিকঙ্কতবৃক্ষ, বঁই-
শ্রুয়মাণ, (শ্রু=শুনা+শানচ্) ণ, ত্রি, যাহা শ্রবণ করা যায়।
শ্রেঢ়ী, (শ্রেণি+ঢৌক্=গমণকরা+অচ্, ঙীপ্) স্ত্র, স্ত্রী, অঙ্কশাস্ত্রে—গণনার প্রকার বিশেষ, কতকগুলি রাশি যদি এরূপে বিন্যস্ত থাকে, যে প্রত্যেকেই স্ব স্ব পরবর্ত্তী রাশি অপেক্ষা সমান পরিমাণে গুরু বা লঘু, তবে তাহাকে শ্রেঢ়ী কহে। (Progression,)
শ্রেণি, শ্রেণী, (শ্রি=সেবাকরা+নি) স্ত্র, স্ত্রী, পঙ্ক্তি, সারি, দল, সেচনপাত্র, কারুসংহতি, সমান ব্যবসায়ী ব্যক্তিগণ।
শ্রেণীক, (শ্রেণি=পঙ্ক্তি ইত্যাদি+কন্) স্ত্র, পুং, মগধদেশীয় নৃপবিশেষ। কা—স্ত্রী, তাঁবু, পটবাস।
শ্রেয়ঃ, (প্রশস্ত+ঈয়স্—অত্যর্থে) স্ত্র, ন, মঙ্গল, শুভ, ধর্ম্ম, পুণ্য, মোক্ষ, মুক্তি, সৌভাগ্য, সুখ। ণ, ত্রি, শ্রেষ্ঠ, শুভকর। [ত্রি, মঙ্গলজনক, শুভকর।
শ্রেয়স্কর, (শ্রেয়স্+কর=যে করে) ণ,
শ্রেষ্ঠ, (প্রশস্ত+ইষ্ঠ—অত্যর্থে) ণ, ত্রি, অতি প্রশস্ত, প্রধান, জ্যেষ্ঠ। স্ত্র, পুং, কুবের, রাজা, ব্রাহ্মণ। ন, গোদুগ্ধ।
শ্রেষ্ঠতা, (শ্রেষ্ঠ+তল্—ভাবে) স্ত্র, স্ত্রী, উৎকর্ষ, প্রাধান্য, উত্তমতা।
শ্রেষ্ঠাশ্রম, (শ্রেষ্ঠ=প্রধান+আশ্রম) স্ত্র, পুং, প্রধান আশ্রম, গৃহস্থাশ্রম।
শ্রেষ্ঠী, (শ্রেষ্ঠ=প্রধান+ইনি) স্ত্র, পুং, বণিক্‌বিশেষ, শেঠ।
শ্রোণ, (শ্রোণ্=রাশিকরা+অচ্; অথবা শৃ=হিংসাকরা+ন) স্ত্র, পুং, পঙ্গু, পদবিকল, খোঁড়া। ণ, ত্রি, পঙ্গু। ণা—স্ত্রী, শ্রবণানক্ষত্র, কাঞ্জিক।
শ্রোণি, শ্রোণী, (শ্রোণ্=রাশিকরা+ই) স্ত্র, স্ত্রী, কটিদেশ, নিতম্ব।
শ্রোণিফলক, (শ্রোণি=কটিদেশ+ফলক=চর্ম্ম, কর্ম্মধা) স্ত্র, ন, কটির নিম্নপ্রদেশ।
শ্রোণিবিম্ব, স্ত্র, ন, কটিসূত্র, ঘুন্সী গোট প্রভৃতি। [ঘুনসী প্রভৃতি।
শ্রোণিসূত্র, স্ত্র, ন, খড়্গাবন্ধনসূত্র, কটিসূত্র,
শ্রোতঃ, (শ্রু=শুনা, ক্ষরিত হওয়া+

শ্রবন্; ৎ—আগম) স্ম, ন, নদ্যাদির বেগ, কর্ণ, শ্রোত্র, জ্ঞানেন্দ্রিয়।
শ্রাতব্য, (শ্রু=শুনা+তব্য—চ) ণ, ত্রি, শ্রবণযোগ্য, শ্রবণীয়।
শ্রোতা, (শ্রু=শুনা+তৃচ্—১ম) ণ,ত্রি, শ্রবণকর্ত্তা, যে শুনে।
শ্রোত্র, শ্রৌত্র, (শ্রু=শ্রবণ+ত্রিণ্; শ্রোত্র+অণ—স্বার্থে) স্ম, ন, কর্ণ, শ্রুতি, শ্রবণেন্দ্রিয়, বেদ, শ্রোত্রিয়ের ধর্ম্ম।
শ্রোত্রিয়, (ছন্দস্=বেদ+ঘন্—অধ্যয়নার্থে; ছন্দস্ স্থানে শ্রোত্র; কিম্বা শ্রোত্র [যাহা দ্বারা ধর্ম্মাধর্ম্ম শ্রবণ করা যায়]=বেদ+ঘ—জ্ঞানার্থে বা অধ্যয়নার্থে) স্ম, পুং, বেদজ্ঞ বিপ্র, বেদাধ্যায়ী ব্রাহ্মণ, সচ্চরিত্র ব্রাহ্মণ। ণ, ত্রি, সুশীল, সচ্চরিত্র, সৎকুলজাত।
শ্রৌত, (শ্রুতি=বেদ+অণ—কৃতার্থে) ণ, ত্রি, বেদবিহিত,শ্রুতিসিদ্ধ; গার্হপত্য আহবনীয় দক্ষিণাগ্নি—এই ত্রিবিধ অগ্নি।
শ্রৌষট, (শ্রু=স্তবাদি শুনা+ঔষট্) ব্য, দেবোদ্দেশে ঘৃতাদি প্রক্ষেপের মন্ত্র।
শ্লক্ষ্ণ, (শ্লিষ্=আলিঙ্গনকরা+স্ন; ই—লোপ) ণ, ত্রি, মনোহর, স্নিগ্ধ, চিক্কণ, সূক্ষ্ম, কৃশ, অল্প, কিঞ্চিৎ।
শ্লথ, (শ্লথ=ঢিলা হওয়া+অচ্) ণ, ত্রি, শিথিল, ঢিলা, অদৃঢ়, আলগা, দুর্ব্বল, ক্ষীণ।
শ্লাঘা, (শ্লাঘ্=প্রশংসাকরা+অঙ্,আপ্) স্ম, স্ত্রী, নিজগুণ খ্যাপন, প্রশংসা, অভিলাষ, ইচ্ছা, পরিচর্য্যা, সেবা।
শ্লাঘ্য, শ্লাঘনীয়, (শ্লাঘ্+যৎ, অনীয়র্—চ) ণ, ত্রি, প্রশংসনীয়, প্রশংসারযোগ্য,আখ্যাত,স্পৃহণীয়,প্রশস্ত।
শ্লিকু, (শ্লিষ্=আলিঙ্গনকরা+কু; ষ=ক্) স্ম, পুং, ভৃত্য, দাস, চাকর, নকর, লম্পট। স, জ্যোতিঃশাস্ত্র।
শ্লিষা, (শ্লিষ্=আলিঙ্গনকরা+আপ—ভাব) স্ম, স্ত্রী, আলিঙ্গন, আশ্লেষ।
শ্লিষ্ট, (শ্লিষ্=আলিঙ্গনকরা+ক্ত—চ) ণ, ত্রি, আলিঙ্গিত, সংশ্লিষ্ট, সংযুক্ত, শ্লেষযুক্ত, অনেকার্থবাচক।
শ্লীপদ, স্ম, ন, শোথরোগ, গোদ।
শ্লীপদপ্রভব, (শ্লীপদ=স্ফীতপাদ+প্রভব=উৎপত্তি) স্ম, পুং,আম্রবৃক্ষ।
শ্লীল, (শ্রী=সৌভাগ্য+লচ্—অস্ত্যর্থে; র=ল) ণ, ত্রি, শ্রীযুক্ত।
শ্লেষ,(শ্লিষ্=আলিঙ্গনকরা+ঘঞ্-ভাব) স্ম, পুং, আশ্লেষ, আলিঙ্গন, যোগ, সংযোগ, দাহ, পোড়ান,শব্দের অলঙ্কারবিশেষ, শব্দের অনেকার্থ-যোগ।
শ্লেষ্মা, শ্লেষ্মক, (শ্লিষ্=শরীর আলিঙ্গনকরা+মন্; শ্লেষ্মন্+কন্—যোগ) স্ম, পুং, কফ, ছর্দ্দি।
শ্লেষ্মণ, শ্লেষ্মল, (শ্লেষ্মন্=কফ+ন; লচ্—অস্ত্যর্থে) ণ. ত্রি, শ্লেষ্মাবিশিষ্ট, কফযুক্ত।
শ্লৈষ্মিক, (শ্লেষ্মন্+ঠক্—ভবার্থে) ণ, ত্রি, শ্লেষ্মোদ্ভব, শ্লেষ্মাসম্বন্ধীয়।
শ্লৈষ্মিকাস্তক, শ্লৈষ্মিকঝিল্লী, স্ম,ত্বকের যে ভাগ দ্বারা শরীরের অভ্যন্তর ভাগ আবৃত, তাহা হইতে অনবরত একপ্রকার রস নির্গত হয়। (Mucous membrane.)
শ্লোক, (শ্লোক্=পদ্যরচনাকরা, প্রথিত হওয়া+অচ্) স্ম,পুং, কবিতা, পদ্য, ছন্দোবিশিষ্ট বাক্য, রামায়ণে বলে—শোক হইতে শ্লোক হইয়াছে, কেননা বাল্মীকির রসনা হইতে প্রথমতঃ শোকসূচক "মা নিষাদ" ইত্যাদি শ্লোক নির্গত হয়, পরে তিনি বলেন "পাদবদ্ধোঽক্ষরসমস্তন্ত্রীলয়সমন্বিতঃ, শোকার্ত্তস্য প্রবৃত্তো মে শ্লোকো ভবতু নান্যথা," যশঃ, কীর্ত্তি, সুখ্যাতি, প্রসিদ্ধি।
শ্বঃ, (পরাহন্ স্থানে শ্বস্,কিম্বা আগামী অহন্ এই অর্থে; নিপাতনে) ব্য,

পরদিনে, আগামি-দিনে, কল্য।
শ্বঃশ্রেয়স, (শ্বস্=সৌভাগ্য+শ্রেয়স্=মঙ্গল+অচ্) ক্লি—ণ, ন, মঙ্গল, কল্যাণ, সুখ, পরমাত্মা। ণ, ত্রি, কল্যাণী, সুখী। [পুং, কুকুরসমূহ।
শ্বগণ, (শ্বন্=কুকুর+গণ, ৬-ষ) য্য, শ্বগণিক, শ্বগণী, (শ্বগণ+ঠক, ইন্—অস্ত্যর্থে) য্য, পুং, শিকারী, যে ব্যক্তি কুকুর লইয়া শিকার করে।
শ্বদংষ্ট্রক, য্য, পুং, লতাবিশেষ, গোক্ষুরীলতা।
শ্বদন্ত,য্য, যে দন্ত কুকুরের ন্যায় সূচল, শৌবনদন্ত,সম্মুখের দন্তের পার্শ্বদন্ত।
শ্বধূর্ত্ত, (শ্বন্=কুকুর+ধূর্ত্ত=শঠ) য্য, পুং, শৃগাল, শিয়াল, গোমায়ু, শিবা।
শ্বনিশ,—ন, শ্বনিশা,—স্ত্রী, (শ্বন্=কুকুর+নিশা=রাত্রি) য্য, মত্ত কুকুরনিশা, যে রাত্রিতে কুকুরসকল মত্ত হইয়া চীৎকার করে।
শ্বপক্, শ্বপচ, শ্বপাক, (শ্বন্=কুকুর+পচ্=স্বীয় ভক্ষ্য জন্য পাককরা, কিম্বা স্বীয় সম্পত্তির ন্যায় রক্ষাকরা +ক্বিপ্, অ) য্য, পুং, ব্যাধ, চণ্ডাল, চাঁড়াল, পুক্কশ।
শ্বফল, য্য, পুং, বীজপূর, দাড়িম্ব, দাড়িম। [পিতা।
শ্বফল্ক, য্য, পুং, বৃষ্ণিপুত্র, অক্রূরের
শ্বভীরু, (শ্বন্=কুকুর+ভীরু=ভীত, ৫-ষ) য্য, পুং, শৃগাল, শিয়াল।
শ্বভ্র, (শ্বভ্র্=গর্ত্তকরা+অচ্) য্য, ন, রন্ধ্র, বিল, ছিদ্র, গর্ত্ত, গহ্বর।
শ্বয়থু, (শ্বি=স্ফীত হওয়া+অথুচ্) য্য, পুং, শোথ, স্ফীততারোগ।
শ্বয়িচী, য্য, স্ত্রী, পীড়া, রোগ।
শ্ববৃত্তি, (শ্বন্=কুকুর+বৃত্তি=ব্যবহার, ৬-ষ) য্য, স্ত্রী, পরপিণ্ড উপজীব্য বলিয়া কুকুরের ন্যায় বৃত্তি যাহার, সেবা, চাকরী।
শ্বব্যাঘ্র, (শ্বন্=কুকুর+ব্যাঘ্র=বাঘ) য্য, পুং, চিতাবাঘ, কুকুরের ন্যায় বাঘ, হিংস্র পশু।
শ্বশুর, (শু=মান্যতা+অশ্=ব্যাপ্ত+উরচ্) য্য, পুং, ভর্ত্তার ও পত্নীর পিতা, পূজ্য ব্যক্তি।
শ্বশুর্য্য, (শ্বশুর+যৎ—অপত্যার্থে) য্য, পুং, দেবর, দেওর, ভাসুর, শ্যালক, শালা।
শ্বশ্রূ, (শ্বশুর+ঊঙ্—পত্নী অর্থে; উ, অ লোপ) য্য, স্ত্রী, ভর্ত্তার বা পত্নীর মাতা, শাশুড়ী।
শ্বসন, (শ্বস্=নিশ্বাস ফেলা+অনট্) য্য, পুং, বায়ু, পবন, মরনাগাছ। ন, নিশ্বাস, জীবন।
শ্বসনাশন, শ্বসনোৎসুক, (শ্বসন=বায়ু+অশন=ভক্ষণীয়; শ্বসন-বায়ু উৎসুক=অনুরক্ত) য্য, পুং, সর্প, উরগ, ভুজঙ্গ।
শ্বসিত, (শ্বস্=নিশ্বাস ফেলা+ক্ত—ভাব) য্য, ন, নিশ্বাস, নাসাগত-বায়ু, জীবিত, জীবন, প্রাণ।
শ্বস্তন, শ্বস্ত্য, (শ্বস্=কল্য+তন, ত্য-ভবার্থে) ণ, ত্রি, ভবিষ্যৎ, আগামি-দিনভব।
শ্বা, (শ্বি=বৃদ্ধিপাওয়া+অন্;নিপাতন) য্য,পুং,কুক্কুর,কুকুর। শুনী—স্ত্রী,কুক্কুরী
শ্বাগণিক, (শ্বগণ=কুকুরসমূহ+ঠক—জীবত্যর্থে) য্য, পুং, কুকুরসমূহ দ্বারা মৃগয়াকারী, ব্যাধ।
শ্বান, (শ্বন্+অন্—স্বার্থে) য্য, পুং, কুকুর। শুনী—স্ত্রী, কুক্কুরী।
শ্বাপদ, (শ্বন্=কুকুর+আ+পদ্=সদৃশ হওয়া+অচ্; কিম্বা শ্বন্=কুকুর+পদ=পা,যাহার কুকুরের ন্যায় পাদ, অর্থাৎ থাবা; ৬-হ; নিপাতন) য্য, পুং, শিকারী জন্তু, যে সকল পশু মাংস ভক্ষণ করিয়া দেহযাত্রা নির্ব্বাহ করে; যথা—বিড়াল, ব্যাঘ্র, ভল্লুক, কুকুর, শৃগাল, নেউল, গন্ধগোকুল

প্রভৃতি। (Carnivora.)

শ্বাবিৎ, (শ্বন্=কুকুর+আঙ.+বিধ=বিদ্ধকরা+ক্বিপ্) স্ত্র, পুং, শজারু, শল্লকী। [স্ত্র, পুং, কুকুরবাহন, ভৈরব।

শ্বাশ্ব, (শ্বা=কুকুর+অশ্ব=বাহন; ৬.হ)

শ্বাস,(শ্বস্=নিশ্বাস ফেলা+ণ) স্ত্র,পুং, নিশ্বাস, নাসাগতবায়ু, শ্বাসকাস রোগ। [বিশেষ।

শ্বাসকুঠার,স্ত্র, পুং, শ্বাসরোগের ঔষধ-

শ্বাসপ্রশ্বাসধারণ, স্ত্র, ন, প্রাণায়াম।

শ্বাসহেতি, (শ্বাস=নিশ্বাস বা দীর্ঘনিশ্বাস ফেলা+হেতি=অস্ত্র) স্ত্র, স্ত্রী, নিদ্রা, ঘুমান।

শ্বাসারি, স্ত্র, পুং, পুষ্কর মূল।

শ্বাসী, (শ্বাস=নিশ্বাস+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, বায়ু। ণ, ত্রি, শ্বাসযুক্ত।

শ্বিত্র, (শ্বিৎ=শুক্লবর্ণ হওয়া+রক্) স্ত্র, পুং, শ্বেতকুষ্ঠ, ধবলরোগ।

শ্বিত্রী, (শ্বিত্র+ইনি—অস্ত্যর্থে) ণ,ত্রি, শ্বিত্ররোগযুক্ত, কুষ্ঠরোগী।

শ্বেত, (শ্বিৎ=শুক্লবর্ণ হওয়া+অচ্) স্ত্র, পুং, শুক্লবর্ণ,দ্বীপবিশেষ,রাজাবিশেষ, জীবকবৃক্ষ, পর্ব্বতবিশেষ, ধবলগিরি, শাদা মেঘ, শুক্রগ্রহ, দৈত্যগুরু, শুক্র,কপর্দ্দক, কড়ী,শঙ্খ। ন, রৌপ্য, বংশলোচনা, মিছরি,বেলয়ারি কাচ। ণ, ত্রি, শুক্লবর্ণবিশিষ্ট। তা—স্ত্রী, বরাটিকা, শঙ্খিনী।

শ্বেতক, (শ্বেত+কণ্—যোগ) স্ত্র, পুং, বরাটক, কড়ী। ন, রৌপ্য।

শ্বেতকুঞ্জর,শ্বেতগজ, শ্বেতদ্বিপ, (শ্বেত=শাদা+কুঞ্জর, গজ, দ্বিপ=হস্তী) স্ত্র, পুং, ইন্দ্রগজ, ঐরাবতহস্তী।

শ্বেতকেতু, (শ্বেত=শাদা+কেতু=ধ্বজ; ৬.হ) স্ত্র, পুং, ঋষিবিশেষ, বুদ্ধ মহত্ত্ব ব্যক্তিবিশেষ। [শজিনা।

শ্বেতকেশ, স্ত্র, পুং, রক্ত শিগ্রু, রাঙ্গা

শ্বেতকোল, স্ত্র, পুং, শফর, প্রোষ্ঠী, পুটীমাছ।

শ্বেতগরুৎ, (শ্বেত=শাদা+গরুৎ=পক্ষ; ৬.হ) স্ত্র, পুং, হংস। ণ, ত্রি, শুক্লবর্ণপক্ষবিশিষ্ট। [বগাক, বেতোশাক।

শ্বেতচিল্লিকা, শ্বেতচিল্লী, স্ত্র,স্ত্রী, বাস্তু-

শ্বেতচ্ছদ, (শ্বেত=শাদা+ছদ=পালথ; ৬.হ) স্ত্র, পুং, হংস। ণ, ত্রি, শুক্লপক্ষশালী, শুক্লপক্ষযুক্ত।

শ্বেতদ্বীপ, স্ত্র, পুং, দ্বীপবিশেষ,বৈকুণ্ঠনামে বিষ্ণুধাম।

শ্বেতধাতু, (শ্বেত=শাদা+ধাতু=আকরীয়) স্ত্র, পুং, কঠিনী, খটিকা, খড়ী।

শ্বেতধামা, (শ্বেত=শাদা+ধামন=কিরণ) স্ত্র, পুং, চন্দ্র, চন্দ্রমা, কর্পূর, সমুদ্রফেনা।

শ্বেতনীল, (শ্বেত=শাদা+নীল=কৃষ্ণবর্ণ বা গাঢ় নীলবর্ণ) স্ত্র, পুং, মেঘ, শুক্ল ও নীলবর্ণ।

শ্বেতপত্র, (শ্বেত=শাদা+পত্র=পালথ; ৬.হ) স্ত্র, পুং, শ্বেতচ্ছদ, হংস।

শ্বেতপত্রবাহন,(শ্বেতপত্র=হংস+বাহন=রথাদি) স্ত্র, পুং, হংসবাহন, ব্রহ্মা।

শ্বেতপর্ণা, স্ত্র, স্ত্রী, বারিপর্ণী, পানা।

শ্বেতপিঙ্গ, শ্বেতপিঙ্গল, (শ্বেত=শাদা+পিঙ্গ,পিঙ্গল=পীতের আভাযুক্ত গাঢ় নীল) স্ত্র, পুং, সিংহ, শুক্লপীতবর্ণ।

শ্বেতপুষ্প, (শ্বেত=শাদা+পুষ্প=ফুল) স্ত্র, পুং, সিন্ধুবার বৃক্ষ। ষ্পা—স্ত্রী, লতাবিশেষ, ঘোষাতকী।

শ্বেতরক্ত, (শ্বেত=শাদা+রক্ত=লাল, শ্বেতমিশ্রিত রক্তবর্ণ, ৩-ষ) স্ত্র, পুং, পাটলবর্ণ, গোলাপী রং। ণ, ত্রি, পাটলবর্ণবিশিষ্ট।

শ্বেতরথ, (শ্বেত=শাদা+রথ=শকটাদি) স্ত্র, পুং, শুক্রগ্রহ।

শ্বেতরোচিঃ, (শ্বেত=শাদা+রোচিস্=দীপ্তি; ৬.হ) স্ত্র, পুং, চন্দ্র, বিধু। ণ, ত্রি, শুক্লতেজোযুক্ত।

শ্বেতবল্কল, স্ত্র, পুং, উডুম্বর, ডুমুর।

শ্বেতবাজী, (শ্বেত=শাদা+বাজিন্=

অশ্ব+ইনি—অস্ত্যর্থে) ষ্য, পুং, চন্দ্র, অর্জ্জুন, তৃতীয় পাণ্ডব।

শ্বেতবাহ্,শ্বেতবাহ,(শ্বেত—শাদা+বাহ, বাহ=অশ্ব) ষ্য, পুং, ইন্দ্র, বজ্রী, অর্জ্জুন।

শ্বেতবাহন, (শ্বেত—শাদা+বাহন=যান) ষ্য, পুং, চন্দ্র, অর্জ্জুন, মকর।

শ্বেতশুঙ্গ, (শ্বেত—শাদা+শুঙ্গ=ধান্যাদির শুঁয়া ; ৬.হ) ষ্য, পুং, যব।

শ্বেতসার,(শ্বেত—শাদা+সার=সারাংশ, মাইজ) ষ্য, পুং, খদির বৃক্ষ, আঠাল শুভ্র তরল পদার্থবিশেষ, এই শ্বেতসার তুষারের ন্যায় শ্বেতবর্ণ, দেখিতে উজ্জ্বল, অঙ্গুলি দ্বারা চাপিলে অম্ল শব্দ হইয়া থাকে, গোধূম গোলআলু প্রভৃতিতে অধিক পরিমাণে দৃষ্ট হইয়া থাকে। (Starch.)

শ্বেতহয়, (শ্বেত=শাদা+হয়=অশ্ব) ষ্য, পুং, ইন্দ্রের অশ্ব, অর্জ্জুন।

শ্বেতোদর,(শ্বেত—শাদা+উদর=পেট) ষ্য, পুং, কুবের, যক্ষরাজ, ধনেশ।

শ্বেতোহী, (শ্বেতবাহ=ইন্দ্র+ঈপ্) ষ্য, পুং, ইন্দ্রাণী, শচী।

শ্বৈত্য, (শ্বেত+য্যঞ্—ভাবে) ষ্য, ন, ধাবল্য, শুক্লত্ব, শুভ্রতা, নির্ম্মলতা।

শ্বোবসীয়স, (শ্বস্ এবং বসু, এই দুই অব্যয় শব্দের অর্থ এখানে মঙ্গল+ঈয়সু) ণ, ত্রি, মঙ্গল, শুভ, মোক্ষ, কুশল, পরদিনভাবি শুভ।

ষ।

ষ,ব্যঞ্জনের একত্রিংশবর্ণ; ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা, এই জন্য ইহাকে মূর্দ্ধণ্য বর্ণ বলে। (ষো=নাশকরা+ড) ষ্য, পুং, কেশ, চুল, শিক্ষক, নাশ, ক্ষতি, ধ্বংস, অবশেষ, প্রাক্তন সংস্কার বা জ্ঞান লোপ, মুক্তি, নির্ব্বাণ, স্বর্গ, নিদ্রা। ন, অঙ্কুর, ধৈর্য্য। ণ,ত্রি, বিজ্ঞ, শ্রেষ্ঠ, শোভন।

ষট্, (ষো=নাশকরা+ক্বিপ্ ; নিপাতন) ণ, ত্রি, ৬, ছয় সঙ্খ্যা।

ষট্ক, (ষষ্‌=ছয়+কণ্) ণ, ত্রি, ৬, ছয় সঙ্খ্যা, ছয়গুণ।

ষট্কর্ণ, ষ্য, পুং, বীণাযন্ত্রবিশেষ।

ষট্কর্ম্ম, (ষষ্=ছয়+কর্ম্মন্=কার্য্য ; ৬.হ) ষ্য, ন, যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতিগ্রহ—এই ছয় কর্ম্ম ; তন্ত্রে-শান্তি,বশীকরণ, স্তম্ভন, বিদ্বেষ,উচ্চাটন,মারণ—এই ছয় কর্ম্ম। র্ম্মা—পুং, ঐ ছয় কর্ম্মকারী ব্রাহ্মণ।

ষট্কোণ,(ষষ্=ছয়+কোণ)ষ্য,ন, বজ্র। ণ, ত্রি, যাহার ছয়টী কোণ আছে।

ষট্চক্র,(ষষ্=ছয়+চক্র ; দ্বিগু—স) ষ্য, ন, দেহমধ্যস্থ পদ্মাকার ৬ চক্র।

ষট্চত্বারিংশৎ,(ষষ্=ছয়+চত্বারিংশৎ=চল্লিশ, কর্ম্মধা) ষ্য, স্ত্রী, ৪৬,ছচল্লিশ সংখ্যা, তৎসঙ্খ্যক।

ষট্চরণ, (ষষ্=ছয়+চরণ=পা ; ৬.হ) ষ্য, পুং, ষট্পদ, ভ্রমর, উকুণ।

ষট্ত্রিংশৎ, (ষষ্=ছয়+ত্রিংশৎ=ত্রিশ, কর্ম্মধা) ষ্য, স্ত্রী, ৩৬, ছত্রিশ সঙ্খ্যা।

ষট্পদ, (ষষ্=ছয়+পদ=পা ; ৬.হ) ষ্য, পুং, ভ্রমর। দী-স্ত্রী, উকুণ,ভ্রমরী, ছন্দোবিশেষ।

ষট্পদপ্রিয়, (ষট্পদ=ভ্রমর+প্রিয়) ষ্য, পুং, নাগকেশর বৃক্ষ, (পদ্ম, কুমুদ ইত্যাদি শব্দেও প্রযুক্ত হইয়া থাকে।)

ষট্পদাতিথি, (ষট্পদ=ভ্রমর+অতিথি)ষ্য, পুং, আম্রবৃক্ষ, সহকার, চূত।

ষট্পঞ্চাশৎ, (ষষ্=ছয়+পঞ্চাশৎ=পঞ্চাশ, কর্ম্মধা) ষ্য, স্ত্রী, ৫৬, ছাপ্পান্ন সঙ্খ্যা, তৎসঙ্খ্যক।

ষট্প্রজ্ঞ, (ষষ্ = ছয় + প্রজ্ঞ = যে জানে) ষ্য, পুং, কামুক, লম্পট ; ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, সামাজিক-নিয়ম অর্থাৎ লোকাচার, বার্ত্তাশাস্ত্র অর্থাৎ তত্ত্বজ্ঞান—এই ছয় বিষয়ে

অভিজ্ঞ বৌদ্ধ।

ষড়ক্ষীণ, (ষষ্—ছয়+অক্ষি—চক্ষু+খ, ঈন) স্ত্র, পুং, মীন, মৎস্য, মাছ।

ষড়ঙ্গ, (ষষ্—ছয়+অঙ্গ—অবয়ব, অংশ; দ্বিগু—স) স্ত্র, ক্লী, হস্তদ্বয়, পদদ্বয়, কটি, মস্তক—দেহের এই ৬ অঙ্গ; শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—বেদের এই ৬ অঙ্গ; মৌল, ভৃত্য, সুহৃৎ, শ্রেণী, দ্বিষৎ, আটবিক—এই ছয় প্রকার সেনাবয়ব; ক্ষুদ্র গোক্ষুরী-লতা। ণ, ত্রি, ঐ ছয় অঙ্গবিশিষ্ট।

ষড়ঙ্গজিৎ, (ষড়ঙ্গ=ছয়অঙ্গ+জিৎ=যে জয় করে) ব্য, পুং, বিষ্ণু, নারায়ণ।

ষড়ঙ্ঘ্রি, (ষষ্—ছয়+অঙ্ঘ্রি—পা; ৬.হ) স্ত্র, পুং, ভ্রমর, শিলীমুখ, ষট্পদ।

ষড়ভিজ্ঞ, (ষষ্+ছয় [বিদ্যা বা ধর্ম্ম]+অভিজ্ঞ=বহুদর্শী) স্ত্র, পুং, দিব্য চক্ষুঃশ্রোত্র, পরচিত্তজ্ঞান, পূর্ব্বজন্ম স্মরণ, আত্মজ্ঞান, বিয়দ্গতি অর্থাৎ আকাশে বিচরণ করিবার ক্ষমতা, কায়ব্যূহসিদ্ধি অর্থাৎ যে কোন দেহ ধারণ করিবার ক্ষমতা এই ছয়বিষয়ে অভিজ্ঞ বৌদ্ধ।

ষড়শীতি, (ষষ্=ছয়+অশীতি=আশী, কর্ম্মধা) স্ত্র, স্ত্রী, ৮৬, ছেয়াশী সংখ্যা, সংক্রান্তিবিশেষ, মিথুন কন্যা ধনু ও মীনরাশিতে সূর্য্যের সংক্রমণ।

ষড়ষ্টক, স্ত্র, ন, যোগবিশেষ, বরকন্যার স্বস্ব রাশি অপেক্ষায় পরস্পর ষষ্ঠা-ষ্টক রাশির সম্বন্ধ।

ষড়ানন, (ষষ্—ছয়+আনন=মুখ; ৬.হ) ব্য, পুং, স্কন্দ, কার্ত্তিকেয়।

ষড়ূষণ, (ষষ্=ছয়+ঊষণ=ঝাল-মশালা) স্ত্র, ন, শুঠ পিপুল মরিচ প্রভৃতি মিশ্রিত ছয় প্রকার কটুদ্রব্য।

ষড়্গব, (ষষ্=ছয়+গো=গোরু+অচ্—যোগ) ণ, ত্রি, ছয় গোরু দ্বারা আকৃষ্ট (হলাদি)। স্ত্র, ন, ছয়টী গোরু।

ষড়্গুণ, (ষষ্—ছয়+গুণ—সমর, বার) স্ত্র, পুং, বহুং, সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়—রাজাদিগের এই ছয় গুণ। ণ, ত্রি, ছয় সংখ্যা দ্বারা গুণিত।

ষড়গ্রন্থী, স্ত্র, স্ত্রী, বচা, বচ।

ষড়্জ, (ষষ্—ছয় [স্থান]+জ—যে জন্মে, ৫-ষ) স্ত্র, পুং, তন্ত্রীকণ্ঠো-খিত স্বরবিশেষ, উহা ময়ূরস্বরতুল্য, খরজ্; নাসা, কণ্ঠ, উরঃ, তালু, জিহ্বা ও দন্ত—এই ছয় স্থান হইতে উৎপন্ন হয় বলিয়া এই স্বরের নাম ষড়্জ।

ষড়দুর্গ, ব্য, ন, ছয় প্রকার দুর্গ; যথা, ধন্বদুর্গ, মহীদুর্গ, গিরিদুর্গ, মনুষ্য-দুর্গ, মৃদ্দুর্গ, বনদুর্গ।

ষড়্ধা, ষোঢ়া, (ষষ্=ছয়+ধাচ্—প্রকারার্থে) ব্য, ছয়বার, ষড়্বিধ।

ষড়্ভুজ, ব্য, পুং, চৈতন্যদেব। জা-স্ত্রী, খরমুজ গাছ, দেবীবিশেষ, চণ্ডী।

ষড়্রস, (ষষ্—ছয়+রস) ব্য, ন, দ্রব্যের ছয় প্রকার আস্বাদ—মধুর, লবণ, তিক্ত, কষায়, অম্ল, কটু—এই ছয়।

ষড়্বক্ত্র, (ষষ্—ছয়+বক্ত্র=মুখ; ৬.হ) ব্য, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়।

ষড়্বর্গ, (ষষ্=ছয়+বর্গ=শ্রেণী, ৬-ষ) ব্য, পুং, কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য—এই ছয়।

ষড়্বিধ, (ষষ্=ছয়+বিধা—প্রকার; ৬.হ) ণ, ত্রি, ছয় প্রকার।

ষড়্বিন্দু, (ষষ্—ছয়+বিন্দু=দ্রব-দ্রব্যের কণা বা ক্ষুদ্র চিহ্ন) ব্য, পুং, বিষ্ণু, নারায়ণ, কীটবিশেষ, পক্কতৈল-বিশেষ।

ষণ্ড, (ষণ্=দানকরা+ড) স্ত্র, পুং, স্বাধীন, বৃষ, ষাঁড়, ক্লীব, নপুংসক, সমূহ। পুং—ন, পদ্মসমূহ।

ষণ্ডালী, (ষণ্ড—ষাঁড়, নপুংসক+অল্=পারক হওয়া+অচ্, ঈপ্)

ষ্য, স্ত্রী, তৈলমানবিশেষ, ছটাক, সরোবর, দীর্ঘিকা, বাপী, তড়াগ, কামুকী স্ত্রী। [নপুংসক, ক্লীব।
ষণ্ড, (ষণ্—দান করা+ড) ষ্য, পুং,
ষণ্মাস্য, (ষণ্মাস+যৎ—ভবার্থে) ণ, ত্রি, যাহা ছয় মাসে সম্পন্ন হয়, ছয়মাসসাধ্য। (ষাণ্মাস্যও হয়।)
ষণ্মুখ, (ষষ্—ছয়+মুখ; ৬.হ) ষ্য, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়।—খা, স্ত্রী, ষড়ভুজালতা, খরমুজ গাছ।
ষত্ব, (ষ—মূর্দ্ধন্য ষকার+ত্ব—ভাবে) ষ্য, ন, মূর্দ্ধন্য ষকারের ভাব।
ষর্ষপী, ষ্য, স্ত্রী, খঞ্জনাকৃতি পক্ষি-বিশেষ। [ষাইট সংখ্যা।
ষষ্টি, (ষষ্—ছয়+ক্তি) ষ্য, স্ত্রী, ৬০,
ষষ্টিক, (ষষ্টি=ষাইট [দিন] +অণ্—যোগ) ষ্য, পুং,—স্ত্রী, ধান্যবিশেষ, ৬০ রাত্রিতে যে ধান্য পক্ব হয়। ণ, ত্রি, ষষ্টিসংখ্যা দ্বারা ক্রীত।
ষষ্টিকা, (ষষ্টিক+যৎ—সংক্ষেপার্থে) ণ, ত্রি, ষষ্টিক ধান্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্রাদি। [ত্রি, ষাইটের পূরণ।
ষষ্টিতম, (ষষ্টি+তম—পূরণার্থে) ণ,
ষষ্টিধা, (ষষ্টি—ষাইট+ধাচ্—প্রকারার্থে) ব্য, ষাইটপ্রকার, ৬০ বার।
ষষ্ঠ, ষষ্ঠক, (ষষ্ + ডতি—পূরণার্থে; থুক্—আগম; ষষ্ঠ+কণ্) ণ, ত্রি, ছয়ের পূরণ।
ষষ্ঠান্নকাল, (ষষ্ঠান্ন+কাল=সময়; কন্ যোগে—ষষ্ঠান্নকালক) ষ্য, ন, দুই বা তিন দিন অন্তর ভোজন।
ষষ্টিমত্ত, (ষষ্টিন্=ছয় [বর্ষ]+মত্ত=ক্রুদ্ধ) ষ্য, পুং, হস্তী, ইভ, বারণ, মাতঙ্গ, কুঞ্জর।
ষষ্টিহায়ন, (ষষ্টিন্=ছয়+হায়ন=বৎসর) ব্য, পুং, হস্তী, হস্তী ৬০ বৎসর বয়ঃপ্রাপ্ত হয়।
ষষ্ঠী, ষষ্ঠিকা, (ষষ্ঠ+ঙীপ্; ষষ্ঠী+কণ্) ষ্য, স্ত্রী, দুর্গা, ভবানী, তিথিবিশেষ, দেবীবিশেষ, মাতৃকাবিশেষ, স্কন্দপত্নী।
ষাড়ব, ষ্য, পুং, গীত, গান, রস, ছয়-স্বরে মিলিত রাগিণী।
ষাড়্গুণ্য, (ষড়্গুণ+যঞ্) ষ্য, ন, সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধীভাব, সমাশ্রয়—এই ছয় গুণ।
ষাণ্মাতুর, (ষষ্—ছয়+মাতৃ—মা; ৬.হ; অ—অপত্যার্থে) ষ্য, পুং, ষড়ানন, কার্ত্তিকেয়,—কৃত্তিকাত্রয়, দুর্গা, গঙ্গা, পৃথ্বী—ইনি এই ছয়েরপুত্র।
ষাণ্মাসিক, (ষণ্মাস+ঠক্—ভবার্থে) ণ, ত্রি, ষণ্মাসসম্বন্ধীয়, ছয় মাসে কর্ত্তব্য (শ্রাদ্ধাদি)।
ষিড়্গ, (ষিট্—ঘৃণাকরা+গ) ষ্য, পুং, কামুক, লম্পট, জার, উপপতি।
ষোড়ন্, (ষষ্—ছয়+দৎ=দন্তশব্দজ) ষ্য, পুং, ছয়দন্তবিশিষ্ট বৃষ।
ষোড়শ, (ষোড়শন্+ডট্—পূরণার্থে) ণ, ত্রি, ষোল সংখ্যার পূরণ।
ষোড়শ, (ষষ্—ছয়+দশন্—দশ, কর্ম্মধা; নিপাতন)ণ, বহুং, ১৬, ষোলসংখ্যা।
ষোড়শক, ষোড়শদান, (ষোড়শন্=ষোল+কণ্—যোগ; ষোড়শন্=ষোল+দান) ষ্য, ন, ভূমি, আসন, জল, বস্ত্র, প্রদীপ, অন্ন, তাম্বূল, ছত্র, গন্ধ, মালা, ফল, শয্যা, পাদুকা, গো, কাঞ্চন, রজত—শ্রাদ্ধাদিকালে এই ষোড়শ প্রকার দ্রব্যদান।
ষোড়শাংশু, (ষোড়শন্—ষোল+অংশু=কিরণ; ৬.হ) ষ্য, পুং, শুক্রগ্রহ।
ষোড়শাঙ্গ, (ষোড়শন্=ষোল+অঙ্গ=অবয়ব; ৬.হ) ণ, ত্রি, ষোল অঙ্গবিশিষ্ট। ষ্য, পুং, গুগ্গুলু, সরল, দারু, পত্র, চন্দন, হ্রীবের, অগুরু, কুষ্ঠ, গুড়, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী, শৈলেয়—এই ১৬ প্রকার সুগন্ধিদ্রব্যমিশ্রিত ধূম।
ষোড়শাঙ্ঘ্রি, (ষোড়শন্—ষোল+অঙ্ঘ্রি

পাদ; ৬.হ) স্ত্র, পুং, কর্কট, কাঁকড়া।
ষোড়শার্চিঃ,(ষোড়শন্=ষোল+অর্চিস্ =কিরণ; ৬.হ) স্থ, পুং, শুক্রগ্রহ।
ষোড়শাবর্ত্ত, (ষোড়শন্=ষোল+ আবর্ত্ত=ঘূর্ণন) স্থ, পুং, শঙ্খ, কম্বু।
ষোড়শার, (ষোড়শন=ষোল+আর= কোণ; ৬.হ) স্থ.ন, ষোড়শদল পদ্ম।
ষোড়শী, (ষোড়শ+ইনি) স্থ, পুং, যজ্ঞপাত্রবিশেষ। স্ত্রী. কালী, তারা প্রভৃতি দ্বাদশমহাবিদ্যার মধ্যে এক মহাবিদ্যা।
ষোড়োশোপচার, (ষোড়শন্=ষোল+ উপচার) স্থ, পুং, আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ,দীপ, নৈবেদ্য, চন্দন —এই পূজার ১৬ উপচার।
ষ্ঠীবন, (ষ্ঠিব্=থুথুফেলা+অন্—ভাব) স্থ, ন, থুথুফেলা।
ষ্ঠ্যূত, (ষ্ঠিব্=ছেপ ফেলা+ক্ত) ণ,ত্রি, নিরস্ত, বান্ত, বমনকরা, থুথুফেলা।

স।

স, ব্যঞ্জনের দ্বাবিংশবর্ণ;ইহার উচ্চারণ স্থান দন্ত, এই জন্য ইহাকে দন্ত্য বর্ণ বলে। (সো=গমনকরা+ড) স্থ, পুং, শিব.বিষ্ণু, বায়ু, সর্প, জীবাত্মা, চন্দ্র, ভৃগু, দীপ্তি, কান্তি, প্রভা। সা —স্ত্রী, লক্ষ্মী, গৌরী। ন, জ্ঞান, চিন্তা, গাড়ী যাইবার উপযুক্ত রাস্তা। [বয়স্থা।
সই, (সখীশব্দজ) স্থ. সখী, সঙ্গিনী,
সইস,(যবনভাষা) স্থ,অশ্বপাল।[আদি।
সওয়ারি,(যবনভাষা)স্থ,যান—পালকী
সওয়াল, (যবনভাষা) প্রশ্ন, জিজ্ঞাসা।
সওদাগর, (যবনভাষা) স্ত, বণিক্, বাণিজ্যব্যবসায়ী। [বেশ।
সং, (দেশজ) ণ, নটাদির কৌতুকাবহ
সংকুণ্ঠকণ্ঠাহ্নিক, স্থ, যাহাদের কণ্ঠের অস্থিসকল একত্রে সংলগ্ন হইয়া এক খণ্ডহয়, এই লক্ষণ তাহাদের প্রধান এবং সর্ব্বত্র তুল্য, যথা—কাদাখোঁচা মৎস্য। (Pharyngognatha.)
সংক্রম, সঙ্ক্রম,—পুং, ন, সংক্রাম, সঙ্ক্রাম,—পুং,(সম্+ক্রম্=গমনকরা +অচ-ধ, কিম্বা চ—ভাব) স্থ, সেতু, সাঁকো। পুং,গমন,সংক্রমণ সোপান, তীর্থ, সংক্রান্তি, প্রাপ্তি, প্রবেশ।
সংক্রমণ,সঙ্ক্রমণ, (সম্+ক্রম্=গমনকরা অনট্—ধ, কিম্বা চ—ভাব) স্থ, ন, গমন, প্রবেশ, প্রাপ্তি, সংক্রান্তি, সূর্য্যাদির রাশ্যন্তরে প্রবেশ,সোপান, সেতু, সাঁকো।
সংক্রমিত, সঙ্ক্রমিত, সংক্রামিত, সঙ্ক্রামিত, (সম্+ক্রমি=গমনকরান+ ক্ত—চ) ণ, ত্রি, স্থাপিত, নিবেশিত, প্রবেশিত, গমিত, প্রতিবিম্বিত।
সংক্রান্ত, সঙ্ক্রান্ত, (সম্+ক্রম্+ক্ত— ষ) ণ, ত্রি, প্রতিবিম্বিত, সম্বন্ধীয়, গত, প্রাপ্ত, সংক্রমণবিশিষ্ট, যুক্ত, প্রবিষ্ট, সঞ্চরিত, ব্যাপ্ত।
সংক্রান্তি, সঙ্ক্রান্তি, (সম্+ক্রম্+ক্তি— ভাব) স্থ, স্ত্রী,গমন,সঞ্চার, সূর্য্যাদির রাশ্যন্তরে গমন, প্রতিবিম্বন, প্রাপ্তি।
সংক্রামক, সঙ্ক্রামক,(সং+ক্রম্+ণক —ষ) ণ,ত্রি, একস্থান হইতে অন্য- স্থানে প্রবেশকারক, যাহা কোন বস্তুর সংস্রবে উৎপন্ন হয়; যথা— সংক্রামক রোগ।
সংগৃহীত, সঙ্গৃহীত, (সম্+গ্রহ= গ্রহণকরা+ক্ত—চ) ণ, ত্রি, সঙ্কলিত, আহৃত, একত্রীকৃত।
সংগোপন, সঙ্গোপন, (সম্=সম্যক্ +গুপ্=গোপন করা+অনট্— ভাব)স্থ,ন,সম্পূর্ণরূপে গোপন,লুকান।
সংগোপিত, সঙ্গোপিত, (সম্+গুপ =গোপনকরা+ক্ত—চ) ণ, ত্রি, লুকায়িত।

সংগ্রহ, সঙ্গ্রহ—পুং, সংগ্রহণ, সঙ্গ্রহণ—ন, (সম্+গ্রহ্=[গ্রহণ করা]=বুঝা+অচ্, অনট্—ধ) স্থ, সংক্ষেপে করা যায় অর্থাৎ নানা স্থানে বিপ্রকীর্ণ অর্থ সকল বুঝাবার যাহার দ্বারা, সঙ্কলন।

সংগ্রহণী, সঙ্গ্রহণী, (সম্+গ্রহ্+অনট্, ঈপ্) স্থ, স্ত্রী, একত্রীকরণ, সঞ্চয়, গ্রহণ, গ্রহণীরোগ, উদরভঙ্গরোগ, সঙ্ক্ষেপ, মুষ্টি, উচ্চতা।

সংগ্রহীতা, সংগ্রাহক, (সম্+গ্রহ্+তৃন্, ণক) ণ, ত্রি, সংগ্রহকর্ত্তা।

সংগ্রাম, সঙ্গ্রাম, (সম্+গ্রাম=যুদ্ধকরা+অচ্—ভাব) স্থ, পুং, যুদ্ধ, রণ, লড়াই।

সংগ্রামপটহ, (সংগ্রাম=রণ+পটহ=ঢক্কা) স্থ, পুং, রণবাদ্য, যুদ্ধ সময়ে বাদনীয় বাদ্য।

সংগ্রাহ, সঙ্গ্রাহ, (সম্+গ্রহ=গ্রহণ করা+ঘঞ্—ভাব) স্থ, পুং, ফলকের মুষ্টি, ফলকগ্রহণ স্থান, মুষ্টি দ্বারা বন্ধন, মুষ্টি।

সংগ্রাহী, সঙ্গ্রাহী, (সম্+গ্রহ্+ইনি—ষ) ণ, ত্রি, সংগ্রহকর্ত্তা।

সংজ্ঞপন, সঞ্জ্ঞপন,-ন, সংজ্ঞপ্তি, সঞ্জ্ঞপ্তি,—স্ত্রী, (সম্+জ্ঞপি=জানান, বধ করা+অনট্—ভাব) স্থ, মারণ, বধ, হত্যা, বিজ্ঞাপন, প্রচারকরণ।

সংজ্ঞা, সঞ্জ্ঞা, (সম্+জ্ঞা=জানা+আপ্—ভাব) স্থ, স্ত্রী, যাহার দ্বারা সকল বস্তু জানা যায়, নাম, আখ্যা, জ্ঞান, চৈতন্য, সঙ্কেত, হস্তাদিদ্বারা অর্থসূচনা, বুদ্ধি, সূর্য্যপত্নী, গায়ত্রী, বিশেষ্যপদ।

সংজ্ঞাপন, সঞ্জ্ঞাপন, (সম্+জ্ঞাপি=জানান+অনট্—ভাব) স্থ, ন, বিজ্ঞাপন।

সংজ্ঞাসুত, (সংজ্ঞা=সূর্য্যপত্নী+সুত=পুত্র, ৬-ষ) স্থ, পুং, শনৈশ্চর, শনি।

সংজ্ঞু, (সম্=একসঙ্গে, মিলিত+জানু ; জানু=জ্ঞু) ণ, ত্রি, সংহতজানু ; মিলিতজানু, যাহার জানুদ্বয় পরস্পর মিলিত।

সংজ্বর, (সম্=সম্যক্+জ্বর্=রোগী বা সন্তপ্ত হওয়া+অচ্—ভাব) স্থ, পুং, সম্যক্ জ্বর, অতিশয় সন্তাপ।

সংডীন, (সং+ডী=উড্ডয়ন-ক্ত+ত—ভাব) স্থ, ন, পক্ষীদিগের বৃক্ষাদিতে পতনার্থ গতি।

সংদ্রাব, সংদ্রাব, (সম্+দ্রু, দ্রু=ধাবিত হওয়া+ঘঞ্—ভাব) স্থ, পুং, পলায়ন।

সংয, (সম্=একসঙ্গে+যম্=নিবৃত্তকরা+ড ; ম্—লোপ) স্থ, পুং, কঙ্কাল, দেহের অভ্যন্তরস্থ যথাবৎ অবস্থিত অস্থি সমুদায়।

সংযৎ, (সম্+যম্=বিষয়ে বিরত হওয়া+ক্বিপ ; ৎ—আগম) স্থ, পুং,—স্ত্রী, রণ, যুদ্ধ, লড়াই, সংশয়।

সংযত, (সম্+যম্=নিবৃত্তকরা+ক্ত—চ) ণ, ত্রি, রুদ্ধ, বদ্ধ, কৃতসংযম, নিয়মিত।

সংযতব্রত, (সংযত+ব্রত=নিয়ম) ণ, ত্রি, নিয়মবিশিষ্ট, কৃতসংযম।

সংযতাত্মা, (সংযত+আত্মন্ ; ৩,হ) ণ, ত্রি, নিয়মিতচিত্ত, স্থিরমনাঃ।

সংযতেন্দ্রিয়, (সংযত+ইন্দ্রিয় ; ৩,হ) ণ, ত্রি, ইন্দ্রিয়জয়কারী, জিতেন্দ্রিয়।

সংযদ্বর, (সম্+যম্=নিবৃত্ত করা+বর ; ৎ—আগম ; কিম্বা সংযৎ=সংগ্রাম+বর=প্রধান) স্থ, পুং, রাজা, নৃপতি, ভূপতি।

সংযন্তা, (সম্+যম্+তৃন্—ষ) ণ, ত্রি, সংযমকারী, নিয়ন্তা।

সংযম, সংযাম,—পুং, সংযমন,—ন, (সং+যম্+অচ, অনট্—ভাব) স্থ, বন্ধন, ধ্যান, সমাধি, যোগ, ইন্দ্রিয়নিগ্রহ, ব্রতাদির পূর্ব্ব দিনে কর্ত্তব্য

আচারবিশেষ, ব্রত, নিয়ম।
সংযমনী, (সম্+যম্+অনট্, ঈপ্) স্ত্রী, স্ত্রী, যমপুরী।
সংযমিত, (সম্+যম্+ক্ত—চ) ণ, ত্রি, বদ্ধ, নিয়মিত, দমিত, কৃতসংযম।
সংযমী, (সংযম+ইন্—অস্ত্যর্থে) স্ত্রী. পুং, নিয়মবান্, মুনি, যোগী, জিতেন্দ্রিয়, সমাধিমান্। ণ, ত্রি, ইন্দ্রিয়-সংযমযুক্ত।
সংযাত্রা, (সম্+যা—গমন করা, দ্বীপান্তর গমনকরা+ত্রন্, আপ্) স্ত্রী, স্ত্রী, জলপথে দ্বীপান্তরে গমন।
সংযাত্রিক, (সংযাত্রা+ঠক্) স্ত্রী, পুং, পোতবণিক্, জাহাজযোগে বাণিজ্যকারী।
সংযান, (সম্=সম্যক্, একসঙ্গে+যা—গমনকরা বা যাওয়া+অনট্—ভাব) স্ত্রী, ন, সম্যক্ প্রকারে গমন, মিলিত হইয়া যাওয়া। পুং—ছাঁচ।
সংযাব, (সম্=একসঙ্গে+যু=যুক্ত হওয়া, মিশ্রিত করা+ঘঞ্) স্ত্রী, পুং, খাদ্যবিশেষ, ঘৃত, ক্ষীর প্রভৃতি দ্বারা পক্ক গোধূমচূর্ণ।
সংযুক্, (সম্+যুজ্—যোগকরা+ক্বিপ্) ণ, ত্রি, সংযুক্ত, গুণাঢ্য, গুণবান্। স্ত্রী, পুং, জামাতা।
সংযুক্ত, সংযুত, (সম্+যু, যুজ্=যোগ করা+ক্ত—চ) ণ, ত্রি, সংযোগবিশিষ্ট, মিলিত, অনুগত, সংলগ্ন, একত্রিত।
সংযুগ, (সম্+যুজ্+ক) স্ত্রী, পুং, যুদ্ধ, সংগ্রাম, বিগ্রহ, রণ, আহব, সংযোগ।
সংযোগ, (সম্+যুজ্+ঘঞ্—ভাব) স্ত্রী, পুং, সম্পর্ক, মিলন, মিশ্রণ।
সংযোগিত, সংযোগী, (সংযোগ—মিলন+ইত, ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, সংযোগবিশিষ্ট।
সংযোজন, (সম্—সহিত+যুজ্=যোগ করা+অনট্—ভাব) স্ত্রী, ন, একত্রিতকরণ, মিলান, মৈথুন।
সংযোজিত, (সম্+যোজি—যোগকরা+ক্ত—চ) ণ, ত্রি, সংমিলিত, একত্রিতকরা, সংযোগ করা।
সংরক্ষ,—পুং, সংরক্ষণ,—ন, (সম্+রক্ষ্=রক্ষা করা+অচ্, অনট্—ভাব) স্ত্রী, রক্ষণ, পরিত্রাণ, তত্ত্বাবধারণ।
সংরব্ধ, (সম্+রভ্=শব্দকরা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, ক্রুদ্ধ, বেগিত, গর্ব্বিত, সম্ভ্রান্ত, উৎসাহিত, উত্তেজিত।
সংরম্ভ, (সম্+রভ্=শব্দকরা, ক্রোধ করা ইত্যাদি+ঘঞ্—ভাব) স্ত্রী, পুং, ক্রোধ, বেগ, আক্রোশ, গর্ব্ব, উৎসাহ, সম্ভ্রম। [ত্রি, সংরম্ভবিশিষ্ট।
সংরম্ভী, (সংরম্ভ+ইন্—অস্ত্যর্থে) ণ,
সংরাধন, (সম্+রাধ্—[নিষ্পন্ন হওয়া] আরাধনা করা ইত্যাদি+অনট্—ভাব) স্ত্রী, ন, সেবা, আরাধনা, পরিচর্য্যা, অর্চ্চনা।
সংরাধিত, (সম্+রাধ্—[নিষ্পন্ন হওয়া] আরাধনা করা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, সেবিত, আরাধিত, অর্চ্চিত।
সংরাব, (সম্+রু—শব্দকরা+ঘঞ্—ভাব) স্ত্রী, পুং, শব্দ, ধ্বনি, নাদ, রুত, ঘোষ।
সংরাবী, (সম্+রু—শব্দকরা+ইন্—ঘ) ণ, ত্রি শব্দবিশিষ্ট, শব্দকারক।
সংরুদ্ধ, (সম্+রুধ্=রোধকরা+ক্ত—চ) ণ, ত্রি, প্রতিবদ্ধ, নিরুদ্ধ, প্রতিরুদ্ধ।
সংরূঢ়, (সম্+রুহ্=উৎপন্ন হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, উৎপন্ন, জাত, অঙ্কুরিত, প্রবৃদ্ধ, প্রেরিত।
সংরোধ, (সম্+রুধ্=রোধ করা+ঘঞ্—ভাব) স্ত্রী, পুং, প্রতিবন্ধ, অবরোধ, বাধা, নিগড়, আটক, নিক্ষেপ।
সংরোহ, (সম্+রুহ্=উৎপন্ন হওয়া ইত্যাদি+ঘঞ্) স্ত্রী, পুং, অঙ্কুর,

জন্ম, উৎপত্তি।

সংলগ্ন, (সম্+লগ্=লাগিয়া যাওয়া+ক্ত—ম) প, ত্রি, সংযুক্ত, মিলিত, সংযত, একত্রীভূত।

সংলয়, (সম্+লী—লীনহওয়া+অচ্) স্ত্র, পুং, নিদ্রা, ঘুম,স্বপ্ন,স্বাপ,প্রলয়।

সংলাপ, (সম্=সহিত+লপ্=বলা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, পরস্পর কথা-বার্ত্তা, মিথোভাষণ।

সংবৎ, (সম্+বদ্=বলা+ক্বিপ্) ব্য, বৎসর, হায়ন,বর্ষ, বিক্রমাদিত্য রাজার প্রচলিত অব্দ, এক্ষণে সংবৎ ১৯৩৭।

সংবৎসর, (সম্+বস্=বাসকরা+সর) স্ত্র, পুং, যাহাতে ঋতু সকল বাস করে, বৎসর, বর্ষ, অব্দ।

সংবদন, (সম্+বদ্=বলা+অনট্—ভাব) স্ত্র, ন, কথন, বলা, সংবাদ, সদৃশীকরণ, দৃষ্টি। ন, না—স্ত্রী, আলোচনা, বশীকরণ, মন্ত্রৌষধি দ্বারা মুগ্ধ করণ।

সংবনন, (সম্+বন্=[যাচঞাকরা] অধীনকরা ইত্যাদি+অনট্—ভাব) স্ত্র, ন, আলোচনা, বশীকরণ, মন্ত্রৌষধি দ্বারা মুগ্ধকরণ।

সংবর, (সম্+বৃ=বরণকরা+অপ্) স্ত্র, ন, জল, ধন। পুং, অসুরবিশেষ, মৎস্যবিশেষ, মৃগবিশেষ।

সংবরণ, (সম্+বৃ=বরণকরা ইত্যাদি +অনট্—ভাব) স্ত্র, ন, বরণ, সংগোপন, বরমাল্যদান, আবরণ, নিবারণ।

সংবরিত, (সম্+বরি=আচ্ছাদন করা+ক্ত—ট) প, ত্রি, গোপিত, আচ্ছাদিত।

সংবর্ত্ত, (সম্+বৃৎ=বর্ত্তান+ঘঞ্) স্ত্র, পুং, মহাপ্রলয়, মেঘ,মেঘবিশেষ, মুনিবিশেষ।

সংবর্ত্তক, (সম্+বর্ত্তি=বর্ত্তান+ণক) স্ত্র, পুং, বলরাম, বলরামের লাঙ্গল, সাগরাগ্নি, বাড়বানল।

সংবর্ত্তকী, (সংবর্ত্তক—ইঁহার লাঙ্গল +ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, বলরাম, লাঙ্গলী।

সংবর্ত্তি, সংবর্ত্তিকা, (সম্—[সম্যগ্‌রূপে] নিকট+বৃৎ=বর্ত্তান+ণক) স্ত্র, স্ত্রী, পদ্মের কেশরসমীপস্থ দল, পদ্মাদির নবপত্র, দীপাগ্রের দশা।

সংবর্দ্ধক, (সম্=সম্যক্+বৃধ্=বর্দ্ধিত হওয়া+ণক—ম) প, ত্রি, সংবর্দ্ধনকারী, বৃদ্ধিকারক, সম্মানকারক।

সংবর্দ্ধন, (সম্=সম্যক্+বৃধ্=বর্দ্ধিত হওয়া+অনট্—ভাব) স্ত্র, ন, না স্ত্রী, বৃদ্ধি, বাড়ান, সম্মাননা।

সংবর্দ্ধিত, (সম্+বৃধ্+ক্ত—ট) প, ত্রি,বৃদ্ধিপ্রাপ্ত,বৃদ্ধিপ্রাপিত, বাড়ান।

সংবর্ম্মিত, (সম্+বর্ম্মন্=সাঁজোয়া+ইত—অস্ত্যর্থে) প, ত্রি, বর্ম্মাচ্ছাদিত, সাঁজোয়া পরা।

সংবলিত, সম্বলিত, (সম্+বল্=বেষ্টন করা+ক্ত) প, ত্রি, চলিত, সহিত, মিশ্রিত, মিলিত।

সংবসথ, (সম্+বস্=বাসকরা+অথ) স্ত্র, পুং, গ্রাম, পল্লী, বাসস্থান।

সংবহ, (সম্+বহ্=বহনকরা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, বায়ুবিশেষ, বহন।

সংঘাটিকা, স্ত্র,স্ত্রী, শৃঙ্গাটক, পাণিফল।

সংবাদ, (সম্=সহিত+বদ্=বলা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, সমাচার, খবর, বার্ত্তা, সন্দেশ, বৃত্তান্ত, সাদৃশ্য, সম্ভাষণ, পরস্পর কথাবার্ত্তা।

সংবাদী, (সংবাদ+ইন্—অস্ত্যর্থে) প ত্রি, তুল্য, সদৃশ, একরূপ সঞ্চারী।

সংবাস, (সম্=সহিত+বস্=বাসকর +ঘঞ—ডে) স্ত্র, পুং, বাসস্থান,গৃহ বাড়ী, বাস, নগরের মধ্যেই হউক বা বাহিরেই হউক পুরবাসীদে অনাবৃত বিহার স্থান, সভা, বন্ধাক

সংবাহ,—পুং, সংবাহন,—ন, (সম্+বাহি=[সুখ] পাওয়ান+ঘঞ, অনট্—ভাব) স্ত্র, অঙ্গমর্দ্দন, গা টেপা, ভারাদি বহন।

সংবাহক, (সম্+বাহি+ণক—ঘ) ণ, ত্রি, অঙ্গমর্দ্দনকারী, যে গা টিপিয়া দেয়, বাহক।

সংবিগ্ন, (সম্+বিজ্=ভীত হওয়া+ক্ত—ট) ণ, ত্রি, উদ্বিগ্ন, ভীত।

সংবিত্তি, (সম্+বিদ্=জানা+ক্তি—ভাব) স্ত্র. স্ত্রী, বুদ্ধি, বোধ, অনুভব, চেতনা, সংবিদ্, পূর্ব্বস্মৃতি।

সংবিদ্, সংবিদা, (সম্+বিদ্=জানা ইত্যাদি+ক্বিপ্, আপ্—ভাব) স্ত্র.স্ত্রী, জ্ঞান, নিয়ম, আচার, প্রতিজ্ঞা, যুদ্ধস্থলে ধ্বনি, সঙ্কেত, সমাধি, নাম, সম্ভাষণ, যুদ্ধ, সন্তোষ, যশ।

সংবিদিত, (সম্+বিদ্+ক্ত—ট) ণ, ত্রি, অবগত, জ্ঞাত, প্রতিজ্ঞাত।

সংবিধা,—স্ত্রী, সংবিধান,—ন, (সম্+বি+ধা=[ধারণকরা] রচনাকরা ইত্যাদি+আপ্, অনট্—ভাব) স্ত্র, সেবার সামগ্রী, আয়োজন, ঘটনা, বৈচিত্র্য, রচনা, সজ্জা, উপচার।

সংবিভক্ত, (সম্=বি+ভজ্=ভাগ করা+ক্ত—ট) ণ, ত্রি, বিভক্ত, পৃথক্কৃত।

সংবিষ্ট, (সম্+বিশ্=[প্রবেশকরা] শয়নকরা ইত্যাদি+ক্ত—ঘ) ণ, ত্রি, সুপ্ত, শয়িত, নিদ্রিত, নিবিষ্ট।

সংবীক্ষণ, (সম্=সম্যক্+বি=বিবিধ+ঈক্ষ্=দেখা+অনট্—ভাব) স্ত্র. ন, সম্যক্ তাৎপর্য্য হেতু বিবিধ প্রকারে দর্শন, অন্বেষণ, মার্গণ, তল্লাস, দর্শন।

সংবীত, (সম্=সম্যক্+ব্যে=আচ্ছাদন করা+ক্ত—ট) ণ, ত্রি, আবৃত, গুপ্ত, রুদ্ধ। (সম্+বি+ই+ত=গত) সংমিলিত, সঙ্গত, একত্রীভূত।

সংবৃত, (সম্=সম্যক্+বৃ=আচ্ছাদনকরা+ক্ত—ট) ণ, ত্রি, আচ্ছাদিত, আবৃত, গোপিত, গুপ্ত, লুক্কায়িত।

সংবৃতি, (সম্+বৃ+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, আবরণ, গোপন।

সংবৃত্ত, (সম্+বৃৎ=হওয়া ইত্যাদি+ক্ত—ঘ) ণ, ত্রি, সম্পাদিত, নিষ্পন্ন, জাত, গোপিত, লুক্কায়িত। স্ত্র, পুং, বরুণ।

সংবৃত্তি, (সম্=সহিত+বৃৎ=আবরণ করা ইত্যাদি+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, গোপন, নিষ্পত্তি, সিদ্ধি, সম্পাদন।

সংবেগ, (সম্=সম্যক্+বিজ্=ভীত হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, ভয়, ভয়জনিত ত্বরা, অতিবেগ।

সংবেদ, (সম্+বিদ্=জানা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, জ্ঞ.ন, বোধ, অনুভব।

সংবেদন, (সম্+বিদ+অনট্—ভাব) স্ত্র. ন, না—স্ত্রী, অনুভব।

সংবেদ্য, (সম্+বিদ্+যৎ—ট) ণ, ত্রি, অনুভবযোগ্য, জ্ঞেয়।

সংবেশ, (সম্+বিশ্=প্রবেশ করা শয়ন করা ইত্যাদি+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, নিদ্রা, শয়ন, স্বপ্ন, স্বপ্নদর্শন, পীঠ, আসন, উপবেশন।

সংবেশন, (সম্+বিশ্=[প্রবেশকরা] রতিক্রীড়া করা ইত্যাদি+অনট্—ভাব) স্ত্র, ন, রমণ, রতিক্রিয়া।

সংব্যান, (সম্=সম্যক্+ব্যে=আচ্ছাদন করা+অনট্—ভাব) স্ত্র, ন, উত্তরীয় বস্ত্র, বস্ত্র, বসন, কাপড়।

সংসপ্তক, (সম্=সম্যক্+সপ্ত=প্রতিজ্ঞা; ৬.হ) স্ত্র, পুং, যে সকল সৈন্য শপথ বা সংগ্রাম হইতে বিচলিত না হয়, প্রধান প্রধান সৈন্য, নারায়ণী সেনাবিশেষ, খালসাসৈন্য।

সংশয়, (সম্+শী=শয়নকরা, সন্দেহ করা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, সন্দেহ, দ্বৈধজ্ঞান।

সংশয়স্থ, (সংশয়+স্থ=যে থাকে) ণ, ত্রি, সংশয়াপন্ন, সন্দেহযুক্ত।

সংশয়াত্মা, (সংশয়+আত্মন্=আপনি) ণ, ত্রি, সন্দিগ্ধচিত্ত।

সংশয়ান, সংশয়ালু, সংশয়িতা, (সম্+শী=সন্দেহকরা+শানচ্, আলু, তৃচ্—ষ) ণ, ত্রি, সন্দিগ্ধচিত্ত, সংশয়বিশিষ্ট।

সংশরণ, (সম্=একসঙ্গে+শৃ=হিংসাকরা+অনট্—ভাব) ষ্য, ন, যুদ্ধারম্ভ, যুদ্ধোপক্রম।

সংশিত, (সম্+শো=[নাশকরা] নির্ণয়করা ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, নির্ণীত, স্থিরীকৃত, নির্দ্ধারিত, সম্পূর্ণ, নির্ব্বাহিত, সম্পাদিত।

সংশিতব্রত, (সংশিত=সম্পূর্ণ+ব্রত) ণ, ত্রি, যে ব্যক্তি যথানিয়মে নিত্য নৈমিত্তিক প্রায়শ্চিত্ত উপাসনাদি কর্ম্মের অনুষ্ঠান করে।

সংশুদ্ধি,—স্ত্রী, সংশোধন,—ন, (সম্=সম্যক্+শুদ্ধি, শোধন=পরিষ্কার) ষ্য, সম্যক্ শোধন, পরিষ্করণ, মার্জ্জন, দেহমার্জ্জন, শরীর পরিষ্কার।

সংশোধক, (সম্=সম্যক্+শুধ্=পরিষ্কারকরা+ণক—ষ) ণ,ত্রি,পরিষ্কারক,সংশোধনকারী, শোধনকর্ত্তা।

সংশোধিত, (সম্+শুধ্+ক্ত—চ) ণ, ত্রি, পরিশোধিত, পরিষ্কৃত, মার্জ্জিত।

সংশ্চৎ, সংশ্বৎ, (সম্+চি=একত্রকরা, শ্বি=বৃদ্ধিপাওয়া+অৎ; নিপাতন; প্রথম পক্ষে শ্—আগম) ষ্য, ন, কপট, প্রতারণা, ছল, ভাণ।

সংশ্যান, (সম্+শৈ=[গমনকরা] সঙ্কুচিত হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, ঘনীভূত, শীতদ্বারা সঙ্কুচিত, জড়হওয়া।

সংশ্রয়, (সম্+শ্রি=[সেবাকরা] পাওয়া ইত্যাদি+ঘঞ্—ভাব) ষ্য, পুং, আশ্রয়,প্রাপ্তি, কারণ, ব্যাপ্তি।

সংশ্রব, সংশ্রাব, (সম্+শ্রু=[শুনা] অঙ্গীকার করা ইত্যাদি+ঘঞ্—ভাব) ষ্য, পুং, অঙ্গীকার, প্রতিজ্ঞা, সম্পর্ক।

সংশ্রিত, (সম্+শ্রি=আশ্রয় করা+ক্ত—ষ) ণ, ত্রি, শরণাপন্ন,আশ্রিত।

সংশ্রুত, (সম্+শ্রু=অঙ্গীকার করা+ক্ত—চ) ণ,ত্রি,অঙ্গীকৃত,প্রতিজ্ঞাবদ্ধ।

সংশ্লিষ্ট, (সম্+শ্লিষ্=আলিঙ্গনকরা ক্ত—চ) ণ,ত্রি, আলিঙ্গিত, আশ্লিষ্ট, পরিষ্বক্ত, সম্বদ্ধ, মিলিত, যুক্ত।

সংশ্লেষ, (সম্+শ্লিষ্+ঘঞ্—ভাব) ষ্য, পুং, আশ্লেষ,পরিষ্বজন,আলিঙ্গন, সম্পর্ক, সম্বন্ধ, মিলন।

সংসক্ত, (সম্+সন্জ্=আসক্ত হওয়া+ক্ত—ষ) ণ, ত্রি, সংলগ্ন, আসক্ত, সম্পৃক্ত, মিলিত।

সংসদ্, (সম্+সদ্=গমনকরা+ক্বিপ্—ডে) ষ্য, স্ত্রী, সমাজ, সভা।

সংসরণ, (সম্=সহিত ইত্যাদি+সৃ=গমন করা+অনট্—ভাব, ধ) ষ্য, ন, যুদ্ধারম্ভ, অবাধে সৈন্য গমন, জন্ম, প্রধান পথ, বড়রাস্তা, সংসার, সঙ্গতি।

সংসর্গ, (সম্+সৃজ্=[সৃষ্টিকরা] সহবাস করা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, সহবাস, সম্পর্ক, সম্বন্ধ।

সংসর্গাভাব, (সংসর্গ+অভাব) ষ্য, পুং, প্রাগভাব, ধ্বংস, অত্যন্তাভাব—এই ত্রিবিধ।

সংসর্গী, (সংসর্গ+ইন্—অস্ত্যর্থে, কিম্বা সম্+সৃজ্=সহবাস করা+ইন্—ষ, শীলার্থে) ণ, ত্রি, সঙ্গক, সহবাসী, সংসর্গবিশিষ্ট।

সংসর্প, (সম্=সম্যক্+সৃপ্=গমনকরা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, সম্যক্ প্রকারে গমন,সর্পাদির ন্যায় গতি।

সংসর্পী, (সম্+সৃপ্+ইন্—ষ, শী-

-র্থে) ণ, ত্রি, প্রসরণশীল, বিস্তারী, সর্ব্বতোভাবে গমনশীল।

সংসার, (সম্=সম্যক্+সৃ=গমনকরা+ঘ—ভে) ষ্য, পুং, জগৎ, মর্ত্ত্যলোক, মায়া জন্য বাসনা, অবিদ্যাবন্ধন, পরিবার।

সংসারগুরু, (সংসার=জগৎ+গুরু) ষ্য, পুং, কামদেব, কন্দর্প, মার, মনসিজ।

সংসারমার্গ, (সংসার=[জগৎ] বা মনুষ্যজাতি+মার্গ=পথ) ষ্য. পুং, যোনি, স্ত্রীচিহ্ন।

সংসারী, (সংসার+ইন্—অস্ত্যর্থে) ষ্য. পুং, পরিবারী, সংসারস্থ, জগৎস্থ, দেহী।

সংসিদ্ধ. (সম্+সিদ্ধ=নিষ্পন্ন) ণ, ত্রি, স্বভাবসিদ্ধ, সুনিষ্পন্ন, সুসম্পাদিত।

সংসিদ্ধি, (সম্+সিদ্ধি=নিষ্পত্তি) ষ্য, স্ত্রী, স্বভাব, প্রকৃতি, স্বাভাবিক অবস্থা, সমাপ্তি, নিষ্পত্তি, সিদ্ধি, মত্তা স্ত্রী।

সংসৃতি, (সম্+সৃ=গমনকরা+ক্তি—ঢে, ঘ) ষ্য, স্ত্রী, প্রবাহ, স্রোতঃ, সঙ্গেগমন, সংসার।

সংসৃষ্ট, (সম্+সৃজ্+ক্ত—ঘ) ণ, ত্রি, মিলিত, সম্বন্ধ, সংসর্গবিশিষ্ট। ষ্য, ন, সম্বন্ধ।

সংসৃষ্টি, (সম্+সৃজ্+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, সহবাস, সংসর্গ, মিলন, উপমাদি অলঙ্কারের মধ্যে দুই বা বহু অলঙ্কারের প্রত্যেকের প্রাধান্য থাকিলে সংসৃষ্টি কহে।

সংসৃষ্টী, (সংসৃষ্ট+ইন—অস্ত্যর্থে) ষ্য, পুং, যুক্ত, একত্র সহবাসী, একান্নবর্ত্তী।

সংস্কার, (সম্=সম্যক্+কৃ=করা+অণ্; স—আগম) ষ্য, পুং, পূর্ব্বকর্ম্ম বাসনা, পূর্ব্বকৃত কর্ম্মের স্মরণজনক শক্তিবিশেষ, শাস্ত্রাভ্যাসজনিত বাসনা, স্মৃতিহেতুক মনোবৃত্তি গুণবিশেষ; তাহা ত্রিবিধ—বেগাখ্য সংস্কার. স্থিতিস্থাপক সংস্কার ভাবনাখ্য সংস্কার; জাতকর্ম্মাদি দশবিধ ব্যাপার; বিবাহ, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্তন—এই দশবিধ শুদ্ধিজনক কার্য্য; ভূষিতকরণ, শুদ্ধি, নির্ম্মলীকরণ, জীর্ণোদ্ধার, মেরামত, ব্যাকরণাদি শুদ্ধি, ব্যাকরণাদি শাস্ত্রে ব্যুৎপত্তি, উদ্দীপ্তকরণ, মার্জ্জন, প্রস্তুতকরণ, মন্ত্রাদি দ্বারা শোধন, প্রোক্ষণ, শাস্ত্রাভ্যাসজন্য ব্যুৎপত্তি, পাক, বেগ. স্থিতিস্থাপক গুণ।

সংস্কারক, সংস্কর্ত্তা, (সম্+কৃ+ণক, তৃচ্—ঘ) ণ, ত্রি, শোধক, সংস্কারকারক, পরিষ্কারক, পাচক।

সংস্কৃত, (সম্+কৃ+ক্ত—ঢ) ণ, ত্রি, শোধিত, মন্ত্রপূত, সজ্জিত, ভূষিত, পক্ব. উত্তমরূপে প্রস্তুত, পরিষ্কৃত, নির্ম্মলীকৃত। ষ্য, ন, পবিত্রভাষা, দেববাণী।

সংস্ক্রিয়া. (সম্+কৃ+য,আপ্) ষ্য, স্ত্রী. শোধন, পরিষ্কারকরণ, সংস্কার, শবদাহাদি ক্রিয়া।

সংস্তম্ভ,—পুং, সংস্তম্ভন,—ন, (সম্+স্তন্ভ্=স্তব্ধ করা+ঘঞ্, অনট্—ভাব) ষ্য, দৃঢ়ীকরণ, নির্দ্ধারণ, স্থিরীকরণ, নিবারণ, থামান।

সংস্তর, (সম্+স্তৃ=আস্তরণ করা+ঘঞ্—ঢ, ভাব) ষ্য, পুং, শয্যা, বিছানা, পল্লবাদি রচিত আস্তরণ, যজ্ঞ।

সংস্তব, (সম্+স্তু=[স্তবকরা] আলাপ করা+বঞ্—ভাব) ষ্য, পুং, আলাপ, পরিচয়, প্রশংসা, স্তুতি।

সংস্তবান, (সম্+স্তু=স্তব করা, প্রশংসা করা+শানচ্—ঘ) ণ, ত্রি, সবক্তা, বাগ্মী।

সংস্তাব, (সম্=গীতাংশে যাহাতে সকলে একত্র হইয়া গান করে, একসঙ্গে ধুয়া ধরে+স্তু=[ঈশ্বরকে] স্তবকরা+ঘঞ্) ষ্য, পুং, যজ্ঞেতে ব্রাহ্মণেরা মিলিত হইয়া যে স্থানে বসিয়া স্তবাদি পাঠ করে।

সংস্তুত, (সম্+স্তু+ক্ত—ঢ) ণ, ত্রি, প্রশংসিত, স্তুত, পরিচিত।

সংস্ত্যায়, (সম্+স্ত্যৈ=শব্দকরা, সংহত হওয়া+ঘঞ্) ষ্য, পুং, বিস্তার, নিবিড়সন্নিবেশ, সংঘাত, সমূহ, গৃহ, ঘর, আলয়, আবসথ।

সংস্থ, (সম্=সম্যক্+স্থা=থাকা ইত্যাদি+ক বা অড্—ঘ,ধ, ভাব) ণ, ত্রি, মৃত, স্থিত, অবস্থিত। ষ্য, পুং, চর, দূত, স্বরাজ্যবাসী, স্বদেশবাসী, প্রতিবাসী, বাসী, বাসকর্ত্তা। স্থা—স্ত্রী, সচ্চরিত্র, স্থিতি, ন্যায়পথে স্থিতি, জীবিকা, ব্যবসায়, জীবৎকাল, মৃত্যু, শেষ, নাশ, সাদৃশ্য, সমষ্টি, ব্যবস্থা, যজ্ঞবিশেষ; নিত্য, নৈমিত্তিক, প্রাকৃতিক, আত্যন্তিক—এই চতুর্ব্বিধ প্রলয়; প্রকাশ, মূর্ত্তি, আকৃতি, সভা, সমাজ, রাজাজ্ঞা।

সংস্থান, (সম+স্থা+অনট্—ভাব) ষ্য, ন, আকৃতি, অবয়ব সঙ্ঘাত, নাশ, মৃত্যু, নির্ম্মাণ, বিন্যাস, সঞ্চয়, রাশি, চতুষ্পথ, চিহ্ন, সন্নিবেশ।

সংস্থাপন, (সম্+স্থাপি=স্থিত করান +অনট্—ভাব) ষ্য, ন, স্থাপিত করা, রাখা।

সংস্থাপিত, (সম্+স্থাপি+ক্ত—ঢ) ণ, ত্রি, যাহা স্থাপন করা হইয়াছে।

সংস্থিত, (সম্+স্থা=থাকা+ক্ত—ঘ) ণ, ত্রি, স্থিত, সন্নিবিষ্ট, মৃত, সমাপ্ত।

সংস্থিতি, (সম্+স্থা+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, গৃহ, সংস্থান, মৃত্যু।

সংস্পর্শ, (সম্+স্পৃশ্=স্পর্শ করা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, সম্যক্ স্পর্শ; ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণবিশেষ।

সংস্পৃষ্ট, (সম্+স্পৃশ্+ক্ত—ঢ) ণ, ত্রি, সংযুক্ত, সম্যক্ স্পর্শবিশিষ্ট।

সংস্ফাল, (সম্+ফল্=চলিতহওয়া +ঘঞ্) ষ্য, পুং, মেষ।

সংস্ফুট, (সম্+স্ফুট্=বিকসিত হওয়া +ক্ত—ঘ) ণ, ত্রি, প্রস্ফুটিত, বিকসিত, উন্মীলিত।

সংস্ফেট, সংস্ফোট, (সম্+স্ফিট্=অনাদরকরা, বধকরা; +স্ফুট্=বধকরা+ঘঞ্) ষ্য, পুং, যুদ্ধ, সংগ্রাম, রণ।

সংস্মৃতি, (সম্+স্মৃ=স্মরণকরা+ক্তি —ভাব) ষ্য, স্ত্রী, স্মরণ, মনে রাখা।

সংস্রব, (সম্+স্রু=[গমন করা] মিলিত হওয়া+ঘঞ্—ভাব) ষ্য, পুং, সম্পর্ক, মিলন, সম্বন্ধ।

সংহত, (সম্+হন্=[বধ করা] মিলিত হওয়া ইত্যাদি+ক্ত) ণ, ত্রি, মিলিত, জমাট, দৃঢ়, সঙ্কীর্ণ, আঘাতপ্রাপ্ত, সম্যক্ হত।

সংহতি, (সম্+হন্+ক্তি—ভাব) ষ্য, স্ত্রী, সঙ্ঘ, সমূহ, একত্র মিলন, দলবন্ধন, সঙ্ঘাত, অবয়বসংশ্লেষ, নীরন্ধ্রতা, সম্যক্ বধ, নিবিড়সংযোগ।

সংহনন, (সম্=সম্যক্+হন্=আঘাত করা, বা বধকরা+অনট্—ভাব) ষ্য, ন, শরীর, দেহ, কায়, সঙ্ঘাত, সম্যক্ আঘাত।

সংহরণ, (সম্+হৃ=হরণ করা, বিনাশ করা + অনট্—ভাব, ভে) ষ্য,ন, বিনাশ, সংহার, সংগ্রহ, সঙ্কোচ, সংক্ষেপ।

সংহর্ষ, (সম্+হৃষ্=[হৃষ্ট হওয়া] দ্বেষকরা ইত্যাদি+ঘঞ্) ষ্য, পুং, বায়ু, আমোদ প্রমোদ, অন্যগুণদ্বেষ, স্পর্দ্ধা, মাৎসর্য্য, ঘর্ষণ, রোমাঞ্চ।

সংহার, (সম্+হৃ—[হরণকরা] বিনাশকরা ইত্যাদি+ঘঞ্—ভাব, ভে) স্ত্র, পুং, প্রলয়, ধ্বংস, বিনাশ, নরকবিশেষ, সংগ্রহ, সঙ্কোচ, সংক্ষেপ, ভৈরববিশেষ।
সংহিত, (সম্+ধা—[ধারণকরা]সংগ্রহ করা ইত্যাদি+ক্ত) ণ, ত্রি, মিলিত, সংগৃহীত, একত্রীকৃত, একত্রীভূত, যোগচিহ্ন,+এই চিহ্ন(Plus.)[যৌগী।
সংহিতপুষ্পিকা, স্ত্র, স্ত্রী, নিশ্রেয়া,
সংহিতা, (সংহিত+আপ্) ব্য, স্ত্রী, স্মৃতিশাস্ত্র, মন্বাদিপ্রণীত ধর্ম্মশাস্ত্র, বেদের শাখা।
সংহূতি, (সম্—একসঙ্গে+হ্বে—আহ্বান করা+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, অনেক লোক কর্ত্তৃক একবারে কৃতআহ্বান।
সংহৃত, (সম্+হৃ=হরণ করা, বিনাশ করা+ক্ত—চ) ণ, ত্রি, সংগৃহীত, সঞ্চিত, প্রত্যাকৃষ্ট, নষ্ট, বিনাশিত, হৃত, সঙ্কুচিত, সংক্ষিপ্ত।
সংহৃতি, (সম্+হৃ+ক্তি—ভাব) ব্য, স্ত্রী, সংগ্রহ, সংহার, সঙ্কোচ, গ্রহণ, আক্রমণ, আটক করণ।
সংহ্রাদ, (সম্+হ্রাদ্=শব্দ করা+ঘঞ্—ভাব) ব্য, পুং, শব্দ, ধ্বনি, গোলমাল।
সংহ্রাদী, (সম্+হ্রাদ্+ইনি—ঘ) ণ, ত্রি,শব্দকারক,শব্দায়মান, হ্রাদযুক্ত।
সংহ্রীণ, (সম্+হ্রী=লজ্জিত হওয়া+ক্ত—ঘ) ণ,ত্রি, লাজুক, লজ্জাশীল।
সংহ্লাদ,(সম্+হ্লাদ্=সন্তুষ্ট হওয়া+ঘঞ্—ভাব) ব্য, পুং, আহ্লাদ, আনন্দ।
সকট, (স=সহিত+কট=অধম) ণ, ত্রি, নীচ, অধম। স্ত্র, পুং, শাখোট বৃক্ষ, শেওড়াগাছ।
সকণ্টক, (স=সহিত বা সমান+কণ্টক =কাঁটা; ৬.হ) ণ, ত্রি, কণ্টকযুক্ত। স্ত্র, পুং, শৈবাল, শেওলা, করঞ্জবিশেষ, নাটাকরঞ্জগাছ।
সকর্ম্মক, (স=সহিত+কর্ম্মন্=কর্ম্ম; ১.হ; কণ্—যোগ) স্ত্র,পুং, কর্ম্মযুক্ত ধাতু, যে ক্রিয়ার কর্ম্ম আছে, কর্ম্মাবধিক্রিয়ার্থক।
সকল, (স=সহিত+কলা=অংশ; ১.হ) ণ, ত্রি, সমুদায়, সম্পূর্ণ, সমস্ত, সমগ্র, কলাসহিত।
সকাম, (স=[সহ] সহিত+কাম=কামনা; ৬.হ) ণ, ত্রি, সাভিলাষ, কামনাবিশিষ্ট, অখণ্ড।
সকারবকার,(দেশজ) স্ত্র,স্ত্রী,অকথ্য অপভাষা,অশ্লীল কথা। [রিক্ত সময়ে।
সকাল, ব্য,প্রত্যূষে,উপযুক্ত বা নির্দ্ধা-
সকাশ, (স=সহিত+কাশ্=দীপ্তি পাওয়া+ক) ণ, ত্রি, সমীপ,নিকট, কাশযুক্ত। [শেষ, সলুমাছ।
সকুল,—পুং, সকুলী,—স্ত্রী, মৎস্যবি-
সকুল্য, (স=সমান+কুল্য=বংশ; ৬.হ) স্ত্র, পুং, সগোত্র, একবংশ।
সকৃৎ, (বারার্থে স্ প্রত্যয়াস্ত এক শব্দের স্থানে সকৃৎ) ব্য, একবার, সহিত,সর্ব্বদা। স্ত্রী,বিষ্ঠা,মল,পুরীষ।
সকৃৎপ্রজ, (সকৃৎ+প্রজা=সন্তান; ৬.হ) স্ত্র,পুং, জা—স্ত্রী, বায়স, কাক। ণ, ত্রি, একপ্রসবী।
সকৃৎফলা, (সকৃৎ=একবার+ফল; ৬.হ) স্ত্র, স্ত্রী, কদলীবৃক্ষ, কলাগাছ।
সক্ত, (সন্জ্=আসক্ত হওয়া+ক্ত—ঘ) ণ, ত্রি, আসক্ত, মনোযোগী, অভিনিবিষ্ট, সংলগ্ন, অর্পিত।
সক্তি, (সন্জ=আসক্ত হওয়া+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, সংযোগ, নিবেশ, অভিনিবেশ, সঙ্গ, আসক্তি।
সক্তু, (সচ্=জলাদি সেককরা+তুন্) স্ত্র, পুং,—স্ত্রী, যবাদি চূর্ণ, ছাতু।
সক্থি, (সন্জ্=আসক্ত হওয়া+থি) স্ত্র, ন, উরু, শকটের অঙ্গবিশেষ।

সখা, (সখি; স—সমান+খ্যা—বলা+ই) স্ত্র, পুং, লোক কর্ত্তৃক যে সমান উক্ত হইয়াছে, বন্ধু, মিত্র, সুহৃৎ, বয়স্য, সহচর, সহায়।

সখিতা,—স্ত্রী, সখিত্ব,—ন,(সখি+তল্. ত্ব—ভাবে) স্ত্র, সখ্য,সৌহার্দ্দ,বন্ধুত্ব।

সখী, (সখি+ঙীপ্) স্ত্র, স্ত্রী, বয়স্যা, সহচরী।

সখ্য, (সখি + য—ভাবে, চ) স্ত্র, ন, বন্ধুত্ব, সখীত্ব, মৈত্রী, মিত্রতা।

সগন্ধ,(স—সমান, সহিত+গন্ধ—সম্পর্ক, আঘ্রাণ; ৬.হ) ণ, ত্রি, গন্ধযুক্ত। স্ত্র, পুং, একবংশোৎপন্ন, জ্ঞাতি।

সগর, (স—সহ+গর — বিষ; ১.হ) স্ত্র, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ, বাহু রাজার পুত্র, বাহু রাজা নষ্টরাজ্য হইয়া গর্ভিণী যাদবী রাণীর সহিত বনে গমন করেন, ভোজনের সহিত সপত্নীদত্ত বিষ পান করিয়া রাণীর পতন হয় নাই, রাজা সেই বনে তনু ত্যাগ করিলে রাণী ঔর্ব্ব মুনির আশ্রমে সন্তান প্রসব করেন, সন্তানটি বিষের সহিত জন্মিয়াছিল বলিয়া 'সগর' নাম হইল।

সগর্ভ, সগর্ভ্য, (স—সমান+গর্ভ—উদর; ৬.হ; সগর্ভ+যৎ—ভবার্থে) স্ত্র, পুং, র্ভা—স্ত্রী, সোদর, সহোদর, সোদরা, সহোদরা। ণ,ত্রি,গর্ভযুক্ত।

সগোত্র, (স—সমান+গোত্র—বংশ; ৬.হ) স্ত্র,পুং, ত্রা—স্ত্রী, এক বংশোৎপন্ন, জ্ঞাতি। ন, বংশ, কুল।

সগ্ধি, (স—সহ+অদ্—ভক্ষণ করা+ক্তি—ভাব; অদ্ স্থানে ঘস্; স—লোপ; ঘ—গ) স্ত্র, স্ত্রী, সহভোজন, মিলিত হইয়া আহার করা।

সঙ্কট, (সম্—সম্যক্+কট্ — আবরণ করা+অচ্—ক) স্ত্র, ন, দুঃখ, ক্লেশ, অনর্থ, ভিড়। ণ, ত্রি, সঙ্কীর্ণ, অল্প প্রস্থ, সুঁড়ি, আপদ্জনক, জনতাযুক্ত, নিবীড়, অক্ষেপ্য, অপার, অত্যুত্তীর্ণ। টা—স্ত্রী, দেবীবিশেষ, যোগিনী-বিশেষ। [[illegible]]

সঙ্কটস্থল, বেগতিক, ভুলকরা, (Latch-

সঙ্কথন,—ন, সঙ্কথা,—স্ত্রী, (সম্—একসঙ্গে+কথন, কথা) স্ত্র, পরস্পর কথোপকথন, মিথোভাষা।

সঙ্কর, সঙ্কার, (সম্+কৄ—বিক্ষেপকরা বা কৃ—করা+অপ্) স্ত্র, পুং, সম্মার্জ্জনীক্ষিপ্ত ধূল্যাদি, অবকর, মিশ্রণ, মিলন, বর্ণসঙ্কর জাতি, পরস্পর বিরুদ্ধ পদার্থের একত্রাবস্থান। রী—স্ত্রী, নবদূষিতা কন্যা।

সঙ্করীকরণ, (সঙ্কর — বর্ণসঙ্করজাতি +করণ; ঈ — আগম) স্ত্র, ন, মিশ্রণ, একত্রীকরণ,মিলান, জাতি-ভ্রংশ করণ।

সঙ্কর্ষণ, (সম্+কৃষ্—চসা ইত্যাদি+অনট্—ষ, ভাব) স্ত্র, পুং, বলরাম। ন, আকর্ষণ, কর্ষণ, কৃষিকর্ম্ম।

সঙ্কল,—পুং, সঙ্কলন,—ন, (সম্+কল্—[গণনাকরা] সংগ্রহকরা ইত্যাদি +অচ্, অনট্-ভাব) স্ত্র, যোগ, মিলন, সংগ্রহ, অঙ্কযোগ, ঠিকদেওয়া।

সঙ্কলিত, (সম্+কল্+ক্ত—চ) ণ,ত্রি, সংগৃহীত, একত্রিত, যোজিতাঙ্ক, ঠিক দেওয়া আঁক, যোজিত, যাহা যোগ করা হইয়াছে।

সঙ্কল্প, (সম্+ক্লৃপ্—[ধারক হওয়া] মনে মনে ইচ্ছাকরা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, মনোরথ, অভিলাষ, ইচ্ছা, মানস কর্ম্ম।

সঙ্কল্পজন্মা, সঙ্কল্পভব, সঙ্কল্পযোনি, (সঙ্কল্প—মনোরথ+জন্মন্—জন্ম;+ভব—উৎপত্তি;+যোনি—স্থান; ৬.হ) স্ত্র, পুং, মনসিজ, কন্দর্প, কাম।

সঙ্কল্পিত, (সম্+ক্লৃপ+ক্ত—চ) ণ, ত্রি, বাঞ্ছিত, ইষ্ট, অভিপ্রেত, কর্ত্তব্যরূপে স্থিরীকৃত, চিন্তিত, ধ্যাত।

সঙ্কসুক, (সম্+কস্—গমনকরা+উক) ণ, ত্রি, চঞ্চল, অস্থির,চপল, ব্যাকুল, দুর্ব্বল, দুর্জ্জন, সঙ্কীর্ণ, অনিশ্চয়।

সঙ্কাশ, (সম্+কাশ্—দীপ্তিপাওয়া+ঘঞ্) ণ, ত্রি, সমীপ, নিকট। (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ, একরূপ, সমবিধ।

সঙ্কিল, (সম্+কিল্—শুক্লবর্ণ হওয়া+ক—ম) স্ত্র, পুং, সহনোল্কা, জ্বলন্ত-অগ্নি, জ্বলন্ত মশাল।

সঙ্কীর্ণ, (সম্+কৄ=[বিক্ষেপকরা] বিরস্তর ব্যাপ্য ইত্যাদি+ক্ত—চ) ণ, ত্রি, সঙ্কুচিত, সমাকীর্ণ, ব্যাপ্ত,নানাবিধ বস্তু মিলিত, বহুলোকসমাকীর্ণ, ভিড়, বর্ণসঙ্কর, অপ্রশস্ত, মিশ্রিত, অপবিত্র, পরস্পর বিজাতীয়, সঙ্কট। স্ত্র,পুং,বর্ণসঙ্কর জাতি,মিশ্রিত রাগ।

সঙ্কীর্ত্তন, (সম্+কৄৎ=প্রশংসা করা+অনট্—ভাব) স্ত্র, ন, সম্যক্‌রূপে গুণাদি কথন, সম্যক্ প্রকারে দেবতাদের নামোচ্চারণ, উচ্চারণ, বর্ণনা। [ত্রি,সংস্তুত,বর্ণিত, উচ্চারিত।

সঙ্কীর্ত্তিত, (সম্+কৄৎ+ক্ত—চ) ণ,

সঙ্কুচিত,(সম্+কুচ্—কোঁকড়ান+ক্ত—ম) ণ, ত্রি, সঙ্ক্ষিপ্ত, মুদ্রিত,নিমীলিত, অপ্রফুল্ল, মুদিত, অপ্রসারিত, কুণ্ঠিত।

সঙ্কুল, (সম্—একসঙ্গে+কুল্—রাশিকরা+ক) ণ, ত্রি, তুমুল, বহুলোকসমাকীর্ণ, ভিড়, জনতাপূর্ণ, ব্যাপ্ত, মিশ্রিত, সঙ্কীর্ণ। স্ত্র, ন, পরস্পর বিরুদ্ধ বাক্য, সংগ্রাম, যুদ্ধ, সমর, আহব, জনতা, ভিড়, দল। [শেষ।

সঙ্কৃতি, স্ত্র,স্ত্রী, চতুঃপাদবদ্ধ ছন্দোবি-

সঙ্কেত, (সম্+কিৎ—[সন্দেহকরা] বলা+অচ্—ভে) স্ত্র,পুং,ঝাক্তিপ্রায়ব্যঞ্জক চেষ্টাবিশেষ, ইঙ্গিত, ইসারা, সন্ধান, সূত্র, নিয়ম, গুপ্তস্থান, চিহ্ন, নিরূপিত স্থান, নিয়োগ, চুক্তি, শব্দের অর্থবোধনশক্তি, অভিধা।

সঙ্কোচ, (সম্+কুচ্—কোঁকড়ান+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, সংক্ষেপ, ব্যাপক বিষয়ের বিশেষকরণ, অকোতান, বহুবিষয়ক বাক্যার্থের অল্প বিষয়ে স্থাপন, বন্ধন, মুদ্রণ, প্রফুল্লিত না হওয়া, মৎস্যবিশেষ, সঙ্কর মাছ। ন, কুঙ্কুম।

সঙ্কোচন,(সম্+কুচ্+অনট্—ভাব) স্ত্র, ন, সঙ্কোচকরণ। নী—স্ত্রী, লজ্জালুলতা।

সঙ্কোচ্যতা, স্ত্র, জড়পদার্থের যে গুণ থাকাতে উহাকে চাপিয়া সঙ্কুচিত করা যায়। (Compressibility.)

সঙ্ক্রন্দন, (সম্+ক্রন্দ্—রোদনকরান+অনট্—ভাব) স্ত্র, পুং, ইন্দ্র। (সম্+ক্রন্দ্—রোদনকরা + অনট্—ভাব) ন, রোদন, ক্রন্দন।

সঙ্ক্রম,(সম্+ক্রম্—গমনকরা+অনট্) স্ত্র,পুং, ন, কষ্ট গতি, প্রতিহত গমন, সেতু। পুং,—গমন, পর্য্যটন, ভ্রমণ, গ্রহগণের একরাশি হইতে রাশ্যন্তরে গমন, এক স্থান হইতে অন্যস্থানে গমন, অতিক্রম, সমসাময়িকতা, এককালে ঘটা।

সংক্রান্তি,(সং+ক্রম্—গমনকরা+ক্তিন্) স্ত্র, স্ত্রী, গ্রহগণের একরাশি হইতে রাশ্যন্তরে গমন, গতি, অবস্থা পরিবর্ত্তন, প্রতিরূপকরণ, ভাগ।

সঙ্ক্লেদ, (সম্=একসঙ্গে+ক্লেদ—সরস জল) স্ত্র, পুং, আর্দ্রতা, ভিজা।

সঙ্ক্ষয়, (সম্—সম্যক্+ক্ষি—ক্ষয়পাওয়ান+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, প্রলয়, নাশ, ধ্বংস।

সঙ্ক্ষিপ্ত,(সম্+ক্ষিপ্—[ক্ষেপণকরা] সঙ্কোচকরা+ক্ত—চ) ণ, ত্রি, অল্পীকৃত, সঙ্ক্ষেপ করা, ত্যক্ত,পরিত্যক্ত, নিক্ষিপ্ত, গৃহীত, আটক করা।

সঙ্ক্ষুব্ধ, (সম্+ক্ষুভ্—চঞ্চল হওয়া,

কাতর হওয়া+ক্ত—ৰ) ণ, ত্রি, আকুল, সঙ্কলিত, বিলোড়িত।

সঙ্ক্ষেপ, (সং+ক্ষিপ্+ঘঞ্—ভাব) স্থ, পুং, চুম্বক, সঙ্কোচ, অল্পীকরণ, কমান।

সঙ্ক্ষেপণ,(সং+ক্ষিপ্+অনট্—ভাব) স্থ, ন, সঙ্ক্ষেপকরণ, চুম্বক করা।

সঙ্ক্ষোভ, (সম্+ক্ষুভ্=চঞ্চলহওয়া, কাতরহওয়া+ঘঞ্—ভাব) স্থ, পুং, চাঞ্চল্য, সঞ্চলন, অতিক্ষোভ, ভয়-চকিততা, ধর্ষণ, গর্ব্ব, অহমিকা।

সঙ্খ্য, (সম্+খ্যা=পরস্পর নামোচ্চারণ করা+অঙ্) স্থ, ন, সংগ্রাম, যুদ্ধ, সমর, রণ, আহব।

সঙ্খ্যা, (সম্+খ্যা=[বলা] গণনাকরা ইত্যাদি+অঙ্) স্থ,স্ত্রী,একত্ব দ্বিত্বাদি গণনা, বুদ্ধি, বিচার,বিচারণা।

সঙ্খ্যাত, (সম্+খ্যা+ক্ত—ঢ) ণ, ত্রি, গণিত, গণনা করা, বিখ্যাত।

সঙ্খ্যান, (সম্+খ্যা+অনট্—ভাব) স্থ, ন, গণনা, গণা, ধ্যান।

সঙ্খ্যাবান্, (সঙ্খ্যা+বৎ—অস্ত্যর্থে, যাহার সঙ্খ্যা আছে, অর্থাৎ যে গণিত হয় ; অথবা সঙ্খ্যা=বুদ্ধি+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, সঙ্খ্যাবিশিষ্ট। স্থ, পুং, পণ্ডিত, জ্ঞানী, মেধাবী, ধীশক্তিসম্পন্ন, বুদ্ধিমান্।

সঙ্খ্যেয়, (সম্+খ্যা+যৎ—ঢ) ণ, ত্রি, গণনীয়, সঙ্খ্যাযোগ্য, গণ্য।

সঙ্গ, (সন্জ্=আসক্তহওয়া+ঘঞ্—ভাব) স্থ, পুং, সংসর্গ, সহবাস, মিলন, "সঙ্গে নৈব ভবেৎক্বচিৎ" উং। প্রতিবন্ধ, অনুরাগ, বিষয়ানুরাগ, সম্বন্ধ, বন্ধুত্ব, বাসনা, আসক্তি, নদীগণের মিলনস্থল।

সঙ্গণিকা,(সম্+গণ্=গণনাকরা+ণক) স্থ, স্ত্রী, অনুপম কথোপকথন, অপ্রতিরূপ কথা।

সঙ্গত, (সম্+গম্=[গমনকরা] মিলিত হওয়া ইত্যাদি+ক্ত—ৰ) ণ, ত্রি, সম্বদ্ধ, উপযুক্ত, যুক্তিযুক্ত, মিলিত, সাক্ষাৎকৃত, সঞ্চিত। স্থ,ন, মিত্রতা, মিলন, যোগ, গ্রহগণের সমসূত্রে অবস্থিতি।

সঙ্গতি, (সম্+গম+ক্তি—ভাব) স্থ, স্ত্রী, সঙ্গম, সম্বন্ধ, সম্পর্ক, মিলন, যোগ, জ্ঞান, সংস্থান, সঞ্চয়।

সঙ্গম, (সম + গম + ঘঞ্—ভাব) স্থ, পুং,সংযোগ,মিলন,সম্ভোগ,সহবাস।

সঙ্গর,(সম +গৄ=[ভোজনকরা]যুদ্ধকরা ইত্যাদি+অপ্—ভাব) স্থ, পুং, যুদ্ধ, রণ, প্রতিজ্ঞা, আপদ্, সম্পদ্, প্রশ্ন, নিয়ম,জ্ঞান, বিষ,ক্রয় বিক্রয় নির্দ্ধারণ। ন, শমীবৃক্ষের ফল।

সঙ্গব, (সম্+গো=গোরু) স্থ, পুং, যে সময়ে গোসকল দোহনার্থ সঙ্গত হয়, প্রাতঃকালের পর মুহূর্ত্তত্রয়।

সঙ্গিরমাণ, (সম+গৄ=[বিজ্ঞাপনকরা] অঙ্গীকার করা+শানচ্—ষ) ণ,ত্রি, প্রতিজ্ঞাকারী।

সঙ্গী, (সঙ্গ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, সহচর, সমভিব্যাহারী, আসক্ত, সংসক্ত।

সঙ্গীত, (সম্+গীত=গান) স্থ, ন, গান, তৌর্য্যত্রিক, নৃত্যগীত-বাদ্য। ণ, ত্রি, সম্যক্‌গীত।

সঙ্গীতি, (সম্=একসঙ্গে+গৈ=গানকরা+ক্তি—ভাব) স্থ, স্ত্রী, সঙ্গীত, আলাপ, কথোপকথন।

সঙ্গীর্ণ, (সম্+গৄ=[ভোজনকরা] প্রতিজ্ঞা করা ইত্যাদি+ক্ত—ঢ) ণ, ত্রি, অঙ্গীকৃত, প্রতিজ্ঞাত।

সঙ্গুপ্ত, (সম্+গুপ্ত=লুকায়িত) ণ, ত্রি, লুকায়িত। স্থ, পুং, বুদ্ধ।

সঙ্গূঢ়, (সম্=সম্যক্+গুহ্=গোপন করা+ক্ত—ঢ) ণ, ত্রি, সংবৃত, আচ্ছাদিত, লুকায়িত, রাশীকৃত, সঙ্কলিত।

সঙ্গোপন, (সম্=সম্যক্+গুপ্=গোপনকরা+অনট্—ভাব) স্ত্র, ন, সম্পূর্ণরূপে গোপনকরা, লুকান।
সঙ্ঘ, (সম্+হন্=[বধকরা] পরিচ্ছিন্ন হওয়া+ঘঞ্—ধ) স্ত্র, পুং, দল, সমূহ, রাশি, গণ।
সঙ্ঘচারী, (সঙ্ঘ=ঝাঁক+চর্=গমন করা+ইন্—ম) স্ত্র, পুং, মৎস্য, মাছ। ণ, ত্রি, বহুলোকের সহিত গমনকারী।
সঙ্ঘজীবী, (সঙ্ঘ=জনতা+জীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) স্ত্র, পুং, ব্রাত্তীন, মুটিয়া।
সঙ্ঘট, সঙ্ঘটন, সঙ্ঘট্ট, সংঙ্ঘট্টন, (সম্+ঘট্=চেষ্টা করা; +ঘট্ট=চালিত করা, মিলিতহওয়া ইত্যাদি +অনট্—ভাব) স্ত্র, পুং, না—স্ত্রী, মেলন, যোজন, সঙ্ঘর্ষ, পরস্পর ঘর্ষণ, গঠন, ঘটনা, ঘোটন।
সঙ্ঘট্টা, স্ত্র, স্ত্রী, বল্লী, বীরুৎ, লতা।
সঙ্ঘট্টিত, (সম্+ঘট্ট=মিলিতহওয়া+ক্ত—চ) ণ, ত্রি, পরস্পর মর্দ্দিত, সংযোজিত, গঠিত, নির্ম্মিত, চালিত ঘর্ষিত।
[যোড়হাত।
সঙ্ঘতল, ণ, ত্রি, যুক্তকরতলদ্বয়,
সঙ্ঘর্ষ,—পুং, সঙ্ঘর্ষণ,—ন, (সম্+ঘৃষ্=[ঘসা] স্পর্দ্ধা করা+ঘঞ্, অনট্—ভাব) স্ত্র, ঘর্ষণ, ঘষা, মর্দ্দন, ঘোটন, পরস্পর স্পর্দ্ধা, আত্মপ্রাধান্যসূচক অহঙ্কার বাক্য, বাজিরাখা, ধীরে ধীরে গমন, বহিয়া যাওয়া।
সঙ্ঘশঃ, (সঙ্ঘ+শস্) বা, ভূরিশঃ, বহুশঃ, একত্রিত ভাবে, দলেদলে, পালেপালে।
সঙ্ঘাটিকা, (সম্+ঘট্=[চেষ্টাকরা] মিলিত হওয়া ইত্যাদি+ণক,আপ্) স্ত্র, স্ত্রী, দূতী, কুটনী, যুগ্ম, জোড়া, মিথুন, গন্ধ, ঘ্রাণ, জলকণ্টক।
সঙ্ঘাত, (সম্+হন্=পরিচ্ছিন্ন হওয়া +ঘঞ্—ভাব) স্ত্র, পুং, সমূহ, সমষ্টি, নিবিড় সংযোগ, আঘাত, হত্যা, বধ, ঘন, কফ, নরকবিশেষ।
সঙ্ঘাতপত্রিকা, স্ত্র, স্ত্রী, শতপুষ্পী।
সঙ্ঘুষিত, সঙ্ঘুষ্ট, (সম্+ঘুষ্=ঘোষণাকরা+ক্ত—চ) ণ, ত্রি, সম্যক্ প্রকারে ঘোষিত, প্রচারিত, শব্দিত। স্ত্র, ন, ঘোষণা।
সঙ্ঘৃষ্ট, (সম্+ঘৃষ=ঘসা+ক্ত—চ) ণ, ত্রি, মর্দ্দিত, ঘসা।
সচরাচর, (স=সহিত+চরাচর=স্থাবরাস্থাবর; ৬.হ) ণ, ত্রি, সর্ব্বসাধারণ, স্থাবর, জঙ্গম, জগৎ।
সচি, সচী, (সচ্=[ইন্দ্রকে] আপ্যায়িত করা+ই; পক্ষে ঈ) স্ত্র, স্ত্রী, ইন্দ্রপত্নী, ইন্দ্রাণী।
সচিল্লক, (স=সহ+চিল্ল=কুৎসিত চক্ষুঃ; ৬.হ) ণ, ত্রি, ক্লিন্নচক্ষুঃ, পিঁচুটী পড়া চোখ।
সচিব, (সচি=বন্ধুতা+বা=গমন করা, পাওয়া+ঘঞ্—ম) স্ত্র, পুং, সহায়, সঙ্গী, অমাত্য, মন্ত্রী।
সচেতন, (স=সহ+চেতনা=চৈতন্য; ৬.হ) ণ, ত্রি, চৈতন্যবিশিষ্ট, চেতনাযুক্ত, প্রাণী।
সচেষ্ট, (স=সহিত+চেষ্টা; ৬.হ) ণ, ত্রি, উদ্যোগী, চেষ্টাযুক্ত, চেষ্টিত। স্ত্র, পুং, আম্র, আঁব।
সচ্চারা, (সৎ+চার; ৬.হ) স্ত্র, স্ত্রী, হরিদ্রা, হলুদ।
সচ্চিদংশ, স্ত্র, পুং, বুদ্ধি, জ্ঞান।
সচ্চিদানন্দ, (সৎ=নিত্য+চিৎ=জ্ঞান+আনন্দ=সুখ, বা—স) স্ত্র, পুং, ব্রহ্ম, পরমেশ্বর, নিত্যজ্ঞানসুখস্বরূপ।
[দাতা, বদান্য, ব্যয়ী।
সচ্ছল, স্বচ্ছল, (সচ্ছোল শব্দজ) ণ,
সজম্বাল, ণ, ত্রি, পঙ্কিল, পঙ্কময়।
সজাগ, (স=সহশব্দজ+জাগ=জাগ-

রণ শব্দজ) ণ, জাগ্রত, ঈষৎ নিদ্রাযুক্ত।

সজাতি, (স=সমান+জাতি, বা— স)ণ, ত্রি, সমান শ্রেণী, একজাতি। য্য,পুং,একজাতীয় স্ত্রীপুরুষের সন্তান।

সজাতীয়, (স=সমান+জাতি+ঈয়) ণ, ত্রি, একজাতীয়, একধর্ম্মাক্রান্ত, একশ্রেণীভুক্ত, একবিধ,সদৃশ, তুল্য।

সজীব, (স=সহ+জীব-জীবন; ৬.হ) ণ,ত্রি,জীবিত,যাহার জীবন আছে।

সজুষ্, (স=সহিত+জুষ্=সেবাকরা +কিপ্) ণ, ত্রি, প্রীতিযুক্ত, একত্র সেবাকারী, সঙ্গী। বন্, সহ।

সজূন, সজূস্, (স=সহিত+জুস্= যুক্তহওয়া+কিপ্) বা, সহিত।

সজ্জ, (সস্জ=সুসজ্জিতহওয়া+অচ্) ণ, ত্রি, ভূষিত, সজ্জিত, সাজান, প্রস্তুত, সন্নদ্ধ, সন্নাহবিশিষ্ট, বর্ম্মিত, কবচী, সাঁজোয়াপরা, প্রাকারাদি দ্বারা সুরক্ষিত।

সজ্জক্রম, ণ, ত্রি, সজ্জিত, প্রস্তুত।

সজ্জন, (সৎ=সাধু+জন-লোক, বা—স) ণ,ত্রি, সুজাত, সৎকুলোদ্ভব, কুলীন, ভদ্র, সুশীল, সচ্চরিত্র, সাধু, সুজন। য্য, ন, রক্ষিসৈন্যের অবস্থিতি স্থান, চৌকী, ঘট্ট, ঘাট। (সস্জ্ = সুসজ্জিত হওয়া + অনট্—ভাব) না—স্ত্রী, আয়োজন, প্রস্তুতকরণ, সাজান, বিন্যাস, গজসজ্জীকরণ, হস্তীকে সাজান, সৈন্যস্থাপন, ঘাটি।

সজ্জা, (সস্জ=সুসজ্জিত হওয়া+ অচ্, আপ্) য্য, স্ত্রী, বেশ, ভূষা, সাজ, সন্নাহ, সাঁজোয়া, রণ, কবচ, আয়োজন।

সজ্জিত, (সস্জ্+ক্ত—য ; কিম্বা সজ্জা+ইত) ণ,ত্রি, ভূষিত, সাজান, বর্ম্মিত, সন্নদ্ধ, আয়োজিত, প্রস্তুত, উদ্যুক্ত।

সজ্য, (স=সহিত+জ্যা=ধনুকের ছিলা; ৬.হ) ণ, ত্রি, জ্যাযুক্ত, আরোপিতমৌর্ব্বিক, ছিলাচড়ান।

সঞ্চ, (সম্+চি=একত্রকরা+ড) য্য, পুং, পুস্তক লিখিবার নিমিত্ত পত্রসমূহ।

সঞ্চৎ, (সম্+চি+অৎ; ই—লোপ) য্য,পুং,বঞ্চক,প্রতারক, ঠক,ধূর্ত্ত,শঠ।

সঞ্চয়, (সম্=একসঙ্গে+চি=একত্রকরা+অচ্) য্য,পুং,সংগ্রহ,সমূহ,রাশি।

সঞ্চয়ন, (সম্+চি+অনট্—ভাব) য্য, ন, আহরণ, সংগ্রহকরণ।

সঞ্চয়ী, (সঞ্চয়+ইন্—অস্ত্যর্থে, কিম্বা সম্+চি+ইন্—য)ণ,ত্রি,সংগ্রহকারক।

সঞ্চর, (সম্+চর্=গমনকরা+অ—য) য্য, পুং, বর্ম্ম, পথ, সেতু, সাঁকো, দেহ, শরীর, নাশকারক।

সঞ্চরণ, (সম্+চর্+অনট্—ভাব) য্য, ন, প্রচলন, কম্পন, প্রস্থান, গমন। [ত্রি, প্রস্থিত, গত, প্রচলিত।

সঞ্চরিত, (সম্+চর্+ক্ত—য) ণ;

সঞ্চরিষ্ণু, (সম্ + চর্ + ইষ্ণু—য, শীলার্থে) ণ, ত্রি, সঞ্চরণশীল, ভ্রমণকারী।

সঞ্চলন, (সম্+চল্=গমনকরা+ অনট্—ভাব) য্য, ন, প্রচলন, কম্পন, দোলন, নড়াচড়া। [পাখী।

সঞ্চান, য্য, পুং, শ্যেনপক্ষী, শিকরে-

সঞ্চায্য, (সম্+চি+ণ্যৎ ; নিপাতন) য্য, পুং, যজ্ঞবিশেষ।

সঞ্চার,—পুং, সঞ্চরণ,—ন, (সম্+চর্ =গমনকরা+ঘঞ্, অনট্—ভাব) য্য, গতি, বৃদ্ধি, গ্রহাদির রাশ্যন্তরে সংক্রমণ, সংক্রম,সেতু, পথ, বিস্তার, কষ্টগতি, কষ্ট, বিপদ্, পথপ্রদর্শন, উত্তেজন, চালন, সংক্রামণ,সর্পমণি।

সঞ্চারজীবী, (সঞ্চার=দুঃখ, ক্লেশ, দায়+জীবন্=যে বাঁচে) ণ, ত্রি, শরণাপন্ন, শরণাগত, দুরবস্থাগ্রস্ত,

আশ্রয়প্রার্থী।

সঞ্চারিকা, (সম্+চর্+ণক) ষ্য, স্ত্রী, দূতী,কুট্টিনী,মিথুন,যুগ্ম,জোড়া,ঘ্রাণ।

সঞ্চারিত, (সম্+চারি=গমনকরান+ ক্ত—চ) ণ, ত্রি,ইতস্ততঃচালিত।

সঞ্চারী, (সম্+চর্=গমনকরা+ইনি —ম) ষ্য, পুং, নির্ব্বেদ, আবেগ প্রভৃতি ব্যভিচারী ভাব, ধূপ, বায়ু। ণ, ত্রি, সঞ্চারণশীল, গমনশীল, অস্থায়ী, আগন্তুক।

সঞ্চালী, (সম্+চল্=গমনকরা+ঘি —ঈ) ষ্য, স্ত্রী, গুঞ্জা, কুঁচ।

সঞ্চিত, (সম্+চি+ক্ত—চ) ণ, ত্রি, সংগৃহীত, সঞ্চয়করা, রাশীকৃত, সম্ভৃত। [পানা।

সঞ্চিত্রা, ষ্য,স্ত্রী,মূষিকপর্ণী, ইন্দুরকাণী,

সঞ্চেয়, (সম্+চি+ণ্যৎ—চ) ণ, ত্রি, সঞ্চয়নীয়, সঞ্চয় করিবার যোগ্য।

সঞ্জ,(সম্=সমানরূপে, সকল [মানব- জাতি]+জ [জন্=উৎপন্ন হওয়া+ ড—ধ]=যাহার দ্বারা জাত, সৃষ্ট) ষ্য,পুং,ব্রহ্মা, শিব। ঞ্জা—স্ত্রী, ছাগী।

সঞ্জবন, (সম্+জু=গমনকরা+অনট্) ষ্য, ন, চতুঃশাল, পরস্পরাভিমুখ গৃহচতুষ্টয়, চকমিলন ঘর।

সঞ্জাত, (সম্+জন্=উৎপন্ন হওয়া + ক্ত—ব) ণ, ত্রি, উৎপন্ন, জাত।

সঞ্জিহীর্ষু,(সম্+হৃ=[হরণকরা]সংহার করা ইত্যাদি+স—ইচ্ছার্থে+উ—ম) ণ, ত্রি, সংহার করিতে ইচ্ছুক।

সঞ্জীবন,(সম্+জীবি=বাঁচান+অনট্— ম, ভাব) ণ, ত্রি, জীবিতকারী। ষ্য, ন, জীবনধারণ, বাঁচিয়া থাকা, পর্ব্বত। নী—স্ত্রী, জীবনদায়িনী ওষধিবিশেষ।

সট, (সট্=অংশকরা ইত্যাদি+অচ্, নামার্থে)ষ্য,পুং,—ন,টা—স্ত্রী, জটা, কেশর,সিংহাদির ঘাড়ের চুল,শিখা।

সটাঙ্ক, (সটা=কেশর+অঙ্ক=চিহ্ন; ৬.হ) ষ্য, পুং,সিংহ,কেশরী,মৃগরাজ।

সটি, সটিকা,সটী, (সট্=খণ্ডিতহওয়া +ই)ষ্য,স্ত্রী,গন্ধদ্রব্যবিশেষ,বন আদা।

সটীক, (স=সহিত+টীকা=টিপ্পনী; ৬.হ) ণ, ত্রি, টীকাসহিত, যাহার টীকা আছে।

সট্টক, ষ্য, ন, প্রাকৃত ভাষায় রচিত নাটকবিশেষ; যথা — কর্পূরমঞ্জরী প্রভৃতি। [পথ।

সড়ক, (সরণি শব্দজ) ষ্য, রাস্তা, বর্ত্ম,

সড়গড়, (দেশজ) ষ্য, অভ্যাস,আয়ত্ত, মুখস্থ। [ব্যঞ্জন।

সড়সড়ী, (দেশজ) ণ, নীরস শুষ্ক

সণ্ডিশ, ষ্য, পুং, সন্দংশ, সাঁড়াশি।

সণ্ডীন, (সম্+ডী=আকাশে গমনকরা +ক্ত—ভাব; ত স্থানে ন) ষ্য, ন, পক্ষীর গতিবিশেষ, উড়িয়া বৃক্ষাদির উপরে বসা।

সতত, (সম্+তন্=বিস্তারকরা+ক্ত; ম্—লোপ) ক্রি—ণ, ন, নিরন্তর, অবিচ্ছিন্ন, সর্ব্বদা।

সতত্ত্ব, (স=সমান+তত্ত্ব=প্রকৃতি) ষ্য, ন, প্রকৃতি, স্বভাব, নিসর্গ।

সতর্ক, (স = সহিত+তর্ক=বুদ্ধিদ্বারা বিবেচনা; ১.হ) ণ, ত্রি, সাবধান, তর্কযুক্ত।

সতানন্দ, (সৎ=উত্তম+আনন্দ; ৬.হ) ষ্য, পুং, গৌতম মুনির পুত্র, জনক- রাজ-পুরোহিত। [ভার্য্যা, সপত্নী।

সতিন, (সপত্নী শব্দজ) ষ্য,এক স্বামীর

সতী, (অস্=হওয়া+অৎ—ম; ঈপ্) ষ্য, স্ত্রী, পতিব্রতা স্ত্রী, সাধ্বী স্ত্রী, দক্ষকন্যা, শিবানী, ভবানী।

সতীত্ব, (সতী+ত্ব—ভাবে) ষ্য, ন, পাতিব্রত্য, সতী স্ত্রীর ধর্ম্ম। [বংশ।

সতীন,সতীনক,ষ্য. পুং, মটর, সতীল,

সতীর্থ,—র্থ্য, (স=সমান+তীর্থ=গুরু; ৬.হ; স=সমান + তীর্থ = গুরু +যৎ—বাসার্থে) ষ্য, পুং, সমকালে

একগুরুর শিষ্য, সহাধ্যায়ী,একপাঠী
সতীন, (সতী=স্বাধ্বী স্ত্রী+লক্=করা +ড) স্ত্র, পুং, বংশ, বাঁশ, বায়ু, মাষ- কলাই। না—স্ত্রী, তেওড়া কলাই।
সতৃট্,সতৃষ্ণ, (স=সহিত+তৃষ্, তৃষ্ণা; ১ হ) ণ, ত্রি, তৃষ্ণাযুক্ত, পিপাসিত, সস্পৃহ, অভিলাষী।
সতেজাঃ, (স=সহিত+তেজস্; ১.হ) ণ, ত্রি, বলবান্, তেজস্বী।
সতের, (সপ্তদশ শব্দজ) স্ত্র, ১৭সংখ্যা।
সৎ, (অস্=হওয়া+অৎ—ষ) ণ, ত্রি, সন্—সতী—সৎ, সত্য, প্রশস্ত, উত্তম, বিদ্যমান, বর্ত্তমান, নিত্য, চিরস্থায়ী, শোভন,গুণ,সাধু, বিদ্বান্, জ্ঞানী, বিচক্ষণ, মান্য, পূজ্য। স্ত্র, ন, ব্রহ্ম। ব্য, আদর।
সৎকাঞ্চনার,স্ত্র, পুং, রক্তকাঞ্চন বৃক্ষ।
সৎকাণ্ড, স্ত্র, পুং, চিল্লপক্ষী, চিল।
সৎকার,—পুং, সৎকৃতি,—স্ত্রী, সৎ- ক্রিয়া,—স্ত্রী, (সৎ=মান্য+কার,কৃতি, ক্রিয়া=কর্ম্ম, ব্য—স) স্ত্র, সম্মান, সমাদর, পূজা, পুরস্কার, মঙ্গল, শব দাহাদি কর্ম্ম।
সৎকৃত, (সৎ=মান্য+কৃত=যাহা করা হইয়াছে) ণ, ত্রি, পূজিত, সমাদৃত, পুরস্কৃত, সুসম্পন্ন, সৎকারপ্রাপিত।
সত্তম, (সৎ=উত্তম+তম—অত্যর্থে ণ,ত্রি, অতি উত্তম, অতি সৎ, অতি- শোভন, পূজ্যতম, অতিশয় সাধু।
সত্তা, (সৎ=বিদ্যমান+তা—ভাবে) স্ত্র, স্ত্রী, স্থিতি,বিদ্যমানতা, উৎপত্তি, উৎকর্ষ, উৎকৃষ্টতা, সাধুতা, দ্রব্য- গুণ ও কর্ম্মে নিষ্ঠ জাতি।
সত্র, সত্ত্র, (সদ্=গমনকরা+ত্রন্) স্ত্র ন, যজ্ঞ, যাগ, গৃহ, অরণ্য, আচ্ছা- দন,সদাদান,সদাব্রত,কৈতব,ছল,ধন, সরোবর। [স্ত্র, ন, অন্নাদিদানগৃহ।
সত্রশালা, (সত্র=দান+শালা=গৃহ)
সত্রা, সত্রা, (স=সহিত+ত্রা=রক্ষাকরা +ক্বিপ্) ব্য, সহিত,সমভিব্যাহারে।
সত্রাজিৎ, (সত্র+আ+জি=জয়করা+ ক্বিপ্; ৎ—আগম) স্ত্র, পুং, সত্য- ভামার পিতা।
সত্রি, (সদ্=গমনকরা বা হিংসাকরা ইত্যাদি+ত্রি) স্ত্র, পুং, মেঘ, হস্তী। ণ, ত্রি, জয়শীল, জয়কারী।
সত্রী, (সত্র=গৃহ, দান ইত্যাদি+ ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, গৃহপতি, গৃহস্থ। ণ, ত্রি, যজ্ঞশীল, যে ব্যক্তি এখন তখন যজ্ঞ করিয়া থাকে।
সত্ব, সত্ত্ব, (সৎ=উত্তম ইত্যাদি+ত্ব— ভাবে; ৎ—লোপ) স্ত্র, পুং,— ন, প্রাণী, জন্তু। ন, প্রকৃতির তিন গুণের মধ্যে প্রধান গুণ, এই গুণ দ্বারা মনুষ্যের মনে সত্য ন্যায় ধর্ম্ম দয়া ভক্তি মহত্ব পবিত্রতাদি জন্মে; দ্রব্য, পদার্থ, স্বভাব, ব্যবসায়, মন, অন্তঃকরণ, বুদ্ধি, নিশ্বাস, প্রশ্বাস, স্বাভাবিক অবস্থা, বল, শক্তি, ধৈর্য্য, উৎসাহ, স্থিতি, ধন, প্রাণ, জীবন, চৈতন্য,আত্মা,সাহস,পিশাচাদি,রস। স্ত্র—সত্তাজাতি,বিদ্যমানতা, থাকা।
সত্ববান্, (সত্ব+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, সত্বগুণবিশিষ্ট, স্থায়ী, স্বাভা- বিক, ধার্ম্মিক, নিষ্পাপ।
সৎপত্র, (সৎ=উত্তম+পত্র=পাতা) স্ত্র, ন, নূতন পদ্মপত্র।
সৎপশু, স্ত্র, পুং, যজ্ঞীয় পশু।
সৎপ্রতিপক্ষ, (সৎ=হওন+প্রতি- পক্ষ=বিরুদ্ধ পক্ষ) স্ত্র, পুং, সমকক্ষ, প্রতিযোগী,ন্যায়শাস্ত্রে—হেতুর দো- ষবিশেষ। দাড়িম্ববৃক্ষ,দালিম গাছ।
সৎফল, (সৎ=উত্তম+ফল) স্ত্র, পুং,
সত্য, (সৎ=যে হয়+যৎ) স্ত্র, ন, অমিথ্যা, যাথার্থ্য, শপথ, প্রতিজ্ঞা, প্রথম যুগ, কৃতযুগ, ১০০৭,২৮,০০০ বৎসর ইহার পরিমাণ। পুং, ঊর্দ্ধ সপ্তভুবনের উপরিস্থিত লোক,

ব্রহ্মলোক, রামচন্দ্র। ণ,ত্রি, প্রকৃত, যথার্থ। [স্বীকার।

সত্যম্, (সৎ+যম্), ব্য, প্রশ্ন,

সত্যঙ্কার, (সত্য+কার=করণ; ম—আগম) স্ত্র, পুং, "আমি অবশ্য ইহা লইব" এই বলিয়া সত্য করা, প্রতিজ্ঞা, চিকীর্ষিত কার্য্যের অবশ্যক্রিয়া স্থাপনার্থ পরহস্তে দীয়মান বস্তু বা ব্যক্তি। (Hostage.)

সত্যঙ্কারকৃত, ণ, ত্রি, "আমি অবশ্য এই দ্রব্য ক্রয় করিব", এই সত্য করিয়া যাহা কিছু দেওয়া যায়, বায়না।

সত্যতপাঃ, স্ত্র, পুং, মুনিবিশেষ, ইনি প্রথমে ব্যাধ ছিলেন, পরে তপস্যা করিয়া দুর্ব্বাসা মুনির বরে সর্ব্বশাস্ত্রে পারদর্শী হইয়াছিলেন।

সত্যধৃতি, স্ত্র, পুং, ঋষিবিশেষ।

সত্যনারায়ণ,(সত্য+নারায়ণ=বিষ্ণু) স্ত্র, পুং, দেবতাবিশেষ, সত্যপীর।

সত্যপুর, স্ত্র,ন,বিষ্ণুলোক, গোলোক, বৈকুণ্ঠ।

সত্যফল, স্ত্র, পুং, বিল্ববৃক্ষ, বেলগাছ।

সত্যভামা, (সত্য+ভাম=সুন্দর+আপ্) স্ত্র, স্ত্রী, কৃষ্ণের এক স্ত্রী।

সত্যভারত, (সত্য+ভারত=মহাভারত) স্ত্র, পুং, বেদব্যাস, ব্যাসদেব, দ্বৈপায়ন।

সত্যযৌবন, (সত্য+যৌবন=তরুণাবস্থা) স্ত্র, পুং, দেবযোনিবিশেষ, বিদ্যাধর।

সত্যবচাঃ,(সত্য+বচস্=বাক্য; ৬.হ) স্ত্র,পুং,ঋষি,মুনি। ণ,ত্রি, সত্যবাদী।

সত্যবতী, (সত্যবৎ+ঈপ্) স্ত্র, স্ত্রী, ব্যাসদেবের মাতা, নারদমুনির পত্নী।

সত্যবান্, (সত্য + বৎ—অস্ত্যর্থে) স্ত্র, পুং, নৃপবিশেষ, সাবিত্রীপতি, মুনিবিশেষ। ণ, ত্রি, সত্যযুক্ত।

সত্যবাক্, (সত্য + বাচ্= বাক্য; কিম্বা সত্য + বচ্=বলা+কিপ্—ঘ; শীলার্থে) স্ত্র, পুং, ঋষি, কাক। ণ, ত্রি, সত্যবাদী।

সত্যবাদী, (সত্য + বদ্=বলা+ইন—ঘ; শীলার্থে) ণ, ত্রি,'সত্যবক্তা, যে সত্য বাক্য বলে।

সত্যব্রত, (সত্য+ব্রত=নিয়ম; ৬.হ) স্ত্র, পুং, সূর্য্যবংশীয় নৃপবিশেষ, ভীষ্ম, গাঙ্গেয়। ণ, ত্রি, সত্যপরায়ণ, সত্যনিষ্ঠ।

সত্যসঙ্গর, (সত্য+সম্+গৃ=গ্রাসকরা+অপ্) স্ত্র, পুং, কুবের। ণ, ত্রি, সত্যপ্রতিজ্ঞ।

সত্যসন্ধ, (সত্য+সন্ধা=প্রতিজ্ঞা; ৬.হ) ণ, ত্রি, সফলপ্রতিজ্ঞ, সত্যপ্রতিজ্ঞ, যাহার কথা নড়ে না। স্ত্র, পুং, ভরত, জনমেজয়। ন্ধা-স্ত্রী, দ্রৌপদী।

সত্যা, স্ত্র, স্ত্রী, সীতা, জানকী, সত্যবতী, ব্যাসমাতা, সত্যভামা, দুর্গা।

সত্যাকৃতি, (সত্য+আ+কৃ=করা+ক্তি-ভাব) স্ত্র, স্ত্রী, সত্যকার, শপথকরণ, সত্যকরা।

সত্যাগ্নি, (সত্য+অগ্নি=আগুন) স্ত্র, পুং, অগস্ত্য মুনি, কুম্ভযোনি।

সত্যানৃত, (সত্য+অনৃত=মিথ্যা) স্ত্র, ন, যাহাতে সত্যমিথ্যা মিশ্রিত, বাণিজ্য, ব্যবসায়, পণ্য।

সত্যাপন, (সত্যাপি [নামধাতু]=বলা বা সত্যাবলোকনকরা+অনট-ভাব) স্ত্র, ন, না—স্ত্রী, সত্যাকৃতি, সত্যকার,সত্যকরণ। [ণ, ত্রি, সত্যবাদী।

সত্যোদ্য, (সত্য+বদ্=বলা+যৎ—ব)

সত্র, (সত্র্=সংযোজিত করা, বিস্তারকরা+অচ্) স্ত্র, ন, যজ্ঞ, অধ্বর, ক্রতু।

সত্রা, ব্য, সহিত, সমভিব্যাহারে।

সত্রিচাতক, স্ত্র,ন, মাংসব্যঞ্জনবিশেষ।

সত্রী, (সত্র=গৃহ+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, গৃহস্থ। ণ, ত্রি, যজ্ঞশীল।

সত্বর, (স=সহিত+ত্বরা=শীঘ্রতা; ১ হ) ক্রি—ণ, ত্রি, শীঘ্র, অবিলম্ব। ণ, ত্রি, ত্বরাযুক্ত।

সৎসার,(সৎ=অত্যুত্তম+সার=সারাংশ) স্ক, পুং, কবি, চিত্রকর, বৃক্ষবিশেষ।

সদ, (সদ্ = গমনকরা + অচ্) স্ক, পুং, লাভ, ফল।

সদংশক, (স=সহিত+দংশক=দাঁত) স্ক, পুং, কর্কট, কাঁকড়া, কুলীর।

সদংশবদন, (স=সহিত+দংশ=দন্ত বা চঞ্চু+বদন=মুখ) স্ক, পুং, কঙ্কপক্ষী।

সদঃ, (সদ্=[যাহাতে] গমন-করা যায় + অস্) স্ক, স্ত্রী—ন, সভা, পরিষদ্।

সদঞ্জন,স্ক,ন,অঞ্জনবিশেষ, পুষ্পাঞ্জন।

সদন, (সদ=গমনকরা+অনট—ডে) স্ক, ন, নিলয়, গৃহ, বাড়ী, আলয়, আবসথ, বিষাদ, জল।

সদয়, (স=সহিত+দয়া; ১.হ) ণ, ত্রি, দয়ালু, কৃপাবিশিষ্ট, সঘৃণ। (সৎ + অয়) স্ক, পুং, শুভাবহ বিধি।

সদর, (যবনভাষা) ণ. প্রকাশ্য, মুখ্য, প্রধান।

সদস্য, (সদস্=সভা+যৎ—সাধুঅর্থে) স্ক, পুং,যজ্ঞাদিস্থলে বিধিদর্শক, যজ্ঞাদিকর্ম্মে নিযুক্ত কর্ম্মকরদিগের ভ্রম-সংশোধনকারী, সামাজিক, সভ্য।

সদা, (স=সর্ব্ব +দা—কালার্থে) ব্য, সর্ব্বকালে, সর্ব্বদা, নিয়ত,অবিশ্রান্ত।

সদাগতি, (সদা=সর্ব্বদা+গতি=গমন; ৬.হ) স্ক,পুং,বায়ু,সূর্য্য, আত্মা, মুক্তি, পরমেশ্বর। ণ,ত্রি, সর্ব্বদা গমনশীল।

সদাচার, (সৎ=সাধু+আচার, কর্ম্মধা) স্ক, পুং, উত্তমআচার,সাধুর আচার, সদ্ব্যবহার।

সদাতন,(সদা=সর্ব্বদা+তন—ভবার্থে) ণ, ত্রি, সর্ব্বকালস্থায়ী, চিরস্থায়ী, নিত্য। স্ক. পুং, বিষ্ণু।

সদাতোয়া, স্ক, স্ত্রী, নদীবিশেষ, করতোয়া নদী, এলাপর্ণী লতা, কঁটা-আমরুলী। [ণ, ত্রি. সদস্তঃকরণ।

সদাত্মা, (সৎ + আত্মন্ = আপনি)

সদাদান, (সদা=সর্ব্বদা+দান=হস্তীর গণ্ডস্থল প্রভৃতি স্থান হইতে নিঃসৃত মদ-জল ইত্যাদি;৬.হ) স্ক,পুং,ঐরাবত হস্তী, মত্তহস্তী, গণেশ, লম্বোদর, গজানন।

সদানন্দ, (সদা=সর্ব্বদা+আনন্দ=সুখ, হর্ষ, কর্ম্মধা) স্ক, পুং, শিব। ণ, ত্রি, সর্ব্বদা হর্ষযুক্ত।

সদানর্ত্ত, (সদা=সর্ব্বদা + নর্ত্ত=নৃত্য-কারক) স্ক, পুং, খঞ্জন পক্ষী। ণ, ত্রি, সর্ব্বদা নৃত্যকারক।

সদানীরা, সদানীরবহা, (সদা+নীর=জল ; ৬ হ) স্ক, স্ত্রী, করতোয়া নদী, শ্রাবণমাসে সকল নদীই রজস্বলা হয়, কিন্তু ইহা নহে, এই নিমিত্ত ইহার নাম সদানীরা।

সদাপুষ্প, (সদা=সর্ব্বদা+পুষ্প=ফুল) স্ক. পুং. নারিকেল গাছ।—ষ্পী, স্ত্রী, রক্তার্কবৃক্ষ, রাঙ্গা আকন্দগাছ।

সদাফল, স্ক. পুং, নারিকেলবৃক্ষ, উড়ুম্বর বৃক্ষ, বিম্ববৃক্ষ। [গাছ।

সদাভদ্রা, স্ক, স্ত্রী, গাম্ভারী, গামার

সদাযোগী, (সদা=সর্ব্বদা+যোগ=চিত্তবৃত্তিনিরোধ ইত্যাদি + ইন্—অস্ত্যর্থে) স্ক, পুং, বিষ্ণু, নারায়ণ।

সদাশিব, (সদা+শিব=সুখদ ; ৫.হ) স্ক, পুং, মহাদেব।

সদৃক্, সদৃক্ষ, সদৃশ, (স=সমান+দৃশ্=দেখা+কিপ্, স, কঙ—চ ; কিংবা দৃশ, দৃক্ষ, দৃশ=দর্শন ; ৬.হ) ণ, ত্রি, অনুরূপ, সমান, তুল্য, উপযুক্ত, যোগ্য।

সদৃশব্যবস্থা,স্ক,যে ঔষধ সেবন করিলে কোন রোগের সদৃশ রোগ উৎপন্ন হয়, সেই ঔষধ দ্বারাই উক্ত রোগ-বিনাশিত হয়, যে চিকিৎসা শাস্ত্র

এইরূপ বিধান করে তাহাকে সদৃশ-ব্যবস্থা কহে। (Homeopathy.)
সদেশ, (স=সমান+দেশ=স্থান ; ৬.হ) ণ, ত্রি, একদেশীয়, সমীপস্থ।
সদ্গতি, (সৎ=উত্তম+গতি=গমন) ষ্য. স্ত্রী, উত্তমগতি, মুক্তি, নির্ব্বাণ, সদ্ব্যবহার, সৎচরিত্র।
সদ্ভাব, (সৎ=যে হইতেছে বা সাধু+ভাব=উৎপত্তি ইত্যাদি, ৬-ষ) ষ্য.পুং, সত্তা, স্থিতি, সাধুতা, মৈত্রী, প্রণয়, বন্ধুতা, সংধাতু, সংযোজক, সত্তা।
সদ্ভূত, (সৎ=সত্য+ভূত=হইয়াছে) ণ. ত্রি, সত্য, যথার্থ, প্রকৃত।
সদ্ম, (সদ্=গমনকরা+মন্) ষ্য, ন, গৃহ, আলয়, ঘর, জল।
সদ্মচিতি, ষ্য, স্ত্রী, গৃহ সমূহ।
সদ্যঃ,(স=সমান+দ্যস=দিবাশব্দজ) অ, তৎক্ষণে,তখনি, বর্ত্তমান সময়ে, উপস্থিত দিবসে।
সদ্যঃকৃত, (সদ্যস্=তখনি+কৃত=করা হইয়াছে) ষ্য, ন, নাম, আখ্যা। ণ, ত্রি, তৎক্ষণাৎকৃত। [কুশী লতা।
সদ্যঃশোথা, ষ্য, স্ত্রী, কপিকচ্ছু, আল-
সদ্যস্ক, (সদ্যস্ = তৎক্ষণে+ক্যপ) ণ, ত্রি, নূতন, অভিনব, সদ্যোজাত।
সদ্যোজাত,(সদ্যস্=তৎক্ষণে+জাত=উৎপন্ন) ষ্য, পুং, বৎস, বাছুর। ণ, ত্রি, তৎক্ষণে উৎপন্ন।
সদ্যোভাবী, (সদ্যস্ = তৎক্ষণে + ভাবিন্=হওন) ষ্য, পুং, তর্ণক, সদ্যোজাত বৎস।
সদ্রু,(সদ্=গমনকরা+রু-ষ; শীলার্থে) ণ, ত্রি, গমনশীল, গমনকারী।
সদ্বৃত্ত, (সৎ=সাধু+বৃত্ত=চরিত্র, কর্ম্মধা + ৬.হ) ষ্য, ন, সচ্চরিত্র, সৎব্যবহার, সাধুস্বভাব। ণ, ত্রি, সচ্চরিত্র-বিশিষ্ট।
সদ্বৃত্তি,(সৎ+বৃত্তি=ব্যবহার, ব্যাখ্যান-গ্রন্থ) ষ্য, স্ত্রী, সৎব্যবহার, ব্যাখ্যান-গ্রন্থবিশেষ।
সধর্ম্মা, (স=সমান+ধর্ম্ম; ৬ হ; অন্) ণ, ত্রি, এক ধর্ম্মাক্রান্ত, সদৃশ, তুল্য, একরূপ, সমবিধ।
সধর্ম্মচারিণী, (স=[পতির] সহিত+ধর্ম্ম=কর্ত্তব্য+চারিণী = যে আচরণ করে, ২-ষ) ষ্য. স্ত্রী, স্ত্রী,ভার্য্যা, পত্নী।
সধর্ম্মিণী,(সধর্ম্মিন্ + ঈপ্) ষ্য, স্ত্রী, সহধর্ম্মচারিণী, পত্নী, ভার্য্যা, স্ত্রী।
সধর্ম্মী, (স=সহিত বা সমান + ধর্ম্ম +ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, এক-ধর্ম্মাক্রান্ত, সদৃশ, তুল্য।
সধবা, (স=সহিত+ধব=পতি ; ১.হ) ষ্য, স্ত্রী, সভর্ত্তৃকা, পতিবত্নী. জীবৎ-পতিকা স্ত্রী. যাহার পতি আছে।
সধি, (স=সহিত+ধা=ধারণকরা+কি) ষ্য, পুং, অগ্নি, অনল, পাবক।
সধিস্, (সহ্=সহ্যকরা+ইসি) ষ্য, পুং, বৃষ, ষাঁড়, উক্ষ, বলীবর্দ্দ।
সধ্রীচী, (সধ্র্যচ্+ঈপ) ষ্য, স্ত্রী, সহ-চরী, সখী।
সধ্র্যঙ্, (স=সহ+অন্চ=গমনকরা +ক্বিপ্—ষ) ণ, ত্রি, সহচর, সঙ্গী। —স্ত্রী, পত্নী, সহচরী।
সন, (সন্ = দানকরা, সেবাকরা ইত্যাদি+অচ্) ষ্য, পুং—স্ত্রী হস্তীর কর্ণাস্ফালন। পুং, বৃক্ষবিশেষ। নী—স্ত্রী, গৌরী, উমা, দীপ্তি, আলোক।
সনক, (সন্=সেবাকরা+ণক) ষ্য, পুং, মুনিবিশেষ, ব্রহ্মার পুত্র।
সনৎ, (সন্=সেবাকরা বা দানকরা +অতি)ষ্য,পুং,ব্রহ্মা। অ,সর্ব্বদা,সদা।
সনৎকুমার, (স্বামিমতে, সনৎ=ব্রহ্মা +কুমার=পুত্র, ৬-ষ ; কিম্বা সৎ=নিত্য+কুমার, কর্ম্মধা) ষ্য,পুং, ব্রহ্মার পুত্র মুনিবিশেষ,-হরিবংশে,এই নামের কারণ ; যথা—"যথোৎপন্নস্তথৈবাহং কুমার ইতি বিদ্ধি মাম্। তস্মাৎ সনৎকুমারেতি নামৈতন্মে প্রতি-

ষ্টিতম্।”

সনন্দ, (স=সহিত+নন্দ=আনন্দ; ১.হ) স্ত্র, পুং, ব্রহ্মার পুত্রবিশেষ। ণ, ত্রি, আনন্দযুক্ত। (যাবনিক) প্রমাণ স্বরূপ লিখিত পত্রাদি।

সনা, সনাৎ, (সন্=সেবা করা+আচ্, আৎ; অথবা সদা, নিপাতন) ব্য, সর্ব্বদা, নিত্য।

সনাতন, (সনা=নিত্য+তন—ভবার্থে) ণ, ত্রি, নিত্য, সদাতন, চিরস্থায়ী। স্ত্র, পুং, ব্রহ্মা, বিষ্ণু, শিব। নী-স্ত্রী, সরস্বতী, লক্ষ্মী, দুর্গা।

সনাথ, (স=সহিত+নাথ=প্রভু; ১.হ) ণ, ত্রি, নাথবিশিষ্ট, সহিত, যুক্ত।

সনাভি, (স=সহিত বা সমান+নাভি =নাই; ৬.চ) স্ত্র, পুং, সপিণ্ড, সপ্তপুরুষান্তর্গত জ্ঞাতি। ণ,ত্রি,সদৃশ, তুল্য, স্নেহযুক্ত।

সনামক, স্ত্র, পুং, মোবঙ্গবৃক্ষ।

সনি, (সন্=সেবাকরা, দানকরা+ ই) স্ত্র, পুং, পূজা, দান। পুং, নী— স্ত্রী, অধোষণা, পূজ্য ব্যক্তির সৎ- কার পূর্ব্বক কোন কর্ম্মে নিয়োজন, দান,প্রার্থনা,নিয়োগ,প্রদেশ,অঞ্চল।

সনিত, (সন্ = দানকরা+ক্ত) ণ, ত্রি, প্রতিপন্ন, সুখ্যাতিযুক্ত, যশস্বী।

সনিষ্ঠীব, সনিষ্ঠেব, (স=[সহ] সহিত +নি+ষ্ঠীব্,ষ্ঠিব্=থুথু ফেলা+ঘঞ্) স্ত্র, ন, অস্পষ্ট, নিষ্ঠীবনযুক্ত বাক্য।

সনীড়, (স=সমান+নীড়=বাসা) ণ, ত্রি, নিকট, সমীপ, তুল্য, নীড়যুক্ত।

সন্ত, স্ত্র, পুং, সংহতভল, যুক্তকরদ্বয়।

সন্তত, (সম্+তন=বিস্তারকরা+ক্ত) ক্রি—ণ, ন, অনাদি, অনন্ত, অবি- চ্ছিন্ন, সতত, নিরন্তর। ণ, ত্রি, অবি- রত, সম্যক্ বিস্তৃত, অধিক, বহুল।

সন্ততি, (সম্=সহিত বা সমানরূপে+ তন্=বিস্তার করা+ক্তি) স্ত্র, স্ত্রী, বংশ, গোত্র, পুত্র বা কন্যা, সন্তান, পঙ্ক্তি, শ্রেণী, বিস্তার, ব্যাপ্তি, ধারা, পারম্পর্য্য, অবিচ্ছেদ।

সন্তপ্ত, (সম্+তপ্=উত্তপ্ত বা দগ্ধকরা +ক্ত—র্ত) ণ, ত্রি, সন্তাপযুক্ত, উত্তপ্ত, দগ্ধ, জলন্ত, অগ্নি-বিশুদ্ধ, ক্লিষ্ট, অর্দ্দিত।

সন্তমস, (সম্=সমূহ+তমস্=অন্ধকার) স্ত্র, ন, ব্যাপক অন্ধকার, সাতিশয় অন্ধকার, গাঢ় অন্ধকার, মহামোহ।

সন্তরণ, (সম্+তৄ=পারহওয়া, ভাসা+ অনট্—ভাব) স্ত্র, ন, সাঁতার, পার গমন। [দেয়।

সন্তরিক, স্ত্র, যে সকল জীব সাঁতার

সন্তর্পণ, (সম্ + তৃপ্=প্রীতকরা+ অনট—ঘ) স্ত্র, ন, তৃপ্তকরণ, তুষ্টি- সম্পাদন, তোষণ, দ্রাক্ষা দাড়িম খর্জ্জুরী কদলী শর্করা ও লাজ চূর্ণ মিশ্রিত মধু ও ঘৃত। ণ, ত্রি, তৃপ্তি- কর, প্রীতিজনক।

সন্তান, (সম্+তন্=বিস্তারকরা+ ঘঞ্) স্ত্র, পুং, অপত্য, পুত্র কন্যা, বংশ, প্রবন্ধ, ধারা, প্রবাহ, বিস্তার, ব্যাপ্তি, কল্পবৃক্ষবিশেষ।

সন্তানক, (সম্+তন্+ণক; কিম্বা সন্তান+কণ্—যোগ) স্ত্র, পুং, কল্প- বৃক্ষ, দেবতরু। ণ, ত্রি, বিস্তৃত, ব্যাপনশীল। নিকা—স্ত্রী, ছুরির ধার, ক্ষীরের সর, ফেন, লূতাতন্তু,মাকড়- সার জাল।

সন্তানবান্, (সন্তান+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, যাহার সন্তান আছে,অপত্য- বিশিষ্ট। [প্রসারিত, বিস্তারিত।

সন্তানিত, (সন্তান+ইত) ণ, ত্রি,

সন্তাপ, (সম্+তপ্=উত্তপ্ত বা দাহ করা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, সং- জ্বর, উষ্ণতা, মনস্তাপ, অন্তর্দাহ, দুঃখ, রিপু, অনুতাপ।

সন্তাপন, (সম্=তাপি=উত্তপ্ত বা দগ্ধ করান+অনট্—ভাব) স্ত্র, পুং

কন্দর্পের বাণবিশেষ। ন, তাপদান। ণ, ত্রি, সন্তাপজনক।

সন্তাপিত, (সন্তাপ+ইত—সংজাতার্থে) ণ, ত্রি, সন্তপ্ত, উত্তপ্ত, উষ্ণ, সন্তাপযুক্ত, দুঃখিত।

সন্তি, (সন্—দানকরা+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, অবসান, শেষ দান, বিতরণ।

সন্তুষ্ট, (সম্—সম্যক্+তুষ্ট=তৃপ্ত) ণ, ত্রি, সন্তোষযুক্ত, তৃপ্ত, আহ্লাদিত।

সন্তোলন, (দেশজ) স্ত্র, বাঞ্জনাদি সাঁতলান, ফোড়ন দেওন।

সন্তোষ, (সম্—সম্যক্+তুষ্—তুষ্ট-হওয়া+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, আহ্লাদ, হর্ষ, তৃপ্তি।

সন্দংশ, (সম্+দন্‌শ্=দংশনকরা+অচ্—ঘ) স্ত্র, পুং, শিকা, শী—স্ত্রী, সাঁড়াশি, কাতারি, জাঁতি, চিম্‌টা, সোন্না প্রভৃতি।

সন্দংশক, (সম্+দংশ্=দংশনকরা+কন্) স্ত্র, ন, সাঁড়াশি, কাতারি, জাঁতি, সোন্না, পাপ।

সন্দর্ভ, (সম্—সহিত, একসঙ্গে+দৃভ্—গ্রন্থনকরা, সংগ্রহকরা+অচ্) স্ত্র, গ্রন্থ, প্রবন্ধ, পরম্পরান্বিত রচনা, সংগ্রহ, বিস্তার।

সন্দর্শন, (সম্=সম্যক্‌রূপে+দৃশ্=দেখা+অনট্—ভাব) স্ত্র, ন, ভালরূপে দেখা, পরীক্ষা, অবলোকন, নিরীক্ষণ, জ্ঞান, মূর্ত্তি, আকৃতি, চেহারা।

সন্দষ্ট, (সম্+দন্‌শ্—দংশন করা+ক্ত—চ) ণ, ত্রি, কামড়ান, সংশ্লিষ্ট, সংলগ্ন।

সন্দান, (সম্+দো—ছেদনকরা++অনট্; কিংবা সম্=সহিত+দান=হস্তীর মদজল) স্ত্র, ন, বন্ধন-সাধন বস্তু, রজ্জু, দাম, শৃঙ্খল, বন্ধন, সম্যক্ ছেদন। পুং, হস্তীর জানুদ্বয়ের অধোভাগ, হস্তীর গুল্‌ফের ঊর্দ্ধদেশ, হস্তীর কপোলদেশ, যে স্থান হইতে মদজল ক্ষরিত হয়।

সন্দানিত, সন্দিত, (সন্দান+ইত; সম্+দো—ছেদনকরা+ক্ত) ণ, ত্রি, শৃঙ্খলবদ্ধ, নিগড়িত, পশ্বাদিতে বদ্ধ, বদ্ধ।

সন্দানিনী, (সন্দান—গবাদিবন্ধন রজ্জু+ইন্; ঈপ্) স্ত্র, স্ত্রী, গোশালা, গোয়াল ঘর।

সন্দাব, (সম্+দ্রু=গমনকরা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, প্রস্থান, পলায়ন, হটিয়া আসা।

সন্দিগ্ধ, (সম্+দিহ্—[লেপনকরা] সংশয়করা+ক্ত—ঘ) ণ, ত্রি, সন্দিহান, সন্দেহযুক্ত, সংশয়িত, অনিশ্চিত।

সন্দিষ্ট, (সম্+দিশ্—[বলা] আদেশ-করা ইত্যাদি+ক্ত—ভাব, চ) স্ত্র, ন, আদেশ, বার্ত্তা, সংবাদ। ণ, ত্রি, কথিত, আদিষ্ট, আজ্ঞপ্ত।

সন্দিষ্টার্থ, (সন্দিষ্ট—আদেশ+অর্থ=প্রয়োজন; ৬.হ) স্ত্র, পুং, বার্ত্তাবহ, দূত, সন্দেশহর।

সন্দিহান, (সম্+দিহ্—সংশয়করা+শানচ্—ঘ) ণ, ত্রি, সন্দেহান্বিত, সংশয়যুক্ত, সংশয়ী।

সন্দী, (সম্+দো—ছেদনকরা+ড, ঈ) স্ত্র, স্ত্রী, পর্য্যঙ্ক, খট্টা, খাট, শয্যা, বিছানা, আসন্দী, খাটিয়া।

সন্দেশ, (সম্+দিশ্=আদেশকরা, বলা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, আদেশ, বার্ত্তা, খবর, মিষ্টান্নবিশেষ।

সন্দেশবহ, সন্দেশহর, সন্দেশহারক, সন্দেশ—খবর+বহ=যে বহন করে; +হর, হারক=যে গ্রহণ করে, ২-য) স্ত্র, পুং, বার্ত্তাবহ, দূত।

সন্দেহ, (সম্+দিহ্—সংশয়করা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, সংশয়, দ্বৈধজ্ঞান।

সন্দোহ, (সম্—একসঙ্গে+দুহ্=

পূরণ করা+ঘঞ্—ট) স্ত্র, পুং, সমূহ, গণ, রাশি। (সম্=সম্যক্+ দুহ্=দোহনকরা+ঘঞ্—ভাব) সম্যক্‌দোহন।

সন্দ্রাব, (সম্+দ্রু=বেগে গমন করা+ঘঞ্—ভাব) স্ত্র, পুং, পলায়ন, প্রস্থান।

সন্ধা, (সম্+ধা=[ধারণকরা] মিলনকরা ইত্যাদি+আপ্—ভাব) স্ত্র, স্ত্রী, প্রতিজ্ঞা, পণ, স্থিতি, সন্ধ্যাকাল, অনুসন্ধান, সন্ধি, মিলন।

সন্ধাতব্য, (সম্+ধা+তব্য—ট) ণ, ত্রি, যাহার সহিত সন্ধি কর্ত্তব্য।

সন্ধান, (সম্+ধা+অনট—ভাব) স্ত্র, ন, নী—স্ত্রী, বন্ধন, সন্ধি, মিলন, মিশ্রণ, প্রাপ্ত, অন্বেষণ, পালন, সংযোজন, সুস্বাদু বস্তু, সঙ্ঘটন, আমানী, কাঁজি, মদ্যপানাদি, মদ্য, ত্বক্‌সঙ্কোচ, মদ্য সজ্জীকরণ।

সন্ধানিত, (সন্ধান=সংযোজন+ইত—সংজ্ঞাতার্থে) ণ, ত্রি, সংযোজিত, সজ্জীভূত।

সন্ধি, (সম+ধা+ই—ভাব) স্ত্র, পুং, মিলন, বিজিগীষু এবং অরির ব্যবস্থাপূর্ব্বক ঐক্য, শরীরের অস্থি প্রভৃতির মিলন স্থান, সত্য ত্রেতাদি যুগের মধ্য সময়, সুড়ঙ্গ, সিঁধ, গর্ত্ত, যোনিদ্বার, বিশ্রাম, নাটকগ্রন্থের অংশবিশেষ, সাধন, কারণ, বর্ণদ্বয়ের মিলন। [স্ত্র, পুং, সিঁদাল চোর।

সন্ধিচোর, (সন্ধি=সিঁধ+চোর=চোর)

সন্ধিজীবক, (সন্ধি=[অন্যদের] মিলন +জীবক=যে জীবিকা নির্ব্বাহ করে) ণ, ত্রি, যে ব্যক্তি শঠতা দ্বারা অর্থোপার্জ্জনের চেষ্টা পায়, কোটনা।

সন্ধিত, (সন্ধা=মিলন+ইত—সংজ্ঞাতার্থে) ণ, ত্রি, বদ্ধ, সংযুক্ত, মিলিত, সন্ধিদ্বারা বদ্ধ, পুনর্ম্মিলিত, পুনর্ম্মিত্রভূত।

সন্ধিৎসু, (সম+ধা+স—ইচ্ছার্থে+উ—ঘ) ণ, ত্রি, সন্ধান করিতে ইচ্ছুক।

সন্ধিনী, (সন্ধা=মিলন+ইন্, ঈপ্) স্ত্র, স্ত্রী, বৃষ দ্বারা আক্রান্ত ঋতুমতী গাভী, অকালে দুগ্ধদায়িনী গাভী।

সন্ধিপূজা, স্ত্র, স্ত্রী, দুর্গাপূজান্তর্গত তৃতীয় পূজা, অষ্টমী ও নবমীর সন্ধিক্ষণে কর্ত্তব্য পূজা। [চাঁপার গাছ।

সন্ধিবন্ধ, স্ত্র, পুং, ভূমিচম্পক, ভুঁই

সন্ধিবন্ধন, (সন্ধি=শরীরের অস্থি প্রভৃতির মিলনস্থান, গাঁইট+বন্ধন =বাঁধন) স্ত্র, ন, শিরা।

সন্ধিরন্ধ্রকা, (সন্ধি+রন্ধ্র=ছিদ্র+কন্) স্ত্র, স্ত্রী, ভিত্তির ছিদ্র, দেয়ালের ফাট, চিড়।

সন্ধিলা, (সন্ধি=ছিদ্র ইত্যাদি+লচ; অথবা সন্ধি+লা=যে লয়) স্ত্র, স্ত্রী, সুড়ঙ্গ, নদী, মদ্য।

সন্ধিহারক, (সন্ধি=সুড়ঙ্গ+হারক=যে লইয়া যায়) স্ত্র, পুং, সন্ধিচোর, সিঁদাল চোর।

সন্ধুক্ষিত, (সম্+ধুক্ষ্=দীপ্তহওয়া+ক্ত—ট) ণ, ত্রি, উদ্দীপিত, প্রজ্জ্বালিত, উত্তেজিত।

সন্ধেয়, (সম+ধা=ধারণকরা+যৎ—ট) ণ, ত্রি, সন্ধি করিবার যোগ্য।

সন্ধ্যা, (সন্ধি=[দিবারাত্রির] মিলন+যৎ, আ) স্ত্র, স্ত্রী, দিবারাত্রির মিলনকাল, প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা, তৎকালে উপাস্য মন্ত্ররূপ দেবতা, যুগসন্ধি, সত্য ত্রেতাদি যুগের মিলন কাল, প্রতিজ্ঞা, চিন্তা, উপাসনা, সীমা, নদীবিশেষ, পুষ্পবিশেষ।

সন্ধ্যাংশ, (সন্ধ্যা+অংশ, ৬-ষ) স্ত্র, পুং, যুগসন্ধি, সত্য ত্রেতাদি যুগের প্রথম ও শেষ অংশ।

সন্ধ্যানাটী, (সন্ধ্যা=প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা+নাটিন্=যে নৃত্য করে) স্ত্র, পুং, শিব, মহাদেব, হর।

সন্ধ্যাপুষ্পী, স্ত্র, স্ত্রী, জাতীপুষ্প বৃক্ষ, জাতীফুলের গাছ।

সন্ধ্যাবল, (সন্ধ্যা=সায়ংসন্ধ্যা+বল=শক্তি) স্থ, পুং, নিশাচর, রাক্ষস।

সন্ধ্যাবলি, (সন্ধ্যা=সায়ংসন্ধ্যা [যখন শিব পূজিত হন]+বলি=পূজোপহার) স্থ, পুং, শিবালয়স্থ মৃৎকাষ্ঠাদি নির্ম্মিত বৃষ।

সন্ধ্যাভ্র,স্থ,পুং,গিরিমৃত্তিকা,গেরিমাটী।

সন্ধ্যারাম, (সন্ধ্যা=এই দেবের কন্যা; [যাহাকে ইনি ভাল বাসিতেন]+আ+রম্=ক্রীড়াকরা ইত্যাদি+ঘঞ্ ভাব) স্থ, পুং, ব্রহ্মা, প্রজাপতি, পিতামহ, কমলযোনি।

সন্ন, (সদ্=গমনকরা+ক্ত) ণ, ত্রি, অবসন্ন, ক্ষীণ, হীন, রহিত, নষ্ট, গত, জড়, স্থাবর, ভগ্নোৎসাহ।

সন্নকদ্রু, (সন্নক=খর্ব্ব+দ্রু=বৃক্ষ, ৬-ষ) স্থ, পুং, পিয়াল বৃক্ষ।

সন্নত, (সম্+নত=প্রণত) ণ, ত্রি, ধ্বনিত, শব্দিত, প্রণত।

সন্নতি, (সম্+নম্=নমস্কারকরা, নম্র হওয়া, শব্দকরা+ক্তি—ভাব) স্থ, স্ত্রী, প্রণাম, প্রণতি, অবনতি, নম্রতা, শব্দ, ধ্বনি।

সন্নদ্ধ, (সম্+নহ্=বন্ধনকরা+ক্ত—চ) ণ, ত্রি, কবচিত, বর্ম্মিত, সন্নাহবিশিষ্ট, সাঁজোয়া পরা, "নবজলধরঃ সন্নদ্ধোঽয়ং নদৃপ্তনিশাচরঃ" কাং। অস্ত্রসজ্জিত, বদ্ধ, শ্রেণীবদ্ধ, উৎপন্ন, আততায়ী, বধোদ্যত, যাহার বাহুতে কবচ আছে।

সন্নয়, (সম্=এক সঙ্গে+নী=পাওয়া বা লইয়া যাওয়া+অচ্) স্থ, পুং, সমূহ,সঙ্ঘ।পশ্চাৎভাগে স্থিত সৈন্য।

সন্নহন, (সম্+নহ্=বন্ধনকরা+অনট্) —ভাব) স্থ, ন, বর্ম্মপরিধান, রণসজ্জা, উদ্যোগ, অস্ত্রবন্ধন।

সন্নাহ, (সম্+নহ্+ঘঞ্—ধ) স্থ, পুং, কবচ, অঙ্গত্রাণ,বর্ম্ম, সাঁজোয়া, পরিচ্ছদ।

সন্নাহ্য, (সন্নাহ=সাঁজোয়া+যৎ—অর্হার্থে) স্থ,পুং, যুদ্ধোপযুক্ত হস্তী। ণ, ত্রি, সন্নাহযোগ্য।

সন্নিকর্ষ, (সম্=একসঙ্গে+নি+কৃষ্=আকর্ষণকরা+অচ্—ভাব) স্থ, পুং, সান্নিধ্য,নৈকট্য, বিষয় ও ইন্দ্রিয়ের সম্বন্ধ, ইন্দ্রিয়গোচর; ন্যায়ে—সামান্য লক্ষণা, জ্ঞানলক্ষণা, যোগজ—এই ত্রিবিধ অলৌকিক প্রত্যক্ষসাধন উপায়।

সন্নিকৃষ্ট, (সম্+নি+কৃষ্+ক্ত—চ) ণ,ত্রি,নিকটবর্ত্তী,সন্নিহিত,সমীপস্থ।

সন্নিধ,(সম্+নি+ধা=ধারণকরা+ক) স্থ, ন, সামীপ্য, নৈকট্য। ণ, ত্রি, সমীপস্থ।

সন্নিধান,—ন,সন্নিধি,—পুং, (সম্+নি+ধা=ধারণকরা+অনট্, ই) স্থ, সমীপ, নিকট, স্থিতি,আবির্ভাব, আশ্রয়, সমাগম। (সৎ+নিধান, নিধি) সাধুদের স্থান, উত্তম নিধি।

সন্নিধাপন, (সম্+নি+ধাপি=ধারণ করান+অনট্—ভাব) স্থ, ন, সংস্থাপন, রাখা।

সন্নিপতিত, (সম্+নি+পৎ=গমনকরা+ক্ত—চ) ণ, ত্রি, উপস্থিত, একত্র মিলিত, সম্যক্ প্রকারে পতিত, মৃত, মিশ্রিত, অবতীর্ণ, আগত।

সন্নিপাত,—পুং,সন্নিপাতন,—ন, (সম্+নি+পৎ=গমনকরা+ঘঞ্, অনট্) স্থ, সমূহ, একত্র মিলন, ত্রিদোষজ বিকার রোগবিশেষ,বাতপিত্ত কফের মিলন, সংগ্রাম, যুদ্ধ, সম্যক্ প্রকারে পতন, নাশ, অবতরণ, উপস্থিতি।

সন্নিবদ্ধ, (সম্+নি=নিশ্চয়+বন্ধ্=বন্ধন করা+ক্ত—চ) ণ, ত্রি, দৃঢ়বদ্ধ, গ্রথিত, রচিত।

সন্নিবদ্ধ,—পুং, সন্নিবন্ধন,—ন,(সম্=সম্পূর্ণরূপে বা সৎ=উত্তম+নিবন্ধ, নিবন্ধন=বাঁধন) ষ্য, দৃঢ়বন্ধন, গ্রন্থন, রচনা, সম্যক্‌রূপে একত্র সঙ্কলন। ণ, ত্রি, উত্তম ভাষাগ্রন্থযুক্ত, উত্তম প্রীতিদানযুক্ত।

সন্নিভ, (সম্+নিভ=তুল্য) ণ, ত্রি, সদৃশ, তুল্য, সঙ্কাশ,একরূপ, সবিধ।

সন্নিবিষ্ট, (সম+নি+বিশ=প্রবেশকরা+ক্ত—ঘ) ণ, ত্রি, গৃহীতাসন, উপবিষ্ট, সম্মুখে উপস্থিত, নিকটস্থ, সংক্রান্ত। [বিরক্ত, প্রত্যাগত।

সন্নিবৃত্ত, (সম্+নিবৃত্ত) ণ,ত্রি, নিবৃত্ত,

সন্নিবৃত্তি, (সম্+নিবৃত্তি) ষ্য, স্ত্রী, প্রত্যাবর্ত্তন, নিবৃত্তি, বিরতি।

সন্নিবেশ, (সম্+নি+বিশ্=প্রবেশ করা+ঘঞ—ভে, ভাব) ষ্য, পুং, নগরাদির বহিঃস্থিত বিহারভূমি, পুরবহিঃস্থ প্রদেশ, আশ্রম, স্থান, নিকট, বিন্যাস, রচনা, যোগ, মিলন, ভিতরে প্রবেশ করান, সমষ্টি, সংগ্রহ, সংযোগ।

সন্নিষণ্ণ, (সম্+নি+ষদ্=গমনকরা+ক্ত) ণ, ত্রি, স্থিত, উপবিষ্ট, অচল।

সন্নিহিত, (সম+নি+ধা=ধারণকরা+ক্ত) ণ, ত্রি, নিকটবর্ত্তী, সমীপস্থ, সম্যক্‌স্থাপিত। [ক্ষণস্থায়ী।

সন্নিহিতাপায়, ষ্য, ত্রি, ক্ষণিক, স্বল্প-

সম্মান, (সৎ=উত্তম+মান=মান্য) ষ্য, ন, সম্মান, আস্থা। [সৎচরিত্র।

সম্মার্গ,(সৎ=উত্তম+মার্গ=পথ)ষ্য,পুং,

সন্ন্যসন, (সম্+নি+অস্=নিক্ষেপকরা+অনট—ভাব) ষ্য, ন, সংসার পরিত্যাগ,নিক্ষেপকরণ,গচ্ছিতরাখা।

সন্ন্যস্ত, (সম্+নি+অস্=ক্ষেপণকরা+ক্ত—চ) ণ,ত্রি, সমর্পিত, নিক্ষিপ্ত, পরিত্যক্ত।

সন্ন্যাস, (সম্+নি+অস্=ক্ষেপণকরা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, সংসারের কামনা পরিত্যাগ, ভিক্ষুধর্ম্ম, চতুর্থ আশ্রম, ত্যাগ, নিক্ষেপ, গচ্ছিত রাখা, জমারাখা,হঠাৎ মৃত্যু,সমর্পণ, জটামাংসী।

সন্ন্যাসী, (সন্ন্যাস+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, যে সন্ন্যাস আশ্রম অবলম্বন করিয়াছে,ভিক্ষু,চতুর্থাশ্রমী [মাদুর।

সপ, (যবনভাষা) ষ্য, দীর্ঘ কাটার

সপক্ষ, (স=সমান+পক্ষ=সহায় ইত্যাদি; ৬.হ) ষ্য, পুং, যাহার পক্ষ অর্থাৎ ডানা আছে, এক পক্ষাবলম্বী, সহায়, অনুকূল, তুল্য।

সপক্ষতা, (সপক্ষ + তল্—ভাবে) ষ্য, স্ত্রী, একপক্ষাবলম্বন, আনুকূল্য, সাহায্য, পক্ষ অর্থাৎ ডানা থাকা।

সপত্ন, (সপত্নী+অচ্—তুল্যার্থে; অথবা সহ=একার্থ+পৎ=যত্নকরা+ন) ষ্য, পুং,অরাতি,বিপক্ষ,শত্রু। [বাঁশ।

সপত্নারি, ষ্য, পুং, বংশবিশেষ, বেউড়

সপত্নী, (স=সমান+পতি=স্বামী; ৬.হ; ঈপ্, ন—আগম) ষ্য, স্ত্রী, সমানপতিকা স্ত্রী, সতীনী।

সপত্রকৃত, সপত্রাকৃত, (স=সহিত+পত্র=বাণের পক্ষ+কৃত=যাহা করা হইয়াছে) ণ, ত্রি, সপত্রবাণবেধন দ্বারা পীড়িত, অতিশয় উৎপীড়িত, সাতিশয় ক্লেশিত। পুং, বাণবিদ্ধ মৃগ বা পশু।

সপত্রাকরণ,—ন, সপত্রাকৃতি,—স্ত্রী, (স=সহিত+পত্র=বাণের পক্ষ+কৃ=করা+অনট্—ক্তি, ভাব) ষ্য, অতিশয় পীড়ন, বাণবিদ্ধকরণ।

সপদচক্ষুঃ, ষ্য, যাহাদের চক্ষুঃ দীর্ঘ মূলোপরি স্থাপিত, চিঙ্গড়ী ও কাঁকড়া। (Podophthalmia.)

সপদি, (সম্+পদ্=গমন করা+ই; ম্—লোপ) ব্য,দ্রুত, শীঘ্র, তৎক্ষণাৎ, তখনি।

সপর্য্যা, (সপর্=পূজা করা+যক্,

আপ) স্ত্র, স্ত্রী, পূজা, অর্চ্চনা, আরাধনা।

সপাদ, (স=সহিত+পাদ=পা, চতুর্থাংশ) ণ, ত্রি, পাদ বা চরণবিশিষ্ট, চতুর্থভাগ সহিত, সওয়া।

সপিণ্ড, (সমান+পিণ্ড=অন্নের ডেলা; ৬.হ) স্ত্র, পুং, সনাভি, সপ্তম পুরুষান্তর্গত জাতি।

সপিণ্ডীকরণ, (সপিণ্ড=সনাভি+করণ; ঈ — অভূততদ্ভাবার্থে) স্ত্র, ন, মৃত্যুর এক বর্ষান্তে কর্ত্তব্য শ্রাদ্ধ, প্রেতত্ব বিমোচনার্থ করণীয় শ্রাদ্ধ, পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রণ, একত্র পিণ্ডভোজন করান।

সপীতি, (স=সহিত+পীতি=পান) স্ত্র, স্ত্রী, একত্র মিলিত হইয়া পান, সহপান।

সপ্ত, (সপ=একত্রিত হওয়া+অন্; ৎ—আগম)ণ, ত্রি, বহুং, ৭, সাতসংখ্যা।

সপ্তক, (সপ্তন্=সাত [সর ইত্যাদি] +কন্—স্বার্থে; অথবা+ক=কৈধাতুজ) ণ, ত্রি, সপ্তসংখ্যাবিশিষ্ট, সাতের পূরণ। স্ত্র, ন, সপ্তসংখ্যা, ৭। কী—স্ত্রী, সাতনর কাঞ্চী, মেখলা, চন্দ্রহার।

সপ্তগ্রন্থিশুণ্ড, স্ত্র, যাহাদের মুখাগ্রভাগের শুণ্ডদ্বয়ের প্রত্যেকে সাতগ্রন্থি আছে; যথা—সামান্য বৃশ্চিক (Chilopoda.)

সপ্তচত্বারিংশৎ, (সপ্তন্=সাত+চত্বারিংশৎ=চল্লিশ, কর্ম্মধা) স্ত্র, স্ত্রী, ৪৭, সাতচল্লিশ, তৎসংখ্যক।

সপ্তচ্ছদ, সপ্তপর্ণ, সপ্তপলাশ, (সপ্তন্=সাত+ছদ, পর্ণ, পলাশ=পাতা; ৬.হ) স্ত্র, পুং, বিষমচ্ছদ, সাতিমগাছ।

সিতিকণ্ঠ,(সিতি=কৃষ্ণবর্ণ+কণ্ঠ=গলা; ৬.হ) স্ত্র, পুং, নীলকণ্ঠ, মহাদেব, শিব,ময়ূর,দাত্যূহপক্ষী,ডাকপাখী।

সিতিমা, (সিতি+মন্—ভাবে) স্ত্র, পুং, শ্বেতত্ব, শাদা বর্ণ, শোক্লা, কৃষ্ণতা, কালিমা।

সিতিবাসাঃ, (সিতি=কৃষ্ণবর্ণ+বাসস্+বস্ত্র; ৬.হ) স্ত্র,পুং, বলদেব, বলরাম, হলী, লাঙ্গলী।

সিতেতর, (সিত=শাদা+ইতর=বৈপরীত্যাদি) ণ, ত্রি, কৃষ্ণবর্ণযুক্ত, শুভ্রভিন্ন অন্যবর্ণ। স্ত্র, পুং, শ্যামাধান, কালধান, কুলথকলায়।

সিতেতরগতি, (সিতেতর=কৃষ্ণবর্ণবিশিষ্ট+গতি=গমন) স্ত্র, পুং, অগ্নি, বহ্নি। [৬.হ) স্ত্র, পুং,কুবের।

সিতোদর,(সিত=শাদা+উদর=পেট;

সিতোপল, (সিত=শাদা+উপল=প্রস্তর) স্ত্র, ন, কঠিনী, চা খড়ী। পুং, স্ফটিকমণি, কাচ, বেলোয়ার। লা—স্ত্রী, মিছরী।

সিদ্ধ, (সিধ্=নিষ্পন্ন হওয়া+ক্ত—ক) ণ, ত্রি, নিষ্পন্ন, সাধিত, শোধিত, মোচিত, উদ্ধৃত, চিরস্থায়ী, সর্ব্বকালবর্ত্তী, বিখ্যাত, প্রসিদ্ধ, বিচারিত, স্থিরীকৃত, প্রমাণীকৃত, নিপুণ, পারদর্শী, কৃতবিদ্য, প্রতিপন্ন, প্রতিপাদিত, পক্ব, রন্ধন করা, প্রস্তুত, মিশ্রিত, দীপ্তিশীল, পরিশোধিত। পুং, দেবযোনিবিশেষ, মুনি, দৈবিক ক্ষমতাসম্পন্ন ঋষি, বিষ্কুম্ভাদি যোগের মধ্যে ২১শ যোগ, যোগী, ঐন্দ্রজালিক, সামুদ্রিক লবণ, ঔষধ গুল্মবিশেষ,ঋদ্ধি।

সিদ্ধগঙ্গা, সিদ্ধসিন্ধু, (সিদ্ধ=আকাশস্থ [দেবযোনিবিশেষ, ঋষি+গঙ্গা, সিন্ধু=নদী, ৬-ব) স্ত্র, স্ত্রী, স্বর্গঙ্গা, মন্দাকিনী, গঙ্গা, জাহ্নবী।

সিদ্ধজল, ন, আমানি, কাঁজি।

সিদ্ধদেব, (সিদ্ধ=যোগী, ঋষি+দেব=দেবতা) স্ত্র, পুং, মহাদেব।

সিদ্ধধাতু, সিদ্ধরস, (সিদ্ধ=রসায়ন বিদ্যা দ্বারা সম্পন্ন+ধাতু, রস) স্ত্র, পুং, পারদ, পারা।

সিদ্ধপীঠ, (সিদ্ধ+পীঠ=স্থান) স্ত্র, পুং, ন, যে স্থানে লক্ষ বলি কোটিসংখ্যক হোম এবং তৎপরিমিত মহাবিদ্যা জপ হইয়াছে, এরূপ পবিত্র স্থান। [ভৃতি দশ মহাবিদ্যা।

সিদ্ধবিদ্যা, স্ত্র, স্ত্রী, কালী তারা প্র-

সিদ্ধসাধন, স্ত্র, পুং, শ্বেত সর্ষপ। ন, ঐন্দ্রজালিক প্রকরণ বা সাধন দ্রব্য।

সিদ্ধসেন, (সিদ্ধ=স্বর্গীয় দেবযোনিবিশেষ+সেন=যিনি স্বর্গীয় সেনাগণের উপর আধিপত্য করেন) স্ত্র, পুং, কার্ত্তিক।

সিদ্ধান্ত, (সিদ্ধ=সম্পন্ন+অন্ত=শেষ; ৬.হ) স্ত্র, পুং, মীমাংসা, পূর্ব্বপক্ষ নিরাসপূর্ব্বক সিদ্ধপক্ষ স্থাপন,জ্যোতিষশাস্ত্রবিশেষ।

সিদ্ধান্তাচার, (সিদ্ধান্ত+আচার) স্ত্র, পুং, তান্ত্রিক আচারবিশেষ।

সিদ্ধান্তী, (সিদ্ধান্ত+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, সিদ্ধান্তকারী, মীমাংসাদর্শনমতাবলম্বী।

সিদ্ধাপগা, (সিদ্ধ—আকাশস্থ দেবযোনিবিশেষ, ঋষি+আপগা—নদী, ৬-ষ) স্ত্র, স্ত্রী, সিদ্ধগঙ্গা, স্বর্গঙ্গা, মন্দাকিনী।

সিদ্ধার্থ, (সিদ্ধ—সম্পন্ন+অর্থ—প্রয়োজন, ধন ইত্যাদি ; ৬.হ) স্ত্র, পুং, শ্বেত সর্ষপ, জৈনের পিতা, বুদ্ধদেব, প্রসিদ্ধার্থ, চরিতার্থ, সিদ্ধকার্য্য।

সিদ্ধি, (সিধ্—নিষ্পন্ন হওয়া+ক্তিন্—ভাব) স্ত্র, স্ত্রী, সমাপন, নিঃশেষ, কার্য্যনিষ্পাদন, বিষ্কম্ভাদি যোগের মধ্যে এক যোগ, মুক্তি, সৌভাগ্য, সমৃদ্ধি. কৃতার্থতা, জ্ঞান, বুদ্ধি, যাথার্থ্য, সত্য, ভ্রান্তিশূন্যতা, ঋণ পরিশোধ, শুদ্ধি, গোপন, আবরণ, তপস্যা বা মন্ত্রের ফলোৎপত্তি, যোগসাফল্য, কাষ্ঠপাদুকাবিশেষ, যাহা চরণে দিলে ইচ্ছামত অনায়াসে সর্ব্বত্র গমন করা যায়, ঔষধগুল্মবিশেষ, ঋদ্ধি, অনিমাদি ঐশ্বর্য্যের মধ্যে এক ঐশ্বর্য্যবিশেষ, শুভ, মঙ্গল, পুরুষার্থ, মাদকদ্রব্যবিশেষ, ভাঙ্গা, ভাঙ্। [দ, ত্রি, সিদ্ধিদাতা।

সিদ্ধিদ, (সিদ্ধি+দ—যে দান করে)

সিদ্ধিযোগ, স্ত্র, পুং, যোগবিশেষ, যদি শুক্রবারে নন্দা, বুধবারে ভদ্রা, শনিবারে রিক্তা, মঙ্গলবারে জয়া এবং বৃহস্পতিবারে পূর্ণাযুক্ত হয়।

সিদ্ধিলা, স্ত্র, স্ত্রী, ক্ষুদ্র পিপীলিকা, খুদি পিঁপিড়া।

সিদ্ধেশ্বরী, স্ত্র, স্ত্রী, দেবীবিশেষ, কালী।

সিধ্ম,—ন, স্ত্রী, সিধ্মন,—ন, (সিধ্—[দেহের উপর]গমনকরা+মক্, মন্) স্ত্র, কিলাস রোগ, ছুলি।

সিধ্মপুষ্পিকা, স্ত্র, স্ত্রী, কুষ্ঠরোগবিশেষ।

সিধ্মবান্, সিধ্মল, (সিধ্মন্+বৎ, লচ্—অস্ত্যর্থে) ণ, ত্রি, কিলাসী, ছুলিরোগবিশিষ্ট।

সিধ্য, (সিধ্—নিষ্পন্ন করা বা হওয়া+ক্যপ্) স্ত্র, পুং, পুষ্যানক্ষত্র।

সিধ্র, (সিধ্—নিষ্পন্ন হওয়া+রক্) স্ত্র, পুং, সাধু, ধার্ম্মিক, বৃক্ষ, পাদপ।

সিধ্রকারণ্য, (সিধ্রকা—এক গাছের নাম+বন ; ন—ণ) স্ত্র, ন, দেবোদ্যান, সন্তানক।

সিন, (সি—বন্ধনকরা+ন বা ক্ত) স্ত্র, পুং, গ্রাস। ন, শরীর, দেহ, কায়। ণ, ত্রি, কাণ, কাণা, শুভ্রবর্ণ। নী—স্ত্রী, শুক্লবর্ণা।

সিনীবালী, (সিনী [সা—সৌভাগ্য +ইন্, ঙীপ]—শুভ্রা চন্দ্রকলা+বল্—ধারণকরা+অণ্—ধ;ঙীপ্) স্ত্র, স্ত্রী, চতুর্দ্দশীযুক্ত বা প্রতিপদযুক্তা অমাবস্যা, যাহাতে চন্দ্রকলা প্রায় দৃষ্ট হয় না, দুর্গা।

সিন্দুক, সিন্দুবার, (স্যন্দ—ক্ষরিত হওয়া+উ ; কন্—যোগ ; য—ই ; সিন্দু—ক্ষরণ+বৃ— আচ্ছাদনকরা+অণ্) স্ত্র, পুং, একপ্রকার বৃক্ষ, সিন্ধুবারবৃক্ষ, নিসিন্দা গাছ।

সিন্দূর, (স্যন্দ্—ক্ষরিত হওয়া+ঊরন্) স্ত্র, পুং, বৃক্ষবিশেষ। ন, রক্তবর্ণ চূর্ণবিশেষ, সিঁদুর। রী—স্ত্রী, রক্তবস্ত্র, বৃক্ষবিশেষ।

সিন্দূরকারণ, (সিন্দূর=সিঁদুর+কারণ—হেতু,জনক) স্ত্র, ন, সীসক, সীসা।

সিন্দূরতিলক, (সিন্দূর—সিঁদুর+তিলক—ললাটস্থ চিহ্ন, টিপ্) স্ত্র, পুং, গজ, হস্তী। কা—স্ত্রী, সধবা নারী, যে স্ত্রীর কপালে সিন্দূরের টিপ্ আছে।

সিন্ধু, (স্যন্দ্—ক্ষরিত হওয়া+উ; নিপাতন) স্ত্র, পুং, সমুদ্র, সাগর, পঞ্জাবের উত্তরপ্রান্তবাহী নদ, সিন্ধুদেশ, হস্তী, গজমদ, রাগবিশেষ, ক্ষুদ্রবৃক্ষবিশেষ। পুং; বহু, সিন্ধুদেশবাসী। স্ত্রী, নদী।

সিন্ধুকফ, (সিন্ধু—সমুদ্র+কফ—শ্লেষ্মা) স্ত্র, পুং, সমুদ্রফেনা, কস্তরী।

সিন্ধুখেল, (সিন্ধু=সিন্ধু নামক নদ+খিল=ক্রীড়া করা+অচ্) ষ্য, পুং, সিন্ধুদেশ।

সিন্ধুজ, (সিন্ধু=সমুদ্র, নদী, দেশ-বিশেষ+জ=যে জন্মে, ৭-ষ) ষ্য, ন, সৈন্ধবলবণ। পুং, চন্দ্র, উচ্চৈঃ-শ্রবা, ইন্দ্রের অশ্ব। ণ, ত্রি, সমুদ্র-জাত, নদীজাত। জা—স্ত্রী, লক্ষ্মী।

সিন্ধুজন্মা, (সিন্ধু=সমুদ্র+জন্মন্=উৎপত্তি; ৬-হ) ষ্য, পুং, সমুদ্রোদ্ভব, চন্দ্র। ন, সৈন্ধবলবণ।

সিন্ধুনন্দন, (সিন্ধু=সমুদ্র+নন্দন=পুত্র) ষ্য, পুং, চন্দ্র, সমুদ্রমন্থনে ইনি উত্থিত হইয়াছিলেন।

সিন্ধুনাথ,(সিন্ধু=নদী+নাথ=পতি, ৬-ষ)ষ্য,পুং, নদীপতি, সাগর, সমুদ্র।

সিন্ধুপুত্র, পুং, আবলুশ কাষ্ঠবিশেষ, কেন্দ্। [ষ্য, পুং, কম্বু, শঙ্খ, শাঁক।

সিন্ধুপুষ্প, (সিন্ধু=সমুদ্র+পুষ্প=ফুল)

সিন্ধুমন্থজ, (সিন্ধুমন্থ=সমুদ্রমন্থনসাধন [পর্ব্বত]+জ=জাত) ষ্য, ন, অমৃত, পীয়ূষ, সুধা, সৈন্ধবলবণ।

সিন্ধুর,(স্যন্দ্=ক্ষরিত হওয়া+উরচ্; নিপাতন ; অথবা সিন্ধু=মদজল+রক্—অস্ত্যর্থে) ষ্য,পুং, করী, হস্তী।

সিন্ধুরবৈরী, (সিন্ধুর=হস্তী+বৈরিন্=শত্রু, ৬-ষ) ষ্য, পুং, সিংহ।

সিন্ধুবার, (সিন্ধু=দেশবিশেষ, সমুদ্র বা গজমদ+বৃ=আবরণকরা, প্রা-র্থনাকরা+ঘঞ্) ষ্য, পুং, নিশিন্দা-গাছ, সিন্ধুদেশীয় বা পারস্যদেশীয় উত্তম অশ্ব, ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

সিন্ধুশয়ন,(সিন্ধু=সমুদ্র+শয়ন=শয্যা) ষ্য, পুং, ক্ষীরোদশায়ী, নারায়ণ।

সিন্ধূদ্ভব, সিন্ধূপল, (সিন্ধু+উদ্ভব=উৎ-পন্ন ; সিন্ধু+উপল=প্রস্তর) ষ্য, ন, সৈন্ধবলবণ।

সিপ্র, (সপ্=সম্পর্ক রাখা+র ; নি-পাতন) ষ্য, পুং, বিধু, চন্দ্র, ঘর্ম্মজল, স্বেদবারি। প্রা—স্ত্রী, উজ্জয়িনীর সমীপে প্রবাহিতা নদী, মহাকাল দেশীয় নদী, স্ত্রীলোকের কটিবন্ধ, মহিষী, স্ত্রীমহিষ।

সিম, (সি=বন্ধনকরা+মন্) ণ, ত্রি, সমুদায়, সকল, অখণ্ড, সম্পূর্ণ।

সিয়ন, (সীবন শব্দজ) ষ্য, সূচীকর্ম্ম, সেলাইকরা। [ধূর্ত্ত, সতর্ক।

সিয়ান, (দেশজ) ণ, চতুর, চালাক,

সির, (সি=বন্ধনকরা+রক্ ; নিপা-তন) ষ্য,পুং, পিপ্পলীমূল। রা—স্ত্রী, নাড়ী, ধমনী, জলবহিবার চর্ম্মাদি-পাত্র, ভিস্তী। [স্নেহ দ্রব্য বিশেষ।

সিরকা, (দেশজ) ষ্য, ইক্ষুর রসজাত

সিরাজাল, পুং, শিরাগ্রন্থি,শিরাসমূহ, রোগবিশেষ,চক্ষুগোলক স্ফীত হওন।

সিলাখনা, (যাবনিক) ষ্য, অস্ত্রাগার।

সিবর, ষ্য, পুং, করী, দ্বিরদ, হস্তী।

সিষাধয়িষু, (সাধ্=নিষ্পন্ন করা+ণিচ্+সন্+উ) ণ,ত্রি,যে ব্যক্তির সম্পন্ন করিতে বাসনা হইয়াছে, সাধন করিতে ইচ্ছুক।

সিসৃক্ষা, (সৃজ্=সৃষ্টিকরা+অঙ্—ইচ্ছার্থে; আপ্—ভাব) ষ্য, স্ত্রী, সৃষ্টি করিবার বাসনা, নির্ম্মাণেচ্ছা।

সিহ্ল, সিহ্লক, (স্নিহ=স্নিগ্ধ হওয়া +লক, নিপাতন; কন্—যোগে সিহ্লক) ষ্য, পুং, গন্ধদ্রব্যবিশেষ, ধুনা, লোবান, শৈলজ।

সীকর, শীকর, (সীক্=জলসেক করা+অরন্) ষ্য, পুং, জলকণা, গুঁড়ি গুঁড়ি বর্ষণ, বায়ু।

সীতা, (সি=[ভূমিকে] খননকরা+ক্ত—নামার্থে, নিপাতনহেতু দীর্ঘ) ষ্য,স্ত্রী, লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলচিহ্নিত রেখা, রামচন্দ্রের পত্নী, জনক রাজার দুহিতা, বৈদেহী, যজ্ঞভূমি কর্ষণ কালে ইনি লাঙ্গলের মুখে পৃথিবী হইতে উত্থিত হইয়াছিলেন

স্বর্গগঙ্গার শাখাবিশেষ; কথিত আছে স্বর্গ হইতে সুমেরুশিখরে পতিত হইয়া গঙ্গার চারি ধারা হয়, উহারই পূর্ব্বধারা যাহা ভদ্রাশ্ববর্ষে প্রবাহিত হইয়াছে; লক্ষ্মী, দুর্গা, বনদেবতা-বিশেষ, মদ্য।

সীতাপতি, (সীতা+পতি, ৬-ষ) ষ্য, পুং, দশরথাত্মজ, রামচন্দ্র, রঘুনাথ।

সীৎকার, (সীৎ=অনুকরণশব্দ+কার =করণ) ষ্য, পুং, অব্যক্তমুখশব্দ-বিশেষ।

সীৎকৃত, (সীৎ—অনুকরণশব্দ+কৃত =করা হইয়াছে) ষ্য, ন, শীতাদি-জনিত অব্যক্ত মুখশব্দবিশেষ।

সীত্য, (সীতা=লাঙ্গলচিহ্নিত রেখা+ যৎ) ণ, ত্রি, কৃষ্ট ক্ষেত্রাদি। ষ্য, ন, ধান্য, ব্রীহি, শস্য।

সীদ, ষ্য, ন, আলস্য, জড়তা।

সীধু, ষ্য, পুং, মদ্য, মদিরিকা, মদ্য-বিশেষ, গুড়জ মদ্য।

সীধুগন্ধ, (সীধু=মদ্যবিশেষ+গন্ধ= ঘ্রাণ) ষ্য, পুং, বকুলবৃক্ষ।

সীধ্র, ষ্য, ন, গুহ্যদ্বার, অপান।

সীপ, ষ্য, পুং, জলপাত্রবিশেষ, কোষা।

সীমন্ত, (সীমন্=[কেশের] সীমা+ অন্ত=শেষ; নিপাতন) ষ্য, পুং, সিঁথি, ঝাঁপটা, কেশবীথি, সীমন্তো-ন্নয়ন। পুং, ন, মস্তক।

সীমন্তক, (সীমন্ত+কন্—অধিকারার্থে) ষ্য, ন, সিন্দূর, সিঁদুর। পুং, প্রেত।

সীমন্তিত, (সীমন্তি=সীমন্তযুক্ত করান+ক্ত—চ) ণ, ত্রি, সীমন্ত-যুক্তকৃত, সিঁথিকাটা, দ্বিবিভক্ত।

সীমন্তিনী, (সীমন্ত=সিঁথি+ইন্— অস্ত্যর্থে; ঈপ্) ষ্য, স্ত্রী, নারী, রমণী।

সীমন্তোন্নয়ন, (সীমন্ত=সিঁথি+ উন্নয়ন=উত্তোলন; ৬-ষ) ষ্য, ন, গর্ভিণী স্ত্রীর চতুর্থ বা ষষ্ঠ বা অষ্টম মাসে কর্ত্তব্য সংস্কারবিশেষ।

সীমা, (সি = বন্ধনকরা+মন্; অথবা সীমন্ + আপ্) ষ্য, পুং, স্ত্রী, অন্ত, অবধি, প্রান্তভাগ, পদমর্য্যাদা, স্থিতি, ক্ষেত্র, সমুদ্রবেলাভীর, মুষ্ক, অণ্ডকোষ।

সীমানা, (সীমন্ শব্দজ) ষ্য, অবধি, গ্রামাদির নির্ণীত অন্তভাগ।

সীর, (সি=বন্ধনকরা+রন্; ই= ঈ) ষ্য, পুং, হল, লাঙ্গল, সূর্য্য।

সীরক, (সীর=লাঙ্গল+কন্—উপ-মানার্থে) ষ্য, পুং, শিশুমার, শুশুক।

সীরধ্বজ, (সীর=লাঙ্গল+ধ্বজ= চিহ্ন) ষ্য, পুং, জনকরাজা।

সীরপাণি, (সীর=লাঙ্গল+পাণি= হস্ত; ৬-হ; সীর=লাঙ্গল+ইন্— অস্ত্যর্থে) ষ্য, পুং, হলধর, বলরাম।

সীলন্ধ, ষ্য, পুং, মৎস্যবিশেষ, সিলিন্দা মাছ।

সীবন, (সিব্=সেলাইকরা+অনট ভাব) ষ্য, ন, সূচীকর্ম্ম, সেঁয়ান, ওষ্ঠসন্ধান। সী—স্ত্রী, সূচী, লিঙ্গাগ্র হইতে গুহ্য পর্য্যন্ত।

সীস, সীসক, সীসপত্রক, (সী [সি = বন্ধনকরা + ক্বিপ্] = বন্ধন+ সো=নাশকরা+ক; পক্ষে কন্— যোগ) ষ্য, ন, সীসাধাতু। [সিস।

সীহুণ্ড, ষ্য, পুং, সেহুণ্ড বৃক্ষ, মনসা-

সু, (সু=গমনকরা+উ) ব্য, উত্তম, শোভন, সুন্দর, অতিশয়, অত্যন্ত, সমৃদ্ধি, শুভ, অনায়াস, পূজা, উৎকর্ষ, সৌন্দর্য্য, কষ্ট, হর্ষ, আনন্দ, অনুমতি। ষ্য, পুং, প্রসব।

সুঁড়ী, সুঁড়ি, (দেশজ) ষ্য, অপ্রশস্ত পথ, গলীপথ।

সুঁতী, (স্রোতস্ শব্দজ) ষ্য, নালা, ক্ষুদ্রখাল, ক্ষুদ্র জলপথ। [শল, কুমুদ।

সুঁদী (সোগন্ধিক শব্দজ) ষ্য, শ্বেতোৎ-

সুকণ্টকা, স্ত্রী, ঘৃতকুমারীর গাছ, ঘৃতকুমারী।

সুকণ্ডু, (সু=অধিক+কণ্ডু=চুলকনা রোগ) স্ত্র, পুং, কণ্ডুরোগ, চুলকনা প্রভৃতি।

সুকন্দ, স্ত্র, পুং, কশেরু, কেশুর।

সুকন্দক, সুকুন্দক, (সু=উত্তম+কন্দ =মূল+কন্—যোগ) স্ত্র, পুং, পলাণ্ডু, পেঁয়াজ।

সুকর, (সু=অনায়াস+কৃ=করা+খল—চ) ণ, ত্রি, সুখকর, সুসাধ্য, অনায়াস-সাধ্য,অক্লেশ-সাধ্য। রা—স্ত্রী, সুশীলা গাভী।

সুকর্ম্মা, (সু=উত্তম+কর্ম্মন্ ; ৬.হ) ণ, ত্রি, সৎক্রিয়ান্বিত, কর্ম্মঠ। স্ত্র, পুং, বিশ্বকর্ম্মা, ত্বষ্টা, যোগবিশেষ।

সুকল, (সু=উত্তম+কল্=শব্দকরা, ডাকা+অচ্) ণ, ত্রি, দাতা ও ভোক্তা, দানভোগে সমর্থ, অবিকল, মধুরাস্ফুট।

সুকাণ্ডী, (সু=উত্তম+কাণ্ড=ঝাড়, ঝোপ+ইন্) স্ত্র, পুং, ভ্রমর, অলি, ভৃঙ্গ, ষট্পদ, মধুব্রত।

সুকুমার, (সু=অত্যন্ত+কুমার= কোমল, বালক, কন্মধা) ণ, ত্রি, অতি কোমল, অতি মৃদু, অতি বালক। স্ত্র, পুং, পুণ্ড্রি ইক্ষু, শস্ত-বিশেষ, বনচম্পকবিশেষ, দৈত্য বিশেষ। রা—স্ত্রী, ডবল মল্লিকা, কদলী, নদীবিশেষ।

সুকুমারবিদ্যা, স্ত্র, স্ত্রী সাহিত্যাদি শাস্ত্র, (Polite Learning)

সুকৃৎ, (সু=শুভ+কৃৎ=যে করিয়াছে)ণ,ত্রি,সুকর্ম্মকারী, ধার্ম্মিক, পুণ্যাত্মা, পুণ্যবান্,সৌভাগ্যশালী।

সুকৃত, (সু=শুভ+কৃত=যাহা করা হইয়াছে) স্ত্র, ন, পুণ্য, ধর্ম্ম, ভাগ্য, শুভ, দান, পুরস্কার,দয়া, বদান্যতা। ণ, ত্রি, পুণ্যবান্, পুণ্যাত্মা, ধার্ম্মিক, সুনির্ম্মিত, সুবিহিত, ভাগ্যবান, যাহা উত্তমরূপে করা হইয়াছে।

সুকৃতি, (সু=উত্তমরূপে+কৃতি=করণ) স্ত্র, স্ত্রী, পুণ্য, ধর্ম্ম, সৎকর্ম্ম, অদৃষ্ট, ভাগ্য, শুভ।

সুকৃতী(সুকৃত=পুণ্য+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, ধার্ম্মিক,পুণ্যাত্মা, ভাগ্যবান্, সৌভাগ্যশালী, শুভযুক্ত।

সুকেতু, (সু=উত্তম+কেতু=ধ্বজা ; ৬.হ) স্ত্র, পুং, তাড়কা রাক্ষসীর পিতা।

সুকেশর, স্ত্র, পুং, বীজপুর, দাড়িম।

সুকেশী, (সু=উত্তম+কেশ=চুল ; ৬.হ) স্ত্র, স্ত্রী, সুকেশা স্ত্রী, অপ্সরা-বিশেষ। [বিশেষ, ক্ষীরকাকোলী।

সুকোলী, স্ত্র, স্ত্রী, ঔষধের গাছড়া-

সুখ, (সু=উত্তম+খ=[জ্ঞানের] ইন্দ্রিয় ; বিধা সু=শুভ + খন্= খোঁড়া+ড ; অথবা সুখ=হৃষ্টকরা+ অচ্—ভাব, ঘ) স্ত্র, ন, প্রীতি, হর্ষ, আনন্দ, স্বর্গ, জল। ণ, ত্রি, সুখজনক, প্রিয়, মনোহর, মধুর, সুখী। খা—স্ত্রী, বরুণপুরী।

সুখকর, (সুখ+কর=যে করে) ণ, ত্রি, সুখজনক, প্রীতিপ্রদ, সুসাধ্য।

সুখঙ্করী,স্ত্র,স্ত্রী, সুখদায়ী,জীবন্তী বৃক্ষ।

সুখচার, (সুখ=আনন্দ+চর্=গমন করা+অণ্) স্ত্র, পুং, উৎকৃষ্ট অশ্ব, সুন্দর ঘোটক।

সুখজাত, (সুখ+জাত=উৎপন্ন) ণ, ত্রি, সুখযুক্ত, সুখী, আমোদী।

সুখদ, (সুখ+দ=যে দানকরে, ২—ষ) ণ, ত্রি, হর্ষদ, সুখদায়ক। দা—স্ত্রী, স্বর্গবেশ্যা, অপ্সরা।

সুখবর্চ্চ, (সুখ=হর্ষ + বর্চ্চ=দীপ্তি পাওয়া + কন্) স্ত্র, পুং, সোরা, ক্ষার।

সুখবাস, স্ত্র, পুং, তরমুজ, শীর্ণবৃন্ত।

সুখভাক্, (সুখ+ভজ্=ভাগ করা+ ক্বিপ্)ণ, ত্রি, সুখী, সুখভাগী।

সুখমোদা, স্ত্র, স্ত্রী, সল্লকীবৃক্ষ, কুন্দু-

রুকী বৃক্ষ।
সুখরাত্রি, স্ত্র, স্ত্রী, দীপান্বিতা অমাবস্যাতে পূজ্যা লক্ষ্মী।
সুখাধার, (সুখ=আনন্দ+আধার=আশ্রয়) স্ত্র, পুং, সুখের স্থান, স্বর্গ।
সুখায়ত, সুখায়ন, (সুখ=আনন্দ+আয়ত=সংযত; সুখ=আনন্দ+অয়ন=গমন) স্ত্র, পুং, সুশিক্ষিত অশ্ব, উত্তম ঘোটক।
সুখাবহ, (সুখ+আ+বহ্=যে বহন করে, ২-য) ণ, ত্রি, সুখদায়ক, সুখজনক।
সুখাশ, (সুখ=আনন্দ+অশ্=ভক্ষণকরা+অচ্; কিম্বা সুখ=সুখকর+আশা; ৬.হ) স্ত্র, পুং, বরুণ, জলেশ্বর, তরমুজ, কাঁকুড়, ভোজনবিলাসী।
সুখী, (সুখ+ইন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, সুখবিশিষ্ট, প্রীতিমান্, সন্তুষ্ট। পুং, যতি।
সুখোৎসব, (সুখ=আনন্দ+উৎসব) স্ত্র, পুং, ভর্ত্তা, পতি, স্বামী, আনন্দোৎসব।
সুখ্যাতি, (সু+খ্যাতি=যশঃ) স্ত্র, স্ত্রী, যশঃ, প্রশংসা, প্রসিদ্ধি।
সুগ, (সু=উত্তম+গম্=গমনকরা+ড) স্ত্র, ন, বিষ্ঠা, পুরীষ, মল। ণ, ত্রি, শোভনগামী, সুবোধ্য, সুগম।
সুগত, (সু=শুভ+গত=যে গিয়াছে, কিম্বা জ্ঞাত) স্ত্র, পুং, যৎকর্ত্তৃক শুভ জানা যায়, বুদ্ধদেব।
সুগন্ধ, (সু=উত্তম+গন্ধ; ৬.হ, বা কর্ম্মধা) স্ত্র, পুং, উত্তম গন্ধ, গন্ধক, গন্ধবণিক্, চন্দনবৃক্ষ। ন, নীলোৎপল, চন্দন, জিরা, গন্ধ তৃণবিশেষ। ণ, ত্রি, সদগন্ধযুক্ত, উত্তম গন্ধবিশিষ্ট। —ন্ধা, স্ত্রী, তুলসী, চণক্, ছোলা, মল্লিকা।
সুগন্ধি, (সুগন্ধ+ই) ণ, ত্রি, সদগন্ধযুক্ত, সুরভি, ধার্ম্মিক। স্ত্র, পুং, আম্র, আম। ন, সুগন্ধ ঔষধদ্রব্য, এলাবালুকা, পিপুলমূল, গন্ধতৃণবিশেষ, ধন্যাক, ধনিয়া।
সুগন্ধিক, (সু—প্রয়োজনাতিরিক্ত শব্দ+গন্ধ = আঘ্রাণ+ঠক্) স্ত্র, ন, শ্বেতপদ্ম, পদ্মের মূল, উশীর। পুং, মোটা ধাতুবিশেষ, ধূপ, ধুনা, গন্ধক।
সুগন্ধিমূষিকা, (সুগন্ধি=সুরভি+মূষিক=ইন্দুর) স্ত্র, স্ত্রী, ছুছুন্দরী, ছুঁচা।
সুগম, (সু=উত্তমরূপে+গম=গমন করা যায় যাহাতে) ণ, ত্রি, সুগম্য, অনায়াসলভ্য, সুজ্ঞেয়, সুবোধ।
সুগহনা, স্ত্র, স্ত্রী, অস্পৃশ্য বর্ণাদি নিবারণার্থ যজ্ঞ স্থলে নিরবকাশ বেষ্টন, কুম্বা, নাম।
সুগৃহীত, (সু=উত্তমরূপে+গৃহীত) ণ, ত্রি, উত্তমরূপে গৃহীত, ধৃত।
সুগৃহীতনামা, (সু=শুভ+গৃহীত=যাহা গ্রহণ করা গিয়াছে+নামন্=নাম) স্ত্র, পুং, পুণ্যশ্লোক, যুধিষ্ঠিরাদি, প্রাতঃস্মরণীয় ব্যক্তি।
সুগ্রীব, (সু=সুন্দর+গ্রীবা=ঘাড়; ৬.হ) স্ত্র, পুং, বানররাজ, কিষ্কিন্ধ্যাধিপতি, কৃষ্ণের অশ্ববিশেষ, শিব, মহাদেব, ইন্দ্র, রাজহংস, হংস, ৯ম জৈনের পিতা, বীর, শূর, জলাশয়, পর্ব্বতবিশেষ, অস্ত্রবিশেষ, বাসুকি। ণ, ত্রি, সুন্দরগ্রীবাযুক্ত।
সুগ্রীবেশ, (সুগ্রীব=বানররাজ+ঈশ=প্রভু) স্ত্র, পুং, রামচন্দ্র, রাঘব।
সুগোচ, (দেশজ) স্ত্র, সদুপায়, সুযোগ।
সুগ্ন, (সু=উত্তম, অত্যন্ত+গ্লৈ=শ্রান্ত হওয়া+ক) ণ, ত্রি, অতিশয় শ্রান্ত।
সুঘটিত, (সু+ঘট্—চেষ্টাকরা+ক্ত—ত) ণ, ত্রি, উত্তমরূপে সংযোজিত, উত্তমরূপে সাজান, উত্তমরূপে কল্পিত।
সুচক্ষুঃ, (সুচক্ষুস্) ণ, ত্রি, সুন্দর লোচনবিশিষ্ট। স্ত্র, পুং, ভুমুরবৃক্ষ, পণ্ডিত,

বিধান্। ণ, ত্রি, সুন্দর।

সুচরিত, (সু+চরিত—গত ইত্যাদি) স্ত, ন, উত্তম আচরণ। ণ, ত্রি, উত্তম রূপে আচরিত।

সুচরিত্রা, (সু—উত্তম+চরিত্র) স্ত, স্ত্রী, সৎস্বভাববিশিষ্টা স্ত্রী, সাধ্বী।

সুচর্ম্মা, (সু+চর্ম্মন্; ৬.হ) স্ত, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ।

সুচারু, (সু—অত্যন্ত+চারু—মনোহর, কর্ম্মধা) ণ, ত্রি, অতি সুন্দর, অতিশয় মনোহর, মনোজ্ঞ।

সুচিত্রক, (সু—অত্যন্ত+চিত্রক—চিত্রবিচিত্রিত) স্ত, পুং, মাছরাঙ্গা পাখী, চিত্রসর্প, কালসাগিনী সাপ।

সুচিত্রবীজা, স্ত, স্ত্রী, বিড়ঙ্গ বৃক্ষ।

সুচির, (সু—অত্যন্ত+চির—অধিককাল) স্ত, ন, অতি দীর্ঘকাল, অনেক দিন। ণ, ত্রি, দীর্ঘকালস্থায়ী।

সুচিরম্, (সু—অত্যন্ত+চিরম্—অধিক কাল) ব্য, বহুকাল, অধিককাল।

সুচিরায়ুঃ, (সু—অত্যন্ত+চির—অধিক কাল+আয়ুস্—জীবন) স্ত, পুং, দেবতা।

সুচুটী, (সু—উত্তম+চুট্—ছেদকরা+কঃ ঈপ্—যোগ) স্ত, স্ত্রী, চিম্‌টা।

সুচেতাঃ, (সু—উৎকৃষ্ট+চেতস্—মনঃ; ৬.হ) ণ, ত্রি, সতর্ক, সাবধান, সন্তুষ্টচিত্ত।

সুচেলক, (সু—উত্তম+চেল—বস্ত্র+কন্—যোগ) স্ত, পুং, শোভন বস্ত্র, উত্তম বস্ত্র।

সুচ্ছত্রী, স্ত, স্ত্রী, শতদ্রু নদী।

সুজন, (সু—উত্তম+জন—লোক, কর্ম্মধা)ণ, ত্রি, সজ্জন, ধার্ম্মিক, সাধু।

সুজনতা, (সুজন+তল্-ভাবে) স্ত, স্ত্রী, সাধুতা, ভদ্রতা, সৌজন্য।

সুজনত্ব, ন, দয়ালুতা, বদান্যতা।

সুজন্মা, সুজাত, (সু—শোভন+জন্মন্—উৎপত্তি; ৬.হ; সু—শোভনরূপে+জাত—যে জন্মিয়াছে) ণ, ত্রি, শোভনজন্মা, বিবাহিত স্বামীর ঔরসে উৎপন্ন, সৎকুলোদ্ভব, সম্যক্ উৎপন্ন, সুন্দর।

সুজল, স্ত, সুন্দর জল, পদ্ম।

সুড়ঙ্গ, (-সুরঙ্গা শব্দজ) স্ত, সন্ধি, সিঁধ, গর্ত্ত, বিবর, পৃথিবীর ভিতর দিয়া পথ।

সুত, (সু—প্রসবকরা+ক্ত—চ) স্ত, পুং, পুত্র, তনুজ, রাজনন্দন, যুবরাজ। তা—স্ত্রী, কন্যা, বৃক্ষবিশেষ। ণ, ত্রি, উৎপন্ন, নিষ্পীড়িত। [শৌচ।

সুতক, (সুত+কন্) স্ত, ন, জননা-

সুতঙ্গম, (সুত—পুত্র+গম্—যাওয়া+খচ্) স্ত, পুং, পুত্রের পিতা, পুত্রী।

সুতজীবক, স্ত, পুং, পুত্রজীবকবৃক্ষ, জিয়াপুতিয়াগাছ।

সুতনু, (সু—সুন্দর, উত্তম+তনু—দেহ, কৃশ) ণ, ত্রি, সুন্দরদেহ, অতিশয় কৃশ। স্ত, নু—স্ত্রী, কৃশাঙ্গী, তন্বী, শোভমাঙ্গী, সুন্দরী।

সুতপাঃ, (সু—অত্যন্ত+তপ্—উত্তপ্ত করা+অস্) স্ত, পুং, সূর্য্য। (সু—উত্তম+তপস্—তপস্যা) পুং, মুনি। ত্রি, তপস্বী। ন, উত্তম তপস্যা।

সুতরাম্, (সু—অতিশয়+তরাম্) ব্য, অত্যন্ত, অবশ্য, অগত্যা।

সুতর্দ্দন, (সু—অত্যন্ত+তর্দ্দ—বধকরা+অনট্) স্ত, পুং, কোকিল।

সুতল, (সু—অত্যন্ত+তল—অধোভাগ, কর্ম্মধা) ণ, ত্রি, উত্তম তলযুক্ত (গৃহাদি)। স্ত, পুং, ষষ্ঠ পাতাল, অট্টালিকাবন্ধ, অট্টালিকার মূলপত্তন।

সুতবৎসলা, স্ত, স্ত্রী, সপ্ত পুত্রের মাতা।

সুতবান্, (সুত+বৎ—অস্ত্যর্থে) ণ, ত্রি, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে।

সুতহিবুক, স্ত, পুং, বিবাহের অতি প্রশস্ত যোগবিশেষ।

সুতাত্মজ, (সুত—পুত্র বা সুতা—কন্যা+আত্মজ—পুত্র বা আত্মজা—কন্যা, ৬-ষ) ষ্য, পুং, পৌত্র, পুত্রের পুত্র, দৌহিত্র, কন্যার পুত্র। জা—স্ত্রী, পৌত্রী, পুত্রের কন্যা, কন্যার কন্যা, দৌহিত্রী।

সুতিক্ত, ণ, ত্রি, অতিশয় তিক্ত। ষ্য, পুং, পর্পট। [নিম্ব বৃক্ষ।

সুতিক্তক, ষ্য, পুং, ভূনিম্ব, চিরাতা.

সুতী, (সুত+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, পুত্রবিশিষ্ট, যাহার পুত্র আছে।

সুতীক্ষ্ণ, (সু—অত্যন্ত+তীক্ষ্ণ, কর্ম্মধা) ষ্য, পুং, মুনিবিশেষ। ণ, ত্রি, অতি তীক্ষ্ণ, অতিশয় ধারাল, চোখ।

সুতুঙ্গ, (সু—অত্যন্ত+তুঙ্গ—উচ্চ) ণ, ত্রি, অতিশয় উচ্চ। ষ্য, পুং. নারিকেল বৃক্ষ। [ব্রতস্নান।

সুত্যা, (সু—প্রসবকরা+ক্যপ্) স্ত্রী,

সুত্রামা, (সু—উত্তম+ত্রৈ—[জগৎ] রক্ষাকরা+মন্) ষ্য, পুং, ইন্দ্র, দেবরাজ, বাসব, পুরন্দর।

সুত্বা,—ত্বন্, (সু—প্রসবকরা+বন্—ম; ৎ—আগম) ষ্য, পুং, যজ্ঞস্নায়ী।

সুদ, (যবনভাষা) ষ্য, ধন প্রয়োগের লাভ, বৃদ্ধি।

সুদক্ষিণ, (সু—অত্যন্ত+দক্ষিণ—নিপুণ, কর্ম্মধা) ষ্য, পুং, বিদর্ভ দেশের নৃপবিশেষ। ণা-স্ত্রী, দিলীপ রাজার পত্নী। ণ, ত্রি, উত্তম দক্ষিণাযুক্ত।

সুদণ্ড, ষ্য, পুং, বেত্র, বেত।

সুদন্, (সু—শোভন+দন্ত—দাঁত; ৬,ব; দন্ত—দৎ) ণ, ত্রি, শোভন দন্তবিশিষ্ট। তী—স্ত্রী, সুন্দরী স্ত্রী।

সুদন্ত, পুং, নট, নৃত্যকারী।—ন্তী, স্ত্রী, বায়ুকোণের দিক্‌হস্তিনী।

সুদম, (সু—অনায়াসে+দম—দমনকারী, দম্য) ণ, ত্রি, অনায়াসে দমনীয়।

সুদর্শন, (সু—সুন্দররূপে+দৃশ্—দেখা +অনট্—ত) ষ্য, পুং, বিষ্ণুর চক্রনামক অস্ত্র, সুমেরু, গোলাপজাম, বর্ত্তমান কালের অষ্টাদশ জৈন মুনির পিতা, গৃধ্র, শকুনি। ণ, ত্রি, সুন্দর, সুদৃশ্য, দেখিতে উত্তম। সং—ন, না—স্ত্রী, ইন্দ্রপুরী, অমরাবতী, অলকা। না—স্ত্রী, ঔষধ, আজ্ঞা, বৃক্ষবিশেষ, সুদৃশ্যা কামিনী।

সুদর্শনদ্বীপ, ষ্য, ন, জম্বুদ্বীপ।

সুদামা, (সু—উত্তম+দামন্—রজ্জু ; কিম্বা সু—অত্যন্ত+দা—দানকরা+মন্) ষ্য, পুং, মেঘ, পর্ব্বত, সমুদ্র, ঐরাবত, গোপবিশেষ, এক ব্রাহ্মণ যাঁহাকে শ্রীকৃষ্ণ ধনী করিয়াছিলেন। ণ, ত্রি, অতিশয় দাতা, উত্তম দাতা।

সুদায়, (সু—শুভ+দায়—দান) ষ্য, পুং. যৌতুকাদি দান।

সুদারু, ষ্য, পুং. বিন্ধ্য পর্ব্বতের এক পাদ, পারিযাত্র পর্ব্বত।

সুদি, বা, শুক্লপক্ষ।

সুদীর্ঘ, (সু—অত্যন্ত+দীর্ঘ—লম্বা, কর্ম্মধা) ণ, ত্রি, অতিদীর্ঘ, অধিক লম্বা।

সুদীর্ঘকলিকা, ষ্য, স্ত্রী, বার্ত্তাকুবিশেষ, শিজা বেগুণ।

সুদুঃখিত, (সু—অতিশয়+দুঃখিত, কর্ম্মধা) ণ, ত্রি, সাতিশয় ক্লেশযুক্ত, অত্যন্ত ব্যথিত।

সুদুর্লভ, (সু—অত্যন্ত + দুর্লভ—দুষ্প্রাপ্য, কর্ম্মধা) ণ, ত্রি, অত্যন্ত দুষ্প্রাপ্য, যাহা প্রাপ্ত হওয়া যায় না।

সুদুশ্চর, সুদুষ্কর, (সু—অত্যন্ত+দুর্—দুঃখ+চর্—গমনকরা+অচ্—ট; সু—অত্যন্ত+দুষ্কর—দুঃসাধ্য, কর্ম্মধা) ণ, ত্রি, সাতিশয় ক্লেশে সম্পাদনীয়, অতিদুঃসাধ্য।

সুদুস্তর, (সু—অত্যন্ত+দুস্তর—দুষ্পার, কর্ম্মধা) ণ, ত্রি, দুষ্পার, অতিদুস্তর, যাহা পার হওয়া দুঃসাধ্য।

সুদূর, (সু=অত্যন্ত+দূর=অসন্নিকৃষ্ট, কর্ম্মধা) ণ, ত্রি, অতি দূরবর্ত্তী, বহুদূরস্থ। স্থ, ন, বহুদূর।

সুদূরপরাহত, (সুদূর+পরাহত, ৭-ষ) ণ, ত্রি, একান্ত নিরস্ত, অতিদূরে নিরাকৃত, একান্ত অসম্ভব।

সুদৃক্, (সু=উত্তম+দৃশ্, [দৃশ্= দেখা+কিপ্—ভাব,ণ]=চক্ষুঃ,দর্শন; ৬.হ) ণ, ত্রি, সুনয়ন, সুন্দর চক্ষুর্বিশিষ্ট। স্থ, স্ত্রী, সুন্দরী স্ত্রী।

সুদৃঢ়, (সু=অত্যন্ত+দৃঢ়=কঠিন, কর্ম্মধা) ণ,ত্রি, অতিদৃঢ়, বড়কঠিন।

সুদৃশ্য, (সু=উত্তম+দৃশ্য=দর্শনীয়, কর্ম্মধা) ণ, ত্রি, দেখিতে সুশ্রী, সুন্দর, মনোজ্ঞ।

সুধন্বা, (সু=উত্তম+ধনুস্=ধনুক ; ৬.হ; অন্) স্থ, পুং, উত্তম ধনুর্দ্ধারী, বিশ্বকর্ম্মা, নৃপবিশেষ, অনন্তদেব।

সুধর্ম্মন, (সু=অত্যন্ত+ধর্ম্ম ; ৭,হ+৬.হ; অন্) স্থ, পুং, দেবগণের সভা, গৃহস্থ। ণ, ত্রি, অতি ধার্ম্মিক, বর্ত্তমান কালের শেষ জৈনের এক-জন প্রধান শিষ্য। র্ম্মা, র্ম্মী—স্ত্রী, দেবসভা।

সুধা, (সু=সুখে+ধৈ=পানকরা, কিম্বা ধা=[জীবন] ধারণকরা, পোষণকরা+অঙ্—চ, ষ, আ) স্থ, স্ত্রী, অমৃত, পীযূষ, পুষ্পরস, মধু, মকরন্দ, চূণ, জল, ইষ্টক, গঙ্গা, হরীতকী।

সুধাংশু, সুধাকর, সুধাঙ্গ, (সুধা+অংশু=কিরণ; ৬.হ; সুধা+আকর= উৎপত্তিস্থান, ৬-ষ ; সুধা+অঙ্গ= অবয়ব ; ৬.হ) স্থ, পুং, চন্দ্র।

সুধাংশুরত্ন, (সুধাংশু=চন্দ্র+রত্ন=মণি) স্থ, ন, মৌক্তিক, মুক্তা।

সুধাজীবী,(সুধা=চূণকাম+জীবিন্=যে জীবিকা নির্ব্বাহ করে) স্থ, পুং, রাজমিস্ত্রী।

সুধাধার, সুধানিধি, (সুধা+আধার, নিধি=আশ্রয়, ৬-ষ) স্থ. পুং, চন্দ্র।

সুধাপাণি, (সুধা+পাণি=হস্ত;৬.হ) স্থ, পুং, ধন্বন্তরি, দেবচিকিৎসক।

সুধাভবন, ন, পঞ্চম মুহূর্ত্ত।

সুধাভুক্, (সুধা+ভুজ্=ভোজন-করা+কিপ—ষ) স্থ, পুং, অমৃত-ভোজী, দেবতা।

সুধাভৃতি, পুং, হোম, নিবেদন।

সুধাময়, (সুধা=অমৃত, চূর্ণ বা ইষ্টক +ময়ট্) ণ, ত্রি, অমৃতময়, চূর্ণময়। স্থ, পুং,প্রাসাদ, অট্টালিকা, হর্ম্ম্য।

সুধাবর্ষী, (সুধা+বৃষ্=বর্ষণকরা+ইন্—ষ) স্থ, পুং, চন্দ্র, ব্রহ্মা, বুদ্ধ-বিশেষ।

সুধাশ্রবা, স্ত্রী, তালু, আলজিব।

সুধাসূতি, (সুধা+সূতি=জন্ম, উৎপত্তি) স্থ, পুং, চন্দ্র, যজ্ঞ, পদ্ম।

সুধাস্রবা, (সুধা+স্রু=ক্ষরিত হওয়া +অচ্, আপ্) স্থ, স্ত্রী, আলজিভ।

সুধাহর, সুধাহৃৎ, (সুধা+হর, হৃৎ =যে হরণ করে) স্থ, পুং, গরুড়, পক্ষিরাজ, ইঁহার মাতা বিনতাকে কশ্যপমুনি-পত্নী কদ্রুর দাসীত্ব হইতে মোচন করিবার অভিপ্রায়ে, কদ্রু-সন্তান সর্পগণের সুধার বিষয় গোচর হওয়াতে, সুধার কারণ ইনি চন্দ্রকে অপহরণ করেন। (বিনতাও এই মুনির এক পত্নী ছিলেন।)

সুধিতি, স্থ, পুং, স্ত্রী, কুঠার, বাইস।

সুধী, (সু=শোভন+ধী=বুদ্ধি; ৬.হ) স্থ, পুং, পণ্ডিত, বিদ্বান্, বিপশ্চিৎ, সাতিশয় বুদ্ধিমান্। স্ত্রী, সুন্দর বুদ্ধি। ণ, ত্রি, সুবুদ্ধি।

সুধু, (শুদ্ধশব্দজ) ণ, কেবল, এক-মাত্র, খালি।

সুধোদ্ভব, (সুধা+উদ্ভব=উৎপন্ন) স্থ, পুং, ধন্বন্তরি। বা—স্ত্রী, হরীতকী।

সুনন্দ, (সু=উত্তমরূপে+নন্দি=

নন্দিত করান+অচ্) স্ত্র, ন, বলরামের মূষল। ণ, ত্রি, আনন্দজনক, আনন্দদায়ক। ন্দা—স্ত্রী, উমাসখীবিশেষ, ইন্দুমতীর সখী, পার্ব্বতী, নারী, গোরোচনা, অর্কপত্রীবৃক্ষ, ইষের মূল।

সুনয়ন, (সু=উত্তম+নয়ন=চক্ষুঃ; ৬.হ) স্ত্র, পুং, হরিণ। না—স্ত্রী, সুনেত্রা নারী।

সুনাভ, (সু=উত্তম+নাভি) স্ত্র, পুং, মৈনাক পর্ব্বত, হিমালয়ের পুত্র।

সুনার, স্ত্র, পুং, কুকুরীর স্তনদুগ্ধ, সাপের ডিম, চড়ুই পাখী।

সুনালক, স্ত্র, পুং, চম্পক বৃক্ষ।

সুনাসীর, (সু = উত্তম + নাসীর = অগ্রবর্ত্তী সৈন্য; ৬হ) স্ত্র, পুং, ইন্দ্র।

সুনিশ্চিত,(সু=সম্পূর্ণরূপে+নিশ্চিত) ণ, ত্রি, স্থিরীকৃত, অবধারিত।

সুনিষণ্ণ, সুনিষণ্ণক, (সু=উত্তম+নিষণ্ণ=নিদ্রাকর্ত্তৃক অবনমন; পক্ষে কন্—যোগ) স্ত্র, ন, সুষুণীশাক।

সুনিষ্টপ্ত, (সু=অত্যন্ত+নিষ্টপ্ত=উত্তপ্ত) ণ, ত্রি, অতিশয় উত্তপ্ত,উষ্ণ।

সুনীতি, (সু=উত্তম+নীতি, কর্ম্মধা) স্ত্র, স্ত্রী, উত্তম নীতি, সদাচরণ, ধ্রুব মাতা। ণ, ত্রি, নীতিমান।

সুনীথ, (সু=উত্তমরূপে+নী—পাওয়া +থক্) ণ, ত্রি, সাধু,ধার্ম্মিক,সৎ।

সুনু, স্ত্র, ন, জল, বারি। [বিশেষ।

সুন্দ, স্ত্র, পুং, দৈত্যবিশেষ, বানর

সুন্দর, (সু=উত্তমরূপে+দৃ=আদর করা+অল্—ঢ; ন্—আগম; কিম্বা সু+উন্দ্=[মনকে] আর্দ্র করা+ অরন্) ণ, ত্রি, মনোজ্ঞ, মনোহর, রম্য, সুরূপ। স্ত্র, পুং, কামদেব। রী—স্ত্রী, সুরূপা স্ত্রী, সুঁদরী গাছ, ছন্দোবিশেষ, হরিদ্রা।

সুন্বৎ, (সু=যাগকরা+অৎ—ষ; ন্ ব আগম) ণ,ত্রি, যজ্ঞকারী, যাজ্ঞিক, যজমান।

সুপক্ব, (সু=উত্তম+পক্ব, কর্ম্মধা) ণ, ত্রি, উত্তম পারপক্ব, সুপরিণত, সুসিদ্ধ। স্ত্র, পুং, সুগন্ধি আম্রবিশেষ

সুপচ, (সু+পচ্=পাককরা+অচ্) ণ, ত্রি, লঘুপাক দ্রব্য।

সুপত্র, (সু=উত্তম+পত্র=পাতা) ণ, ত্রি, সুন্দর পত্রযুক্ত, সুন্দর পক্ষযুক্ত, সুন্দর বাহনযুক্ত। স্ত্র, ন, তেজপত্র, তেজপাত।

সুপথ, সুপথিন্, (সু=উত্তম+পথিন্ =রাস্তা, কর্ম্মধা; অ) স্ত্র,পুং, সুন্দর পথ, সন্মার্গ, সদাচার।

সুপদ্ম, স্ত্র, পুং, ব্যাকরণবিশেষ। দ্মা —স্ত্রী, ঔষধবিশেষ, বচ।

সুপর্ণ, (সু=সুন্দর + পর্ণ=পালখ; ৬.হ) স্ত্র, পুং, গরুড়, স্বর্ণচূড়পক্ষী, কুক্কুট। ণ, ত্রি, সুন্দর পর্ণযুক্ত। র্ণা —স্ত্রী,পদ্মিনী, বিনতা, গরুড়মাতা।

সুপর্ণক, (সু=উত্তম+পর্ণ=পালক+ কন্—যোগ) স্ত্র, পুং, গরুড়, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিম গাছ।

সুপর্ণকেতু, (সুপর্ণ=গরুড়+কেতু= চিহ্ন; ৬.হ) স্ত্র, পুং, গরুড়ধ্বজ, বিষ্ণু। [শালপর্ণী, রেণুকা, বাকুচী।

সুপর্ণিকা, স্ত্র,স্ত্রী,স্বর্ণজীবন্তী, পলাশী,

সুপর্ব্বা, (সু=উত্তম, অত্যন্ত+পর্ব্বন্ গাঁইট; ৬.হ) স্ত্র, পুং, দেবতা, বাণ, শর, পত্রী, বাঁশ, বেণু, তিথিবিশেষ, ধূম। ন, সুন্দর পর্ব্ব।

সুপাত্র, (সু=উত্তম+পাত্র=ভাজন, কর্ম্মধা) স্ত্র, পুং, যোগ্য ব্যক্তি, উপযুক্ত পাত্র, উত্তম ভাজন।

সুপারী, (দেশজ) স্ত্র, গুবাক ফল, পূগ, গুয়া। [রোধ, অনুরোধ।

সুপারীস, (যবনভাষা) স্ত্র, উপ-

সুপার্শ্ব, (সু=উত্তম+পার্শ্ব=পাশ) স্ত্র, পুং, পক্ষিবিশেষ, সম্পাতির পুত্র,

প্রস্রবৃক্ষ, বর্ত্তমান খন্দেশ, সপ্তম জৈনমুনি।

সুপীবা, (সু—উত্তমরূপে+পা—পান-করা+বন্) ণ, ত্রি, উত্তমরূপে পানকারী।

সুপুষ্প, (সু—উত্তম+পুষ্প—ফুল) স্ত্র, পুং, পালিতামাদার গাছ, শিরীষ-বৃক্ষ। ন, লবঙ্গ। ষ্পী—স্ত্রী, কদলী, পুষ্পবিশেষ।

সুপ্ত, (স্বপ্—নিদ্রিত হওয়া+ক্ত—ভাব, ঘ) স্ত্র, ন, নিদ্রা, শয়ন। ণ, ত্রি, নিদ্রিত, শয়িত, ইন্দ্রিয়জ্ঞানশূন্য।

সুপ্তঘাতক, (সুপ্ত—নিদ্রিত+ঘাতক =হত্যাকারী) ণ, ত্রি, হিংস্র, হিংস্রক, হত্যাকারী।

সুপ্তজন, (সুপ্ত—নিদ্রিত+জন—লোক) স্ত্র, পুং, অর্দ্ধরাত্র, নিদ্রিত লোক।

সুপ্তজ্ঞান, (সুপ্ত=নিদ্রিত+জ্ঞান) স্ত্র, ন, স্বপ্ন, স্বপন।

সুপ্তি, (স্বপ্+ক্তিন্—ভাব) স্ত্র, স্ত্রী, নিদ্রা, ঘুমান, স্বপ্ন, শয়ন, বিশ্রম্ভ, বিশ্বাস। [সুরা, সীধু, উজ্জ্বল বুদ্ধি।

সুপ্রতিভা, স্ত্র, স্ত্রী, মদিরা, মদ্য, সুপ্রতিষ্ঠা, স্ত্র, স্ত্রী, দেবোদ্দেশে মন্দিরাদি বিধান, যশঃ, খ্যাতি, ছন্দোবিশেষ।

সুপ্রতীক, (সু—সুন্দর+প্রতীক—অবয়ব; ৬,হ) ণ, ত্রি, শোভনাঙ্গ, সুন্দর রূপে নির্ম্মিত, দেখিতে সুন্দর। পুং, ঈশান কোণের হস্তী।

সুপ্রতীত, ণ, ত্রি, উত্তমরূপে জ্ঞাত, সাতিশয় প্রসিদ্ধ, স্পষ্টপ্রমাণীভূত।

সুপ্রভ, (সু—উত্তম+প্রভা—দীপ্তি; ৬.হ) ণ, ত্রি, সুন্দর প্রভাযুক্ত। ভা—স্ত্রী, দীপ্তি।

সুপ্রভাত, (সু—শুভ+প্রভাত—প্রাতঃ-কাল) স্ত্র, ন, শুভসূচক প্রাতঃকাল। (সু—অত্যন্ত+প্রভাত = দীপ্ত; ৬.হ) ণ, ত্রি, সাতিশয় দীপ্তিবিশিষ্ট।

সুপ্রলম্ভ, (সু—সুখে, উত্তমরূপে+প্র+লভ্—পাওয়া+খচ্) ণ, ত্রি, যাহা অনায়াসে পাওয়া যাইতে পারে, সুখলভ্য, অনায়াসলভ্য।

সুপ্রলাপ, (সু—উত্তমরূপে+প্রলাপ—কথন) স্ত্র, পুং, সূক্তি, সুবচন, সুন্দর বাক্য, বক্তৃতা, বাগ্মিতা।

সুপ্রসন্ন, (সু—উত্তমরূপ, অত্যন্ত+প্রসন্ন—হৃষ্ট) ণ, ত্রি, সাতিশয় প্রসন্ন, নিতান্ত অনুকূল। স্ত্র, পুং, যক্ষরাজ, কুবের।

সুপ্রসাদ, (সু—অত্যন্ত, উত্তম+প্রসাদ—প্রসন্নতা) স্ত্র, পুং, আশুতোষ, শিব, একান্ত অনুকূলতা, সাতিশয় প্রসন্নতা।

সুপ্রাত, (সু—উত্তম+প্রাতর্—প্রাতঃ-কাল) ণ, ত্রি, শোভন প্রাতঃকাল-বিশিষ্ট।

সুফল, ণ, ত্রি, উত্তম ফলশালী, সুন্দর সুমিষ্ট ফলোৎপাদক। স্ত্র, পুং, বিল্ব, বেল, দাড়িম্ব, শিম্বী বিশেষ। লা—স্ত্রী, অলাবু, লাউ, কদলী, দ্রাক্ষা-বিশেষ।

সুফেন, (সু—উত্তম+ফেন—ফেনা) স্ত্র, ন, সমুদ্রের ফেনা, কস্তুরা।

সুবন্ধ, (সু+বন্ধ—বন্ধন) স্ত্র, পুং, শস্যবিশেষ, তিল।

সুবুদ্ধি, (সু—উত্তম+বুদ্ধি=বোধ; ৬,হ) ণ, ত্রি, সুধী, উত্তম বুদ্ধিশালী।

সুবোধ, (সু=উত্তম+বোধ—জ্ঞান; ৬,হ) ণ, ত্রি, উত্তমবুদ্ধিশালী, সাতিশয় বুদ্ধিমান্, যাহাকে অনায়াসে বুঝান যায়, যে শীঘ্র বুঝিতে পারে। পুং, জ্ঞান, জাগরণ।

সুভগ, (সু—উত্তম, শ্রেষ্ঠ+ভগ—ভাগ্য, শ্রী; ৬,হ) ণ, ত্রি, সুন্দর, লোচ-নানন্দদায়ক, যাহাকে স্ত্রীগণ কামনা করে, প্রিয়, ভাগ্যবান্, সৌভাগ্য-শালী, সুখদ, সোহাগা, অশোক-

বৃক্ষ, চম্পক। গা-স্ত্রী, স্বামীর সোহাগিনী কামিনী, মাননীয়া সম্ভ্রান্তা গৃহিণী, বনমল্লিকা, গিরি-মল্লিকা, হরিদ্রা, তুলসী, তৃণবিশেষ, নীলদূর্ব্বা, সুবর্ণকদলী, চাঁপাকলা, প্রিয়ঙ্গুলতা, কস্তুরী, শালপর্ণীলতা।

সুভগম্মন্য, (সুভগ+মন্=বোধকরা+ +খৎ) ণ, ত্রি, যে আপনাকে সুভগ অর্থাৎ সুন্দর বা প্রিয় বলিয়া মনে করে। [নারিকেল বৃক্ষ।

সুভঙ্গ, (সু+ভঙ্গ=ভাঙ্গন) স্ব, পুং,

সুভদ্র, (সু=অতিশয়+ভদ্র=সৌভাগ্য; ৬ষ্ঠ) ণ, ত্রি, সুসভ্য, সৌভাগ্য-বিশিষ্ট, উত্তম, অতিশয় মঙ্গলযুক্ত। স্ব, পুং, বিষ্ণু, নৃপতিবিশেষ।

সুভদ্রক, (সুভদ্র+কন্—যোগ) স্ব, পুং, বিমান, ব্যোমযান, বিল্ববৃক্ষ।

সুভদ্রা, (সুভদ্র+আপ্) স্ব, স্ত্রী, কৃষ্ণের ভগিনী, অর্জ্জুন পত্নী, লতা-বিশেষ, স্বৃতমন্দার গাছ।

সুভাষিত, (সু=উত্তমরূপ+ভাষা=বাক্য+ইত; কিম্বা ভাষ্=বলা+ক্ত) ণ, ত্রি, উত্তমরূপে কথিত। যা, ন, সুন্দর বাক্য, সুবচন, সূক্তি।

সুভিক্ষ, (সু = উত্তমরূপ + ভিক্ষ্= যাচ্ঞা করা, ভিক্ষা দ্বারা লাভ করা+ঘঞ্) ণ, ত্রি, প্রচুর ভিক্ষা বা ভক্ষ্যবিশিষ্ট। ক্ষা—স্ত্রী, বৃক্ষ-বিশেষ।

সুভীরক, স্ব, পুং, পলাশবৃক্ষ।

সুভূ, (সু=উত্তম+ভূ=হওয়া+কিপ) ণ, ত্রি, সুজাত, সুজন্মা। স্ত্রী, উৎকৃষ্ট ভূমি।

সুভূতিক, স্ব, পুং, বিল্ববৃক্ষ, শ্রীফল।

সুভূম, স্ব, পুং, কার্ত্তবীর্য্য, জৈনমতে ইনি ৮ম চক্রবর্ত্তী।

সুভৃশ, (সু+ভৃশ=অতিশয়) ণ, ত্রি, ব্য, অতিশয়, বহু।

সুভ্রূ, (সু=সুন্দর+ভ্রূ=চখের ভুরু; ৬.ব) স্ব, স্ত্রী, সুন্দর ভ্রূ'বিশিষ্টানারী, সুন্দরী নারী। ণ,ত্রি, সুন্দরভ্রূযুক্ত।

সুম, (সু=উত্তম+মা=লক্ষ্মী) স্ব, ন, পুষ্প, কুসুম, ইহা লক্ষ্মীর আস্পদ; সুমনা। পুং, চন্দ্র, গগন, আকাশ।

সুমত, (সু=উত্তমরূপ+মন=বোধ-করা+ক্ত) ণ, ত্রি, সুবুদ্ধিশালী, বন্ধুত্ববিশিষ্ট, প্রিয়।

সুমতি, (সু=উত্তম+মতি=বুদ্ধি, কর্ম্মধা) স্ব স্ত্রী, সুবুদ্ধি, দয়া, বন্ধুত্ব, বর্ত্তমান কল্পের ৫ম জৈনমুনি, অতীত কল্পের এক জৈনমুনি।

সুমদন, স্ব, পুং, আম্রবৃক্ষ।

সুমদাত্মজা, (সু=অত্যন্ত+মদ=মত্ততা +আত্মজা=কন্যা) স্ব, স্ত্রী, অপ্সরা, স্বর্গবেশ্যা।

সুমধুর, (সু=অতিশয়+মধুর-মিষ্ট, কর্ম্মধা) ণ, ত্রি, অতিমধুর, অতিশয় মিষ্ট, হর্ষজনক।

সুমধ্যম, (সু=উত্তম+মধ্যম=কটি; ৬.হ) ণ, ত্রি, যাহার কটিদেশ উত্তম, উত্তমকটিযুক্ত। মা—স্ত্রী, যে স্ত্রীর কটিদেশ উত্তম।

সুমন, (সু=উত্তম+মন্=বোধকরা +অচ্) স্ব, পুং, গোধূম, গম, ধুতূর। ণ, ত্রি, মনোহর। না—স্ত্রী, জাতীপুষ্প বৃক্ষ।

সুমনঃফল, স্ব, পুং, কপিত্থ, বিল্ব। ন, জাতীফল, জায়ফল।

সুমন্ত্র, (সু=উত্তম+মন্ত্র=মন্ত্রণা; ৬.হ) স্ব, পুং, দশরথ রাজার সারথি ও মন্ত্রী। [গের বাক্য বিশেষ।

সুমিত্রভূ, স্ব, পুং, সগর, জিনদি-

সুমিত্রা, (সু=উত্তম+মিত্র=বন্ধু+ আপ্) স্ব, স্ত্রী, দশরথের কনিষ্ঠা স্ত্রী, লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা।

সুমুখ, (সু=উত্তম+মুখ; ৬.হ) স্ব, পুং, গরুড়পুত্র, নাগবিশেষ, শাক-বিশেষ, পণ্ডিত, অধ্যাপক, গণেশ,

গরুড়, বর্ব্বুর, বাবুই গাছ। ন, নথ-ক্ষতবিশেষ। ণ, ত্রি, সুন্দর, মনোজ্ঞ, বিদ্বান্, সুন্দরমুখযুক্ত। খা, খী—স্ত্রী, সুবদনা, দর্পণ, আরসি, আয়না।

সুমেধাঃ, (সু=উত্তম+মেধা=বুদ্ধি, ৬.হ ; অস্) ণ, ত্রি, সুবুদ্ধি, উত্তম বুদ্ধিসম্পন্ন।

সুমেরু, (সু=উত্তম+মি=[ক্ষিপণ] ক্ষেপণকরা+রু) ষ্য, পুং, পৃথিবীর মধ্যস্থ পর্ব্বতবিশেষ, পৃথিবীর উত্তর প্রান্ত, জপমালা-মধ্যস্থ গুটিকা। ণ, ত্রি, সর্ব্বশ্রেষ্ঠ।

সুমেরুবৃত্ত, ষ্য, উত্তর মেরু হইতে ২৩॥০ অক্ষাংশ অন্তরে স্থিত রেখা। (Arctic Circle.)

সুমেরুসমুদ্র, ষ্য, পৃথিবীর উত্তরমেরুর চতুষ্পার্শ্ববর্ত্তী সমুদ্র। (Arctic Ocean)

সুম্ভ পুং, দেশবিশেষ।

সুযোগ, (সু=উত্তম+যোগ=উপায় ইত্যাদি, কর্ম্মধা) ষ্য, ন, সুসময়, সদুপায়।

সুযোধন, (সু=উত্তমরূপে+যুধ্=যুদ্ধকরা+অনট্—ট) ষ্য, পুং, কুরু-রাজ, দুর্য্যোধন।

সুর, (সু=আধিপত্যকরা+রক্—ষ, কিম্বা সুর্=প্রভু হওয়া+ক—ষ, অথবা সু=উত্তমরূপ+রাজ্=দীপ্ত পাওয়া+ড—ষ) ষ্য, পুং, দেবতা, সূর্য্য, সবিতা, পণ্ডিত।

সুরক্ত, (সু=উত্তমরূপে+রন্‌জ্=অনু-রক্ত হওয়া ইত্যাদি+ক্ত) ণ, ত্রি, উত্তমরূপে রঞ্জিত, অতিশয় অনু-রক্ত, অতিসুশ্রাব্য, অতিশয় মধুর, যাহার কণ্ঠের স্বর মধুর, সুরগণ্ড। ষ্য, পুং, রোগবিশেষ, রাজগাঁড।

সুরগুরু, (সুর=দেবতা+গুরু, ৬-ষ) ষ্য, পুং, বৃহস্পতি, দেবাচার্য্য।

সুরগ্রামণী, (সুর=দেবতা+গ্রামণী=যে লইয়া যায়) ষ্য, পুং, ইন্দ্র।

সুরঙ্গ, (সু=উত্তম+রঙ্গ=রং ; ৫.হ) ষ্য, ন, সিন্দুর, হিঙ্গুল। পুং, সুড়ঙ্গ, অতি উজ্জ্বল রং, কমলালেবু। [মাটী।

সুরঙ্গধাতু, ষ্য, পুং, গৈরিক, গেরি-

সুরঙ্গযুক্, (সুরঙ্গ=সুড়ঙ্গ+যুজ্=যে যোগ করে বা করে) ষ্য, পুং, সুড়ঙ্গ কাটিয়া যে চুরি করে, সিঁদেল।

সুরঙ্গা, সুরুঙ্গা, (সু+রন্‌জ্=অনুরক্ত হওয়া ইত্যাদি+অ ; পক্ষে অ=উ) ষ্য, স্ত্রী, সুড়ঙ্গ, সন্ধি, সিঁধ, গন্ধতৃণ বিশেষ, বেলোয়ারী কাচ।

সুরঙ্গিকা, ষ্য, স্ত্রী, মূর্ব্বালতা, মুজ।

সুরঙ্গী, ষ্য, স্ত্রী, কাকনাশা, রক্ত শোভাঞ্জন বৃক্ষ।

সুরজঃফল, পুং, কাঁঠালগাছ।

সুরজ্যেষ্ঠ, (সুর=দেবতা+জ্যেষ্ঠ=অ-গ্রজ) ষ্য, পুং, ব্রহ্মা, প্রজাপতি, পিতামহ।

সুরঞ্জন, (সু=উত্তমরূপ+রঞ্জন=সন্তুষ্ট করণ) ষ্য, পুং, গুবাকবৃক্ষ, সুপারিগাছ।

সুরত, (সু=উত্তমরূপে+রম=ক্রীড়া করা+ক্ত—ভাব, ষ) ষ্য, ন, স্ত্রীসঙ্গ, রমণ, রতিক্রীড়া। ণ, ত্রি, অতি অনু-রক্ত, দয়ালু। (সুর+তল্—সমূহার্থে) স্ত্রী, দেবসমূহ, দেবত্ব।

সুরততালী, (সুরত=রতিক্রীড়া+তাল=স্বর ইত্যাদি+ঙীপ্) ষ্য, স্ত্রী, দূতী, কুটিনী, শিরোমাল্য।

সুরতোষক, (সুর=দেবতা+তুষ্=তুষ্ট হওয়া+ণক) ষ্য, পুং, কৌস্তুভমণি। ণ, ত্রি, দেবতাদের প্রীতিকর।

সুরথ, ণ, ত্রি, উত্তমরথযুক্ত, যে উত্তম রথে আরোহণ করিয়াছে, বা যাহার উত্তম রথ আছে। ষ্য, পুং, চন্দ্রবং-শীয় নৃপবিশেষ।

সুরদারু, (সুর=দেবতা+দারু=কাষ্ঠ) ষ্য, পুং, দেবদারু বৃক্ষ।

সুরদীর্ঘিকা, (সুর=দেবতা+দীর্ঘিকা

=বীথী, ৬-ব) স্ত্র, স্ত্রী, সুরনদী, স্বর্গঙ্গা, মন্দাকিনী।
সুরদুন্দুভী, স্ত্র, স্ত্রী, দেবদুন্দুভী, তুলসী
সুরদ্বিপ, (সুর=দেবতা+দ্বিপ=হস্তী, ৬-ব) স্ত্র, পুং, দেবহস্তী, ঐরাবতাদি।
সুরদ্বিট্, (সুর=দেবতা+দ্বিষ্=যে দ্বেষ করে, ৪-ব) স্ত্র, পুং, অসুর, দানব, দিতিজ, রাহু, সৈংহিকেয়।
সুরধনুঃ, (সুর=দেবতা+ধনুস্=ধনুক, ৬-ব) স্ত্র, ন, শক্রধনুঃ, রামধনুক।
সুরধুনী, সুরনদী, সুরনিম্নগা, (সুর=দেবতা+ধুনী, নদী, নিম্নগা, ৬-ব) স্ত্র, স্ত্রী, দেবনদী, গঙ্গা, মন্দাকিনী।
সুরপতি, (সুর=দেবতা+পতি=স্বামী, ৬-ব) স্ত্র, পুং, দেবরাজ, ইন্দ্র।
সুরপথ, (সুর=দেবতা+পথ=পথিন্ শব্দজ, ৬-ব) স্ত্র, ন, আকাশ।
সুরপর্ণিকা, (সুর=দেবতা+পর্ণ=পত্র +কন্—যোগ) স্ত্র, স্ত্রী, পুন্নাগ বৃক্ষ।
সুরপাদপ, (সুর=দেবতা+পাদপ=বৃক্ষ) স্ত্র, পুং, দেবতরু, কল্পবৃক্ষ।
সুরপ্রিয়, স্ত্র, পুং, ইন্দ্র, বৃহস্পতি। -য়া, স্ত্রী, জাতীফল, জায়ফল, স্বর্ণরম্ভা, চাঁপাকলা।
সুরভি, (সু+রভ্=হৃষ্টচণ্ডয়া ইত্যাদি +ই) ণ, ত্রি, সুগন্ধ, সদগন্ধযুক্ত, মনোহর, আনন্দজনক, মিত্র, মিত্রতাকারক, খ্যাত, বিজ্ঞ, বিদ্বান্, সুন্দর, ধার্ম্মিক, সৎকর্ম্মা। স্ত্র, পুং, সুগন্ধদ্রব্য, চম্পকবৃক্ষ, বসন্তকাল, চৈত্রমাস, জাতীফল বৃক্ষ, কদম্ববৃক্ষ, বকুল বৃক্ষ। ন, স্বর্ণ, গন্ধক, জাতীফল। স্ত্রী, ঔষধের গাছড়াবিশেষ, সুরা, কামধেনু, দেবগাভি, গাভি, সুরা, পৃথিবী, মাতৃকাবিশেষ, তুলসী, মল্লিকা।
সুরভিত, (সুরভি+ইত—অস্ত্যর্থে) ণ, ত্রি, সৌরভযুক্ত, সুগন্ধবিশিষ্ট।
সুরভিত্বক্, ন, এলা, বড় এলাচী।
সুরভিবাণ, পুং, পুষ্পধন্বা, কামদেব।
সুরর্ষি, (সুর=দেবতা+ঋষি, কর্ম্মধা) স্ত্র, পুং, দেবর্ষি, নারদ তুম্বুরু প্রভৃতি।
সুরলা, (সুর=দেবতা+লা=পাওয়া +অঙ্) স্ত্র, স্ত্রী, গঙ্গা, নদীবিশেষ।
সুরলাসিকা, স্ত্র, স্ত্রী, বংশীবাদ্য, বাঁশীর শব্দ।
সুরলোক, (সুর=দেবতা+লোক=ভুবন, ৬-ব) স্ত্র, পুং, দেবলোক, স্বর্গ। [৬-ব) স্ত্র, ন, আকাশ।
সুরবর্ত্ম, (সুর=দেবতা+বর্ত্মন্=পথ,
সুরবিদ্বিট্, (সুর+বিদ্বিষ্=শত্রু) স্ত্র, পুং, অসুর, দৈত্য, দানব।
সুরবৈরী, সুরশত্রু, (সুর=দেবতা+বৈরী, শত্রু, ৬-ব) স্ত্র, পুং, দৈত্য, অসুর।
সুরশাখী, (সুর=দেবতা+শাখিন্=বৃক্ষ) স্ত্র, পুং, দেবতরু, কল্পবৃক্ষ।
সুরস, (সু=উত্তম+রস, ৬.হ) ণ, ত্রি, মিষ্ট, স্বাদু, সুস্বাদ, রসযুক্ত, সুন্দর। স্ত্র, পুং, সুন্দর রস, সিন্ধুবারবৃক্ষ। ন, ত্বক্, বল্কল। সা—স্ত্রী, তুলসী, নাগমাতা, দুর্গা, অতিধৃতি ছন্দোবিশেষ, রাস্না, মহাশতাবরী, ব্রাহ্মীবৃক্ষ, নদীবিশেষ।
সুরসদ্ম, (সুর=দেবতা+সদ্মন্=গৃহ, ৬-ব) স্ত্র, ন, দেবলোক, স্বর্গ।
সুরসরিৎ, সুরসিন্ধু, (সুর=দেবতা+সরিৎ, সিন্ধু=নদী, ৬-ব) স্ত্র, স্ত্রী, সুরনদী, মন্দাকিনী, গঙ্গা।
সুরসবস্ত্র, স্ত্র, বল্কলনির্ম্মিত বস্ত্র।
সুরসুন্দরী, সুরাঙ্গনা, (সুর=দেবতা +সুন্দরী, অঙ্গনা=স্ত্রী, ৬-ব) স্ত্র, স্ত্রী, স্বর্গবেশ্যা, অপ্সরা।
সুরা, সুরী, (সু=[মত্ততা] প্রসব করা+ক; আপ্, ঙীপ্) স্ত্র, স্ত্রী, মদ্য, মদিরা, চষক, পানপাত্র, সর্পিনী।
সুরাচার্য্য, (সুর=দেবতা+আচার্য্য=গুরু, ৬ ব) স্ত্র, পুং, দেবগুরু, বৃহস্পতি।

সুরাজীব, সুরাজীবী, (সুরা=মদ্য+জীব, জীবিন্=যে বাঁচে, ৩-ষ) স্ত্র, পুং, শৌণ্ডিক, শুঁড়ি।

সুরাপ, (সুরা+প=যে পান করে, ২-ষ) ণ, ত্রি, মদ্যপায়ী, মাতাল।

সুরাপগা, (সুর=দেবতা+আপগা=নদী, ৬-ষ) স্ত্র, স্ত্রী, গঙ্গা, মন্দাকিনী।

সুরাপাণ, (সুরা=মদ্য+পা=পানকরা+অনট্) স্ত্র, পুং, বহুং, প্রাচ্য, পূর্ব্বদেশীয় লোক।

সুরাভাগ, স্ত্র, পুং, মদ্য পান করিবার নিমিত্ত যে দ্রব্য দেওয়া যায়, মদের ফুট্।

সুরারি, (সুর=দেবতা+অরি=শত্রু, ৬-ষ) স্ত্র, পুং, সুরশত্রু, অসুর, দানব।

সুরার্হ, (সুর=দেবতা+অর্হ=যোগ্য) স্ত্র, ন, স্বর্ণ, সুবর্ণ, চামীকর, হরিচন্দন।

সুরালয়, (সুর=দেবতা, বা সুরা=মদ্য+আলয়=গৃহ) স্ত্র, পুং, সুমেরুপর্ব্বত, স্বর্গ, নাক, ত্রিদিব, মদিরাগৃহ, শুঁড়ির দোকান।

সুরাষ্ট্র, (সু = উত্তম + রাষ্ট্র=দেশ, কর্ম্মধা)স্ত্র,পুং,সৌরাষ্ট্র, সুরাট্ দেশ।

সুরুঙ্গাহি, (সুরুঙ্গ=দেওয়ালের গর্ত্ত, সিঁধ+অহি=সর্প) স্ত্র, পুং, সন্ধিচোর, সিঁধাল চোর।

সুরূপ, (সু = উত্তম+রূপ ; ৬.হ) ণ, ত্রি, উত্তমরূপবিশিষ্ট,রূপবান্,বিজ্ঞ, জ্ঞানী, বিচক্ষণ, পণ্ডিত। পা—স্ত্রী, শালপর্ণীবৃক্ষ, বামনহাটীর গাছ।

সুরূহক,(সু=উত্তমরূপ+রুহ্=আরোহণ করা+ণক) স্ত্র, পুং, অশ্ব, যাহার গর্দ্দভের ন্যায় বর্ণ।

সুরেজ্য, (সুর=দেবতা+ইজ্য=গুরু, আচার্য্য) স্ত্র, পুং, সুরাচার্য্য, বৃহস্পতি।—জ্যা, স্ত্রী, তুলসী।

সুরেন্দ্র, (সুর=দেবতা+ইন্দ্র, ৬-ষ) স্ত্র, পুং, দেবরাজ, ইন্দ্র, বাসব।

সুরেন্দ্রজিৎ, (সুরেন্দ্র=ইন্দ্র+জিৎ=যে জয় করে) স্ত্র, পুং, গরুড়।

সুরেত, (সু=উত্তমরূপ+রেত্=শব্দ করা+অচ্) স্ত্র, ন, রজ, রাং।

সুরেভট, পুং, পূগ বৃক্ষবিশেষ, এক প্রকার সুপারীর গাছ।

সুরেশ্বর, (সুর=দেবতা+ঈশ্বর=প্রভু) স্ত্র, পুং, শিব, মহাদেব, ইন্দ্র, দেবরাজ। রী—স্ত্রী, স্বর্গঙ্গা, মন্দাকিনী, দুর্গা, মহেশ্বরী। [পুন্নাগবৃক্ষ।

সুরেষ্ট, পুং, বাণগাছ, শালগাছ,

সুরৈ, (সু=প্রচুর+রৈ=ধন; ৬.হ) স্ত্র, পুং,—স্ত্রী, সম্পত্তিশালী, ধনাঢ্য, বণিক।

সুরোত্তম, পুং, সবিতা, সূর্য্য, রবি।

সুরোত্তর, (সুর=দেবতা [পূজন] +উত্তর=শ্রেষ্ঠ, ৭-ষ) স্ত্র, পুং, শ্রীখণ্ড, চন্দন। [স্ত্র, পুং, সুরাসমুদ্র।

সুরোদ, (সুরা=মদ্য+উদ=জল)

সুলক্ষণ, (সু=উত্তম+লক্ষণ=চিহ্ন; ৬.হ) ণ, ত্রি, উত্তম লক্ষণাক্রান্ত। ণা—স্ত্রী, পার্ব্বতীর সখীবিশেষ।

সুলভ, (সু=সুখে+লভ্=পাওয়া+অচ্—চ) ণ, ত্রি, অনায়াসলভ্য, সুখলভ্য, অযত্ন-সিদ্ধ।

সুলূ, (সু = উত্তম+লূ=যে ছেদন করে) ণ, ত্রি, উত্তমছেদক, যে ভাল করিয়া কাটিতে পারে।

সুলোচন, (সু=সুন্দর+লোচন=চক্ষু; ৬.হ) স্ত্র, পুং, হরিণ, মৃগ। ণ, ত্রি, উত্তম লোচনবিশিষ্ট। না—স্ত্রী, সুনয়না স্ত্রী, হরিণী।

সুলোহক, (সু = উত্তম + লোহ=লোহা+কন্—যোগ) স্ত্র,ন, পিত্তল, পিতল।

সুলোহিত, (সু=অত্যন্ত+লোহিত=রক্তবর্ণ) ণ, ত্রি, অতিশয় রক্তবর্ণ। তা—স্ত্রী, অগ্নির সাত জিহ্বার একজিহ্বা।

সুবচন, (সু=উত্তম+বচন=বাক্য) ষ্য, ন, শোভন বাক্য, সুন্দর উক্তি।
সুবচনী, শুভচনী, (সু=শুভ+বচন =বাক্য+ঈপ্) ষ্য, স্ত্রী, শক্তির ভেদ, দেবীবিশেষ, বিপদুদ্ধারার্থ স্ত্রীলোকেরা যাঁহার পূজা করে।
সুবচাঃ, (সু=উত্তম+বচস্=বাক্য; ৬-হ) ণ, ত্রি, বাগ্মী, সদ্বক্তা।
সুবন, (সূ=প্রসব করা+কুন্) ষ্য, পুং, সূর্য্য, অগ্নি, চন্দ্র। [স্ত্রী, বৃদ্ধা।
সুবয়াঃ, (সু+বয়স্) ষ্য, স্ত্রী, প্রৌঢ়া
সুবর্চ্চল, (সু = উত্তমরূপ+বর্চ্চ্= =দীপ্তিপাওয়া+অলচ্) ষ্য, পুং, দেশবিশেষ। লা—স্ত্রী, সূর্য্যপত্নী, অতসী, তিসী, মসিনা।
সুবর্ণ, (সু=সুন্দর+বর্ণ=রং; ৬-হ) ষ্য, ন, স্বর্ণ, সোণা, হরিচন্দন, ধন, সম্পত্তি, বস্তু। পুং,—ন, মোহর, কর্ষপরিমাণ, ধুস্তূর, ধুতুরা, নাগকেশর বৃক্ষ। পুং, যজ্ঞবিশেষ, গৈরিক, গেরিমাটি। ণ, ত্রি, সুরূপ, সুন্দরবর্ণ, সুন্দর অক্ষরযুক্ত, শ্রেষ্ঠজাতিতে উৎপন্ন, উজ্জ্বল। র্ণা—স্ত্রী, কৃষ্ণাগুরু, হরিদ্রা।
সুবর্ণক, (সুবর্ণ+কন্—যোগ) ষ্য, ন, পিত্তল। পুং, সোঁদালি গাছ। স্ত্রী, সুন্দরবর্ণযুক্তা।
সুবর্ণকদলী, (সুবর্ণ=সোণা+কদলী =কলা গাছ) ষ্য, স্ত্রী, চাঁপাকলার গাছ, চাঁপাকলা।
সুবর্ণকার, সুবর্ণকৃৎ, (সুবর্ণ=সোণা +কার, কৃৎ=যে করে, ২-ষ) ষ্য, পুং, স্বর্ণকার, সেকরা।
সুবর্ণবণিক, (সুবর্ণ=সোণা+বণিজ্ =বেণিয়া) ষ্য, পুং, জাতিবিশেষ, সোণার বেণিয়া। [ষ্য, স্ত্রী, হরিদ্রা।
সুবর্ণবর্ণা, (সুবর্ণ=সোণা+বর্ণ=রং)
সুবর্ণবিন্দু, (সুবর্ণ=সোণা+বিন্দু=ক্ষুদ্র চিহ্ন) ষ্য, পুং, বিষ্ণু, নারায়ণ, বিষ্ণু।

সুবল্লি, সুবল্লী, ষ্য, স্ত্রী, সোমরাজী, সোমরাজ।
সুবসন্তক, (সু=অত্যুত্তম+বসন্ত= বসন্তকাল+কন্—যোগ) ষ্য, পুং, মদনোৎসব, মাধবীলতা।
সুবহ, (সু=সুখে+বহ=বহনকারী) ষ্য, পুং, অনায়াসে বহনীয়, সুখবাহ্য, ধৈর্য্যশালী। হা—স্ত্রী, সেফালিকা, রাস্না, এলাপর্ণী, শল্লকী, ত্রিবৃতা।
সুবাস, (সু=উত্তম+বাস=গন্ধ, গৃহ) ষ্য, পুং, সুগন্ধ, সৌরভ, সুখেবাস, উত্তম নিবাস, উত্তম বাসস্থান। ণ, ত্রি, সুগন্ধি।
সুবাসিনী, (সু=সুখে+বস্=বাসকরা +ইন্—ষ; ঈপ; কিংবা সুবাস+ ইনি—অস্ত্যর্থে; ঈপ্) ষ্য, স্ত্রী, পিত্রালয় নিবাসিনী বিবাহিতা বা কুমারী স্ত্রী, সৌরভযুক্তা স্ত্রী।
সুবিচার, (সু=উত্তম+বিচার=বিবেচনা) ষ্য, পুং, সূক্ষ্ম বিচার, উত্তমরূপে মীমাংসা।
সুবিদ্, (সু=উত্তমরূপ+বিদ্=জানা +কিপ্) ণ, ত্রি, বিজ্ঞ, পণ্ডিত, গুণবান্।
সুবিদ, (সু=উত্তমরূপ+বিদ্=জানা +ক) ষ্য, পুং, কঞ্চুকী, অন্তঃপুররক্ষক।
সুবিদৎ,(সুবিদ্=পণ্ডিত+অৎ-[সতত গমনকরা] সঙ্গেথাকা+কিপ্) ষ্য, পুং, রাজা, নৃপ, নরপতি, পার্থিব।
সুবিদত্র, (সু=উত্তমরূপ+বিদ্=জানা +কত্রন্) ণ, ত্রি, জ্ঞাতি, কুটুম্ব, পরিজন।
সুবিদল্ল, (সুবিদৎ=নৃপ+লা=পাওয়া+ড; নিপাতন) ষ্য, ন, কঞ্চুকী, অন্তঃপুররক্ষক, অন্তঃপুর। ল্লা—স্ত্রী, বিবাহিতা স্ত্রী।
সুবিধা, (সু=উত্তম+বিধা=প্রকার, কর্ম্মধা) ব্য, উত্তম প্রকার, সুযোগ,

সুসময়।
সুবিধি, (সু=উত্তম+বিধি=বিধান) ষ্য, পুং, সুনিয়ম, উত্তম বিধান।
সুবিরাম্ল, ন, আমানি, কাঁজি।
সুবীজ, ষ্য, পুং, খস্‌খস্।
সুবৃত্ত, (সু=উত্তম+বৃত্ত=চরিত্র; ৬.হ) ণ, ত্রি, সচ্চরিত্র, সাধু, সদাচার, উত্তম বর্ত্তুল।
সুবেল, (সু=উত্তমরূপ+বেল্=চঞ্চল হওয়া+অচ্; কিম্বা সু+বেলা; ৬.হ) ণ, ত্রি, প্রণত, নত, শান্ত, দান্ত। ষ্য, পুং, ত্রিকূটপর্ব্বত।
সুবেশ, সুবেষ, (সু=উত্তম+বেশ=সজ্জা, কর্ম্মধা) ষ্য, ন, উত্তম সজ্জা।
সুবেশ, সুবেশী, (সু=উত্তম+বেশ=সজ্জা; ৬.হ ; সুবেশ=উত্তম সজ্জা+ঈন্—অস্ত্যর্থে) ণ, ত্রি, উত্তম বেশধারী, সুসজ্জিত।
সুব্যক্ত, (সু+ব্যক্ত=প্রকাশিত)ণ, ত্রি, স্পষ্ট,প্রকাশিত, উদ্ঘাটিত,প্রকটিত। ন, ক্রি—ণ, স্পষ্টরূপে।
সুব্রত, (সু=উত্তম + ব্রত=নিয়ম ; ৬.হ) ণ, ত্রি, ধার্ম্মিক, ব্রতানুষ্ঠায়ী। পুং, বর্ত্তমান কল্পের ২০শ জীন, ভবিষ্য কল্পের এক জৈন মুনি। তা—স্ত্রী,বর্ত্তমান কল্পের ১৫শ জৈন মুনির মাতা,সুদোহা গবী,সচ্চরিত্রা পত্নী।
সুশর্ম্মা, (সু=অত্যন্ত+শর্ম্মন্=সুখ ; ৬.হ) ষ্য, পুং, নৃপতিবিশেষ, ত্রিগর্ত্ত দেশের রাজা। ণ, ত্রি, অতিশয় সুখী।
সুশিক্ষিত, (সু=উত্তমরূপ+শিক্ষিত=শিক্ষাপ্রাপ্ত) ণ, ত্রি, উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত, কৃতবিদ্য।
সুশিখ, (সু=সুন্দর+শিখা ; ৬.হ) ষ্য, পুং, অগ্নি। ণ, ত্রি, উত্তমশিখাযুক্ত। ন, চন্দনবিশেষ।
সুশীত, সুশীতল, (সু=অতিশয়+শীত, শীতল=ঠাণ্ডা, কর্ম্মধা) ণ, ত্রি, অতি শীতল।
সুশীম, (সু=অত্যন্ত+শৈ=গমন করা+মন্) ষ্য, পুং, শৈত্য, শীতলতা। ণ, ত্রি, শীতল।
সুশীল, (সু=উত্তম+শীল=স্বভাব ; ৬.হ) ণ, ত্রি, সচ্চরিত্র। লা—স্ত্রী, যমের ভার্য্যা, কৃষ্ণের এক স্ত্রী।
সুশীলতা, (সুশীল+তল্—ভাবে) ষ্য, স্ত্রী, নম্রতা, বিনয়, সৎচরিত্র।
সুশ্রাব্য, (সু=উত্তমরূপ+শ্রু=শ্রবণ করা+ণ্যৎ—চ) ণ, ত্রি, উত্তমরূপে শ্রবণযোগ্য, শুনিতে মধুর।
সুশ্রী, সুশ্রীক, (সু=উত্তম+শ্রী; ৬.হ) ণ, ত্রি, সুন্দর, শ্রীযুক্ত, শ্রীমান্।
সুশ্রুত, (সু=উত্তম + শ্রুত=যাহা শ্রবণ করা হইয়াছে) ষ্য, পুং, বিশ্বামিত্রপুত্র,প্রসিদ্ধ চিকিৎসা-গ্রন্থকারবিশেষ, তৎকৃত গ্রন্থবিশেষ। ন, সুন্দর শ্রবণ, যাহা উত্তমরূপে শুনা হইয়াছে, বেদে কৃতবিদ্য।
সুশ্লিষ্ট, (সু=অত্যন্ত+শ্লিষ্ট=সংযুক্ত) ণ, ত্রি, নিবিড় সংযোগবিশিষ্ট, দৃঢ়রূপে সংযুক্ত, দৃঢ়বদ্ধ।
সুষম, (সু=সুন্দর+সম=সমান) ণ, ত্রি, সুন্দর, শোভন, সমান, তুল্য, সদৃশ। মা—স্ত্রী, পরম শোভা, উৎকৃষ্ট সৌন্দর্য্য।
সুষবী, (সু=উত্তমরূপ+সু=গমন করা, প্রেরণ করা+অচ্, ঙীপ্) ষ্য, স্ত্রী, কারবেল্ল, করলা, কৃষ্ণজীরক, জীরক।
সুষি,—স্ত্রী, সুষির,—ন, (শুষ্=শুষ্ক হওয়া+ই, ইর; শ স্থানে স) ষ্য, গর্ত্ত, ছিদ্র, বিল, বংশীবিশেষ।
সুষীম, (সু=সুন্দর+সীমা=প্রান্ত) ণ, ত্রি, শীতল, সুন্দর, মনোজ্ঞ। ষ্য, পুং, সুবর্ণ, সোণা, সর্পবিশেষ, চন্দ্রকান্তমণি।
সুষুপ্ত, (সু=অত্যন্ত+স্বপ্=নিদ্রিত-

হওয়া+ক্ত—ম) ণ, ত্রি, গভীর নিদ্রিত, সুষুপ্তিযুক্ত, অজ্ঞ, আত্ম-বোধশূন্য। স্ত্র,ন, সুষুপ্তি অবস্থা।

সুষুপ্তি, (সু+স্বপ্+ক্তিন্—ভাব) স্ত্র, স্ত্রী, অচেতনে নিদ্রা, সুনিদ্রা, পুরীতত্তি নাড়ীতে মনঃসংযোগ জন্য গভীর নিদ্রা, তদবস্থায় কোন স্বপ্নাদি দর্শন হয় না।

সুষুম্না, (সুষু=অব্যক্ত শব্দ+ম্না=অভ্যশীলনকরা+অচ্) স্ত্র, স্ত্রী, শরীরস্থ নাড়ীবিশেষ, মেরুদণ্ডের বহির্ভাগে ঈড়া পিঙ্গলা নাড়ীর মধ্যবর্ত্তী নাড়ী।

সুষেণ, (সু=উত্তম+সেনা=সৈন্য; ৬.হ) স্ত্র, পুং, বিষ্ণু, বেতসবৃক্ষ, বাণীর, চিকিৎসক, বানরবিশেষ।

সুষ্ঠু, (সু=উত্তম+স্থা=থাকা+উ) বা, অতিশয়, শ্রেষ্ঠ, সুন্দর, সত্য।

সুসংযত, ণ,ত্রি, দৃঢ়বদ্ধ, উত্তম নিয়মবিশিষ্ট।

সুসংস্কৃত, (সু=উত্তমরূপ+সংস্কৃত=পক্ব) ণ, ত্রি, উত্তম সংস্কারবিশিষ্ট, বিলক্ষণ ব্যুৎপন্ন, উত্তমরূপে পক্ব, রন্ধনকরা।

সুসত্যা, স্ত্র, স্ত্রী, জনক রাজার ভার্য্যা।

সুসমৃদ্ধ, ণ,ত্রি,অতিশয় সম্পত্তিশালী।

সুসম্পন্ন, ণ, ত্রি, উত্তমরূপে নিষ্পন্ন, অতি ধনাঢ্য, অতিশয় সমৃদ্ধিশালী।

সুসহ, (সু=সুখে+সহ্=সহ্যকরা+অচ্—চ) ণ, ত্রি, সুখসহ্য, অনায়াসে সহনীয়।

সুসাধ্য, (সু=সুখে+সাধ্য=সাধনীয়) ণ,ত্রি, অনায়াস-সাধ্য, সহজ,সুকর।

সুস্থ, (সু=উত্তমরূপে+স্থ=যে থাকে) ণ, ত্রি, নীরোগ, স্বচ্ছন্দ, সুখী, সুস্থির। [স্ত্রী,স্বাস্থ্য,আরোগ্য,সখ্য।

সুস্থতা, (সুস্থ+তল্—ভাবে) স্ত্র.

সুস্থির, (সু=অত্যন্ত, সুখে+স্থা=থাকা+ইর—ম) ণ. ত্রি, অতি স্থির, অচঞ্চল, সুস্থ, দৃঢ়, বদ্ধমূল।

সুস্নাত, (সু=উত্তম+স্না=স্নানকরা+ক্ত—ম, ভাব) ণ, ত্রি, যে উত্তমরূপে স্নান করিয়াছে, মাঙ্গল্যদ্রব্য দ্বারা স্নাত। স্ত্র, পুং, যজ্ঞান্তে স্নানকারী। ন, উত্তম স্নান।

সুস্পষ্ট, (সু=অত্যন্ত+স্পষ্ট) ণ, ত্রি, অতি স্ফুট, অতিশয় স্পষ্ট, প্রকট।

সুহস্তি, স্ত্র, পুং, জৈনগণ যাহাদিগকে পূর্ব্বাধর বলেন, সেই দশ জনের একজন।

সুহিত, (সু=উত্তমরূপ+হিত=ধৃত ইত্যাদি) ণ, ত্রি, পরিতৃপ্ত, সন্তুষ্ট, বিহিত, সাধিত, কৃত, সুসম্পাদিত, উপযুক্ত, সমীচীন। ন, অতিহিত। তা—স্ত্রী, অগ্নির জিহ্বাবিশেষ।

সুহৃদ্, (সু=উত্তম+হৃদ্=মনঃ; ৬.হ) স্ত্র, পুং, সদা অনুমত, মিত্র, বন্ধু, সখা, সাহায্যকারী, সহায়, সহৃদয়।

সুহৃদয়, (সু=উত্তম + হৃদয়=মনঃ; ৬.হ) ণ, ত্রি, শুদ্ধচিত্ত, প্রশস্তমনাঃ, সদন্তঃকরণবিশিষ্ট।

সুহ্ম, স্ত্র, পুং, দেশবিশেষ; ইহা বঙ্গদেশের উত্তর পূর্ব্ব অংশে আধুনিক ত্রিপুরা ও আরাকান বলিয়া খ্যাত; যবন জাতিবিশেষ।

সূ, (সূ=প্রসবকরা, প্রেরণকরা ইত্যাদি+ক্বিপ্) স্ত্র, স্ত্রী, প্রেরণ, প্রসব। ণ,ত্রি,প্রসবকর্ত্তা,উৎপাদক।

সূই, (সূচীশব্দজ) স্ত্র, সীবনার্থ লৌহ শলাকাবিশেষ, ছুই, ছুঁচ।

সূক, (সূ=প্রসবকরা, প্রেরণকরা+ক্বিপ্;কন্—যোগ)স্ত্র,পুং,বাণ,বায়ু।

সূকর, (শূকর দেখ, শূ=সূ) স্ত্র, পুং, শূকর, কুম্ভকার, মৃগবিশেষ।

সূকা, স্ত্র, স্ত্রী, শারিকাপক্ষিণী।

সূক্ত, (সু=উত্তম+উক্ত=কথিত) স্ত্র, ন, সমীচীনবাক্য, সদ্বচন, ঋগ্বেদের মন্ত্র।

সূক্তি, (সু=উত্তম+উক্তি=বচন) স্ত্র,

স্ত্রী, বেদবচন, ঋগ্বেদমন্ত্র, সংবচন।
সূক্ষ্ম, (সূচ্=জ্ঞাপনকরা+মন্) ণ, ত্রি, সরু, অল্প, অতীন্দ্রিয়। স্তু, পুং, অণু। ন, ছল, অধ্যাত্মবস্তু, অধ্যাত্মশাস্ত্র। ক্ষ্মা—স্ত্রী, শব্দপ্রবৃত্তিবিশেষ, ছোট এলাচী, মল্লিকাবিশেষ।
সূক্ষ্মকোণ, স্তু, সমকোণ অপেক্ষা লঘুকোণ। (Acute Angle.)
সূক্ষ্মতণ্ডুলা, স্তু, স্ত্রী, পিপ্পলী, পিপুল।
সূক্ষ্মদর্শনযন্ত্র, স্তু, অণুবীক্ষণ, যে যন্ত্র দ্বারা চক্ষুর অগোচর সূক্ষ্ম বস্তু দর্শন করা যায়। (Microscope.)
সূক্ষ্মদর্শী, (সূক্ষ্ম+দর্শিন্=যে দেখে, ২-য) ণ, ত্রি, অতিশয় বুদ্ধিমান্।
সূক্ষ্মদেহী, স্তু, এই সকল জীব অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ভিন্ন সামান্য নয়নে দৃষ্ট হয় না। (Infusoria.)
সূক্ষ্মপত্র, (সূক্ষ্ম=ক্ষুদ্র+পত্র=পাতা) স্তু, পুং, বাবলাগাছ, ধন্যাক, বনজিরা, সর্ষপবিশেষ, রক্তবর্ণ ইক্ষুবিশেষ। [শাদি পঞ্চভূত।
সূক্ষ্মভূত, স্তু, ন, অপঞ্চীকৃত আকা-
সূক্ষ্মশরীর, (সূক্ষ্ম+শরীর=দেহ) স্তু, ন, পঞ্চপ্রাণ, দশ ইন্দ্রিয়, মনঃ ও বুদ্ধি—আত্মার ভোগসাধন এই সপ্তদশ।
সূচক, (সূচ্=জানান+ণক—য) পুং, চর, গূঢ়পুরুষ, গোয়েন্দা, শিক্ষক, সীবনী, ছুঁচ, সূচীকর্ম্মকারী, কুকুর, কাক, বিড়াল, পিশুন, খল, দলপতি, সূত্রধার, বুদ্ধ, সিদ্ধ, পিশাচ। ণ, ত্রি, জ্ঞাপক, প্রকাশক, কথক।
সূচন, (সূচ্+অনট্—ভাব) স্তু, ন, না—স্ত্রী, জ্ঞাপন, কথন, বিদ্ধকরণ, ছুষ্টামি, পেজোমি, অঙ্গভঙ্গী দ্বারা জানান, সঙ্কেত বা চিহ্নাদি দ্বারা জানান, দৃষ্টি, অভিনয়, হিংসন, দোষাবিষ্করণ।
সূচি,—চী, (সূচ্=জানান+ই; কিম্বা সিব্=সেলাই করা+চ, ই; সিব্=ভাবে সূ) স্তু, স্ত্রী, সীবনী, ছুঁচ, সূক্ষ্ম অগ্রভাগ, নৃত্যবিশেষ।
সূচিক, (সূচি=ছুঁচ+ঠক্; কিম্বা কন্—যোগ) স্তু, পুং, সূচীকর্ম্মকারী, দরজী। কা—স্ত্রী, হস্তিশুণ্ড, ছুঁচ।
সূচিকাধর, (সূচিকা=হস্তিশুণ্ড+ধর=যে ধরে) স্তু, পুং, হস্তী।
সূচিকাভরণ, (সূচিকা+ভরণ) স্তু, ন, সূচ্যগ্রমাত্র সেব্য ঔষধবিশেষ।
সূচিকামুখ, (সূচিকা=ছুঁচ+মুখ) স্তু, ন, শঙ্খ, শাঁখ, কম্বু।
সূচিত, (সূচ্=জানান+ক্ত—চ) ণ, ত্রি, জ্ঞাপিত, কথিত, হিংসিত।
সূচিরোমা, (সূচি=ছুঁচ, [শূকরের কুঁচি]+রোমন্=লোম) স্তু, পুং, বরাহ, শূকর, কোল।
সূচিবদন, (সূচি=ছুঁচের ন্যায় সূক্ষ্মাগ্র + বদন=মুখ) স্তু, নকুল, বেঁজী, মশা।
সূচিবান, (সূচি=[সূচিবৎ] চঞ্চু+বৎ—অস্ত্যর্থে) স্তু, পুং, গরুড়।
সূচিকটাহন্যায় ;—

এক ব্যক্তি কোন কর্ম্মকারের বাটীতে যাইয়া তাহাকে একখানি কটাহ নির্ম্মাণ করিতে বলিল। তাহার অব্যবহিত পরেই অন্য একব্যক্তি যাইয়া তাহাকে একটী সূচী নির্ম্মাণ করিতে আদেশ করিল। কর্ম্মকার প্রথম ব্যক্তিকে অল্পক্ষণ অপেক্ষা করিতে অনুরোধ করিয়া, প্রথমে দ্বিতীয় ব্যক্তির সূচী নির্ম্মাণ করিল, এবং পশ্চাতে প্রথম ব্যক্তিকে একখানি কটাহ নির্ম্মাণ করিয়া দিল। এই গল্পের তাৎপর্য্য এই যে, বহুকালসাধ্য কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক অল্পকালসাধ্য এবং অল্পপরিশ্রমসাপেক্ষ কর্ম্ম সম্পন্ন করিয়া পশ্চাৎ বহুকালসাধ্য কর্ম্ম করিলে লোকের নিকট নিন্দনীয় হইতে হয় না।

সূচীচঞ্চু, স্তু, যে সকল পক্ষির চঞ্চু ন্যূনাধিক ভাবে গোল ও সরু হইয়া সূচীর ন্যায় হয়।
সূচীমুখ, ন, মণি, রত্ন।
সূচ্য, সূচনীয়, সূচিতব্য, (সূচ্=জা-

জ্ঞান+ষ, অনীয়র্, তব্য—চ) ণ, ত্রি, জ্ঞাপনীয়, বোদ্ধব্য, কথনীয় ।
সূচাগ্রস্থূলক,(সূচি=ছুঁচ+অগ্র=অগ্রভাগ+স্থূলক=স্থূল) স্ত্র, পুং, তৃণবিশেষ, উলুখড় ।
সূচ্যাস্য, (সূচী=ছুঁচ+আস্য=মুখ ; ৬,হ) স্ত্র, পুং, মূষিক, ইন্দুর, আখু ।
সূত, (সূ=প্রসবকরা+ক্ত) স্ত্র, পুং, সারথি, সূত্রধর জাতি, ছুতার, ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে উৎপন্ন প্রতিলোমজ সঙ্কীর্ণ জাতি, স্তুতিপাঠক, বন্দী, সূর্য্য, পুরাণবক্তাবিশেষ। পুং,—ন, পারদ, পারা। ণ, ত্রি,প্রসূত, জাত, উৎপন্ন, প্রেরিত। তা—স্ত্রী, সূতিকা।
সূতক, (সূত+কন্—যোগ) স্ত্র, ন, জন্ম, জননাশৌচ। পুং,—ন,পারদ। কা—স্ত্রী, সূতিকা।
সূতপুত্র, (সূত=সূর্য্য+পুত্র, ৬-ষ) স্ত্র, পুং, সূর্য্যসন্তান, কর্ণ, রাধের নামক সূতের পালিত পুত্র।
সূতলী, (সূত্রশব্দজ) স্ত্র, শণের দড়ী।
সূতা, সূতিকা, (সূ=প্রসবকরা+ক্ত—ষ ; পক্ষে কন্—যোগ ; আপ্) স্ত্র,স্ত্রী, নবপ্রসূতা স্ত্রী। [দাম।
সূতা, (সূত্রশব্দজ) স্ত্র, সূত্র, তন্তু,
সূতি, (সূ=প্রসবকরা+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, প্রসব, উৎপত্তি, জন্ম,সন্ততি, সিবন, সেলাই করা।
সূতিকাগার, সূতিকাগৃহ, সূতিকাভবন, (সূতিকা+আগার, গৃহ, ভবন=ঘর, ৬-ষ) স্ত্র, ন, প্রসবগৃহ, অরিষ্ট, আঁতুড়ঘর।
সূতিগৃহ, সূতীগৃহ, (সূতি = প্রসব, জন্ম+গৃহ) স্ত্র, ন, সূতিকাগার, অরিষ্ট, আঁতুড়।
সূতিমারুত, সূতিবাত, (সূতি=প্রসব+মারুত, বাত = বায়ু, ৬-ষ) স্ত্র, পুং, প্রসব-বেদনা,যে বায়ু সন্তানকে গর্ভ হইতে বহিঃসারণ করে।
সূৎকার, ন,নাসিকাধ্বনি,গর্জ্জন, অধৈর্য্য বা অবজ্ঞাসূচক যে কোন শব্দ।
সূত্ত, (সু=উত্তম+দত্ত; নিপাতন) ণ, ত্রি, সুন্দর বা সম্পূর্ণরূপে দত্ত।
সূত্থান, (সু=উত্তমরূপে+উত্থান=উদ্যোগ; ৬,হ) ণ, ত্রি, চতুর, নিপুণ, কর্ম্মকুশল, কার্য্যদক্ষ, পটু।
সূত্যা, (সু=[সন্তান বা ফল]ধারণকরা+ক্যপ্, আপ্ ; তুক্ আগম) স্ত্র, স্ত্রী, যজমান, যজ্ঞে সোমলতার রসপান।
সূত্র, (সিব্=সেলাইকরা + ষ্ট্রন্ ; সিব্=স্থানে সূ; কিংবা সূত্র=গাঁথা ইত্যাদি+ক) স্ত্র, ন, গুণ, তন্তু, সূতা, ব্যবস্থা, নিয়ম, শাস্ত্র, নাট্যশাস্ত্রের উপক্রম, আইনবিষয়ক মত বা নিষ্পত্তি, উপবীত, পৈতা।
সূত্রকণ্ঠ, (সূত্র=সূতা+কণ্ঠ=গলা) স্ত্র, পুং, ব্রাহ্মণ, খঞ্জনপক্ষী,পারাবত, ঘুঘু। [পুং, ডমরুবাদ্য।
সূত্রকোণ, (সূত্র=রজ্জু+কোণ) স্ত্র,
সূত্রগণ্ডিকা, স্ত্র, স্ত্রী সূতার নলী।
সূত্রতর্কুটি, স্ত্র, স্ত্রী, চরকার টেকো, তুলার পাঁইজ।
সূত্রধার, (সূত্র=প্রয়োগানুষ্ঠান+ধৃ=ধরা+অণ্—ষ) স্ত্র, পুং, নাট্যপ্রস্তাবক, প্রধান নট, "বর্ত্তনীয়তয়া সূত্রং প্রথমং যেন সূচ্যতে।[রঙ্গভূমিং সমাক্রম্য সূত্রধারঃ স উচ্যতে"; ইন্দ্র, ছুতার, সূত্রপ্রণয়নকর্ত্তা।
সূত্রপাত, (সূত্র=সূতা+পাত=পতন, ৬-ষ) স্ত্র, পুং, ভূমিপরিমাণার্থ সূত্রপাতন, গৃহাদির পত্তনার্থ সূতা ফেলা, আরম্ভ। [পুং,কার্পাসবৃক্ষ।
সূত্রপুষ্প, (সূত্র=সূতা+পুষ্প=ফুল), স্ত্র,
সূত্রভিদ্, (সূত্র = সূতা+ভিদ = যে ভেদ করে) স্ত্র, পুং, সূচীকর্ম্মকারী, দরজী।

সূত্রলা, (সূত্র—সূতা+লা—পাওয়া+অঙ্) স্ত্র, স্ত্রী, তর্কু, টেকো, তুলার পাঁইজ। [সূত্রবেষ্টন। ন, মাকু।
সূত্রবীণা, স্ত্রী, বীণাবিশেষ, বেহালা,
সূত্রামা,—সু, (সু—উত্তমরূপে+ত্রৈ—[ভুবন] পালন করা+মন্; উ—উ) স্ত্র, পুং, ইন্দ্র।
সূত্রালী, (সূত্র—সূতা+আলী—শ্রেণী) স্ত্র, স্ত্রী, গলসূত্র, হার।
সূত্রী, (সূত্র=সূতা, নিয়ম ইত্যাদি+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, সূত্রবিশিষ্ট। পুং, কাক, বায়স, ধান্ধ।
সূদ, (সূদি—হিংসাকরা+ঘঞ্) স্ত্র, পুং, পাচক, ব্যঞ্জন, চাটনি, কর্দ্দম, সারথ্য, অপরাধ, পাপ।
সূদন, (সূদি—হিংসাকরা+অনট্—ভাব, ঘ) স্ত্র, ন, হত্যা, বধ, অঙ্গীকার করা, নিরাস করা। ণ, ত্রি, বিনাশক, প্রিয়।
সূদশালা, (সূদ=পাচক+শালা=গৃহ) স্ত্র, স্ত্রী, পাকশালা, রন্ধনগৃহ।
সূন, (সূ = প্রসবকরা + ন; বা সূ+ক্ত) স্ত্র, ন, প্রসব, জনন, জন্ম, পুষ্প। ণ, ত্রি, প্রকাশিত, প্রস্ফুটিত, প্রফুল্ল, শূন্য, খালি, রিক্ত, জাত।
সূনা, (সূন+আপ্) স্ত্র, স্ত্রী, কন্যা, বধস্থান, কশাইখানা, উনন, শিল-নোড়া, ঝাঁটা, উদুখলমুষল, কলসীর পিঁড়ী—গৃহস্থের এই পাঁচ সূনা; আঘাত করণ, গলাকোলা, কটিবন্ধন, কিরণ। [পুং, ব্যাধ, কশাই।
সূনী, (সূনা—বধ্যভূমি+ইনি) স্ত্র,
সূনু, (সূ—প্রসবকরা+নু) স্ত্র, পুং, সবিতা, সূর্য্য, তনয়, পুত্র, কনিষ্ঠ ভ্রাতা, দৌহিত্র, সূর্য্য, অর্কবৃক্ষ, আকন্দ গাছ। স্ত্র, নূ—স্ত্রী, কন্যা।
সূনৃত, (সু+নৃৎ—নৃত্যকরা+ঘঞ্; উ—উ) স্ত্র, ন, সত্য অথচ প্রিয়বাক্য, মঙ্গল, শুভ। ণ, ত্রি, সত্য, প্রিয়, সুভগ, সত্য অথচ প্রিয়বক্তা।
সূপ, (সূ = প্রসবকরা + প) স্ত্র, পুং, ব্যঞ্জনবিশেষ, ডাল, ঝোল, ভাণ্ড, বাণ, পাচক।
সূপকার, (সূপ = ব্যঞ্জন+কার—যে করে, ২-য) স্ত্র, পুং, পাচক, রন্ধনকারী।
সূপধূপন, সূপাঙ্গ, (সূপ—ব্যঞ্জন+ধূপন=সুগন্ধীকরণ+অঙ্গ—অবয়ব) স্ত্র, ন, হিঙ্গু, হিং। [আকাশ, দুগ্ধ, জল।
সূম, (সূ=প্রসবকরা+মক্) স্ত্র, ন,
সূর, (সূ—প্রসবকরা+ক্রন্) স্ত্র, পুং, সূর্য্য, বর্ত্তমান কল্পের সপ্তদশ জৈনের পিতা, পণ্ডিত, জ্ঞানী, অর্কবৃক্ষ, আকন্দগাছ।
সূরণ, (সূর্—বধকরা+অনট্) স্ত্র, পুং, বেণার মূল, ওলাদিমূল, বৃক্ষবিশেষ।
সূরত, (সু—উত্তমরূপে+রম্—ক্রীড়া করা বা শান্ত হওয়া+ক্ত—ষ; সু—সূ) ণ, ত্রি, দয়ালু, কৃপালু, স্থির, স্তব্ধ, স্নিগ্ধ, নিশ্চল।
সূরি, (সূ=প্রসবকরা+রি) স্ত্র, পুং, কবি, পণ্ডিত, বিদ্বান, জৈন গুরুগণের সাধারণ উপাধি, কৃষ্ণ, সূর্য্য।
সূরী, (সূর্=[মূর্খতা] হিংসা করা+ইন্—ষ) ণ, ত্রি, পণ্ডিত, জ্ঞানী, বিচক্ষণ, বিদ্বান্।
সূর্ক্ষণ, (সূর্ক্ষ্—অনাদর করা+অনট্—ভাব) স্ত্র, ন, অনাদর, অবজ্ঞা, ঘৃণা।
স্বরনাসিকা, (স্বর—গানাঙ্গ ধ্বনি+ নস্—নৈপুণ্য প্রদর্শন করা+ণক) স্ব, স্ত্রী, বংশী, বাঁশী, মুরলী।
স্বরস, (স্ব—নিজ+রস=অভিপ্রায়, ৬-ষ) স্ব, পুং, স্বাভিপ্রায়, আপন মত. নিজ মত, পেষণজাত রস, বিলক্ষণ রসবোধ, শিলাপিষ্ট কল্ক-বিশেষ।
স্বরাট, (স্ব—আপনি+রাজ্—দীপ্তি পাওয়া+ক্বিপ্) স্ব, পুং, ঈশ্বর, স্বয়ং-দীপ্ত, ব্রহ্মা, বেদের ছন্দোবিশেষ।
স্বরানুভাবকতা, স্ব. যে বুদ্ধি দ্বারা স্বরের অনুভব করিতে পারা যায়।
স্বরাপগা, (স্বর্=স্বর্গ+আপগা—নদী) স্ব, স্ত্রী, স্বর্গঙ্গা, সুরনদী, মন্দাকিনী।
স্বরিত, (স্বর=গানাঙ্গধ্বনি+ইতচ— সংজ্ঞার্থে) স্ব, পুং, ৩য় স্বর, লঘু গুরু মিলিত স্বর, উদাত্ত অনুদাত্ত মিলিত স্বর। ণ, ত্রি, স্বরযুক্ত, উচ্চরিত।
স্বরীশ্বর, (স্বর্+ঈশ্বর) স্ব, পুং, ইন্দ্র।
স্বরু, (স্বৃ—শব্দকরা+উ) স্ব, পুং, অশনি, বজ্র, বাণ, যজ্ঞ. যূপখণ্ড, সূর্য্যকিরণ, রৌদ্র, বৃশ্চিকবিশেষ।
স্বরুচি, (স্ব—আপনি+রুচি=অভি-লাষ) ণ, ত্রি, স্বতন্ত্র, স্বেচ্ছাবর্ত্তী। স্ব. স্ত্রী, স্বেচ্ছা।
স্বরূপ, (স্ব—নিজ+রূপ—প্রাকৃতি, ৬-ষ) স্ব, ন, স্বভাব, প্রকৃতি, নিসর্গ, স্বাভাবিক অবস্থা। ণ, ত্রি, পণ্ডিত, সুন্দর, মনোহর, সদৃশ, তুল্য, একবিধ, প্রকৃত।
স্বরূপযোগ্য, (স্বরূপ+যোগ্য—সক্ষম, ৬-ষ) ণ, ত্রি, কার্য্যসাধনযোগ্য।
স্বরূপযোগ্যতা, (স্বরূপযোগ্য+তল্— ভাবে) স্ব, স্ত্রী, কার্য্যসাধনযোগ্যতা, সিদ্ধি করিবার ক্ষমতা। [স্বরূপত্ব।
স্বরূপসম্বন্ধ, স্ব, পুং. অভিন্ন সম্বন্ধ, তৎ-
স্বরেণু, স্ব, স্ত্রী, সূর্য্যপত্নী, সংজ্ঞা।
স্বর্গ, (সু=সুখ+ঋজ্—পাওয়া+ঘঞ্ —ভে) স্ব, পুং, সুরলোক, দেবনগরী, ভূর. ভুবর্. স্বর্, মহর্, জন, তপস, সত্য, এই সপ্ত; নিরবচ্ছিন্ন সুখ।
স্বর্গঙ্গা, (স্বর্—স্বর্গ+গঙ্গা) স্ব, স্ত্রী, সুরনদী, মন্দাকিনী।
স্বর্গণিকা, (স্বর্—স্বর্গ+গণিকা=বেশ্যা) স্ব, স্ত্রী, স্বর্গবেশ্যা, অপ্সরা।
স্বর্গত, (স্বর্+গত=গিয়াছে) ণ, ত্রি, যে স্বর্গে গমন করিয়াছে, মৃত।
স্বর্গতি, (স্বর্+গতি, ৭-ষ) স্ব, স্ত্রী, স্বর্গ-গমন, মৃত্যু, পারলৌকিক সুখ।

আঙ্কা। ন, নিষ্কারণ।

স্বসা, (সু + অস্‌—হওয়া + ঋৎ) স্ত্র, স্ত্রী, ভগিনী, বোন।

স্বস্তি, (সু-শুভ+অস=হওয়া+ক্তিন্) ব্য, আশীর্ব্বাদ, স্বীকার, হাঁ, শুভ, ক্ষেম, মঙ্গল, পুণ্যাদি, সন্তোষ।

স্বস্তিক, (স্বস্তি + কন্—যোগ) স্ত্র, পুং, -ন, সম্মুখে দ্বার ও বা চতুর্দ্দিক্‌-যুক্ত প্রাসাদ, যোগাঙ্গ আসন-বিশেষ। স্ত্র, পুং, মাঙ্গলিক বস্তু, পিটুলি চিহ্নিত মাঙ্গল্যদ্রব্যবিশেষ, চতুষ্পথ, চৌরাস্তা, সপক্ষ, সপিষ্টকা-কৃতি বস্তুপাক, গাছের চোঁচা, আকৃতিবিশেষ যাহা স্তম্ভ বা দ্রব্যের উপর অঙ্কিত হইলে উহার শুভ উৎপাদন করে, চিহ্ন বিশেষ লম্পট লশুন।

স্বস্তিমুখ (স্বস্তি + মুখ—আবস্তু) স্ত্র, পুং লেখ, লিপি, ব্রাহ্মণ। ণ, ত্রি স্তুতিপাঠক।

স্বস্তিবাচন, (স্বস্তি = মঙ্গল + বাচন— উচ্চারণ, ৬-স স্ত্র , মঙ্গল। যাহা দ্বারা মঙ্গলকর্ম্ম, স্বস্তি শব্দের উচ্চারণ।

স্বস্তিবাচনিক (স্বস্তিবাচন + ঠক) ণ, ত্রি, স্বস্তিবাচনকারক, স্বস্তিবা-চনসম্বন্ধীয়।

স্বস্ত্যয়ন, (স্বস্তি—মঙ্গল + অয়ন, [আ+ই—গমনকরা+অনট্—ভাব] —আগমন, ৬-ত স্ত্র ন, কুগ্রহ-শান্তির নিমিত্ত মঙ্গলকর্ম্মানুষ্ঠান, শুভানুষ্ঠানবিধি দানগ্রহীতা ব্রাহ্মণের আশীর্ব্বাদ

স্বস্থ, (স্ব = আপন + স্থ = যে থাকে, ৭ স) ণ, ত্রি, নিরুদ্বিগ্ন, নিঃসন্দিগ্ধ-চিত্ত, স্থির, সন্তুষ্ট-চিত্ত, সমাহিত চিত্ত, সুস্থ, নীরোগ স্বগত, সুস্থ।

স্বস্রীয়, (স্বসৃ = ভগিনী + ছ— অপত্যার্থে স্ত্র, পুং, বা -স্ত্রী, ভগিনীর পুত্র বা কন্যা। ণ, ত্রি, ভগিনী সম্বন্ধীয়।

স্বাক্ষপাদ, স্ত্র, পুং, নৈয়ায়িক, তার্কিক

স্বাকর, (স্ব + অকর) স্ত্র, পুং, নদী, নদবৎ।

স্বাগত, সু—শুভ + আগত—আগমন) স্ত্র, ন, কুশল প্রশ্ন, শুভাগমন। ভা —স্ত্রী, বিংশাক্ষর ছন্দোবিশেষ।

স্বাচ্ছন্দ্য, (স্বচ্ছন্দ + ষ্যঞ-ভাবে) স্ত্র, ন, স্বতন্ত্রতা, স্বাস্থ্য, স্বচ্ছন্দতা, স্বাধীনতা।

স্বাতন্ত্র্য, (স্বতন্ত্র = স্বেচ্ছাচারী + ষ্যঞ্—ভাবে) স্ত্র ন, স্বতন্ত্রতা স্বাধীনতা।

স্বাতি, তী (সু—শুভ + অৎ—গমন-করা + ইন) স্ত্র স্ত্রী, নক্ষত্রবিশেষ, সূর্য্যপত্নীবিশেষ, খড়্গ, অসি।

স্বাত্মরক্ষা, স্ত্র, আক্রমণ অথবা আত্ম-রক্ষার্থ তরবারি প্রয়োগবিষয়ক নৈপুণ্যাস বিদ্যা। (Fencing.)

স্বাদ (স্বাদ = আস্বাদনকরা + অচ্— ভাব) স্ত্র, পুং রস, আস্বাদ, রসানু-ভব, লেহন, প্রীতি।

স্বাদন, (স্বাদ + অনট্—ভাব) স্ত্র, ন, রসগ্রহণ, আস্বাদগ্রহণ, রস।

স্বাদিত, (স্বাদি + ক্ত—ত) ণ, ত্রি, ভক্ষিত, লেহিত, আস্বাদিত, লীঢ়।

স্বাদু, (স্বদ—আস্বাদকরা + উণ্) ণ, ত্রি, স্ত্রঃ—দু, কিম্বা স্ত্রী—দ্বী, সুস্বাদ, মিষ্ট, মধুর, মনোজ্ঞ। স্ত্র, পুং, মধুর-রস, ঔষধিবিশেষ জীবক, মধু, গুড়। দু, দ্বী—স্ত্রী, দ্রাক্ষা।

স্বাদুকণ্টক, (স্বাদু—মিষ্ট + কণ্টক— কাঁটা) স্ত্র, পুং, বিকঙ্কতবৃক্ষ, বঁইচ গাছ, গোক্ষুরীলতা।

স্বাদুখণ্ড স্ত্র পুং, গুড়, গুড়।

স্বাদুগন্ধা, স্ত্র, পুং, বাস্তুদেব, কন্দর্প।

স্বাদুদল, স্ত্র পুং, মধুবৃক্ষ, কুলগাছ।

স্বাদুফল স্ত্র, বৃক্ষবিশেষ, খর্জ্জুর, খাজুর।

স্বাদুরসা স্ত্র, স্ত্রী, ঔষধিবিশেষ, কাকোলী, দ্রাক্ষাজাত সুরা, দ্রাক্ষা, আমড়া।

স্বাদুশুদ্ধ, স্ত্র, ন, সৈন্ধব লবণ, সামুদ্র লবণ। [পুং, দাড়িম্ববৃক্ষ।

স্বাদ্বম্ল, (স্বাদু—মিষ্ট + অম্ল—টক) স্ত্র,

স্বাধিকার, (স্ব—আপনি + অধিকার, ৬-ষ) স্য, পুং, নিজ অধিকার, নিজ-কর্ত্তব্য।

স্বাধীন, (স্ব—আপনি + অধীন—বশ, ৬-ষ) ণ, ত্রি, স্বেচ্ছাচারী, আত্ম-বশ, স্বতন্ত্র, পরাধীন নয়।—না, স্ত্রী, স্বৈরিণী, কুলটা।

স্বাধীনতা, (স্বাধীন + তল্—ভাবে) স্য, ন, স্বতন্ত্রতা, আত্মবশতা।

স্বাধীনপতিকা, স্বাধীনভর্ত্তৃকা, (স্ব—আপনি+অধীন—বশ + পতি, ভর্ত্তৃ—স্বামী ; ৬-হ) স্য, স্ত্রী, নায়িকা-বিশেষ, নায়ক যাহার বশ।

স্বাধ্যায়, (সু = সুকৃত + আ—আবৃত্ত + অধ্যায় = অধ্যয়ন) স্য, পুং, সুকৃত জন্য আবৃত্তি করিয়া বেদাধ্যয়ন, বেদাংশবিশেষ।

স্বাধ্যায়বান্, স্বাধ্যায়ী, (স্বাধ্যায় + বৎ—অস্ত্যর্থে; স্বাধ্যায়+ইনি—অস্ত্যর্থে) স্য, পুং, বেদপাঠক, যে বেদ পড়ে।

স্বান, (স্বন্ = শব্দকরা + ঘঞ্—ভাব) স্য, পুং, স্বন, ধ্বনি, শব্দ, রব।

স্বান্ত, (স্বন্—শব্দকরা+ক্ত; নিপাতন) ণ, ত্রি, শব্দিত, ধ্বনিত। স্য, ন, চিত্ত, মনঃ, গহ্বর।

স্বাপ, (স্বপ্ = নিদ্রিত হওয়া + ঘঞ্—ভাব) স্য, পুং, নিদ্রা, নিদ্রাবস্থায় বিষয়ানুভব, স্বপ্ন, অচৈতন্য, পক্ষাঘাত, স্পর্শশক্তি-রাহিত্য, পক্ষাঘাত-রোগ।

স্বাপতেয়, (স্ব = নিজ বা ধন + পতি = স্বামী + ঢঞ্—ইদমর্থে) স্য, ন, ধন, সম্পত্তি, বিভব, বসু।

স্বাভাবিক, (স্বভাব—প্রকৃতি + ঠক্—ভবার্থে) ণ, ত্রি, স্বভাবসিদ্ধ, নৈসর্গিক, প্রাকৃতিক।

স্বামিজন্মী, (—জন্মন)স্য, পুং, পরশুরাম।

স্বামিত্ব, (স্বামিন্ + ত্ব—ভাবে) স্য, ন, কর্ত্তৃত্ব, প্রভুত্ব, স্বত্ব, অধিকার।

স্বামী, (স্ব — ঐশ্বর্য্য + আমিনচ্—অস্ত্যর্থে) স্য, পুং, অধিপতি, প্রভু, রাজা, সম্রাট্, পতি, ভর্ত্তা, গুরু, পণ্ডিত-ব্রাহ্মণ, কার্ত্তিকেয়, বিষ্ণু, শিব, বাৎস্যায়ন মুনি, গরুড়, পরম-হংস, অতীত কল্পের জিনবিশেষ। ণ, ত্রি, অধিকারী, প্রভু।

স্বায়ম্ভুব, (স্বয়ম্ভু—ব্রহ্মা + অণ্—অপত্যার্থে ইত্যাদি) স্য, পুং, স্বয়ম্ভু-পুত্র, প্রথম মনু। ণ, ত্রি ব্রহ্মসম্বন্ধীয়।

স্বারাট্, (স্বর্ = স্বর্গ + রাজ্ = দীপ্তিপাওয়া + ক্বিপ্, ৭-ষ) স্য, পুং, স্বর্গের রাজা, ইন্দ্র, দেবরাজ।

স্বারাজ্য, (স্বরাজ্ বা স্বারাজ্ + যৎ—ভাবে, চ) স্য, ন, ঈশ্বরত্ব, ইন্দ্রত্ব।

স্বারোচিষ, (স্বরোচিষ + অঞ্—অপত্যার্থে) স্য, পুং, দ্বিতীয় মনু।

স্বার্থ, (স্ব = আপনি + অর্থ = প্রয়োজন ইত্যাদি, ৬-ষ) স্য, পুং, স্বকার্য্য, নিজ প্রয়োজন, স্বীয় অর্থ, বিশেষণ।

স্বার্থপর, স্বার্থপরায়ণ, (স্বার্থ + পর, পরায়ণ = তৎপর, ৭ ষ) ণ, ত্রি, স্বকা-র্য্যসাধনে তৎপর, নিজপ্রয়োজনসিদ্ধ বিষয়ে ব্যগ্র।

স্বার্থিক, (স্বার্থ + ঠক) ণ, ত্রি, স্বার্থে নিৰ্ম্মিত, নিজ অর্থ দ্বারা সম্পাদিত।

স্বাস্থ্য, (স্বস্থ + ষ্যঞ্—ভাবে) স্য, ন, সুস্থতা, আরোগ্য, নিরুদ্বেগ, নিশ্চিন্ততা, সুখ, সন্তোষ।

স্বাহা, (সু—শুভ + আ + হ্বে = [দেবতা-দিগকে] আহ্বানকরা + ডা ; কিংবা স্বদ্—আস্বাদনকরা + আ; দ—হ) অব্য, দেবোদ্দেশে অগ্নিতে ঘৃত প্রদান, তদ্দানের মন্ত্র, অগ্নির ভার্য্যা, মাতৃকা-বিশেষ।

স্বাহাপতি, স্বাহাপ্রিয়, (স্বাহা—অগ্নি-পত্নী + পতি, প্রিয়—স্বামী, ৬-ষ) স্য, পুং, অগ্নি, অনল, পাবক, হুতবহ।

স্বাহাভুক্, (স্বাহা + ভুজ্—যে ভোজন

করে, ২-ব) স্ত্র, পুং, দেবতা।
স্বিৎ, (স্ব+ই—গমনকরা+ক্বিপ্; ৎ—আগম) বা, প্রশ্ন, বিতর্ক, সংশয়, সন্দেহ, পাদপূরার্থক।
স্বিন্ন, (স্বিদ্=ঘর্মাক্ত হওয়া ইত্যাদি +ক্ত—ম) ণ, ত্রি, স্বেদযুক্ত, ঘর্মাক্ত, আর্দ্র, ক্লিন্ন, পক্ব।
স্বীকার, (স্ব=আপনি+কার=করণ, —অভূততদ্ভাবার্থে;অ=ঈ) স্ত্র, পুং, প্রতিজ্ঞা, অঙ্গীকার,পরিগ্রহ, প্রতিগ্রহ, গ্রহণ, আয়ত্তীকরণ,বশীকরণ।
স্বীকৃত, (স্ব=আপনি+কৃ+ক্ত— অভূততদ্ভাবার্থে ; অ = ঈ) ণ, ত্রি, অঙ্গীকৃত, সম্মত, পরিগৃহীত, প্রতিগৃহীত, গৃহীত, আয়ত্তীকৃত, বশীকৃত।
স্বীয়, (স্ব=আপনি+ছ—ইদমর্থে) ণ,ত্রি, স্বকীয়, নিজ, আত্মীয়। য়া— স্ত্র:, নায়িকাবিশেষ, স্বামীর প্রতি অনুরক্তা নায়িকা, সাধ্বী।
স্বেচ্ছা, (স্ব=আপনি+ইচ্ছা, ৬-ষ) স্ত্র, স্ত্রী,যদৃচ্ছা, আপন ইচ্ছা,স্বচ্ছন্দ।
স্বেচ্ছাচারী, (স্বেচ্ছা+আচারিন্= যে আচরণ করে, ৩-ষ) ণ, ত্রি, স্বাধীন, যে আপন ইচ্ছানুরূপ আচারণ করে, অবাধ্য।
স্বেচ্ছামৃত্যু, (স্বেচ্ছা=আপন ইচ্ছা+ মৃত্যু=মরণ) স্ত্র, পুং, ভীষ্ম, গাঙ্গেয়
স্বেদ, (স্বিদ্=ঘর্মাক্তহওয়া ইত্যাদি +ঘঞ্) স্ত্র, পুং, তাপ, ঘর্ম, ঘাম, ক্লেদ, উষ্ম, বাষ্প।
স্বেদজ, (স্বেদ=ক্লেদ+জ = যে জন্মে, ৬-ব) ণ, ত্রি, উষ্মজাত, কৃমিদংশ মশকাদি।
স্বেদন, (স্বিদ্=ঘর্মাক্ত হওয়া+অনট্ —ভাব,ধ) স্ত্র, ন, স্বেদ, ঘর্ম, ঘর্মজনন, ঘর্মোৎপত্তি, ঘর্মনিঃসারণ, ভাবরা। নী—স্ত্রী, লৌহময় পাকপাত্র।
স্বেদনিকা, ([স্বেদন=ঘর্ম+ঈ]— স্বেদনী+কন্—যোগ) স্ত্র, স্ত্রী, লৌহময় পাকপাত্র, ভর্জ্জন-পাত্র।
স্বৈর, (স্ব=আপনি+ঈর=গমনকরা, প্রেরণকরা+অণ্—ম, ভাব) ণ,ত্রি, আত্মবশ, স্বাধীন, স্বচ্ছন্দ,মন্দ,জড়। স্ত্র, ন, স্বেচ্ছাধীনতা, যথেচ্ছাচার।
স্বৈরচারী, (স্বৈর+চারিন্=যে গমন করে) ণ, ত্রি, স্বেচ্ছাচারী, অবাধ্য। রিণী—স্ত্রী, ব্যভিচারিণী স্ত্রী।
স্বৈরতা, স্বৈরিতা, (স্বৈর, স্বৈরিন্+ তল্—ভাবে) স্ত্র, স্ত্রী, স্বাধীনতা, যথেচ্ছাচারিতা।
স্বৈরন্ধ্রি,—ন্ধ্রী, (স্বৈর=স্বাচ্ছন্দ্য+ধৃ= ধারণ করা ; নিপাতন) স্ত্র, স্ত্রী, পরবেশ্মস্থা শিল্পকারিণী।
স্বৈরী,(স্ব = আপনি+ঈর=গমনকরা+ ইনি—ম),ণ,ত্রি,স্বেচ্ছাচারী,অবাধ্য। রিণী—স্ত্রী, ব্যভিচারিণী।
স্বোরস, স্ত্র, পুং, স্বরস, শিলাপিষ্ট কল্ক, তৈলের গাদ, কাইট।

হ

হ, ব্যঞ্জনের ত্রয়স্ত্রিংশৎবর্ণ, কণ্ঠ হইতেউচ্চারণ হয় বলিয়া ইহাকে কণ্ঠ্য বর্ণ বলে ; (হা=ত্যাগকরা, কিংবা হন্=বধকরা + ড বা ক) ণ, ত্রি, হাস্ত, উচ্ছসিত। ণ, মত্ত, সুরামত্ত। স্ত্র, পুং, শিব, জল, শূন্য, ধ্যান, মঙ্গল, আকাশ, ব্যোম, স্বর্গ, রক্ত, রুধির, মৃত্যু, মরণ, ভয়, জ্ঞান, চন্দ্র, বিধু, বিষ্ণু,সমর, যুদ্ধ,রোমাঞ্চ, অশ্ব, ঘোটক, গর্ব্ব, অহমিকা, চিকিৎসক, কারণ, উদ্দেশ্য। হা— স্ত্রী, পরিত্যাগ, বর্জ্জন, বীণা। ন, ঈশ্বর, পরমাত্মা, আনন্দ, হর্ষ, আহ্বান, অস্ত্র শস্ত্র, মণিপ্রভা, বীণাধ্বনি। বা, পাদপূরণার্থক, সম্বোধন,নিন্দা, কোপ, নিয়োগ,নিগ্রহ।

হওন, (দেশজ) স্ত্র, অস্থান, বর্ত্তন।
হওয়া, (দেশজ) স্থ, অস্থান, উৎপত্তি।
হংস, (হন্=বধকরা+স) স্থ, পুং, হাঁস, পরমাত্মা, ব্রহ্মা, বিষ্ণু, সূর্য্য, পরমব্রহ্ম, নির্লোভ নরপতি, গূঢ়-মন্ত্রবিশেষ, যতিবিশেষ, অশ্ব, দেহস্থ বায়ুবিশেষ, মাৎসর্য্য, শিব। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ, উৎকৃষ্ট, প্রধান; অগ্রগামী, গুরু, পর্ব্বত, মহিষ, কামদেব। সী—স্ত্রী, স্ত্রীহাঁস, ছন্দো-বিশেষ।
হংসক, (হংস+কন—যোগ) স্থ, পুং, পাদাভরণবিশেষ, পাইজোর, মল, নূপুর, রাজহংস, হংস, মরাল। সিকা—স্ত্রী, হংসী।
হংসগদগদা, (হংস+গদ=শব্দকরা, দ্বিত্ব, অচ্, আপ্) স্থ, স্ত্রী, মধুর ভাষিণী।
হংসগামিনী, (হংস+গামিনী=যে গমন করে, কর্ম্মধা) স্থ, স্ত্রী, হংসবৎ গমনশীলা স্তনিতম্বিনী, ব্রহ্মাণী দেবী
হংসদাহন, (হংস+দাহন=পোড়ান, উদ্দীপন) স্থ, ন, অগুরু, সুগন্ধি-কাষ্ঠবিশেষ।
হংসনাদিনী, (হংস+নাদিনী=যে রব করে, কর্ম্মধা) স্থ, স্ত্রী, পরমসুন্দরী স্ত্রী, যাহার মধ্যভাগ ক্ষীণ, বিপুল নিতম্বদেশ, হস্তীর ন্যায় গমন ও কোকিলের ন্যায় স্বর।
হংসপাদ, (হংস+পাদ=পা) স্থ পুং, হিঙ্গুল, যাহার সহিত হংসের পায়ের বর্ণ তুলনা করা যায়।
হংসমালা, (হংস+মালা) স্থ, স্ত্রী, পাতিহাঁস, হংসশ্রেণী।
হংসরথ, হংসবাহন, (হংস+রথ, বাহন, ৬-হ) স্থ, পুং, ব্রহ্মা, প্রজাপতি।
হংসলোহক, স্থ, ন, পিত্তল, পিতল।
হংসাভিখ্য, (হংস + অভিখ্যা=সৌ-ন্দর্য্য, শোভা [তুল্য বর্ণ হেতু]) স্থ, ন, রজত, রৌপ্য।
হংহো, (হং+হো ; উভয়ই সম্বোধন-সূচক অব্যয় ; অথবা হং=অব্যক্ত-শব্দ+হা=ত্যাগকরা+ডো) বা, সম্বোধন, প্রায় গর্ব্বিত ব্যক্তিরাই ব্যবহার করে, প্রশ্ন। [যব।
হক্, (যবনভাষা) ণ, যথার্থ, ন্যায্য,
হকীয়ৎ, (যবনভাষা) স্থ, সূক্ষ্ম বিচার, যাথাযথ্যানুসন্ধান, তথ্য।
হক্ক, (হক্=অনুকরণ শব্দ+কৈ=শব্দ করা+ড) স্থ, পুং, গজসমাহ্বান, হাতীর ডাক।
হক্কার, (হক্=আহ্বানশব্দ+কার=করণ) স্থ, পুং, আহ্বান।
হঞ্জা, (হিণ্ডি=অনাদরকরা+আ ; নি-পাতন) বা, দাসীর প্রতি সম্বোধন-বাক্য।
হঞ্জি, স্থ, পুং, ক্ষুৎ, হাঁচী। [গাছ।
হঞ্জিকা, স্থ স্ত্রী, ভাগী, বামনহাটীর
হঞ্জে, (হিণ্ডি=অনাদরকরা+এ, নিপা-তন) বা, নাট্য—ভৃত্যার প্রতি স্ত্রীলোকের সম্বোধনসূচক শব্দ।
হটন, হঠন, (দেশজ) স্থ, পশ্চাৎ গমন, পরাস্ত হওন।
হট্ট, (হট্=দীপ্তিপাওয়া+ট) স্থ, পুং ক্রয় বিক্রয়স্থান, হাট।
হট্টবিলাসিনী, (হট্ট=হাট+বি+লস্=আমোদকরা+ণিনি, ঈপ্) স্থ স্ত্রী, গন্ধোষধিবিশেষ, হরিদ্রা বারাঙ্গনা, বেশ্যা।
হঠ, (হঠ্=বলাৎকার করা+অচ্ স্থ, পুং, বলাৎকার, লুঠ, প্রসহ্য পশ্চাদগতি।
হঠপর্ণী, (হঠ+পর্ণ—পত্র) স্থ, স্ত্রী শৈবাল, শেওলা। [করা
হঠবন্দীকরণ, স্থ, বলপূর্ব্বক কারার
হঠাৎ, (হঠশব্দজ) ক্রি—ণ, অকস্মাৎ দৈবাৎ। [পরাভবকরণ
হঠান, (দেশজ) স্থ, পরাস্তকর

হাল, হঠী, (হঠ+আলু—মূল) স্ত্র, পুং, কুড়িকা, পাণা। [কাষ্ঠ।
হড়ি, স্ত্র, পুং, কাষ্ঠযন্ত্রবিশেষ, হাড়ি-
হড়িক, হড্ডক, হড্ডিক, স্ত্র, পুং, ঝাড়ু-দার, হাড়ি, মেথর। [ঘাত, ধাক্কা।
হড়কা, স্ত্র, স্ত্রী, সহসা প্রবাহ, আ-
হড্ড, স্ত্র, ন, অস্থি, হাড়। [ন, মজ্জা।
হড্ডজ, (হড্ড—হাড়+জ—জাত) স্ত্র,
হড়িপ, স্ত্র, পুং, মলগ্রাহি, হাড়ি, মেথর।
হণ্ডা, স্ত্র, স্ত্রী, হাঁড়া। বা, দাসীকে সম্বোধন করিবার শব্দ।
হণ্ডিকা, হণ্ডী, (হণ্ডা+কন্ আপ্, ঈপ্) স্ত্র, স্ত্রী, মৃৎপাত্রবিশেষ, হাঁড়ি।
হণ্ডে, (হিণ্ড্—অনাদর করা+এ; নিপাতন) বা, নীচজাতীয়া স্ত্রী-লোকের প্রতি সম্বোধনসূচক শব্দ।
হত, (হন্—বধকরা+ক্ত—ত) ণ, ত্রি, বিনাশিত, ধ্বস্ত, ব্যাহত, প্রতিহত, নিরাশ, গুণিত, বিনষ্ট, দগ্ধ, তুচ্ছ। স্ত্র, ন, গুণন, হনন।
হতক, (হত+কন্—যোগ) স্ত্র, পুং, ভীরু, কাপুরুষ, হতভাগ্য, নীচ, নষ্টপ্রায়।
হতজীবিত, ণ, ত্রি, মৃত, গতাসু। ন, নৈরাশ্য। [ঘাতক।
হতপর, ণ, ত্রি, দুষ্ট, অধার্ম্মিক, বিশ্বাস
হতসাধ্বস, ণ, ত্রি, নির্ভীক।
হতমূর্খ, স্ত্র, পুং, অতিমূঢ়, গণ্ডমূর্খ।
হতাদর, (হত—বিনষ্ট+আদর, কর্ম্মধা, ৬.হ) স্ত্র, পুং, অসম্মান, অমর্য্যাদা। ণ, ত্রি, অবজ্ঞাত।
হতাধিমন্থ, স্ত্র, পুং, দর্শনশক্তিলোপ।
হতাশ, (হত—বিনষ্ট+আশা—আকাঙ্ক্ষা; ৬.হ) ণ, ত্রি, নির্দ্দয়, নিরাশ, দুষ্ট, বন্ধ্যা, দুর্ব্বল, অক্ষম।
হতি, (হন্—বধকরা+ক্তি—ভাব) স্ত্র, স্ত্রী, হনন, ব্যাঘাত, অপকর্ষ, গুণন।
হতৌজাঃ, (হত—নষ্ট+ওজস্—বল) ণ, ত্রি, হীনবল। পুং, দৌর্ব্বল্য-সহকৃত জ্বর।
হত্নু, (হন্—বধকরা, আঘাতকরা+ক্নু, চ্) স্ত্র, পুং, রোগ, অস্ত্র।
হত্যা, (হন্—বধকরা+ক্যপ্—ভাব; আপ্, ন—স্থানে ৎ) স্ত্র, স্ত্রী, বধ, হনন, বিনাশ, হিংসা।
হথ, স্ত্র, পুং, ভয়োৎসাহ পুরুষ।
হদন, স্ত্র, ন, মলত্যাগ, বিষ্ঠাত্যাগ।
হন, (হন্—বধকরা+অচ্) স্ত্র, পুং, ঘাতক। [বধ, হত্যা, মারণ, গুণন।
হনন, (হন+অনট্—ভাব) স্ত্র, ন,
হনু, (হন্—বধকরা+উ) স্ত্র, পুং, নু—স্ত্রী, গণ্ডদেশের উপরিভাগ, চোয়াল। স্ত্রী, অস্ত্র, রোগ, মৃত্যু।
হনুমান্, হনূমান্ (হনু, হনূ+মৎ—অ-স্বার্থে) স্ত্র, পুং, স্বনামপ্রসিদ্ধ বানর, পবনতনয়, মারুতি, বানরবিশেষ, মুখপোড়া বানর।
হনূষ, (হন্—বধকরা+উষন্) স্ত্র, পুং, রাক্ষস, নিশাচর।
হন্ত, (হন্—বধকরা+ত) বা, বিষাদ, খেদ, অনুকম্পা, করুণা, হর্ষ, সম্ভ্রম, বাক্যারম্ভ।
হন্তকার স্ত্র, পুং, অতিথিকে দেয়তণ্ডুল, অতিথিকে দেয় ষোড়শ গ্রাস।
হন্তব্য, (হন্—বধকরা+তব্য—চ) ণ, ত্রি, হননীয়, বধযোগ্য, গুণ্য।
হন্তা, (হন+তৃচ্—ঘ) ণ, ত্রি, হনন-কর্ত্তা, বধকারক, নাশক, ঘাতক।
হন্তু, (হন—বধকরা+তু) স্ত্র, পুং, মরণ, মৃত্যু, বৃষ, ষাঁড়।
হন্ন, (হদ—বিষ্ঠা ত্যাগ করা+ক্ত—চ) ণ, ত্রি, কৃতপুরীষোৎসর্গ। [উগ্র, হিংস্র।
হপ্তা, (দেশজ) ণ, ক্ষিপ্ত (মত্ত);
হপুষা, স্ত্র, স্ত্রী, ঔষধ দ্রব্যবিশেষ, হবুষ্।
হম, ব্, ক্রোধোক্তি, বিনয়োক্তি, সম্ভ্রমোক্তি।
হম্বা, হম্মা, হম্বা, (হম্—অনুকরণশব্দ

+তা=দীপ্তিপাওয়া+অঙ্, আপ্) স্ত্রী, গোধ্বনি, গোরুর শব্দ।

হয়, (হয়্ বা হি=গমনকরা+অচ্—ব) স্ত পুং, অশ্ব, ঘোটক, ইন্দ্র, ৭, সপ্তসংখ্যা। স্ত্রী—স্ত্রী, ঘোটকী, বড়বা।

হয়গ্রীব, (হয়=ঘোটক+গ্রীবা=ঘাড়; ৬-হ) স্ত, পুং, দৈত্যবিশেষ; এই দৈত্য কল্পান্তে ব্রহ্মার সুষুপ্তাবস্থায় বেদ হরণ করিয়া লইয়া গেলে বিষ্ণু মৎস্যাবতারে ইহাকে বধ করিয়াছিলেন, বিষ্ণুর অবতার বিশেষ, নৃসিংহ অবতার।—গ্রীবা, স্ত্রী, দুর্গা।

হয়কষ, (হয়=ঘোটক+কষ্=আঘাত করা+খচ্) স্ত, পুং, রথচালক, সারথি, মাতলি, ইন্দ্রসারথি।

হয়জ্ঞ, স্ত, পুং, অশ্বশাস্ত্রবেত্তা, অশ্বপালক, সহিস। [স্ত, পুং মহিষ, নৃপাপ।

হয়দ্বিষন, (হয়=অশ্ব+দ্বিষৎ=শত্রু)

হয়ন, (হয়্ বা হি=গমনকরা+অনট্—ভাব) স্ত, ন, কর্ণীরথ, আচ্ছাদিত শকট বা ডুলি।

হয়প্রিয়, (হয়=ঘোটক+প্রিয়) স্ত, পুং, শস্যবিশেষ, যব।—য়া, স্ত্রী, অশ্বগন্ধা, খর্জুরী, খেজুর।

হয়মার, হয়মারক, (হয়=ঘোটক+মার, মারক=যে মারিয়া ফেলে) স্ত, পুং, করবীর বৃক্ষ।

হয়মারণ, (হয়=ঘোটক+মারণ=হনন) স্ত, পুং, পিপ্পল, অশ্বত্থবৃক্ষ। কুবের।

হয়বাহন, স্ত, পুং, সূর্য্যপুত্র বা সূর্য্য,

হয়শীর্ষ, স্ত, পুং, নৃসিংহ, বিষ্ণু, নারায়ণ।

হয়াশনা, স্ত, স্ত্রী, শল্লকীবৃক্ষ, বাবলাগাছ।

হর, (হৃ=হরণকরা, লওয়া+অপ্) স্ত, পুং, শিব মহাদেব, অগ্নি, অনল, গর্দ্দভ, হরণ, ভাগ, ভাজক অঙ্ক, ভগ্নাংশসম্বন্ধীয় রাশি যত সমান অংশে বিভক্ত হয়। ণ, ত্রি, বহনকারক, যে লইয়া যায়, হরণকারী।

হরণ, (হৃ+অনট্—ভাব) স্ত, ন, গ্রহণ, যৌতুক দান, গুরুদক্ষিণাদি দান ইত্যাদি, ভুজ, বাহু, অপহরণ, বহন, ভাগকরণ, শুক্র, রেতঃ, স্বর্ণ, কপর্দ্দক, কৌড়ী, উষ্ণোদক, গরম জল।

হরবীজ, হরতেজঃ, (হর=শিব+বীজ=রেতঃ, +—তেজস্, ৬-ষ) স্ত, ন, পারদ, পারা।

হরশেখরা, (হর=শিব+শেখরা=চূড়া) স্ত, স্ত্রী, গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী।

হরহুরা, স্ত, স্ত্রী, দ্রাক্ষা, আঙুর।

হরাদ্রি, (হর=শিব+অদ্রি=পর্ব্বত, ৬-ষ) স্ত, পুং, কৈলাস পর্ব্বত।

হরি, (হৃ [সকল মনুষ্যের হৃদয় ইত্যাদি] লওয়া, হরণকরা+ই—ম; কিংবা হৃ=রুদ্ররূপে বিশ্বকে] সংহার করা+ই—ম) স্ত, পুং, বিষ্ণু, যম, পবন, ইন্দ্র, চন্দ্র, সূর্য্য, সিংহ, রশ্মি, ঘোটক, শুকপক্ষী, বানর, সর্প, ভেক, শিব, পৃথিবীর নববর্ষের মধ্যে এক বর্ষ, ব্রহ্মা, অগ্নি, কোকিল, হংস, ময়ূর, হরিৎবর্ণ, ধূসরবর্ণ, পীতবর্ণ। ণ, ত্রি, পিঙ্গলবর্ণ, কপিশবর্ণ।

হরিক, (হরি+কন্—যোগ) স্ত, পুং, পীত হরিৎবর্ণ অশ্ব, চোর, দ্যূতক্রীড়ক।

হরিকেলীয়, (হরি=বিষ্ণু+কেলি=ক্রীড়া+ছ) স্ত, পুং, বাঙ্গালাদেশ।

হরিকেশ, (হরি=বিষ্ণু+ক=ব্রহ্মা+ঈশ=প্রভু) স্ত, পুং, শিব, যক্ষবিশেষ।

হরিক্রান্তা, স্ত, স্ত্রী, পৃথিবীর খণ্ডবিশেষ, অসেচনক খণ্ড, আধুনিক আসিয়াখণ্ড। [বিশেষ, শান্তপুর।

হরিগৃহ, স্ত, ন, দেশবিশেষ, নগরী-

হরিচন্দন, (হরি=ইন্দ্র+চন্দন [চন্দ

ক্ষ= আহ্লাদকরা+অনট্—ব]—আ-হ্লাদজনক, ৬-ষ) স্ত, পুং—ন, দেবতরু বিশেষ। (হরি=কপিলবর্ণ +চন্দন,কর্ম্মধা; কিংবা হরি=ইন্দ্র+ চন্দন, ৬-ষ; অথবা হরি=ভেক, ভদাকারে পর্ব্বত ভাগে জাতত্বহেতু হরিচন্দন) পীতবর্ণ সুগন্ধ কাষ্ঠ-বিশেষ,গোশীর্ষ নামক শ্বেত চন্দন। ন, কুঙ্কুম, চন্দ্রিকা, জ্যোৎস্না, পদ্ম-কেশর।

হরিণ, (হৃ=লওয়া+ইনচ্) স্ত, পুং, মৃগ, কুরঙ্গ, পাণ্ডুবর্ণ, শুভ্রবর্ণ, বিষ্ণু, শিব, সূর্য্য, হংস, জগতের ক্ষুদ্রতর বিভাগ বিশেষ। ণ, ত্রি, পাণ্ডুবর্ণ বিশিষ্ট, বিশদ। ণী—স্ত্রী, মৃগী, কুর-ঙ্গিনী, স্বর্ণপ্রতিমা, ছন্দোবিশেষ, সপ্তদশ অক্ষরে প্রতিপাদ নিবদ্ধ, পদ্মিনী প্রভৃতি চতুর্ব্বিধ স্ত্রীর এক-বিধ স্ত্রী, চিত্রিণী স্ত্রী, অপ্সরাবিশেষ, ছন্দোবিশেষ, হরিবর্ণা স্ত্রী, মঞ্জিষ্ঠা, স্বর্ণযূথী সোণামনী।

হরিণনর্ত্তক, (হরিণ=মৃগ+নর্ত্তক=নৃত্যকারী) স্ত, পুং, কিন্নর, স্বর্গের গায়ক।

হরিণপ্লুতা স্ত, স্ত্রী, ছন্দোবিশেষ, ১ম ও ৩য় পাদে ১১ এবং ২য় ও ৪র্থ পাদে ১২ অক্ষর।

হরিণহৃদয়, (হরিণ=মৃগ+হৃদয়=মনঃ, ৬.ষ) ণ, ত্রি, ভীরু, ভীত-স্বভাব।

হরিণাক্ষী, (হরিণ+অক্ষি=চক্ষু, ৬ ষ অ, ঈপ্) স্ত, স্ত্রী, মৃগনয়ন তুল্য নয়নবিশিষ্টা। স্ত্রী, গন্ধদ্রব্যবিশেষ, ভট্টবিলাসিনী।

হরিণাঙ্ক, (হরিণ+অঙ্ক=চিহ্ন বা ক্রোড, ৬.ষ) স্ত, পুং, মৃগাঙ্ক, চন্দ্র।

হরিৎ, (হৃ=লওয়া+ইত) স্ত, পুং, নীলপীতমিশ্রিত বর্ণ, সবুজবর্ণ, বেগবান্ অশ্ব, সিংহ, সূর্য্যের অশ্ব, সূর্য্য, বিষ্ণু। স্ত্রী, ন, ঘাস, সবুজ-বর্ণ দূর্ব্বাদি। স্ত্রী, দিক্, হরিদ্রা। ণ, ত্রি, হরিদ্বর্ণবিশিষ্ট।

হরিৎখন্দ, (দেশজ) স্ত, ফলমূলাদি।

হরিত, (হৃ+ইতন্) স্ত, পুং, সবুজ-বর্ণ সিংহ। ণ, ত্রি, সবুজবর্ণবিশিষ্ট। তা—স্ত্রী, দূর্ব্বা, হরিদ্রা, জয়ন্তীবৃক্ষ।

হরিতক, (হরিত=সবুজবর্ণ+কন্—যোগ) স্ত, ন, হরিদ্বর্ণ তৃণ, শাক, বৃক্ষের পত্রাদি।

হরিতাল, (হরিতা=হরিদ্রা+অল=ভূষিত করা+অণ্) স্ত, ন, পীতবর্ণ, স্বনাম প্রসিদ্ধ ধাতু। পুং, পীত-বর্ণ পক্ষিবিশেষ, হরিয়াল পাখী।

হরিতালী, হরিতালিকা, (হরিতাল +ঈপ্; পক্ষে কণ্—যোগ,আপ্) স্ত, স্ত্রী, দূর্ব্বাঘাস, বাকগোত্তর ব্যা-পিনী আকাশস্থ রেখা, ছায়াপথ, ভাদশুক্ল চতুর্থী।

হরিতাশ্ম, (হরিত=সবুজবর্ণ+অশ্মন্=পাথর, কর্ম্মধা) স্ত, ন, মরকত-মণি, তুত্তিয়া।

হরিদশ্ব, (হরিৎ=সবুজবর্ণ+অশ্ব, ৬ষ) স্ত পুং, সূর্য্য, রবি, মার্ত্তণ্ড, ভানু।

হরিদেব, (হরি=বিষ্ণু+দেব=দেবতা; ৬.ষ) স্ত, পুং, শ্রবণানক্ষত্র।

হরিদ্রব, স্ত, পুং, নাগকেশরপুষ্পরেণু।

হরিদ্রা, (হরি=বিষ্ণু ইত্যাদি+দ্রু=আদর করা+ড, আপ্ কিম্বা হরিৎ=পীতবর্ণ+দ্রু=গমনকরা+ড) স্ত, স্ত্রী, হলুদ।

হরিদ্রাঙ্গ, (হরিদ্রা=হলুদ+অঙ্গ=অবয়ব, ৬.ষ) স্ত, পুং, হরিদ্রা বর্ণের ন্যায় অঙ্গ যাহার, হরিতাল পক্ষী, হরিয়াল পাখী।

হরিদ্রাভ, (হরিদ্রা+আভা=দীপ্তি; ৬ষ) ণ, ত্রি, পীতবর্ণ, হলদে।

হরিদ্রু, (হরি=বানর+দ্রু=গমন-করা+কিপ্) স্ত, পুং, শাখী, বৃক্ষ।

হরিদ্বার, (হরি=বিষ্ণু+দ্বার, ৬-ষ) স্ত্র, ন, বৈকুণ্ঠ যাইবার পথ, হিমালয়প্রস্থ নগরবিশেষ, ঐ স্থানে গঙ্গানদীর উৎপত্তি।

হরিন্মণি, (হরিৎ=সবুজবর্ণ+মণি=পাথর, কর্ম্মধা) স্ত্র, পুং, মরকতমণি, সবুজবর্ণ প্রস্তরবিশেষ।

হরিনেত্র, (হরি=বিষ্ণু ইত্যাদি+নেত্র=নয়ন) স্ত্র, পুং, পেচক। ন, শ্বেতপদ্ম।

হরিপদী, স্ত্র, বিষুবরেখার সহিত অয়নমণ্ডলের পশ্চিমদিকের সংযোগস্থল। (Autumnal Point)

হরিপর্ণ, স্ত্র, ন, মূলক, মূলা।

হরিপ্রস্থ, (হরি-ইন্দ্র+প্রস্থ) স্ত্র, ন, ইন্দ্রপ্রস্থ, যুধিষ্ঠিরের রাজধানী।

হরিপ্রিয়, হরিবল্লভ, (হরি বিষ্ণু+প্রিয়, বহুব্রী) স্ত্র, পুং, কদম্বক, শিব, বাকুল, বন্ধ, যে ব্যক্তি হরিকে ভাল বাসে। ন, রক্তচন্দন। -প্রা, স্ত্রী, লক্ষ্মী, তুলসী, দ্বাদশী তিথি, পৃথিবী। ণ, ত্রি, হরি যাহা ভাল বাসেন।

হরিভুক্, (হরি=ভেক+ভুজ্=যে খায়, ২ ষ) স্ত্র, পুং, সর্প, সাপ।

হরিমন্থ, (হরি-ঘোটক ইত্যাদি+মন্থ=মন্থন, চর্ব্বণ+জন্=উৎপন্ন হওয়া+ড) স্ত্র, পুং, চণক, ছোলা, কৃষ্ণমুগ।

হরিয়, স্ত্র, পুং, পীতবর্ণ অশ্ব।

হরিলে, ব্য, নাট্যোক্তিতে দাসীকে সম্বোধন করিবার শব্দ।

হরিলোচন, (হরি=সবুজবর্ণ+লোচন=চক্ষু) স্ত্র, পুং, কর্কট, কাঁকড়া, পেচক, পেঁচা।

হরিবংশ, স্ত্র, পুং, শ্রীকৃষ্ণের বংশবিবরণবিষয়ক ব্যাস নির্ম্মিত গ্রন্থবিশেষ।

হরিবর্ষ, (হরি=বিষ্ণু+বর্ষ=পৃথিবীর এক দেশ) স্ত্র, ন, পৃথিবীর নবম বর্ষ একবর্ষ।

হরিবান্, (হরি=ঘোটক+বৎ-অস্ত্যর্থে) স্ত্র, পুং, ইন্দ্র, বাসব, পুরন্দর। [দ্বাদশীর প্রথম পাদ।

হরিবাসর, স্ত্র, ন, একাদশীযুক্ত দিন,

হরিবাহন, (হরি-বিষ্ণু+বাহন, ৬-ষ) স্ত্র, পুং, গরুড়, সুপর্ণ। [হরিতাল।

হরিবীজ, (হরি=বিষ্ণু+বীজ) স্ত্র ন,

হরিশয়ন, স্ত্র, ন, বিষ্ণুর নিদ্রা, আষাঢ মাসের শুক্লা দ্বাদশী অবধি কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশী পর্য্যন্ত চারিমাস কাল।

হরিশর, (হরি=বিষ্ণু+শর=বাণ) স্ত্র, পুং, শিব, মহাদেব, ত্রিপুরা নগরসমূহে অগ্নিপ্রদানে বিষ্ণু ইহাকে শরের ন্যায় কার্য্য করাইয়াছিলেন।

হরিশ্চন্দ্র, (হরি=বিষ্ণু+চন্দ্র, স-আগম) স্ত্র, পুং, যিনি হরি অর্থাৎ চন্দ্রের ন্যায় রমণীয়, সত্যযুগের সূর্য্যবংশীয় অষ্টাবিংশ রাজা, ত্রিশঙ্কুপুত্র রাজাবিশেষ।

হরিহয়, (হরি = সবুজবর্ণ+হয় = ঘোটক, ৬-ষ) স্ত্র, পুং, ইন্দ্র, সূর্য্য, কার্ত্তিকেয়, গণেশ।

হরিহরাত্মক, (হরি-বিষ্ণু+হর-শিব+আত্মন্- আপনি+কন্-যোগ) স্ত্র, পুং, গরুড়, শিবের বৃষ, দক্ষ।

হরীতকী, (হরি=রে [ব্যাধি] হরণ করে+তকী=দীপ্তি, কিম্বা হরি=পীতবর্ণ+ইত=প্রাপ্ত+কন, ঈপ্) স্ত্র, স্ত্রী, বৃক্ষবিশেষ, ফলবিশেষ।

হরেণু, (হৃ=লওয়া+এণু) স্ত্র, স্ত্রী, কুলস্ত্রী, রেণুকা নামে গন্ধদ্রব্য, দাউল, ডাল, তাম্রবর্ণ মুগী। পুং, লতাবিশেষ, গ্রন্থের সীমাবিচ্ছিন্নকারিণী লতা।

হর্ত্তা, (হৃ=লওয়া ইত্যাদি+তৃচ-ক) ণ, ত্রি, হরণকারক, বহনকারক, সংহারকারক, গ্রহণকারক। স্ত্র, পুং, চোর।

সূর্য্য। [ভূস্তুণ, হাই।

হর্ম্ম, (হৃ—লওয়া+মনিন্) স্ত্র, ন,

হর্ম্মিত, (হর্ম্মন্+ইত) ণ, ত্রি, ক্ষিপ্ত, দগ্ধ, তুষ্টিত।

হর্ম্মট, স্ত্র, পুং, সূর্য্য, কচ্ছপ।

হর্ম্ম্য, (হৃ=[মনকে] হরণকরা+যৎ; ম—আগম) স্ত্র ন, ধনীদিগের বাসভবন, প্রাসাদ, ইষ্টকাদি রচিত গৃহ।

হর্য্যক্ষ, (হরি=সবুজবর্ণ+অক্ষি—চক্ষু, ৬.ব; +ষচ্) স্ত্র, পুং, সিংহ, কুবের।

হর্য্যত, (হৃ—লওয়া+অতচ্) স্য, পুং, ঘোটক, অশ্বমেধীয় অশ্ব।

হর্য্যশ্ব, (হরি=সবুজবর্ণ+অশ্ব, ৬.ব) স্ত্র, পুং, হরিহয়, ইন্দ্র, দেবরাজ।

হর্ষ, (হৃষ্—হৃষ্ট হওয়া+ঘঞ—ভাব) স্ত্র, পুং, আনন্দ, সুখ, আমোদ। ণ, ত্রি, সুখী, আনন্দী।

হর্ষক, (হৃষ্+ণক—ষ) ণ, ত্রি, হর্ষজনক। স্ত্র, পুং, পর্ব্বতবিশেষ।

হর্ষণ, (হৃষ্+অনট্—ভাব, ষ) স্ত্র, ন, আনন্দজনন, ভয়, আনন্দ। পুং, বিষ্কুম্ভাদিযোগের চতুর্দ্দশযোগ, চক্ষুরোগবিশেষ ণ, ত্রি, ভয়জনক।

হর্ষমাণ, (হৃষ্+শানচ্—ষ) ণ, ত্রি, হৃষ্ট, হর্ষযুক্ত।

হর্ষয়িত্নু, (হৃষ্+ইত্নুচ্) স্ত্র, পুং, পুত্র। ন, স্বর্ণ। ণ, ত্রি, হর্ষজনক।

হর্ষিণী, স্য, স্ত্রী, বিজয়া।

হর্ষিত, (হর্ষি=হৃষ্টহওয়ান+ক্ত—ত) ণ, ত্রি, তোষিত আমোদিত। (হর্ষ+ইতচ্) হৃষ্ট। [স্ত্র, ন, মৃগ, নায়ক।

হর্ষুল, (হৃষ্—আনন্দিত হওয়া+উলচ্)

হল, (হল=কর্ষণকরা+অচ্—ধ) স্য, ন, লাঙ্গল, হাল। পুং, ককারাদি সমস্ত ব্যঞ্জন বর্ণ।

হলদী, (হলৎ—কৃষক+দে—পালনকরা+অ) স্য, স্ত্রী, হরিদ্রা, হলুদ।

হলধর, হলভৃৎ, (হল—লাঙ্গল+ধর, ভৃৎ—যে ধারণ করে, ২-ষ) স্য, পুং, লাঙ্গলী, হলদেব, কৃষক।

হলভূতি, হলভৃতি, (হল—লাঙ্গল+ভূ—হওয়া,+ভৃ—ধরা+ক্তিচ্) স্য, স্ত্রী, কৃষিকর্ম্ম, চাস। [হুকা গাছ।

হলবাক্ষ, স্য, ন, আহলাবৃক্ষ, হড়্

হলা, (হল = কর্ষণকরা+আপ্) স্য, নাট্যে সখীর প্রতি স্ত্রীলোকের সম্বোধনসূচক শব্দ।—স্ত্রী, সখী, পৃথিবী, মদ্য, জল।

হলায়ুধ, (হল+আয়ুধ=অস্ত্র; ৬.হ) স্ত্র পুং, বলরাম, বলদেব।

হলাহ, স্য, পুং, নানাবর্ণ-বিশিষ্ট অশ্ব।

হলাহল, (হল=লাঙ্গল+আ=সমস্তাৎ+হন্=হনন+অচ্—ষ, যে লাঙ্গলের ন্যায় সর্ব্বত্র কর্ষণ করে; স্বার্থে 'অ' করিলে হালহল, নিপাতন হেতু 'ল' লোপে হাহল) স্য, পুং,—ন, বিষবিশেষ, কালকূট। পুং, সর্পবিশেষ, ব্রহ্মসর্প, অঞ্জনা, আঙ্গুলী, বৃক্ষবিশেষ।

হলি, (হল্-কর্ষণকরা+ইন) স্য, পুং, হলকৃত রেখা, কৃষি, বৃহৎ হল।

হলিপ্রিয়, (হলিন্=বলরাম+প্রিয়, ৬ষ) স্য, পুং, কদম্ববৃক্ষ। য়া—স্ত্রী, সুরা, মদিরা, রেবতী।

হলী, (হল—লাঙ্গল+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং বলরাম, কৃষক।

হলীন, স্ত্র, পুং, শেগুনগাছ।

হলীমক, স্ত্র, ন, নেত্র রোগবিশেষ।

হলীশা, (হল+ঈশা) স্ত্র, স্ত্রী, লাঙ্গলদণ্ড। [বরবর্ণিনী, হরিদ্রা।

হলুদ, হলদী, (হরিদ্রা শব্দজ) স্ত্র,

হলকা, (দেশজ) স্ত্র, অগ্নিশিখা।

হল্য, (হল্—লাঙ্গল+যৎ—কৃষ্টার্থে ইত্যাদি) ণ, ত্রি, হলকৃষ্ট (ক্ষেত্রাদি), লাঙ্গলসম্বন্ধীয়। ল্যা—স্ত্রী, হলসমূহ।

হল্লক, (হ্লাদ্=আহ্লাদিত হওয়া+ণক, নিপাতন) স্ত্র, ন, রক্ত কহ্লার।

হল্লীব, হল্লীষক, হল্লীস, হল্লীসক,

(হেলা — স্ত্রীলোকের ভাববিশেষ, লীলা+লষ্, লস্ — নৃত্যবিষয়ে পটুত্ব প্রদর্শন করা+অচ্, নিপাতন; কন্—যোগে হল্লীষক, হল্লীশক) ষ্য, ন, নাট্যে স্ত্রীলোকদিগের মণ্ডলাকারে নৃত্য; একজনপুরুষ ও আট বা দশজন স্ত্রী একত্রিত হইয়া গান ও নৃত্য।

হব, (হু — হোমকরা ইত্যাদি + অপ্ — ভে, ভাব) ষ্য, পুং, হোম, যজ্ঞ। (হ্বে — আহ্বানকরা + অপ্) আহ্বান, আজ্ঞা।

হবন, (হু+অনট্—ভে) ষ্য, পুং, হোম, যজ্ঞ। নী—স্ত্রী, হোমকুণ্ড।

হবনায়ুঃ, (হবন — হোম + আয়ুস্ — জীবন) ষ্য পুং, অগ্নি, বহ্নি।

হবনীয়, (হু—হোমকরা + অনীয়র্—চ) ণ, ত্রি, হোমযোগ্য, হোমার্থ বস্তু।

হবিঃ, (হু—হোমকরা + ইস) ষ্য, ন, ঘৃত, হব্যঘৃত, জল, হোম।

হবিধ্রী, (হু—হোমকরা+ইত্রন্) ষ্য, স্ত্রী, হোমকুণ্ড, হবনী।

হবিরশন, (হবিস্—ঘৃত+অশন—ভক্ষণীয়, ভক্ষণ) ষ্য,পুং, অগ্নি, হুতভুক্। ন, ঘৃতভোজন।

হবির্গন্ধা, ষ্য, স্ত্রী, শমীবৃক্ষ, শাঁইগাছ।

হবির্গেহ, (হবিস — ঘৃত+গেহ—ঘর, ৬ ষ) ষ্য ন, হোমদ্রব্যাদি রক্ষার্থ গৃহ, হোমগেহ।

হবির্ভুক্, (হবিস + ভুজ্—যে ভোজন করে) ষ্য, পুং, অগ্নি, দেবতা।

হবিষ্য, (হবিস্—ঘৃত+যৎ—যোগ্যার্থে) ষ্য, ন, ঘৃতান্ন, পক্কনবনীত।

হব্য, (হু—হোমকরা+যৎ—ধ) ষ্য, ন, ঘৃত, হোম, হবনীয় দ্রব্য, হবিঃ, হোমার্থ বস্তু, চরুপ্রভৃতি, ঘৃতাদি। ণ, ত্রি, হোমযোগ্য।

হব্যপাক, (হব্য—হবনীয় দ্রব্য+পচ পাককরা+ঘঞ্—চ, ভে) ষ্য, পুং, চরু, হোমার্থ পক্ক বস্তু, হবনীয় বস্তুর পাকপাত্র।

হব্যবাট্, (হব্যবাহ্), হব্যবাহ, হব্যবাহন, হব্যাশ, হব্যাশন, (হব্য— হবনীয় দ্রব্য+বাহ, বাহ্, বাহন—যে বহন করে, ২-ষ ;—আশ,আশন—যে ভোজন করে, ২ ষ) ষ্য, পুং, হুতভুক্, অগ্নি, অনল।

হস,—পুং, হসন,—ন, (হস্—হাস্যকরা+অপ্, অনট্—ভাব) ষ্য, ন, হাস্য, হাসা।

হসনী, হসন্তী, হসন্তিকা, (হস্— হাস্যকরা+অনট ,ঈপ ; হস্—হাস্যকরা+অৎ—ধ, ঈপ্ ; তৃতীয় পক্ষে কন—যোগ, আপ্) ষ্য, স্ত্রী, অঙ্গারধানী, আঙ্গটা, অগ্নিপাত্র।

হসনীমণি, (হসনী— অগ্নিপাত্র+মণি —রত্ন) ষ্য, পুং, অগ্নি, বহ্নি, অনল।

হসন, (হস—হাস্যকরা+শতৃ—ধ) ণ, ত্রি, হাস্যকারী, যে হাসে।

হসিত, (হস্ — হাস্যকরা+ক্ত—ধ, ভাব) ণ, ত্রি, সহাস্য, বিকসিত। ষ্য, ন, হাস্য।

হস্ত, (হস্—হাস্যকরা + তন) ষ্য, পুং, কর, মণিবন্ধ অবধি অঙ্গুল্যগ্র পর্যন্ত, হস্তিশুণ্ড, ২৪ অঙ্গুলি পরিমাণ। (কেশ শব্দের পরবর্ত্তী হইলে) গুচ্ছ। পুং, স্তা—স্ত্রী, ত্রয়োদশ নক্ষত্র, সমূহ।

হস্তপক্ষ ষ্য, যাহাদের হস্ত বা পুরঃপদ পক্ষরূপে পরিণত, অর্থাৎ যে সকল জীব চর্ম্মযুক্ত করসাহায্যে উড়ে, যেমন বাদুড় প্রভৃতি।

হস্তপুচ্ছ, (হস্ত—হাত+পুচ্ছ—লেজ, ৬-ষ) ষ্য, ন, হাতের পোঁছা।

হস্তবান, (হস্ত+বৎ—অস্ত্যর্থে)ণ, ত্রি, কৃতহস্ত, লঘুহস্ত।

হস্তবারণ,(হস্ত—হাত+বারণ—নিবারণ) ষ্য, ন, দারণোদ্যত ব্যক্তি

নিবারণ।

হস্তবিম্ব, (হস্ত=হাত+বিম্ব=মাণ-কল) ষ্য, ন, স্থাসক, গন্ধদ্রব্য চূর্ণ।

হস্তসিদ্ধি, ষ্য, স্ত্রী, হস্তদ্বারা সাধন, বেতন।

হস্তসূত্র, (হস্ত+সূত্র=সূতা, ৬-ষ) ষ্য, ন, বলয়, বালা, হস্তপরিহিত সূত্র।

হস্তামলক, (হস্ত+আমলক=আমলকী ফল, ৬ষ) ষ্য, পুং, করস্থিত আমলকীফল, বেদান্ত গ্রন্থবিশেষ।

হস্তাবর্ত্তন, ষ্য, ন, হস্তদ্বারা স্পর্শ, হাত বুলান। [হা:র্থ) ষ্য, ন, হস্তিসমূহ

হস্তিক, (হস্তিন্=হাতী+কন্—সমূ-

হস্তিকক্ষ্য, (হস্তিন=হাতী+কষ্=বধকরা+য; যৎ—যোগ) ষ্য, পুং, সিংহ, ব্যাঘ্র।

হস্তিকর্ণ ষ্য, পুং, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা গাছ, উপদেবতাবিশেষ।

হস্তিকন্দ, ষ্য পুং, বৃক্ষশাখা।

হস্তিগিরি, (হস্তিন=হাতী+গিরি=পর্ব্বত) ষ্য, পুং, দেশবিশেষ, কাঞ্চীদেশ।

হস্তিঘ্ন, ষ্য, পুং, মনুষ্য, নর।

হস্তিচারিণী, ষ্য, স্ত্রী, মহাকরঞ্জ।

হস্তিদন্ত, (হস্তিন্=হাতী+দন্ত=দাঁত, ৬-ষ) ষ্য, পুং, মূলক, মূলা, নাগদন্তক, দ্রব্যাদি স্থাপনার্থ ভিত্তিপ্রোত কীলক। ন, হাতীর দাঁত।

হস্তিনখ, (হস্তিন=হাতী+নখ=নখর, কর্ম্মধা) ষ্য, পুং, পুরদ্বারস্থিত মৃত্তিকাস্তূপ।

হস্তিনপুর, হস্তিনাপুর, (হস্তিন=এক রাজার নাম+পুর=নগর, ৬-ষ) ষ্য, ন, চন্দ্রবংশীয় হস্তিনামক রাজা কর্ত্তৃক নির্ম্মিত নগর, প্রাচীন দিল্লী নগর।

হস্তিপ, হস্তিপক, (হস্তিন্=হাতী+প=যে পালন করে, ২-ষ; কন্-যোগ) ষ্য, পুং, হস্তিপালক, মাহুত। [ঘোরোতা, অলাবুবিশেষ।

হস্তিপর্ণী, ষ্য, স্ত্রী, ওষধিবিশেষ,

হস্তিমদ, (হস্তিন্=হাতী+মদ=ক্ষরিত জল, ৬ষ) ষ্য, পুং, মত্ত বা বন্যহস্তীর শুণ্ডের দুই ছিদ্র, গণ্ডদ্বয়, মেঢ্র, ও চক্ষুদ্বয় এই সাত স্থান হইতে ক্ষরিত জল।

হস্তিমল্ল, (হস্তিন্=হাতী+মল্ল=বাহুযোদ্ধা) ষ্য, পুং, গণেশ, শঙ্খনামে নাগ, ঐরাবত, ভস্মস্তূপ, ধূলিবর্ষণ, হিমানী।

হস্তিবাহ, (হস্তিন্=হাতী+বাহ=যে বহন করে) ষ্য, পুং, অঙ্কুশ, ডাঙ্গশ।

হস্তিশুণ্ডা, (হস্তিন্=হাতী+শুণ্ডা=শুঁড়) ষ্য, স্ত্রী, হাতিশুঁড়ার গাছ, হাতীর শুঁড়।

হস্তী, (হস্ত=শুণ্ড+ইনি-অস্ত্যর্থে) ষ্য, পুং, গজ, হস্তী, সুহোত্ররাজপুত্র, ইঁহা হইতেই হস্তিনাপুর নাম হইয়াছে।—স্তিনী, স্ত্রী, করিণী, চতুর্ব্বিধ স্ত্রীর মধ্যে এক প্রকার স্ত্রী।

হস্তে, (হস্ত+তে) ষ্য, স্বীকার।

হস্তেকরণ, (হস্তে=[সপ্তমী ষষ্ঠ] হাতে +করণ) ষ্য, ন, পাণিগ্রহণ, বিবাহ।

হস্ত্য, (হস্ত+যৎ) ণ, ত্রি, হস্তদত্ত, হস্তকৃত।

হস্ত্যারোহ, (হস্তিন=হাতী+আরোহ=যে আরোহণ করে, ২-ষ) ষ্য, পুং, হস্তিপক, নিষাদী, হস্তিষ্ঠ, গজারূঢ় ব্যক্তি। [ণ, ত্রি, মূর্খ, মূঢ়।

হস্র, (হস্=উপহাস করা+রক্)

হহল, ষ্য, ন, হলাহল, কালকূট।

হহা, হাহা, (হ=এই শব্দ+হা=ত্যাগ করা+ক্বিপ) ষ্য, পুং, গন্ধর্ব্ব, স্বর্গীয় গায়ক। ষ্য, আকস্মিক দুঃখ, শোক, বিস্ময়, সম্ভ্রম।

হা, (হা=ত্যাগকরা+ক্বিপ্) ষ্য, বিষাদ, শোক, যাতনা ইত্যাদি-সূচক, আনন্দসূচক, হুৎগট হায়।

হাহ, (হাক্কিকা শব্দজ) স্ত্র, ব্যূহণ, মুখব্যাদান। [বহিত্র।

হাইল, (দেশজ) স্ত্র, নৌকাদণ্ড,

হাঁ, (দেশজ) স্ত্র, স্বীকার, সম্মতি, মুখব্যাদান। [ডাক।

হাঁক, (দেশজ) স্ত্র; দীর্ঘ চীৎকার,

হাঁকন, (বাঙ্গলা হাঁক ধাতুজ) স্ত্র, চীৎকারকরণ, ডাকন।

হাঁচি, (হক্কিশব্দজ) স্ত্র, ক্ষুৎ, হাঁচা।

হাঁটন, স্ত্র, চলন, গমন, সরণ।

হাঁটু, (দেশজ) স্ত্র, জানুসন্ধি।

হাঁড়ল, (দেশজ)স্ত্র,গর্ত্ত,গহ্বর, গাড্ডা।

হাঁড়া, (হণ্ডিকা শব্দজ) স্ত্র, বৃহৎ মৃৎপাত্রবিশেষ, বড় হাঁড়ী।

হাঁড়ী, (হণ্ডী বা হণ্ডিকা শব্দজ) স্ত্র, মৃত্তিকা পাত্রবিশেষ।

হাঁপ, (দেশজ) স্ত্র, শ্বাসত্যাগ, শ্রমজন্য দীর্ঘনিঃশ্বাস,শ্বাসরোগ বিশেষ।

হাঁম, হাম, (দেশজ) স্ত্র, ক্ষুদ্রাকার ব্রণবিশেষ।

হাঁস, (হংসশব্দজ) স্ত্র, মরাল, হংস।

হাগন, হাগা, (দেশজ) স্ত্র, মলত্যাগ, পুরীষোৎসর্গ।

হাঙ্গর, (হাং—অনুকরণ শব্দ+গর—যে ভোজন করে) স্ত্র, পুং, হিংস্র জলজন্তুবিশেষ, হাঙর। [নিমষ্ট।

হাজা, (দেশজ) ণ, জলপ্লাবনে

হাজার, (যবনভাষা) ণ, সহস্র, দশ শত। [বিক্রয়স্থান।

হাট, (হট্টশব্দজ) স্ত্র, বাজার, ক্রয়

হাটক, (হট্—দীপ্তিপাওয়া+ক) স্ত্র, ন, স্বর্ণ, সুবর্ণ, সোণা। পুং, দেশ বিশেষ। ণ,ত্রি, স্বর্ণনির্ম্মিত।

হাটকময়, (হাটক—স্বর্ণ+ময়ট্—বিকারার্থে) ণ, ত্রি, সুবর্ণময়, সুবর্ণনির্ম্মিত। [তীরস্থ শিব।

হাটকেশ্বর, স্ত্র, পু, গোদাবরী নদী-

হাটুরিয়া, (দেশজ) স্ত্র, হাটে ক্রয় বিক্রয় কর্ত্তা।

হাড়, (হড্ডশব্দজ) স্ত্র, হড্ড, অস্থি।

হাড়গিলা, হাড়িগিলা, (হাড়—অস্থি +গিলা—যে গিলে) স্ত্র, সুনামখ্যাত অস্থিভক্ষক বৃহৎ পক্ষীবিশেষ।

হাড়ি, (হড়ি এবং হড্ডিক বা হড্ডিক শব্দজ)স্ত্র,কাষ্ঠযন্ত্রবিশেষ, হাইড়, নীচ জাতিবিশেষ, মেথর।

হাড়িকাঠ, (হাড়ি—হড়িশব্দজ+কাঠ—কাষ্ঠশব্দজ) স্ত্র, পশুচ্ছেদনার্থ কাষ্ঠযন্ত্রবিশেষ, পাদবন্ধন কাষ্ঠ।

হাত,(হস্তশব্দজ)স্ত্র,কর, ভুজ,পাণি।

হাতকড়ী, (দেশজ) স্ত্র, হস্তবন্ধনার্থ শৃঙ্খল বিশেষ।

হাতচালা, (দেশজ) স্ত্র, মন্ত্রবলে হাত চালন। [বিশেষ, আঘাতযন্ত্র।

হাতড়ী, (হাতশব্দজ) স্ত্র, লৌহমুদ্গর

হাতব্য, (হা=ত্যাগকরা+তব্য—চ) ণ, ত্রি, ত্যক্তব্য, ত্যাগযোগ্য।

হাতা, (হাতশব্দজ) স্ত্র, খজাকা, দর্ব্বী, পাত্রবিশেষ।

হাতাহাতী, স্ত্র, হস্তযুদ্ধ, বাহুযুদ্ধ।

হাতিয়ার, (দেশজ) স্ত্র, অস্ত্র, যুদ্ধোপকরণ বিশেষ।

হাতী,(হস্তী শব্দজ) স্ত্র, করী, হস্তী।

হাতুড়িয়া, (দেশজ) স্ত্র, মূর্খ বৈদ্য, কু চিকিৎসক।

হাত্র, (হন্—বধকরা বা হা—ত্যাগকরা+ত্রন্)স্ত্র,ন,বেতন,মূল্য, ভাড়া।

হান, (হা—ত্যাগকরা+অনট্—ভাব) স্ত্র, ন, ত্যাগ, ক্ষতি, বিক্রম, পরাক্রম, সাহস। ণ, ত্রি, ত্যক্ত।

হানন, (হননশব্দজ)স্ত্র, প্রহারকরণ, অ.ঘাতকরণ।

হানা,(দেশজ)স্ত্র, জলস্রোত দ্বারা কৃত গর্ত্ত। ণ, ত্রি, অস্ত্র দ্বারা আঘাতিত।

হানি, (হা = ত্যাগকরা + ক্তিচ্; ত—ন)স্ত্র, স্ত্রী, ত্যাগ, নাশ, ক্ষতি, অপচয়।

হানুক, (হন্—বধকরা বা আঘাত

করা+উকঞ্) ণ, ত্রি, হত্যাকারী, ক্ষতিকারক।
হার, (হন্—বধকরা+ট্রন্) স্ত্র, ন, মৃত্যু, মরণ। [পক্ষিণী।
হাপুত্রিকা, হাপুত্রী, স্ত্র, স্ত্রী, খঞ্জন
হাপর,(দেশজ)স্ত্র,ধাতু আবর্ত্তন পাত্র।
হাফিকা, স্ত্র, স্ত্রী, জৃম্ভা, হাই।
হামা, (দেশজ) স্ত্র, জানুদ্বারা চলন, হাঁটু পাড়িয়া যাওন।
হামানদিস্তা, হামামদিস্তা, (দেশজ) স্ত্র, লৌহনির্ম্মিত পেষণ যন্ত্রবিশেষ।
হাম্বান, (হম্বা শব্দজ) স্ত্র, গোরুর চীৎকার। [শক শব্দ।
হায়, (হা শব্দজ) ব্য, খেদ প্রকা-
হায়ন, (হা—[ভাব] ত্যাগকরা+অনট্; য—আগম) স্ত্র, পুং.—ন, বৎসর, বর্ষ। পুং, ধান্যবিশেষ, অগ্নি-শিখা।
হায়া, (যবনভাষা) স্ত্র, লজ্জা, সরম।
হার, (হৃ—[মন ইত্যাদি] হরণকরা +অণ্—ধ) স্ত্র, পুং, হারবান্, প্রতিহারী, গ্রহণ, বহন, মুক্তাদির মালা, যুদ্ধ, ভাগ। ণ, ত্রি, ভাজক, জারক, বাহক, যে বা যাহা গ্রহণ করে।
হারক, (হৃ=হরণকরা ইত্যাদি+ণক —ধ) স্ত্র, পুং, চৌর, কিতব, ধূর্ত্ত, গদ্য, শাস্ত্র, পদার্থবিদ্যা, দ্যূত-ক্রীড়ক বিশেষ, চৌর, লুণ্ঠনকারক, ডাকাইত, ভাজক অঙ্ক, শাখোটবৃক্ষ, শেওড়া গাছ। ণ, ত্রি, বাহক, হরণ-কারী। [স্ত্র,স্ত্রী, মুক্তাহারের গুলি।
হারগুলিকা, (হার+গুলিকা, ৬-ষ)
হারহুর, স্ত্র, ন, মদ্য।—রা, স্ত্রী, দ্রাক্ষা, কিস্‌মিস্।
হারাণ, (হারি শব্দজ) স্ত্র, পরাজয়-করণ, পরাস্তকরণ, খেয়াল।
হারি, (হৃ—লওয়া, হরণকরা ইত্যাদি +ইঞ) স্ত্র, স্ত্রী, পরাভব, পথিক লোকের পরিবার, পথিকশ্রেণী। ণ, ত্রি,মনোহর,রুচির। রী—স্ত্রী,মুক্তা।
হারিকণ্ঠ, (হারি—হার শব্দজ+কণ্ঠ) স্ত্র, পুং, কোকিল,পিক, পরভৃত। ণ, ত্রি, হারযুক্তকণ্ঠ।
হারিণিক, (হরিণ—মৃগ+ঠক্) স্ত্র, পুং, হরিণঘাতক, ব্যাধ।
হারিত, (হারি = লওয়ান + ক্ত; কিংবা হরিৎ=সবুজবর্ণ+অণ্) স্ত্র, পুং, শুকপক্ষী। ণ,ত্রি,হরিৎবর্ণ,পরা-জিত, অপহারিত, চোরিত।
হারিদ্র, (হরিদ্রা+অণ্ বা অচ্) ণ, ত্রি,হরিদ্রাবর্ণ। স্ত্র,পুং,কদম্ববৃক্ষ,নীপ।
হারী, (হৃ—[মন] হরণকরা+ণিন্ —য) ণ, ত্রি, মনোহর, বাহক, অপহারক,হরণকারী। (হার+ইনি—অস্ত্যর্থে) হারযুক্ত।
হারীত, (হরিত—সবুজবর্ণ+অণ্; ই—ঈ) স্ত্র, পুং, শুকপক্ষী, হরিয়াল পাখী, সংহিতাকার মুনিবিশেষ, প্রতারণা।
হার্দ্দ, হার্দ্দ্য, (হৃদ্=অন্তঃকরণ+অণ্, ণ্যৎ) স্ত্র, ন, হৃদ্যতা, প্রণয়, প্রীতি, স্নেহ। ণ, ত্রি, হৃদ্গত, মনোজ্ঞ, হৃদয়জ্ঞের।
হার্য্য, (হৃ=হরণকরা+ণ্যৎ—চ) ণ, ত্রি, গ্রহণযোগ্য, গ্রাহ্য, বহনীয়, ভাজ্য, অপহরণীয়,নিবার্য্য। স্ত্র, পুং, বিভীতক বৃক্ষ, বয়ড়া গাছ।
হাল, (হল—লাঙ্গল+অণ্—অস্ত্যর্থে; কিংবা হল্=কর্ষণকরা+ঘঞ্) স্ত্র, পুং, বলরাম, শালিবাহন রাজা, লাঙ্গল। লা—স্ত্রী,সুরা,মদিরা,তাড়ী। লী—স্ত্রী, স্ত্রীর কনিষ্ঠা ভগিনী, কনিষ্ঠা শ্যালিকা, ছোট শালী।
হালক,স্ত্র, পুং, পীত হরিত বর্ণ অশ্ব।
হালহল, হালাহল, স্ত্র, ন, বিষবি-শেষ, কালাহল।
হালাহ, স্ত্র, পুং, বিচিত্রবর্ণ অশ্ব।

হালাহল, (হলাহল+অ) স্ত্র, পুং, বিষবিশেষ, কালকূট। পুং, কীট বিশেষ। লা—স্ত্রী, পিপিকা, নেংটিয়া ইঁদুর। লী—স্ত্রী, সুরা, মদ্য।

হালাহলধর, (হালাহল=বিষ+ধর=যে ধরে, ২-ষ) স্ত্র, পুং, বিষধর, সর্প।

হালি, (যবনভাষা) প, ত্রি, নবোৎপন্ন, নূতন, একেলে, এবছরে। (দেশজ) স্ত্র, নৌকাদণ্ড, বহিত্র।

হালিক, (হল=লাঙ্গল+ঠঞ্—বহভাবে) প, ত্রি, হলসম্বন্ধীয়, হালিয়া, হলবাহক, লাঙ্গলধারী, কৃষক।

হালিনী, স্ত্র, স্ত্রী, গিরগিটাবিশেষ।

হালু, (হল—কর্ষণকরা+উণ্) স্ত্র, পুং, দন্ত, রদন।

হালুইকর, (যবনভাষা) স্ত্র, মিষ্টান্নপ্রস্তুতকারক, মিঠাইওয়ালা, ময়রা।

হাল্কা, (দেশজ) প, লঘু, পাতলা, স্বল্পমূল্য।

হাব, (হ্বে = আহ্বানকরা+ঘঞ্) স্ত্র, পুং, যদ্দ্বারা যুবকেরা আকৃষ্ট হয়, যুবতীর বিলাসচেষ্টা, অঙ্গভঙ্গীবিশেষ, আহ্বান, ডাক। [নিবোধ।

হাবা, (দেশজ) প, বাক্শক্তিহীন ব্যক্তি,

হাস,—পুং, হাসিকা,—স্ত্রী, (হস=হাস্যকরা+ঘঞ্—ভাব ; ণক—আপ্) স্ত্র, হাস্য হাসি।

হাসি, (হসধাতুজ) স্ত্র হাস্য, হাস।

হাস্তিক, (হস্তিন্=হাতী+ঠক্—সমূহার্থে) স্ত্র, ত্রি, হস্তিসমূহ। পুং, হস্ত্যারোহ। প, ত্রি, হস্তিসম্বন্ধীয়।

হাস্তিন, (হস্তিন্—এক রাজার নাম+অণ্—কৃতার্থে) স্ত্র, ন, হস্তিনাপুর, প্রাচীন দিল্লী।

হাস্য, (হস্=হাস্যকরা+ণ্যৎ—ভাব, ঢ) স্ত্র, ন, হাসি। পুং, কাব্যের রসবিশেষ। প, ত্রি, পরিহসনীয়, উপহসনীয়। [কালকূট, হলাহল।

হাহল, হাহাল, (হলাহল দেখ) স্ত্র, ন,

হাহা, (হা=বিষাদসূচক অব্যয়শব্দ+হা=গাওয়া+কিপ্) স্ত্র, পুং, গন্ধর্ব্ব, কুবেরানুচর। ব্য, দুঃখ, শোক, বিস্ময় ও সম্ভ্রমসূচক শব্দ, খেদজনক শব্দ, শোক ধ্বনি।

হাহাকার, (হাহা=শোকধ্বনি+কার=করণ) স্ত্র, পুং, শোকধ্বনি, কাতরতাজন্য কলরব, কলরব, যুদ্ধকলরব, অশ্বাদি প্রেরণধ্বনি।

হি, (হি=গমনকরা+বিচ্) ব্য হেতু, নিশ্চয়, অবধারণ, বিশেষ, পাদপূরণ, প্রশ্ন, সম্ভ্রম, অসূয়া, ব্যগ্রতা।

হিং, (হিঙ্গুশব্দজ) স্ত্র, বণিক্দ্রব্যবিশেষ। [বিশেষ, জলজ শাক।

হিংচা, হিলমোচি শব্দজ) স্ত্র, শাক

হিংসক, (হিন্স্=বধ করা+ণক—ষ) প, ত্রি, দ্বেষ্টা, হিংসাকারক, ঘাতক। স্ত্র, পুং, হিংস্রজন্তু, শত্রু, অথর্ব্ববেদবেত্তা ব্রাহ্মণ।

হিংসা,—স্ত্রী, হিংসন,—ন, (হিন্স+আপ্, অনট্—ভাব) স্ত্র, হত্যা, বধ, হনন, অপকার, ক্ষতি, দ্বেষ ঈর্ষা।

হিংসাকর্ম্ম, (হিংসা+কর্ম্মন্=কার্য্য, ৬-ষ) স্ত্র, ন, অভিচার ; মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, বশীকরণ—এই ছয়।

হিংসারু, (হিংসা+ঋ=গমনকরা+উণ্) স্ত্র, পুং, ব্যাঘ্র, শার্দ্দূল।

হিংসালু, (হিন্স্=বধকরা+আলুচ, কশীলার্থে) প, ত্রি, হিংসাশীল, ঘাতক, অপকারক, হিংসা করা যাহার স্বভাব।

হিংসালুক, (হিংসালু+কন্—যোগ) প, ত্রি, হিংসাশীল। স্ত্র, পুং, হিংস্র কুকুর।

হিংসিত, (হিন্স্=বধকরা+ক্ত—চ) প, ত্রি, যাহাকে হিংসা করা হয়, হত, নাশিত।

হিংসীয়, (হিন্সি=বধকরান বা ক

ঝুলন, ঝুলনযাত্রা, রাগবিশেষ, যানবিশেষ। লী—স্ত্রী, ঝুলী, ঝুলী।
হিমক,স্থ,পুং,বিকঙ্কত বৃক্ষ,বইচ্‌গাছ।
হিমকটিবন্ধ, স্থ, উদীচ্যাবৃত্ত ও উদীচ্যোত্তরবৃত্ত হইতে উত্তর ও দক্ষিণ মেরু পর্যান্ত দুই ভূভাগ।
হিমকর,(হিম=শীতল+কর=কিরণ, ৬ ব) স্থ, পুং, চন্দ্র, কর্পূর। ণ, ত্রি, শীতস্পর্শ বিশিষ্ট।
হিমকূট, (হিম—তুষার বা শীতল+কূট =স্তূপ)স্থ,পুং,শিশির ঋতু,শীতকাল
হিমগিরি,(হিম=তুষার কিম্বা শীতল +গিরি=পর্ব্বত, ৬ ব) স্থ, পুং, হিমালয় পর্ব্বত, হিমবান্‌।
হিমজ,(হিম=হিমালয় পর্ব্বত+জ =জাত) স্থ, পুং মৈনাক পর্ব্বত। ণ, ত্রি, হিমালয় পর্ব্বতে জাত। জা —স্ত্রী,পার্ব্বতী,দুর্গা, গৌরী,গিরিজা
হিমদ্যুতি হিমদীধিতি (হিম=শীতল +দ্যুতি=দীপ্তি,—দীধিতি—কিরণ; ৬,ব স্থ,পুং,শীতকিরণ শীতগু চন্দ্র।
হিমপ্রস্থ, (হিম=শীত—+প্রস্থ=বাসস্থান) স্থ, পুং, হিমালয় পর্ব্বত।
হিমমণ্ডল, স্থ, হিমকটিবন্ধ।
হিমবান,(হিম—তুষার, শৈত্য+বৎ —অস্ত্যর্থ) স্থ, পুং, হিমালয় পর্ব্বত। ণ, ত্রি, শীতল, শৈত্যগুণযুক্ত গাত্র।
হিমবালুকা, (হিম-তুষার+বালুকা =বালি, কর্ম্মধা) স্থ, স্ত্রী, কর্পূর।
হিমশিলা, স্থ, স্ত্রী, তুষার, বরফ।
হিমশৈল, (হিম = তুষার+শৈল — পর্ব্বত, ৬-ব+কর্ম্মধা) স্থ, পুং, হিমালয় পর্ব্বত।
হিমশৈলজা, (হিমশৈল — হিমালয় পর্ব্বত+জা=যে জন্মে, ৫-ব) স্থ, স্ত্রী, পার্ব্বতী, দুর্গা।
হিমসংহতি, (হিম—শীতল+সংহতি —[সমূহ,রাশি] বহুদ্রব্যের একত্র হওন) স্থ, স্ত্রী, হিমানী, বরফ।
হিমহাসক,(হিম=শীতল বা শীতকাল +হস্‌=হাস্যকরা+ণক) স্থ, পুং, হিন্তাল বৃক্ষ।
হিমাংশু,(হিম=শীতল+অংশু=কিরণ, ৬,ব) স্থ, পুং, শীতকিরণ, চন্দ্র, শীতগু, সুধাকর, শীতরশ্মি, কর্পূর।
হিমাংশু ভখা, স্থ, ন, রৌপ্য, রূপা।
হিমাগম, (হিম = তুষার+আগম = আগমন, ৭,ব) স্থ, পুং, শীতকাল।
হিমাঙ্গ, (হিম=শীতল+অঙ্গ=অবয়ব, কর্ম্মধা) স্থ, ন, শীতল অঙ্গ।
হিমাদ্রি, (হিম=তুষার, কিংবা শীতল +অদ্রি =পর্ব্বত, ৬-ব + কর্ম্মধা, কিংবা হিমে যুক্ত অদ্রি=হিমাদ্রি, ৭-ব) স্থ, পুং, হিমালয় পর্ব্বত।
হিমাদ্রিজা, হিমাদ্রিতনয়া, (হিমাদ্রি =হিমালয় পর্ব্বত+জা=যে জন্মে, ৫ ব, হিমাদ্রি=হিমালয় পর্ব্বত + তনয়া = কন্যা, ৬ ব) স্থ, স্ত্রী, পার্ব্বতী, দুর্গা।
হিমানী, (হিম—তুষার +ঈপ —মহদর্থে আনুক—আগম) স্থ, স্ত্রী, হিমসংহতি, বরফ।
হিমারাতি, হিমারি, (হিম—শীতল+ অরাতি, অরি=শত্রু) স্থ, পুং,অগ্নি, সূর্য্য।
হিমালয়, (হিম=তুষার+ আলয়= গৃহ, ৬ব) স্থ, পুং, ভারতবর্ষের উত্তর সীমায় পূর্ব্বপশ্চম সমুদ্র পর্য্যন্ত ব্যাপী পর্ব্বত,পার্ব্বতীর পিতা।[কীর।
হিমাবতী, স্থ স্ত্রী, ঔষধি বিশেষ,স্বর্ণ-
হিমাহ্ব, হিমাহ্বয়, (হিম—তুষার+ আহ্বা, আহ্বয় — নাম; ৬,ব) স্থ, কর্পূর, বর্ষবিশেষ।
হিমিকা, (হিম — কোয়াসা+কণ্‌, আপ্‌) স্থ, স্ত্রী, শিশির, হিমকণা; তৃণাদির উপরিভাগে পতিত হিম কুজ্ঝটিকা, কোয়াসা।

হিমেলু; (হিম=শীতল+এলু) ণ, ত্রি, হিমক্লেশিত, হিমার্ত্ত, হিমপীড়িত।

হিম্য, (হিম=তুষার+যৎ—জাতার্থে) ণ, ত্রি, হিমজাত, হিমোৎপন্ন, শীতল, ঠাণ্ডা, হিমে জমা। [বুক।

হিয়া, (হৃদয় শব্দজ) বা, বক্ষঃস্থল,

হিরন্ত, বা, পুং, রাহুগ্রহ।

হিরণ, (হৃ=লওয়া+অনট্; হৃ—হির) বা, ন, স্বর্ণ, রেতঃ, বরাটক, কড়ি।

হিরণ্ময়, (হিরণ্=হিরণ্য শব্দজ+ময়ট্—বিকারার্থে) ণ, ত্রি, হিরণ্যবিকার, স্বর্ণময়। বা, পুং, ব্রহ্মা। ন, বর্ষবিশেষ।

হিরণ্য, (হৃ=লওয়া+কন্যন্; হৃ=হির) বা, ন, সুবর্ণ, রৌপ্য, ধন, রেতঃ, কপর্দ্দক, পরিমাণবিশেষ, দ্রব্য।

হিরণ্যকশিপু, (হিরণ্য=স্বর্ণ+কশিপু=পরিচ্ছদ; ৬ষ্ঠ) বা, পুং, দৈত্যবিশেষ, প্রহ্লাদের পিতা, বিষ্ণু নৃসিংহাবতারে ইহাকে বিনাশ করিয়াছিলেন।

হিরণ্যগর্ভ, (হিরণ্য = স্বর্ণ+গর্ভ=উৎপত্তি স্থান; ৬ষ্ঠ; কিংবা গর্ভ=ভ্রূণ) বা, পুং, ব্রহ্মা, শিলাবিশেষ।

হিরণ্যদ, (হিরণ্য=স্বর্ণ+দ=যে দেয়) বা, পুং, সমুদ্র, রত্নাকর, সাগর। দা—স্ত্রী, পৃথিবী, ধরণী।

হিরণ্যনাভ, (হিরণ্য=স্বর্ণ+নাভি) বা, পুং, মৈনাক পর্ব্বত।

হিরণ্যবাহু, (হিরণ্য=স্বর্ণ+বাহু=ভুজ) বা, পুং, শোণ নদ, শিব, মহাদেব।

হিরণ্যরেতাঃ, (হিরণ্য=স্বর্ণ+রেতস্=শুক্র; ৬ষ্ঠ) বা, পুং, অগ্নি, সূর্য্য, শিব। [বা, স্ত্রী, নদী।

হিরণ্যবর্ণা, (হিরণ্য=স্বর্ণ+বর্ণ=রং)

হিরণ্যবাহ, (হিরণ্য = স্বর্ণ+বহ্=বহন করা+অণ্) বা, পুং, শোণনদ।

হিরণ্যাক্ষ, (হিরণ্য=স্বর্ণ+অক্ষ=অক্ষি শব্দজ; ৬ষ্ঠ) বা, পুং, হিরণ্যকশিপুর ভ্রাতা; বিষ্ণু বরাহাবতারে ইহার প্রাণ বধ করিয়াছিলেন।

হিরুক, (হি = গমনকরা+রুকক্) বা, ত্যাগ, বিনা, ব্যতিরেকে, ভিন্ন, মধ্য, নিকটে।

হিলমোচি, হিলমোচিকা, হিলমোচী, (হিল = কটাক্ষাদি ভঙ্গীকরণ+মুচ্=মোচন করা+ইন্; কন্—যোগে হিলমোচিকা) বা, স্ত্রী, হিঞ্চাশাক।

হিল্ল, বা, পুং, শকারিপক্ষী।

হিল্লোল, (হিল্লোল্=দোলান+ক—ভাব) বা, পুং, দোলন, তরঙ্গ, ঢেউ।

হিবুক, (হিন্ব্=প্রীতকরা+উকক্) বা, ন, লগ্নচতুর্থ স্থান।

হিসাব, (যবনভাষা) বা, গণনা।

হিহি, বা, আহ্লাদসূচক শব্দ, হাস্যশব্দ। বা, পুং, গন্ধর্ব্বের নাম।

হী, (হন্=বধকরা+ডী) বা, হাস্যশব্দ, বিস্ময় শোক, বিষাদ, দুঃখ, হেতু।

হীন, (হা=ত্যাগকরা+ক্ত-চ; ত স্থানে ন) ণ, ত্রি, ঊন, পরিত্যক্ত, রহিত, বর্জ্জিত, নিন্দনীয়, নীচ, মন্দ, শূদ্র।

হীনবাদী, (হীন=বর্জ্জিত বা নিন্দনীয় + বাদ=বাক্য+ইনি-অস্ত্যর্থে) ণ, ত্রি, মূক, বোবা, বিরুদ্ধার্থবাদী।

হীনাঙ্গ, (হীন+অঙ্গ; ৬ষ্ঠ) ণ, ত্রি, অঙ্গহীন, বিকলাঙ্গ। ঙ্গী—স্ত্রী, পিপীলিকা। [চিহ্ন। (Minus.)

হীনিত, বা, বিয়োগচিহ্ন, "—" এইপ্রকার

হীন্তাল, বা, পুং, বৃক্ষবিশেষ, হেঁতালগাছ।

হীয়মান, (হা=ত্যাগকরা+শানচ্) ণ, ত্রি, যাহা পরিহীন হইতেছে, ক্ষয়শীল।

হীর, (হৃ=লওয়া+ক; হৃ—হীর) বা, পুং, শিব, ইন্দ্রের বজ্র, সর্প, হার, সিংহ। ন, হীরক, হীরা।

হীরক, হীর, (হীর+কন্—যোগ) বা, ন, রত্নবিশেষ, হীরা, জহর।

হীরা, (হীর + আপ্) বা, স্ত্রী,

লক্ষ্মী, মৎস্যবিশেষ, পিপীলিকা। (হীরকশব্দজ) ব্য, রত্নবিশেষ।
হীরাঙ্গ, (হীর=হীরা+অঙ্গ=অবয়ব) ব্য, পুং, ইন্দ্রের বজ্র।
হীল, ব্য, ন, শুক্র, রেতঃ, বীর্য্য।
হীলুক, ব্য,ন, গৌড়ীমদ্য, রম সরাপ।
হীহী, (হী, দ্বিত্ব) ব্য, আহ্লাদসূচক শব্দ, হাস্যধ্বনি। [শব্দ।
হুঁ, (হুম্ শব্দজ ব্য, স্বীকারবোধক
হুঁকা, (যবনভাষা) ব্য, পুং, তামাকুর ধূমপানার্থ যন্ত্র। [অনুমতি।
হুকুম, (যবনভাষা) ব্য, আজ্ঞা,
হুঙ্কার,—পুং, হুঙ্কৃত,—ন, (হুম্=অনুকরণশব্দ+কার, কৃত=করণ) ব্য, হুঙ্কারশব্দ,বন্যবরাহধ্বনি,গর্জ্জন। ণ, ত্রি,গর্জ্জিত। [প্রবাদ,মিথ্যা কাহিনী।
হুজুক, (যাবনিক) ব্য, বিস্ময়জনক
হুড়কা, (হুড়ুকশব্দজ) ব্য, দ্বারবন্ধ করিবার কাষ্ঠ, পতিসংসর্গত্যাগিনী স্ত্রী। [মারামারি।
হুড়াহুড়ি, (দেশজ) ব্য, ঠেলাঠেলি,
হুড়ুক, (হুড়ুক=অনুকরণশব্দ+কৈ=শব্দ করা+ক) ব্য, পুং,পটহবিশেষ, দাত্যূহপক্ষী, মত্ত ব্যক্তি, লৌহবদ্ধাগ্র লগুড়, হুড়কা।
হুড়ুম্ব, ব্য,পুং,ভৃষ্টচিপিট, চিঁড়াভাজা।
হুণ্ড, (হুনড্ = ভিড়হওয়া, একত্রকরা+অচ্) ব্য, পুং, ব্যাঘ্র, গ্রাম্যশূকর, মূর্খ, রাক্ষস, মেষ। [চিঠি।
হুণ্ডী, (দেশজ) ব্য,অর্থসম্বন্ধীয় টাকার
হুত, (হু=হোমকরা+ক্ত—ঢ, ভাব) ণ, ত্রি, অগ্নিক্ষিপ্তঘৃতাদি, তর্পিত, হোমকর্ত্তা অগ্নি,আহুত। ব্য,ন,হোম।
হুতি, (হু = হোমকরা+ক্তিন্) ব্য, স্ত্রী, হবন, হোম।
হুম্, হুম্, (হ্বে=আহ্বান করা+ডুম্) ব্য, বিতর্ক, স্বীকার, সম্মতি, নিষেধ, সংশয়, গানধ্বনি, অসূয়া, স্মৃতি, প্রশ্ন।

হুল, (দেশজ) ব্য, সূক্ষ্মাগ্রভাগ।
হুলহুলী, ব্য, স্ত্রী, স্ত্রীলোকদের মঙ্গলসূচক মুখশব্দ,হুলুধ্বনি। [মঙ্গলধ্বনি।
হুলু, (হুলহুলীশব্দজ) ব্য,স্ত্রীলোকের
হুলুস্থুল, (দেশজ) ব্য, গোলযোগ, গোলমাল। [নকল।
হুবহু, (দেশজ) ণ, অবিকল, ঠিক
হুশিয়ার, ণ, মনোযোগী,চতুর, বিজ্ঞ।
হুহু, হূহু, (হ্বে = আহ্বানকরা+ডু: নিপাতন) ব্য, পুং, গন্ধর্ব্ববিশেষ।
হূ, ব্য, গর্ব্ব, অবজ্ঞা,আহ্বান,শোক।
হূঙ্কার,—পুং, হূঙ্কৃতি,—স্ত্রী, (হূম্=অনুকরণশব্দ+কার, কৃতি = করণ) ব্য, "হূম্" এই অবজ্ঞাসূচক শব্দ।
হূণ,ব্য,পুং,অসভ্য জাতিবিশেষ,ভারতবর্ষের উত্তরস্থ ম্লেচ্ছ দেশবিশেষ।
হূত, (হ্বে=আহ্বানকরা+ক্ত—ঢ; ভাব) ণ, ত্রি, আহূত। ব্য, ন, আহ্বান। [আহূতি, আহ্বান,ডাক।
হূতি, (হ্বে+ক্তিচ্—ভাব) ব্য, স্ত্রী,
হূন, ব্য, পুং, ম্লেচ্ছ দেশবিশেষ, তদ্দেশীয় রাজা, ম্লেচ্ছজাতিবিশেষ।
হূরব, (হূ=ভয় বা ক্রোধের চীৎকারধ্বনি+রব=শব্দ) ব্য,পুং, শৃগাল, শিবা, বামঘোষ, ফেরু।
হূর্চ্ছন, (হূর্চ্ছ্=বক্র হওয়া+অনট্—ভাব) ব্য, ন, কুটিলতা, বক্রতা।
হূহু, হূহূ, (হুহু দেখ) ব্য, পুং, গন্ধর্ব্ববিশেষ। ব্য, যাতনাসূচক ধ্বনি।
হৃচ্ছয়, (হৃদ্ = অন্তঃকরণ+শয় = যে শয়ন করে, ৭-ষ) ব্য,পুং, কামদেব, কন্দর্প।
হৃণিয়া, হৃণীয়া, (হৃণী= [কণ্ড্বাদি"] লজ্জিত হওয়া+ক, আপ্) ব্য, স্ত্রী, নিন্দা, লজ্জা, ত্রপা, ব্রীড়া, স্ত্রী।
হৃৎ, (হৃ=হরণকরা + ক্বিপ্; ৎ—আগম) ণ, ত্রি, হরণকারী।
হৃত, (হৃ=লওয়া+ক্ত—ঢ) ণ, ত্রি, অপহৃত, আকৃষ্ট, আনীত, ছিন্ন।

যাহাকে বোধ হয়, ব্যভিচার, বিরুদ্ধতা, অসিদ্ধি, সৎপ্রতিপক্ষতা, বাধ—এই পাঁচ হেত্বাভাস।

হেথা, (দেশজ) ক্রি,—বি. অত্র. এখানে।

হেন, (দেশজ) ণ, এমন, ঈদৃশ।

হেম, হেমন্, (হি—গমনকরা+মক্, মনিন্) স্ত্র. ন, স্বর্ণ, সুবর্ণ, সোণা।

হেমকন্দল, (হেম—স্বর্ণ+কন্দল—অঙ্কুর) স্ত্র, পুং, প্রবাল, পলা।

হেমকার, (হেমন্—স্বর্ণ+কার—যেকরে, ২-য) স্ত্র, পুং, স্বর্ণকার, সেকরা।

হেমকূট, (হেম—স্বর্ণ+কূট—শৃঙ্গ; ৬ ষ) স্ত্র, পুং, হিমালয়ের উত্তরে স্থিত পর্ব্বতবিশেষ, ইহা ভারতবর্ষ ও কিম্পুরুষবর্ষের মধ্যস্থলে বিস্তৃত।

হেমকেলি, (হেম—স্বর্ণ+কেলি—যে ক্রীড়া করে) স্ত্র, পুং, অগ্নি, অনল, পাবক। [স্ত্র, পুং, শিব, মহাদেব, ধূর্জ্জটি।

হেমকেশ, (হেম—স্বর্ণ+কেশ—চুল)

হেমজ্বাল, (হেম—স্বর্ণ+জ্বালা—অগ্নিশিখা) স্ত্র, পুং, অগ্নি, অনল, পাবক।

হেমতরু, স্ত্র, পুং, ধুস্তুর।

হেমতার, (হেম—স্বর্ণ+তৃ—পারহওয়া+অপ্) স্ত্র. ন, তুথ, তুঁতিয়া। [গাছ।

হেমদুগ্ধ, স্ত্র, পুং, উড়ুম্বর বৃক্ষ, ডুম্বুর-

হেমন্ত, (হন্—[সন্তাপ] বধকরা+অন্ত; হন্—হি: ম্—আগম; কিম্বা হিম+অন্ত—শেষ; ৬-ষ) স্ত্র, পুং.—ন, হিমসময়, হিমঋতু, অগ্রহায়ণ ও পৌষমাস। [কৎবেল গাছ।

হেমন্তনাথ, স্ত্র, পুং, কপিত্থবৃক্ষ,

হেমপর্ব্বত, (হেম—স্বর্ণ+পর্ব্বত, ৬-ষ) স্ত্র, পুং, সুমেরুপর্ব্বত।

হেমপুষ্প, (হেম—স্বর্ণময়+পুষ্প—ফুল) স্ত্র, ন, অশোক পুষ্প। পুং, চম্পক বৃক্ষ, লোধ্র বৃক্ষ। ষ্পী—স্ত্রী, মঞ্জিষ্ঠা।

হেমমালা, স্ত্র, স্ত্রী, যমের পত্নী।

হেমমালী, (হেমমালা+ইন্—অস্ত্যর্থে) স্ত্র, পুং, সূর্য্য, দিবাকর।

হেমরাগিণী, (হেম—স্বর্ণ+রাগ—+ইনি, ঈপ্) স্ত্র, স্ত্রী, হরিদ্রা।

হেমল, (হেমন্—স্বর্ণ+লা—লওয়া ও পাওয়া+ক) স্ত্র, পুং, স্বর্ণকার, কৃকলাস, কষ্টিপাথর।

হেমলক, স্ত্র, পুং, একপ্রকার বিষবৃক্ষ

হেমশঙ্খ, (হেম—স্বর্ণ+শঙ্খ—শাঁখ) স্ত্র, পুং, বিষ্ণু, নারায়ণ।

হেমসার, স্ত্র, পুং, তুথ, তুঁতিয়া।

হেমা, (হি—গমনকরা+মন্) স্ত্র, পুং, বুধগ্রহ।

হেমাঙ্গ, (হেম—স্বর্ণ+অঙ্গ—অবয়ব) স্ত্র, পুং, গরুড়, সিংহ, সুমেরু, ব্রহ্মা, চম্পক বৃক্ষ। ন, স্বর্ণ অঙ্গ। ণ, ত্রি, স্বর্ণ অঙ্গযুক্ত।

হেমাদ্রি, (হেম—স্বর্ণ+অদ্রি—পর্ব্বত, ৬-ষ) স্ত্র, পুং, সুমেরু পর্ব্বত।

হেয়, (হা—ত্যাগকরা+যৎ—চ) ণ, ত্রি, ত্যাজ্য, তুচ্ছ।

হের, (হি—গমনকরা+রক্) স্ত্র, ন, মুকুটবিশেষ, হরিদ্রা, আসুরী মায়া।

হেরম্ব, (হে—আহ্বানসূচক অব্যয়, কিম্বা শিবেতে+অম্ব, কিম্বা রম্ব—শব্দকরা+অচ্) স্ত্র, পুং, গণেশ, মহিষ, গর্ব্বিত বীর, বুদ্ধ।

হেরিক, স্ত্র, পুং, চর, দূত।

হেলঞ্চী, স্ত্র, স্ত্রী, হিলমোচিকা, হেলেঞ্চা।

হেলন, (হেড্—ঘৃণাকরা+অনট্-ভাব) স্ত্র, ন, অবজ্ঞা, অসম্মান, অনাদর।

হেলাবুক, স্ত্র, পুং, অশ্ববিক্রয়ী।

হেলি, (হিল্—কটাক্ষাদি ভঙ্গীকরা+ই) স্ত্র, পুং, সূর্য্য, আলিঙ্গন। স্ত্রী, হেলা।

হেলেঞ্চা, (হেলঞ্চী শব্দজ) স্ত্র, হিংচাশাক।

হেষা, (হেষ্—অশ্বডাকা+অ, আপ্) স্ত্র, স্ত্রী, অশ্বধ্বনি, ঘোটকের শব্দ, ঘোড়ার ডাক।

হেষী, (হেষা—অশ্বধ্বনি+ইনি—অস্ত্যর্থে) স্ত্র, পুং, অশ্ব, ঘোটক। [শব্দ।

হেহে, (হে, দ্বিত্ব) ব্য, সম্বোধনসূচক

হৌতৃক, (হোতৃ=পুরোহিত+ষ্ণ্‌) ণ, ত্রি, হোতৃসম্বন্ধীয়।

হ্যঃ, (হস্, অহন্=দিন "গতে অহনি" এই অর্থে; নিপাতন) ব্য, গতদিনে, পূর্ব্বদিনে।

হ্রদ, (হ্রাদ্=শব্দকরা+অচ্; নিপাতন) ব্য, পুং, অকৃত্রিম বৃহৎ জলাশয়, আলোক, রশ্মি। [পুং, কুম্ভীর, কুমীর।

হ্রদগ্রহ, (হ্রদ+গ্রহ=বাসস্থান) ব্য,

হ্রদিনী, (হ্রদ+ইনি—অস্ত্যর্থে; ঈপ্) ষ্য, স্ত্রী, নদী, বিদ্যুৎ।

হ্রসিমা,—পুং, হ্রস্বতা,—স্ত্রী, (হ্রস্ব=খর্ব্ব+ইমনিচ্, তল্, ত্ব—ভাবে) ষ্য, ক্ষুদ্রতা, লঘুতা, হ্রাস, অল্পতা, খর্ব্বতা।

হ্রসিষ্ঠ, হ্রসীয়ান্, (হ্রস্ব=খর্ব্ব+ইষ্ঠন্, ঈয়সুন্—অত্যর্থে) ণ, ত্রি, অতি হ্রস্ব।

হ্রস্ব, (হ্রস্=খর্ব্বহওয়া+ব) ণ, ত্রি, খর্ব্ব, ক্ষুদ্র, লঘু, খাট, ছোট। ষ্য, পুং, একমাত্রা কালোচ্চার্য্য স্বরবর্ণ। —স্বা, স্ত্রী, মুদগপর্ণীবৃক্ষ, নাগবলা, ভূমিজম্বু, বামনী।

হ্রস্বগর্ভ, ষ্য, পুং, কুশ তৃণ।

হ্রস্বাঙ্গ, ষ্য, পুং, মূলবিশেষ, জীবক।

হ্রাদী, (হ্রাদ+ইনি—অস্ত্যর্থে) ণ, ত্রি, হ্রাদযুক্ত, শব্দকারক।

হ্রাস, (হ্রস্=শব্দকরা+ঘঞ্—ভাব) ষ্য, পুং, ক্ষীণতা, ক্ষয়, শব্দ।

হ্রীণীয়া, (হ্রিণী=লজ্জিত হওয়া+যক্, আপ্) ষ্য, স্ত্রী, ঘৃণা, নিন্দা, লজ্জা।

হ্রীত, (হ্রী=লজ্জিত হওয়া+ক্ত; ঈ=ঈ; কিম্বা হৃ=লওয়া+ক্ত; ঋ=রি) ণ, ত্রি, লজ্জিত, বিভক্ত, নীত। ষ্য, ন, অংশ।

হ্রিবের, ষ্য, ন, স্বনামখ্যাত গন্ধ বিশেষ, বালা। (হ্রীবের হ্রীবেরও হয়)।

হ্রী, (হ্রী=লজ্জিত হওয়া+কিপ্—ভাব) ষ্য, স্ত্রী, ব্রীড়া, লজ্জা, ত্রপা।

হ্রীকা, হ্লীকা, (হ্রী=লজ্জিত হওয়া+কন্, আপ্; র=ল) ষ্য, স্ত্রী, শঙ্কা, ভয়, ত্রপা, লাজ।

হ্রীকু, হ্লীকু, (হ্রী=লজ্জিত হওয়া+কুক্; র=ল) ণ, ত্রি, লজ্জিত। ষ্য, পুং, জতু, মৌ, গালা, টীনধাতু।

হ্রীজিত, হ্রীণ, হ্রীত, (হ্রী=লজ্জা+জিত=পরাজিত, ৩-ষ; হ্রী=লজ্জিত হওয়া+ক্ত—ঘ; ত=ন) ণ, ত্রি, লজ্জাশীল, লাজুক। [ণ, ত্রি, লজ্জাযুক্ত।

হ্রীমান্, (হ্রী=লজ্জা+মৎ—অস্ত্যর্থে)

হ্রেপিত, (হ্রেপি=লজ্জিত হওয়ান+ক্ত—ঢ) ণ, ত্রি, লজ্জাপ্রাপিত।

হ্রেষা, হ্লেষা, (হ্রেষ=অশ্বডাকা+অচ্, আপ; র=ল) ষ্য, স্ত্রী, অশ্বধ্বনি, ঘোড়ার ডাক।

হ্লাদ, (হ্লাদ্=আনন্দিত হওয়া+ঘঞ্—ভাব) ষ্য, পুং, আহ্লাদ, আনন্দ। [আনন্দিত, আহ্লাদিত।

হ্লাদিত, (হ্লাদ্+ক্ত—ঢ) ণ, ত্রি,

হ্লাদিনী, (হ্রাদ=শব্দ+ইনি—অস্ত্যর্থে; র=ল) ষ্য, স্ত্রী, বিদ্যুৎ, বজ্র, শক্তিবিশেষ। [ণ, ত্রি, আহ্লাদযুক্ত।

হ্লাদী, (হ্লাদ+ইনি—অস্ত্যর্থে)

হ্বান, (হ্বে=আহ্বানকরা+অনট্—ভাব) ষ্য, ন, আহ্বান, ডাকা।

সমাপ্ত।

PRINTED BY BIDHOO BHUSHAN MITRA, AT THE B. P. M's PRESS.
No. 22, Jhamapooker Lane, Calcutta.